Barcode - 4990010204947
Title - Bengal Legislative Assembly Proceedings (1996) vol.108, no. 2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1076
Publication Year - 1996
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 204947

Vol. 108 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

One hundred & Eighth Session

(June to July Session, 1996)

(The 25th, 26th, 27th & 28th June, 1st, 2nd, 3rd & 4th July 1996)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price Rs. 202/-

Vol. 108 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

One hundred & Eighth Session

(June to July Session, 1996)

(The 25th, 26th, 27th & 28th June, 1st, 2nd, 3rd & 4th July 1996)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc No ....
Date ....
Call ....
Price ....

328 BL/ 2(96) V-10 SN

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor

## SHRI K.V. RAGHUNATHA REDDY

## Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department, Hill Affairs Deptt.
2. Shri Buddhadeb Bhatacharjee, Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department
4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department
5. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department and Science & Techonology Department
6. Shri Santi Ghatak, Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department
7. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department, & Sports Department
8. Shri Mohammad Amin, Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Department of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation
10. Shri Gautam Deb, Minister-in-charge of Department of Housing and Public Health Engineering
11. Shri Parth De, Minister-in-charge of Department of Health & Family Welfare
12. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce & Industries Department
13. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge of Department of Higher Education
14. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Food processing, Horticulture and Sundarban Affairs Department
15. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of

S.C., S.T. & OBC Welfare

16. Smt. Chhaya Bera, Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI

17. Shri Asok Bhattacharya, Minister-in-charge of Department of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Department of Youth Services, Environment and Tourism

19. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation

20. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture)

21. Shri Debabrata Banerjee, Minister-in-charge of Irrigation & Waterways Department

22. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department

23. Shri Nanda Gopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation and Development Department

24. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Fisheries Department

25. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Department

26. Shri Upen Kisku, Minister of State for S.C.S.T. and OBC Welfare Department

27. Shri Pratim Chatterjee, Minister of State for Department of Fire Services

28. Shri Mrinal Banerjee, Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction

29. Shri Pralay Talukdar, Minister-in-charge of Cottage & Small Scale Industries Department

30. Shri Bansa Gopal Choudhury, Ministr-in-charge of Department of Technical Education & Training

31. Shri Anisur Rahaman, Minister-in-charge of Animal Resources

Development Department

32. Shri Nisith Adhikary, Minister-in-charge of Law and Judicial Department

33. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forests Department

34. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department

35. Shri Birendra Kumar Maitra, Minister-in-charge of Agriculture Marketing Department

36. Shri Satya Ranjan Mahata, Minister-in-charge of Relief Department

37. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Social Welfare & Jails Department

38. Smt. Anju Kar, Minister of State of Mass Education Extention Department

39. Shri Maheswar Murmu, Minister of State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department

40. Shri Nimai Mal, Minister of State Department of Library Services

41. Dr. Shrikumar Mukherjee, Minister of State of Civil Defence Department

42. Shri Kamalendu Sanyal, Minister of State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department

43. Shri Susanta Ghosh, Minister of State of Transport Department

44. Smt. Minati Ghosh, Minister of State of Health & Family Welfare Department

45. Smt. Bilasi Bala Sahis, Minister of State of Forests Department

46. Shri Ganesh Mondal, Minister of State of Irrigations & Waterways Department

47. Shri Monohar Tirkey, Minister of State of Public Works Department

48. Shri Dhiren Sen, Minister of State of Excise Department

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

SECRETARIAT

**Secretary : Shri Sudhangshu Ranjan Chattopadhyaya**

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Naida)
4. Abu-Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri, (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankura, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Karick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
18. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142- Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Culcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28. Banerjee, Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Mindapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)— Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rash Behari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya(199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
43. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—Sourth 24 Parganas)
44. Bhattcharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
49. Biswas, Shri Kaliprasad (184-Hairpal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
51. Biswas, Shri Kanti [89-Sandeshkhali (SC)—North 24-Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)
54. Bose, Shri Shyama Prosad (271-Burdwan South—Burdwan)
55. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur— South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)
68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Ranigunj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankuar)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Shibaprased [272-Khandaghosh (SC)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)— North Dinajpur]
83. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das, Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24 Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)
101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himagshu (279-Purbasthali—Burdwan)
108. Dutta, Shri Sabuj (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Parganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabindra (171-Uluberai South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (284-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]
132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]
134. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura]
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]
136. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Golsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakshipara —Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

146. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan(ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]
152. Kundu, Shri Ranjit (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum]
156. M. Ansar Uddin, Shri (167-Jagatballaypur—Howrah)
157. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar, (210-Contai North—Midnapore)
166. Mainul Hoque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar(42-Harishchandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]
171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

176. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Ram Chandra [290-Khajuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manickchak—Malda)
182. Mandal, Shri Subhas (286-Bhatar—Burdwan)
183. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque; Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab, Shri (52-Suti—Musrshidabad)
187. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapur)
192. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—Sourth 24-Parganas]
193. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
197. Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
203. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
204. Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Hoque, Shri (62-Hariharpara—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Kamal (182-Chandanagore—Hooghly)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukhejee, Shri Narayan (95-Basirhat—North Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)
215. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)
216. Mukherjee, Shri Samar (43- Ratua—Malda)
217. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
218. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
219. Mukherje, Shri Subrata (146-Chowringhee—Calcutta)
220. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)
221. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
222. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
223. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
224. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)
225. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
226. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
227. Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)
228. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24- Parganas]
229. Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)
230. Nazmul Haque, Shri, (225-Kharagpur Rural—Midnapore)
231. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
232. Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]
233. Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]
234. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Murshidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Setalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)— Purulia]
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
270. Saren, Shri Subhas Chandra [299-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24-Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbor—South 24-Parganas
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—Sourth 24- Parganas]
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Monohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24 Parganas)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Lagislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 25th June, 1996 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 1 Ministers of State and 150 Members.

[11-00—11-10 A.M.]

## OBITUARY REFERENCES

**Mr. Speaker :** Hon'ble members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Durgapada Sinha, former Member of this Legislature and of Dr. Zafar Uganwi, Chairman of the Minority Commission of West Bengal.

**Shri Durgapada Sinha,** former member of the West Bengal Legislative Assembly as well as of West Bengal Legislative Council breathed his last on the 22nd June, 1996. He was 86.

Shri Sinha was born on the 10th November, 1910 at Dhatikhana of Barisal in East Pakistan (now in Bangladesh). He had his schooling in Rajshahi Primary School and Eaward Coronation School. He took part in freedom movement and suffered imprisonment on several occasions during period from 1943 to 1946. He was also associated with the revolutionary movement of the Jugantar Party. He joined the Indian National Congress in 1920 and had been a member of All India Congress Committee since 1940. He was earlier a member of the Executive Committee of Bengal Pradesh Congress Committee.

He was also the General Secretary, Murshidabad District Congress Committee. He was a member of Murshidabad Zilla Parishad as well.

He always played a leading role in the development and welfare activities of Murshidabad district. He also took active interests in expansion of education in his district and led the District School Board as it's President. He was also associated with Khadi Village Industries Movement and District Co-operative Enterprise. He was the president of West Bengal Municipal Workers Federation. He took keen interest in the development of games and sports in his district. He was a dedicated people.

He was elected a member of the West Bengal Legislative Assembly

first in 1952 and again in 1957 from Murshidabad Assembly Constituency as a congress canditate. He had also been a member of the West Bengal Legislative Council from 1966 and till its abolition in 1969.

At the demise of Shri Sinha the State has lost a devoted freedom fighter, a sincere social worker and a vateran political leader.

**Dr. Zafar Uganwi,** Chairman, West Bengal Minority Commission, Passed away on the 21st June, 1996 in the S.S.K.M. Hospital at the age of 58 years. He was suffering from throat cancer.

Born on 1st January, 1938 in Bihar, Dr. Uganwi obtained his post graduate degree in Arts and subsequently did his doctorate in Patna University, Bihar. Dr. Uganwi was an eminent Urdu Scholar and a reputed writer and critic in Urdu Literature. He was the head of the Urdu Department of Calcutta University for quite some time. He was also a member of the West Bengal College Service Commission. He was appointed the Chairman of the West Bengal Minority Commission and continued to serve as such till his death. Shri Uganwi devoted himself to the research in Urdu language and literature throughout his life and had to his credit a good number of scholarly publications. His 'Bich Ka Warq' in Urdu was highly acclamed by the contemporary critics. He started a magazine 'Iqdar' in Urdu. For some time past he was associatted with the Urdu daily 'Azad Hind' and was in its editorial board.

The state has lost a renowned Urdu Scholar and a dedicated humanist at the demise of Dr. Uganwi.

Now, I would request the Hon'ble Members to rise in their Seats for two minutes as a mark of respect to the deceased.

(At this state Honourable Members stood in silence for two minutes)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceaseds.

**Shri Atish Chandra Sinha :** স্যার ওঁর কোনও ফ্যামিলি নেই। কন্ডোলেন্স ম্যাসেজ যদি মনে করেন আমাকে দিয়ে দিতে পারেন।

**Mr. Speaker :** I again want to remind members that when we read obiturary references due respcet should be shown to the departed leaders. Due repect and decorum should be made at national importance are made. It is poor record of our performance. You may have grievances against anything but as regards paying respect should be shown

to them. I hope this will be maintained in future. একটু ধৈর্য ধরে শুনুন আপনারা তো শুনতে চান না। অবিচ্যুয়ারি তো শুরুতেই হয়। আপনারা শুনতে চান না, না শুনলে বুঝবেন কি করে কি হচ্ছে।

## Starred Qestions

(to which oral answers were given)

### ওয়াকফ্ সম্পত্তি হস্তান্তর

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (ওয়াকফ্) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) এটা কি সত্যি যে, ওয়াকফ্ সম্পত্তি হস্তান্তর নিয়ে দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে প্রশাসনিক তদন্তের ব্যবস্থা করা হয়েছে;

(খ) সত্যি হলে, ঐ তদন্তের রিপোর্টে-এ অভিযোগের সত্যতা সম্বন্ধে কোনও মন্তব্য করা হয়েছে কি না; এবং

(গ) উক্ত তদন্তের রিপোর্টের ভিত্তিতে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**শ্রী মহম্মদ আমিন ঃ** (ক) বিচার বিভাগের সচিবকে প্রাথমিকভাবে বিষয়টি অনুসন্ধান করে একটি রিপোর্ট দিতে বলা হয়েছিল। তিনি তাঁর রিপোর্ট সরকারের নিকট পেশ করেছেন

(খ) ঐ রিপোর্টটা এখনও সরকারের বিবেচনাধীন।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় বললেন যে, হ্যাঁ বিভাগীয় সচিবকে একটা রিপোর্ট দিতে বলা হয়েছিল, তিনি একটা রিপোর্ট দিয়েছেন। কিন্তু রিপোর্টের ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার কোনও প্রশ্ন ওঠে না, বলেছেন। কেন প্রশ্ন ওঠে না? আমি তো সেটাই জানতে চাচ্ছি যে, রিপোর্ট-টাতে এমন কিছু বক্তব্য আছে কি যার ফলে সেটাকে অ্যাকশন নেবার কোনও প্রয়োজন নেই? প্রশ্ন ওঠে না কেন? অ্যাকশন নেওয়া হয়নি বলতে পারেন, অ্যাকশন নেওয়া হবে বলতে পারেন কিন্তু "প্রশ্ন ওঠেনা" এটা বলছেন কেন? সেটাতে কি এমন কিছু আছে যে রিপোর্টের উপর কোনও অ্যাকশন নেবার প্রয়োজন নেই বলে মনে করছেন? এই উত্তরটা খুব বাজে উত্তর হয়েছে। প্রশ্ন ওঠে না বলেছেন। প্রশ্ন না ওঠার কারণটা কি? অ্যাকশন নেওয়া হয়নি বলতে পারেন কিন্তু প্রশ্ন ওঠে না বলছেন-এর কারণটা কি?

**শ্রী মহঃ আমিন ঃ** প্রশ্ন ওঠে না এই জন্য যে, তদন্তের যে রিপোর্ট সেটা প্রাথমিক তদন্ত। [25th June, 1996]তার ভিত্তিতে কোনও সিদ্ধান্ত করা যায় না। আরও অনুসন্ধানের প্রয়োজন আছে। পূর্ণ সিদ্ধান্ত হলে পরে তখন ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, একটা জিনিস হচ্ছে যে, এই রিপোর্ট-টার ভিত্তিতে সংবাদ-পত্রে অনেক রিপোর্ট বেরিয়েছে। আপনি পার্লামেন্টে ছিলেন আপনিও জানেন যে, 'এই রকম রিপোর্ট প্রকাশ করা হয়েছে। কোনও কিছু প্রকাশ না হলে টেবিল করা হয়েছে বা লাইব্রেরিতে

রাখা হয়েছে, চেম্বারে রাখা হয়েছে মাননীয় সদস্যরা দেখে আসতে পেরেছেন। আপনি কি সেই প্রশাসনিক রিপোর্ট-টি স্পিকারের চেম্বারে বা অফিসে রাখবেন, কি লাইব্রেরিতে রাখবেন? সেটা মাননীয় সদস্যদের দেখার সুযোগ দেবেন কি?

**মহঃ আমিন ঃ** এটা ডিপার্টমেন্টের এনকোয়ারি। ডিপার্টমেন্টের এনকোয়ারি রিপোর্ট টেবিলে রাখার কোনও নিয়ম নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আজকে যে রিপোর্ট হয়েছে আপনি সেই রিপোর্টের ভিত্তিতে কোনও অ্যাকশন নিচ্ছেন না। এটা সংবাদপত্রেও বেরিয়েছে যে, অনেক রাঘব-বোয়াল এতে জড়িত এবং এই হাউসের অনেক মাননীয় সদস্যও জড়িত। এর সঙ্গে কলকাতার কোটি কোটি টাকার সম্পত্তি লেন-দেন হয়ে গেছে এবং আপনারা সেটাকে ধামা-চাপা দেবার চেষ্টা করছেন। যার ফলে এই রিপোর্ট প্রকাশ হওয়ার পরও আপনাদের গণশক্তি পত্রিকাতেও বেরিয়েছিল যে- মুখ্যমন্ত্রী পার্টির মিটিং-এ বলেছেন যে, একটা তদন্ত করতে বলা হয়েছে, অ্যাকশন নেওয়া হবে। তার পরেও আজকে আপনি হাউসকে বলছেন—যে তদন্ত রিপোর্ট এসেছে তার পরে মনে হয়েছে আরও তদন্তের দরকার আছে এবং সেই জন্য এখনও অ্যাকশন নেওয়া হয়নি।

[11-10—11-20 A.M]

আপনি দয়া করে বলবেন কি যে সম্পত্তি লেনদেনের প্রাথমিক রিপোর্টে কত টাকার সম্পত্তি লেনদেনের অভিযোগ এসেছে? কত সম্পত্তি লেনদেনের অভিযোগ এসেছে?

**শ্রী মহঃ আমিন ঃ** সে রকম কোনও সুনির্দিষ্ট অভিযোগ আসেনি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি এটা নিয়ে কংগ্রেস নির্বাচনের আগে বিভিন্ন ধরনের অপপ্রচার করেছে, আমি জানতে চাইছি এই ওয়াকফ্ সম্পত্তির প্রশ্ন নিয়ে বোর্ড যেটা তৈরি হয়েছে, সেখানে আমাদের রাজ্য সরকারের এই কনস্টিটিউশন অফ্ দি বোর্ডের ক্ষেত্রে, নিয়ন্ত্রণের ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও পজিটিভ ভুমিকা আছে কি না বা পজিটিভ রোল সে প্লে করতে পারে কি না?

**শ্রী মহঃ আমিন ঃ** রাজ্য সরকারের কর্তব্য হচ্ছে বোর্ডটা গঠন করে দেওয়া। পুরনো যে বোর্ড ছিল তার মেয়াদ সেপ্টেম্বরে শেষ হয়ে গেছে, তার পরে নতুন আইন হয়েছে, সে জন্য রাজ্য সরকার অপেক্ষা করছে যে নতুন আইন এলে পরে সেই আইন অনুযায়ী নতুন বোর্ড গঠন করা হবে। সেই আইন ১লা জানুয়ারি থেকে বলবৎ হয়েছে। তাতে যে ব্যবস্থা আছে সেটা হচ্ছে যে, অতীতে এই বোর্ড পুরোপুরি মনোনীত হত। এখন এটা পার্টলি মনোনীত এবং পার্টলি ইলেকটেড হবে। সেই ইলেকশনের ব্যবস্থা করা হয়েছে, ইলেকশন হয়ে গেলেই নতুন বোর্ড গঠন করা হবে।

**শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই যে প্রাথমিক রিপোর্ট আপনার কাছে জমা পড়েছে, এই রিপোর্টে ১৬০০ ওয়াকফ্ সম্পত্তির ক্ষেত্রে বহু দুর্নীতি এবং অনিয়মের অভিযোগ বিচার বিভাগীয় সচিব পি.কে.সেনগুপ্তর যে রিপোর্ট আছে তাতে এই সব জিনিস ব্যক্ত হয়েছে, এবং সেই সম্পত্তির পরিমাণ টাকার অঙ্কে কত? এটা আপনার দপ্তর পর্যালোচনা

করে দেখেছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ** সেটা আমি আগেই বলেছি যে, সে রকম কোনও সুনির্দিষ্ট অভিযোগের রিপোর্ট নেই।

(প্রচন্ড হইচই)

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি যে এই যে সময়ের অভিযোগ-যে পিরিয়ডটা সেই পিরিয়ডটা কোন সময়ের এবং সেই সময়ে আপনার ওয়াকফ্ বোর্ডে কে কে সদস্য ছিলেন এবং তাঁরা কোন কোন দলের সঙ্গে জড়িত, তাঁরা কার নমিনি? সেটা আমাদের দয়া করে জানান?

(প্রচন্ড হইচই, গোলমাল)

(এই সময় কয়েকজন মাননীয় কংগ্রেস (আই) সদস্য চিৎকার করে কিছু বলতে থাকেন)

(**শ্রী সুলতান আহমেদ ঃ** পি.কে.সেনগুপ্তের সম্পূর্ণ রিপোর্টটি এখানে পেশ করা হোক, কোটি কোটি টাকা ওখানে চুরি যাচ্ছে)

(তুমুল হইচই, গোলমাল)

**শ্রী মহঃ আমিন ঃ** আমি আপনার কথাটা ঠিক বুঝতে পারলাম না।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** কোন পিরিয়ডে হয়েছে, সেই সময় বোর্ডে কারা কারা ছিলেন, তাঁদের নাম কি?

(তুমুল হইচই, গোলমাল)

**Mr. Speaker :** Hon'ble Members please take your seats. Please take your seats. Mr. Sultan Ahmed, please take your seat. এ ভাবেতো হতে পারে না, বসুন। আপনারা উত্তর দিতে দেবেন না তো কি হবে। The Minister has a right to reply. Let him reply.

(তুমুল হইচই, গোলমাল)

If you don't want to hear answer. We will go to the next question.

(প্রচন্ড গোলমাল)

Please take your seats. I am on my legs. If you do not want answer, I will go to the next question. আপনারা উত্তর দিতে দেবেন না তো কি হবে। বসুন, বসুন, বসুন, আই অ্যাম অন মাই লেগ্। মিঃ সুলতান আমেদ, টেক ইয়োর সিট। বসুন, বসুন। সুদীপ বন্দ্যোপাধ্যায়, টেক ইয়োর সিট্। বসুন,বসুন। রবীন মুখার্জি, টেক ইয়োর সিট। বসুন। অশোক দেব, টেক ইয়োর সিট। মিঃ আমিন, বলুন।

(গোলমাল)

**শ্রী মহঃ আমিন ঃ** আপনারা চুপ করলে বলব। তা নাহলে বলব না।

(গোলমাল)

স্যার, আমি আমার রিপ্লাইতে আগেই বলেছি, নির্দিষ্ট একটা রিপোর্ট আমি পেয়েছি। সেটা হচ্ছে, ৩৩ নং সেক্সপিয়ার সরণির ৬ কাঠা জমির ওয়াকফ্ প্রপার্টির ওপর কংগ্রেস জোর করে বাড়ি করেছে, কংগ্রেস অফিস করেছে। লজ্জা করে না। এই ছবি আছে, বেশি গোলমাল করবেন না, দুটো ছবি আছে।

(এই সময় শ্রী মহঃ আমিন দুটি ছবি প্রদর্শন করেন।)

(প্রচন্ড গোলমাল)

(এই সময় শ্রী মহঃ আমিন স্পিকার মহোদয়ের কাছে ছবি জমা দেন।)

(গোলমাল)

(**একাধিক কংগ্রেস সদস্য এক সাথে :** চোর, চোর, চোর,)

**শ্রী মুস্তাফা বিন্ কাশিম :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাই যে, ওয়াকফ্ সম্পত্তি, এটা কি কোনও সরকারি সম্পত্তি; এমন কি এটা কি ওয়াকফ বোর্ডের সম্পত্তি, না ব্যক্তিগত সম্পত্তি এবং এই সম্পত্তি কি সরকার হস্তান্তর করতে পারেন ; এমন কি ওয়াকফ বোর্ড কি হস্তান্তর করতে পারেন, না ব্যক্তিগত মালিক হস্তান্তর করে? এটা আমি জানতে চাইছি?

(প্রচন্ড গোলমাল)

( **একাধিক কংগ্রেস সদস্য :** চোর, চোর, চোর,)

(গোলমাল)

[11-20–11-30 A.M]

(গণ্ডগোল)

**মিঃ স্পিকার :** টেক ইওর সিট্। বসুন, বসুন।

(গণ্ডগোল)

বসুন, বসুন। আপনাদের যদি কোয়েশ্চেনে ইনটারেস্ট না থাকে তাহলে আমি অন্য সাবজেক্টে চলে যাব। (গণ্ডগোল)। প্লিজ টেক ইওর সিট্। মিঃ সুলতান আমেদ, টেক ইওর সিট্। বসুন, বসুন।

**শ্রী অতীশচন্দ্র সিংহ :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি যে প্রশ্নটি করেছি, উনি সেই প্রশ্নের উত্তর না দিয়ে একটা ছবি দেখালেন। এটা অত্যন্ত দুঃখের। যেহেতু উনি ছবি দেখিয়েছেন, সেহেতু কংগ্রেস দলের তরফ থেকে, কংগ্রেস পরিষদীয় দলের তরফ থেকে আমি দাবি করছি, শ্রী পি.কে.সেনগুপ্তর রিপোর্ট আমাদের কাছে পেশ করতে হবে। ঐ একটা ছবি দেখিয়ে আপনি পার পাবেন না। দেড় হাজার কোটি টাকার সম্পত্তি নষ্ট হয়েছে, চুরি হয়েছে। আমি জানতে চাই, সেই সময়ে বোর্ডে কারা কারা ছিলেন এবং কারা কারা চুরির সঙ্গে

জড়িত ছিলেন? আপনি সেই প্রশ্নের উত্তর না দিয়ে একটা ছবি দেখিয়ে কংগ্রেসকে দোষারোপ করছেন সেইজন্য আমার দাবি, পি.কে.সেনগুপ্তর রিপোর্ট আজকেই এখানে পেশ করতে হবে। পশ্চিমবাংলার মানুষ জানুন, এই ওয়াকফ সম্পত্তির সঙ্গে কারা কারা জড়িত এবং কারা কারা সম্পত্তি লুঠ করেছে-এটাই আমার দাবি।

**শ্রী মহঃ আমিন ঃ** মাননীয় সদস্য শ্রী মুস্তাফা বিন কাশিম যে প্রশ্নটি করেছেন তার জবাবে আমি এটাই বলতে চাই......

(**ভয়েজেস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ-** চুপ, চোরের সর্দার, চোর, চোর)

(গণ্ডগোল)

**মিঃ স্পিকার ঃ** টেক ইওর সিট্। বসুন, বসুন।

(গণ্ডগোল)

**শ্রী মুস্তাফা বিন কাশিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যেটা জানতে চেয়েছিলাম সেটা হচ্ছে, ওয়াকফ্ সম্পত্তি সেটা কোনও সরকারি সম্পত্তি, না বেসরকারি সম্পত্তি, নাকি ওয়াকফ্ বোর্ডের সম্পত্তি এবং সরকার এই সম্পত্তি হস্তান্তর করতে পারে কিনা, ওয়াকফ্ বোর্ড এই সম্পত্তি কারা হস্তান্তর করে—এটাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই?

(গণ্ডগোল)

(তুমুল গোলমাল)

**শ্রী মহঃ আমিন ঃ** ওয়াকফ্ সম্পর্কে আইন যা আছে সেটা হচ্ছে, ওয়াকফ্ তার ওয়াকফ্ ডিডে যা লিখে দেয় সেটাই বড় কথা এবং ওয়াকফ কথাটার মানে হল--

(তুমুল গণ্ডগোল)

**(বিরোধী পক্ষের অধিকাংশ মাননীয় সদস্য ওয়েলে নেমে চিৎকার করে কিছু বলতে থাকেন--স্লোগান দিতে থাকেন।)**

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই সব ব্যাখ্যা আমরা শুনতে চাই না।

(গোলমাল)

(মাননীয় বিরোধী পক্ষের সদস্যগণ ওয়েলে নেমে স্লোগান চালিয়ে যান।)

(গোলমাল)

**শ্রী মহঃ আমিন ঃ** সেই জন্য এটা সরকারি সম্পত্তিও নয় । এমন কি যেখানে মালিক নেই, মতোয়ালি যেখানে থাকে না, তখন এটা ভেস্টেড হয়ে যায় বোর্ডে। কিন্তু রাজ্য সরকারের এতে কোনও এক্তিয়ার নেই।

(তুমুল গোলমাল)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, যে ঝোলা থেকে তো বিড়াল বেরিয়ে গেল। আমার দু'একটা প্রশ্ন আছে---

(তুমুল গোলমাল)

আমাকে প্রশ্ন করতে দিন।

(তুমুল গোলমাল)

স্যার, আমাদের অধিকারে হস্তক্ষেপ করা হচ্ছে, আমাদের বলতে দেওয়া হচ্ছে না।

(তুমুল গোলমাল)

আমার রাইট আছে সাপ্লিমেন্টারি করার---

(তুমুল গোলমাল)

স্পিকার মহাশয় আমাকে বলতে বলেছেন, আমার প্রশ্ন করার রাইট আছে----

(তুমুল গোলমাল)

স্যার, আসলে ঝোলা থেকে বিড়াল বেরিয়ে পড়েছে, যে অপরাধ ওরা করেছে, সেটাকে চাপা দেবার জন্য এই গণ্ডগোল ওরা করছেন।

(তুমুল গন্ডগোল)

আমাদের সাপ্লিমেন্টারি করার অধিকার আছে, আমাদের অধিকারে ওরা হস্তক্ষেপ করছেন।

(বিরোধী পক্ষের সদস্যরা নানা রকম স্লোগান দিতে দিতে ওয়েল পরিক্রমা করতে থাকেন এবং মাঝখানে দাঁড়িয়ে স্লোগান দিতে থাকেন।)

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** অন্য কাউকে বলতে না দিয়ে ওরা এই রকম ভাবে গোলমাল করছেন, আমাদের বলার অধিকার ওরা ক্ষুন্ন করছেন, আমাদের অধিকারে হস্তক্ষেপ করছেন।

(গোলমাল)

[11-30—12-00 Noon (including Adjournment)]

(তুমুল হট্টগোল)

**(এই সময় মাননীয় কংগ্রেস সদস্যগণ হাউসের ওয়েলে কেউ কেউ দাঁড়িয়ে এবং কেউ কেউ বসে পড়ে হাত নেড়ে নানান স্লোগান দিতে থাকেন ক্রমাগতভাবে)**

মন্ত্রী উত্তর দেবার সঙ্গে সঙ্গে আসল জিনিস বেরিয়ে গেলো। আসল জিনিস বেরোবার পর গোটা জিনিসটা ধামাচাপা দেবার জন্য আজকে এই ভাবে মেম্বারদের প্রশ্ন করবার অধিকার কেড়ে নেওয়া হচ্ছে।....(তুমুল হট্টগোল) **(কংগ্রেস পক্ষের হাউসের ওয়েল থেকে সমবেত স্লোগান : ওয়াকফ রিপোর্ট জমা দিতে হবে, নইলে গদি ছাড়তে হবে; ওয়াকফ সম্পত্তি চুরি করল কে? সি.পি.এম., আবার কে? ....তুমুল হট্টগোল)**। স্যার, অন্যের অধিকারে হাত দেওয়া যায় না, কিন্তু হাত দেওয়া হচ্ছে। এখানে অন্য সদস্যদের প্রশ্ন করবার অধিকার

রয়েছে, কিন্তু সেই অধিকারে হস্তক্ষেপ করা হচ্ছে। মিঃ স্পিকার স্যার, আপনি ব্যবস্থা নিন, কারণ এভাবে সভা চলতে পারে না। অন্য মেম্বারদের অধিকারে হস্তক্ষেপ করা যায় না। **(....প্রচন্ড গোলমাল। ওয়েল থেকে কংগ্রেস পক্ষের সমবেত ধ্বনি ; ওয়াকফের রিপোর্ট সভায় জমা দিতে হবে, তা নাহলে সভা চলতে পারে না। .....তুমুল হট্টগোল...)**

### জেলা শহরে 'রবীন্দ্র ভবন'

***৬৫। ( অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি---

(ক) রাজ্যের কোন কোন জেলা শহরে 'রবীন্দ্র ভবন' নেই ; এবং

(খ) মহকুমা শহরগুলিতে রবীন্দ্র ভবন অথবা নাট্য-মঞ্চ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

(Noise and Interruptions)

শ্রী বুদ্ধদেব ভট্টাচায়' ঃ (ক) মেদিনীপুর জেলা সদরে রবীন্দ্র ভবন নেই।

(খ) কোনও মহকুমা শহরে নতুন করে রবীন্দ্রভবন বা নাট্যমঞ্চ স্থাপনের পরিকল্পনা আপাতত নেই।

(তুমুল হট্টগোল) ...

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** .... একটা সময় কেন্দ্রে যখন হুমায়ুন কবীর শিক্ষামন্ত্রী ছিলেন তখন সমস্ত ভারতবর্ষের প্রতিটি রাজ্যে রবীন্দ্র ভবন এবং রবীন্দ্র কলাকেন্দ্র তৈরি করবার সিদ্ধান্ত হয়। ...(তুমুল গোলমাল)...**(কংগ্রেস সদস্যগণের ওয়েল থেকে সমবেত স্লোগান ; আল্লার সম্পত্তি চুরি করল কে? সি.পি.এম., আবার কে?)** ওটা আল্লাই দেখবেন। কিন্তু আমি মন্ত্রীর কাছে জানতে চাই, মেদিনীপুর জেলায় রবীন্দ্র ভবন নির্মাণের কোনও পরিকল্পনা রয়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ...(তুমুল হট্টগোল)... মিঃ স্পিকার স্যার, মেম্বার কি বললেন আমি তার কিছুই শুনতে পারলাম না গণ্ডগোলে। তাই আমি উত্তর দিতে পারছি না।

(...তুমুল হট্টগোল...)

## Starrted Questions
## (to which written answers were laid on the Table)

### খাটাল উচ্ছেদ

***৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি---

কলকাতা এবং হাওড়া থেকে খাটাল উচ্ছেদ করতে রাজ্য সরকার সর্বশেষ কি ব্যবস্থা নিয়েছে?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** কলকাতা এবং হাওড়া থেকে ঘাটাল উচ্ছেদকে চলতি ব্যবস্থাই অব্যাহত আছে এবং থাকবে। সরকার এ ব্যাপারে সম্পূর্ণ তদারকি বজায় রেখেছেন।

**কৃষকদের বার্ধক্যভাতা**

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ রাজ্যে কৃষকদের বার্ধক্যভাতা দেওয়ার কোনও লক্ষ্যমাত্রা ধার্য ছিল কি না; এবং

(খ) ভাতাপ্রাপ্ত কৃষকের সংখ্যা (জেলাওয়ারি হিসাব) কত?

**কৃষি-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ,

(খ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে মোট ২০,৩৪৩ জনকে উক্ত ভাতা দেওয়া হয়েছিল।

জেলাওয়ারি হিসাব

| | |
|---|---|
| (১) উত্তর ২৪ পরগনা | ১২৪৮ জন |
| (২) দক্ষিণ ২৪ পরগনা | ২৩০৩ জন |
| (৩) হাওড়া | ৬৪০ জন |
| (৪) হুগলি | ১১৫০ জন |
| (৫) নদীয়া | ৪৬৩ জন |
| (৬) মুর্শিদাবাদ | ১১১২ জন |
| (৭) মালদা | ৬৪৫ জন |
| (৮) বীরভুম | ৭৬৩ জন |
| (৯) পুরুলিয়া | ১১৫৭ জন |
| (১০) বর্ধমান | ১২৭৩ জন |
| (১১) বাঁকুড়া | ১০৫১ জন |
| (১২) মেদিনীপুর (পূর্ব) | ৮৯৬ জন |
| (১৩) মেদিনীপুর (পশ্চিম) | ৩২২০ জন |
| (১৪) পশ্চিম দিনাজপুর | ১১২৩ জন |
| (১৫) জলপাইগুড়ি | ১৩৩৮ জন |
| (১৬) কুচবিহার | ১৪৭৩ জন |
| (১৭) দার্জিলিং (কেবলমাত্র শিলিগুড়ি মহাকুমা) | ৪৮৮ জন |
| মোট | ২০,৩৪৩ জন |

**মানবাধিকার কমিশন**

***৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪) শ্রী সুকুমার দাশ :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, জাতীয় মানবাধিকার কমিশন-রাজ্যের কিছু পুলিশ অফিসারদের বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্য সরকারকে জানিয়েছে; এবং

(খ) সেই পুলিশ অফিসারদের বিরুদ্ধে রাজ্য সরকার কোনও ব্যবস্থা নিয়েছে কি না?

**স্বরাষ্ট্র ও (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ,

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

**আর.এল. আই. প্রকল্প**

***৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৬) শ্রী ঈদ মহম্মদ :** জলসম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) নতুন আর.এল. আই. প্রকল্প স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কতগুলি আর.এল.আই. প্রকল্প অনুমোদন করা হবে আশা করা যায়?:

**জলসম্পদ অনুসন্ধান এবং উন্নয়ম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে রাজ্যে কোনও নতুন আর.এল.আই. প্রকল্প স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**একবালপুল থানা এলাকায় হিংসাত্মক ঘটনা**

***৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০০) শ্রী সৌগত রায় :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) গত ২৯শে মে, ১৯৯৬ কলকাতার একবালপুর থানা এলাকায় কোনও গণ্ডগোল হয়েছিল কি না; এবং

(খ) হয়ে থাকলে, পুলিশ এ ব্যাপারে কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ,

(খ) প্রথমে আলোচনার মাধ্যমে মীমাংসার চেষ্টা করা হয়। কিন্তু হিংসাত্মক ঘটনার ফলে পুলিশ গুলি চালাতে বাধ্য হয়। গণ্ডগোল যাতে ছড়িয়ে পড়তে না পারে সেজন্য পরে

সেনাবাহিনী নামাতে ও কারফিউ প্রয়োগ করতে হয়েছিল। সর্বমোট ১০৪ জনকে গ্রেপ্তার করা হয়। নির্দিষ্ট অভিযুক্ত ব্যক্তিদের গ্রেপ্তার করার চেষ্টা চালানো হচ্ছে। বাকিদেরও গ্রেপ্তার করা হবে।

### পশুচিকিৎসা কেন্দ্র স্থাপন

***৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৯) শ্রী মোজাম্মেল হক ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি সরকারি পশুচিকিৎসা কেন্দ্র আছে; এবং

(খ) চলতি আর্থিক বছরে রাজ্যে নতুন কোনও পশুচিকিৎসা কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কি না?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মোট ৭২১ টি প্রাণী চিকিৎসা কেন্দ্র আছে।

(খ) নেই। তবে চলতি আর্থিক বছর থেকে পর্যায়-ক্রমে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একটি করে প্রাণী সম্পদ বিকাশ সহায়ক কেন্দ্র খোলার পরিকল্পনা আছে।

### যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা

***৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮) শ্রী কমল মুখার্জি ও শ্রী অব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা দুটি কত দিন যাবদ বন্ধ আছে; এবং

(খ) ঐ পত্রিকা দুটি চালু রাখার বিষয়ে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কর্তৃপক্ষ বন্ধ করে দিয়েছেন। কর্মচারিরা ঐ নামেই দুটি পত্রিকা চালাচ্ছেন।

(খ) পত্রিকা দুটি ব্যক্তি মালিকানাধীন। সরকারের কিছু করার নেই।

### কৃত্রিম গো-প্রজনন

***৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৭) শ্রী ইউনুস সরকার ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) রাজ্যে কৃত্রিম গো-প্রজননের কোনও ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে কোন জেলায় কত পরিমাণ কাজ হয়েছে?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) সময়-(এপ্রিল ৯৫ থেকে মার্চ ৯৬)

| জেলার নাম ঃ | কৃত্রিম প্রজননের সংখ্যা |
|---|---|
| জলপাইগুড়ি | ২২২৬৭ |
| কুচবিহার | ২৪৮৯৪ |
| দার্জিলিং | ৮৮৮২ |
| উঃ ও দঃ দিনাজপুর | ১৮৯৩৬ |
| মালদহ | ৩০৫৫৯ |
| মুর্শিদাবাদ | ৭০১০৫ |
| নদীয়া | ১২২৫৫৩ |
| উঃ ২৪-পরগনা | ৮৩৫৩০ |
| দঃ ২৪-পরগনা | ২৪৫০৩ |
| হাওড়া | ২৪৫৯৫ |
| হুগলি | ৭৮১৩৪ |
| বর্দ্ধমান | ৬৩৫৫৫ |
| বীরভুম | ২২,৫২৬ |
| বাঁকুড়া | ২৬৬১৩ |
| পুরুলিয়া | ৪০৮৪ |
| মেদিনীপুর | ৭৪২১৩ |
| কলকাতা | ১২৫০ |
| মোট- | ৭০১১৯৯ |

### বীরভুমে রাজনৈতিক সংঘর্ষে মৃত্যু

***৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৫) শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৯৬ সালের সাধারণ নির্বাচনের পর ৩১শে মে পর্যন্ত বীরভুম জেলায় রাজনৈতিক সংঘর্ষে কতজনের মৃত্যু হয়েছে; এবং

(খ) কতজনের বাড়িতে আগুন লাগানোর ঘটনা ঘটেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একজন।

(খ) একজন।

**বাংলা ছবি প্রদর্শন**

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮০) **শ্রী শিবপ্রসাদ মালিক :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যের প্রেক্ষাগৃহগুলিতে বছরে তিন মাস বাংলা ছবির বাধ্যতামূলক প্রদর্শনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে।

(খ) বিষয়টি পর্যলোচনা করা হচ্ছে।

**সংখ্যালঘু কমিশন**

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩০) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** সংখ্যালঘু-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নে কোনও সংখ্যালঘু কমিশন গঠিত হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত কমিশনের রূপরেখা কিরূপ?

**সংখ্যালঘু বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ,

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশনে চেয়ারম্যানসহ ছয়জন সদস্য আছেন। শ্রী মহীউদ্দিন জাফর উনানভি এখন চেয়ারম্যান এর দায়িত্ব পালন করছেন।

ধর্মীয় ও ভাষাগত সংখ্যালঘুদের সুরক্ষার জন্য সংবিধান ও আইনে বিভিন্ন যে সব রক্ষাকবচ রয়েছে সেগুলির কর্মধারা মূল্যায়ন করা, রক্ষাকবচগুলির সার্থক রূপায়ণ ও বলবৎকরণের জন্য সুপারিশ করা, সংখ্যালঘুদের জন্য যথোপোযুক্ত আইনগত ও কল্যাণমূলক ব্যবস্থাদির জন্য প্রস্তাব করাই এই কমিশনের উদ্দেশ্য।

**Durgapur Slaughter House**

***77. (Admitted Question No. *433) Shri Akbar Ali Khandokar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Animal Resources Development be pleased to state--

(a) Whether it is a fact that the Durgapur Slaughter House and the lands in Durgapur and Andul Mourigram have been sold/leased out on a long term basis to a Private Company;

(b) if so,

(i) the terms of sale/lease;

(ii) the brief outlines of the deal;

(iii) the amount spent by the State Government on construction of the Slaughter House and development of land; and

(iv) the basis on which the purchaserlease holder was selected?

**Minister-in-Charge of the Animal Resources Development Department :**

Yes,

1) Land-leased out (Both Durgapur and Mourigram)

2) Building, Plant and Machinery-sold (Durgapur)

An area of 46.42 acres of land at Mouza Duillya, J.L. No.35 P.S. Sankrail, Dist. Howrah and more or less 15 acres of land in Mouza Gopinathpur, J.L.No.85 and in Mouza Nadiha J.L.No.92 P.S. Durgapur, dist. Burdwan have been leased out to M/S. Frigerio Conserva Allana Ltd. on long term basis for a period of 99 years by the L&LR Dept. Govt. of West Bengal subject to the condition that M/s. Frigerio Conserva Allana Ltd. would have to pay a sum of Rs. 71,59,820.80 and Rs. 31,68,000/- respectively on account of market value of the land and the ground rent @ Rs. 9.00 only per acre. It was agreed that the party would immediately go for construction work and start 1st phase of processing of meat, fish, fruits vegetables within 24-months time. The Board of Directors of the W.B. Livestock Processing Dev. Corpn. Ltd. adopted a Resolution at a Board meeting for a sale of the building along with the plant and machinery of Durgapur slaughter house to M/S. Frigerio Conserva Allana Ltd. at a price of Rs. 87,27,000/- only assessed by the district Authority of Burdwan district.

Rs. 1,05,54,707.76/- was spent for the construction of slaughter house at Durgapur and development of land at Mourigram.

As the effort to launch a Joint Sector programme through advertisement having failed, attempt was made to find out with the help of Govt. of India a renowned professional having experience in the line who composite programme, for meat processing in West Bengal and final selection was made through negotiation.

### সংবাদপত্রে বিজ্ঞাপন

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬) শ্রী আব্দুল মান্নান: তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ রাজ্য থেকে প্রকাশিত কোন কোন সংবাদপত্রে কত টাকার সরকারি বিজ্ঞাপন দেওয়া হয়েছে;

(খ) উর্দু দৈনিক আসবার-ই-মসরিক পত্রিকাটিতে বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের বিশেষ কোনও নির্দেশ আছে কি না; এবং

(গ) থাকলে, কারণ কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ সম্পর্কে একটি তালিকা পেশ করা হল।

(খ) না

(গ) প্রশ্ন ওঠে না।

| | | |
|---|---|---|
| 1.Statesman | = Rs.99,79,865.00 | |
| 2.Anandabazar | = Rs.77,32,552.00 | |
| 3.Telegraph | = Rs.24,36,839.00 | = Rs.1,04,33,491.00 |
| 4.B.Standard | = Rs. 2,64,100.00 | |
| 5.Aajkal | = Rs.79,46,529.00 | |
| 6.Bartaman | = Rs.28,35,281.00 | |
| 7.Ganashakti | = Rs.65,00,163.00 | |
| 8.Pratidin | = Rs.12,05,945.00 | |
| 9.Basumati | = Rs.11,71,300.00 | |
| 10.Sanmarg | = Rs. 9,13,356.00 | |
| 11.Uttar Banga Sanbad | = Rs 4,62,038.00 | |
| 12.Kalantar | = Rs.13,50,566.00 | |
| 13.Sonar Banglo | = Rs. 5,56,482.00 | |
| 14.Daily Navi Probhat | = Rs. 1,45,477.00 | |
| 15.Aabshar | = Rs. 3,87,535.00 | |
| 16.Azad Hind | = Rs. 3,51,824.00 | |
| 17.Akbar-E Mashriq | = Rs. 36,346.00 | |
| 18.Rozana Hind | = Rs. 91,261.00 | |
| 19.Viswamitrra | = RS. 61,848.00 | |
| 20.Janasatta | = Rs. 2,12,681.00 | |
| 21.Akkas | = Rs. 67,000.00 | |
| 22.Sagarmatha | = Rs. 1,12,000.00 | |

| | | |
|---|---|---|
| 23.Janapath Samachar | = | Rs. 1,73,848.00 |
| 24.Chopte Chopte | = | Rs. 41,208.00 |
| 25.Amrita Bazar & Jugantar | = | Rs.19,82,002.00 |
| | Total | Rs. 4,76,18,046.00 |

## কৃষি গবেষণাগারে পণ্যভিত্তিক গবেষণা

*৭৯। **(অনুমোদিত প্রশ্ন নং *৩৬৭) শ্রী আবু আয়েশ মন্ডল :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যে কৃষি আধিকারের গবেষণা শাখার অধীনে পণ্যভিত্তিক কোনও গবেষণা কেন্দ্র আছে কি না;

(খ) থাকলে, এরূপ গবেষণা কেন্দ্রের সংখ্যা কত; এবং

(গ) সেগুলি কোথায় কোথায় অবস্থিত?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আছে।

(খ) (১) ৬ (ছয়)

(২) (ক) ধান্য-চুঁচূড়া (হুগলি)।

(খ) ডালশস্য ও তৈলবীজ - বহরমপুর (মুর্শিদাবাদ)।

(গ) ইক্ষু - বেথুয়াডহরী (নদীয়া)।

(ঘ) ওয়াটার ম্যানেজমেন্ট - রাণাঘাট (নদীয়া)।

(ঙ) ফিল্ড ক্রপ - বর্ধমান।

(চ) রাষ্ট্রীয় উদ্যান গবেষণা কেন্দ্র - কৃষ্ণনগর (নদীয়া)।

সম্ভাব্য সংযোজনী

উপরিউক্ত গবেষণাকেন্দ্রগুলি ব্যতীত ছয়টি জোনাল অ্যাডাপ্টিভ রিসার্চ ষ্টেশন আছে। এই ছয়টি অবস্থান হল মোহিতনগর, কৃষ্ণনগর, নলহাটি, কালিম্পং মাঝিয়ান ও কাকদ্বীপ। শেযোক্ত তিনটি বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন।

## গ্রামাঞ্চলে ভি.ডি.ও পার্লার

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রী দেবপ্রসাদ সরকার :** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ভি.ডি.ও পার্লারের নোংরা ও অশ্লীল ছবি প্রদর্শনের ক্রমবর্ধমান ব্যবসা গ্রামাঞ্চলের সাংস্কৃতিক পরিবেশকে কলুষিত করছে এ সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছে কি না; এবং

(খ) থাকলে, তা বন্ধ করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা নিচ্ছে?

**তথ্য ও সাংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ,

(খ) নির্দিষ্ট অভিযোগ থাকলে ব্যবস্থা নেওয়া হয়।

**গভীর ও অগভীর নলকুপ স্থাপন**

***৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৩) শ্রী মোজাম্মেল হক ঃ** জল সম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় যে সমস্ত গভীর নলকুপ ও অগভীর (গুচ্ছপ্রকল্প) নলকুপ বসানো হয়েছে, সেগুলি পরিচালনা করার জন্য সরকার কোনও সুনির্দিষ্ট বিধি বা নিয়ম চালু করেছে কি না?

**জল সম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় তৈরি অগভীর গুচ্ছ নলকুপ এবং নিম্ন ক্ষমতা সম্পন্ন গভীর গুচ্ছ নলকুপ প্রকল্পগুলির পরিচালনার জন্য সরকার সুনির্দিষ্ট নিয়ম চালু করেছেন যাহা ক্ষুদ্র সেচ দপ্তরের ১৯৯১ সালের ৫ই জানুয়ারি ২৮ এম. আই ১নং/৩ই/৭-৮৮ নং আদেশ নামায় প্রকাশিত হয়েছে। ঐ গুচ্ছ নলকুপ প্রকল্পগুলি বিদ্যুতায়িত হওয়ার পর পঞ্চায়েত সমিতিগুলির হাতে তুলে দেওয়া হচ্ছে।

উপরে উল্লিখিত সরকারি আদেশ নামা অনুসারে বেনিফিসিয়ারী কমিটির মাধ্যমে প্রকল্পগুলির পরিচালনা, রক্ষাণাবেক্ষণ, জলকর ধার্য ও ঐ কর সংগ্রহের দায়িত্ব পঞ্চায়েত সমিতিগুলির উপর বর্তাচ্ছে।

উচ্চ ও মধ্য ক্ষমতাসম্পন্ন গভীর নলকুপ প্রকল্পগুলি অনুরূপভাবে পঞ্চায়েত সমিতিগুলিকে হস্তান্তর ও তাদের মাধ্যমে পরিচালনার জন্য ক্ষুদ্রসেচ দপ্তরের ১৯৯৩ সালের ২২শে মার্চের ৯২০ এম.আই (১) -৩ই -৭/৮৮ নং আদেশ নামায় সুনির্দিষ্ট নিয়ম প্রকাশিত হয়। তবে ঐ আদেশ সম্পূর্ণরূপে কার্যকর করার সিদ্ধান্তে উপনীত হওয়ার আগে ১৯৯৩ সালের ২৩শে মার্চের ৯৩৭-এম-আই (১)। ৩ই-৭/৮৮ নং নির্দেশে সরকার এই পরিচালনা ব্যবস্থার সাফল্য ক্ষতিয়ে দেখতে চান। সেই অনুযায়ী প্রতিটি জেলায় ঐ ধরনের ২ বা ৩ টি প্রকল্প পঞ্চায়েত সমিতিগুলিকে পরীক্ষামুলক ভাবে হস্তান্তর করা হচ্ছে।

**গণ ধোলাইয়ে মৃত্যু**

***৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩) শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপুর্বক জানাবেন কি--

(ক) ১৯৯৫ সাল থেকে ১৯৯৬ সালের মে মাস পর্যন্ত গণ ধোলাইতে মোট কত জনের মৃত্যু হয়েছে; এবং

(খ) উক্ত ঘটনায় কত জন দোষীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১১৮ জন।

(খ) ৯৩টি ঘটনায় ৩২৫ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

**প্রাণীবিদ্যার বিশ্ববিদ্যালয়**

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৮) **শ্রী ইউনুস সরকার ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যে প্রাণীবিদ্যার বিশ্ববিদ্যালয়ে কি কি বিষয় পড়ানো হবে; এবং

(খ) বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ব বিদ্যালয়ে, তিনটি শাখায় যথা ঃ ১। প্রাণী বিজ্ঞান, ২। দোহ কারিগরি এবং ৩। মৎস্য বিজ্ঞান বিষয়ে পড়ানো হয়।

(খ) বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে মোট ৫৭৪ জন ছাত্রছাত্রী আছেন।

**সল্টলেকে ফিল্ম কমপ্লেক্স**

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৬) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, হলিউডের ওয়ার্নার ব্রাদার্সের সঙ্গে সল্টলেকে ফিল্ম কমপ্লেক্স গড়ার কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, এই কমপ্লেক্স নির্মাণে রাজ্য সরকার ওয়ার্নার ব্রাদার্সকে কি কি শর্তে এবং কি মূল্যে কত পরিমাণ জমি দিচ্ছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই রকম কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**আলিপুর বডিগার্ড লাইনে হাঙ্গামা**

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৬) **শ্রী সৌগত রায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) এটা কি সত্যি যে, ৩০শে মে১৯৯৬ তারিখে আলিপুর বডিগার্ড লাইনের কিছু সশস্ত্র পুলিশ, পথচারী ও স্থানীয় বাসিন্দাদের আক্রমণ করেছিল; এবং

(খ) সত্যি হলে, এ ব্যপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) তদন্তের কাজ চলছে। তদন্ত শেষ হলে উচিত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**হজ ভবন**

**৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮) শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (হজ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যে হজ ভবন নির্মাণে কত অর্থ ব্যয় করা হয়েছে;

(খ) উক্ত ভবন নির্মাণে কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ কত;

(গ) (১) ১৯৯৬ সালে কত জন হজযাত্রী এ রাজ্য থেকে হজে গিয়েছিলেন; এবং

(২) ঐ সকল হজযাত্রীদের জন্য রাজ্য সরকার কি কি সুবিধা প্রদান করেছে?

**স্বরাষ্ট্র (হজ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) 'হজভবন' নির্মাণে মোট ৯৫,০০,০০০.০০ টাকা (পঁচানব্বুই লক্ষ) ব্যয় করা হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকার হজভবন নির্মাণে কোনওরূপ আর্থিক সাহায্য দান করেন নি।

(গ) (১) ১৯৯৬ সালে এরাজ্য থেকে মোট ২৫২১ জন হজযাত্রী কলকাতা বিমান বন্দর থেকে সরাসরি জেড্ডা অভিমুখে যাত্রা করেছেন।

রাজ্যভিত্তিক হজযাত্রীর সংখ্যা নিম্নরূপ ঃ-

| | |
|---|---|
| পশ্চিমবঙ্গ | - ১২৯৫ |
| বিহার | - ৬০৫ |
| আসাম | - ৪৪৬ |
| উড়িষ্যা | - ১৮৬ |
| মনিপুর | - ১২৮ |

(২) ১৯৯৬ সালের হজযাত্রীদের জন্য পশ্চিমবঙ্গ সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছিলেন ঃ-

(১) এই বছরেই প্রথম নির্মীয়মান 'হজভবনে' প্রায় তিনহাজার হজতীর্থযাত্রীরা পূর্বমুহুর্ত পর্যন্ত থাকতে পেরেছিলেন। এই তিন হাজার হজযাত্রীদের জন্য শুধুমাত্র হজভবনেই থাকার ব্যবস্থা করা হয় নাই, মুসা শেঠ মুসাফির খানা ও সূর্তি মুসাফির খানাতেও তাদের থাকার বন্দোবস্ত করা হয়েছিল।

(২) হজ ভবন থেকেই সমস্ত হজযাত্রীদের এবছর বিমানযাত্রার ভাড়ার টিকিট, বৈদেশিক মুদ্রা পাশপোর্ট যাবতীয় ভ্রমণ সংক্রান্ত কাগজপত্র বিলি করা হয় ;

(৩) ১লা এপ্রিল থেকে ৬ই এপ্রিল পর্যন্ত প্রতিদিন বিমান ধরার জন্য সরকারি বাসে করে হজযাত্রীদের দমদম বিমান বন্দর পর্যন্ত নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হয়েছিল ;

(৪) বিমান বন্দরের মাঠে হজযাত্রীদের আত্মীয় পরিজন এবং তাদের জন্য 'সামিয়ানা' খাটানো হয়েছিল, সেখানে পর্যন্ত পানীয় জল, বিদ্যুৎ মহিলা ও পুরুষ যাত্রীদের জন্য পৃথক পৃথক প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছিল;

(৫) সর্বোপরি পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের সহযোগিতায় আন্তর্জাতিক স্বাস্থ্যপত্র মেনেনজাইটিস টীকা প্রদানের পর প্রতিটি হজযাত্রীদের মধ্যে বিলি করা হয়েছে।

## বিদ্যাসাগর বসতবাটি

***৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০৪) শ্রী সুকুমার দাশ ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

কলকাতাস্থিত বিদ্যাসাগরের বসত বাড়িটি জাতীয় স্মারক হিসেবে রক্ষিত করার বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকাররের কাছে কোনও প্রস্তাব পেশ করেছে কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

## আলুর দাম বৃদ্ধি

***৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩০) শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের খোলাবাজারে আলুর দাম উল্লেখযোগ্যভাবে বেড়েছে; এবং

(খ) সত্যি হলে, আলুর দাম কমাতে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এবছর গতবছরের তুলনায় খোলাবাজারে আলুর মূল্য বৃদ্ধি পেয়েছে।

(খ) এবিষয়ে সরকার ১৪.৬.৯৬ তাং সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করেছেন। এতে দেখা গেছে যে এবছর চাষীর বাড়ি বা আলুর ক্ষেতের দর, হিমঘরে সংরক্ষণের সময়ের দর ও পাইকারি বা খুচরা বাজারদর, গত বছরের তুলনায় অনেক বেশি ছিল।

আলোচনায় প্রতীয়মান হয় যে, চাষীর বাড়ি বা আলুর ক্ষেতের দরের সঙ্গে বিপণন খরচ যোগ করলে, বর্তমান বাজার দল সামঞ্জস্যপূর্ণ ঃ

যেহেতু হিমঘরগুলির বেশির ভাগ আলু চাষীদের দ্বারা সংরক্ষিত, সেইহেতু বর্তমান বাজারদরের চেয়ে কম দামে আলু বিক্রি হলে, চাষী ভাইয়েরা বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হবেন।

আলোচনায় সিদ্ধান্ত হয় সরকার আলুর মূল্যের প্রতি নজর রাখবেন।

**'নন্দনে' ছোটদের চলচ্চিত্র প্রদর্শনী**

***৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এটা কি সত্যি যে, 'নন্দনে' নিয়মিতভাবে ছোটদের জন্য চলচ্চিত্রের বিশেষ প্রদর্শনীর ব্যবস্থা করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে তা শুরু করা হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত বিভাগের মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১লা সেপ্টেম্বর ১৯৯৬ থেকে প্রত্যেক রবিবারের প্রথম শো দেখানোর প্রস্তাব আছে।

(At this stage the House was adjourned till 12.00 noon)

(After adjournment)

[12-00—12-10 P.M.]

## POINT OF ORDER

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। স্যার, এই হাউস অ্যাডজোর্ণের আগে যে ঘটনা ঘটল আপনি সেটা জানেন। অত্যন্ত দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় ওয়াকফ প্রশ্নের জবাব দেবার সময় তিনি তাঁর খাম থেকে বার করে বললেন একটা মাত্র অভিযোগ এসেছে। এটা স্যার সম্পূর্ণ অসত্য কথা। এর বিরুদ্ধে নিশ্চয়ই আমরা প্রিভিলেজ আনব পরবর্তীকালে। আমরা সেই জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি যে ওয়াকপ কেলেঙ্কারী অত্যন্ত বড় কেলেঙ্কারী, ভারতবর্ষের অন্যান্য কেলেঙ্কারীকে ছাপিয়ে গেছে, এখানে দেড় হাজার কোটি টাকা তছরুপ হয়েছে। এই বামফ্রন্ট সরকার এটাকে ধামাচাপা দিয়ে ধোয়া তুলসী পাতা সাজতে চাইছে। এখানে ১৬৬ টি কমপ্লেন এসেছে। যে জমির দাম ২০ লক্ষ টাকা কাঠা সেই জমিকে ১ লক্ষ টাকা কাঠা করে বিক্রি করে দেওয়া হয়েছে বা লিজ দেওয়া হয়েছে। এটা একটা গুরুতর অভিযোগ। আমরা জানতে চেয়েছিলাম এটা কোন পিরিয়োডে হয়েছে এবং সেই সময় বোর্ডের সদস্য কারা ছিলেন। তিনি তার উত্তর দেন নি। উনি এখানে বললেন যে একটা মাত্র কমপ্লেন তাঁর কাছে এসেছে। স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করতে চাই পি.কে. সেনগুপ্তের পূর্ণাঙ্গ রিপোর্ট আমাদের দেখাতে হবে। তা না হলে কিছুতেই হাউসের প্রসিডিংস্ চালাতে দেব না। এই ব্যাপারে আমাদের একটা অল্টার্নেটিভ প্রপোজাল আছে। আপনাদের যদি লজ্জা হয় এই রিপোর্ট এই হাউসে প্লেস করার তাহলে আপনারা একটা কমিটি করুন আমাদের কয়েকজন সদস্যকে নিন, অল পার্টি একটা কমিটি করুন এবং সেই রিপোর্ট হয় স্পিকারের ঘরে, নয়তো মুখ্যমন্ত্রীর ঘরে নয়তো বুদ্ধদেববাবুর ঘরে পেশ করুন। এতে লুকোবার কি আছে? নিশ্চয়ই এর মধ্যে কারচুপি

আছে। এটাকে আপনারা লুকোবার চেষ্টা করছেন, ধামা চাপা দেবার চেষ্টা করছেন। আমাদের দাবি এই মন্ত্রিসভার কাছে রাখছি যে এই দাবি মেনে নিয়ে এত লুকোবার চেষ্টা না করে এই রিপোর্ট প্রেস করার চেষ্টা করুন। আপনারা সমস্ত কিছু ট্রান্সফারেন্সী ট্রানজাকশনের কথা বলেন। তাহলে আপনারা এটাকে সম্পূর্ণ ভাবে ধামা চাপা দেবার চেষ্টা করছেন কেন? আমরা পি.কে.সেনগুপ্ত-র রিপোর্ট দেখতে চাই, আপনাদের দেখাতে হবে। এই দাবি মন্ত্রী মহাশয়ের কাছে এবং মন্ত্রিসভার কাছে করছি।

**Mr. Speaker :** Mr. Sinha, you have been heard by the House. It is a right extended to other Members also. Other Members have the same right. But a little while ago other Members could not exercise their rights. They could not exercise. You could not make your Members to listen to the reply. It is a fact.

......(noise and interuptions).....

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today, I have received four notices of Adjournmet Motion. The first and the second one are from Shri Saugata Roy and Shri Sudip Bandyopadhyay on the subject of ıeported murder of three persons of main opposition party at Rajbalhat under Jangipara P.S., Hoogly district. The third and the fourth on are from the same member, Shri Shyamadas Banerjee.

Under the rules not more than one motion shall be made at the same sitting and as such the motions of Shri Shyamadas Banerjee are out of order. The subject matters of other motions are not such which call for adjournment of the business of the House.

The Members will get opportunity to raise the matters during general discussion on Budget. The Members may also raise the matters through Calling Attention, Mention etc.

I, therefore, withheld my consent to all the Motions. One member may, however, read the text of his motion as amended.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received eleven notices of Calling Attention, on the following subjects, namely :-

| Subject | Name |
|---|---|
| 1. Reported murder of three Congress (I) workers at Rajbalhat under jangipara P.S. of Hoogly district. | : Shri Shyamadas Banerjee<br>Shri Abdul Mannan, and<br>Shri Sailaja Kumar Das. |
| 2. Reported lay off in New Central | : Shri Saugata Roy, and |

| | |
|---|---|
| Jute Mill, Budge Budge. | Shri Sobhondeb Chatto-Padhyay. |
| 3. Reported non-functioning of a deep tubewell at Chorsala Mouza of Murshidabad district. | : Shri Md. Sohrab |
| 4. Poor industrialisation in West Bengal | : Shri Ashok Kumar Deb |
| 5. Deplorable condition of Katwa-Berhampore Road. | : Shri Rabindra Nath Chatterjee |
| 6. Deplorable condition of 'London' Mission, (Jiyagung Seva Sadan) an undertaking of the State Govt. | : Shri Mozammal Haque and Shri Unus Sarker |
| 7. Setting up of B.Ed College in Asansol. | : Shri Tapas Banerjee |
| 8. Erosion of the Digha Sea-beach. | : Shri Mrinal Kanti Roy |
| 9. Deplorable condition of the Premises of the School for Deaf & Dumb at Baranagar. | : Shri Amar Chaudhury |
| 10. Non-payment of salary to 25 thousand primary Teachers. | : Shri Sanjib Kr. Das Shri Sukumar Das |
| 11. Reported inferior quality of Urea fertilizer imported from Romania by Hindustan Lever. | : Shri Tapan Hore |

I have selected the notice of Tapan Hòre on the subject of Reported inferior quality of Urea fertilizer imported from Romania by Hindustan Lever.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 2nd July, 1996.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of Home(Police) Department will make a statement on the subject of reported death of four persons due to B.S.F. atrocity in the districts of Uttar Dinajpur and Dakshin Dinajpur.

(Attention called by Shri Chowdhary Abdul Karim on the 12th June, 1996).

[12-10—12-20 P.M]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর জেলায় গ্রামবাসীদের উপর বি.এস. এফ-এর ক্রমবর্ধমান অত্যাচার ও তার ফলে ইসলামপুর থানার পাঁচিতে বি.এস.এফ-এর গুলিতে একজনের মৃত্যু ও তপন থানায় দুজন বি.এস.এফ জওয়ানসহ তিনজনের মৃত্যুর সাম্প্রতিক ঘটনা সম্পর্কে চৌধুরি আব্দুল করিমের আনা দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির জবাবে আমি নিম্নোক্ত বিবরণীটি পাঠ করছি।

১। দক্ষিণ দিনাজপুর জেলায় তপন থানার অধীন কামদোবাটি গ্রামের ঘটনা—

এই ঘটনা সম্পর্কে বিস্তারিত অনুসন্ধান চালানো হচ্ছে। প্রাথমিক প্রতিবেদনে যা জানা যায় তা নিম্নরূপ ঃ

১৯৯৬ সালের ৯ই জুন তারিখে বেলা ১-৩০ মিনিটের সময় একজন, জওয়ানকে সঙ্গে নিয়ে একজন বি.এস.এফ অফিসার সাইকেলে চড়ে সামদোবাটি গ্রামে আসেন। তাঁরা অচিনুদ্দিন মন্ডল নামে এক গ্রামবাসী ও অপর এক ব্যক্তিকে একটি পুকুরে ৯(নয়) টি মোষকে স্নান করাতে দেখেন। খবর পাওয়া গেছে যে ঐ বি.এস.এফ-এর লোকেরা ঐ স্থানেই অভিযোগ করেন যে অচিনুদ্দিন ঐ গবাদি পশুগুলি সীমান্ত পার করে বাংলাদেশে চোরাচালানের জন্য জড়ো করেছে। সম্ভবত অচিনুদ্দিন এই অভিযোগের প্রতিবাদ জানায় এবং বলে যে সে ঐ মোষগুলি কিছুদিন আগে বালুরঘাটের এক নীলামে কিনেছিল। কথা কাটাকাটি হয়েছিল বলে জানা গেছে। দেখা যাচ্ছে যে এই ঘটনার একটু পরই ঐ বি.এস.এফ জওয়ান তার রাইফেল থেকে এক রাউন্ড গুলি ছুঁড়ে অচিনুদ্দিনকে ঐ স্থানেই হত্যা করে।

এই ঘটনাটি তপন থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসারকে জানানো হলে তিনি পুলিশ বাহিনী সমেত ঘটানাটির তদন্ত করার জন্য দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন। কামদোবাটি গ্রামে পৌছে তাঁরা এক বি.এস.এফ অফিসার ও এক জওয়ানকে প্রচুর ক্ষতচিহ্নসহ মৃত অবস্থায় গ্রাম থেকে পাঁচশো গজ দূরে এক মাঠে পড়ে থাকতে দেখেন। নিকটেই একটি বুলেট বিদ্ধ অচিনুদ্দিনের মৃতদেহটিও পড়ে থাকতে দেখা যায়।

প্রাথমিক তদন্তে জানা যায়, মোষগুলি যে চোরাচালানের জন্য সংগৃহীত হয়নি, বি.এস.এফের লোকদের এই অভিযোগ খন্ডন করার জন্য অচিনুদ্দিন কোনো কাগজপত্র দেখাতে পারে নি। অচিনুদ্দিনকে বি.এস.এফ জওয়ান গুলি করে মারার পর সম্ভবত কামদোবাটি ও তৎসংলগ্ন গ্রামের বহু সংখ্যক অধিবাসী অচিনুদ্দিনের পিতার নেতৃত্বে জড়ো হয় এবং তারা দুজন বি.এস.এফ জওয়ানকে পিটিয়ে মেরে ফেলে। ঐ গ্রামে পুলিশ পিকেট মোতায়েন করা হয়েছে। এই মামলায় অভিযুক্ত সব ব্যক্তিই এখন ফেরার। তপন থানায় এতৎ সংক্রান্ত একটি কেস ও পাল্টা কেস শুরু করা হয়েছে। এ যাবৎ কাউকে গ্রেপ্তার করা হয়নি। এই ঘটনাগুলির অনুসন্ধান কার্য এগিয়ে চলছে।

২। উত্তর দিনাজপুর জেলার ইসলামপুর থানার অধীন পাঁচি গ্রামের ঘটনা ঃ

এই ঘটনার ক্ষেত্রে বিস্তারিত অনুসন্ধানের কাজ চালানো হচ্ছে। প্রাথমিক রিপোর্ট—গুলির থেকে যে তথ্যগুলির ইঙ্গিত মিলেছে তা নিচে দেওয়া হল ঃ

বি.এস.এফ-এর ৩৬নং ব্যাটালিয়ন কোম্পানির মূল সদর কেন্দ্র হল ইসলামপুর। ঐ ৩৬নং ব্যাটালিয়নের ৪(চার) জন বি.এস.এফ জওয়ান ১৯৯৬ সালের ১লা জুন রাতে ভারত-বাংলাদেশ সীমান্তের কাছে গোপন প্রহরায় কর্ত্তব্যরত ছিলেন। খবর পাওয়া গেছে যে রাত ১১টার সময় তারা ১৩ থেকে ১৪ জন চোরাচালানির একটি দলকে দেখতে পান। ঐ দলটি ভারতের দিক থেকে বাংলাদেশের সীমান্তের দিকে অগ্রসর হচ্ছিল। ওদের মাথায় ছিল বোঝা আর সঙ্গে বাই-সাইকেল। এই দলটিকে যখন থামতে বলা হয়েছিল তখন তারা বি.এস.এফ -এর দলটিকে ধারালো কাটবার অস্ত্রশস্ত্র দিয়ে আক্রমণ করে বলে জানা গেছে। মনে হয় আত্মরক্ষাতেই ওদের মধ্যে একজন কনস্টেবল গুলি চালিয়েছিল। এর পরে চোরাচালানিদের সবাই সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে পালিয়ে যায়। প্রায় ১২৫ কেজির মত ওজন ৫টি চিনির বস্তা এবং ভারতে প্রস্তুত দুটি হিরো ব্র্যান্ড বাই-সাইকেল তারা পিছনে ফেলে রেখে যায়।

পরের দিন সকালে অর্থাৎ ১৯৯৬ সালের ২রা জুন পাঁচি গ্রামের পঞ্চায়েতের একজন সদস্য এসে বি.এস.এফ-এর স্থানীয় বিওপি কে খবর দেয় যে ইসলামপুর থানার অন্তর্গত পাঁচি গ্রামের জনৈক আব্দুর রহমানের মৃতদেহ আন্তর্জাতিক সীমান্ত থেকে প্রায় দুশো গজ দুরে বাংলাদেশের এলাকার মধ্যে পড়ে থাকতে দেখা গেছে। তার দেহে গুলির আঘাত ছিল। স্থানীয় বি.এস.এফ ও বি ডি আর -এর মধ্যে একটি ফ্ল্যাগ মিটিং অনুষ্ঠিত হওয়ার পরই আব্দুর রহমানের মৃতদেহটি বি.এস.এফ-এর নিকট অর্পণ করা হয়।

ইসলামপুর থানায় এ বিষয়ে নির্দিষ্ট একটি কেস শুরু করা হয়েছে। ঘটনাটির ক্ষেত্রে অনুসন্ধানের কাজ এগিয়ে চলেছে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of the Transport Department will make a statement on the subject of reported capsize of a trawler in the river Hooghly near Budge Budge on 16.6.1996.

(Attention called by Shri Tapan Hore, Shri Probhanjan Mondal, Shri Saugata Ray and Shri Abdul Mannan on the 17th June, 1996)

(Noise and interruptions)

**Shri Suhhas Chakraborti :**

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice tabled by Sarbashree Tapan Hore, Prabhanjan Mandal, Saugata Roy and Abdul Mannan, regarding the accident involving a fishing trawler, near Budge Budge on the 16th June, 1996.

According to information available, the fishing trawler, M.V.Gouranga Mahaprabhu, belonging to one Balai Das Balaram of Kotal Ghat, P.S. Uluberia, Dist. Howrah, and others set out from Seeshberia Dak Bungalow Ghat under Uluberia P.S. in Howrah at about 13.00 hours with about 60 persons on board. Most of the persons on board were friends and acquaintances of Balai Das. The trawler was bound for Kalibari Ghat, Budge Budge, under South Port Police Station for customary worship before the trawler's sea voyage.

On arrival at Kalibari Ghat, the occupants visited the temple and left for the return journey at about 15.15 hours. According to eye witnesses, the trawler took a very Sharip left turn while approaching the main river without reducing speed. This caused the traweler to list to one side, resulting in the passengers being thrust to that side of the trawler. This caused further listing and very soon the trawler was listed fully to one side. Many of the passengers jumped out and tried to swim ashore. A tug belonging to the Vivadha Shipping Company, which was anchored nearby, immediately moved towards the trawler and was able to rescue about 20 persons. The listed trawler continued to drift Southward with the tide. The tug went alongside the trawler upto Bauria where the trawler ran aground. The Serang, Anil Das, was among those who abandoned the trawler and swan ashore.

Information of the accident reached Budge Budge Out Post under South Port Police Station and the Uluberia and Bauria Police Stations of Howrah district, soon after the accident. Rescue operations were mounted. Three launches and five divers were depolyed by the State machinery on June 16, 1996. Tweleve divers, five launches and two tugs along with a launch of the CPT were deployed on June 17, 1996. Twelve divers, including four with diving equipment and a crane-fitted vessel of CPT, in addition to the vessels deployed on June 17, 1996, were used for rescue work on June 18, 1996. On 19 the June, 1996 and 20th June, 1996, all the vessels used on 18th June,'96 were deployed along with M.V. Saptagram of CIMTC. 5 divers from Ocean divers with equipment together with 12 diversused earlier,/were used for search operation on 19th & 20th June, 1996.

M.V.Gaouranga Mahaprabhu was pulled out by the crane-fitted vessel of CPT & tugged by M.V. Saptagram on 20.6.96. 5 bodies were recovered from the trawler. In all 21 dead bodies have been recovered, of whom 8 are male and 13 are female. 2 female bodies have remained unidentified at Calcutta Police Morgue. Post-mortem examination has been arranged for the dead. According to information obtained through

local enquiry, another 4 persons are still missing. Most of the missing persons belong to Seeshberia and Baikunthapur of Howrah district.

I visited the site together with the local M.P. and MLA on 16.6.96 and supervised rescue operations. From the administrative side, the rescue operations were continuously supervised by Joint C.P (Traffic), D.C. First Battalion, D.M. in-charge, Howrah, D.M.In-charge, South 24-Parganas, S.D.O. Uluberia, S.D.P.O. Uluberia and other State officials belonging to the Police and District Administration.

Preliminary enquiry indicates that the accident was due to rash driving by the Serang. Witnesses have mentioned that the Serang was driving in an intoxicated condition. A specifie case has been started and Anil Das has been arrested. The Trawler is the property of Khudiram Samudrik Matsyajibi Samity, a Fishermen's Co-operative. Balai Das of Baikunthapur heads the Co-operative of 15 member. Raids have been held for the arrest of Balai Das, but he is absconding. The criminal liability of the remaining members is being examined and further action with be taken accordingly.

It has been ascertained from Mercantile Marine Deptt. that no Registration Certificate has been issued by them in respect of any fishing trawler by the name of 'Gouranga Mahaprabhu'. Search operations have been called off after 20th June, 1996.

It has been decided to sanction an ex-gratia grant of Rs.20,000/- to the nearest Kin of each of the victims. Those who substained injuries in the accident were treated at Govt. cost.

(Noise & Interruptions)

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : Now, the Minister-in-charge of Agriculture Department will make a statement on the subject of Rotting of Potatoes in Hooghly district.

(Attention called by Shri Tapan Hore, and Shri Robin Mukherjee on the 18th June, 1996)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** হুগলি জেলার পোলবা-দাদপুর হিমঘর একটি সমবায় হিমঘর। উক্ত সমবায় হিমঘরটি বৈধ লাইসেন্স ছাড়াই ১৯৯৬ সালে আলু সংরক্ষণ করে। উক্ত সংরক্ষণ শুরু হয় ১১.৩.৯৬ তারিখে এবং তা সমাপ্ত হয় ২৮.৩.৯৬ তারিখে। দুইটি কক্ষ বিশিষ্ট হিমঘরটির ধারণ ক্ষমতা সর্বমোট ৪২,৯০০ কুইন্ট্যাল।

আলু পচন শুরু হওয়ার খবর পাওয়ার সাথে সাথে নির্বাহী বাস্তুকার, উপ-কৃষি অধিকর্ত্র (বিপণন), কৃষিজ বিপণন অধীক্ষককে হুগলি হিমঘরটি পরিদর্শন করার জন্য নির্দেশ দেওয়া

হয়। তাঁরা পরিদর্শনের পর ক্ষতির সম্ভাব্য কারণ সম্বন্ধে একটি প্রতিবেদন পেশ করেন। প্রতিবেদনটি থেকে জানা যায় যে—(১) বিদ্যুৎ সরবরাহের অপ্রতুলতা, (২) বিকল স্ট্যান্ড বাই জেনারেটরগুলি সারাবার ব্যবস্থা না নেওয়ার ফলে হিমঘর কর্তৃপক্ষ প্রয়োজনীয় তাপমাণ বজায় রাখতে সক্ষম হয়নি, (৩) এ সব সত্ত্বেও ক্রমান্বয়ে আলু হিমঘরে ঢোকানো হয় এবং তাপমাত্রা ক্রমাগত বাড়তে থাকে এবং দ্রুত আলুর পচন শুরু হয়।

কৃষিজ বিপণন অধীক্ষক, হুগলি ৩০.৪.৯৬ তারিখে উক্ত হিমঘর কর্তৃপক্ষকে হিমঘর নিয়ন্ত্রণ আইনের ১২(১) ধারা অনুসারে সংরক্ষিত আলু সংশ্লিষ্ট সংরক্ষণকারীদের ফেরৎ দেওয়ার নির্দেশ দেন। ঐ সময়ে যথোপোযুক্ত ব্যবস্থা নিলে বর্তমান পরিস্থিতির উদ্ভব হত না। (৪) পরিদর্শণকালে এও দেখা যায় যে হিমঘরটি পরিচালনা করার জন্য সুপারভাইজারি অফিসার অথবা মেকানিক কোনও কার্যকর ভুমিকা নেননি। পরিচালন ব্যবস্থায় হিমঘর কর্তৃপক্ষের চুড়ান্ত গাফিলতি রয়েছে।

ইতিমধ্যে সমবায় কর্তৃপক্ষ তাঁদের সাধারণ সভায় ক্ষতিগ্রস্থ সংরক্ষণকারীদের যথোপোযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। আলুচাষীদের ক্ষতিপুরণ দেওয়ার দায়িত্ব হিমঘর কর্তৃপক্ষের। হিমঘরটি সাফ হয়ে গেলে ক্ষতিপূরণ হিসাব নিকাশের কাজ আইনানুগ দ্রুত শুরু করা হবে।

ইতিমধ্যে বৈধ লাইসেন্স ছাড়া হিমঘরটি চালানোর জন্য, চিফ একজিকিউটিভ অফিসার এবং বোর্ড অফ ডাইরেক্টরসকে শোকজ করা হয়েছে। এরপরে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

আমার দপ্তরে এ পর্যন্ত যে তথ্য পাওয়া গেছে তাতে দেখা যাচ্ছে হুগলি জেলার কয়েকটি হিমঘরে আলু কমবেশি ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতির পরিমাণ, কারণ ইত্যাদি খতিয়ে দেখার জন্য বিভাগীয় আধিকারিকরা ইতিমধ্যে জেলায় হিমঘরগুলি পরিদর্শন শুরু করেছেন। হুগলি জেলার দুটি হিমঘরে ক্ষতির পরিমাণ সর্বাধিক। আইনানুসারে ক্ষতিপূরণ দেওয়ার দায়িত্ব হিমঘর মালিক তথা পরিচালন কর্তৃপক্ষের। হুগলি জেলার পুরশুড়ায় অবস্থিত হরপার্বতী হিমঘরে নষ্ট হওয়া আলুর ক্ষতিপূরণ দেওয়ার জন্য কৃষিজ বিপণন অধীক্ষক, হুগলি, এনকোয়ারীং অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে এবং তিনি ক্ষতি এবং দেয় ক্ষতিপূরণের পরিমাণ নির্দ্ধারণের কাজ শুরু করেছেন।

অন্যান্য হিমঘরগুলি সম্বন্ধে পূর্ণ প্রতিবেদন পাওয়া মাত্রই ক্ষতিপূরণ সম্পর্কে আইনানুগ যথাবিহিত ব্যবস্থা নেওয়া হবে।

ক্ষতিপুরণের বিষয়টি আলুচাষের স্বার্থে অত্যন্ত গুরুত্বপুর্ণ—এ সম্পর্কে আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত, এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।

(গোলমাল)

(মাননীয় কংগ্রেস সদস্যগণ সমস্বরে চিৎকার করতে থাকেন—অলি গলি মে শোর হ্যায়-বামফ্রন্ট চোর হ্যায়)

(মাননীয় কংগ্রেস সদস্যগণ এর মধ্যে কিছু সদস্যগণ তাঁরা বিধানসভার প্রতিবেদকদের টেবিল থেকে মাইকের বক্সগুলি নামিয়ে দেন এবং সমস্বরে চিৎকার করতে থাকেন পি.কে.সেনগুপ্তর পূর্ণাঙ্গ রিপোর্ট হাউসে প্লেস করতে হবে, করতে হবে, করতে হবে)

(মাননীয় কংগ্রেস সদস্যগণ স্লোগান দিতে দিতে ওয়েলের মধ্যে ঘুরতে থাকেন)

## MENTION CASES

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় পরিবহন মন্ত্রী যে স্টেটমেন্টটি করেছেন, ঐখানে ট্রলার, লঞ্চ এইগুলিকে রেগুলারাইজ করার জন্য একটি কমিটি হয়েছিল, সেই কমিটি কি রেকমেন্ডেশন করেছে সরকারের কাছে এবং সরকার সেই সম্বন্ধে কি ব্যবস্থা নিয়েছে, এটা জানালে উপকৃত হব।

[12-20—12-30 P.M]

(গোলমাল)

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র ভরতপুর হইতে কলকাতা আসবার ট্রেন ছাড়া অন্য কোনও যানবাহনের ব্যবস্থা নেই। সালার স্টেশন থেকে ট্রেনে চড়ে কলকাতা আসতে হয় এবং অধিকাংশ দিনই ট্রেন অবরোধ হয়। ফলে যাত্রী সাধারণকে প্রচন্ড অসুবিধার মধ্যে পড়তে হয়। তাই আমি দীর্ঘদিন ধরে ভরতপুর হইতে দুখানা স্টেট বাস ভরতপুর থেকে কলকাতা, ভায়া-সালার, কাটোয়া, নবদ্বীপ, কৃষ্ণনগর চালু করার দাবি করছি। কিন্তু এখনও পর্যন্ত কোন্য ব্যবস্থা হয়নি। তাই অবিলম্বে দুখানা ষ্টেট বাস চালু করার জন্য আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বোলপুর মহকুমা হাসপাতালে কোনও সার্জেন নেই, কোনও অ্যানাসথেটিক্স নেই। ফলে হাসপাতালে অপারেশনের কাজ বন্ধ হয়ে আছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থমন্ত্রীকে অনুরোধ করছি, হাসপাতালে যাতে রোগীদের অপারেশান হয় তার জন্য ব্যবস্থা করতে অনুরোধ করছি।

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্যগণ প্রতিবেদকদের টেবিল ঘিরে ওয়েলে স্লোগান দিতে থাকেন)

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্য শ্রী মিহির গোস্বামী মেজ তুলে নিয়ে ওয়েলের দিকে এগোতে থাকেন।)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মিঃ স্পিকার স্যার, হাউসের প্রসিডিংস যাতে ঠিক ঠিক মতো চলে এবং যে বিষয় নিয়ে এই হাউসের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে, নানান অভিযোগ দেখা দিয়েছে ওয়াকফের সম্পত্তির বিষয় নিয়ে সেই ব্যাপারে এখানে বক্তব্য রাখা হোক। এই ওয়াকফের প্রশ্নটা অত্যন্ত স্পর্শকাতর বিষয়। এই নিয়ে সারা রাজ্যে নানান প্রশ্ন উঠেছে এবং স্বাভাবিকভাবে এই হাউসের মধ্যেও উদ্বেগ দেখা দিয়েছে। সদস্যদের মধ্যে এই নিয়ে অভিযোগ থাকতে পারে, সে বিরোধী পক্ষই হোক বা সরকারি পক্ষই হোক। এই ওয়াকফের সম্পত্তি

বিষয় নিয়ে একটা পূর্ণাঙ্গ তদন্ত হোক। মন্ত্রী এখানে আংশিকভাবে বিবৃতি দিয়েছেন, এখানে একটা পূর্ণাঙ্গ রিপোর্ট দেওয়া হোক'।

(গোলমাল)

(কিছু কংগ্রেস সদস্যদের স্লোগান চিৎকার টেবিল বাজানো এবং প্রচন্ড গোলমালের মধ্যে বলতে থাকে।)

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। ২৪.৬.৯৬ তারিখে বাগনান ও ঘোড়াঘাটা স্টেশনের মধ্যে ট্রেন ডাকাতি হয়েছ। রেল মুটেরা যারা টি.ইউ.সি.সির ইউনিয়নের অন্তর্ভূক্ত তারা প্যাসেঞ্জারদের সহযোগিতায় মার খেয়েও সাত জন ডাকাতকে ধরে ফেলে। ধরার পর সেইসব ডাকাতদের জি.আর.পিতে নিয়ে যায় এবং আর.পি.এফের হাতে তুলে দেয়। সাত জন ডাকাত তাদের নাম যথাক্রমে, জলো সাউ, রঞ্জিত দাস, প্রদীপ সরকার, নেপাল দেবনাথ, অসীম দে, উত্তম সাহা ও উত্তম সেনগুপ্ত। তাদের হাওড়ায় জি.আর.পি লকআপে নিয়ে যাওয়া হয়েছে। তাদের কাছ থেকে আট হাজার পাঁচশো টাকা উদ্ধার করা হয়েছে। স্যার, মেল এবং এক্সপ্রেস ট্রেনে এই ধরনের ডাকাতি প্রায়ই হচ্ছে। এর সঙ্গে জি.আর.পি এবং আর.পি.এফের একাংশের যোগসাজশ আছে বলে আমার মনে হয়। অতীতে রেল ডাকাত স্বপন মুখার্জি' তাকে তার গ্যাং সহ ধরে উলুবেড়িয়া জি.আর.পির হাতে তুলে দেওয়া হয়েছিল। যাদের টাকা গিয়েছে তাদের নাম জুলমি হোশেন ও প্রবীর ব্যানার্জি। আমার অনুরোধ অবিলম্বে রেল ডাকাতি বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। তা নাহলে যাত্রী সাধারণের সিদ্ধান্ত হল তাঁরা রেল অবরোধ করবেন।

**শ্রী হাবিবুর রহমান ঃ** (উল্লেখ করেন নি)

**শ্রী আবু মোল্লা ঃ** (উল্লেখ করেন নি)

**শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস ঃ** (উল্লেখ করেন নি)

**শ্রী মাণিক উপাধ্যায় ঃ** (উল্লেখ করেন নি)

**শ্রী শ্যামদাস ব্যানার্জি ঃ** (উল্লেখ করেন নি)

**শ্রী তাপস ব্যানার্জ্জি ঃ** (উল্লেখ করেন নি)

(At this stage congress (i) members were shouting in the well of the House)

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** (উল্লেখ করেন নি)

Noise

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** (উল্লেখ করেন নি) --Noise--

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** (উল্লেখ করেন নি)--Noise--

**শ্রী অমর চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় জানাতে চাই। এটা শুনলে বিরোধীরা আবার উত্তেজিত হয়ে পড়বেন। স্যার, আনন্দবাজারে একটি খবর বেরিয়েছে ১৩ই জুন তারিখে। ১৪ বছরের একটি কিশোরী পরিচারিকা ধর্ষিত হয়। সে হাসপাতালে দুদিন অজ্ঞান অবস্থায় ছিল। ধর্ষণকারীর নাম সুজিত গঙ্গোপাধ্যায় দমদম টাউন কংগ্রেসের একজন নেতা। অদ্যাবধী পলাতক। দমদম ক্যান্টনমেন্টের সুভাষনগরের স্থানীয় মানুষেরা প্রচন্ড বিক্ষুদ্ধ। পুলিশ নিষ্ক্রিয় আছে বলে অভিযোগ উঠেছে। অবিলম্বে অপরাধীকে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

(প্রচন্ড গোলমাল)

(At this stage the sound Box was not found on the table)

[12-30—12-40 P.M]

(গোলমাল) (এই সময় কংগ্রেস সদস্যারা তুমুল হট্টগোলের মধ্যে টেবিল চাপড়াতে থাকেন)

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত র‍্যালিস ইন্ডিয়া লিমিটেড কোম্পানি। কোম্পানির মালিক পক্ষ গত ১লা নভেম্বর ১৯৯৫ থেকে একতরফা ভাবে এই কোম্পানিতে সাসপেনশন অফ ওয়ার্ক চালু করেছেন। ফলে কারখানাটি বন্ধ আছে। এর ফলে এই কারখানার শ্রমিকদের দুরবস্থার মধ্যে পড়তে হয়েছে। এই কারখানাটি পুর্ব ভারতের জীবনদায়ী ঔষধ তৈরির অন্যতম কারখানা। এখানে লোমোডেক্স, ডেক্সট্রন প্রভৃতি গুরুত্বপূর্ণ ঔষধ যা ডিফেন্সে লাগে তা এই কারখানায় তৈরি হয়। এই সাসপেনশন অফ ওয়ার্কের ব্যাপারে শ্রম-দপ্তর এবং মুখ্যমন্ত্রীর সচিবালয়ে ত্রিপাক্ষিক বৈঠক হয়। কিন্তু কারখানাটি খোলে নি। এই কারখানাটি খোলার ব্যাপারে মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে ১৮ই জুন ১৯৯৬ মালিক পক্ষকে একটা চিঠি পাঠানো হয়। কিন্তু মালিক পক্ষ একতরফা ভাবে ওই কারখানায় সাসপেনশন অফ ওয়ার্ক বজায় রেখেছেন। এ ব্যাপারে রাজ্য সরকার সহযোগিতার আশ্বাস দিয়েছেন। আমি এই কারখানাটি অবিলম্বে খোলার জন্য শ্রম-দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

(গোলমাল) ( এই সময় কংগ্রেস সদস্যারা তুমুল হট্টগোলের মধ্যে টেবিল চাপড়াতে থাকেন)

**শ্রী শীতলকুমার সর্দার :** উল্লেখ করেন নি।

**শ্রী গুলশন মল্লিক :** উল্লেখ করেন নি।

**শ্রী অসিত মিত্র :** উল্লেখ করেন নি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** উল্লেখ করেন নি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** উল্লেখ করেন নি।

(গোলমাল) ( এই সময় কংগ্রেস সদস্যারা তুমুল হট্টগোলের মধ্যে টেবিল চাপড়াতে থাকেন)

**শ্রী মহম্মদ ইয়াকুব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র দেগঙ্গার অন্তর্গত কদম্বগাছির প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিতে গত ৫ বছর ধরে কোনও রুগী ভর্তি করা হচ্ছে না। কারণ সেখানে কোনও ডায়েট সাপ্লাই করা হয় না গত ৫ বছর ধরে। এর ফলে বিশেষ করে ম্যাটারনিটি কেসগুলোর ভর্তি সম্পূর্ণ বন্ধ আছে। অবিলম্বে এ সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি।

(গোলমাল) ( এই সময় কংগ্রেস সদস্যরা তুমুল হট্টগোলের মধ্যে টেবিল চাপড়াতে থাকেন।)

**শ্রী দেওকিনন্দন পোদ্দার :** নট প্রেজেন্ট।

**শ্রী অশোক দেব :** উল্লেখ করেন নি।

**শ্রী শিবদাস মুখার্জি :** নট প্রেজেন্ট।

(গোলমাল) ( এই সময় কংগ্রেস সদস্যরা তুমুল হট্টগোলের মধ্যে টেবিল চাপড়াতে থাকেন।)

**শ্রী মহম্মদ আনসার উদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি অকর্ষণ করছি। আমাদের জেলার, হাওড়া স্টেট জেনারেল হাসপাতালে এক সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে। এখানে ডাক্তারের সংখ্যা, স্পেশাল ডাক্তার নিয়ে মোট ৫৪ জন। অ্যাম্বুলেন্স ২টি, তার মধ্যে একটি সচল করা হয় না। এখানকার অনেক ডাক্তার তাঁদের নার্সিং হোমে এখানকার অনেক রুগীকে ভর্তি হতে বলেন। সেই সব রোগীদের কোন অপারেশন করার থাকলে সেই অপারেশন ঐসব নার্সিং হোমে করতে বলা হয় এবং এতে প্রায় ৬০-৭০ হাজার টাকার প্রয়োজন হয়। গরিব মানুষের পক্ষে এত টাকা জোগাড় করা মুশকিল। সেজন্য অবিলম্বে আমি ঐ হাসপাতালের ব্যাপারে হস্তক্ষেপের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(গোলমাল) ( এই সময় কংগ্রেস সদস্যরা তুমুল হট্টগোলের মধ্যে টেবিল চাপড়াতে থাকেন।)

(গোলমাল)

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে আমাদের রাজ্যের সাংসদরা ডেপুটেশনে যাচ্ছেন। মেট্রো রেল গড়িয়া পর্যন্ত সম্প্রসারণ করতে হবে, এই দাবি দীর্ঘদিন করা হচ্ছে। তার সাথে মেট্রো রেল—গিরিশ পার্ক স্টেশনকে রবীন্দ্রনাথের জোঁড়াসাঁকো ঠাকুরবাড়ির সাথে সাবওয়ের দ্বারা সংযুক্ত করার দাবিও কলকাতা মহানগরী ইতিমধ্যে জানিয়েছে। এরা এখানে হল্লাবাজি করছে, কিন্তু তাদেরই সভাপতি মেট্রোরেলের কর্মচারিদের কথা বলেছেন। আমরাও বলেছি মেট্রো রেলের কর্মচারিদের চাকরির নিরাপত্তা সুনিশ্চত করতে হবে এবং এর পরিচালনার দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই গ্রহণ করতে হবে। আজকে

পরিবহন মন্ত্রী এই কথা কেন্দ্রীয় মন্ত্রীর কাছে ফ্যাক্স করে পাঠান।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** (উল্লেখ করেননি)

**শ্রী মুরসালীন মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহেশতলা পৌর এলাকার জনসংখ্যা ২লক্ষ ২৫হাজার, কলকাতা কর্পোরেশনের দক্ষিণের পায়ের তলায় থাকছে। গার্ডেনরীচ এলাকায় দুটি-সন্তোষপুর নিকাশি এবং মুদিয়ালী ময়লা জল ২/৩ অংশ ডুবিয়ে দিচ্ছে। ড্রেন কাঁচা থাকায় বড়জলা, গুলজারীবাগ, মাকালহাটী,সন্তোষপুর, এসব এলাকায় আন্ত্রিক, আমাশা ছড়িয়ে পড়ছে। অন্যদিকে গার্ডেনরীচের ওয়াটার ওয়ার্কেস-এর জল মহেশতলার উপর দিয়ে যাচ্ছে—কিন্তু পানীয় জল পাচ্ছে না। সি.এম.ডি.এ থেকে মহেশতলা-বজবজ রোডের পাশে নয়নজুলি প্রকল্প করা হচ্ছে না । ময়লা জল মহেশতলাকে বিষাক্ত করছে, আর তারই নভিমুল থেকে উঠে পরিশ্রুত জল ছড়িয়ে যাচ্ছে অন্য জায়গায়। এই কনট্রাস্টপোয়েটিক কনট্রাস্টের অবসান চাইছি।

[12-40—12-50 P.M]

(এই সময় কংগ্রেস সদস্যরা ওয়েলে নেমে প্রচন্ড গোলমাল করতে থাকেন। কোন কোন সদস্যকে দেখা যায় বিধানসভার প্রতিবেদকদের লেখার টেবিলে পেপার-ওয়েট দিয়ে প্রচন্ড জোরে জোরে শব্দ করতে এবং তাঁদের ব্যবহৃত সাউন্ড বক্স নিচে নামিয়ে রাখতে। কোন কোন কংগ্রেস সদস্যকে ওয়েলের কার্পেটে শুয়ে এবং বসে পড়তেও দেখা যায়।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ সকাল আটটার সময় বহরমপুর থানার তারাকপুর গ্রামের আব্দুল হামিদ মধুপুর মোড়ে খুন হয়েছে। সে বাজার করতে যাচ্ছিল তখন কংগ্রেসি ঘাতক বাহিনী তাকে নৃশংস ভাবে খুন করে। স্যার, আমি আপনার মাধ্যমে ঐ খুনিদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি করছি। দোষীদের যাতে দৃষ্টান্তমূলক সাজা দেওয়া হয় আমি তার দাবিও করছি।

(গোলমাল)

**Dr. Ramchandra Mandal :** Mr. Speaker, Sir, I would like to bring the kind attention on the Hon'ble PHE Minister about the drinking water supply through pipes at Khajuri, Dist. Midnapore. Infrastructure has already been made for drinking water supply through PHE pipelines at five different places under Khejuri P.S. e.i., Khejuri, Shillberia, Janka, Baratola and Tikashi. The pipe line which was laid about three years back which has been damaged at different places. I would request for repairing of pipes immediately and suggest to arrange Solar Energy Source to uplift the under ground water, since there is no electricity for around twenty years. So, I would like to bring the kind attention of the PHE Minister through you in this respect.

(হৈচৈ, এই সময় মাননীয় কংগ্রেস সদস্যগণ চিৎকার করতে থাকেন।)

**শ্রী মন্মথ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বনগাঁ মহকুমা এবং তার সংলগ্ন এলাকার মধ্য দিয়ে ইছামতী, যমুনা, কোদলা প্রভৃতি নদী প্রবাহিত। এর সঙ্গে এলাকার বহু বিল বাওড় যুক্ত, এর জলে মাছ চাষ এবং ফসল ফলানো হয়ে থাকে। এসব নদী সাগর থেকে শতাধিক মাইল দুরত্বে অবস্থিত। তবুও সম্প্রতি এসব নদীর জল ভয়ানকভাবে লবনাক্ত হয়ে পড়েছে। বিশেষ করে গ্রীষ্মের সময়ে। মাটি ক্রমেই নোনা ধরে যাচ্ছে, এর ফলে মাছ ও ফসল চাষের মারাত্মক ক্ষতি হয়ে যাচ্ছে। এমন কি জল তোলার মেশিনও খারাপ হয়ে যাচ্ছে। বিষয়টি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আবেদন করছি।

(এই সময় মাননীয় কংগ্রেস সদস্যগণ প্রচন্ড জোরে টেবিল বাজাতে থাকেন।) (হইচই)

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বালি থানার গ্রামাঞ্চলের চারিদিকে রেল লাইন দিয়ে ঘেরা। এর মধ্যে বর্তমানে ন্যাশনাল হাইওয়ে—২ এবং ন্যাশনাল হাইওয়ে—৬ প্রবাহিত। এখানে যদি কোনও ঘটনা ঘটে তাহলে বালি থানা থেকে পুলিশ যাওয়া অত্যন্ত দুঃসাধ্য এবং পুলিশি হস্তক্ষেপের আগেই অঘটন ঘটে যায়। তাই বালি থানায় নিশ্চিন্দা, সাপুইপাড়া, দুর্গাপুর অভিয়নগর ১ এবং ২, এবং লিলুয়া থানার উত্তর, মধ্য এবং দক্ষিণ জয়পুর নিয়ে একটা নতুন থানা গঠন করার দাবি করছি। পূর্ণাঙ্গ থানা না হয় একটা পুলিশ আউট পোস্ট স্থাপন করার জন্য দাবি জানাচ্ছি।

(হইচই চলতে থাকে এবং মাননীয় কংগ্রেস সদস্যগণ টেবিল বাজাতে থাকেন)

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে শস্যবিমা প্রকল্প যে নিয়মে চালু আছে তাতে দেখা যায় যে একটি ব্লকের অত্যন্ত ৫০ পারসেন্টের বেশি ক্ষতি হয়, তাহলে বিমাকারী কৃষকরা শস্যবিমার মাধ্যমে ক্ষতিপূরণ পেতে পারে। কিন্তু পশ্চিমবঙ্গের ভূপ্রকৃতি অনুযায়ী দেখা যায় যে রাজ্যের কিছু এলাকা আছে যেগুলি প্রতি বছর অতিবর্ষণে বা বন্যায় প্লাবিত হয় এবং কৃষকরা ক্ষতিগ্রস্ত হন। অথচ এই সব গ্রামের সংখ্যা এমন যা ব্লকের মোট গ্রামের সংখার ৫০ পারসেন্টের অনেক কম। ফলে এই সব গ্রামের কৃষকগণ শস্যবিমার সুযোগ থেকে বঞ্চিত হন, ফলে এদের আর্থিক দুরবস্থা চরম পর্যায়ে উপনীত হয়, এ অবস্থায় শস্যবিমা প্রকল্পের সংশোধন হওয়া দরকার। তাই আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ জানাই শস্যবিমা প্রকল্পকে ব্লক ভিত্তিক না করে গ্রামভিত্তিক যাতে করা যায়, গ্রামের গরিব কৃষকদের স্বার্থে অবিলম্বে যেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

(এই সময় হইচই হতে থাকে, টেবিল বাজানো হতে থাকে)

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পোলবা থানার রাজহাট এবং সুগন্ধা গ্রাম পঞ্চয়েতে বেশ কয়েক কিঃমিঃ পাকা সড়ক আছে, যা সি.এম.ডি.এ. ২০/২৫ বছর আগে নির্মাণ করেছিল। কিন্তু অদ্যাবধি রাস্তাগুলি সংস্কার না হওয়ার ফলে রাস্তাটি খানা, খন্দ, গর্তে ভর্তি হয়ে গেছে, পিচ-খোয়া উঠে গিয়ে রাস্তার মাটি বের হয়ে পড়েছে অনেক দিন আগেই। ফলতঃ সকল প্রকার যান চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। রাস্তাগুলির মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ রাস্তা হচ্ছে দিল্লি রোড হইতে খালিকানী ভায়া এরেঙ্গা-জারুড়া রাস্তা এবং

দিল্লি রোড হইতে হুগলি স্টেশন ভায়া পাঁচরাণী রাস্তাটি। এলাকার জনগণের স্বার্থে রাস্তাগুলির আশু সংস্কারের আবেদন রাখছি বিভাগীয় মন্ত্রীর নিকট।

(এই সময় প্রচন্ড চিৎকার হতে থাকে)

[12-50—1-00 P.M]

(প্রচন্ড গোলমাল)

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নেতাজীর একান্ত বন্ধু বিখ্যাত সংগীত সাধক প্রয়াত দিলীপকুমার রায়ের জন্ম শতবার্ষিকী শুরু হয়েছে। সংগীত জগতে তাঁর অবদানের কথা সর্বজনবিদিত। তথ্য সংস্কৃতি দপ্তর অবনিনন্দ, আলাউদ্দিন, লালন, উদয়শঙ্কর-পুরসংস্কারের সঙ্গে যাতে দিলীপকুমারের নামও যুক্ত করে দেশের কৃতি সংগীত শিল্পীদের সম্মানিত করেন এবং পশ্চিমবঙ্গ পত্রিকার একটা সংখ্যা যাতে দিলীপকুমার শত-বার্ষিকী সংখ্যা হিসাবে প্রকাশ করেন তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। স্যার, সংস্কৃতির বিভিন্ন ধারায় বিশেষ অবদানের স্বীকৃতি হিসাবে চারুকলা শিল্পীদের, সংগীত শিল্পীদের, বাউলদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সম্মানিত করা হয়। অতএব আমি সংগীতের প্রবাদ পুরুষ দিলীপকুমার রায়ের নামে যাতে একটা পুরস্কার এবং পশ্চিমবঙ্গ পত্রিকার একটা সংখ্যা প্রকাশিত হয় তার জন্য বিশেষ অনুরোধ জানাচ্ছি।

(প্রচন্ড গোলমাল)

**শ্রী অশোক গিরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাকদ্বীপ বিধানসভা এলাকার মধ্যে ৫ নং হাটে এফ.সি.আই.-এর একটি গোডাউন আছে। এই গোডাউন সাড়ে চার বছর বন্ধ। সম্প্রতি এটাকে গুটিয়ে ফেলার চেষ্টা হচ্ছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। কাকদ্বীপ, নামখানা, সাগর, কুলপী ও পাথরপ্রতিমা এলাকায় অবস্থিত হোলসেলারগণ রেশনে বিলি করার জন্য চাল, গম, এখান থেকে পেত। এটা গুটিয়ে ফেলা হলে সুষ্ঠু গণ-বন্টন ব্যবস্থা ব্যহত হবে এবং শ্রমিকরা ছাঁটাই হয়ে যাবেন।

(প্রচন্ড গোলমাল)

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা রাজ্যে কংগ্রেস(ই) আইন শৃঙ্খলার অবনতি ঘটানোর অপ-প্রয়াস চালাচ্ছে। আমি এবিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি-কঠোরভাবে এই প্রয়াস দমন করা হোক। আজ সকাল ৮-টায় আমার কেন্দ্রের সংলগ্ন এলাকায় তারকপুরের আব্দুল হামিদকে কংগ্রেসিরা খুন করেছে। এবিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

(প্রচন্ড গন্ডগোল এবং বাধাদানের মধ্যে)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট (পি.ভি.আর) অনেক ক্ষেত্রে বিলম্বিত হচ্ছে এবং দুর্নীতিও হচ্ছে। সেইজন্য আমার আবেদন, পি.ভি.আর

বাতিল করা হোক। নতুবা পরিবর্তে বি.ডি.ও প্রিন্সিপ্যাল বা প্রধান শিক্ষকের উপর পি.ভি.আরের দায়িত্ব দেওয়া হোক। এই হচ্ছে আমার আবেদন।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইতিপুর্বে এই পবিত্র বিধানসভাতে পশ্চিমবঙ্গ সহ আমার বিধানসভা এলাকার নদীয়া জেলার চাপড়া ও কৃষ্ণগঞ্জথানা এলাকার সীমান্ত সমস্যা নিয়ে বারবার বলেছি। উক্ত এলাকার হাটখোলা, মহোখোলা, রঙ্গিয়ারপোতা, মলুয়াপাড়া, বিজয়পুর, বানপুর সহ বিভিন্ন জায়গায় ২টি জুনিয়ার হাইস্কুল ও ৪টি প্রাথমিক বিদ্যালয় কাঁটাতারের ওদিকে পড়ে গেছে। এরফলে ছেলে-মেয়েরা স্কুলে যেতে পারছে না। তাই আমি আপনার মাধ্যমে এই বিধানসভা এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী মৃনালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, রামনগরের হামির প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্থায়ী ডাক্তার, শ্রী তরুন ব্যানার্জিকে সরিয়ে দিয়ে চুক্তির ভিত্তিতে অন্য ডাক্তারকে নিয়োগের ব্যবস্থা হচ্ছে। এরফলে ঐ এলাকায় ভীষণ উত্তেজনা, অবস্থান ইত্যাদি হচ্ছে। তাই আমার আবেদন, ডাঃ তরুন ব্যানার্জিকে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা এখনই গ্রহণ করা হোক। তা নাহলে সেখানে আরও অপ্রীতিকর কান্ড ঘটবে।

**শ্রী বুদ্ধদেব ভক্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, বেলপাহাড়ী ব্লকের, বাঁশপাহাড়ী, ভুলোভেদা, সদাপাড়া, ভেলাইডিহা, এড়গোদা প্রভৃতি অঞ্চলে বিদ্যুতায়ন হয়নি। ঐসব অঞ্চলে যাতে অবিলম্বে বিদ্যুতায়ন হয় তারজন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ জানাচ্ছি।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বিষয়টি হচ্ছে, ছোট ছোট মহকুমায় ২৫০ শয্যা পর্যন্ত হাসপাতাল আছে। অথচ মেদিনীপুর জেলা ভারতের মধ্যে বড় জেলা এবং কাঁথি মহকুমা হাসপাতার জেলার মধ্যে আয়তনের দিক দিয়ে বড় হওয়া সত্ত্বেও সেখানে মাত্র ১১০টি শয্যা আছে। সেইজন্য আমি ঐ হাসপাতালে ২৫০ শয্যা করার দাবি জানাচ্ছি। এ ছাড়া ঐ হাসপাতালে ভিজিটিং কমিটির মিটিং বছরে একবারও ডাকা হয় না। একবেলা রান্না রোগীদের দুইবেলা খাওয়ানো হয় যেটা সম্পুর্ণ অন্যায়। আমি এই অন্যায় ব্যবস্থার প্রতিকারের আবেদন জানাচ্ছি।

[1-00—1-10 P.M]

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের পর নদীয়া জেলার বিভিন্ন স্থানে কংগ্রেস আই সমাজ বিরোধীরা খুন, সন্ত্রাস, ও লুঠ চালিয়ে যাচ্ছে। আমার করিমপুর থানাও ব্যতিক্রম যাচ্ছে না। পাতিডাঙা এলাকার ঘটনা সবচেয়ে উদ্বেগজনক। পরপর কংগ্রেস আই গোষ্ঠীর বিভিন্ন সমাজ বিরোধী এই সব কান্ড ঘটাচ্ছে। দিনের বেলায় লুঠ করছে এবং এমনকি নিজেদের মধ্যে খুন সন্ত্রাস চালিয়ে জনসাধারণকে আতঙ্কিত করছে এবং সমাজ

বিরোধীদের দাপট ও সন্ত্রাস, লুঠ, মানুষকে আইন শৃঙ্খলা সম্পর্কে ভাবিয়ে তুলেছে। অবিলম্বে বেআইনি অস্ত্র উদ্ধার ও সমাজ বিরোধীদের গ্রেপ্তার করার অনুরোধ জানাচ্ছি।

(গোলমাল)

(দু'জন মাননীয় বিরোধী দলের সদস্য কনস্ট্যানটলি রিপোর্টস্ টেবিলে পেপার ওয়েট ঠুকতে থাকেন। এবং অনেক বিরোধী দলের সদস্য স্লোগান দিতে থাকেন।)

(গোলমাল)

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অমার নির্বাচনী কেন্দ্র গোঘাট থানার রাস্তাগুলির অবস্থা শোচনীয় হয়ে পড়েছে। বিশেষ করে, আরামবাগ—কোতলপুর, আরামবাগ-কামারপুকুর-বদনগঞ্জ, রাস্তাটি অত্যন্ত খারাপ। রাস্তার ফাঁকে ফাঁকে গর্ত। যানবাহন চলাচলে বিঘ্ন ঘটছে। এছাড়া আরামবাগ-বর্ধমান, আরামবাগ-কলকাতা যাওয়ার রাস্তাটির অবস্থাও শোচনীয় হয়ে পড়েছে। রাস্তার ফাঁকে ফাঁকে থাকায় একদিকে যানবাহন চলাচলে বিঘ্ন ঘটছে এবং অপরদিকে নিত্য দুর্ঘটনা ঘটছে। অবিলম্বে রাস্তাগুলির মেরামতের জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(গোলমাল, স্লোগান এবং টেবিল ঠোকা চলতে থাকে)

**শ্রী মহঃ মহাবুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরত্বপুর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুর জেলার চোপড়া নির্বাচনী কেন্দ্র সেখানে কংগ্রেস(আই) এর আশ্রয়পুষ্ট সমাজবিরোধী দ্বারা ব্যাপক সন্ত্রাস, লুঠতরাজ এবং হুমকি দেওয়া হচ্ছে। গত লোকসভা, বিধানসভা নির্বাচনের পর ২০/২১জুন তারিখে কালিকাপুর, পাইকাল, শিতলাপুর এবং কদমগাছি গ্রামে ব্যাপক হারে কংগ্রেস আশ্রিত সমাজ বিরোধীরা লুঠ মার, জখম করেছে। থানায় এফ.আই.আর. করতে গেলে পুলিশের এক অংশ ডায়রি নিতে অস্বীকার করছে। মানুষ ভয়ানক সন্ত্রাসের মধ্যে বসবাস করছে। এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(গোলমাল)

(....প্রচন্ড গন্ডগোল এবং মাননীয় কংগ্রেস সদস্যগণের পক্ষ থেকে সদস্যদের বক্তব্য রাখতে বাধা দান। ......এবং মাননীয় কংগ্রেস সদস্যগণের 'চোর মন্ত্রী কোথায় গেল? পালিয়ে গেল, ইত্যাদি স্লোগান সহ কক্ষের ওয়েলে প্রতিবেদকদের টেবিলের চারিদিকে ক্রমাগতভাবে পরিক্রমণ এবং টেবিলে নানা বস্তু দিয়ে শব্দ করে বাধা দান)

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কতগুলো অব্যবস্থার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি অনুরোধ রাখছি।...(প্রচন্ড হট্টগোল ও বাধাদান)... ঐ স্বাস্থ্যকেন্দ্রে ৩-৪ জন ডাক্তার থাকলেও তারা হসপিটাল কোয়ার্টারে না থেকে নিজেদের বাড়ি থেকে যাতায়াত করেন। উক্ত স্বাস্থ্যকেন্দ্রে রোগীরা প্রয়োজনীয় ঔষধপত্র নিয়মিত ও সময়মতো পান না। স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের পূর্বে খাদ্য দেবার যে ব্যবস্থা চালু ছিল সেটা ৭-৮ বছর বন্ধ আছে। স্বাস্থ্যকেন্দ্রটিতে কোনও

অ্যাম্বুলেন্স নেই, বিদ্যুত সংযোগও নেই এবং এক্সরে মেশিন ৭-৮ বছর সেখানে পাঠানো হলেও সেটি চালু হয়নি। রোগীদের স্বার্থে অবিলম্বে বিষয়গুলির দিকে নজর দেবার জন্য অনুরোধ রাখছি।

(কংগ্রেস পক্ষ থেকে প্রচন্ড গোলমাল এবং বক্তব্য রাখতে বাধা দান)

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, আমার বিধানসভা কেন্দ্র মেমারীর বোহার গ্রামে আই.পি.পি.-৪প্রকল্পে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় একটি নতুন প্রাইমারি হেলথ সেন্টার তৈরি হয়েছে, কিন্তু এখনও চালু হয়নি। যাতে হেলথ সেন্টারটি অবিলম্বে চালু হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

(প্রচন্ড হট্টগোল এবং কংগ্রেস পক্ষ থেকে বক্তব্য রাখতে বাধা দান)

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে রামপুরহাট মহকুমা শহরে ছাত্রীদের জন্য আলাদাভাবে কোনও মহাবিদ্যালয় নেই এবং তারফলে খুবই অসুবিধা হচ্ছে। যাতে অবিলম্বে ঐ শহরে ছাত্রীদের জন্য একটি মহাবিদ্যালয় স্থাপিত হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

(প্রচন্ড গোলমাল)

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ দিনাজপুর জেলায় বুনিয়াদপুরে গত বছর নতুন মহকুমা সদর স্থাপন করা হয়, কিন্তু এলাকার সুবিধার্থে কুশমন্ডি, হরিরামপুর, বংশীহারী ও গঙ্গারামপুর, এই থানাগুলিকে নিয়ে একটি নতুন মহাকুমা সদর স্থাপন করা হয়, একজন এস.ডি.পিও-বসেন, কিন্তু কোনও কাজ এই মহকুমা সদর থেকে হয় না। অবিলম্বে নতুন মহকুমা সদর হিসাবে বুনিয়াদপুরে ট্রেজারী ও কোর্ট খোলার জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(প্রচন্ড হট্টগোল এবং মাননীয় কংগ্রেস পক্ষ থেকে প্রতিবেদকদের টেবিল চাপড়ে বাধা দান)

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নয়াগ্রাম বিধানসভা কেন্দ্রে গোপীবল্লভপুর ব্লক ওয়ানের ৪নং এবং ৭নং গ্রাম পঞ্চয়েত এলাকায় মধ্যবর্তী স্থানে নরিসলে একটি নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করবার জন্য আমি মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি। ঐ এলাকায় ২০ কিলোমিটারের মধ্যে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই এবং তারফলে প্রতি বছর চিকিৎসার অভাবে বহু মানুষ মারা যায়। যাতে অবিলম্বে নরিসলে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় তারজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

1-10—2-30 P.M. (including Adjournment)]

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ প্রতিবেদকদের টেবিলের উপর টিন বাজাতে থাকেন এবং পেপার ওয়েট দিয়ে জোরে জোরে ঠুকতে থাকেন)

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** (ডিড নট মেনশন)

(তুমুল গোলমাল)

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আমাদের বড়জোরা ব্লকে তাজপুর গ্রামে একটা গ্রন্থাগার আছে এবং এই গ্রন্থাগারটি পুরানো এবং ঐতিহ্যময়। একসময় এই লাইব্রেরিতে বড়ো মণীষীদের আড্ডার তুফান উঠত। স্যার, এই লাইব্রেরিটা আজকে ধ্বংসের মুখে। তাকে পুনরুজ্জীবিত করার জন্য আপনার মাধ্যমে গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(তুমুল গোলমাল)

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** জাংগীপাড়ার রাজবোল হাটে পড়েল পরিবারের তিনজন খুন হয়েছে। তার কারণ হচ্ছে মালিক পরিবার এবং পোড়েল পরিবারের মধ্যে পারিবারিক বিরোধ আছে সম্পত্তি নিয়ে। দেড় বছর আগে মালিক পরিবারকে গ্রাম ছাড়া করে দেয় এবং তারা দামোদরের তীরে গিয়ে বাস করে। তারা আবার যখন ফিরে আসে তখন তাদের উপর আঘাত করা হয়। এই পারিবারিক বিরোধকে রং চড়ানোর চেষ্টা করছে কংগ্রেস(আই)। এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(তুমুল গোলমাল)

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্য গণ প্রতিবেদকদের টেবিল ঘিরে স্লোগান দিতে থাকেন)

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিংগলগঞ্জ বিধানসভা কেন্দ্রে বর্তমানে ভবানীপুর, সাহেবখালী যোগশগঞ্জ রামেশ্বরপুর উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে কোনও ডাক্তার নেই। গ্রামের গরিব মানুষ কোনও রকম চিকিৎসা পাচ্ছে না। বামফ্রন্ট সরকার গ্রামাঞ্চলে ডাক্তার নিয়োগের চুক্তির মাধ্যমে সিদ্ধান্ত নিয়েছেন। সেই পদ্ধতিতে উক্ত উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে ডাক্তার নিয়োগ করা হোক এবং মালটিপারপাস হেলথ স্কীম গ্রামে গ্রামে যে সাব সেন্টার-গুলি আছে সেইগুলি চালু রাখার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(তুমুল গোলমাল)

**শ্রী জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কয়েকদিন ধরে প্রচন্ড বৃষ্টিপাতের ফলে মেদিনীপুর জেলার কৃষকদের বীজ ধানের চারা একেবারে নষ্ট হয়ে গেছে। বিনা মুল্যে তাদের যাতে বীজ ধান সরবরাহ করা হয় তার জন্য আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(তুমুল গোলমাল)

**শ্রী বিজয় বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার আসানসুলী, রামপুর গোপানপুর মৌজায় গত দশ বছর যাবৎ তার চুরি যাওয়ার ফলে প্রায় ৮ থেকে ১০ হাজার মানুষ বিদ্যুৎ বিহীন অবস্থায় আছে। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উক্ত

মৌজাগুলিতে অতি সত্বর বিদ্যুতের ব্যবস্থা করা যায়।

(গোলমাল)

**শ্রী নির্মল দাস :** সংসদীয় গণতন্ত্রের প্রবর্তক বলে দাবি করে কংগ্রেস। তারা আজকে ছিন্নমস্তা কালীর মতো সংসদীয় গণতন্ত্র ধ্বংস করে চলেছে। আজকে হাউসে যেটা ঘটছে সেটার ছবি তুলে টি.ভি. সম্প্রচার করুক, যাতে করে কংগ্রেসি নির্বচিত বিধায়করা যে সমস্ত এলাকা থেকে নির্বাচিত হয়েছে, তারা কি ভাবে জনগণের সেবার নাম করে সংসদীয় গণতন্ত্রের পবিত্র পীঠস্থান বিধানসভাকে কলুষিত করছে তা দেখতে পান। এমন কি হাউসে যাঁরা রেকর্ড করেন, সেই রিপোর্টারদের টেবিল চাপড়াবার জন্য বাইরে থেকে নানা বাদ্যযন্ত্র এনে যে ভাবে ন্যাক্কারজনক ভূমিকা পালন করছেন, এটা আমাদের দেশের ইতিহাসে তথা পৃথিবীর সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে নজিরবিবহীন ঘটনা। আমি আপনার কাছে অনুরোধ করছি, আপনি অবিলম্বে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন। এই সমস্ত প্রতিনিধি, যাদের দল কংগ্রেস এবং যাদের সভাপতির বিরুদ্ধে-যিনি প্রাক্তন প্রধানমন্ত্রীও বটে, যিনি আমাদের দেশে দুর্নীতির চরম পঙ্কে নিমজ্জিত সেই দলের কাছ থেকে সাধারণ মানুষ এর থেকে আর বেশি কিছু আশা করেনা। তবুও বিধানসভার পবিত্রতা রক্ষার দায়িত্ব আপনাকে নিতে হবে এবং পার্লামেন্টের স্পিকারের অনুরূপ এদের কার্যকলাপের সচিত্র বিবরণী সাধারণ মানুষের সামনে উপস্থাপিত করতে হবে। এরা যে পদ্ধতিতে সংসদীয় ব্যবস্থাকে ধ্বংস করার চেষ্টা করছে, আমি নিশ্চিত এদের ধ্বংস অনিবার্য। এদের ক্ষমা নেই, ক্ষমা নেই, ক্ষমা নেই।

(গোলমাল)

**শ্রী অসিতকুমার মাল :** (মাননীয় সদস্য উল্লেখপর্বে বক্তব্য রাখার ক্ষেত্রে অংশ গ্রহণ করেন নি।)

(এই সময়ে অপরাহ্ন ২.৩০ মি. পর্যন্ত সভার কাজ মুলতুবি হয়ে যায়।)

**(After Adjournment)**

[2-30—2-40 P.M]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহাশয়, আপনি দেখছেন এবং আমরাও দেখছি যে বিরোধীদের বেঞ্চ শূণ্য অর্থাৎ কংগ্রেস বেঞ্চ শূণ্য। বিরতির আগে বিধানসভার অভ্যন্তরে যে ঘটনা ঘটেছে তা আপনি প্রত্যক্ষ করেছেন এবং আমরাও সবাই দেখেছি। সংসদীয় গণতন্ত্রের নুন্যতম রীতি-নীতি মেনে চলা যে আবশ্যক বিরোধীদলের লোকেরা তা ভুলে গেছেন। যে কান্ড ঘটেছে তাতে শুধু যে সরকার পক্ষের বেঞ্চ আক্রান্ত হয়েছে তাই নয়, আপনিও দেখেছেন, আমরাও দেখেছি যে, মাইক ভাঙা হয়েছে এবং যারা কর্মচারী বিধানসভার ভেতরে কাজ করছেন তাদেরও এক নাগাড়ে বাধা সৃষ্টি করা হয়েছে। তাদের চেয়ার কেড়ে নেওয়া হয়েছে। একটা ইট দিয়ে ক্রমাগত আওয়াজ করা হয়েছে, এমন কি মেস বা ন্যায়দন্ডকে যেভাবে কেড়ে নেওয়ার চেষ্টা করা হয়েছে এবং তারজন্য যেভাবে আওয়াজ তোলা হয়েছে তার সবটাই নিন্দনীয় এবং অত্যন্ত উদ্বেগের কারণ। তারা বাইরে খুন, সন্ত্রাস ইত্যাদি করছেন, এখানেও বিধানসভার ভেতরে ওইসব কাজ করার চেষ্টা করছেন। বিধানসভার

একটা ঐতিহ্য আছে, একটা দীর্ঘকালীন ঐতিহ্য রক্ষা করার ক্ষেত্রে যে রুলস্ অ্যন্ড প্রসিডিওর আছে তারমধ্যে থেকেই বিরোধীপক্ষ তার বক্তব্য রাখবেন এবং তাদের ক্ষোভ-বিক্ষোভ তারমধ্যেই থাকবে। কিন্তু ওঁনারা যে আচরণ করলেন সেই ক্ষোভ দেখাতে গিয়ে সেটা অত্যন্ত নিন্দনীয়। মাননীয় স্পিকার মহাশয়, আপনি শ্রদ্ধাবান শুধু পশ্চিমবাংলায় নন, আপনি স্যার ভারতবর্ষের একটা বিশেষ স্থানে আছেন এবং বিরাট ভুমিকা আপনার। সেখানে কংগ্রেস আজকে যে ঘটনা ঘটাল সেটা শুধু নিন্দনীয় নয়, পরিষদীয় গণতন্ত্রের বাইরে। জনপ্রতিনিধিরা যদি এই ধরনের আচরণ করেন তহলে কি করে চলবে? আজকে বাজেটের মতো একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হওয়ার কথা, তাতে তাদের অংশগ্রহণ করাই বড় কথা নয়, বিধানসভার ঐতিহ্যকে রক্ষা করা হচ্ছে বড় কথা। সেখানে তাদের যদি অভিযোগ কিছু থেকে থাকে তারজন্য স্পিকার সাহেবের সঙ্গে বসে আলেচনা করে স্থির করতে পারতেন। কিন্তু এই ধরনের নিন্দনীয় আচরণকে আমি কনডেম করছি এবং ধিক্কার জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে আমাদের উচিত সভার থেকে সবাই মিলে ওদের স্বরূপ জনসাধারণের কাছে তুলে ধরা আজকে যেভাবে তারা হাউসের সম্মানকে ভুলুণ্ঠিত করেছেন তার সব কিছু জনগণের জানার দরকার। সুতরাং আমি সমস্ত সদস্যদের কাছে আবেদন করছি যে, কংগ্রেসের এই নক্কারজনক ঘটনার কথা সর্বস্তরের জনগণের কাছে পৌছে দেওয়া দরকার এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে বিরোধী পক্ষের কংগ্রেসি সদস্যারা যে আচরণ করেছেন এই সভায়, তাতে এই সভার মর্য্যাদাকে ক্ষুন্ন করা হয়েছে। এখানে শুধু আপনার আসনের দিকে তেড়ে যায়নি, এখানে যারা হাউসের প্রসিডিংস যারা রেকর্ড করছিলেন তাদের প্রতি যে আচরণ করা হয়েছে, বিশেষ করে যে শব্দ এখানে করা হয়েছে, তার জন্য আমরা কঠোর নিন্দা করছি। পাশাপাশি মাননীয় বিধায়ক জয়ন্তবাবু একটু আগে বলছিলেন, তিনি যখন বক্তব্য রাখছিলেন তখন মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকজন কংগ্রেসি বিধায়ক তঁর মাইক কেড়ে নিয়ে সেখানে শব্দ করেছেন, তার বক্তব্যে বাধা দিয়েছেন। এই আচরণ আমাদের কাছে, আমরা যারা নুতন সদস্য, তাদের কাছেও এটা অভুতপূর্ব, এই জিনিস এর আগে আমরা কখনও দেখিনি, এটা আমরা লক্ষ্য করেছি এই হাউসে। লোকসভার অধ্যক্ষ পি.এ.সাংমা মহাশয় কয়েকদিন আগে এখানে এসেছিলেন, তিনি হাউসে শান্তি বজায় রাখার জন্য আবেদন করেছিলেন, কিন্তু আমরা দেখছি তাঁর সমস্ত কিছুই এখানে চরমভাবে লঙ্ঘন করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের মর্যাদা বজায় রাখার জন্য, কঠোর হাতে পরিচালনা করার জন্য, যে আচরণ এখানে করা হয়েছে—ব্যবস্থা গ্রহণ করা দরকার। আজকে বিধানসভায় যে অব্যবস্থা সৃষ্টি হয়েছে তাকে কোনওভাবেই প্রশ্রয় দেওয়া যায়না।

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে ঘটনা ঘটেছে কোয়েশ্চেন আওয়ারে সেটা অবাঞ্ছিত ঠিকই। কিন্তু সরকার পক্ষেরও দায়িত্ব আছে যে প্রশ্নটি ছিল তার মধ্যে ওয়াকফ কেলেঙ্কারীর রিপোর্টের কথা ছিল। এখানে সেই রিপোর্ট পেশ করার দাবি বিরোধীদের যেটা সেটা অত্যন্ত যুক্তিসঙ্গত। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের বিধানসভায় এই নজির আমরা দেখেছি, লোকসভাতেও দেখেছি। অনেক সময় লোকসভার স্পিকার

বিরোধীদের দাবি মেনে সরকার পক্ষকে নির্দেশ দিয়েছেন সেই রিপোর্ট পেশ করবার জন্য, এই ধরনের নজির আছে। এখানে সেই দাবির ব্যাপারে এই কথা মাননীয় মন্ত্রী বলতে পারতেন যে রিপোর্ট আমার কাছে পুরোপুরি এখনও আসেনি বা চুড়ান্তভাবে এলে দেব কিংবা তখন বিবেচনা করব। এইকথাগুলি বলতে পারতেন। কিন্তু গোটা জিনিসটা তিনি প্রভোক করেছেন। একটা বিশেষ দুনীতির ঘটনা ওয়াকফ কেলেঙ্কারীর সঙ্গে সংশ্লিষ্ট সেটা তারা তুলে ধরেছেন তিনি জিনিসটাকে অ্যানালিসিস করতে পারতেন। যাইহোক, আপনার কাছে আমি অনুরোধ করব, আমি শুনেছি, কংগ্রেস দল ওয়াক-আউট করেছেন, এটা সংসদীয় রাজনীতির পক্ষে খারাপ এবং সরকার পক্ষও একটা খারাপ জায়গায় এসে দাঁড়াবেন। এই ব্যাপারে তারা যাতে অংশ গ্রহণ করতে পারেন এই বাজেটে, এবং সরকারের যে প্রশাসন তারা কি বলতে চান দেশের লোকের সেটা জানবার অধিকার আছে। তারা যাতে এই আলোচনায় অংশগ্রহণ করতে পারেন সেইজন্য আপনার কাছে অনুরোধ করব। আপনি এই সভার অভিভাবক হিসাবে, আপনি সরকার পক্ষকে বিরোধী পক্ষকে ডাকুন, এই ব্যাপারে কি ভাবে একটা সুষ্ঠ মীমাংসায় পৌঁছানো যায়, যার দরুন সবাই অংশগ্রহণ করতে পারেন এ বারের এই অধিবেশনে, সেই ব্যাপারে আপনি নিশ্চয় সুস্পষ্ট হবেন, এই আবেদন আমি রাখছি।

[2-40—2-50 P.M.]

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** অনারেবল স্পিকার স্যার, বিধানসভায় বিরোধী কংগ্রেস সদস্যরা যে আচরণ করেছে তা খুবই নিন্দনীয়। তারা সংসদীয় রীতিনীতি বহির্ভূত আচরণ করেছে। বিভিন্ন সদস্যরা মেনশানের সময় যখন তাদের বক্তব্য রাখছিলেন তাদের কাছে ছুটে গিয়ে তাদের বাধা দেওয়া হয়েছে, তাদের মাইক কেড়ে নেবার চেষ্টা হয়েছে, এটা খুবই নিন্দনীয়। এই বিধানসভা বহু পুরোনো এবং ঐতিহ্যবাহী বিধানসভা, এখানকার একশো বছরের পুরানো আসবাবপত্রের যেভাবে ক্ষতি করা হয়েছে তা খুবই নিন্দনীয়। স্বাভাবিকভাবেই যে আচরণ বিরোধী পক্ষ করেছে তা খুবই নিন্দনীয় এবং আমি আপনার কাছে আবেদন করছি সংসদীয় রীতি-নীতি মেনে এখানে আমাদের বিধানসভায় যারা সদস্য আছে তারা যাতে তাদের দায়িত্ব পালন করতে পারে সেইরকম একটা সুষ্ঠ পরিবেশ তৈরি করার জন্য আপনি সব কিছু ব্যবস্থা নেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় কোয়েশ্চেন আওয়ার পর্বে যে ঘটনা ঘটে গেছে এটা অবাঞ্ছিত নিশ্চয়, এটা কাম্য নয়। সংসদীয় রীতিনীতি ও নিয়ম-কানুন মেনে যাতে বিধানসভা পরিচালিত হয় এবং আলাপ-আলোচনা একটা সুষ্ঠু পরিবেশ থাকে এটা সকলেরই কাম্য, যেটা ঘটেনি। এখানে বৃহত্তম বিরোধী দল কংগ্রেস-এর বিক্ষোভ চলতে থাকলে আলাপ-আলোচনার পরিবেশ থাকবে না এবং এটা কাম্য নয়, এটা সমর্থনযোগ্য নয়। সাথে সাথে আমি এই কথা বলব, যে বিষয়টা আজকে উত্থাপিত হয়েছে, ওয়াকফের সম্পত্তি নিয়ে এবং বে-আইনি হস্তান্তরের ব্যাপার নিয়ে নানা অভিযোগ দেখা দিয়েছে। জনগণের সম্পত্তি নিয়ে এই নিয়ে স্বাভাবিকভাবেই প্রশ্ন আছে এবং বিধানসভায় বিরোধীপক্ষের সদস্যরা এই সমস্ত অভিযোগের সুষ্ঠু জবাব চান, সুষ্ঠু রিপোর্ট তাদের সামনে পেশ করা হোক, এই দাবি কিন্তু কোনও অন্যায় নয়, অযৌক্তিক নয়। এই ব্যাপারে পূর্ণাঙ্গ রিপোর্ট না দিয়ে যদি আংশিক রিপোর্ট পেশ করার ফলে বিরোধী পক্ষের একটা অংশকে

উত্তেজিত করতে পারে, সেদিক দিয়ে আমি বলব সরকার পক্ষের একটা ত্রুটি হয়েছে। ওয়াকফের সম্পত্তির মতো অত্যন্ত স্পর্শকাতর বিষয় নিয়ে জনগণের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। আমি আপনাকে বলব বিরোধী পক্ষের এই দাবিকে যথাযোগ্য মর্যাদা দিয়ে আপনি দেখবেন, একটা আলাপ-আলোচনার পরিবেশের মাধ্যমে একটা ব্যবস্থা গ্রহণ করবেন। আপনি এই হাউসের অধ্যক্ষ হিসাবে একটা ব্যবস্থা গ্রহণ করবেন এই আশা আমি করি।

**শ্রী ফজল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কোয়েশ্চেন আওয়ারে একটি ঘটনা ঘটেছে। আমি এটা নিয়ে কোনও বিতর্কমূলক ঘটনায় যাচ্ছি না। গণতান্ত্রিক ব্যবস্থায় সরকার গণতন্ত্রের এক হাত আর অন্য হাত হচ্ছে বিরোধীপক্ষ। সংসদকে সুষ্ঠুভাবে পরিচালনার দায়িত্ব আপনার। বৃহত্তম বিরোধীদল কংগ্রেস ওয়াক আউট করেছেন। রিপোর্টে কি আছে না আছে আমি জানি না। ওয়াকফের সম্পত্তি নিয়ে যে কেলেঙ্কারী এটা নিশ্চয়ই একটা সেনসিটিভ ইস্যু কিন্তু আমার অনুরোধ সরকার যেন এটাকে প্রেস্টিজ ইস্যু হিসাবে দেখবেন না। এই হাউস যাতে সুষ্ঠু ভাবে চালানো যায় তার ব্যবস্থা করুন। আপনি হাউস অ্যাডজোর্ণ করে সরকারপক্ষ এবং বিরোধীপক্ষকে নিয়ে বসুন এবং একটা রিপোর্ট হাউসে প্লেস করা হোক। যদি এই হাউসে রিপোর্ট প্লেস করতে অসুবিধা থাকে তাহলে আপনি নিজের ঘরে বসে তিন চার জন সদস্যকে নিয়ে তাদের সামনে রিপোর্ট দিন। আজকে আপনার একটা সুনাম আছে হাউস পরিচালনার ক্ষেত্রে। আজকে যাতে বিরোধীরা হাউসে উপস্থিত থাকতে পারেন সে ব্যবস্থা আপনি করুন। শুধু আজকে লোকসভার কি নজির বিধানসভার কি নজির এসব কথা বলতে চাই না। কাউকে দোষারোপ করে লাভ নেই। কয়েকদিন আগেও একটানা ১৭দিন লোকসভা চলতে দেওয়া হয় নি। এ রকম ঘটনা অনেক আছে। আমি ওদের এই ইস্যুকে সমর্থন করি। যেখানে একশো ছেষট্টিটা কেস জড়িত সেখানে একটা ঘটনাকে উল্লেখ করে উনি প্রোভোক করেছেন তার পরেই ঘটনার সুত্রপাত। আপনাকে অনুরোধ করছি আপনি বিরোধীপক্ষকে নিজের ঘরে ডাকুন। এখন বাজেট অধিবেশন চলছে খুবই গুরুত্বের বিষয়। এই ক্ষেত্রে বিরোধীদের বক্তব্য জানা দরকার। শুধু এক তরফা ভাবে বাজেট পাস করিয়ে নেবেন এটা মানা যায় না। যদি এটা না করা হয় তাহলে আমিও হাউস বয়কট করব। আপনি এটা করুন এবং সুষ্ঠুভাবে বিধানসভা পরিচালনা করুন। এটা আমার সাবমিশন আমি কাউকে অভিযুক্ত করতে চাই না।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা কেলেঙ্কারী নিয়ে নয়। কমল বাবু কেন এই কথা হঠাৎ বললেন জানি না। কংগ্রেসের পক্ষ থেকে একটা প্রশ্ন করা হয়েছিল আমার ধারণা প্রশ্নের উত্তর শুনব না এই মানসিকতা, বিরোধী একটা ইস্যু করব এই মনোভাব নিয়ে প্রশ্নটা করা হয়ে ছিল। প্রশ্নটা করা হল, মাননীয় মন্ত্রী তার উত্তর দিলেন। এটা গভর্নমেন্টের একটা পলিসি। একটা অ্যাডমিনিস্ট্রেটিভ এনকোয়ারী হয় সেটার রিপোর্ট সরকার সে করবে কি করবেনা সেটা গভর্নমেন্ট ইজ টু ডিসাইড। মন্ত্রী পার্শিয়াল রিপোর্ট পেয়েছেন এখন তিনি দেবেন কি দেবেন না এটা সরকারের পলিসি।

[2-50—3-00 P.M]

মন্ত্রী বললেন, তারপর বাড়তি সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তর শোনার ধৈর্য্য ওদের ছিল না এবং সাপ্লিমেন্টারির উত্তর ওদের বিরুদ্ধে গেল। আপনারা জানেন সরকারি এনকোয়ারিতে

পার্শিয়াল রিপোর্ট, এসেছে যে-কংগ্রেসিরা ৬ কাঠা জায়গা দখল করে আছে। এটা হচ্ছে গভর্নমেন্ট অবজারভেশন রিডিং। এতেই সমস্ত আগুনে ঘৃতাহুতি হল। যিনি প্রশ্ন করেছিলেন, তিনি প্রশ্নের উত্তর শুনবেন না বলেই ডিটারমিনেশন নিয়ে এসেছিলেন এটা মোটিভেটেড। কংগ্রেস থেকে যেটা আজকে করা হয়েছে, সেই বিষয়ে বলি—সেটা অন্য পার্ট। সভায় অনেক কিছু হয়। মাননীয় কমল গুহ এবং মাননীয় ফজলে হক যেভাবে বিষয়টি ডিরেল করেছেন তাতে কংগ্রেস খুশি হবে। বিধানসভার মধ্যে তাদের বক্তব্য থাকতে পারে, তাঁরা সেটা আলেচনা করতে পারতেন। উত্তরে সন্তুষ্ট হতে পারতেন আবার নাও হতে পারতেন। মুখ্যমন্ত্রী আছেন, স্বরাষ্ট্র মন্ত্রী ছিলেন, আমিন সাহেব ছিলেন, হাউসে স্পিকার আছেন। উইদিন দি হাউস দে শুড বিহেব ইন এ ডিসেন্ট ম্যানার। বাট্ দে ডিড নট ডু দ্যাট। হাউসকে মাডল্ করে দিয়েছে। যখন বুদ্ধদেব বাবু বক্তৃতা করছিলেন, সেই সময় শোভনদেব চট্টোপাধ্যায় তাঁকে বলেন এই বোস্। এই হচ্ছে শালিনতা। এটা রেকর্ড না হতে পারে কিন্তু অতীতে অন্য অনেক আনরেকরডেড কথাতে ক্ষমা চাইতেও হয়েছে। আজকে কংগ্রেসিরা যখন হাউসের কাজে বাধা সৃষ্টি করছিলেন তখন সরকার পক্ষ থেকে যে শালিনতা এবং সংসদীয় গণতন্ত্রের প্রতি যে মর্যাদা দেখানো হয়েছে সেটা ভারতবর্ষের গণতন্ত্রের ইতিহাসে নজির হয়ে থাকবে। এর কোনও মূল্য নেই? যেসব মানুষ এঁদের নির্বাচিত করেছেন তাঁরা দেখুক। মানুষ পরবর্তীকালে জার্জ করবেন। ওঁরা স্টাফদের টেবিল চাপড়ে তাঁদের কাজে বাধা সৃষ্টি করেছেন। ওঁরা প্রায়ই স্পিকারকে বলেন-বিখ্যাত মানুষ। ভারতের বাইরেও তাঁর সুনাম রয়েছে ইত্যাদি। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে স্পিকরের দিকে তেড়ে এগিয়ে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী যখন উত্তর দেন তখন নতুন নির্বাচিত সদস্যরা যেভাবে তাঁর দিকে এগিয়ে আসেন তা কেবলমাত্র পাড়ার মস্তানরা চায়ের দোকানে বসে যেমন করে বলে,'এগিয়ে আয়, দেখে নেব,' ঠিক তেমনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি উদ্যোগ নিয়েছেন সংসদীয় রীতি-নীতি শেখানোর ব্যাপারে। ওদের লেখাপড়া করা উচিত, সংসদীয় রীতি-নীতি মেনে চলা উচিত। সংসদের প্রতি যে দায়িত্ব আছে, তাকে পালন করা উচিত। আমি বলছি না যে পাঠশালায় গিয়ে পড়বে। আজকে ওঁরা যে অসভ্য আচরণ করছেন আমি তার তীব্র নিন্দা করছি।

**Mr. Speaker :** Hon'ble members, what happened in the today's first half is most unfortunate and regrettable. I always say that the members might have cause for grievance, they might have cause for agitation but that has to be done within certain norms. They cannot go beyond that. If the norms are violated, Parliament does not exist. The Wakf matter is going on for quite some time past. In the preceding House we had admitted a motion, non-official motion on the Wakf subject matter and the matter was debated at length. The members were given opportunity to debate it at length. Today the Wakf question was admitted and it was the first question in the list. I knew the importance of that question. There is no attempt to deny the Opposition any right, any privilege. They asked supplementary questions and the Minister gave his replies. Some replies might not be liked by the Opposition but that is the matter between the Minister and the Opposition. Now, they

have made a demand that there was an administrative enquiry and that report be laid on the table of the House. The Minister said that the Administrative report would not be laid on the table of the House. There is no rule which compels the Speaker to direct the Minister to lay the administrative report on the table of the House. Reports of judicial enquiry are laid on the table under our rules and our constitution. But the departmental enquiries, innumerable departmental enquiries are going on everyday. I cannot compel the Minister to lay the report on the table of the House. We live in a democratic State. If the Opposition feels that the Minister is trying to suppress something then they can go on democratic movement, they can go on political movement that the Minister has something to conceal, they may debate it on different forums. On different political platforms but they should not have done what they have done here today. If I would try to avoid the question then they might say that you are trying to avoid the question, you are trying to protect. You are trying to save, they could do this. I allowed motion, non-official motion, mention but even my name has been involved which under rules cannot be done. I have not debarred from that. I have also given them maximum opportunity but they should not misuse it in the name of democracy, in the name of democratic rights. The House has certain business to perform. I have a duty that the business of the House is done, the business of the House is carried on, that is my commitment to the Chair. If I cannot get that business done then I have to leave, I have to resign and then somebody has to come here. But I cannot hold the Government in ransom that , look here, I cannot run the business of the House, because the Opposition is creating disturbance. So, I am adjourning the House everyday. 'No' that is not the procedure. The business of the House will be done on the days date and time fixed. That is the rule of the Speaker. In spite of all attacks the Speaker has to see that the business of the House is carried out according to the schedule, according to the programme. There was attack, there was obstructions from the Opposition and I adjourned the House today. We meet again. But what is happening since this House has met. I have pointed out to the Leader of the Opposition that he cannot control his members. Even when the Hon'ble Chief Minister are replying, continuous hackling was going on from the Opposition side. 'No' it should not be done, I pointed it out to the Leader of the Opposition on a number of occasions. When the Finance Minister laid Budget proposal, continuous hackling was going on. I do not want to say that all the Opposition party is doing this, not the small Opposition because they are increased in number and it has become their business to obstruct the Government in carrying out the business of the House.

But it is the duty of the Speaker to see that the business of the House is run, the business of the House has to function. The House cannot run to ransom by anybody. The Opposition has also their right. They will get their right. They always get their right to exercise. Nobody can point out that they are denied of their right. Not a single instance can be point out. I have given them maximum facilities. I have continuously given them fair opportunity to speak. I always say— 'Speak, and let the others speak'. I hold continuous meeting with the Ruling Party that 'Don't disturb'. I have also given strict instructions to the members of the Ruling Party not to obstruct the Opposition. Unfortunately, it has not complied with by the major Opposition Party. If somebody chooses to boycott the House it is their choice, that is the democratic right, that is the democratic method—I cannot solve that problem. I cannot solve that problem. If boycott is their programme, if this is their performance, they have their right. But we have to carry on our business. I appeal to you all that everybody will participate and they will make their contributions. But don't do what was done in the morning today, that does not democratic participation.

[3-00—3-10 P.M]

That is not democratic participation. That is most undemocratic participation. A fascist character is revealed. If should nor be done. If should never be done. I hope that the matter will be resolved in due course and our Parliament will function as usual. We have glorious tradition. Many new members have come in. I fail to understand now our staff get involved. How can they go to the hanzared Reporters' table and create disturbance there? With what stretch of imagination can it happen? How is it happening? In the past many incidents have taken place. sometime in the past, our Marshal had to go to hospital. He was injured. What is happening? It has to stop in the interest of parliamentary democracy, in the interest of the system, in the interest of the people and the country. I hope better sence will prevail upon and the better atmosphere will prevail.

## GENERAL DISCUSSION ON BUDGET

Now let us go in with our usual business, i.e.the discussion on General Budget.

**Shri Satya Ranjan Bapuli :** (was not present in the House)

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকের বিধানসভার যে পরিবেশ সেই পরিবেশের মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার উপর আলোচনায় স্বাভাবিক ভাবেই কিছুটা বা সার্বিক ভাবে সমস্ত দিক থেকে ক্ষতিগ্রস্থ হচ্ছে। স্যার, আমি শুধু

একটা কথা বলে আমার বক্তব্য শুরু করতে চাই-সকালবেলার ঘটনা সম্পর্কে মাননীয় অধ্যক্ষ মহোদয় তাঁর মতামত জানিয়েছেন। সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে খুব কালোদিন এগিয়ে আসছে। স্যার, আমি এখানে সাতবার নির্বাচিত হয়ে এসেছি। অনেক ঘটনা আমি দেখেছি কিন্তু এই জাতীয় ঘটনা যেটা আজকে এখানে ঘটল খুবই দুঃখজনক এবং নিন্দনীয় শুধু নয়, ভাবিয়ে তোলার মতো যখন কিনা একদা বামপন্থী—বর্তমানে তিনি কি ভূমিকায় আছেন জানি না—মাননীয় কমল গুহ মহাশয় দাঁড়িয়ে তাঁদের পক্ষে সওয়াল করতে ওঠেন তখন খুবই দুশ্চিন্তা হয়। কমরেড লেনিনের কথা নিয়ে একটা কথা কমলবাবু তুলেছেন, গণতন্ত্রের পতাকা, গণতন্ত্রের রক্ষা করার জন্য যাঁরা দায়িত্ব নিয়েছিলেন তাঁরা যখন বলেন না ঠিকমতো চলছে না তখন গণতন্ত্রের পতাকা তাঁরা ছিঁড়ে ফেলেন, পদদলিত করেন। কাজেই এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা কতকগুলো বিষয়ে দেখতে পাচ্ছি। আমাদের সরকার প্রতিষ্ঠা হয়েছে। পশ্চিমবাংলায় পঞ্চম বারের জন্য বামফ্রন্ট সরকার এখানে স্বাভাবিক ভাবেই হয়েছে। যাঁরা বোঝেন, এ নিয়ে গবেষণা করেন তাঁরাও বুঝতে পারেননি যে এতবড় একটা পরিবর্তন ঘটতে যাচ্ছে। একদিকে গণতন্ত্রের পরীক্ষা হচ্ছে। দীর্ঘ ৫০ বছর ধরে কংগ্রেস—মাঝে কয়েক মাস, বছর বাদ দিলে—দিল্লীতে ক্ষমতায় ছিলেন। কংগ্রেস বন্ধুদের আমরা বলেছিলাম কংগ্রেস ওখানে ছোট দলে পরিণত হবে, তাদের শক্তি খর্ব হবে। নরসিমা রাও প্রধানমন্ত্রী থাকবেন না, এটা মিলে গেছে, এবং সবচেয়ে দুর্ভাগ্যজনক হল বি.জে.পির উত্থান ঘটেছে, এটা আজকে ভাবনা-চিন্তা করতে হবে। এই অবস্থায় দাঁড়িয়ে একটা যুক্তফ্রন্ট সরকার কেন ওখানে প্রতিষ্ঠিত হয়েছে। যখন আমাদের এখানে দাঁড়িয়ে দীর্ঘ চারবার আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেট পেশ করেছেন, তখন বার বার আমরা একটা কথাই বলছি কেন্দ্রে একটা সরকার আছে এবং সেই সরকার পরিপন্থী কাজ করে চলেছে, অ্যান্টিপিপল্। আমাদের যে দৃষ্টিভঙ্গি, আমাদের যে ফিলজফি, আমাদের বাজেটের যে ফিলজফি তার সাথে কেন্দ্রীয় সরকার ফিলজফির অনেক তফাৎ। বলা যেতে পারে ডায়ামেটিরিক্যালি অপোজিট। এই রকম অবস্থায় দাঁড়িয়ে আমাদের বাজেট পেশ করতে হয়েছে। বাজেটের বিষয়বস্তুতে আমরা বলেছিলাম আমাদের বাজেটের বিষয়বস্তু হচ্ছে একটা বিকল্প দৃষ্টিভঙ্গিই শুধু নয়, বিকল্প পথ, ভারতবর্ষ আজকে এই ক্রিটিক্যাল অবস্থায় দাঁড়িয়ে, ভারতবর্ষে অনেক সমস্যা। ভারতবর্ষকে গড়ে তোলার জন্য আমাদের অর্থনীতির সন্ধান করতে হবে। আমাদের যে যুক্তফ্রন্ট সরকার তৈরি হয়েছে, এটা কিন্তু নির্বাচনের আগে তৈরি হয় নি: যুক্তফ্রন্ট হয়েছে নির্বাচনের পরে। ভারতবর্ষকে যাঁরা রক্ষা করতে চান, তাঁরাই এই যুক্তফ্রন্ট প্রতিষ্ঠা করেছেন। তাতে আমাদের একটা ভূমিকা আছে। আবার ঐতিহাসিক প্রয়োজনে আমাদের যে বিকল্প অর্থনীতির বক্তব্য, সেইখানে বক্তব্যটাকে আজকে নিয়ে যেতে হচ্ছে, কেন্দ্রের সামনে এতদিন উপস্থাপন করা হয়েছে বিকল্প অর্থনীতি, পঞ্চায়েত ব্যবস্থার স্পিরিটকে। এটা শুধুমাত্র কথার কথা নয়, এটাকে কাজে পরিণত করতে আটকানো যায় গ্লোবালাইজেশন। বর্তমানে সেগুলি আমরা যেটা আজকে দেখেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা এই যে বাজেট যেটা আজকে আলোচনা করতে চলেছি, তাতে প্রথমেই বিরোধী পক্ষ থেকে শুনছি এই বিষয়গুলি উঠেছে, কেন আমরা ভূমি নিয়ে এত চিৎকার করছি? আমরা ভূমি নিয়ে বলব, কারণ জমি থেকে যে সমস্ত সম্পদের সৃষ্টি হয়, তাই জমিই হচ্ছে আমাদের মা। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা বারেবারে আমাদের যে অর্থনীতির মূল কথা আমরা সেখানে ঘোষণা করেছি, আমরা বারেবারে

বলেছি এটা বারেবারেই আলোচিত হয়েছে। কিন্তু অতীশ সিংহ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বলেছিলেন, যে আজকে গ্রামে গেলে কি দেখা যায়? সেখানে মানুষেরা বলে ইলেকট্রিক চাই, আলো চাই, পাখা চাই, ইলেকট্রিক পাম্পের ব্যবস্থা চাই, একটু ভালোভাবে বাঁচতে চাই, রাস্তা চাই। কিন্তু এটা ঘটনা যে পশ্চিমবাংলার মানুষ তাদের অভিজ্ঞতার ভিত্তিতে জানে যে এসব জিনিস আগে ছিল না, আগে মানুষকে খাওয়া-পরা সমস্যার সমাধানের জন্য আপ্রাণ চেষ্টা কবতে হত। এই কলকাতার বুকে ১৯৬০ সালের খাদ্য আন্দোলনে তৎকালীন মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় এবং স্বরাষ্ট্র মন্ত্রী কালী মুখার্জি মানুষের মিছিলের উপর অত্যাচার ও গুলি পর্যন্ত চলেছিল, ৮০টা প্রাণ লুটিয়ে পড়েছিল কলকাতার বুকে।

[3-10—3-20 P.M]

শুধু তাই নয়, এখনও পর্যন্ত শত শত মানুষের হদিশ পাওয়া যায় নি। সেদিন একশো, দেড়শো মানুষ নিরুদ্দেশ হয়ে গেছে। সেই মানুষদের আজ পর্যন্ত খুঁজে পাওয়া যায় নি। আবার ১৯৬৫ সালে—কমলবাবু তখনও এখানে সদস্য ছিলেন—এই পশ্চিমবাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, 'আমাদের দেশের কৃষক, আমদের দেশের শ্রমিক, যাঁরা হাড়ভাঙা খাটুনি খাটেন, মাথার ঘাম পায়ে ফেলে দেশের সম্পদ তৈরি করেন তাঁরা পেট-ভরে খেতে পায় না। তাঁরা কি খাবেন? তাঁরা খাবেন পোড়া বেগুন আর কাঁচকলা। 'দিস ওয়াজ দি প্রেসক্রিপশন অফ্ দি দেন চীফ্ মিনিস্টার। সেসময়ে তৎকালীন মুখ্যমন্ত্রী মানুষকে বস্ত্র দিতে না পেরে কি ঘোষণা করেছিলেন? কাঁথিতে এবং বিভিন্ন জায়গায় উনি ঘোষণা করেন, 'হাফ প্যান্ট পরো'। এই ছিল তাঁর প্রেসক্রিপশন। পরবর্তীকালে মানুষের পুঞ্জিভুত ক্ষোভ, যার থেকে সৃষ্টি হয়েছিল যুক্তফ্রন্ট এবং তারপর বামফ্রন্ট সৃষ্টি হয়। সুতরাং এই আলোচনায় জমি বা ভূমির কথা আসবেই। ভূমির জন্য আমরা দীর্ঘদিন লড়াই করেছি, ভূমি সংগ্রহ করেছি এবং তা ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করেছি। আজকে আমরা গর্বের সঙ্গে একথা বলতে পারি যে, ভূমির সংগ্রামকে আমরা শ্রেণীসংগ্রামের সঙ্গে যুক্ত করে বে-আইনি জমি উদ্ধারে অনেকটা সফল হয়েছি। স্যার, আপনি জানেন গতকাল আমাদের এক বন্ধু এখানে বলেছেন যে, সারা ভারতবর্ষে যে উদ্বৃত্ত জমি, বে-আইনি জমি উদ্ধার করা হয়েছে তার বেশির ভাগটাই হয়েছে পশ্চিমবঙ্গে। কেন্দ্রীয় সরকার এবিষয়ে আইন পাস করতে পারেন, কিন্তু সে আইনকে কার্যকর করার দায়িত্ব রাজ্য সরকারের। স্যার, আপনি জানেন ১৯৫২-৫৩ সালে জমিদারি প্রথা উচ্ছেদ আইন পাস হয়েছিল, কিন্তু উদ্বৃত্ত জমি উদ্ধার করে তাকে কার্যকর করা হয় নি। সুতরাং আইন পাস করা এবং আইনকে কার্যকর করা এক জিনিস নয়। সিদ্ধার্থ শংকর রায় যখন এখানে মুখ্যমন্ত্রী ছিলেন—ইন দি রেজিম অফ্ সিদ্ধার্থশংকর রায় ডিউরিং ১৯৭২-৭৭—তখন তিনি কি বলেছিলেন? বিরোধী পক্ষের সদস্যরা বললেন সে সময়ে জমি উদ্ধার করা হয়েছে এবং বিতরণ করা হয়েছে। কি রকম হয়েছে? আমদের অভিজ্ঞতা হচ্ছে, সে সময়ে তৎকালীন মুখ্যমন্ত্রী জমি উদ্ধার করে তা বন্টন করার জন্য একটা সার্কুলার দিয়েছিলেন এবং জেলাগুলোকে জমি বিতরণের একটা লিস্ট পাঠাতে বলেছিলেন এবং সে সময়ে তিনি খুবই স্বাভাবিকভাবেই আরও বলেছিলেন-বড়লোকদের কাছ থেকে যদি জমি না পাওয়া যায় তাহলে যেসব জমি সিতোস্তি পয়োস্তি হয়ে গেছে সেসব জমি বন্টিত হয়েছে বলে দেখিয়ে দিতে হবে। এই হচ্ছে ওঁদের জমি বন্টনের নমুনা। হ্যাঁ, আমরা জমি উদ্ধার

করেছি. জমি বন্টন করেছি, বর্গা রেকর্ড করেছি। লক্ষ লক্ষ ভূমিহীন মানুষকে আমরা জমি বন্টন করেছি, আমাদের সরকার তাদের খতিয়ান দিয়েছে। এর মধ্যে দিয়ে আজকে আমরা পশ্চিমবাংলার গ্রামীণ গরিব মানুষদের ভূমি ক্ষুধা কিছুটা মেটাতে সক্ষম হয়েছি। ভূমি ক্ষুধাকে কেন্দ্র করে যে সমস্যার কিছুটা সমাধানের দিকে আমরা অগ্রসর হতে পেরেছি এই হাজার হাজার বিঘা জমি হাইকোর্টে আটকে আছে তার সেখানে মীমাংসা হবে। কিন্তু আমি যেটা বলছি, জমি-ভূমি দানের মধ্য দিয়ে অসংখ্য দরিদ্র মানুষের ক্ষুন্নিবৃত্তির ব্যবস্থা হয়েছে। ফ্যান দাও, ফ্যান দাও বলে মানুষের আর চিৎকার নেই। বিবেকানন্দ মুখার্জির সেদিনের লেখা আপনারা নিশ্চয়ই পড়েছেন। তিনি সেদিন বলেছিলেন, হাজার হাজার মানুষের আর্তনাদ কলকাতার বুক কাঁপিয়ে দিয়েছে। হাওড়ার সেতু থেকে মা তার সন্তানকে গঙ্গায় বিসর্জন দিয়েছে খেতে দিতে না পারার জন্য। একটা এঁটো পাতা নিয়ে মানুষ আর কুকুরে কাড়াকাড়ি করেছে। সেকথা আজকে আমাদের বাজেট বিতর্কে কোথা থেকে আসবে? আমরা সেই সমস্যার সমাধান করেছি। বাংলার মানুষের জন্য আজকে আমরা খাদ্যের ব্যবস্থা করেছি। তাই আজকে মানুষ চাইছে উন্নততর জীবনের ব্যবস্থা। এই উন্নততর জীবন ব্যবস্থার জন্য ইলেকট্রিসিটি চাই। আপনাদের আমলে কোথায় ইলেকট্রিসিটি? মাত্র ২৭ ভাগ গ্রামে ইলেকট্রিসিটি ছিল, তাও সব জায়গায় ছিল না। শ্রী সিদ্ধার্থশংকর রায়ের সরকারের আমলে ইলেকট্রিসিটি কোনও গ্রামের একটি কোনও দিয়ে ঢুকে গেলে সেই গ্রামটি ইলেকট্রিফায়েড হয়েছে বলে ঘোষণা করা হয়েছিল। আর আমাদের এই সরকার প্রায় ৭৫ থেকে ৮০ শতাংশ গ্রামে ইলেকট্রিসিটি নিয়ে যাবে বলে কমিটমেন্ট করেছে আগামী ৫ বছরের মধ্যে। আমরা মিথ্যা কথা বলি না। এই বিধানসভার চত্তরে যে কথা ঘোষিত হয়েছে সেকথা নিশ্চয়ই আমরা পালন করব। সেই দায়িত্ব পালন করার মধ্য দিয়ে সাধারণ মানুষের মুখে হাসি ফোটাবার চেষ্টা করব। খাদ্য উৎপাদনের ক্ষেত্রে আমি সুনির্দিষ্ট তথ্য দিতে চাই। খাদ্য উৎপাদন কি ল্যান্ড ছাড়া হতে পারে? খাদ্য-উৎপাদন ল্যান্ডের উপর নির্ভরশীল। খাদ্য-উৎপাদনে আমরা প্রথম। তন্ডুল জাতীয় খাদ্য-উৎপাদনে সারা ভারতবর্ষের বাইরে থেকে আমরা প্রথম স্থানে দাঁড়িয়ে আছি। এটা কি করে সম্ভব? আজকে ভারতবর্ষের বাইরে থেকে যারা আসছেন তারাই এসে দেখছেন যে এখানকার বর্গা অপারেশন কিভাবে হয়েছে, এখানকার ভেসটেড জমি, উদ্বৃত্ত জমি, বেনামী জমির ডিসিট্রিবিউশন কিভাবে হয়েছে, এখানকার পঞ্চায়েতকে কিভাবে কাজে লাগানো হয়েছে, কিভাবে খাদ্যের উৎপাদন উর্দ্ধগতি হয়েছে, কিভাবে এইসবগুলি সম্ভব হয়েছে সেগুলি দেখবার জন্য বাংলাদেশ থেকে বা বাইরের বিভিন্ন জায়গা থেকে যেসব প্রতিনিধি দেখতে আসছেন তারাই আমাদের কাজের প্রশংসা করেছেন। এরজন্য কংগ্রেসের গাত্রদাহ হতেই পারে। কারণ কংগ্রেসিরা আমাদের এইসব পদ্ধতির বিরুদ্ধে ছিলেন। ওরা যা করতে চেয়েছিলেন আমরা তার সম্পূর্ণ উল্টোটা এখানে করছি। আজকে কৃষিতে উৎপাদন বৃদ্ধি হয়েছে। স্টেট ডোমেস্টিক প্রডাকশনের ক্ষেত্রে আমরা দেখছি, পশ্চিমবাংলার ক্ষেত্রে ৫.৫০ পারসেন্ট আর জি.ডি.পি, ইন্ডিয়ার ক্ষেত্রে হয়েছে ৪.৩ পারসেন্ট। অর্থাৎ আমরা এগুচ্ছি। কিন্তু আমরা বলতে পারব না যে একেবারে পূর্ণাঙ্গ স্টেজে আমরা পৌঁছে গেছি। একথা কখনও বলতে পারব না। কিন্তু উন্নয়নের দিকটা ধরে আমাদের দেখতে হবে এবং বলতে হবে। কিন্তু কংগ্রেসিরা বলছেন এটাকে আমরা সমর্থন করি না, করব না। এরা সমর্থন করবেন না এই কারণেই, সমস্ত রকম সমর্থন করার ক্ষেত্রে মাল-মশলা থাকা সত্ত্বেও

রাজনীতি করার জন্য সমর্থন করবেন না। কৃষি উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে আয় হয়েছে, ১৯৯২-৯৩সালে ৪হাজার ৪৯৩ কোটি টাকা।

[3-20—3-3O P.M]

৯৩-৯৪ সালে ৪৬৪৯.৮৩, ৯৪-৯৫ সালে ৪৭৮৪.১০। সুতরাং আমরা একটা প্রগ্রেসিভ স্টেজে এগোচ্ছি। আমরা ডিকলাইন করছি না। এবার পার পারক্যাপিটা ইনকামে আসছি। সর্বভারতীয় গড়ে পশ্চিমবঙ্গ ছিল এক নম্বরে। ৯২-৯৩ সালে পারক্যাপিটা ইনকাম যেখানে ছিল ২২৪০.৫৬ টাকা, সেটা ৯৩-৯৪ সালে বেড়ে হল ২৩২২.৭৩ টাকা এবং ৯৪-৯৫ সালে দাঁড়াল ২৪৩৪.৫ টাকা। এটা এখনও কমপ্লিট হয়নি। সুতরাং পরিষ্কার ভাবে দেখা যাচ্ছে পার ক্যাপিটা ইনকাম বাড়ছে। এবার আমি ফিশারীর কথায় আসছি। গত আট বছর ধরে পশ্চিমবাংলায় মাছ উৎপাদনে প্রথম পুরস্কার পেয়ে আসছে। এটা এমনি হয়নি। কংগ্রেসীরা বলছেন এটা নাকি আজগুবি কথা। সংখ্যা তত্ত্বের একটা অদ্ভুত হিসাব। কিন্তু তা নয়। কতকগুলো নীতি, তারা নির্দ্ধারণ করেন, তার ভেতরে দাঁড়িয়ে আমাদের রাজ্যে মাছ উৎপাদনে আটবার প্রথম হয়েছে। কত উৎপাদন হয়েছে ৮০-৮১ সালে থাউজ্যান্ড টন হিসাবে মাছ উৎপাদন হয়েছে ৩৭০ থাউজ্যান্ড মেট্রিকটন। ৯৪-৯৫ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ৮২০ থাউজ্যান্ড মেট্রিক টন। আর মেকানাইজড বোট, ৮৫-৮৬ সালে ছিল ৯৪০ খানা, সেটা আজকে ৯৪-৯৫ সালে সংখ্যার দিক দিয়ে দাঁড়িয়েছে ২ হাজার ৫১৮য়। এটা সরকারি হিসাব। এছাড়াও বেসরকারি আছে। এই মাছ উৎপাদনের ফলে মানুষ উপকৃত হচ্ছে প্রায় এক কোটির বেশি মানুষ উপকৃত হচ্ছে। বেসরকারি আছে ২৩ লক্ষ। পরিবারে যদি পাঁচ জন করে সদস্য থাকেন তবে ২৩ গুণিতক পাঁচ করে যে সংখ্যা হয় তত মানুষ এর দ্বারা উপকৃত হচ্ছে। এছাড়া আমরা জানি বামফ্রন্ট সরকার ভুমি সংস্কার কর্মসূচি নেওয়ার ফলে প্রায় ৪০ শতাংশ গরিব মানুষ উপকৃত হয়েছে। এরপর আমি স্টেট ওয়াইজ যে সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলো আছে, তারা এগ্রিকালচারাল রুর‍্যাল ডেভেপমেন্টের জন্য সারা ভারতে যে টাকা দেন, তার একটা হিসাব দিচ্ছি। দেখা যাবে পশ্চিমবাংলা এখানে বঞ্চিত। আপনাদের আমলে এই ক্ষেত্রে অন্ধ্র প্রদেশ ১১৬৫ টা স্কীম মঞ্জুর করেছিলেন, কর্ণাটকে ১০৮৬ টি স্কীম মঞ্জুর করেছিলেন, মহারাষ্ট্রে ১২৯২ টি স্কীম মঞ্জুর করেছিলেন, উড়িষ্যা পেয়েছিল ১১৮ টি স্কীম। ওয়েস্ট বেঙ্গল পেয়েছিল ইন দোজ ইয়ারস ৯১ স্কীম, ওনলি ফ্রম দি ন্যাশনালাইজড ব্যাঙ্কস। আমরা এখান থেকে প্রতিনিধি দল—এম.এল.এ., এম.পি. এবং মন্ত্রীসহ— যখন এই বিষয়টা নিয়ে দিল্লিতে ধর্ণা দিয়েছিলাম তখন তারা কি বলেছিলেন? আমরা তাদের বলেছিলাম —পশ্চিমবঙ্গের ব্যাঙ্কগুলিতে রাজ্যের মানুষের রক্ত জল করা যে টাকা গচ্ছিত রয়েছে তার থেকে আমাদের ঋণ দাও। এমনিতে নয়, ব্যাঙ্কের নির্দ্ধারিত সুদেই ঋণ দাও। এক্ষেত্রে ন্যাশনাল পলিসি ফর দি কর্নাটক এক হবে, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেটা আলাদা হবে—এটা কেন হবে? যেখানে এই ঋণ গুজরাট পাবে ৯০ পারসেন্ট, তামিলনাড়ু পাবে ৮৫ পারসেন্ট, মহারাষ্ট্র পাচ্ছে প্রায় ৮২ পারসেন্ট ফ্রম দি ন্যাশনালাইজড ব্যাঙ্কস, সেখানে ওয়েস্ট বেঙ্গল কত পাচ্ছে? আমরা বলেছিলাম, 'অন্তত ৫০ পারসেন্ট ঋণটা আমাদের দিন।' কিন্তু সেটাও আমরা পাচ্ছি না। এটাই ছিল বিগত সেন্ট্রাল গভর্নমেন্টের পলিসি। সেজন্যই আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের সমালোচনা করেছি। তবে সেটা এমনিতে নয়, উইথ ফ্যাকটস—প্রমাণের উপর

দাঁড়িয়েই সমালোচনাটা আমরা করেছি।

ওরা এখানে ফ্যাক্টরী, ইন্ডাস্ট্রির আমরা কি করেছি জিজ্ঞাসা করেছেন। কিন্তু আপনারা তো ইন্ডাস্ট্রির বারোটা বাজিয়ে দিয়ে গেছেন। গোটা দেশে বর্তমানে ৪ লক্ষের মতো ইন্ডাস্ট্রি বন্ধ কেন্দ্রীয় সরকারের পলিসির জন্য। আজকে বলছে হলদিয়া পেট্রোক্যামিক্যলস কোথায় গেলা আজকে তিনি নেই, পেরামবুদুরে তাঁকে হত্যা করা হয়েছে। তারপর যে সরকার হল —এখন অবশ্য সেই সরকারও আর নেই—তারা রাজীব গান্ধীর হত্যার ব্যাপারে একটি রিপোর্ট এপর্যন্ত ভারতবর্ষের মানুষের সামনে হাজির করতে পারলেন না। ঐ সরকার সেদিন হলদিয়া পেট্রো-কেমিক্যালস সম্পর্কে নানা তত্ত্বকথা শুনিয়েছিলেন আমাদের এবং মঞ্জুরীটা ১২ বছর ধরে আটকে রেখেছিলেন। তারপর চিফ মিনিস্টার এবং ফিনান্স মিনিস্টারকে দিল্লিতে গিয়ে লড়তে হয়েছে, এখান থেকে নন্-অফিশিয়াল রেজলিউশন গ্রহণ করে আমাদের বারবার দিল্লিতে যেতে হয়েছে। কিন্তু আমাদের বারবার বলা হয়েছে—আই অ্যাম থিঙ্কিং। এই প্রসিডিওরটা এতদিন পর্যন্ত ছিল। আজকে যখন একটা পজেটিভ স্টেপ নেওয়া হচ্ছে তখন তারা ঐ প্রশ্ন তুলছেন। তবে আমি তাদের বলছি, নাম্বার অফ রেজিস্ট্রার্ড ফ্যাক্টরী ১৯৮০ সালে যেখানে ছিল ৬,৪২১ টি, সেখানে ১৯৯৩ সালে দাঁড়িয়েছে ৯,৭৮৭ টিতে। কিন্তু এরজন্য তো বামফ্রন্ট সরকারকে সমর্থন করা যাবে না কংগ্রেসের পক্ষ থেকে। আর ফ্যাকটিরীগুলোতে মোট কত লোক কাজ করেন পশ্চিমবঙ্গে? ১৯৮০ সালে এই সংখ্যাটি ছিল ৬.৪ লক্ষ, কিন্তু ১৯৯৩ সালে সংখ্যাটা ৯.৪ লক্ষ হয়েছে, অর্থাৎ শ্রমিক-সংখ্যা বেড়েছে। এরজন্যও আমদের সমর্থন করবেন না? যা আমরা বলছি, ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট কতটি ক্ষেত্রে ছিল স্ট্রাইক এবং লকআউট নিয়ে? এটা ১৯৮০ সালে ছিল ১৮৭ টি এবং ১৯৯৫ সালে প্রভিসনাল যে রিপোর্ট তাতে ছিল স্ট্রাইক ৩২টি এবং লকআউট ১৩৬টি। এতে ম্যান ইনভেস্ট ছিল ১৯৮০ সালে ১৫৩.৮ হাজার, ১৯৯৫ সালে প্রভিসনাল রিপোর্টে ৮৩.৩ হাজার। এসব কারণে ম্যান-ডেজ গেছে ১৯৮০ সালে ৬১.৮ লক্ষ, ১৯৯৫ সালে ৫৬ লক্ষ। কেস অফ লে-অফ্—এরফলে ক্ষতিগ্রস্থ হয়েছেন কতজন?

[3-30—3-40 P.M]

১৯৮০ সালে আমরা দেখতে পাচ্ছি ১১,৯৬৬। পারসন স্ট্রেনথ ১০৪৩। ১৯৯৫ সালে ৫। ১৯৯৫ সালে রিট্রেঞ্চমেন্ট বেড়েছে। এই অবস্থায় আমরা এগিয়েছি। এখানে এই সমস্থ যেটা ঘটেছে সেই ব্যাপারে লেবার দপ্তর এবং শিল্প পুনর্গঠন দপ্তরের উদ্যোগের অভাব নেই। সেখানে মানুষদের পাশে এসে দাঁড়ানো সম্ভব হয়েছে। প্রফুল্ল চক্রবর্তীর আন্দোলন একটা কায়দায় চলছে। প্রফুল্ল চক্রবর্তী সারা পশ্চিমবাংলায় অনেক শিল্পীকে নিয়ে গান গেয়ে যাচ্ছে। হাজার হাজার টাকা আসছে এবং সেই টাকা দিয়ে শ্রমিকদের খাদ্যের ব্যবস্থা হচ্ছে। শুধু মাত্র দায়িত্ব জ্ঞানহীনের মতো কথা বলছি না। আমাদের এক্সপেন্ডিচার আমরা বাড়াচ্ছি। জিনিসপত্রের দাম বাড়ছে, বাজেটের অঙ্কও সেই কারণে বাড়াতে হচ্ছে। রেভিনিউ সোর্সেস আরও বাড়ছে। আমাদের সেলস ট্যাক্স কোথায় ছিল, কোন জায়গায় নিয়ে যেতে পেরেছি। সেলস ট্যাক্স আমরা কত তুলেছি? ১৯৮০ ৮১ সালে ছিল ২৯৲ কোটি টাকা, সেখানে ১৯৯৫-৯৬ সালে সেটা হয়েছে ২৫১২ কোটি টাকা।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে)

তা ছাড়া আরও অনেক সাফল্যের দিক আছে, আমরা সময় নেই, সেই কারণে বলতে পারছি না। যেমন বার্থ রেট কমেছে। আমাদের বাজেটের আরও একটা দিক আছে। আমরা বলেছি কিছু বেকার যুবককে পঞ্চায়েতের মাধ্যমে নিয়ে এসে স্কুল মাস্টারি করাব। আমরা এই কথা বলছি, তাতে কংগ্রেসের সমর্থন নেই। তারপর আর কি বলা আছে? যে সমস্ত কৃষক পাট্টা থেকে আরম্ভ করে পড়াশোনার সুযোগ পায় নি তাদেরকে কৃষক পেনশন দিচ্ছি এবং এই পেনশনটা ১০০ টাকা থেকে বাড়িয়ে ২০০ টাকা করছি। তারও বিরোধিতা ওনারা করছেন। এই জায়গায় দাঁড়িয়ে ভারতবর্ষের বুকে আমরা বিকল্প অর্থনীতি ভারতবর্ষের সামনে হাজির করছি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২১ তারিখে মাননীয় অর্থমন্ত্রীর দেয় বিবৃতিকে সমর্থন্ করে আমি সামান্য কিছু বক্তব্য রাখছি। পশ্চিমবাংলা ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য। এই বৃহত্তর ভারতবর্ষে দুর্দিন কি ভাবে এল? ২০-৩০ বছর হল পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি হওয়া শুরু হয়েছে। প্রথম থেকেই দুর্নীতি ছিল, টাকা পয়সা নিজেরা নিয়ে নিত। তারা জানত একবার এম.এল.এ., এম.পি হতে পারলেই সারা জীবন বসে খেতে পারব। সেই জন্য তাঁরা ভারতবর্ষের মানুষের দিকে তাকাতে পারেন নি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, পশ্চিমবাংলায় যদি আপনি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মতো রূপরেখা দিয়ে নিজেদের উদ্যোগে পরিকল্পনা করতে পারেন, তাহলে পশ্চিমবাংলার মানুষের অভাব অনটনের কিছুটা সুরাহা করা সম্ভব হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এই নিবেদন করছি। ইতিমধ্যে আমাদের দেশে বৃহৎ পরিকল্পনা হয়ে গেছে। তারমধ্যে দিয়ে গ্রামে গঞ্জের খেটে খাওয়া মানুষ কতটা উপকৃত হয়েছে, সে সম্বন্ধে আমার নিজস্ব ধারনা হলো যে, তাদের কাছে সুফল গিয়ে পৌঁছায় নি। আমি আশা করবো, মাননীয় মন্ত্রি মহাশয় আগামী দিনে এই রকম নিজস্ব পরিকল্পনা গ্রহণ করবেন, যার মাধ্যমে পশ্চিমবাংলা এগিয়ে যেতে পারবে। আমদের ভারত সরকার দেশ বিদেশ থেকে ঋণ নিয়েছেন দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য। আজকে তাঁরা সেই ঋণের টাকা ব্যয় করে যদি সত্যিকারের দেশকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করতেন, তাহলে দেশের মানুষকে ঋণের ভারে জর্জরিত হতে হত না। আজকে যে শিশু জন্মগ্রহণ করছে তাকে জন্মগ্রহণের সাথে সাথে বিরাট অঙ্কের ঋণের বোঝা নিয়ে জন্মগ্রহণ করতে হচ্ছে। সেইজন্য আমি বলছি যে, এই পশ্চিমবাংলার থেকে যদি এমন পরিকল্পনা গ্রহণ করতে পারি পশ্চিমবাংলার উন্নয়নের জন্য, তাহলে তা ভারতবর্ষে অন্যান্য রাজ্যের কাছে অনুকরণীয় বলে বিবেচিত হবে। এবং সেই পরিকল্পনা যদি দেখাতে পারে যে মানুষের সত্যিকারের কল্যাণের জন্য রচিত হয়েছে, তাহলে তা ভারত সরকারের কাছে অনুকরণীয় হবে। ভারত সরকার মানুষের জন্য বিভিন্ন পরিকল্পনা নিয়েছেন। কিন্তু তা দিয়ে কতটা কাজ হয়েছে? আমদানি-রপ্তানির ক্ষেত্রে ভারত সরকার শুল্কের পরিমাণ কমিয়ে দিয়েছেন। আজকে তারফলে বিদেশি জিনিসপত্রে দেশ ভরে গেছে এবং যার ফলস্বরূপ আমাদের দেশের ক্ষুদ্র, মাঝারী এমন কি বৃহৎ শিল্প কারখানা বন্ধ হয়ে পড়ছে। এরফলে বহু সংখ্যক মানুষ বেকার হয়ে পড়েছে। তাদের অনেকে না খেতে পেয়ে কোনও রকমে বেঁচে

আছে আমাদের দেশে ১৯৯১-৯২ সালে রপ্তানি বাণিজ্যের পরিমাণ ছিল ৩,৮১৩ কোটি টাকা এবং ১৯৯৫-৯৬ সালে বেড়ে হয়েছে ১৫,১৯২ কোটি টাকা। অর্থাৎ পূর্বের তুলনায় প্রায় ৪ গুণ বেশি হয়েছে। আমাদের এখানে জাতীয় বার্ষিক গড় উৎপাদন যেটা ১৯৯১-৯২ সালে ছিল ৬.৩ শতাংশ, তা পরের পাঁচ বছরে ১.৬ শতাংশ কমে দাঁড়িয়েছে ৪.৭ শতাংশ। খাদ্যশস্যের বার্ষিক গড় উৎপাদনের ব্যাপারে আগে পশ্চিমবাংলার কথা বলতে হবে। আমরা এখানে ভূমি সংস্কারের মাধ্যমে মানুষকে সঙ্গে নিয়ে যে ভাবে এগিয়েছি, তাতে ওরা ভূমি সংস্কার জিনিসটা কি, ভুত না প্রেত, এটা এখনও বুঝতে পারেন নি। ভূমি সংস্কারের মধ্যে দিয়ে আমরা যেটা ভেবেছি যে, জমির মালিক নিজের শ্রম দিয়ে যাতে নিজেকে প্রতিষ্ঠা করতে পারে। আমরা সেটাই করেছি আজকে তাই পশ্চিমবাংলায় গড় উৎপাদন বেড়েছে এবং এর পরিমাণ ভারতবর্ষের গড় হিসাবের চাইতে বেশি। আমরা এখনও পর্যন্ত সব কৃষকের কাছে চাযের জন্য সব ইকুইপমেন্টস পৌঁছে দিতে পারিনি। তাই এখনও বহু জায়গায় কৃষক ডিজেল দিয়ে নিজের জমিতে আবাদ করতে হয়। বছরে এক একর জমি ডিজেল দিয়ে চাষ করতে খরচ হয় ৬ হাজার টাকার মতো। এটিকে যদি বিদ্যুৎ চালিত করা যায় তাহলে ৩ হাজার টাকার বেশি খরচ হবে না। বিদ্যুৎ চালিত করতে পারলে কৃষকের হাতে উদ্বৃত্ত পয়সা আসবে এবং তা দিয়ে সে ছেলেমেয়েদের জামা কাপড় কিনতে এবং ছেলেমেয়েদের লেখাপড়ার পিছনে ব্যয় করতে পারবে। চাষের কাজে ব্যবহৃত মেশিনগুলোকে যাতে বিদ্যুতের সাহায্যে চালানো সম্ভব হয়, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয়, সেদিকে বিশেষ ভাবে দৃষ্টি দেবেন। এটা করতে পারলে গ্রামগঞ্জের উন্নতির যে কথা আমরা ভাবি তা সম্ভব হবে। কৃষকদের জমিগুলোর আবাদের ক্ষেত্রে—সেচের ক্ষেত্রে—বিদ্যুৎ চালিত করার জন্য আপনি একটু চিন্তা করে দেখবেন।

[3-40—3-50 P.M]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাত আটটি যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়েছে তারমধ্যে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্যয় হয়েছে ২৩৬৩ কোটি টাকা। সেখানে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যয়কে ৮৩.৯ শতাংশ বৃদ্ধি করে প্রায় ৪৩৪৭ কোটি টাকায় উন্নীত করা সম্ভব হয়েছিল। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়কালে মোট পরিকল্পনার ব্যয় থেকে প্রায় ১১০.২ শতাংশ বৃদ্ধি কারে ৯১৩৯ কোটি টাকায় উন্নীত করা যাবে। তারফলে সারা ভারতবর্ষের সব রাজ্যের মুখ্যমন্ত্রিদের ডেকে একটা আলোচনা করার কথা ছিল এবং মুখ্যমন্ত্রিদের সর্বসম্মত সিদ্ধান্তমতো কনসাইমেন্ট ট্যাক্স চালু করলে তার বাবদ পশ্চিমবঙ্গে অষ্টম পঞ্চবার্ষিকী যোজনা কালে মোট পাওয়া যেত ৬৯০ কোটি টাকার মতো। সেখানে পশ্চিমবাংলা ৬৯০ কোটি টাকার কোনও অর্থই পায় নি। তারপরে কেন্দ্রীয় সরকার তো বিগত আমলে যখন জিনিসের দাম বাড়িয়ে দিতেন, তারা বাজেটের বাইরে কয়লার দাম বাড়িয়ে দিয়ে ওখান থেকে ১০০ কোটি টাকার মতো রয়ালটি আদায় করেছেন। ওই যে কয়লার রয়ালটির হার বাড়ল, এই বর্দ্ধিত হারের ভিত্তিতে সংশ্লিষ্ট সব রাজ্যই রয়্যালটি বাবদ প্রাপ্য পায়, কিন্তু পশ্চিমবাংলা তা পায় না। অষ্টম পঞ্চবার্ষিকী যোজনাকালে পাওনা ৯০০ কোটি টাকার থেকে পশ্চিমবঙ্গ বঞ্চিত হচ্ছে। কনসাইমেন্ট ট্যাক্স এবং রয়ালটি বাবদ পাওনা কেন্দ্রীয় সরকার দিলে পরে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্যয় বরাদ্দ বৃদ্ধি করে প্রায় ১০,০০০কোটি টাকায় পৌঁছানো যাবে। আমি আশা করব মাননীয় অর্থমন্ত্রী সেইদিকটা দেখবেন। আজকে এই রাজ্যে যে উন্নতির জোয়ার এসেছে

তা ভূমি সংস্কারের মধ্যে দিয়ে। ৩১.০৩.৯৬ পর্যন্ত প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী ভূমি সংস্কারের ফলে উপকৃত হয়েছে ৫৭ শতাংশ তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায় সহ ২৩ লক্ষ ১১ হাজার কৃষক। মহিলারা উপকৃত হয়েছেন প্রায় ৩ লক্ষ, এছাড়া উপকৃত হয়েছেন ১৪ লক্ষ ৬৬ হাজার বর্গাদার। আজকে এই জনমুখি বাজেটের প্রভাবের ফলে প্রায় ৪০ লক্ষ ৭৮ হাজার কৃষক মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উপকৃত হয়েছেন। ১৯৫৬ সালে জমিদারি উচ্ছেদ আইন চালু হয়েছিল, এরজন্য রাতের পর রাত গ্রামে গ্রামে আমরা বৈঠক করেছিলাম এবং ১৯৬৭-৬৮ সালে ওই উচ্ছেদ আইনের ফলে আমরা অনেক জমি বিলি করতে সক্ষম হয়েছিলাম। তবে অনেক জমি-জমা নিয়ে মামলাও চলছিল, যারফলে বিলি করা যায় নি, সেগুলো আটকে গেছিল। আশা করি মাননীয় অর্থমন্ত্রী ওইসব মামলা ফয়সালা করা জমি বিলি করতে সক্ষম হবেন। এবং ওইসব উদ্বৃত্ত জমি কৃষকদের মধ্যে বিলি করা সম্ভব হবে। তারপরে খাদ্যশস্যের ক্ষেত্রে একটা জোয়ার এসেছে। আস্তে আস্তে কৃষকেরা তাদের নিজেদের চেষ্টায়, নিজেদের বুদ্ধি খাটিয়ে অনেক উন্নতি সাধন করতে সক্ষম হয়েছে। এখন তাদের চাহিদা বেড়েছে, তাদের চাহিদা তারসঙ্গে পাল্টেছে, তাদের রুচি পাল্টেছে। এখন যেখানে কাঁচা রাস্তা সেখানে তারা পাকা রাস্তা করার দাবি জানাচ্ছে। যেখানে রাস্তার ইট দিয়েছে সেখানে তারা পীচ করে দেওয়া হবে বলে দাবি জানাচ্ছে। সাথে সাথে যেসব জায়গায় ইলেকট্রিক পৌঁছায়নি তারা আজকে বিদ্যুতের দাবি করেছে এবং বলছে যে, আপনারা তো বাড়িতে পাখার হাওয়া খাচ্ছেন, টি.ভি. দেখছেন, ওই যে কিছুদিন আগে বিশ্ব কাপ হয়ে গেল দেখতে পেলাম না, এখানে বিদ্যুতের ব্যবস্থা করুন তাহলে ক্লাবে টি.ভি কিনে আমরাও খেলা দেখতে পারি। আশা করব মাননীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করে বিদ্যুৎ পৌঁছে দেবার ব্যবস্থা করবেন। সমস্ত গ্রামে যাতে বিদ্যুৎ পৌঁছে যায় তার একটা ব্যবস্থা করবেন। আমার এলাকায় বিশেষ করে বাগদার অধিকংশ গ্রামে বিদ্যুৎ পৌঁছায়নি, যে সব গ্রামের পাশ দিয়ে বিদ্যুৎ গিয়েছে, কোনও জায়গায় এক-দুইটি পোস্ট পড়েছে কিন্তু ২টির জায়গায় চারটি তারও যায়নি। মিটার কোনও কোনও জায়গায় বসিয়েছিল, কিন্তু কোনও অজ্ঞাত কারণে মিটার বিদ্যুৎ দপ্তরের কর্মীরা তুলে নিয়েছে। আমি আশা করব এই ব্যাপারে বিদ্যুৎ মন্ত্রীর সঙ্গে আলোচনা করে যে এলাকায় বিদ্যুৎ এর পোস্ট দেওয়া হয়েছিল, বিদ্যুৎ এর লাইন আছে, কিংবা টাকা জমা দেওয়া আছে, যেখানে মিটার বক্স দেওয়া হয়েছিল সেইসব জায়গাগুলিতে আবার যেন নতুন করে ইনস্টল করা হয়। আশা করব এই ব্যাপারে আপনি দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। মাননীয় মন্ত্রী যে সুযোগ সুবিধা দিয়েছেন তার মধ্যে যে জিনিসটা এখানে এসেছে সেটা হচ্ছে, ক্ষেতমজুরদের পি.এফ. এর ব্যবস্থা। আমাদের গ্রামে কিছু কিছু গরিব মানুষ আছে, যারা রিক্সা চালায়, ঠেলা চালায়, সেখানে শুধু ক্ষেতমজুরদের কথা ভাবলে চলবে না। যারা দিন আনে দিন খায় তাদের জন্যও চিন্তা করতে পারেন কিনা এটা একটু ভেবে দেখবেন। পি.এফ. লোনের ব্যাপারে বলি যারা দৈনিক ৩০/৩৫ পয়সা যোগাড় করে মাসে ১০ টাকা জমা করবে সেখানে আপনি ১০ টাকা দেবেন কিন্তু এখানে বয়সের পরিমাপটা ঠিক করা নেই, কোন বয়স থেকে এটা হবে। আশা করব পি.এফ. এর সাথে ইনসিওরেন্সটা চালু করতে পারেন কিনা দেখবেন। যারা রিক্সা চালায় ঠেলা চালায় তাদেরও এই ব্যাপারে কিছু সুবিধা দেওয়া যায় কিনা দেখবেন। পশ্চিমবাংলার লিভিন্ন রাস্তাঘাট যেগুলি ইনকমপ্লিট আছে, ১/২ কি.মি. বাকি আছে, যেগুলি করলে যাতায়াতের সুবিধা হবে, যেমন

আমার এলাকায় কলমবাগান বেয়ারা রাস্তাটি ৬ কি.মি. হয়ে পড়ে আছে, পাথুরিয়া পর্যন্ত ২ কি.মি. রাস্তা বাকি আছে, এটা যদি হয়ে যায় তাহলে কৃষ্ণনগর থেকে বনগাঁ যে পথটি ১৬/১৮ কি.মি.লাগে যেতে সেটির পরিমাণটা কমে যাবে। আমি আশা করব এই ব্যাপারটি নিয়ে আপনি পূর্তমন্ত্রীর সঙ্গে আলোচনা করে কাজটি করবেন। সাব-রেজিস্ট্রি অফিসে এখন সাব-রেজিস্টার থাকে না, জমির প্রকৃত মূল্য যেটা সাব-রেজিস্টার নির্দ্ধারণ করেন, সেখানে দেখা যাচ্ছে, রেজিস্ট্রেশন ফিজ যেটা ১০ হাজার টাকা জমির মূল্য অনুযায়ী হওয়ার কথা, সেখানে সাব-রেজিস্ট্রার বলে দিচ্ছে, ঐ জমির মূল্য ৩০ হাজার টাকা হবে, অতএব তাকে ঐ মূল্য অনুযায়ী রেজিস্ট্রেশন ফিজ দিতে হবে। এই ব্যাপারটা দেখা দরকার। জমি কিনব আমি—টাকা দেব আমি, আর তার দাম নির্দ্ধারণ করবে সাব-রেজিস্টার এই ব্যাপারটা একটুখানি দেখা দরকার। আপনি ষ্ট্যাম্প ডিউটি কমালেন ফাইভ পারসেন্ট করেছেন বটে কিন্তু প্রকৃত দাম অনুযায়ী সেটা ঠিক করতে পারেন কিনা দেখবেন। কৃষকদের জন্য যে ভাতা, এটা কমল গুহ মহাশয় যখন মন্ত্রী ছিলেন সেই সময় করে গিয়েছিলেন, তখন ৬০ টাকা ছিল, সেটা এখন বেড়ে ১০০ টাকা হয়েছে। যদি কৃষকদের পেনশন দেন ১০০টাকা করে, বার্ধক্যভাতা যেটা ১০০ টাকা ছিল, সেটাকে বাড়িয়ে ২০০ টাকা করেছেন, এক্ষেত্রে কৃষকদের পেনশনটা আরও বাড়ানো যায় কিনা দেখবেন। এছাড়াও ৬০ বছরের উর্দ্ধে যে সমস্ত কৃষক তাদেরকেও এই স্কীমের মধ্যে যুক্ত করানো যায় কিনা সেটাও দেখবেন। ক্ষেতমজুরদের সাথে যে কৃষক এক সময় মাঠে যেত, এখন মাঠে যেতে পারছে না বয়স এর জন্য, সেই লোকটাকে পেনশন দেওয়া যায় কিনা একটুখানি ভেবে দেখবেন।

[3-50—4-00 P.M]

আমি শিডিউলড কাস্ট, শিডিউলড ট্রাইবস্ এদের কথা বলছি। পশ্চিমবাংলার মানুষ আমাদের ভালোভাবে আর্শিবাদ করেছে বলেই আমরা সবাই একজোট হয়ে সমস্ত কিছু করতে সক্ষম হয়েছি। সেদিন একটা আইন এখানে রচনা হয়ে গেল, সংরক্ষণের আইন, তাদের যদি চাকরি না দেওয়া হয় তাহলে তাদের জরিমানা হবে। আমি একটা স্কুলের ঘটনা বলছি, সেখানে কেমিস্ট্রি এবং ইতিহাসের শিক্ষক নেবে। ইতিহাসের শিক্ষক যখন নেওয়া হচ্ছে তখন সেটা আন-রিজার্ভড্ করে দেওয়া হচ্ছে এবং কোয়ালিফিকেশনও কম চাইছে। কিন্তু যখন কেমিস্ট্রির টিচার চাওয়া হচ্ছে, তখন সেটা রিজার্ভ করে দেওয়া হচ্ছে এবং বলা হচ্ছে এম,এস,সি পাশ ও অনার্স কোয়ালিফিকেশন চায়। স্যার, ইংলিশে বা কেমিস্ট্রিতে অনার্স বা এম.এ শিডিউলড কাস্ট বা শিডিউলড ট্রাইবসদের মধ্যে খুবই কম আছে। আশা করি আপনি এই ব্যাপারটা একটু চিন্তা করবেন এবং এই রকম যাতে না করা হয় তা দেখবেন। সুযোগ-সুবিধা যা তাদের পাওয়া উচিত তার ব্যবস্থা করবেন। আমি আর বেশি কথা না বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী নির্মল দাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, এখানে গত ২১ তারিখ যে বাজেট বরাদ্দ মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমরা জানি একটা পরিবর্তিত পরিস্থিতির মধ্যে দিয়ে আমরা চলছি। অতীতে যাদের বিরুদ্ধে আমরা সংগ্রাম করেছি, আন্দোলন করেছি, এই বিধানসভা থেকে আমরা অনেক প্রস্তাব পেশ করেছি, তারা আজকে নেই।

কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন আদায় করার ব্যাপারে একটা সময় আবার এসেছে। বাজেট বক্তৃতার শুরুতে আমি অনুরোধ করব, এখানে বুদ্ধদেব বাবু আছেন, গোটা ব্যাপারটাকে আপনি নতুনভাবে দেখুন, আপনি এখানে যে প্রস্তাব দিয়েছেন ১৫৯০ কোটি টাকা, কয়লার রয়্যালটি থেকে শুরু করে অষ্টম যোজনায় ৬৯০ কোটি টাকা পাওনা আদায়ের একটা সুযোগ আমাদের এসেছে। আপনি একটু ঝুঁকি নিয়ে বলেছেন এই বাজেটে ৪০ পারসেন্টের কথা। কারণ এখনও কেন্দ্রীয় বাজেট হয়নি। সেইজন্য আমি আপনার উদ্দেশ্যে বলব, এই ১৫৯০ কোটি টাকা যাতে আপনি পান এই ব্যাপারটাকে নিশ্চিত করা দরকার। অতীতের সরকার প্রতিশ্রুতি দিয়েছিল, কিন্তু তারা দেননি, প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। এবার যুক্তফ্রন্ট সরকার এসেছে আমরা আশা করব সেই ১৫৯০ কোটি টাকা যাতে পাওয়া যায় সেটা দেখবেন। আমি আরও বলব, যে সমস্ত প্রকল্পগুলো ঘোষিত হয়েছে এবং এই মন্ত্রিসভা যে প্রকল্পগুলোর শিলান্যাসের অনুমোদন দিয়েছেন সেইগুলোকে অগ্রাধিকার দিন, সেইভাবেই বাজেট বরাদ্দ করুন এবং অ্যাপ্রুভ্যাল দিয়ে কাজ করুন। জনগণের কাছে মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছেন সেই প্রতিশ্রুতিকে রূপায়িত আমাদের করতে হবে। আমরা বহু প্রতিশ্রুতি এর আগে দিয়েছি, কিন্তু সেই প্রতিশ্রুতি আমাদের রূপায়িত হয়নি। সেগুলো কে রূপান্তরিত করার গ্যারান্টি রাজ্য সরকারকে দিতে হবে। যেহেতু কেন্দ্রে একটা সরকার এসেছে, আমি এই কথাটা বলতে চাই, আমি বিশেষ করে যে এলাকা থেকে প্রতিনিধিত্ব করি জলপাইগুড়ি, আলিপুরদুয়ার সেই ডুয়ার্স থেকে ৫ হাজার কোটি টাকার চা থেকে পাট থেকে কেন্দ্রীয় সরকার গত ৪৮, ৫০ বছরে পেয়েছেন। সেখানে দেখা যাচ্ছে উন্নয়নের ব্যাপারে আমাদের দিকে দৃষ্টি দেওয়া হয় নি। আপনারা রাজ্য মন্ত্রিসভা থেকে সিদ্ধান্ত নিয়ে পুন্ডিবাড়ী কৃষি বিশ্ববিদ্যালয় করেছেন। পূর্ণাঙ্গ নয়। সেটা হচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস। আমি এবং অর্থমন্ত্রীক বলেছিলাম এবার একটা সুযোগ নিন। এবার পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে পরিণত করুন। আমরা যেটা দাবি করেছি বারবার আপনারা সেটা দেখুন। এখানে স্বাস্থ্যমন্ত্রী বিবৃতি দিন। আপনারা জানেন, আমরা যে এলাকায় থাকি কুচবিহার, জলপাইগুড়ি, ভুটান সীমান্ত জাতীয় এবং আন্তর্জাতিক সীমারেখার কাছে আমরা অবস্থিত। সেখানে মহামারী ম্যালেরিয়া, আন্ত্রিক মাঝে মধ্যেই ঘটে। আমদের যেটা দাবি সুস্পষ্টভাবে মাননীয় অর্থমন্ত্রীর কাছে এবারে আপনি একটা মেডিক্যাল কলেজ ডুয়ার্সে বিশেষ করে আলিপুরদুয়ারের মতো জায়গায় স্থাপন করুন —যেখান থেকে দুরত্ব কুমারগ্রাম তিনশো কিলোমিটার, নিয়ারেস্ট মেডিক্যাল কলেজ—নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ। নর্থবেঙ্গল মেডিক্যাল কলেজও ধুঁকে চলছে। সেখানে পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ নেই। সেটাকে আপনি দেখুন। আপনি দেখুন সেখানটায় একটা গবেষণা কেন্দ্র গড়ে তোলা যায় কিনা। আমি আপনাকে আগেও বলেছিলাম, বুদ্ধবাবু, আপনার ঘরে বলেছিলাম যে আপনারা দেখুন গোটা এলাকায়, কংগ্রেস আসামে পরাজিত হওয়ার পরে, বিচ্ছিন্নতাবাদী শক্তি যেগুলো আছে তাদের দিয়ে সেখানে একটা জাতি দাঙ্গা শুরু করেছে। তার শিকার হচ্ছি আমরা। আমরা বারবার করে অনুরোধ করেছি যে আপনারা দয়া করে সেখানে ডব্লু.বি.সি.এস কিছু অফিসারকে বসিয়ে দিয়েছেন। ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসের কিছু লোকজন আছে। তাদের দিয়ে হচ্ছে না। আমার স্পেসিফিক প্রস্তাব কুচবিহার থেকে জলপাইগুড়ি সমস্ত সীমান্ত এলাকায় যে সমস্ত মহকুমা শহর আছে সেখানে আই.পি.এস. দিন সেখানে অ্যাডিশন্যাল ডি.এম পোস্টিং করুন। সেখানে আরও বেশি ফোরস্ দিন। অর্থের

ব্যাপারে যেন কোনওরকম প্রতিবন্ধকতা না হয়। সেটাকে নিশ্চিত করুন। আপনি জানেন ভূটানে প্রায় এক বছর ধরে স্বাধীকার আন্দোলন চলছে। সেখানে যারা নেপালি ভাষাভাষী মানুষ তাদের উৎখাত করা হচ্ছে। গোটা ব্যাপারটা জলপাইগুড়িতে চলে আসছে। প্রতিনিয়ত গন্ডগোল হচ্ছে। বনধ্ হচ্ছে। সেটাকে দেখা দরকার এবং কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করুন। ওদেরও কিছু দায়িত্ব আছে। সে দায়িত্ব তাদেরকে নিতে হবে। মাননীয় অর্থমন্ত্রী আপনি পরিসংখ্যান দিয়েছেন যে কৃষি উৎপাদনে আমরা প্রথম বনসৃজনে আমরা প্রথম। কিন্তু সেটা আনন্দের হলেও মনে রাখতে হবে খাদ্য কিন্তু বর্ডার এলাকা দিয়ে চলে যাচ্ছে। সেটাকে প্রতিরোধ না করতে পারলে খাদ্য উৎপাদন যতই করুন না কোনও লাভ হবে না। আপনার কাছে আমি স্পেসিফিক প্রস্তাব দিচ্ছি। আপনারা সুন্দরবন ডেভেলপমেন্ট অথরিটি করেছেন। জলপাইগুড়ি শিলিগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি করেছেন। গোর্খা হিল কাউন্সিল করেছেন। আমাদের সুস্পষ্ট দাবি আপনারা উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ করুন। আমাদের দাবি এই জন্য বিগত ৪৮ বছর কংগ্রেস উত্তরবঙ্গকে শোষণ করেছে, বঞ্চনা করেছে। উন্নয়নের যা কিছু শুরু হয়েছে বামফ্রন্টের আমলে এটা অস্বীকার করার উপায় নেই। কিন্তু যে অসমান পরিস্থিতি সৃষ্টি হয়েছে তা সমান করা যাবে না। উন্নয়নের গতিকে সর্বব্যাপক করার জন্য, উন্নয়নকে সর্বত্র পৌঁছে দেওয়ার জন্য দরকার হচ্ছে উন্নয়ন পর্ষদ। আমাদের দাবি হচ্ছে আমাদের থেকেও সমৃদ্ধ এলাকাতেও আপনারা উন্নয়ন পর্ষদ করেছেন তাহলে উত্তরবঙ্গে কেন হবে না। আপনার কাছে আমি দাবি জানাচ্ছি, জবাবি ভাষণে আপনি বলবেন এ সম্পর্কে। উত্তরবঙ্গ উন্নয়ণ পর্ষদের জন্য অর্থ বরাদ্দ করবেন এবং সেখানে যারা নির্বাচিত প্রতিনিধি, তিনি সাংসদ হতে পারেন, বিধায়ক হতে পারেন তাঁদের সাথে যুক্ত করতে হবে।

[4-00—4-10 P.M]

কিন্তু পঞ্চায়েতের ব্যাপারে, বাজেটের প্রস্তাবে আপনারা বলেছেন যে কনট্রাকটরি ব্যবস্থা উঠিয়ে দিতে চাই। এটা খুবই আনন্দের কথা। কিন্তু বর্তমান ব্যবস্থার ভিতর দিয়ে কনট্রাকটরি ব্যবস্থা উঠাতে পারবেন না। বন্যার সময় আপনি গিয়েছিলেন। আমরা দেখেছি, বাঁধ নির্মাণের ব্যাপারে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টকে আইডল করে রাখা হয়েছে। তাঁদের প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে না। আরও কিছু অর্থ তাদের জন্য বরাদ্দ করুন। আপনারা বিদ্যুতে অগ্রাধিকার দিয়েছেন, কিন্তু সেচেও অগ্রাধিকার দিতে হবে। বিভিন্ন ডিপার্টমেন্টের বাজেট বরাদ্দ কমেছে, অর্থের মূল্যমান বাড়ছে না। সেজন্য স্পেসিফিক্যালি সেগুলোকে ইয়ার মার্কড করে দিন। আমি আমার সাবজেক্ট কমিটির রিপোর্টে বলেছিলাম—শতকরা ১০ ভাগ, অন্তত ১০ ভাগ টাকা সেচের জন্য বাড়ানো হোক, যাতে বন্যা নিয়ন্ত্রণ ও ডিপোজিট ওয়ার্কের উন্নতি করতে পারে। জেলা পরিষদে যে টাকা দেন তা ইয়ার মাকর্ড করে ১০ পারসেন্ট টাকা সেচের জন্য ব্যয় করতে হবে। মাননীয় অর্থমন্ত্রী শিক্ষার জন্য জেলা পরিষদে আরও অর্থ বাড়ান। অন্তত ১০ পারসেন্ট শিক্ষাখাতে ব্যয় করুন। সেচের জন্য তাদের ব্যবস্থা করতে হবে, যোগাযোগ, রাস্তার জন্যও ব্যবস্থা করতে হবে। আপনি জানেন যেখানে বন্যা, প্রাকৃতিক দুর্যোগ হয়েছে সেখানে ১৮ থেকে ২০ বছর ধরে পঞ্চায়েত, বাঁধ নির্মাণ, বিল্ডিং, স্কুল, কলেজ করেছে। যেখানে শস্য ধ্বংস হয়ে যায় সেই সব ধ্বংসের হাত থেকে পঞ্চায়েত এলাকাকে বাঁচায় এবং সেচের জন্য পঞ্চায়েত কাজ করে—তাই এর জন্য কিছু টাকা পঞ্চায়েত ইয়ার মার্কড করতে হবে। এটা

করা ছাড়া বিকল্প রাস্তা নেই। আপনারা বলেছেন, ডিসেন্ট্রেলাইজেশন করেছেন—পাওয়ার দেওয়া হয়েছে। সমস্ত শক্তি নাকি পঞ্চায়েতকে দিচ্ছেন। এর আগে আর.এস.পি র একজন বলেছেন, জেলাপরিষদের যিনি সভাপতি, তিনি আবার ৬৩ রকম কমিটির চেয়ারম্যান বা সভাপতি। তাঁর পক্ষে এত কাজ দেখা কি করে সম্ভব? সেজন্য বলি আপনারা বিধায়কদের এসব কাজে ইনভলভড করুন। বহু জায়গায়, বহু কমিটির মিটিং-এ আমরা কল পাই না। সুতরাং বিধায়কদের যদি ইনভলভড করা হয় তাহলে ডিসেন্ট্রেলাইজেশনের যে আহ্বান করেছেন সেটা আরও ভাল হবে। আপনি চা-বাগিচার মালিকদের জন্য, চা ব্যবসার সঙ্গে যুক্ত যাঁরা, তাঁদের জন্য নানা সুযোগ সুবিধা করে দিয়েছেন। কিন্তু আমি জানি তাঁরা রেশন দেন না। আমার বিধানসভা এলাকায় ৪টে চা-বাগানের মালিকরা বিদ্যুতের ব্যবস্থা করেননি, পানীয় জলের ব্যবস্থা করেন নি, সেখানে ঘর-বাড়ির ব্যবস্থা করেন নি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, মজুদুরদের জন্য চা-বাগান মালিকরা কিছু কাজ করেন নি। কিন্তু আপনি সেই চা-বাগান মালিকদের সুযোগ-সুবিধা করে দিয়েছেন। আমি আপনাকে অনুরোধ করছি, আপনি শ্রমিক ইউনিয়নের সঙ্গে কথা বলুন। আমি নিজে নর্থ বেঙ্গল ফরেস্ট মজদুর ইউনিয়নের সঙ্গে যুক্ত। আমি জানি সেখানে পঞ্চায়েতের কোনও সুযোগ-সুবিধা নেই। এখানে ৫৫ হাজার শ্রমিক আছেন। এখানে যোগাযোগের ব্যবস্থা নেই, স্কুল, বিল্ডিং-এর সুযোগ-সুবিধা তারা পায় না। শিলিগুড়িতে মিটিং করেছেন। কিন্তু প্রধানমন্ত্রীর রোজগার যোজনার টাকা যারা পায় তাদের টাকা দিতে হয়। এর জন্য অনেক সমস্যা আছে। ব্যাঙ্ক কোনও সাহায্য করে না। শ্রমিকদের টাকা দিতে ব্যাঙ্কের অনীহা। ব্যাঙ্কের প্রতিকুল অবস্থার জন্য শ্রমিকদের নানা অসুবিধায় পড়তে হয়। পরিশেষে বলি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জলপাইগুড়িতে হাই-কোর্টের একটা সার্কিট বেঞ্চ হওয়ার কথা ছিল। সেটাকে তরান্বিত করুন। আমি চাইছি যে, বন্যা প্রতিরোধের জন্য মাস্টার প্লানে রেল সংক্রান্ত যোগাযোগ ব্যবস্থা যেগুলো আপনি এখানে ঘোষণা করেছেন, গ্রহণ করেছেন, সেইগুলি নিশ্চিত করুন। আমি আশা করব, সেখানে শিল্পের জন্য, ছোট ছোট চুরুট, খাদ্য প্রকরণ, এসব শিল্প যাতে হতে পারে তার জন্য ব্যবস্থা নেবেন। চা পাট থেকে যে কোটি কোটি টাকা নিয়ে যায়, সেটা দেখা দরকার। 'শিল তোর্ষা' যাতে রূপায়িত হয় তার জন্য আপনাকে অনুরোধ করব।

আর একটি কথা, ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার ডি.এ ঘোষণা করেছেন। আপনি চতুর্থ পে কমিশন বসিয়েছিলেন, ১০০ টাকা দিচ্ছেন ইন্টারিম রিলিফ। কেন্দ্রীয় সরকারের অনুরূপ যে পাওনা আছে, রাজ্য সরকারি কর্মচারিদের বিশেষ করে শিক্ষকদের বকেয়া যা পাওনা আছে, সেটা ঘোষণা করুন আর ইন্টারিম রিলিফ দিন কেন্দ্রিয় সরকারের হারে। অনুরোধ করছি আপনাকে, প্রতিশ্রুতিগুলো রূপায়িত করুন, শিলান্যাস যেগুলো হয়েছে, সেইগুলো রূপায়িত করুন। ১,৫১০ কোটি টাকা আদায় করার যে ঝুঁকি নিয়েছেন, সেটা পূরণ করবেন, এই আশা করি। শেষে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমল কান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রভঞ্জন মন্ডল তাঁর বক্তৃতার ভূমিকায় আমার পরিচয় নিয়ে সংশয় প্রকাশ করেছেন। আমার পরিচয় কি, তা তিনি বুঝতে পারছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সত্যকাম যখন গুরুদেবের আশ্রমে গিয়েছিলেন, গুরুদেব তাঁর পিতৃ-পরিচয়, বংশ-পরিচয় জানতে চাইলে তিনি তখন তা বলতে

পারেন নি। পরের দিন মাকে জিজ্ঞেস করলেন, আমার পরিচয় কি? তাঁর মা তাঁকে বললেন, জন্মেছিলে মনের ইচ্ছায়। তাঁর মায়ের যে মনের ইচ্ছা, তার ফসল হয়েছিল সত্যকাম। তা, আমার পরিচয় নিয়ে বামফ্রন্ট নাকি এই সংশয় প্রকাশ করেছেন, বললেন প্রভঞ্জন বাবু। তা, আমি আমার এলাকার মানুষের মনের ফসল। এই হচ্ছে আমার পরিচয়—সত্যকামের মত্রে।

আমি ৩৩ হাজার ভোটে বামফ্রন্টকে হারিয়ে এসেছি, ৪৯ হাজার ভোটে কংগ্রেসকে, ৬৭ হাজার ভোটে বি.জে.পি কে হারিয়ে এসেছি। এই হচ্ছে আমার পরিচয়। আপনি শুরু করেছিলেন যে, আজকের দিনটা বিধানসভার কালো দিন। কিন্তু কালো সবসময় খারাপ হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, রবীন্দ্রনাথের 'কৃষ্ণ কলি' আমাদের মনে বারেবারে ঘুরে আসে। 'কৃষ্ণ কেশ' আজকে কাব্যে সাহিত্যে বারবার উপমান জগতে জলন্ত হয়ে আছে। কিন্তু কৃষ্ণ পুরুষকে ভজনা করেছে, কোন সাহিত্যিক, কোন কবি, এটা কিন্তু আমরা দেখিনি। তাই,কালো সব সময় খারাপ হয় না।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা মাননীয় অর্থমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। ভূমি সংস্কারের কথা আপনারা বলছেন। ভূমিসংস্কার নিশ্চয় হয়েছে। ১৯৫৬ সালের পর থেকে আমরা যারা কৃষক আন্দোলন করি, কৃষক ফ্রন্টে কাজ করি, আমরা অনেক ঘাম ঝরিয়ে, রক্ত ঝরিয়ে ভূমি সংস্কারকে মানুষের কাছে তুলে ধরেছিলাম। কংগ্রেস আমলে লোক দেখানো কিছু কাজ শুরু হয়েছিল, কিন্তু সেটা প্রচারের মধ্যেই সীমাবদ্ধ ছিল। ১৯৭৭ সালের পরেই ভূমি সংস্কারের কাজ ত্বরান্বিত হয়েছে, তার ফসল মানুষের কাছে পৌঁছেছে। কিন্তু আজকে যে বিপদটা দেখা দিচ্ছে, সেটা কিন্তু আপনাকে ভাবতে হবে, আপনার সরকারকে ভাবতে হবে। যে সমস্ত উদ্বৃত্ত জমি, ভেস্টেড জমি, জিরো খতিয়ানের জমি ভূমি সংস্কারের মাধ্যমে গরিব কৃষকদের হাতে গেছে, সেই জমিগুলি কি তাদের হাতে আছে?

[4-10—4-20 P.M]

না, সেই জমিগুলো আবার বাঁকা পথে আগের মালিকদের ঘরে, বিত্তবানদের ঘরে চলে গেছে। এটা দেখতে হবে। এটা কিন্তু বাস্তব কথা, যাঁরা কাগজে-কলমে রিপোর্ট দেখিয়ে বলছেন—এত লক্ষ একর জমি ভূমি-সংস্কার হয়েছে তাঁরা জানেন কিনা জানি না, ঐ জমির অনেক ভাগই আজ চলে যাচ্ছে বিত্তবানদের কাছে। তার কারণ হচ্ছে, জমি দলগত পরিচয়ে বন্টন করা হল। প্রকৃত যে কৃষক জমিতে যে হাল দেয়, লাঙ্গল দেয়, মই দিয়ে জমির সাথে একান্ত হয়ে যায় তাদের অনেকের কাছে এই জমি যায় না। যারা অ-কৃষক তাদের কাছে জমি চলে গেছে। গরিব মানুষের কাছে জমি যায় নি। ফলে যা হবার তাই হয়েছে। সেই জমি তারা সাথে সাথে বিক্রি করে দিয়েছে। আর সবাইকে খুশি করতে গিয়ে এত সামান্য পরিমাণ জমি বন্টন করা হয়েছে যে, সেই জমি চাষের যোগ্য হয়ে ওঠেনি। আধ বিঘা, এক বিঘা জমি যা বন্টন করা হয়েছে তাতে চাষীদের ঘরের খাবার জোগাড় হয়নি, তাদের সংসার চলেনি। ফলে ঐ লোকেদের অন্য জীবিকার সন্ধানে চলে যেতে হয়েছে। জমি তাদের হাতছাড়া হয়ে গেছে। ভূমি সংস্কার আদৌ হয় নি। স্বাধীনতার পরে আন্দোলন করে এটা শুরু

করা হয়েছিল এবং ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার তাকে প্রকৃতরূপ দেবার চেষ্টা করেছিলেন। কিন্তু ঠিক ঠিক ভাবে প্রকৃত চাষীদের হাতে দেওয়া যায় তার ব্যবস্থা আপনাকে করতে হবে। আমদের পশ্চিমবঙ্গে খাদ্যোৎপাদন বাড়ছে। বিশেষ করে হেক্টর প্রতি উৎপাদন বৃদ্ধি—যেটা আপনি বলেছেন, সেটা কিন্তু খালি ভূমি-সংস্কারে হয়নি। আপনারা অনেকে হয়তো মনে করছেন, এতে আপনাদের গৌরব বৃদ্ধি হচ্ছে কিন্তু এটা আপনাদের পক্ষে লজ্জার ব্যাপার। এই বামফ্রন্ট সরকারের আমলে কৃষিতে প্রযুক্তির ব্যবস্থা করা হয়েছিল, কৃষি-বিজ্ঞানের ব্যবস্থা করা হয়েছিল। যার জন্য হেক্টর প্রতি চাষের হার বেড়ে গেল। নিজেদের সেই কথা কিন্তু আপনারা রাজনৈতিক কারণে বলেন না। কিন্তু প্রকৃত কথা হচ্ছে—ভূমি-সংস্কার প্লাস কৃষি-প্রযুক্তি। এই দুটো মিলে উৎপাদন বৃদ্ধি হয়েছে। আমি বারবার এই হাউসে বলেছি, এটা একটা অধ্যায়, একদিন এটা শেষ হয়ে যাবে, চিরকাল চলতে পারে না। কিন্তু মানুষ থাকবে, কৃষক থাকবে, উৎপাদনের কথা থাকবে, জনসংখ্যা বাড়বে, খাদ্য বাড়াতে হবে। সেদিকে কিন্তু আপনাদের জোর দিতে হবে। কৃষি-প্রযুক্তিতে যারা আছেন তাদের মানসিকতা নিরুৎসাহিত হচ্ছেন। এই দিকে আপনারা একটু লক্ষ্য রাখবেন। আরেকটা সর্বনাশ হচ্ছে, কৃষিজমি লিজ হয়ে যাচ্ছে। কৃষিতে ব্যবসায়ীরা ঢুকে পড়ছে। সারের দাম বাড়ায় চাষের খরচ বেড়ে গেছে ফলে গরিব কৃষক আজ চাষ করতে পারছে না। এবং তাদের সেই অসহায়তার সুযোগ নিয়ে আমাদের দেশের কিছু কিছু ব্যবসায়ীরা গ্রামাঞ্চলে ঢুকে পড়ছেন। তারা জমি লিজ নিয়ে চাষ করছেন। নাম-মাত্র টাকা কৃষককে দিচ্ছে। এবং যে কৃষক জমির মালিক ছিল আজকে সে নিজের জমিতেই ক্ষেত-মজুরের কাজ করছে। এমন একটা দিন আসবে যখন গ্রামের সামাজিক অবস্থার পরিবর্তন হয়ে যাবে। সেখানে কৃষক বলে কিছু থাকবে না, ব্যবসায়ীরা যেমন গ্রামে-গঞ্জে তাদের বিপণন ব্যবস্থা করেছে, গ্রামেও এরকম জমি ভিত্তিক তাদের ব্যবস্থাকে চালু করবে। এই দিকে একটু সতর্ক হওয়ার প্রয়োজন আছে। আপনারা যে এ ব্যাপারে সতর্ক তা কিন্তু মনে হয়নি এই বাজেটের মধ্যে দিয়ে। সেচ ব্যবস্থার কথা বলেছেন, কংগ্রেস আমলে ৩০ পারসেন্ট ছিল, আপনাদের আমলে ৫০ পারসেন্ট করেছেন, বেড়েছে। কিন্তু সেচের যে প্রকল্প সেগুলি বেশিরভাগ অকেজো হয়ে গেছে। এগুলি চালু করার কোনও ব্যবস্থা হচ্ছে না। রিভার লিফট টিউবওয়েল, ডিপটিউবওয়েল, স্যালোটিউবওয়েল এগুলি কোনওখানে মেশিন চুরি হয়েছে, কোনওখানে মেশিন পুড়ে গেছে, কোনওখানে বিদ্যুৎ যায় না, কিন্তু কাগজে-কলমে আছে যে আমরা এত ডিপটিউবওয়েল করেছি, টিউবওয়ের করেছি, স্যালো টিউবওয়েল করেছি। সেটা দেখে আপনারা হিসাব দিচ্ছেন, প্রকৃত অবস্থা কিন্তু এটা নয়। কাজেই আপনাকে লক্ষ্য রাখতে হবে যে সমস্ত সেচ প্রকল্পগুলি বিশেষ করে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলিকে সচল করার জন্য আপনাকে এখনই ব্যবস্থা নিতে হবে। যাতে রবিশস্য, বোরো ফসলের সময় এগুলি কার্যকর করা যায়। গণবন্টনের কথা বলেছেন, এখানে একটা কথা বলি গত বৃহস্পতিবার টি.ভি.তে শুনছিলাম যে আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন ভূমিহীনদের বিনাপয়সায় চাল দেওয়া হবে। কিন্তু বিধানসভা যখন চলছে, বিধানসভাকে এড়িয়ে গিয়ে খাদ্যমন্ত্রীর টি.ভি.তে বক্তব্য রাখা সমীচীন হয়েছে, কি না, সেটা আপনার বক্তব্যে বলতে হবে। কিন্তু আপনার বক্তব্যের মধ্যে তার কিছু চিহ্ন পেলাম না, যেটা খাদ্যমন্ত্রী বলেছেন। আপনি গণবন্টন ব্যবস্থার কথা বলেছেন সে বিষয়ে আপনার কাছে একটা আবেদন রাখছি, যাদের আপনারা বিশেষ সুযোগ দেবেন খাদ্য পৌঁছে দেওয়ার জন্য গণবন্টন ব্যবস্থার মাধ্যমে,

তাদের দয়া করে রেশনকার্ডগুলি আলাদা করে দেবেন। কেন না এই ভূমিহীন, জমিবিহীন যাদের চাল দেন, পঞ্চায়েত তাদের নামের লিস্ট তৈরি করে এবং এ ক্ষেত্রে বেশিরভাগই দেখা যায় ছোট ব্যবসায়ী, প্রাইমারি টিচার, এঁরা তার মধ্যে ভাগ বসায়। প্রকৃত যারা এই চাল পাওয়ার উপযুক্ত তারা কিন্তু রাজনৈতিক কারণে এটা পান না। তাই এদের জন্য রেশন কার্ড আলাদা করে দেবেন। এখানে পঞ্চায়েতকে খোসামোদ করার দরকার নেই। সেখানে রেশন কার্ড নিয়ে তারা যাবে এবং সরকারের তাদের জন্য যে বরাদ্দ চাল সেই জিনিস নিয়ে চলে যাবে। তা না হলে ভুতুড়ে লোকের কাছে এই সুযোগগুলি চলে যাচ্ছে। আমি আশা করব আপনার জবাবি ভাষণে আপনার ভাবনা-চিন্তাগুলি আমাকে জানাবেন। কৃষকদের পেনশনের কথা বলেছেন, বাংলায় একটা কথা চালু আছে যে স্বপ্নে যখন ঘি খাব তখন বেশি করেই খাব। আপনি পন্ডিত লোক, আপনি নিশ্চয়ই এটা জানেন। আপনি ১০০ টাকাকে ২০০ টাকা করবেন, হাজার টাকা, লক্ষ টাকা করলেও কোনও ব্যাপার নয়। জেলায় জেলায় ব্লকে ব্লকে কৃষকরা ২ বছর ধরে পেনশন পাচ্ছে না। গরিব কৃষকেরা মহাকুমা কৃষি আধিকারীকের অফিসে এসে একই কথা বার বার শুনছে যে, সরকার আমাদের না দিলে আমরা দিতে পারব না। আপনি যেখানে যেখানে দেন, আমি আপনাকে বলব ২০০ টাকা দেওয়ার দরকার নেই, যে ১০০ টাকা আগে ছিল, সেই টাকাটা ঠিক সময়ে ওই কৃষকদের কাছে পৌঁছে দিন, আর ২০০ টাকা যদি ঠিক সময়ে তাদের কাছে পৌঁছে দিতে পারেন তাহলে খুব ভালো হয়।

[4-20—4-30 P.M]

আপনি পি.সি. সরকারের উপযুক্ত সাগরেদ হয়ে গেছেন। আপনি বাজেটে অনেক টাকার বরাদ্দ রাখেন। কিন্তু আমরা যখন অফিসে গিয়ে অফিসারদের সঙ্গে দেখা করি এবং জিজ্ঞাসা করি,—রাস্তা হচ্ছে না কেন? উত্তর পাই, 'টাকা আসে নি।' হাসপাতাল তৈরি হচ্ছে না কেন? 'টাকা আসে নি।' কৃষি পেনশন দেওয়া হচ্ছে না কেন? 'টাকা আসে নি।' আপনি কাগজে-কলমে টাকা রাখেন, কিন্তু জায়গা মতো পৌঁছে দেবার ব্যবস্থা করেন না। এই চালাকিটা অন্তত গরিবদের সঙ্গে করবেন না, আপনার কাছে আমার এই আবেদন। আপনি কৃষকদের উৎসাহ দেবার জন্য ফসল বৃদ্ধির সহায়ক সামগ্রীগুলোর কর হ্রাসের কথা বলেছেন। কিন্তু নির্দিষ্ট করে সেই নামগুলো বলেন নি। পাম্প সেট, স্যালো টিউবওয়েলের কর হ্রাস করবেন কিনা, কর তুলে দেবেন কিনা সে কথা বলেন নি। অন্য দিকে খুব গর্বের সঙ্গে বলেছেন-বার বার আনন্দ, আনন্দ কথাটা উচ্চারণ করেছেন। সে জন্য আপনাকে আনন্দের সঙ্গে বলতে হয় যে, আপনি বলেছেন এয়ার কনডিশন মেশিনের কর তুলে দিচ্ছেন, পেজারের কর হ্রাস করছেন, ভ্যাকুম ক্লিনারের কর হ্রাস করছেন। এসব ক্ষেত্রে বিত্তবান লোকেদের কর কমিয়ে আপনার কি লাভ হচ্ছে? আপনি যুক্তি দেখিয়েছেন, বিক্রি বাড়বে। কিন্তু ঐসব লোকেদের ঘরে এত কালো টাকা এসে গেছে যে, ওদের ২০,০০০; ২২,০০০; ২৫০০০ টাকায় কিছু আসে যায় না। আমি শুনেছি পেজারের নাকি ৬০,০০০ টাকা; ৭০,০০০ টাকা; ৮০,০০০ টাকা দাম। এগুলো কিনতে তাদের কোনও অসুবিধাই হয় না। আপনারা ওদের ছাড় দিচ্ছেন কেন? আপনারা কলকাতায় হেরেছেন, জেলা শহরগুলোয় হেরেছেন, সেই ভয়ে আজকে আপনারা ওদের কিছু মনোরঞ্জন করবার জন্য এই সব সিদ্ধান্ত নিয়েছেন। অথচ

গ্রামের সাধারণ মানুষেরা যেসব জিনিস—পাম্প সেট্ ইত্যাদি—ব্যবহার করেন সেগুলোর জন্য আপনি কিছুই করেন নি। আপনি বললেন,'লণ্ঠনের কর তুলে দিলাম।' না দিয়ে উপায় আছে? ঐ লণ্ঠন আপনাদের হাতে তুলে দিচ্ছে, তার ফলে আপনাদের সংখ্যা কমে গেছে। বিদ্যুৎ নেই। যদিও আপনি বিদ্যুতের কথা বলেন নি—কলকাতায় বসে আপনারা বিদ্যুতের প্রশংসা করছেন। কিন্তু আমরা যারা গ্রামাঞ্চলে থাকি, আমরা প্রতিদিন লোডশেডিং-এ ভুগছি। প্রতিদিন ঠিক সন্ধ্যার সময়, ছাত্রছাত্রীদের পড়ার সময় লোডশেডিং হচ্ছে। দিনের পর দিন এই জিনিস হচ্ছে। কাজেই লণ্ঠনের ব্যবহার বেড়েছে, মানুষের মধ্যে ক্ষোভ জমছে—সে জন্য বুদ্ধিমানের মতো লণ্ঠনের ট্যাক্স কমিয়ে দিয়েছেন। যাই হোক, এটা ভালই করেছেন। শিক্ষার ব্যাপারে আপনি চুক্তির কথা বলেছেন, দায়-বদ্ধতার কথা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রীকে আমি এ কথা বলতে চাই, আজকে এর থেকে যেটা আমার মনে হচ্ছে-সরকারি অফিসে যাঁরা আছেন বা আপনাদের স্কুলে যাঁরা পড়ান তাঁরা যে ঠিকমতো পড়াচ্ছেন না, এর জন্য দায়ী কে? এই সব সরকারি ক্ষেত্রে যাঁরা কাজ করছেন বা চাকরি করছেন তাঁদের অপরাধগুলো আপনারা বেমালুম চেপে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী এক সময়ে বলেছিলেন, "কাকে কাজের কথা বলব, চেয়ারকে? চেয়ার তো ফাঁকা থাকে, ফাঁকা চেয়ারকে বলব? আবার কো-অর্ডিনেশন কমিটির সম্মেলনে গিয়ে বলেন,"আপনারা কাজ করছেন, তাই দেশটা চলছে।" এই পরস্পর বিরোধী কথা বলছেন, তাই ওঁরা উৎসাহ পেয়ে যাচ্ছে। ওদের অপরাধ, ওদের গাফিলতি, মানুষকে ওরা যেভাবে হয়রানি করে তা বার বার আপনাদের কাছে তুলে ধরা হয়েছে, আপনারা তা চেপে দিয়েছেন দলীয় দৃষ্টিভঙ্গি নিয়ে। এবার শিক্ষকদের কথা বলছি। প্রথম কথা হচ্ছে, আজকাল গ্রামাঞ্চলে, মফস্বলে যে শিক্ষক নেওয়া হয় তা দলীয় দৃষ্টিভঙ্গি নিয়ে নেওয়া হয় এবং সেখানে হাইস্কুল, জুনিয়ার হাইস্কুলে ১ লক্ষ টাকার কমে তাদের চাকরি হয় না, অ্যাকাডেমিক ক্যারিয়ার যাই হোক না কেন। আর প্রাইমারি স্কুলে ৩০ হাজার টাকা থেকে ৪০ হাজার টাকা দিতে হয়। ফলে তারা আপনাদের কেয়ার করবে কেন? তারা সমাজের কাছে দায়বদ্ধ থাকবে কেন? যে সমাজ তাদের কাছে থেকে টাকা নিচ্ছে, এইভাবে ঘুস নিচ্ছে, সমাজের প্রতি তাদের দায়বদ্ধতা থাকতে পারে না। দ্বিতীয় কারণ হচ্ছে, এই শিক্ষকেরা এখন বেশি করে প্রাইভেট টিউশানি করছে। কারণ তাদের না করে উপায় নেই। তাঁরা জানেন, অনেক বছর পরে যখন অবসর নেবেন, তখন তাঁরা পেনশন পাবেন না। শ্রী কান্তি বিশ্বাস মহাশয় যখন হেরে গেলেন, যখন তিনি চাকরি ছেড়ে দিলেন, চাকরি ছেড়ে দেবার ১৫ দিনের মধ্যে তিনি পেনশন পেলেন। এটা আমি পেপারে দেখেছিলাম। কিন্তু এখনও বহু শিক্ষক আছেন যারা ২/৩ বছর ধরে পেনশন পাচ্ছেন না। কাজেই তারা ভবিষ্যতের কথা চিন্তা করে অন্যদিকে মন দেয়, বেশি করে ছেলে পড়ায়, ক্লাশ করে না। আর এখানে যে কথা বলেছেন, কনট্রাক্ট সিস্টেমে শিক্ষক নেবেন—এই নামগুলি এমপ্লমেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে আসবে কিনা সেটাই জানতে চাই? কারণ এর মাধ্যমে নাম যদি না আসে তাহলে যারা পঞ্চায়েতের কমিটি মেম্বার বা কাউন্সিলার তরা তাদের নিজেদের লোককে নেবে। আর যারা ভাল শিক্ষক তাদের ভয় থাকবে দলীয় ভজনা না করলে ৩ বছর পর আর চাকরি থাকবে না। তখন কি হবে? এই সংশয় তাদের আরও বিভ্রান্তির সৃষ্টি করবে। সেইজন্য বলছি, এটা করার আগে শিক্ষক সংগঠনের সঙ্গে আলোচনা করুন। তাদের সাথে আলোচনা করে আপনি সঠিক পথ বের করুন। তাই এইসব কারণে আপনার এই বাজেটকে আমি সমর্থন করছি না।

**শ্রী অসিত মিত্র ঃ** নট প্রেজেন্ট

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২১ তারিখে আমাদের পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি আমাদের সামনে পেশ করেছেন, আমি তাকে সার্বিকভাবে সমর্থন করছি এবং সমর্থনের সাথে সাথে দু-একটি কথা এই সভার কাছে নিবেদন করতে চাই। আমরা জানি, এই কৃষি নির্ভর বাংলাকে যদি গড়তে হয় তাহলে ভূমি সংস্কার হচ্ছে একটা প্রধান দিক। তাই ভূমি সংস্কারের সফলতার দাবি যা করা হয়েছে তার সাথে আমি একমত। কিন্তু প্রশ্ন হল, এই ভূমি সংস্কারের মাধ্যমে যে ২৩.১১ লক্ষ কৃষককে জমি দিতে পেরেছি তার বাইরেও জমি লুকিয়ে রাখা হয়েছে, স্বনামে, বেনামে এবং আদালতের মাধ্যমে, সেগুলি যদি কেড়ে নিতে হয় বৈধ উপায়ে তাহলে আমার দাবি হচ্ছে, এই ব্যাপারে একটা ল্যান্ড ট্রাইবুনাল গঠন করা হোক যার মারফত ঐ জমিগুলি এনে আবার গরিব কৃষকদের মধ্যে দিতে পারি। আমি এই প্রসঙ্গে সবিনয়ে একটি কথা বলছি, ২৩ লক্ষ কৃষককে জমি দিয়েছি ঠিকই,—কিন্তু সমীক্ষা চালিয়ে দেখলাম—যেহেতু আমি ভূমি আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলাম (জমি দখল আন্দোলন)—গরিব কৃষকের একটা অংশ অভাবের জ্বালায়, বিভিন্ন সংকটের মধ্যে পড়ে তার জমি বিক্রি করে দিয়েছে। হয়তো সেই বিক্রিটা আইনগত ভাবে হয় নি, নামমাত্র কাগজে লেখার মধ্য দিয়ে হয়েছে, এইরকম কৃষকদের একটা অংশ তাদের জমি বিক্রি করে দিয়েছে। এই সমস্ত কৃষকদের যদি রক্ষা করতে হয় এবং সত্যি-সত্যিই যদি উৎপাদনের বিকাশ ঘটাতে হয় তাহলে আমি মনে করি ল্যান্ড কর্পোরেশন গঠন এর প্রস্তাব রাখা উচিত এবং ঐ ল্যান্ড কর্পোরেশনের মাধ্যমে ঐসব অসহায়, এইসব লাঞ্ছিত কৃষকদের আর্থিক সাহায্য দিয়ে এই সমস্ত জমিগুলি তাদের হেফাজতে রাখতে পারি। এর মাধ্যমে কৃষক এবং পাট্টাদারদের আর্থিক উন্নতি ঘটাতে পারি।

[4-30—4-40 P.M]

এবং তারপরে ঐ ক্ষেতমজুর বলুন, আর কৃষক বলুন, পাট্টাদার বলুন, তাদের খাকিনটা আর্থিক অবস্থার উন্নতি ঘটতে পারে। এই প্রসঙ্গে বলছি, আমরা জানি আমাদের ইকলজিক্যাল ব্যালেন্স দিনের পর দিন আমরা নষ্ট করে দিচ্ছি। পরিবেশ নষ্ট হবার ফলে নানারকম প্রাকৃতিক বিপর্যয় হচ্ছে। সেইজন্য কৃষকদের জন্য ক্রপ ইনসিয়োরেন্স ব্যবস্থা, সেটা ঠিক করা দরকার। কারণ ব্লক লেভেলে সামগ্রিক ভাবে এর সুযোগ কৃষকরা পায় না। সেই জন্য আমি প্রস্তাব করছি, এই ক্রপ ইনসিয়োরেন্স ইউনিটটা মৌজা ভিত্তিক যাতে করা যায় সেই ব্যবস্থা মন্ত্রী মহাশয় করবেন, তার ফলে কৃষকেরা প্রকৃত সুযোগ পাবে। কৃষির সঙ্গে বিদ্যুতের একটা বিরাট সম্পর্ক আছে। সেচের কাজে বিদ্যুতের ব্যবহার পূর্বের থেকে বেড়েছে। কিন্তু বাড়লেও পাঁচ ছয় ভাগের বেশি বাড়াতে পারেন নি। এবার অর্থমন্ত্রী অবশ্য বিদ্যুতের জন্য ব্যয়-বরাদ্দ বাড়িয়েছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আশা রাখি, পশ্চিমবাংলার গ্রামগুলোতে আগামী দিনে যাতে বিদ্যুতের ব্যবহার বাড়ে সেই চেষ্টা তিনি করবেন। কারণ এখনও বহু লিফট ইরিগেশন, শ্যালো টিউবওয়েল, মিনি ডিপ টিউবওয়েল যেগুলোতে এখনও পর্যন্ত বিদ্যুতায়ন হয়নি। এইগুলোর বিদ্যুতায়নের ব্যাপারে সজাগ দৃষ্টি দেবার অনুরোধ জানাচ্ছি। আবার দেখছি বিভিন্ন যে সমস্ত গ্রামের উপর দিয়ে বিদ্যুত গেছে, সেইসব গ্রামের লোকও বিদ্যুত পাচ্ছে না। কারণ অফিসগুলো বলছে কোটেশন পাওয়া গেছে, কিন্তু মিটার নেই বলে

কানেকশন দেওয়া যাচ্ছে না তারফলে বিভিন্ন ভাবে অসদুপায়ে গ্রামের মানুষ বিদ্যুত ব্যবহার করছে। এর ফলে সরকার তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। আমি মনে করি, শুধু কৃষির উন্নতি করলেই হবে না, কৃষি উন্নতির সঙ্গে সঙ্গে গ্রামেও কৃষি ভিত্তিক শিল্পায়নের প্রয়োজন। গ্রামে শিল্পায়ন কেন্দ্র গড়ার একটা প্রবণতা আমরা লক্ষ্য করেছি। আমরা গ্রামাঞ্চল থেকে এসেছি, আমার পাঁশকুড়া এলাকায় কৃষি সহায়ক শিল্প গড়ার অনেক উপকরণ আছে। যেমন চামড়া, কুঁড়া, বাঁশ ইত্যাদি নানা উপকরণ আছে, সস্তায় জমিও পাওয়া যায়, সুলভে শ্রমিক পাওয়া যায়। সুতরাং গ্রামাঞ্চলে যদি শিল্পায়ন ঘটাতে পারা যায় তাহলে গ্রামীণ কর্মসংস্থান অনেক বাড়বে। সুতরাং এই বিষয়ে গুরুত্ব দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। রাজ্যপালের ভাষণে যে দাবি করা হয়েছে যে পশ্চিমবাংলায় শিক্ষার পরিবেশ অনেক উন্নত, আমরাও দেখেছি শিক্ষার ক্ষেত্রে সেই নৈরাজ্য বর্তমানে নেই। নিয়মিত পরীক্ষা হয়, ছাত্রছাত্রীরা স্কুলে যায় এবং আমরা সাক্ষরতার ক্ষেত্রে আন্তর্জাতিক সম্মান অর্জন করেছি। অনেক ভাল ভাল ছাত্র পশ্চিমবাংলা থেকে বেরিয়েছে। এই সমস্ত কৃতিত্বই কি শিক্ষকদের প্রাপ্য? তা নয়, পশ্চিমবাংলায় যারা একটা সুস্থ পরিস্থিতির সৃষ্টি করতে পেরেছিল পশ্চিমবাংলার শিক্ষার ক্ষেত্রে, এটা কিন্তু বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। কিন্তু আজকে আমরা দেখলাম, আমাদের শিক্ষা মন্ত্রী এক ধরনের দায়বদ্ধ পদ্ধতিতে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে চলেছেন। আমি আবেদন জানাচ্ছি, এই বিষয়টা নিয়ে আর একটু ভাবুন, আলোচনা করুন সবার সঙ্গে, শিক্ষক সংগঠনের সঙ্গে যাতে ব্যথিত শিক্ষক সমাজের চিত্তে কিছুটা শান্তনার প্রলেপ লাগতে পারে। স্বাস্থ্য সম্পর্কে আমার অভিজ্ঞতা কম, কিন্তু আমাদের ইকোনোমিক রিভিউ থেকে দেখতে পাচ্ছি, ১৯৮৭ সালে যেখানে পশ্চিমবঙ্গে ৪১২টি হাসপাতাল ছিল সেখানে ১৯৯৫ সালে হাসপাতালের সংখ্যা দাঁড়িয়েছে ৩৯৭টা। হাসপাতালের সংখ্যা এই যে কমে গেল আমি মনে করি না যে, ডাক্তারের অভাবে এটা কমে গেল। আমার কেন্দ্রে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি রয়েছে সেই স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার আমাকে লিখে জানিয়েছেন যে, গত দুই মাস ধরে তিনি কুকুরের কামড়ের প্রতিষেধক ইঞ্জেনশন পাচ্ছেন না। এরকম অসংখ্য ঘটনা রয়েছে যেখানে ডাক্তার নেই, ঔষুধ পাওয়া যায় না। আমাদের ইচ্ছা রয়েছে, সদিচ্ছা রয়েছে, কিন্তু তা সত্ত্বেও আজকে হাসপাতালের সংখ্যা যে কমে গেছে এটা বাস্তব। কাজেই এই বিষয়টা নিয়ে ভেবে দেখে আজকে ডাক্তারের বিষয়টা যেভাবে বাজেট সংস্থান রাখা হয়েছে সেটা নতুন করে ভাবুন। এই ব্যাপারে ডাক্তারদের নানা ধরনের যেসব সংগঠন রয়েছে তাদের সঙ্গে আলাপ-আলোচনা করুন। আমার মনে হয়, এভাবে আলাপ-আলোচনার ভিত্তিতে সামাজিক দায়বদ্ধতা বোধটা শুধুমাত্র ডাক্তার বা শিক্ষক নয়, সবার চিন্তা-ভাবনার মধ্যে আনা দরকার। সুতরাং আমি যে বিষয়গুলোর অবতারণা করলাম সে বিষয়গুলো বিবেচনা করবেন। সাথে সাথে একথা বলতে চাই, আমাদের রাজ্যের হাতে ক্ষমতা সীমিত এবং একটা চৌহদ্দির মধ্যে আমাদের কাজ করতে হয়। তথাপি পশ্চিমবঙ্গকে আমরা লুন্ঠনের মৃগয়াক্ষেত্রে পরিণত হতে দিতে চাই না এবং তারই জন্য মাননীয় মন্ত্রী আমাদের নিজস্ব মুলধনের উপর ভিত্তি করে এখানে বাজেট পেশ করেছেন। এই বাজেট আগামী প্রজন্মকে, সমাজকে অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে নতুন পথের

ইঙ্গিত দেবে, এই বিশ্বাস রেখে এই বাজেটকে পূর্ণ মাত্রায় এবং দৃঢ়ভাবে সমর্থন করে শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী শ্যামদাস ব্যানার্জি :** অনুপস্থিত

[4-40—4-50 P.M]

**শ্রী হারাধন বাউড়ি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, গত ২১ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, এ পর্যন্ত ভারতবর্ষের অন্যান্য রাজ্য, এমন কি কেন্দ্রে যে আর্থিক নীতি অনুসরণ করা হয়েছে তার থেকে সম্পূর্ণ ভিন্ন নীতির উপর দাঁড়িয়ে একটা বিকল্প অর্থনীতির উপর দাঁড়িয়ে এই বাজেট রচনা করা হয়েছে। বাজেটের মূল যে বিষয়বস্তু সেটা পর্যালোচনা করলে দেখা যাবে যে, এই রাজ্যের আর্থিক এবং সামাজিক যেসব উপকরণ রয়েছে সেগুলোর বাস্তব সম্ভবনাকে যথাযথভাবে কার্যে রূপায়িত করবার প্রচেষ্টা নেওয়া হয়েছে। বর্তমানে এর বিকল্প আর কিছু হতে পারে না। আজকে আমাদের রাজ্যে কৃষির অগ্রগতি অভাবনীয়ভাবে হয়েছে। ভূমি সংস্কারকে কেন্দ্র করে আমাদের রাজ্যে কৃষিতে বিপুল উৎপাদন বৃদ্ধি পেয়েছে। আমরা দেখতে পাচ্ছি, ১৯৮০ থেকে ১৯৮৩ এবং ১৯৯০ থেকে ১৯৯৩—এই আর্থিক বছরগুলোতে আমাদের রাজ্যে কৃষির উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে এবং ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান দাঁড়িয়েছে প্রথম। আজকে পশ্চিমবঙ্গে গড় উৎপাদনের হার যেখানে ৫.৯শতাংশ, সেখানে অন্যান্য রাজ্যগুলিতে গড় উৎপাদনের হার ২.৮ শতাংশ। এ ছাড়া হেক্টর প্রতি কৃষি উৎপাদনে আমাদের রাজ্য ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করে নিয়েছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে যে অগ্রগতি হয়েছে তার মাধ্যমে হেক্টর প্রতি কৃষি উৎপাদনের হার আমাদের পশ্চিমবাংলায় যেখানে ৫.৫ শতাংশ সেখানে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের গড় হচ্ছে ৩.২ শতাংশ। শুধু কৃষি ক্ষেত্রে নয়, শিল্প ক্ষেত্রে আমাদের রাজ্যের যে অগ্রগতি, বর্তমানে নতুন সম্ভবনার দিক সৃষ্টি হয়েছে তার উল্লেখযোগ্য ভাবে পরিলক্ষিত হচ্ছে। এই রাজ্যে শিল্পের ক্ষেত্রে যে নতুন সম্ভবনার সৃষ্টি হয়েছে তার একটা মুল ভিত্তি রাজ্যের গ্রামাঞ্চল থেকেই সৃষ্টি হওয়া এই বাজার শিল্পপন্যের এই চাহিদা, মাশুল সমীকরণ নীতির কিছুটা অবলুপ্তির পর এই রাজ্যে ইস্পাত, ইঞ্জিনিয়ারিং ইত্যাদি শিল্পগুলি তাদের অবস্থানগত সুবিধা দ্রুত পুনরুদ্ধার করতে শুরু করেছে। আধুনিক শিল্পগুলির মধ্যে ইলেকট্রনিক্স, বিশেষ করে সফটওয়ারের ক্ষেত্রে একাধিক সংস্থা এগিয়ে এসেছে। সর্বোপরি গুরুত্বপুর্ণ হলদিয়া পেট্রো রসায়ন প্রকল্পে সম্প্রতি রাজ্য সরকার প্রায় ১৬১ কোটি এবং সহযোগিরা প্রায় ১৩১ কোটি টাকার ইকুইটি মুলধন জমা দিয়েছে। রাজ্যের শিল্পায়নের এই নতুন সম্ভবনাগুলির কারণ হিসাবে কাজ করছে এই রাজ্যের বিদ্যুতের পরিস্থিতি এবং আর্থ সামাজিক স্থায়িত্ব ও নিশ্চয়তা। যার কোনও দৃষ্টান্ত আমাদের দেশে নেই। এই সমস্ত কারণে রাজ্যে শিল্প বিনিয়েগের মাত্রা বৃদ্ধি পেয়েছে। ১৯৯৫ সালে বিভিন্ন শিল্প বিনিয়োগের অনুমোদনের সংখ্যা হয়েছে ১৮৭ এবং সংশ্লিষ্ট অর্থাঙ্ক হয়েছে প্রায় ১০,২৬২ কোটি টাকা। এই গতি অব্যাহত থাকলে আগামী আর্থিক বছরে রাজ্যের শিল্প উৎপাদন বৃদ্ধির হার ১০ শতাংশকে অতিক্রম করে যাবে। বিদ্যুতের ক্ষেত্রে আমাদের রাজ্য উন্নতির ব্যাপারে দৃষ্টান্ত স্থাপন করেছে। এই ক্ষেত্রে সমগ্র দেশে পশ্চিমবঙ্গের স্থান একেবারে প্রথম সারিতে। এটা আপনারা জানেন যে বামফ্রন্ট

সরকার ক্রমাগত বিদ্যুতের ক্ষেত্রে গুরুত্ব আরোপ করেছে। গত ১৯ বছর ধরে বিদ্যুতের ক্ষেত্রে বিনিয়োগে লাগাতার গুরুত্ব আরোপ করায় রাজ্যে সামগ্রিক ভাবে বিদ্যুতের চাহিদা এবং যোগানের মধ্যে ভারসাম্য লক্ষণীয় ভাবে উন্নতি হয়েছে। এটা শিল্প উৎপাদনের ক্ষেত্রে বিশেষ প্রভাব ফেলবে, এটা আমরা মনে করছি। সামাজিক সহায়তার ক্ষেত্রে এই সরকার যে দৃষ্টান্ত স্থাপন করেছেন সেটা প্রশংসার দাবি রাখে। আগে আমরা জানতাম সরকারি কর্মচারিগণই কেবল মাত্র অবসরকালীন ভাতা পেতেন। তাঁদের এটা শেষ জীবনের একটা অবলম্বন ছিল। কিন্তু দেশের কৃষক বা ক্ষেত মজুরদের দেখার কেউ ছিল না। এই সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে তাদের একটা আত্মবিশ্বাস জাগিয়ে তুলেছে, তাদের পাশে দাঁড়িয়েছে। কৃষকদের পেনশন এবং বিধবা ভাতা ১০০ শতাংশ বৃদ্ধি করেছে। এটা একটা নজির বিহীন ঘটনা। এব্যাপারে বাজেটে পেনশন প্রকল্প ছাড়াও ভূমিহীন ক্ষেতমজুরদের জন্য প্রভিডেন্ট ফান্ড প্রকল্প ঘোষণা করেছে। সহায় সম্বলহীন গ্রামের ক্ষেত মজুরদের পাশে সরকার দাঁড়িয়েছে। আগে গ্রামের মানুষ খাবারের সমস্যা নিয়ে বলত, তখন মানুষ খাবার নিয়ে মিছিল করত। কিন্তু আজ আমরা দেখতে পাচ্ছি কি? সেই গ্রামের মানুষের অবস্থার পরিবর্তন ঘটেছে, তাদের অর্থনৈতিক উন্নতি ঘটেছে। আজকে মানুষেরা খাবারের জন্য আন্দোলন করে না, মিছিল করে না, আজ তারা দাবি করছে বিদ্যুতের, আজ তারা দাবি করছে রাস্তার, আজ তারা দাবি করছে তাদের জীবন যাত্রার মান আর কি ভাবে উন্নয়নের দিকে নিয়ে যাওয়া যায়। তাই আমি বলতে চাইছি যে, মানুষের এই যে পরিবর্তন, মানুষের জীবন ধারণের চেতনা বৃদ্ধি পেয়েছে, এই জন্য এই সরকারকে অভিনন্দন জানাতে হয়। এই সরকারকে অভিনন্দন জানাই এই জন্য যে, কর কাঠামো পুনর্বিন্যাসের মধ্যে দিয়ে এই রাজ্যে নতুন শিল্প গড়ে তোলার সম্ভাবনাময় দিকে গুরুত্ব দিয়েছেন। শিল্পে ব্যবহৃত কাঁচামালের কর লাঘব করেছেন, তারজন্য এই সরকারকে অভিনন্দন জানাচ্ছি। কিছু কিছু শিল্পজাত সামগ্রীর উপরে বর্তমান কর কাঠামোর পরিবর্তন করা হয়েছে। বিক্রয় আইনের সরলীকরণ করা হয়েছে, এইজন্য এই সরকারকে অভিনন্দন জানাই। এইসবের পরে এখানে শিল্পের উৎপাদন বৃদ্ধি হবে বলে আমি মনে করি। আজকে যেহেতু গোটা পৃথিবীতে পরিবর্তন হচ্ছে, সেজন্য কনট্রাক্ট বেসিসে মাস্টার বা চিকিৎসক নিযুক্ত করা হচ্ছে। তার যুক্তি আছে। আজকে যেহেতু গোটা পৃথিবীতে একটা পরিবর্তন এসেছে, আমাদের দেশও এই ব্যবস্থার সঙ্গে প্রত্যক্ষ ভাবে যুক্ত হয়েছে। তাই এই পরিবর্তনশীল অবস্থায় নিজের অস্তিত্বকে রক্ষার জন্য, অসম প্রতিযোগিতায় টিকে থাকার জন্য নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন। এবারের বাজেটে উন্নয়ন ও অগ্রগতির সাথে কয়েকটি পদক্ষেপের কথা সুনির্দ্দিষ্ট কয়েকটি কথা বলা হয়েছে, যথা, নিজস্ব সম্পদের উপরে দাঁড়িয়ে উন্নয়ন, সরকারের বিভিন্ন দপ্তর ও প্রতিষ্ঠানে কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও দায়বদ্ধতার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে নিয়োগের কথা বলা হয়েছে। এটি একটি লক্ষণীয় পদক্ষেপ। আমি আপনার এই বাজেট প্রস্তাবকে সমর্থনের সাথে সাথে বলছি যে, বাঁকুড়া জেলা খরা প্রবণ বলে পরিচিত। আপনি এটি জানেন। এই জেলায় চিকিৎসার ক্ষেত্রে, বিদ্যুতের ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। আপনার কাছে অনুরোধ, এই জেলার প্রতি শিল্পের ক্ষেত্রে একটু নজর দিন। আমার এই আবেদনগুলো আপনি বিবেচনা করে দেখবেন। এই কথা বলে আমি এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 P.M]

**Shri Ram Chandra Mondal :** Respected Mr. Deputy Speaker, Sir, I am a new Member in this Assembly from Khejuri P.S., Midnapur district and a retired Agricultural Scientist.

I whole-heartedly support and welcome the budget statement presented by the Hon'ble Minister on 21st June last.

This budget has clearly brought out the facts on the progress made by the Left-Front Government in case of land reforms, comprehensive land-use pattern, effective Panchayet system, progressive increase is water utilization for intensive cropping system and thereby increasing production of food-grains, betel vine, horticulture etc., increasing in fish production and allied items.

While appreciating the tremendous success of the governement in different spheres, I have the privilage to place before the House a few points.

At present, there is an urgent need for appropriate planning, restructuring and strengthening the viable economic policy, improvement of infra-structural facilities upto district and sub-divisional level, total resource mobilisation of the State and resource development through amicable Centre State relationship; decentralisation of power upto democratically elected Panchayats and municipalities but with a caution to root out corruption at the lower level and the involvement of voluntary organisations, co-operatives and the people as well for appropriate implementation of the budgetary provision.

Yes, there is a very good economic policy in the budget to unearth the huge hidden black money amounting as high as Rupees Seventy Five thousand crores in terms of only evasion of Income Taxes.

The Chartered Accountants and Black marketeers are clever enough to be fool the Income Tax Officers and the Government as well. I would like to request the Finance Minister to take action in this regard. Sir, my next point is with regard to irrigation. the proposed enhancemnt of irrigation couerage from the present 50 per cent to 70 per cent of the area in the Village and the involvement of local people through the beneficiary committee are very good planning for increasing agricultural production. Here the Ministry of Power has a very vital role to play for minimising the water-lifting cost. Hence, special bugdet provision for water lifting through electrical energy may please be exclusively

made.

Secondly the very purpose of micro watershed project under NWDPRA is to consern the run off water and recharging the ground water for supplementary irrigation during period to increase crop in.

Now, I come to my next point. The proposal for State's Internal Seed production and supply of improved seeds for the major crops in the present budget are the very welcome sign. I hope that the certified seed production progamme and hybridinzation work will be encouraged in which the Agriculture/Horticulture Deptt scientists of the State Agricultural University and the Indian Council of Agricultural Research will be involved in the matter.

I welcome the proposed **emphasis of bio-fertilisers.** This is a very good sign that the Government has taken initiative in this regard. The artificial fertilisers is very costly and it is deterioration the soil health.

Now, I come to Rural Electrification Programme. The Government has proposed to cover 90 percent villages through this programme. I have very much doubt that it may not be possible, though the plan outlay has already increased from 757.87 crores to Rs. 1,216.27 crores, i.e., about/Rs. 458 crores. It is well and good. But I have received a letter from the Power Minister where he stated "at present REC's loan has become costly in terms of high rate of interest". Therefore, I think that it may not be possible to enhance the Rural Electrification Scheme. I hope the enhanced budget for electrification in rural areas will effectively be implemented and the Khejuri P.S. will get its due share.

Sir, my next point is with regard to the old age Pension. Widow pension etc. The Government has decided to increase it from Rs. 100 to 200. Here I like to suggest one point to Hon'ble Finance Minister. Now-a-day, there is no joint family—only small individual family system is there. Considering the present social system, additional financilal provision should be made to construct old Days' Home for gents and ladies separately in each district and sub-divisional areas.

Sir, I welcome the proposal of new contributory Provident Fund scheme for the landless agricultrual labourers. Here I fully support the views expressed by my friend Shri Kamalakshme Biswas that it should be extended to the rickshaw pullers aslo. This type of people should get advantage of this scheme.

Now, comming to the economic development and welfare of SC &

ST, I would say that this matter has been thoughtfully considered by the Hon'ble Finance Minister. Plan outlay has been increased from Rs. 26 crores to 28 crores. But I would request him to enhance this budgetary provision upto Rs. 30 crores. I would like to mention here one point. In Khejuri within 25 KMs, there is no college, though 80 per cent population are belonging to the Scheduled Castes. We have already given a proposal for establishment of a college there. The Minister of Higher of Education told us that due to paucity of fund it might not be possible. I think budget provision should be made for this purpose. We have been neglected. Since independance we have been deprived.

I also do not know the plan outlay for the upliftment of the OBC category. I would request the Hon'ble Finance Minister to make budget provision for this purpose. Another point is with regard to the 'Women Development Undertaking'. There is no provision in the Budget. The Hon'ble Finance Minister should look into the matter. My last point is with regard to the levy on the liquour shops. I think that this is not sufficient. Total prohibition is necessary in this field, because it causes lot of problems in the rural areas. I hope the Hon'ble Finance Minister will consider my proposals.

With these words, I whole-heartedly support the Finance Budget of the Left Front Government. Thank you, Sir.

[5-00—5-06 P.M]

**শ্রী বিনয় দত্ত :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, গত ২১ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন, সেই বাজেট বিবৃতিকে আমি পূর্ণ সমর্থন করছি। সাথে সাথে কয়েকটি কথা বলতে চাই। আপনার বিবৃতি পাওয়ার পর আমরা লক্ষ্য করলাম পশ্চিমবঙ্গের যতগুলি লিডিং পেপার আছে, এবারে কিন্তু তারা বাজেটকে সেই ভাবে সমালোচনা করেননি। সমালোচনা করতেও পারেননি বলে তারা অনেকে বলেছেন অসার। তারা এটা বলতে পারেননি, তারা যেভাবে সমালোচনা করেন তারা তা করতে পারেননি। পাশাপাশি এবারও দেখলাম আমাদের বিরোধী পক্ষের কংগ্রেসের বন্ধুরা প্রতিটি বিষয়ের গভীরে গিয়ে তারা বাজেট সমালোচনা করতে পারছেন না। তারা যেটা বলছেন সেটা চর্বিত চর্বণ করছেন। আমরা এটাও লক্ষ্য করছি, কংগ্রেসের আমলে যেটা এখনও বহন করে যেতে হচ্ছে কলঙ্ক, তার পরিপ্রেক্ষিতেই গোটা ভারতবর্ষে যে ক্রান্তিকালীন অবস্থা, এই অবস্থার মধ্যে বিকল্পের সন্ধান দরকার। এই বিকল্পটাই মুল ভিত্তি হওয়া উচিত স্বনির্ভরতা। আজকে ভারতবর্ষকে একটা নতুন দিক দর্শন করাবার বাজেট। এই স্বনির্ভরতার উপর দাঁড়িয়ে ক্রান্তিকালীন অবস্থায় যে বিকল্পর সন্ধান এটা সত্যিই যুক্তফ্রন্ট সরকারের কাছে দৃষ্টান্তমূলক বাজেট হবে। সাথে সাথে এটাও বলছি, স্বনির্ভরতার ক্ষেত্রে যেটা গুরুত্বপূর্ণ, আমাদের বাজেটের ক্ষেত্রে যেটা

গুরুত্ব দেওয়া হয় কৃষির উপর, ভূমিসংস্কারের উপর, এবারেও সেই ভূমিসংস্কারের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। ভূমিসংস্কারের উপর যে সাফল্য হয়েছে, এই ব্যাপারে যেটা বলা দরকার, এখনও ভূমিসংস্কার প্রয়োজন, এখনও জমি পাওয়া যাবে, গ্রামাঞ্চলে জমি খুঁজলে সিলিং সারপ্লাস ল্যান্ড যেগুলি লুকিয়ে রয়েছে সেইগুলি পাওয়া যাবে। সেটেলমেন্ট ঠিকমতো কাজ করালে এখনও জমি পাওয়া যাবে। ইনজাঙ্কটেড ল্যান্ড যেগুলি কৃষকদের দখলে আছে, সেগুলি বিলি করা যাচ্ছে না, হাইকোর্ট কেস থাকার জন্য। এই ক্ষেত্রে যদিও সরকারের অনেক অর্থ ব্যয় হয়, কিন্তু ইনজাংশন কেসগুলো ফয়সালা করার ক্ষেত্রে সেখানে ঠিকমতো ফল পাওয়া যায়না। এই ইজাংশনের জন্য প্রায় দু-লক্ষ একরের মতো জমি আটকে আছে। এই জমি যদি উদ্ধার করা যায়, তাহলে ২৩ লক্ষেরও বেশি লোক উপকৃত হবে। ভূমি সংস্কারের সাথে সাথে যেটাকে গুরুত্ব দেওয়া হয়েছে, সেটা হচ্ছে সেচ এবং বিদ্যুৎ। তাছাড়া কৃষি ঋণের উপর গুরুত্ব দেওয়া হয়েছে, গ্রামাঞ্চলে কৃষি অর্থনীতির ক্ষেত্রে হাই ইল্ডিং ভ্যারাইটির জন্য ৩০ হাজার কোটি টাকা আয় হচ্ছে এবং আট হাজার কোটি টাকা শিল্প-বাণিজ্যের উদ্বৃত্ত হচ্ছে। ভূমি সংস্কারের উপর দাঁড়িয়ে আজকে জাপান অনেক উন্নতি করেছে। অনেক দেশে আজকে ভূমিসংস্কার হয়েছে সে পুঁজিবাদীদেশই হোক বা অন্য দেশই হোক। আজকে সারা ভারতবর্ষের মধ্যে ভূমিসংস্কারের গুরুত্ব আছে। যদিও, কংগ্রেস সরকার ভূমি সংস্কারের উপর কোনও গুরুত্ব দেয়নি। এই যুক্তফ্রন্ট সরকারকে এর উপর গুরুত্ব দিতে বলা হোক। সবচেয়ে উল্লেখযোগ্য ব্যাপার হচ্ছে বিগত ১৯ বছর ধরে ৫৫ হাজার ক্ষেতমজুর যারা গ্রামে বাস করেন, গ্রামাঞ্চলে তারা পিছিয়ে ছিলেন। যাদের আমরা মুনিস বলি, সেই ৫৫ হাজার ক্ষেতমজুরদের প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা হয়েছে। পশ্চিমবাংলায় ঐক্যবদ্ধ কৃষক আন্দোলনের ফলেই এটা সম্ভব হয়েছে। তাদের দীর্ঘদিনের দাবি মেনে মজুরি বৃদ্ধি হয়েছে, ২৯ টাকা করে । তাদের মজুরি বৃদ্ধি হয়েছে, তার সঙ্গে সঙ্গে তাদের আজকে প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা করা হয়েছে, এটা আজকে খুবই গুরুত্বপূর্ণ। যদিও উনি এটা ২০ কোটি টাকা বলেছেন, কিন্তু ঐ টাকাটা বাড়াতে হবে। আরেকটা উল্লেখযোগ্য দিক হল, বয়সটা উনি ষাট বলেছেন, কিন্তু সারা ভারতবর্ষের ক্ষেত-মজুদের বয়সের গড় ৫৯ বছর। এটা কমানো যায় কিনা সেটা দেখা দরকার। আজকে সারা ভারতবর্ষের কৃষক আন্দেলন, ক্ষেত-মজুরদের আন্দোলন পশ্চিমবাংলার দিকে তাকিয়ে আছে। দেবপ্রসাদ বাবু এখানে আলোচনার সময় বলেছেন, মাননীয় মন্ত্রীকে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করতে। আমাদের পশ্চিমবাংলা একটা দৃষ্টান্ত করেছে, এবারের বাজেটে ৩৬টি আইটেমের উপর এবং ৪০০টি জিনিসের উপর কর ছাড় দেওয়া হয়েছে। দ্রব্যমুল্যবৃদ্ধি যেটা ক্রণিক ডিজিস, এটা পশ্চিমবাংলার ক্ষেত্রে কমেছে, এটা একটা উল্লেখযোগ্য দিক। মদের উপর ট্যাক্স বাড়ানোর ব্যাপারে বিরোধী দলের কে একজন চিৎকার করছিলেন। মদের উপর ট্যাক্স বাড়ানো উচিত এবং এই সমস্ত জিনিসের উপর ট্যাক্স বাড়ানো উচিত। এইসব জিনিসের উপর ট্যাক্স বাড়িয়ে শিক্ষায়, স্বাস্থ্যয় খরচ করা উচিত। স্বনির্ভর কর্মসংস্থানের মাধ্যমে বেকার যুবকরা চাকরি পাবেন, ৬.৬ লক্ষ বেকার। তাই এই বাজেটকে আমরা পূর্ণ সমর্থন করছি। যে শিল্পায়ন আমাদের পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি প্রয়োজন, সেই শিল্পায়নের ভীত তৈরি হয়েছে। আরেকটা উল্লেখযোগ্য দিক হল, ৩,১০০ কোটি টাকা উল্লেখ আছে বাজেটে, আর গ্রামাঞ্চলের মানুষের জন্য ব্যয় হচ্ছে ১১০৯১.৮৯ কোটি টাকা। গ্রামাঞ্চলের মানুষের জন্য যেটা ব্যয় করা হয় সেটা যারা ভারতবর্ষের মধ্যে

দৃষ্টান্ত স্বরূপ। সর্বোপরি বলব, এই বাজেট আজকে ভারতবর্ষের পরিবর্তিত অবস্থার মধ্যে একটা সত্যিকারের বিকল্প বাজেট। সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে, শিল্পায়নকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এই সরকারের যে ভূমিকা তাকে স্বাগত জানিয়ে, আবার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## ADJOURNMENT

The House was then adjourned at 5-06 p.m. till 11-00 A.M. on Wednesday, the 26th June, 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 26th June, 1996 at 11.00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 8 Ministers of State and 171 Members.

[11-00—11-10 A.M.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before commencing the business of the House I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Sukumar Mandal, former member of this Legislature who breathed his last on 23rd June, 1996.

Shri Sukumar Mandal, former member of the West Bengal legislative Assembly breathed his last on the 23rd June, 1996 at the age of 60 years. He was suffering from cancer.

Born on the 8th October, 1936 at Jhalakati of Barisal in East Bengal (Now Bangladesh), he had his education in Badkulla United Assembly, Ranaghat College and Bangabasi College. He became a member of Communist Party of India in 1958 and there after joined Communist Party of India (Marxist) in 1966 following a split in the party. He was detained in prison from 1962 to 1964 and again in 1967 for his political activities. He was a member of Hanskhali Panchayat Samiti and of Nadia Zilla Parishad. He was associated with the peasants movement in Nadia and played active role in organising the peasants.

He was elected a member of the West Bengal Legislative Assembly successively in 1977, 1982 and 1987 from Hanskhali (SC) constituency as a Communist Party of India (Marxist) candidate.

The State has lost a vetaran political leader at the demise of Shri Mandal.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood in silence for two minutes).

Thank you, Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceased.

I find the Opposition Congress Members are not in their seats. I will request all Members to participate in the Assembly proceedings because it is a democratic process. By cutting the session of parliament or Assembly it does not serve the purpose of Parliament. As such I hope everybody will join the parliamentary process.

## Starred Questions

## (to which oral answars were given)

### কান্দি মহকুমায় বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছে কি না;

(খ) 'কান্দি মাস্টার প্ল্যান'—কি বাতিল করা হয়েছে; এবং

(গ) হয়ে থাকলে, কি কি কারণে বাতিল করা হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) হ্যাঁ, ঐ উদ্দেশ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে একটি পরিকল্পনার প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

(খ) প্রকল্পটির নাম 'Kandi Master Plan নয়। 'Kandi Area Flood Protection and Drainage Scheme' নামের একটি পরিকল্পনার প্রস্তাব নেওয়া হয়েছে এবং তা আদৌ বাতিল হয়নি।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—এই যে 'কান্দি মাস্টার প্ল্যান'-এর এস্টিমেটেড কস্ট কত?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ১৩ কোটি টাকা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** : এই পরিকল্পনার স্যালিয়েন্ট ফিচার কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়** : মাননীয় সদস্য ভাল প্রশ্ন করেছেন। সমস্ত বিধায়কদেরই এটা জানা দরকার, কেননা, অতীতেও এই নিয়ে আলোচনা হয়েছে। একটু বিস্তৃতভাবে উত্তরটা দেওয়ার চেষ্টা করছি।

মাননীয় বিধায়করা সকলেই জানেন কান্দি মহকুমার মধ্যে দিয়ে ৫/৬টি নদী প্রবাহিত হয়েছে। মূল নদী ময়ূরাক্ষী, তার অপর দিকে ব্রাহ্মণী-দ্বারকা, শাখা নদী কানাময়ূর, কানামোর, এরকম ৪/৫টি নদী প্রবাহিত হয়েছে এবং এইসব নদীগুলিই ভাগিরথীতে পড়েছে। ভাগিরথীতে যখন খুব বেশি জল থাকে, তখন ব্যাক ফ্ল্যাশে সমস্ত এলাকা প্লাবিত হয়ে যায়। পরিকল্পনাটি বীরভূম জেলা থেকে মুর্শিদাবাদ জেলার ন্যাশনাল হাইওয়ে পর্যন্ত বিস্তৃত, এই জন্য এই পরিকল্পনাটি খুব গুরুত্বপূর্ণ। এই স্যালিয়েন্ট ফিচার হচ্ছে মূলত চারটে থানাতে—কান্দি, খড়গ্রাম, বানোয়ার, ভরতপুর এবং বীরভূম জেলার কতগুলো এমব্যাঙ্কমেন্ট স্ট্রেনদেন করার ব্যাপার আছে। মান সিং কমিটি যে রিপোর্ট দিয়েছিল, সেটা অসম্পূর্ণ ছিল, সেইজন্য পরবর্তীকালে অনেক সংশোধন করা হয়েছে। সেটা আসার পর স্যালিয়েন্ট ফিচার কি কি দাঁড়াচ্ছে, সেটা আমি ১, ২, ৩, ৪, .... করে সকলকে জানাতে চাইছি।

i) Strengthening the left embankment of river Mayurakshi from Tilpara Barrage to Trimohini;

ii) Strengthening the right embankment of river mayurakshi from Sainthia to Dafarpur;

iii) Strengthening the right embankment of river Dwaraka from Sakorghat to Trimohini;

iv) Extension of embankment connecting the terminal of left embankment along river Chautor with the right embankment along river Kana-Mor (to be tagged near Sadpur);

v) Strengthening the left embankment of Kana-Mor from Ranagram to Kandi Bridge;

vi) Construction of embankment along right bank of River Kuye up-stream of its outfall tagged to elevated ground up-stream; and

vii) Strengthening the existing left bank embankment of River Bhagirathi near Beldanga.

ভাগিরথী-বেলডাঙা যেটা বললাম, একেবারে ন্যাশনাল হাইওয়ের কাছ পর্যন্ত গেছে। আমি বলতে চাই, এবারে একটা নতুন এমব্যাঙ্কমেন্ট তৈরি করা হচ্ছে, কিছু দু'দিক থেকে জ্যাকেট করা হচ্ছে। এটা তো আছেই, এছাড়াও তিনটে বিল রয়েছে, একটি রিটেনশন হিসাবে

রয়েছে। আরও দুটি বিল রয়েছে, সেইগুলো ক্রিয়েশন অফ্ রিটেনশন করতে হবে — লাঙ্গলঘাটা, বেলেঘাটা। এটা না হলে ওভার ফ্লো করে প্রচুর ফসল নষ্ট হয়। এটা হলে প্রচুর ফসল বেঁচে যাবে এবং ইরিগেশনের কাজটাও করতে পারব।

[1-10—1-20 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে পরিকল্পনা হয়েছে এর জন্য ব্যাপক টাকা খরচ করা হয়েছে। আমি জানতে চাচ্ছি, কান্দি মহকুমায় এই পরিকল্পনা রূপায়িত হলে কত হাজার একর জমি বন্যা কবলমুক্ত হবে। দ্বিতীয়ত মানসিং কমিটির রিপোর্ট পুরোনো, ১৯৫৫-৫৬ সালের সম্ভবত। মানসিং কমিটি রিপোর্টের পর ঐ এলাকার কৃষক নেতারা আশঙ্কা প্রকাশ করেছিলেন যে, মানসিং কমিটির রিপোর্টের ভিত্তিতে কাজ হলে তা অসম্পূর্ণ কাজ হবে এবং বিশেষ করে লোয়ার পার্ট বন্যায় কবলিত হবার সম্ভাবনা থাকবে। আমি জানতে চাচ্ছি, বন্যার কবল থেকে কত একর জমি এবং ফসল রক্ষা পাবে এবং সঙ্গে সঙ্গে বন্যার সঙ্কট কতটা থাকবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এটা একটা বিরাট এলাকা। এর দ্বারা ১৩০০ স্কোয়ার কি. মি. এলাকা বেনিফিটেড হবে। আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তরে বলি, এর একটা লম্বা ইতিহাস আছে। মাননীয় প্রভাস রায় যখন মন্ত্রী ছিলেন তখন এই পরিকল্পনা তৈরি হয়, ১৯৭৯ সালে। মানসিং কমিটি রিপোর্ট আসে ১৯৫৯ সালে। সেই রেকমেন্ডেশন যে ভাবে কাজ করতে বলা হয়েছিল তাতে দেখা গেল পরবর্তীকালে অসঙ্গতি রয়েছে। এমন কি বাগরীর কৃষকরা এক রকম বলছে আবার ভরতপুরের কৃষকরা এক রকম বলছে। মানসিং কমিটির রেকমেন্ডেশন অ্যাজ ইট ইজ গৃহীত হলে ময়ূরাক্ষী নিম্ন এলাকা ক্ষতিগ্রস্ত হবে। ১৯৭৯ সালে পরিকল্পনা তৈরি হওয়ার পর ১৯৮১ সালে জি এফ সি সি যখন এই অসঙ্গতির কথা বুঝতে পারল যে, একদিকে যেমন উপকার হবে অন্য দিকে তেমনি ক্ষতির শঙ্কা রয়েছে তখন তাঁরা পুনরায় আমাদের ড্রাফ্টটাকে একটু মডিফাই করতে বলেন এবং এটা করার পর আমরা জি এফ সি সি-কে পাঠাই। কিন্তু তাতে আরও কিছু অসঙ্গতি দেখা যায়। ফলে একটা এলাবোরেট ভাবে ম্যাথামেটিক্যাল মডেল স্টাডির প্রয়োজন হয়। কেননা যদি একটা এলাকা করতে গিয়ে আরেকটা এলাকা নষ্ট হয়ে যায়, যেহেতু এটা বীরভূম থেকে ন্যাশনাল হাইওয়ে ৩৪ পর্যন্ত বিস্তৃত সেইজন্য ডিটেল ম্যাথামেটিক্যাল স্টাডি করতে বলা হয়। আমরা আবার হাইড্রোলজিক্যাল মডেল স্টাডি করে সেটাকে পুনরায় রিভার রিসার্চ ইনস্টিটিউটে স্টাডির জন্য পাঠাই। স্টাডি করার পর তাঁরা ফিগার এবং ডাটা পাঠিয়ে দেন। এটা করে আমরা ১৯৯২ সালে মডেল স্টাডি পাঠাই তার পর আবার জি এফ সি সি কিছু অবজারভেশন করে পাঠান। আমরা সেগুলোর উত্তর আবার তৈরি করছি এবং আগামী ১৫ দিন বা ১ মাসের মধ্যে তার উত্তর দেবার চেষ্টা করছি। কিন্তু আমরা দেখছি এটা দেরি হয়ে যাচ্ছে। গোটা বইটা পড়ে দেখেছি। এটা স্টাডি করে যেটা দেখেছি—এটা কি করে সরলীকরণ করা যায় সেজন্য আমরা ঠিক করেছি গঙ্গা অ্যান্টি ইরোশন স্কীম নেবার সময়—এই সেষন শেষ হলে দিল্লি এবং পাটনা যাচ্ছি যাতে ঐ স্কীম শুরু করা যায়।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** গঙ্গার উৎস সন্ধান আপনারা জানেন যে কোথায় শুরু হয়েছে

আর কোথায় গিয়ে মিশেছে। ফ্ল্যাড প্রোটেকশনের দুটো দিক আছে। শুধুমাত্র এমব্যাঙ্কমেন্ট স্ট্রেনদেন করলেই হবে না, তার সাথে ড্রেনেজ এটার নাব্যতাকে ঠিক রাখার জন্য দরকার। আপনি সি পি টি'র সাথে করেছেন, অর্থাৎ নিম্ন অঞ্চলে সেখানে যে ড্রেজিং সিস্টেম তাকে যদি ঠিক না করেন তাহলে জল টানতে পারবে না। এই ব্যাপারে আপনি কেন্দ্রীয় সরকারের কাছে একটা স্কীম দিয়েছেন। আজকে রাজনৈতিক পরিস্থিতিতে যুক্তফ্রন্ট সরকার হয়েছে, জানি না তাদের আর্থিক অবস্থা কি, নরসিংহ রাওয়ের থাকাকালীন সেই জায়গায় হয়নি, এখন সেই পরিকল্পনা নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে আনবেন কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় সদস্য ঠিক কথাই বলেছেন। আমি বলব যে, স্ট্রেনদেন অফ্ এমব্যাঙ্কমেন্ট তৈরি করে বা নতুন এমব্যাঙ্কমেন্ট তৈরি করে, কতগুলি ক্রিয়েশন অফ রিটেনশন বিল করে আসলে যে জল গঙ্গা-ভাগিরথী নদীতে পড়বে সেখানে সিল্টেড হতে হতে ভরে উঠেছে। মানসিং রিপোর্ট এর গুরুত্ব দিয়েছিল। বিশেষ করে জয়ন্তবাবু এবং ওই অঞ্চলের যাঁরা সদস্য আছেন তাঁরা জানেন যে সেখানে উত্তরা পড়লো সেটার জন্য বিশেষভাবে ড্রেজিং-এর কথা বলেছেন এবং এই স্কীমের মধ্যে সেটা রয়েছে। ঠিক অনুরূপভাবে যখন গত বছরের মাঝামাঝি সময় আমরা কয়েকজন সদস্য মিলে সেখানে গিয়েছিলাম ড্রেজিংয়ের প্রশ্ন সেখানে বেশি করে উঠেছিল, আজও তার প্রাসঙ্গিকতা রয়ে গেছে। আপনারা যদি আলোচনা করেন তাহলে ভাল হয়, আরও অনেক ব্যাপার আছে, এবং আমার মনে হয় যে কাজগুলি শেষ হয়নি, সেগুলি শেষ করার জন্য আরও ডেলিগেশন টিম যাওয়ার দরকার।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি প্রাসঙ্গিক কারণেই যে মেদিনীপুরের কেলেঘাই নদীটি কোন পর্যায়ে আছে, সেটা যদি আপনি অবহিত করেন তাহলে ভাল হয়।

**মিঃ স্পিকার :** কেলেঘাই, এটা এখন হবে না।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন কান্দি মহকুমার ব্যাপারে আপনি যে ফিচার দিয়েছিলেন যে ব্যাপারে আপনি বলেছেন বীরভূম ৩ার সঙ্গে যুক্ত। আমি যতদূর জানি ওই বিহারের ওখান থেকেই এর উৎস এবং বিহার থেকে বীরভূমে এসেছে। সিদ্ধেশ্বরী, নুনবিল যে জায়গাটা আছে তিলপাড়ায় ৫২৩ স্কোঃ মাইল জায়গায় আনকন্ট্রোলড্ ক্যাচমেন্ট থাকার ফলে এই জলটা এসে বীরভূমকে ধ্বংস করছে, কান্দি সাব-ডিভিসনকে ধ্বংস করছে। এটা একটা রেগুলার ফিচার হয়ে গেছে। যার জন্য একটা প্রস্তাব ছিল। কান্দি মাস্টার প্ল্যানের একটা অন্য নামকরণ হয়েছে, যেখানে এই সিদ্ধেশ্বরী নুনবিল ৩০০ স্কোঃ মাইল ড্যামে জলটাকে আটকে ধরে রেখে তার নাব্যতাকে ঠিক রেখে সেই জলটাকে বন্যা নিয়ন্ত্রণ এবং অন্যান্য সেচের জন্য ব্যবহার করার যে স্কীম, সেটাই হল মূল স্কীম। এই স্কীম যতক্ষণ পর্যন্ত না ইমপ্লিমেন্টেড হচ্ছে ততক্ষণ বীরভূম, মুর্শিদাবাদের নিস্তার নেই। এই স্কীম শেষ হলে বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদের মানুষেরা বিশেষভাবে উপকৃত হবে। আপনি বিষয়টা জানেন যে এটা কি অবস্থায় আছে।

[11-20—11-30 P.M.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ময়ূরাক্ষী ড্যাম থেকে জল ছাড়ার ফলে বীরভূম এবং মুর্শিদাবাদ জেলার ব্যাপক অংশ ক্ষতিগ্রস্ত হয়। সেদিক থেকে বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে মাননীয় বিধায়ক তপন হোড় মহাশয়ের প্রশ্নটি অত্যন্ত প্রাসঙ্গিক। আমরা ওপর দিকে ফ্ল্যাড কন্ট্রোলকে যদি না খানিকটা মর্ডারেট করতে পারি, নিচের দিকে যতই এমব্যাঙ্কমেন্ট বা ড্রেজিং করি না কেন সমস্যার সমাধান হবে না। সে জন্য সিদ্ধেশ্বরী নুন-বিল পরিকল্পনা আমাদের মাথায় রয়েছে। এ ব্যাপারে আমার বিশেষ শ্রদ্ধাভাজন সহকর্মী ভক্তিভূষণ মণ্ডল মহাশয় প্রতিবারই আমাকে বলেন। আমরা এ ব্যাপারে খানিকটা অগ্রসর হয়েছি। আমার বাজেট স্পিচে এ বিষয়ে বিস্তারিতভাবে বলব। আমরা এই পরিকল্পনায় এ বছর কিছু বরাদ্দ করছি।

**শ্রী মোজাম্মেল হক :** কান্দি মাস্টার প্ল্যানের মধ্যে দিয়ে মুর্শিদাবাদ জেলার বন্যা নিয়ন্ত্রণ ভাঙন রোধ এবং উন্নয়নের প্ল্যান করা হচ্ছে। কিন্তু এই জেলার পূর্ব অংশে পদ্মা থেকে যেসব নদী বেরিয়েছে—ছোট ভৈরব, জলঙ্গী এবং ভৈরব—সেসব নদীতে নদীয়া জেলা পর্যন্ত যে ভাঙন হচ্ছে তা প্রতিরোধ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** গঙ্গা, পদ্মা ছাড়াও ভৈরব, জলঙ্গী প্রভৃতি কিছু কিছু নদীর ক্ষেত্রেও আমাদের বন্যা নিয়ন্ত্রণ এবং ভাঙন প্রতিরোধের পরিকল্পনা রয়েছে। এ বিষয়ে স্পেসিফিক প্রশ্ন দিলে আমি সামনের সপ্তাহে উত্তর দেবার চেষ্টা করব।

**শ্রী মানিক মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়, বীরভূম জেলার লাভপুরের ওপর দিয়ে কুয়ে নদী গিয়েছে; সেই নদীর বন্যা নিয়ন্ত্রণের বিষয়টি কান্দি মাস্টার প্ল্যানের মধ্যে আছে কি? আর মুর্শিদাবাদ জেলার বড়এঞা বীরভূম জেলার লাভপুর থানার ৪৩টি মৌজার বিস্তীর্ণ এলাকা প্রতি বছর বর্ষায় লাঙ্গলহাটা বিলের জলে ভেসে যাচ্ছে। এই সমস্যার সমাধানের জন্য আপনার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এখানে আমি শুধু মাত্র ফেজ ওয়ানের উত্তর দিলাম। এরপরও আমাদের ফেজ টু এবং থ্রি আছে। অর্থাৎ আরও দুটো ফেজ এই পরিকল্পনার অন্তর্ভুক্ত রয়েছে।

## রাজ্যে অধ্যক্ষ ও অধ্যাপকের শূন্য পদ

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এই রাজ্যের কলেজগুলিতে বর্তমানে কতজন অধ্যক্ষ এবং অধ্যাপকের পদ শূন্য আছে;

(খ) উল্লিখিত শূন্য পদগুলি পূরণ করার জন্য সরকার কি পদক্ষেপ নিয়েছে; এবং

(গ) কত দিনের মধ্যে উক্ত শূন্য পদগুলি পূরণ করা হবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :**

(ক) অধ্যক্ষ — ৮৩

অধ্যাপক — সাত শতাধিক

(খ) উল্লিখিত শূন্য পদগুলি পূরণের জন্য বিশ্ববিদ্যালয়, মঞ্জুরি আয়োগ নির্দিষ্ট বিধি অনুসরণ করে পরীক্ষা ইন্টারভিউয়ের ব্যবস্থা করা হয়েছে।

(গ) অধ্যক্ষ পদ পূরণের ব্যবস্থা আসন্ন স্লেট পরীক্ষার পরেই নেওয়া হবে। অধ্যাপক পদ পূরণের ব্যবস্থা ইতিমধ্যেই নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন সুপারিশ পাঠাতে শুরু করছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে চিত্র তুলে ধরলেন তাতে আমরা দেখছি পশ্চিমবাংলার কলেজগুলোয় আজকে পঠন-পাঠনের চরম দুরবস্থা দেখা দিয়েছে এবং ছাত্রছাত্রীদের অবস্থাও বোঝা যাচ্ছে। এখন আমার প্রশ্ন হচ্ছে, পশ্চিমবাংলার কলেজগুলোয় ৮৩ জন অধ্যক্ষের পদ এবং ৭০০-র বেশি অধ্যাপকের পদ শূন্য থাকায় ছাত্রছাত্রীদের পঠন-পাঠন ক্ষতিগ্রস্ত হচ্ছে; রাজ্য সরকার এই দুরবস্থা দূর করার জন্য কী পদক্ষেপ গ্রহণ করেছেন এবং আগামী দিনের জন্য এ বিষয়ে রাজ্য সরকারের কী পরিকল্পনা আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্য যে প্রশ্নটি করেছেন তার উত্তরে জানাই, এর আগেও এই হাউসে আমি বলেছি, যে ইউ জি সি আমাদেরকে বলেছে, যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা গ্রহণ করতে হবে এবং এই অ্যাসেম্বলিতে আপনারা কলেজ সার্ভিস কমিশন যে অ্যাক্ট আছে সেটাকে অ্যামেন্ড করেছেন। তারপর পরীক্ষা নেওয়া হয়েছে। ইন্টারভিউয়ের কাজ এখনও চলছে। ২৮টি বিষয়ের মধ্যে ১৮টি বিষয়ে ইন্টারভিউ শেষ হয়েছে। ১৩টি বিষয়ে প্যানেল তৈরি হয়ে গেছে। ২টি প্যানেল ইতিমধ্যেই পাবলিশড করা হয়েছে এবং কলেজ সার্ভিস কমিশন শিক্ষকদের বিভিন্ন কলেজে পাঠাতে শুরু করেছেন। ইতিমধ্যে যে ব্যবস্থা নিয়েছি সেটা হচ্ছে এই, যেখানে যেখানে এইরকম শূন্য পদ হয়েছে সেইসব কলেজে আংশিক সময়ের জন্য অধ্যাপক নিয়োগ করা এবং আংশিক সময়ের জন্য অধ্যাপকদের বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে। সুতরাং পড়াশুনা যাতে অব্যাহত থাকে তার জন্য সমস্ত পদক্ষেপগুলি গ্রহণ করছি। আর একটি বিষয়ে বলব, কলেজগুলিতে পরীক্ষা হয়ে যাবার পর শুধুমাত্র ফার্স্ট ইয়ারে যেটাকে কলেজের ভাষায় ম্যাগ সেশন বলে সেই সময়ে আমাদের ক্লাশ কম থাকে এবং যারা অধ্যাপক আছেন তারা কাজ চালিয়ে দেন এবং আংশিক সময়ের জন্য অধ্যাপকদের নিয়োগ করে কাজ চালিয়ে দেওয়া যায়। সুতরাং ক্লাশগুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে সেটা নয়। উচ্চ মাধ্যমিকের ফল বেরুবার পর নতুন ভর্তি যখন নেওয়া হবে, তখন তাদের ক্লাশ শুরু হতে সময় লাগবে। তার মধ্যে কলেজ সার্ভিস কমিশন থেকে বিভিন্ন কলেজে অধ্যাপকের শূন্য পদগুলি পূরণ হয়ে যাবে। এই ব্যবস্থা তারা নিয়েছেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, এইসব কলেজে যে অধ্যক্ষ এবং অধ্যাপকের পদগুলি শূন্য আছে—এই পদগুলি কতদিন যাবৎ শূন্য

আছে? অর্থাৎ সবচেয়ে বেশি কতদিন শূন্য আছে আর সবচেয়ে কম কতদিন শূন্য আছে

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যে প্রশ্নটি করেছেন সেটা খুবই গুরুত্বপূর্ণ ২/১টি কলেজ আছে যেখানে অধ্যক্ষের পদ অনেকদিন থেকে শূন্য, যেমন ধরুন, একটি সরকারি কলেজ—এ বি এন শীল কলেজ, কোচবিহার, সেই কলেজে অধ্যক্ষের পদ নির্দিষ্ট আছে শিডিউল কাস্টস যারা আছেন তাদের জন্য। কিন্তু উপযুক্ত প্রার্থী পাওয়া যায়নি আবার অ্যাডভার্টাইজ করতে হবে। এইরকম বিভিন্ন কারণে কিছু কিছু কলেজে অধ্যক্ষের পদ বেশ কিছুদিন খালি থাকে। এ ছাড়া আর একটি কারণ থাকে। অনেকগুলি কলেজ খুব দূরে দেখা গেছে, অধ্যক্ষ নিয়োগ করার পরেও তিনি সেখানে কাজে যোগ দিতে গেলেন না অথবা এমন কলেজ আছে যেখানে কাগজে বিজ্ঞপ্তি কলেজ সম্পর্কে বেরুবার পরেও কোনও আবেদনপত্র পাওয়া যায়নি। সেই কলেজে অধ্যক্ষের পদ গ্রহণ করতে রাজি হন না। আমরা ইতিমধ্যেই কয়েকবার আরও যাতে বেশি পরিমাণে অধ্যক্ষ পাওয়া যায় তারজন্য খানিকটা ব্যাপারে আমরা শিথিল করে দিয়েছি যাতে বেশি আবেদনপত্র পাওয়া যায়। কিন্তু তা সত্ত্বেও কয়েকটি কলেজ আছে যার সংখ্যা বেশি নয়, সেখানে অধ্যক্ষ পাওয়া খুব কঠিন।

[11-30—11-40 P.M.]

আর যতগুলো শূন্য পদ আছে, সেইগুলো স্বাভাবিকভাবে দেরি হয়, তার কারণ হচ্ছে অনেকগুলো কলেজ এক সঙ্গে তাদের চাহিদা পাঠিয়েছে। তারপর কাগজে বিজ্ঞাপন দেওয়া হবে, তার ইন্টারভ্যু হবে, তারপর প্যানেল করে তাদের পাঠানো হয়। ইতিমধ্যে অনেক কলেজে অধ্যক্ষ হয়তো রিটায়ার করে গেছেন। তার জন্য আবার নতুন করে অ্যাডভার্টাইজ করতে হয় এবং নতুন করে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করতে হয়। তার জন্য দেরি হয়। কিন্তু মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে আমরা কিন্তু সঙ্গে সঙ্গে একজন সিনিয়ার মোস্ট টিচার ইন চার্জ করে দিই এবং এটাও জানাচ্ছি যে ঐ টিচার ইনচার্জের সাম্মানিক ভাতা কিছুদিন হল বাড়িয়ে দিয়েছি। এইভাবে কিছুদিন টিচার ইনচার্জ তাঁরা কলেজ চালাচ্ছেন এবং সরকারি কলেজগুলোতে অফিসার ইনচার্জ দিয়ে কলেজগুলো চালনা করা হয়ে থাকে। আমি আপনাকে আশ্বস্ত করছি যে একদিকে পাবলিক সার্ভিস কমিশন, আর একদিকে কলেজ সার্ভিস কমিশন, তারাও উদ্যোগ নিয়েছে এবং যে পদগুলো শূন্য আছে অধ্যাপক এবং অধ্যক্ষের, তা আগামী শিক্ষা বর্ষ শুরু হবার আগেই পূরণ করা যাবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমরা বিভিন্ন সময়ে এই অভিযোগ বিভিন্ন সূত্র থেকে পেয়েছি, এই অধ্যাপক নিয়োগের ব্যাপারে, যে দায়িত্ব প্রাপ্ত কলেজ সার্ভিস কমিশন, সেই কলেজ সার্ভিস কমিশনের নানা জটিলতা, অনিয়ম, এই সমস্ত নানা অভিযোগ কলেজ সার্ভিস কমিশনের বিরুদ্ধে আছে। যার ফলে নিয়োগের ব্যাপারে বিলম্বিত হচ্ছে। এই সম্পর্কে আপনার কোনও তথ্য জানা আছে কিনা এবং থাকলে তা নিরসনের জন্য কী ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, আপনি শুনলেন যে সমস্ত প্যানেল পাবলিশ করা হয়নি, ইন্টারভ্যু চলছে এবং যারা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, একমাত্র তারাই ইন্টারভ্যু দিতে পেরেছেন। কাজেই মাত্র ইতিমধ্যে ১০ জন শিক্ষকের

নাম সুপারিশ করা হয়েছে, জিওগ্রাফি এবং সোশিওলজিতে, বাকিগুলো শুরু হয়েছে। এর মধ্যে কোনও অনিয়ম ইত্যাদি এই ধরনের কোনও অভিযোগ আমাদের কাছে আসেনি। মাননীয় সদস্য যদি সুনির্দিষ্টভাবে কোনও অভিযোগ তাঁর জানা থাকে, আমার কাছে তা যদি লিখিতভাবে জানান, আমি নিশ্চিতভাবে তা দেখব এবং তার ভিত্তিতে সমস্ত খবরাখবর নিয়ে আপনাকে জানাতে পারব এই হাউসে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন স্লেটের পরীক্ষা আসন্ন। আমরা জানি ৯৪ সালের ২৬শে নভেম্বর আমাদের রাজ্য কলেজ সার্ভিস কমিশন পরিচালিত স্লেট পরীক্ষা প্রথম অনুষ্ঠিত হয়। ঐ পরীক্ষায় উত্তীর্ণের সংখ্যাটা আপনি যা বললেন, তাদের দশ জনের অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা হয়েছে। আমি জানতে চাইছি, এই পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা কত ছিল এবং যদি মাত্র দশ জন নিযুক্ত হয়ে থাকেন, তাহলে আর যে শূন্য পদ আছে, সেগুলোর জন্য পরীক্ষা কবে হবে, এই সম্পর্কে যদি বিস্তারিতভাবে বলেন তাহলে ভাল হয়।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য বোধ হয়, আমি যে উত্তরটা দিয়েছি, সেটা যথাযথভাবে অনুসরণ করতে পারেননি। আমি বলেছি দুটো সাবজেক্টের কথা। তবে নিয়োগের কাজ চলছে। শুধুমাত্র দশ জনের নাম পাঠানো হয়েছে তা নয়, আঠাশটা প্যানেল হবে।

বিভিন্ন বিষয়ে। তাতে যতগুলি পদ খালি আছে সেগুলি পূরণ করেও প্যানেলে আরও নাম থেকে যাবে। যেমন যেমন খালি হবে, কলেজগুলি চাইবেন তেমন তেমন তাদের নাম পাঠানো হবে। স্লেট পরীক্ষা থেকে শুধু ১০ জনের নাম পাঠানো হয়েছে এটা ঠিক নয়। আজ পর্যন্ত ১০ জনের নাম পাঠানো হয়েছে। কলেজে সোশিওলজিতে খালি পদের সংখ্যা খুব কম, ভূগোলের খালি পদের সংখ্যা খুব কম। সেগুলি পাঠানো চলছে। আমি বলেছি, কাজটা চলছে, এই কাজটা আগামী কয়েক মাস চলবে। আপনারা জানেন, স্লেটে যারা পরীক্ষা দিয়েছিলেন তাদের মধ্যে খুব বেশি পাস করেননি কিন্তু আমাদের যতগুলি পদ খালি আছে সেগুলি পূরণ করার পক্ষে তা যথেষ্ট একমাত্র ইংরাজি ছাড়া। ইংরাজিতে হয়ত যতগুলি পদ খালি আছে সবগুলি গত স্লেট পরীক্ষা যা হয়েছে এবং তাতে যারা উত্তীর্ণ হয়েছেন এবং যে প্যানেল হয়েছে তাতে সবগুলি হয়ত পূরণ করা যাবে না যার জন্য অতি দ্রুত আরও একটি স্লেট পরীক্ষা নেবার আমরা চেষ্টা করছি। কলেজ সার্ভিস কমিশন মাস দুয়েকের মধ্যে আবার স্লেট পরীক্ষা নেবেন এবং তখন প্যানেল করে শূন্য পদগুলি পূরণ করা সম্ভব হবে।

**শ্রী ফজলে হক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরবঙ্গের এ বি এন শীল কলেজের নাম করেছেন। কুচবিহারে এটি একটি নাম করা কলেজ এবং এই কলেজ থেকে উত্তরবঙ্গে বহু কৃতি সন্তান বেরিয়েছে। উনি বললেন যে এই কলেজে অনেকদিন ধরে অধ্যক্ষের পদ শূন্য। এর কারণ হিসাবে তিনি বলেছেন যে শিডিউল কাস্টদের জন্য সংরক্ষিত পদ, শিডিউল কাস্ট ক্যান্ডিডেট পাওয়া যাচ্ছে না তাই পূরণ করা যাচ্ছে না। আমার প্রশ্ন, এই রকম একটি গুরুত্বপূর্ণ কলেজের অধ্যক্ষের পদ শিডিউল কাস্ট ক্যান্ডিডেট না পাওয়ার জন্য কি অনির্দিষ্টকাল ভেকেন্ট পড়ে থাকবে, না কি এটা পূরণ করার জন্য অন্য কোনও ব্যবস্থা করছেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** সরকারি যে নিয়ম আছে তাতে আবার আমরা চেষ্টা করব। চেষ্টা করার পর যদি দেখা যায় যে উপযুক্ত এবং যোগ্য তফসিলি প্রার্থী পাওয়া যাচ্ছে না তখন আমরা আমাদের শিডিউল কাস্ট ডিপার্টমেন্টের যারা এটা দেখাশুনা করেন তাদের কাছে এই পোস্টটা ডিরিজার্ভ করার জন্য বলব। যেহেতু পাওয়া যাচ্ছে না সেইহেতু আমরা আবেদন করব এটা ডিরিজার্ভ করে দেওয়া হোক। ওরা যদি সম্মতি দেয় তখন এটা সাধারণ পদে পরিণত হবে এবং পূরণ করা সম্ভব হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমি অধ্যাপকদের পদ নিয়ে প্রশ্ন করতে চাই। অধ্যাপকদের পদ পূরণ করার জন্য বিভিন্ন সাবজেক্টে প্যানেল তৈরি করা হয়েছিল। আগে যে প্যানেল ছিল সেই প্যানেল বিশেষ করে পলিটিক্যাল সায়েন্স, সোশিওলজি, সংস্কৃতে অনেক নাম ছিল। তার থেকে ৫০-৬০ পারসেন্টকে নিয়োগ করা হয়েছে। তারপর সেটাকে বাতিল করা হয়েছে। বাতিল না হলে তার থেকে শূন্য পদগুলি পূরণ করা যেত। আমি জানতে চাই, এই বাতিল করার কারণটা কি? এই নিয়ে হাইকোর্টও হয়েছে। দেখা যাচ্ছে ৫৯ পর্যন্ত সিরিয়ালি হয়েছে এবং তারপর ৪১ জন থেকে গিয়েছে। সেখানে তারা সুযোগ পায়নি। প্যানেলটা বতিল না হলে সঙ্কট যেটা তৈরি হয়েছে সেটা হত না। মাননীয় মন্ত্রী মহাশয় এই বাতিলের কারণটা জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য জানেন যে প্যানেলে যাদের নাম থাকে তাদের সকলকেই যে চাকরি দিতে হবে এরকম কোনও নিয়ম নেই। বিভিন্ন জায়গাতেই প্যানেল তৈরি হয়। প্যানেল একটা নির্দিষ্ট সময় পর্যন্ত থাকে। সেই সময় অতিবাহিত হয়ে গেলে সেই প্যানেলকে বাতিল করে দেওয়া হয়। ঐ প্যানেলে যাদের নাম ছিল তাদের অনেকেই আমার সঙ্গে দেখা করেছেন এবং আমি তাদেরও বলেছি যে কারুর নাম প্যানেলভুক্ত হলেই সেখানে সেই সমস্ত প্যানেলটার পুরোটাই যে চাকরি দিতে হবে এটা কিন্তু নিয়ম নয়।

কলেজ সার্ভিস কমিশনের যে নিয়ম, তার চেয়ে বেশি সময় ধরে এই প্যানেল থেকে চাকরি দেওয়া হয়েছে। কিন্তু দুটি সমস্যা রয়েছে। একটি প্যানেল যদি দীর্ঘদিন চালু থাকে, ঐ প্যানেল তৈরি হবার পর যারা বিশ্ববিদ্যালয় থেকে অনেক বেশি নম্বর পেয়ে বেরিয়ে এসেছে—গত দুই-তিন বছরে ইউনিভার্সিটি থেকে ফার্স্ট ক্লাশ পেয়ে বেশ কিছু বসে রয়েছে—সেখানে ঐ প্যানেলে সেকেন্ড ক্লাশ ৫০ পারসেন্ট পেয়েছে তাদেরও নাম আছে। তারজন্য ঐ প্যানেল দীর্ঘস্থায়ী করা যায় না যাতে নতুনরা সুযোগ পেতে পারে। আমরা ঐ প্যানেলভুক্তদের স্বার্থের দিকে তাকিয়ে একটু দেরিতেই সেটা বাতিল করেছি। ঐ প্যানেল যখন তৈরি করা হয় তখন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি আদেশ ছিল, এম এ-তে ৫০ পারসেন্ট পেলে প্যানেলভুক্ত হতে পারবেন। কিন্তু তারপর ইউ জি সি ঠিক করে দিয়েছে, ৫৫ পারসেন্ট না পেলে নতুনভাবে কোনও শিক্ষক নিয়োগ করা যাবে না। ফলে আমরা ঐ প্যানেল বাতিল করে আবার নতুন করে প্যানেল তৈরি করছি। স্লেট পরীক্ষা হয়েছে। এই স্লেট পরীক্ষায় তারাই বসবেন যারা পোস্ট গ্র্যাজুয়েটে ৫৫ পারসেন্ট মার্কস পেয়েছে। এই কারণে পুরানো প্যানেল বাতিল করতে হয়েছে এবং ইউ জি সি'র নিয়ম মেনে নতুন প্যানেল করে নিয়োগের বন্দোবস্ত আমরা করেছি। মাননীয় সদস্য হাইকোর্টের কথা বলেছেন। হাইকোর্টে

তো যে কোনও ব্যাপারে যে কেউ আবেদন করতে পারে এবং তার নিষ্পত্তি হাইকোর্টেই হবে। তবে ঐ প্যানেল দীর্ঘদিন চালু রাখা হয়েছে এবং পরবর্তীকালে আইনজ্ঞের সঙ্গে পরামর্শ করে তাঁদের পরামর্শ মতোই আর ঐ প্যানেল চালু রাখতে পারিনি। কারণ তাঁরা বলেছেন যে, ঐ প্যানেল থেকে নিয়োগের পর কেউ যদি কোর্টে সেটা চ্যালেঞ্জ করে তাহলে আমরা অসুবিধায় পড়ে যাব।

[11-40—11-50 P.M.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** কলেজগুলোতে সাধারণ শিক্ষকের সঙ্গে সঙ্গে কিছু কিছু নন-ট্রেডিশনাল ট্রেনিং সেন্টার খুলবার পরিকল্পনা রয়েছে কিনা। যেমন কোনও কোনও কলেজে দেখতে পাচ্ছি, ডব্লু. বি. সি. এস., বা আই. এ. এস. ট্রেনিং সেন্টার করা হয়েছে। এই ধরনের ট্রেনিং সেন্টার খুলবার কথা চিন্তা করছেন কিনা?

**মিঃ স্পিকার ঃ** মূল প্রশ্নের সঙ্গে এর কি সম্পর্ক রয়েছে? না, না, এই প্রশ্নের উত্তর হবে না।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী বলছিলেন যে, ৮৩টি অধ্যক্ষের পদ শূন্য রয়েছে। আমার প্রশ্ন, ঐ ৮৩ জনের মধ্যে রিএমপ্লয়মেন্ট প্রাপ্তদের সংখ্যাটাও ধরা আছে কিনা এবং অধ্যক্ষ রিএমপ্লয়মেন্টের ক্ষেত্রে কয়টি টার্ম তাকে রিএমপ্লয়মেন্ট দেওয়া যাবে? এ সম্পর্কে সরকারের সুনির্দিষ্ট দৃষ্টিভঙ্গি কি সেটা জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, কলেজে রিএমপ্লয়মেন্ট কি অধ্যাপক, কি অধ্যক্ষ—এটা উঠে গেছে, তুলে দেওয়া হয়েছে। তবে এখনও পর্যন্ত যাঁরা রিএমপ্লয়মেন্টে রয়েছেন, যে নির্দিষ্ট তারিখ থেকে রিএমপ্লয়মেন্ট ব্যবস্থা তুলে দেওয়া হয়েছে তার আগে তাঁরা রিএমপ্লয়মেন্ট পেয়েছেন এবং তাঁরাই রিএমপ্লয়মেন্টে চলছেন। তাঁদের রিএমপ্লয়মেন্ট ৬৫ বছর বয়স পর্যন্ত চলবে, কিন্তু নতুনভাবে আর কোনও রিএমপ্লয়মেন্ট দেওয়া হবে না।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধ্যক্ষের পদে শিডিউল কাস্ট প্রার্থী নিয়োগের কথা বলা আছে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় বলবেন যে না পাওয়া গেলে রিজার্ভেশন করবেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন শিডিউল কাস্ট প্রার্থীদের চাকুরির ক্ষেত্রে তাদের যোগ্যতার মাপকাঠি শিথিল করে উচ্চ পদে নিয়োগের সিদ্ধান্ত আপনি গ্রহণ করতে পারেন কিনা?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্যের প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু আমাদের সর্বভারতীয় নিয়ম অনুযায়ী চলতে হয়, ইউ. জি. সি.র রেগুলেশন মেনে চলতে হয়। সেখানে এস ই. ই. টি. পরীক্ষায় ৫৫ পারসেন্ট নাম্বারের কথা বলা আছে এবং অন্যান্য ক্ষেত্রেও এই ধরনের কোনও শিথিলতার কথা বলা নেই। বয়সের ক্ষেত্রে শিথিলতার কথা বলা আছে। নাম্বার এবং তাঁর যে শিক্ষাগত যোগ্যতার ব্যাপারে শিথিল করার কোনও নির্দেশ আমাদের কাছে নেই। ফলে যতক্ষণ পর্যন্ত ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন এটা বিবেচনা করে আমাদের

নির্দেশ না দেবেন ততক্ষণ পর্যন্ত আমরা এটা করতে পারব না।

**শ্রী বিনয় দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই। আপনি বললেন যে ৮৩টি কলেজে অধ্যক্ষ নেই। এর মধ্যে কটা কলেজ আছে যেখানে অধ্যাপক এবং অধ্যক্ষ একেবারে নেই, তার সংখ্যা কত? গত বছরে অনুমোদন দেওয়া হয়েছে কলেজের, সেখানে অধ্যাপক এবং অধ্যক্ষ নেই। এই ক্ষেত্রে প্রায়রিটি দিয়ে অধ্যাপক এবং অধ্যক্ষ নিয়োগের ব্যবস্থা করবেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** গত বছর যে নতুন কলেজগুলি হয়েছে সেখানে অধ্যক্ষ দেওয়া সম্ভব হয়নি। তার কারণ তাঁরা যে অধ্যক্ষ চেয়েছেন তাদের অ্যাডভার্টাইজমেন্ট বেরোবে জুলাই-এর মাঝামাঝি। কলেজ সার্ভিস কমিশন এটা বার করবে। অধ্যাপক এখনও দেওয়া সম্ভব হয়নি, সেই প্যানেল এখন তৈরি হচ্ছে। কলেজ যারা করেছেন তাদেরকে আমি সমস্ত কিছু বলেছি। আপনারা এটা জানেন যে নতুন কলেজ যেগুলি করেছে সেইগুলি পাস কলেজ, পাস সাবজেক্ট সেখানে পড়ানো হয়। এক-একটা সাবজেক্টে ফার্স্ট ইয়ারে ৬টি করে ক্লাশ হয়, সেকেন্ড ইয়ার শুরু হলে ৬ প্লাস ৬ মোট ১২টি ক্লাশ হবে। প্রথম বছরে একটা সাবজেক্ট-এ ৬টি ক্লাশ। তার জন্য একজন পার্ট টাইমার নিয়োগ করতে বলেছি, একজন পার্ট টাইমার ৬টি ক্লাশ করতে পারে। সেই কলেজগুলি পার্টটাইমার নিয়ে ১ বছর এমন কি ২ বছর চালাতে পারে। তাঁদের সঙ্গে আমি আগেই কথা বলেছি, আপনারা যে নতুন কলেজ করতে যাচ্ছেন এইগুলি আপনারা যদি করতে চান তাহলে আমরা কিন্তু এখনই সর্বক্ষণের জন্য অধ্যাপক এখন দিতে পারব না কলেজ সার্ভিস কমিশন না পাঠানো পর্যন্ত। তাদের পোস্ট দেওয়া হয়েছে, সেই পোস্টের এগেনস্টে তারা পার্ট টাইমার নিয়োগ করতে পারেন। টিউশন ফি যার ৫০ ভাগ সরকারকে জমা দিতে হবে সেটা আমরা ছেড়ে দিয়েছি যাতে কলেজগুলি তার নিজের ফাণ্ড থেকে পার্ট টাইমারদের আংশিক সময়ের জন্য বেতনটা দিতে পারেন।

**শ্রী হাফিজ আলম সেইরাণী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষামন্ত্রীর কাছে একটা প্রশ্ন করতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় যতগুলি প্রফেসার এবং লেকচারারের পদ শূন্যের কথা বললেন তার মধ্যে উর্দু এবং হিন্দি কতগুলি পোস্ট শূন্য আছে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** এই ব্যাপারে আলাদা করে নোটিশ না দিলে কতগুলি হিন্দি এবং উর্দু পদ শূন্য আছে সেটা বলা যাবে না। উর্দু খুব বেশি নেই। প্যানেল তৈরি হবার পর যে সব জায়গায় যে সব পদ খালি আছে সেই বিষয়ে অধ্যাপক কলেজগুলিতে চলে যাবে।

**মাজি-সম্প্রদায়কে তফসিলি জাতিভুক্ত করার পরিকল্পনা**

***৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৫২) **শ্রী নটবর বাগ্‌দী :** তফসিলি জাতি ও আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সাতুড়ি ও নেতুড়িয়া থানার মাজি-সম্প্রদায়কে তফসিলি জাতিভুক্ত

করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) উক্ত জেলার মল্লিক-সম্প্রদায়টি তফসিলি জাতির অন্তর্গত কি না?

**শ্রী উপেন্দ্র কিস্কু :**

(ক) কোনও সম্প্রদায়কে তফসিলি জাতিভুক্ত করার ব্যাপার কেন্দ্রীয় সরকারের। রাজ্য সরকারের এ ব্যাপারে কোনও পরিকল্পনা করার সুয়োগ নাই।

(খ) না।

[11-50—12-00 Noon]

**শ্রী নটবর বাগদি :** সাতুড়ি এবং নেতুড়িয়া থানার 'মাজি' সম্প্রদায়ের এরা হচ্ছে 'শুঁড়ি ও সুমগুল' সম্প্রদায় ভুক্ত। এঁরা বলেন যে বাঁকুড়ায় এঁদের যেসব রিলেটিভস্ আছেন, তাঁরা শিডিউল্ড কাস্ট সম্প্রদায়ের সুবিধা পাচ্ছেন। কিন্তু সাতুড়ি এবং নেতুড়িয়া থানার এঁরা সেই সুযোগসুবিধা পাচ্ছেন না। বিষয়টি জটিল। আমরা বিষয়টি নিয়ে মন্ত্রী মহাশয়ের কাছে দীর্ঘদিন আবেদন নিবেদন করেছি। এটি সেন্ট্রাল গভর্নমেন্টের বিষয় নয়, রাজ্য সরকারের বিষয়। রাজ্য সরকার এটি দেখার জন্য একটি ইনস্পেকশন টিমও পাঠিয়েছিলেন। নতুন কোনও কাস্টকে শিডিউল্ড কাস্ট হিসাবে অন্তর্ভুক্তি করতে গেলে সেন্ট্রাল গভর্নমেন্টের পার্মিশন লাগে। কিন্তু এটি তো রাজ্য সরকারের বিষয়। সেজন্য আমি জানতে চাইছি, 'মাজি' সম্প্রদায়ভুক্ত যারা সাতুড়ি এবং নেতুড়িয়া থানার অধিবাসী, তাঁদের বিষয়ে—তাঁরা যাতে সুযোগ-সুবিধাগুলো পেতে পারেন—দেখবেন কিনা?

**শ্রী উপেন্দ্র কিস্কু :** এই বিষয়টি সম্প্রতি আমাদের নজরে এসেছে। আমাদের কাছে একটি আবেদন এসেছে। আমরা পর্যালোচনা করে দেখব, যদি কোনও ভিত্তি থাকে তাহলে তার ভিত্তিতে বিবেচনা করা হবে।

**শ্রী নটবর বাগদি :** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে, তিনি বললেন বিষয়টি তাঁর নজরে এসেছে এবং তিনি বিবেচনা করে দেখবেন। বিষয়টি আমরা ১০ বছর যাবৎ নজরে আনার চেষ্টা করছি। এরজন্য অনেক মিটিং ও মিছিলও হয়েছে। আমার (খ) প্রশ্নে যেটি ছিল, মল্লিকদের বিষয়ে, এদের টাইটেল হচ্ছে 'মল্লিক'। এরা ক্ষেত মজুর এবং নিজেদের কোনও জায়গা জমি নেই। আর একটি সম্প্রদায় আছে। পুরুলিয়ার 'বড়াইক' এবং 'পাক বড়াইক', এদের বিষয়ে ওখানে একটি ইনস্পেকশন টিম পাঠানো হয়েছিল। আপনি এই 'মল্লিক' এবং 'পাক বড়াইক', এদের বিষয়ে চিন্তাভাবনা করবেন কিনা?

**শ্রী উপেন্দ্র কিসকু :** আমি মাননীয় সদস্যকে জানাতে চাই যে, আমি একটু আগেই বলেছি, বিষয়টি নিয়ে আমরা মাঝে মাঝে পর্যালোচনা করি। কিন্তু সর্বশেষ সিদ্ধান্ত নেবার মালিক হচ্ছে কেন্দ্রীয় সরকার। তাঁরা পর্যালোচনা করে বিবেচনা করেন। আমরা দেখব, যদি সেই রকম কিছু থাকে তাহলে আমরা সুপারিশ করতে পারি।

**শ্রী নটবর বাগদি ঃ** আপনারা যেখানে সিদ্ধান্ত নেন, তার মিটিং খুব দেরিতে হয়। এইজন্য ও. বি. সি.-দের ব্যাপারেও দেরি হচ্ছে। সি. সি. আর.-এর মিটিংটা তাড়াতাড়ি করার জন্য আপনার দপ্তর কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী উপেন্দ্র কিস্কু ঃ** মাননীয় সদস্য জানেন, ও. বি. সি.দের জন্য একটি কমিশন আছে। তাঁরা আর্থ সামাজিক বিভিন্ন বিষয় বিচার বিবেচনা করে রাজ্য সরকারের কাছে সুপারিশ করেন। আমরা সেই ভিত্তিতে সিদ্ধান্ত নিই। কিন্তু এস. সি. এবং এস. টি.দের ব্যাপারে সেই ধরনের কমিশন নেই। আবেদন পেলে আমরা তা বিবেচনা করি এবং তারপর রাজ্য সরকার সুপারিশ করেন।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, যদিও এটা অসমর্থিতভাবে সংবাদটি আমাদের কাছে এসেছে যে, অ্যাডমিনিস্ট্রেটিভ হেড্‌স অধ্যক্ষ, প্রিন্সিপাল বা হেডদের ক্ষেত্রে শিডিউল কাস্ট হলে পরে রিল্যাকসেশনের ব্যবস্থা আছে, সেই হিসাবে প্রশ্ন যে, সেক্ষেত্রে আপনি যে রিল্যাকসেশনের কথা বললেন তা ছাড়াও কি রিল্যাকসেশনের ব্যবস্থা আছে কিনা। আর দ্বিতীয়ত ও. বি. সি.র জন্য আপনার দপ্তর থেকে রোস্টারের জন্য কোনও নির্দেশ গেছে কিনা, এই এমপ্লয়মেন্ট রোস্টার শুধুমাত্র একটি জায়গায় নয়, সব ডিপার্টমেন্টই মেনে নিয়েছেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, অ্যাডমিনিস্ট্রেটিভ হেডসে এই ধরনের কোনও পোস্ট অ্যাকসেপ্ট করার জন্য কোনও সার্কুলার নেই। সেখানে কোনও নিষেধাজ্ঞা নেই, সেখানে রোস্টার যেভাবে পড়বে সেইভাবে হবে, সেখানে হেড বলে আলাদা কিছু হবে না। তবে যদি কোনও একটি পোস্টে এস. সি., এস. টি.র লোক না পাওয়া যায় তাহলে সেই পোস্টটাকে ডি-রিজার্ভ বলে ঘোষণা করা হবে।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন যে, এই চাঁই মণ্ডল অর্থাৎ চাঁই সমাজ এস. সি. না ও. বি. সি. কোন সম্প্রদায়ভুক্ত হিসাবে গণ্য করা হবে সেটা আপনার দপ্তর করেছেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এস. সি. করার ব্যাপারে আমরা সিদ্ধান্ত নিতে পারি না সেকথা মাননীয় সদস্যরা ভাল করেই জানেন, ওটা ভারত সরকার করে থাকেন। চাঁই সম্প্রদায় ভুক্ত লোকেদের প্রতিনিধিরা আমাদের সঙ্গে দেখা করেছিল এবং আমিও ভাল করে দেখেছি যে, ওই চাঁই সম্প্রদায় এস. সি. হতে পারে, সেই হিসাবে লিস্ট করতে বলেছি যাতে তারা এস. সি. হতে পারে এবং লিস্ট করে কেন্দ্রীয় সরকারের কাছে রেকমেন্ডেশনের জন্য পাঠিয়েছি এখনও কিছু হয়নি। আর ও. বি. সি.র ব্যাপারটা আমরাই করতে পারি, গত কয়েক বছর আগে করেছি, এটা করার পরে কোনও চাঁই সম্প্রদায় আমাদের কাছে ও. বি. সি. হওয়ার জন্যে বলেনি, তারা নিজেরাই এস. সি. হতে চায়। সেই হিসাবে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রেকমেন্ড করেছি। বাকিটা দিল্লির উপরে নির্ভরশীল।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার জেলার নায়েক টাইটেল হোল্ডাররা আগে সর্দার টাইটেলভুক্ত হত, গত ৩ বছর থেকে এই ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে, কেন .

বন্ধ করে দেওয় হল জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** কোনও বিশেষ টাইটেলভুক্ত হলে সেই অনুযায়ী সার্টিফিকেট নির্ভর করে না, কোন সম্প্রদায়ভুক্ত তার উপরে নির্ভর করে। মাননীয় সদস্য নায়েক টাইটেল হোল্ডারের কথা বলেছেন কিন্তু কোন সম্প্রদায়ভুক্ত দাবি করছে তা বলেননি। সেখানে কোন সম্প্রদায়ভুক্ত হতে পারবে সেটা এস. ডি. ও.র উপরে নির্ভর করবে।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রী আব্দুল মান্নান :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বৈদেশিক সহযোগিতায় এই রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের কোনও প্রস্তাব সরকারের আছে কিনা;

(খ) থাকলে, কতগুলি প্রস্তাব এসেছে এবং কোন্ কোন্ বিদেশি সংস্থা অংশগ্রহণ করবে; এবং

(গ) এর ফলে কি পরিমাণ অর্থ বিনিয়োগ করা হবে?

**খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### মাদ্রাসার পাঠ্যসূচি বিজ্ঞানভিত্তিক করার পরিকল্পনা

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২১) **শ্রী সুকুমার দাস :** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে বর্তমান মাদ্রাসা স্কুলের সংখ্যা কত (জুনিয়র ও হাই); এবং

(খ) মাদ্রাসার পাঠ্যসূচি ও পাঠ্যক্রমকে বিজ্ঞানভিত্তিক করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মাদ্রাসা শিক্ষা পর্ষদের অধীনে অনুমোদিত বিভিন্ন ধরনের মাদ্রাসার বর্তমান সংখ্যা

নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১। | হাই মাদ্রাসা | ২১১ |
| ২। | জুনিয়র হাই মাদ্রাসা (পঞ্চম হইতে অষ্টম শ্রেণী অবধী) | ১৫৩ |
| ৩। | জুনিয়র মাদ্রাসা (পঞ্চম ও ষষ্ঠ শ্রেণী) | ৭ |

(খ) মাদ্রাসার পাঠ্যক্রম যথেষ্ট পরিমাণে বিজ্ঞানভিত্তিক করা হয়েছে। বর্তমানে এই পাঠ্যক্রমের পরিবর্তন ও সংশোধনের কোনও প্রস্তাব নাই।

### বৈজুড়ি স্লুইসটি নির্মাণ পরিকল্পনা

***৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৭) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া ১ নং ব্লকের মহেশপুর গ্রাম পঞ্চায়েতের মেদিনীপুর খালের বাঁধে বৈজুড়ি স্লুইসটি নির্মাণ করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, তা কত দিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে স্লুইসটি নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রাসঙ্গিক নয়।

### Control of Pollution at Tangra Topsia

***96.** (Admitted Question No. *325) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Cottage & Small Scale Industries Department be pleased to State—

(a) the steps taken/proposed to be taken to tackle Environmental Problems caused by the tanneries at Tangra-Topsia areas of East Calcutta; and

(b) the results of the steps taken so far?

**Minister-in-charge of the Cottage & Small Scale Industries Department :**

(a) To tackle environmental problems caused by the tanneries at Tangra-Topsia areas of East Calcutta it has been decided to

shift those tanneries in Karaidanga, Vhatipota and Gangapur Mouza of Bhangore Block-I under South 24 Parganas where C. L. C. project is under implementation and will be free of leather pollutants completely with provision of C.E.T.P.

(b) The State Govt. is already under possession of 500 acres of vested land and all agricultural activity on such land has been stopped and the land is ready for development. Proceeding for requisition and acquisition of other 500 acres of land were already stated by the State Govt. This was challenged by some of the raiyats carrying on agricultural activities on such land and the High Court, Calcutta has issued orders of maintenance of statusquo. The State Govt. is contesting the case and is taking steps for vacting the interim order.

**ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি কলেজের সংখ্যা**

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮১) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে এ-রাজ্যে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি কলেজের সংখ্যা কত এবং সেগুলি কোনও কোনও এলাকায়; এবং

(খ) উক্ত কলেজগুলিতে ভর্তির জন্য মোট আসন সংখ্যা কত?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৩টি। তাদের মধ্যে ৬টি কলকাতায় ও একটি করে যথাক্রমে হাওড়া, শ্রীরামপুর, দুর্গাপুর, খড়গপুর, কল্যাণী, বহরমপুর এবং জলপাইগুড়িতে অবস্থিত।

(খ) স্নাতক পর্যায়ে ২১৮২ এবং স্নাতকোত্তর পর্যায়ে ৯৭৭।

**নদীয়া জেলার প্রাথমিক বিদ্যালয়ে বাৎসরিক অর্থ-বরাদ্দ**

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৪) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) নদীয়া জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির উন্নয়ন খাতে যথা—মেরামতি এবং আসবাবপত্র কেনার জন্য সরকারের বাৎসরিক অর্থ বরাদ্দের পরিমাণ কত; এবং

(খ) উক্ত অর্থ বিদ্যালয়গুলিকে কিভাবে বন্টন করা হয়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক বিদ্যালয়গুলির উন্নয়ন খাতে বার্ষিক বরাদ্দের পরিমাণ একরকম থাকে না।

(খ) স্থানীয় আর বিদ্যালয় পরিদর্শক এবং পঞ্চায়েত সমিতির সভাপতির সুপারিশ ক্রমে জেলা পরিষদের সভাধিপতির সভাপতিত্ব জেলা স্বত্বভোগী কমিটি বিদ্যালয় নির্বাচন করেন। শিক্ষা স্থায়ী সমিতি চূড়ান্ত তালিকা তৈরি করেন।

জেলা পরিষদকে এজন্য অর্থ বরাদ্দ এবং বন্টনের দায়িত্ব দেওয়া হয়।

**ডানকুনি খাল সংস্কার**

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) **শ্রী জোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার অবগত আছে কি, বালী খাল বন্দেরবিল ডানকুনি খালটির জল রঘুনাথপুর ও ডানকুনি গ্রাম পঞ্চায়েত এলাকার পরিবেশ দূষিত করছে;

(খ) অবগত থাকলে, এই খালটিকে ব্যবহারের উপযোগী করতে পরিবেশ দপ্তর কোনও উদ্যোগ নিয়েছে কি; এবং

(গ) নিয়ে থাকলে, তা কোন পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এ সম্পর্কে রাজ্য সেচ ও জলপথ বিভাগ অবগত আছেন।

(খ) রাজ্য পরিবেশ দপ্তরের পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এ ব্যাপারে কিছু উদ্যোগ নিয়েছেন।

(গ) ডানকুনি কোল কমপ্লেক্সসহ দিল্লি রোড সন্নিহিত কিছু রাসায়নিক কারখানার বর্জ্য পদার্থ ডানকুনি খালে পড়ার ফলে ঐ খালের জল দূষিত হচ্ছে। সেই সঙ্গে খালের দু'পাশে অবস্থিত খাটালগুলির বর্জিত পদার্থ জলদূষণের মাত্রার বিশেষভাবে বৃদ্ধি ঘটাচ্ছে।

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এ ব্যাপারে সমীক্ষা চালাচ্ছে। বালীখাল বন্দেরবিল ডানকুনি খালটির জলের দূষণ মাত্রা এখনও নির্ণীত হয়নি। তবে, ডানকুনি কোল কমপ্লেক্সসহ বেশ কিছু কারখানার বিরুদ্ধে পর্ষদ আইনানুগ ব্যবস্থা নিয়েছে।

**নদীয়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগ**

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩) **শ্রী অজয় দে ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে নদীয়া জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকলে, তার সংখ্যা কত এবং কি পদ্ধতিতে উক্ত নিয়োগ হবে;

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নদীয়াসহ সমগ্র রাজ্যেই প্রাথমিক শিক্ষক নিয়োগ করার পরিকল্পনা আছে।

(খ) সংখ্যা বলা এখন সম্ভব নয়। প্রাথমিক শিক্ষা আইনের অধীনে রচিত বিধি অনুযায়ী শিক্ষক নিযুক্ত হবেন।

### বাঁধ মেরামতির জন্য খরচ

***১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৮)) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়ূরাক্ষী সাউথ সেকশনের অধীনে সালার সাব-ডিভিসন-এ ১৯৯৪-১৯৯৫ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে বাঁধ মেরামতি বা নদীর ভাঙন রোধে কত টাকা খরচ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ময়ূরাক্ষী সাউথ ক্যানালস্ ডিভিশন-এর অধীনস্থ সালার ইরিগেশন সাব ডিভিশনে ১৯৯৪-৯৫ সালে বাঁধ মেরামতি বাবদ ১৪.৭৯ লক্ষ টাকা খরচ করা হয়। ১৯৯৫-৯৬ সালে ভাঙন রোধে ২৫.৩৪ লক্ষ টাকা এবং বাঁধ মজবুত ও উঁচু করার কাজে ২৮.৩২ লক্ষ টাকা খরচ করা হয়। সর্বমোট ৬৮.৪৫ লক্ষ টাকা খরচ করা হয়েছে।

### ভগবানপুরে মাদ্রাসা স্কুল স্থাপন

***১০২।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২৬) **শ্রী অজিত খাঁড়া ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ভগবানপুর বিধানসভা কেন্দ্রে মাদ্রাসা স্কুল স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আপাততঃ নেই।

### কংসাবতী সেচ প্রকল্প

***১০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২৫) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কংসাবতী সেচ প্রকল্প থেকে বেল পাহাড়ী ও জাম্বনী ব্লকের কত পরিমাণ জমিতে জল সেচের ব্যবস্থা আছে;

(খ) উক্ত দুটি ব্লকের কত পরিমাণ জমি এখনও সেচের আওতাভুক্ত হয়নি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বেলপাহাড়ী অঞ্চলটি বীনপুর ২ নং ব্লকের অন্তর্গত কংসাবতী সেচ প্রকল্প থেকে বীনপুর ২ নং ব্লকে ২০,৭৭২ একর এবং জাম্বনী ব্লকে ১৪,৮৫৪ একর পরিমাণ জমিতে জলসেচের ব্যবস্থা আছে।

(খ) বীনপুর ২ নং ব্লকে ৬০০০ একর এবং জাম্বনী ব্লকে ২,৩০০ একর পরিমাণ সেচযোগ্য জমি এখনও সেচের আওতাভুক্ত হয়নি।

## প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য প্যানেল

***১০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৩) **শ্রী গৌতম চক্রবর্তী ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, মহামান্য সুপ্রিম কোর্ট মালদহ জেলার ৪৩০ জন প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য জুন, ১৯৯৬ সালের মধ্যে নতুন প্যানেল তৈরি করার আদেশ দিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্যানেল তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে কি?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মহামান্য সুপ্রীম কোর্ট মালদহ জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য ৪ঠা জুনের মধ্যে নতুন প্যানেল তৈরির নির্দেশ দিয়েছিলেন।

(খ) উক্ত প্যানেল তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে।

## বন্যা পরিস্থিতি প্রতিরোধে অস্থায়ী কর্মী নিয়োগ

***১০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২২৮) **শ্রী নির্মল দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি প্রতিরোধে অনিয়মিত কিছু অস্থায়ী কর্মী নিয়োগের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি প্রতিরোধে অস্থায়ী কর্মী নিয়োগের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীনে নাই।

**শিক্ষক-শিক্ষিকাদের প্রাইভেট টিউশন বন্ধ করুন**

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৭) **শ্রী সঞ্জীবকুমার দাস :** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারি ও বেসরকারি স্কুলের শিক্ষক ও শিক্ষিকাদের প্রাইভেট টিউশনি বন্ধ করার বিষয়ে সরকারের কোনও চিন্তা-ভাবনা আছে কি না?

(খ) উক্ত বিষয়ে সরকার আইন প্রণয়নের কোনও চিন্তা করছে কিনা; এবং

(গ) করে থাকলে কবে নাগাদ তা রূপায়িত করার সম্ভাবনা আছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বন্ধ করার জন্য কোনও চিন্তাভাবনা নেই তবে সংযত করার পন্থা-পদ্ধ চিন্তা-ভাবনা আছে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**ডি. পি. ই. পি. আওতাভুক্ত জেলার সংখ্যা**

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫০) **শ্রী মোজাম্মেল হক :** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন কোন জেলাকে ডি. পি. ই. পি. আওতাভুক্ত করা হয়েছে; এবং

(খ) উক্ত প্রকল্পে কাজের অগ্রগতি কতটুকু হয়েছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যের কুচবিহার, মুর্শিদাবাদ, বীরভুম, বাঁকুড়া ও দক্ষিণ ২৪ পরগনা জেলাকে ডি পি ই পি আওতাভুক্ত করা হয়েছে।

(খ) জেলা ও রাজ্য ভিত্তিক ডি পি ই পি পরিকল্পনার তৃতীয় পরিমার্জিত রূপ দেওয়া হয়েছে যা ভারত সরকার ও ডি এ-র প্রতিনিধিবৃন্দ পুঙ্খানুপুঙ্খরূপে নিরীক্ষণ করছেন। বর্তমানে উভয় সরকারের ব্যয়ানুমোদন দপ্তরের প্রকল্প অনুমোদনের জন্যে পাঠানো হয়েছে। অনুমোদন পাওয়ার পর প্রকল্পের কাজ শুরু হবে।

**"বিলবশিয়া"র ওয়াটার এরিয়া**

*১০৮ । (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৪) **শ্রী অধীররঞ্জন চৌধুরি :** সেচ ও জলপথ

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার "বিলবশিয়ার" ওয়াটার এরিয়া কত; এবং

(খ) উক্ত বিলটি সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৫৯ (একশত ঊনষাট) বর্গ কিলোমিটার।

(খ) এই মুহূর্তে সংস্কারের কোনও পরিকল্পনা নেই। তবে এলাকাটির জরীপ ও অনুসন্ধানের কাজ হাতে নেওয়া হয়েছে।

**মাধ্যমিক স্কুল অনুমোদন**

***১০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬০) **শ্রী অশোক কুমার দেব ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার কি পদ্ধতিতে মাধ্যমিক স্কুলের অনুমোদন দেয়; এবং

(খ) দক্ষিণ ২৪ পরগনায় বজবজ এলাকায় অবস্থিত অনুমোদিত স্কুলগুলিকে অনুমোদন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয় অনুমোদনের জন্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নিকট ১৯৭৫ সালের মার্চ মাস পর্যন্ত আবেদন করেছিল সেইসব বিদ্যালয়ের গুণাগুণ এবং প্রয়োজনিয়তা বিবেচনা করে রাজ্য সরকারেব আর্থিক সামর্থের মধ্যে থেকে অনুমোদন দেওয়া হয়। কখনও কখনও জেলা পরিষদ বা পৌরসভার প্রস্তাব বিদ্যালয় এবং তাদের আর্থিক সহায়তায় মাধ্যমিক বিদ্যালয় স্থাপন ও তৎসহ অনুমোদন দেওয়া হয়।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প**

***১১০।** (অনুমোদিত প্রশ্ন নং *১২১৪) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, বন ও পরিবেশ দপ্তরের ছাড়পত্র পাওয়া সত্ত্বেও রাজ্যের সেচ দপ্তর সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের কাজ শুরু করতে পারেনি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না, একথা সত্য নয়। এখানে উল্লেখ করা যায় যে কেন্দ্রীয় পরিবেশ ও বন মন্ত্রকের পরিবেশগত ছাড়পত্র কয়েকটি শর্ত সাপেক্ষে ১৯৯৪ সালের অক্টোবর মাসে পাওয়া গেলেও প্রকল্পটির বিনিয়োগ সংক্রান্ত ছাড়পত্র যোজনা পর্যদ থেকে পেতে ১৯৯৫ সালের মার্চ মাস পর্যন্ত অপেক্ষা করতে হয়।

বর্তমানে প্রকল্পটির পরিকাঠামো সৃষ্টির কাজগুলি চলছে এবং ইতিমধ্যেই এ ব্যাপারে যথেষ্ট অগ্রগতি করা সম্ভব হয়েছে। পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত যে কাজগুলি এখন হাতে নেওয়া হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হল :

(ক) ব্যারেজের কাজের জন্য জমি অধিগ্রহণ :

(খ) প্রধান খাল, শাখা খাল, ডিস্টিবিউটরি মাইনর ইত্যাদি বড় ছোট সেচখালগুলির সঠিক গতিপথ নির্ধারণের জন্য পুঙ্খানুপুঙ্খ জমি জরিপ;

(গ) কেশিয়াড়ীর যানজট এড়িয়ে তপরাঘাট অঞ্চলে ব্যারেজ নির্মাণের কাজে প্রয়োজনীয় মালপত্র ও যন্ত্রপাতি নিয়ে যাওয়ার জন্য একটি বিকল্প রাস্তা নির্মাণ ও বর্তমান রাস্তার উন্নয়ন;

(ঘ) ব্যারেজের সর্বাধিক ব্যবহারিক উপযোগিতা উপলব্ধি করার জন্য হরিণঘাটাতে অবস্থিত নদী বিজ্ঞান মন্দির ব্যারেজের মডেল পরীক্ষার কাজ;

(ঙ) স্থায়ী কার্যালয় নির্মাণ —

মেদিনীপুরে মুখ্য বাস্তুকার ও অধীক্ষক বাস্তুকারদের জন্য, কেশিয়াড়ীতে নির্বাহী ও সহকারী বাস্তুকারদের জন্য;

(চ) মেদিনীপুরে ও কেশিয়াড়ীতে প্রকল্প নিয়োজিত বিভিন্ন স্তরের অফিসার ও কর্মীদের বাসস্থান নির্মাণ, পরিদর্শন ভবন নির্মাণ, মালপত্র রাখার গুদামঘর ইত্যাদি নির্মাণ।

**ফলতায় প্রেসার গেট নির্মাণ পরিকল্পনা**

***১১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৬) **শ্রী সুধীর ভট্টাচার্য :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ফলতা থানার কাটাখালি খালের উপর প্রেসার গেট নির্মাণের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা;

(খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত প্রকল্পে রাজ্যসরকার কত টাকা বরাদ্দ করেছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রযোজ্য নয়।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received two notices of Calling Attention, on the following subjects, namely : –

1. Reported starvation death of one lady health worker of the London Mission Hospital (Jiagunj Sevasadan) of Murshidabad district.—Shri Mozammel Haque, Shri Unus Sarkar, Shri Tapan Hore and Shri Prabhanjan Mondal.

2. Reported death of one student Reshmi Dutta in an accident at Tegharia–Shri Nirmal Das.

I have selected the notice of Shri Mozammel Haque and others on the subject of reported starvation death of one lady health worker of the London Mission Hospital (Jiagunj Sevasadan) of Murshidabad district. The Minister-in-charge may please make a statement, today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 28th June, 1996.

[12-00—12-10 P.M.]

## MENTION CASES

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে স্বরাষ্ট্র দপ্তরের। আমরা একটা অগ্নিগর্ভ পরিস্থিতির মধ্যে দিয়ে চলছি, বিশেষ করে ডুয়ার্স এলাকার মানুষরা। স্যার, গত দুই বছর ধরে ভূটান থেকে কিছু লোক বিতাড়িত হয়ে তারা আশ্রয় নিয়েছে জলপাইগুড়ি, দার্জিলিং বা ডুয়ার্স এলাকায়। এর মধ্যে কিছু লোক আইন অমান্য করেছে, অনশন করেছে, একজন বহরমপুর জেলখানায় মারাও গিয়েছে, তার মৃতদেহ নিয়ে মিছিল করার ব্যাপারে নানান ঝামেলাও হয়েছে। তারই প্রতিবাদে আজ থেকে ৫ দিন ধরে ৫টি সংগঠন মিলে সেখানে লাগাতার ধর্মঘটের ডাক দিয়েছে। জি এন এল এফ তারা এটাকে সমর্থন করেছে। আমরা লক্ষ্য করছি ল অ্যান্ড অর্ডার সেখানে করছে দিনের পর দিন। ওখানে জনগণের মধ্যে একটা বিভ্রান্তিকর প্রতিক্রিয়া হচ্ছে। আমার আবেদন, রাজ্য সরকারের কাছে, অবিলম্বে এই ব্যাপারে কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করুন। এটা একটা মানবাধিকারের প্রশ্ন। গোটা ব্যাপারটা গুরুত্ব দিয়ে কেন্দ্রীয় সরকার যেন

সেটার মীমাংসার ব্যবস্থা করেন। আমাদের ডুয়ার্স এলাকায় যেন শান্তি স্থাপন হয়। বাইরের থেকে আসা মানুষ যাতে আমাদের জনজীবনের মধ্যে নানা রকম উস্কানিমূলক কাজকর্ম না করে সেটা গুরুত্ব দিয়ে দেখা দরকার। আমি আশা করব মাননীয় মুখ্যমন্ত্রী তিনি গোটা ব্যাপারটা দেখবেন এবং কেন্দ্রীয় সরকার এর সঙ্গে যোগাযোগ করে শান্তি স্থাপনের ব্যবস্থা করবেন।

**ডাঃ ফজলে হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে। কৃষি বিপণন দপ্তরের অধীন দীনহাটা রেগুলেটেড মার্কেট কমিটি কর্তৃক একটি রাস্তা করার নাম করে কিভাবে সেখানে টাকা-পয়সা নয়-ছয় হয়েছে সেটা আমি বলছি। এই দীনহাটা রেগুলেটেড মার্কেট কমিটি কর্তৃক একটি পাকা রাস্তা হওয়ার কথা ছিল, রাস্তাটি হবে গোপালনগর কলোনী থেকে গোসানী রোড পর্যন্ত, ১ কি.মি. রাস্তা করার কথা, এর জন্য খরচ ধরা হয়েছিল ৩ লক্ষ ৯৮ হাজার ৮৩৯ টাকা। ঐ রেগুলেটেড মার্কেটের সাব-অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার যে এস্টিমেটটি করেন সেটা হচ্ছে ১ লক্ষ ৪৪ হাজার ৩১৮ টাকা, এই টাকাটাই সেখানে খরচ করা হয়। কিন্তু আশ্চর্যের বিষয় ঐ এস্টিমেটটি ভেস্টেড করানো হয় জলপাইগুড়ির চ্যাটার্ড অ্যাকাউন্টেন্টকে দিয়ে, কিন্তু যখন ইউটিলাইজেশন সার্টিফিকেট দেওয়া হল তখন সেখানে দেখানো হল পুরো অরিজিন্যাল টাকা যেটা বরাদ্দ হয়েছিল সেটাই। ফলে ২ লক্ষ ৫৪ হাজার ৫২০ টাকার কাজ না হয়েও সেটা নয়-ছয় করে দেওয়া হল। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার সমস্ত হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্রগুলো কুকুরে কামড়ানোর ভ্যাক্সিনের সঙ্কট দেখা দিয়েছে, অবিলম্বে সেখানে ভ্যাক্সিন পাঠানো দরকার। উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত উত্তরপাড়া সরকারি হাসপাতালে এবং কানাইপুর হাসপাতালে ভ্যাক্সিন নেই। আমি এই ব্যাপারে সি. এম. ও. এইচ.-এর সঙ্গে দেখা করেছিলাম, তিনি বললেন পাস্তুর ইনস্টিটিউট থেকে গত ২১শে জুন মাত্র ৬০০ মিলি লিটার ভ্যাক্সিন দেওয়া হয়েছে, যেখানে প্রয়োজন হচ্ছে ৫,০০০ থেকে ৬,০০০ মিলি লিটার ভ্যাক্সিন। সেখানে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে, এই ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে কুকুরে কামড়ানোর ভ্যাক্সিন সেখানে পাঠানো যায় তার ব্যবস্থা করবেন। কুকুরে কামড়ানো রোগীরা প্রচণ্ড বিপদের মধ্যে পড়েছে এই ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে মানবিক দিক থেকে একটি ঘটনার প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট একটি ঘটনা বলতে চাই। আমাদের রাজ্যের স্কুল শিক্ষকরা অবসর লাভের পর বৃদ্ধ বয়সে তাদের শেষ জীবনে, সারা জীবন শিক্ষকতা করার পর শেষ সময়ে পেনসন না পেয়ে বেদনাদায়ক জীবন-যাপন করছে। এমনকি তারা ভিক্ষাবৃত্তির পথও বেছে নিয়েছেন, তারই একটি মর্মান্তিক নিদর্শনের কথা আমি বলছি, এটা কোনও কাল্পনিক ঘটনা নয়। একটি দৈনিক সংবাদপত্রে বেরিয়েছে একজন শিক্ষক ডালহৌসি এলাকায় ভিক্ষা করছে। তিনি সোদপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, তিনি পেনসন পাননি। এর আগেও সংবাদপত্রে বেরিয়েছে পেনসন না পাওয়ার ফলে

*একজন শিক্ষক জুতো পালিশ করছিল এবং সেই সংবাদে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিচলিত* হয়ে পেনশন ক্যাম্প চালু করেছিলেন। আজকে পেনসন না পাওয়ার ফলে শিক্ষকরা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। ৬০-৬৫ বিতর্কে বহু শিক্ষক আজকে পেনসন থেকে বঞ্চিত হয়েছেন। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবসর প্রাপ্ত শিক্ষকদের প্রতি বামফ্রন্ট সরকারের এই কি প্রতিদান, এই কি গুরুদক্ষিণা। শিক্ষামন্ত্রীর কাছে আমার আবেদন এইসব শিক্ষকদের দ্রুত পেনসনের ব্যবস্থা করুন এবং সরকারের প্রতিশ্রুতি পালন করুন। এটা আমাদের শুধু পশ্চিমবাংলার লজ্জা নয়, গোটা ভারতের লজ্জা। তাহলে ৫ই আগস্ট ঘটা করে শিক্ষক দিবস পালনের কি গুরুত্ব আছে। আশা করি এই সমস্যা নিরসনের জন্য মাননীয় শিক্ষামন্ত্রী এগিয়ে আসবেন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার পেনসন সংক্রান্ত বিষয় উত্থাপন করে যে ছবি দেখিয়েছেন, সেই শ্রী সেনগুপ্ত মহাশয় সোদপুর স্কুলের শিক্ষক। আমাদের হাইকোর্ট এবং সুপ্রীমকোর্টের সিদ্ধান্ত আছে যারা ১৯৯০ সালে সংশোধিত বেতন হারের সুযোগ নেবেন, তিনি ৬০ বছরে অবসর নেবেন এবং ১৯৮১ সালের বেতন হারে যারা থাকবেন তারা ৬৫ বছরে অবসর নেবেন। শ্রী সেনগুপ্ত ১৯৯০ সালের সংশোধিত বেতন হার নিয়েও আরও তিন বছর চাকরি করেছে, যেটা সুপ্রীম কোর্টের ডিভিশন বেঞ্চের আদেশের পরিপন্থী। ১৯৯০ সালের সংশোধিত হারে বেতন নেওয়ার ফলে এবং আরও তিন বছর কাজ করার ফলে, যে টাকাটা তার পাওয়ার কথা নয়, সেই বেতন তিনি নিয়েছেন। সরকারি সিদ্ধান্ত অনুসারে শ্রী সেনগুপ্ত যতদিন না অতিরিক্ত টাকা দেবেন, ততদিন তাকে পেনসন দেবার ক্ষমতা আমাদের নেই। আমি এটা পরিষ্কার করে বলতে চাই এই যে ছবি দেবপ্রসাদবাবু দেখিয়েছেন, যেটা নিউজে প্রকাশিত হয়েছে, আমি তার প্রতিবাদ করছি।

[12-10—12-20 P.M.]

আমার প্রতিবাদ পত্র এশিয়ান এজে ছাপা হয়েছে। এই ছবি ছাপা হওয়ার পর। সে কারণে মাননীয় সদস্যের উচিত ছিল, এই বিষয়ের অবতারণা না করা। তবুও আপনি যেটা বললেন পেনসনের ব্যাপারে সে ব্যাপারে আমি বলব আমরা উদ্যোগী এবং উৎসাহী যাতে শিক্ষকরা পেনসন পেতে পারেন। তবু কিছু জটিলতা আছে। যেমন ৯০ সালের বেতন হার নিচ্ছেন আবার তার পরেও শিক্ষকতা করছেন। আমরা ইচ্ছামত পেনসন দিতে পারি না। প্রচলিত বিধি ভঙ্গ করলে পেনসন দেওয়ার ক্ষমতা আমার নেই। আমরা তো জনগণের কাস্টোডিয়ান। আমাদের আত্মতুষ্টির অবকাশ নেই। এখনও যারা পেনসন পাচ্ছেন না তাঁদের পেনসন দেওয়ার ব্যাপারে আমরা উৎসাহী এবং উদ্যোগী। তবু আমি বলব ভারতবর্ষের যেখানে যেখানে পেনসন ব্যবস্থা রয়েছে, সেখানকার শিক্ষকরা অবসর নেওয়ার পরও যত সংখ্যক শিক্ষক পেনসন পাচ্ছেন তার থেকে আমাদের এখানে অবসর প্রাপ্ত শিক্ষকরা অনেক বেশি সংখ্যায় পেনসন পাচ্ছেন।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রী এবং পাশাপাশি সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯শে জুন রিষড়ার নতুনগ্রামের ১৬

বছরের একটি মেয়ে টুসি দাসকে সেই অঞ্চলের কংগ্রেসি নেতা আশীষ বসু জোর করে তুলে নিয়ে যায় এবং তিনশো টাকায় বিক্রি করে দেয় বি. কে. পাল অ্যাভেনিউ-এর একটি পতিতা পল্লীতে। সেখানে তার ওপর পাশবিক অত্যাচার করতে গেলে সে বাধা দেয়। তখন আশীষ বসু তাকে প্রচণ্ড প্রহার করে এবং তার ওপর বলাৎকার করা হয়। সেই বাড়ির কাজের লোকের সাহায্যে মেয়েটি পালাতে গেলে আশীষ বসু তাকে ধরে ফেলে এবং একটি অন্ধকার ঘরের মধ্যে আটকে রাখে। সে সেখান থেকেও পালায় এবং বি. কে. পাল অ্যাভেনিউ-এর রাস্তায় দাঁড়িয়ে সাহায্যের জন্য আর্তস্বরে চিৎকার করতে থাকে। তখন সেই এলাকার কিছু মানুষ এগিয়ে আসে এবং তাকে সি. পি. এম. কর্মীদের কাছে পৌঁছে দেয়। সি. পি. এম.-এর কর্মীরা তাকে গ্রামে পৌঁছে দেয়। দুঃখজনক বিষয় হল, আশীষ বসু আবার তাকে তুলে নিতে আসে ২১শে জুন তারিখে। নতুন গ্রামের মানুষের চেষ্টায় আশীষ বসু পুলিশের হাতে ধরা পড়ে। কিন্তু দুঃখজনক বিষয় হল আজকে টুসি দাসের পরিবারের সদস্য সংখ্যা ১১ জন। প্রতি মুহূর্তে দুষ্কৃতিকারীরা এবং সমাজবিরোধীরা তাদের ভয় দেখাচ্ছে এবং ভীতি প্রদর্শনের মধ্যে দিয়ে একটা নিরাপত্তাহীনতার মধ্যে দাঁড়িয়ে রয়েছে। আমাদের শ্রদ্ধেয় পুলিশ মন্ত্রী যখন কংগ্রেসের একজন মহিলা বিধায়ককে চিনি মিশিয়ে কথা বলতে পারেননি বলে তারা বিধানসভার মধ্যে কি অবস্থার সৃষ্টি করেছিলেন। আজকে সেই সব মা, বোন-প্রেমী কংগ্রেসিদের চরিত্র বুঝা যায়। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে এই সমস্ত কার্যকলাপ প্রতিরোধ করার জন্য।

**শ্রীমতী শক্তি রানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র গোপীবল্লভপুর। এই গোপীবল্লভপুরের সাঁকরাইল থানার লাউদহ অঞ্চলে দেহগঞ্জ গ্রামে কংগ্রেস এবং ঝাড়খণ্ডীরা ভোটে জিততে না পেরে তারা যৌথভাবে এই জায়গায় সন্ত্রাসের সৃষ্টি করেছে। এই জায়গায় কংগ্রেস এবং ঝাড়খণ্ডীরা কুনা সিং নামে একজন গরিব চাষীকে তার রায়ত জমি থেকে উৎখাত করার জন্য যৌথভাবে খুন করেছে। এছাড়া ৪-৫ জন পার্টি কর্মীকে তারা গুরুতরভাবে আহত করেছেন। কিন্তু এ পর্যন্ত একজন আসামীকেও অ্যারেস্ট করা হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে দাবি রাখছি। অবিলম্বে ওই আসামীদের গ্রেপ্তার করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র জাঙ্গিপাড়া। এখানকার রাজবলঘাটের নুরপুকুর গ্রামে যে তিনজন কংগ্রস কর্মী বলে পরিচিত খুন হয়েছে, তারা সকলেই এলাকায় সমাজবিরোধী বলে পরিচিত। যদিও এই খুনটা দুঃখজনক, মানা যায় না। যারা খুন হয়েছে সেই পোড়েলদের সঙ্গে এই গ্রামের মালিক পরিবারের দীর্ঘ ২ বছর ধরে বিবাদ ছিল। যারা খুন হয়েছে তারা এর আগে ওই মালিক পরিবারকে গ্রামছাড়া করেছিল। মালিক পরিবার এখন গ্রামে ফিরে এসেছে এবং আবার পোড়েলদের সঙ্গে তাদের ঝগড়াঝাটি শুরু হয়। এই পোড়েলদের মধ্যে যারা খুন হয়েছে তাদের একজন নিমাই পোড়েল বেশ কিছুদিন আগে মালিক পরিবারের একজনের মুখে অ্যাসিড ছুঁড়েছিল। নিমাই পোড়েলের নাম পুলিশের খাতায় আছে। কংগ্রেসি বন্ধুরা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে, যে ৩ জন

সমাজবিরোধী খুন হয়েছে তাদেরকে কংগ্রেস কর্মী বলে প্রচার করে জনগণকে বিভ্রান্ত করতে চাইছে। কংগ্রেসিদের উদ্দেশ্য যাতে সফল না হয় এবং তারা সি. পি. এম.-এর নামে যে গ্রেপ্তারি পরোয়ানা জারি করার জন্য চাপ সৃষ্টি করেছে সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই প্রকৃতপক্ষে দোষীদের খুঁজে বার করে তাদের গ্রেপ্তার করুন।

**শ্রী দেবলীনা হেমব্রম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় রানি বাঁধ বিধানসভায় খাতড়া মহকুমা। এই মহকুমাতে ট্রাইবাল কালচার সেন্টার, লোক সংস্কৃতি—আদিবাসী সংস্কৃতি কেন্দ্র গড়া দরকার। এই মহকুমাতে সাঁওতালি ভাষার মানুষের বাস। তাদের সংস্কৃতি—সাহিত্য ছিল। কিন্তু তা আস্তে আস্তে লোপ পাচ্ছে। সেটা বাঁচিয়ে রাখা প্রয়োজন। যদিও বামফ্রন্ট সরকারের আমলে উদ্যোগ নেওয়া হয়েছে, যেমন—আদিবাসী মেলা, নাটক, কমপিটিশন ইত্যাদি। এটাই যথেষ্ট নয়। তাই আপনার মাধ্যমে তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে এই ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৬০-৬৫ শিক্ষকদের বয়সসীমার প্রশ্নে সুপ্রিম কোর্ট ৬০ বছরের পক্ষে রায় দিয়েছেন। কিন্তু রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন এবং ঘোষণা করেছিলেন যাঁরা পুরোনো স্কেল নেবেন তাঁরা ৬৫ বছর বয়স পর্যন্ত শিক্ষকতা করতে পারবেন। কিন্তু সংবাদপত্রে দেখলাম প্রাথমিক শিক্ষা কাউন্সিল থেকে ঘোষণা করা হয়েছে যে, প্রাথমিক শিক্ষকদের জুলাই মাস বেতন দেওয়া হবে না। যারা পুরোনো স্কেলে শিক্ষকতা করেছেন তাঁদের সংখ্যা প্রায় ৪৪ হাজার। পুরোনো স্কেলে যাঁরা আছেন তাঁদেরকে ৬৫ বছর পর্যন্ত করতে রাজ্য সরকারের বাধা নেই।

[12-20—12-30 P.M.]

একটা কোর্ট কি রায় দিয়েছে, সেটা বিবেচ্য নয়, যে ৪৪ হাজার বৃদ্ধ শিক্ষক, যারা শিক্ষকতার শেষ প্রান্তে এসে পৌছেছে, তাদের প্রতি একটু মানবিক আচরণের জন্য, এই যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে প্রাইমারি কাউন্সিল থেকে, সেটা প্রত্যাহার করার জন্য অনুরোধ জানাচ্ছি। সঙ্গে সঙ্গে এও বলছি, আমরা বহুদিন ধরে শিক্ষক আন্দোলন করেছি ১৬৫ বছরের জন্য, অতীতে সত্যপ্রিয় রায়ের আমলেও হয়েছে। সেই পূর্ব শুরিদের আন্দোলনের স্মরণেও বলব, রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করুন, যারা পুরোনো স্কেল নেবেন, তাদের সেই অধিকার দেওয়া হোক। এখানে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রী, উচ্চ শিক্ষামন্ত্রী আছেন, তাঁরা একটা বিবৃতি দিলে সারা পশ্চিমবাংলার শিক্ষকরা খুশি হবেন। এদিকে দেখা যাচ্ছে কোর্টের নির্দেশের আগেই—যেমন বলে বাঁশের চেয়ে কঞ্চি দড়, সেরকম এস. আই.রা ফরমান জারি করল জুন মাসে—জুলাইয়ের মাইনে বন্ধ। বিষয়টি মানবিক দৃষ্টিতে বিচার করুন।

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস যেটা

বললেন, এই বিষয়ে আমি পরিষ্কারভাবে বলতে চাই, যারা ৯০ সালের বেতন হার নেননি, ৮১ সালের বেতন হারের মধ্যে আছেন, তারা ৬৫ বছর পর্যন্ত চাকুরি করতে পারবেন, তাদের বেতন বন্ধ হয়নি, হবে না। কিন্তু যারা ৯০ সালের বেতন হারের মধ্যে আছেন, তারা ৬০ বছরেই অবসর নেবেন, ৬০-এর বেশি কাজ করলেও বেতন নেওয়ার সুযোগ তাদের নেই। সংশোধিত বেতন হার যারা নিয়েছেন তাদের ৬০ বছরে অবসর নিতে হবে। এই বিষয়ে হাইকোর্ট, ডিভিসন বেঞ্চ, সুপ্রীম কোর্ট ডিভিশান বেঞ্চের কঠোর নির্দেশ আছে। রাজ্য সরকার এই রায়ের উপর দাঁড়িয়েই সিদ্ধান্ত নিয়েছে। আপনি কি একটাও উদাহরণ দেখাতে পারবেন, ৯০-এর সংশোধিত বেতন হারের সুযোগ নেননি, কিন্তু ৬০-এর পরে ৬১, ৬২, ৬৩, ৬৪'র বেতন আটকেছে কোনও শিক্ষকের?

আর বললেন সত্যপ্রিয় রায়ের কথা। তাঁর আমলে পেনসন ছিল না, গ্রাচ্যুইটি ছিল না, ফ্যামিলি পেনসন ছিল না। সুতরাং আমরা সেই সুযোগ-সুবিধা দিচ্ছি। ৬৫ বছরের পরিপূরক নিশ্চয়তার ব্যবস্থা করার পরই আমরা ৬০ বছরে অবসর গ্রহণের কথা বলেছি। সেইজন্য বিষয়টি পুনর্বার বিধানসভায় দাঁড়িয়ে বলতে চাই, ৮১ সালের বেতন হার যারা নিয়েছেন, সেটা বন্ধ হবে না।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা উলুবেড়িয়া ১ নং শ্যামপুর ১ নং ব্লক। এটি শিডিউল কাস্ট এলাকা, এখানে এখনও বিদ্যুৎ পৌঁছায়নি। কংগ্রেস আমলে লোকে বলত, কেরোসিন তেল চাই, এখন তারা বলে বিদ্যুৎ চাই। এই নির্বাচনের সময় মানুষ আমাদের অনেক তাচ্ছিল্য করেছিল, বিদ্যুতের পোল গেছে, দীর্ঘদিন ধরে পোল পড়ে আছে, কোথাও তার গেছে, তার চুরি হয়ে গেছে। সেখানকার লোক খেতে পায় না, মাছ চাষ হয় না, নানারকম অভাবের মধ্যে তারা আছে। সরকার তো তফসিলি সম্প্রদায়ের জন্য অনেক কিছু করছে, এই এলাকাতেও যাতে বিনা পয়সায়, সরকারি সাহায্যে বিদ্যুৎ পৌঁছায়, সেইজন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্যমন্ত্রীর কাছে আমার আবেদন পৌঁছে দিতে চাই। আমরা গণতান্ত্রিক দেশে বসবাস করছি এবং ভারতের সংবিধান অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার গঠিত তথা এই বিধানসভা পরিচালিত হয়। সেই নিয়মেই এই বিধানসভা ফর দি পিপল, বাই দি পিপল, অফ দি পিপল। আমরা এই বিধানসভায় এসেছি জনগণের প্রতিনিধি হিসাবে। তাই জনগণ জানতে চায়, আমরা এই বিধানসভাতে কি করছি না করছি এবং এটা জানার অধিকারও তাদের আছে। এই বিধানসভার কার্যবিবরণী বিভিন্ন সংবাদপত্রে, বেসরকারি মাধ্যমে তথা বেতারে প্রকাশিত হয়। বেতার যদিও কেন্দ্রীয় সরকারের অধীনে প্রকাশিত হয় কিন্তু রাজ্য সরকারের সেই রকম কোনও ব্যবস্থা নেই যার দ্বারা সরকারিভাবে বিধানসভার কার্যবিবরণী জনগণের কাছে পৌঁছে দেওয়া যায়। যদিও জনগণের এটা জানার অধিকার আছে। আমরা জনপ্রতিনিধি না ব্রণ-প্রতিনিধি সেটা জনগণ জানতে চায়। তাই স্যার, আমার দাবি বিধানসভার কার্য-বিবরণী জনগণ যাতে দেখার এবং জানার সুযোগ পায়, তার জন্য অডিও ভিশনের ব্যবস্থা করা হোক। লোকসভায় সেই

ব্যবস্থা আছে। তাই স্যার, মানুষের চেতনা এবং গণতান্ত্রিক আকর্ষণ বাড়াবার জন্য এখানে ভিডিও ক্যামেরা বসানো হোক। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন মুখোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে জানাতে চাই। স্যার, আমার বিধানসভা কেন্দ্র দাসপুর। এই দাসপুর এলাকা একটা অনগ্রসর এলাকা, যোগাযোগ ব্যবস্থা খুবই খারাপ। কোলাঘাট যাওয়ার জন্য কংসাবতী নদী পেরিয়ে যেতে হয়। কি শিক্ষার জন্য, কি স্বাস্থ্যের জন্য, কি ব্যবসায়ের জন্য, সমস্ত কাজের জন্য অসংখ্য মানুষকে সেখানে যাতায়াত করতে হয়। আমাদের নিকটবর্তী রেলওয়ে স্টেশন কোলাঘাট। তাই স্বাভাবিকভাবেই জেলান্তরে, কলকাতান্তরে, মহাকুমান্তরে এমন কি থানা যেতে গেলেও ঐ নদীর উপর দিয়ে যেতে হয়। তাই আমার দাবি যশোর-কোলাঘাট রোডটাকে চওড়া করা হোক এবং কংসাবতী নদীর উপর যশাড়-শ্রীবরা পয়েন্টে ব্রিজ করা হোক এবং ঐ রাস্তাটি গোপীগঞ্জ পর্যন্ত সম্প্রসারণ করা হোক।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলা সদর হাসপাতাল এবং বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে কুকুরে কামড়ানোর ভ্যাক্সিন পাওয়া যাচ্ছে না। ইতিমধ্যে পটাশপুর, সবং প্রভৃতি জায়গায় ২৮ জনকে কুকুরে কামড়িয়েছে। তাছাড়া, মেদিনীপুর সদর হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক নেই, হার্টের রোগীদের জন্য ইনটেনসিভ কেয়ার নেই। ফলে একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে, সমস্ত রোগীকে কলকাতা পাঠাতে হচ্ছে। স্যার, ওখানে যে মর্গ আছে সেটা যাতে শীততাপ নিয়ন্ত্রিত করা হয় তার আবেদন করছি। শীঘ্র সেখানে একটা ইনটেনসিভ কেয়ার ইউনিট করা হোক এবং ব্লাড ব্যাঙ্ক তৈরি করা হোক। সেই সঙ্গে আমি আশা করব, মেদিনীপুরে যে মেডিকেল কলেজ স্থাপিত হয়েছে এই বাজেটের মধ্যে তার কাজ যেন চালু করা হয়। এবিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহঃ হান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র রামপুরহাট। রামপুর দু নম্বর কেন্দ্রের তারাপীঠ থেকে বুঁদিগ্রাম পর্যন্ত একটি রাস্তার কাজ ১০ বৎসর আগে শুরু হয়েছিল।

রাস্তাটি ৯ কি.মি.। ৬ কি.মি. সম্পূর্ণ হবার পর বাকি ৩ কি.মি. সম্পূর্ণ কাজ বিগত ৩ বছরেও সম্পূর্ণ হয়নি। ফলে ওই এলাকার মানুষদের যাতায়াতের অসুবিধা হচ্ছে, বাস যোগাযোগ নেই। এছাড়া আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ওই ৩ কি.মি. রাস্তাটি সম্পূর্ণ করা হলে রামপুরহাট থেকে মুর্শিদাবাদ ভায়া খড়গ্রাম এই ডিসটেন্সটা অনেক কমে যাবে। তাই আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই আর্থিক বছরেই ওই রাস্তাটি সম্পূর্ণ হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

[12-30—12-40 P.M.]

**শ্রী মুর্শালীন মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী এবং মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহেশতলা, মেটিয়াব্রুজ, বজবজের বিরাট নদী বাঁধে

দীর্ঘদিন ধরে ভাঙন দেখা দিয়েছে। এর মধ্যে আখরাফটক হাউজিং এস্টেট অবস্থিত এবং তার চারপাশেই ফাটল দেখা দিয়েছে দীর্ঘদিন যাবৎ। এই সম্পর্কে সি. পি. টি. তার যে ভূমিকা তা তারা পালন করছে না। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এবং সি. পি. টি.র কাছে এই বিষয়টাকে গুরুত্ব দিয়ে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি এবং এর সঙ্গে যে খালগুলির যোগাযোগ যেমন বজবজ, মহেশতলা, মেটিয়াব্রুজ যে খালগুলি যুক্ত আছে, তার দু-পাশের মেরামতের কাজ তারা যেভাবে করছেন এবং তাতে আমাদের স্থানীয় এম. এল. এ. এবং পৌর প্রতিষ্ঠানগুলিতে কোনও খবর না দিয়ে করছেন। জনসাধারণের সামনে এবং উপযুক্ত তত্ত্বাবধানের অভাব দেখা দিয়েছে, সেই জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর এ ব্যাপারে ব্যবস্থা নেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অশোক গিরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পি. এইচ. ই.র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবন এলাকার কাকদ্বীপের অধিকাংশ ক্ষেত্রেই এবং ১৩টি গ্রাম-পঞ্চায়েতের বেশিরভাগ টিউবওয়েলগুলি অকেজো হয়ে গেছে। ফলে পুকুরের জল নোনা হয়ে খাবার অযোগ্য হয়ে গেছে। কোনওটাতে খারাপ হয়ে গেছে বলে জল উঠছে না, আবার কোনটাতে নোনা জল উঠছে। এই অবস্থায় কিছু নতুন টিউবওয়েল বসানো দরকার, বিশেষকরে বর্ষার সময়ে মহিলাদের আড়াই, তিন মাইল দূর থেকে জল আনতে হয়। সেই জন্য তাদের দুর্ভোগের মধ্যে পড়তে হয়। তাই আমি অবিলম্বে এর ব্যবস্থা নেওয়ার জন্য দাবি করছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র চন্দ্রকোনায় এর মধ্যে ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে ঝড় উঠেছিল কি না জানি না, কিন্তু আমার কেন্দ্র বন্যা কবলিত এলাকা। শীলাবতী, কেটুয়া খাল প্রবাহিত, এক্স জমিদারি বাঁধ থাকার ফলে এবং বাঁধটি সংস্কার হয়নি, ফলে সেখানে হাজার হাজার দুর্দশাগ্রস্থ এবং শস্যক্ষেত্রে শস্যহানি হয়ে যাচ্ছে। পঞ্চায়েতের পক্ষ থেকে সামান্য হানাবাঁধ ছাড়া বিশেষ কিছু ব্যবস্থা হয়নি। স্বাভাবিকভাবেই ঘাটালে প্রভাসবাবু যে শিলান্যাস করেছিলেন তা আজকে ইতিহাসের সাক্ষী হয়ে রয়ে গেছে। মাস্টার প্ল্যান না হলেও মিনি ফর্ম চন্দ্রকোনা, গড়বেতাসহ ঘাটাল মহকুমায় একটি ব্যবস্থা এই হাউস থেকে নেওয়ার দরকার। গড়বেতায় শ্যামদাসপুরে একটি বাঁধ তৈরি করলে সেখানে জলের ডিস্ট্রিবিউশনের ফলে বোরো চাষ সময়ে হতে পারবে বলে আমার মনে হয়। মাটি দিয়ে বাঁধ করার ফলে মাটি ক্ষয় হয়ে যাচ্ছে এবং প্রতি বছরই নদীর পাড় ভেঙে যাচ্ছে। স্বাভাবিকভাবেই আমাদের দাবি এই হাউস থেকে একটি ব্যবস্থা নেওয়া হোক তাহলে চন্দ্রকোনা, দাসপুর, ঘাটালের মানুষেরা এতে উপকৃত হবে।

**শ্রী রঞ্জিত কুণ্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৮৭ সালে কেন্দ্রীয় সরকার চটের বস্তা বাধ্যতামূলক ব্যবহারের নির্দেশ দিয়ে একটা আইন করেছিলেন। কিন্তু পরবর্তীকালে সিমেন্ট শিল্প এবং অন্যান্য শিল্পের পক্ষ থেকে সেই আইনের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আবেদন জানানো হয়েছিল, ঐ আইনকে অবৈধ ঘোষণা করার জন্য। সুপ্রিম কোর্ট সম্প্রতি তাঁদের আবেদন খারিজ করে দিয়েছেন। এখন সিমেন্ট শিল্পে ৫০ শতাংশ, সার ৫০ শতাংশ, খাদ্যশস্য এবং চিনির ক্ষেত্রে ১০০ শতাংশ চটের বস্তা যাতে বাধ্যতামূলকভাবে ব্যবহার করা হয় তার জন্য

আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের শিল্প বাণিজ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এবিষয়ে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রণালয়ের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করে ঐ আইনকে কার্যকর করাবার ব্যবস্থা গ্রহণ করুন। আমরা লক্ষ্য করছি এখন পর্যন্ত সিমেন্ট শিল্পের লবি এবং সিন্থেটিক লবি চক্রান্ত করে এমন অবস্থার সৃষ্টি করছে যে, কেউ ঐ বাধ্যতামূলক আইন মানছে না। ফলে আমাদের চট শিল্পের সঙ্কট আরও ঘনীভূত হচ্ছে। বিগত বেশ কিছুদিন ধরেই পাটের অভাব দেখা দিয়েছে, বাজার মন্দা, কেন্দ্রীয় সরকার পাট কিনছে না, এ বছর মাত্র ২০ হাজার বেল পাট কিনেছে। অন্য বছরের তুলনায় অনেক কম কিনেছে। ফলে অনেক চট-কল বন্ধ হয়ে গেছে, আরও অনেকগুলো বন্ধ হওয়ার দিকে যাচ্ছে। এই অবস্থায় কেন্দ্রীয় সরকারের ঐ আইন যাতে বলবৎ হয় তার জন্য আমি রাজ্য সরকারের শিল্প বাণিজ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রকের সঙ্গে কথা-বার্তা বলে ঐ আইন বলবৎ করাবার ব্যবস্থা করুন। এই আবেদন জানিয়ে, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী কার্তিক বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আউস-গ্রাম বিধানসভা কেন্দ্রের পাশ দিয়ে অজয় নদী বয়ে গিয়েছে। প্রতি বছর বাঁধ ভেঙে অজয় নদীর বন্যায় ঐ এলাকা ক্ষতিগ্রস্ত হচ্ছে। জমির ফসল নষ্ট হচ্ছে, ঘর-বাড়ি ভেঙে যাচ্ছে। এ অবস্থায় যদি অজয় নদী সংস্কার পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে বিস্তীর্ণ অঞ্চলকে যেমন বন্যার হাত থেকে রক্ষা করা যাবে তেমন জমিতে সেচের জল দেবারও ব্যবস্থা করা সম্ভব হবে। অজয় নদী সংস্কার পরিকল্পনা গ্রহণ করে তাকে কার্যকর করলে শুধু মাত্র আউস-গ্রাম বিধানসভা এলাকাই নয়, বোলপুর, মঙ্গলকোট, কেতুগ্রাম প্রভৃতি এলাকাও বন্যার হাত থেকে রক্ষা পাবে। তাই আমি অজয় নদী সংস্কার পরিকল্পনার কাজ অবিলম্বে শুরু করতে অনুরোধ করছি। ধন্যবাদ।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বর্ধমান জেলার মেমারিতে একটি কলেজ আছে। মেমারি এবং তার পার্শ্ববর্তী থানাগুলোর ছাত্রছাত্রীরা সাধারণভাবে বর্ধমান ও হুগলি জেলার বিভিন্ন অঞ্চলের কলেজগুলোয় পড়তে যায়।

মেমারি কলেজে দুটি বিষয়ে অনার্স চালু আছে। একটা হচ্ছে, পলিটিক্যাল সায়েন্স আর একটি অ্যাকাউনটেন্সি। আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যাতে ঐ কলেজে বাংলা, ইংরাজি এবং জিওগ্রাফিতে অনার্স কোর্স চালু করা যায় তারজন্য উনি যেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

[12-40—12-50 P.M.]

**শ্রী ননীগোপাল চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, ডি. ভি. সি. প্রথম থেকেই আমাদের এলাকাতে অর্থাৎ উদয়নারায়ণপুর-আমতাকে ডোবানো ভাসানো কর্পোরেশন

হিসাবে এখনও পর্যন্ত সেই নামই বুকে বহন করে বেড়াচ্ছে। উদয়নারায়ণপুরের ২টি গ্রাম পঞ্চায়েত ডি. (১) এবং ডি. (২) এই দুটি অঞ্চলে কোনও খালের সঙ্গে যোগ না করে মাঠেই জল ছেড়ে রেখে দিয়েছেন। বর্ষার সময়ে সঙ্কট তৈরি করার এটা হচ্ছে স্থায়ী ব্যবস্থা। এ ছাড়া পরবর্তীকালে লোয়ার দামোদর ইমপ্রুভমেন্ট স্কীম বলে একটা স্কীম হয়েছে। মুণ্ডেশ্বরী এবং নিম্ন-দামোদর যেখানে শুরু সেখান থেকে আমতা চ্যানেল নামে আখ্যায়িত করেছিলেন। তার মুখটা বেঁধে দেওয়ার ব্যবস্থা হয়েছিল। মুণ্ডেশ্বরীর দুই তীরে বাঁধ করে দেওয়া এবং দামোদর যেখানে গঙ্গায় পড়ছে ওখানে গেট করা এই ছিল টোটাল স্কীম। তখন আমরা বলেছিলাম, দামোদরকে বেঁধে দেওয়া যায় না। বালকৃষ্ণ যশোদার বন্ধন মানেননি বলেই তার নাম হয়েছে দামোদর। পরবর্তীকালে কিন্তু মুখটা খুলে দিতেই হয়েছিল। মুণ্ডেশ্বরী দুই তীরে বাঁধ হল না। কিন্তু নিজের দিকে গেট করে দিয়ে স্বাভাবিক গতিতে জল যাওয়া বন্ধ হল। বর্তমানে মুণ্ডেশ্বরীর চেয়ে দামোদরের বেশি জল ঢুকেছে। আর একটি কাণ্ড হল, দামোদরের রাইট এমবাঙ্কমেন্ট-এর উপরের অংশ ২০ কিলোমিটার, আর বেতাই থেকে বাইনান পর্যন্ত নিচের দিকে ১৫ কিলোমিটার বাঁধ আছে। কিন্তু মাঝখানে স্পিল ওভার জোন করে মধর্ন্যস "ষ" আকারে করে রেখে দেওয়া হল। এর ফলে মুণ্ডেশ্বরীর জলে নয়, দামোদরের জলে উদয়নারায়ণপুর এবং আমতা জোনের রাইট এমবাঙ্কমেন্ট ছিন্ন-ভিন্ন করে দিয়েছে। এখন চাষীরা যে বীজ ফেলবে সেই ভরসাও পাচ্ছে না। সেইজন্য কৃষকেরা জেলা-পরিষদের সামনে অনন্তকাল ধর্না চালাবেন বলে ব্যবস্থা নিয়েছেন। তাদের দাবি, রাইট এমব্যাঙ্কমেন্টের স্পিল ওভার জোন যতটুকু উচ্চতায় ছিল তার দায়িত্ব কৃষি দপ্তরকে নিতে হবে। নচেৎ কয়েক হাজার বিঘা জমিতে চাষ করা যাবে না। এই কিছুদিন আগে যে ৮৫ হাজার কিউসেক জল ডি. ভি. সি. ছাড়ল তাতেও এলাকা ডুবে যাবে এই অবস্থা তৈরি হয়ে গেছে। সেইজন্য আমি এই বিষয়টি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর নজরে আনলাম এবং তার কাছে আমার অনুরোধ, তিনি যেন বিষয়টি পুনর্বিবেচনা করেন এবং যাতে সংস্কার হয় তারজন্য সত্ত্বর ব্যবস্থা নেন।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে কংগ্রেসি সদস্যরা নেই। আমাদের এই হাউসে অনেক মাননীয় সদস্য বিভিন্ন এলাকায় কংগ্রেসি গুণ্ডাদের আক্রমণের কথা উত্থাপন করেছেন। আজকে ওরা এই হাউসে থাকলে লজ্জায় মাথা হেঁট হয়ে যেত! অবশ্য ওদের লজ্জা আছে কিনা সেটাই প্রশ্ন। আমি আজকে অন্য একটি ঘটনার কথা উল্লেখ করছি। উত্তর ২৪ পরগনা জেলার হাসনাবাদে মাজিপাড়া নামে একটি গ্রাম আছে। সেই গ্রামে কংগ্রেসি গুণ্ডাবাহিনী গভীর রাতে একটি বাড়িতে আক্রমণ করেছে। এর ফলে ১ জন মহিলা সমেত ৩ জন আক্রান্ত হয়েছে। এরমধ্যে ১ জনকে আশঙ্কাজনক অবস্থায় বসিরহাট হাসপাতাল থেকে ট্রান্সফার করে এন. আর. এস. হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তিনি এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। আমার কথা হচ্ছে, একদিকে শুনছি, যুব-নেত্রী ধর্না দিচ্ছেন—আমাদের রাজ্যে নাকি নির্বাচনের পরে সি. পি. এম.-এর অত্যাচারে তারা অতিষ্ঠ হয়ে উঠেছেন। এর বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য রাস্তায় বসেছেন ধর্না দিতে।

অথচ আমরা প্রতিদিন কাগজে দেখছি এবং অন্যান্য মাধ্যম দিয়ে জানতে পারছি, কংগ্রেসি গুণ্ডারা সি. পি. এম. পার্টির কর্মীদের খুন করছে। সি. পি. এম.-এর মিছিলে বোমা

মারছে, ঘরবাড়ি জ্বালিয়ে দিচ্ছে, খুন করছে, এমন কি মহিলাদের উপর নির্যাতন, নিপীড়ন চালাচ্ছে। এই ঘটনা আমরা দেখতে পাচ্ছি। আসলে ওরা সমাজ বিরোধীদের দিয়ে এই কাজ করাচ্ছে। কংগ্রেসি কিছু কিছু নেতৃস্থানীয় কর্মী আমাদের উপর আক্রমণ করছে। নানাভাবে মহিলাদের উপর অত্যাচার নিপীড়ন করছে, এটাকে চাপা দেবার জন্য এইসব আন্দোলন ওরা করছে, এটা বুঝতে পারছি। এই যে নলহাটির মাঝি পাড়া গ্রামে যারা কংগ্রেসিদের দ্বারা আক্রান্ত হয়েছে, একজন মহিলা টাকী হাসপাতালে এখনও চিকিৎসাধীন আছে, তারা যাতে ভাল চিকিৎসা পান সেই ব্যবস্থা করবেন এবং এন. আর. এস. হাসপাতালে যিনি আছেন, তিনি যাতে ভাল চিকিৎসা পান তা দেখা দরকার। কারণ এরা ক্ষেত মজুর পরিবারের লোক, এরা অসহায়, এদের আর্থিক সাহায্যের প্রয়োজন। আর্থিক সাহায্য যাতে এরা পায় সেই ব্যবস্থা আশা করি করবেন এবং যারা অপরাধী, তাদের নাম কাগজে দেখেছি, সেই দোষী ব্যক্তিদের ধরার ব্যবস্থা এবং শাস্তির ব্যবস্থা আশা করি করবেন। এই আসামীদের নামগুলো বলছি, যেমন অরুণ মাঝি, অভিমন্যু এবং আরও পাঁচজন এই ঘটনার সঙ্গে জড়িত। এদের শাস্তির ব্যবস্থা করতে হবে এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই, আমার নির্বাচনী এলাকা পূর্বস্থলীতে পাটুলি বলে একটা হাসপাতাল হয়েছিল। সেই হাসপাতালের ইন্ডোর দীর্ঘ দেড় বছর ধরে বন্ধ হয়ে পড়ে রয়েছে। সেখানে দু'জন জি. ডি. এ. ছিল তারা অবসর নিয়েছে এবং এক কুক্ ছিল তিনি মারা গেছেন। যদিও সেখানে যথেষ্ট সংখ্যক নার্স আছে, সেই হাসপাতালের ইন্ডোর যাতে চালু করা হয় সেই অনুরোধ জানাচ্ছি। কারণ প্রসূতি মা এবং গরিব গ্রামবাসীদের খুব অসুবিধা হচ্ছে। সুতরাং ঐ হাসপাতালের ইন্ডোরটি চালু করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ে পর্যটন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁতে চৌবেড়িয়ায় বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ্ রাখাল দাস বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান, বিশিষ্ট নাট্যকার দীনবন্ধু মিত্রের জন্মস্থান এবং ব্যারাকপুরে কথা শিল্পী বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান। এই রকম একটা ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জায়গা, সেখানে বিভূতিভূষণের জন্মদিনে তাঁর বাড়িতে দেশের নানা এলাকা থেকে লোকের সমাগম হয়, বিভিন্ন জায়গা থেকে লোক আসে। কিন্তু সেখানে থাকার বা বসার কোনও জায়গা নেই। সুতরাং আমার আবেদন বিভূতিভূষণের বাড়িটিকে সরকার থেকে অধিগ্রহণ করা হোক এবং ওখানে একটা ট্যুরিস্ট লজ করার ব্যবস্থা করা হোক।

**শ্রী ইয়ুনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জলঙ্গী, ডোমকল, রানি নগর, এই তিনটি ব্লকে জুনিয়ার হাই, এইচ. এস. এবং মাদ্রাসা সব মিলিয়ে প্রায় ৫৮টা শিক্ষা প্রতিষ্ঠান আছে। ৯১ সালের সেন্সাস রিপোর্ট অনুযায়ী ওখানকার লোক সংখ্যা ৫ লক্ষ ৫২ হাজার ২৭৩। ওখানে কোনও উচ্চ শিক্ষার ব্যবস্থা নেই। আমি দাবি করছি, অবিলম্বে ওখানে একটা কলেজ খোলার ব্যবস্থা করুন। কারণ নদীয়া, ইসলামপুর এবং বহরমপুর ছাড়া আর কোনও জায়গায় উচ্চ শিক্ষা দেবার ব্যবস্থা নেই।

আমি গত ২২ তারিখে ঐ এলাকার সভাপতির একটি স্মারকলিপি মাননীয় মন্ত্রি মহাশয়কে দিয়েছি। স্যার, আপনার মাধ্যমে আজ দাবি করছি, অবিলম্বে ওখানে একটি কলেজ খোলার ব্যবস্থা করা হোক।

[12-50—1-00 P.M.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই বিষয়টি নিয়ে বিধানসভার নির্বাচনের সময়েও খুব বিপদে পড়েছিলাম, এখনও সেই বিপদ চলছে। আমার নির্বাচনী কেন্দ্রের বেশ কিছু গ্রামে বিদ্যুৎ এসেছে এবং কিছু গ্রামে বিদ্যুৎ আসেনি। আমার নির্বাচনী কেন্দ্রের এক অংশের মানুষ খুবই আনন্দিত এই কারণে যে তাদের গ্রামে বিদ্যুৎ এসেছে কিন্তু পাশাপাশি যে সব গ্রামে বিদ্যুৎ আসেনি তারা দুঃখিত। একটা গ্রামে বিদ্যুৎ এসেছে আর তার পাশের গ্রামেই বিদ্যুৎ আসেনি—এই অবস্থাটা খুব অসুবিধার সৃষ্টি করছে। জেলা পরিষদ থেকে কিছু টাকা খরচ করা হয়েছিল কিছু গ্রামকে বিদ্যুতায়ন করার জন্য এবং অপর দিকে ডিপার্টমেন্টকে দায়িত্ব দেওয়া হয়েছিল কিছু কিছু গ্রামকে বিদ্যুতায়ন করার জন্য। কিন্তু এখনও পর্যন্ত বিদ্যুৎ দপ্তর তাদের কাজ শুরু করতে পারেনি। বিদ্যুৎ দপ্তর যে সব গ্রামে বিদ্যুৎ নিয়ে যাবার দায়িত্ব পেয়েছেন সেই কাজ যাতে সত্তর শুরু হয় তা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। আমরা শুনেছি, অলরেডি কাজ করার জন্য নোটিফিকেশনও হয়েছে কিন্তু তা সত্ত্বেও এটা হয়নি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী সহৃদয় ব্যক্তি, আশা করি তিনি এই ব্যাপারটি দেখবেন।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জনপ্রিয় বামফ্রন্ট সরকার ১৯৯১-৯২ সালের আর্থিক বছর থেকে এ রাজ্যের বৃদ্ধ কৃষকদের মাসিক ৬০ টাকা হারে মাথাপিছু ভাতা দেওয়ার প্রকল্প গ্রহণ করেন। পরবর্তীকালে ৯২-৯৩ সালে এটা বাড়িয়ে ১০০ টাকা করা হয় এবং বর্তমান আর্থিক বছর থেকে এটা দ্বিগুন করে দুশো টাকা করে মাথাপিছু মাসিক তাদের ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এই ভাতাটা খুবই অনিয়মিতভাবে যায়। আমার অনুরোধ এবং দাবি, ভাতা-প্রাপকরা মাসে মাসে নিয়মিত যাতে ভাতাটা পান মন্ত্রিমহাশয় সে ব্যবস্থা করুন।

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র পোলবার রাজহাট এবং সুগন্ধার উপর দিয়ে দিল্লি রোড গিয়েছে। সেখানে দিল্লি রোডের দু'পাশে অনেকগুলি ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে এবং আগামীদিনে আরও শিল্প প্রতিষ্ঠান গড়ে ওঠার সম্ভাবনা আছে। এইসব কারখানাগুলিতে গ্রামের গরিব কৃষক এবং ক্ষেতমজুরদের ঘরের ছেলেরা কাজ করেন। সেখানে তাদের মজুরির হার অত্যন্ত কম। বর্তমানে এখানে শ্রমিকের সংখ্যা হাজার পার হয়ে গিয়েছে কিন্তু এইসব শ্রমিকদের ই. এস. আই.-এর অন্তর্ভুক্ত করা যায়নি। এদের যাতে ই. এস. আই.-এর অন্তর্ভুক্ত করা হয় তারজন্য মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অমর চৌধুরি ঃ** মিঃ স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি আমার বরানগর কেন্দ্রের একটি বিশেষ সমস্যার প্রতি। আপনি জানেন, বরানগর একটি প্রচীন শহর। এখানে বি টি রোডের পূর্বদিকে আজকে নতুন করে বসতি হচ্ছে এবং সেটা বিশেষত রিফিউজি অঞ্চল। ওখানে বি সি রায় কো-অপারেটিভ কলোনী গড়ে উঠেছে। সেখানে কিছুদিন আগে দুর্ধর্ষ ডাকাতি হয়ে গেছে। সেখানে থানা যেটা রয়েছে সেটা গঙ্গার পাশে এবং সেখানে মানুষের পক্ষে যোগাযোগের খুবই অসুবিধা বি টি রোডের উপর পাল পাড়ায় থানার জন্য যে নতুন বাড়িটি গড়ে উঠেছে সেখানে অবিলম্বে থানাটি স্থানান্তরিত করবার কথা ছিল, কিন্তু সেটা আজও হয়নি। অবিলম্বে নতুন বাড়িতে থানাটি স্থানান্তরিত করবার জন্য আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের হরিহরপাড়া ব্লকে প্রায় ১২ বিঘা জমির উপর একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। স্বাস্থ্যকেন্দ্রটির উপর ঐ অঞ্চলের ২ লক্ষ মানুষ নির্ভর করেন। ওখানে দৈনিক ৫০০ রোগীর চিকিৎসা হয়, ৬০-৬৫ জন রোগী ইন্ডোরে চিকিৎসিত হন এবং সেখানে বেড সংখ্যা ২০টি। সেখান থেকে প্রতি মুহূর্তে রোগীদের বহরমপুর হাসপাতালে পাঠাতে হয় যাদের সংখ্যা ১০ থেকে ১৫। কিন্তু হাসপাতালটিতে কোনও অ্যাম্বুলেন্স নেই। ফ্যামিলি প্ল্যানিং বিভাগের একটি গাড়ি রয়েছে, কিন্তু সেটিও ২ বছর ধরে ভাঙাচুরা অবস্থায় পড়ে রয়েছে। সেজন্য ঐ হাসপাতালে একটি অ্যাম্বুলেন্স দেওয়া হোক এবং সেটিকে রুরাল হসপিটালে উন্নীত করা হোক এই দাবি আমি জানাচ্ছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে ২১ বছর আগে এই দিনটিতে দেশের মানুষের অধিকার কেড়ে নিয়ে জরুরি অবস্থা জারি করা হয়েছিল। ঠিক এর আগের দিন কংগ্রেসিরা, যারা অতীতে মানুষের অধিকার কেড়ে নিয়েছিলেন এবং যেখানে মানুষের অধিকারকে সম্প্রসারিত করবার জন্য আমরা সচেষ্ট, সেখানে তারা নির্বাচনে পরাজয়ের হতাশা ঢাকবার জন্য হামলার পথ গ্রহণ করেছেন এবং এই অবস্থা সৃষ্টি করেছেন। যারা নির্দিষ্টভাবে ৮ই মে'র পর থেকে গোটা রাজ্য জুড়ে হামলা চালাচ্ছেন তারাই আবার হামলার অভিযোগ আনছেন। আজকে গোটা দেশ জুড়ে ড্রাগ-বিরোধী দিবস পালন করা হচ্ছে। ড্রাগের নেশা সর্বনাশা, কিন্তু ওদের নেশা হামলার নেশা। হামলার নেশায় নেশাগ্রস্ত হয়ে ওরা দিকে দিকে হামলা চালাচ্ছেন এবং নিজেদের অপরাধ ঢাকবার জন্য এখানে এই অবস্থা সৃষ্টি করেছেন। আপনি জানেন, গত বছর ১৬ই আগস্ট স্ট্রাইক ডেকেছিলেন মৌলালীর একজন সমাজবিরোধীর পক্ষে। তার আগে ১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে ওরা একটি স্ট্রাইক ডেকেছিলেন একজন বিনা টিকিটের যাত্রীর পক্ষে।

[1-00—1-10 P.M.]

আবার ১৯৯৪ সালের ডিসেম্বর মাসে একটা স্ট্রাইক ডেকেছিল, কোনও একটা পারিবারিক কলহকে কেন্দ্র করে। ১৯৯৫ সালে একটা স্ট্রাইক ডেকেছিল, একজন ট্যাক্সি ছিনতাইকারির পক্ষে। সমাজবিরোধী কার্যকলাপ যারা করে তাদের পক্ষে ওঁরা। গতকাল বহরমপুরে আমিন শেখকে ওঁরা খুন করেছে। গত ১৭ তারিখে টালিগঞ্জের ঝালদার মাঠে কংগ্রেস দুষ্কৃতকারিদের

ছোঁড়া বোমার আঘাতে সি. পি. এম.-এর বাবুরাম সরদারের স্ত্রী শুকতারা এবং তার ৫ বছরের শিশু কন্যা পিঙ্কি আহত হয়। এইভাবে তারা আক্রমণ চালাচ্ছে। এইভাবে ওরা ৫০-৬০ জন আমাদের কর্মীকে খুন করেছে। আজকে তারা এটাকে আড়াল করবার জন্য এই সমস্ত কার্যকলাপ করছে। এক উপদল আর এক উপদলকে টেক্কা দেবার জন্য বিধানসভার ভেতর তাঁরা এইভাবে আক্রমণ করেছেন। এই ঘটনার প্রতিবাদে হাউস থেকে তাঁদের ধিক্কার জানাবার আবেদন জানাচ্ছি।

**শ্রী বাদল জমাদার :** মাননীয় স্পিকার স্যার, আমার বিধানসভা কেন্দ্রে ভাঙ্গর মহকুমা শহর ছিল সেটাকে স্থানান্তরিত করে মহকুমা শহর বারুইপুরে নিয়ে যাওয়া হয়েছে। ভাঙ্গর থেকে বারুইপুরে সরাসরি যোগাযোগের কোনও বাস রুট নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ভাঙ্গর থেকে শ্যামনগর পর্যন্ত একটা বাস রুট দেওয়া যায় তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নরঘাটে কোনও কলেজ নেই। আমার এই বিধানসভা কেন্দ্রে যাতে একটা কৃষি কলেজ বা কৃষি পলিটেকনিক কলেজ স্থাপন করা যায় তার জন্য আমি উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়ার জেলায় কংসাবতী সেচ প্রকল্প হচ্ছে একটা বড় প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমেই ওই এলাকায় বেশির ভাগ জমি সেচ সেবিত হয়ে আছে। স্যার, এই কংসাবতী প্রকল্পের মধ্যে ৩টি মেন ডিস্ট্রিবিউটারি ক্যানেল আছে, খাতরা মেন ক্যানেল, বিষ্ণুপুর মেন ক্যানেল এবং লিমলাপাল মেন ক্যানেল। দীর্ঘদিন যাবৎ এই ডিস্ট্রিবিউটারিগুলি সংস্কার করা হয়নি। যার ফলে এর যে কমান্ড এরিয়া, সেখানে জল যাচ্ছে না। এবারে নির্বাচনের আগে বহু জায়গায় চাষীরা রাস্তা অবরোধ করে। আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ জানাচ্ছি যে এই খারিপ মরশুমের অগে অন্তত এই ডিস্ট্রিবিউটারি গুলি সংস্কার করা হয় এবং জল দেবার ব্যবস্থা করা হয়।

**শ্রী কৃষ্ণপদ দুলে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলার মধ্যে মেদিনীপুর জেলা বিদ্যুতের ক্ষেত্রে পেছিয়ে আছে এবং মেদিনীপুর জেলার মধ্যে আমার বিধানসভা কেন্দ্র গড়বেতা পশ্চিম গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে অনেক পেছিয়ে আছে। এখানে একটা সাব স্টেশন হওয়ার পরিকল্পনা আছে। এখানে এই সাব স্টেশন না হলে বিস্তীর্ণ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করার ক্ষেত্রে অনেক অসুবিধা হয়ে পড়বে। এখন ৭২-৭৩ কিলোমিটার দূরে সাব স্টেশন আছে, সেখান থেকে বিদ্যুৎ সরবরাহ করা হয়। গড়বেতা পশ্চিম এইখানে যে সাব স্টেশন হওয়ার কথা আছে সেটা যাতে তাড়াতাড়ি শুরু হয় তার জন্য আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে গোটা পশ্চিমবাংলায় বিদ্যুতের চাহিদা বেড়ে গেছে। সাগরদীঘির বহু গ্রামে বিদ্যুৎ পৌছায়নি। ১০-১৫-২০ বছর আগে একটা পোল পোঁতা হয়েছিল। এইগুলি

প্রাকৃতিক বিপর্যয়ে ওয়াস আউট হয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়ায় সেই সমস্ত গ্রামগুলিতে রিভাইটালাইজেশন অ্যান্ড ইনটেনসিফিকেশন স্কীমের মাধ্যমে কিছু কাজ হাতে নেওয়া হয়ে থাকে। এই ক্ষেত্রে আইনের এত জটিলতা যে কাজ করাটা একটা অসুবিধা হয়ে দাঁড়ায়। সেইজন্য বিদ্যুৎ পৌছানোর ক্ষেত্রে অনেক বাধার সৃষ্টি করছে। বিদ্যুতের প্রয়োজনীয়তা বেড়েছে, সেচের স্বার্থে গ্রামকে অন্ধকার থেকে রক্ষা করতে ইলেকট্রনিক্স মিডিয়ার সঙ্গে যোগাযোগ রক্ষা করার স্বার্থে, স্বনিযুক্তি প্রকল্পের স্বার্থে আজকে বিদ্যুৎ প্রয়োজন হয়ে পড়েছে।

স্বাভাবিকভাবে আমি অনুরোধ করছি, রিভাইটালাইজেশন এবং ইনটেনসিফিকেশনের যে তালিকা তা দূর করে অবিলম্বে গ্রামগুলিতে বিদ্যুৎ পৌছে যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী ভন্দু মাঝি :** মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সম্প্রতি যে দুর্যোগ হয়ে গেল তাতে আমার বিধানসভা কেন্দ্র বলরামপুরে প্রায় দেড় হাজার ঘরবাড়ি নষ্ট হয়ে গেছে এবং ১৫টি পরিবার সম্পূর্ণ গৃহহীন হয়ে পড়েছে। আমি ত্রাণ মন্ত্রীর কাছে দাবি করছি, যাতে তাদের কাছে অবিলম্বে ত্রাণের ব্যবস্থা হয় এবং তারা পুনরায় বসবাস করতে পারে তার ব্যবস্থা করেন।

**শ্রী কমলাকান্ত মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পুরুলিয়া জেলায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে উদ্ভূত একটি সমস্যার বিষয়ে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলা যখন বিহারের মধ্যে ছিল তখন ১৬টি সিনিয়র বেসিক স্কুল ছিল। পুরুলিয়া যখন বঙ্গভুক্ত হয় তখন সেগুলিকে গভর্নমেন্ট স্পনসর্ড স্কুলে কনভার্ট করা হয়। বর্তমানে ঐ রকম ১৬টি গভর্নমেন্ট স্পনসর্ড কনভার্টেড বেসিক স্কুল আছে, যার মধ্যে ১৫টি স্কুল আছে যেখানে শিক্ষকরা হয় অবসর গ্রহণ করেছেন, না হয় মারা গেছেন। এই স্কুলগুলি সরাসরি ডি. আই. পরিচালিত ছিল এবং শিক্ষকরা সরকারি কর্মচারিদের হারে বেতন পেতেন। বর্তমানে স্কুলগুলি শিক্ষক বিহীন হওয়ার ফলে যে সমস্যা দেখা দিয়েছে তাতে গ্রামের ছেলেমেয়েদের পড়াশোনার ক্ষেত্রে প্রচণ্ড অসুবিধা হচ্ছে। ছেলেমেয়েরা স্কুলে যাচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, এইসব স্কুলগুলিকে কিভাবে প্রাইমারি কাউন্সিলের সঙ্গে যুক্ত করা যায়, সেই বিষয়ে চিন্তভাবনা করুন। অবিলম্বে যদি এই স্কুলগুলিতে শিক্ষক নিযুক্ত না করা হয় তাহলে—এমনিতে মানুষ বিক্ষুব্ধ হয়ে আছেন—তাঁদের বিক্ষোভ আরও বেড়ে যাবে।

**শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র রানাঘাট (পূর্ব)। ওখানে দুটি রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। রাস্তা দুটিতে বাস চলাচল করছে। কিন্তু যে কোনও মুহূর্তে বাস চলাচল বন্ধ হয়ে যেতে পারে। আমি মাননীয় পূর্তমন্ত্রীকে রাস্তা দুটিকে অবিলম্বে সংস্কার করার জন্য অনুরোধ করছি। রাস্তা দুটি হল, চাকদায় বিষ্ণুপুর থেকে আইসমালি এবং রানাঘাট রথতলা থেকে পানিখালি মাঝদিয়া মোড় পর্যন্ত। রাস্তা দুটি খুবই গুরুত্বপূর্ণ। মাননীয় মন্ত্রী মহাশয়কে এটি দেখার জন্য আমি অনুরোধ করছি। ধন্যবাদ।

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক'দিন ধরে আমরা দেখলাম যে, বিরোধী

পক্ষ থেকে ওরা হুমকি দিচ্ছিলেন বাংলা বন্‌ধ ডাকবেন। ওদের একজন বলছিলেন তো অপরজন তাঁকে টেক্কা দিচ্ছিলেন। ওঁরা এই যে বন্‌ধ ডাকলেন, এটা জনগণের কষ্টের বন্‌ধ। ওদের দলীয় কোন্দল উপদলীয় কোন্দলকে ঢাকা দেবার জন্য, পশ্চিমবাংলার মানুষের দৃষ্টিকে অন্যদিকে ঘুরিয়ে দেবার জন্য এই বন্‌ধ ডেকেছেন। গতকাল এই বিধানসভায় ওরা এখানে দাঁড়িয়ে যে ঘটনা ঘটিয়েছেন, যে নক্কারজনক ঘটনা ঘটিয়েছেন, আমরা ইতিপূর্বে বিধানসভার কার্যবিবরণীতে কখনও লক্ষ্য করিনি। ওরা এখানে নজিরবিহীন ঘটনা ঘটিয়েছেন। গতকাল যখন জরুরি অবস্থার ২১ বছর পূর্তি হয়ে গেল তখন ওরা এই বন্‌ধ ডাকলেন। জরুরি অবস্থা জারির সেই দিনের কথা আমরা স্মরণ করে আসছি। দীর্ঘদিন ধরে মানুষ ওদের অবিচার অত্যাচার লক্ষ্য করছে। আমরা আশা করব, পশ্চিমবাংলার মানুষ এই বেআইনি বন্‌ধকে প্রত্যাখ্যান করবেন এবং এর বিরুদ্ধে সমস্ত গণতন্ত্রপ্রিয় মানুষ ঐক্যবদ্ধ হবেন। এই বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[1-10—1-20 P.M.]

**শ্রী মহঃ করিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ২০ বছর ধরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার চলছে। এই সরকার কৃষকদের বন্ধু সরকার আর ওধারের বেঞ্চে যারা বসেন, তারা সর্বভুখ, কৃষকদের জমিতে যে সার দেওয়া হয় ১৩৩ কোটি টাকার তার উপরে হাত দেন। আমাদের বামফ্রন্ট সরকার কৃষকদের উন্নতির জন্যে উন্নতমানের সার দেওয়ার চেষ্টা করেন। এবং কীটনাশক ওষুধও দিয়ে থাকেন। কিন্তু এই কীটনাশক ওষুধ যেটা ব্যবহার করা হয় তার গুণাগুণ পর্যালোচনা করার জন্য একটা সংস্থা আছে, ওই সংস্থা ঠিকমতো কাজ করছেন না। গ্রামেগঞ্জে যে কীটনাশক ওষুধ কৃষকরা পাচ্ছে তারা সেগুলো প্রয়োগ করার পরে দেখছে যে সেগুলোতে ঠিক কাজ হচ্ছে না। তার গুণাগুণ সম্পর্কে সংস্থা যথেষ্ট ওয়াকিবহাল নন, এর ফলে কৃষকরা বঞ্চিত হচ্ছে, শোষিত হচ্ছে। সেইকারণে আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর কাছে আবেদন করছি যে, এই কীটনাশক ওষুধ বিচার বিশ্লেষণ করার যে সংস্থা অছে তারা একটু গুরুত্ব দিন যাতে কৃষকরা বঞ্চনার হাত থেকে রক্ষা পায়।

**শ্রী নাজমুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র খড়গপুরে দুটি স্থানে ৬টি স্বাস্থ্যকেন্দ্র এবং উপস্বাস্থ্যকেন্দ্রের বেহাল অবস্থা। বিপুল সংখ্যক রোগী ওখানে চিকিৎসার জন্য আসে কিন্তু ডাক্তার না থাকার জন্যে তারা চিকিৎসা পাচ্ছে না। পশ্চিমবঙ্গ এমন একটা রাজ্য যেখানে শতকরা ৮৯ ভাগ মানুষ গ্রামে স্বাস্থ্যকেন্দ্রগুলোতে চিকিৎসার জন্য যায় আর শহরাঞ্চলে শতকরা ৭৯ ভাগ হাসপাতালে চিকিৎসার জন্য যায়। শহরাঞ্চলে প্রশাসনিক ব্যবস্থা ভাল থাকার জন্যে, সেখানে তদারকি ভাল থাকার জন্যে চিকিৎসা হয়। কিন্তু গ্রামেগঞ্জে প্রশাসনিক তদারকির অভাবে স্বাস্থ্য ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যাতে অবিলম্বে ওইসব স্বাস্থ্যকেন্দ্র ডাক্তার পাঠানোর নির্দেশ দেন। স্বাস্থ্য ব্যবস্থা যাতে একেবারে ভেঙে না পড়ে তা দেখুন।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এবং মাননীয়

মুখ্যমন্ত্রীর মাধ্যমে সম্প্রতি কেন্দ্রে যে যুক্তফ্রন্ট সরকার এসেছে, ওই সরকারের প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি আমার এলাকা সংক্রান্ত। আমার এলাকা নদীয়া জেলার করিমপুর এবং তার পার্শ্ববর্তী তেহট্টের কিছু বেকার ছেলে ৫-৬ বছর আগে ইরাকে একটি প্রাইভেট নির্মাণ কোম্পানি এ এন আই সি-তে চুক্তি ভিত্তিতে কাজ করতে যায়। ইরাক এবং কুয়েতের মধ্যে যুদ্ধ শুরু হলে ওরা প্রাণভয়ে দেশে ফিরে আসে। পরবর্তীকালে ওই সরকারের সঙ্গে যোগাযোগ করে এবং কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে জানতে পারে যে তাদের মজুরির টাকা এখানকার ভারতীয় ব্যাঙ্কে কলকাতা শাখা ইউনিয়ন ব্যাঙ্ক, ওভারসিজ ব্রাঞ্চে জমা আছে। এই কর্তৃপক্ষ সমস্ত টাকা পাঠিয়ে দিয়েছেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় ওই টাকা এখানকার ব্যাঙ্কে গাফিলতির জন্যে পাচ্ছে না। পেমেন্ট করার নির্দেশ পাচ্ছে না বলে ব্যাঙ্ক টাকা দিতে পারছে না। ওই ৩০ জন বেকার যুবক যাদের ওভারসিজ ব্যাঙ্কে অ্যাকাউন্ট খোলা হয়েছে তাদের টাকা ওখানে এসে পড়ে রয়েছে কিন্তু তবুও তারা টাকা পাচ্ছে না। এর ফলে ওই বেকার যুবকদের পরিবার অনাহারের সম্মুখীন , তারা কৃষক ঘরের ছেলে। সেইজন্য আমি আপনার মাধ্যমে, মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহঃ মহামুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর দিনাজপুরের চোপড়া আমার নির্বাচনী কেন্দ্র। আমার কেন্দ্রের সুজালি এবং লক্ষ্মীপুরে ২টি সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার আছে। এই হেল্‌থ সেন্টারে ৫ বছর হল কোনও ডাক্তার নেই। আমি বিষয়টি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ৫ বছর ধরে ২টি সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারে ডাক্তার না থাকায় মানুষের অবস্থা করুণ। তাই আমি বলছি, এই ব্যাপারে অতি তাড়াতাড়ি যাতে স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় আজও পর্যন্ত কোনও কলেজ নেই। আমি আমার বাস্তব অভিজ্ঞতা দিয়ে দেখেছি, আমার বিধানসভা কেন্দ্রের ছেলে-মেয়েদেরকে উচ্চ শিক্ষা নিতে হলে পুরুলিয়া জেলার রঘুনাথপুরে যেতে হয় তা নাহলে দামোদর নদী পার হয়ে আসানসোলে যেতে হয়, রানিগঞ্জে যেতে হয়। গত বছরে বর্ষার সময় নৌকা ডুবির ফলে কলেজের ছাত্র মারা গিয়েছে, তাই আমার আবেদন গঙ্গাজলঘাটির শালতোড়ায় যাতে একটি কলেজ স্থাপন করা হয়, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এই যে প্রচার মাধ্যম মাস-মিডিয়া তাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গতকালকে এখানে যে ঘটনা ঘটেছে, সেই ঘটনার পরিপ্রেক্ষিতে এখানে যে যে ঘটনা ঘটেছিল তারা যা রিফ্লেক্ট করেছে পেপারে কি বলছে, টি. ভি.তে কি বলছে, যে ফার্স্ট পার্টই হয়েছে, সেকেন্ড পার্ট-এ কি হয়েছে সে সম্বন্ধে কিছু নেই। সেকেন্ড পার্টে বাজেট ডিসকাশন যে কন্টিনিউ করেছে সে রকম নেই, তাই এটা আপনার মাধ্যমে এখানে যারা মাস মিডিয়ার আছেন তাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার যে বিষয়গুলি আছে, সেই বিষয়গুলির সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রী দেবব্রতবাবুর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি আজকেও উঠেছে। এই যে এতবড় প্রলয়ঙ্কর ঝড় হয়ে গেল, বিস্তীর্ণ

এলাকা জুড়ে বাংলাদেশের উপর দিয়ে সুন্দরবনের মধ্যে দিয়ে গিয়েছে, সেখানে বাঁধের ক্ষতি হয়েছে, সাগর, নামখানা, কাকদ্বীপের বিস্তীর্ণ এলাকা ইনানডেট হয়ে গেছে, সল্ট ওয়াটার হয়ে গেছে। এই ব্যাপারে আপনার দপ্তরে গতকাল ডেপুটেশন দেওয়া হয়ে গেছে। বহু জেটি ভেঙে গুঁড়িয়ে গিয়েছে, এই ব্যাপারগুলি আপনার দপ্তর থেকে দেখা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন, এখানে যারা প্রচার মাধ্যমে আছেন, যারা পেপারে আছেন, টি. ভি., রেডিওয় আছেন তাদেরকে বলব, সারা পশ্চিমবাংলার মানুষ জানতে চায়, বিধানসভায় যেন গতকাল ফার্স্ট পার্টই হয়েছে, সেকেন্ড পার্ট-এর যে কাজ হয়েছে, সেটা যেন হয়নি, এটা একটু দেখবেন।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মিঃ স্পিকার স্যার, কাগজে আমরা দেখলাম ৫ই জুলাই কংগ্রেস বন্‌ধ ঘোষণা করেছে। আমি এখানে একটি কথা বলতে চাই, পরিকল্পনা করে ওরা বন্‌ধ করছে, যেটা খুবই ভয়াবহ। চারিদিকে কংগ্রেসের যারা গুন্ডা, যারা ওদের দস্যুবৃত্তিতে কাজ করে, এই বন্‌ধকে সামনে রেখে ওরা সাংঘাতিক ধরনের সন্ত্রাসের পরিবেশ সারা রাজ্যে ছড়িয়ে দেবে বিগত অভিজ্ঞতায় আমরা জানি সরকারি সম্পত্তি, সরকারি ট্রাম বাস, ব্যক্তি মানুষের উপর আক্রমণ নেমে আসবে আরও বেশি করে।

আমি আপনার মাধ্যমে বলতে চাই, কংগ্রেসিরা একতরফাভাবে যেভাবে বলছে, নির্বাচনের আগে বা নির্বাচনের পরে নাকি একমাত্র কংগ্রেস দলের লোকেরাই খুন হচ্ছে, এটা ঠিক নয়। আমি বলতে চাই, রাজ্য সরকারের পক্ষ থেকে এখন একটা ব্যবস্থা গ্রহণ করা হয় জনসাধারণকে জানানোর জন্য, সারা রাজ্য জুড়ে যে ধরনের সন্ত্রাসের পরিবেশ তৈরি হয়েছে, কারা কিভাবে যুক্ত এটা প্রচারের মাধ্যমে জনগণকে জানানো হোক। যে বন্‌ধ ওরা ডেকেছে তাতে জনজীবন বিপর্যস্ত হতে পারে, এই ব্যাপারটা ব্যাখ্যা করা হোক। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি রাজ্যবাসির উদ্দেশ্যে প্রকৃত তথ্য জনগণকে জানানোর ব্যবস্থা করা হোক।

[1-20—1-30 P.M.]

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর নিকট একটি বিশেষ সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বসিরহাট সেখানে গত তিন সপ্তাহ ধরে বিদ্যুতের লো-ভোল্টেজের জন্য রাত্রিতে কোনও কাজকর্ম হচ্ছে না। সেখানে পানীয় জল সরবরাহ বিঘ্নিত হচ্ছে, ছোট ছোট শিল্পগুলো বন্ধ হয়ে গেছে, স্কুল-কলেজের ছেলে-মেয়েরা রাত্রিতে পড়াশোনা করতে পারছে না, মানুষের দুর্ভোগের অন্ত নেই। আমি শুনেছি অশোকনগরে একটা যন্ত্র খারাপ হওয়ার ফলে তিন সপ্তাহ ধরে এই অবস্থার সৃষ্টি হয়েছে এবং এই তিন সপ্তাহের মধ্যে ঐ যন্ত্রটা মেরামত করবার কোনও ব্যবস্থা হল না। এই ব্যাপারে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী গঞ্জটি ৩১ নম্বর জাতীয় সড়কের উপর অবস্থিত। বেথুয়াডহরী থেকে পাটুলিঘাট এবং বেথুয়াডহরী থেকে বীরপুরঘাট এই রাস্তাটির দু-পাশে ডুবে যাচ্ছে,

জল জমে যাচ্ছে। সেখানে যান চলাচলে অসুবিধা হচ্ছে এবং সাধারণ মানুষের প্রচণ্ড অসুবিধা হচ্ছে। অনতিবিলম্বে রাস্তার দু-পাশের জলনিকাশি ব্যবস্থা করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন ঘোষ :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামাঞ্চলে বেশ কিছুদিন ধরে কুকুরে কামড়ানোর কোনও প্রতিষেধক পাওয়া যাচ্ছে না। কালনা মহকুমা হাসপাতাল থেকে আরম্ভ করে সর্বত্র কুকুরে কামড়ানোর এ. আর. ডি. ভ্যাক্সিন পাওয়া যাচ্ছে না। এই ব্যাপারে জেলা স্বাস্থ্য দপ্তরের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, কিন্তু কিছুই হয়নি।

**শ্রী সুভাষ সোরেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরের নয়াগ্রামে দুটি জুনিয়র হাইস্কুল চালু হয়ে আসছে। একটা রস্তারানি আদিবাসী জুনিয়র হাইস্কুল গোপীবল্লভপুর ব্লক ওয়ান আরেকটা হচ্ছে নিগুই জুনিয়র স্কুল। এটা হচ্ছে নয়াগ্রাম ব্লক। দীর্ঘদিন ধরে এই স্কুল দুটি চলে আসছে। প্রয়োজনের তুলনায় এখানে কোনও শিক্ষাপ্রতিষ্ঠান নেই। অতি সত্ত্বর যাতে এই স্কুল দুটিকে মঞ্জুর করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বনগাঁ শিয়ালদা সেকশনে ট্রেন চলে না। ট্রেন চলার কোনও নির্দিষ্ট সময় নেই। ট্রেনের কামরায় বসা যায় না। বসার কোনও সিট নেই। বিদ্যুৎ নেই, পাখা নেই। একটা অসহনীয় অবস্থা। ছাদ থেকে জল পড়ে। ওভার হেড তারগুলো দীর্ঘদিন আগেই প্রায়ই ছিঁড়ে যায়। তার ছিঁড়ে ঘন্টার পর ঘন্টা ট্রেন চলে না। হাজার হাজার যাত্রী দুর্বিষহ অবস্থা ভোগ করেন। এই সমস্যা সমাধানের জন্য আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## PRESENTATION OF 4TH REPORT OF BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** I present the revised programme of business on the 4th Report of the B.A. Committee which as follow :

| | | | | |
|---|---|---|---|---|
| 27-06-96 Thursday : | (i) | The West Bengal Land Reforms (Amendment) Bill, 1996. (Introduction, consideration & Passing) | | 1 hour |
| | (ii) | General Discussion on Budget | | 4 hours |
| | (iii) | Motion for Demands for grants of all Department | | 1 hour |
| 01-07-96 Monday : | (i) | Demand No. 12 | Transport Deptt. | 2 hours |
| | (ii) | Demand No. 77 | | |
| | (iii) | Demand No 78 | | |
| | (iv) | Demand No. 80 | | |
| | (v) | Demand No. 81 | | |
| | (vi) | Demand No. 36 | Housing Deptt. | 1 hour |
| | (vii) | Demand No. 35 | Public Health Engineering Deptt. | 1 hour |

| | | | | |
|---|---|---|---|---|
| 02-07-96 Tuesday | (i) | Demand No. 40 | Refugee, Relief and Rehabilitation Deptt. | 1 hour |
| | (ii) | Demand No. 47 | | |
| | (iii) | Demand No. 48 | | |
| | (iv) | Demand No. 55 | Deptt. of Agriculture | 3 hours |
| | (v) | Demand No. 58 | | |
| 03-07-96 Wednesday | (i) | Demand No. 66 | Irrigation and | |
| | (ii) | Demand No. 68 | Waterways Deptt. | $2^1/_2$ hours |
| | (iii) | Demand No. 67 | Water Investigation & Development Deptt. | $1^1/_2$ hours |
| 04-07-96 Thursday | (i) | Demand No. 26 | Deptt. of Municipal | |
| | (ii) | Demand No. 90 | Affairs | 4 hours |
| | (iii) | Demand No. 37 | Urban Development Department | |
| 05-07-96 Friday | (i) | Demand No. 25 | Public Works Deptt. | |
| | (ii) | Demand No. 79 | Public Works (Road Department | 2 hours |
| | (iii) | Demand No. 54 | Deptt. of Food and | |
| | (iv) | Demand No. 86 | Supplies | 2 hours |
| 08-07-96 Monday | (i) | Demand No. 24 | | |
| | (ii) | Demand No. 53 | | |
| | (iii) | Demand No. 75 | | |
| | (iv) | Demand No. 76 | | |
| | (v) | Demand No. 87 | | |
| | (vi) | Demand No. 88 | Deptt. of Commerce | |
| | (vii) | Demand No. 93 | & Industries | 4 hours |
| | (viii) | Demand No. 94 | | |
| | (ix) | Demand No. 95 | | |
| | (x) | Demand No. 96 | | |
| | (xi) | Demand No. 97 | | |
| | (xii) | Demand No. 74 | Deptt. of Industrial Reconstruction | |
| | (xiii) | Demand No. 92 | Deptt. of Public Undertakings | |
| 09-07-96 Tuesday | | Demand No. 21 | Home (Police) Deptt. | 4 hours |

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে সেই সুপারিশ গ্রহণ করার জন্য এই সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পিকার :** ধরে নিচ্ছি সভার সম্মতি আছে। প্রস্তাবটি গৃহীত হল।

## MENTION CASES

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সকলের এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কয়েক দিন ধরে শোনা

*যাচ্ছে এক যুবনেত্রী মঞ্চ করছেন, ধর্না দিচ্ছেন, আন্দোলন করছেন। গণতান্ত্রিক আন্দোলন তিনি করতেই পারেন। তাতে আপত্তির কিছু নেই। কিন্তু অবস্থা এমন জায়গায় দাঁড়িয়েছে, আন্দোলনের নামে তিনি যা করছেন, দক্ষিণ ২৪ পরগনার জেলা শাসকের ঘরে তালা লাগানো হয়েছে। এ এক অভাবনীয় ব্যাপার।*

ওনার কোনও জনসমর্থন নেই। তাই তিনি অন্যরকমভাবে অচলাবস্থা সৃষ্টি করার চেষ্টা করছেন। তিনি নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করছেন এটা কোনও গণতান্ত্রিক আন্দোলন নয়। স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় ওনাকে আলোচনার জন্য ডেকেছিলেন। উনি বসতে পারতেন। তাঁর আন্দোলন ফ্লপ করেছে। তিনি আরও কত কি করবেন জানি না। এখন উনি বলছেন একবার সাধিলেই খাইব—অর্থাৎ একবার ডাকলেই আলোচনা করতে রাজি। ওনার দম ফুরিয়ে গেছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় এই ব্যাপারটা নিয়ে আলোচনা করে মীমাংসা করুন।

[1-30—1-40 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদ এসেছে দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা গ্রামের সীতারামপুর এবং গোবর্ধনপুরের ২টি মৌজায় জি-প্লটে ঝড়ের এবং জলপ্লাবনের জন্য মারাত্মক ক্ষতি হয়েছে। গতবারের জলপ্লাবনে এখানে লক্ষ লক্ষ মানুষের ক্ষতি হয়েছে। কিছুদিন আগে রাজ্যে যে জলপ্লাবন হয় তাতে ওই এলাকায় বাঁধ ভেঙে চাষের জমি নষ্ট হয়, শস্য হানি হয়, গবাদি পশু মারা যায় এবং বহু জীবনহানি ঘটেছে। এ ব্যাপারে এই এলাকার মানুষ মাননীয় সেচমন্ত্রী এবং জেলাশাসকের কাছে এস ও এস পাঠিয়েছে। অবিলম্বে এখানকার বাঁধ মেরামত করে, এখানকার মানুষের জীবন ও সম্পত্তির নিরাপত্তার জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ ব্যাপারে মাননীয় গণেশবাবু কিছু বলুন।

**শ্রী গণেশচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভাতে সুন্দরবনের নদী বাঁধ নিয়ে মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার, মাননীয় সদস্য। শ্রী প্রভঞ্জন মণ্ডল, এর আগে মাননীয় সদস্য শ্রী নৃপেন গায়েন সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। সমস্ত বিষয়টা আমরা জানি এবং বিষয়টা খুবই উদ্বেগজনক। গত কয়েকদিন ধরে বাঁধের যে ঘূর্ণিঝড় হয়েছে সেই ঘূর্ণিঝড়ের ফলে সুন্দরবনের বিস্তীর্ণ এলাকার নদী বাঁধের ক্ষতি হয়েছে। এইরকম অবস্থার কথা বিবেচনা করে আমরা এর আগে দক্ষিণ ২৪ পরগনার সভাধিপতি, দক্ষিণ ২৪ পরগনার জেলা প্রশাসন, আমাদের দপ্তরের অফিসাররা, পরবর্তী সময় উত্তর ২৪ পরগনার বারাসাতের সভাধিপতি ওখানকার প্রাক্তন এবং বর্তমান বিধায়ক, পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলার সভাধিপতি এবং আমাদের দপ্তরের ইঞ্জিনিয়ারদের নিয়ে কোন কোন জায়গা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলো চিহ্নিত করে একটা পরিকল্পনা তৈরির কথা বলি। সর্বশেষে মাননীয় সেচমন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়, ওই জেলার কৃষক সংগঠনের প্রতিনিধি, ওখানকার বর্তমান এবং প্রাক্তন বিধায়কদের নিয়ে আমরা দীর্ঘ সময় ধরে এই বিষয়ে আলোচনা করেছি। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে জায়গাগুলো খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে সেই জায়গাগুলো চিহ্নিত করে দ্রুত কাজটা শুরু করছি। যাতে ভবিষ্যতে ক্ষতি না হয় তার জন্য চেষ্টা করছি। মাননীয় দেবপ্রসাদবাবু সীতারামপুর এবং গোবর্ধনপুর এই দুটো জায়গার কথা বললেন। এই দুটো

জায়গায় দীর্ঘদিন ধরে এই সমস্যা আছে। কারণ এর একদিকে বঙ্গোপসাগর আরেকদিকে গ্রাম। মাঝখানে কোনও চর নেই। শুধু মাটির বাঁধ এবং প্রতি বছর এখানে এই ধরনের ঝড় হওয়ার দরুন এখানকার গ্রামগুলো ক্ষতিগ্রস্ত হয়।

আমি দু-তিনবার নিজে ঐ জায়গায় গিয়ে দেখেছি। আমরা দেখেছি শুধু মাটির বাঁধ দিলে এই জায়গাটা রাখা যাবে না। সেই জন্য পর্যায়ক্রমে ইটের বাঁধ করেছি। তাতেও দেখলাম কার্যকর ফল হচ্ছে না। তখন ইটের ব্লক এবং ব্ল্যাক পিচিং করে ঐ জায়গাটা ধীরে ধীরে কভার করার চেষ্টা করছি। যেহেতু আমাদের ফান্ড-এর অভাব আছে, সেইজন্য একটা অংশ করার পর আর একটা অংশ আমরা করতে পারিনি, পরিকল্পনা আছে, ভবিষ্যতে এটা আরও স্ট্রেনদেন করে দেব। এখন আপৎকালীন অবস্থা হিসাবে এই কথা বলছি, যাতে টেম্পোরারি মেজারে ঐ জায়গাটা রাখা যায়। সকলকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আগেও এই বিষয়টি মাননীয়া বিধায়ক কণিকা গাঙ্গুলি এই বিধানসভায় উল্লেখ করেছেন। রিষড়ায় নতুন গ্রাম এলাকার শ্রী বিজয় দাস এবং তার স্ত্রী শ্রীমতী মিনতি দাসের কিশোরী কন্যা তুলসী দাসকে রিষড়ার লক্ষ্মী পল্লীর আশিস বসু ৩০০ টাকায় কলকাতার পতিতালয়ে বিক্রি করেছে। এটা একটা ভয়ঙ্কর অবস্থা। তারপর তাকে বারাসাতে নিয়ে যায়, তার উপর নির্যাতন করে, তার শ্লীলতাহানী করে। বাড়ির পরিচারিকার সাহায্যে সে কোনও রকমে রক্ষা পেয়েছে। তারপর বাড়ি চলে গেছে। এরপর আমরা দেখেছি এলাকার মানুষের চাপে পড়ে পুলিশ আশিস বসুকে গ্রেপ্তার করেছে। কিন্তু কংগ্রেসের সমস্ত সমাজবিরোধীরা ঐ পরিবারের উপর হুমকি দিচ্ছে। আমি এই বিষয়ে অবিলম্বে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ঐ পরিবারের ঐ কিশোরীর নিরাপত্তা যাতে বজায় থাকে সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন। এই ঘটনার নিন্দা করার ভাষা নেই। আজ কংগ্রেসিরা বাইরে সার্কাস দেখাচ্ছে। কিন্তু আমরা দেখছি প্রতিটি ব্যাপারেই, প্রতিটি অঞ্চলের কংগ্রেসের নেতারা এইরকম নক্কারজনক ঘটনায় জড়িত থাকছে। এই ঘটনাটি আমি হাউসের কাছে তুলে ধরছি এবং প্রতিকারের দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া এবং শ্যামপুরে প্রায় ২০/২৫ হাজার গরিব মৎস্যজীবী আছে, তারা ভাগিরথী নদীতে মাছটাছ ধরে। আপনি জানেন, মিষ্টি জল আসার দরুন ভাগিরথী নদীতে মাছ বলে কিছু নেই। তারা আজকে কোনও রকম সাহায্য পাচ্ছে না। তাদের নৌকা, ঘটি, বাটি, জাল সব বিক্রি হচ্ছে। এই মৎস্যজীবি পরিবার মূলত তফসিলি সম্প্রদায়ভুক্ত। এই হাজার হাজার মৎস্যজীবি পরিবারের যাতে সুব্যবস্থা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার করতে পারেন, তার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হারাধন বাউড়ি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত এক সপ্তাহ ধরে আমাদের রাজ্যে প্রবল বৃষ্টি হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, তেনুঘাট-বিহার প্রচুর জল ছেড়েছে, ফলে ডি. ভি. সি.সহ সোনামুখীর একাংশ, হুগলি এবং বর্ধমানে বন্যার আশংকা দেখা দিয়েছে। এই বিষয়টি দেখার জন্য মাননীয় মন্ত্রী

*মহাশয়কে অনুরোধ করছি।*

*[1-40—2-30 P.M.] (Including Adjournment)*

**শ্রী নিকুঞ্জ পাইক :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকার পাশের এলাকা মথুরাপুর এক নম্বর পঞ্চায়েত সমিতি কংগ্রেস (আই) পরিচালনা করেন। এই পঞ্চায়েত সমিতিকে গ্রামের কৃষি ব্যবস্থার উন্নয়নের জন্য এবং অন্যান্য উন্নয়নমূলক কাজের জন্য লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কিন্তু সেই টাকায় কোনওরূপ কাজ গ্রামে করা হয়নি। সেই টাকা তছরূপ করা হয়েছে। পঞ্চায়েতের আইন অনুযায়ী একজন পঞ্চায়েত সমিতির সভাপতি ক্যাশ ইন হ্যান্ড—পাঁচ হাজার টাকা রাখতে পারেন। কিন্তু ঐ সভাপতি লক্ষ লক্ষ টাকা ক্যাশ ইন হ্যান্ড রেখেছিলেন। এস. ডি. ও. সেই টাকা সিজ করেছেন এবং ঐ পঞ্চায়েত সমিতির খাতাপত্রও সিজ করে নিয়ে গেছেন। কিন্তু এলাকার মানুষের দাবি, ঐ পঞ্চায়েত সমিতিকে বরখাস্ত করা হোক। তাই স্যার, আপনার কাছে ঐ পঞ্চায়েত সমিতির দুর্নীতিপরায়ণ সভাপতিকে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

(At this stage the House was adjourned till 2.30 P.M.)

[2-30—2-40 P.M.] (After adjournment)

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর যে নতুন বাজেট পেশ করেছেন। এই বাজেট প্রস্তাব স্বনির্ভরতাকে ভিত্তি করে বিকল্প অর্থনীতির পথ অনুসরণের দাবি করা হলেও অর্থমন্ত্রী অসীম দাসগুপ্তের ১৯৯৬-৯৭ সালের বাজেট প্রস্তাবগুলি বিচার-বিশ্লেষণ করলে দেখা যাবে মনোমোহন সিংহ প্রদর্শিত যে উদার অর্থনীতি, নয়া আর্থিক নীতির সেই পথ অনুসরণ করার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কোনও অংশেই পিছিয়ে নেই। এটা বাস্তব যে এই বাজেট প্রস্তাবে রাজ্যের শিল্পপতি, ব্যবসায়ী, ধনী চাষী এবং বিত্তবানদের স্বার্থে ঢালাও কর ছাড়ের সুযোগ দেওয়া হলেও কয়েকটি ক্ষেত্রে লোক দেখানো গরিব দরদী ছাপ লাগানো দু-একটি প্রকল্পের কথা বাদ দিলে রাজ্য ঋণভারে জর্জরিত। দরিদ্র, কৃষক এবং ক্ষেত-মজুরদের স্বার্থে বন্ধ কারখানা বিশেষ করে বন্ধ চটকল শ্রমিক এবং সংশ্লিষ্ট পাট চাষীদের স্বার্থে এবং প্রকৃত অর্থে বেকারদের কর্মসংস্থানের স্বার্থে কোনও ইতিবাচক পদক্ষেপ এই বাজেট প্রস্তাবের মধ্যে দিয়ে পরিলক্ষিত হয়নি। স্বভাবতই যারা শিল্পপতি এবং চেম্বার অফ্ কমার্সগুলির উচ্ছ্বসিত প্রশংসা কুড়িয়েছে এই বাজেট। কিন্তু পশ্চিমবাংলার শ্রমিক, চাষী, খেটে খাওয়া মানুষদেরকে এই বাজেট হতাশ করেছে। আমি এই কারণে এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বাজেটে নয়া অর্থনীতি থেকে আলাদা বিকল্প আর্থিক নীতি, বিকল্প শিল্প নীতির কথা বলা হয়েছে। কিন্তু কার্য ক্ষেত্রে বামফ্রন্ট সরকার বহুজাতিক সংস্থাগুলির নিয়ন্ত্রণাধীন আর্থিক প্রতিষ্ঠান—বিশ্ব ব্যাঙ্ক, আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক প্রভৃতির কাছ থেকে ঢালাও ঋণ গ্রহণ করা থেকে শুরু করে রাষ্ট্রায়ত্ত

শিল্প বেসরকারিকরণ, দেশী বিদেশি শিল্পপতিদের অবাধ শোষণ এবং লুণ্ঠনের সুযোগ করে দিয়ে মনমোহন সিং-এর নীতিই অনুসরণ করে চলেছেন। বাজেট প্রস্তাবে যাই বলা হোক না কেন, বাস্তবে আমরা দেখছি নির্বিচারে বিদেশি ঋণ, বিদেশি পুঁজির বিনিয়োগ চলছে। মুখে উচিত নয় বলছেন, কার্যক্ষেত্রে এগুলি চলছে। রাজ্যের অর্থনীতির সর্ব ক্ষেত্রে—কি শিক্ষা, কি চিকিৎসা, কি স্বাস্থ্য, কি শিল্প, কি পরিকাঠামো, কি পরিবহন, কি রাস্তাঘাট, বনসৃজন, মৎস্য চাষ, পরিবেশের দূষণ নিয়ন্ত্রণ, এমন কোনও ক্ষেত্রে বাকি নেই যেখানে বিদেশি পুঁজির সাহায্য নেওয়া হচ্ছে না। এমন কি রাজ্যের স্বনির্ভরতাকে আঘাত করে, স্বনির্ভরতাকে বিনষ্ট করে বিদ্যুতের মতো বুনিয়াদি শিল্পে বিদেশি পুঁজিকে আহ্বান জানানো হচ্ছে! মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'ওয়েব্‌ল টেলিম্যাটিক্স'-এর মতো লাভজনক রাষ্ট্রায়ত্ত সংস্থাকে জার্মান সংস্থা 'সিমেন্স'-এর কাছে বিক্রি করে দেওয়া হল। অর্থাৎ রাষ্ট্রায়ত্ত সংস্থা বেসরকারিকরণের ক্ষেত্রে এ রাজ্যও পিছিয়ে নেই। পূর্ববর্তী কেন্দ্রীয় সরকারের দৃষ্টান্ত অনুসরণ করে নয়া অর্থনীতির অন্যতম পদক্ষেপ হিসাবে ওয়েলফেয়ার বা সামাজিক জনকল্যাণমূলক খাতের বরাদ্দকে ছাঁটকাট করা হয়েছে। এ অভিযোগ যে সত্য তার প্রমাণ—রাজ্যের প্রতিটি হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র, রাস্তাঘাট, পরিবহন, প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা দিনের পর দিন বেহাল হয়ে পড়ছে সরকারের অর্থ বরাদ্দের অভাবে। এই বেহাল অবস্থাই হচ্ছে তার চূড়ান্ত নিদর্শন, রাজ্য সরকার, ঐ একই পথ অনুসরণ করে চলছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী অসীমবাবু বলছেন, 'বিদেশি সাহায্য নেওয়ার ক্ষেত্রে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাহায্য নেওয়ার ক্ষেত্রে পারস্পরিক স্বার্থের দিকে নজর দেওয়া হচ্ছে। এবং অসম্মানজনক শর্ত বা দেশের স্বার্থ বিরোধী শর্ত মেনে এ সমস্ত বিদেশি পুঁজি বা ঋণ গ্রহণ করা হচ্ছে না।'

[2-40—2-50 P.M.]

এগুলি তাঁরা মুখে বলছেন, কিন্তু কার্যত কী দেখছি? যতদিন যাচ্ছে উত্তরোত্তর বিদেশি পুঁজি, বিদেশি ঋণের উপর রাজ্য সরকার নির্ভরশীল হচ্ছে। শুধু তাই নয়, ওয়ার্ল্ড ব্যাঙ্কের জনস্বার্থ বিরোধী শর্তগুলি জালের মতোন অষ্টেপিষ্ঠে জনজীবনকে বেঁধে ফেলছে। এর ফলে মানুষ বিপর্যস্ত হচ্ছে, বিপন্ন হচ্ছে। বিশ্বব্যাঙ্কের নির্দেশ অনুযায়ী সেইজন্যই হাসপাতালে ফ্রি বেডের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে। কারণ বিশ্বব্যাঙ্কের টাকায় স্বাস্থ্য বিভাগের পরিকাঠামোর উন্নয়ন করতে হবে। এইজন্য তারা শর্ত আরোপ করেছেন। তাই আমরা দেখতে পাচ্ছি, বিশ্ব ব্যাঙ্কের নির্দেশে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ, চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগ যেগুলি হচ্ছে এগুলি বিশ্ব ব্যাঙ্কের শর্ত এবং বিশ্ব ব্যাঙ্ক যে শর্ত আরোপ করেছেন মাননীয় অর্থমন্ত্রী খুব সচেতনভাবে এই হাউসে তা গোপন রেখে গেছেন। এমন কি জমির ক্ষেত্রে, ভূমি সংস্কারের ক্ষেত্রে বিশ্বব্যাঙ্কের নির্দেশে মাল্টিন্যাশনাল কোম্পানি, বহুজাতিক সংস্থার কাছে বামফ্রন্ট সরকার নতি স্বীকার করেছেন এবং সেইজন্য ভূমি সংস্কার আইন সংশোধন করে জমির যে উর্দ্ধসীমা, যে সিলিং সেই সিলিংটা তুলে দেবার জন্য এই সভায় বিল আনতে উদ্যোগ নিয়েছেন। এগুলি আজকে বাস্তব ঘটনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি সংস্কারের সাফল্যের কথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। আমি এই হাউসে বার বার বলেছি, ভূমি সংস্কারের উজ্জ্বল সাফল্য যেটা এখানে তুলে ধরা হচ্ছে সেটা আদৌ বস্তু-নিষ্ঠ নয়। বামফ্রন্ট সরকার বোঝাতে চাইছেন বেনামি জমি উদ্ধারের প্রশ্নে ভারতবর্ষের মধ্যে রেকর্ড করেছেন অর্থাৎ ১২

লক্ষ ৮০ হাজার একর বেনামি জমি খাস করেছেন। এখানে আমার বক্তব্য হচ্ছে, ১২ লক্ষ ৮৭ হাজার একর জমির মধ্যে ১০ লক্ষ একর জমি উদ্ধার হয়েছিল ২২ মাসে যুক্তফ্রন্ট সরকারের আমলে। আর বামফ্রন্ট সরকারের ১৯ বছরের রাজত্বে—২০ বছরে পদার্পণ করেছেন—২ লক্ষ ৮০ হাজার একর জমি। এটা কি উল্লেখযোগ্য পারফরমেন্স? এটা অত্যন্ত ইনসিগ্‌নিফিকান্স। ৩ নম্বর ভূমি সংস্কার আইনে প্রত্যাশা ছিল এই আইন পাশ হলে আরও বাড়তি খাস জমি উদ্ধার হবে। এটা আমার কথা নয় মুখার্জি—ব্যানার্জি কমিটির কথা। পঞ্চায়েত এবং ভূমি সংস্কার সম্পর্কে যে কমিটি করেছিলেন এটা তাদেরই মূল্যায়ন। আশ্চর্য্যের বিষয়, সেই কমিটি বলেছেন ২ টি ভূমি সংস্কার আইনে এক ছটাক জমিও উদ্ধার হয়নি। রিপোর্টের ২৩ পৃষ্ঠায় বলেছেন, The Most disturbing is the fact that the second and third amendments of West Bengal Land Reforms Act have not yielded any addition to the quantum vested agricultural land.

এই হচ্ছে বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গি। এই সরকার কৃষি উৎপাদনে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে এগিয়ে আছেন এটা দাবি করেছেন। এই সরকার বলেছেন, কৃষি উৎপাদনে শীর্ষস্থান অধিকার করেছেন। এটা কতটা বস্তুনিষ্ঠ সেটা বিচার্যের বিষয়।

কারণ পশ্চিমবাংলায় কৃষি উৎপাদনের যে হিসাব-নিকাশ রাখা হয় সেটা বিজ্ঞানসম্মত হিসাবের ভিত্তিতে নয়। প্রপারলি ক্রপ রেকর্ডিং হয় না, আন্দাজে হয়। আন্দাজে স্টাটিসটিক্স নেওয়া হয়। এটা আমার অভিযোগ নয়, মুখার্জি-ব্যানার্জি কমিশনের রিপোর্ট বলছে। আমি রিপোর্টের সংশ্লিষ্ট জায়গা থেকে পড়ে শোনাচ্ছি—এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট প্যারার ২৬-২৭ পৃষ্ঠায় বলছে, The Statistical base was weak. Crop aereage being guess work in the absence of a crop recording system.

ফলে গেস্ ওয়ার্কের ভিত্তিতে ক্রপ রেকর্ডিং-এর ক্ষেত্রে স্টাটিসটিক্যাল ডাটা সাপ্লাই করা হচ্ছে। এর ফলে বামফ্রন্ট সরকার এক্ষেত্রে কতটা এগিয়ে যাচ্ছে—সেটাই হচ্ছে প্রশ্ন? অবশ্য আমি এই কথা বলছি না যে, রাজ্যে কৃষি উৎপাদন বাড়েনি, নিশ্চয়ই কৃষি উৎপাদন বেড়েছে। কিন্তু এক্ষেত্রে বামফ্রন্ট সরকারের কতটা ভূমিকা সেটাই বিচার্য বিষয়। আসলে কৃষিতে উন্নত প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। উচ্চ ফলনশীল বীজ ব্যবহার করলে মান্ধাতার আমলে যে উৎপাদন হতো তার চেয়ে কৃষি উৎপাদন নিশ্চয়ই বাড়বে।

এটা স্বাভাবিক, কিন্তু অ্যাকচুয়াল কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য বামফ্রন্টের যে ভূমিকা নেওয়া উচিত, সেটা কী যথার্থভাবে নেওয়া হয়েছে? তা নিতে গেলে কৃষি উৎপাদনের জন্য যে প্রয়োজনীয় ডিজেল, সার, বিদ্যুৎ, সেচ, এই যে প্রয়োজনীয় উপকরণ সেইগুলো কৃষকদের হাতে পৌঁছে দেওয়া হচ্ছে কি না? রাজ্য সরকারের ভূমিকা কি, অভাবী বিক্রি বন্ধ করার জন্য, কৃষকরা যাতে মার না খায়, সেই ব্যাপারে কতটা তাদের সাহায্য করেছেন? কীট নাশক ওষুধ ডিজেলের দাম বেড়েছে। এটা কেন্দ্রে বেড়েছে। কেন্দ্রে যেমন দাম বাড়ছে আপনারাও তেমনি সারচার্জ বাড়িয়ে দিচ্ছেন। মোটর চার্জের ক্ষেত্রে ৬০০ টাকা থেকে এক বছরের মধ্যে ১২০০ টাকা বাড়িয়ে ১৮০০ টাকা করে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে আর এ .টা মারাত্মক ব্যাপার যেটা বলছিলাম কৃষি উৎপাদনের ক্ষেত্রে একটা ভেস্টেড ক্লাস,

গ্রামীণ পুঁজিপতি শ্রেণী গ্রামে গড়ে উঠেছে। চাষবাসের ক্ষেত্রে সরকার থেকে যে সুযোগ সুবিধা দেওয়া হয়, তার সিংহ ভাগ এই শ্রেণী ভোগ করে। এরা অত্যন্ত দ্রুত শক্তিশালী হয়ে উঠছে। এটা আমার কথা নয়, অল ইন্ডিয়া রিপোর্ট অন এগ্রিকালচার, মিনিস্ট্রি অব এগ্রিকালচার, নয়াদিল্লি বলছে। শুধু চাষবাসের ক্ষেত্রে নয়, মাছ চাষ, পশু পালন, এমন কি পরিবহনেও এরা ছড়িয়ে পড়েছে। আমি একটা স্ট্যাটিসটিক্স দিলেই পরিষ্কার হয়ে যাবে কত দ্রুত এদের শক্তি বাড়ছে। ১৯৯০-৯১ সালে যখন গ্রামীণ পুঁজিপতিরা যে পুঁজি সৃষ্টি করেছিল, তার পরিমাণ ছিল ৯২৩৪ কোটি টাকা। সেটা এক বছরে বেড়ে হয়েছে ১০ হাজার ৮৬১ কোটি টাকা। এটার সোর্স হচ্ছে ন্যাশনাল অ্যাকাউন্টস স্ট্যাটিসটিক্স, আগস্ট ৯৪। শুধু গ্রামীণ শিল্পপতি নয়, দেশের বৃহৎ একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠীও ক্রমাগত কৃষি ক্ষেত্রে বিপুল পুঁজি বিনিয়োগ করে চলেছে। আজকে আই. টি. সি.র প্রাক্তন চেয়ারম্যান কে. এল. চুঘ বলছেন, ল্যান্ড ইজ আওয়ার গ্রেট স্ট্র্যাটেজিক অ্যাসেট্স। এমন কি অশোক মিত্র মহাশয়ও বলছেন যে The developing shift in the terms of trade in favour of the farm sector is the major price paid by individual beurgeoise to cement their political coalition with the rural Beurgeoise. "(Terms of Trade)"

ওয়ার্ল্ড ব্যাঙ্কের কর্তারা বলছেন, Eventually the land ceiling Act will have to be amended to encourage large land holding by the corporate sectors. এর সঙ্গে সুর মিলিয়ে অ্যাসোচেম বলছে, আওয়ার এগ্রিকালচারাল ল্যান্ড রিফর্মস পলিসি নিড টু বি অ্যাডিকোয়েটলি অ্যামেন্ডেড। তারা এই দাবিও তুলেছে, দেশের সমস্ত অনাবাদী পতিত জমি কর্পোরেট সেক্টারে ৫০ বছরের জন্য লিজ দিতে হবে। সুতরাং ল্যান্ড সিলিং জমির উর্ধসীমা আইন অ্যামেন্ড করতে হচ্ছে। তার ফলে প্রান্তিক চাষী, গরিব চাষী, মধ্য চাষীদের উপর যে শোষণ চলছে, তার কাছে বামফ্রন্ট সরকারকে নগ্নভাবে সারেন্ডার করতে হচ্ছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক, অ্যাসোচেম এর কাছে নতি স্বীকার করতে হচ্ছে। জমির উর্ধসীমা আইনকে সংশোধন করার জন্য আগামীকাল ২৭ তারিখে তাঁরা সংশোধনী আনছেন।

[2-50—3-00 P.M.]

ফলে আজকে সর্বত্র ওয়ার্ল্ড ব্যাঙ্কের ডিকটেশনে আপনাদের চলতে হচ্ছে। শিক্ষক এবং ডাক্তারদের চাকরির ক্ষেত্রে আপনি সামাজিক দায়বদ্ধতার কথা বলেছেন। সামাজিক দায়বদ্ধতা কথাটা শুনতে ভালই কিন্তু এই সামাজিক দায়বদ্ধতা তো সকলের ক্ষেত্রেই প্রযোজ্য। এটা শুধু ডাক্তার, শিক্ষকদের ক্ষেত্রে কেন? আজকে এখানে সামাজিক দায়বদ্ধতা বা মূল্যবোধের ক্ষেত্রে যদি ইরোসন হয়ে থাকে তাহলে সেটা হয়েছে আপনাদের বামপন্থী রাজনীতির সুবিধাবাদী নীতি নেওয়ার ফলে। আজকে সেই দায়বদ্ধতা কমে যাচ্ছে। তাহলে তারজন্য শিক্ষক, চিকিৎসকদের আলাদাভাবে আইসোলেট করা হচ্ছে কেন? আসলে চুক্তির ভিত্তিতে শিক্ষক, ডাক্তার নিয়োগের যে কথা বলছেন এটা করছেন শাসকদল চূড়ান্তভাবে যাতে দলবাজি করতে পারে তারজন্য। এই চুক্তির ভিত্তিতে নিয়োগ হলে দলবাজি আরও বেশি হবে। আজকে এই সামাজিক দায়বদ্ধতা বলতে অন্য কিছু নয়, এর নামে শাসক দলের প্রতি আরও আনুগত্য এবং এর নামে আরও নগ্নভাবে দলবাজি চলবে। এখানে স্থায়ী নিয়োগের যে সুযোগ-সুবিধা সরকারি বা অন্যান্য ক্ষেত্রে রয়েছে সেই সুযোগ-সুবিধা না থাকার ফলে এখানে প্রকৃতপক্ষে

নিম্নমানের শিক্ষক, ডাক্তাররা নিরুপায় হয়ে চাকরি করতে আসবেন ফলে শিক্ষা ও চিকিৎসার মান আরও নামবে। তারপর আপনি বলছেন যে, এ ক্ষেত্রে পঞ্চায়েত ও পৌরসভার উপর দায়িত্ব দেবেন। এর মানে হচ্ছে সরকার এইভাবে তাদের দায়িত্ব এড়িয়ে আগামীদিনে এসব ক্ষেত্রে সরকারের বেসরকারিকরণের দিকে যাওয়া এবং জনকল্যাণমূলক ক্ষেত্রে সরকারের ব্যয় ও দায়িত্ব এড়িয়ে যাওয়া। সেই দিকে এগিয়ে যাবার জন্যই আপনারা পদক্ষেপ নিয়েছেন। এটা অত্যন্ত মারাত্মক পদক্ষেপ। তারপর আপনি হাউসকে এর শর্তগুলি সম্পর্কে অবহিত করেননি। কাজেই সামাজিক দায়বদ্ধতার নামে আসলে আপনি বিশ্ব-ব্যাঙ্কের কাছে আত্মসমর্পণের জন্য জনবিরোধী নীতি নিতে চলেছেন এবং সেটাকে গোপন রাখার জন্য সামাজিক দায়বদ্ধতার নামে একটা বাতাবরণ সৃষ্টি করে মানুষকে বিভ্রান্ত করতে চাইছেন। স্যার, স্বনির্ভরতার প্রশ্নে উনি বলেছেন, যে সরকার একটা বিকল্প আর্থিক নীতি নিয়ে চলেছেন। তিনি বলেছেন, স্বনির্ভরতার উপরই তাদের যাত্রা শুরু। এই স্বনির্ভরতা বলতে তিনি কি বলেছেন? তিনি বলেছেন, একটা দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের মূল প্রয়োজন এবং চাহিদাগুলি পূরণ করতে হবে দেশের অভ্যন্তরে যে বিপুল প্রাকৃতিক সম্পদ, জনসম্পদ, শ্রমশক্তি, মেধাশক্তি তার সর্বাধিক সদ্ব্যবহার করে। তিনি বলেছেন, আভ্যন্তরীণ উৎপাদনের মধ্যে দিয়ে যতটা সম্ভব দেখতে হবে প্রয়োজন বা চাহিদা যাতে পূরণ করা যায়। তিনি বলেছেন এর মাধ্যমে দেশের বা রাজ্যের ৮০ শতাংশ চাহিদা পূরণ করা যায়। এর পর প্রয়োজন হলে বিদেশি পুঁজি, বৈদেশিক বাণিজ্য—সেগুলি নির্বাচিত ক্ষেত্রে জনস্বার্থের দিকে তাকিয়ে করতে হবে। এখন আমার প্রশ্ন, এই যে স্বনির্ভরতার কথা বলেছেন, আপনাদের শিল্পায়নের নীতি, কৃষির নীতি সেগুলি কি এই স্বনির্ভরতার ভিত্তির উপর দাঁড়িয়ে পরিচালনা করছেন? শিল্পায়নের ক্ষেত্রে আমরা দেখছি, আমাদের দেশের শ্রমনির্ভর ট্রাডিশন্যাল ইন্ডাস্ট্রি যেগুলি যেমন চট, বস্ত্রবয়ন, চা, ইঞ্জিনিয়ারিং এইসব শিল্পে আজকে লক্ষ লক্ষ শ্রমিক তারা ছাঁটাই, লে অফ, লক আউটের শিকার। তাহলে আপনারা কি যথার্থই প্রাকৃতিক সম্পদ, জনশক্তি, শ্রমশক্তি, তার বেস্ট ইউটিলাইজেশনের দিকে তাকিয়ে শিল্পায়নের উদ্যোগী হয়েছেন? আপনাদের লেবার ইনটেনসিভ ইন্ডাস্ট্রিগুলির দিকে তাকিয়ে কিভাবে সেগুলিকে চালু করা যায় বা রাখা যায় তারজন্য উদ্যোগ নেওয়ার দরকার ছিল।

রাজ্যে বন্ধ কারখানাগুলির, বন্ধ চটকলগুলির হাজার হাজার শ্রমিক যারা বছরের পর বছর অনাহারে থেকে অবশেষে আত্মহত্যার পথ বেছে নিচ্ছেন সেসব শ্রমিকদের কাজে পুনর্বহাল করবার স্বার্থে শিল্পগুলি চালু করার দিকে আপনারা কি উদ্যোগ নিয়েছেন? আপনারা যে শিল্পায়নের কথা বলছেন সেই শিল্পায়নের মাধ্যমে আজকে রাজ্যে কতটুকু কর্মসংস্থান হবে? কারণ সেগুলো বেশিরভাগ হবে ক্যাপিটাল ইনটেনসিভ এবং সেখানে যা উৎপাদন হবে তার দ্বারা কর্মসংস্থান হবে খুবই নগণ্য। ফলে আপনাদের স্বনির্ভরতার যে নীতি তাতে শিল্পায়ন যা হচ্ছে তাতে রাজ্যের শ্রমশক্তির, জনশক্তির কতটুকু ইউটিলাইজেশন হচ্ছে, কর্মসংস্থানই বা কতটা হচ্ছে? আপনারা করছেন ক্যাপিটাল ইনটেনসিভ ইন্ডাস্ট্রি, কিন্তু সেখানে বলছেন এক রকম, করছেন আর এক রকম। তার ফলে শ্রমশক্তি আনইউটিলাইজড হয়ে থেকে কর্মসংস্থানের অভাবে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে লক অউট, ক্লোজার এবং লে অফ্-এর ফলে। আর আপনাদের যে কৃষিনীতি সেক্ষেত্রে আমি জিজ্ঞাসা করতে চাই, ২০ বছর ধরে ক্ষমতায়

রয়েছেন, কিন্তু রাজ্যে ৫০ ভাগ কৃষি জমি আপনাদেরই কথা—এখনও সেচসেবিত নয় এবং বেশির ভাগ জমি এখনও এক-ফসলা, এটা কেন? এখনও আমাদের চাষবাস প্রকৃতি নির্ভর, অন দি ভ্যাগারিজ অফ মনসুন। আল্লা মেঘ দে পানী দে—অর্থাৎ আল্লা বৃষ্টি দিলে তবে চাষ হবে। অথচ বিজ্ঞানের অগ্রগতির যুগে জমিকে সেচসেবিত করে মাল্টি-ক্রপের জমিতে রূপান্তরিত করে প্রাকৃতিক সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে স্বনির্ভরতার ভিত্তির উপর দাঁড়াতে গেলে যে প্রয়াস নেওয়া দরকার সেদিকে আপনারা এক পাও এগিয়েছেন? কারণ সেচের প্রধান যে শর্ত বিদ্যুৎ, সেটা দেওয়া হচ্ছে না। তার ফলে নলকূপগুলির ৫০ পারসেন্ট আজও বিদ্যুৎ সংযোগ পেল না। অথচ দেখা যাচ্ছে, আপনারা শিল্পপতিদের বিদ্যুৎ সরবরাহ করতে অতি ব্যস্ত। মুখে স্বনির্ভরতার কথা বলছেন, কিন্তু কার্যক্ষেত্রে উল্টো পথে চলছেন। আজকে জিনিসপত্রের যে মূল্যবৃদ্ধি ঘটেছে তারজন্য কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতি, নয়া শিল্পনীতি দায়ী, কিন্তু তার বিরুদ্ধে যথার্থ প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার কোনও উদ্যোগ নিয়েছেন আপনারা? উল্টো আপনাদেরই এক মন্ত্রী আলুর দাম ৫.৫০ টাকা কিলো বেঁধে দিলেন! তার আগে কলিমুদ্দিন সামস মহাশয় আলুর দাম ৪ টাকা কিলো বেঁধে দিয়েছিলেন। আজকে আলুর দামটা কার স্বার্থে বেঁধেছেন? এই প্রসঙ্গে কোল্ড স্টোরেজ মালিকদের স্বার্থ রক্ষা এবং অসাধু ব্যবসায়ীদের সঙ্গে যোগসাজোসের প্রশ্ন উঠে আসছে। অত্যাবশ্যক পণ্য আইন যা রয়েছে তার কতটুকু আজকে রাজ্যে প্রয়োগ করা হয়েছে? আজকে সবকিছু জিনিস ব্ল্যাকে বিক্রি হচ্ছে। দোকানে কেরোসিন এখন ১০-১২ টাকা লিটার দরে বিক্রি হচ্ছে। আজকে বিদ্যুতের দাম বৃদ্ধিতে মানুষ বিপর্যস্ত। ১৯৯৫ সালের জানুয়ারি মাসে বিদ্যুতের দাম একবার বাড়িয়েছিলেন। আবার শুনতে পাচ্ছি, অক্টোবর মাস নাগাদ নাকি বিদ্যুতের দাম আরও ১৪-১৫ পারসেন্ট বেড়ে যাবে। দুধের দাম বাড়াবার কথাও আপনারা বলেছেন। আজকে রাজ্যে স্বাস্থ্যের দিকটা যদি দেখেন, সেখানে একটা ভয়াবহ অবস্থা। রাজ্যের মানুষ বর্তমানে স্বাস্থ্যের ন্যূনতম সুযোগও পাচ্ছেন না। সরকারি হাসপাতালে সাপে কাটার, কুকুরে কামড়ের কোনও ওষুধ পর্যন্ত নেই, এমনই একটা ভয়াবহ অবস্থা সেখানে।

বিদ্যুৎ সঙ্কট আজকে একটা ভয়াবহ অবস্থায় পরিণত হয়েছে, গ্রামাঞ্চলে বিদ্যুতের চরম দূরবস্থা চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কারণে আমি এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00—3-10 P.M.]

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, গত ২১ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন সেই বাজেটকে আমি পূর্ণাঙ্গ সমর্থন করে, বিরোধীরা যে সমস্ত কাট মোশন এনেছেন সেইগুলিকে নসাৎ করে কয়েকটি কথা বলতে চাই। প্রথমে আমি বলব এই বাজেটকে সমর্থন করার পেছনে আমার যুক্তি কী। এই বাজেট তৈরি করা থেকে শুরু করে বাস্তবে রূপায়ণ করার ক্ষেত্রে তৃণমূল থেকে করা পরিকল্পনা এই অর্থমন্ত্রীর বাজেটে আছে। এই বাজেট যখন রচনা করা হয় রাজ্যের তৃণমূলের কথা ভেবে সমস্ত জায়গা থেকে পরিকল্পনা করা হয়েছে। এই বাজেট বাস্তবে রূপদান করার ক্ষেত্রে নির্বাচিত পৌরসভা এবং পঞ্চায়েতের মাধ্যমে সুষ্ঠুভাবে কিভাবে রূপায়ণ করা যায় সেই

*পরিকল্পনা এই বাজেটের মধ্যে আছে। এই ব্যবস্থা বিগত বাজেটগুলিতে ছিল, এবারের বাজেটে সেটা আরও উন্নততর করা হয়েছে। সেইজন্য আমি এই বাজেটকে সমর্থন করি।* ভারতবর্ষের যে আর্থ সামাজিক অবস্থা তার মধ্যে দাঁড়িয়ে, জনগণ যা চায়, জনগণের যে দাবি তা সবটা পূরণ করা যাবে না। আমাদের প্রয়োজন অনেক, আমাদের সঙ্কট অনেক, সেই প্রয়োজন মেটানো বা সঙ্কটের সমাধান করার চেষ্টা করা হচ্ছে। ইচ্ছা থাকলেই সমস্যার সমাধান করা যায় না। কারণ আমাদের আর্থ সামাজিক অবস্থার কথা ভাবতে হবে। আমাদের এই পশ্চিমবঙ্গ যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে একটা অঙ্গ রাজ্য। তার মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্যের পক্ষে তার অর্থনৈতিক উন্নতির, সামগ্রিক উন্নতির চেষ্টা করলেও ভারতবর্ষের যে অর্থনীতি সেই অর্থনীতির প্রভাব পড়তে বাধ্য। সেই কারণে বাজেট তৈরি করার পেছনে, বাজেট পরিপ্রেক্ষিত আলোচনা করার সময় বিগত কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা এবং নীতি এই আলোচনার মধ্যে আনতে হবে। বিগত কেন্দ্রীয় সরকারের যে উদার অর্থনীতি, বিদেশি ঋণ গ্রহণ করার নীতি চালু করেছেন তাতে করে কোনও দেশ বা কোনও রাজ্য স্বাধীনভাবে বাজেট রচনা করতে পারবে না। স্বাধীনভাবে বাজেট করে সেই কাজকে সুষ্ঠুভাবে সমাধান করতে পারবে না। তার কারণ তার প্রভাব পড়তে বাধ্য। আমরা দেখতে পাচ্ছি বিগত কেন্দ্রীয় সরকার, সেই সরকারের সময় শুধু মাত্র ১৯৯৫ সালের কথা ধরি তাহলে আমরা দেখবো, ১৯৯৫-৯৬ সালে ১৫ লক্ষ ১৮২ হাজার কোটি টাকা আমাদের দেশ বিদেশি ঋণ নিয়েছে। বিগত বছরে ১০ লক্ষ ৮৭০ হাজার কোটি টাকা আমাদের দেশ বিদেশি ঋণ গ্রহণ করেছে। ঋণ গ্রহণের পর—উন্নয়নের কাজ হবে কি করে—১১,২৮২ হাজার কোটি টাকা ফেরত দিতে হচ্ছে বিদেশকে। এই সমস্ত ঋণের ভার গোটা দেশের উপর পড়ছে এবং সেটা পশ্চিমবাংলার মানুষকেও বহন করতে হচ্ছে। এই রকম একটা অবস্থা আমাদের সামনে আছে।

তারপর উপরে দাঁড়িয়ে অর্থমন্ত্রী যে বাজেটের কথা এখানে ঘোষণা করেছেন এটা সদিচ্ছা ছাড়া, জনকল্যাণকর কর্মসূচি নেব এই ইচ্ছা ছাড়া জনগণের উন্নয়ন ঘটাব, এটা হয় না। সেই কারণে এই বাজেটে আমরা কি দেখছি? গোটা ভারতবর্ষে কিভাবে মূল্যবৃদ্ধি হচ্ছে, সেই বিষয়টি আমাদের আলোচনার মধ্যে আনতে হবে। বাজেট রচনাকালে যখন ভারতবর্ষে মূল্যবৃদ্ধির পরিমাণ ১০.২ শতাংশ—বিরোধীরা অনেক কথা বলেন, বাজেট বিতর্কে তাঁরা যখন ছিলেন তখন অনেক চিৎকার করেছিলেন এবং বলেছিলেন যে এই বাজেটে কোনও সাফল্য নেই—তখন এই কলকাতায় দেখলাম মূল্যবৃদ্ধি হয়েছে ৯.৫ শতাংশ। এর থেকেই বোঝা যাচ্ছে, তুলনামূলক বিচারে পশ্চিমবাংলা এখনও দৃষ্টান্ত হয়ে আছে। আমরা যদি বিগত সরকারের পাঁচ বছরের কার্যাবলী দেখি, গ্যাট চুক্তি এবং উদারনীতির ফলে ভারতবর্ষের মানুষ হাড়ে হাড়ে উপলব্ধি করেছেন। তাঁদের সেই শিক্ষা বিগত সরকারের উপরে আরোপ করেছেন। সেই কারণেই আজকে তাঁরা কেন্দ্রে সরকার গড়তে পারেননি। অবস্থাটা কি তা আমরা জানি। *এই যে বিকল্প নীতির কথা বিগত ৫ বছর ধরে বামপন্থীরা বারেবারে তুলে এসেছে, যে* নীতির কথা নিয়ে ভারতবর্ষব্যাপী আন্দোলন করেছেন এবং দাবির কথা উত্থাপন করে এসেছেন, তারই একটা ছবি এই বাজেটের মধ্যে তুলে ধরার চেষ্টা হয়েছে। আমরা লক্ষ্য করছি, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তৈরি হবার পর থেকে একটা বিকল্প ব্যবস্থা এখানে চালু

করার চেষ্টা হয়েছে। গোটা দেশব্যাপী যখন অশান্তির পরিবেশ, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় একটা বিকল্প ব্যবস্থা, একটা বিকল্প নীতি, যেটি আমরা শুরু করেছি, এই সরকার শুরু করেছে—অন্তত ভূমি সংস্কারের মধ্যে দিয়ে প্রথম থেকেই শুরু করেছি—তার সুফল পশ্চিমবাংলার মানুষ আজকে পাচ্ছে। সমস্যা এখনও আমাদের অনেক আছে, এখনও সঙ্কট আছে, সমস্যার সমাধান একশো ভাগ হয়েছে তা বলতে পারব না। ভূমিতে এখনও সমস্যা আছে। কিন্তু এটি ঠিক, ভূমি সংস্কার প্রথম থেকে শুরু করার ফলে পশ্চিমবাংলার ২৩.১১ লক্ষ কৃষক উপকৃত হয়েছে। এই বিকল্প নীতি যদি গ্রহণ না করা যেত এবং এই সরকার যদি গ্রহণ না করতেন, তাহলে এত সংখ্যক কৃষককে আমরা উপকৃত করতে পারতাম না। এই উপকৃত কৃষকদের মধ্যে সব শ্রেণীর কৃষক আছে—গরিব কৃষক, শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস, সব শ্রেণীর কৃষকরাই উপকৃত হয়েছে। সঠিক নীতি গ্রহণ করলে এবং তৃণমূল থেকে নীতি রচনা করলে এবং বাস্তবায়িত করার জন্য তৃণমূলকে যদি ব্যবহার করা যায়, তাহলে উৎপাদন বৃদ্ধি পায়, এটা প্রমাণিত সত্য। একটু আগে শুনলাম যে, এখানে উৎপাদন বৃদ্ধি হয়নি। সমস্তই নাকি এমনি এমনি হয়েছে। সমস্ত প্রযুক্তি এমনিতেই হয়েছে। তারজন্য পরিকল্পনার দরকার হয় না। এমনিতেই যদি হয় তাহলে ভারতবর্ষের অন্য রাজ্যে কেন পশ্চিমবাংলার মতো উৎপাদন বৃদ্ধি হয় না? বিরোধীপক্ষের সদস্যরা এখানে বলেছেন যে, আমাদের রাজ্যের উন্নতির সাফল্য ওঁরা খুঁজে দেখতে পাননি। কিন্তু শুধু একটি উদাহরণ দিতে চাই। এখানে কৃষির উৎপাদনে গড় বৃদ্ধি হয়েছে ৫.৯ শতাংশ, আর সেখানে ভারতবর্ষের হার হল ২.৮ শতাংশ। তাহলে এটা কি উন্নতি নয়? এটা কি এমনিতে হল? চাষীরা এমনিতে সচেতন হয়ে গেল? তাহলে অন্য রাজ্যে কেন হল না? সচেতন করার যে প্রচেষ্টা তাতে সরকারের ভূমিকা থাকবে না?

[3-10—3-20 P.M.]

সেই কৃতিত্ব সরকারের প্রাপ্য হবে না? সেই কারণে আমার বক্তব্য হচ্ছে যে, আজকে কৃষিতে উৎপাদন বৃদ্ধির দ্বারা রাজ্য সরকার একটা বিশেষ জায়গায় পৌছতে পেরেছে। পশ্চিমবঙ্গে যখন প্রচণ্ড বন্যা হল সেই বন্যার মধ্যেও তার উৎপাদন লক্ষ্য মাত্রা ঠিক রাখতে পেরেছিল। ১৩৫.৫ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন হয়েছে। এই শস্য উৎপাদনের সর্বকালীন রেকর্ড তা পরিকল্পনা না থাকলে কখনোই সম্ভব হত না। কাজেই বিরোধিতা করার জন্য একটা সমালোচনা করলেই হয় না। আজকে যদি যুক্তি ভিত্তিক বা তথ্য ভিত্তিক আলোচনা করা হয় তাহলে এই উৎপাদনের সাফল্য অস্বীকার করা যাবে না। আজকে রাজ্যের সাফল্য নিয়ে অনেক প্রশ্ন তুলেছেন, আমার জিজ্ঞাস্য যে, রাজ্যের সাফল্যের কথা চিন্তা করতে গেলে আমাদের কাদের কথা ভাবতে হবে, কাদের সুবিধা দেখতে হবে সেটা আগে দেখুন। যদি একটা তথ্য নেওয়া যায় তাহলে দেখা যাবে যে, এখনও দেশে ৬০ ভাগ ক্ষেতমজুর বাস করে, ওই ৬০ শতাংশ ক্ষেত মজুরদের দৈনন্দিন জীবনের কথা, সামাজিক অবস্থানের কথা আমরা যদি আমাদের আলোচনার মধ্যে বা বিবেচনার মধ্যে না আনি, তাদের উপেক্ষা করি তাহলে অন্য কথা কিন্তু যদি ওদের কথা ভাবতে হয় তাহলে এই অবস্থার কথা চিন্তা করে দেখা যাবে যে, গোটা ভারতবর্ষে ক্ষেত মজুরদের গড় মজুরি ১৯ টাকা, সেখানে পশ্চিমবঙ্গে গড় মজুরি ৩০ টাকা। কোথায় বেশি আপনারাই দেখুন। ক্ষেত মজুরদের এই যে উন্নয়ন

এটাকে তো সাফল্য বললেন না। আজকে ৬০ শতাংশ ক্ষেত মজুর যাদের জীবনে সমস্যা অনেক, সেই সমস্যার সব সমাধান করা সম্ভব হয়নি। কিন্তু তবুও তাদের মজুরি তো গোটা দেশের মধ্যে একটা সম্মানের জায়গায় নিয়ে এসেছে। আরও তাদের দরকার আছে, তারজন্য লড়াই, সংগ্রাম করার দরকার। তারজন্য বামপন্থী কৃষক সমাজ লড়বে, ওনারা তো লড়বেন না। আজকে ওনারা দেশের উন্নয়নের প্রশ্ন তুলেছেন, ক্ষেত মজুরদের উন্নয়নের প্রশ্ন তুলেছেন কিন্তু কোথাও কৃষকদের জন্য তো লড়াই করতে দেখিনি। এই যে ক্ষেত মজুরদের উন্নতি, এটা কি রাজ্যের একটা সাফল্য নয়? তারপরে বিদ্যুৎ নিয়ে অনেক প্রশ্ন তুলেছেন। পশ্চিমবঙ্গে নাকি একেবারে বিদ্যুৎ নেই। আমরা জানি এখানে বিদ্যুতের চাহিদা আরও বেশি এবং সেই অনুপাতে আরও বিদ্যুতের উৎপাদন বাড়ানো দরকার। কিন্তু বিদ্যুতের চাহিদা এত হল কেন বলুন তো? আজকে তো যুক্তি দিয়ে মানতে হবে যে, দেশের অগ্রগতি ঘটেছে বলেই বিদ্যুতের চাহিদা বেড়েছে। আজকে যদি দেশে কোনও শিল্প না গড়ে উঠত, কোনও কলকারখানা না থাকত, সেচের যদি কোনও ব্যবস্থা না থাকত তাহলে বিদ্যুতের চাহিদা বাড়ত না। গ্রামের মানুষ যদি তালপাতার কুঁড়ে ঘরে থাকত তাহলে কি আর বিদ্যুতের চাহিদা বাড়ত? তাহলে মানুষ কখনোই বিদ্যুৎ চাইত না। আজকে রাজ্যের অগ্রগতি ঘটেছে বলেই চাহিদা বেড়েছে। আমি তথ্য দিয়ে বলছি ১৯৯৪-৯৫ সালে ৪ হাজার ৫৫৬ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা ছিল, সেটা ১৯৯৫তে ৫ হাজার ৬১০ মেগাওয়াট চাহিদাতে দাঁড়াল। এর থেকেই বোঝা যাচ্ছে যে, চাহিদা বাড়ছে না কমছে? এবং এর থেকেই বোঝা যাবে যে দেশের অগ্রগতি ঘটছে বলেই চাহিদা বাড়ছে। তবুও সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট ভাষণের মধ্যে বলেছেন যে, তিনি ৪০ শতাংশ বর্দ্ধিত হারে বিদ্যুতের জন্য ব্যয় বরাদ্দ করেছেন।

গতবারের চাইতে এবারেও ৪০ শতাংশ বৃদ্ধি ঘটেছে, এটাকে আমরা নিশ্চয় সমর্থন করি, সমর্থন করি এই কারণে তিনি পরিষ্কার ঘোষণা করেছেন, আগামী ৫ বছরের মধ্যে ৯০ শতাংশ গ্রামকে বিদ্যুতায়িত করা হবে। কাজেই যারা সমালোচনা করেছেন, কোনও যুক্তি তথ্য না দিয়ে তাদের এই সমালোচনাকে নিশ্চয় খণ্ডন করতে চাই এবং বলতে চাই আজকে আমাদের অর্থমন্ত্রীর যে ব্যয়বরাদ্দ এখানে রাখা হয়েছে সেটা যুক্তিযুক্ত এবং সেই দৃষ্টিভঙ্গীতেই আমি তাঁকে সমর্থন করছি। পাশাপাশি বলতে চাই, স্বাস্থ্য নিয়ে অনেক হৈচৈ, অনেক আলোচনা এখানে উপস্থাপন হয়েছে এবং স্বাস্থ্য সম্পর্কে অভিযোগও আছে, কিন্তু এই স্বাস্থ্যের বিষয়টা নিয়ে বলতে চাই, ভারতবর্ষের বাইরে পশ্চিমবঙ্গ নয়, সেক্ষেত্রে স্বাস্থ্যের নমুনায় আমরা কি দেখতে পাচ্ছি, স্বাস্থ্য কারুর ভাল, কেউ রোগা, এক্ষেত্রে একটা গড় স্বাস্থ্যের পরিমাপ করা দরকার। আমরা যদি সব চাইতে ছোট জায়গায় যাই, স্পর্শকাতর জায়গায় যাই, আমরা যদি শিশু অবস্থাকে ধরি তাহলে আমরা কি দেখতে পাচ্ছি, ভারতবর্ষে শিশু মৃত্যুর হার কত আর রাজ্যে শিশু মৃত্যুর হার কত। '৮৮ সালে ভারতবর্ষে শিশু মৃত্যুর হার ছিল ৮৪, পশ্চিমবাংলায় ৬৯, '৮৯ সালে ভারতবর্ষে শিশু মৃত্যুর হার ছিল ৯১, পশ্চিমবাংলায় শিশু মৃত্যুর হার ছিল ৭৭। '৯০ সালে ভারতবর্ষে ৮০, পশ্চিমবাংলায় ৬৩, '৯১ সালে ভারতবর্ষে ৮০, পশ্চিমবাংলায় ৭১, '৯২তে ভারতবর্ষে ৭৯ আর পশ্চিমবাংলায় ৬৫, '৯৩ সালে ভারতবর্ষে ৭৪, পশ্চিমবাংলায় ৫৮, '৯৪ সালে ভারতবর্ষে ৭৩, পশ্চিমবাংলায় ৬১, এই হচ্ছে শিশু মৃত্যুর হার ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায়। এতে কি প্রমাণ হয়, যদি স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়ে তাহলে অন্য রাজ্যের

তুলনায় আমাদের শিশু মৃত্যুর হার কম হল কেন? এক্ষেত্রেও তো প্রভাব পড়তে পারত। তাছাড়াও এই অবস্থার কথা, স্বাস্থ্যের কথা বিবেচনা করে আমাদের রাজ্য বাজেটে স্বাস্থ্যের ব্যয় বরাদ্দ বাড়ানো হয়েছে সেই কারণে আমি আজকে এই বাজেটকে সমর্থন করতে চাই। পাশাপাশি সেচের অবস্থা আমাদের পশ্চিমবাংলায় এখন যেটা আছে, তাতে গোটা পশ্চিমবাংলায় সেচ ব্যবস্থাটা ৫০ শতাংশ জমিতে আছে, এই সেচ ব্যবস্থাটা আরও বাড়ানো দরকার। পশ্চিমবাংলায় কৃষির উন্নতি করতে হলে সেচ ব্যবস্থাকে আরও বাড়াতে হবে। সেচ এর অগ্রগতি ঘটেছে প্রায় ৭০ শতাংশ জমিতে সেচ দেওয়ার ব্যবস্থা হয়েছে, আমরা তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাই। এটাকে কার্যকর করতে হবে। প্রশ্ন হচ্ছে, সেচের ব্যবস্থা কংগ্রেস আমলে ছিল, যেটা চালু ছিল সেটা অস্বীকার করা যাবে না, আমরা যারা মাঠে ময়দানে কাজ করি, আমরা দেখেছি, এই যে সেচের ব্যবস্থাগুলি আছে, তার মধ্যে ডিপ-টিউবওয়েল একটা নতুন করে স্থাপন করা আর পুরনোর মেইনটেনান্স করা এর খরচ প্রায় সমান সমান। যে স্কীমগুলি আগে ছিল সেইগুলিকে চালু রাখতে গেলে যে খরচ আর নতুন স্কীম করে করতে গেলে যে খরচ তাতে পুরনো স্কীমকে টিকিয়ে রাখতে গেলে যে খরচ সেটা আরও বেশি কঠিন, এই বিষয়টাকে যদি অস্বীকার করেন তাহলে বলব বিরোধিতার জন্যই বিরোধিতা করছেন। পুরনো সেচ ব্যবস্থাকে টিকিয়ে রাখা এবং নতুন করে সেচ ব্যবস্থা বাড়ানো, এই সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে আরও বেশি বেশি করে জমিকে যুক্ত করার একটা পরিকল্পনা বাজেটের মধ্যে আছে। সেচ ও জলপথের ব্যাপারে বলি, আমাদের পশ্চিমবাংলার সামনে একটা ভয়াবহ বিপদ আছে, রাজ্যের বিভিন্ন জেলায়, বিভিন্ন নদী ভাঙন আছে, সেই ভাঙন এমন অবস্থা তৈরি করছে যাতে আগামী দিনে পশ্চিমবাংলার মানচিত্রটা বদলে দিতে পারে।

[3-20—3-30 P.M.]

আজকে মুর্শিদাবাদ জেলার ফরাক্কার কাছ থেকে জলঙ্গী পর্যন্ত যে অবস্থা চলছে, সেই ভাঙন যদি বন্ধ না করা যায়, তার প্রতিকার যদি না হয় তাহলে ঐ জেলার সঙ্গে সঙ্গে কলকাতাও নষ্ট হবে। আমি শুধু বলতে চাই, ভাঙন রোধের জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছিলেন সেটা আমরা দেখেছি। আমাদের সমস্যা আছে, তবুও গতবারে মুর্শিদাবাদ জেলার জলঙ্গীতে ১১ কোটি টাকার কাজ হয়েছিল এবং গত ১৯৯৪ সেপ্টেম্বর মাসে যখন ঐ জেলায় ভাঙন হয় তখন আমাদের এই বিধানসভা থেকে আমরা একটি সর্বদল কমিটি নিয়ে ১৯৯৫ সালের ২২শে ফেব্রুয়ারি দিল্লিতে গিয়েছিলাম। কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী এবং প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যানের সঙ্গে আমরা আলোচনা করেছিলাম,তখন তিনি বলেছিলেন বরাদ্দ বাড়ানো হবে। তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই ভাঙন দেখতে আসবেন, তারা সেই প্রতিশ্রুতি রাখেননি, সেইজন্য ভারতবর্ষের মানুষও তাদের দেখেননি। কিন্তু সেই লোকগুলোকে আমাদের বাঁচাতে হবে, তাই আমি একটা আবেদন করব, কেন্দ্রে নতুন সরকার হয়েছে, সেই সরকারের কাছে এই ভাঙন প্রতিরোধের জন্য, আমাদের রাজ্যকে রক্ষা করার জন্য, আমাদের সমস্যা তুলে ধরার জন্য একটা সর্বদলীয় কমিটি যাতে দিল্লি গিয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারে সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রাণী সম্পদ এবং মৎস্য চাষের ক্ষেত্রে পশ্চিমবাংলার একটা উল্লেখযোগ্য স্থান আছে। কেন্দ্রে যখন কংগ্রেস সরকার ছিল তারা

এটা স্বীকার করেছে এবং পশ্চিমবাংলার বাইরে থেকে আমাদের রাজ্যকে স্বীকৃতি দিয়েছে। আজকে গ্রামীণ জনগণের কর্মসংস্থানের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে এই বাজেটে। বিরোধী বেঞ্চ থেকে বার বার কন্ট্রাক্ট বেসিসের ব্যাপারে আলোচনা করেছেন এটাতো ভালই হয়েছে, ব্যাঙের ছাতার মতো যে সমস্ত বিভিন্ন প্রতিষ্ঠান গড়ে উঠেছে, এই চুক্তির ব্যাপারটা যদি চালু করা যায় তাহলে এটাকে নিয়ন্ত্রণ করা যাবে। তবে এই ব্যাপারে হয়ত কংগ্রেস বিরোধিতা থাকতে পারে। তবে এতে হাসপাতালগুলো ভাল চলবে। এই যে উন্নয়নমূলক কাজ আজকে হচ্ছে সেটাকে সমর্থন তো করা দরকার। আজকে পরিকল্পনা বরাদ্দ ৪০ শতাংশ বাড়ানো হয়েছে।

স্বাস্থ্যের এই যে ৩০ কোটি টাকার ব্যবস্থাটা রাখা হয়েছে এটা খুব সঠিকভাবেই করা হয়েছে। আমাদের উদ্যোগ সরকারিভাবে নেবেন এবং নিচু স্তর পর্যন্ত লাগাবেন।

**শ্রী হাফিজ আলম সেইরানি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ডঃ অসীম দাসগুপ্ত যে বাজেট প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশনকে বিরোধিতা করে এই হাউসের সামনে দু-চারটি কথা বলছি। আজকে আমাদের বিরোধী পক্ষের সদস্যরা এই হাউসে উপস্থিত নেই কেন তারও একটা কারণ আছে। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের বিরুদ্ধে কথা বলার কোনও মাল-মশলা যদি তাদের কাছে না থাকে সে জন্য তারা একটা ঠুনকো অজুহাত দেখিয়ে এই হাউস থেকে চলে গেছেন। এই হাউস থেকে ওয়াক আউট করেছেন। তো এইভাবে আমাদের অর্থমন্ত্রী যে তাঁর বাজেট এই হাউসে রাখতে পেরেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা কি দেখছি বাম সরকার কেবল নয়া অর্থনীতির, গ্যাট চুক্তিরই সমালোচনা করেননি, এই সমালোচনা করতে গিয়ে আমাদের অর্থমন্ত্রী বার বার পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের মানুষের সামনে বিকল্প অর্থনীতি তুলে ধরেছেন। বিকল্প অর্থনীতির মাধ্যমে ভারতবর্ষের সমস্যার সমাধান সম্ভব, অর্থনৈতিক উন্নতি সম্ভব, তার একটা দিশা নির্দেশ তিনি দিয়েছেন। আমি আপনার মাধ্যমে কতগুলি ব্যাপারে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করতে চাই। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার স্থাপিত হওয়ার পর ক্ষমতার বিকেন্দ্রীকরণের ফলে গ্রামীণ কৃষকের হাতে আজকে অতিরিক্ত টাকা আসছে কিন্তু অতিরিক্ত টাকাটা গ্রামীণ কৃষকেরা আজকে কেবলমাত্র ভোগ্যপণ্য ক্রয় করার ক্ষেত্রে খরচ করে দিচ্ছেন। এই টাকাটা কি আমরা অন্য খাতে খরচ করতে পারি না? এ ব্যাপারে চিন্তাভাবনা করা উচিত। কারণ এই যে বিভিন্ন বাজার সে বাজারটা দখল করে নিচ্ছে বিদেশি কোম্পানি যার ফলে অতিরিক্ত ক্রয় ক্ষমতা অতিরিক্ত অর্থ গ্রামীণ কৃষকের হাতে আসছে সে টাকা উৎপাদনমূলক কাজে যাতে বিনিয়োগ করে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে আরও শক্তিশালী করতে পারি তার জন্য কিছু সুপারিশ আমি আপনার কাছে রাখছি। বড় বড় শিল্প গ্রামে গড়ে তোলা সম্ভব না। কিন্তু আমরা তো মিনি জুট মিল, মিনি রাইস মিল, মিনি সুগার মিল গ্রামাঞ্চলে কো-অপারেটিভের মাধ্যমে গড়ে তুলতে পারি। তাহলে যে অতিরিক্ত অর্থ যেটা গ্রামীণ কৃষকের কাছে জমা হচ্ছে সেটা উৎপাদনশীল কাজে বিনিয়োগ করে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে শক্তিশালী করতে পারি।

[3-30—3-40 P.M.]

তার সঙ্গে সঙ্গে আমি আপনাকে বলতে চাই যে শিক্ষার ক্ষেত্রে আমরা চুক্তির মাধ্যমে শিক্ষকদের রেসপনসিবিলিটির ব্যাপারে সচেতন করতে চাই। কিন্তু আমার, আপনার সামনে প্রশ্ন যাদেরকে এখন পর্যন্ত নানারকম সুযোগসুবিধা দিয়ে, মাইনে বাড়িয়ে, ডি এ টি এ ২-৩ গুন বাড়িয়ে, ভাল পেনসনের ব্যবস্থা করা হয়েছে সেই সমস্ত শিক্ষকদের কোনও দায়িত্ব নেই? তাঁদের কোনও দায়বদ্ধতা থাকবে না? নতুন করে যাঁরা শিক্ষা জগতে প্রবেশ করবেন কেবলমাত্র তাঁদেরই যদি দায়বদ্ধতা থাকে তাহলে সেটা ঠিক নয়। সেজন্য আমি আপনাকে অনুরোধ করব এই চুক্তির মাধ্যমে শিক্ষার যে প্রসারের কথা চিন্তা করছেন সেই কাজটা বাস্তবায়িত করার আগে বিভিন্ন শিক্ষক সংগঠন, অভিভাবক এবং ছাত্র সমাজের সঙ্গে আলোচনা করে এটা কতটা কার্যকর করা যায়, কতটা বাস্তবায়িত করা সম্ভব সেটা বিচার-বিশ্লেষণ করে তবেই পদক্ষেপ নেওয়া উচিত হবে। তার সঙ্গে সঙ্গে আমরা আবার চিকিৎসার ক্ষেত্রে কনট্রাক্ট সিস্টেমে ডাক্তার নিয়োগের কথা বলেছি। কিন্তু আমি বলতে চাই কনট্রাক্ট সিস্টেমের মাধ্যমে ডাক্তারের সমস্যার সমাধান হবে না। আপনি জানেন পশ্চিমবঙ্গের গ্রামগঞ্জ থেকে খুব কম সংখ্যায় ছাত্রছাত্রীরা ডাক্তার বা ইঞ্জিনিয়ার হতে সুযোগ পান। তার মানে গ্রামের ছেলেমেয়েদের মেধা কম, তারা ইনটেলিজেন্ট নয়, তা কিন্তু নয়। শহরে শিক্ষার যে সুযোগ, যে সম্ভাবনা তা গ্রামে নেই। কলকাতা শহরে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান আছে, এবং কলকাতায় যে শিক্ষক আছেন, শিক্ষার যে সুযোগ আছে তা মালদার কোনও পাড়াগাঁয়ের স্কুলে নেই। সুতরাং সমান মেধা সম্পন্ন একটি পাড়াগাঁয়ের ছেলে কলকাতার ছেলের সঙ্গে পারবেন না। সেজন্য শহরের ছেলেমেয়েরা ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং পাশ করার পর যখন তাঁদের গ্রামের হাসপাতালে পাঠানো হয়, তখন তারা যে পরিবেশে তৈরি হয়েছেন সেই পরিবেশ গ্রামে পান না বলে তাঁরা গ্রামেগঞ্জে থাকতে পারেন না। কিন্তু আমরা এমন সুযোগ যদি করতে পারি যাতে গ্রামগঞ্জের ছেলেমেয়েদের থেকে কিছু ডাক্তার, ইঞ্জিনিয়ার তৈরি করে তাদের গ্রামেগঞ্জে পাঠানো হলে তাদের সেখানে থাকতে কোনও অসুবিধা হবে না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, এটা আপনি চিন্তা করবেন। ১৯ বছরের বামফ্রন্ট সরকার অনেক কিছু করেছেন। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা গেছে ইঞ্জিনিয়ারিং কলেজ ও মেডিক্যাল কলেজের সংখ্যা আমরা বাড়াতে পারিনি। শুধু তাই নয়, যে সমস্ত ইঞ্জিনিয়ারিং ও মেডিক্যাল কলেজ আছে সেইসব কলেজে আমরা বেশি সংখ্যায় সিটের ব্যবস্থা করতে পারিনি। বিগত ১০ বছর আগে যে সংখ্যায় এই রাজ্য থেকে ডাক্তার, ইঞ্জিনিয়ার তৈরি হত, এখনও সেই একই সংখ্যায় এই রাজ্য থেকে ডাক্তার, ইঞ্জিনিয়ার তৈরি হয়। সুতরাং অন্যান্য রাজ্যে যে পরিমাণে শিক্ষার প্রসার হয়েছে, সেই তুলনায় পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে। আমরা বেশি মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজ তৈরি করতে পারি কিনা সেটা ভেবে দেখতে হবে। এছাড়া সেচের ব্যাপারটা এবং বন্যার ব্যাপারটাও একসঙ্গে ভাবতে হবে।

সেচ এবং বন্যা নিয়ন্ত্রণকে আলাদা করে ভাবলে চলবে না। আমাদের অনেক বন্ধু ভাঙনের কথা বললেন—গঙ্গায়, ভাগিরথীতে ভাঙন হচ্ছে। কিন্তু আমরা কি সমীক্ষা করে দেখেছি এসব নদীর কত শাখা ছিল? আজ শাখা নদীগুলি মজে যাওয়ার ফলে মূল নদী দিয়ে স্বাভাবিকভাবেই সমস্ত জল প্রবাহিত হচ্ছে এবং এর ফলে ভাঙনেরও সৃষ্টি হচ্ছে। শাখা

*নদীগুলি যদি আমরা পরিষ্কার করে রাখতে পারতাম, তাহলে সেসব দিয়েও কিছু জল* প্রবাহিত হোত এবং ভাঙনও হোত না। এসব আমাদের চিন্তা করতে হবে। শুধু বড় বড় অনেকদিন কাজ চলছে, অনেক টাকা খরচ হচ্ছে, কিন্তু তার সুফল এখনও উত্তরবঙ্গের মানুষ পায়নি, কৃষকরা পায়নি, কবে পাবে জানি না। এর থেকে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের ছোট ছোট নদীগুলি যদি সংস্কার করে মৎস্য চাষ এবং সেচের কাজে ব্যবহার করতে পারতাম, তাহলে অনেক কম খরচে অনেক বেশি সুফল পাওয়া যেত। ল্যান্ড রেকর্ডের ব্যাপারটাও আমাদের দেখতে হবে। আমরা ভূমি সংস্কার করেছি, অতিরিক্ত জমি গরিব মানুষের মধ্যে বিলি করতে পেরেছি, এটা নিশ্চয়ই আমাদের সাফল্য। কিন্তু আজকে ল্যান্ড ডিপার্টমেন্ট যেভাবে পরিচালিত হচ্ছে, আমার মনে হয় হাউসের সব সদস্যই আমার সাথে একমত হবেন যে, জমি রেকর্ড করানোর দীর্ঘমেয়াদী সিস্টেমের জন্য বিরোধ সৃষ্টি হচ্ছে। গ্রামে-গঞ্জে আইন-শৃঙ্খলার ক্ষেত্রে জমির প্রশ্ন আছে, সেখানে ভূমি সংস্কারের ব্যাপার নেই। অনেক ক্ষেত্রে জে এল আর ও কর্মচারিরা জমি নথিভুক্ত করার ক্ষেত্রে নানা দুর্নীতিতে যুক্ত আছে। এর জমি ওর নামে, ওর জমি এর নামে করে দিচ্ছে, একটা জমি দু'জনকে পাট্টা দিচ্ছে, বর্গাদারকে উচ্ছেদ করে জমির মালিককে দিচ্ছে। জমি রেকর্ড করার ক্ষেত্রে এই দুর্নীতি বন্ধ করতে হবে। বিভিন্ন জায়গা থেকে বলা হচ্ছিল রেজিস্ট্রেশন ফি বাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু রেজিস্ট্রেশনের ব্যাপারে আমাদের অর্থমন্ত্রী রেজিস্ট্রেশন ফি ১০ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করেছেন, এই জন্য তাঁকে অভিনন্দন জানাতে হয়। জমির মূল্য নির্ধারনের দায়িত্ব যাদের হাতে আছে, তারা অনেক ক্ষেত্রেই তা কমিয়ে দেয় ইচ্ছাকৃতভাবে, ফলে আমাদের রেভিনিউ কমে যায়। সরকার থেকে অনুসন্ধান চালিয়ে যদি জমির মূল্য নির্ধারণ করে দেওয়া যায়, তাহলে রেভিনিউ বাড়বে। সবচেয়ে মারাত্মক যেটা আমরা দেখতে পাচ্ছি, গ্রামে, গঞ্জে, শহরে চোলাই মদের কুটির শিল্প গড়ে উঠছে। এটাকে যদি বন্ধ না করতে পারি, তাহলে আমাদের সমাজের পিছিয়ে পড়া মানুষ, গরিব মানুষের কল্যাণের কথা যতই বলা হোক না কেন, তা সম্ভব হবে না। তারা চোলাই মদের নেশায় ডুবে যাবে। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব এই বিষয়টির প্রতি দৃষ্টি দেবেন। অবশেষে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-40—3-50 P.M.]

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। ৪০ পারসেন্ট বরাদ্দের সাথে সাথে তিনি যে মাত্র ১৬ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন এবং বিকল্প অর্থনীতির কথা তুলে ধরেছেন তাতে গোটা ভারতবর্ষের মানুষের কাছে এটা একটা দৃষ্টান্ত স্বরূপ। বামফ্রন্ট সরকারের এটাই প্রথম বাজেট নয়, যেটা ভাল হয়েছে। আমরা জানি বামফ্রন্ট সরকার আসার পর থেকেই জনমুখি হওয়ার সাথে সাথে কিছু প্রশ্ন থেকে যাচ্ছে এবং এই হাউসে আসছে, আমরা অ্যাভয়েড করতে পারছি না। আমাদের যেটা ধারণা সেটা হচ্ছে, বাজেট এত ভাল হওয়া সত্ত্বেও প্রতিটি দপ্তরে যে বরাদ্দ করা হচ্ছে সেটা যদি ঠিক ঠিকভাবে সাধারণ মানুষের স্বার্থে ব্যয়িত হয় তাহলে মানুষের এই যে গ্রিভেন্স যেটা হাউসে বহিপ্রকাশ ঘটছে এটা হতে পারত না। যদি আমরা আরেকটু সতর্ক হতে পারতাম অ্যাডমিনিস্ট্রেটিভ ক্ষেত্রে, প্রশাসনিক ক্ষেত্রে আর একটু সক্রিয় হতে পারতাম তাহলে আমার মনে হয়, আমরা মানুষের কাছে

সাফল্য পৌঁছে দিতে পারতাম। সেচ ব্যবস্থা সম্বন্ধে বলতে গিয়ে একজন সদস্য বললেন, আজও নাকি কৃষককে 'আল্লা মেঘ দে পাণী দে'—করে আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়। কিন্তু ঘটনা তা নয়। ৭০ দশকে ৩০ শতাংশ জমি সেচ ব্যবস্থার মধ্যে ছিল আর বর্তমানে তা গিয়ে দাঁড়িয়েছে ৫০ শতাংশ। বর্তমান অর্থমন্ত্রী আশা প্রকাশ করেছেন, তিনি এটাকে ৭০ শতাংশে নিয়ে যাবেন। আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে এই যে সাফল্য এটাকে তো ছোট করে দেখার কথা নয়। কিন্তু সমস্যা হচ্ছে, সেচ ব্যবস্থার ক্ষেত্রে যে অ্যাচিভমেন্ট হওয়া উচিৎ ছিল, যে অগ্রগতি বামফ্রন্ট সরকার করতে পেরেছেন সেটা সমস্ত জনসাধারণের কাছে আমরা সঠিকভাবে পৌঁছে দিতে পারছি না। দিতে পারছি না তার কারণ হচ্ছে, ঐ যে কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য বললেন, ত্রুটির কথা, তার জন্য। একটা ছোট ইরিগেশন সেন্টারে একটা পাঁচ টাকা দামের পার্টস নষ্ট হয়ে গেলেও সেটা পাওয়া যাচ্ছে। বামফ্রন্ট সরকার সেই ব্যবস্থা করেছেন, অফিসে সমস্ত রকম ব্যবস্থা আছে। অর্থাৎ দেখা যাচ্ছে, কর্মচারিদের গাফিলতির জন্য সেই সেচ ব্যবস্থা পড়ে থাকছে। আবার দেখা যাচ্ছে এরকম গাফিলতির জন্যই ট্রান্সফর্মার পুড়ে যাচ্ছে। সেচ ব্যবস্থার ক্ষেত্রে এই ত্রুটি আমরা লক্ষ্য করছি। সুতরাং প্রশাসনের দিক থেকে এটা লক্ষ্য করা দরকার।

স্যার, একটু আগে প্রশ্ন এখানে এসেছে, ভাঙনের ব্যাপারে। আমাদের একজন মাননীয় সদস্য ইউনুস সরকার মহাশয় বলেছেন—গঙ্গা-পদ্মার ভাঙন, বিভিন্ন নদ-নদীর ভাঙন হচ্ছে এবং মাননীয় অর্থমন্ত্রী সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে যে বরাদ্দ করেছেন সেটা বেশি এবং প্রশংসনীয়। কিন্তু আমরা জানি, একটা রাজ্যে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে, তার ব্যয়-বরাদ্দের মধ্যে দিয়ে এটা করা সম্ভব নয়। এক্ষেত্রে কেন্দ্রীয় সাহায্যও দরকার। তাই বিষয়টা কেন্দ্রীয় সরকারের কাছে নিয়ে যাওয়া উচিৎ।

স্বাস্থ্যের ক্ষেত্রে প্রতিদিন এখানে কথা হচ্ছে। অনেক সদস্যই এখানে এসম্বন্ধে বলেছেন। কিন্তু আমি মনে করি, স্বাস্থ্যের পরিকাঠামো আমাদের পশ্চিমবাংলার বুকে যা আছে সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে তার তুলনা হয় না। আমাদের প্রতিরোধক ব্যবস্থা যেটা আছে, প্রতিষেধক ব্যবস্থা যেটা আছে—সেটা সব থেকে বেশি ব্যবস্থা। সমস্ত ডেভেলপমেন্ট কান্ট্রি এই জিনিসের উপর বেশি গুরুত্ব দেয়। আমাদের পশ্চিমবঙ্গে যেটা আছে তাতে ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে অনেক ভাল অবস্থায়ই আছে। আর সেই জন্যই এখানে শিশু-মৃত্যুর হার কমে গেছে, পরিবার-পরিকল্পনার ক্ষেত্রে সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে, গর্ভবতী অবস্থায় মা বা শিশু কম মারা যাচ্ছে। এই সচেতনতা বৃদ্ধি করাটা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের ক্ষেত্রে খুব কম সাফল্য নয়।

যে হাসপাতালগুলি আছে সেগুলিকে যদি সুষ্ঠুভাবে ব্যবহার করা হয় তাহলে এটাকে খুব খারাপ তা বলা যাবে না। এখানে প্রতিদিনই সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের সদস্যরা বলছেন। আমি বলতে চাই বিষয়টাকে একটু ভাল করে চিন্তা-ভাবনা করার দরকার আছে। একটা হাসপাতালে সমস্ত রকমের ব্যবস্থা থাকা সত্ত্বেও রোগীরা যখন ডাক্তারদের কাছে চিকিৎসার জন্য যান, তখন তাঁরা রোগীদের নার্সিং হোমে যেতে বলেন। আমি দেখেছি আমাদের সাব-ডিভিশন্যাল টাউনে অপারেশনের ব্যবস্থা আছে কিন্তু রোগীরা যখন অপারেশনের

জন্য হাসপাতালে যান, সেখানে ডাক্তারবাবুরা তাদের নার্সিং-হোমে যেতে পরামর্শ দেন। এর ফলেই সাধারণ মানুষের মনে বিক্ষোভের সৃষ্টি হচ্ছে। আমি দেখেছি যে চিকিৎসা লালবাগ সাব ডিভিসন হাসপাতাল হতে চিকিৎসার ব্যবস্থা আছে, তাঁরা তখন রোগীদের কলকাতার পি জি হাসপাতাল কিংবা নীলরতন সরকার হাসপাতালে রেফার করেন, এইভাবে সাধারণ মানুষ চিকিৎসা ব্যবস্থা পাচ্ছে না। অথচ হাসপাতালে সমস্ত রকমের সুযোগ-সুবিধা এবং পরিকাঠামো রয়েছে। গ্রামবাংলা থেকে শত শত হাজার হাজার মানুষ প্রতিদিন কলকাতায় আসছেন, তারা এখানে সিট পাচ্ছেন না, ফুটপাতে, স্টেশনে পড়ে থাকছেন। আমার মনে হয় বিষয়টাকে গুরুত্ব দিয়ে আমাদের দেখা দরকার। গ্রমীণ হাসপাতালে ডাক্তাররা যাবেন না। এখানে কন্ট্রাক্ট সিস্টেমে ডাক্তার নিয়োগের কথা বলা হয়েছে। গ্রামে কোনও ডাক্তার যেতে চাইছেন না, তাই সেখানে হাসপাতালগুলি অচল হয়ে পড়ে আছে। পলিটেকনিক কলেজে, ইঞ্জিনিয়ারিং কলেজে আসন সংখ্যা বাঁড়ানো হয়েছে, আমি বলব মেডিকেল কলেজের আসন সংখ্যা বাড়ানো হোক একটা সর্ট মেডিকেল কোর্স পড়াবার ব্যবস্থা করা হোক, যেটা আগে ছিল এল এম এফ কোর্স। গ্রামের মানুষরা এখন ক্লাস এইট পাশ ডাক্তারদের হাতে পড়েছে, তাই আমি বলব সেখানে যদি সর্ট কোর্স পাশ করা ডাক্তারদের পাঠানো হয় তাহলে অনেক ভাল হবে। শিক্ষা ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। গুণগত এবং পরিমাণ গত অনেক উন্নতি হয়েছে। এর সঙ্গে সঙ্গে বামফ্রন্টের ১৯ বছরের শাসনে অনেক চাহিদাও বেড়েছে এবং তার ফলে সমস্যার সৃষ্টি হয়েছে। শিক্ষা ক্ষেত্রে যে সমস্যা বা সঙ্কটের সৃষ্টি হয়েছে সেটা শিক্ষা ক্ষেত্রে একটা গৌরবের ব্যাপার। এটা পশ্চিমবঙ্গের মানুষের কাছে গর্বের ব্যাপার যে আজকে শিক্ষায়তনে মানুষ যেতে চাইছে। ক্ষেত-মজুরের ছেলে স্কুলে যাচ্ছে। অনেক বেশি সংখ্যক মানুষ এখন স্কুলে যেতে চাইছে, ফলে সমস্যা হচ্ছে বেশিরভাগ স্কুলে জায়গা হচ্ছে না। আপনি যে কন্ট্রাক্ট সিস্টেম আনতে চাইছেন সেটা আমি ভেবে দেখতে বলব। এমনও দেখা যাচ্ছে যে স্কুল আছে কিন্তু টিচার নেই, এই পরিকাঠামোর উন্নতি করা দরকার বলে আমি মনে করি। একটা প্রাইমারি স্কুলে ৩০০ জন ছাত্র আর সেখানে মাত্র ৩ জন শিক্ষক আছেন, এই ৩ জন শিক্ষকের পক্ষে এইসব ছাত্রদের পড়ানো সম্ভব নয়। আপনি এখানে শিক্ষকদের দায়বদ্ধতার কথা বলেছেন, কিন্তু আমি মনে করি শিক্ষকরা আগের থেকে অনেক বেশি দায়িত্ব নিয়ে এখন কাজ করছেন। এই বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4-00 P.M.]

**শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী গত ২১শে জুন, '৯৬ তারিখে এই সভায় ১২,৪১৪ কোটি ৮০ লক্ষ টাকার যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। বাজেট প্রস্তাবের ওপর আজকে তৃতীয় দিনের আলোচনার অবতারণা করেছেন মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয়। তাঁর বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি বলতে বাধ্য হচ্ছি যে, গত পাঁচ বছর ধরে বিগত কেন্দ্রীয় সরকার যে নয়া আর্থিক নীতি সারা দেশের ওপর চাপিয়ে দিয়ে গেছেন, তার ফলে গোটা দেশে আজকে একটা চরম অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে। বিদেশি ঋণের এবং গ্যাট চুক্তির মারাত্মক শর্তগুলো মেনে নিয়ে তাঁরা দেশের বৃহত্তম অংশের মানুষের সর্বনাশ করে গেছেন। আমাদের দেশের বিভিন্ন বিদেশি পণ্য প্রবেশের দরজা তাঁরা খুলে দিয়েছেন। এর ফলে দেশিয় শিল্প-

পণ্য আজকে মার খাচ্ছে। দেশিয় শিল্পের বিকাশের রাস্তা রুদ্ধ হয়ে পড়েছে। আজকে আমাদের দেশিয় শিল্পপতিরা বিদেশি শিল্পপতিদের সঙ্গে প্রতিযোগিতায় পেরে উঠছেন না। বিষয়টা শুধু এখানেই থেমে থাকছে না, সারা দেশের দিকে যদি আমারা তাকিয়ে দেখি তাহলে দেখব যে, ভারতবর্ষে শিল্পসামগ্রীর উৎপাদন বৃদ্ধির গড় হার কমে গেছে এবং অত্যাবশ্যক পণ্য সামগ্রীর দাম বৃদ্ধি পেয়েছে। এমন কি অত্যাবশ্যক পণ্য উৎপাদনকারী সরঞ্জামেরও মূল্য বৃদ্ধি ঘটেছে। এই অবস্থায় দেশের সাধারণ মানুষদের অর্থনৈতিক দিক দিয়ে একটা চরম বিপর্যয়ের মধ্যে ঠেলে দেওয়া হয়েছে। এই রকম একটা সঙ্কটজনক পরিস্থিতির মধ্যে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী গোটা দেশে গৃহীত নয়া অর্থনৈতিক নীতি মেনে না নিয়ে একটা নতুন বিকল্প আর্থিক নীতি ঘোষণা করেছেন। এই নীতি হচ্ছে স্বনির্ভরতার দিকে লক্ষ্য রেখে এগিয়ে যাবার নীতি। আমাদের দেশের নিজস্ব প্রাকৃতিক সম্পদ, জনশক্তি, মেধাশক্তিকে কাজে লাগিয়ে রাজ্যের মানুষের চাহিদা পূরণ করার চেষ্টাই হচ্ছে বিকল্প আর্থিক নীতির মূল উদ্দেশ্য। সে উদ্দেশ্য নিয়েই আমাদের রাজ্যের বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছেন। বিগত কংগ্রেস রাজত্বকালে গোটা দেশে কালো টাকার যে পাহাড় জমেছে, সেই কালো টাকা উদ্ধার করতে আমাদের বিগত কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। অথচ তাঁরা প্রতি বছর ঘাটতি বাজেট পেশ করেছেন এবং দেশি বিদেশি ঋণ গ্রহণ করে ঋণের জালে গোটা দেশকে জড়িয়ে দিয়ে গেছেন। তাঁরা যদি মোট কালো টাকার কিছু অংশও উদ্ধার করতে পারতেন তাহলে তাঁদের ঘাটতি বাজেট পেশ করতে হত না, এবং দেশের এই অবস্থা হত না। আমি মনে করি কালো টাকার কিছু অংশ যদি এখনও উদ্ধার করা যায় তাহলে কেন্দ্রীয় সরকারের ঘাটতি পূরণের পক্ষে তা সহায়ক হবে, জিনিস-পত্রের মূল্য কমানোর পক্ষে তা সহায়ক হবে। সেই পরিপ্রেক্ষিতেই এখানে যে বিকল্প অর্থনৈতিক নীতির কথা ঘোষণা করা হয়েছে তাতে স্বনির্ভরতার লক্ষ্যের দিকে সব চেয়ে গুরুত্ব দেওয়া হয়েছে। খুব স্বাভাবিকভাবে এখানে কৃষি ভিত্তিক শিল্প গড়ে তোলার কথা বলা হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে ছোট এবং মাঝারি শিল্পের প্রতি গুরুত্ব আরোপ করা হচ্ছে। দেশের মধ্যে যে পুঁজি আছে তার সাহায্যে স্থানীয় সম্পাদককে কাজে লাগিয়ে, শ্রম শক্তিকে কাজে লাগিয়ে উৎপাদন বৃদ্ধির মধ্যে দিয়ে আমরা রাজ্যের মানুষদের আর্থিক দিক দিয়ে এগিয়ে নিয়ে যেতে চাই। এই উদ্দেশ্য নিয়েই আমাদের মাননীয় অর্থমন্ত্রী তথা বামফ্রন্ট সরকার বিগত কেন্দ্রীয় সরকারের গৃহীত নয়া আর্থিক নীতি এবং শিল্পনীতির বিরুদ্ধে দাঁড়িয়ে নতুন বিকল্প আর্থিক নীতির কথা ঘোষণা করেছেন। সেই নীতিরই প্রতিফলন লক্ষ্য করছি মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা বাজেট প্রস্তাবের মধ্যে। তাই আমি এই প্রস্তাবকে সমর্থন করছি। সমর্থন করে কয়েকটা বিষয় আমি এখানে উল্লেখ করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে, গোটা দেশের অসম বিকাশের মধ্যে থেকেও পশ্চিমবাংলায় শিল্পের প্রসার ঘটছে, ভূমি সংস্কারের মধ্যে দিয়ে, পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামীণ মানুষের অর্থনৈতিক ক্ষমতা বেড়েছে, ক্রয় ক্ষমতা বেড়েছে, যোগাযোগ ব্যবস্থা ভাল হয়েছে, এটা ঠিক।

কিন্তু এখনও দেখা যাচ্ছে অনেক জেলা পিছিয়ে পড়ে আছে। আমি এই প্রসঙ্গে দক্ষিণ দিনাজপুর জেলার কথা উল্লেখ করব। এই জেলা একদিকে শিল্প-বিহীন এবং অন্যদিকে রেল যোগাযোগ বিহীন। এই জেলায় রেল যোগাযোগের কোনও ব্যবস্থা নেই। কৃষির উপর নির্ভরশীল

হচ্ছে এই জেলা। আগে পশ্চিমদিনাজপুরের সঙ্গে যুক্ত ছিল। কিন্তু জেলা ভাগের পর মহকুমা সদর এবং জেলা সদর বালুরঘাটে থেকে গেছে। বুনিয়াদপুরে হয়েছে নতুন মহকুমা সদর গঙ্গারামপুর নামে। এখানে যে এস ডি ও-কে নিযুক্ত করা হয়েছে তিনি নিধিরাম সর্দার হয়ে বসে আছেন। তার দ্বারা কোনও কাজকর্ম হয় না। বুনিয়াদপুর, কুশমণ্ডী, বংশীহারি, হরিরামপুরের প্রত্যন্ত অঞ্চলগুলি থানাগুলিকে মামলা বলুন, জেলা সদরের কাজকর্ম বলুন সমস্ত ব্যাপারে তাদের যেতে হচ্ছে বালুরঘাটে বা জেলা সদরে। সেইজন্য আমার অনুরোধ অবিলম্বে এই জেলায় মহকুমা সদর স্থাপন করা হোক। কারণ এটা অত্যন্ত প্রত্যন্ত জেলা। এই জেলার মানুষের সুবিধার জন্য জেলা ভাগ করা হয়েছে। সুতরাং জেলা ভাগের পরে মানুষকে সুবিধা দেবার জন্য মহকুমা সদর গঠন করা অতি জরুরি। তাই এই ব্যাপারে গুরুত্ব দেবার জন্য আমি অনুরোধ করব। তারপর আপনি সেচের এবং বিদ্যুতের গুরুত্বের কথা বলেছেন। বিদ্যুতের ক্ষেত্রে কিছুটা ভারসাম্য আসলেও অনেক ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগের অভাবে সেচের কাজ ব্যাহত হচ্ছে। যে সমস্ত ডিপ টিউবওয়েলগুলি রয়েছে সেগুলি বিদ্যুৎ সংযোগের অভাবে চালানো যাচ্ছে না। নদী সিলটেড হয়ে গেছে। তুলাই, ট্যাঙ্গন, মুনর্ভবা, আত্রাই এই ৪টি নদীর জল প্রতি বছর এই জেলাকে বন্যা কবলিত করে। এর ফলে কৃষিভিত্তিক জেলার মানুষগুলি খুবই অসুবিধার মধ্যে পড়ে। একে এই জেলা সীমান্ত জেলা। এখানকার জিনিসপত্র বাংলাদেশে চলে যায় এবং তার উপর বি এস এফের তাণ্ডব তো আছেই। নদীগুলি সিলটেড হয়ে যাবার ফলে নদী এলাকায় যে সমস্ত রিভার পাম্প আছে সেগুলি সমস্তই অকেজো হয়ে গেছে। নদীর জল না থাকার ফলে কমান্ড এরিয়াতে জল দেবার জন্য মেশিনগুলিকে চালু রাখা যায় না। এর ফলে ফসলের উৎপাদন ব্যাহত হচ্ছে। এই জেলার উন্নয়ন করার ক্ষেত্রে বালুরঘাট-একলাখী রেললাইন কোরামিন দিয়ে রেখে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলায় একটাও জেলা নেই যেখানে রেললাইন নেই। সেইজন্য আমি অনুরোধ করব, এই জেলায় শিল্পের বিকাশ শুরু করা হোক। পশ্চিমবাংলায় এমন কোনও ব্লক নেই যেখানে একটিমাত্র হাইস্কুল নেই, গার্লস হাইস্কুল নেই। রাধিকাপুর গ্রাম আন্তর্জাতিক বাণিজ্যকেন্দ্র। এটি নাম করা ঐতিহাসিক জায়গা। অথচ সেখানে কোনও হাইস্কুল নেই। সবচেয়ে বেশি পিছিয়ে পড়া এবং সীমান্ত এলাকার এই জেলার ছাত্রছাত্রীদের একমাত্র মিটার গেজ রেললাইনই হচ্ছে যোগাযোগের মাধ্যম। এখানে সড়ক পথের যোগাযোগের ব্যবস্থা নেই। পশ্চিমবাংলায় আজকে সেচের অগ্রগতি হয়েছে, বিদ্যুতের ক্ষেত্রে কিছুটা অগ্রগতি হলেও এইরকম প্রত্যন্ত এবং পিছিয়ে পড়া, এক ফসলের উপর নির্ভরশীল জেলার উন্নয়নের স্বার্থে সবচেয়ে বেশি গুরুত্ব দেবার জন্য আমি অনুরোধ করব অন্যান্য জেলার সাথে সমতা আনার জন্য এবং এই জেলায় শিল্প স্থাপন করার জন্যও অনুরোধ জানাব। বাজেটে বলা হয়েছে, পলিটেকনিক, বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা ব্লকে ব্লকে চালু করা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর জোর দেওয়ার কথা বলা হয়েছে। আমি লক্ষ্য করেছি, বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন নিগমের চেয়ারম্যান জেলা পরিষদের সভাধিপতিকে করা হয়েছে। কিন্তু উনি ৬৩টি কমিটির চেয়ারম্যান। নর্থ বেঙ্গল ডেভেলপমেন্টের জন্য যে ফাণ্ড আছে, সেই ফান্ডের টাকা দিয়ে নর্থবেঙ্গলের উন্নয়ন করা হয়। কিন্তু পার্টিকুলারলি প্রতি বছর কত টাকা [illegible] হয় সেটা আমরা জানি না। তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন নিগমের জন্য যে অর্থ বরাদ্দ হয় সেই অর্থ অনেক ক্ষেত্রে অন্যত্র খরচ করা হচ্ছে। ফলে শিডিউল কাস্টস এবং আদিবাসী এলাকার

উন্নয়নের জন্য টাকা বরাদ্দ হলেও সেখানে তাদেরকে বঞ্চিত করা হচ্ছে। সেইজন্য সঙ্গত কারণেই দাবি উঠেছে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করার। যেমন, ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে, যেমন, সুন্দরবন এলাকার মানুষের উন্নয়নের জন্য সুন্দরবন উন্নয়ন পর্ষদ তৈরি হয়েছে।

[4-00—4-10 P.M.]

উত্তরবঙ্গের ক্ষেত্রে উত্তর বঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করার জন্য আবেদন করব। উত্তরবঙ্গের পিছিয়ে পড়া জেলাগুলোতে এখানে ফুড প্রসেসিং সেন্টার যেগুলো আছে ওখানে আনারসের প্রচুর চাষ হয়, সেই সেন্টারগুলোকে আধুনিকীকরণ করার জন্য আরও বেশি টাকা বরাদ্দ করা দরকার। আধুনিক প্রযুক্তি দিয়ে যদি আধুনিকীকরণ করা হয় তাহলে সুফল পাওয়া যাবে। এইরকমভাবে আরও অন্যান্য শিল্প, যে শিল্প ঐ সব এলাকার উপযোগী, সেইরকম শিল্প স্থাপন করার জন্য আবেদন করব। সুতরাং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করার যে দাবি উঠেছে, সেটা আশা করি গ্রহণ করবেন। উত্তরবঙ্গের এই জেলাগুলোতে সেচের ক্ষেত্রে ভীষণ অসুবিধা হচ্ছে, কারণ নদীগুলো সব বুজে গেছে। তার ফলে আর. এল. আই.গুলো অকেজো হয়ে পড়েছে। ডিপ টিউবওয়েলগুলো কোনও কোনও ক্ষেত্রে বিদ্যুতের সংযোগ না থাকার জন্য অকোজো হয়ে রয়েছে। নদীগুলো বুজে যাওয়ার ফলে রিভার পাম্পগুলো কাজে লাগানো যাচ্ছে না। বর্তমানে কেন্দ্রে যুক্ত ফ্রন্ট সরকার আছে, প্রধানমন্ত্রী দেবগৌড়ার সঙ্গে কথা বলে এইসব নদীগুলোর খননের কাজ শুরু করা দরকার, কারণ এই নদীগুলো আমাদের দেশের বাইরে থেকে আসছে, এই সম্পর্কে আন্তর্জাতিক ক্ষেত্রে আলোচনা করা দরকার। এই নদীগুলো খনন করার মধ্যে দিয়ে আর. এল. আই. স্কীমগুলো বাঁচিয়ে রাখার ব্যবস্থা করুন। এইসব নদীগুলোর সংস্কার না হলে একদিকে যেমন বন্যা নিয়ন্ত্রণ করা যাবে না, অন্যদিকে আর. এল. আই. স্কীমগুলো অকেজো হয়ে থাকবে, সেচের কাজ হবে না। বিদ্যুতের ব্যাপারে বলি, প্রাকৃতিক দুর্যোগের ফলে উত্তরবঙ্গের জেলাগুলোতে ট্রান্সফরমার পুড়ে গেছে, সেই ট্রান্সফরমারগুলো পাল্টানো হচ্ছে না, তার ফলে বিদ্যুতের অভাবে বিভিন্ন রিভার লিফ্‌ট বন্ধ হয়ে গেছে। আজকে দশ বছর হল কতকগুলো ডিপ টিউবওয়েল তৈরি হয়ে পড়ে রয়েছে, আমরা বারে বারে বলেছি, কিন্তু কোনও সুরাহা হচ্ছে না। বিষয়গুলো নিয়ে টানা পোড়েন চলছে। এইগুলো নিরসন করা দরকার। এখানে বাজেটে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন তৃণমূল থেকে পরিকল্পনাগুলো গ্রহণ করা হবে। কিন্তু এই পরিকল্পনা গ্রহণ করার ক্ষেত্রে ব্লক প্ল্যান এবং ডিস্ট্রিক্ট প্ল্যান করার জন্য যে কমিটিগুলো রয়েছেন, সেই কমিটির মিটিং-এ যে পরিকল্পনাগুলো গ্রহণ করা হয়, সেই কমিটির মিটিং-এ আমাদের ডাকা হয় না। আমরা ওখানকার নির্বাচিত প্রতিনিধি হওয়া সত্ত্বেও, পরিকল্পনা গ্রহণ করার স্বার্থে নির্বাচিত প্রতিনিধিরা কেন জানতে পারবে না? আমি অনুরোধ করব জেলা উন্নয়ন পরিকল্পনা কমিটিতে এম. এল. এ.দের যুক্ত করুন। আর একটা বিষয়, ভেস্টেড জমি বিলি বন্টনের ক্ষেত্রে বিভিন্ন রাজনৈতিক দলের যে কৃষক সংগঠনগুলো আছে, এল. আর. কমিটি গঠন করার ক্ষেত্রে কৃষক সংগঠনে তারা আসে না। যাতে সমস্ত কৃষক সংগঠন ওখানে প্রতিনিধিত্ব করতে পারে, সেই ব্যবস্থা করুন। এখানে বাজেটে উল্লেখ করা হয়েছে ল্যান্ড ট্রাইবুন্যাল কমিশন করবেন, যাতে অবিলম্বে জমি সংক্রান্ত প্রচুর মামলা আদালতে আটকে আছে, অসাধু জমির মালিকরা কুকুর, গরুর নামে বেনামে

লক্ষ লক্ষ বিঘা জমি লুকিয়ে রেখেছে এবং কোর্ট থেকে ইনজাংশন নিয়ে, মামলা করে জমি ভোগ করছে। সেই মামলার নিষ্পত্তি করে কৃষকদের হাতে সেই জমি যাতে বিলি বন্টন হয়, সেই ব্যবস্থা করবেন। তাই এই জনমুখী বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরিটি বাগদি :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই সভায় ১৯৯৬-৯৭ সালের যে বাজেট পেশ করেছেন তা সত্যিকারের জনমুখী বাজেট এবং এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। বাজেটে আমরা দেখেছি যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ক্ষেতমজুরদের জন্য বিভিন্ন রকম উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছেন এটা সত্যিই খুবই আনন্দের কথা। সমাজের সবচেয়ে পিছিয়ে পড়া মানুষ এই ক্ষেতমজুররা অবহেলিত। কাজেই তাদের উন্নয়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন বলে তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। স্যার, আপনি জানেন, ক্ষেতমজুরদের জন্য বামফ্রন্ট সরকার মিনিমাম ওয়েজ ঘোষণা করেছেন। এই মিনিমাম ওয়েজটির ব্যাপার দেখাশুনা করার জন্য প্রতিটি ব্লকে একজন করে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর আছেন। কিন্তু সেই মিনিমাম ওয়েজ ইন্সপেক্টাররা অধিকাংশই গ্রামে যান না। এর ফলে ক্ষেত-মজুররা জানেই না যে বামফ্রন্ট সরকার তাদের জন্য মিনিমাম ওয়েজ ঠিক করে দিয়েছেন। ক্ষেত মজুরদের নিয়ে আন্দোলন করার সময় আমরা অনেক জায়গায় এই মিনিমাম ওয়েজ ইন্সপেক্টরদের নিয়ে যাবার চেষ্টা করেছি কিন্তু তারা গ্রামে যেতে চান না। এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বিষয়টি দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। ক্ষেত মজুররা যাতে জানতে পারে যে বামফ্রন্ট সরকার তাদের জন্য মিনিমাম ওয়েজ ঠিক করেছেন এবং সেটা না দিলে যে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যায় এটা ক্ষেত-মজুরদের জানানোর জন্য এই ইন্সপেক্টারদের গ্রামে যাওয়া দরকার। ক্ষেত-মজুরদের ভর্তুকি দিয়ে দু'মাস চাল দেওয়ার যে ব্যবস্থা আছে সেই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব দু'মাসের জায়গায় তিন মাস যাতে তাদের এইভাবে ভর্তুকি দিয়ে চাল সরবরাহ করা যায় সেটা দেখুন। ক্ষেত-মজুরদের যে লিস্ট আছে সেটাকে নতুন করে রিভাইজড করা দরকার। কারণ অনেক মানুষ হয়ত মারা গিয়েছেন, অনেকের নাম বাদ পড়ে গিয়েছে, বিভিন্ন রকম কারণ রয়েছে কাজেই লিস্টটা রিভাইজড করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। তারপর ক্ষেত-মজুররা বছরের ১২ মাসই যাতে কাজ পায় সেটা দেখা দরকার। জমিগুলিকে সেচের আওতায় আনার জন্য যে সমস্ত সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে তার অনেকগুলি অসম্পূর্ণ রয়ে গিয়েছে বা কাগজে-কলমে রয়ে গিয়েছে। সেগুলি কার্যকর হচ্ছে না। অবিলম্বে সেই সমস্ত সেচ প্রকল্পগুলি কার্যকর করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে বলতে চাই যে কিছু কিছু জায়গায় রিভার লিফ্‌ট ইরিগেশন বা ডিপ টিউবওয়েলগুলি রক্ষণাবেক্ষণের অভাবে অকেজো হয়ে পড়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, অবিলম্বে সেগুলিকে কার্যকর করার ব্যবস্থা করুন। আগামী ৫ বছরের মধ্যে ৯০ শতাংশ গ্রামে বিদ্যুৎ দেবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই প্রসঙ্গে আমি বলব, নিয়ম অনুযায়ী যে ব্যবস্থা আছে তাতে একটা মৌজার ৬/৭টি পাড়ার মধ্যে একটি পাড়াতে বিদ্যুৎ গেলেই বলা হয় যে সেই মৌজা বৈদ্যুতিকরণ হয়ে গিয়েছে। এতে কিন্তু গ্রামে বিক্ষোভের সৃষ্টি হচ্ছে। কারণ যাদের পাড়ায় বিদ্যুৎ যায়নি তারা অভিযোগ করছেন এই বলে যে অমুক জায়গায় বিদ্যুৎ গিয়েছে, আমাদের এখানে না আসার কারণ কি?

এ নিয়ে দপ্তরে বলতে গেলে বলা হয় আমাদের যে ঐ মৌজাটি নিয়ম অনুযায়ী বৈদ্যুতিকরণ হয়ে গিয়েছে। আমি তাই অনুরোধ করব, একটা মৌজায় যখন বিদ্যুৎ দেওয়া হবে তখন তার সবকটি পাড়াতেই যাতে বিদ্যুৎ যায় সে ব্যবস্থা করুন। কিছু কিছু জায়গায় তার চুরি হয়ে গিয়েছে, ট্রান্সফরমার পুড়ে গিয়েছে। বেশ কিছুদিন হয়ে গেলেও সেখানে বিদ্যুৎ নিয়ে যাওয়ার ব্যবস্থা হয়নি। এর জন্য ব্যবস্থা করতে আমি অনুরোধ জানাচ্ছি।

আমি আশা করবো, সেগুলো অবিলম্বে যাতে বহাল হয় সেদিকে দৃষ্টি দেবেন। আপনি জানেন যে, বাঁকুড়া জেলায় কোনও বড় শিল্প নেই। সেখানে কুটিরশিল্প বলতে রয়েছে পোড়ামাটির শিল্প এবং কয়েকটি জায়গায় রয়েছে তাঁতশিল্প। কিন্তু বর্তমানে সেই শিল্পগুলিও মরণের পথে চলে যাচ্ছে। বিষ্ণুপুরের তাঁতীরা বালুচরি শাড়ি তৈরি করছেন এবং সেটা বিদেশে রপ্তানি করে তারা বিদেশের বাজারও দখল করেছেন, কিন্তু সেক্ষেত্রে তারা দালালদের হাত থেকে রেহাই পাচ্ছেন না। তারজন্য সেখানে তাঁতীদের নিয়ে কো-অপারেটিভ করে দিয়ে যাতে ঐ সব শিল্প এবং শিল্পীকে বাঁচানো যায় সেদিকে লক্ষ্য রাখবার জন্য আমি অনুরোধ করছি। এটা করলে সেখানকার তাঁতশিল্পীরা রক্ষা পাবেন এবং সরকারও লাভবান হবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 P.M.]

**শ্রী প্রত্যুশ মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত ২১শে জুন পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পরিকল্পনা পেশ করেছেন তাকে আমি পুরোপুরি সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট মোশনের পুরোপুরি বিরোধিতা করে আমার কিছু বক্তব্য সভার সামনে রাখছি। যারা বাজেটের সমালোচনা করেছেন সেই বিরোধী দল সভাতে নেই, কাজেই তাদের সামনে বক্তব্য রাখবার সুযোগ না থাকায় আমাদের পক্ষের বিধায়ক যারা সভায় রয়েছেন তাদের সামনেই বিরোধীদের বক্তব্য খণ্ডন করতে চাই। আপনি জানেন, আমাদের সরকার যে বাজেট এখানে পেশ করেছেন তার যতই সমালোচনা হোক না কেন, আজকে একথা অস্বীকার করবার উপায় নেই যে, গত বছর বাজেটে যে পরিকল্পনা--বরাদ্দ ছিল তার তুলনায় এ বছরের বাজেটে সেটা ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং এটা একটা খুবই অস্বাভাবিক ঘটনা যা ভারতবর্ষের কোনও রাজ্য সরকারের পরিকল্পনা বাজেটে ইদানিংকালে বা বিগত দিনে কখনও লক্ষ্য করা যায়নি। আমাদের দেশের বিগত কেন্দ্রীয় সরকারের সর্বনাশা যে সমস্ত নীতি তার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে যে প্রতিবন্ধকতা এতদিন ধরে চলছিল, এক কথায় বলা যায়—পশ্চিমবঙ্গকে একঘরে করে রাখা হয়েছিল, এরকম অস্বাভাবিক একটা অর্থনৈতিক প্রতিরোধের মধ্যে দাঁড়িয়ে আমাদের এই সরকারকে মানুষের স্বার্থে এই বাজেটে পেশ করতে হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, আজকে বিরোধীরা আমাদের সমস্ত সাফল্যকে নস্যাৎ করে দেবার চেষ্টা করছেন, যে বিরোধীরা স্বাধীনতার পর ভারতবর্ষকে পুঁজিবাদী অর্থনীতির পথে নিয়ে যাবার জন্য সামন্ততন্ত্রের সঙ্গে সহাবস্থান করেছেন। অবশ্য তারজন্য প্রথম দিকে দেশে শিল্পবিকাশ ঘটলেও পরবর্তীকালে তারা আর শিল্পের বিকাশ ঘটাতে পারেননি, যেহেতু ভারতবর্ষের শাসক শ্রেণী, ঐ কংগ্রেস, পুঁজিবাদের স্বার্থে পুঁজিবাদীদের সঙ্গে গাঁটছড়া বেঁধে দেশের অর্থনীতি নির্ধারণের চেষ্টা করেছেন। তার ফলে আমরা দেখেছি,

*ষাটের দশকের পর থেকে আমাদের দেশের শিল্পোৎপাদনের হার কমতে শুরু করে। প্রথম দিকে আমাদের দেশের যেখানে শিল্পোৎপাদনের হার ছিল ৭.৬ ভাগ সেখানে আমরা দেখলাম, ১৯৬৬ সালের পর সেই হারটা ১.৭ ভাগে নেমে গেল।* তারপর আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন রাজ্যে ভূমি সংস্কার সম্পূর্ণভাবে বাতিল করে দেওয়া হয়েছিল। এমন কি আমাদের দেশের কেন্দ্রীয় সরকার সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ভূমি সংস্কারের কোনও ব্যবস্থা তাঁরা রাখেননি, কোনও কর্মসূচি রাখেননি। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ভূমি সংস্কারকে তাঁরা পুরোপুরি বাতিল করেছিল। অথচ বিরোধী পক্ষরা এখানে গণতান্ত্রিক আন্দোলন, কৃষক আন্দোলন করে গোটা দেশের মানুষের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছে। ক্ষেতমজুর, ভাগচাষী বর্গাদার প্রান্তিক চাষী এবং অনুন্নত শ্রেণীর মানুষদের নিয়ে আন্দোলন করে গোটা দেশের মানুষকে আমরা পথ দেখাবার চেষ্টা করছি। ভূমি সংস্কার আমাদের দেশে হয়নি, কংগ্রেস কোনও দিন করেননি। আমাদের দেশে স্বাধীনতার পর তেভাগা আন্দোলন হয়েছিল, খাদ্য আন্দোলন হয়েছিল, বেনামি জমি খাস করার আন্দোলন হয়েছিল। পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার সমস্ত ভূমি সংস্কারের নেতৃত্ব দিয়েছে। অনেক ঘাম, অশ্রুর বিনিময়ে আজকে পশ্চিমবাংলার কৃষকদের হাতে ৬০ ভাগ জমি কেন্দ্রীভূত হয়েছে। ওঁরা মানুষকে খেতে দেয়নি, মানুষকে মর্যাদা দেয়নি মানুষের প্রকৃত অধিকার দেয়নি। আমরা মানুষের মানবিক আবেদনে সাড়া দিয়েছি, তাদের পাশে এসে দাঁড়িয়েছি। তাই পশ্চিমবাংলার মানুষ বার বার পাঁচবার এই বামফ্রন্ট সরকারকে পুনর্নির্বাচিত করেছে। এই জন্য আজকে এই বাজেট আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকে বিরোধী পক্ষের সদস্যরা কৃষি ক্ষেত্রে উৎপাদনের অগ্রগতিকে এবং কৃষকদের হাতে জমি পৌঁছে দেবার অগ্রগতিকে অস্বীকার করছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশনের গ্রাম উন্নয়ন দপ্তর বারে বারে প্রশংসা না করে পারেনি বামফ্রন্ট সরকারের এই কার্যকলাপকে। আবার ওনাদেরই নেতারা এই বিধানসভায় বলছেন যে সরকার নাকি অসত্য কথা বলছেন, সরকার সঠিক তথ্য পরিবেশন করছে না। আমি তাঁদের বলতে চাই, আপনাদেরও সরকার ছিল, ৫০ বছর ধরে আপনারা ভারতবর্ষের ক্ষমতায় ছিলেন, ওই সময় ভারতবর্ষের মানুষকে আপনারা কি দিয়েছেন? মানুষকে আপনারা নিরন্ন করেছেন। যার ফল স্বরূপ ইতিহাসের অভিশাপে আপনাদের অবস্থান উপলব্ধি করতে পারছেন। গোটা পশ্চিমবাংলায় কৃষিতে যে অগ্রগতি হয়েছে সেটা বলার প্রয়োজন নেই, পরিসংখ্যানের ব্যাপারে যাচ্ছি না। গোটা ভারতবর্ষের কোন রাজ্যে ৫৫ লক্ষ কৃষক পরিবারের মধ্যে ২৫ লক্ষ কৃষক পরিবার জমি সম্পদ পেয়েছে? পশ্চিমবাংলা ছাড়া আর কোথাও এটা দেখাতে পারবেন না। আজকে এখানে বলা হয়েছে বিশেষ করে এস. ই. সি. আই.এর পক্ষ থেকে বলা হয়েছে কৃষি প্রযুক্তি ব্যবহার করে কৃষকরা উৎপাদন বাড়িয়েছে। গোটা পশ্চিমবাংলায় কৃষকদের যে উন্নতিসাধন করা হচ্ছে এটা ওনাদের চোখে পড়ছে না। এটা জানা দরকার যে আজকে শুধু মাত্র ৫ ঘড়ার একটা পাম্প সেট দিয়ে দিলেই, একটা ট্রাক্টার দিয়ে দিলেই কৃষকরা চাষে ব্যবহার করতে পারবে না। তাদের সেই মতো সঙ্গতি থাকা দরকার এবং ক্রয় ক্ষমতা থাকা দরকার। আমি একটা উদাহরণ দিচ্ছি। এই কথা ঠিক যে এখানে কৃষিতে সারের ব্যবহার অনেক গুন বেড়েছে। ওনারা বললেন যে আমাদের এখানে বিশেষ করে একটা সারের ব্যবহার কমে গেছে। স্যার, এই কথা ঠিক যে আমাদের এখানে কৃষকদের ক্রয় ক্ষমতা বাড়লেও ফসফেটের দাম যেভাবে কেন্দ্রীয় সরকার বাড়িয়েছে তাতে নাইট্রোজেন ও পটাশ সার

কিনতে পারলেও, বিগত দিনে ফসফেট কিনতে পারলেও এখন কিনতে পারছে না। তার মানে এই নয় যে, আজকে কৃষকদের ক্রয় ক্ষমতা বিরাট কিছু কমে গেছে। কেন্দ্রীয় সরকার আজকে চাষীদের সাহায্য করছেন না। আজকে ফসফেটের দাম ১৪ গুন বাড়িয়ে দেওয়া হয়েছে। সারের ব্যবহার যে বেড়েছে সেটা আমি স্ট্যাটিসটিকসের মাধ্যমে দেখাচ্ছি। টেবিল নম্বর ৫-এর ৫.১০ দেখুন তাতে বলা হয়েছে যে আমাদের হাই হেল্ডিং কালটিভেশনের ক্ষেত্রে নাইট্রোজেন সারের ব্যবহার বেড়ে গেছে, ৪৭৪.৭৫ মেট্রিক টন ব্যবহার করতে পেরেছে।

[4-20—4-30 P.M.]

সেখানে ১৯৯৪ সালে হয়েছে ৪৫১। যেখানে ১৯৯২ সালে ফসফেট ছিল ২১২ সেখানে ১৯৯৪ সালে তা কমে হয়েছিল ১৭৭.৭। অথচ অন্য দুটি ক্ষেত্রে ক্রয় ক্ষমতা বৃদ্ধির কারণে এবং সেটা সহজ লভ্যতার কারণে এবং দাম কিছুটা কম থাকার কারণে চাষীরা কিনতে সক্ষম হয়েছে—এটা তাঁদের যুক্তি। শুধু তাই নয়, তাঁরা বলেছেন যে, পশ্চিমবঙ্গ সরকার সেচের ব্যবস্থা করেনি। আমি বলব, তাঁরা পরিসংখ্যানকে চ্যালেঞ্জ করছেন। তাঁদের উচিত ছিল পরিসংখ্যানকে পরিষ্কারভাবে পেশ করা। আমাদের একটা আলাদা স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশন আছে। আমার কাছে যে রেলেভ্যান্ট ইনফরমেশন আছে, এর থেকে আমি বলতে পারি যে পশ্চিমবঙ্গ সরকার বিগত দু'তিন বছরে হাই ডিপ টিউবওয়েল ৩,০৬২টি করেছেন। মিডিয়াম ডিপ টিউবওয়েল করেছেন ২,০৩৬টি। লাইট ডিউটি টিউবওয়েল করেছেন ১,২২৫টি। এস.টি.ডব্লু., যেটাকে 'শ্যালো টিউবওয়েল' বলে তা করেছেন ৩,৩৭১টি। আর. এল. আই. করেছেন ৩,১৭২টি। ডাগ ওয়েল করেছেন ৭,১৭০টি। এতগুলো জিনিস সেচের ক্ষেত্রে চাষের জন্য পশ্চিমবঙ্গ সরকার করেছেন। সেচের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের দেওয়া এই গুরুত্বকে তাঁরা অস্বীকার করছেন। পশ্চিমবাংলায় ছোট সেচের মধ্যে পঞ্চায়েত হাজার হাজার মানুষকে নির্বাচন করে, প্রতিটি ক্ষেতমজুর, গরিব কৃষককে সরকারি ক্ষমতার মধ্যে দিয়ে তাদের হাতে দায়িত্বভার অর্পণ করা হয়েছে। ভারতবর্ষে আর কোন রাজ্য আছে যেখানে ক্ষেতমজুররা পঞ্চায়েত পরিচালনা করতে পেরেছে? একটা নজির ওরা দেখাতে পারবেন না। এই নজির যদি ওরা দেখাতে পারতেন, তাহলে যুক্তির সারগ্রাহ্য বোঝা যেত। ওরা যুক্তির ধার ধারছেন না, অন্যদিকে ঘুরিয়ে দিতে চাইছেন। আমি বলব, কৃষি, গ্রামোন্নয়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যে টাকা বরাদ্দ রেখেছেন তা যথার্থভাবেই সঠিক। বরাদ্দ আরও বেশি করতে পারলে আমরা নিশ্চয়ই খুশি হতাম। কিন্তু আমরা জানি, আমাদের সরকারের সীমাবদ্ধতা আছে। কৃষিতে এবং গ্রামোন্নয়নের জন্য বরাদ্দ ৪৮.২১ পারসেন্ট, ২৭৯ কোটি থেকে ৪১৪ কোটিতে নিয়ে গিয়ে সঠিক কাজ হয়েছে। এর মধ্যে সেচের জন্য ৪০.৬৬ পারসেন্ট রাখা হয়েছে। আমরা জানি যে, এটা আরও বাড়াতে পারলে ভাল হোত। অ্যাভেলঅ্যাবেল রিসোর্স মোবিলাইজেশন ইন ওয়েস্ট বেঙ্গল যা আছে, তারমধ্যে যেহেতু বাজেট করতে হয়েছে, তারজন্য এটা রাখা হয়েছে। আমাদের বিরোধী বন্ধুরা এটা ভুলে গেছেন যে কেন্দ্রীয় সরকারের কি চরম প্রতিবন্ধকতা ছিল। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে, আমাদের যে টাকা, বাজেটের ৮২ পারসেন্ট রেভেনিউ মোবিলাইজেশন নিজেদের করতে হবে এবং নিজেদের ব্যয় বরাদ্দ নিজেদেরই করতে হবে, যারমধ্যে ১৯ পারসেন্ট সেন্ট্রাল অ্যাসিস্টেন্ট আমরা পাব। আপনারা জানেন যে, গত দু'বছর ২,২৩৭ কোটি টাকার বাজেট

*আমরা পাশ করেছিলাম। সেখানে ৭২ পারসেন্ট রিসোর্স মোবিলাইজেশন আমাদের সরকারকে করতে হয়েছিল। সেই অর্থ কোথা থেকে এসেছিল? আমাদের নিজস্ব রসদ যোগাড় করে,* স্বল্প সঞ্চয় খাত থেকে এবং অন্যান্য দিক থেকে আমাদের যোগাড় করতে হয়েছিল। যেটা একটা গুরুত্বপূর্ণ ঘটনা, প্রতি মুহূর্তে পশ্চিমবঙ্গের ন্যায়সঙ্গত বরাদ্দকে ওরা কেটে নেওয়ার চেষ্টা করেছে। নবম অর্থ কমিশনে আমাদের প্রাপ্য টাকা দেওয়া হয়নি পরিকল্পনাখাতে। আমাদের কয়লার রয়্যালটি দেওয়া হয়নি। কনসাইনমেন্ট ট্যাক্স আমাদের দেওয়া হয়নি। এই সমস্ত কথা ওরা ভুলে যাচ্ছেন। গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল—দি ইন্ডিপেন্ডেন্ট স্টেট অব ওয়েস্ট বেঙ্গল, ওরা ভাবছেন এটা বোধহয় ভারতবর্ষের সংবিধানের মধ্যে কোনও দেশ নয়। ওরা পশ্চিমবঙ্গে থাকলেও পশ্চিমবঙ্গকে আলাদাভাবে দেখছেন। এইভাবে নৈরাজ্যবাদী, যুক্তিহীন চিন্তা-ভাবনা করা ওদের পক্ষেই সম্ভব। কারণ ভারতবর্ষের মানুষের জন্য ওরা কোনও ব্যবস্থাই করতে পারেননি। এবারে আমি রুগ্ন শিল্প সম্বন্ধে বলব যে, রুগ্ন এবং বন্ধ শিল্পের ব্যাপারে কেউ যদি দায়ী থাকে, তারজন্য কংগ্রেস দায়ী, কেন্দ্রীয় সরকারই দায়ী। কারণ কোনও বড় শিল্প, মাঝারি শিল্পের দায়িত্ব কোনও রাজ্য সরকার কখনই গ্রহণ করতে পারে না। তবুও আমাদের রাজ্যে সেন্ট্রাল লিস্টে যে বিগ্ এবং মিডিয়াম ইন্ডাস্ট্রি ওদের হাতে ন্যস্ত রয়েছে, তারজন্য কোনও রকম টাকা পয়সা আমাদের দেয় না। পশ্চিমবঙ্গে যে রাষ্ট্রায়ত্ত শিল্প কলকারখানা আছে, তারজন্য টাকা বরাদ্দ করা হয়নি। এবং অনেক চেষ্টা করে যে টাকা বরাদ্দ করা হয়েছিল ১৯৯৩-৯৪ সালে, সেই ১৪ হাজার কোটি টাকাও তারা সম্পূর্ণভাবে নস্যাৎ করে দেওয়ার চেষ্টা করেছিলেন। শেষ পর্যন্ত ৭ হাজার ১২০ কোটি টাকা পশ্চিমবঙ্গকে দেওয়া হয়নি। আজকে মাশুল সমীকরণ এবং লাইসেন্সিং প্রথা প্রভৃতির মধ্যে দিয়ে যে বিভিন্ন ধরনের পরিকল্পনার কথা বলা হয়েছে তা তারা বারে বারে পিছিয়ে দেওয়ার চেষ্টা করেছেন। সেই কারণে আজকে বিরোধীদের কথা বলার কোনও যুক্তি আছে বলে আমি মনে করি না। আজকে তাদের কথা সমস্ত অন্তঃসার শূন্য, তাই পশ্চিমবঙ্গের উন্নতিতে তারা অন্ধকার দেখেন, কোনও ভাল কাজ দেখতে পারেন না। সেখানে জোতদার, জমিদার বড়লোকদের উন্নতি আপনারা দেখেন, গরিব লোকদের উন্নতি আপনাদের চোখে পড়ে না। সেই কারণে আজকে বিরোধীপক্ষের যে চরিত্র এবং ভূমিকা তা কোনওভাবেই, কোনও যুক্তিতেই গ্রহণ করা যায় না, তাই আমি খণ্ডন করছি এবং সরকারের তরফ থেকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন সুচিন্তিত কর নীতির কাঠামো তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের ২০ বছরের পদার্পনের শুভ মুহূর্তে মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৬-৯৭ সালের যে বাজেট পেশ করেছেন আমি সর্বান্তকরণে সেই বাজেটকে সমর্থন করছি। এই বাজেট শুধু সমর্থন করাই নয়, এই বাজেট একটা বৈপ্লবিক বাজেট, এই বাজেট পশ্চিমবাংলার অর্থনীতিতে এবং ভারতের বাজারে একটা নজির সৃষ্টি করল। একটা নতুন জাগরণের ক্ষেত্র তৈরি করেছে অর্থাৎ আমি মনে করি এই যে একটা ইকোনমিক রেঁনেসাস যার বিরুদ্ধে আমাদের অর্থনীতি একটা নতুন চেতনা এবং নতুন জাগরণ সংযোজন করতে পেরেছে যে নিজস্ব সম্পদের উপরে দাঁড়িয়ে অথবা নিজস্ব সম্পদের উপরে নির্ভর করে একটা স্বনির্ভর অর্থনীতি রচনার মধ্যে দিয়ে, সেইদিক থেকে

মাননীয় অর্থমন্ত্রী একটা বলিষ্ঠ সার্বিক পদক্ষেপ নিয়েছেন। তাই এই জাগরণ শুধু পশ্চিমবঙ্গের নয়, গোটা ভারতবর্ষের ক্ষেত্রে একটা নজির সৃষ্টি করবে। পশ্চিমবঙ্গের ঐতিহ্য চিরকালই গোটা ভারতবর্ষকে নজির দেখিয়েছে এবং পথ দেখিয়েছে। আমি এই প্রসঙ্গে আগেও স্মরণ করেছি, আবার করছি মহামতী গোখ্‌লের একটি কথা যে, হোয়াট বেঙ্গল থিঙ্ক টুডে, ইন্ডিয়া থিঙ্ক টুমোরো। আজকে সেই ঐতিহ্য আছে বলেই স্বনির্ভর অর্থনীতির উপরে দাঁড়িয়ে যে বাজেট রচনা করা হয়েছে তারজন্য আগামীদিনের ভারতবর্ষের বহু রাজ্য তাকিয়ে রয়েছে এই বাজেট কিভাবে সফল হবে। এটা নিঃসন্দেহে আশা করা যায় যে, অতীতে পশ্চিমবঙ্গে বাজেট যেভাবে সফল হয়েছে এই বাজেটও সেইভাবে সফল হবে। এই যে নতুন পদ্ধতি নিজস্ব সম্পদের উপরে দাঁড়িয়ে নির্ভর করে বাজেট তৈরি করা এটা নিয়ে বিরোধীপক্ষের অনেক আলোচনা করেছেন। তারা ঠিক এটা বুঝতে পারেননি বলেই এই কথাটি বলেছেন যে, ওল্ড ওয়াইন ইন দি নিউ বটল। আমরা নাকি তাদের গড়া সব কিছুর উপরে চালিয়ে যাচ্ছি। আমি ওই কথাটাকেই উল্টে বলছি যে নিউ ওয়াইন ইন দি ওল্ড বটল, অর্থাৎ প্রাচীন অবস্থার উপরে, একটা ক্ষয়িষ্ণু ব্যবস্থা তাকে নতুন করে পাল্টানো হয়েছে, তারমধ্যে একটা নতুন জোয়ার সৃষ্টি করা হয়েছে, একটা গণ জাগরণ, একটা অধিকারবোধের চেতনা সৃষ্টি করা হয়েছে। এর থেকে জনসাধারণ তার মর্যাদার চেতনা উপলব্ধি করতে পারবে। মাননীয় অর্থমন্ত্রীর যে নৈতিক আদর্শ আছে সেটা বিরোধীপক্ষরা দেখতে পাননি, তাই তারা পেশিমিস্টের মতো নৈরাশ্যবাদী এই বাজেট ভাষণকে সমর্থন করলেন না।

[4-30—4-40 P.M.]

তারা সমালোচনা করার জন্য বলেছিলেন বাংলাদেশের এই যে বাজেট, যে খরচ তাকে সঙ্কুচিত করার জন্য বলেছিলেন। তারা বলেছিলেন পি. এফ. এবং স্বল্প সঞ্চয়ে যে অর্থ সংগ্রহ করা হবে, সেই সঞ্চয় থেকে ঋণ নেওয়ার যেন একটা সীমা বেঁধে দেওয়া হয়। তারা বলেছিলেন প্রকৃতপক্ষে আমাদের দেশের জনসাধারণের টাকা সেই পি. এফ.এ থাকবে, তাও আমরা ঠিকমতো নিতে পারব না, এই কথা বলে পরোক্ষভাবে বলতে চেয়েছিলেন, যে ইঙ্গিতটা দিতে চেয়েছিলেন সেটা হচ্ছে প্রধানত চলে যাবে, তার থেকে আমরা ঋণ নিতে পারবো না, অথচ আমরা জনমুখী বাজেটকে সমর্থন করছি, এই ভূমিকাটা আমরা বলতে পারবো না। কংগ্রেসের পঙ্কজ ব্যানার্জি মহাশয় তিনি বলেছিলেন বাজেটকে সমালোচনা করতে গিয়ে, জেলে বিচারাধীন বন্দীর মৃত্যু হয়েছিল বলে হৈচৈ করেছিলেন, তিনি কি ভুলে গিয়েছেন তাদের জামানায় শত শত মানুষকে কারারুদ্ধ করা হয়েছিল। এমন কি জেলের ভেতরে ৯ বার গুলি চালানো হয়েছিল তার তদন্ত করা হয়নি। শত শত মানুষকে কাশীপুর, বরানগরে হত্যা করা হয়েছিল দিন-দুপুরে, নদীর জলে লাশ ফেলে দেওয়া হয়েছিল। তার প্রতিবাদ তো তারা করেননি। এই অবস্থার মধ্যে থেকে আমাদের যে চেতনা, আমাদের যে সচেতনতা এগিয়ে চলেছে সেটা তারা বুঝতে পারলেন না, তার ফলে দুগ্ধ পানের যে বুজরুকি, গণেশের যে বুজরুকি, সেই বুজরুকি বাংলাদেশে বেশি স্থায়ী হয়নি। এই সচেতনতা এনেছে বাংলাদেশের বামফ্রন্ট সরকার। এই বামফ্রন্ট সরকার সমস্ত ক্ষেত্রে একটা নতুন জাগরণ সৃষ্টি করেছে। আজকে শুধু কৃষিতে নয়, স্বল্প সঞ্চয়ে নয়, শুধু খাদ্য উৎপাদনে নয়, স্বাক্ষরতাতে নয়, আমরা সমস্ত ক্ষেত্রেই এমন কি মৎস্য উৎপাদনের ক্ষেত্রেও পুরস্কার পেয়েছি, এই জিনিসগুলি তারা

*ভুলে গিয়েছে। সেইগুলি তারা স্মরণ করতে পারছেন না। শুধু বাংলাদেশের যে অর্থনীতির কালো দিক সেটাই তারা তুলে ধরেছেন। কিন্তু বাংলাদেশের যে উজ্জ্বল দিকগুলি সকলের সামনে সুপ্রতিষ্ঠিত হয়েছে, এমন কি ভারতবর্ষের সরকার স্বীকার করেছে, আন্তর্জাতিক ক্ষেত্রেও* স্বীকার করেছে, আমরা বিভিন্ন জাতীয় পুরস্কার পেয়েছি, সেটা তারা উপলব্ধি করতে পারলেন না। এই ভূমিকার আমরা সমালোচনা করছি। এই বাজেটে যে উন্নতমানের গবেষণালব্ধ বীজ নিয়ে আলোচনা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং নলকূপ ব্যবস্থার মাধ্যমে সেচ ব্যবস্থার যে উন্নীতকরণের কথা বলা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং গণ জাগরণের যে চেতনা আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২১শে জুন রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অসীম দাসগুপ্ত '৯৬-'৯৭ সালের আর্থিক বছরের যে জনস্বার্থবাহী বাজেটে পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। পাশাপাশি কংগ্রেসিদের আনীত যে কাট মোশন তাকে সম্পূর্ণ বিরোধিতা করে গুটি কয়েক কথা বলতে চাই। বিগত দিনগুলিতে দেশের জাতীয় সরকার তার পুঁজিবাদী কায়দায় আমাদের রাজ্যে পশ্চিমবাংলার প্রতি যে বৈষম্যমূলক আচরণ বিমাতৃসুলভ আচরন এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী তার সাংবিধানিক এবং আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও যে জনস্বার্থবাহী বাজেট পরিকল্পনা করেছেন এবং পশ্চিমবাংলার মানুষ যে রূপায়ণে সাহায্য করেছে, এটা পশ্চিমবাংলার জনগণের স্বার্থেই নয় সারা বাংলাদেশের খেটে খাওয়া মানুষের কাছে দিগন্তের হদিশ দিয়েছে।

তাই আমি মনে করি আজকে পরিবর্তিত পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে যে বাজেট অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন তা নিশ্চিতভাবে অভিনন্দনযোগ্য। নিজের পায়ে দাঁড়িয়ে আমাদের রাজ্যের মানুষ আমাদের রাজ্যের অর্থমন্ত্রী মহাশয় যে দিক নির্দেশ, সেই দিক নির্দেশকে আমাদের গ্রামাঞ্চলে ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে যে রাজনৈতিক সদিচ্ছা দেখিয়েছেন তাকে সম্পূর্ণভাবে রূপায়িত করার জন্য সক্রিয় সহযোগিতা দেখিয়েছেন। সক্রিয় সহযোগিতা দেখিয়েছেন ভূমি সংস্কারের ক্ষেত্রে এবং এই ভূমি সংস্কারের মধ্যে দিয়ে এক দিকে আমাদের পশ্চিমবাংলায় বিপুল সংখ্যক শ্রমদিবস সৃষ্টি হয়েছে, অপর দিকে পশ্চিমবাংলায় প্রাণচাঞ্চল্য দেখা দিয়েছে, পশ্চিমবাংলা কর্মমুখর হয়েছে। এই সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে যে সেচের সম্প্রসারণ হয়েছে সেই সম্প্রসারণের পাশাপাশি আজকের দিনে বৈজ্ঞানিক প্রযুক্তি ব্যবহার করে আমাদের পশ্চিমবাংলা খাদ্য শস্য উৎপাদন করে সারা দেশের মধ্যে একটা ইতিহাস সৃষ্টি করেছে। পাশাপাশি আমাদের পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষেতমজুর, ভূমিহীন, গরিব মানুষদের মর্যাদার আসনে প্রতিষ্ঠা করেছে এবং তাদের দীর্ঘদিনের লড়াই আন্দোলনের ফসল তুলেছে। আজকে বামফ্রন্ট সরকার এটাকে মেনে নিয়ে ভবিষ্যনিধি প্রকল্প যা ঘোষণা করেছেন তার জন্য অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। এই প্রস্তাব ক্ষেতমজুর, ভূমিহীন, গরিব মানুষদের শুধু উৎসাহ যোগাবে না, পাশাপাশি আমাদের দেশের গ্রামীণ অর্থনীতির বুনিয়াদকে শক্তিশালী করতে সাহায্য করবে। তাছাড়া, আমাদের পশ্চিমবাংলায় কৃষক এবং মৎস্যজীবিদের বার্ধক্য ভাতা, বিধবা ভাতার হার বৃদ্ধি করেছেন, এটা নিশ্চিতভাবে একটা উল্লেখযোগ্য বিষয়। আমাদের রাজ্যে আদিবাসী ও হরিজনদেরও মর্যাদা দিয়ে তাদের সম্মানের আসনে প্রতিষ্ঠা করা হয়েছে। পাশাপাশি আদিবাসীদের উন্নয়নের জন্য সেদিন অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে

ঝাড়গ্রাম উন্নয়ন পরিষদ গঠনের কথা বলেছেন। আমার কথা হচ্ছে বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতেও অর্ধেকের বেশি আদিবাসী মানুষ বাস করে, সেখানেও এই রকম একটা উন্নয়ন পরিষদ গঠনের প্রয়োজনীয়তা আছে। নির্বাচনের সময় আমরা গ্রামেগঞ্জে ঘুরে যে অভিজ্ঞতা হয়েছে, তাতে দেখেছি পশ্চিমবাংলায় জনস্বার্থবাহী অর্থনীতির যে প্রতিফলন ঘটেছে তার জন্য মানুষের চাহিদার পরিবর্তন ঘটেছে। মধ্যবিত্ত মানুষের জীবন-জীবিকার পরিবর্তন ঘটেছে। ভুট্টা ও টপকো তাদের আজকে খেতে হচ্ছে না। তাদের দাবি আজকে জি. আর. এর দাবি নয়, তাদের দাবি আজকে রিলিফের দাবি নয়, তারা আজকে গ্রামে বিদ্যুৎ চাইছে, রাস্তায় পিচ চাইছে। আমাদের পুরুলিয়া জেলা রুক্ষ হলেও সেখানে অনেক খনিজ দ্রব্য আছে। পরিবর্তিত পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে মাশুল সমীকরণ দাবি ও লাইসেন্সিং প্রথা তুলে দেওয়ার ফলে শিল্প করার যে উদ্যোগ দেখা দিয়েছে এটা যাতে আমরা রক্ষা করতে পারে সেটাকে দেখতে হবে। গ্রানাইট, রক ফসফেট, ডলোমাইট ইত্যাদি সেখানে পাওয়া যায়। তাছাড়া কুমারী নদীর মাঝ বরাবর যে সোনার সন্ধান পাওয়া গেছে তাকে নিশ্চিতভাবে কাজে লাগিয়ে পিছিয়ে পড়া জেলার উন্নতির একটা সুযোগ দেখা দিয়েছে।

[4-40—4-53 P.M.]

পুরুলিয়া জেলাতে শিল্পের সম্ভাবনা যথেষ্ট রয়েছে। নিশ্চিতভাবে আমি অর্থমন্ত্রীর কাছে দাবি করবো আমাদের পুরুলিয়া জেলাতে এই ধরনের শিল্প গড়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আর প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের বিষয়টা বিবেচনা করবেন। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায়, আমাদের পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার বিগত দিনে সিদ্ধান্ত গ্রহণ করেছিল পুরুলিয়া জেলার বড় বাজারে ফুড্ প্রসেসিং ইউনিট স্থাপন করা হবে। কিন্তু দুঃখের বিষয় আজকে সেই ইউনিট চালু হয়নি। আমি মনে করি এই আর্থিক বছরে ফুড প্রসেসিং ইউনিট চালু করা প্রায়োজন। সে বিষয়ে অর্থমন্ত্রী নিশ্চিতভাবে বিচারবিবেচনা করে আর্থিক বরাদ্দ করবেন। শুধু এই খনিজ সম্পদকে ব্যবহার করে নয়, পুরুলিয়া জেলাতে অ্যাগ্রো বেসড্ স্মল স্কেলে অনেক শিল্প গড়া যায়। সারা ভারতের লাক্ষার ৮০ শতাংশ আমাদের পুরুলিয়া জেলার বলরামপুর, ঝালদাতে উৎপন্ন হয়। যদিও বর্তমান ফোড়ে কারবারীরা শিল্পের সিংহ ভাগটাই নিজেদের মধ্যে কুক্ষিগত করে রেখেছে। শুধু লাক্ষা নয় রেশম সুতো চাষে বর্তমান চাষীদের উদ্যোগের সম্প্রসারণ ঘটছে। এইটাকে কাজে লাগিয়ে যদি স্মল স্কেলে একদিকে লাক্ষা প্রসেসিং অপর দিকে তসর-এর যে ড্রাইং সেন্টার সেই ড্রাইং সেন্টার ইউনিটগুলোকে যদি আমরা স্থাপন করতে পারি তাহলে পুরুলিয়ার যে পিছিয়ে পড়া জেলা, তার যে আদিবাসী, হরিজন যারা এই সমস্ত কাজের সঙ্গে যুক্ত তাদের অর্থনৈতিক ভিত্তিকে আমরা শক্তিশালী করতে পারবো। আমি আজকের এই সভায় দাবি রাখবো, মাননীয় অর্থমন্ত্রীকে বিবেচনা করতে বলবো, আমাদের পুরুলিয়া জেলায় যে শিল্পের সম্ভাবনাগুলো আছে সেই শিল্প সম্ভাবনাকে কাজে লাগিয়ে আমাদের পুরুলিয়ার উন্নতি, আমাদের রাজ্যের উন্নতির কথাটা যেন ভাবেন। বিরোধী দলের নেতারা বিরোধী সদস্যরা এই বিষয়গুলো মেনে নিতে পারছেন না। রাজনৈতিক কারণেও তারা মেনে নিতে পারছেন না। তাঁরা উল্টো পাল্টা বিবৃতি দেন, পরিসংখ্যান দেন। কিন্তু এই কথাটা অস্বীকার করার উপায় নেই যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসীন হওয়ার পর পুরুলিয়া, বাঁকুড়াসহ আমাদের পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলাতে যে শ্রম নিবিড়

*উদ্যোগ সৃষ্টি হয়েছে সেই উদ্যোগকে কাজে লাগিয়ে আমাদের পশ্চিমবাংলার জাগ্রত জনসাধারণ সক্রিয় সহযোগিতা সরাসরিভাবে প্রশাসনকে সাহায্য করার মধ্য দিয়ে আমাদের আর্থিক নীতি, আমাদের পরিকল্পনাকে রূপায়ণ করার জন্য যেভাবে এগিয়ে এসেছেন, এই এগিয়ে আসার* বিষয়টাকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মর্যাদা দিয়েছেন। যারা লড়াই, আন্দোলনে অংশগ্রহণ করেছেন আমাদের শিল্পের পরিবর্তন করার জন্য অনেক শিক্ষিত, অশিক্ষিত বেকার তাদের কথা ভাবনা-চিন্তা করে বামফ্রন্ট সরকার স্বনিযুক্তি প্রকল্পের প্রবর্তন করেছেন। তাদেরকে উৎসাহিত করা হয়েছে।

কিন্তু উদ্বেগের বিষয় আমাদের রাজ্য সরকারসহ সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসনকে এই বিষয়টা দেখতে হবে যে, যে সমস্ত স্বনিযুক্তি প্রকল্পের আওতায় যেসমস্ত বেকাররা আছেন তাঁরা যেন আর্থিক সাহায্য পান। সেই আর্থিক সাহায্য যেন যথাসময়ে তাঁরা পেয়ে যান। কারণ এই আর্থিক সাহায্য পাওয়ার ক্ষেত্রে যথেষ্ট গড়িমসি দেখা দেয়। আমলাদের যে দীর্ঘ সূত্রিতা সেই দীর্ঘ সূত্রিতার কারণে এলাকার সংশ্লিষ্ট প্রশাসনকে নজর দেওয়ার প্রয়োজনীয়তা আছে। এভাবে আমরা আমাদের বাংলাকে নতুন করে গড়ে তুলতে চাই। আমি পুনরায় অনুরোধ করব আমাদের পুরুলিয়া জেলার শিল্পসম্ভাবনাকে কাজে লাগিয়ে, আমাদের পুরুলিয়া জেলার আগে যে বিশেষণ ব্যবহার হয়—পিছিয়ে পড়া জেলা—নিশ্চিতভাবে এই পিছিয়ে পড়া—এই বিশেষণটাকে সরিয়ে ফেলার জন্য রাজ্য সরকার সচেষ্ট হবেন এবং আশা করি সেই চিন্তা-ভাবনা করে আগামীদিনে ব্যয়-বরাদ্দ রাখবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুরসলিন মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে প্রাণচঞ্চল, আবেগময়, সজীব বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমি মনে করি যে গতবারের ২৯ পারসেন্ট ব্যয়ভারের উপর এগিয়ে এসে এ বারের বাজেট সেই অবস্থানে দাঁড়াবে। আমাদের বিরোধী অংশের প্রাজ্ঞ বিধায়ক মাননীয় কমল গুহ মহাশয় গতকাল বলেছিলেন যে, আমরা কালোকে শুধু কালো বলে চিহ্নিত করতে চাই। উনি সেই কালোর অন্ধকার থেকে কালো--হরিণ চোখের সন্ধান পেয়েছিলেন। আমরা বলতে চাই আমরা সেই প্রাণময়, কালো-হরিণ চোখের মধ্যে থেকে আরও বেশি সজীব, তীক্ষ্ণ, উদাত্ত কণ্ঠে কালো কালো গ্রামের মানুষগুলোকে এগিয়ে নিয়ে আসতে চেয়েছি। আমরা দেখেছি যে মেঠো মাটির ওই মানুষদের দিকে তাকিয়ে বামফ্রন্ট সরকার যে বাজেটের দিক নির্দেশ করেছেন তা ভারতবর্ষে এক অনন্য নজির। আমাদের বিরোধী শক্তি, মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় বলতে গিয়ে বলেছেন যে, আমাদের স্ট্যাটিস্টিক যা এখানে উল্লেখ করা হয়েছে, যে পরিসংখ্যান এখানে তুলে ধরা হয়েছে সেই পরিসংখ্যানের নিরিখে নাকি জীবনস্রোত এবং স্বপ্নের কোনও মূল উনি খুঁজে পাচ্ছেন না। পাওয়া যায় না। যেখানে একদিকে বুর্জোয়া কংগ্রেসের দুর্নীতিপরায়নতার অন্ধ গলিতে ঘুরপাক উনি খান, আরেকদিকে আগ-মার্কা বামপন্থীদের রাস্তাকে উনি চিহ্নিত করেন, সেখানে স্বাভাবিকভাবে বাস্তব জীবন-বোধ সঞ্জাত যে পরিসংখ্যান এখানে উঠে এসেছে তার বিশ্লেষণ চোখে ধরা পড়ার কথা নয়। আমরা জানি, আমরা দেখেছি, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটের মধ্যে দিয়ে একটা জিনিস এখানে প্রকাশ করতে চেয়েছেন। কর্মসংস্থান বৃদ্ধির হার আমাদের গত বছরের তুলনায় এবছরের বাজেটের মধ্যেও যেভাবে ধরা হয়েছে তাতে দেখা যাচ্ছে যে গতবারে সর্বভারতীয়

গড় ছিল ২.৩৫, তার থেকে গত বছরের পশ্চিমবাংলা অবস্থানে উঠে এসেছে ২.৯এ। এবছরের বাজেট সর্বভারতীয় গড়ের সেই অবস্থান থেকে এগিয়ে নিয়ে যাবে। আমরা অভিনন্দন করি যে এখানে জনকল্যাণমূলক রাষ্ট্র এবং তার অধীন রাজ্য সরকার জনকল্যাণমুখী বাস্তবের যে প্রক্রিয়ার উল্লেখ করা হয়েছে তাতে সন্দিহান হয়েছেন মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয়। তাহলে জনকল্যাণমূলক রাষ্ট্রের এই নতুন অবস্থানে দাঁড়িয়ে ক্ষেতমজুরদের মধ্যে প্রভিডেন্ট ফান্ড চালু করার যে প্রকল্প তা নিশ্চিতভাবে আমাদের আপ্লুত করে। আমরা এই জন্য মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দিত করি।

আমাদের রাজ্যে কৃষির উন্নয়নে প্রযুক্তির অবস্থান কি, তিনি বিশ্লেষণ করতে চেয়েছেন। কিন্তু শুধু প্রযুক্তি বিজ্ঞানকে সম্বল করে কখনো কোনও জাতি, কোনও রাষ্ট্র, কোনও দেশের অর্থনীতি শক্ত ভিতের উপর দাঁড়িয়ে উঠতে পারে না—যদি না সেখানে রাজনৈতিক সদিচ্ছা বড় নিয়ামকের ভূমিকা পালন করে। সেদিক থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের অর্থমন্ত্রীর বাজেট আমাদের দেশের মধ্যে রাজনৈতিক স্বদিচ্ছার নিয়ামক শক্তির এক উজ্জ্বল আলোকবর্তিকা হিসাবে সারা ভারতবর্ষকে পথ দেখাবে।

আমাদের এখানে ক্ষুদ্র শিল্পের যে বিকাশ ঘটেছে, এই বিকাশের মধ্যে নতুন করে ক্ষুদ্র শিল্পের শ্রমিকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থাও রাখা হয়েছে। সেদিক থেকে আমি একটা দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করব। ক্ষুদ্র শিল্পের মধ্যে যারা দর্জি শিল্পের সঙ্গে যুক্ত, সেই দর্জি শিল্পের জন্য সমগ্র পূর্ব ভারতের জন্য সল্ট লেকে কলেজ অফ ফ্যাশন টেকনোলজি তৈরি হয়েছে। এখানে ৩০টি সিট আছে। ওখানে যাদের পড়াশোনার সুযোগ দেওয়া হয়, তার মধ্যে পশ্চিমবাংলার মানুষের এবং বুনিয়াদি দর্জি মানুষের উপস্থিতি কঠিন হয়ে দাঁড়াচ্ছে। আমি তাঁকে অনুরোধ করব, দর্জি শিল্পের সঙ্গে যুক্ত দর্জি শ্রমিক যারা আছে, তারা যেন সেখানে অংশ নিতে প্যারেন এবং সারা পশ্চিমবাংলায় যে ৫ লক্ষ দর্জি শ্রমিক আছেন, বুনিয়াদি দর্জি শ্রমিক আছেন, তারা যাতে প্রশিক্ষণ পেতে পারেন তার জন্য ব্যবস্থা নেবেন। ইন্ডাস্ট্রিয়াল টেলারিং কমপ্লেক্স, যা গার্ডেনরিচ, মেটিয়াবুরুজে গড়ে উঠেছে, তার মধ্যে দিয়ে ভারতবর্ষের বৈদেশিক বাণিজ্যের একটা বড় অংশ পশ্চিমবাংলায় নিয়ে আসতে পারবেন। সেই ভূমিকা পশ্চিমবাংলা সরকার পালন করবেন, সেইজন্য ক্ষুদ্র শিল্পের প্রশিক্ষণের দিকটা দেখার জন্য অনুরোধ করছি। সবশেষে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 4-53 P.M. till 11-00 A.M. on Thursday, the 27th June 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 27th June, 1996 at 11.00 A.M.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 24 Ministers, 8 Ministers of State and 146 Members.

[11-00 — 11-10 A.M.]

### OBITUARY REFERENCES

**Mr. Speaker :** Hon'ble Members, before commencing the business of the House I rise to perform a melancholy duty to refer the sad demise of Shri Tarun Kumar Bhanduri, an eminent journalist and renowned writer who breathed his last on the 25th June, 1996.

**Shri Tarun Kumar Bhanduri,** renowned journalist and literateur passed away on the 25th June, 1996 at Breach Candy Hospital, Bombay after a prolonged illness. He was 73.

Born at Krishnagar on July 10, 1924. Shri Bhaduri was educated in Delhi, Nagpur, Jabbalpur and Bilaspur. He had his initiation to journalism in Nagpur Times in the year 1940. He joined The Statesman as its Bhopal correspondent in April, 1961. The World come to know for the first time through his despatches the violent saga of class and cast rivalry that ravaged the Chambal Valley and the vast area embracing the border between Uttar Pradesh and Madhya Pradesh. He authored several popular Novels including Abhisapta Chambal, Sandhyadeeper Shikha, Bilquis Begum, Maruprantar and Behead Baghi Benduk. He had to his credit some treatises as well such as 'Road to Kashmir' A Reporter's Diary, and Chambal : The Valley of Terror. He had been the Chairman of the Madhya Pradesh Tourism Development Corporation since 1985. Some of his novels were successfully turned into popular films.

At the demise of Shri Bhaduri the Country has lost an elderly journalist and eminent writer of proven merit.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(After two minutes)

Thank you, Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## Starred Questions
## (to which oral answers were given)

### হলদিয়ায় পেট্রোকেমিক্যালস্

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যালস্-এর নির্মাণকাজ কবে নাগাদ শেষ হতে পারে ;

(খ) ঐ প্রকল্পে কতজনের কর্মসংস্থান হবে বলে আশা করা যায় ; এবং

(গ) ঐ প্রকল্পকে কেন্দ্র করে যে সমস্ত সহায়ক শিল্প গড়ে উঠবে তা থেকে সম্ভাব্য কতজনের কর্মসংস্থান হতে পারে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :**

(ক) প্রকল্পটির নির্মাণ কাজ ১৯৯৯ সালের প্রথম দিকে শেষ হতে পারে।

(খ) ঐ প্রকল্পে প্রায় এক হাজার লোকের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

(গ) প্রায় দেড় লক্ষ লোকের কর্মসংস্থানের আশা করা যায়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাচ্ছি, এই প্রকল্পের কাজ কতটা অগ্রসর হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এক হাজারের মতো একর জমি নেওয়া হয়েছে। সেই জমিতে যে লোকেরা ছিল তাদের পুনর্বাসনের জন্য আরও জমি নেওয়া হয়েছে। পুনর্বাসনের কাজ অনেকটা এগিয়েছে। এই প্রকল্প সংক্রান্ত আরও কিছু জমি আমাদের অ্যাকুইজিশন করতে হবে, হলদিয়া পেট্রোকেমিক্যালসের হাউজিং কমপ্লেকসের জন্যও করতে হবে। এখন এই মূল প্রকল্পের কনস্ট্রাকশনের কাজ শুরু করার আগে যে যে ফেসিলিটিজগুলি দরকার, তার অনেকগুলি সমাপ্তির পথে। কাজের দর বেঁধে দেওয়া হয়েছে, জমি উন্নয়ন করা হয়েছে। ভারত সরকার পরিবেশের যে ছাড়পত্র দিয়েছে সেই শর্ত অনুযায়ী বনসৃজনের কাজ চলছে। ১৫৭টি ফ্ল্যাট নতুন করে কেনার জন্য আমাদের হলদিয়া ডেভেলপমেন্ট অথোরিটিকে পুরো টাকা দেওয়া হয়েছে, লিজ ডিড একজিকিউট হয়ে গেছে, ফ্ল্যাট আমরা পেয়ে গেছি। ডব্লিউ. বি. এস. ই. বি. ওদের কনস্ট্রাকশন পাওয়ারের জন্য যে সাবস্টেশন করবে সেই কাজ করছে। এছাড়া রাস্তা, ড্রেন, কালভার্ট এগুলি ফেজ ওয়ানে ১১ কিঃ মিঃ ড্রেন করা হয়েছে। ওয়্যার হাউজ কনস্ট্রাকশন কমপ্লিট হয়ে গেছে। সেখান থেকে সাইট অফিসের কাজ শুরু হয়েছে। কনস্ট্রাকশনের জন্য যে জল লাগবে সেই জল আর পানীয় জলের কাজ এপ্রিল ১৯৯৬ শেষ হয়ে গেছে। সাইট অফিসের ডিজাইন ওয়ার্কের কাজ কমপ্লিট হয়েছে, কনস্ট্রাকশনের কাজ শুরু হয়েছে, এই কাজ শেষ হবে সেপ্টেম্বর ১৯৯৬। একটা ক্যানেল হবে, সেখানে ক্যানেল ডাইভারশন করতে হবে। ডাইভারশন এবং এম্ব্যাঙ্কমেন্টের কাজ শেষ হয়েছে। পরানচক গ্রামে সয়েল

টেস্টিংয়ের কাজ শেষ হয়ে গেছে। দুই দিকের বাউন্ডারি ওয়ালের কাজ চলছে। প্রোজেক্টের যে সমস্ত ম্যানেজিং কন্ট্রাক্ট তা বেলটেক সংস্থাকে দেওয়া হয়েছে। টার্মস অ্যান্ড কন্ডিশনগুলি ফাইনালাইজ হয়ে গেছে। ন্যাপ্‌থা ক্র্যাকারের কন্ট্রাক্ট দেওয়া হয়েছে। টয়ো ইঞ্জিনিয়ারিং নামে যে সংস্থা আছে তাদের নিয়ম মেনেই দেওয়া হয়েছে। এই ব্যাপারে রিভিউ মিটিং হয়ে গেছে এবং বেলটেককে ১০ কোটি টাকা ডাউন পেমেন্ট করা হয়েছে। টেকনিওমন্ট-এর টেকনোলজি এসেছে। প্ল্যান্টের জন্য ২ কোটি টাকা দেওয়া হয়েছে। টেকনিওমন্টের ডিজাইন কনফারেন্স কমপ্লিট হয়ে গেছে। এল. এল. ডি. পি. ই. প্ল্যান্টের অ্যাগ্রিমেন্ট সই করে টেকনিওমন্টকে ৯ কোটি ৮২ লক্ষ টাকা পেমেন্ট করা হয়েছে। সমস্ত নিয়ম যা আছে তার কাজ শেষ হয়েছে। এইচ. ডি. পি. ই. প্ল্যান্টে খুব শীঘ্রই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে মার্চ ১৯৯৬। এইচ. ডি. পি. ই. প্ল্যান্টের একটা ডিজাইন কনফারেন্স হয়েছিল। বেনজিন্ এক্সট্রাকশন ইউনিট নিয়ে তাদের এগ্রিমেন্ট সই হয়ে গেছে। জার্মানির লুর্গির সাথে এবং ডাউন পেমেন্ট আর লাইসেন্স দেওয়া হয়েছে। ডিজাইন কনফারেন্স ইউনিট কমপ্লিট হয়ে গেছে। বুটাডাইন এক্সট্রাকশন ইউনিটের লাইসেন্স এগ্রিমেন্ট হয়ে গেছে এবং ডাউন পেমেন্ট করা হয়েছে, ডিজাইন কনফারেন্স হয়ে গেছে। ২০. ১২. ৯৫ এবং ২২. ১২. ৯৫ এই দু দিনে এই কনফারেন্স শেষ হয়েছে। পাইরোলাইসিস গ্যাসোলিন হাইড্রোজেনেশন ইউনিট লাইসেন্স, এগ্রিমেন্ট এবং ডিজাইন কনফারেন্স একজিকিউট হয়েছে। ৭. ১১. ৯৫ তারিখে ডাউন পেমেন্ট হয়েছে। প্যারিসে আমাদের কনফারেন্স করা শেষ হয়েছে।

[11-10 — 11-20 P.M.]

বেঞ্জিন এক্সট্রাকশন ইউনিট-এর জন্য ৩৭ কোটি টাকা ডাউন পেমেন্ট করা হয়েছে, আরও ৪৩ কোটি টাকা পরে দিতে হবে। প্রোজেক্ট ম্যানেজমেন্ট সার্ভিসের জন্য ১৯শে জানুয়ারি '৯৬ একটা এগ্রিমেন্ট হয়েছে প্রাইস অ্যাণ্ড শিডিউল্ড ভ্যালিডিটি ৩০শে জুন পর্যন্ত এক্সটেন্ডেট হয়েছে। এ. পি. সি. কন্ট্রাক্ট ফর অ্যাশোসিয়েটেড কোম্পানি দিতে হবে, এখনো দেওয়া হয়নি। নাইট্রোজেন প্ল্যান্ট বিল্ট-ইন পারেট বিডের ভিত্তিতে দিতে হবে। দুটো কোম্পানির কাছ থেকে আবেদন পেয়েছি, এখন মূল্যায়ন করা হচ্ছে। ১০৪ মেগাওয়াটের কম্বাইণ্ড সার্কেল ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট বিল্ট-ইন অপারেটের ভিত্তিতে হবে। সেটাও চূড়ান্ত হয়ে গেছে। বিট ডকুমেন্ট ফাইনালাইজ হয়ে গেছে। অফার সর্ট লিস্ট করে ফাইনালাইজ করা হবে। এখন শেষ পর্যন্ত পরিস্থিতি যা দাঁড়িয়েছে তাতে প্রোজেক্ট কস্ট আগে ৩,৬০০ কোটি টাকা ধরা হয়েছিল, সেটা এখন আই. ডি. বি. আই. বলছে টোটাল ৫,১৭০ কোটি টাকা হবে। সে জন্য আমাদের প্রোজেক্টের ইক্যুইটি বাড়াতে হবে। এখানে প্রোমোটর যারা আছেন—স্টেট গভর্নমেন্টের ডাবলু. বি. আই. ডি. সি., টাটা এবং চ্যাটার্জি-সোরস—তাদের আই. ডি. বি. আই. মুদ্রাস্ফীতি, টাকার মূল্য কমে যাওয়া এবং ইক্যুইটি আর ডেট রেশিও যা দাঁড়াচ্ছিল তাতে ঋণের দিকে ব্যাপারটা বেশি ঝুঁকছে বলে রি-স্ট্রাকচারিং করতে বলেছে। তারা ৫,১৭০ কোটি টাকায় প্রোজেক্ট অ্যাপ্রুভ করেছে। আমাদের ডাবলু. বি. আই. ডি. বি.-র ইক্যুইটি হবে ৪৩২.৮৬ কোটি টাকা ; চ্যাটার্জি-সোরস-এর ৪৩২.৮৬ কোটি টাকা এবং টাটার হবে ১৪৪.২৮ কোটি টাকা। এটা অন প্রিন্সিপাল আই. ডি. বি. আই. এগ্রি করেছে। এর ডিটেল এখন করতে হবে। এতে যে অতিরিক্ত টাকা লাগবে তা হলদিয়া পেট্রো কেমিক্যালস-এর ডাইরেক্টর বোর্ড-এর মিটিং-এ সব

প্রোমোটররাই দিতে রাজি হয়েছেন এবং তা আই. ডি. বি. আই.-কে জানিয়ে দেওয়া হবে। আই. ডি. বি. আই. ডেফার্ড পেমেন্ট গ্যারান্টি দেবে, এটা মৌখিকভাবে বলেছে। পরে লিখে জানাবে। জানালে পরে টয়ো ইঞ্জিনিয়ারিং ন্যাপথা ক্র্যাকার ইউনিটের কাজ বিলম্বে শুরু করতে পারবে। এখন পর্যন্ত এই হচ্ছে অবস্থা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই প্রকল্পে যে সমস্ত বৈদেশিক সংস্থা যুক্ত হচ্ছে, তাদের কাছ থেকে কি ধরনের সাহায্য নেওয়া হচ্ছে? আর্থিক সাহায্য নিয়ে যৌথ মালিকানায় এটা হতে চলেছে, না শুধুমাত্র প্রযুক্তিগত সাহায্য নেওয়া হচ্ছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** সবাই জানেন যে, 'চ্যাটার্জি-সোরস' বিদেশি সংস্থা ইক্যুইটিতে আসছে। আমাদের পশ্চিমবাংলায় যে হলদিয়া পেট্রো-কেমিক্যালস কমপ্লেক্স হচ্ছে তা পৃথিবীর সর্বশেষ কারিগরি যোগ্যতার ভিত্তিতে হচ্ছে। এখনো পর্যন্ত যা পেট্রো কেমিক্যালস ইণ্ডাস্ট্রিস আছে এটা তার চেয়ে অনেক বেশি আধুনিক হবে। বিশ্বের সব বিখ্যাত সংস্থা একে প্রযুক্তিগত সাহায্য দিচ্ছে। টয়ো ম্যানেজমেন্ট এক্সপার্টাইজ দেবে, ওরা ন্যাপথা ক্র্যাকার ইউনিটও তৈরি করবে। আরও অনেকেই টেকনোলজি দিয়ে সাহায্য করবে।

আর ফাইনান্স বাইরে থেকে আসা না আসা—কিছুটা হয়ত আসতে পারে—তবে এখনো চূড়ান্ত হয়নি। মূল প্রকল্পের টাকাটা আই. ডি. বি. আই. কিভাবে অনুমোদন করবে সেটা দেখেই তার সাথে বাইরের ফিনান্স নেবার প্রশ্ন আসে। কেননা এটা নিলে অতিরিক্ত ভার হয়। পাবলিক, ইক্যুইটি, ব্যাঙ্ক, ফিনান্সিয়াল ইনস্টিটিউশন এদের কাছ থেকে যে টাকা পাওয়া যাচ্ছে তার বাইরে থেকে টাকা নেওয়ার গ্যারান্টি হয়েছে, আর্থিক সংস্থার কাছ থেকেও নেওয়া হতে পারে। সেইজন্য অতিরিক্ত টাকার প্রশ্ন বিবেচনার মধ্যে আনতে হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি বললেন আধুনিক প্রযুক্তির এটাই হচ্ছে সর্বশেষ চূড়ান্ত নজির এই হলদিয়া পেট্রোকেমিক্যালস। সেই কারণে আমার বক্তব্য হচ্ছে, ভাকরা-নাঙ্গাল সর্বভারতীয় প্রোজেক্ট ছিল এবং এরজন্য কেন্দ্রের আর্থিক সাহায্য পাওয়া গিয়েছিল। কিন্তু হলদিয়ার ক্ষেত্রে ভারত সরকারের কোনও সহায়তার জন্য আবেদন জানানো হয়েছে কিনা বা ভবিষ্যতে হবে কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এটা সকলেরই জানা আছে, এই প্রকল্পটি আমরা বহুকাল যাবৎ চাচ্ছি কিন্তু ভারত সরকার এ ব্যাপারে দীর্ঘ বিলম্ব করে, প্রায় ১১ বছর সময় নিয়েছে প্রাথমিক অনুমতি দিতে। ভারত সরকার সরাসরি প্রকল্পে টাকা দিতে পারছে না। টাকা আর্থিক প্রতিষ্ঠান তারা দিচ্ছে। আই. ডি. বি. আই. কনসোর্টিয়াম করে ফিনান্সিয়াল ইনস্টিটিউশন, ব্যাঙ্ক ইত্যাদির মাধ্যমে টাকার ব্যবস্থা করেছে। আপনার প্রশ্ন থেকে যেটা বুঝলাম, যেমন ধরুন, আই. পি. সি. এল-এর জন্য ভারত সরকার ১০০ ভাগ অংশগ্রহণ করেছে গুজরাটে, যেটা আমাদের হলদিয়া পেট্রোকেমিক্যালসের ক্ষেত্রে ভারত সরকার নিজে তার সরকারি টাকা দিয়ে এই রকমভাবে আসছে না। কিন্তু যে আর্থিক প্রতিষ্ঠান, ব্যাঙ্কগুলি তারা কনসোর্টিয়াম করে বিরাটভাবে সাহায্য করছেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্পে বর্তমানে কত টাকা খরচ হবে? যতটুকু আমরা জানি, ৫ হাজার কোটি টাকার উপর হয়ে গেছে। কিন্তু শুরুতে এই প্রকল্পে কত ব্যয় নির্দ্ধারিত হয়েছিল এবং এই প্রকল্পে ব্যয় এতখানি বেড়ে গেল এই কয়েক বছরের ব্যবধানে, এর ফলে প্রকল্পের কাজ শুরু করতে এত দেরি হল কেন—এটা জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** আপনি যেরকম প্রশ্ন করেছেন আমি সেই রকমভাবে উত্তর দেব। প্রথমত আগে অনেক ছোট প্রকল্প ছিল এবং অনেক কম টাকায়। ভারতবর্ষে প্রতিদিন মুদ্রাস্ফীতি হয় আর খুব ঘন ঘন টাকার দাম কমানো হয়েছে গত ৫ বছরে। এরমধ্যে ফরেন কম্পোনেন্ট আছে, সেইজন্য প্রোজেক্ট কস্ট বেড়ে যায়। তাই একই জায়গায় দাঁড়িয়ে থাকতে পারে না। প্রথমে হয়েছিল ৩ হাজার ৬০০ কোটি টাকা, এটা কিছুদিন আগে পর্যন্ত ছিল। আমাদের ইক্যুইটি ছিল ৩০০ কোটি টাকা, চ্যাটার্জি সোরস্ ৩০০ কোটি টাকা, টাটা গ্রুপ-১০০ কোটি টাকা, পাবলিকের ছিল ৫০০ কোটি টাকা—এই হচ্ছে ১,২০০ কোটি টাকা। লোন-ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছ থেকে যে সমস্ত পাওয়া গেছে তার মধ্যে, আই. ডি. বি. আই—৩৭৫, আই. এফ. সি. আই.—১২৫, আই. সি. আই. সি. আই—১২৫, ইউ. টি. আই—১২৫, এল. আই. সি. আই.—১২৫ এবং জি. আই. সি—৭৫। এগুলি সবই কোটি টাকা। তারপর ব্যাঙ্কগুলির মধ্যে আছে—এস. বি. আই.—২০০ কোটি টাকা, সি. বি. আই.—৪৫ কোটি টাকা, ইউ. বি. আই—৪০ কোটি টাকা, এলাহাবাদ ব্যাঙ্ক—৪০ কোটি টাকা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া—৫০ কোটি টাকা। পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক—২৫ কোটি টাকা, ব্যাঙ্ক অফ বরোদা—৫০ কোটি টাকা, স্টান্ডার্ড চ্যাটার্ড ব্যাঙ্ক—২৫ কোটি টাকা, ইউনিয়ন ব্যাঙ্ক—২৫ কোটি টাকা, কানাড়া ব্যাঙ্ক—৫০ কোটি টাকা। জেনারেলি বলতে গেলে—১ হাজার ৬০০ কোটি টাকা আর ৮০০ কোটি টাকা। ৩ হাজার ৬০০ কোটি টাকা কিছুদিন আগে পর্যন্ত ছিল। রিভাইসড করে আই. ডি বি. আই. যেটা বলছে—হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেকসের জন্য ডিরেক্টরদের বোর্ড মিটিং-এ গতকাল যেটা হয়েছে সেটা হচ্ছে, এখনও পর্যন্ত আমরা দিচ্ছি, স্টেট গভর্নমেন্ট ডবলু. বি. আই. ডি. সির মাধ্যমে দিচ্ছে ইক্যুইটি—১৬০ কোটি টাকা।

[11-20 — 11-30 P.M.]

আর চ্যাটার্জি-সোরস হচ্ছে ৭৮ কোটি টাকা এবং টাটা ৫৫ কোটি টাকা। এখন নূতন যেটা হল তার টাকার অঙ্ক হচ্ছে ৫,১৭০ কোটি টাকা। তার ইক্যুইটি পোরশান ফাইনালাইজ হয়ে গেছে, ১,০১০ কোটি টাকা ইক্যুইটি। আগে ছিল ৭০০ কোটি টাকা, এখন হয়েছে ১,০১০ কোটি টাকা। এই টাকার শতকরা ৫০০ ভাগ কয়েক দিনের মধ্যে দিয়ে দিতে হবে। আগে দেওয়া হয়েছিল ২৯৩ কোটি টাকা, এখন দিতে হবে ৫০৫ কোটি টাকা। এই ৫০ পারসেন্ট ডেফার্ড পেমেন্ট গ্যারান্টি দিলে তারা কাজ শুরু করবে। সেই জন্য স্টেট গভর্নমেন্টকে দিতে হবে ২১৬ কোটি টাকা, চ্যাটার্জি-সোরসকে দিতে হবে ২১৬ কোটি টাকা এবং টাটাকে দিতে হবে ৭৩ কোটি টাকা। অর্থাৎ ব্যালেন্স, আগে যা দিয়েছি তারপরেও আমাদের আরও দিতে হবে তা হল স্টেট গভর্নমেন্ট ৫৬ কোটি টাকা, চ্যাটার্জি-সোরস ১৩৮ কোটি টাকা এবং টাটা ৩২ কোটি টাকা। বোর্ড মিটিং-এ সিদ্ধান্ত হয়েছে ওরা এখনই টাকা দিয়ে দেবে, ট্রানজাকশন করতে যে সময়টুকু লাগে সেটা। আই. ডি. বি. আই. ডেফার্ড পেমেন্ট গ্যারান্টি দেবে, এটা দিলে ওরা ন্যাপথা ক্র্যাকার ইউনিট-এর কাজ শুরু করবে।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** *মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, হলদিয় পেট্রোকেমিক্যালের কিছু জমি অধিগ্রহণকে কেন্দ্র করে কংগ্রেসের পক্ষ থেকে বাধার সৃষ্টি করা হচ্ছে এবং সেই জমি যাতে সরকার অধিগ্রহণ করতে না পারে তার জন্য তারা আন্দোলন করছে। এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি কি সেটা জানালে ভাল হয়।*

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এখানে মোট জমি হচ্ছে ১,১০৩ একর। এটা হল মূল প্রকল্পের জন্য অধিগ্রহণ করা হয়েছে। তাতে অনেক মামলা হয়েছে এবং সেইগুলি সব নিষ্পত্তি হয়েছে প্রকল্পের পক্ষে। এখানে যারা ছিল তাদের রিহ্যাবিলিটেশনের জন্য জমি নেওয়া হয়েছিল এবং সেটা ঠিক হয়ে গিয়েছে। এই ব্যাপারে কোনও গোলমাল নেই। আরও জমি আমাদের নিতে হচ্ছে, এই ব্যাপারে দু-একটা মামলা আছে। এটা সবাই জানে কংগ্রেসের পক্ষ থেকে কেন্দ্রীয়ভাবে এবং স্থানীয়ভাবে বাধার সৃষ্টি করা হচ্ছে। সেই বাধা আমরা অতিক্রম করব।

**শ্রী শেখ জাহাঙ্গীর করিম :** স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই হলদিয়া পেট্রো কেমিক্যাল কমপ্লেক্সের জন্য যাদের থেকে জমি অধিগ্রহণ করা হয়েছে সেই পরিবার থেকে কাউকে কর্মসংস্থান দেওয়ার ব্যাপারে বিবেচনাধীনে আছে কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** সাধারণভাবে তাদের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। আর একটা নিয়মের ভিত্তিতে যার যতটা জমি গিয়েছে নির্দিষ্টভাবে না হলেও বিকল্প জমি দেওয়া হয়েছে। বাসস্থানও তৈরি হয়েছে। কর্মসংস্থানের ব্যাপারে কোনও বাধ্য-বাধকতা না থাকলেও মোটামুটি ঠিক আছে যে যখন প্ল্যান্ট চালু হবে যদি সম্ভব হয় কিছু লোককে অগ্রাধিকার দেওয়া হবে।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই হলদিয়া পেট্রো কেমিক্যাল কারখানা তৈরি করার ক্ষেত্রে কংগ্রেসের পক্ষ থেকে বিভিন্নভাবে বাধার সৃষ্টি করা হয়েছে। বিগত কংগ্রেস সরকার এই কারখানা তৈরি করার ক্ষেত্রে কোন কোন পয়েন্টে বাধার সৃষ্টি করেছেন জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এটা বহুবার আলোচনা হয়েছে বিধানসভার ভেতরে এবং বাইরে। ভারতবর্ষে পেট্রো কেমিক্যাল ইন্ডাস্ট্রির চাহিদা আছে। এখানে যেটা প্রোডাকশন হয় এবং তার যা ডিমান্ড তার মধ্যে গ্যাপ আছে। যেভাবে প্লাসটিককে রিপ্লেস করা হচ্ছে তার জন্য যে চাহিদা সেটাকে পূরণ করার জন্য এই প্রকল্প করার কথা হয়েছিল। যাতে ডাউন স্ট্রিমে অনেক কর্মসংস্থান হতে পারে, অনেক কাজ ব্যাপকভাবে হতে পারে। কিন্তু সেটা এখান থেকে, রাজ্য সরকারের কাছ থেকে কেন্দ্রীয় সরকারকে যখন পাঠানো হয়, তাতে অনুমোদন দিতে অনেক দেরি করেছেন। এতে খুব বেশি কত সময় লাগতে পারত? এক মাসের বেশি সময় লাগা উচিত ছিল না। ওরা ওখানে দাঁড়ি হয়নি, সেখানে কমা হয়নি, এইসব করলেন এবং এতেই ১১ বছর চলে যায়। তারপর যখন জনতা পার্টির সরকার আসল, তখন মাননীয় মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় এটি অনুমোদন পায়। এখনকার দিনে যে রকম প্রতিযোগিতা চলে, এখানে রিলায়েন্স আছে, আই. পি. সি. এল. আছে, ইস্টার্ন রিজিয়নের যে অবস্থা, তাতে এই প্রোজেক্টটিতে যে দেরি হয়েছে, তারফলে কর্মসংস্থান এবং অর্থনৈতিক অগ্রগতির দিক থেকে অনেক ক্ষতি হয়েছে। সবচেয়ে বড় বাধা কংগ্রেস সৃষ্টি করেছে। ওরা এখানে চিৎকার করে অস্বীকার করতে পারেন, কিন্তু এটা তো দিনের আলোর মতো পরিষ্কার। যেখানে ওরা গুজরাটে আই. পি. সি.

লেকে অনুমোদন দিয়েছেন। ভারত সরকার শতকরা একশো ভাগ তৈরি করেছে, অত্যাধুনিক পেট্রোকেমিক্যাল কমপ্লেকসের জন্য রিলায়েন্সকে ঢালাও সুবিধা দিয়েছে। আমাদের রাজ্যে আমরা ইস্টার্ন রিজিয়নকে ক্যাটার করতে পারতাম যেখানে, সেখানে ওরা অনুমোদন দিতে দেরি করেছে। তারফলে এটি ৮২৭ কোটি টাকার যে প্রকল্প ছিল তা ৩,৬০০ কোটিতে দাঁড়িয়ে গেল। কোনও রাজ্য সরকারের এমন ক্ষমতা নেই যে যারা এই ধরনের প্রকল্প নিজেরা তৈরি করতে পারে। আমাদের অর্থনৈতিক অবস্থা যা আছে, আমরা যেটুকু সম্পদ সংগ্রহ করতে পারি, তাতে তিন-চার হাজার কোটি টাকা ব্যয় করা সম্ভব নয়। ভারত সরকার এই ধরনের প্রকল্প করার জন্য গুজরাট, মহারাষ্ট্র এবং রাজস্থানকে ঢালাওভাবে সাহায্য করেছে। আমাদের ন্যায় সঙ্গত যেটা তা ওরা দেননি। তারপর অনুমতি দেননি। তারফলে দাম বেড়ে গেল। এখানে এই ইন্ডাস্ট্রির যথেষ্ট সম্ভাবনা আছে—প্রোডাকশন এবং ডিমান্ডের মধ্যে যে গ্যাপ আছে, তাতে আমরা মনে করি এর একটা উজ্জ্বল সম্ভাবনা আছে। এছাড়া ডাউন স্ট্রিমে কত কারখানা হবে, এগুলো খুব একটা ছোট হবে না। এক একটা প্লান্ট ১০-১৫ কোটি টাকার হবে। এরজন্য দুটো সাইটও ঠিক হয়ে গেছে, কোনও কোনও ক্ষেত্রে কি হবে। একটা হলদিয়া এবং আর একটি দুর্গাপুরে হবে। এছাড়া, আমাদের যে গ্রোথ সেন্টার আছে, সেগুলিকে গড়ে তুলবার চেষ্টা করব। ডাউন স্ট্রিমে মূল প্লান্টে যাবে এক হাজার টাকা থেকে ৫ হাজার টাকা—মোট ৬ হাজার হচ্ছে। আবার এতে ২৪ হাজার লোকের চাকুরি হবে। এখন পর্যন্ত যা ঠিক হয়েছে, তাতে ১ঃ৫ ধরে হবে দেড় লক্ষ লোকের কর্মসংস্থান। এতবড় সম্ভাবনাময় সংস্থাকে দেরি করে দেওয়া হল। এরজন্য কেন্দ্রীয় সরকারই দায়ী। সর্বশেষে আই. ডি. বি. আই. যে ভূমিকা নিয়েছে তা প্রশংসনীয়।

**শ্রী চক্রধর মেইকাপ ঃ** হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সকে কেন্দ্র করে যেসব সহায়ক শিল্প গড়ে উঠবে তা সরকারি, না বেসরকারি? বেসরকারি যদি হয়ে থাকে, তাহলে তাদের জন্য কোনও গাইড লাইন থাকবে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** আমাদের ডাউন স্ট্রিমে কি কি হবে তা আগে শুনেনি। ডাউন স্ট্রিমে আমাদের মূল প্রকল্পে যে প্রোডাক্ট রেঞ্জ ঠিক করা আছে—সামান্য অদল বদল হতে পারে—মূল যেটা হবে, হাইডেনসিটি পলিথিন, এটি ২ লক্ষ মেট্রিক টন এবং লাইনার, এল. ডি. পি. ই., এইচ. ডি. পি. ই. প্রতি বছরে হবে ১ লক্ষ ২০ হাজার টন।

[11-30 — 11-40 A.M.]

এর মেন প্রোডাক্টস্ হচ্ছে—High density Polythelene 2 lakhs, M.T. Linear LDPE/HDPE—1,20,000 M.T. Polypropylene—2,10,000 M.T., Intermediate products. তারপরে ইন্টারমিডিয়েট প্রোডাক্টসের ক্ষেত্রে—Ethylene— 4,20,000 M.T. Propylene 2,10,000 M.T. সেখানে বাই প্রোডাক্টস্ হচ্ছে—Butadine 75,000 m.t. $C_4$ Raffinate 62,000 M.T. Benzene 66,000 M.T. Hydrogenated pyrolysis Gosoline 79,000 M.T. Fuel oil (CDFI) 61,600 M.T., $C_6$ Raffinate 49,000 M.T. প্লাসটিক র-মেটিরিয়ালস্ কি কি আসবে এবং ডাউন স্ট্রিমে কি হবে সেই ব্যাপারে আপনি যে প্রশ্ন করেছেন আমি তার উত্তর দেবার চেষ্টা করছি। এল. এল. ডিপির থেকে কি কি জিনিস হতে পারে যেমন—General Purpose Film, Heavy Duty

Film/Milk Packaging Film, Lamination Film, Rotomoulding, Injection Moulding, Wire and Cable Coating, Blow Moulding, Drip Laterals, Master Bath. এবার পলিপ্রমলিন থেকে হবে Raffia, M.F. Fibre and Filament, Injection Moulding, T.O. Film, B.O.P.P. Film এবার আসছি কেমিক্যালস্ প্রোডাক্টসের ক্ষেত্রে বুটাডিন এবং পলি বুটাডিন রবার Poly Butadiene Rubber (PBR), Styren Butadiene Rubber (SBR), Acrylonitrile Butadiene Rubber (NBR), Acrylonitrile Butadiene Styrene Resins (ABS) সি (ফোর) র‍্যাফিনেট এবং আইসোবুটিন, এমটিবিই প্রভৃতি ডাউন স্ট্রিমে। তারপরে বেনজিন থেকে হবে Caprotactam, Styrene, Phenal, Nitrobenzene, Aniline, Malic Anhidride, Pesticides এইসব ভিত্তি করেই স্বয়ং শিল্প গড়ে উঠবে। ডাউন স্ট্রিমে যেমন খড়গপুর, হলদিয়া, উলুবেড়িয়া, ফলতা, কল্যাণী, বিষ্ণুপুর, রানিনগর, ভাবগ্রাম, জলপাইগুড়িতে, মালদহ এবং কুচবিহারে এই শিল্পের রূপরেখা করা হয়েছে। তারমধ্যে হলদিয়া এবং দুর্গাপুরের শিল্প গড়ার কথা ঠিক হয়ে গেছে। তাছাড়া যে সমস্ত গ্রোথ সেন্টারগুলো, সেই গ্রোথ সেন্টারগুলোও আসবে। তারপরে আমার প্রশ্ন হল যে, বেসরকারি নাকি সরকারি উদ্যোগে ওই শিল্পগুলো গড়বে। এই প্রসঙ্গে বলছি যে, হলদিয়া পেট্রো কেমিক্যালস্ কোম্পানি দু-একটা করতে পারে এই ব্যাপারে চূড়ান্ত কিছু হয়নি। সরাসরি সরকারি উদ্যোগে করার প্রশ্ন আসে না। তবে যেসব প্রোজেক্টস্‌গুলোকে অনুমোদন রাজ্য সরকার দিচ্ছে সেগুলোর অর্থনৈতিক এবং কারিগরি যোগ্যতা কতটা আছে সেটা দেখেই অনুমোদন দিচ্ছে।

## এগ্রিকালচারাল সেন্সাস রিপোর্ট

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬০।) **শ্রী আবু আয়েস মণ্ডল :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৮০ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত এ রাজ্যে মোট কতবার এগ্রিকালচারাল সেন্সাস রিপোর্ট প্রকাশিত হয়েছে ;

(খ) রিপোর্টগুলি কোন কোন সময়ে প্রকাশিত হয়েছে ; এবং

(গ) উক্ত রিপোর্ট অনুসারে রাজ্যে মোট ল্যান্ড হোল্ডিং বা জোতের সংখ্যা কত?

**শ্রী সূর্যকান্ত মিশ্র :**

(ক) দুইবার।

(খ) ১৯৮০-৮১ ও ১৯৮৫-৮৬ সালের এগ্রিকালচার সেন্সাসের রিপোর্ট প্রকাশিত হয়েছে যথাক্রমে ১৯৮৬ সালের আগস্ট এবং ১৯৯২ সালের জানুয়ারি মাসে।

(গ) এগ্রিকালচার সেন্সাস অনুযায়ী জোতের সংখ্যা নিম্নরূপ :

| | জোতের সংখ্যা |
|---|---|
| ১৯৮০-৮১ সালে | ৫৮,৭৭,৬৪৯ |
| ১৯৮৫-৮৬ সালে | ৬১,৫৪,২৮৮ |

**শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এখানে দুটি সেন্সার রিপোর্টের কথা জানালেন। ১৯৮৫-৮৬ সালে সেন্সার রিপোর্ট অনুযায়ী জোতের সংখ্যা ৬৯,৫৪,২৮৮। এর মধ্যে বর্তমান শিলিঙের আওতায় পড়ে এই রকম জোতের সংখ্যা জানাবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** জোতের সংখ্যা আমাদের এগ্রিকালচারাল সেন্সাস রিপোর্ট আমাদের নমুনার ভিত্তিতে হয়। আমাদের যে ৪০ হাজার মৌজা আছে তার মধ্যে ৫ হাজার মৌজা থেকে স্যাম্পেল সার্ভে নেওয়া হয়। ১৯৮৫-৮৬ সালে ১,৭০,০০০ হাজার জোত থেকে আমাদের নমুনা সাইজ ঠিক হয়। সেন্সার রিপোর্ট একটা প্রকাশিত রিপোর্ট, সেখানে আমরা হোল্ডিং ওয়াইজ ভাগ করি, আবার অনেক অসুবিধাও আছে। তবে শিলিঙের আইনের বাইরে কত জোত আছে সেটা ঠিক করা সমীচিন হবে না।

**শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** আমরা জানি সেন্সাস রিপোর্ট আপনার দপ্তর পাঁচ বছর অন্তর করে। ১৯৮০-৮১ সালে হয়েছিল, ১৯৮৫-৮৬ সালে হয়েছিল। তাহলে ১৯৯০-৯১ সালেও ১৯৯৫-৯৬ সালে সেন্সাস হওয়ার কথা, এই দুটো সেন্সাস রিপোর্টের অবস্থা কি। এই রিপোর্টগুলো কি প্রস্তুত হয়ে গেছে, হলে তা কবে নাগাদ প্রকাশিত হবে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** ১৯৯০-৯১ সালের এগ্রিকালচারাল সেন্সাস রিপোর্ট ১৯৯২-৯৩ সালে শুরু হয়। এর পরে তথ্যগুলো গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ন্যাশনাল ইনফর্মেটিক সেন্টারের কাছে পাঠানো হয়, তারপর টেবিল জেনারেট করতে হয়। অনেকদিন ধরে তারা এটা ফেলে রেখেছিল, সেইজন্য আমরা সময়মতো শেষ করতে পারিনি। এই টেবিলটা আমরা পেয়েছি ১৯৯৬ সালের জানুয়ারি মাসে। তারপরে আমরা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছে অনুমোদনের জন্য পাঠিয়েছিলাম। কিন্তু সেটা আমরা এখনো ফেরত পাইনি। আগামী ১০ তারিখে দিল্লিতে আমাদের একটা মিটিংয়ে ওরা ডেকেছেন, সেখান থেকে পাওয়ার পর আমরা ছাপাবার উদ্যোগ নেব এবং ঐ মিটিংয়েই ১৯৯৫-৯৬ সালের ব্যাপারটিও আলোচনা হবে। তারপরে আমরা কাজ শুরু করার উদ্যোগ নেব।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** আপনি প্রথম কোশ্চেনের জবাবে বললেন স্যাম্পেল সার্ভে বা নমুনা সমীক্ষা থেকে মনে হল প্রায় শতকরা ১৯ ভাগ কৃষকের সবরকম জমি নিয়ে জমির যে পরিমাণ তা শিলিঙের নিচে হবে কি, এটা কি সঠিকভাবে বলা যাবে?

[11-40 — 11-50 P.M.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমি আগেই বলেছি, অ্যাকাডেমিক ডিসকাশনের জায়গা এটা নয়। এই বিষয়ে পরে আপনার সঙ্গে ব্যক্তিগতভাবে আলোচনা করব।

**শ্রী নজমুল হক ঃ** আমাদের রাজ্যে ভূমি সংস্কার কর্মসূচি মামলায় আবদ্ধ থাকার জন্য ব্যাহত হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি মোট জোতের পরিমাণ কত?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমার মনে হয় না এটা এই সাবজেক্টের সঙ্গে যুক্ত। তবে মোট ১ লক্ষ ৮৫ হাজার একর জমির মধ্যে বেশিরভাগটাই ইঞ্জাংশনে আটকে আছে।

**শ্রী মানিকচন্দ্র মন্ডল ঃ** আপনি বলেছেন ১৯৮৫-৮৬ সালে ল্যান্ড হোল্ডিংসের সংখ্যা ৬১ লক্ষ ৫৪ হাজার ৩৮৮। বামফ্রন্ট সরকার এসে সেচ এলাকায় ৪ একর, এবং অসেচ

এলাকায় ৬ একর বা তার নিচে যার জমি আছে তাদের খাজনা মুকুব করেছেন। এখন আইডেনটিফিকেশন চলছে। এর মধ্যে কতজন খাজনা মুকুবের আওতায় এসেছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র :** আমার মনে হয় না এই প্রশ্নটা এর সঙ্গে যুক্ত। মাননীয় সদস্যের অবগতির জন্য বলি এরজন্য যে দরখাস্তগুলো জমা পড়েছে সেগুলোর এনকোয়ারি চলছে। তার মধ্যে কতকগুলো ডিসপোজাল হয়েছে। কিন্তু যারা খাজনা ছাড়ের আওতায় আসবেন তাদের অনেকেই দরখাস্ত জমা দেননি। যে দরখাস্তগুলো পেয়েছি তার ৯৫ পারসেন্ট-এর বেশি খাজনা ছাড়ের আওতায় এসেছে। ভূমি সংস্কারের যে সেকশন আছে সেই ধারা অনুযায়ী এটা করা হয়েছে। খাজনা ছাড়ের আওতায় আসবেন এমন অনেকে, যারা দরখাস্ত দেননি তারা আরও তাড়াতাড়ি দরখাস্ত দিয়ে দেবেন।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানালেন বিভিন্ন জেলায় খাজনা ছাড়ের জন্য দরখাস্ত খুবই কম পড়েছে। যাতে সবাই দরখাস্ত করতে পারে তারজন্য দরখাস্ত জমা দেওয়ার লাস্ট ডেট কবে সেটা ঘোষণা করেছেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র :** খুব কম দরখাস্ত জমা পড়েছে তা বলছি না। দরখাস্ত জমা দেওয়ার ব্যাপারে কোনও লাস্ট ডেটের ব্যাপার নেই।

### ভিজিলেন্স কমিশনকে ক্ষমতাপ্রদান

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দুর্নীতির নির্দিষ্ট তথ্য প্রমাণ সংগ্রহ করা সত্ত্বেও এই রাজ্যে ভিজিলেন্স কমিশনের হাতে দুর্নীতিগ্রস্ত পদস্থ সরকারি অফিসারদের বিরুদ্ধে সরাসরি চার্জসিট করার ক্ষমতা নেই ; এবং

(খ) সত্যি হলে, ভিজিলেন্স কমিশনকে উপযুক্ত ক্ষমতা সম্পন্ন করার উদ্দেশ্যে রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছেন কি না?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) ভিজিল্যান্স কমিশন কেবলমাত্র সুপারিশ করেন। চার্জশিট দেবার ক্ষমতা আছে একমাত্র ডিসিপ্লিনারি অর্থরিটির।

(খ) না।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয় জানেন, দায়িত্বশীল পুলিশ কমিশনার, দায়িত্বশীল অফিসার, পুলিশ অফিসার, আই. পি. এস. অফিসারদের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনের চার্জশিট দেওয়ার ক্ষমতা নেই, এর ফলে উপযুক্ত তথ্য প্রমাণ পাওয়া সত্ত্বেও তারা অ্যাকশন নিতে পারেনি। পুলিশের ক্ষেত্রে স্বরাষ্ট্র দপ্তর, অন্যান্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরগুলো—তারা যথা সময়ে চার্জশিট দেয় না ফলে ভিজিলেন্স কমিশনের সুপারিশ অনেক সময় কার্যকর হয় না।

বিগত ভিজিলেন্স কমিশন কজন আই. পি. এস অফিসারদের বিরুদ্ধে চার্জশিট ফ্রেম করে সংশ্লিষ্ট দপ্তরকে জানিয়েছে এবং সেই সুপারিশের ভিত্তিতে কতগুলো ক্ষেত্রে চার্জশিট সংশ্লিষ্ট দপ্তরকে দিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু :** কোনও নির্দিষ্ট প্রশ্ন না করলে, আমার কাছে তো কোনও খবর নেই। গত পাঁচ বছরে কত চার্জশিট দেওয়া হয়েছে ভিজিলেন্সের সুপারিশ অনুযায়ী সে তো আমি বলতে পারব না। এইরকম একটা প্রশ্ন এখানে আছে। তো আমি বলেছি তার জন্য আমাকে একটু সময় দিতে হবে। কারণ সেটা আমি দেখছি গত পাঁচ বছরে এইরকম কটা ঘটনা ঘটেছে। এটা ঠিক ডিপার্টমেন্ট আছে, অথরিটি আছে ভিজিলেস কমিশনের সুপারিশ বলে চার্জশিট দেয়নি, এটা ঠিক নয়, দেরি হয়ত হয়। আমি দুটো বিষয় জানি। তারা দুজনই কোর্টে গেছে। একজন সুপ্রীম কোর্টে গেছে তার নাম আর. কে. ভট্টাচার্য। তাকে সাজা দেওয়া হয়েছিল, পেনসন কাটা হয়েছিল। সে সুপ্রীম কোর্টে গেছে। মামলা শীঘ্র হবে তারপর বুঝা যাবে। আরেক জন সুশান্তকুমার ভট্টাচার্য, আই. পি. এস। সেটাও এখনো সাব জুডিস আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে গত পঞ্চাশের দশকের মাঝামাঝি। সরকারি অফিসারদের দুর্নীতি দমন করার জন্য আমাদের ভারতবর্ষে কেন্দ্রে এবং বিভিন্ন রাজ্যে ভিজিলেন্স গঠন করা হয়েছিল। তখন দেশে দুর্নীতির মাত্রা অনেক কমছিল বর্তমানের তুলনায়। দুর্নীতির মাত্রা দেশব্যাপী যেভাবে বেড়ে যাচ্ছে এটা ভাববার বিষয়। আমাদের রাজ্যে ভিজিলেন্স কমিশন গঠিত হয়েছিল প্রশাসনিক নির্দেশে বিধানসভায় কোনও আইন পাশ করে নয়। এটাই ভিজিলেন্স কমিটির বড় গলদ। এর ফলে ভিজিলেন্স কমিশন এর স্ট্যাটুটরি মর্যাদা পায় না। স্বভাবতই এদের চার্জশিট দেওয়ার ক্ষমতা নেই। অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যাতে অ্যান্টি করাপশন ব্যুরো, তাদের চার্জশিট দেয়। আমার বক্তব্য বর্তমানে যেভাবে দুর্নীতি বেড়ে যাচ্ছে তাতে পশ্চিমবঙ্গে ভিজিলেন্স কমিশনকে স্ট্যাটুটরি মর্যাদা দেয়া, তাদের ক্ষমতা বাড়ানো, সংশ্লিষ্ট অফিসারদের বিরুদ্ধে তল্লাশি করে তাদের বিরুদ্ধে চার্জশিট দেওয়া, এগুলো আইন করার কথা আপনার সরকার চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু :** আমরা জানি না কোনও রাজ্যে এ সমস্ত আছে। কেন্দ্রে এটা নেই। আমরা সেসব নিয়ে এখনো কিছু চিন্তা করিনি। দুর্নীতি বাড়ছে ঠিকই তবে ভিজিলেন্স কমিশনকে আরও বেশি ক্ষমতা দিলেই, চার্জশিট দেওয়ার ক্ষমতা দিলেই যে দুর্নীতি কমে যাবে, এই সিদ্ধান্তে কি করে আসতে পারি।

[11-50 — 12-00 P.M.]

কারণ, দুর্নীতি তো সেইজন্য হয় না, নানা কারণে দুর্নীতি হয়। দুর্নীতিতে শুধু অফিসাররাই নেই, দুর্নীতিতে মন্ত্রীদেরও কথা আমি শুনেছি, গত ৪৮ বছরে যা হয়নি, তা হয়েছে এই পাঁচ বছরে—এরকম হয়েছে কেন্দ্রীয় সরকারে। তার মধ্যে অফিসাররা সংশ্লিষ্ট আছে, মন্ত্রীরাও সংশ্লিষ্ট আছে। কাজেই, ভিজিলেন্স কমিশনকে আর একটু ক্ষমতা দিলেই যে দুর্নীতি কমে যাবে, এই সিদ্ধান্তে আমরা আসতে পারি না। কারণ, দুর্নীতিতে অন্যান্য ব্যাপার—সামাজিক, রাজনৈতিক ইত্যাদি ব্যাপারের কথা আমরা সবাই জানি। ভারতবর্ষে সেটা একটা ভয়ঙ্কর

অবস্থা হয়ে দাঁড়িয়েছে, সেই বিষয়ে সন্দেহ নেই। ভিজিলেন্স কমিশনকে ক্ষমতা দিলেই দুর্নীতি কমে যাবে, এটা ভাববার কারণ নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই কথা আমি মনে করি, স্যোসাল ম্যালাডি হিসাবে, এই সংকটগ্রস্থ সমাজব্যবস্থার পুঁজিবাদী সমাজব্যবস্থার ম্যালাডি হিসাবে এসেছে, এই ব্যবস্থার মধ্যে ভিজিলেন্স কমিশন সরকারি কর্মচারিদের দুর্নীতি দমন করার একটা সংস্থা। আমি মনে করি এটাকে ঠুটো জগন্নাথ না করে, নখ-দন্তহীন না করে আরও কিছুটা পাওয়ার দিলে ভাল হয়। আর একটু পাওয়ার দিলেই যে দুর্নীতি বন্ধ হয়ে যাবে, এটা আমি বলছি না, এরকম কোনও ইল্যুউশন আমি সাফার করি না। যখন একজিস্টিং সিস্টেমে দুর্নীতি দমন করার প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি দেওয়াই হয়েছে, তখন দুর্নীতি দমনের কাজটা ভাল ভাবে হতে পারে যাতে, সেইজন্য ন্যুনতম ক্ষমতা তাদের দেওয়া প্রয়োজন যেমন চার্জশিট দেওয়া, কর্মক্ষেত্রে গিয়ে তল্লাসি করা। এই স্ট্যাট্যুটরি পাওয়ারের কথা বিবেচনা করছেন কিনা। আমি বলছি না যে, এরকম করলে দুর্নীতি বন্ধ হয়ে যাবে, কিছু পার্সেন্টও যাতে দুর্নীতি দমনের কাজটা ভাল হয়, তাহলে আপত্তি কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** একই তো প্রশ্ন। ভিজিলেন্স কমিশনকে বেশি ক্ষমতা দিলেই বা কি? কারণ, তাদের যা প্রসিডিওর আছে, আইন আছে, সেই অনুযায়ী তার তদন্ত করেন, আর সব করেন, খালি চার্জশিট দিতে পারেন না, সুপারিশ করতে পারেন। এখন এই সিদ্ধান্তে আসতে পারি না, ডিপার্টমেন্টগুলোতে যারা নিয়োগ করেন, অফিসাররা, তাদের কর্তব্যে হয়নি। এই কথা আমি পরিষ্কারভাবে বলতে পারছি না, পাঁচ বছরের রিপোর্ট না পেলে বলতে পারছি না, পাঁচ বছরের রিপোর্ট পেলে বলতে পারব হয়েছে, কি হয়নি। এটা ধরে নেওয়া ঠিক না যে, হয়নি। আবার বলতেও পারব না যে সব ক্ষেত্রেই সময় মতো সাজা দেওয়া হয়েছে—যেখানে সাজা দেওয়ার কথা ছিল।

### "উন্নয়ন কর্তৃপক্ষ"

***১১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৭।) **শ্রী তপন হোড় ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে উত্তরবঙ্গের সামগ্রিক ডন্নয়নের জন্য একটি "পৃথক উন্নয়ন কর্তৃপক্ষ" গড়তে রাজ্য সরকার বিশেষভাবে বিবেচনা করছেন ;

(খ) সত্যি হলে, এটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) দক্ষিণবঙ্গে ঐ ধরনের কোনও 'উন্নয়ন কর্তৃপক্ষ' করার প্রস্তাব রাজ্য সরকারের আছে কি না এবং থাকলে কোথায়?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) প্রাথমিক স্তরে পরীক্ষিত হচ্ছে। এখনই নির্দিষ্ট সময় বলা সম্ভব নয়।

(গ) না।

**শ্রী তপন হোড় ঃ** উত্তরবঙ্গের সমগ্র উন্নয়নের জন্য একটি পৃথক উন্নয়ন কর্তৃপক্ষের কথা যা বললেন, এটা কবে নাগাদ হবে এবং কতগুলো জেলা এর মধ্যে অর্ন্তভুক্ত হবে, এর রূপরেখাটা কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কবে নাগাদ হবে, এখনই বলতে পারছি না, তবে প্রস্তাবটা বিবেচনাধীন আছে, আমাদের ভাবনা-চিন্তার মধ্যে আছে। উত্তরবঙ্গে যে নর্থ বেঙ্গল আরবান ডেভেলপমেন্ট অথরিটি, টাউন এবং কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টে যা আছে, সেইভাবে উত্তরবঙ্গের ৬টি জেলাতে করতে চাইছি। এর রূপরেখাটা এরকম হবে, বিভিন্ন জায়গায় নগরায়ন, হয়েছে, যেভাবে হয়েছে, সেটা হ্যাপাজার্ড গ্রোথ হয়েছে, সেটাকে আটকানো এবং তার সাথে জমি যাতে সদ্ব্যবহার হতে পারে, ইচ্ছা মতো যাতে জমি ব্যবহার না হয়, তা নিয়ন্ত্রণ করার জন্য একটা পরিকল্পিত উন্নয়নের উদ্দেশ্যে এই ডেভেলপমেন্ট অথরিটি আমরা করতে চাইছি, এই বিষয়ে আমরা ভাবনা-চিন্তা করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট নামে উন্নয়ন পর্ষদ করছেন এর উদ্দেশ্যে কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট সম্বন্ধে আমি আগেই বলেছি, নগর উন্নয়নকে একটা পরিকল্পিত রূপ দেওয়াই এর উদ্দেশ্য। এই ১৯৭৯ সালের। এটা যদি কোনও জায়গায় আমরা লাগু করতে পারি, যেমন ইতিমধ্যে আমাদের রাজ্যে ৬ জায়গায় ডেভেলপমেন্ট অথরিটি এবং ৮-টা জায়গায় প্ল্যানিং অথরিটি করা হয়েছে এবং এই অথরিটিগুলো প্রত্যেকটা জায়গায় একটা করে ল্যান্ড ইউজ ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান তৈরি করেছে। যেমন কলকাতায় ইতিমধ্যে এটা হয়ে গেছে। এই ল্যান্ড ইউজ ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান যদি তৈরি করা যায় তাহলে ভবিষ্যতে যদি কোনও উন্নয়ন করতে হয়, অ্যালোকেশন হয়, রি-অ্যালোকেশন হয়, শিল্প হয়, কল-কারখানা হয়, বাড়ি-ঘর হয়—সেগুলো কোন জমিতে হবে, কোথায় হবে না এক্ষেত্রে নিয়ম কি হবে তার একটা বিধান এতে রয়েছে। এটা যদি আমরা জানতে পারি তাহলে একটা পরিকল্পিত বিকাশ হতে পারে। এই জন্য এই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট আমরা লাগু করতে চাইছি।

**শ্রী তপন হোড় ঃ** কলকাতায় কি এই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যান অ্যাক্ট কার্যকর করেছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কলকাতা পৌর কর্পোরেশন এলাকার ৪৫ নম্বর এবং ৬৩ নম্বর ওয়ার্ডে এবং ইস্টার্ন প্রিন্ট এলাকা বাদে আর সমস্ত এলাকায় গত ২৭-শে মে থেকে ল্যান্ড ইউজ ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান এবং সি. এম. এ. অর্থাৎ ক্যালকাটা মেট্রপলিটন এরিয়ায় এটা কার্যকর হয়েছে। এটা এখন সকলকে মেনে চলতে হবে। আর বৃহত্তর কলকাতা—বিধাননগর, কল্যাণী এবং রাজপুর, সোনপুরের কয়েকটা মৌজা বাদ দিয়ে সমস্ত পৌর এলাকায় এই ল্যান্ড ইউজ ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যানটা প্রায় চূড়ান্ত পর্যায়ে এসে গেছে। আমরা আশা করছি ২/৩ মাসের মধ্যে ঐ সমস্ত পৌর অঞ্চলগুলোতে এই আইন কার্যকর করতে পারব।

**ডাঃ মহঃ ফজলে হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই, মাননীয় মন্ত্রীও উত্তরবঙ্গের মানুষ এবং ওখানকারের মানুষেরও ঐ রকম একটা উন্নয়ন পর্ষদের দাবি রয়েছে। এবং অমরা শুনে আনন্দিত যে, সরকার এবিষয়ে চিন্তা-ভাবনা করছেন। কিন্তু কবে হবে সে বিষয়ে পরিষ্কার করে কিছু বলা হয়নি। এটাতো ৫ বছরও হতে পারে। একটা সম্ভাব্য সময় জানাবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :** ইতিমধ্যে নীতিগতভাবে করার সিদ্ধান্ত হয়েছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীও তার অনুমোদন দিয়েছেন। আমরা আশা করছি এই আর্থিক বছরের মধ্যে ৬টা জেলা নিয়ে যে, উত্তরবঙ্গ ডেভেলপমেন্ট পর্ষদ—দার্জিলিং পার্বত্য অঞ্চল বাদে শিলিগুড়ি, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর-দিনাজপুর, দক্ষিণ-দিনাজপুর, মালদা করা সম্ভব হবে। মূলত জেলা এবং মহাকুমা অঞ্চলে এই জিনিস আমরা চালু করতে চাইছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** 'পৃথক উন্নয়ন কর্তৃপক্ষ'-ই বলুন আর উত্তরবঙ্গ উন্নয়ন কর্তৃপক্ষই বলুন—যেটা গঠন করছেন এর গঠন প্রক্রিয়া কি রকম হবে? আমরা জানি, সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড-এর মধ্যে সংশ্লিষ্ট এম. এল. এ.-রা আছে। এর গঠন পদ্ধতি কি হবে? তার কোনও সিদ্ধান্ত আপনি নিয়েছেন কি? এলাকার কাদের কাদের নিয়ে হবে?

[12-00 — 12-10 P.M.]

**শ্রী অশোক ভট্টাচার্য :** সুন্দরবন উন্নয়ন পর্ষদ এবং ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ তৈরি করা হয় উন্নয়নের জন্য। এটা হয়েছে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট অনুযায়ী। গ্রামোঞ্চলের বিকাশ গ্রামোঞ্চল যেভাবে শহরে পরিণত হচ্ছে যাতে এটা হ্যাফাজার্ডভাবে না হয় এবং এই দুটোর মধ্যে নিয়ন্ত্রণ করা। সুন্দরবনের সাথে এর অনেক পার্থক্য আছে। মুলত এটা করতে পারলে যেখানে যেখানে বাড়ি-ঘর হচ্ছে, শিল্প হচ্ছে, কৃষি জমি হচ্ছে, কারখানা হচ্ছে এই সমস্তগুলিকে আমরা নিয়ন্ত্রণ করতে পারব। উন্নয়নের সময় দেখা যায় অপরিকল্পিতভাবে উন্নয়ন হলে আমাদের ভবিষ্যতে প্রজন্মের ক্ষেত্রে এটা একটা সমস্যা হয়ে দেখা দেবে। উত্তরবঙ্গে আমরা দেখেছি অনেক জায়গায় কৃষির উন্নতি হচ্ছে, তার ফলে দেখা যাচ্ছে ছোট ছোট গ্রামগুলি শহরে পরিণত হয়েছে এবং গ্রামের যে উৎপাদিত পণ্য সেগুলি ওরা শহরে আনতে চাইছে। এই সমস্ত শহরগুলি নতুন শহরে পরিণত হয়েছে। প্রথম থেকেই যদি আমরা নিয়ন্ত্রন না করতে পারি তবে পৌরসভায় পরিনত করবার সময় কোনও পরিকল্পিত উন্নয়ন আমরা করতে পারব না। এই উদ্দেশ্যেই এই ধরনের উন্নয়ন পর্ষদ তৈরি করা।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### জেলা বিভাজন

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *২০।) **শ্রী আবদুল মান্নান :** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রশাসনিক সুবিধার্থে মেদিনীপুর জেলাকে বিভক্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কিভাবে এবং কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না

প্রশ্ন উঠে না।

**টি. সি. পি. আইন**

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৬।) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা পুর এলাকায় সব ওয়ার্ডে টি. সি. পি. (টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট) আইন বলবৎ হয়েছে কি না?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ।

**বেলডাঙ্গায় সুগারমিল**

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬১।) **শ্রী ঈদ্ মহম্মদ :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেলডাঙ্গায় সুগারমিলটি চালু করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত মিলটির অধীনে জমির পরিমাণ কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বেলডাঙ্গা চিনি কলটি পাটজাত শিল্প স্থাপনের জন্য মেসার্স চাঁপদানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামক শিল্প ইউনিটের কাছে হস্তান্তর করা হয়েছে।

(খ) বর্তমানে রাজ্য সরকারের অধীনে বেলডাঙ্গা সুগার মিলটির ১৯১ একর জমি আছে।

**পৌরসভাকে কর্পোরেশন**

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৫।) **শ্রী শিবদাস মুখার্জি :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর পৌরসভাকে কর্পোরেশনে রূপান্তরিত করার কোনও পরিকলপনা সরকারের আছে কি না?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

## Water Supply Scheme

***120.** (Admitted question No. *865) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the P.H.E. Department be pleased to state—

(a) the total amount allotted and released by way of grant/loan till 31st March, 1996 for implementation of the Water Supply Scheme for Kharagpur Municipality;

(b) whether the Kharagpur Municipality have also paid its due share of contribution towards the scheme;

(c) the total amount spent towards the implementation of the scheme till 31st March 1996;

(d) the physical progress attained so far in this regard; and

(e) by which year the scheme is likely to be completed ?

**Minister-in-charge of the Public Health Engineering Department:**

(a) Amount allotted :

State Grant : Rs. 500.07 lakhs

HUDCO loan : Rs. 1,100.00 lakhs

Total amount released upto 31st March, 1996 in respect of loan and grant is Rs. 1,324.89 lakhs

(b) Out of its total due contribution of Rs. 300.00 lakhs, the Municipality has upto 31st March, 1996 paid Rs. 120.54 lakhs.

(c) Rs. 1,378.98 lakhs.

(d) 50%.

(e) 1997-98.

## ডি. আর. ডি. এ. প্রকল্প

***১২১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২৪।) **শ্রী ইউনুস সরকার ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জেলায় জেলায় ডি. আর. ডি. এ. প্রকল্পের আওতায় প্রচলিত স্কীমগুলি ছাড়া নতুন স্কীম চালু করার বিষয়ে বিবেচনা করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, নূতন স্কীমগুলি কি কি এবং কবে থেকে তা কার্যকর হবে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এই প্রশ্নাংশের উত্তরে জ্ঞাতব্য করা হচ্ছে যে পশ্চিমবঙ্গে ডি. আর. ডি. এ.-গুলি শুধুমাত্র আই. আর. ডি. পি. ও তৎসংক্রান্ত পরিপূরক কিছু প্রকল্পের যথা ট্রাইসেস এবং ডোয়াক্রপ কাজ করে। এগুলো সবই পুরনো এবং চালু প্রকল্প। এর বাইরে নতুন কোনও প্রকল্পের কাজ ডি. আর. ডি. এ.-গুলিকে দেবার কোনও প্রস্তাব আপাতত সরকারের কাছে নেই।

(খ) স্বভাবতই নতুন কোনও স্কীম নেই এবং কার্যকর করবার দিন তারিখ দেবার প্রশ্ন উঠে না।

## Liberation Policy

***122.** (Admitted question No. *350) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) is it a fact that the Government of India has cleared/approved proposals relating to foreign collaboration and import of Capital goods for some major projects in West Bengal pursuant to its liberation policy; and

(b) if so, the details of such projects.

**Minister-in-charge of the Commerce and Industries Department :**

(a) Yes,

(b) Details of such projects are given below :

| Name of the project | Investment (Rs. in crores) |
|---|---|
| i) RBD Detecom Pvt. Ltd. | 0.40 |
| ii) Krypton Ind(Pvt.) Ltd. | 4.63 |
| iii) Woolworth | 2.75 |
| iv) Techno Digital Service Pvt. Ltd. | 1.00 |
| v) Siemens Ltd. | 81.20 |
| vi) Indian Aluminium Co. Ltd. | 58.95 |
| vii) Indo-Sukubi Fabrics Pvt. Ltd. | 5.30 |
| viii) Visuvius Ind Ltd. | 40.00 |
| ix) Pashupati Sheoung Ltd. | 14.80 |
| x) RDH technologies P. Ltd. | 1.80 |

| | | |
|---|---|---|
| xi) | Stiefel and Schuch (I) Ltd. | 18.00 |
| xii) | Kero-Rajendra Monolothics Ltd. | 3.00 |
| xiii) | Chains & Sproket (I) Pvt. Ltd. | 0.32 |
| xiv) | Webel SL Energy Systems Ltd. | 8.31 |

Regarding the matter of import of capital goods information is being collected from Govt. of India.

**রাজ্যের জেলা ভাগ**

***১২৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১২১৯।) **শ্রী শৈলজাকুমার দাস :** স্বরাষ্ট্র (কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কয়েকটি জেলাকে ভাগ করার পরিকল্পনা করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কোন কোন জেলাকে?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ এবং প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম**

***১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩।) **শ্রী সুকুমার দাস :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের এপ্রিল পর্যন্ত রাজ্যে কয়টি ব্লকে এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম চালু হয়েছে ; এবং

(খ) উক্ত সময় পর্যন্ত এ বাবদ কত টাকা ব্যয় হয়েছে?

**গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ২১৩টি ব্লকে।

(খ) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত মোট ২০,৩৪৪.৭২ লাখ টাকা খরচ হয়েছে।

**মেদিনীপুরে জল সংকট**

***১২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৪।) **শ্রী অজিত খাঁড়া :** জনস্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার ভগবানপুর ১নং ও ২নং ব্লকে পানীয় জলের সংকট নিরসনে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১। ৪-টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প কার্যকর করার জন্য গ্রহণ করা হয়েছে যার মধ্যে ৩-টি স্থাপন করা হয়েছে, বাকিটির কাজ চলছে।

২। উক্ত দুই ব্লকে পঞ্চায়েতের মাধ্যমে এ-পর্যন্ত মোট ৪৫৭-টি হস্ত চালিত নলকূপ স্থাপন করা হয়েছে।

**হাওড়া জেলা পরিষদ**

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৬।) **শ্রী সঞ্জীবকুমার দাস :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া জেলা পরিষদে বর্তমানে কর্মচারীর সংখ্যা কত ;

(খ) এই সমস্ত জেলা পরিষদ কর্মচারিদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৫৭ জন।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

**মৌ-চুক্তি ও শিল্প**

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১।) **শ্রী আবদুল মান্নান :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪ ও ১৯৯৫ সালে রাজ্যে শিল্প সংস্থাপনের জন্য কতগুলো মৌ-চুক্তি স্বাক্ষরিত হয়েছে ;

(খ) এর মধ্যে কতগুলো কার্যকর হয়েছে ;

(গ) সংস্থাপিত শিল্প কারখানাগুলোর নাম কি ও কোথায় অবস্থিত ; এবং

(ঘ) এর ফলে কতজন বেকারের কর্মসংস্থান হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মোট ৫৫টি।

(খ) মোট ৩টি বাণিজ্যিক ভিত্তিতে রূপায়িত হয়েছে।

(গ) (১) ফার্স্ট ফেরি সার্ভিস অপারেশন অন রিভার হুগলি, কলিকাতা।

(২) ওয়েবেল মিডিয়াট্রনিক্স লিঃ তারাতলা ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স, কলিকাতা-৮৮।

(৩) ওয়েবেল মিডিয়াট্রনিক্স লিঃ ২২৫-ই আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলিকাতা।

(ঘ) মোট ১৩৫ জন।

## রেকর্ডভুক্ত বর্গাদার

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬-এর এপ্রিল মাস পর্যন্ত রাজ্যে রেকর্ডভুক্ত বর্গাদারের সংখ্যা কত?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৪.৬৯ লক্ষ্য।

## সবুজ রক্ষা

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

কলকাতা পুর এলাকায় সবুজ রক্ষা করা এবং সবুজ সম্প্রসারণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কলকাতা পুর এলাকায় সবুজ রক্ষা এবং সবুজ সম্প্রসারণের জন্য সরকারের বন দপ্তরের উদ্যান ও কানন শাখার নগর ও বিনোদন বিভাগ পথিপার্শ্বে সারিবদ্ধ বৃক্ষরোপণ, পার্কের শোভাবর্দ্ধন ও তার রক্ষণাবেক্ষণ, লিলিপুল ও মনোরম দ্বীপ-বাগান তৈরি, বুলেভার্তে বনসৃজন ও তার বৃক্ষরাজি সংরক্ষণ, প্রতি বৎসর অরণ্য সপ্তাহ উদ্যাপন ও অরণ্য সপ্তাহে সর্ব-সাধারণের মধ্যে ফল, ফুল ও কাষ্ঠচারা বিতরণ, প্রভৃতি ব্যবস্থা গ্রহণ করছে।

কলকাতা পুরসভাও আরও পার্ক ও শিশু উদ্যাণ নির্মাণ, পথিপার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র বাগান সৃষ্ঠি, প্রতি বছর রাস্তার ফুটপাতে ও পার্কে বৃক্ষরোপণ, তাদের নার্সারিতে চারাগাছ তৈরি করে প্রতি বৎসর জনসাধারণের মধ্যে বণ্টন, পুষ্প ও গাছের প্রদর্শনী করা, তাদের পার্কের মালিদের মধ্যে সবুজ সৃষ্টির জন্য প্রতিযোগিতার মাধ্যমে পুরষ্কার দেওয়া প্রভৃতি করছে।

এছাড়া, সরকার ও পুরসভার প্রচারে উৎসাহিত হয়ে বিভিন্ন বাণিজ্যিক সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় জনসাধারণ, বিভিন্ন ক্লাব, এবং স্বেচ্ছাসেবী সংস্থাও এ-ব্যাপারে বেশ কিছু প্রশংসনীয় উদ্যোগ নিয়েছে।

## মুর্শিদাবাদে শিল্প

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬২।) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বড় ধরনের কোনও শিল্প স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত ক্ষেত্রে বৃহৎ শিল্প স্থাপনা সম্পর্কে প্রাথমিকস্তরে সমীক্ষা করা হচ্ছে :

১. শিল্প বিকাশ কেন্দ্র ;

২. ইস্পাত ;

৩. দুগ্ধ প্রকল্প ;

৪. মালবেরি চাষ, গুঁটি পোকার পালন এবং সিল্ক প্রক্রিয়াকরণ ;

৫. মডেল ভিলেজ ;

৬. পেপার মিল।

**বার্ধক্যভাতা**

***১৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৮।) **শ্রী সুকুমার দাস :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচি অনুযায়ী রাজ্যে কবে থেকে বার্ধক্যভাতা চালু হয়েছে ;

(খ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্য সরকার বার্ধ্যক্যভাতা হিসেবে কত অর্থ বরাদ্দ করেছেন ;

(গ) উক্ত খাতে কেন্দ্র ও রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) এপ্রিল, ১৯৯৬ পর্যন্ত কতজনকে এই ভাতা প্রদান করা হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৫ই আগস্ট, ১৯৯৫ তারিখ থেকে।

(খ) টা. ৩১৩.২০ লক্ষ (তিন কোটি তেরো লক্ষ কুড়ি হাজার) টাকা, যে অর্থ কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত টা. ৯৩৯.২০ লক্ষ (নয় কোটি উনচল্লিশ লক্ষ কুড়ি হাজার) টাকার পরিপূরক।

(গ) কেন্দ্রের দেয় অর্থের পরিমাণ টা. ১,৮৭৯.২০ লক্ষ (এক হাজার আটশ উনআশি লক্ষ কুড়ি হাজার) টাকা।

রাজ্যের দেয় অর্থের পরিমাণ টা. ৬২৫.৬০ লক্ষ (ছয়শ পঁচিশ লক্ষ ষাট হাজার) টাকা।

(ঘ) ১,৮৭,৬১১ (এক লক্ষ সাতাশি হাজার ছয়শ এগারো) জন এই ভাতা পাবার উপযুক্ত বলে বিবেচিত হয়েছে। এই ভাতা গ্রাম পঞ্চায়েত/মিউনিসিপ্যালিটি থেকে মূলত মানি অর্ডার বা সামান্য কিছু ক্ষেত্রে ব্যাঙ্ক ট্রান্সফার মারফৎ পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। ঠিক কতজনের কাছে এই ভাতা পৌছে গেছে সেই তথ্যটি সংগ্রহ করার জন্য কিছু সময় লাগবে।

### অগ্নি নির্বাপক ব্যবস্থার উন্নয়ন

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৮।) **শ্রী তপন হোড় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দশম অর্থ কমিশন অগ্নি নির্বাপক ব্যবস্থার উন্নয়নে রাজ্যকে আর্থিক সহযোগিতা দেবার জন্য সুপারিশ করেছেন ;

(খ) সত্যি হলে, উক্ত খাতে কি পরিমাণ অর্থ পাওয়া যেতে পারে বলে আশা করা যায় ; এবং

(গ) অগ্নি নির্বাপক ব্যবস্থা সর্বাধুনিক করে গড়ে তোলার জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) আশা করা হচ্ছে যে ৮ (আট) কোটি টাকা পাওয়া যাবে।

(গ) অগ্নি নির্বাপক ব্যবস্থা সর্বাধুনিক গড়ে তোলার জন্য আধুনিক উন্নতমানের যন্ত্রপাতি সংগ্রহ করা, সমস্ত দমকল কেন্দ্রগুলিকে বেতার যোগাযোগ ব্যবস্থার অধীনে আনয়ন করা, নিয়ন্ত্রণ কক্ষে কম্প্যুটার চালু করা, দমকল কর্মীদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানপূর্বক দক্ষতা বৃদ্ধি করা, আইন সংশোধন কার্যকর করা ইত্যাদি পদক্ষেপ নেওয়া হয়েছে।

### উদ্বৃত্ত জমি

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২২০।) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ভূমিসংস্কারের ফলে কত পরিমাণ জমি উদ্বৃত্ত হয়েছে ;

(খ) তম্মধ্যে কত জমি ভূমিহীনদের মধ্যে বণ্টন করা হয়েছে ; এবং

(গ) কত পরিমাণ জমি কোর্টকেসে আবদ্ধ হয়ে রয়েছে?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ২৮.৮৯ লক্ষ একর।

(খ) ৯.৯৫ লক্ষ একর কৃষি জমি ভূমিহীন ও প্রায় ভূমিহীনদের মধ্যে বণ্টন করা হইয়াছে।

(গ) কোর্ট কেসে আবদ্ধ জমির পরিমাণ ১,৮৫,৬৬৬ একর।

**কৃষি জমির রূপান্তর**

***১৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩০।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গের ব্যাপক কৃষি জমি চা বাগানে রূপান্তরিত করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, সরকার এই অবস্থার প্রতিকারের কি ব্যবস্থা নিচ্ছেন?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**আবাসন সমস্যা**

***১৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯।) **শ্রী সুকুমার দাস :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে বিভিন্ন জায়গায় আবাসন সমস্যা সমাধানকল্পে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কোন কোন জেলায় কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান, বাঁকুড়া, হুগলি, কলকাতা, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, মালদহ, জলপাইগুড়ি, দার্জিলিং জেলায় সরকারি কর্মচারিদের জন্য ভাড়া ভিত্তিক ফ্ল্যাট, মেদিনীপুর, কলকাতা বিক্রয় ভিত্তিক ফ্ল্যাট গৃহ। উত্তর ২৪-পরগনা এবং দার্জিলিং-এ ডাবগ্রামে (দার্জিলিং) হাউজিং ডিপার্টমেন্ট ওনারশিপ ফ্ল্যাট করছে। কর্মরতা মহিলাদের জন্য হোস্টেল নির্মাণের পরিকল্পনা আবাসন দপ্তর নিয়েছে এবং কাজ শুরু করেছে। এছাড়া রাজ্য আবাসন পর্ষদ ও রাজ্যের বিভিন্ন জেলায় বিক্রয় ভিত্তিক ফ্লাট গৃহ নির্মাণের কাজ করছে। আবাসন পর্ষদ অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য ২-য় পর্যায়ের জেলা

*আবাসন প্রকল্প এবং প্রাথমিক শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের জন্য ক্যাশ লোন প্রকল্প রূপায়ণের চেষ্টা করছে।*

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received three notices of Calling Attention, on the following subjects, namely :—

| Subjects | Names |
|---|---|
| i) Reported passing of unsuccessful student of St. Xavier's School, .... | Shri Tapan Hore and Shri Shiba Prasad Malik. |
| ii) Reported murder of one Abdul Hamid at Madhupur Bazzar, Barhampur of Murshidabad district on 25. 6. 96. | Shri Mazammel Haque. |
| iii) Reported hunger strike by Nepali detainees in Barhampur Central Jail. | Shri Jayanta Kumar Biswas. |

I have selected the notice of Shri Jayanta Kumar Biswas on the subject of reported hunger strike by Nepali Detainees in Berhampore Central Jail.

The Minister-in-charge may please make a statement, to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 2nd July, 1996.

## MENTION CASES

[12-00 — 12-10 P.M.]

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কাল রাত্রি বেলা আমি খবর পেলাম মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর এবং রানিনগরে পদ্মার ভাঙন শুরু হয়েছে। মুরাদাপুরে ১৫টি বাড়ি ভেঙে পড়েছে রাত্রি আটটায় খবরে জেনেছি, এখনকার অবস্থা কি জানি না। মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আমি দাবি করছি, উনি সভা শুরুর সময় বলেছিলেন বিষয়টা নিয়ে আলোচনা হবে এবং একটা ব্যবস্থাগ্রহণ করবেন। কিন্তু আজ পর্যন্ত আলোচনা হয়নি। আমি দাবি করছি উনি যেন এলাকা পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রশাসনকে নির্দেশ দেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী উপস্থিত আছেন, ওনার দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। মালদা জেলার সেন্ট জেভিয়ার্স স্কুলে ৬ বিষয়ে ফেল্ করা মালদা জেলার এস. পির মেয়েকে পাশ করিয়ে দেওয়ার জন্য ওই স্কুলের অধ্যক্ষের উপর চাপ দিয়ে, জোর করে তাকে পাশ করানোর জন্য

লা হয়। অধ্যক্ষ এস. ও. এস. পাঠিয়েছেন, এ. পি. ডি. আরের কাছে জানিয়েছেন যে আমার প্রাণ বাঁচান, আমার প্রাণ হানির, জীবন হানির আশঙ্কা আছে, এবং অন্যান্য শিক্ষকদেরও প্রাণ হানির আশঙ্কা রয়েছে। পুলিশ প্রশাসনকে ব্যবহার করে ওই এস. পি., ইংলিশবাজার থানার দারোগা অধ্যক্ষকে তুলে নিয়ে আসে এবং তাকে চুক্তিতে সই করিয়ে নেয়, তাকে পাশ করিয়ে দিতে হবে এই বলে।

স্যার, স্কুলের অধ্যক্ষ এবং শিক্ষক শিক্ষিকাদের প্রাণহানির হুমকি দেওয়া হচ্ছে। এটা খুবই মারাত্মক ব্যাপার। প্রথম 'এশিয়ান অ্যাজ'-এ খবরটি বেরিয়েছিল। আজকে 'আনন্দবাজার'-এ বড় করে খবরটি বেরিয়েছে। এ ঘটনা যদি সত্য হয় তাহলে শিক্ষক সমাজের ওপর একটা চরম আঘাত নেমে এসেছে। সেন্ট জেভিয়ার্স স্কুলের শিক্ষক শিক্ষিকাদের জীবন বিপন্ন, তাদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার এবং সংশ্লিষ্ট দোষী পুলিশ অফিসারের বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তি দানের আমি দাবি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমরা একটা খবর পেয়েছি, সেটা হচ্ছে—কলকাতার বেলঘরিয়া নিবাসী শ্রী দেবপ্রসাদ মিত্র সর্ট হ্যাণ্ড বা স্টেনোগ্রাফির নতুন পদ্ধতি আবিষ্কার করেছেন। তার এই আবিষ্কারের বিষয় নিয়ে দেশে বিদেশে আলোচনা চলছে। সুইডেন থেকে নোবেল কমিটি তাকে চিঠি পাঠিয়েছে। এতদিন ধরে সর্ট হ্যাণ্ডের ক্ষেত্রে স্যার আইজক পিট্‌ম্যানের পদ্ধতিতেই ছাত্রছাত্রীরা শিক্ষালাভ করতেন এবং তাতে অনেক দিন সময় লাগত। কিন্তু বর্তমানে শ্রীমিত্র-র পদ্ধতিতে ১/২ মাসের মধ্যেই ছাত্রছাত্রীদের শিক্ষা গ্রহণ করা সম্ভব হচ্ছে। অল্প দিনের মধ্যেই ছাত্রছাত্রীরা সর্ট হ্যাণ্ড বা স্টেনোগ্রাফিতে শিক্ষিত হয়ে উঠছে। একজন বাঙালি যুবক পরিশ্রম করে, মাথা ঘামিয়ে একটা নতুন পদ্ধতি অবিষ্কার করেছেন। দেশ বিদেশের বিদগ্ধ লোকেরা এ নিয়ে আলোচনা করছে। সুতরাং আমি বিষয়টির প্রতি মাননীয় তথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বিষয়টা একটু খোঁজ খবর করে দেখুন। যদি সত্যিই এটা হয়ে থাকে তাহলে সরকারের তরফ থেকে তাকে সহযোগিতা করা দরকার যাতে তার পদ্ধতি চালু হতে পারে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা রাজ্যে কংগ্রেস(ই) বিশৃঙ্খলা এবং অরাজকতা সৃষ্টি করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে তাদের এই অপ-প্রচেষ্টা বন্ধের দাবি জানাচ্ছি। গত ২রা মে, নির্বাচনের দিন থেকে গতকাল পর্যন্ত তারা একের পর এক ঘটনা ঘটিয়ে যাচ্ছেন। এই প্রসঙ্গে গত ২৫শে জুন প্রকাশ্য দিবালোকে যে খুনের ঘটনাটি তারা ঘটিয়েছেন সেটি এখানে উল্লেখ করতে চাই।

**মিঃ স্পিকার ঃ** মিঃ হক, আপনার নোটিশে কি আছে? আপনি হরিহরপাড়া থেকে স্টেট বাস সার্ভিসের কথা বলেছেন। সুতরাং এটা আপনি বলতে পারবেন না।

**শ্রী মোজাম্মেল হক ঃ** স্যার, আমি ওটা না বলে, এটা বলতে চাই।

**মিঃ স্পিকার ঃ** না, হয় না। আপনি বসুন। আপনারা বোঝেন না কেন, এটা নোটিশসহ গভর্নমেন্টের কাছে যায়!

**শ্রী কার্তিক বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমার নির্বাচনী কেন্দ্র আউস-গ্রামে বিদ্যুৎ সরবরাহের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করছি। স্যার, প্রতি বছর আমার বিধানসভা কেন্দ্র আউস-গ্রামের একদিকে বন্যায় ভাসে, আর একদিক, জঙ্গল মহল খরায় জ্বলে। ওখানে ব্যাপক এলাকায় বিদ্যুতের পোল গাড়া আছে, কিন্তু তার যায়নি। অফিসার লেভেলে এ বিষয়ে বহুবার বলা হয়েছে, কিন্তু কোনও ফল হয়নি। যে পোলগুলো আছে তাতে তার লাগিয়ে জঙ্গল মহলে বিদ্যুৎ পৌছে দেবার ব্যবস্থা করলে ভাল হয়। ঐ এলাকাটি সম্পূর্ণভাবে তফসিলি ও আদিবাসী অধ্যুষিত এলাকা। কংগ্রেস আমলে ওখানকার সাধারণ আদিবাসী মানুষরা পর্যন্ত অত্যাচারে গ্রাম ছাড়া হয়েছিল। পরবর্তীকালে গ্রামগুলো পুনর্গঠিত হয়েছে। ওখানে সেচের ব্যবস্থা না থাকায় চাষের উন্নতি হয়নি। সাবমার্সিবল্ টিউবওয়েল এবং স্যালো টিউবওয়েলের মাধ্যমে তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত অনুন্নত এলাকায় সেচের ব্যবস্থা করা যেতে পারে। সে ব্যবস্থা করলে ওখানকার ক্ষেতমজুররা বাঁচবে। সুতরাং ওখানে যে ২৩২-টি গ্রাম আছে সেই গ্রামগুলোয় ইতিপূর্বে যে বিদ্যুতের পোল গাড়া হয়েছিল সেই পোলগুলোয় তার লাগিয়ে বিদ্যুৎ পৌছে দেবার ব্যবস্থা করার জন্য এবং যেখানে পোল নেই সেখানেও নতুন করে পোল পুঁতে বিদ্যুৎ পৌছে দেবার ব্যবস্থা করতে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি।

[12-10 — 12-20 P.M.]

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। লালবাগ মহকুমা শহরের সার্বিক উন্নয়নের জন্য একটা মাস্টার প্ল্যান তৈরি করা দরকার। লালবাগ শহর ঐতিহাসিক শহর হলেও এটি খুবই আকর্ষণীয় স্থান। কিন্তু এর রক্ষণাবেক্ষণ হচ্ছে না। এই শহরটিকে আকর্ষণীয় করে গড়ে তুলতে পারলে পর্যটক আরও বেশি করে আসবে। লালবাগ মহকুমা শহরকে আকর্ষনীয় করার সাথে সাথে লালবাগ মহকুমা শহরে কলেজ স্থাপন, দমকল স্থাপন করা দরকার। লালবাগ মহকুমা শহর হলেও এখানে বাস স্টান্ড তৈরি হয়নি। অথচ এখানে পর্যটকরা প্রতি বছর আসছেন, প্রতি মাসে আসছেন। তবুও লালবাগ শহরকে আকর্ষণীয় করে গড়ে তোলার পরিকল্পনা হয়নি, যদিও বামফ্রন্ট সরকারের সদিচ্ছা আছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, খুব তাড়াতাড়ি এই সমস্ত পরিকল্পনাগুলি শুরু করা হোক এবং একটা মাস্টার প্ল্যান তৈরি করা হোক লালবাগ শহরের সার্বিক উন্নয়নের জন্য।

**শ্রীমতী শক্তি রানা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোপীবল্লভপুর। এই বিধানসভা কেন্দ্রে কোনও কলেজ নেই। সেখানে হাজার-হাজার ছাত্র-ছাত্রী উচ্চমাধ্যমিক পাশ করার পর তাদের উচ্চ শিক্ষার জন্য কোনও ব্যবস্থা নেই। তাই আমার অনুরোধ, সাঁকরাইল থানার কুলটিকারি গ্রামে একটি কলেজ স্থাপন করা হোক।

**শ্রীমতী নন্দরানি দল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমার নির্বাচনী এলাকা কেশপুরে তৃতীয় বামফ্রন্টের আমলে একটি সাবস্টেশন হওয়ার প্রস্তাব অনুমোদিত হয়। ১৯৮৫ সালে ঐ জায়গায় কাঁটা তার দিয়ে ঘেরা হয়েছিল। আমার অনুরোধ, এই সাবস্টেশনের কাজ এখনই শুরু করা হোক। আজকে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা বাড়ছে। ঐ এলাকার মানুষের বিদ্যুতের চাহিদাপূরণ করতে সাহায্য করবে যদি এই সাবস্টেশনটি হয়।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি এবং ত্রাণ মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখন এখানে আছি। কিন্তু আজকে "আজকাল" কাগজে বেরিয়েছে, গত ৫ দিন ধরে পুরুলিয়াতে অবিশ্রান্ত বৃষ্টি হওয়ার ফলে চাষীদের বীজ যেগুলি ক্ষেতে দিয়েছিল সেগুলি সব পচে গেছে এবং এই বৃষ্টিপাতের ফলে পুরুলিয়া জেলায় ১ হাজার থেকে ২ হাজার ঘর ভেঙে গেছে। তাই আমার অনুরোধ, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় অবিলম্বে উন্নত বীজ এবং সার সরবরাহ করার জন্য ব্যবস্থা গ্রহণ করুন এবং মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, যে ঘরগুলি ভেঙে গেছে সেগুলি পুনরায় যাতে সারিয়ে তুলতে পারে তারজন্য প্রয়োজনীয় সাহায্য দেবার ব্যবস্থা করুন।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রানিবাঁধ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত খাতরা ১ নম্বর ব্লকের দহলা অঞ্চলের গোপালপুর গ্রাম এবং তার পাশাপাশি আরও ৩টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। এরফলে ছেলেমেয়েরা পড়াশুনার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ডোমজুড় কেন্দ্রে বারো আনা সি. এম. ডি. এ. এরিয়া। ওখানে যে জল প্রকল্প আছে তারমধ্যে সি. এম. ডবলু. এসের ৬টি জল প্রকল্প। একটি নতুন হচ্ছে, বাকি সবগুলি পুরানো। ১৯৬৯ সাল থেকে এটা চলছে।

ইতিমধ্যে মেগাসিটি এলাকায় এগুলি পড়ে যাওয়ার ফলে আমরা কিছু টাকা পেয়েছিলাম, যে রকমভাবে আন্দুল মোহিয়াড়ি, বাঁকড়া শলপ, কোনা চামড়াই, বালি এবং নিবড়া এই ৫টি পুরানো, বেলানগর এবং অভয়নগর এই দুটি নূতন প্রকল্প চলছে। ইতিমধ্যে এর জন্য মানুষকে ২০ টাকা করে ট্যাক্স দিতে হয় বাড়ি পিছু। তথাপিও মানুষ চায় এই জলের লাইন যাতে এক্সটেনশন হয়। ইতিমধ্যে মানুষের চাহিদা বেড়ে গিয়েছে এবং এমন জায়গায় গিয়েছে যে এখানে একটা ডিপ টিউবওয়েল দেওয়া প্রয়োজন। এই নিয়ে সেখানে বিক্ষোভ হয়েছে। এখানে মন্ত্রী মহাশয় আছেন, অশোকবাবুর কাছ থেকে কিছু শুনে আশ্বস্ত হতে চাইছি। এই ৬টি প্রকল্পের জন্য দুটি করে ডিপ টিউবওয়েল এবং কয়েক কিলোমিটার পাইপ এক্সটেশনের জন্য দাবি জানাচ্ছি। উনি যদি এটা অবিলম্বে করে দেন তাহলে আমার এলাকার মানুষ অত্যন্ত উপকৃত হবে।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয় মাননীয় পরিবহন মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে পৌছে দিতে চাই। আমাদের মেদিনীপুর জেলার দিঘা-তমলুক রেল পথের যে অনুমোদন রয়েছে এটা অনেক দিনের অনুমোদন। কিন্তু কেন্দ্রীয় সরকার এই রেল প্রকল্পকে বাস্তবায়িত করার জন্য বিশেষ কোনও উদ্যোগ নিচ্ছে না। প্রতি বছর এই রেল প্রকল্পের জন্য এত কম পরিমাণ বাজেটে অনুমোদন করে, এইভাবে অনুমোদন পেতে থাকলে এই রেলপথ হতে কয়েক দশক লেগে যাবে। এই রেলপথ যদি হয় তাহলে দেখা যাবে পশ্চিমবাংলার অর্থনীতির অনেক পরিবর্তন ঘটবে। বিদেশিরা এখানে আসতে পারবে। তাই কেন্দ্রীয় সরকারের আগামী বাজেটে এই প্রকল্পের জন্য উপযুক্ত পরিমাণ টাকার অনুমোদন দেয় তার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পেলব কবি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি জামুড়িয়ার নির্বাচিত প্রতিনিধি। এই এলাকা খনি অঞ্চল, এখানে গ্রীষ্মের শুরু থেকে জল পাওয়া যায় না। এখানে ১৯৭৭ সালের আগে কোনও উন্নয়ন হয়নি। ১৯৮৩ সালে এখানে পঞ্চায়েত ব্যবস্থা চালু হয়, ১৯৭৭ সালে করা যায়নি। এই এলাকার যা চাহিদা, এখানকার যে পরিবেশ এবং পরিস্থিতি তাতে পঞ্চায়েতের মাধ্যমে সঠিক উন্নয়ন করা সম্ভব নয়। সেই কারণে ২ বছরের মধ্যে পৌরসভায় উন্নতি করা হয়। ৮টি পঞ্চায়েত নিয়ে এই পৌরসভা গঠিত হয়েছে এবং পঞ্চায়েতের সমস্ত কর্মচারীকে এখানে নিয়োগ করতে হয়েছে। আজকে সেখানে এমন অবস্থা যে অ্যাসেসমেন্ট থেকে কোনও অ্যাসেসমেন্ট হয় না। আমাদের এই যে নিশ্চিত আয়, সেই আয়টা আমরা করতে পারছি না। যার ফলে আমাদের চরম আর্থিক সংকটের মধ্যে দিয়ে যেতে হচ্ছে, দৈনন্দিন খরচ চালানো যাচ্ছে না। ২-৩ মাসের মধ্যে কর্মচারিদের বেতন দেওয়া যাবে না। এই আর্থিক সংকট নিরসের জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12-20 — 12-30 P.M.]

**শ্রী অমর চৌধুরি ঃ** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। ডানকুনী গ্রাম পঞ্চায়েত এবং রঘুনাথপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় ডানকুনী খাল, এবং একটু নেমে এসে বোঁদের বিল আছে। এখানে ডানকুনী কোল কমপ্লেক্স থেকে যাবতীয় আবর্জনা ফেলছে। কলকাতা থেকে খাটাল উচ্ছেদ হবার পরে সব গরু, মহিষ ওখানে চলে গেছে। সেখান থেকে সমস্ত আবর্জনা উক্ত খালে ফেলা হচ্ছে। আগে উক্ত খালের জল ওখানকার মানুষ পানীয় জল হিসাবে ব্যবহার করতেন, এবং ওখানে আগে মাছ চাষ হোত এবং সেচের কাজে ব্যবহৃত হোত। বর্তমানে আবর্জনা ফেলার জন্য উক্ত খালের জল পচে গেছে এবং দুর্গন্ধে মানুষজন টিকতে পারছেন না। এই খালটি অবিলম্বে সংস্কার করা প্রয়োজন। এটি পরিবেশ দপ্তর এবং সেচ দপ্তর, কোন দপ্তরের কাজ তা আমি জানি না। আমি তাদের উভয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী বাচ্চামোহন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা ময়নাগুড়ি, এটি ডুয়ার্সের একটি প্রবেশ পথ। এই এলাকার বেশিরভাগ মানুষ হচ্ছে চাষী পরিবারের। এদের ছেলে মেয়েদের মধ্যে শিক্ষার একটা ঝোঁক চেপে গেছে। কিন্তু বাস্তবে ময়নাগুড়িতে উচ্চ শিক্ষার জন্য কোনও কলেজ নেই। ফলে উচ্চশিক্ষা থেকে ছেলেমেয়েদের বঞ্চিত হতে হচ্ছে। এখন দেখা যাচ্ছে যে সাধারণ ঘরের ছেলেমেয়েদের ৩০-৪০ মাইল দূরবর্তী স্থানে গিয়ে উচ্চশিক্ষা নিতে হচ্ছে। আমি ময়নাগুড়িতে একটি কলেজ স্থাপন করার জন্য মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাণী সম্পদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র জামালপুরে অজয় নদের পাশে দুটি অঞ্চল আছে—বেরুগ্রাম এবং জ্যোৎশ্রীরামপুর। এই এলাকায় কোনও পশু চিকিৎসা কেন্দ্র নেই।

পঞ্চায়েতি রাজের মাধ্যমে আই-আর-ডি-পি. লোনের মাধ্যমে গ্রামবাসীদের দুধের গরু, ছাগল, হাঁস ইত্যাদি কিনে দেওয়া হয়। এগুলি যেহেতু সংকর জাতের সেজন্য এদের চিকিৎসা করাতে হয়। কিন্তু এখানে গ্রামের মানুষের ঐ সমস্ত পশুপক্ষীর চিকিৎসা করানোর কোনও সুযোগ নেই। আমি মাননীয় প্রাণী সম্পদ মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে, উক্ত এলাকায় একটি পশু চিকিৎসা কেন্দ্র স্থাপনের ব্যবস্থা করুন।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচন কেন্দ্র মঙ্গলকোটের নতুন হাটে অজয় নদীতে বীরভূমের সঙ্গে যোগাযোগের জন্য একটি ব্রিজ দীর্ঘদিন ধরে তৈরি হচ্ছে। উক্ত ব্রিজের কাজ এবং বাইপাসের কাজটি দ্রুত শেষ করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমাদের বড়জোড়া থেকে সোনামুখী পখন্না, ভায়া রাঙামাটি, এই রাস্তাটির অবস্থা খুবই খারাপ হয়ে পড়েছে। উক্ত রাস্তাটি বহুদিন যাবৎ রিপেয়ার করা হয়নি। বর্ষাকালে রাস্তাটি বাস এবং গাড়ি চলাচলের পক্ষে অনুপযুক্ত হয়ে পড়বে। বর্ষার আগেই রাস্তাটি মেরামত করার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণ বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রানিগঞ্জে গত ১৬ই জুন কংগ্রেসের একজন নেতা, সৈয়দ নুরুদ্দিন আহমেদ, ওরফে লালা এবং আরও ৬-৭ জন কংগ্রেসি মদতপুষ্ট সমাজবিরোধী রানিগঞ্জের গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী—রমা বিজয়নের বাড়ির সামনে রাত ১১টার সময়ে ওইসব সমাজ বিরোধীরা অশ্লীল ভাষায় গালাগালি শুরু করে। রমা বিজয়ন বাড়ির থেকে বেরিয়ে এসে এর তীব্র প্রতিবাদ করেন, প্রতিবাদ করার সময়ে তার উপরে প্রচন্ড মারধোর করা হয়। ওই চিৎকারে পাড়ার সমস্ত লোক বেরিয়ে আসে এবং ওই সমাজবিরোধীদের আচরণের তীব্র প্রতিবাদ করেন। ওই সময়ে সমাজ বিরোধীরা পালিয়ে যায়। থানার থেকে রাস্তাটি ২ মিঃ, ওই সমাজবিরোধীদের বিরুদ্ধে অভিযোগ করা সত্ত্বেও পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি। আজ পর্যন্ত রানিগঞ্জ পুলিশ একজন সমাজ বিরোধীকেও গ্রেপ্তার করেননি বা শাস্তিমূলক কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওইসব সমাজবিরোধীদের অবিলম্বে গ্রেপ্তার করার ব্যবস্থা করা হয়।

**শ্রী শক্তিপদ খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি হুগলি জেলার বাগনানে সুপ্রাচীন চিকন শিল্প তার শিল্প নৈপুণ্যে সারা দেশে খ্যাতি অর্জন করেছে। ওই শিল্পের সাথে যুক্ত কয়েক হাজার মহিলা শিল্পী রয়েছেন, তারা আজকে সামগ্রিকভাবে মহাজন, দালাল এবং ফড়েদের উপরে নির্ভরশীল হয়ে পড়েছেন। প্রকৃত যারা শিল্পী তারা তাদের পারিশ্রমিক থেকে বঞ্চিত হচ্ছেন। অতীতে প্রশাসনিক দিক থেকে উদ্যোগ নেওয়ার চেষ্টা হলেও ফলপ্রসূ কিছু হয়নি। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই শিল্পীদের বাঁচানো যায় এবং তারজন্য উদ্যোগ গ্রহণ করা হয়।

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা পূর্বস্থলী কেন্দ্রে সিঙ্গির অন্তর্গত শিমূলগাছি মৌজায় একটি ডিপটিউবওয়েল ১৯৯২ সালে তৈরি করা হয়েছিল। কিন্তু বিদ্যুতের সুযোগ পাওয়ার অভাবে ওটি বন্ধ আছে, এছাড়া হাই টেনশন লাইনও চোরে কেটে নিয়ে গেছে। এরফলে ওই এলাকার চাষীদের খুব কষ্ট হচ্ছে এবং চাষের খুব ক্ষতি হচ্ছে। সেই কারণে আমি ওখানে হাই টেনশন লাইনের তার লাগানোর জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী সুভাষ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র ভাতারের মানুষের দীর্ঘদিনের দাবি যে ওখানে একটি কলেজ স্থাপন করা। ওখানকার জনসাধারণ এবং অভিভাবকদের দাবি যে, ওখানে ২৫-৩০ কি. মি. মধ্যে কোনও কলেজ নেই, সেই কারণে ওই নির্বাচনী কেন্দ্রে একটি কলেজ করা হোক। যারা উচ্চশিক্ষা করতে আগ্রহী সেসব ছাত্র-ছাত্রীদের পড়ার খুব অসুবিধা হচ্ছে, এছাড়া যাতায়াতেরও খুব অসুবিধা, সেই কারণে অবিলম্বে ওই নির্বাচনী কেন্দ্রে একটি কলেজের দাবি জানাচ্ছি।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় দমকল মন্ত্রী মহাশয়ের দৃষ্টি অকর্ষণ করছি। স্যার দীর্ঘ সাত, আট বছর ধরে করিমপুর দমকলকেন্দ্র স্থাপন করার ব্যাপারে আমি এই বিধানসভায় উল্লেখ করেছি। স্যার, আমি জানি ১৯৮৭-৮৮ সালে এই প্রস্তাব সরকার অনুমোদন করেন এবং আমি দেখেছি বাজেটেও এই প্রস্তাব গৃহীত হয়েছে। অথচ এখনো সেখানে দমকল কেন্দ্র তৈরি হচ্ছে না, সেখানে কি কোনও সমস্যা দেখা দিয়েছে যার জন্য সেখানে দমকল কেন্দ্র করা যাচ্ছে না। ঐ এলাকাটি একটা গুরুত্বপূর্ণ পাট ব্যবসা কেন্দ্র এবং নদীয়া জেলার অনেক দূরে কেন্দ্রটি অবস্থিত একটি সীমান্তবর্তী এলাকা। ঐ এলাকায় আগুনের সমস্যা আছে। আমি এই প্রস্তাব দীর্ঘদিন ধরে করে আসছি কিন্তু এখনও কার্যকর হল না কেন। এখন আবার নতুন মন্ত্রিসভা গঠিত হয়েছে, মন্ত্রী মহাশয় এই ব্যাপারটা গুরুত্ব দিয়ে দেখবেন।

**শ্রী প্রতিম চ্যাটার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, যে প্রশ্নটা এখানে উত্থাপিত হল, সে সম্বন্ধে আমি বলতে চাই। আমাদের ৮৪টি দমকল কেন্দ্র আছে এবং আমাদের হাতে আরও কতগুলো প্রকল্প আছে যেগুলোর কাজকর্ম চলছে। তবে তার মধ্যে আপনার উল্লিখিত জায়গাটি নেই। পরবর্তী সময়ে এটা আমরা বিবেচনা করব।

**Dr. Ram Chandra Mondal :** Respected Mr. Speaker, Sir, through you I would like to draw the attention of the Hon'ble Minister for Scheduled Castes, Scheduled Tribes & OBC Welfare to the fact that in my constituency about 80% of the people are Scheduled Castes & OBC. There was one Scheduled Caste Inspector in Khejuri Block 2. But this post is lying vacant for more than one year and no attempt

has been made to fill up the post. Most of the students of the area are facing a lot of difficulties to fulfil their requirements.

So, I would request the concerned Minister to make arrangement for immediate posting of the Scheduled Caste Inspector there.

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ার ধামুরিয়া আমার নির্বচানী কেন্দ্র। মুরুলিয়া, ডাঙ্গা জোড়া, বোড়া প্রভৃতি অঞ্চলে মাটির নিচে প্রচুর কয়লা আছে। সেই কয়লা বেআইনিভাবে, অবৈজ্ঞানিকভাবে তোলা হচ্ছে। এইভাবে তোলার ফলে প্রায়ই কিছু লোক মারা যায়। শালতোড়া গ্রামে গ্যাস লিক করে পিতা পুত্র দুজনেই মারা গেছে। অবিলম্বে এই বেআইনি কয়লাতোলা বন্ধ হোক। এজন্য বিহার রাজ্যে যে ধরনের ব্যবস্থা করা হয়েছে সেই ব্যবস্থা আমাদের এখানে করা হোক। দুর্ঘটনা বন্ধ করার জন্য বেআইনি কয়লা তোলা বন্ধ করার জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** (অনুপস্থিত)

**শ্রী আনন্দমোহন বিশ্বাস ঃ** (অনুপস্থিত)

**শ্রী ইদ্রিস মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার নির্বাচনী কেন্দ্র এর একটা সমস্যার প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ তথা উপযুক্ত প্রশাসনিক নির্দেশ দেওয়ার আবেদন জানাচ্ছি। গলসির মানুষেরা ক্রমাগত চাহিদার কথা বিবেচনা করে ছয় বৎসর পর একটা সাব স্টেশন স্থাপিত হয়েছিল। জেলা পরিষদ কর্তৃপক্ষ তাদের গৃহনির্মাণ, আনুষঙ্গিক কাজ শেষ করেছিল। এমন কি বিদ্যুৎ দপ্তরকে সাব স্টেশনের দায়িত্বভারও হস্তান্তরিত করেছেন। তাছাড়াও আমার জানা আছে যে বিদ্যুৎ দপ্তর টেন্ডার আহ্বান করে তিন জনের কমিটি করে এবং বিদ্যুৎ সংযোজনের কাজটা শেষ করার জন্য বলে। এখানে উল্লেখ্য, প্রাক নির্বাচনী সময়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রী ওই এলাকায় এসেছিলেন এবং বলেছিলেন জুলাই মাসের মধ্যে বিদ্যুৎ সংযোজনের কাজ সম্পূর্ণ হবে। কিন্তু গাফিলতির জন্য বিদ্যুৎ সংযোজন হয়ে উঠে নি। সেজন্য স্যার, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী বিষয়টা প্রশাসনিক দিক থেকে যাতে তরান্বিত হয় এবং বিদ্যুৎ সংযোজন করে এলাকার মানুষের চাহিদা যাতে পূরণ করা যায় তার জন্য আমি আবেদন রাখছি।

**শ্রী মাণিকলাল আচার্য ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র হচ্ছে কুলটি। এখানে পানীয় জলের ভীষণ অভাব দেখা দিয়েছে। এটা কয়লা খনি অঞ্চল এখানে টিউবওয়েল নেই। কূয়া থেকে জল তোলা হয়। সেখানেও জল কমে আসছে। পি. এইচ. ই‍র পাইপ আছে কিন্তু জল নেই। কিছু ছোটো ব্যবসায়ী টুলু পাম্প দিয়ে জল ওপরে নিয়ে যাচ্ছে কিন্তু গরিব মানুষের মহলায় জল পড়ে না। আমরা বিধায়করা বারবার বলা সত্ত্বেও কোনও কাজ হয়নি। গ্রামের মানুষের একটাই দাবি, তারা শুধু জল চায়। আমরা যদি তাদের শুধু জলটুকুও না দিতে পারি। তাই আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে আমার এলাকায় যাতে জলের ব্যবস্থা হয়।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ষা এসে গেল। রাস্তাঘাট যদি সংস্কার করা না হয় তাহলে খুবই অসুবিধা হয়ে যাবে আমার বিধানসভার মধ্যে। নদীয়া জেলার চাপড়ার পদ্মমালা থেকে শিমুলিয়া পর্যন্ত রাস্তাটি খুবই খারাপ। রাস্তাটি দিয়ে বাস চলাচল করে। বাস যাবার কোনও অবস্থা নেই। ইতিমধ্যে বাস বন্ধ হয়ে গেছে। রাস্তাটি জেলা পরিষদের অবিলম্বে স্টেট প্ল্যানে নিয়ে এসে রাস্তাটি যাতে করা যায় সে ব্যবস্থা নিতে হবে। স্যার, যারা ঠিকাদার তারা যেন নিম্নমানের জিনিসপত্র দিয়ে কাজ না করে এবং যখন কাজ শুরু হবে তখন ঠিকাদাররা যাতে কোনও দুর্নীতি না করতে পারে সর্বোপরি রাস্তাটির কাজ যাতে ঠিকমতো হয় তার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রী মহাশয় এবং মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘাটাল পৌরসভার অবসরপ্রাপ্ত শিক্ষকরা তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেন না। পৌরসভার চেয়ারম্যান অহেতুক আইনের প্রশ্ন তুলে ওই অবসরপ্রাপ্ত শিক্ষকদের প্রাপ্ত টাকা থেকে তাদের বঞ্চিত করার চেষ্টা চালাচ্ছেন। ওই অবসরপ্রাপ্ত শিক্ষকদের অনেকে মারা গেছেন। তাদের বিধবা পত্নী ও পুত্ররা টাকা পাচ্ছেন না। অসরপ্রাপ্ত শিক্ষকরা যাতে অবিলম্বে তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা পান এবং ঘাটাল পৌরসভার চেয়ারম্যানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার, সংখ্যালঘুদের ভাষার ব্যাপারে, দীর্ঘদিনের দাবি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের ঘোষণার মাধ্যমে পূরণ করেছিলেন। সেজন্য গ্রেটার ক্যালকাটা, আসানসোল এবং ইসলামপুর সাব-ডিভিশনে উর্দু ভাষাকে স্বীকৃতি দিয়েছিলেন। কিন্তু এই সব এলাকায় উর্দু ভাষা-ভাষী এবং হিন্দি ভাষাভাষীর ছেলে-মেয়েদের পড়ার কোনও সুযোগ-সুবিধা নেই। সেজন্য এই ৩টি এলাকায় যাতে উর্দু এবং হিন্দী স্কুল স্থাপন করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাঁকরাইলের ইন্দাস ব্লকে ১৯৯৪ সালে মিনি ডিপটিউবওয়েল স্থাপিত হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনও পাইপ-লাইন স্থাপন হয়নি এবং বিদ্যুতের সংযোগ হয়নি। আমি এখানে অবিলম্বে বিদ্যুৎ সংযোগ এবং পাইপ-লাইন স্থাপনের জন্য ক্ষুদ্র ও সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় ১০-১২টা হিমঘর থাকার সুবিধার জন্য কৃষকদের কাছ থেকে কৃষিবিপণন দপ্তরের লক্ষ লক্ষ টাকা সংগ্রহ হয়। কিন্তু ওই দপ্তর ওই এলাকায় রাস্তাঘাটগুলো সংস্কার করে না। যার ফলে তারা জনগণ থেকে

বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। এইজন্য আমার দাবি কৃষি বিপণন আধিকারিক, জেলা-দপ্তর, মহকুমা দপ্তরের মাধ্যমে অথবা জেলা পরিষদের মাধ্যমে টাকা খরচা করে অবিলম্বে ওখানকার রাস্তাঘাটগুলোর সংস্কার করুন।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র শালবনিতে বর্তমানে দ্রুত উন্নতি ঘটছে। শালবনিতে টাঁকশাল এবং একটা আই-ক্লিনিক আছে। স্বাভাবিকভাবে শালবনিতে জনসংখার চাপ বাড়ছে। কিন্তু যে হারে জনসংখ্যা বাড়ছে সেই হারে বিদ্যুৎ সংযোগ বাড়ছে না। কাছেই ধরমপুর স্বাস্থ্যকেন্দ্র, সেখানেও কোনও বিদ্যুৎ কেন্দ্র নেই। অবিলম্বে শালবনিতে একটা বিদ্যুতের সাব-স্টেশন এবং ধরমপুর স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুতের সংযোগ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দীপক বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র ময়না, দুটি ব্লকের সমন্বয়ে—তমলুক এবং ময়না। এই এলাকায় বিদ্যুতের চাহিদা অনেক দিনের। বিদ্যুৎ দপ্তরকে ধন্যবাদ, তারা নতুন করে তমলুক থেকে ময়না পর্যন্ত বিদ্যুৎ নেওয়ার কাজ শুরু করেছেন। ময়না ব্লক, মেদিনীপুর জেলায় নুতন করে পাওয়ার স্টেশন গঠনের সিদ্ধান্তও নিয়েছেন। এই কাজগুলি যাতে দ্রুত করা যায়, তার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য-সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার আমার বিধানসভা কেন্দ্র রামপুরহাটে একটি রবীন্দ্র সদন নির্মাণের জন্য তিন বছর আগে ৬ লক্ষ টাকা মঞ্জুর করেছিল। কিন্তু দুঃখের বিষয়ে, এখনও পর্যন্ত রবীন্দ্রসদনটি নির্মাণ করা হয়নি। আমি মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে রবীন্দ্রসদনটি সত্বর তৈরি করা যায়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি ইতিপূর্বেই মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার উত্থাপন করেছেন, আমি তার পুনরুক্তি করছি, মেনশনে তুলছি এই জন্য যে, বিষয়টি অত্যন্ত মারাত্মক। আনন্দবাজার, এশিয়ান এজ, পত্রিকায় প্রকাশিত ঘটনাটি যদি সত্যি হয়, তাহলে বুঝতে হবে অবস্থাটা কোথায় নেমেছে। এটা অত্যন্ত ভাবার বিষয়। সংবাদপত্রে বেরিয়েছে—মালদায় সেন্ট জেভিয়ার্স স্কুল, দিল্লি বোর্ড পরিচালিত স্কুল, সেখানে এস. পি.-র মেয়ে ছ'টি বিষয়ে ফেল করেছে, তাকে প্রমোশন দিতে হবে। এইজন্য জেলা শাসক থেকে শুরু করে এস. পি., ও. সি., সমাজবিরোধীরা একসাথে মিলে স্কুলের প্রধান শিক্ষক, অধ্যাপকের উপর হামলা করেছে, শিক্ষকদের ভীতি প্রদর্শন করেছে। শিক্ষকরা যখন জেলা শাসকের সাথে দেখা করতে গেল, তাদের বলা হল, হয় প্রমোশন দিন, না হয় চাকরি ছেড়ে দিন। জেলা প্রশাসনের শীর্ষে বসে, পুলিশ প্রশাসনের উর্দ্ধে বসে যদি এটা হয়, তাহলে তো মারাত্মক ব্যাপার। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, এই বিষয়ে তদন্ত করা হোক, দোষী প্রমাণিত হলে সেই জেলা শাসক এবং এস. পি.-র বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র খড়গ্রামে একটি কলেজ নির্মাণের বিষয়ে এই সভায় আগেও অনেকবার উল্লেখ করেছি। ঐ অঞ্চলে ২০টি মাধ্যমিক স্কুল, দুটি উচ্চ মাধ্যমিক স্কুল, ৭টি জুনিয়র স্কুল আছে। সেখানে একমাত্র কলেজ কান্দী। এই এলাকার ছাত্ররা যেভাবে পড়ছে, তাতে প্রতি বছর এই শিক্ষাবর্ষে ভর্তি করা যাচ্ছে না। এই অবস্থায় অভিভাবকরা হয়রান হয়ে পড়ছে। ওটা তফসিলি জাতি অধ্যুষিত জায়গা, এস. সি. সিট হিসাবে চিহ্নিত। ঐ অঞ্চলের ছাত্র-ছাত্রীদের মধ্যে পড়াশোনায় আগ্রহ বেড়েছে। যাতে তফসিলি জাতি-উপজাতি ছাত্রদের সুযোগ হয়, সেইজন্য নগরে একটি কলেজ স্থাপনের জন্য অনুরোধ করছি।

[12-50 — 1-00 P.M.]

ইতিমধ্যে আমরা এলাকার মানুষদের কাছ থেকে এবিষয়ে যথেষ্ট সাড়া পেয়েছি। সেখানে এর জন্য পরিকাঠামো দরকার। এবিষয়ে এলাকায় কনভেনশন ডাকা হয়েছিল। স্যার, এটা একটা গঞ্জ এলাকা এখানে অধিকাংশই তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষের বাস। তাই স্যার, আমার আবেদন ঐ স্থানের পিছিয়ে পড়া লোকেদের জন্য একটা ব্যবস্থা করা হোক, তাদের উচ্চ-শিক্ষার জন্য একটা ব্যবস্থা করা হোক।

**শ্রী অঙ্গদ বাউড়ি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বাঁকুড়া জেলার কিছু রুটে বাসের সংখ্যা কমে গেছে। তাই স্যার, আমার দাবি, বাঁকুড়া ডিপো থেকে এবং দুর্গাপুর ডিপো থেকে বেশি সংখ্যক বাস চালানোর ব্যবস্থা করা হোক। বর্ধমান-বাঁকুড়া ভায়া ইন্দাস, দুর্গাপুর-বাঁকুড়া ভায়া বড়জোড়া এবং দুর্গাপুর-পুরুলিয়া ভায়া শালতোড়া—প্রভৃতি রুটে বাস চালানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী মীরকাশেম মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র চাপড়ার হাতিশালা গ্রাম-পঞ্চায়েতের শোলপুকুর হতে সুঁটিয়া পর্যন্ত সীমান্তবর্তী ৪ কি. মি. রাস্তা চলাচলের অযোগ্য, বহুদিন সংস্কার হয়নি। যতদূর সম্ভব ১৯৭১-৭২ সালের পর এই রাস্তার আর কোনও সংস্কার হয়নি। তাই স্যার, আপনার মাধ্যমে এবিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা রানাঘাট পূর্ব কেন্দ্র। এখানে গত পরশু দিন, ২৫. ০৬. ৯৬ তারিখে আমাদের একজন কর্মী মনোরঞ্জন দেবনাথকে রাত ৮টার সময় কংগ্রেসিরা অপহরণ করে নিয়ে খুন করে। মহাশয়, শুধু এই নয়, বারহাটায় ইতিপূর্বে একই পরিবারের ৩ জনকে কংগ্রেসিরা খুন করে। এছাড়াও রানাঘাট পশ্চিম কেন্দ্রে ৩ জনকে খুন করে। স্যার, সমাজবিরোধীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে অথচ পুলিশ-প্রশাসনের দুর্বলতার জন্য আসামী গ্রেপ্তার হচ্ছে না। এ বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, যেন ঐ সমস্ত আসামীদের গ্রেপ্তার করা হয়।

**শ্রী বাদল জমাদার :** অনারেবল স্পিকার স্যার, আমার নির্বাচনী কেন্দ্র ভাঙ্গড়। এখানে অনেকগুলো মৌজায় বৈদ্যুতিকরণের কাজ হয়নি। স্যার, যখন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ

হয় তখন কিছু কিছু জায়গায় কাজ বাকি থেকে যায়। যেখানে যেখানে বাকি রয়েছে সেখানকার লোকেদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। ইতিমধ্যে ১৯৭৬ সালের পূর্ব কংগ্রেস আমলে দুটো মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণ করা হয়েছিল। মাত্র কয়েক মিটার জায়গায় তার পরিব্যাপ্ত ছিল। স্যার, কেন্দ্রীয় সরকারের নির্দেশে কাগজে-কলমে গ্রামে বৈদ্যুতিকরণের কাজ হয়ে গেছে। এই অবিচারমূলক কাজের জন্য মানুষের মধ্যে বিক্ষোভের সঞ্চার হচ্ছে এবং ক্রমশ এটা বাড়ছে। তাই স্যার, রাজ্য সরকারের মাধ্যমে এই কাজ সম্পন্ন করার দাবি করছি এবং বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নাজমুল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়. আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী এবং পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি উদ্বেগজনক সংবাদের প্রতি—আমার কেন্দ্র হচ্ছে খড়গপুর গ্রামীণ, ওখানে প্রায় ৩,০০০ কোটি টাকার একটি ইস্পাত প্রকল্পের উদ্যোগে এবং তার প্রাথমিক কাজ শুরু হয়েছে। কংগ্রেস (আই) এবং ঝাড়খন্ডের মিলিত বিশৃঙ্খলা ও অবরোধে ঐ কাজ পন্ড হতে বসেছে। ঐতিহাসিক, রাজনৈতিক কারণে পিছিয়ে পড়া এ রাজ্যে শিল্প স্থাপন খুব জরুরি। অথচ জনবিরোধী দায়িত্বজ্ঞানহীন কংগ্রেস, ঝাড়খণ্ড ঐ এলাকার শিল্প সম্ভাবনার পরিবেশ নস্যাৎ করছে। জেলা প্রশাসনকে আমরা দেখতে বলেছি। মাননীয় পুলিশমন্ত্রী ও শিল্পমন্ত্রীকে অনুরোধ করব শিল্পটি যাতে গড়ে উঠে তার উদ্যোগ নিন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বকখালি ট্যুরিস্ট সেন্টার এবং তার আশেপাশের অঞ্চলকে কেন্দ্র করে মৎস্য বন্দর গড়ে উঠেছে, এবং ওই বন্দরকে কেন্দ্র করে হাতানিয়া-দুয়ানিয়া নদীর উপর বাস জেটি থেকে কলকাতার বা মেন্ ল্যান্ড থেকে গাড়ি চলে। কিছু দিন আগে মাননীয় অসীম দাশগুপ্ত এবং কিরণময় নন্দ মহাশয় গিয়েছিলেন উদ্বোধন করতে এবং উদ্বোধন করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন নামখানা থেকে বকখালি এই ২৭ কি. মি. রাস্তাটি স্ট্রেনদেনিং এবং ওয়াইডেনিং করা হবে এটা উনি মঞ্চে দাঁড়িয়ে বলেছিলেন। ইট ওয়াজ হিজ পারশোনাল কমিটমেন্ট। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন তার কমিটমেন্ট রক্ষা করেন এবং এই ব্যাপারে ওই অঞ্চলের জনগণের মনে যে আশার সৃষ্টি হয়েছে সেটা উনি দেখেন।

**শ্রী নৃপেন গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের মুখে ছাই দিয়ে আমাদের রাজ্য এগিয়ে চলেছে। আজকে আমরা দেখেছি অনেকেই বিদ্যুতের দাবি তুলেছেন, আমারও দাবি বিদ্যুৎ। আমার নির্বাচনী এলাকা হিঙ্গলগঞ্জ ওখানে ভবানীপুর নং-১ এবং ২, হাসনাবাদে দীর্ঘদিন ধরে ওভার হেড লাইন করা আছে কিন্তু কোনও বিশেষ কারণে এটা করা হয়নি। ঠিক নির্বাচনের সময় কংগ্রেস ওখানে বিদ্যুতের তার ছিঁড়ে এবং পোল ভেঙে ফেলে এবং এলাকায় বলে তোমরা আমাদের নির্বাচিত কর, আমরা বিদ্যুৎ আনব। দীর্ঘদিন ওখানে বিদ্যুতের সংযোগ না দেওয়ার জন্য তার এবং পোলগুলি সব নষ্ট হচ্ছে। আমার দাবি আমলানী সাব-সেন্টার থেকে যাতে বিদ্যুৎ সংযোগ করা হয় তার জন্য ব্যবস্থা নিন।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী পরেশচন্দ্র দাস :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত নির্বাচনের পর কংগ্রেস(ই) সুপরিকল্পিতভাবে গোটা পশ্চিমবাংলা জুড়ে

খুন ও সন্ত্রাসের রাজত্ব কায়েম করতে চাইছে এবং তারা তাদের কাজের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকারকে বেকায়দায় ফেলতে চাইছে। আমরা লক্ষ্য করছি নির্বাচনের পর রাজ্যের অন্যান্য জেলার মতো মুর্শিদাবাদ জেলাতেও তারা সুপরিকল্পিতভাবে একের পর এক খুনের ঘটনা ঘটাচ্ছে। তারা নওদার রফিকুল হাসানকে খুন করেছে। সূতীতে মোসলেউদ্দিনকে খুন করেছে। বহরমপুরের গজধরপাড়ার লাল মহম্মদকে খুন করেছে। বহরমপুরের নগরাজোলের জালালকে খুন করেছে। কালান, বলদার পাড়ার সাবের আলিকে খুন করেছে। পাহাড়পুরের জালালউদ্দিনকে খুন করেছে। হরিহরপাড়ার হাসেন বিশ্বাসকে খুন করেছে। তারাকপুরে আব্দুল হামিদকে খুন করেছে। অর্থাৎ এখন পর্যন্ত আমাদের মুর্শিদাবাদ জেলাতেই আমাদের ৮ জন কর্মীকে তারা খুন করেছে। এ ছাড়াও তারা একের পর এক বামফ্রন্ট সমর্থক এবং বামফ্রন্ট দরদিদের খুন করছে। আমরা একদিকে দেখছি তারা এইভাবে মানুষ খুন করছে আবার অপর দিকে এই খুন সন্ত্রাসকে ঢাকবার জন্য আলিপুরে ধর্না দিচ্ছে এবং আগামী ৫ই জুলাই বাংলা বন্ধ ডেকেছে। তারাও বলছে, তাদের নাকি অনেক কর্মী সমর্থক খুন হচ্ছে? তাই যদি হয় তাহলে আমি দাবি করছি তারা তাদের নাম প্রকাশ করুক, মানুষ জানুক তাদের কে কে খুন হয়েছে। স্যার, এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি, যারা আমাদের কর্মী সমর্থকদের খুন করেছে সে সমস্ত খুনীদের গ্রেপ্তার করে উপযুক্ত সাজা দেবার ব্যবস্থা করা হোক। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী অবিলম্বে উপযুক্ত উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী শেখ খবিরুদ্দিন ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত নির্বাচনের পর থেকে সারা পশ্চিমবাংলায় কংগ্রেস আইন-শৃঙ্খলার অবনতির নামে নাটক, সার্কাস ইত্যাদি শুরু করে দিয়েছে এবং নিজেরাই আইন-শৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে। এমন কি আগামী ৫ই জুলাই অগণতান্ত্রিকভাবে বন্ধের ডাক দিয়েছে। অথচ আমরা দেখছি গত নির্বাচনের পর আমাদের নদীয়া জেলায় সি. পি. আই. (এম)-এর ৮-জন কর্মীকে সুপরিকল্পিতভাবে, রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কংগ্রেসি সমাজবিরোধীরা এবং কংগ্রেসের ঘাতক বাহিনী খুন করেছে এবং এদের ৭-জনই রানাঘাট মহকুমায় খুন হয়েছেন। ২৩শে মে চাকদা বিধানসভার বারোহাত কলোনীতে কমরেড সাধন দত্ত খুন হন। ২৬শে মে রানাঘাটের আড়ঙ্ঘাটায় একই পরিবারের কমরেড দুলাল বিশ্বাস, কমরেড সত্য বিশ্বাস, কমরেড সুকদেব বিশ্বাস খুন হন। ১২ই জুন রানাঘাটের রাঘবপুরে কমরেড প্রহ্লাদ সরকার খুন হন। ১৮ই জুন রানাঘাটের রায়নগরে কমরেড গোবিন্দ চক্রবর্তী খুন হন এবং কমরেড সঞ্জীব বিশ্বাস খুন হন। ২৫শে জুন রানাঘাট পূর্ব বিধানসভা কেন্দ্রের গফ্‌নাপুরে কমরেড মনোরঞ্জন দেবনাথ খুন হন। এই সব খুনের ঘটনার সঙ্গে যে সমস্ত খুনীরা জড়িত তাদের অবিলম্বে গ্রেপ্তার করে শাস্তি দেবার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি। এ ছাড়াও নদীয়া জেলাতেই আমাদের বিধায়ক শ্রী সুশীল বিশ্বাসকে এস. ইউ. সি. এবং কংগ্রেসি গুন্ডারা এমন মারধোর করেছে যে সে এখনও হাসপাতালে রয়েছেন। এখনো কংগ্রেসির সমাজ বিরোধীরা আমাদের কর্মীদের এবং সমর্থকদের বাড়ি হামলা করছে। অনেকেই তাদের হামলায় আহত হয়ে হাসপাতালে ভর্তি হতে বাধ্য হয়েছেন। এইভাবে ওরা সারা পশ্চিমবাংলায় একটা সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি করছে।

**শ্রী ননীগোপাল চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় একেবারে নতুন। সে জন্য কোনও শব্দ চয়ন করলে বা কতখানি কণ্ঠের জোর দিলে দৃষ্টি আকৃষ্ট হবে বা কোনও অঙ্গভঙ্গী করলে আমার পেছনের সাংবাদিক বন্ধুরা তা দেখতে পাবেন আমার জানা নেই।

আমার কনস্টিটিউয়েন্সি উদয়নারায়নপুরে দামোদরের রাইট এমব্যাঙ্কমেন্ট স্পিল ওভার জোন বলে ছেড়ে রেখে দিয়েছেন। এর পরিবর্তন ঘটছে। দামোদরের বেশি জল আসছে, বাঁধকে ছিন্ন-ভিন্ন করে দিচ্ছে। কৃষি দপ্তর এ ব্যাপারে দায়িত্ব নিচ্ছে না। অল্প জল ছাড়লেই বন্যা হবে। আজকে কাগজে দেখছি, ঐ এলাকায় ব্যাপক বন্যা হয়ে গেছে সামান্য জলেই। কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। গতবারও ঐ একই রকম হয়েছিল। সেইজন্য আমার দাবি, অনতিবিলম্বে কৃষি দপ্তরদায়িত্বভার গ্রহণ করুন। এই খানাগুলি বেঁধে দেবার ব্যবস্থা করুন। সারা বছরের জন্য যে কয়েক হাজার টাকা পাওয়া গেছে তাতে করে সবাইকে কি করে রিলিফ দেওয়া যাবে। তাই সার্বিকভাবে রিলিফের দায়িত্ব গ্রহণ করুন। জমিতে যে ধানের চারা হয়েছিল, সেগুলি জলের তলায় চলে গেছে। আমি এলাকায় এখনো যেতে পারিনি, কাগজে দেখছি। তাই আমার সুনির্দিষ্ট প্রস্তাব, জেলার যে কৃষি ফার্মগুলি আছে—কৃষি দপ্তর থেকে সেখানে যাতে বীজ উৎপাদনের ব্যবস্থা করা হয় তারজন্য প্রয়োজনীয় নির্দেশ দিন। জল নেমে গেলেই চাষীরা যেন চাষ ধরতে পারে। কানু পাট, মনশুকা, মানশ্রী, বিধিচন্দ্রপুর, বেতাইসহ পাশ্ববর্তী এলাকা জলে ডুবে গেছে।

পরবর্তীকালে কল্যানপুর বিধানসভা কেন্দ্রেও আঘাত করবে। সেইজন্য আমার অনুরোধ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী মানিকচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র লাভপুরসহ বীরভূম জেলার দুবরাজপুর, মুরারই এই ৩টি গ্রামীণ হাসপাতালে এক্স-রে মেশিন আছে, কিন্তু শুরু থেকেই টেকনিশিয়ানের অভাবে এক্স-রের কাজ হচ্ছে না। এরফলে লক্ষ লক্ষ মানুষ এই পরিষেবার থেকে বঞ্চিত হচ্ছে। এমন কি এইসব মেশিনগুলি ব্যবহারের অভাবে অকেজো হয়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। তাই অনতিবিলম্বে ঐ ৩টি গ্রামীণ হাসপাতাল থেকে মানুষ যাতে পরিষেবার সুযোগ পেতে পারে তারজন্য টেকনিশিয়ান নিয়োগ করা হোক। এই ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভন্দু মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার অধীন ৫টি গ্রাম আছে। এই ৫টি গ্রামে ১৯৯১ সালে বিদ্যুতের খুঁটি পোঁতা হয়েছে। এই গ্রামগুলি হল, হাঁসপুর, শালবনী, বনবান্ধা, ছোটগাদো এবং বাঘাড়ি। সেই ১৯৯১ সাল থেকে খুঁটি পোঁতা অবস্থায় আছে। এখনও পর্যন্ত বিদ্যুতের সংযোগ দেবার উদ্যোগ গ্রহণ করা হয়নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি, ঐ সমস্ত গ্রামগুলিতে বিদ্যুৎ সংযোগ দেবার ব্যবস্থা করতে অনুরোধ করছি।

**শ্রী হারাধন বাউরি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলকাতা থেকে দূরবর্তী জেলায় যাতায়াতের জন্য সরকারি

বাসের ব্যবস্থা রয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, সোনামুখী, ইন্দাস, পাত্রসায়ার প্রভৃতি একটা ব্যাপক অংশে কোনও সরকারি বাসের ব্যবস্থা নেই। আমি এর আগে অনেকবার মাননীয় পরিবহন মন্ত্রীর সঙ্গে যোগযোগ করেছি, কিন্তু আজ পর্যন্ত কোনও সুরাহা হয়নি। তাই এই ব্যাপারে আবার মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ পর্যন্ত গোঘাট থানার ৩২টি মৌজায় বৈদ্যুতিকরণ হয়নি। যেখানে বৈদ্যুতিকরণ হয়েছে, সেই এলাকার মানুষ বছরের পর বছর আবেদন করে এখনো বিদ্যুৎ সংযোগ পাচ্ছে না। তা ছাড়া যারা টাকা জমা দিয়েছে তারাও বিদ্যুৎ সংযোগ পাচ্ছে না। তাই আমি অনুরোধ করছি, অগ্রাধিকারের ভিত্তিতে ঐসব এলাকায় যেন দ্রুত বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করা হয়, তা না হলে হুকিং এবং ট্যাপিং-এর সংখ্যা বাড়ছে।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী জয়ন্ত চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দমকল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষ্ণুপুর শহর অত্যন্ত পুরাতন এবং প্রাচীন শহর। এই শহরে ১৯৮৭-৮৮ সালে একটা দমকল কেন্দ্র স্থাপনের সরকারি অনুমোদন পায়। তা সত্ত্বেও আজ পর্যন্ত সেখানে দমকল কেন্দ্রটি স্থাপন করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪-পরগনার হাড়োয়া প্রাচীন কাল থেকেই সুন্দরবন এলাকার গুরুত্বপূর্ণ বাণিজ্য কেন্দ্র ও প্রশাসন কেন্দ্র। বিদ্যাধরী নদী হাড়োয়াকে দুটি ভাগে ভাগ করে রেখেছে। বামফ্রন্ট সরকারের জনমুখী কর্মসূচি, এলাকার ব্যাপক ভূমিসংস্কার বাজার সম্প্রসারিত করেছে, চাহিদা বাড়ছে। এই ক্রমবর্দ্ধমান অনতিক্রম্য চাহিদার পরিপ্রেক্ষিতে সীমান্ত শহর বসিরহাটের সঙ্গে কলকাতার সরাসরি সংক্ষিপ্ত যোগাযোগ, উত্তর ২৪-পরগনার দুটি বাণিজ্য কেন্দ্র হাড়োয়া ভাঙ্গড়ের যোগযোগ হাড়োয়ার জনসাধারণের যোগাযোগ সৃষ্টি করতে এলাকার দীর্ঘদিনের সঙ্গত দাবি হাড়োয়ায় বিদ্যাধরী নদীর উপর সেতু। আগে একটা নৌকায় চলত, এখন দুটি ভুটভুটিতেও কুলাচ্ছে না। অবিলম্বে এই সেতু নির্মাণের জন্য হাড়োয়ার সাধারণ মানুষের পক্ষ থেকে, বসিরহাট মহকুমা তথা উত্তর ২৪-পরগনার পক্ষ থেকে আমি দাবি জানাচ্ছি।

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী কাল ২৮শে জুন, আপনি জানেন সাহিত্য সম্রাট ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৫৬তম জন্ম দিবস। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ভিটা হচ্ছে উত্তর ২৪-পরগনার ঘাটালে। তার বাড়িটা বামফ্রন্ট সরকার অধিগ্রহণ করেছেন এবং কিছু টাকা পয়সা বরাদ্দ করেছেন। তার সেই পুরানো বাড়ির আদলেই সেখানে বাড়ি তৈরি করা হচ্ছে একটা অংশ। বাকি অংশের কিছুটা একজন লোক দখল করে রেখেছে। সে দাবি করছে যে, সে তার উত্তরাধিকারী। কিন্তু তার কাছে কোনও কাগজপত্র নেই। এই দখলীকৃত অংশ মুক্ত করা দরকার। এখানে একটা ভাল গবেষণা কেন্দ্র এবং সাংস্কৃতিক কেন্দ্র

গোড়ে তোলা খুব প্রয়োজন। বিশেষ করে এই এলাকায় সাংস্কৃতিক চর্চা হয়। শুধু বঙ্কিমচন্দ্র নয়, এই ঘাটালে অনেক বড় বড় শিল্পী সাহিত্যিক জন্মগ্রহণ করেছেন। এখানে একটা গবেষণা কেন্দ্র, সাংস্কৃতিক কেন্দ্র, একটা সেমিনার এবং পাশের যে সরকারি গ্রন্থাগার আছে সেটাকে আরও ভাল করে তৈরি করে এখানে স্থাপন করা যায় তাহলে ভাল হয়। এখানে এটা করতে পারলে দেশি এবং বিদেশিদের জন্য একটা পর্যটক কেন্দ্রে পরিণত হবে। এটা নৈহাটির মানুষের দাবি এবং উত্তর ২৪-পরগনার মানুষের দাবি।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ এবং ত্রাণ দপ্তরের মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমায় খানাকুল থানা এবং আরামবাগ থানা এলাকা ডিভিসি'র জলে বন্যা প্লাবিত হয়ে গেছে। আজকের খবরের কাগজেও এটি বেরিয়েছে। খানাকুলে ২৪টি অঞ্চলের প্রায় সবকটি বন্যা প্লাবিত হয়ে গেছে এবং আরামবাগ অঞ্চলও প্লাবিত হয়ে গেছে। আমার দৃষ্টি আকর্ষণ-এর মূল কথা হচ্ছে, সেচ দপ্তরের যে বাঁধগুলো আছে, সেখানে সেচ দপ্তর থেকে সাধারণ যে গানি ব্যাগ যা দেবার কথা, তাও দিচ্ছে না। ত্রাণ দপ্তর এখনো পর্যন্ত কিছুই করেনি। সেখানে যে ক্ষতি হয়েছে, ছোট ছোট বীজগুলো সব নষ্ট হয়ে গেছে। এগ্রিকালচার দপ্তরের এদিকে নজর দেওয়া উচিত। সার, এই বন্যা আগামী তিন মাস ধরে চলবে। এই বিষয়ে বিশেষভাবে নজর দেবার জন্য এবং যথাবিহীত ব্যবস্থা গ্রহণের জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, গত ৫ই মে থেকে আমাদের রাজ্যে বামফ্রন্টের কর্মীদের উপরে কংগ্রেসের সমাজ বিরোধীরা আক্রমণ চালাচ্ছে। তারফলে ইতিমধ্যেই গত ২৫শে জুন পর্যন্ত ২৪ জন বামফ্রন্ট কর্মী এই কংগ্রেসি ঘাতকদের দ্বারা খুন হয়েছে। মেদিনীপুরে ২ জন, বর্ধমানে ১ জন, মুর্শিদাবাদে ৬ জন, ২৪ পরগনা (দক্ষিণ) ২ জন, বীরভূমে ২ জন, উত্তর ২৪ পরগনায় ১ জন, হাওড়াতে ২ জন, নদীয়াতে ৮ জন এবং কলকাতায় ১ জন খুন হয়েছে। তাছাড়া ৬৩ জনকে আহত করা হয়েছে, যার মধ্যে প্রাক্তন বিধায়ক অনুরাধা দেব আছেন। আপনি ইতিমধ্যে শুনে থাকবেন, এখানে সুশীল বিশ্বাস, তিনিও ওদের হাতে আক্রান্ত হয়েছেন। ৭৩টি বাড়ি হয় পুড়েছে, না হয় লুটপাট করেছে বা ভাঙচুর করে দিয়েছে। এই আক্রমণের মধ্যে দিয়ে এবং এই তথ্যের মধ্যে দিয়ে এটি পরিস্ফুট হয়েছে। ওরা আক্রমণ চালিয়ে যাচ্ছে। কলকাতায় কাউন্সিল অফিস লুটপাট হয়েছে, ভাঙচুর হয়েছে এবং ধ্বংস করা হয়েছে সরকারি সম্পত্তি। আজকে কলকাতাসহ পাশ্ববর্তী অঞ্চলে পরিবহন দপ্তরের বাসের টায়ার খুলে নেওয়া হয়েছে এবং সরকারি পরিবহনের উপরে যত্রতত্র আক্রমণ চালানো হচ্ছে। অথচ কংগ্রেসিরা এখানে এসে চিৎকার করছেন এবং তারা হাউস বয়কট করছেন। তার ছবি পত্র-পত্রিকাগুলোতে তুলে ধরা হয়েছে। ওরা এখানে এসে হাজিরা খাতায় সই করছেন আবার হাউস বয়কট করছেন। এখানে প্রচার মাধ্যমের যারা এসেছেন, তারা ভেতরে প্রোসিডিংস কি হচ্ছে তার খবর দিচ্ছেন না। কিন্তু বাইরে যা হচ্ছে তা জনগণের কাছে তুলে ধরছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, এই হামলাকারিদের যারা আক্রমণ চালাচ্ছে তাদের গ্রেপ্তার করে শাস্তির ব্যবস্থা করুন। বিধানসভার বাইরে যা হচ্ছে তার প্রতি আমি ধিক্কার জানাই।

**Mr. Speaker :** আজকে Zero Hour হবে না।

## LEGISLATION

### The West Bengal Land Reforms (Amendment) Bill, 1996

**Dr. Surya Kanta Mishra :** Sir I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996 be referred to the Select Committee Consisting of the following members (1) Dr. Surya Kanta Mishra, Minister-in-charge of Land & Land Reforms Deptt. (2) Shri Kamalendu Sanyal, Minister of State of Land and Land Reforms Deptt., (3) Shri Biren Ghosh, MLA (4) Shri Sk. Jahangir Karim, MLA, (5) Shri Monoranjan Patra, MLA, (6) Shri Prabhanjan Mondal, MLA, (7) Shri Pankaj Ghosh, MLA, (8) Shri Unus Sarkar, MLA, (9) Shri Prabodh Purkait, MLA, (10) Shri Kripasindhu Saha, MLA, (11) Shri Subhas Naskar, MLA, (12) Shri Chittaranjan Dasthakur, MLA, (13) Shri Sanjib Kumar Das, MLA, (14) Shri Sailaja Kumar Das, MLA, (15) Shri Gopal Krishna Dey, MLA and (16) Shri Rabindranath Mondal, Chief Whip of the Govt.

The committee will make a report to the House on 15th July, 1996.

The motion was then put and agreed to.

[2-30 — 2-40 P.M.]

GENERAL DISCUSSION ON BUDGET :

**ডাঃ মহঃ ফজলে হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাসগুপ্ত মহাশয় গত ২১শে জুন যে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন তার উপর আমি সংক্ষেপে দু-চার কথা বলতে চাই। ওনার বাজেট বক্তৃতা আমি দেখেছি। উনি অনেক দিন ধরে অর্থমন্ত্রীও আছেন, সেই পুরনো কায়দায় তার আর্থিক সীমাবদ্ধতা, কেন্দ্রের বৈষম্য রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে, এইসব ভাল ভুমিকা করে তিনি নিজেকে ভাল মানুষ হিসাবে সাজাবার চেষ্টা করেছেন। এর আগে উনি অনেকবারই বাজেট পেশ করেছেন ঘাটতি শূন্য হিসাবে, গতবারেও ঘাটতি দেখিয়েছেন ১৮ কোটি, এবারেও দেখিয়েছেন ১৬ কোটি। উনি নিজে বলেছেন আবার ১৮ কোটি টাকা বছরের শেষে ঘাটতি হয়ে গেছে। এইসব বিষয়গুলি আমার মাথায় ঢোকে না, উনি একবার ঘাটতি শূন্য বাজেট করেন, আবার একবার ঘাটতি দেখান। উনি নিজে পণ্ডিত মানুষ, মাস্টার মশাই, উনি ছাত্র পড়ানোর মতো সব বলে যান, আমরা অবোধ ছেলে সব বুঝে যাই। আমাদের অভিজ্ঞতা কি, আমরা মোটা ভাত, মোটা কাপড় পরে খেয়ে-দেয়ে বেঁচে থাকতে চাই। সেই অভিজ্ঞতা দিয়েই দেখছি ২০ বছর বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় আছে, এই ২০টা বছর কম সময় নয়, ওনারা সরকারে আসার আগে

বলতেন ৩০ বছর ধরে কংগ্রেস পশ্চিমবাংলায় কিছু করেনি। তর্কের খাতিরে যদি ধরেই নিই কংগ্রেস কিছু করেনি, বিধানচন্দ্র রায়ের আমল থেকে, ওনারা তো পশ্চিমবাংলায় ২০ বছর আছেন আরও ৫ বছর থাকবেন, এই ২০ বছরে আপনারা কি করেছেন? আমরা সাধারণভাবে যেটা বুঝি—ঘাটতি শূন্য। কি ঘাটতি বাজেট করলেন সেটা বিবেচ্য নয়—পশ্চিমবাংলার মানুষ দীর্ঘ ২০ বছর ধরে কি পেলেন না পেলেন সেটাই আমি আমার অভিজ্ঞতার মধ্যে দিয়ে তুলে ধরতে চাই। উনি বক্তৃতায় বলেছেন ৪.৪ নম্বর প্যারায় রাজ্য স্তরে এই পরিকল্পনার মূল লক্ষ্য থাকছে যতদূর সম্ভব কর্মসংস্থান বৃদ্ধি করা, শিল্প, কৃষি এবং অন্যান্য ক্ষেত্রে বহমান উৎপাদন বৃদ্ধির মাধ্যমে। এই উৎপাদন বৃদ্ধির সহায়ক হিসাবে মূল লক্ষ্যের সঙ্গে থাকছে পরিকাঠামোর (বিশেষ করে রাস্তা, সেচ ও বিদ্যুতের) ;—উনি নিজে স্বীকার করেছেন পরিকাঠামো বলতে বিশেষ করে রাস্তা, সেচ ও বিদ্যুৎ অধিকতর উন্নয়ন এবং সামাজিক ক্ষেত্রগুলিতে (বিশেষ করে শিক্ষা, জনস্বাস্থ্য, আবাসন, পরিবহনের ক্ষেত্রে)।

চারটে গুরুত্বপূর্ণ ক্ষেত্রের সঙ্গে সাধারণ মানুষের স্বার্থ জড়িত। সুতরাং অসীমবাবু তার বক্তব্যে যে কথা বলেছেন তার সঙ্গে আমি একমত। পরিকাঠামো বলতে রাস্তা, সেচ, বিদ্যুৎ এবং সামাজিক ক্ষেত্র বলতে শিক্ষা, জনস্বাস্থ্য, আবাসন, পরিবহন-এর উন্নতি দরকার। এই ব্যাপারে কোনও দ্বিমত নেই। কুড়ি বছর ধরে ওনারা ক্ষমতায় আছে, একটা একটা করে যদি ধরা যায় এবং কংগ্রেস সরকারের সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে দেখা যাবে কুড়ি বছরে আপনারা কতটা কি করলেন। আজকে গরিব মানুষের দাবি মোটা ভাত, মোটা কাপড়। শিক্ষার ব্যাপারে আমি আলোচনা করতে চাই। ৪.১২ নম্বর প্যারাগ্রাফে বলা আছে—'একইভাবে সাধারণ বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রেও একটি নতুন পরীক্ষামূলক পদক্ষেপ নেওয়া হবে। শিক্ষা দপ্তরের সঙ্গে সমন্বয় করে, পরীক্ষামূলকভাবে, পঞ্চায়েত সমিতি ও পুরসভার তত্ত্বাবধানে কিছু প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হবে। পঞ্চায়েত সমিতি ও পুরসভার সাধারণ তত্ত্বাবধানে এই বিদ্যালয়গুলির পরিচালনায় সংশ্লিষ্ট অভিভাবক সমিতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। শিক্ষকরা নিযুক্ত হবেন চুক্তিবদ্ধভাবে এবং চুক্তির নবীকরণ হবে দায়বদ্ধতার ভিত্তিতে।' এই যে একটা নতুন পরিকল্পনা নেওয়া তার থেকে বোঝা যাচ্ছে শিক্ষায় একটা গাফিলতি ছিল। বামফ্রন্ট দীর্ঘ ২০ বছর ধরে রাজত্ব করার পর আমরা দেখছি, তারা ছোট ছোট ছেলেমেয়েদের গিনিপিগ মনে করে এবং তাদের নিয়ে পরীক্ষা নিরীক্ষা করা হয়। প্রথমে পাশ ফেল প্রথা তুলে দিলেন, তারপরে ইংরাজিতে পঠন-পাঠন তুলে দিলেন। বললেন পঞ্চম শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হবে। আবার এখন বামফ্রন্টের নিজেদের মধ্যে আলোচনা করে ঠিক করা হয়েছে প্রথম শ্রেণী থেকে আবার ইংরাজি আরম্ভ করা হোক। এখানে অনেক এম. এল. এ. আছেন যারা শিক্ষকতা করতেন, এইভাবে প্রতি বছর শিক্ষার মান পরিবর্তন করে ছাত্র-ছাত্রীদের গিনিপিগ বানানো হচ্ছে কিনা? আজকে আবার একটা নতুন জিনিস চালু করলেন, চুক্তির ভিত্তিতে শিক্ষক নিযুক্ত হবে এবং তা নবীকরণ হবে দায়বদ্ধতার ভিত্তিতে। তাদের দায়বদ্ধতা নতুন করে পরীক্ষা করানোর জন্য তাদের সঙ্গে চুক্তি করা হচ্ছে। কিন্তু এই চুক্তির ভিত্তিতে কারা নিয়োগ করবেন? আমি এর আগে মাননীয় শিক্ষামন্ত্রীকে এই ব্যাপারটা জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেছিলেন এই চুক্তির ব্যাপারটা বলতে পারব না। এটা শুধু অসীমবাবুর বাজেট না, বাজেট প্লেস করার আগে ক্যাবিনেটে মিটিং করা হয়। কিন্তু শিক্ষামন্ত্রী নিজে বললেন ব্যাপারটা আমি বুঝতে পারছি না। আবার কাগজে দেখলাম বিমানবাবু বলেছেন

এই ব্যাপারটা মুখ্যমন্ত্রী এবং অসীমবাবুর ব্যাপার। এই শিক্ষক কিভাবে নিয়োগ করা হবে, তার কোয়ালিফিকেশন কি হবে, তার যোগ্যতা যাচাই কিভাবে হবে তা কিছুই বলা নেই। এবার আমি স্বাস্থ্যের কথায় আসি। এই বাজেট ভাষণের ৪.১৪ নম্বর প্যারায় বলা হয়েছে— 'জনস্বাস্থ্যের ক্ষেত্রে সরকার ইতি মধ্যেই কিছুটা পদক্ষেপ নিয়েছে।' এখানেও সেই চুক্তির আছে এবং চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ করা হবে।

[2-40 — 2-50 P.M.]

তার যোগ্যতাকে বিচার করবে। এত আমার মাথায় ঢুকছে না। আজকে এটা কি অবস্থায় দাঁড়িয়েছে। এখানে অনেক সদস্যই অভিযোগ করেন হাসপাতালে ডাক্তার আছে তো ওষুধ নেই, ওষুধ আছে তো ডাক্তার নেই। হাসপাতালে ন্যূনতম স্যালাইন পর্যন্ত পাওয়া যায় না জীবনদায়ী ওষুধ তো দূরের কথা। হাসপাতালে গেলেই বলা হয় স্যালাইন নিয়ে আসুন, ইঞ্জেকশন নিয়ে আসুন, ওষুধ নিয়ে আসুন হাসপাতালে শুধুই বিছানা পড়ে আছে। গরিব মানুষেরও সমস্ত কিছু কিনে দিতে হয়। এই অবস্থা আজকে সারা পশ্চিমবঙ্গের। অনেক জায়গায় ডাক্তার নেই, নার্স নেই দরজা জানলা সব ভেঙে পড়ে আছে। সেখানে আবার একটা ডাক্তার নিয়োগ করতে হচ্ছে চুক্তির ভিত্তিতে। সেটা কিভাবে সাফল্যমন্ডিত হতে পারে। আজকে অর্থমন্ত্রী বলেছেন রাজ্যে শিল্পোন্নয়নের কথা ভাবতে হবে। শিল্প করতে গেলে পরিকাঠামো দরকার। পরিকাঠামো, রাস্তা, বিদ্যুৎ, পরিবহন এইসব জিনিস না থাকলে শিল্প গড়ে উঠতে পারে না। মুখ্যমন্ত্রী যতই বারবার বিদেশে যান আর শিল্পপতিদের নিয়ে আসুন। কারণ শিল্প বিনিয়োগের জন্য পরিকাঠামো দরকার। তাছাড়া আপনারা শুধুমাত্র কলকাতাকে সামনে রেখে শিল্প বিনিয়োগের কথা ভেবেছেন। সমস্ত রক্ত যদি মাথায় উঠে যায় তো তাকে সুস্বাস্থ্য বলা যায় না। পুরুলিয়া, মেদিনীপুর এদের কথা ভুলে গেলে চলবে না। উত্তরবঙ্গের কথা বলি। উত্তরবঙ্গের শিল্পের জন্য কি ব্যবস্থা নিয়েছেন? রাস্তা একটাই ন্যাশনাল হাই ওয়ে। উত্তরবঙ্গের বড়বড় ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্সগুলোতে কোনও বিমান পরিষেবার ব্যবস্থা করেননি। একমাত্র বাগডোগরা ছাড়া। বায়ুদূত সার্ভিস যেটা ছিল সেটাও এখনও নেই। পরিবহনের ক্ষেত্রে এই তো অবস্থা। বিদ্যুতের ক্ষেত্রে দেখেছি কলকাতায় লোডশেডিং নেই, কলকাতার লোক সুখে আছে। উত্তরবঙ্গে বিদ্যুতের কি অবস্থা? জলঢাকা থেকে মাত্র ৯/১০ মেগাওয়াট বিদ্যুৎ আসে। তো এই যেখানে অবস্থা। পরিবহন নেই, রাস্তা নেই, বিদ্যুৎ নেই সেখানে শিল্প কি করে হবে? আজকে উত্তরবঙ্গে কাঁচামালের কোনও অভাব নেই। পাট আছে, বাঁশ আছে, ডলোমাইট আছে। এখান থেকে বাঁশ দিয়ে পেপার মিল হতে পারে। এখান থেকে বাঁশ দিয়েই টিটাগড় পেপার মিল চলছে। কিন্তু আজ পর্যন্ত এখানে হল না। এখানকার ডলোমাইট কুচবিহারের বুকের উপর দিয়ে বাংলাদেশে চলে যাচ্ছে। সেখানে সিমেন্ট মিনি সিমেন্ট কারখানা হচ্ছে অথচ এখানে কিছুই হচ্ছে না।

সেখানে সেচের কোনও ব্যবস্থা নেই। ক্ষুদ্র সেচ, রিভার-লিফট, ডিপটিউবওয়েল জওহর রোজগার যোজনা প্রকল্পের মাধ্যমে কিছু কিছু সেখানে হয়েছিল। কিন্তু নতুন করে সেচের কোনও ব্যবস্থার কথা সেখানে ভাবা হয়নি। উত্তরবঙ্গের কৃষির উন্নতি করতে হলে সেচের ব্যবস্থা করতে হবে, বিদ্যুতের ব্যবস্থা করতে হবে। উত্তরবঙ্গের জন্য মাস্টার প্ল্যানের দরকার। ভাকরা-নাঙ্গাল বাঁধের মাধ্যমে যেমন পাঞ্জাবের উন্নতি করা হয়েছে তেমনি উত্তরবঙ্গের ওই

৫টি নদীকে নিয়ন্ত্রিত করে সেখানে ড্যাম তৈরি করে জলকে সংরক্ষণ করে বন্যা নিয়ন্ত্রণ এবং বিদ্যুৎ তৈরির ব্যবস্থা করা দরকার। ওই বিদ্যুতে উত্তরবঙ্গের হয়েও পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে দিতে পারবে। কিন্তু সেই ব্যবস্থার কথা বাজেটে বলা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় বাজেট বইয়ের ৪.৪-এ বলা আছে—রাজ্যস্তরে এই পরিকল্পনার মূল লক্ষ্য থাকছে যতদূর সম্ভব কর্মসংস্থান বৃদ্ধি করা, শিল্প, কৃষি এবং অন্যান্য ক্ষেত্রে বহমান উৎপাদন বৃদ্ধির মাধ্যমে। কর্মসংস্থানের কথা বলা হয়েছে। কিন্তু বামফ্রন্ট সরকার ১৯৭৭ স'লে যখন পশ্চিমবঙ্গে ক্ষমতায় আসেন তখন বেকার সংখ্যা ছিল মাত্র ১২ লক্ষ। কিন্তু ১৯৯৬ সালে বেকারের সংখ্যা দাঁড়িয়েছে ৫২ লক্ষ। আমি কাউকে দোষারোপ করছি না। জনসংখ্যা বেড়েছে, শিক্ষিত লোকের সংখ্য বেড়েছে, সেজন্য বেকার বেড়েছে। কিন্তু বেকারের সংখ্যা ৫২ লক্ষ হবে কেন? বেকারের সংখ্যা আরও কিছুটা কমতে পারত। আরও কিছু কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারতেন। ক্ষুদ্র ও কুটির শিল্প তৈরি, স্বনিযুক্তি প্রকল্পের কথা বলা হয়েছে। কিন্তু বাস্তবে কি হয়েছে? এই সব প্রকল্পগুলো জওহর রোজগার প্রকল্প ও ইন্দিরা আবাস যোজনা প্রকল্পের মাধ্যমে করা হচ্ছে। এই প্রকল্পের ৮০ পারসেন্ট টাকা কেন্দ্র দেয় এবং ২০ পারসেন্ট টাকা রাজ্য দেয়। রাজ্য সরকার নিজের উদ্যোগে পশ্চিমবঙ্গের বেকার, গরিব ভাইদের জন্য কর্মসংস্থানের কি ব্যবস্থা করেছেন সেটা ভেবে দেখতে হবে। আমি কংগ্রেসের পক্ষেও বলছি না, আপনার পক্ষেও বলছি না। মাননীয় অর্থমন্ত্রী আপনি আছেন, আরও ৫ বছর থাকবেন, আপনি পন্ডিত মানুষ। আপনি অঙ্কের হিসেবে যোগ-বিয়োগ, প্লাস-মাইনাস দেখিয়ে, নানা রকম ফিগার দিয়ে এই বাজেটের সঙ্গে কেন্দ্রের তুলনা করেছেন। কিন্তু ফিগার-ডাটাতে যা দেখানো হচ্ছে তা বাস্তবায়িত হচ্ছে না। গ্রামের গরিব মানুষের কথা ভাবা হচ্ছে না। বেশির ভাগ এম. এল. এ. গ্রাম থেকে আসেন। তারা গ্রামের মানুষের হয়ে যেসব কথা বলেন সেগুলো যদি বাস্তবে রূপায়িত না হয় তাহলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের আশীর্বাদ থাকবে না। এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২১শে জুন তারিখে ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরের যে বাজেট বরাদ্দ এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পেশ করেছেন আমি সেই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সাথে সাথে বিরোধীদের আনা সমস্ত কাট-মোশনের বিরোধিতা করছি। মাননীয় অর্থমন্ত্রী একটা জনমুখি এবং বাস্তবোচিত বাজেট আগামী বছরের জন্য আমাদের সামনে উপস্থিত করেছেন সেই কারণে আমি এই বাজেটকে সমর্থন করছি।

[2-50 — 2-60 P.M.]

সাধারণ মানুষের উপর করের বোঝা না চাপিয়েও, অনেকগুলি ক্ষেত্রে কর ছাড় দিয়েও উন্নয়ন খাতে বিশেষ কিছু ক্ষেত্রে বরাদ্দ বাড়িয়েও উন্নয়নকে অব্যাহত রাখার এই যে জনমুখী বাজেট তিনি উপস্থাপিত করেছেন, তা সত্যিই অভিনন্দনযোগ্য। বিরোধীরা কার্যত এই বাজেট সম্পর্কে কিছুই বলতে পারেননি, রাজনৈতিক উদ্দেশ্যেই বিরোধিতা করছেন। কিন্তু বিরোধিতা করতে গিয়ে নিজেদেরই হাস্যাস্পদ করে তুলেছেন। কারণ, এই বাজেটে মাননীয় অর্থমন্ত্রী খুব সামান্য ঘাটতি—১৬ কোটি টাকার ঘাটতি দেখিয়েছেন এবং প্রত্যয়ের সঙ্গে জানিয়েছেন যে, বছরের শেষে পরিকল্পনা খাতে পূর্ণ ব্যায় করেও এই ১৬ কোটি টাকা ঘাটতি পূরণ করেও

পরিকল্পনাকে রক্ষা করবেন। এটা এই জন্যই বিশ্বাসযোগ্য মনে হয়েছে যে, গত বছরেও এই হাউসে ১৮ কোটি টাকার মতো সামান্য ঘাটতি দেখিয়েছিলেন এবং এই ১৮ কোটি টাকা ঘাটতি পূরণের সঙ্গে সঙ্গে পরিকল্পনা ব্যয়েরও ১০০ শতাংশ তিনি পূরণ করতে পেরেছেন। পেরেছেন এই কারণেই যে, বিভিন্ন জায়গা থেকে সম্পদ সংগ্রহের যে প্রস্তাব তিনি রেখেছিলেন, অত্যন্ত আন্তরিকতার সাথে, নিষ্ঠার সাথে তিনি সেই সম্পদ আহরণ করতে পেরেছিলেন। আমরা আশা করব, চলতি বছরেও তিনি এই ঘাটতি পূরণ করে পরিকল্পনাকে রক্ষা করবেন এবং উন্নয়নকে অব্যাহত রাখবেন। বিরোধীরা এসব বুঝবেন না এই কারণে যে, বামফ্রন্ট সরকার তার চলার জন্মলগ্নেই যে বিকল্প নীতি ঘোষণা করেছিল, সেই নীতির নিরিখেই মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট ঘোষণা করেছেন। সেই নীতির একদিকে যেমন সাধারণ মানুষ, শ্রমজীবী মানুষের স্বার্থে কাজ করার সদিচ্ছা রয়েছে, সঙ্গে সঙ্গে ক্ষমতার বিকেন্দ্রিকরণ করে নির্বাচনে নির্বাচিত জনগণ যে স্বায়ত্বশাসন প্রতিষ্ঠা করেছিল, তার মাধ্যমে ব্যাপক জনগণকে উন্নয়নমূলক কাজের অংশীদার করে, যুক্ত করে যে কাজ করার বিকল্প দৃষ্টিভঙ্গির পথেই এই বাজেট অর্থমন্ত্রী এখানে উপস্থাপিত করেছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** বীরেনবাবু, আপনি বললেন যে কাট মোশনের বিরোধিতা করছি, ওরা বলছেন কাট মোশনের সমর্থন করছি। এটা আপনাদের সবার জানা দরকার যে, জেনারেল ডিসকাশনে কাট মোশন হয় না, যখন ডিমান্ড আসবে, তখন কাট মোশন আসবে।

**শ্রী বীরেন ঘোষ ঃ** এই বাজেটের মধ্যে যে সাফল্য অর্জিত হতে দেখছি, সেজন্য পশ্চিমবাংলার মানুষ হিসাবে আমরা গর্ববোধ করি। আমরা দেখতে পাচ্ছি আমাদের এখানে সামগ্রিক উৎপাদন জনিত আয় বৃদ্ধির হার ৫.৬ শতাংশ, সেখানে জাতীয় স্তরে এই আয় বৃদ্ধির হার হচ্ছে ৪.৩ শতাংশ। খাদ্যশস্য উৎপাদনের বার্ষিক গড় ভারতবর্ষের সমস্ত রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি সারা ভারতবর্ষে যেখানে ২.৮ শতাংশ, সেখানে আমাদের রাজ্যে ৫.৯ শতাংশ। কয়েক বছর ধরেই ধারাবাহিকভাবে এই সাফল্য বজায় আছে। ১৯৯৪-৯৫ সালে ১৩২ লক্ষ ৮ হাজার মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন করার রেকর্ড হয়েছিল। ১৯৯৫-৯৬ সালে এখানকার কৃষকরা মাথার ঘাম পায়ে ফেলে ১৩৫ লক্ষ ৫ হাজার মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন করে, যা সর্বকালীন রেকর্ড। এই সর্বকালীন রেকর্ড সৃষ্টি হয়েছে পশ্চিমবাংলার মাটিতে। মৎস্য উৎপাদনেও আমরা ধারাবাহিকবাবে প্রথম স্থান পাচ্ছি। বনজ সম্পদ, আলু উৎপাদন, সবজী উৎপাদন, ফল, বিভিন্ন ক্ষেত্রেই সর্বভারতীয় যে গড়, সেখানে আমরা প্রথম সারিতে রয়েছি। এই যে সাফল্য, এতে পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে বিরোধী দলের বন্ধুদেরও গর্ব হওয়া উচিত।

কিন্তু তারা এটাকে নস্যাৎ করে দিয়ে পশ্চিমবাংলার মানুষ হিসাবে, পশ্চিমবাংলার মানুষের শ্রমের বিনিময়ে সাফল্য যেটা পাওয়া গেছে সেটা এই সরকার তাদের তুলে দিয়েছেন। তাকে ওরা নস্যাৎ করতে চাইছেন। এ থেকেই বোঝা যায় ওরা আর যাই চান পশ্চিমবাংলার ভাল চান না। পশ্চিমবাংলার এই যে সাফল্য এটা বিকল্প অর্থনীতির ফল। এর সাথে আছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং মানুষকে যুক্ত করে ভূমি-সংস্কার। ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। এই দেশের বেশির বাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। এছাড়া এখানকার মানুষ এগিয়ে যেতে পারেন না। কিন্তু কংগ্রেসে ভূমি-সংস্কারের কাজে তার শ্রেণী স্বার্থকে অবহেলা করে

এবং তার ফলে আজকে উৎপাদনশীলতা বাড়েনি, শিল্পে মন্দা দেখা দিয়েছে, কল-কারখানা বন্ধ হয়েছে, দেশের অভ্যন্তরে বাজার সৃষ্টি হয়নি, রুদ্ধ হয়ে রয়েছে। গোটা ভারতবর্ষে এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার অগ্রাধিকারের ভিত্তিতে ভূমি-সংস্কারের কাজ সামনে এগিয়ে নিয়ে চলেছেন। বামফ্রন্ট সরকারের আমলেই অধিকাংশ ভূমি-সংস্কারের কাজ হয়েছে। এই সরকারের আমলেই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে, কৃষকদের সহযোগিতার মধ্যে দিয়ে জমির কেন্দ্রীভবন ভেঙ্গে গরিব প্রান্তিক ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বিলি করার মধ্যে দিয়ে আজকে উৎপাদনশীলতার বন্ধ দরজা খুলে দেওয়া হয়েছে। আর তার ফলে আমাদের এই সাফল্য অর্জিত হয়েছে। আজকে যখন ভূমি-সংস্কারের মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের গরিব ভূমিহীন এবং প্রান্তিক কৃষকদের হাতে ২৯ শতাংশ জমি রয়েছে তখন পশ্চিমবাংলার জমির কেন্দ্রীয় ভবনকে ভেঙ্গে গরিব ভূমিহীন লোকেদের হাতে ৬০ শতাংশ তুলে দেওয়া সম্ভব হয়েছে। এবং এর মধ্যে দিয়ে ১৪ লক্ষ বর্গাদারের নাম রেকর্ড করার মধ্যে দিয়ে আরও বেশি সংখ্যক মানুষকে এর মধ্যে যুক্ত করা গেছে। মোট ২৩ লক্ষ ১১ হাজার কৃষককে জমি বিলি করার মধ্যে দিয়ে তাদের হাতকে শক্ত করা গেছে। এর মধ্যে আবার ৫৭ শতাংশ মানুষ হচ্ছে সমাজের তফসিলি জাতি উপজাতীয় মানুষ। এর মধ্যে দিয়ে এতদিন কৃষকদের উৎপাদনের ক্ষেত্রে যে বন্ধ দরজা ছিল তা আজকে খুলে গেল। উৎপাদনের ক্ষেত্রে একটা সাফল্য দেখা দিল। এবং এইভাবে পশ্চিমবঙ্গ সাফল্যের পথ ধরে বিভিন্ন ক্ষেত্রে এগিয়ে চলেছে। তাই মাননীয় অর্থমন্ত্রী যে কথা তার বাজেটে পেশ করেছেন ভূমি-সংস্কারের ব্যাপারে—মাননীয় সদস্যরা যতই সমস্বরে চিৎকার করুন—সেটা সত্য। আমাদের দেশের জোতদার-জমিদারদের প্রতিনিধিত্ব করেন ওরা। তাই কংগ্রেস দীর্ঘদিন ক্ষমতায় থাকা সত্ত্বেও জমিদারী অধিগ্রহণ আইন বা ভূমি-সংস্কারের নামে ঐ জোতদার-জমিদারদের হাতে জমি তুলে দিয়েছে। জমিদারী উচ্ছেদের নামে তাদের টাকা পাইয়ে দিয়েছে। একমাত্র পশ্চিমবাংলা রাজ্য যেখানে জমিদারী অধিগ্রহণ করে সেই জমি ভূমিহীনদের মধ্যে বিলি করা হয়েছে। এর ফলে একদিকে যেমন উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে সঙ্গে সঙ্গে গ্রামের গরিব মানুষের চেতনাও বৃদ্ধি পেয়েছে। আবার পঞ্চায়েতের মাধ্যমে উন্নয়নমূলক কাজে আমরা অধিক লোককে যুক্ত করতে পেরেছি এবং আমরা সাফল্য পেয়েছি। এই উৎপাদন বৃদ্ধির মধ্যে দিয়ে তাই আজকে কর্মসংস্থান-এর বৃদ্ধি ঘটেছে। এখানে একটু আগে একজন মাননীয় সদস্য বললেন, এখানে নাকি কর্মসংস্থান হচ্ছে না। কর্মসংস্থান মানে শুধু অফিস-আদালতে চাকরি নয়, ক্ষুদ্র-শিল্প, কুটির শিল্প এবং অন্যান্য শিল্পে লক্ষ লক্ষ বেকার মানুষের কাজের সংস্থান করা, উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং সেই পথ আজকে তৈরি হয়েছে। আজকে গ্রামাঞ্চলের মজুরদের মজুরি বৃদ্ধি হয়েছে। যদিও অতীতে এই জিনিস কল্পনা করা যেত না।

[3-00 — 3-10 P.M.]

আজকে যে ক্ষেত-মজুরদের মজুরি বৃদ্ধি ঘটানো হচ্ছে আগে তা কল্পনাও করা যেত না। তাদের মজুরি বৃদ্ধি করা হয়েছে, বামফ্রন্ট সরকার তাদের একটু জমি দিয়ে, তাদের মিনিকিট দিয়ে, বীজ, সার এবং চাষের সরঞ্জামের বিশেষ ব্যবস্থা করে দিয়ে এবং এর মধ্যে দিয়ে তাদের কর্মসংস্থানের সুযোগ বাড়িয়েছে। তার ফলেই ভূমিহীন কৃষকদের হাতে কিছু পয়সা এসেছে এবং তারা সেই পয়সাটা গ্রামের মধ্যেই খরচ করছে, ফলে আজকে পশ্চিমবাংলার

গ্রামাঞ্চলে একটা নতুন আভ্যন্তরীণ বাজার সৃষ্টি হয়েছে। পরিসংখ্যানে দেখা যাচ্ছে গ্রামাঞ্চলের মানুষের কিছু আয় বেড়েছে, ৩০ হাজার কোটি টাকা। পরিসংখ্যান এ কথাও বলছে যে গ্রামাঞ্চলে বছরে ৩০ হাজার কোটি টাকা আয় বৃদ্ধির মধ্যে দিয়ে ৮ হাজার কোটি টাকার শিল্প চাহিদা বেড়েছে। যে নতুন বাজার সৃষ্টি হল, তার মধ্যে থেকে ৮ হাজার কোটি টাকার শিল্পপণ্যের চাহিদা বৃদ্ধি হল, সেই চাহিদা অনুযায়ী আজকে পশ্চিমবাংলার নতুন শিল্প গঠনের পরিবেশ তৈরি হয়েছে। পশ্চিমবাংলায় এখন বিভিন্ন বিনিয়োগকারিরা ছুটে আসছে খাদ্যভিত্তিক শিল্প তৈরির একটা বাতাবরণ সৃষ্টি হয়েছে বলেই। এটাতে একদিকে যেমন কেন্দ্রীয় সরকারের দীর্ঘ দিনের বঞ্চনা এবং লাইসেন্সিং প্রথা কিছুটা শিথিল হচ্ছে এবং মাসুল সমীকরণ নীতি শিথিল হচ্ছে। এগুলি যেমন এক দিকে হচ্ছে তার সঙ্গে সঙ্গে চাহিদার দিক থেকেও পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের পথ বেয়ে আভ্যন্তরীণ বাজারও তৈরি হয়েছে। সেই বাজার থেকে আজকে শিল্পপণ্যের যে চাহিদা বেরিয়ে এসেছে, সেই চাহিদা পূরণের তাগিদে পশ্চিমবাংলার মানুষের কল্যাণে এই বামফ্রন্ট সরকার সেই শিল্প পরিবেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে। মাননীয় অর্থমন্ত্রী সেই শিল্প পরিবেশকে রক্ষা করে আজকে এই শিল্প পরিবেশের সুযোগ বৃদ্ধি করতে পেরেছে। আগামী দিনে পশ্চিমবাংলার এক দিকে কুটির শিল্পকে একটা জায়গায় নিয়ে গিয়েছে এবং অপরিদিকে বৃহৎ শিল্প করার জন্য যে প্রস্তাবগুলি এনেছেন এবং আমাদের পশ্চিমবাংলায় পরিকল্পনার মধ্যে দিয়ে ভূমি সংস্কারের পথ ধরে কৃষিতে যে উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। আমরা বর্তমানে সেই শিল্পে উল্লেখযোগ্য সাফল্য লাভের দিকে এগিয়ে যাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে সেই প্রতিশ্রুতিরই প্রতিফলন ঘটেছে। মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেটের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গি হচ্ছে আজকে সমাজের পিছিয়ে পড়া মানুষের স্বার্থে কাজ করার যে প্রতিশ্রুতি ঘোষণা করেছেন সেই মতো মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট প্রস্তাবের ৪.১৬ থেকে ৪.১৯ পরিচ্ছেদে কয়েকটি উল্লেখযোগ্য ঘোষণা করেছেন। সেইদিক থেকে দেখা যাবে গ্রামীণ সমাজের সবচেয়ে বেশি পিছিয়ে পড়া মানুষ, যারা গরিব, ক্ষেত-মজুর, যারা সমাজকে তাদের মুখের খাবার তুলে দিয়ে আজকে বৃদ্ধ হয়ে পড়েছে, তাদের যখন আর কিছুই দেবার থাকে না। যেমন সরকারি কর্মচারীরা, শিক্ষকরা কাজ থেকে অবসর নেওয়ার পর প্রভিডেন্ড ফান্ডের টাকা পান। আমাদের আজকে যারা ভূমিহীন ক্ষেত-মজুর তাদের জন্য এই ব্যবস্থা ছিল না। মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি যে এই ধরনের একটা ঐতিহাসিক ঘোষণা তিনি বাজেটের মধ্যে করেছেন। গ্রামের সেই অবহেলিত মানুষদের জন্য যে প্রভিডেন্ড ফান্ড প্রকল্পের ঘোষণা করেছেন সেটা অবশ্যই অভিনন্দনযোগ্য। তিনি বার্ধক্য ভাতা, পেনসন অনেক দিন ধরেই দিচ্ছেন, আর বার্ধক্য ভাতা, উইডোপেনসন, মৎস্যজীবীদের বার্ধক্যভাতা বিভিন্ন প্রকল্প চালু করলেন। বিগত কংগ্রেস সরকারের অনুসৃত যেনীতি সেই নীতির কারণেই অতীতে ভারতবর্ষের মানুষ তাদের জীবনে এই প্রকল্প দেখেনি। দ্রব্যমূল্যের সূচক বৃদ্ধির সাথে সাথে যখন সরকারি কর্মচারী বন্ধুদের ডি. এ. বাড়ে, শিক্ষক মহাশয়দের মহার্ঘ্য ভাতা বাড়ে তখন আমার গাঁয়ের গরিব কৃষকের জন্য কোনও ব্যবস্থা হয় না। সে জন্য অত্যন্ত স্বাভাবিকভাবেই বার্ধক্য ভাতা বৃদ্ধির প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী করেছেন। আর একটা উল্লেখযোগ্য বিষয়ের জন্য আমি মনে করি পশ্চিম বাংলার সাধারণ মানুষ মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাবেন। নির্বাচনের আগে বামফ্রন্ট তার নির্বাচনী ইস্তাহারে প্রতিশ্রুতি দিয়েছিলেন, 'বন্ধ হয়ে যাওয়া কল-কারখানার বেকার শ্রমিকদের সস্তা দরে খাদ্য

শস্য সরবরাহ করা হবে।' বিগত কেন্দ্রীয় সরকার গ্যাট চুক্তির শর্ত মেনে যে জনবিরোধী নীতি গোটা দেশে চালু করে গেছেন তার ফলশ্রুতি হিসাবে বিদেশি সাম্রাজ্যবাদের কাছে গোটা দেশটা বাঁধা পড়ে গেছে। ফলে গোটা দেশে অসংখ্য কল-কারখানা বন্ধ হয়ে গেছে। গোটা দেশের সাথে পশ্চিমবাংলায়ও অনেক কল-কারাখানা বন্ধ হয়ে পড়েছে। অনেক কল-কারখানা কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলে মুখথুবড়ে পড়েছে। বামফ্রন্ট সরকার সেসব কল-কারখানার শ্রমিকদের সব সময়েই সাহায্য করার চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং সেই পরিপ্রেক্ষিতেই তারা তাদের নির্বাচনী ইস্তাহারে ঘোষণা করেছিলেন যে, বন্ধ কল-কারখানার শ্রমিকদের জন্য তারা সস্তা দরে কিছু খাদ্যশস্যের ব্যবস্থা করবেন। আজকে সেই প্রতিশ্রুতির সফল রূপায়ণের প্রত্যাশা আমাদের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট প্রস্তাবের মধ্যে দিয়ে জাগিয়ে তুলেছেন। মাননীয় অর্থমন্ত্রী, তার বাজেট প্রস্তাবের মধ্যে ঘোষণা করেছেন—বন্ধ কল-কারখানার শ্রমিকদের অর্ধেক মূল্যে চাল গণবণ্টন ব্যবস্থার মধ্যে দিয়ে বিক্রয় করা হবে। কেন্দ্রে যে নতুন যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে তাদের নীতির সঙ্গে সামঞ্জস্য রেখেই তিনি এটা ঘোষণা করেছেন। এর জন্য মাননীয় অর্থমন্ত্রীকে আমি আর একবার অভিনন্দন জানাচ্ছি। এই ধরনের পদক্ষেপ গ্রহণ এবং রাজ্যের উন্নয়নের গতিকে অব্যাহত রাখার উদ্দেশ্য নিয়ে তিনি এ বছর বেশ কয়েকটি ক্ষেত্রে আগের বছরের তুলনায় অনেক বেশি পরিমাণ অর্থ বরাদ্দ করার প্রস্তাব করেছেন। মানুষের স্বার্থে অগ্রাধিকারের ভিত্তিতেই তিনি বিভিন্ন খাতে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করেছেন, সে জন্য আমি এই জনমুখী বাজেটকে আর একবার পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন হাঁসদা ঃ** (অনুপস্থিত)

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** স্যার, আপনার কাছে আমি একটা জিনিস জানতে চাই। আমরা যত দূর জানি শ্রী নরেন হাঁসদা কংগ্রেসিদের সঙ্গে ওয়াক্ আউট করেননি। এখন এ বিষয়ে আপনার কাছে কি কোনও ইনফরমেশন আছে? হ্যাজ হি ওয়াক্ড্ আউট?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** না, আমার কাছে কোনও ইনফরমেশন নেই।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাসগুপ্ত মহাশয় গত ২১শে জুন ১৯৯৬-৯৭ সালের রাজ্য সরকারের যে বাজেট প্রস্তাব এই সভায় পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। স্যার, এই বাজেট প্রস্তাবের মধ্যে আমরা দেখছি যে, আমাদের সমাজের বেশির ভাগ মানুষের প্রয়োজনীয় জিনিসগুলোর ওপর থেকে উনি করের ভার কমিয়ে দিয়েছেন। হিসাব করলে দেখা যাবে ৩৪টি আইটেমের ওপর কর কমিয়েছেন। রুগীর ওষুধ থেকে আরম্ভ করে হ্যারিকেন, কেরসিন ল্যাম্প, জমি হস্তান্তরের স্ট্যাম্প ডিউটি পর্যন্ত সমাজের শতকরা ৮০ ভাগ মানুষের ব্যবহৃত বিষয়গুলোর তিনি দাম কমাবার একটা প্রচেষ্টা গ্রহণ করেছেন। আর চারটে জিনিসের ওপর তিনি কিছুটা ট্যাক্স বাড়িয়েছেন। তার মধ্যে প্রথম হচ্ছে মদ। আমরা সবাই জানি মদ সমাজের পক্ষে অত্যন্ত ক্ষতিকারক বস্তু। লেফট ফ্রন্ট গভর্নমেন্ট ইতিপূর্বেই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে, মদের লাইসেন্স বৃদ্ধির মধ্যে দিয়ে আর তারা রেভিনিউ ইনকাম বাড়াবেন না। গভর্নমেন্টের এই সিদ্ধান্তের সুযোগ গ্রহণ করে গোটা পশ্চিমবাংলায় বে-আইনি মদের কারবার এমনভাবে শুরু হয়েছে যে, আমাদের বিরোধী পক্ষ অ্যান্টি-সোসাল ক্রিমিনালদের নিয়ে সেখান থেকে, সেসব

জায়গা থেকে গোলমাল শুরু করছে। এর ফলে সমাজের মধ্যে এমন একটা বাতাবরণের সৃষ্টি হচ্ছে যার থেকে আগামী দিনে আমরা ভয়ঙ্কর ক্ষতির আশঙ্কা করছি।

[3-10 — 3-20 P.M.]

সেইজন্য তিনি আজকে মদের উপর ট্যাক্স বাড়িয়েছেন। আর একটা হচ্ছে, অত্যন্ত দামী কাপড়ের উপর ট্যাক্স বাড়িয়েছেন। সাধারণ গ্রামের মানুষ কম দামের শাড়ি, ব্লাউজ পরেন। এইসব সাধারণ মানুষের ব্যবহারের জন্য যে সব কাপড় আছে তার উপর তিনি কোনও ট্যাক্স বাড়াননি। যেসব কাপড় সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে শতকরা ১০ থেকে ২০ ভাগ মানুষ এইসব কাপড় ক্রয় করেন—সেইসব কাপড়ের উপর তিনি ট্যাক্স আরোপ করেছেন। এ ছাড়া কয়লার উপর ট্যাক্স তিনি বাড়িয়েছেন। এই কয়লা টোটালি কন্ট্রোল করে গভর্নমেন্ট। সেন্ট্রাল গভর্নমেন্ট কয়লার দাম কনটিনিউ বাড়িয়ে যাচ্ছেন। কিন্তু পশ্চিমবঙ্গের বেশিরভাগ ভাল মানের কয়লাখনি আছে। রাণিগঞ্জ প্রভৃতি এলাকায় উন্নত মানের কয়লা পাওয়া যায়। কিন্তু এইসব কয়লা তুলে নেবার পর সেই গর্তগুলিতে বালি বা যেসব জিনিস দিয়ে ভরাট করা প্রয়োজন সেগুলি ওনারা করেন না এবং ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্টকেও ন্যায্য সেস দিচ্ছেন না। এই নিয়ে বিগত কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের বিতর্ক আছে। বিগত কেন্দ্রীয় কংগ্রেস সরকার বলেছিলেন আমরা সেস দিয়েছি, কিন্তু রাজ্য সরকার বলছেন আমরা সেই সেসের টাকা পাইনি। যেহেতু কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রিত কয়লা এবং কয়লার দাম কনটিনিউ বাড়াচ্ছেন, সেইজন্য মন্ত্রী মহাশয় সেস বাড়িয়ে ঠিকই করেছেন। এবার হচ্ছে, বেসরকারি গাড়ি কেনার ক্ষমতা শতকরা ৮০ ভাগ মানুষের নেই। সেইজন্য আমি বেশির ভাগ মানুষের স্বার্থ রক্ষাকারী বাজেটকে সমর্থন করছি। আর কয়েকটি কথা আমি বলতে চাই, কৃষি শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড—এটা সত্যিই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় একটা নজীর সৃষ্টি করবে। আজকে যে মানুষগুলি সমাজের সবচেয়ে নিচু স্থরে অর্থনৈতিক দিক থেকে আছে, যাদেরকে আমরা সবাই রাজনৈতিকগতভাবে স্বীকৃতি দিই, আজকে স্বাধীনতার এত বছর পরে তাদের জন্য ভারতবর্ষের মধ্যে কোনও রাজ্য সরকার করেছেন কিনা আমি জানি না, তবে এটা এই প্রথম দেখলাম, কৃষ্টি পেনসনের ব্যবস্থা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার চালু করার উদ্যোগ গ্রহণ করেছেন। সেইজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। আর একটি ক্ষেত্রে উনি করেছেন। জমি বিক্রির ক্ষেত্রে ট্যাক্স অর্থাৎ স্টাম্প ডিউটি হ্রাস করেছেন। কিন্তু এক্ষেত্রে একটা অসুবিধা এখনও আছে। আমি এর আগে মাননীয় মন্ত্রী মহাশয়কে রিটিন অভিযোগ করেছিলাম। বিভিন্ন জেলায় যে সাব-রেজিস্টার আছেন যাদের উপর মূল্য নির্দ্ধারণের ভার দিয়েছেন সেক্ষেত্রে ত্রুটি দেখা যাচ্ছে। আপনি স্টাম্প ডিউটির হার যদি কমান নিশ্চয়ই চাষীদের লাভ হবে, তারা আরও বেশি টাকা ট্যাক্স দেবে। কিন্তু এরা কি করে জমির মূল্য নির্দ্ধারণ করবেন? জমি এমনই একটি জিনিস, প্রতিটি জমির মূল্য আলাদা-আলাদা। যে জমি রোড সাইডে, পাকা রোড গেছে সেই জমির দাম বাড়িয়ে দিলেন। অথচ সেখানে কোনও গ্রাম নেই, সব ফাঁকা। এইভাবে সাব-রেজিস্টার তার ইচ্ছামতো জমির মূল্য বাড়িয়ে দেন। এ ছাড়া অনেক জায়গায় দুর্নীতির আশ্রয়ও নেওয়া হচ্ছে।

অতএব আমার প্রস্তাব হল, একটা পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটিকে নিয়ে, টোটাল ব্লক নিয়ে একটা ভ্যালুয়েশন বোর্ড তেরি করা হোক। তারাই জমিগুলি দেখে তার ভ্যালুয়েশন কত

হবে তা ঠিক করে দেবে। এই ভ্যালুয়েশন ২ বছর কিংবা ৩ বছর পর্যন্ত চলতে পাবে। কারণ জমির দাম প্রতি নিয়ত বাড়ছে। জমির দাম বাড়ার জন্য বামফ্রন্ট সরকারেরই সাফল্য। কারণ এর থেকেই বোঝা যায় গ্রামে অর্থনৈতিক বিকাশ ঘটেছে। গ্রামের সাধারণ মানুষের কাছে অর্থ গেছে। এটাই আমাদের নীতি, আর্দশ। স্বভাবতই তারা জমি কিনছে এবং জমি বিক্রি করছে। সুতরাং যাতে সরকারের রেভেনিউ আয় হয় এবং চাষীরা যাতে ন্যায্য ভ্যালুয়েশন পায় সেটা দেখলে ভাল হয়। শুধু আমাদের দেশ নয়, সাবা ভারতবর্ষই হচ্ছে কৃষি প্রধান দেশ। এই কৃষির উপরই অর্থনীতি নির্ভর। বিগত কংগ্রেস সরকার পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে প্ল্যানগুলি তৈরি কবেছিলেন, সেখানে যদি কৃষির উপর গুরুত্ব দিতেন তাহলে কৃষি উৎপাদন বাড়ত এবং কৃষি ভিত্তিক শিল্প দেশে গড়ে তোলা যেত। এটা যদি হত তাহলে ভারতবর্ষের অর্থনৈতিক চেহারা এইরকম থাকত না। বিশ্বব্যাঙ্ক বা আই. এম. এফের কাছ থেকে ভিক্ষা আনতে হত না। আজকে সমস্ত পবিকল্পনায় শতকরা ১০ থেকে ২০ ভাগ মানুষের জন্য বিগত কেন্দ্রীয় কংগ্রেস সরকার গ্রহণ কবেছিলেন। বেশির ভাগ মানুষের স্বার্থে পরিকল্পনা গ্রহণ করা হল না।

স্বাভাবিকভাবে আমরা যদি মনে করি, কেন্দ্রের দ্বাবা তৈরি এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে একটা রাজ্য সরকার তার এই সীমিত ক্ষমতাব মধ্যে সমস্যার সমাধান করবে, সেটা ভাবা ঠিক হবে না। এই দাবি আমরা কখনই করতে পারি না। পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার আসার পর স্বনির্ভর বিকল্প অর্থনীতির মাধ্যমেই এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যেও একটা সঠিক পথ নির্ণয় করেছে। এটা শুধু পশ্চিমবাংলাব মানুষই নয় বিভিন্ন স্টেটের মানুষ, বিভিন্ন জায়গায় যেখানে আমরা গিয়েছি তারা উল্লেখ করেছে কি করে একটা রাজ্য সীমিত ক্ষমতার মধ্যে থেকে বেশির ভাগ মানুষের স্বার্থে বাজেট রচনা করছে। এই জিনিস পশ্চিমবাংলার বামফন্ট সরকার করেছেন। এটা একটা সাফল্যের দিক বলা যায়। শুধু তাই নয়, পরিকল্পনা একেবারে গ্রাস রুট লেভেল থেকে তৈবি হচ্ছে। গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা গ্রহণ করছে, পঞ্চায়েত সমিতি পবিকল্পনা গ্রহণ করছে যে ১ বছরের জন্য তারা কি কি করবে, জেলা পরিষদ পরিকল্পনা গ্রহণ করছে তাবা ১ বছরেব জন্য কি কি করবে। এই সমস্ত পরিকল্পনা একত্রিত করে বাজ্য সরকার পবিকল্পনা গ্রহণ করছে। অর্থাৎ একেবারে গ্রাস রুট লেভেলে যে সমস্ত মানুষ আছে তাদের যুক্ত করে, তাদের উন্নয়নের সাথে যুক্ত করে পরিকল্পনাকে বাস্তবায়িত কবা হচ্ছে। এই জিনিস পশ্চিমবাংলায় বামফন্ট সবকাবই তৈরি করতে পেরেছে। আমাব বিশ্বাস আগামী দিনে ভাবতবর্ষ এই ব্যবস্থাব মধ্যে আসতে বাধ্য। আগামী দিনে ভাবতবর্ষ আমাদের এই বিকল্প অর্থনীতি গ্রহণ করতে বাধ্য হবে। এ ছাড়া তাদের কোনও উপায় নেই। আমাদের এখানে কিছু কিছু সমস্যা আছে সেইগুলি আমি দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করব। আমাদের এখানে কিছু রেভিনিউ আদায়েব ব্যাপারে কয়েকটি প্রস্তাব দেব। আমাদের এখানে যে হাস্কিং মিলগুলি আছে, ধানকল আছে তাদের লাইসেন্স দেওয়া হয়নি, তারা হাইকোর্টে ১ হাজার টাকা দিয়ে চালিয়ে যাচ্ছে। তাদের কাছ থেকে আমরা কোনও অর্থ আদায় কবতে পারছি না। এইগুলিকে লাইসেন্স দিয়ে যাতে রেভিনিউ আদায় করা যায় সেই ব্যাপারে আমি চিন্তা ভাবনা করতে বলব। আমাদেব এখানে অনেক জায়গায় ভাল পোস্তর চাষ হতে পারে। এখানে বেআইনিভাবে পোস্তের চাষ করলে এক্সাইজ ডিপার্টমেন্ট সেটা রেড করবে। আমাদেব এখানে পোস্তর দাম অনেক এবং এখানে তার চাহিদা আছে। এগ্রিকালচাব

*ডিপার্টমেন্টের অনেক জায়গায়, তাদের নিজেদের জমি আছে সেখানে কিছু হয় না। সেখানে সরকারি নিয়ন্ত্রণে যদি পোস্তের চাষ করা যায় তাহলে দারুন একটা অর্থকরী ফসল হবে। এই* ব্যাপারে মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। আমাদের এখানে যান-বাহনের সমস্যা আছে। কোথাও কোথাও প্রাইভেট বাস কমে যাচ্ছে। সরকারি বাস যেগুলি আছে সেই বাস পিছু ১২ থেকে ১৫ জন লোক লাগে। আমরা লক্ষ্য করি টাটা কোম্পানির যে ছোট ছোট গাড়িগুলি বার করেছে তাতে ২০-২২ জন লোক নিয়ে যাতায়াত করে। এই গুলিকে স্টেট গ্যারেজ না করে কন্ট্রাক্ট গ্যারেজ করলে ভাল হয়। এইগুলিকে অনেক ছোট রাস্তায় নিয়ে যাওয়া যায়। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে অনেক রাস্তা হয়েছে, এই গাড়িগুলি এই রাস্তা দিয়ে বিভিন্ন জায়গায় যাতায়াত করতে পারে। এই গাড়িগুলি বিহার উত্তরপ্রদেশে বেশি চলাচল করে। আমাদের গ্রামাঞ্চলে পরিবহনের ক্ষেত্রে এই যোগাযোগ ব্যবস্থাটা করা যায়। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় ঠিকই বলেছেন যে ন্যাশানালাইজ ব্যাঙ্কগুলিতে আমরা যে টাকা জমা রাখি তার ৪০ পারসেন্টের বেশি এখানে খরচ করে না, বাইরে খরচ করে।

[3-20 — 3-30 P.M.]

আর ওরা ঋণ হিসাবে যেটা দেয় তা শতকরা ১০ ভাগের মতো, ৩০ ভাগ দেয় না। সেস্রু বলুন, প্রধানমন্ত্রী যোজনা বলুন, এগুলো কিন্তু প্র্যাকটিক্যালি পঞ্চায়েত সমিতি ৫ বছর ধরে ইন্টারভিউ নেয় এবং তারপর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম যায়। আমরা তাদের বলি, তোমরা টাকা পাবে। কিন্তু ন্যাশানালাইজড ব্যাঙ্কগুলো নানা অজুহাত সৃষ্টি করে টাকা দেয় না। এই যে বিরাট অব্যবস্থা, কি করে এই বেকার যুবকরা টাকা পেতে পারে, তার ব্যাপারে আপনার চিন্তা ভাবনা করা দরকার। এটা স্কীম করে না করলে হবে না। কারণ চাকুরির সুযোগ শুধু এখানে নয়, ভারতবর্ষব্যাপী কম। আর একটি প্রস্তাব হচ্ছে, বেকার যুবকদের জন্য কিছু করা যায় কিনা। বিশেষ করে যেখানে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারি স্তরে চাকুরির কোনও গ্যারান্টি নেই, সেখানে বয়স সীমাকে ৩৫ বছরের উপরে বাড়ানো যায় কিনা ভেবে দেখা দরকার। কারণ বেকার যুবক জানে যে ৩৫ বছর হয়ে গেলে সে আর সরকারি চাকুরি পাবে না। এই ব্যাপারে একটু চিন্তা ভাবনা করা যায় কিনা। কারণ আজকে বেকার যুবকরা হতাশাগ্রস্ত হয়ে পড়ছে। দিনের পর দিন বেকার বাড়ছে। তারা ভাবছে যে ৩৫ বছর হয়ে গেলে আর তারা চাকুরি পাবে না। পশ্চিমবাংলার সেচ সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ব্যাপার। আমরা যদি বৃষ্টির জলকে আটকে না রাখতে পারি তাহলে এগ্রিকালচার ডেভেলপড হবে না, যেটুকু ডেভেলপড করেছে তার চাইতে আরও বেশি প্রয়োজন। সেখানে তিস্তা হোক, সুবর্ণরেখা হোক বড় বড় এই সব প্রকল্পে আমরা টাকা বরাদ্দ করি। সেগুলো সেন্ট্রালি এডেড স্কীম বলে আমাদের টোটাল বাজেট থেকে টাকা দিই। কারণ আমরা না দিলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাব না। কিন্তু সেখানে সঠিকভাবে কাজ হয় না, টাকা পড়ে থাকে। অথচ আমরা পশ্চিমবাংলার মিডিয়াম স্কীম করতে পারি, জড়োয়া বাঁধ দিয়ে বৃষ্টির জল আটকে রাখতে পারি। আমরা ৫ বছরের স্কীম নিতে পারি এবং ডিপার্টমেন্টকে বলতে পারি যে নির্দিষ্ট সময়ের মধ্যে এগুলোকে শেষ করতে হবে। এটা করতে পারলে পাঁচ বছরে ১৫-২০ পার্সেন্ট চাষযোগ্য জমি আমরা বাড়াতে পারি। আমরা বৃহৎ স্কীম নেব না এটা বলছি না। তিস্তা, সুবর্ণরেখা বা ময়ূরাক্ষী যাই বলুন না কেন, এতে অনেক সময় লেগে যায়। তাতে

মানুষ বেনিফিট পাচ্ছে না। সেজন্য মিডিয়াম স্কীম করে, জোড়বাঁধ করে বৃষ্টির জলকে আটকে রেখে যদি ব্যবস্থা গ্রহণ করি এবং তারজন্য কিছু টাকা খরচ করি, তাহলে সেচের ব্যবস্থা হবে। এটা করতে পারলে এগ্রিকালচার ডেভেলপ করবে। আমাদের অস্বীকার করার উপায় নেই, পশ্চিমবাংলায় সিড কর্পোরেশন অব ওয়েস্ট বেঙ্গল উন্নত বীজ তৈরি করে তা পশ্চিমবাংলাকে দিচ্ছে, আবার বাইরেও যোগান দিচ্ছে। আমাদের রাস্তাঘাটের প্রশ্নে পুরুলিয়া জেলায় পি-ডবলু-ডি. (রোড্স)-এর পজিশনটা ভাল। কিন্তু ন্যাশানাল হাইওয়ে যেগুলো আছে, সেগুলোতে আমাদের টাকা দিতে হয়। সেখানে এক বছর ধরে কাজ বন্ধ হয়ে আছে। কন্ট্রাক্টররা বলছে যে তারা টাকা পায়নি, সুতরাং কাজ করবে না। ন্যাশানাল হাইওয়ে, যেখান দিয়ে শিল্পপতিরা আসবে-যাবে, তার কাজ অবশ্যই করা দরকার। আমরা যদিও কেন্দ্রীয় সরকারে নেই, তবুও আমাদের সমর্থনে যেহেতু কেন্দ্রীয় সরকার আছে, সুতরাং এই যে প্রবলেম ন্যাশানাল হাইওয়েগুলোতে দেখা দিয়েছে, যেগুলোর কাজ বন্ধ হয়ে আছে, সেগুলো অবিলম্বে দেখা দরকার, যাতে তাড়াতাড়ি রাস্তাগুলোর মেরামতের কাজ হয় তাবজন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। আমরা এখানে পরিকল্পনা গ্রহণ করি, কিন্তু তা কবে শেষ হবে তার কোনও গ্যারান্টি নেই। সেজন্য আমরা স্কীম গ্রহণ করার পর ডিপার্টমেন্টকে বলতে পারি যে নির্দিষ্ট সময় ৫ বছর সময় ধরলে পাঁচ বছরের মধ্যে-এর শেষ করতে হবে। কারণ আমরা দেখছি যে, কোনও পরিকল্পনা গ্রহণ করা হল এবং তা ১০ বছর ধরে কন্টিনিউ করে। এর ফলে দেখা যায় প্রোজেক্ট কস্ট অনেক বেড়ে যায়। (লাল আলো জ্বলতে দেখা যায়) শুধু তাই নয়, প্রোজেক্ট কস্ট বাড়তে বাড়তে এমন জায়গায় চলে যায় যে সেটা দেখা যায় আর শেষ করা যাচ্ছে না।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়)

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি প্রথমেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী অসীম দাসগুপ্ত মহাশয় যে ১৯৯৬-৯৭ সালের বাজেট উপস্থিত করেছেন তাকে আমি ধন্যবাদ দিচ্ছি। এই বাজেট বিবৃতির মধ্যে শুধু যে বছরের খরচ আছে তাই নয়, উন্নয়নের প্রশ্ন এবং অগ্রগতির প্রশ্নও এর সঙ্গে জড়িত। তবে এটা খুবই দুঃখজনক এবং দুর্ভাগ্যজনক যে, কংগ্রেস বন্ধুরা, যাদের জনগণের প্রতি দায়বদ্ধতা যারা পালন করেন না, তারা এই হাউস বয়কট করেছেন। এবং যে পদ্ধতিতে বয়কট করেছেন তা খুবই নিন্দনীয় এবং দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় দিয়েছেন। আমি এই বাজেট সম্পর্কে বলতে গিয়ে বলতে চাই যে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন সেই বাজেট বিবৃতি সম্পর্কে বলতে গেলে কিছু প্রাক্‌কথন হওয়ার দরকার। আজকে কোন পরিস্থিতির মধ্যে, কোন আর্থসামাজিক পরিকাঠামোর মধ্যে এই বাজেট বিবৃতি আমাদের সামনে রেখেছেন সেটা দেখতে হবে। ভারতবর্ষের এই রাষ্ট্রীয় কাঠামো একটা পুঁজিবাদী রাষ্ট্রীয় কাঠামো, এই পুঁজিবাদী রাষ্ট্রীয় কাঠামো জার্মানি, জাপান প্রভৃতি উন্নয়নশীল দেশগুলোর সঙ্গে সমর্থনযোগ্য নয়। খোঁড়া পুঁজিবাদী হওয়ার ফলে যেভাবে অতীতকালে জওহরলাল নেহেরুর আমল থেকে কেন্দ্রীয় সরকার পরিচালিত হয়েছে, তার বাজেট রক্ষিত হয়েছে এবং তার নীতি গৃহীত হয়েছে তাতে দেশের অগ্রগতি কতটা ঘটেছে তা আমরা দেখেছি। আমরা দেখেছি তার ফলে সারা ভারতবর্ষে একটা অসম পুঁজিবাদের বিকাশ ঘটেছে। এই অসম পুঁজিবাদের বিকাশ ঘটার ফলে এক জায়গায়

কিছু উন্নতি হয়েছে, আব এক জায়গায় একেবারেই হয়নি। এবং আরেক দিকে অনাহার, অর্দ্ধাহার চলছে, এইভাবে একটা আর্থ সামাজিক পরিকাঠামো দাঁড় করিয়ে দিয়েছেন। সেখানে জওহরলাল নেহেরু মিশ্র অর্থনীতি চালু করে বলেছিলেন যে, ভারি শিল্প রাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে দিয়ে করতে হবে আর জনগণের নিত্য ব্যবহার্য জিনিসপত্র ব্যক্তি-মালিকানার মধ্যে দিয়ে হবে। এই নীতির ফলে আমরা দেখেছি যে, একদিকে রাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে নতুন নতুন প্রযুক্তি না ঢোকার ফলে তারা ধ্বংসের মুখে গেছে আর ব্যক্তি মালিকানায় যেসব শিল্প যারা প্রথম দিকে অর্থাৎ স্বাধীনতার আগে বা স্বাধীনতার সময়ে ৫০ কোটি টাকা বা ১০০ কোটি লগ্নী করেছিলেন তারা আজকে হাজার হাজার কোটি টাকা মুনাফা করছেন এবং অনেক ক্ষেত্রে কয়েকটি শিল্পপতি সারা ভারতবর্ষ চালাচ্ছেনও। সুতরাং এই যে অবস্থার মধ্যে চলছে অসম বিকাশ, এরফলে আঞ্চলিক প্রাধান্য বিস্তার করেছে, বিচ্ছিন্নতাবাদী প্রাধান্য পেয়েছে এবং সাম্প্রদায়িকতা প্রাধান্য পেয়েছে এবং এরফলে আর্থ সামাজিক পরিকাঠামো চুরমার হয়ে গেছে এবং মুদ্রাস্ফীতি ঘটেছে। ফলে বেকারত্ব তীব্র থেকে তীব্রতর হয়েছে। দ্রব্য মূল্যবৃদ্ধি আকাশ ছোঁয়া হয়ে পড়েছে, মানুষের নাগালের বাইরে চলে গেছে। একটা সংকট কঠোর থেকে কঠোরতর জায়গায় চলে গেছে। তারই মধ্যে প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং নয়া অর্থনীতি গ্রহণ করে আমাদের যে বিপুল জনসম্পদ, বিপুল জনসংখ্যা এবং তার যে বিপুল জনসম্পদ তার আভ্যন্তরীণ স্বনির্ভরতার মধ্যে না গিয়ে আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে নাক খত দিয়ে তাদের গ্যাট চুক্তিতে সই করলেন। এরফলে ভারতবর্ষের অর্থনৈতিক সংকট আরও বাড়ল।

এইভাবে সারা ভারতবর্ষে কি রুর‍্যাল কি আরবান, যেখানেই যান না কেন দেখা যাবে যে, কিছু মানুষের মধ্যে একটা ভোগবাদের প্রবণতা এবং এই ৯১ কোটি মানুষের মধ্যে কিছু মানুষের জন্য একটু ভাল বাজেট আর বাকি অংশের মানুষ ওই বাজেটের দ্বারা অনাহার, অর্দ্ধাহারে দিন কাটাবে। সুতরাং এই সামাজিক পরিকাঠামোর মধ্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন সেটা সত্যিই সমর্থনযোগ্য।

[3-30 — 3-40 P.M.]

তিনি আজকে রাজ্যের জনগণের উপর নির্ভরশীল হয়েছেন, তিনি স্বনির্ভরতার উপর নির্ভরশীল হয়েছেন। তিনি আমাদের নিজস্ব সম্পদের উপর নির্ভরশীল হয়েছেন। আজকে তাই বিকল্প অর্থনীতির কথা তিনি তুলে ধরেছেন। সেইজন্য তাকে ধন্যবাদ জানাই। আমরা দেখতে পাচ্ছি, পূবর্তন কেন্দ্রীয় সরকার কালো টাকা বার করতে পারলেন না, আমাদের অর্থমন্ত্রী যেটা বলেছেন বিপুল পরিমাণ এই কালো টাকাকে খুঁজে বার করতে হবে এবং তাকে উন্নয়নের কাজে লাগাতে হবে। এখানে তিনি যে বিকল্প অর্থনীতির কথা তুলে ধরেছেন সেটা আমাদের দেখতে হবে। একটা সামাজিক পরিকাঠামোর অবস্থার মধ্যে দিয়ে আমাদের আজকে যেতে হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী তিনি তো ক্লেম করেননি, এই বাজেটের মধ্যে দিয়ে যে সব কিছু সোনা হয়ে যাবে, সমস্ত মানুষের জীবন জীবিকা, তাদের কাজ, তাদের জীবন যাত্রা সব কিছু সফলভাবে হয়ে যাবে তিনি তা বলেননি। এই পরিস্থিতির মধ্যে মানুষকে কতটা রিলিফ দেওয়া যায়, আমাদের জনসংখ্যাকে কতটা ব্যবহার করতে পারব, তাদের স্বনির্ভর করতে পারব তাদের কর্মসংস্থানের জায়গায় নিয়ে আসতে পারব তাকে আর জনমুখী কি ভাবে করব

তিনি এই কথাগুলোই বলতে চেয়েছেন। আজকে এই বাজেট নিয়ে আমাদেরকে গভীরভাবে বিশ্লেষণ করতে হবে গোটা ভারতবর্ষের যে রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক প্রেক্ষাপট সেখানে দিশা দিয়েছে এই দিশাকে খুঁজে বের করতে হবে। আজকে আমাদের ১ বছরে যে খরচ হবে, সেই খরচের মধ্যে কতটা কি খরচ হবে, তার চেয়েও বড় কথা হচ্ছে সেচ, কৃষি, বিদ্যুৎ ও রাজ্যের যে পরিকাঠামোর উন্নয়ন যে সমস্ত বিষয়গুলির উপর অগ্রাধিকার দেওয়া দরকার, এই বিষয়গুলি আগামী দিনে আমাদের পশ্চিমবাংলাকে আরও উন্নত করবে। এটাই তিনি দেখাতে চেয়েছেন। তিনি নির্ভর করেছেন দেশি বিদেশি ঋণ এর উপর, মাল্টি-ন্যাশানালদের আসার মধ্যে দিয়েও সমস্যার সমাধান হবে না। ভারী শিল্প সেখানে সমস্যার সমাধান করতে পারবে না, তাই সেখানে আভ্যন্তরীণ সম্পদ এর কথা বলেছেন, তিনি রাজ্যের যে ভূমি নীতি তাকে সামনে রেখে এই কথাগুলি বলবার চেষ্টা করেছেন। তিনি ক্ষুদ্র ও কুটির শিল্পের কথা বলবার চেষ্টা করেছেন, তিনি বিদ্যুৎ এর কথা বলেছেন, আমরা দেখেছি গতবারে বিদ্যুৎ-এর বাজেট বাড়ালেও এবারেও আপনারা দেখেছেন বিদ্যুৎ এর হাল কোথায় গিয়ে দাঁড়িয়েছে। সারা দেশের যদি স্ট্যাটিসটিকস নেওয়া যায় তাহলে আমরা দেখব বিদ্যুৎ হচ্ছে আধুনিক সভ্যতার মূল কারণ, সেই জায়গায় দাঁড়িয়ে তারা ধরবার চেষ্টা করেছে। ক্ষুদ্র শিল্পের ব্যাপারে আমরা জানি, চীন দেশে সেখানে কি অবস্থা হয়েছে. সেখানে ক্ষুদ্র ও কুটির শিল্পর বিকাশ করা হয়েছে, সেইগুলির বিকাশ করার সঙ্গে সঙ্গে মাঝারি শিল্পের প্রয়োজন হয়েছে, মাঝারি শিল্পের সাথে সাথে ভাবী শিল্পরও প্রয়োজন হয়েছে। সেইদিক দিয়ে চীন বলতে পারে গোটা বিশ্বের মধ্যে আমরা পুরো আভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের মধ্যে দিয়ে একটা জায়গায় দাঁড়াতে পেরেছি। আজকে সেই দিক থেকে আমাদের অর্থমন্ত্রী অসীমকুমার দাসগুপ্ত মহাশয় যথার্থভাবে এই বিষয়গুলির উপর গুরুত্ব দিয়েছেন। তিনি যেটা করেছেন ৪০ শতাংশ প্ল্যান বাজেটে বাড়িয়েছেন। এটা কোনও রাজ্যে দেখা যায় না, কেন্দ্রীয় সরকারের বাজেটেও এটা আমরা লক্ষ্য করিনি। ৪০ শতাংশ প্লান বাজেটে বাড়িয়ে যেটা বৃদ্ধি করেছেন এবং আভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের মধ্যে দিয়ে রাজ্যের পরিকাঠামোর উন্নয়নের কথা চিন্তা করতে হবে। বড় কথা হচ্ছে আগামী দিনে কি হতে পারে তার দিশাটা বাজেটের মধ্যে আজকে পরিষ্কার, সেই কথাটা আমাদের সকলের মনে রাখা দরকার। কারণ একটা জিনিস হচ্ছে, এই বিষয়ে আমি একটি কথা বলব, ক্ষুদ্র ও কুটির শিল্পের সঙ্গে সঙ্গে আপনি কৃষি ও সেচের কথা বলেছেন, শুধু আমি আপনাকে বলি, অন্যান্য জায়গায় ক্ষুদ্র ও কুটির শিল্পের কথা বলেছে, কৃষিকে যদি ব্যবহার করতে হয়, আমাদের দেশে দেখেছি, তৃতীয় বিশ্বে দেখেছি, তাদের গোটা বাজেটের মোট টাকার একটা অংশ ফুড প্রসেসিং-এর জন্য ব্যবহার করে। আমাদের কৃষি সম্পদ যদি বাড়ে, আমরা যেভাবে সেচের কথা ভেবেছি, যেভাবে কৃষিতে বিনিয়োগের কথা ভেবেছি, তাতে যদি আমরা ফুড প্রসেসিং-এর কথা সেখানে বলতে পারি, কোনও কোনও দেশে যখন ২৭ শতাংশ পর্যন্ত বিনিয়োগ করে ফুড প্রসেসিং-এর জন্য, সেখানে আলুর পাঁপর যেগুলি বাইরের দেশ থেকে প্যাকেট এর মধ্যে আসছে, সেইগুলি আমরা মহা আনন্দে খাচ্ছি। এইগুলিতো আমরা এখানেও করতে পারি।

আরও নানারকম খাদ্য প্রক্রিয়াকরণের মধ্যে দিয়ে আমরা এইগুলো করতে পারি এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে দিয়ে এটা করা সম্ভব। আরেকটা কথা হচ্ছে যে পথ আপনি দেখিয়েছেন, সেই পথ অনুকরণ করতে গেলে ভূমি নীতিকে সামনে নিয়ে এগোতে হবে। আমি

আপনাকে সবিনয়ে বলব, আপনি ইরিগেশন খাতে ১১ পারসেন্ট দিয়েছেন গত বছরে, আর এখানে দিয়েছেন ৮ পারসেন্ট। এই ইরিগেশন বরাদ্দের মধ্যে ফ্লাড কন্ট্রোলও যুক্ত হবে। আপনি এখানে দেখেছেন অনেক বিধায়কই উল্লেখ পর্বে বাঁধ স্থাপনের ও বাঁধ রক্ষণাবেক্ষণের ব্যাপারে বলেছেন। কোনও না কোনও জায়গায় বাঁধ ভাঙ্গছে। কারণ এই বাঁধগুলোত পাকা বাঁধ নয়। তাই ফ্লাড কন্ট্রোলের প্রয়োজন আছে এবং কোনও কোনও জেলাতে ভয়ঙ্কর বিপর্যয় দেখা দিয়েছে এবং যেটা আজকে বার্নিং কোশ্চেন হিসাবে উত্তরবঙ্গ, বীরভূম, হুগলিতে দেখা দিয়েছে। ডি. ভি. সি. থেকে যে সমস্ত নদীগুলো এসেছে সেগুলোর এই রকম অবস্থা হয়েছে। যে প্রশ্ন নিয়ে আজকে এখানে অনেকে আপত্তি তুলেছেন এয়ার কন্ডিশন, ভোল্টেজ স্টেবিলাইজার এই সমস্তর দাম আপনি কমিয়েছেন সেই ব্যাপারে। কিন্তু এইগুলো বড়লোকদের জন্য কমিয়েছেন বলে তারা বলল। মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষের জীবনধারায় পরিবর্তন হয়েছে আর্থ-সামাজিক কাঠামোর মধ্যে দিয়ে। আজকে এই ব্যাপারে সমালোচনা কোনও কোনও বন্ধু করেছেন। আজকে তাদের অনেকের ঘরেই এই সমস্ত জিনিস আছে। এগুলো এখন এসেন্সিয়াল কমোডিটিস হয়ে গেছে। এছাড়া আপনি কর্মসংস্থানের কথা বলেছেন। আজকে নতুন যুক্তফ্রন্ট সরকার এসেছে, যে সুযোগটা আমরা এতদিন পাইনি, রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে যেখানে আমাদের কিছু কিছু বঞ্চনা হয়ে গেছে, সেই কর্মসংস্থানের রূপরেখাটা আপনি যেভাবে তৈরি করতে পেরেছেন, যেভাবে জনসংখ্যাকে ব্যবহার করতে পেরেছেন সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের দেখতে হবে সেটা যেন ঠিকমতো হয়। আজকে একটা জিনিস আমাদের দেখতে হবে বিভিন্ন প্রকল্পে, বিভিন্ন ব্লকে বা প্রত্যন্ত গ্রামেই হোক, সেখানে আজকে ব্যাঙ্ক কোনও রকম সহযোগিতা করছে না। ব্যাঙ্ক সহযোগিতা না করার ফলে ব্যাঙ্ক ঋণ পেয়ে কিছু করার ক্ষেত্রে বেকাররা একটা আঘাত পাচ্ছেন। আমি অনেককে দেখেছি তারা বিভিন্ন প্রকল্পে ঋণ নিয়েছে কিন্তু ঋণ ইউটিলাইজ হয়নি। এই ব্যাপারে একটা গাইডলাইন থাকা দরকার।

[3-40 — 3-50 P.M.]

টাকা নিচ্ছে তারা অন্য কাজে লাগাচ্ছে। যে কাজের জন্য, যে ব্যবসার জন্য বা যে শিল্পের জন্য, ছোটো শিল্পের জন্য সেই কাজে তারা ব্যবহার করছেন না। অনেক ক্ষেত্রে টাকা মিস ইউজড্ হচ্ছে। এই জায়গায় একটা পরিষ্কার গাইড লাইন থাকা দরকার। তা না হলে এটা যে উদ্দেশে করতে চাইছেন সেটা ব্যর্থ হয়ে যাবে। আর দেখা যাচ্ছে যে ব্যাঙ্ক যেভাবে রিফিউজ করছে তাদের সেই রিফিউসাল এক নয়, এবগধিক নয়, হাজার হাজার। কিন্তু এতে একটা পরিবর্তন, একটা আঘাত আসছে। সেই ঘটনাটা আপনাকে বলতে চাই। আপনি বিষয়টা দেখুন। তাছাড়া বিদ্যুতের ব্যাপারটা আমি বলছি। আমরা জানি ১৭ সালের রাশিয়ায় যখন বিপ্লব হয়েছিল তখন বিদ্যুতের কথাটা লেনিন বলেছিলেন। আপনিও যথাযথভাবে বিদ্যুতের উপর জোর দিয়েছিলেন কিন্তু বিদ্যুতের উপর জোর দিতে গিয়ে যে পাওয়ার জেনারেট করা এবং পাওয়ার ডিস্ট্রিবিউশন করা দরকার সেখানে ঘাটতি আছে। পাওয়ার জেনারশনের ব্যাপারে কিছুটা উন্নতি হয়েছে বটে কিন্তু পাওয়ার ডিস্ট্রিবিউশনের ব্যাপারটায় তত উন্নতি হয়নি। এটা ঠিকই কিছু সাব-স্টেশন তৈরি হচ্ছে কিন্তু এই ক্ষেত্রে আরেকটু যত্নবান হওয়া দরকার। যেটুকু অসুবিধা হচ্ছে পাওয়ার এর লো ভোল্টেজ, ফ্রি-কোয়েন্সির জন্য যে মুশকিলগুলো হচ্ছে সেটা দেখা দরকার। আপনি সরকারি কর্মচারিদের জন্য পে-

কমিশন করেছেন এটা অন্য রাজ্যে দেখছি না। আপনি ধারাবাহিকভাবে চার চারটে পে-কমিশন করেছেন। এটাতো আপনার সরকারের একটা কৃতিত্ব। কিন্তু পে-কমিশন করতে গিয়ে আপনি বলেছেন সামাজিক দায়বদ্ধতার কথা। সেই দায়বদ্ধতাটা কি? আমাদের অভিজ্ঞতা কি? সরকারি কর্মচারিরা ১২টার সময়ে অফিসে আসেন ২টোর সময়ে চলে যান। আজকের গ্রাম থেকে আসা সাধারণ মানুষরা কি ব্যবহার পেয়ে থাকেন? যে দৃষ্টিকোণ থেকে আপনি দেখছেন সেই দায়বদ্ধতার কথা তারা মানছেন না। আজকে কেউ বি. ডি. ও. অফিসে গেলে আমাদের লিখে দিতে হয়, প্লিজ লুক ইন টু দিস ম্যাটার। আপনি একটা জায়গায় কড়া হতে পারেননি। আপনি দেবেন কিন্তু নেওয়ার ক্ষেত্রে বিচার আপনি করবেন। আরেকটা ব্যাপার আমি বিনীতভাবে বলে আমার বক্তব্য শেষ করব, সেটা হচ্ছে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগ। চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগের কথা আপনি বলেছেন। এই বিষয়টা আপনি বিবেচনা করবেন। এটা ঠিক বামপন্থী পরিমণ্ডলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এই কথা বলে আমি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাসগুপ্ত যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বিরোধীরা এই বাজেটের বিরোধিতা করেছেন যদিও তারা এখানে নেই। কেন নেই সেটা অন্য কারণ। এই বাজেট তো তারা পড়েননি আর পড়েননি কারণ যে দিন থেকে আমরা বুঝতে পারলাম যেদিন বাজেট পেশ হয় আমরা দেখলাম বাজেট টুকরো টুকরো করে ফেলে দিয়েছিলেন। ছিঁড়েই যখন ফেললেন তখন বাজেট কি করে পড়লেন বুঝতে পারলাম না। তারা ওখানে বসে সার্কাস করছেন আর অন্য বাজেট বোধহয় পেশ করছেন। আমাদের বাজেটে বিরোধী পক্ষের এই জ্বালা যে এতদিন পর্যন্ত গ্রামের মানুষের জন্য বাজেটে কিছুই ব্যয় হত না। মানুষ বাজেটের কথা কিছুই জানত না, কোনও সুফল তারা পেত না, ওপর তলা থেকে তাদের উপর পরিকল্পিতভাবে চাপিয়ে দেওয়া হত।

বামফ্রন্ট সরকারের এই বাজেট গাঁয়ের মানুষের কাছে এক দৃষ্টান্ত স্থাপন করেছে। যদিও জানি রাজ্য সরকারের এই সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে, এই ব্যবস্থার মধ্যে সমস্ত কিছু করা সম্ভব নয়। তবু উপলব্ধি করছি, এতে গ্রামের গরিব মানুষের মধ্যে কাজের উদ্দীপনা সৃষ্টি হবে বলে মনে করছি। কৃষির ক্ষেত্রে বিরোধী বন্ধুরা কি দেখেছেন? জানিনা তারা জমিদার ঘরের না রাজ প্রতিনিধি? ৩৪ নং জাতীয় সড়কের পাশ দিয়ে যদি গাড়িতে আসেন তাহলে দেখতে পাবেন দুই ধারের মাঠগুলো সবুজে ভরে গেছে। এটা এমনি হয়নি। বামফ্রন্ট সরকারের নির্দিষ্ট কর্মসূচি, পরিকল্পনার ফলে এই সবুজ বিপ্লব সম্ভব হয়েছে। গোটা পশ্চিমবাংলায় কৃষিতে সবুজ বিপ্লব ঘটেছে এবং কৃষিতে পশ্চিমবঙ্গ গোটা ভারতের মধ্যে একটা বিশিষ্ট স্থান অধিকার করেছে। কৃষির পাশাপাশি সেচ ব্যবস্থার উন্নতি ঘটেছে। কংগ্রেস আমলে দেখেছি—গাঁয়ের গরিব, মানুষের জমিতে কোনও সেচের ব্যবস্থা ছিল না, অনেক জায়গায় টিউবওয়েল ছিল না, জমিতে সেচের জন্য কোনও পরিকল্পনা নেওয়া হত না। কিন্তু এখন মিনি ডিপ-টিউবওয়েল, ডিপটিউবওয়েল এবং লো-ডিপ টিউবওয়েল পঞ্চায়েতের মাধ্যমে পরিকল্পনা নিয়ে গ্রামের গরিব মানুষের জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। আজ গাঁয়ের গরিব মানুষ খালি পায়ে, খালি গায়ে বাজার যান না। তারা পায়ে চপ্পল দিয়ে বাজারে যান।

কি করে এটা সম্ভব হল? চপ্পলের উপর বরাদ্দ কর কমিয়ে দিয়ে এই বাজেটের উন্নয়নমূলক দৃষ্টান্তের সফল গ্রামের গরিব মানুষের হাতে পৌছে দিয়ে এটা সম্ভব হয়েছে। গ্রামের গরিব মানুষ বি এস. সি.-র ৪০০ টাকা দামের জুতো পায়ে পরেন না। তারা চপ্পল পরেন। গাঁয়ের গরিব মানুষের পায়ে চপ্পল উঠেছে এতেই বিরোধীদের জ্বালা। আরও জ্বালা কোথায়? আবগারি শুল্কের উপর ট্যাক্স বসানো হয়েছে এতে বিরোধীদের জ্বালা বেড়েছে। আজকে সুস্থ সংস্কৃতির অভাব দেখা দিয়েছে। গাঁয়ে ভিডিও পার্লার, বিউটি পার্লার দেখা যাচ্ছে। এইসব জিনিসগুলো গাঁয়ের মানুষের মধে। ঢোকানো হচ্ছে। সুস্থ সংস্কৃতি নষ্ট করার চক্রান্ত চলছে। এই বাজেটে সমাজে পিছিয়ে পড়া অংশের মানুষ, তফসিলি জাতি ও তফসিলি উপজাতির মানুষদের উন্নয়নের জন্য নানা ব্যবস্থা রাখা হয়েছে। অতীতে এরা কোনও সুযোগ-সুবিধা পাননি। আদিবাসী মানুষদের উন্নয়নের কথা অতীতে ভাবা যেত না। আজকে সেজন্য এই বাজেটকে সমর্থন করতে হয়। মাননীয় সদস্য তপন হোড় মহাশয় বলছিলেন যে স্কুল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলো পঞ্চায়েত এবং পুরসভাকে দিলে নাকি ভাল হবে। কিন্তু আমার অভিজ্ঞতা আছে গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলোতে কোনও ডাক্তার থাকেন না। একটা প্যানেল থেকে ডাক্তার নিয়োগ করা হয়। কিন্তু নিয়োগ করা হলেও তারা সেখানে থাকেন না। আজ এই পরিস্থিতিতে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়. চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ করার ফলে গাঁয়ের মানুষ তার সুফল পাচ্ছে। এই নিয়ে বিরোধী বন্ধুরা বিধানসভায় হৈ-চৈ করেন। অতীত দিনে পরিকল্পনা না করে যেখানে হাসপাতাল হওয়ার কথা নয় সেখানে হাসপাতাল তৈরি করা হয়েছে। ফলে ডাক্তার পেতে অসুবিধা হত। ডাক্তাররা যেতে পারতেন না। এই পরিকল্পনা বহির্ভূত কাজ করেছে বলে তার ফল ভুগতে হচ্ছে।

[3-50 — 4-00 P.M.]

এই দৃষ্টিভঙ্গির উপরেই মাননীয় অর্থমন্ত্রী স্বাস্থ্য কেন্দ্রগুলিতে যে চুক্তির ডাক্তার নিয়োগ করবেন, সেটা সঠিক বলেই আমার মনে হয়েছে। ইতিমধ্যে সাফল্যও পেয়েছি। বাজেট পড়ে মনে হয়েছে, পঞ্চায়েত এবং পুরসভাগুলির হাতে ক্ষমতা দেওয়ায় নতুন দিক সৃষ্টি হবে। এক শ্রেণীর শিক্ষক, জানি না তারা কোন দল করেন—স্কুল যেতে চান না। যদিও যেতে চান, টিউশানি বজায় রাখেন, সেটাই যেন তাদের কাছে প্রধান। অথচ বামফ্রন্ট সরকার তো তাদের জন্য অনেক করেছেন। ৮০ সালের আগে প্রাথমিক, মাধ্যমিক শিক্ষকদের ৬৫ টাকা মাইনে নিতে হোত। প্রাথমিক শিক্ষকদের কেউ মেয়ে দিত না। কেননা, বিয়ে করে খাওয়াতে পারবে না। আজকে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। বার্ধক্য ভাতা যেটা বেড়েছে, সেটা বড় কথা নয়, তাদের সম্মান দেওয়া হয়েছে। সরকারি কর্মচারিরা পেনসন পান, কিন্তু গাঁয়ের মানুষ তো পান না। বড়লোক যারা, তারা তলার পর তলা করে যাচ্ছে, ১ কোটি টাকা ১০ কোটি হচ্ছে, দেশের টাকা বিদেশে চলে যাচ্ছে, আর গাঁয়ের গরিব মানুষ সারাজীবন শ্রম দিচ্ছে, মেহনত করছে, তারা কিছুই পাবে না? মাননীয় অর্থমন্ত্রী বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, মৎসজীবীদের ভাতা দিয়ে গরিব মানুষের মাথা উঁচু করে দেওয়ার সুযোগ দিয়েছেন, তাদের আত্মসম্মান দিয়েছেন—এটাই আমার মনে হয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুতের ক্ষেত্রে আমরা দেখেছি আমাদের রাজ্য ছাড়া মহারাষ্ট্রে এনরন প্রকল্প হচ্ছে। সেখানে বিগত কংগ্রেস আমলে কি চুক্তি হয়েছিল এবং বি. জে.

পি.—শিবসেনা সরকার কি চুক্তি করেছে আমরা জানি। বিদ্যুতের বিলের ক্ষেত্রে কি দেখছি? যেখানে অন্য রাজ্যে ৫০ থেকে ১০০ ইউনিটের জন্য ৪ টাকা দিতে হয়, সেখানে আমাদের সরকার ভর্তুকি দিয়ে ৫০ থেকে ৬৫ পয়সা নিচ্ছে। গাঁয়ের মানুষও উপকৃত হচ্ছে এ থেকে।

ভূমিহীন গরিব, ক্ষেত মজুরদের জন্য যে প্রভিডেন্ড ফান্ডের ব্যবস্থা রেখেছেন, তাতে তারা উৎসাহিত বোধ করবে, এতে নতুন দিগন্ত সৃষ্টি হবে। ১০ টাকা দেবে ক্ষেত মজুররা, আর ১০ টাকা দেবে রাজ্য সরকার। তাই এই বাজেট এক নতুন দিগন্তের দিশারি। এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে আমি, প্রথমেই মাননীয় বিরোধী দলের সদস্যরা যে বক্তব্যগুলি রেখেছেন বিভিন্ন দিনে, সেইগুলি খণ্ডন করব এবং বাজেটের যে মূল বক্তব্যগুলি, সেইগুলি আরও একবার খুব সংক্ষেপে আপনাদের কাছে রাখব।

একটা বক্তব্য প্রথম দিনে বিরোধী সদস্য সৌগত রায় রেখেছিলেন, পরে একদিন মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় রেখেছেন। বক্তব্যটা যেভাবে রেখেছেন, আমি মনে করি ওরা নিজেরাও ঠিক বিশ্বাস করেন না, বলে দিয়েছেন, বলেছেন যে, যে বিকল্প নীতির কথা বলেছি, যখন বাজেট প্রস্তাবগুলো করেছি, তখন আগেরকার কেন্দ্রীয় সরকারের নয়া আর্থিক নীতির উপর দাঁড়িয়েই নাকি করেছি। না অধ্যক্ষ মহাশয়, একটা বিকল্প অর্থনীতির প্রস্তাব আমরা বামফ্রন্টের তরফ থেকে গত ৫ বছর ধরে বিরামহীনভাবে রাখছি এবং সেই বিকল্প নীতির যে অংশগুলি রাজ্য স্তরে প্রাসঙ্গিক এবং সম্ভব, তাকে ভিত্তি করেই, তার উপর অবিচল থেকেই আমি বাজেটের প্রস্তাবগুলো রেখেছি, এটা লক্ষ্য করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলছি যে, আমরা স্বনির্ভরতার কথা গোটা দেশের ক্ষেত্রেই বলেছি। বলেছি বিদেশি ঋণের উপর নির্ভরতা আমাদের কমানো উচিত।

আমরা বলেছি, অভ্যন্তরীণ সম্পদের উপর দাঁড়িয়ে আমাদের বিনিয়োগ, আমাদের বাজেট রচনা করা উচিত। আমরা বলেছি, সাধারণ মানুষের মূল্যবৃদ্ধি প্রশমণের জন্য ভর্তুকি দিয়ে গণবন্টন ব্যবস্থা চালু কার উচিত সারা দেশের ক্ষেত্রে। আমরা এটাও বলেছি, সমান প্রতিযোগিতা দেশের মধ্যে থেকে আগে আসুক। তাই আমরা ছোট শিল্পের উপর এবং কৃষিতে, ভূমি-সংস্কারের উপর জোর দিয়েছি এবং বিকেন্দ্রীকরণের উপর বক্তব্য রেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই কথাগুলোই আমাদের বাজেটে রাজ্যস্তরে বলেছি এবং তা নিয়ে প্রস্তাব করে এই সভাতে রেখেছি। আমাদের পরিকল্পনার অংশ ৩ হাজার ১৩৪ কোটি টাকা। তার ৮১ শতাংশ দাঁড়িয়ে আছে রাজ্যের নিজস্ব সম্পদের উপর। যেটা গোটা দেশের ক্ষেত্রে বলেছি এখানেও সেটা রাখলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু যে কথা বলেছেন, সে সম্বন্ধে পরিষ্কার করে বলতে চাই —আমাদের গোটা বাজেটের মাত্র ১ শতাংশ আমরা বিদেশি ঋণ হিসাবে নিই। আর এটা বোধ হয় ভারতবর্ষের প্রায় সমস্ত রাজ্যের থেকে সব চেয়ে কম এবং এটা না নিলেও আমাদের কিছু আসবে যাবে না। স্বনির্ভরতার উপর দাঁড়িয়ে এই বাজেট তাই আমরা রেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালো টাকা উদ্ধারের কথা সমস্ত দেশের ক্ষেত্রে বলেছি। এই কালো টাকা কেন্দ্রীয় আয়করকে ফাঁকি দিয়ে হচ্ছে। তবুও এরই মধ্যে, সীমাবদ্ধ পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে রাজ্যস্তরেও যেখানে জমির কেনা-বেচা নিয়ে

কালো-টাকার খেলা হচ্ছে সেটা ধরবার জন্য প্রস্তাব রাখা হয়েছে এবং এ বিষয়ে একটা আইনও আনার কথা বলা হয়েছে। বিশেষ করে শহরাঞ্চলের এক শ্রেণীর ধনী মানুষ কোনও কিছুই নথিভুক্ত না করে এই কালো টাকা জমাচ্ছেন। তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হচ্ছে। আমাদের কাছে যা খবর আছে—ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে এই রকম বিল আনা হয়নি। বিকল্প নীতির উপর অবিচল থেকেই এটা করেছি, আগেকার কেন্দ্রীয় সরকারের নয়া আর্থিক নীতির উপর দাঁড়িয়ে নয়। ভর্তুকি ভিত্তিক গণ-বন্টন ব্যবস্থার ক্ষেত্রে আমরা বারবার বলেছি, এটা সমগ্র দেশের ক্ষেত্রে প্রযোজ্য এবং এ বিষয়ে আলোচনার জন্য আগামী ৪/৫ তারিখে দিল্লিতে মুখ্যমন্ত্রীদের সভা ডাকা হয়েছে আমাদের মুখ্যমন্ত্রীও সেখানে যাবেন। কিন্তু তার প্রস্তুতি হিসাবে বলতে পারেন এবং যে বক্তব্য আমরা এতদিন ধরে রাখছি তার একটা সাংকেতিক হিসাবে আমরা রাজ্যস্তরেও এই ভর্তুকি ভিত্তিক গণবন্টন ব্যবস্থা বিশেষ করে গরিব মানুষের জন্য, শহর এবং গ্রামাঞ্চলের গরিব মানুষ, শহরাঞ্চলের বস্তিবাসী যেখানে কলকারখানা বন্ধ হয়ে গেছে তাদের জন্য এটা রেখেছি এবং আমি তো তার সঙ্গে সামঞ্জস্য রেখেই বক্তব্য রেখেছি। আমরা ভূমি-সংস্কারের কথায় জোর দিয়েছি। এ বিষয়ে আমি একটু পরে বলব এবং এ বিষয়ে নির্দিষ্ট প্রশ্নও ছিল, বিরোধী সদস্যরা রেখেছিলেন। লক্ষ্য করবেন, আমার জোর মূলত কিছু ছোট শিল্পের ক্ষেত্রে থেকেছে। কর ছাড় শুধু নয়, কর মুক্তির উপর এবং বিশেষ প্রকল্পের বিক্রয় করের ক্ষেত্রে রিফান্ড দেবার সুযোগ আমরা ছোট শিল্পের ক্ষেত্রে রেখেছি। অভ্যান্তরীণ বাজারের বিকাশ হোক, অভ্যান্তরীণ শিল্পের বিকাশ হোক—করের প্রস্তাবগুলো তার উপর রাখা হয়েছে। আমরা প্রত্যেক ক্ষেত্রেই কিন্তু যখন বক্তব্য রেখেছি বিকল্পনীতি তার সাথে রেখেছিলাম এবং বিকেন্দ্রীয়করণের কথাও বারবার বলেছি। যাই হোক, এ সম্বন্ধে পরে আসছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে সময় দিয়েছিলেন তার মধ্যেই মাননীয় বিরোধী সদস্য প্রথম দিন যারা ছিলেন তার পর দিন থেকে অনুপস্থিত, বক্তব্য রেখেছেন তার প্রায় প্রত্যেকের নোট নিয়েছি এবং তারই উত্তর দেবার চেষ্টা করছি।

স্যার, প্রথম দিন মাননীয় বিরোধী সদস্য সৌগতবাবু বলেছিলেন যে, আমি নাকি তথ্যে কারচুপি করে আগের কেন্দ্রীয় সরকারের নয়া আর্থিকতার ক্ষতিকারক দিকটা একটু বেশি প্রকট করে দিয়েছি এবং তার পর তিনি কতকগুলো তথ্য দিয়েছেন। আমার তথ্যের উৎস, কেন্দ্রীয় সরকারের প্রকাশিত আর্থিক সমীক্ষা। অর্থনীতি এবং পরিসংখ্যানের প্রত্যেকটার একটা প্রাথমিক পার্ট আছে। কিন্তু যখন কেউ একটা নীতি লাগু করেন সেটা লাগু করার আগের এবং পরের সময়ের তুলনা করার সময় কোনও একটা বছর আলাদা করে তুলে নিয়ে এসে বেছে বেছে করা হয় না। আগের সময়সীমা, তার গড় যে অবস্থা এবং তার পরের সময় সীমার গড়ের সঙ্গে তুলনা করা হয় এবং এটাই বৈজ্ঞানিক পদ্ধতি। আমি সেটাই অবলম্বন করেছি এবং প্রকাশিত তথ্যের ভিত্তিতে। সেটা বাজেট বক্তৃতাতেও আছে, আমি আর পুনরুক্তি করছি না। আগের কেন্দ্রীয় সরকার-এর নয়া অর্থনীতি ঘোষণার আগের পাঁচ বছরের গড় মোট উৎপাদন বৃদ্ধির হার ছিল ৬.৩ শতাংশ। পরের পাঁচ বছরে অনুপস্থিত কংগ্রেস সদস্যদের যতই খারাপ লাগুক কমে হয় ৪.৭। খাদ্য-শস্যের উৎপাদন যেটা ৩.৬ শতাংশ ছিল সেটা কমে হয় ২.৬ শতাংশ।

[4-00 — 4-10 P.M.]

শিল্পের ক্ষেত্রে ৮.৪ শতাংশ গড় বার্ষিক বৃদ্ধির হার ৫.৬ শতাংশে চলে গেছে। সেখানে ফলাও করে বলার চেষ্টা হয়েছে মূল্যবৃদ্ধির হার কমে গেছে। যে মূল্যবৃদ্ধির হার ফলাও করে প্রচার করা হয় তা পাইকারি মূল্য সূচক, তার সঙ্গে সাধারণ মানুষের সুখ-দুঃখের কোনও যোগাযোগ নেই। এর মধ্যে শতকরা ২১ ভাগ অত্যাবশ্যক গুরুত্বপূর্ণ পণ্য এর প্রতিফলন হয় ভিন্ন। একটা সূচক-পণ্য সূচক এটা খুচরো পণ্যের মূল্য সূচক, এটা শিল্প শ্রমিকদের। আর একটা হচ্ছে মূল্য সূচক সেটা কৃষি শ্রমিকদের। শিল্প শ্রমিকদের জন্য শতকরা ৫০ ভাগ অত্যাবশ্যক পণ্য তার মধ্যে গুরুত্ব পেয়েছে, আর কৃষি শ্রমিকদের সাথে শতকরা ৬৫ ভাগ পায়। কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য অনুযায়ী নয়া আর্থিক নীতির ৫ বছর আগেকার সময় যেখানে শিল্পশ্রমিকদের ভোগ্য পণ্যের সূচকের গড় বৃদ্ধির হার ছিল ৯ পারসেন্ট, এটা ১০.২ পারসেন্ট হারে বেড়েই চলেছে। ভূমিহীন, ক্ষেত মজুরদের যে মূল্যসূচক ৫ বছর আগে ৮.১ শতাংশ ছিল, সেটা এখন ১১.৭ পারসেন্ট হারে বেড়েই চলেছে। এটা কেন এখানে গোপন করতে চাইছেন জানি না। গত ৫ বছরে দারিদ্র্য সীমার নিচে মানুষের সংখ্যার অনুপাত কমে গেছে। এটা ধরা পড়েছে। ওই সংখ্যা বের করার জন্য এই পাইকারি মূল্য সূচককে নিয়েছিলেন। কিন্তু যদি কৃষি শ্রমিক মূল্যসূচক নেওয়া হয়, যেটা বিশেষ করে নেওয়া উচিত ছিল এই ধরনের দারিদ্র্য সীমার নিচের মানুষদের অবস্থান নির্ণয় করার জন্য—এটা ভুল হয়েছে—এই সূচক অনুযায়ী এই সময়ে এটা বেড়েছে। তাই এটা কোনও ক্ষতিকারক ব্যাপার নয়। এখানে একটা বক্তব্য রাখা হয়েছে রপ্তানি নাকি ২৮ পারসেন্ট হারে বেড়েছে, আমদানি বেড়েছে ৩৫ পারসেন্ট হারে। ১৯৯১-৯২ সালে যেখানে আমদানি এবং রপ্তানির মধ্যে যে পার্থক্য সারা দেশের মধ্যে ৩ হাজার ১৮০ কোটি টাকা ছিল, সর্বশেষ তথ্য অনুযায়ী রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অন্ কারেন্সি অ্যান্ড ফিন্যান্স অ্যাক্ট বলছে এটা ৩০০ পারসেন্ট হারে বৃদ্ধি পেয়েছে—১৫ হাজার ১৮২ কোটি টাকা এই ব্যবধানে চলে গেছে। ওরা বলছেন বিদেশি ঋণ নেওয়া কমেছে। আমি তাই বলছি রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্টে প্রকাশিত হয়েছে ১৯৯০-৯১ সালে যেখানে ১ লক্ষ ৭ হাজার ৬৮১ কোটি টাকা বিদেশি ঋণ নেওয়া হয়েছিল। সেটা ১৯৯৫-৯৬ সালে ১২ হাজার ৯০১ কোটি টাকা নেওয়া হয়েছে। এ বছরে যা লোন নেওয়া হয়েছে তার চেয়ে বেশি লেগেছে লোন ফেরত দিতে। আমরা ক্রমশই বিদেশি ঋণের ফাঁদে জড়িয়ে পড়ছি। সৌগতবাবু একটা প্রশ্ন রেখেছিলেন যে রাজ্যে ঋণের বোঝা বাড়ছে। উনি এটা বলে ভালই করেছেন, আমি একটু বলার সুযোগ পাচ্ছি। রিজার্ভ ব্যাঙ্কের বিভিন্ন বুলেটিনে তাদের সর্বশেষ রিপোর্ট অনুযায়ী বলছে ৩১শে মার্চ '৯৬ পশ্চিমবাংলার অবস্থা অন্যান্য রাজ্যের তুলনায় ভাল। কংগ্রেস আমল থেকে শুরু করে রাজ্যে যেটা ঋণের বোঝা সেটা ১৫ হাজার ৮৪৫ কোটি টাকা অন্ধ্রপ্রদেশ এর চেয়ে বেশি ১৬ হাজার ১৪২ কোটি, মহারাষ্ট্রে আরও বেশি ১৭ হাজার ৮৭৯ কোটি টাকা। এটা হল কেন? এখানে উনি গোপন করে গেছেন। এর মধ্যে রাজ্য সরকারের ইন্টারনাল ডেট খুবই কম। রিজার্ভ ব্যাঙ্কের তথ্য বলছে, ১৯ শতাংশ মাত্র। অর্থাৎ আমরা এল. আই. সি. এবং হাড্‌কো থেকে ১৯ শতাংশ মতো ঋণ নিয়েছিলাম। আর শতকরা ৭৩ শতাংশ ঋণই হচ্ছে, কেন্দ্রীয় সরকার সৃষ্ট ঋণ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা থাকলে ভাল হ'ত ; কিভাবে এই ঋণগুলো সৃষ্টি করা হয় তা ওদের বলতে পারতাম। বলা হয়, কেন্দ্রীয় সরকার পরিকল্পনা সাহায্য দিচ্ছে। সেটা কত দিচ্ছে? মাত্র ১৯ শতাংশ। যেটাকে মোট সাহায্যের টাকা বলা হয়, সেটার শতকরা ৭০ ভাগই ঋণ পর্যায়ে দেওয়া হয়। এই ঋণের সুদের হার অর্ধ শতাংশ করে প্রত্যেকবার বাড়ানো হয়। বাড়িয়ে বাড়িয়ে এখন ১৩ শতাংশ করা হয়েছে। স্বল্প সঞ্চয়ের ওপর রাজ্যগুলোকে প্রত্যেকবার ডবল রি-পেমেন্ট করতে বাধা করা হচ্ছে। এ বিষয়ে আমি এখানে একটা উদাহরণ দিই—ধরুন কোনও একটা রাজ্যের মানুষেরা একটা মাসে স্বল্প সঞ্চয়ে ১৫০ কোটি টাকা জমা দিলেন এবং ধরুন আগে তারা স্বল্প সঞ্চয়ে যা জমিয়ে রেখেছিলেন তার ৫০ কোটি টাকা তারা ঐ মাসে ফেরত নিলেন। এটা ফেরত দেয় কে? রাজ্য সরকার নিজে ফেরত দেয়। এখন ১৫০ কোটি টাকা থেকে ৫০ কোটি টাকা যদি বিযুক্ত হয় তাহলে ১০০ কোটি টাকা ঐ মাসে স্বল্প সঞ্চয়ে জমা পড়ে। এর ২৫ ভাগ টাকা আবার কেন্দ্রীয় সরকার কেটে নিল—যা তারা কেটে নিয়ে থাকেন—তারপর বাকি ছিটেফোটা রাজ্যের থাকল। অর্থাৎ এই স্বল্প সঞ্চয়ে থেকেই আগের ঋণের সুদ এবং আসল রাজ্য সরকারকে মেটাতে হচ্ছে। তারপর আবার কেন্দ্রীয় সরকারের ক্ষিদে মিটছে না বলে তারাও এখান থেকে নিচ্ছেন। এরপরেও বলছেন, মোটের ওপর সাড়ে ১৪ শতাংশ হারে সুদ দিতে হবে। অর্থাৎ দেখা যাচ্ছে যে, ডবল জেপার্ডির দরুন ডবল রি-পেমেন্ট করা হচ্ছে। তাই শুধু আমরা নই, প্রত্যেক রাজ্য, এমন কি কংগ্রেস শাসিত রাজ্যও বারংবার বলছে, "স্বল্প সঞ্চয়ের টাকা তো আমরাই বেশির ভাগটা ফেরত দিচ্ছি, সুতরাং বাকিটা আপনারা একেবারে ঋণ হিসাবে দেখাবেন না, ওটা রাজ্য সরকারেরই প্রাপ্য।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ছাড়াও যে সব বিদেশি ঋণ, যেমন জাপানি ঋণ কেন্দ্রীয় সরকার অর্ধ শতাংশ হারে সুদে পেলেন, যা কেন্দ্রীয় সরকারের নিজের টাকা নয় তাও রাজ্য সরকারগুলোকে দেওয়ার সময় তাদের ওপর সুদের হার ১৩ শতাংশ করে দিলেন। মহাজনরা নিজেদের টাকায় মহাজনি কারবার করে। আর এখানে অন্যের টাকায় সুদখোর মহাজন হচ্ছেন আমাদের কেন্দ্রীয় সরকার। যেটাকে ঋণের বোঝা বলা হচ্ছে, সেটা আসলে সুদের বোঝা। এটাই আমরা বারংবার বলছি।

এখন দিল্লিতে বন্ধু সরকার এসেছেন। তাদের কাছে এ বিষয়ে আমরা আমাদের বক্তব্য রাখব। এই যে অ্যাকাউন্টিং প্র্যাকটিস কৃত্রিমভাবে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলোর ওপর চাপিয়েছেন, এটা কেন্দ্ররাজ্য সম্পর্কে রাজ্যকে শোষণ করার একটা কৌশল ছাড়া আর কিছু নয়। এখানে তথ্য বলছে, এই ঋণটা ভূয়া ঋণ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতি বছর সুদের নামে এই টাকা কেড়ে নিয়ে রাজ্যের মানুষকে শোষণ করা হচ্ছে। এটা না থাকলে আমাদের রেভিনিউ বাজেট সারপ্লাস হ'ত। শুধু আমাদের নয়, মহারাষ্ট্রের, অন্ধ্রপ্রদেশেরও সারপ্লাস হ'ত। যে শোষণ ওরা করেছেন তারপর আর ওদের এ নিয়ে বক্তব্য রাখার কি কোনও নৈতিকতা আছে? বক্তব্য রাখতে গিয়ে ওরা যে যুক্তি রেখেছেন তা অসার যুক্তি, তার কোনও ভিত্তি নেই।

তারপর প্ল্যান সাইজ বা প্ল্যানের আয়তন নিয়ে কথা উঠেছে। নতুন প্রকল্প সমেত আমরা এ বছর প্রস্তাব করেছি ৩,১৩৪ কোটি টাকার। মাননীয় সদস্য সৌগতবাবু সেটা নিয়ে

কিছু বললেন না। উনি ফিরে গেলেন আগের বছরে। এত ভূতপূর্ব হতে চেষ্টা করছেন কেন? দলটাই তো ভূতপূর্ব হয়ে গেছে। কেবলই পিছিয়ে যেতে হবে! ৩,১৩৪ কোটি টাকা আমাদের পরিকল্পনা বরাদ্দ। ৩,০০০ কোটি টাকার ওপরে পরিকল্পনা বরাদ্দ খুব বেশি রাজ্য করতে পারেনি। এখন পর্যন্ত অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, এবং মহারাষ্ট্র মতো রাজ্যই তা করতে পেরেছেন। এ বিষয়ে মহারাষ্ট্রই সব চেয়ে বেশি এগিয়ে আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যুক্তি দিয়ে দেখিয়েছি যে, কয়লার রয়ালিটি বাবদ আমাদের ৯০০ কোটি টাকা প্রাপ্য। কন্সাইনমেন্ট ট্যাক্স বাবদ ৬০০ কোটি টাকা প্রাপ্য। ঐ সবের একটা অংশ পেলে—অন্তত ১,০০ কোটি টাকাও পেলে আমাদের প্ল্যান বাজেট গোটা ভারতবর্ষের মধ্যে সব চেয়ে বেশি টাকার প্ল্যান বাজেট হবে।

[4-10 — 4-20 P.M.]

কি বলছেন? পিছনের দিকে নিয়ে যেতে চাইছেন? পিছনের দিকে নিয়ে গেলে আপনারাই বিপদে পড়বেন। ষষ্ঠ যোজনায় নিয়ে যেতে চেয়েছিলেন। আমি আর একটু ধাক্কা দিয়ে পিছনের দিকে অর্থাৎ পঞ্চম যোজনায় আসি, যখন ওরা (কংগ্রেসিরা) ছিলেন। পঞ্চম যোজনায় কত পরিকল্পনার বাজেট করেছিলেন ৫ বছরের জন্য? ১ হাজার ২৪৭ কোটি টাকা। তার মধ্যে খরচ হয়েছিল ৮৩৯ কোটি টাকা। অর্থাৎ মাত্র ৬৭ শতাংশ। আপনারা ভুলে গেছেন? তারপর ষষ্ঠ যোজনায় ২ হাজার ৫০৬ কোটি টাকা করা হল। সপ্তম যোজনায় লক্ষ্যমাত্রা পূরণ করে ৪ হাজার ৫১১ কোটি টাকা করা হল। অষ্টম যোজনায় ৯ হাজার কোটি টাকার যে সীমারেখা তাকে আমরা অতিক্রম করলাম। কিন্তু ওরা বিপদে নিয়ে যেতে চেয়েছিলেন সেইজন্য আমি একটু আলোচনা করে সঠিক পথে ওদের ফিরিয়ে আনলাম। যখনই ওরা উপস্থিত থাকবেন আমি সংশোধন করে বলে দেব। ভূমি সংস্কারের কথা বলার প্রয়োজন নেই। এ ব্যাপারে একটু স্পর্শ করেছিলেন কম্পিত গলায় মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়। এছাড়া আরও একটু চেষ্টা করেছিলেন কংগ্রেসি বিধায়ক খাটো করতে ওদের মধ্যে একজন বোধ হয়, খুব সম্ভবত মাননীয় সদস্য, শ্রী শৈলজা দাস মহাশয় বলেছিলেন, ভালই হয়েছে, কিন্তু এটা কংগ্রেসি আমলে হয়েছে। এ ছাড়া মাননীয় সদস্য, শ্রী কমল গুহ মহাশয় বলেছিলেন এবং দেবপ্রসাদ সরকার মহাশয়ও বলেছিলেন, এটা হয়েছিল কিন্তু এখন ভূমি সংস্কার হচ্ছে না। আমি ৪ জনের বক্তব্যকে খণ্ডন করে দিচ্ছি। আমি বারংবার বলেছি, জাতীয় নমুনা সমীক্ষা আলোচনা করে, সারা দেশে জমির যে আয়তন শতকরা ৩ ভাগ পশ্চিমবাংলায় নেই। কিন্তু ভূমি সংস্কারের মাধ্যমে যত জমি বণ্টন হয়েছে তার ২০ ভাগ পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলায় আমাদের স্থান প্রথম। জাতীয় নমুনা সমীক্ষার তথ্য উল্লেখ করে বলছি, ৯০ ভাগ গ্রামাঞ্চলের মানুষ ছোট, মাঝারি এবং প্রান্তিক চাষী সারা দেশে রয়েছে। কিন্তু মাত্র ২৯ শতাংশ জমি আছে আর বাকি ৭১ শতাংশ জমি কংগ্রেসিদের জন্য, জোতদার-জমিদারদের হাতে, অন্য রাজ্যে কিন্তু ব্যতিক্রম পশ্চিমবাংলার ক্ষেত্রে। ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের হাতে ৬০ শতাংশ জমি আর বর্গাদারদের জন্য আলাদাভাবে জমি সবশুদ্ধ গ্রাম বাংলায় শতকরা ৭৫ ভাগ জমি খেটে-খাওয়া মানুষ আর বর্গাদারদের হাতে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু আছে তাই নয়, লক্ষ্য করার আছে, এর মাধ্যমে উপকার এখনো যারা পেয়ে আছেন তাদের সংখ্যা ডাবল কাউন্টিং বাদ দিয়ে হবে ৫৫ লক্ষ

পরিবারের মধ্যে ৩০ লক্ষ পরিবারেরও বেশি উপকার পেয়েছেন। অর্থাৎ গ্রামবাংলার যে কোনও ৫ জন মানুষকে নিলে ৩ জন মানুষ—যারা বামপন্থী—মেকি বামপন্থী যদি না হোন তাহলে বিশ্বাস করবেন—৫ জনের মধ্যে ৩ জন মানুষ ভূমি সংস্কার থেকে উপকৃত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা মাননীয় সদস্য শ্রী শৈলজাকুমার দাস মহাশয় বলেছিলেন আর এই কথাটা মাঝে-মাঝেই বলেন, এই কাজ কংগ্রেসিরাই করেছেন। আমি উত্তরটা তথ্যের ভিত্তিতে দিচ্ছি। বোর্ড অফ রেভেনিউ থেকে যে তথ্য নিয়েছি তাতে দেখতে পাচ্ছি, ১৯৬৭ সালের আগে—যেহেতু তথ্যের ভিত্তিতে আলোচনা তাই বলছি—জমি ন্যস্ত করার জন্য সরকার নিয়েছিলেন অর্থাৎ সরকার জমি ন্যস্ত করেছিলেন ১৯৬৭ সালের আগে শূন্য-শূন্য-শূন্য, কোনও জমি নেননি, কোনও জমি বণ্টন করেননি। ১২.৮০ লক্ষ একর জমির মধ্যে সাড়ে ১১ লক্ষেরও বেশি যুক্তফ্রন্ট এবং বামফ্রন্টের আমলে হয়েছে। এটা ওরা জানুন। আমার বারংবার মনে হয়, বিরোধী সদস্যরা একটা কাজ করলে পারেন—কোনও কংগ্রেসি সদস্য যদি ঘরে কোথাও থাকেন আমি এই সংবাদটা পৌঁছে দিতে চাচ্ছি—কোনও তথ্যের কিছু নেই, গ্রাম বাংলায় গিয়ে বলুন, আমরা কংগ্রেসি, আমরা জমিদার-জোতদার, আমরা বিড়াল, কিন্তু মাছ খাই না, আমরা ভূমি সংস্কার করেছি গরিব মানুষের জন্য। এই কথা গিয়ে বলুন, আমাদের তাহলে সুবিধা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমল গুহ এবং দেবপ্রসাদ সরকার বলছেন এখন নাকি থেমে গিয়েছে। যে আর্থিক বছরটা আমরা ফেলে এলাম, অর্থাৎ ১লা এপ্রিল ১৯৯৫ থেকে ৩১শে মার্চ ১৯৯৬ সাল, এর মধ্যে নূতন করে জমি ন্যস্ত হয়েছে সরকারের হাতে ১৯,৯৫৮ একর। এই বছর জমি বণ্টন করা হয়েছে, এটা হয়ত আপনাদের ভাল লাগবে, ১ হাজার একর নয় ৪৫ হাজার ৮৭৯ একর। এটা ১ বছরে বণ্টন করা হয়েছে। এর একটা লেখচিত্র করা যায় তাহলে বোঝা যাবে কি হারে বৃদ্ধি পেয়েছে। আপনার মধ্যে যদি প্রকৃত বামপন্থা থেকে থাকে তাহলে আপনি এটাকে সাধুবাদ জানাবেন। মাননীয় সদস্য কমলবাবু এবং আপনিও হয়ত বললেন যে গ্রামবাংলায় ব্যবসায় বহুজাতিক সংস্থা ঢুকে পড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা দেশের মধ্যে আমরাই বোধ হয় প্রথম সরকার যারা এই কথা বলেছি, বইটা খুলে ৪.৪ পরিচ্ছেদের আছে দেখবেন, রাজ্য স্তরে কৃষি উৎপাদনের ভিন্ন ভিন্ন ক্ষেত্রে—নিশিকান্তবাবু আপনার পোস্তোর ব্যাপারটা এখানে এসে যাচ্ছে—মৎস্য উৎপাদন থেকে শুরু করে অনেকগুলি ক্ষেতের কমপ্লিট ল্যান্ড ইউজের দিকে যাচ্ছি। রাজ্যে খাদ্যে নিরপত্তা অটুট থাকবে। মৎস্য রপ্তানি বাণিজ্যিক নয় দেশের অভ্যন্তর প্রয়োজন মিটিয়ে সামাজিক নিয়ন্ত্রণের উপর অটল থাকতে পারি সেটা বলা হয়েছে। জানবেন এটা নয়া অর্থনীতির উল্টো কথা বলেছি। এই কথা আমরা বিকল্প প্রস্তাবে বলেছি। তাতে আপনার যদি সম্মতি থাকে তাহলে আপনি এই ব্যাপারে আমার সঙ্গে একমত হবেন। এরপর এখানে বলা হয়েছে ভূমি সংস্কার করে কি হবে, এর সঙ্গে অন্যান্য আরও অনেক কিছু আছে। এই ব্যাপারে আমি ৩.৩ পরিচ্ছেদে বলেছি। এখানে বিরোধীরা না থাকলে অসুবিধা হয়, কোন দিকে তাকিয়ে বলব? একটা কথা বলা উচিত যে আমরা একটা সমীক্ষা করেছিলাম, সেন্টার ফর সোসাল সাইন্স-কে নিয়ে। কমল গুহ মহাশয় বলেছেন ভূমিসংস্কার ছাড়া অনেক কিছু গুরুত্বপূর্ণ প্রযুক্তি ইত্যাদি আছে। আমরা খুব গুরুত্ব দিয়ে এই সমীক্ষা করি পশ্চিমবাংলার ১৮টি জেলার ৩৪১টি ব্লককে ধরে। তাতে গত ১৯ বছরের উৎপাদনের বেসটা কোথায় সেটা দেখি। তাতে বলছে উৎপাদন বৃদ্ধির

সব চেয়ে বড় কারণ একটা হচ্ছে ভূমিসংস্কার এবং দ্বিতীয় হচ্ছে সেচ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমি বলে রাখলাম। এই সেচের উপর এবারে আমরা আরও বেশি গুরুত্ব আরোপ করেছি এই বাজেটে। মাননীয় সদস্য তপন হোড় মহাশয় ঠিকই বলেছেন গত বছর সেচ খাতে ১৭০ কোটি টাকা থেকে ৪৬ শতাংশ বাড়িয়ে এবারে ২৫০ কোটি টাকা সেচের পরিকল্পনা বাজেট করেছি। গতবারের তুলনায় মোট বাজেটের ক্ষেত্রে আমরা ৪০ শতাংশ বাড়িয়েছি, সেখানে বেশি বৃদ্ধি করেছি সেচে। কংগ্রেস আমলে সেচের আওতায় ছিল ৩০ শতাংশের কম জমি। এটা শুধু কংগ্রেস আমলে নয় তার আগে থেকে ১০০ বছরের হিসাব ধরলে দেখা যাবে মোট কৃষি জমির ৩০ শতাংশের কম জমি সেচের আওতায় এসেছে। আমরা গত ১৯ বছরে সেটা ৫০ শতাংশে নিয়ে যেতে পেরেছি। আগামী ৫ বছরে সেটাকে ৭০ শতাংশে আনতে চাইছি। সেচের ব্যাপারে একটা ১০০ বছরের লেখচিত্র যদি করা যায় তাহলে দেখা যাবে বামফ্রন্ট সরকারের আমলে সেচের উর্দ্ধগতি তিক্ষ্ণভাবে বৃদ্ধি পেয়েছে। সেচের ক্ষেত্রে ভারত সরকার কি নীতি নিতে চেয়েছিল? ক্ষুদ্র সেচকে তারা কিভাবে বাড়ানো হবে বলেছিলেন? নরসিমারাও-এর উদার অর্থনীতিতে বলা হয়েছিল সেচকে বেসরকারিকরণ করা হবে। বলা হয়েছিল ধনী চাষীরা সেচের মালিক হবে। তারা সেচের জল বিক্রি করবে। তাদের গতানুগতিক চিন্তা যা তাই ছিল। আমরা বিকল্প নীতি নিয়েছি, বিকেন্দ্রীকরণ করা হোক এই কথা বলেছি। কিন্তু সেচ প্রকল্পের মালিক হবে সরকার। সরকার সেচ প্রকল্প বসাবে স্থান নির্বাচন করে। কিন্তু সেখানকার যে স্থানীয় সরকার, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত তত্ত্বাবধান করবে এবং উপকৃত মানুষরা তার দেখভাল করবেন।

[4-20 — 4-30 P M]

এর মধ্যে কোথায় নয়া আর্থিক নীতির গন্ধ পেলেন? এটা আমাদের পথ। আমরা নতুন বিকল্প পথের কথা বলেছি। এখানে সারের কথা উঠেছিল। কংগ্রেস আমলে আমরা হেক্টর প্রতি ১৭ কিলোগ্রাম ব্যবহার করতাম। এখন তা হেক্টর প্রতি ৯০ কিলোগ্রাম হয়েছে। সারা ভারতবর্ষের গড় হেক্টর প্রতি ৬৭ কিলোগ্রাম, অর্থাৎ আমাদেরটা তার চাইতে উপরে আছে। আমাদের উপরে ৩/৪টি রাজ্য আছে। কিন্তু আমাদের হারটা উর্দ্ধগামী। উন্নত বীজের ক্ষেত্রে মোট ফসলের ক্ষেত্রে ১৯৭৬-৭৭ সালে ছিল ২৫ শতাংশ। আজকে এটা ৭৩ শতাংশে চলে গেছে। এই ক্ষেত্রে সারা ভারতবর্ষের গড় হচ্ছে ৪৫ শতাংশ। এখানে আমরা বিকল্প নীতির কথা বলছি বলে সারের ক্ষেত্রে উন্নত বীজ এবং তার গবেষণা রাজ্যের মধ্যেই থাকুক, এটা আমরা চাই। জৈব সারের গবেষণাও রাজ্যের মধ্যেই হোক। আমরা গ্যাট চুক্তিকে অগ্রাহ্য করে এই কথা বলছি। বিকল্প নীতির কথা বলে সাধারণভাবে আমি এই বক্তব্য রাখছি। উৎপাদন বৃদ্ধির হারে সারা ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম স্থানে আছি, হারটা হল ৫.৯ শতাংশ। এর পরে আছে হরিয়ানা ৪.৪ শতাংশ। উৎপাদনশিলতা বৃদ্ধির হারে আমরা প্রথম স্থানে চলে গিয়েছি। কেবল কৃষি শ্রমিকদের ক্ষেত্রে যেটার গড় ১৯৮৯-৯০ সালে ছিল ১৭ পা, এখন তা ৩০ শতাংশ অতিক্রম করে গেছে। ক্ষেত মজুরদের মজুরি ভোগ্যপণ্যের মূল্যবৃদ্ধির হারের চাইতে বেশি। তাই পশ্চিমবাংলায় রিয়েল ওয়েজ রেট এগ্রিকালচারের ক্ষেত্রে বৃদ্ধি পেয়েছে। এই সুযোগে আমি এটা বলে রাখলাম। এটা বলে রাখা উচিত, যেটা দারিদ্র্যসীমার নিচে মানুষের যে অনুপাত, ইদানিং সবচেয়ে কম এই পশ্চিমবাংলায় সারা ভারতবর্ষে গড়টা

বেশি হলেও। এর তথ্যটা আমি আর বলছি না। রাজ্যের গ্রামাঞ্চল থেকে যে নতুন চাহিদা সৃষ্টি হয়েছে সে সম্পর্কে আমি বলছি, এখানে বিদ্যুতের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেছেন, আমরা লক্ষ্যমাত্রা স্থির করেছি, ৯০ ভাগ গ্রামকে আনতে হবে। এখানে উপকৃত কমিটিকে আনতে হবে। রাস্তার ক্ষেত্রে সঠিকভাবে বলা উচিত যে ১৭ হাজার কি. মি. রাস্তা যেটা পূর্ত (সড়ক) দপ্তরের পাকা রাস্তা, তার সাথে এখানে আমরা যোগ করি, বিশেষ করে গত ১০/১২ বছরে জেলা পরিষদ, পৌরসভা এবং পঞ্চায়েত সমিতিগুলো মিলিতভাবে যে রাস্তা করেছে, সেগুলোকে ঐ ১৭ হাজার কি. মি.-এর সাথে যোগ করলে ৩২.৮ হাজার কি. মি. মোট পাকা রাস্তা যাবে। এখানে বিরোধী কংগ্রেসি সদস্যেরা অন্য রাজ্যের সঙ্গে তুলনা করছিলেন। রাজ্য-এর সঙ্গে তুলনা কি করে হয়, না রাস্তা যত কি. মি. আছে, রাজ্যের যে ভৌগোলিক আয়তন তা তার সাথে পরিমাপ করা হয়। অর্থাৎ প্রতি বর্গ কি. মিটারে কত দৈর্ঘ্য পাকা রাস্তা আছে তা দেখতে হবে। তাতে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার সাথে গুজরাটে আছে ৪৫০ কি. মি., অন্ধ্রপ্রদেশে আছে ৫.০৫ কি.মি., মহারাষ্ট্রে আছে ৭০৪ কি.মি., আর আমাদের এখানে আছে ৬৯৩ কি.মি.। আমরা যদিও মহারাষ্ট্রের থেকে একটু পিছিয়ে আছি, তবে গুজরাট এবং অন্ধ্রপ্রদেশের চাইতে আমাদের বেশি আছে। এখন দরকার এর রক্ষণাবেক্ষণ করা। এটাকে কি করে উন্নত করা হবে? আমরা সেজন্য পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দ বৃদ্ধি করেছি। শুধু তাই নয়, এখানে যাতে কাজ হয়, যাতে কন্ট্রাক্টরদের উপরে নির্ভর করে নয়, উপকৃত মানুষ নিজেরাই করতে পারেন—মাননীয় দেবপ্রসাদবাবু, সেখানে তো আপনার দলের লোকও আছে, তারাও থাকবেন—তার ব্যবস্থা করছি। এর চাইতে ভাল প্রস্তাব যদি আপনার কাছে থাকে, তাহলে সেটা দেবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরপরে আরেকটি কথা বলা উচিত সেটা হচ্ছে যে, আমাদের রাজ্যে প্রায় ১ হাজার ৬৫০ কি. মি. জাতীয় সড়ক আছে, যা অন্য রাজ্যের চাইতে একটু কম নয়, বরং বেশি। এই প্রসঙ্গে মাননীয় সদস্য ফজলে হক সাহেব বলেছেন যে, উত্তরবঙ্গে যতগুলো জাতীয় সড়ক আছে তার একটা ব্যবস্থা হওয়া দরকার, আমরাও মনে করি এর মেরামতির দরকার, কিন্তু ওই জাতীয় সড়কের উপর দিয়ে দাপিয়ে তো ভারবাহী লরিগুলো উত্তর-পূর্ব ভারতে যাচ্ছে, আমাদের সঙ্গে তাদের কোনও যোগাযোগও নেই, থামছেও না, চলে যাচ্ছে অন্যান্য রাজ্যে। বিশেষ করে বন্যার পরে ওই জাতীয় সড়কের গুরুত্ব বুঝে আমরা ব্যবস্থা নিতে চেয়েছি, কিন্তু যদিও এর দায়িত্ব সংবিধান অনুযায়ী কেন্দ্রীয় সরকারের তবুও তারা তা করেননি। এমন কি ১৫০ কোটি টাকার বিলের পেমেন্ট পর্যন্ত তারা আটকে রেখেছেন। এটা তো সকলকেই মানতে হচ্ছে যে, জাতীয় স্বার্থে জাতীয় সড়কের সংস্কারের দরকার, সেখানে কংগ্রেস সদস্যরা যত দূরেই থাকুক না কেন আমি চিৎকার করে বলব ওনারা তো রাস্তা, পরিকাঠামো নিয়ে অনেক কথা বলেন, ওনাদের বলার কোনও অধিকারই নেই ওসব বিষয়ে। তারপরে গত ৫ বছরে কেন্দ্রীয় সরকার ৫টি রেল বাজেট পেশ করেছেন, তার মধ্যে বিভিন্ন রাজ্যে গত ৫ বছরে একটা না একটা রেলপথ তৈরি হয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্য। অন্যান্য রাজ্যে ৬৬৩ কি. মি. রেলপথ বসানো হয়েছে, সেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্য। তারপরে গেজ কনভারশনের ক্ষেত্রেও পরিবর্তন হয়েছে, সমস্ত রাজ্যে প্রায় ১ হাজার ৮০৫ কি. মি. হয়েছে, সেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্য। সুতরাং কংগ্রেসের কোনও নৈতিক অধিকার নেই পশ্চিমবঙ্গের পরিকাঠামোর উপরে কথা বলার।

তারা যত দূরেই যান, আর যতই বলুন না কেন, মানুষই তাদের তাড়িয়ে ছাড়বে। তারপরে হাওড়া এবং শিয়ালদহ আশেপাশে যত মানুষ থাকে, বম্বে শহরের আশেপাশে তত মানুষই থাকে। প্রায় ৯ কোটির উপরে মানুষ হাওড়া এবং শিয়ালদহ সি. এম. ডি. অঞ্চলে বাস করে, সেখানে বম্বে শহরেও প্রায় ৯ কোটির উপরে মানুষ বাস করে। অথচ হাওড়া এবং শিয়ালদহর উপরে দিয়ে গত ৫ বছরে যত সংখ্যক ট্রেন চলাচল করত তার কমিয়ে অর্ধেক করে দেওয়া হল। সেখানে বোম্বাই শহরের জন্য আরও নতুন ট্রেনের বরাদ্দ করা হল। এই যে গত ৫ বছর ধরে রেল বাজেট এই রকমভাবে বঞ্চিত করা হল তখন কংগ্রেস সদস্যরা কোথায় ছিলেন? তারা তো একটা প্রতিবাদও করেননি। সুতরাং তাদের একটি কথা বলার অধিকার নেই, পরিকাঠামোর উপরে বলার তাদের কোনও অধিকার নেই। এরপরে আমি আসছি শিল্পের কথায়। শিল্পের কথা বলতে গেলে বলতে হয় যে, বন্ধ এবং রুগ্ন শিল্পের কথা বলার মতো তাদের কোনও নৈতিক অধিকার নেই। নয়া অর্থনীতি নেওয়ার ফলে যেখানে সোয়া ২ লক্ষ বন্ধ রুগ্ন শিল্প সংগঠিত ক্ষেত্রে ছিল, সেটা বেড়ে ৩ লক্ষতে দাঁড়িয়েছে। এই বন্ধ এবং রুগ্ন শিল্প কোনও রাজ্যে সবচেয়ে বেশি—মহারাষ্ট্রে, যেটা নাকি আগে কংগ্রেসরদের হাতে ছিল, এখন বি. জে. পি. সরকারের হাতে, শিবসেনা চালাচ্ছে। তারও পরে পশ্চিমবঙ্গে যে কেন্দ্রীয় সরকারের নিজস্ব সংস্থা আছে, সেখানে ৭ হাজার ১০০ কোটি টাকা বিনিয়োগ করার কথা ছিল কেন্দ্রীয় সরকারের, কিন্তু সেখানে কি দেখলাম—দিয়েছে পশ্চিমবঙ্গকে মাত্র শূণ্য কোটি টাকা। যার ফলে অনেক কারখানা বি. আই. এফ. আরে চলে গেছে আর কতগুলো কেশ উইন্ডিং আপ পিটিশনে গেছে। ওদের নিজেদের বড় বড় বন্ধু ছিল, তাদের নিজেদের ওই সব বন্ধ কারখানার জন্যে টাকা দেওয়ার কথা, তা না দিয়ে বন্ধ এবং রুগ্ন শিল্পে পরিণত করলেন। ওদের কোনও নৈতিক অধিকার আছে পশ্চিমবঙ্গের উন্নতির উপরে কথা বলার? পশ্চিমবঙ্গ একটি রাজ্য যারা ওই বন্ধ এবং রুগ্ন শিল্পকে দাঁড় করাবার জন্যে নিজের দায়িত্বের ভার বহন করতে রাজি হয়েছে। সেখানে বাজেটে ৭৫ কোটি টাকা ধরা হয়েছিল, তা সত্ত্বেও ওইসব কারখানাগুলোর জন্য ব্যয়ভার বহন করতে রাজি হয়ে বাজেটে আরও অতিরিক্ত ২৫ কোটি টাকা মকুব করা হয়েছে। আমার মনে হয় কি, বি. আই. এফ. আরের প্রসিডিংগুলো যখন হয় তখন ওই কংগ্রেস বন্ধুদের থাকতে বলি, তখন কোথায় থাকেন ওনারা? সুতরাং ওদের কোনও নৈতিক অধিকার নেই এই সম্পর্কে বলার। আমরা কর ছাড় দিতে প্রস্তুত আছি যদি ওই করের থেকে কেন্দ্রীয় সরকার একটার পর একটা ওই রুগ্ন এবং বন্ধ শিল্পগুলোকে খোলার ব্যবস্থা করেন। গোটা ভারতবর্ষের মধ্যে কোন রাজ্য কত কর ছাড়বে, আমরা তার চেয়ে বেশি কর ছাড় দিতে রাজি আছি, যদি পশ্চিমবঙ্গে বন্ধ এবং রুগ্ন শিল্পগুলো খোলা হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একজন মাননীয় সদস্য জানতে চেয়েছেনে যে, গত ৫ বছরে পশ্চিমবঙ্গে কতগুলো শিল্প প্রকল্পে সত্যিকারের কাজ শুরু হয়েছে এবং কর্মসংস্থান কত হয়েছে আর কত বিনিয়োগ হয়েছে। আমি তার উত্তরে জানাচ্ছি যে, গত ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত বিনিয়োগ করা হয়েছে ৬ হাজার ৭২৩ কোটি টাকা এবং এর মধ্যে ১৯ হাজার ৯৪৩ জন মানুষ কাজ করেছেন। মাননীয় সদস্য নির্দিষ্ট উত্তর চেয়েছেন আমিও নির্দিষ্ট উত্তর দিয়ে দিলাম। তারপরে হলদিয়া পেট্রো প্রকল্পের ক্ষেত্রে একটা ইতিবাচক ঘটনা ঘটেছে।

[4-30 — 4-40 P.M.]

আমরা যারা এখানে সহযোগী আছি, হলদিয়া প্রকল্পের ব্যাপারে ইতিমধ্যে যেটা খরচ ধরা হয়েছে আপনারা জানেন সেটা হচ্ছে ৫ হাজার ১৭০ কোটি টাকা, এতে ইক্যুইটি মূলধন হিসাবে লাগবে ১ হাজার ১০ কোটি টাকা। সেখানে রাজ্য সরকার দিয়েছে ১৬০ কোটি টাকা, চ্যাটার্জি সোরস দিয়েছে ৭৮ কোটি টাকা, টাটা কোম্পানি দিয়েছে ৫৫ কোটি টাকা। এখন প্রত্যেকটি বাড়িয়ে, আমাদেরটাও বাড়িয়ে ২১৬ কোটি টাকা হয়েছে, চ্যাটার্জি সোরস ২১৬ কোটি টাকা, টাটা কোম্পানি ৭৩ কোটি টাকা করে ৫০৫ কোটি টাকা আর্থিক মূলধন ইক্যুইটি হিসাবে দিয়ে দিলাম। এর পরে আই. ডি. বি. আই.-এর কাছ থেকে ডেফার্ড পেমেন্ট গ্যারান্টি যেটা পাওয়ার দরকার ছিল সেটার কাজ শুরুতে বাধা থাকল না। এরপরে যেটা আসছি শিল্প উৎপাদনে বৃদ্ধির হার, গত ৩০ বছরের মধ্যে সবচেয়ে বেশি গতবারে হয়েছে ৮.৩ শতাংশ হারে, এবং এই বছরে শিল্প উৎপাদনে বৃদ্ধি ১০ শতাংশকেও অতিক্রম করে যাবে। গত ৩০/৩৫ বছরের মধ্যে এটা সবচেয়ে বেশি হবে। মাননীয় সদস্য নির্মল ঘোষ মহাশয় বলেছিলেন, আমরা বলেছি, মোট উৎপাদন রাজ্য স্তরে বেশি হচ্ছে, '৯৫-'৯৬ সালে যেটা স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট বা রাজ্যর আভ্যন্তরীণ উৎপাদন থেকে আয় এটা বৃদ্ধি হয়েছে ৭.৩ শতাংশ, গোটা দেশে এটা হয়েছে ৬.২ শতাংশ হারে ; ৫ বছরের হিসাব নিলে দেখা যাবে এটা ৫.৯ শতাংশ বৃদ্ধি হয়েছে, সারা দেশে সেখানে ৪.৭ শতাংশ হারে হয়েছে। উনি বলেছিলেন এটা প্রভিসনাল কেন লিখেছি, সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্যাল অর্গানাইজেশন তিন বছরের একটা তথ্যকে প্রভিসনাল বলে, তারপরে ওরা তুলে দেন। পশ্চিমবাংলায় যারা হিসাব রাখেন তারা জানেন, আমাদের গর্ব পশ্চিমবাংলার প্রভিসনালটা অ্যাকচুয়াল থেকে যায়। কেন্দ্রীয় সরকারের ঐটা কমে যায়, ওদেরটা থাকে না। তাই প্রভিসনাল কেন বলেছি, আমি উত্তরটা এই সুযোগে দিয়ে দিলাম। এই যে ৪০ শতাংশ পরিকল্পনা ব্যয় আমরা বৃদ্ধি করলাম, এটা ব্যয় বৃদ্ধি করার জন্য। যে করটা বাড়াতে হয়েছে তার মূল জায়গাটা হচ্ছে কয়লার সেস-এর উপর, এটা কে. জি. প্রতি ৩ পয়সা, এটাও হোত না, গত ৫ বছরে আমরা একবারও বৃদ্ধি করিনি। কেন্দ্রীয় সরকার যদি রয়ালটি দিতেন তাহলে এটা বৃদ্ধি করতে হোত না। গত ৫ বছরে কেন্দ্রীয় সরকার ৬ বার বৃদ্ধি করেছে। আমাদের এই বৃদ্ধিটা সাবা দেশে ছড়িয়ে যাবে, এটা আপনাদের গায়ে স্পর্শ করবে না। আর কর বৃদ্ধি করেছি, মটব গাড়ির ক্ষেত্রে, মাদক দ্রব্যর উপর আর যেখানে কালো টাকা জমছে সেখানে আমরা বৃদ্ধির কথা বলেছি এর সঙ্গে বলেছি মহার্ঘ জামা কাপড় স্যুট লেঙ্ঘ যারা কেনেন তারা লাক্সারি ট্যাক্স এর মধ্যে আসবেন। সাধারণ মানুষের কাপড়ের উপর স্পর্শ করার কোনও ইচ্ছাই নেই। স্ট্যাম্প ডিউটির উপর আমরা ৫ শতাংশ কমিয়ে দিয়েছি। এরপরে সাংবিধানিক কতকগুলি বিষয় আসছে, সেইগুলি পরে সময়মতো বলব। কর ছাড় যেগুলি দেওয়া হয়েছে, সাধারণ মানুষের উপর কর ছাড় সবচেয়ে বেশি দেওয়া হয়েছে। কেউ কেউ বলেছেন এয়ার কন্ডিশনের উপর কেন ছাড় দিয়েছেন, এটার ব্যাখ্যা আমি পরিষ্কারভাবে করেছি, আমাদের রাজ্যে সরকার সবচেয়ে বেশি কর আমরা অনুমোদন করেছি এই বিধানসভায় ২২ শতাংশ হারে রেখেছিলাম। রেখে যেটা দেখলাম, সমস্ত দেশেই, অন্য রাজ্যগুলি যদি এইটা রাখত এবং যদি সত্যিই এয়ার কন্ডিশনের ভোগ কমত, গোটা দেশে কমত তাহলে আমরা ঐটা ঠিক মনে করতাম, কিন্তু আর কেউই করল না। ফলে এখানকার যারা ধনী মানুষ তারা অন্য রাজ্য থেকে ডাইরেক্ট বিলিং করে কিনে আনছে, ফলে মাঝখান থেকে আমাদের রাজ্যে যেটা শিল্প হতে পারত সেটা মার খেল।

আমি ২ বছর দেখলাম, তারপরে সেটা কমিয়ে সারা ভারতবর্ষে যেটা গড় ১৫ শতাংশ সেটাই করেছি। এটা কর্মসংস্থান বৃদ্ধির জন্য করেছি। এটা তো আমরা বলেছি, তারপরে আবার এটা খোঁচাতে গেলেন কেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইনপুট ট্যাক্স আমরা কমিয়ে দিলাম, শিল্পের উৎপাদনের স্বার্থে আমরা রি-সেলার ট্যাক্স চালু করেছি। এতে সাধারণ বিক্রেতারা খুব উপকৃত হবে। কর্মসংস্থানের ক্ষেত্রে আমরা গুরুত্ব দিয়েছি এবং পাছে কোনও বিরোধী সদস্য কোনও প্রশ্ন তোলেন তাই আমি কেন্দ্রীয় সরকারের তথ্য বলছি। তারা বলেছেন সারা দেশের ক্ষেত্রে কর্মসংস্থানের যে চাহিদা এটা বেড়েছে প্রতি বছর ২.৫ পারসেন্ট হারে। আর সারা দেশে কর্মসংস্থানের যোগান বৃদ্ধি পেয়েছে ২.৩৫ পারসেন্ট হারে, এটা আমার রিপোর্ট নয়, এটা যোজনা কমিশনের রিপোর্ট। যোজনা কমিশন বলেছে যেখানে সারা ভারতবর্ষের কর্মসংস্থানের যোগানের বৃদ্ধির হার ২.৩৫ পারসেন্ট হারে, সেখানে সারা ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্য প্রথম, ২.৯ পারসেন্ট হারে আমাদের এখানে কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ভারতবর্ষের মধ্যে আমরা এক নম্বরে আছি এবং এটা সম্ভব হয়েছে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্র এবং ছোট ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রে। এখানে দাঁড়িয়ে আমি নথিভুক্ত বেকারের তথ্য বলছি, এক এক বছরে নতুন করে ২.৮ লক্ষ মানুষ নথিভুক্ত হচ্ছে, আর বকেয়া আছে প্রায় ৫৩ লক্ষের মতো। এই তথ্যের মধ্যে না গিয়ে আমরা তাই প্রতি বছর ২.৮ লক্ষের চেয়ে বেশি কর্মসংস্থানের ব্যবস্থা করেছি। যাতে নতুন বেকার যারা হচ্ছেন তাদের সমস্যাটা এবং বকেয়া বেকারের সংখ্যা কমতে পারে। এখানে দাঁড়িয়ে কৃষি, বিদ্যুৎ এবং সেচের আওতায় আরও কত বেশি জমিকে নিয়ে আসা যায় তার চেষ্টা করছি এবং এর ফসলকে আমরা কাজে লাগাব। এই বক্তব্যই মাননীয় সদস্য বীরেন ঘোষ বলেছেন। আমরা এস্টিমেট করছি ১.৬ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থান হবে বলে মনে করছি। গ্রামাঞ্চলে আই. আর. ডি. পি. ডিসবার্সমেন্ট হচ্ছে, সেখানে একটু কম করে ৩.৫ লক্ষ মানুষ এর সাহায্য পাবে। কিন্তু আমাদের মূল সমস্যা থাকছে শহর এবং আধা-শহর অঞ্চলের ক্ষেত্রে একটা নতুন প্রকল্প সম্বন্ধে। ফজলে সাহেব এখানে বললেন আপনাদের পরিকল্পনা কি? রাজ্যের প্রতিটি ব্যাঙ্কের সঙ্গে আলোচনা করে আমরা ২৫০ কোটি টাকার পরিকল্পনা নিয়েছি এবং এর ১০ ভাগ মার্জিন মানি আমরা দেব—যদিও এখনও নয় মাস আছে—আমরা এই টাকা এই বছরের মধ্যে খরচ করতে চাই। শুধু ৬১টি শহর নয়, আধা-শহর ও গঞ্জের এলাকাগুলোর ব্যাঙ্কের সঙ্গেও আমরা আলোচনা করেছিলাম। সমবায় ব্যাঙ্কের সঙ্গে আমরা আলোচনা করেছিলাম, তাদের কাছে মানুষ টাকা রাখেন, তারা ৯০ ভাগ টাকা বিনিয়োগ করেন। এছাড়া পশ্চিমবঙ্গ অর্থ নিগমের ব্যাঙ্কের শাখা প্রসার করে প্রত্যেক জেলায় খোলা হবে এবং স্ব-নিযুক্তি প্রকল্পের কাজটা ঐসব ব্যাঙ্ক থেকে হবে। এই ব্যাপারে আমি সকলের সহযোগিতা চাইছি। পলিটেকনিকের ব্যাপারটা এখানে ঘুরে ফিরে এসেছে। পলিটেকনিক স্থাপন খুবই গুরুত্বপূর্ণ আমরা নতুন ধরনের ছোট ছোট পলিটেকনিক পৌরসভা ও পঞ্চায়েতে করতে পারি তারজন্য অতিরিক্ত বরাদ্দ করেছি। একই সঙ্গে আমরা জনস্বাস্থ্যের ক্ষেত্রে পৌরসভা এগিয়ে আসুক এটা আমরা চাইছি। এই ব্যাপারে অনেক ক্ষেত্রে ভাল ফল হয়েছে। আমরা নতুন প্রস্তাব রেখেছি, অনেকে সমর্থন করেছে, পৌরসভা ও পঞ্চায়েতের মাধ্যমে আমরা বিদ্যালয় চালু করতে পারি কিনা।

[4-40 — 4-50 P.M.]

বিদেশি ঋণ আর কেন্দ্রীয় সরকারের নয়া আর্থিক নীতির বলে সমস্ত হাসপাতালে আপনারা প্রাইভেটাইজ করে দিন। আমরা বলেছি প্রাইভেটাইজ নয়, আমরা বলেছি স্থানীয় সরকার এগিয়ে আসুন। পঞ্চায়েত, পুরসভা এগিয়ে আসুন। আমরা বলেছি যেটা বিদেশি ঋণ বলে আপনারা শিক্ষা ব্যবস্থাকে বেসরকারিকরণ করুন। আমরা বলেছি তা নয়, মালিক হবেন স্থানীয় সরকার। পঞ্চায়েত, পুরসভা এবং শিক্ষক-মহাশয়রা নিযুক্ত হবে বলে যে প্রস্তাব রেখেছি সেই প্রস্তাবের উপর আলোচনা করে আমরা রূপায়ণ করব। পরিষ্কার করে বলে রেখেছি। যে প্রস্তাব রেখেছি সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করে রূপায়ণ করব কিন্তু একটা কথা ভুল ভাবে বলা হয়েছে যে শুধু শিক্ষক মহাশয়দের ক্ষেত্রে কেন আপনারা বলছেন এই দায়বদ্ধতার কথা। না আমরা তো শুধু তাদের কথা বলছি না। আমাদের বাজেটটা যদি কেউ একটু দেখে রাখেন তাহলে ৩.১৩ পরিচ্ছেদে আমরা সরকারের বিভিন্ন স্তরে যুক্ত কর্মী এবং পঞ্চায়েত, পুরসভার কর্মী প্রত্যেকের ক্ষেত্রে সামাজিক দায়বদ্ধতার কথা বলেছি। আমরা মনে করি প্রত্যেকের ক্ষেত্রে সামাজিক দায়বদ্ধতার উন্নতির সুযোগ আছে। আলোচনা করে সেই সামাজিক দায়বদ্ধতার উন্নতি করতে হবে। এটায় আমরা অঙ্গীকারবদ্ধ। আমাদের বামফ্রন্ট সরকারের ইস্তাহারে অঙ্গীকারবদ্ধ। আমাদের এই সামাজিক দায়বদ্ধতাকে উন্নতি করতেই হবে। সাধারণ মানুষ অনেকে প্রত্যাশা নিয়ে আমাদের জন্য অপেক্ষা করে আছেন। আমরা তাই আলোচনা করে কিন্তু কাজটা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে বলে শেষ করব। গ্রামাঞ্চলে ক্ষেত মজুরদের প্রভিডেন্ট ফান্ডের প্রকল্প প্রস্তাব আকারে রেখেছি। মাননীয় সরকারি সদস্যরা সকলেই সমর্থন করেছেন এবং আমি বলব বিরোধী সদস্যরাও এর সঙ্গে ভিন্ন মত পোষণ করতে পারবেন না। আমরা ওখানে একটা কথা বলেছি, অভিজ্ঞতার ভিত্তিতে সংশ্লিষ্ট অন্য রকম যারা আছেন, গরিব মানুষ তাদের ক্ষেত্রে আমরা এটাকে সম্প্রসারিত করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা একটু বলছি অন্যান্য ক্ষেত্রগুলো হবে শহরাঞ্চলে যে গরিব কারিগর বস্তি এলাকায় থাকেন, গ্রামাঞ্চলে যে গরিব মৎস্যজীবী, যারা ছড়িয়ে আছেন এই ধরনের মানুষের ক্ষেত্রে কিন্তু আপনাদের যে সমর্থন তার থেকে উৎসাহ পেয়ে আমাদের সীমাবদ্ধতার মধ্যেও গ্রামাঞ্চলেও প্রসারিত করব এবং শহরাঞ্চলে কারিগর, অসংগঠিত শ্রমিক এদের নিয়েই আমাদের প্রকল্প মানুষকে সম্মান জানানোর প্রকল্প। আর শহরাঞ্চলে বস্তি এলাকার জন্য একটা মানুষ যেখানে নিজে এগিয়ে আসবেন যদি কোনও কন্ট্রাক্টর ছাড়া নিজে এগিয়ে আসতে চান, জানবেন সেই প্রকল্প শুধু ইঁট, পাথর, সিমেন্টের প্রকল্প হবে না। সেই প্রকল্পের মধ্যে তাদের ভালবাসা, শ্রমও যুক্ত হয়ে থাকবে জানবেন। নতুন মাত্রা যুক্ত হবে। বিকেন্দ্রীকরণ বলতে আমরা এইটা বুঝছি যে বিকল্প নীতির কথা, সারা দেশের ক্ষেত্রে রেখেছি তার উপর অবিচল থেকে, এই প্রত্যেকটা প্রস্তাব আপনার বাজেটে রাখলাম এবং এই বাজেটকে আরেকবার নিজেই সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

## Arrest of Member

**Mr. Speaker :** The debate stands closed.

I would inform that as reported by the commissioner of Police, Calcutta the Hon'ble. member, Shri Sudip Bandyopadhyay, a member of this House was arrested at 10-45 A.M. in connection with Taltola P.S. Case No. 26 Part II dated 27. 6. 96 under Section 151 C. R. P. C. and was taken to the Central Lock-up, Lalbazar.

**Suspension of Rule**

Before the demands for grants are moved by the Hon'ble Finance Minister I have to move a motion for suspension of the rules relating to the matter to be sent to the Subject Committees because the Budget has to pass by the last of July, 1996. It cannot refer, to the Subject committees for pre-Budget scrutiny.

"Whereas Rule 208A of the Rules of Procedure and conduct of Business enjoins that the demands for grants on related departments shall stand referred to the appropriate Subject Committees for scrutiny and report;

And whereas Vote on Accounts Budget has been passed for a period ending 31st July, 1996;

And whereas it has become imperative to ensure the passing of the entire budget of the State for 1996-97 by the 31st July, 1996;

And whereas the completion of the entire Budget process after due compliance of the provision of the Rule 208A of the Rules of Procedure and Conduct of Business by 31st July, 1996 is thus rendered matters for paucity of time. The House is, therefore, of the opinion that the afore said Rule 208A be suspended for this year only."

The motion was then put and agreed to.

**BUDGET—FOR—1996-97**

**DEMAND No. 1**

**Major Head : 2011—State Legislatures**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,78,55,000 only be granted for expenditure under Demand No. 1, Major Head : "2011—State Legislatures" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 2,27,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 3

Major Head : 2013—Council of Ministers

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,85,85,000 only be granted for expenditure under Demand No. 3, "Major Head : 2013—Council of Ministers" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 62,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 4

Major Head : 2014—Administration of Justice

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,64,35,000 only be granted for expenditure under Demand No. 4, "Major Head : 2014—Administration of Justice" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 17,22,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 5

Major Head : 2015—Elections

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 49,81,05,000 only be granted for expenditure under Demand No. 5, "Major Head : 2015—Elections" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 37,36,00,000 only already voted on account in February, 1996.)

[4-50 — 5-00 P.M.]

DEMAND No. 6

Major Head : 2020—Collection of Taxes on Income and Expenditure

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,36,51,000 only be granted for expenditure under Demand No. 6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,13,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 7

### Major Heads : 2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,51,98,27,000 only be granted for expenditure under Demand No. 7, Major Head : "2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 50,67,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 8

### Major Head : 2030—Stamps and Registration

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 26,29,95,000 only be granted for expenditure under Demand No. 8, Major Head : "2030—Stamps and Registration" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 8,77,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 9

### Major Head : 2035—Collection of Other Taxes on Property and Capital transactions

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,00,000 only be granted for expenditure under Demand No. 9, Major Head : "2035—Collection of Other Taxes on Property and Capital transactions" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 9,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 10

### Major Head : 2039—State Excise

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,51,45,000**

**only be granted for expenditure under Demand No. 10, Major Head : " 2039—State Excise" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 7,84,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 11

Major Head : 2040—Sales Tax

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 38,30,40,000 only be granted for expenditure under Demand No. 1, Major Head : "2040—Sales Tax" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 12,77,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 12

Major Head : 2041—Taxes on Vehicles

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,91,75,000 only be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 1,64,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 13

Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,25,35,000 only be granted for expenditure under Demand No. 13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 3,76,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 14

Major Head : 2047—Other Fiscal Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,83,60,000 only**

be granted for expenditure under Demand No. 14, Major Head : "2047—Other Fiscal Services" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 2,28,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 16

Major Head : 2049—Interest Payments

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 35,00,000 only be granted for expenditure under Demand No. 16, Major Head : "2049—Interest Payments" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 12,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 18

Major Head : 2052—Secretariat—General Services

**Dr. Asim Kumar Dasgupta :** ***Sir, on the recommendation of*** **the Governor, I beg to move that a sum of Rs. 34,40,15,000 only be granted for expenditure under Demand No. 18, Major Head : " 2052—Secretariat—General Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 11,47,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 19

Major Head : 2053—District Administration

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,25,60,000 only be granted for expenditure under Demand No. 19, Major Head : "2053—District Administration" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 11,09,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 20

Major Head : 2054—Treasury and Accounts Administration

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 24,43,00,000**

**only be granted for expenditure under Demand No. 20, Major Head : "2054—Treasury and Accounts Administration" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 8,15,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 21

**Major Head : 2055—Police**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 554,03,20,000 only be granted for expenditure under Demand No. 21, Major Head : " 2055—Police" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 277,02,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 22

Major Head : **2056—Jails**

Dr. Asim Kumar Dasgupta **: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 35,12,40,000 only be granted for expenditure under Demand No. 22, Major Head : "2056—Jails" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 11,71,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 24

**Major Head : 2058—Stationery and Printing**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,69,70,000 only be granted for expenditure under Demand No. 24, Major Head : "2058—Stationery and Printing" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 4,24,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 25

**Major Head : 2059—Public Works, 2205—Art and Culture (Buildings), 2216—Housing (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education,**

Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings). 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Housing (Buildings), 4216—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) and 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings).

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,76,78,46,000 only be granted for expenditure under Demand No. 25, Major Head : "Major Head : 2059—Public Works, 2205—Art and Culture (Buildings), 2216—Housing (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Housing (Buildings), 4216—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) and 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings)

(Tribal Areas Sub-Plan) (Buildings)." during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 92,33,00,000 only already voted on account in February, 1996.)

[5-00 — 5-10 P.M.]

DEMAND No. 26

Major Head : 2070—Other Administrative Services (Fire Protection and Control)

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 43,97,50,000 only be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and Control)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 14,13,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 27

Major Head : 2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 85,31,25,000 only be granted for expenditure under Demand No. 27, Major Head : "2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 28,44,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 28

Major Head : 2071—Pensions and Other Retirement Benefits

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,88,92,85,000 only be granted for expenditure under Demand No. 28, Major Head : "2071—Pensions and Other Retirement Benefits" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 196,31,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 29

Major Head : 2075—Miscellaneous General Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,91,55,000 only**

**be granted for expenditure under Demand No. 29, Major Head: "2075—Miscellaneous General Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 2,96,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 30

**Major Head : 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture.**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,360,88,71,000 only be granted for expenditure under Demand No. 30, Major Head : " 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture." during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 789,91,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 31

**Major Head : 2204—Sports and Youth Services**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,22,45,000 only be granted for expenditure under Demand No. 31, Major Head : "2204—Sports and Youth Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 9,75,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 32

**Major Head : 2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public health (Excluding Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,20,37,00,000 only be granted for expenditure under Demand No. 32, Major Head : "2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public health (Excluding Public Health)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 173,46,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 33

**Major Head : 2210—Medical and Public Health (Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 85,49,60,000 only be granted for expenditure under Demand No. 33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs 28,50,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 34

Major Head : **2211—Family Welfare**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 77,09,77,000 only be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211—Family Welfare" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 25,70,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 35

**Major Head : 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 167,76,07,000 only be granted for expenditure under Demand No. 35, Major Head : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 83,88,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 36

**Major Head : 2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 62,74,93,000**

**only be granted for expenditure under Demand No. 36, Major Head : " 2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 20,93,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 37

**Major Head : 2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 368,84,00,000 only be granted for expenditure under Demand No. 37, Major Head : "2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 123,49,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 38

**Major Head : 2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 21,15,43,000 only be granted for expenditure under Demand No. 38, Major Head : " 2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 7,06,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 39

**Major Head : 2230—Labour and Employment**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 42,12,70,000 only be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labour and Employment" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 14,05,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 40

**Major Head : 2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,42,30,000 only be granted for expenditure under Demand No. 40, Major Head : "2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 13,82,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 41

**Major Head : 2202—General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan) 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital**

Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), 6575—Loans for Other Special Areas Programmes (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 189,60,27,000 only be granted for expenditure under Demand No. 41, Major Head : "2202—General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan) 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital

**Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), 6575—Loans for Other Special Areas Programmes (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)," during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 6,32,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 42

**Major Head : 2235—Social Security and Welfare (Social Welfare)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 143,37,51,000 only be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and Welfare (Social Welfare)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs 47,80,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 43

**Major Head : 2236—Nutrition**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,14,00,000 only be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 4,72,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 44

**Major Head : 2245—Relief on account of Natural Calamities**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 104,26,00,000 only be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 52,13,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 45

**Major Head : 2251—Secretariat—Social Services**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,09,10,000 only be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251—Secretariat—Social Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 4,37,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 46

**Major Head : 2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 21,84,75,000 only be granted for expenditure under Demand No. 46, Major Head : " 2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 7,29,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 47

**Major Head : 2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and**

**6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertaking)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 93,60,30,000 only be granted for expenditure under Demand No. 47, Major Head : "2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and 6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 31,21.00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 48

**Major Head : 2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,77,36,000 only be granted for expenditure under Demand No. 48, Major Head : "2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 5,60,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 49

**Major Head : 2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) and 6403—Loans for Animal Husbandry**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommen-dation of the Governor, I beg to move that a sum of Rs. 72,51,08,000 only be granted for expenditure under Demand No. 48, Major Head : "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) and 6403—Loans for Animal Husbandry" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 24.18.00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 50

### Major Head : 2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) and 6404—Loans for Dairy Development

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 102,25,37,000 only be granted for expenditure under Demand No. 50, Major Head : "2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) and 6404—Loans for Dairy Development" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 34,12,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 51

### Major Head : 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 49,10,90,000 only be granted for expenditure under Demand No. 51, Major Head : "2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 16,38,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 52

### Major Head : 2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 98,60,35,000 only be granted for expenditure under Demand No. 52, Major Head : "2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 32,87,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 53

**Major Head : 4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,34,00,000 only be granted for expenditure under Demand No. 53, Major Head : "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 79,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 54

**Major Head : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 77,06,30,000 only be granted for expenditure under Demand No. 54, Major Head : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 25,69,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 55

**Major Head : 2415—Agricultural Research and Education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,63,55,000 only be granted for expenditure under Demand No. 55, Major Head : "2415—Agricultural Research and Education and 4415—Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 10,94,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 57

Major Head : 2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,77,45,000 only be granted for expenditure under Demand No. 57, Major Head : "2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 15,61,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 58

Major Head : 2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,68,35,000 only be granted for expenditure under Demand No. 58, Major Head : "2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 3,57,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 59

Major Head : 2501—Special Programmes for Rural Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 47,43,75,000 only be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programmes for Rural Development" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,59,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 60

Major Head : 2505—Rural Employment

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,69,53,89,000

**only be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 174,75,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 61

**Major Head : 2506—Land Reforms**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,44,75,000 only be granted for expenditure under Demand No. 61, Major Head : "2506—Land Reforms" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 5,82,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 62

**Major Head : 2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 203,97,00,000 only be granted for expenditure under Demand No. 62, Major Head : "2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 68,01,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 63

**Major Head : 2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 56,84,50,000 only be granted for expenditure under Demand No. 63, Major Head : "2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 18.96.00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 64

Major Head : 2551—Hill Areas, 4551—Capital Outlay on Hill Areas an 6551—Loans for Hill Areas

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 102,66,39,000 only be granted for expenditure under Demand No. 64, Major Head : "2551—Hill Areas, 4551—Capital Outlay on Hill Areas an 6551—Loans for Hill Areas" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 51,34,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 65

Major Head : 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 72,28,60,000 only be granted for expenditure under Demand No. 65, Major Head : "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 36,15,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 66

Major Head : 2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 345,48,84,000 only be granted for expenditure under Demand No. 66, Major Head : "2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 115,17,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 67

**Major Head : 2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Command Area Development**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 173,73,22,000 only be granted for expenditure under Demand No. 67, Major Head : "2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Command Area Development" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 86,87,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 68

**Major Head : 2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 113,55,16,000 only be granted for expenditure under Demand No. 68, Major Head : "2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 37,86,00,000 only already voted on account in February, 1996.)

[5-20 — 5-26 P.M.]

DEMAND No. 69

**Major Head : 2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,72,75,00,000 only be granted for expenditure under Demand No. 69, Major Head : "2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power Projects and 6860—Loans for Consumer Industries" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 586,38,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 72

### Major Head : 2810—Non-Conventional Sources of Energy

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,12,50,000 only be granted for expenditure under Demand No. 72, Major Head : "2810—Non-Conventional Sources of Energy" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 38,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 73

### Major Head : 2851—Village and Small Industries (Excludings Public Undertakings,) 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excludings Public Undertakings)

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 104,00,46,000 only be granted for expenditure under Demand No. 73, Major Head : "2851—Village and Small Industries (Excludings Public Undertakings,) 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excludings Public Undertakings)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 34,68,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 74

### Major Head : 2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and

**Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)**

**Dr. ASIM KUMAR DASGUPTA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 42,61,20,000 only be granted for expenditure under Demand No. 74, Major Head : "2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 14,22,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 75

**Major Head : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 38,09,45,000 only be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 12,70,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 76

**Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,20,85,000 only be granted for expenditure under Demand No. 76, Major Head**

: "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 74,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 77

Major Head : 3051—Ports and Lighthouses

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,45,00,000 only be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 49,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 78

Major Head : 3053—Civil Aviation

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 36,72,000 only be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 13,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 79

Major Head : 3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 231,21,85,000 only be granted for expenditure under Demand No. 79, Major Head : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 77,08,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 80

Major Head : 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport,

**5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for road transport**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 147,28,35,000 only be granted for expenditure under Demand No. 80, Major Head : " 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for road transport" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 49,10,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 81

Major Head : 7075—Loans for Other Transport Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 22,40,00,000 only be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 7,47,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 82

Major Head : 3425—Other Scientific Research

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,80,000 only be granted for expenditure under Demand No. 82, Major Head : "3425—Other Scientific Research" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 2,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 83

Major Head : 3451—Secretariat—Economic Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 22,03,96,000 only be granted for expenditure under Demand No. 83, Major**

**Head : "3451—Secretariat—Economic Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 7,35,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 84

**Major Head : 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,89,95,000 only be granted for expenditure under Demand No. 84, Major Head : "3452—Tourism and 5452—Capital Outlay on Tourism" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 1,98,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 85

**Major Head : 3454—Census, Surveys and Statistics**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,60,70,000 only be granted for expenditure under Demand No. 85, Major Head : "3454—Census, Surveys and Statistics" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 1,87,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 86

**Major Head : 3456—Civil Supplies**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,93,31,000 only be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 1,32,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 87

**Major Head : 5465—Investments in General Financial and**

**Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,67,50,000 only be granted for expenditure under Demand No. 87, Major Head : "5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 90,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 88

Major Head : 3475—Other General Economic Services

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,30,40,000 only be granted for expenditure under Demand No. 88, Major Head : "3475—Other General Economic Services" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 1,44,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 89

Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,11,00,000 only be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 4,37,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 90

Major Head : 3604—Compensation and Assignments to Local Bodies and Pachayati Raj Institutions (Excluding Panchayati Raj)

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 210,51,81,000**

**only be granted for expenditure under Demand No. 90, Major Head : "3604—Compensation and Assignments to Local Bodies and Pachayati Raj Institutions (Excluding Panchayati Raj)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 105,26,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 92

**Major Head : 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,56,00,000 only be granted for expenditure under Demand No. 92, Major Head : "4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 10,19,00,000 only already voted on account in February, 1996.)

## DEMAND No. 93

**Major Head : 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 95,47,00 000 only be granted for expenditure under Demand No. 93, Major Head : "4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other**

**Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 31,83,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 94

**Major Head : 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,00,00,000 only be granted for expenditure under Demand No. 94, Major Head : "4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 5,00,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 95

**Major Head : 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 21,14,00,000 only be granted for expenditure under Demand No. 95, Major Head : "4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakins and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current financial year.**

(This is inclusive of a total sum of Rs. 7,06,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 96

Major Head : 6875—Loans for Other Industries (Excluding Closed and Sick Industries and Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,90,00,000 only be granted for expenditure under Demand No. 96, Major Head : "6875—Loans for Other Industries (Excluding Closed and Sick Industries and Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 4,30,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 97

Major Head : 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,33,50,000 only be granted for expenditure under Demand No. 97, Major Head : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 45,00,000 only already voted on account in February, 1996.)

DEMAND No. 99

Major Head : 7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 62,25,00,000 only be granted for expenditure under Demand No. 99, Major Head : "7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 31,13,00,000 only already voted on account in February, 1996.)

The following speeches on different Demands of Grants are taken as read :

## Demand No. 1

The Printed Speech of **Shri Prabodh Sinha** on Demand No. 1 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব উত্থাপন করছি যে, ১৯৯৬-৯৭ সালে ১ নং দাবির অধীনে মুখ্যখাত : ২০১১ রাজ্য বিধানমণ্ডল এই হিসাবখাতে ব্যয় নির্বাহের জন্য ৬,৮৬,০৫,০০০ (ছয় কোটি ছিয়াশি লক্ষ পাঁচ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট-অন অ্যাকাউন্টের ২,৩০,০০,০০০ (দুই কোটি ত্রিশ লক্ষ) টাকাও উল্লিখিত অর্থাংকের মধ্যে আছে।

(১) এই হিসাবখাতে যে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা হল :

(ক) পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যদের বেতন ও ভাতা এবং অপর খরচ বাবদ ব্যয় এবং

(খ) পশ্চিমবঙ্গ বিধানমণ্ডল সচিবালয়ের অফিস চালানোর খরচ সমেত ওই সচিবালয়ের আধিকারিক এবং কর্মচারিদের বেতন ও ভাতা বাবদ ব্যয়—

(২) উপরে যে অর্থের জন্য দাবি জানানো হয়েছে তা থেকে ৫২,০০,০০০ (বাহান্ন লক্ষ) টাকা পশ্চিমবঙ্গ বিধানসভা সদস্যদের বেতন, পূরক ভাতা, কনস্টিটিউয়েন্সি ভাতা, বাড়ি ভাড়া ও অপরাপর ভাতাদি বাবদ ব্যয় নির্বাহের জন্য বরাদ্দ সঙ্গে রাখা হয়েছে। সদস্যদের ভ্রমণের খরচ মেটানোর জন্য ২,২০,০০,০০০ (দুই কোটি কুড়ি লক্ষ) টাকা এবং অপর খরচাদি মেটানোর জন্য ৭,৯৫,০০০ (সাত লক্ষ পঁচানব্বই হাজার) বরাদ্দ করা হয়েছে।

(৩) বিধানমণ্ডল সচিবালয়ের আধিকারিক ও কর্মচারিদের বেতন ও মহার্ঘভাতা এবং অ্যাডহক বোনাস-সহ ২,৬৮,০৯,০০০ (দুই কোটি আটষট্টি লক্ষ নয় হাজার) টাকা, ভ্রমণের খরচ বাবদ ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা, সচিবালয়ের অফিস চালানোর খরচ বাবদ ১,১৫,০০,০০০ (এক কোটি পনেরো লক্ষ) টাকা এবং ভাড়া, অতিকর ও কর বাবদ ব্যয় নির্বাহের জন্য ১,০০,০০০ (এক লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

(৪) লন্ডনের ওয়েস্ট মিনিস্টার প্রাসাদস্থিত রাষ্ট্রমণ্ডল সংসদের কর্মরত করণিক সমিতিতে দেয় চাঁদা হিসাবে ১,০০০ (এক হাজার) টাকা রাষ্ট্রমণ্ডল সংসদ পরিশেলের পশ্চিমবঙ্গ শাখায় চাঁদা হিসাবে ২,৮০,০০০ (দুই লক্ষ আশি হাজার) টাকা যথাক্রমে বরাদ্দ করা হয়েছে।

(৭) এই বলে আমি ১৯৯৬-৯৭ আর্থিক বছরের ১ নং দাবির অধীনে ৬,৮৬,০৫,০০০

(ছয় কোটি ছিয়াশি লক্ষ পাঁচ হাজার) টাকা বরাদ্দ মঞ্জুর করার জন্য আপনাদের কাছে আবেদন জানাচ্ছি।

## ১ নং দাবি

## হিসাব খাত ঃ ২০১১ রাজ্য বিধানসভা

| ০২-রাজ্য বিধানমণ্ডল | | ১৯৯৫-৯৬ সালের সংশোধিত বাজেট | ১৯৯৬-৯৭ সালের বাজেট প্রাক্কলন |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| ১০১-বিধানসভা | ভোটেড : | ২,৬২,৩৯,০০০ | ২,৭৯,৯৫,০০০ |
| | চার্জ্‌ড : | ৬,৫৬,০০০ | ৬,৪৬,০০০ |
| মোট ১০১ | | ২,৬৮,৯৫,০০০ | ২,৮৬,৪১,০০০ |
| ১০৩-বিধানসভা সচিবালয় | | | |
| | ভোটেড : | ৩,৩০,৭৫,০০০ | ৩,৮৭,০৯,০০০ |
| | চার্জ্‌ড : | ২,১৯,০০০ | ১,০৪,০০০ |
| সোসাইটি অব ক্লার্ক্‌স অ্যাট দ্য টেব্‌ল ইন কমনওয়েলথ্‌ পার্লামেন্ট, ওয়েস্ট মিনিস্টার প্যালেস, লন্ডন-এর চাঁদা | ভোটেড : | ১,০০০ | ১,০০০ |
| কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের পশ্চিমবঙ্গ শাখা, সাহায্য এবং চাঁদা | ভোটেড : | ২,৮০,০০০ | ২,৮০,০০০ |
| | ভোটেড : | ৩,৩৩,৫৬,০০০ | ৩,৮৯,৯০,০০০ |
| | চার্জ্‌ড : | ২,১৯,০০০ | ১,০৪,০০০ |
| মোট ১০৩ | : | ৩,৩৫,৭৫,০০০ | ৩,৯০,৯৪,০০০ |
| ৮০০ অন্যান্য খরচাদি | : | | |
| ০৩-অন্তর্বর্তী ভাতার জন্য থেকে ব্যবস্থা | : | ২,৯০,০০০ | ৮,৭০,০০০ |
| মোট ৮০০ | : | ২,৯০,০০০ | ৮,৭০,০০০ |
| '২০১১-রাজ্য বিধানমণ্ডল' খাতে | ভোটেড : | ৫,৯৮,৮৫,০০০ | ৬,৭৮,৫৫,০০০ |
| | চার্জ্‌ড : | ৮,৭৫,০০০ | ৭,৫০,০০০ |
| সর্বমোট '২০১১-রাজ্য বিধানমণ্ডল' খাতে | : | ৬,০৭,৬০,০০০ | ৬,৮৬,০৫,০০০ |

## ১৯৯৬-৯৭ সালের বাজেট প্রাক্কলন ব্যয়ের বিশদ বিবরণী

(খাতের বিশদ বিবরণ)

| ১০১-বিধানসভা | | ১৯৯৬-৯৭ সালের বাজেট প্রাক্কলন |
|---|---|---|
| মাহিনা— | | টাকা |
| বেতন | ভোটেড : | ১০,৪৬,০০০ |
| | চার্জ্‌ড : | ২৪,০০০ |
| পূরকভাতা— | ভোটেড : | ৮,৭৮,০০০ |
| কনস্টিটিউয়েন্সি ভাতা | ভোটেড : | ১৪,৭৬,০০০ |
| | চার্জ্‌ড : | ১২,০০০ |
| বাড়িভাতা ও অন্যান্য ভাতা | ভোটেড : | ১৮,০০,০০০ |
| | চার্জ্‌ড : | ৬০,০০০ |
| ভ্রমণের খরচ | ভোটেড : | ২,২০,০০,০০০ |
| | চার্জ্‌ড : | ৫,৫০,০০০ |
| অপর খরচ | ভোটেড : | ৭,৯৫,০০০ |
| **মোট—১০১** | ভোটেড : | ২,৭৯,৯৫,০০০ |
| | চার্জ্‌ড : | ৬,৪৬,০০০ |
| ১০৩—বিধানসভা সচিবালয় | | |
| মাহিনা | — | ১,০৩,৫৫,০০০ |
| মহার্ঘ ভাতা | — | ১,৩৫,২৪,০০০ |
| বাড়িভাড়া ও অন্যান্য ভাতা | — | ২৪,৩০,০০০ |
| অ্যাড-হক বোনাস | — | ৫,০০,০০০ |
| ভ্রমণের খরচ | — | ৩,০০,০০০ |
| অফিস চালানোর খরচ | ভোটেড : | ১,১৫,০০,০০০ |
| | চার্জ্‌ড : | ১,০০,০০০ |
| ভাড়া অভিকর ও কর | — | ১,০০,০০০ |
| অপর খরচ | ভোটেড : | |
| | চার্জ্‌ড : | ৪,০০০ |
| লন্ডনের ওয়েস্ট মিনিস্টার প্রাসাদস্থিত রাষ্ট্রমণ্ডল সংসদে কর্মরত করণিক সমিতিতে দেয় চাঁদা | — | ১,০০০ |
| রাষ্ট্রমণ্ডল সংসদ পরিশেলের পশ্চিমবঙ্গ শাখায় দেয় চাঁদা | — | ২,৮০,০০০ |
| **মোট—১০৩** | ভোটেড : | ৩,৮৯,৯০,০০০ |
| | চার্জ্‌ড : | ১,০৪,০০০ |
| ৮০০ অন্যান্য খরচাদি | — | |
| ০৩-অন্তর্বর্তী ভাতার জন্য থেকে ব্যবস্থা | : | ৮,৭০,০০০ |
| মোট ৮০০ | : | ৮,৭০,০০০ |
| সর্বমোট '২০১১-রাজ্য বিধানমণ্ডল' খাতে | ভোটেড : | ৬,৭৮,৫৫,০০০ |
| | চার্জ্‌ড : | ৭,৫০,০০০ |
| **সর্বমোট :** | | ৬,৮৬,০৫,০০০ |

## Demand No. 4

The Printed Speech of **Shri Nisith Adhikary** on Demand No. 4 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২০১৪—বিচার সংক্রান্ত প্রশাসন" বাবদ ব্যয় মেটাবার জন্য ৫১ কোটি ৫৯ লক্ষ ৩৫ হাজার টাকা মঞ্জুর করা হউক। ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ১৭ কোটি ২২ লক্ষ টাকা পূর্বোক্ত টাকার মধ্যে ধরা আছে।

১। মাননীয় সদস্যবৃন্দ, আমি প্রথমেই বলতে চাই যে আমি আইন ও বিচার বিভাগের দায়িত্ব অতি সাম্প্রতিককালে গ্রহণ করেছি। কাজেই এই স্বল্পসময়ের অভিজ্ঞতার ভিত্তিতেই আমি আমার বাজেট পেশ করছি।

২। রাজ্যের বিচার বিভাগের ১৯৯৫-৯৬ সালের বার্ষিক পরিকল্পনাখাতে ৬০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। ঐ টাকার পুরোটাই আদালত গৃহ নির্মাণ, বিচার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিক গৃহ নির্মাণ (কলিকাতা হাইকোর্টের বিচারপতিদের জন্য আবাসিক গৃহ নির্মাণসহ) এবং বিভিন্ন আদালতে নানারকম সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য বরাদ্দ করা হয়েছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, পূর্বোক্ত টাকার মধ্যে ২০০ লক্ষ টাকা বিধাননগরে (সল্টলেক) কলিকাতা হাইকোর্টের বিচারপতিদের আবাসিকগৃহ নির্মাণের জন্য বরাদ্দ করা হয়েছে।

সকল বিচার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিক গৃহের ব্যবস্থা করতে হবে—সুপ্রীম কোর্টের এই নির্দেশ রূপায়ণের জন্য সকল জেলা বিচারকদের প্ল্যান ও এ্যাস্টিমেট দিতে বলা হয়েছিল। এর জন্য প্রয়োজনীয় অর্থও ১৯৯৫-৯৬ সালে ধরা হয়েছিল।

১৯৯৫-৯৬ সালে কল্যাণী, হলদিয়া, হাওড়া, কালিম্পং ও কার্শিয়াং-এ নূতন আদালতগৃহ নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে।

৩। পরিকল্পনা কমিশন রাজ্যের বিচার ব্যবস্থায় পরিকাঠামোগত সুযোগসুবিধা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় উদ্যোগের পরিকল্পনাগুলিকে ১৯৯৩-৯৪ আর্থিক বছর থেকে রূপায়ণের জন্য অনুমোদন করেছেন। ১৯৯৪-৯৫ সালে কেন্দ্রীয় সরকার ঐ খাতে খরচের জন্য ২৪৩ লক্ষ টাকা ধার্য করেছেন। রাজ্য সরকারও ঐ খাতে সমপরিমাণ অর্থ বরাদ্দ করেছিলেন। ঐ টাকার দ্বারা আলিপুর, বারাসাত, ডায়মণ্ডহারবার, সিউড়ী, খাতড়া, কালিম্পং, দুর্গাপুর, আসানসোল, কালনা, দাঁতন, বনগাঁ এবং বসিরহাটে আদালত গৃহগুলি নির্মাণের কাজ আরম্ভ করা হয়েছে। ডায়মন্ডহারবার, দাঁতন এবং বনগাঁতে আদালতগৃহ নির্মাণের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। কালিম্পং-এ আদালতগৃহ নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। এগুলি ছাড়া আলিপুরদুয়ার, পুরুলিয়া, খাতড়া, রঘুনাথপুর, কোচবিহার, রায়গঞ্জ এবং কান্দীতে বিচার বিভাগীয় অফিসারদের জন্য আবাসিকগৃহ নির্মাণের কাজও আরম্ভ করা হয়েছে। ঐ আর্থিক বছরেই রাজ্য সরকার ২৫০ লক্ষ টাকা রাজ্যের দেয় টাকা হিসাবে মঞ্জুর করেছেন। ঐ টাকা এবং তৎসহ কেন্দ্রীয়

সরকার কর্তৃক প্রদত্ত পূর্বতন বছরের টাকার সাহায্যে পূর্বোক্ত পরিকল্পনাগুলি রূপায়ণের জন্য গ্রহণ করা হয়েছে। আলিপুরদুয়ার, কোচবিহার, রায়গঞ্জ এবং কান্দীতে বিচার বিভাগীয় অফিসারদের আবাসিক-গৃহ নির্মাণের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে।

৪। ১৯৯৬-৯৭ সালে বিচার বিভাগের জন্য বার্ষিক যোজনা খাতে ৬৬০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ স্থির হয়েছে। ঐ টাকায় বেশির ভাগটাই হাওড়া, রায়গঞ্জ এবং কাঁথিতে নতুন আদালতগৃহ নির্মাণ কার্য সম্পন্ন করার জন্য রাখা হয়েছে। বাঁকুড়া এবং রায়গঞ্জে জেলা জজদের নতুন বাসগৃহ নির্মাণের কাজ বর্তমান আর্থিক বছরেই শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

নতুন মহকুমা তেহট্ট, বিধাননগর, কাকদ্বীপ, ক্যানিং এবং খড়গপুরে নতুন আদালতগৃহ এবং বিচারকদের জন্য আবাসগৃহ নির্মাণের কাজ এই আর্থিক বছরেই শুরু করা হবে যদি ঐ সমস্ত জায়গায় প্রয়োজনীয় জমি পাওয়া যায়।

৫। রাজ্য সরকার এই রাজ্যের বিভিন্ন জায়গায় লোক আদালত এবং লিগ্যাল এইড ক্যাম্পের মাধ্যমে সমাজের পিছিয়ে পড়া শ্রেণীসহ গ্রামের লোকেদের মধ্যে আইন সচেতনতা সৃষ্টির ব্যাপারে খুব আগ্রহী। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে কলিকাতা, জলপাইগুড়ি, বালুরঘাট, সিউড়ী, বাঁকুড়া এবং চুঁচুড়ায় ৬টি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে। ঐ লোক আদালতগুলিতে ৭০৭টি মোটর দুর্ঘটনাসহ অন্যান্য মামলার সুষ্ঠু নিষ্পত্তি হয়েছে। মোট ২,১৮,৩২,৬৩৯ টাকা ক্ষতিপূরণবাবদ দেওয়া হয়েছে। এগুলি ছাড়া জামালপুর, কাটোয়া এবং মেমারিতে ৩টি লিগ্যাল এইড্ ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। এই ক্যাম্পে ৯৩টি মামলার নিষ্পত্তি হয়েছে। লোক আদালতের অনুষ্ঠান ছাড়াও প্রয়োজনীয় ক্ষেত্রে জেলা এবং মহকুমার লিগ্যাল এইড্ কমিটিগুলির মাধ্যমে কম খরচে ও দ্রুত বিচার ব্যবস্থা পৌঁছে দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।

নিউ সেন্ট্রাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি অ্যাক্ট, ১৯৮৭ চালু হওয়ার পর রাজ্য সরকার "ওয়েস্ট বেঙ্গল লিগ্যাল সার্ভিসেস রুলস্" তৈরি করেছেন। এই রাজ্যে কেন্দ্রীয় সরকার দ্বারা ঐ অ্যাক্ট চালু করার জন্য সরকার অপেক্ষা করছেন। উপরোক্ত কেন্দ্রীয় আইনের সামঞ্জস্য রেখে বর্তমান লিগ্যাল এইড ব্যবস্থাকে পুনর্গঠন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। নতুন আইন বলবৎ হলে বিবাদ নিষ্পত্তির বিকল্প পন্থা হিসেবে লোক আদালতগুলি আরও ভালভাবে কাজ করতে পারবে।

৬। রাজ্য সরকার ক্রমান্বয়ে চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সাব-ডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং মুনসেফদের কোর্টে বাংলাভাষাকে আদালতের ভাষা হিসাবে চালু করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। ১৯৮৯ সালে হুগলি, বীরভূম এবং মালদা জেলায় বংলাকে আদালতের ভাষা হিসাবে প্রবর্তন করা হয়েছে। ১৯৯৪ সালে বাঁকুড়া, জলপাইগুড়ি এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় আদালতগুলিতে বাংলা ভাষা প্রবর্তন করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে বর্ধমান, নদীয়া, মুর্শিদাবাদ এবং কোচবিহারের নিম্ন আদালতগুলিতে বাংলাভাষা প্রবর্তন করা হয়েছে।

হাওড়া, উত্তর ২৪ পরগনা, মেদিনীপুর, পুরুলিয়া,দক্ষিণ দিনাজপুর এবং দার্জিলিং (পাহাড়ী এলাকা ছাড়া) এর নিম্ন আদালতগুলিতেও বাংলাভাষা প্রবর্তন করার ব্যবস্থা নেওয়া

হচ্ছে।

৭। রাজ্য সরকার বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণের নীতি গ্রহণ করেছেন যাহার দ্বারা গ্রামের লোকদের কাছে বিচার ব্যবস্থা পৌঁছে দেওয়া সহজতর হবে। এই নীতি অনুসারে এই আর্থিক বছরে বর্ধমান জেলার কাটোয়ায় অতিরিক্ত জেলা ও সেসান্ জজের কোর্ট স্থাপন করা হয়েছে। দার্জিলিং জেলায় কালিম্পংয়েও অতিরিক্ত জেলা ও সেসান্ জজের একটি সার্কিট কোর্ট স্থাপন করা হয়েছে। এর ফলে কালিম্পং-এর অধিবাসীদের দীর্ঘদিনের একটি দাবি মেটানো সম্ভব হয়েছে।

ঐগুলি ছাড়াও ডায়মণ্ডহারবার, আলিপুরদুয়ার, ব্যারাকপুর, জঙ্গীপুর, বনগাঁ, বিষ্ণুপুর, ইস্‌লামপুর, বারাসাত, মেদিনীপুর, কান্দি, বসিরহাট, রামপুরহাট ও খাতরাতেও অতিরিক্ত কোর্ট স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। রামপুরহাটে সবকারি জেলা ও সেসান্ জজদের কোর্ট অতি শীঘ্রই স্থাপন করা হবে।

সরকার উত্তরবঙ্গে কলিকাতা হাইকোর্টের একটি সার্কিট বেঞ্চ স্থাপন করার সম্মতি প্রকাশ করেছেন। কিন্তু যেহেতু বিষয়টি বিচারাধীন, সেইজন্য ঐ বেঞ্চ স্থাপন করা এখনও সম্ভব হয়নি।

স্বাধীন প্রসিকিউশন এজেন্সি দ্বারা যেখানে মহিলারা নির্যাতিতা সে সব ক্ষেত্রে মহিলা বিচার বিভাগীয় অফিসারদের দ্বারা অপরাধিদের বিচার এবং ঐ সমস্ত মামলা মহিলা পাবলিক প্রসিকিউটারদের দ্বারা পরিচালন, অন্যায়ভাবে ও বিনা প্রয়োজনে গ্রেফতার করা, বিনা প্রয়োজনে মহিলাদের থানায় হাজির হতে নির্দেশ দেওয়া, পুলিশের হেপাজতে থাকাকালীন কোনও লোকের মৃত্যু জনিত ঘটনার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট দ্বারা অনুসন্ধান করানো, তাৎক্ষণিক বিচার ব্যবস্থার সুযোগ বৃদ্ধি, মীমাংসাযোগ্য মামলার আপোষ নিষ্পত্তিকরণের পরিধি বৃদ্ধি করা, কম গুরুত্বপূর্ণ জমে থাকা মামলাগুলির নিষ্পত্তিকরণ এবং আগাম জামিন সংক্রান্ত বিষয়গুলি জাতীয়স্তরে বিবেচনাধীন আছে। রাজ্য সরকারও এই ব্যাপারে পিছিয়ে নেই। এই রাজ্যের অধিবাসীদের নিরাপত্তা এবং ব্যক্তি স্বাধীনতা রক্ষার জন্য সরকার ঐ সংক্রান্ত বিষয়গুলি পরীক্ষা করে দেখছেন। এখানে উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে সারা দেশের মধ্যে এই রাজ্যেই প্রথম মানবাধিকার কমিশন স্থাপন করা হয়েছে।

৮। কলকাতায় বর্তমান ফ্যামিলি কোর্টটি পরিবার সংক্রান্ত বিভিন্ন বিরোধের মীমাংসা সুষ্ঠুভাবেই করছেন। বিবাহ সংক্রান্ত এবং ভরণপোষণ সংক্রান্ত কেসগুলির দ্রুত নিষ্পত্তির জন্য কলকাতায় আরও একটি ফ্যামিলি কোর্ট স্থাপনের জন্য সরকার চেষ্টা করছেন। তা ছাড়া এ রাজ্যের বিভিন্ন জায়গায় যথেষ্ট সংখ্যক ফ্যামিলি কোর্ট স্থাপনের বিষয়টিও সরকারের বিবেচনাধীন।

৯। সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছেন যে প্রতি ৫ জন বিচারকের জন্য প্রত্যেক আদালতে একটি করে গাড়ি, জেলা জজদের জন্য আলাদা একটি করে গাড়ি এবং চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সি. এম. এম, এ. সি. এম. এম., এ. সি. জে. এমদের অফিসের কাজের জন্য একটি করে গাড়ির ব্যবস্থা করতে হবে। প্রত্যেক জেলা জজকে ইতিমধ্যেই আলাদা গাড়ি দেওয়া হয়েছে। বিচার বিভাগীয় অফিসারদের যাতায়াতের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ি

এখনই কেনা সম্ভব নয়। সেই জন্য অর্থ বিভাগের সম্মতিক্রমে মোট ১৩৬টি গাড়ি ভাড়া নেওয়া হয়েছে। ঐ গাড়িগুলি কলকাতা এবং জেলাগুলি বিচার বিভাগীয় অফিসারদের যাতায়াতের কাজে লাগানো হচ্ছে।

১০। ১৯৮৫ সালের ১লা আগস্ট থেকে পূর্বতন নবাব বাহাদুর এস্টেট (যা সাধারণভাবে মুর্শিদাবাদ এস্টেট নামে পরিচিত) পশ্চিমবঙ্গ সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে আসে এবং তারপর থেকে এই এস্টেট সরকার নিয়োজিত একজন এস্টেট ম্যানেজারের দ্বারা পরিচালিত হচ্ছে। ঐ এস্টেটের সুষ্ঠু প্রশাসনের স্বার্থে "দি মুর্শিদাবাদ এস্টেট (ম্যানেজমেন্ট অফ্ প্রোপারটিজ) অ্যান্ড মিস্ সেলেনিয়াস্ প্রভিসনস্ (অ্যামেণ্ডমেন্ট) বিল ১৯৯৬" বিধানসভায় অনুমোদিত হয়েছে। বিলটি কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। মুর্শিদাবাদ একটি গুরুত্বপূর্ণ ঐতিহাসিক স্থান। সেজন্য বিচার বিভাগ মুর্শিদাবাদকে পর্যটকদের জন্য একটি আকর্ষণীয় স্থান হিসাবে গড়ে তোলার জন্য সর্বতোভাবে চেষ্টা করছেন। বিচার বিভাগ এই এস্টেটের দায়িত্বভার গ্রহণ করার পর ব্যাপক সংখ্যক পর্যটক ইতিমধ্যেই এস্টেটের ঐতিহাসিক নিদর্শনগুলি প্রত্যক্ষ করেছেন।

১১। রাজ্যের সাধারণ মানুষ যাতে বিবাহ নিবন্ধনের সুযোগ সর্বত্র পায় সে জন্য কলকাতাসহ রাজ্যের প্রত্যেকটি জেলায় বেসরকারি ম্যারেজ অফিসার নিয়োগের চেষ্টা করা হচ্ছে। বর্তমান আর্থ সামাজিক ব্যবস্থার দিকে লক্ষ্য রেখে বিচার বিভাগ নিবন্ধন আইনেরও প্রয়োজনীয় সংশোধনের জন্য ব্যবস্থাদি গ্রহণ করছেন।

১২। রাজ্যে অ্যাডভোকেটদের অধীনে যে সমস্ত 'ল' ক্লার্কস্ বিভিন্ন আদালতে কর্মরত রয়েছেন, বিচার বিভাগ তাদের অবস্থার উন্নতির জন্য আগ্রহী। তাদের কাজের শর্ত এবং অবস্থার উন্নতির জন্য রাজ্য সরকার "ল ক্লার্ক" নামে একটি বিল আনার জন্য উদ্যোগ নিয়েছেন। এই বিল কার্যকর হলে রাজ্যের যাট হাজার 'ল' ক্লার্ক উপকৃত হবেন।

১৩। রাজ্যের যে সব আদালতে পুরুষ এবং মহিলা সাক্ষীদের জন্য পৃথক অপেক্ষাগৃহ নেই, সেই সব আদালতে পুরুষ এবং মহিলা সাক্ষীদের জন্য টয়লেটসহ পৃথক অপেক্ষাগৃহ নির্মাণের একটি প্রস্তাব রাজ্য সরকার বিবেচনা করছেন। জেলা জজদের এ ব্যাপারে খসড়া এবং পরিকল্পনাসহ বিস্তারিত রিপোর্ট দিতে বলা হয়েছে।

১৪। এখন আমি সরকারের বিভিন্ন দপ্তরে যে বিপুল সংখ্যক মামলা হচ্ছে, সেইসব ক্ষেত্রে সরকারের স্বার্থ রক্ষার ব্যাপারে যে ব্যবস্থা নেওয়া হচ্ছে বা নেওয়া হবে, সে সম্পর্কে মাননীয় সদস্যদের অবহিত করতে চাই। মাননীয় হাইকোর্টে সরকারের স্বার্থরক্ষার ব্যাপারে যথেষ্ট সংখ্যক মামলা বৃদ্ধির কারণে, যে পরিকাঠামো রয়েছে তা পর্যাপ্ত নয়। সাধারণ লোকের স্বার্থে যে সমস্ত বিভিন্ন রকম সামাজিক আইন চালু হয়েছে, তার পরিপ্রেক্ষিতে এবং স্বাভাবিকভাবে সাধারণ মানুষের ঐ সমস্ত আইনে বর্ণিত অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির দরুন মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এই সমস্ত বিষয় মনে রেখে, উদ্ভুত পরিস্থিতির মোকাবিলার জন্য এবং সরকারের ঐ সব মামলায় স্বার্থরক্ষার ব্যাপারে কিছু কার্যকরি ব্যবস্থা ও পদক্ষেপ নেবার ব্যবস্থা করছি। জেলাগুলিতেও বিভিন্ন আদালতে যে সমস্ত সমস্যা রয়েছে তার সমাধান এবং মোকাবিলার জন্য আমি প্রয়োজনীয় ব্যবস্থা নেবার ব্যবস্থা করছি।

সর্বশেষ, আমি মাননীয় সদস্যবৃন্দকে আশ্বস্থ করতে চাই এই বলে যে আমার চেষ্টার কোনও ত্রুটি হবে না, যাতে জনসাধারণের সুবিচার পেতে কোনওরকম প্রতিবন্ধকতার সৃষ্টি না হয় এবং যাতে আইনের শাসন সমস্ত দিক থেকে বজায় থাকে।

১৫। আদালতগুলিতে বাংলা ভাষায় কাজকর্মের সুবিধার জন্য আইন বিভাগ নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করেছেন ঃ

(১) ভারতীয় পেন্যাল কোড্ ১৮৬০-এর বাংলা অনুবাদ অফিসিয়াল ভোটার ও কেন্দ্রীয় সরকারের "ল, জাস্টিস্ ও কোম্পানি বিষয়ক" মন্ত্রকের অধীনস্থ সরকারি ভাষা উইং-এর অন্তর্গত বাংলা ভাষার শাখাটি পরীক্ষা করে দেখেছেন। এই অনুবাদটি এখন প্রেসে মুদ্রণের জন্য পাঠানো হচ্ছে। এরপরে উহা প্রেসিডেন্টের সম্মতির জন্য পাঠানো হবে।

(২) নিম্নলিখিত অ্যাক্টগুলির বঙ্গানুবাদ প্রেসে মুদ্রণের জন্য পাঠানো হয়েছে এবং শীঘ্রই প্রকাশ করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে ঃ

(ক) দি কন্ট্রাক্ট লেবার (রেগুলেশন ও এবোলিশন) অ্যাক্ট, ১৯৭০

(খ) দি বিড়ি ও সিগার (কণ্ডিশন্ অফ্ এমপ্লয়মেন্ট) অ্যাক্ট, ১৯৬৬

(গ) দি প্রোটেক্শ্ন অফ সিভিল রাইটস অ্যাক্ট, ১৯৫৫

(ঘ) দি জেনারেল ক্লজেস অ্যাক্ট, ১৮৯৭ এবং

(ঙ) দি সেলস্ ট্যাক্স লজ ভেলুএশন অ্যাক্ট, ১৯৫৬

(৩) দি লিমিটেশন অ্যাক্ট, ১৯৬৩ এবং দি স্পেসিফিক্ রিলিফ অ্যাক্ট, ১৯৬৩-র বঙ্গানুবাদ প্রেসে মুদ্রণের জন্য পাঠানো হয়েছে।

(৪) কোড্ অফ ক্রিমিন্যাল প্রোসিডিয়র ১৯৬৩-র বঙ্গানুবাদ সরকারি ভাষা উপদেষ্টা কমিটির বিবেচনাধীন। ভারতীয় সংবিধান সংশোধন (৭৭তম সংশোধন পর্যন্ত) এর বঙ্গানুবাদও ঐ কমিটির বিশেষ বিবেচনাধীন রয়েছে। পূর্বোক্ত দুইটির কাজ শেষ হলে, ঐ কমিটি সিভিল প্রোসিডিয়র কোড্, ১৯০৮-এর বঙ্গানুবাদ ও সম্মতির জন্য পরীক্ষা করে দেখবেন।

মহাশয়, এই কথা বলে আমি আমার ব্যয় বরাদ্দের প্রস্তাব অনুমোদনের জন্য পেশ করছি।

## Demand No. 7

The Printed Speech of **Dr. Surya Kanta Mishra** on Demand No. 7 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭নং দাবি সংক্রান্ত দুটি মুখ্যখাত "২০২৯—ভূমি রাজস্ব" এবং "৫৪৭৫—অন্যান্য অর্থনৈতিক কৃত্যকের জন্য মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ১৫১ কোটি ৯৮ লক্ষ ২৭ হাজার টাকা মঞ্জুর করা হোক। ভোট অন্ অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ৫০ কোটি ৬৭ লক্ষ টাকাও এর

অন্তর্ভুক্ত। ১৯৯৬-৯৭ সালের ব্যয় নির্বাহের জন্য মোট যে ১৫১ কোটি ৯৮ লক্ষ ২৭ হাজার টাকা দাবি উত্থাপন করা হয়েছে, তার মধ্যে "২০২৯—ভূমি রাজস্ব" খাতে ১৫১ কোটি ৩৪ লক্ষ ৯৭ হাজার টাকা এবং "৫৪৭৫— অন্যান্য অর্থনৈতিক কৃত্যকের জন্য মূলধন বিনিয়োগ" খাতে ৬৩ লক্ষ ৩০ হাজার টাকা ব্যয় হবে অনুমান করা হয়েছে।

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৬১ নং দাবি সংক্রান্ত মুখ্যখাত "২৫০৬—ভূমি সংস্কার" বাবদ ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে ১৭ কোটি ৪৪ লক্ষ ৭৫ হাজার টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ৫ কোটি ৮২ লক্ষ টাকাও এর অন্তর্ভুক্ত।

ভূমি সংস্কার সার্বিক গ্রাম উন্নয়নের উদ্দেশ্যে গৃহীত প্রকল্পগুচ্ছ যা নিরবচ্ছিন্নভাবে অনুসৃত হয়ে থাকে। বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার নীতি গত ১৯ বৎসর যেভাবে রূপায়িত হয়েছে এখনো সেইভাবেই এর রূপায়ণ হবে।

১৯৯৬-৯৭ সালের ব্যয় বরাদ্দের ৭নং ও ৬১ নং দাবির অন্তর্গত ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করার প্রসঙ্গে আমি ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের কাজের একটি সংক্ষিপ্ত বিবরণ দিতে চাই।

১। জমিদারী উচ্ছেদ আইন ও ভূমি সংস্কার আইন অনুযায়ী উর্দ্ধসীমার অতিরিক্ত জমি সরকারে ন্যস্ত করার কাজ আগের মতোই চলছে। গত বৎসর ২৬ হাজার একর জমি সরকারে ন্যস্ত হওয়ার ফলে এ রাজ্যে এ পর্যন্ত মোট ২৮.৮৯ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হ'ল। এরমধ্যে কৃষি জমির পরিমাণ প্রায় ১২.৮০ লক্ষ একর।

২। ঐ জমির মধ্যে ৯.৯৫ লক্ষ একর জমি ২৩.১১ লক্ষ ভূমিহীন চাষী ও প্রান্তিক চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। এরমধ্যে তফসিলি জাতিভুক্ত ৮.৭০ লক্ষ ও তফসিলি উপজাতিভুক্ত ৪.৮৬ লক্ষ মানুষ উপকৃত হয়েছে। যদিও তফসিলি জাতি ও উপজাতির মানুষের সংখ্যা এ রাজ্যে মোট লোকসংখ্যার শতকরা ২৭ ভাগ মাত্র, ন্যস্ত জমি বিলির ক্ষেত্রে তাদের সংখ্যা মোট উপকৃতের ৫৮ শতাংশেরও বেশি।

৩। ১৯৯২ সাল থেকে সরকারে ন্যস্ত জমি পাট্টা দেওয়ার ক্ষেত্রে স্বামী ও স্ত্রী উভয়ের নাম যৌথভাবে নথিভুক্ত করা হচ্ছে। এ পর্যন্ত স্বামী স্ত্রীর যৌথ নামে ৩ লক্ষ ১ হাজার পাট্টা দেওয়া হয়েছে।

৪। বর্গাদারের নাম নথিভুক্ত করার কাজও অব্যাহত আছে। গত বৎসর ৭ হাজার বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে। এরফলে এ পর্যন্ত মোট নথিভুক্ত বর্গাদারের সংখ্যা দাঁড়াল ১৪ লক্ষ ৬৯ হাজার। আর বর্গায় চাষ হওয়া মোট জমির পরিমান হল ১০ লক্ষ ৯১ হাজার একর।

৫। ভূমি সংস্কার নীতির একটি অত্যাবশ্যক অঙ্গ হল বর্গাদার ও পাট্টা পাওয়া জমির মালিককে চাষের জন্য আনুষঙ্গিক সাহায্য দেওয়া। এরজন্য কম সুদে প্রাতিষ্ঠানিক ঋণ ও ভরতুকিতে সার বীজ কীটনাশক ইত্যাদি সরবরাহের সবরকম চেষ্টা করা হয়। পঞ্চায়েতের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পগুলিতেও এই শ্রেণীর মানুষেরা অগ্রাধিকার পেয়ে থাকেন।

৬। এইভাবে উপকৃত হয়ে ৩৮ লক্ষ গ্রামীণ দরিদ্র পরিবার তাদের আর্থিক অবস্থার উন্নতি করেছেন ও রাজ্যের কৃষি উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

৭। গ্রামীণ কৃষি মজুর, কারিগর ও মৎস্যজীবী পরিবারকে বাস্তুজমি দেওয়ার প্রকল্পে গত বৎসর ৪ হাজার পরিবারকে বাস্তুজমি দেওয়া হয়েছে। এই প্রকল্পে মোট উপকৃতের সংখ্যা বর্তমানে ২ লক্ষ ৭৩ হাজার।

৮। উন্নত কৃষি প্রযুক্তি ও সেচের সম্প্রসারণের ফলে অনেক জমি যা আগে চাষ যোগ্য ছিল না তা চাষের উপযুক্ত হয়েছে। পঞ্চায়েত সংগঠনগুলি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকগণ যৌথভাবে নিরীক্ষা করে যাতে চাষযোগ্য জমিতে রূপান্তরিত অকৃষি জমি শীঘ্র চিহ্নিত করেন ও বিলি করার ব্যবস্থা করেন তার ওপর জোর দেওয়া হয়েছে।

৯। ভূমি সংস্কার ব্যবস্থার মূল নীতির ব্যত্যয় না ঘটিয়ে যাতে নতুন শিল্পের জন্য জমির ব্যবস্থা করা যায় সে ব্যাপারে এই দপ্তর সচেতন। শিল্পের প্রয়োজনে জমির ব্যবস্থার জন্য বিধানসভার বর্তমান অধিবেশনে একটি বিল আনার ব্যবস্থা করা হচ্ছে।

১০। জরীপ ও স্বত্বলিপি সংশোধন ও আধুনিকীকরণের কাজও অব্যাহত আছে ৪২,০৬৭টি মৌজার মধ্যে ৩৯,৭০৮টি মৌজার "খানাপুরী বুঝারতের" কাজ শেষ হয়েছে আর ৩৪,৫৯৪টি মৌজার চূড়ান্ত স্বত্বলিপি প্রকাশের কাজও সম্পূর্ণ হয়েছে।

১১। খতিয়ানভুক্ত তথ্য দ্রুত পাওয়ার জন্য বর্ধমান, হাওড়া, হুগলি, নদীয়া ও জলপাইগুড়ি এই পাঁচটি জেলায় কম্পিউটারের মাধ্যমে কাজ আরম্ভ হয়েছে। হাওড়া ও বর্ধমান জেলার কয়েকটি মৌজার কাজ এ ব্যাপারে সম্পূর্ণ আর এই মৌজাগুলির কৃষকরা এ ব্যাপারে এখনই এর সুবিধা পাচ্ছেন। দার্জিলিং, মালদা, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, তমলুক এবং উত্তর ও দক্ষিণ ২৪-পরগনাকে এই প্রকল্পের আওতায় আনার কাজ এ বৎসরই শুরু করা হবে।

১২। উপর থেকে ছবি তোলা প্রকল্পের কাজ প্রথম আরম্ভ করা হয়েছে পুরুলিয়া জেলায়। এখানে ছবি তোলার কাজ শেষ হয়েছে। পরের ধাপের কাজও সন্তোষজনকভাবে চলছে।

১৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ এই দপ্তরের একটি গুরুত্বপূর্ণ কাজ। তিস্তা জলাধার প্রকল্প, দিঘা-তমলুক রেললাইন, হলদিয়া পেট্রোকেমিক্যাল, সীমান্ত পথ, প্রভৃতি প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের কাজ চলছে।

ভূমিগ্রহণ আইন (২ নং আইন ১৯৪৮)-এর মেয়াদকাল ৩১-৩-৯৭ তারিখে শেষ হতে চলেছে। তাই এই আইনে অধিগ্রহণ করা জমি সম্পর্কিত কাজ ওই তারিখের মধ্যে শেষ করার জন্য বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

১৯৯৫-৯৬ আর্থিক বৎসরে প্রায় ১০ হাজার একর জমি অধিগ্রহণ করা হয়েছে আর প্রায় ৩০ কোটি টাকা অধিগৃহীত জমির ক্ষতিপূরণ বাবদ দেওয়া হয়েছে।

১৪। কলিকাতা ঠিকা প্রজাস্বত্ব (অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ) আইন ১৯৮১-এর সুবিধা যাতে কলিকাতা ও হাওড়া শহরের বস্তী অঞ্চলগুলিতেও সম্প্রসারিত করা যায় তার জন্য ১৯৯৩ সালে একটি সংশোধনী আনা হয়েছিল। এই সংশোধনীর বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে এবং বর্তমানে বিষয়টি সুপ্রিম কোর্টের বিচারাধীন।

১৫। ১৯৫৬ সালের ভাড়াটিয়া আইন সংশোধন করার জন্য সরকার কিছুকাল যাবৎ চিন্তা ভাবনা করছিল। এই অধিবেশনে মাননীয় সদস্যদের বিবেচনার জন্য এ বিষয়ে একটি বিল আনার কথা সরকার ঠিক করেছে।

১৬। ভূমি রাজস্ব, রয়ালটি ও সেস্ আদায় এই দপ্তরের একটি গুরুত্বপূর্ণ কাজ। গত আর্থিক বৎসরে ১৮০৮ লক্ষ টাকা রয়ালটি, ৫৬৯ লক্ষ টাকা সেস্ ও ১৬৩ লক্ষ টাকা রাজস্ব বাবদ আদায় করা হয়েছে।

১৭। বাজেট ভাষণ শেষ করার আগে আমি মাননীয় সদস্যদের জানাই যে জমিদারি প্রথা উচ্ছেদ হওয়ায় এবং আয়ের উৎস হিসাবে ভূমি রাজস্বের গুরুত্ব অকিঞ্চতকর হয়ে পড়ায় বৃটিশ আমলে প্রতিষ্ঠিত সামন্ততন্ত্রের প্রতীক রাজস্ব পর্ষদের আর কোনও প্রয়োজন বর্তমানে নেই। রাজস্ব পর্ষদ অবলুপ্তির জন্য একটি বিল গত বিধানসভায় ২২-৩-৯৫ তারিখে পাশ হয়। এই বেঙ্গল বোর্ড অব্ রেভিনিউ (রিপিলিং) বিল, ১৯৯৫ রাষ্ট্রপতির সম্মতি পাবার পর ১৭ই জুন থেকে রাজস্ব পর্ষদ-এর অবলুপ্তি ঘটানো হয়েছে।

১৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমি আপনার মাধ্যমে এই সভার মাননীয় সদস্যবৃন্দকে ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরের জন্য ৭ নং এবং ৬১ নং দাবির অধীনে ব্যয় বরাদ্দের জন্য আমার বাজেট প্রস্তাব অনুমোদন করার অনুরোধ জানাচ্ছি।

## Demand No. 12, 77, 78, 80 & 81

The Printed Speech of **Shri Subhas Chakraborti** on Demand No. 12, 77, 78, 80 & 81 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে ১২ নং দাবির অধীন মুখ্যখাত "২০৪১-যানবাহনের উপর কর"-তে ৪,৯১,৭৫,০০০ (চার কোটি একানব্বই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয় মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৬ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ১,৬৪,০০,০০০ (এক কোটি চৌষট্টি লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে ৭৭ নং দাবির অধীন মুখ্যখাত "৩০৫১-বন্দর ও আলোকস্তম্ভ"-তে ১,৪৫,০০,০০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৬ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ৪৯,০০,০০০ (ঊনপঞ্চাশ লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ সালে আর্থিক বছরে ৭৮ নং দাবির অধীন মুখ্যখাত "৩০৫৩-অসামরিক বিমান চলাচল"-তে ৩৬,৭২,০০০

(ছত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৬ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ১৩,০০,০০০ (তেরো লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে ৮০ নং দাবির অধীন মুখ্যখাত "৩০৫৫-সড়ক পরিবহন", "৩০৫৬-অন্তর্দেশীয় জলপথ পরিবহন", "৫০৫৫-সড়ক পরিবহন বাবদ মূলধনী বিনিয়োগ", "৫০৫৬-অন্তর্দেশীয় জলপথ পরিবহন বাবদ মূলধনী বিনিয়োগ" এবং "৭০৫৫-সড়ক পরিবহন বাবদ ঋণ" খাতগুলিতে মোট ১৪৭,২৮,৩৫,০০০ (একশ সাতচল্লিশ কোটি আঠাশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৬ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ৪৯,১০,০০,০০০ (উনপঞ্চাশ কোটি দশ লক্ষ) টাকা।]

রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে ৮১ নং দাবির অধীন মুখ্যখাত "৭০৭৫-অন্যান্য পরিবহন সেবা ঋণ" খাতে ২২,৪০,০০,০০০ (বাইশ কোটি চল্লিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [এই টাকার মধ্যে রয়েছে ১৯৯৬ সালের মার্চ মাসে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে মঞ্জুর করা ৭,৪৭,০০,০০০ (সাত কোটি সাতচল্লিশ লক্ষ) টাকা ধরা আছে।]

এই প্রসঙ্গে আমার বিভাগের ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১ নং দাবিগুলির ১৯৯৬-৯৭ আর্থিক বছরের ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করতে গিয়ে আপনার অনুমতি নিয়ে আমি আমার জন্য বরাদ্দকৃত সময়ের মধ্যে পরিবহন দপ্তরের বিভিন্ন কার্যাবলীর একটি সংক্ষিপ্ত বিবরণী পেশ করছি। প্রদত্ত আর্থিক সংস্থানের মধ্যে বাছাইকৃত প্রকল্প ও পরিকল্পনা গ্রহণ ও সেগুলির সফল রূপায়ণের মাধ্যমে আমরা ১৯৯৫-৯৬ সালে পরিবহন ব্যবস্থায় অগ্রগতি অর্জন করতে পেরেছি। পরবর্তী অনুচ্ছেদগুলিতে এই বিষয়ে কিছু বিবরণ উপস্থাপিত করতে চাইছি।

**১। কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (সি. এস. টি. সি.)**

পশ্চিমবঙ্গের মুখ্য পরিবহন সংস্থা সি. এস. টি. সি. যাত্রীসাধারণের চাহিদা পূরণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এই সংস্থা বর্তমানে মোট ২৩৬টি রুটে বাস চালায়। এই সংস্থার কার্যক্ষেত্র মূলত কলিকাতা ভিত্তিক হলেও পশ্চিমবঙ্গের প্রায় সমস্ত জেলা শহরকে যুক্ত করেই এই সংস্থার পরিবহন ব্যবস্থা চালু আছে। যাত্রীসাধারণের জন্য নির্ভরযোগ্য পরিবহনের ব্যবস্থা করতে এই সংস্থা পরিচালনগত দক্ষতা বৃদ্ধির ও পরিচালন ব্যয় নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

বিগত আর্থিক বছরে সি. এস. টি. সি.-র কাজকর্মে পূর্ববর্তী আর্থিক বছরগুলির তুলনায় যথেষ্ট উন্নতি ঘটেছে। গত বছরে এই সংস্থা মোট ৬৫০.৩৫ লক্ষ কি. মি. পথে বাস চালিয়েছে যেখানে তার আগের বছরে এই পরিমাণ ছিল ৫৯৯.০২ লক্ষ কি. মি.। এই অগ্রগতি অব্যাহত থাকবে বলেই আশা করা যায়। কর্মী-উৎপাদনশিলতা ১৯৯৪-৯৫ সালের দৈনিক ১৩.৬৮ কি. মি. থেকে বৃদ্ধি পেয়ে ১৯৯৫-৯৬ সালে ১৫.৮৫ কি. মি. হয়েছে। লোকবলকে যথোপযুক্তভাবে কাজে লাগানোর বিজ্ঞানসম্মত পরিকল্পনা গ্রহণ করার ফলে বাস

প্রতি কর্মীর সংখ্যা ১৯৯২-৯৩ সালের ১২.৯৪ থেকে কমে ১৯৯৫-৯৬ সালে ১১.৯১ দাঁড়িয়েছে। বিভিন্ন প্রকার নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করার ফলে ১৯৯৫-৯৬ সালে সি. এস. টি. সি.-এর আয় দাঁড়িয়েছে ৪৫.৭৪ কোটি টাকা যেখানে ১৯৯৪-৯৫ সালে এই আয় ছিল ৪২.০১ কোটি টাকা।

উন্নততর পরিচালন দক্ষতা অর্জনের জন্য এই সংস্থা গত আর্থিক বছরে নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছে ঃ—

(১) ২১২টি পুরাতন বাসের পুনর্নবীকরণ করা হয়েছে।

(২) ৩৫টি ফ্লোট ইউনিট কেনা হয়েছে।

(৩) বিভিন্ন বিভাগ যন্ত্রগণন ব্যবস্থা চালু করার জন্য গত বছরে এই সংস্থা ২০ লক্ষ টাকা ব্যয় করেছে।

(৪) দুটি ডিপোতে ২টি বাস-ধোয়ার যন্ত্র বসানো হয়েছে।

এই সংস্থার ১৯৯৬-৯৭ সালের পরিকল্পনাগুলি হল ২৪০টি পুরাতন বাসের পুনর্নবীকরণ, ৩৫টি ফ্লোট ইউনিট ক্রয়, ৪টি স্বয়ংক্রিয় বাস-ধোয়ার যন্ত্র এবং একটি টায়ার-রিট্রিডিং স্থাপন।

যোজনা খাতে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এই সংস্থাকে ৮০০ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ঐ খাতে এই সংস্থাকে ৯৫০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব আছে।

২। **উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা** (এন. বি. এস. টি. সি.)

এন. বি. এস. টি. সি. উত্তরবঙ্গের যাত্রীসাধারণকে কার্যকর এবং নির্ভরযোগ্য পরিবহন পরিষেবা দেওয়ায় নিযুক্ত আছে। এই সংস্থার কর্মক্ষেত্রে পরিধি উত্তরবঙ্গের জেলাগুলি অতিক্রম করে বর্তমানে মুর্শিদাবাদ, নদীয়া এবং বীরভূম জেলাতেও বিস্তৃত হয়েছে। এই সংস্থা ঐ জেলাগুলির জনসাধারণের কাছে যাত্রী-পরিবহন ব্যবস্থার সুযোগ-সুবিধা পৌঁছে দিয়েছে এবং ঐ জেলাগুলিকে কলিকাতা ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানের সঙ্গে সড়ক-পরিবহনের মাধ্যমে যুক্ত করেছে।

উত্তরবঙ্গে গত বছরের বন্যার জন্য ঐ সংস্থার মোট আয় গত আর্থিক বছরে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি না পেলেও রাস্তায় বাস বার করা, বাস চালানোর কিলোমিটারগত হিসাবে, কর্মী-উৎপাদনশিলতা এবং বাসপিছু কর্মীসংখ্যার ক্ষেত্রে এই সংস্থা উন্নতিসাধন করেছে ; যদিও এই সংস্থার বাসের সংখ্যা ১৯৯৫-৯৬ সালেও ৯৪০টি ছিল। ১৯৯৫-৯৬ সালে এই সংস্থাকে ৭৫০ লক্ষ টাকা পরিকল্পনা খাতে দেওয়া হয়েছে।

ন্যাশনাল প্রোডাক্টিভিটি কাউন্সিল ৩০,১০,১৯৯৫ তারিখে এই সংস্থাকে কর্মী-উৎপাদনশিলতার ক্ষেত্রে ১৯৯৩-৯৪ সালের সড়ক-পরিবহন (যাত্রী) মফস্বল পরিষেবা মানপত্র প্রদান করেছে।

গত আর্থিক বছরে দিনহাটায় একটি ডিপো এবং বহরমপুরে একটি বাস টার্মিনাস চালু হয়েছে। এন. বি. এস. টি. সি. বিধাননগরে একটি কেন্দ্রীয় বাস টার্মিনাস তৈরি করছে। এটি আংশিক তৈরি হয়েছে এবং গত ৪. ১২. ৯৫ তারিখে জনসাধারণের ব্যবহারের জন্য চালু করা হয়েছে। এটির নির্মাণকার্য সম্পূর্ণ হলে এখান থেকে সি. এস. টি. সি., এস. বি. এস. টি. সি., ডবলু. বি. এস. টি. সি. এবং সি. টি. সি.-এর বাসও চলাচল করবে। সল্টলেকে এন. বি. এস. টি. সি.-র একটি নতুন কর্মশালার কাজ শীঘ্রই শুরু হবে।

১৯৯৬-৯৭ সালে এই সংস্থাকে যোজনা খাতে ৯৫০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব আছে।

**৩। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (এস. বি. এস. টি. সি.)**

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কাজকর্মে ১৯৯৫-৯৬ সালে উন্নতি হয়েছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরের শেষে এই সংস্থার চালু বাসের সংখ্যা ৫৭৩। কার্যকর কিলোমিটার চালন, প্রতিদিন রাস্তায় চলাচলকারী বাসের গড় সংখ্যা, কর্মী এবং বাসপ্রতি উৎপাদনশিলতার ক্ষেত্রে এই সংস্থা ১৯৯৫-৯৬ সালে পূর্ববর্তী বছরগুলির তুলনায় উন্নতি করেছে। ১৯৯৪-৯৫ সালে এই সংস্থার আয় যেখানে ছিল ১,১৮৩.০৯ লক্ষ টাকা সেখানে ১৯৯৫-৯৬ সালে এই সংস্থার আয় দাঁড়িয়েছে ১,৩৫৮ লক্ষ টাকা অর্থাৎ এই সংস্থার আয়ও বৃদ্ধি পেয়েছে।

১৯৯৫-৯৬ সালে বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়া এবং কালনায় নব-নির্মিত বাস-ডিপোগুলি থেকে এস. বি. এস. টি. সি. বাস চালাতে শুরু করেছে। হাবড়া, বারাসাত এবং মেদিনীপুর (দ্বিতীয় পর্যায়) বাস-ডিপোগুলির নির্মাণকার্য শীঘ্রই শেষ হবে বলে আশা করা যায়। আরামবাগ বাস টার্মিনাসের নির্মাণকার্য শীঘ্রই শুরু হবে।

এই সংস্থা সমস্ত প্রয়োজনীয় তথ্য এবং নথি কম্পিউটারে অন্তর্ভুক্ত করার কাজ শুরু করেছে।

১৯৯৬-৯৭ সালে এই সংস্থা পুরোনো এবং অকেজো বাস বাতিল করে নতুন বাস চালু করার এবং বাসের সংখ্যা বৃদ্ধি করার একটি পরিকল্পনা গ্রহণ করেছে।

এই সংস্থাকে ১৯৯৬-৯৭ সালে যোজনা খাতে ৭৭০ লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব আছে। ১৯৯৫-৯৬ সালে এই সংস্থাকে যোজনা খাতে ৬৩৩.৮৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**৪। কলিকাতা ট্রামওয়েজ কোম্পানি (১৯৭৮) লিঃ (সি. টি. সি.)**

১৯৯৪-৯৫ সালের মতো ১৯৯৫-৯৬ সালেও প্রতিদিন রাস্তায় চালু ট্রামের সংখ্যা ছিল গড়ে ১৮০ এবং গড় যাত্রীর সংখ্যা ছিল ২.৫০ লক্ষ। পক্ষান্তরে প্রতিদিন রাস্তায় চালু বাসের গড় সংখ্যা ১৯৯৪-৯৫ সালে ছিল ১৮৩ এবং ১৯৯৫-৯৬ সালে এই সংখ্যা ছিল ২৫৫। এই সংস্থার আয় ১৯৯৪-৯৫ সালে ১৬.৫ কোটি টাকা থেকে বেড়ে ১৯৯৫-৯৬ সালে হয়েছে ২৩.২৫ কোটি টাকা। এই আয় বৃদ্ধি ঘটেছে মূলত বাস পরিষেবা থেকে প্রাপ্ত অতিরিক্ত আয়ের সুবাদে। প্রয়োজনীয় অর্থ সংকুলান না হওয়ায় ট্রাম পুনর্নির্মাণ, ট্রামলাইন এবং ওভারহেড বৈদ্যুতিক ব্যবস্থার রক্ষণাবেক্ষণ বাঞ্ছনীয়ভাবে করা যায় নি।

এই সংস্থার বাস পরিচালন শাখায় যদিও বর্তমানে লাভ হচ্ছে না তবুও এই শাখায় আয় থেকে পরিচালন ব্যয় বহন করার পরও ঋণ বাবদ প্রদেয় বার্ষিক সুদ ১.২৫ কোটি টাকা এবং অপচয় বাবদ প্রয়োজনীয় অর্থের সংস্থান করা সম্ভব হচ্ছে।

বর্তমানে ট্রাম কোম্পানির মোট বাসের সংখ্যা ৩০০। এগুলি কলিকাতা এবং তৎ-সংলগ্ন এলাকায় মোট ৩৬টি রুটে চলাচল করে। উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলা সম্ভব হলে এই সংস্থা ১৯৯৬-৯৭ সালে আরও কিছু বাস বাড়াতে চায়।

সব রকম পরিহার্য ব্যয় কমানোর জন্যই এই সংস্থা ব্যবস্থা গ্রহণ করেছে। একদা উদ্বৃত্ত সমস্ত কর্মচারীকেই বর্তমানে শুধু যে যথোপযুক্তভাবে কাজে লাগানো হয়েছে তাই নয় আরও কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হয়েছে, যার ফলে আরও কর্মচারী নিয়োগের প্রয়োজন দেখা দিয়েছে।

ট্রামের বর্তমান পরিকাঠামো কাজে লাগিয়ে ইলেকট্রিক ট্রলি বাস চালু করার সম্ভাবনা মেসার্স ভেল-এর মাধ্যমে এই সংস্থা খতিয়ে দেখছে।

১৯৯৬-৯৭ আর্থিক বছরে সি. টি. সি.-কে যোজনা খাতে ৫৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব আছে। ১৯৯৫-৯৬ সালে এই সংস্থাকে উক্ত খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৫০৬.২৫ লক্ষ টাকা।

৫। **পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগম (ডব্লিউ. বি. এস. টি. সি.)**

বর্তমানে ১৬টি জলযান এই নিগমের পরিচালনাধীন। এর মধ্যে ১১টি কলিকাতা-হাওড়া অঞ্চলে হুগলি নদীতে এবং অপর ৫টি সাগরদ্বীপে মুড়িগঙ্গা নদীতে ফেরি পারপারে নিয়োজিত। এই নিগমের পরিচালনাধীন ৪৮টি বাস দক্ষিণ ২৪ পরগনা জেলায় ও কলিকাতা শহরের কয়েকটি রুটে চলাচল করছে।

ডব্লিউ. বি. এস. টি. সি. ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ৪০০ যাত্রী বহনের ক্ষমতাসম্পন্ন ৪টি নতুন ইস্পাত নির্মিত জলযান সংগ্রহ করবে যা সংগৃহীত হবার পর সাগরদ্বীপে আংশিক স্থির জলে চালানো হবে। পূর্ববর্তী বছরগুলির মতো গত বছরের সাগর মেলার সময়ও এই নিগম অত্যন্ত কার্যকরভাবে এবং দক্ষতার সঙ্গে ২.৫ লক্ষেরও বেশি তীর্থযাত্রী পারাপার করেছে।

দক্ষিণ ২৪ পরগনা জেলায় আরও বেশি এলাকায় যাত্রী পরিষেবা বাড়ানোর জন্য এই নিগম ১৯৯৬-৯৭ সালে তার নিয়ন্ত্রণাধীন বাসের সংখ্যা বাড়িয়ে ১২৫ করতে চায়।

এই নিগম জলযান ও বাস পরিষেবা থেকে ১৯৯৪-৯৫ সালে তার অর্জিত আয় যথাক্রমে ১৩৭.৯৮ লক্ষ টাকা ও ৭০.৫৭ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ১৯৯৫-৯৬ সালে যথাক্রমে ১৫৪.৬৩ লক্ষ টাকা ও ১১৭.৮২ লক্ষ টাকা করতে পেরেছে।

কেন্দ্রপোষিত প্রকল্পে বোটানিকাল গার্ডেন, স্ট্র্যান্ড রোড, নিমতলা, পানিহাটি এবং কোন্নগরে ৫টি জেটির নির্মাণ এবং লবণহ্রদে ১টি বাস ডিপোর নির্মাণকার্য এই নিগমের ১৯৯৬-৯৭

সালের উন্নয়নমূলক কর্মসূচির অন্তর্ভূক্ত। এই নিগম ইতিপূর্বে পূর্বাশায় ১টি বাস-ডিপো-তথা-কর্মশালার নির্মাণকার্য সম্পন্ন করেছে যেটি ১৯৯৫-৯৬ সালে চালু হয়েছে।

আধুনিকীকরণের উদ্দেশ্যে এই নিগম যন্ত্রগাণনিকীকরনের কর্মসূচি গ্রহণ করেছে। ইতিমধ্যে পে-বিল তৈরি, মাসিক বিবরণী তৈরি, ব্যক্তি পরিচালন ব্যবস্থাপনা এবং ওয়ে-বিল প্রদানের ক্ষেত্রে যন্ত্রগাণনিকী ব্যবস্থা'র প্রয়োগ করা হচ্ছে।

১৯৯৬-৯৭ সালে যোজনা খাতে এই নিগমকে ৩৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**৬। পরিবহন কার্য রূপায়ণ উন্নয়ন কর্মসূচি**

পরিবহন কার্য রূপায়ণ উন্নয়ন কর্মসূচি'র আওতায় গত কয়েক বছরে বেশ কয়েকটি সড়ক উন্নয়ন প্রকল্প, পথচারিদের জন্য উড়ালপুল, অটো-ম্যানুয়াল সিগন্যাল ব্যবস্থা এবং অন্যান্য যান পরিচালন ব্যবস্থাপনা প্রকল্প রূপায়িত হয়েছে।

মুরারীপুকুর এবং উল্টোডাঙ্গায় পথচারিদের ব্যবহারযোগ্য তিনটি সেতু তৈরির কাজ সম্পন্ন হয়েছে। শহর কলকাতায় ২৪টি প্রধান সড়ক সংযোগস্থলে অটো-ম্যানুয়াল সিগন্যাল প্রদান ব্যবস্থার স্থাপনার কাজ চলছে। টালিগঞ্জ মেট্রো স্টেশন সংলগ্ন পথ সংযোগস্থলের উন্নয়ন সংক্রান্ত কাজ চলছে। শ্যামাপ্রসাদ মুখার্জি রোড, রাসবিহারী অ্যাভেনিউ, আশুতোষ মুখার্জি রোড, তারাতলা রোড, মুরারীপুকুর রোড, বারীন ঘোষ সরণী, লেনিন সরণী-চৌরঙ্গি রোড-এর সংযোগস্থল এবং সার্কুলার ক্যানাল রোড-এর উন্নতিকল্পে গত আর্থিক বছরে অর্থ মঞ্জুর করা হয়েছে।

মেসার্স রাইট্স্কে (১) কলকাতায় চক্ররেল পথকে ডবল করা ও বৈদুতিকরণ এবং (২) টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত মেট্রো রেলপথ সম্প্রসারণ সংক্রাত কাজের সমীক্ষার জন্য নিয়োগ করা হয়েছিল। সেই সমীক্ষার কাজ শেষ হয়েছে এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রকসমূহের সঙ্গে আলোচনা করা হচ্ছে।

কলকাতায় চারটি উড়ালপথ নির্মাণ এবং পাঁচটি মুখ্য পথ-সংযোগস্থলের উন্নয়নের ক্ষেত্রে ও. ই. সি. এফ্. থেকে ঋণ সাহায্য লাভের একগুচ্ছ প্রকল্প কেন্দ্রীয় সরকারের কাছে ইতিপূর্বে পেশ করা হয়েছিল। সেই প্রকল্পগুচ্ছ পুনর্বার বিবেচনার জন্য পাঠানো হয়েছে এবং বর্তমান আর্থিক বছরে প্রকল্পগুলি যাতে অনুমোদন লাভ করে তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে।

**৭। জেলা শহর ও মহকুমা শহরগুলিতে বাস স্ট্যান্ড নির্মাণ প্রকল্প**

১৯৯৫-৯৬ আর্থিক বছরে যোজনা খাতে অর্থের পরিমাণ কম হওয়ায় এই প্রকল্পে মাত্র ৩৪ লক্ষ টাকা বরাদ্দ হয়। ফলে হাসনাবাদ, গুসকরা, চন্দ্রকোনা রোড, মাথাভাঙ্গা ও মেখলিগঞ্জ বাসস্ট্যান্ড নির্মাণের কাজ যেগুলি আগেই শুরু হয়েছিল সেগুলি ছাড়া অন্য কোনও নতুন বাসস্ট্যান্ড নির্মাণের কাজ ১৯৯৪-৯৫ সালের পর হাতে নেওয়া হয় নি। চালু প্রকল্পগুলির মধ্যে গুসকরা, মাথাভাঙ্গা, বীরসিংহ, ঘাটাল এবং চন্দ্রকোনা রোড এই পাঁচটি প্রকল্পে ১৯৯৫-৯৬ সালে টাকা মঞ্জুর করা হয়েছে।

পরিবহন দপ্তর পশ্চিমবঙ্গ পরিবহন পরিকাঠামো উন্নয়ন নিগম নামে একটি সংস্থা স্থাপনের ব্যাপারে উদ্যোগী হয়েছে। এই নিগমের কার্যাবলীর মধ্যে একটি হবে বাসস্ট্যান্ড নির্মাণ করা। যেহেতু বাসস্ট্যান্ড নির্মাণ ও তার রক্ষণাবেক্ষণ সম্পর্কিত কাজ এই নিগমের উপর ন্যস্ত হবে সেইজন্য ১৯৯৬-৯৭ আর্থিক বছরে বাস স্ট্যান্ড নির্মাণ খাতে মাত্র ১০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। বর্তমান আর্থিক বছরে এই নিগমের জন্য ২৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

**৮। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা**

রাজ্য সরকার পথচারিদের স্বাস্থ্য ও সুরক্ষার জন্য মোটর গাড়ি চলাচলজনিত দূষণ প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করেছে। বর্তমানে এই রাজ্যে ৭৬টি অটো-এমিসন টেস্টিং সেন্টার (কলিকাতায় ৫০টি এবং বিভিন্ন জেলায় ২৬টি) কাজ করছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে এবং তদন্ত ও শুনানীর পর একটি অটো-এমিসন টেস্টিং সেন্টারের অনুমোদন সাময়িকভাবে রদ করা হয়েছে।

১৯৯৪-৯৫ আর্থিক বছরে কেন্দ্রীয় সরকারের অনুদানে ১৮টি পেট্রোল এবং ১৮টি ডিজেল গাড়ি দূষণ মাপক যন্ত্র কেনা হয়েছে। এই রাজ্যে মোটরগাড়িজনিত দূষণ নিয়ন্ত্রণে যন্ত্রগুলি বিভিন্ন আঞ্চলিক পরিবহন আধিকারিকের কার্যালয়, রাজ্য পরিবহন নিগমসমূহ ও কলিকাতা পুলিশে ব্যবহৃত হচ্ছে।

মোটরযান সৃষ্ট দূষণ প্রতিরোধে জনযান দপ্তর (পি. ভি. ডি.) এবং কলিকাতা পুলিশকে দেওয়া দূষণ পরিমাপক যন্ত্রের সাহায্যে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ২২,৫৬৩টি গাড়ি পরীক্ষা করা হয়, যার মধ্যে সরকারি বাস ও অন্যান্য সরকারি গাড়িও ছিল। এর মধ্যে ১৩,১৬১টি গাড়ির ক্ষেত্রে দেখা যায় দূষণমাত্রা লঙ্ঘিত হয়েছে। তার মধ্যে ৮,৬৯৪টি গাড়ির ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং জরিমানা বাবদ ৮,১৯,৮৫০ টাকা আদায় করা হয়েছে। ৪,৪৬৭টি গাড়ির বিরুদ্ধে দূষণ-নিয়ন্ত্রণ ব্যবস্থায় ক্রটির জন্য নোটিশ জারি করে সেগুলিকে ক্রটি-মুক্ত করার পর পুনরায় পরীক্ষা করানোর জন্য পেশ করতে বলা হয়েছে। ৬৫৮টি গাড়ির ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**৯। সোলাসিয়াম ফান্ড প্রকল্প এবং অন্যান্য দুর্ঘটনা সাহায্য প্রকল্প**

উভয় প্রকল্পেই মোটর দুর্ঘটনা কবলিত ব্যক্তিকে বা তার নিকট আত্মীয়কে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা আছে।

সোলাসিয়াম ফান্ড প্রকল্পে বিভিন্ন জেলার দাবি-নির্ধারণ আধিকারিকের সুপারিশের ভিত্তিতে জেনারেল ইন্সিওরেন্স কর্পোরেশনের মাধ্যমে ক্ষতিগ্রস্তদের অর্থ প্রদান করা হয়। মোটর দুর্ঘটনা সাহায্য প্রকল্পে রাজ্য সরকার নিজস্ব তহবিল থেকে ক্ষতিপূরণ দিয়ে থাকেন।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ বাবদ ৯৬,৯৮,৭০০ টাকা খরচ হয়েছে। এছাড়া কলকাতা ও পার্শ্ববর্তী জেলাসমূহের ট্যাক্সি চালকদের বাহ্যিক হিংসাত্মক ঘটনা বা অজ্ঞাতকারণবশত দুর্ঘটনাজনিত ব্যক্তিগত আঘাত অথবা মৃত্যুর ক্ষেত্রে ট্যাক্সি চালকদের সুবিধার্থে দুর্ঘটনাজনিত বিমা প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে প্রায় বারো হাজার ট্যাক্সিচালক উপকৃত হচ্ছেন।

এজন্য রাজ্য সরকার প্রতি বছর প্রিমিয়াম বাবদ ৩,৭৪,২২০ টাকা দিয়ে থাকেন এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরেও রাজ্য সরকার ৩,৭৪,২২০ টাকা প্রিমিয়াম বাবদ জমা দিয়েছেন।

**১০। রাজ্য পরিবহন কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গ**

মোটরযান আইন ১৯৮৮, কেন্দ্রীয় মোটরযান বিধি ১৯৮৯ এবং পশ্চিমবঙ্গীয় মোটরযান বিধি ১৯৮৯ অনুসারে রাজ্য পরিবহন কর্তৃপক্ষ রাজ্যের যাত্রী সাধারণকে পরিবহনের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা দানের ব্যাপারে তার ভূমিকা পালন করে যাচ্ছে।

সিকিম, বিহার, উড়িষ্যা এবং আসাম সরকারের সঙ্গে সম্পাদিত আন্তঃরাজ্য চুক্তিগুলি আশানুরূপ ফল দিচ্ছে। পরিপূরক দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে জনস্বার্থে আরও বেশি রুটে বাস চলাচলের ব্যবস্থা করার জন্য সিকিম, বিহার, উড়িষ্যা ও আসামের সঙ্গে আলোচনা চলছে। আন্তর্জাতিক চুক্তি সম্পাদনের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার, ভুটান সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের মধ্যে আলোচনা এখনো ফলপ্রসূ হয়নি।

**১৯৯৫-৯৬-তে আন্তঃআঞ্চলিক এবং আন্তঃরাজ্য পারমিটের মঞ্জুরির বিবরণী ঃ**

| | আন্তঃ আঞ্চলিক অস্থায়ী পারমিট | আন্তঃ রাজ্য অস্থায়ী পারমিট | আন্তঃ আঞ্চলিক স্থায়ী পারমিট | আন্তঃ রাজ্য স্থায়ী পারমিট | মোট সংখ্যা |
|---|---|---|---|---|---|
| (ক) স্টেজ ক্যারজে পারমিট ঃ | | | | | |
| (১) রাজ্য পরিবহন সংস্থাদের মঞ্জুর করা হয়েছে | ৪৪ | ৪২ | ২২ | ৫ | ১১৩ |
| (২) অন্যান্যদের মঞ্জুর করা হয়েছে | ৩৫ | ৩০ | ৬ | ২২ | ৯৩ |

(খ) ১৯৯৫-৯৬ সালে রাজ্য পরিবহন কর্তৃপক্ষ নিম্নলিখিত সংখ্যক পারমিট প্রদান করেছে ঃ

| | | |
|---|---|---|
| (১) বিশেষ এবং অন্যান্য অস্থায়ী পারমিট (পণ্য পরিবহনকারী যানসহ) | .. | ৩৮,২৪৮ |
| (২) (ক) সারা বাংলা পর্যটন ট্যাক্সি পারমিট (এ পর্যন্ত সর্বমোট ৭,১৪০) | .. | ৭১৪ |
| (খ) সারা ভারত পর্যটন ট্যাক্সি পারমিট (এ পর্যন্ত সর্বমোট ১৪১) | .. | — |
| (৩) (ক) সারা বাংলা পর্যটন বাস পারমিট (এ পর্যন্ত সর্বমোট ৭২) | .. | ৩৯ |
| (খ) সারা ভারত পর্যটন বাস পারমিট (এ পর্যন্ত সর্বমোট ২১) | .. | — |
| (৪) জাতীয় পারমিট (পণ্য পরিবহনযানের জন্য) (এ পর্যন্ত সর্বমোট ২৩,৬৩৩) | .. | ৪,৩০২ |

**১১। বিমান চালনা প্রশিক্ষণকেন্দ্র, বেহালা**

বর্তমানে এখানে ১৯ জন শিক্ষার্থী নথিভুক্ত আছেন। রাজ্য সরকারের বারংবার চেষ্টা সত্ত্বেও এই শিক্ষণকেন্দ্রের জন্য কোনও "মুখ্য-উড্ডয়ন প্রশিক্ষক" বা "পাইলট প্রশিক্ষক"

নিয়োগ করতে সফল না হওয়ায় এখানে উড্ডয়ন প্রশিক্ষণ স্থগিত হয়ে রয়েছে। অত্যন্ত বেশি বেতন দাবি করার কারণেই এদের নিয়োগ করা যাচ্ছে না।

**১২। মোটরযান রাজস্ব সংগ্রহ, নির্বহন কার্যকলাপ এবং সীমান্ত চেক্‌পোস্ট গঠন**

নির্বহন ব্যবস্থা জোরদার করার ফলে মোটরযান-সংক্রান্ত রাজস্ব (ট্যাক্স ও ফি) সংগ্রহের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৯৪-৯৫ আর্থিক বছরে এই খাতে রাজস্ব সংগ্রহের পরিমাণ ১১৩.৪২ কোটি টাকা হয়েছে। তুলনায় ১৯৯৩-৯৪ আর্থিক বছরে এই পরিমাণ ছিল ৮৮.৬৯ কোটি টাকা। ১৯৯৫-৯৬ আর্থিক বছরের জন্য এই সংক্রান্ত রাজস্ব সংগ্রহ লক্ষ্যমাত্রা ১১০.০০ কোটি টাকার চেয়েও আরও অতিরিক্ত ১০ কোটি টাকা করা সম্ভব হয়েছে। কর ফাঁকি দেওয়া বন্ধ করতে তিনটি চেক্‌পোস্ট স্থাপনের প্রস্তাব আছে। বর্ধমান জেলার কুলটি থানার অন্তর্গত রামপুর মৌজাতে এই জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করতে ১৯৯৫-৯৬ সালে ২,৪৬,০০৬ টাকা ব্যয় করা হয়েছে।

পরিবহন ব্যবস্থার উন্নয়নের গতি বাড়ানোর জন্য বর্তমান মোটরযান কর কাঠামোর সংশোধন প্রয়োজন। এ ব্যাপারে বিধানসভায় একটি পৃথক প্রস্তাব পেশ করা হবে।

পরিবহন অধিকার গঠন এবং সীমান্তবর্তী চেক্‌পোস্ট স্থাপনের জন্য ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**১৩। মোটরযান দপ্তরসমূহের যন্ত্র-গাণনিকীকরণ**

পরিবহন দপ্তর রাজ্যের মোটরযান কার্যালয়সমূহের পর্যায়ক্রমে যন্ত্র-গাণনিকীকরণের প্রকল্প হাতে নিয়েছে। জনযান বিভাগের 'রেজিস্ট্রেশন' এবং 'ট্যাক্স' শাখার যন্ত্র-গাণনিকীকরণের কাজ সম্পূর্ণ হয়েছে এবং উভয় শাখাতেই বর্তমানে যন্ত্র-গণক ব্যবহৃত হচ্ছে। হাওড়া, বারাসাত এবং আলিপুরের মোটরযান দপ্তরসমূহের যন্ত্র-গাণনিকীকরণের কাজও সম্পূর্ণ হয়েছে এবং এই সমস্ত জায়গায় যন্ত্র-গণক সন্তোষজনকভাবে কাজ করছে। মেদিনীপুর জেলায় মোটরযান ট্যাক্স শাখার যন্ত্র-গাণনিকীকরণ হয়েছে। বর্ধমান, ব্যারাকপুর, আসানসোল এবং হুগলি জেলাতেও মোটযান কার্যালয়সমূহের যন্ত্র-গাণনিকীকরণের কাজ চলছে।

মহাকরণস্থ 'রাজ্য পরিবহন কর্তৃপক্ষে'-এর অফিসে যন্ত্র-গাণনিকীকরণের কাজ শেষ পর্যায়ে পৌঁচ্ছে এবং যন্ত্র-গণকের মাধ্যমে কাজ খুব শীঘ্রই শুরু হবে।

১৯৯৬-৯৭ আর্থিক বছরে রাজ্যের মোটরযান কার্যালয়সমূহের যন্ত্র-গাণনিকীকরণের জন্য ৯০.০০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব আছে।

**১৪। জনযান বিভাগ (পি. ভি. ডি.)-এর উল্লেখযোগ্য কার্যাবলী**

৩১-৩-৯৬ পর্যন্ত জনযান বিভাগে মোট রেজিস্ট্রীকৃত যান-এর সংখ্যা ৫,৮৭,৯৭৬। ৩১-৩-৯৫-এ এই সংখ্যা ছিল ৫,৬০,৫৩৮।

পি. ভি. ডি.-এর ট্যাক্স শাখা ও রেজিস্ট্রেশন কাজকর্ম যন্ত্র-গণকের মাধ্যমে করা হচ্ছে। জলযান দপ্তরের অন্যান্য শাখার কাজকর্মের যন্ত্র-গাণনিকীকরণের প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। ট্যাক্স শাখার যন্ত্র-গাণনিকীকরণের ফলে প্রায় ১২,০০০ ডিমান্ড নোটিশ জারি করা সম্ভব

হয়েছে এবং এর ফলে রাজস্ব সংগ্রহ বৃদ্ধি পেয়েছে। দ্বি-চক্রযান ছাড়া অন্যান্য সব রকমের যানের ট্যাক্স বর্তমানে যন্ত্র-গণকের মাধ্যমে সংগৃহীত হয়।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে কলকাতার জলযান বিভাগের নির্বহন কার্যকলাপ উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছিল। বাতানুকুল যানসমূহের বিশেষ ট্যাক্স এবং পশ্চিমবঙ্গের বাইরে রেজিস্ট্রিকৃত কিন্তু কলকাতায় চলাচলকারী যানসমূহ হতে অতিরিক্ত ট্যাক্স আদায়ের ওপর বিশেষ জোর দেওয়া হয়েছিল। এই নির্বহন অভিযানের ফলে মোট ৪৫.৩৯ লক্ষ টাকা সংগৃহীত হয়েছে। এ ছাড়া এই ধরনের অভিযানের সময় সংশ্লিষ্ট আইনভঙ্গের অপরাধে বাজেয়াপ্ত করা ৮টি যান সরকারের প্রাপ্য বকেয়া অর্থ উদ্ধারের জন্য নীলাম করে বিক্রি করা হয় এবং এর ফলে ৬.০০ লক্ষ টাকা রাজস্ব সংগৃহীত হয়।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে ট্যাক্সির ভাড়া যেতে অস্বীকার করা/ড্রাইভারের দুর্ব্যবহার ইত্যাদি ২০৮টি ঘটনায় ৮০,৩০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। একই বছরে বিভিন্ন শ্রেণীর যানের ৪৫০ জন চালকের ড্রাইভিং লাইসেন্স আইনভঙ্গের দায়ে পাঞ্চ করা হয়েছে।

**১৫। পরিবহন পরিকল্পনা এবং পরিবহন যন্ত্রবিদ্যা বিভাগের শক্তিবৃদ্ধি ও প্রসারীকরণ**

এই বিভাগটি মূলত পরিবহন দপ্তরের পরিকল্পনা-বিষয়ক কাজগুলি দেখাশোনা করে।

পরিবহন পরিষেবা এবং সুযোগ-সুবিধার উন্নয়ন-বিষয়ক পরিকল্পনা ও তদারকি এবং বিভিন্ন পরিবহন মাধ্যমের মধ্যে সমন্বয়সাধন এই অধিকারের দায়িত্ব।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে এই উদ্দেশ্যে যোজনা খাতে ৮.৩২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ১৯৯৬-৯৭ আর্থিক বছরে এই খাতে ১০.০০ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব রয়েছে।

**১৬। হুগলি রিভার ব্রিজ কমিশনার্স (এইচ. আর. বি. সি.)**

দ্বিতীয় হুগলি সেতু, যা বিদ্যাসাগর সেতু নামে পরিচিত, একটি গুরুত্বপূর্ণ জাতীয় সেতু রূপে স্বীকৃত। ১৯৯৫ সালে ডিসেম্বর পর্যন্ত মূল সেতুর প্রায় ৯৯.৯১ শতাংশ কাজ শেষ হয়েছে। কলিকাতাস্থ সংযোগকারী সড়ক সমূহের প্রায় ৯৯.৯৭ শতাংশ কাজ ও হাওড়াস্থ সংযোগকারী সড়কসমূহের প্রায় ৯৯.৯৬ শতাংশ কাজ এ পর্যন্ত শেষ হয়েছে। মূল সেতু ও সংযোগকারী সড়কসমূহের শেষ পর্যায়ের অবশিষ্ট কাজ বর্তমানে চলছে।

কলকাতা ও হাওড়ার রাস্তাগুলির সঙ্গে বিদ্যাসাগর সেতুর যোগাযোগ স্থাপন ও যান পরিবহন ব্যবস্থার সম্যক যোগসাধনের উদ্দেশ্যে নির্মীয়মাণ পরিপূরক রাস্তাগুলির প্রায় ৭৮.৯১ শতাংশ নির্মাণ কাজ ১৯৯৫ সালের ডিসেম্বর পর্যন্ত সম্পূর্ণ হয়েছে।

প্রসঙ্গত উল্লেখ করা যায় কলিকাতার স্ট্র্যান্ড রোডের পশ্চিমাংশের ৭ মিঃ চওড়া অংশ কংক্রিট পথে রূপান্তরের কাজ শেষ হয়েছে। পূর্বাংশকে কংক্রিট পথে রূপান্তরের প্রস্তুতিপর্ব চলছে। অনুরূপভাবে হাওড়া ফোরশোর রোডের পশ্চিমাংশের দুই-লেন বিশিষ্ট কংক্রিট পথ তৈরির কাজ এগোচ্ছে। কলকাতার খিদিরপুর রোড, আচার্য জগদীশচন্দ্র বোস রোড, সেন্ট জর্জেস গেট রোড, ডাফরিন রোড এবং হাওড়ার আন্দুল রোড সমূহের বিস্তার-বৃদ্ধি ও উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে।

প্রস্তাবিত ৭.২ কিঃ মিঃ দীর্ঘ কোনা এক্সপ্রেসওয়ের ১.১৩ কিঃ মিঃ অংশের নির্মাণ এবং ৩.০৫ কি. মি. দীর্ঘ হাওড়া ড্রেনেজ ক্যানাল রোড নির্মাণ করে বিদ্যাসাগর সেতুকে ৬নং জাতীয় সড়কের সাথে যুক্ত করার কাজ ১৯৯৫ সালের অক্টোবর মাসে সম্পূর্ণ হয়েছে।

সেতুর অবিশিষ্ট কাজ এবং পরিপূরক রাস্তার কাজ ছাড়াও হুগলি রিভার ব্রিজ কমিশনার্স বর্তমান আর্থিক বছরে নিম্নলিখিত প্রকল্পগুলি কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে ঃ

(১) হাওড়া রেল স্টেশন-চত্বরের সঙ্গে হাওড়ার মহাত্মাগান্ধী রোডের সড়কসংযোগ স্থাপন ;

(২) স্ট্র্যান্ডরোডে আরও ২-সারি গাড়ি চলার উপযোগী কংক্রিট রাস্তা নির্মাণ ;

(৩) ই. এম. বাইপাসের সঙ্গে সংযোগকারী পার্কসার্কাস কানেক্টারের ৪নং পুলের কাছে সংযোগকারী রাস্তাসহ একটি অতিরিক্ত সেতু সংযোজন ;

(৪) খিদিরপুর সেতু সংলগ্ন একটি ৪-সারি গাড়ি চলার উপযুক্ত সেতুর (সংযোগকারী রাস্তাসহ) সংযোজন।

৩১. ১. ৯৬ তারিখ পর্যন্ত পরিপূরক পথ নির্মাণের খরচসহ প্রকল্পভূক্ত কাজের জন্য আনুমানিক ৩২৪·৭৭০৬ কোটি টাকা ব্যয় হয়েছে। ঐ সময় পর্যন্ত সাংগঠনিক ব্যয়, এজেন্সি চার্জ বাবদ ব্যয় ইত্যাদির পরিমাণ দাঁড়িয়েছে আনুমানিক ৪০·৯৯৮১ কোটি টাকা।

ভারত সরকারের ভূতল পরিবহন মন্ত্রক দীর্ঘ ও নাতিদীর্ঘ সেতু, ভায়াডাক্ট ও সংশ্লিষ্ট বিভিন্ন প্রকার সেতু কাঠামোর বিষয়ে হুগলি রিভার ব্রিজ কমিশনার্সকে পরামর্শদাতা সংস্থা রূপে তালিকাভুক্ত করেছেন। সম্প্রতি, ভারত সরকারের ভূতল পরিবহন মন্ত্রক জাতীয় সড়কস্থিত প্রধান সেতুগুলি পরিদর্শন ও সংস্কার সম্বন্ধীয় পরামর্শদাতা রূপে এইচ. বি. সি.-এর নাম তালিকাভুক্ত করেছেন।

এইচ. আর. বি. সি.-এর মান নিয়ন্ত্রণ গবেষণাগার যেটি দ্বিতীয় হুগলি সেতু তৈরির উৎকর্ষ বজায় রাখার উদ্দেশ্যে গড়া হয়েছিল তা ব্যুরো অফ্ ইণ্ডিয়ান স্ট্যাণ্ডার্ডস-এর নির্দেশিকা অনুযায়ী সিমেন্টের সকল প্রকার ভৌত তথা রাসায়নিক গুণমান পরীক্ষা করতে সক্ষম। এই সংস্থায় কংক্রিটের অবিধ্বংসী পরীক্ষার যন্ত্রপাতিও আছে। এই গবেষণাগার উপরোক্ত পরীক্ষা-নিরীক্ষার জন্য ব্যুরো অফ্ ইণ্ডিয়ান স্ট্যাণ্ডার্ডস কর্তৃক অনুমোদিত এবং একযোগে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর কর্তৃক গবেষণা সংস্থা হিসাবে স্বীকৃত। এই গবেষণাগার এখন বিভিন্ন সরকারি, আধা-সরকারি এবং বেসরকারি সংস্থাগুলিতে ব্যবসায়িক ভিত্তিতে প্রযুক্তিগত পরিষেবা দানে নিযুক্ত আছে। গবেষণাগারে নিয়মমাফিক পরীক্ষা-নিরীক্ষা ছাড়াও এইচ. আর. বি. সি.-এর মান-নিয়ন্ত্রণ শাখা ভারতের বিভিন্ন প্রান্তে অবিধ্বংসী উপায়ে ডিসট্রেসড স্ট্রাচারের পরীক্ষার কাজ করছে।

১৭। উপরোক্ত বক্তব্যসহ আমি সভায় অনুমোদনের জন্য আমার দাবি পেশ করছি।

## Demand No. 18 and 19

The Printed Speech of **Shri Jyoti Basu** on Demand No. 18 & 19 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে, আমি প্রস্তাব করছি যে ১৯৯৬-৯৭ সালে ১৮ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫২-সচিবলয় সাধারণ কৃত্যকসমূহ" বাবদ ব্যয় নির্বাহের জন্য এবং ১৯ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫৩-জেলা প্রশাসন" বাবদ ব্যয় নির্বাহের জন্য যথাক্রমে টাঃ ৩৪,৪০,১৫,০০০ (চৌত্রিশ কোটি চল্লিশ লক্ষ পনের হাজার) টাকা এবং ৩৩,২৫,৬০,০০০ (তেত্রিশ কোটি পঁচিশ লক্ষ ষাট হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্টের মাধ্যমে ইতিপূর্বে মুখ্যখাত "২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" এবং মুখ্যখাত "২০৫৩-জেলা প্রশাসন" বাবাদ যথাক্রমে যে টাঃ ১১,৪৭,০০,০০০ (এগার কোটি সাতচল্লিশ লক্ষ) টাকা এবং ১১,০৯,০০,০০০ (এগার কোটি নয় লক্ষ) টাকা মঞ্জুর করা হয়েছিল, উল্লিখিত অর্থাঙ্কের মধ্যে তাও ধরে নেওয়া হয়েছে।

১। "২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" এই হিসাব খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে তা হল—স্বরাষ্ট্র, অর্থ, বিচার, আইন, পৌর বিষয়ক, ভূমি ও ভূমি সংস্কার, পূর্ত (নিমার্ণ পর্ষদ), পূর্ত খাদ্য ও সরবরাহ, মুখ্যমন্ত্রীর সচিবালয়, পুর্বতন রাজস্ব পর্ষদ (যাহা ১৭ই জুন, ১৯৯৬-এ ভূমি ও ভূমি সংস্কার বিভাগের সহিত একাঙ্গীভূত হইয়াছে) এবং সংশ্লিষ্ট অফিস সমূহের বেতন, রাহা খরচ, অফিস-খরচ ইত্যাদি সংক্রান্ত বার্ষিক ব্যয় নির্বাহের জন্য আর "২০৫৩-জেলা প্রশাসন" এই হিসাব খাতে যে বরাদ্দ দাবি করা হয়েছে তা হল বিভাগীয় কমিশনার, জেলা শাসক এবং মহকুমা শাসকদের অফিসসমূহের সকল শ্রেণীর কর্মচারির বেতন, রাহা-খরচ, অফিস-খরচ ইত্যাদি বার্ষিক ব্যয় নির্বাহের জন্য।

২। ১৯৯৫-৯৬ সালে "২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যকসমূহ" এবং "২০৫৩-জেলা প্রশাসন" খাতে ব্যয় বরাদ্দ ছিল যথাক্রমে টাঃ ২৮,০৪,০০,০০০ (আঠাশ কোটি চার লক্ষ) টাকা এবং ২৯,২৫,০০,০০০ (উনত্রিশ কোটি পঁচিশ লক্ষ) টাকা।

৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত সাধারণ নির্বাচনে পশ্চিমবঙ্গের জনগণ পঞ্চম বারের জন্য পুনরায় এ রাজ্যের সরকার পরিচালনার দায়িত্ব ভার আমাদের ওপর অর্পণ করেছেন। রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলি দ্রুত রূপায়ণের জন্য প্রশাসন ব্যবস্থাকে সর্বস্তরে আরও গতিশীল করে জনগণের আকাঙ্খাপূরণ করতে আমরা বদ্ধপরিকর।

গত সাধারণ লোকসভা নির্বাচনে জনগণের রায়ে কেন্দ্রে সরকারের পরিবর্তন ঘটেছে, নতুন সরকারের প্রতি ইতিমধ্যেই আমরা আমাদের আস্থা ও সমর্থন জানিয়েছি। বর্তমানে কেন্দ্র ও রাজ্যের মধ্যে যে সৌহার্দ্য ও সহযোগিতার বাতাবরণ সৃষ্টি হয়েছে, তা নিশ্চয়ই বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণে গতি সঞ্চার করতে বিশেষ সহায়ক হবে। বিগত বছরগুলিতে সরকারিয়া কমিশনের সুপারিশগুলি প্রয়োগের ক্ষেত্রে এ রাজ্য সরকার তার হতাশা ব্যক্ত করেছে। যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যেই রাজ্যে গতিশীল রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত হিসাবে আমরা রাজ্যের হাতে অধিক ক্ষমতা দাবি করেছিলাম। কেন্দ্রে সরকার পরিবর্তনে আশা করা যায়, রাজ্যগুলির অধিকতর আকাঙ্খাপূরণের একটি নীতি গ্রহণ করা হবে।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে প্রশাসনিক পরিষেবার দায়িত্ব যে বৃদ্ধি পায়, সে সম্পর্কে সরকার সচেতন। পরিষেবার যথাসম্ভব বিকেন্দ্রীকরণ, এই

সরকারের নীতি, এই দৃষ্টিভঙ্গিতেই সরকার কয়েকটি নতুন মহকুমা স্থাপনের প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করছিলেন। সেগুলি হল উত্তর-চব্বিশ পরগনা জেলায়, বিধাননগর, মেদিনীপুর জেলায় খড়গপুর, নদীয়া জেলায় তেহট্ট, দক্ষিণ ২৪-পরগনা জেলায় ক্যানিং, কাকদ্বীপ, এবং বারুইপুর, দক্ষিণ দিনাজপুর জেলায় গঙ্গারামপুর এবং মালদহ জেলায় চাঁচল। এই আটটি প্রস্তাবের মধ্যে ছয়িটি ক্ষেত্রে যথা বিধাননগর, খড়গপুর, তেহট্ট, ক্যানিং, কাকদ্বীপ এবং বারুইপুর মহকুমাগুলি স্থাপনের সরকারি বিজ্ঞপ্তি ১লা জানুয়ারি ১৯৯৬ তারিখেই কার্যকর করা হয়েছে। যদিও দক্ষিণ দিনাজপুর জেলার বুনিয়াদপুরে গঙ্গারামপুর মহকুমার কার্যালয় এবং মালদহ জেলার চাঁচলে মহকুমা গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, কিন্তু আদালতে মামলা থাকার কারণে সরকারি বিজ্ঞপ্তি জারি কার হয় নাই। আর্থিক অসঙ্গতির কারণে পুরাদস্তুর প্রশাসনিক পরিকাঠামোর অভাবে যথা, বাড়ি, সরকারি কর্মচারী, ইত্যাদির সুবিধাসমূহ অর্থাৎ পরিযেবা এখনও শুরু করা যায়নি। এই মহকুমা কার্যালয়গুলি সুষ্ঠভাবে যাতে প্রশাসনিক কাজকর্ম চালাতে পারে, সেজন্য সরকার অর্থ সংস্থানের সমূহ প্রচেষ্টা চালাবে।

৫। পরিকাঠামোগত সুবিধাসমূহ এবং কাজের বাস্তব পরিবেশের উন্নতির জন্য আমরা জেলা ও মহকুমা প্রশাসনিক ভবনগুলির নির্মাণ এবং সংস্কারের বিভিন্ন প্রকল্পগুলি অব্যাহত রাখছি। একই সাথে জেলা ও মহকুমাগুলিতে কর্মরত অফিসারদের আবাসনগুলির নির্মাণ সংক্রান্ত কাজ চালু আছে। এই প্রকল্পগুলি ৮ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার অন্তর্ভক্ত। ১৯৯৫-৯৬ সালের বার্ষিক যোজনায় বাস্তু খাতে তথা প্রশাসনিক ভবনগুলির নির্মাণ, সংস্কারের জন্য ১৫৩ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছিল।

৬। সরকারি কর্মচারী ও অফিসারদের সরকারি প্রশাসনের সর্বাধুনিক পদ্ধতির সাথে ঘনিষ্ট রাখার জন্য তাদের চাকুরির বিভিন্ন স্তরে প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারি কর্মীবৃন্দের দক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্য নিয়ে বিধাননগরে প্রশাসনিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই প্রশিক্ষণ কেন্দ্র সংবৎসর বিভিন্ন সরকারি কর্মক্ষেত্রে প্রশিক্ষণ ও পুনঃ প্রশিক্ষণের শিক্ষাক্রমগুলি পরিচালিত করে। এখানে আই. এ. এস, ডবলু. বি. সি. এস. (এক্সিকিউটিভ) অফিসারেরা এমনকি চিকিৎসা ও কারিগরি কৃত্যক ও অন্যান্য রাজ্য-কৃত্যকসমূহের অধীন কর্মচারিরাও নিয়মিত প্রশিক্ষণ নেন। এছাড়া, সচিবালয় ও অধিকার সমূহের কর্মচারিদের প্রশিক্ষণের সুবিধাও এখানে আছে। অফিস পরিচালনায় কম্পিউটারের ব্যবহারকে প্রশিক্ষণের অন্তর্গত করার জন্য এখানে স্থাপিত কম্পিউটার-ব্যবস্থা এই কর্মসূচির মান আরও উন্নত করেছে। ১৯৯৫-৯৬ সালে বিভিন্ন ক্ষেত্রে ৬২টি শিক্ষাক্রম সংগঠিত করা হয়েছে। প্রতি বছরের শিক্ষাক্রমগুলির মান উন্নয়নের জন্যও প্রশাসনিক প্রশিক্ষা কেন্দ্র প্রচেষ্টা চালাচ্ছে।

৭। বিগত বছরগুলিতে সরকারের নীতি ছিল সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে থেকেই সরকারি কর্মচারিদের ন্যায় বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদান, যাতে কার্য ক্ষেত্রে জনগণকে উন্নতমানের পরিষেবা দেওয়া সম্ভব হয়। রাজ্য সরকারি কর্মচারিদের কাজের বিভিন্ন ক্ষেত্রে নিরিক্ষাপূর্বক যথাযথ সুপারিশের উদ্দেশ্যে গত আর্থিক বছরে অর্থ দপ্তর বেতন কমিশন গঠন করেছে।

৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশাসনে দুর্নীতির সাথে লড়াইয়ে নিরলস প্রচেষ্টা চালাচ্ছে। পশ্চিমবঙ্গ ভিজিলেন্স-কমিশন, যা এই উদ্দেশ্যেই গঠিত হয়েছিল, দোষীদের সাজা দিতে

সরকারকে কার্যকর সহায়তা করছে। ১৯৯৫ সালে ভিজিলেন্স কমিশন ১৬০টি ক্ষেত্রে প্রাথমিক তদন্ত সম্পূর্ণ করেছে এবং ৪০টি বিভাগীয় তদন্তের সুপারিশ করেছে। বিগত বছরে ভিজিলেন্স কমিশন ৩২টি ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এবং ২টি ক্ষেত্রে শাস্তি থেকে অব্যাহতি দানের সুপারিশ করেছে।

৯। সরকারি কাজে বাংলা ভাষা ব্যবহারের প্রচেষ্টা আমরা অব্যাহত রাখছি। ইতিমধ্যেই বর্ধমান, নদীয়া, কুচবিহার ও মুর্শিদাবাদ জেলার মুন্সেফ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মহকুমা ম্যাজিস্ট্রেট এবং চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর আদালতগুলিতে বাংলা ভাষার ব্যবহার চালু হয়েছে।

১০। এই বাজেটে অন্য কয়েকটি দপ্তর যথা-ভূমি ও ভূমি সংস্কার, স্বরাষ্ট্র (জেল), পূর্ত, পূর্ত (নির্মাণ পর্ষদ) ইত্যাদির সচিবালয়ের আর্থিক বরাদ্দও যুক্ত আছে। এই দপ্তরগুলির মন্ত্রী মহোদয়েরা যখন নিজ নিজ দপ্তরের বাজেট পেশ করবেন তখন তাদের বিভাগীয় কার্যাবলীর বিস্তৃত বিবরণী দেবেন।

১১। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বলে আমি বিধানসভায় ১৮ নং দাবির অধীনে মুখ্যখাত "২০৫২-সচিবালয় সাধারণ কৃত্যক সমহূ" বাবাদ ৩৪,৪০,১৫,০০০ (চৌত্রিশ কোটি চল্লিশ লক্ষ পনের হাজার) টাকা এবং ১৯ নং দাবির অধীন মুখ্যখাত "২০৫৩ জেলা প্রশাসন" বাবদ ৩৩,২৫,৬০,০০০ (তেত্রিশ কোটি পঁচিশ লক্ষ ষাট হাজার) টাকা মঞ্জুর করার জন্য সভার কাছে প্রস্তাব রাখছি।

## Demand No. 21

The Printed Speech of **Shri Buddhadeb Bhattacharjee** on Demand No. 21 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ সালে ব্যয়নির্বাহের জন্য ২১ নং দাবির অধীনে মুখ্যখাত ঃ "২০৫৫-পুলিশ" বাবদ ৫৫৪,০৩,২০,০০০ (পাঁচশো চুয়ান্ন কোটি তিন লক্ষ কুড়ি হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত টাকাও এর মধ্যে ধরা হয়েছে।

১। এই একই খাতে ১৯৯৫-৯৬ সালে ৫২৭,৭৩,০০,০০০ (পাঁচশো সাতাশ কোটি তিয়াত্তর লক্ষ) টাকা মঞ্জুর করা হয়েছিল। প্রশাসনিক কাঠামোকে শক্তিশালী করার প্রয়োজনে কর্মচারিদের বেতন ও ভাতা বৃদ্ধি, পুলিশের ব্যবহারের জন্য গাড়ি ও অত্যাবশ্যক সাজ-সরঞ্জাম ক্রয়, নতুন পদ সৃষ্টি ইত্যাদির জন্য আরও বেশি সংস্থান রাখতে গিয়ে বিগত বছরের তুলনায় ১৯৯৬-৯৭ সালে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

২। বিগত কয়েক বছরে আমরা জাতীয় অগ্রগতির পরিপন্থী কিছু গোষ্ঠীর উদ্ভব প্রত্যক্ষ করেছি। দেশের কিছু অংশে বিভিন্ন ধরনের এই সব সাম্প্রদায়িক, বিচ্ছিন্নতাবাদী ও সন্ত্রাসবাদী শক্তি জাতীয় সংহতির ভারসাম্য বিনষ্ট করতে চাইছে। এই সব শক্তি যে ধারাবাহিকভাবে বৈদেশিক বিভিন্ন সংস্থার কাছ থেকে মদত ও প্ররোচনা পেয়ে আসছে এমন সাক্ষ্যও পাওয়া গেছে। মৌলবাদী সংগঠনগুলি প্রভাব বিস্তারের চেষ্টা করছে, কিন্তু একটি

আধুনিক ও প্রগতিশীল রাজ্য গড়ে তোলার বিষয়ে জনসাধারণের ঐক্য ও সংকল্প তাদের সফল হতে দেয় নি।

৩। রাজ্যের সার্বিক আইন-শৃঙ্খলাজনিত পরিস্থিতির ক্ষেত্রে ১৯৯৫ সাল শান্তিপূর্ণভাবেই অতিবাহিত হয়েছে। সাম্প্রদায়িক শক্তি, মৌলবাদী সংগঠন ও বিচ্ছিন্নতাকামী দলগুলি শান্তি ও সুস্থিতি ধ্বংস করতে সক্ষম হয়নি। অতীতের মতো এবারেও বিভেদকামী বা সন্ত্রাসবাদী কার্যকলাপ এই রাজ্যে গুরুতর কোনও ক্ষতিসাধন করতে পারেনি। মৌলবাদী গোষ্ঠী ও সংগঠনগুলিকে মাথাচাড়া দিতে দেওয়া হয় নি। আমাদের সরকার সর্বদাই সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্য বজায় রাখার উদ্যোগে অগ্রণী হয়েছে। এই সুযোগে আমরা যে কোনও মূল্যে সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তি বজায় রাখার শপথ নতুন করে নিতে চাই এবং কোনও পরিস্থিতিতেই সাম্প্রদায়িক ও মৌলবাদী শক্তিগুলিকে প্রভাব বিস্তার করতে ও জনজীবনে শৃঙ্খলা বিঘ্নিত করতে দেওয়া হবে না। সংযত আচরণ করা ও শান্তি বজায় রাখার ক্ষেত্রে যথাযথ ভূমিকা পালন করা প্রতিটি সম্প্রদায়েরই দায়িত্ব।

৪। ১৯৯৫ সালে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক এবং দৃঢ়ভাবে নিয়ন্ত্রণাধীন ছিল। সাধারণ অপরাধমূলক ঘটনা ঘটলেও তার নিয়ন্ত্রণের মধ্যেই ছিল। পুলিশের তৎপরতা, যাবতীয় পরিস্থিতির বুদ্ধিদীপ্ত মোকাবিলার ক্ষেত্রে উচ্চমানের কর্মদক্ষতা এবং অপরাধীদের ক্ষেত্রে তদন্ত ও আদালতে অভিযোগ দায়েরের ফলেই এটা সম্ভব হয়েছিল। আমাদের সরকার পুলিশবাহিনীর প্রশিক্ষণ ও আধুনিকীকরণের জন্য বেশ কিছু ব্যবস্থা চালু করেছেন। ইতিবাচকভাবে ও কল্পনাশক্তির সাহায্য নিয়ে যাবতীয় চ্যালেঞ্জের মোকাবিলা করার ক্ষেত্রে পুলিশবাহিনীকে সংবেদনশীল করে তোলাই আমাদের কর্মকাণ্ডের অন্যতম প্রধান বিষয়।

৫। ১৯৯৫ সালে কিছু বিরোধী রাজনৈতিক গোষ্ঠী কিছু বিধ্বংসী কার্যকলাপে লিপ্ত হয়েছিল। এই সব গোষ্ঠীভুক্ত কতিপয় নেতার মধ্যে পুলিশকে ভীতি-প্রদর্শন করতে ও উত্তেজিত করে তুলতে হিংসাত্মক পন্থা অবলম্বন করার একটা প্রবণতা আছে। নির্বাচিত সরকারের কাজকর্মে অবাঞ্ছিত বাধা সৃষ্টি করার উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে জনজীবনে শৃঙ্খলা বিঘ্নিত করার কথা তারা প্রচার করেছেন। এই সব কাজই অত্যন্ত নিন্দার্হ। এইভাবে সারা বছর ধরে বেশ কিছু সংখ্যক ক্ষেত্রে তারা বেআইনি ও বিধ্বংসী কার্যকলাপে লিপ্ত হয়েছেন। অবশ্য, প্রশাসন এদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছে এবং মানুষের জীবন ও সম্পত্তির ক্ষতিসাধন করার এই প্রচেষ্টাকে ব্যর্থ করা হয়েছে।

৬। ১৯৯৫ সালে ঘটেছে এমন কয়েকটি গুরুত্বপূর্ণ ঘটনার আমি পুনরাবৃত্তি করতে চাই, যেখানে পুলিশ প্রশাসন প্রশংসনীয় দায়িত্ববোধের পরিচয় দিয়েছে।

৭। বিমান থেকে বেআইনি অস্ত্রশস্ত্র ফেলার মতো একটি উদ্বেগজনক ঘটনায় এ-যাবৎ শান্তিপূর্ণ জেলা পুরুলিয়ায় আলোড়ন সৃষ্টি হয়। ১৯৯৫ সালের ১৭ই ডিসেম্বর রাত ১১টা ১৫ মিনিট নাগাদ ঝালদা ও জয়পুর থানার অন্তর্গত খটঙ্গা, বেরোদি, বেলামা ও বারুদি এবং সন্নিহিত অন্যান্য গ্রামের কিছু স্থানীয় অধিবাসী মাথার ওপর খুব নিচু দিয়ে উড়ে যাওয়া বিমানের জোরালো শব্দ শুনতে পায়। এর পর আকাশ থেকে খুব ভারি কিছু জিনিস মাটিতে আছড়ে পড়ার আওয়াজ পাওয়া যায়। মনে হয়, পরদিন ভোর হওয়ার আগে পর্যন্ত গ্রামবাসীরা

ঐ সব আওয়াজের উৎস সম্বন্ধে কোনও অনুসন্ধান চালায় নি। ১৯৯৫ সালের ১৮ই ডিসেম্বর ঐ এলাকায় তল্লাশি করে তিনটি প্যারাস্যুট এবং অস্ত্রশস্ত্র ও গোলাবারুদপূর্ণ বেশ কয়েকটি বড় বড় বাক্স পাওয়া যায়। স্থানীয় থানাগুলিকেও এই সব বাক্স, প্যারাস্যুট ও অন্যান্য জিনিসপত্র সম্পর্কে খবর দেওয়া হয়। ঐ সব এলাকায় পরবর্তী কয়েক দিন ধরে পুলিশ তৎপরতার সঙ্গে ব্যাপক তল্লাশি-অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে অস্ত্রশস্ত্র, গোলাবারুদ ও অন্যান্য সাজ-সরঞ্জাম উদ্ধার করে।

ইতিমধ্যে, এই অস্ত্র ফেলার কাজে জড়িত সন্দেহে একটি বিমানকে ১৯৯৫ সালের ২২শে ডিসেম্বরের রাতে বোম্বাইয়ের সাহার আন্তর্জাতিক বিমানবন্দরে জোর করে নামানো হয়। বিমানচালকসহ ছয়জন ক্রুকে পুলিশ হেফাজতে রাখা হয়। ঐ বিমানের সহকারি বিমানচালক সাহার বিমানবন্দর থেকেই পালিয়ে যায় বলে খবর পাওয়া যায়। ২৪১টি এ কে-৪৭ রাইফেল, ১০টি রকেট উৎক্ষেপক যন্ত্র এবং অন্যান্য অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছে। কয়েকজন ভারতীয় নাগরিকসমেত মোট ২৫ জন ব্যক্তিকে এযাবৎ গ্রেফতার করা হয়েছে।

অবশ্য, এটা অতীব দুঃখজনক যে পুরুলিয়াতে অস্ত্রবর্ষণ হবে বলে ভারত সরকারের কাছে আগে থেকেই খবর থাকা সত্ত্বেও তারা ঘটনা ঘটে না যাওয়া পর্যন্ত রাজ্য সরকারকে এ-সম্বন্ধে অবহিত করেনি নি। এই ঘটনার আন্তর্জাতিক জাল বিস্তারের কথা বিবেচনা করে তদন্তের কাজ ১৯৯৫ সালের ২৯শে ডিসেম্বর কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর হাতে তুলে দেওয়া হয়।

৮। নেপালের শিবিরে বসবাসকারী নেপালী বংশোদ্ভুত কিছু ভুটানি ভারতীয় ভূখণ্ডের দার্জিলিং ও জলপাইগুড়ি জেলার মধ্যে দিয়ে মিছিল করে ভুটানে পুনঃপ্রবেশ করার ডাক দিয়েছে। এ ব্যাপারে ভারতের মাটিতে এ-ধরনের কার্যকলাপ বরদাস্ত না করাই হল ভারত সরকারের নীতি। এই নীতি যাতে লঙ্ঘিত না হয় তা সুনিশ্চিত করতে ভারত সরকার রাজ্য সরকারের প্রতি নির্দেশাবলি জারি করেছে। আমাদের ভূখণ্ডের মধ্যে দিয়ে এই মিছিল বন্ধ করার জন্য রাজ্য সরকার যথাসাধ্য চেষ্টা করছে। এই বিষয়টি ভুটান ও নেপাল সরকারের সঙ্গে দ্বিপাক্ষিক স্তরে আলোচনার মাধ্যমে মিটিয়ে ফেলার জন্য জোরদার প্রয়াস চালানোই যে সঙ্গত হবে সে বিষয়ে আমরা অবশ্য ভারত সরকারের দৃষ্টিও আকর্যণ করেছি।

৯। ১৯৯৫ সালের ১৭ই মে প্রায় ১৫ থেকে ১৭ জন বোড়ো চরমপন্থী সন্দেহভাজন ডাকাত মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার হাসিমারা শাখায় হানা দিয়ে ব্যাঙ্কের একজন রক্ষীকে মেরে ফেলে এবং অপর একজন রক্ষীকে আঘাত করে। তারা প্রায় ৩০.৯৪ লক্ষ টাকা লুট করে এবং পালিয়ে যাবার সময় অ্যালোপাথাড়ি গুলি চালায়। এর ফলে একজন পথচারী নিহত হন এবং অপর একজন আহত হন। খবর পাওয়া মাত্র হাসিমারা পুলিশ প্রশংসনীয় তৎপরতার সঙ্গে পরিস্থিতির মোকাবিলা করে। তারা পলায়নরত ডাকাতদের ধাওয়া করে ৫ লক্ষ টাকা, একটি রিভলবার, কয়েকটি তাজা কার্তুজ উদ্ধার করতে সক্ষম হন এবং এই ঘটনার সঙ্গে জড়িত ৫ জন ব্যক্তিকে গ্রেফতার করেন। এখন পশ্চিমবঙ্গের অপরাধ তদন্ত বিভাগ এই ঘটনার তদন্ত করছে। জলপাইগুড়ি-ভুটান সীমান্ত এলাকায় পুলিশের বিশেষ শিবির স্থাপন করা হয়েছে।

১০। ১৯৯৬ সালের মার্চ মাসের শেষ দিক নাগাদ জলপাইগুড়ি জেলার কুমারগ্রাম, কালচিনি ও আলিপুরদুয়ার থানা এলাকায় আসামের বেশ কিছু বোড়ো ও আদিবাসী বাস্তুহারা মানুষেরা ব্যাপকভাবে চলে আসতে থাকেন। প্রথমে তারা জলপাইগুড়ি জেলার কুমারগ্রাম থানার অধীনে সীমান্তবর্তী গ্রামগুলিতে আশ্রয় নেন, পরে অবশ্য তারা আরও ভিতরের অঞ্চলগুলিতেও চলে আসতে শুরু করেন। আসাম থেকে পাওয়া খবরে জানা গেছে যে বোড়ো ও আদিবাসীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ ঘটে গেছে এবং এর ফলে আমাদের সীমন্তের কাছাকাছি অবস্থিত কিছু গ্রামে উভয় সম্প্রদায়ের বহু মানুষের মৃত্যু ঘটেছে এবং ঘরবাড়ি জ্বালানো হয়েছে। উভয় সম্প্রদায়ের মানুষই আতঙ্কগ্রস্ত হয়ে আশ্রয়ের সন্ধানে পশ্চিমবঙ্গের সীমানা পার হন। অবশেষে বাস্তুহারা মানুষজন আসামের ত্রাণ শিবিরগুলিতে ফিরে যান। এখন পরিস্থিতি স্বাভাবিক ও শান্তিপূর্ণ।

১১। হাসিমারার এস. বি. আই. ব্যাঙ্ক শাখাটির ওপর আসামের কিছু বোড়ো জঙ্গীর হামলা চালানোর ঘটনা এবং মে মাসে আসামের বোড়ো ও আদিবাসী (সাঁওতাল) সম্প্রদায়ের শরণার্থী মানুষের আচমকা অনুপ্রবেশের ঘটনা আন্তঃরাজ্য সীমান্তগুলির ওপর আরও মনোযোগ দেওয়ার প্রয়োজনীয়তার গুরুত্ব বুঝিয়ে দেয়। পশ্চিমবঙ্গ সীমান্তে দুর্গম ভূখণ্ডের কথা মাথায় রেখে একটি আন্তঃরাজ্য কমিশন বা অন্য কোনও সংস্থা গঠন করতে হবে যাতে আসামের আলফা বা বোড়োদের মতো জঙ্গী গোষ্ঠীগুলির সন্ত্রাস ও অপরাধের ওপর নজরদারি করা যায় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়। বহু অপরাধী এবং সমাজবিরোধী লোকজন এ ধরনের জঙ্গী কার্যকলাপের চৌহদ্দির মধ্যে বেড়ে ওঠে এবং আন্তঃরাজ্য সীমান্তগুলিতে রাজ্য সরকারগুলির দুর্বলতার সুযোগ নিতে সক্ষম হয়—এই ঘটনাই এর গুরুত্ব আরও বেশি করে বুঝিয়ে দেয়।

১২। ১৯৯৬ সালের ২৯শে মে পশ্চিমবঙ্গে শান্তিপূর্ণভাবে মহরম উদ্‌যাপিত হয়। অবশ্য ১৯৯৬ সালের ৩০শে মে কলকাতার বন্দর বিভাগের অধীনে কেবালপুর থানায় একটি ঘটনা ঘটে। মহরমের একটি মিছিল অনুমোদিত পথ দিয়ে না গিয়ে অন্য একটি অঞ্চল দিয়ে যাবার চেষ্টা করে। এর ফলে ঐ অঞ্চলের মানুষের সঙ্গে সংঘর্ষ হয়। পুলিশ মিছিলটিকে থামিয়ে দেয় এবং আগের বছরগুলির মতো অনুমোদিত পথ দিয়ে যাওয়ার নির্দেশ দেয়। মিছিলকারিরা এর প্রতিবাদে বহু ঘণ্টাব্যাপী পথ অবরোধ করে। সংখ্যালঘু বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রী মিছিলকারিদের সঙ্গে দেখা করেন এবং সংশ্লিষ্ট সকলেরপক্ষে সন্তোষজনক একটি সমাধান করেন। দুর্ভাগ্যবশত পরে কিছু দায়িত্বজ্ঞানহীন ব্যক্তি এর বিরোধিতা করার সিদ্ধান্ত নেয় এবং অচলাবস্থা অব্যাহত থাকে। এই বিবাদের খবর পেয়ে ঐ এলাকার অন্যান্য বহু মহরমের মিছিল থেমে যায় এবং একবালপুর ও ওয়াটগঞ্জ থানার বিভিন্ন রাস্তা ও সাধারণের ব্যবহার্য লোক অবরোধ করে। ১৯৯৬ সালের ৩০শে মে বেলা দুটোর সময় যখন বোমা ও মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে ক্ষিপ্ত জনতা একবালপুর থানার ওপর অচমকা হিংসাত্মক আক্রমণ করে তখন পরিস্থিতি ঘোরালো হয়ে ওঠে। আত্মরক্ষা করতে এবং জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশ গুলি চালায়। একবালপুর, ওয়াটগঞ্জ, গার্ডেনরিচ, দক্ষিণ বন্দর ও মেটিয়া বুরুজ থানা এলাকায় ভারতীয় দণ্ড সংহিতার ১৪৪ ধারা মোতাবেক নিষেধাজ্ঞা জারি করা হয়। সন্ধ্যা সাড়ে ছটা থেকে রাত্রিকালীন কারফিউও জারি করা হয়।

১৯৯৬ সালের ৩১শে মে সকাল ৬টা নাগাদ ময়ূরভঞ্জ রোডে বোমা ও মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে একটি ই. এফ. আর. চৌকির ওপর আক্রমণ করা হয়। গোলমাল থামাতে ই. এফ. আর. গুলি চালায়। পুলিশের গুলিতে পাঁচ জন নিহত হয়। ষাট জনকে গ্রেফতার করা হয় এবং কিছু সক্রিয় বোমা উদ্ধার করা হয়। এই সব ঘটনায় তিরিশ জন পুলিশকর্মী আহত হন, কয়েকজনের আঘাত গুরুতর। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে অবিলম্বে সেনাবাহিনী এবং রাজ্য ও কেন্দ্রীয় আধা-সামরিক বাহিনী মোতায়েন করা হয়। সেনাবাহিনী এবং রাজ্য ও কেন্দ্রীয় আধা-সামরিক বাহিনী অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিস্থিতি সামাল দেন এবং ভূয়সী প্রশংসার দাবি রাখেন।

১৩। ১৯৯৬ সালের ৪ঠা জুন বরানগর থানার অধীনে একটি জায়গায় অত্যন্ত জোরালো বিস্ফোরণ ঘটে। প্রাপ্ত খবরে জানা গেছে ১৭/৩ বিবেকানন্দ রোডের সামনে দাঁড়িয়ে থাকা এ. এস. জি. ৪৭১৬ নিবন্ধন সংখ্যাযুক্ত একটি মাল-বোঝাই লরি থেকে একজন খালাসি মাল নামাবার সময় বিস্ফোরণ ঘটে যায়। ঐ লরিটি একজন গন্ধক ব্যবসায়ীর বাড়ির সামনে দাঁড় করানো হয়েছিল। তিনি তার বাড়ির একতলায় গন্ধক রাখতেন। ঐ গন্ধক লরিতে তোলা ও নামানো হত। ঘটনার দিন বেলা তিনটে নাগাদ লরিটি ঐ ব্যবসায়ীর বাড়ির সামনে পৌঁছোয়। বিকেল ৩ টে ৪৫ মিনিট নাগাদ পর পর দুটি বিস্ফোরণ ঘটে যায় এবং এর পর পুরো এলাকায় আগুন ছড়িয়ে পড়ে। লরিটি কয়েক ফুট শূন্যে উঠে যায় এবং সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যায়। ঐ এলাকায় দাঁড়িয়ে থাকা আরও কিছু গাড়িও ক্ষতিগ্রস্ত হয়। ঐ বিস্ফোরণ ও আগুনে ঐ ব্যবসায়ীর বাড়ির একাংশ ভেঙ্গে পড়ে ও ধ্বংস হয়ে যায়। এই ঘটনায় পাঁচজন মানুষের মৃত্যু ঘটে এবং বহু মানুষ আহত হন। তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে। রাজ্য সরকার প্রেসিডেন্সি ডিভিশনের কমিশনারের অধীনে ঘটনাটির একটি প্রশাসনিক তদন্তের আদেশ দেন। এই তদন্তের রিপোর্ট এক মাসের মধ্যে রাজ্য সরকারের কাছে পেশ করতে হবে।

১৪। ১৯৯৫ সালে পৌর নির্বাচন ও কলকাতা পৌর নিগম নির্বাচন অনুষ্ঠিত হয় এবং ১৯৯৬ সালে লোকসভা ও বিধানসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। আমাদের রাজ্যের ঐতিহ্যের সঙ্গে সঙ্গতি রেখে এবারের নির্বাচন হয়েছে সম্পূর্ণ শান্তিপূর্ণ, সুষ্ঠু ও অবাধ। সাধারণ নির্বাচনে ৮৬ শতাংশ ভোটদাতার ভোটাধিকার প্রয়োগ করার ঘটনা এই রাজ্যের মানুষের রাজনৈতিক সচেতনতার ইঙ্গিতবাহী। সাধারণ প্রশাসন, পুলিশ, রাজনৈতিক দলগুলি এবং সাধারণ মানুষ গণতান্ত্রিক প্রক্রিয়াকে শক্তিশালী করতে সময়োপযোগী ভূমিকা পালন করে।

১৫। ২রা মে ও ৭ই মে পশ্চিমবঙ্গে সাধারণ নির্বাচনের জন্য ভোট গ্রহণ করা হয়। ৩রা মে থেকে নির্বাচনোত্তর সংঘর্ষের সূত্রপাত ঘটে। এই সব সংঘর্ষের রিপোর্ট প্রশাসনকে বেশ কিছুটা সমস্যায় ফেলে। এ-ধরনের ঘটনা বন্ধ করতে প্রশাসন তার দায়িত্ব সম্পর্কে সচেতন। এই লক্ষ্য সামনে রেখে প্রশাসনিক ও রাজনৈতিক উভয় দিক থেকেই প্রয়াস চালানো হয়েছিল। রাজনৈতিক আনুগত্য নির্বিশেষে পুলিশকে কঠোর ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

১৬। সারা দেশে ও দেশের বাইরে ক্রিয়াশীল বিভিন্ন জঙ্গী গোষ্ঠীর তৎপরতার ফলে উদ্ভূত বিপদ সম্পর্কে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য রাজ্য ও কেন্দ্রীয় গোয়েন্দা

সংস্থার সঙ্গে ঘনিষ্ঠ যোগযোগ রেখেছে। এই রাজ্যের পুলিশবাহিনীসমূহকে যথাযোগ্যভাবে সংবেদনশীল করে তোলা হয়েছে এবং বিভিন্ন সময়ে পাওয়া সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আমি আর একবার বলছি, এই ধরনের ঐক্যনাশি শক্তিগুলি যাতে জনসাধারণের স্বাভাবিক জীবনজীবিকার পথে অন্তরায় হয়ে না দাঁড়ায় তা সুনিশ্চিত করাই আমার সরকারের ঘোষিত অভিপ্রায়।

১৭। বাংলাদেশ সীমান্ত বরাবর মোতায়েন করা বি. এস. এফ. ইউনিটের সংখ্যা পর্যাপ্ত নয়। এর ফলে বাংলাদেশ সীমান্ত মাত্রাতিরিক্তভাবে উন্মুক্ত রয়েছে এবং চোরাচালানকারি ও রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত করার চেষ্টা করতে পারে এমন সব সংগঠনের এজেন্টরা অবাধে ঘোরাফেরা করতে পারে। বাংলাদেশ ও নেপাল বরাবর সীমান্তের বর্তমান চরিত্রও দেশের নিরাপত্তার পক্ষে ক্ষতিকর হতে পারে। সীমান্ত অঞ্চল উন্নয়ন কর্মসূচি, সীমান্ত সড়ক প্রকল্প ও সীমান্ত বেষ্টনী প্রকল্পের কাজও ভালভাবে এগিয়ে চলেছে। নদী-চিহ্নিত সীমান্তগুলিতেও পুলিশী প্রহরা বাড়িয়ে তোলা হয়েছে। সীমান্ত অঞ্চলে বি. এস. এফ.-এর ভূমিকা সমালোচনার ঊর্ধ্বে নয়। স্থানীয় জনগণের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে এবং কিছু এলাকায় বোঝাপড়ার যথেষ্ট অভাব রয়েছে। এটি উদ্বেগের বিষয়। বি. এস. এফ.-এর বাড়াবাড়ির ঘটনাগুলি সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করা হয়েছে। আমার সরকার বেশ কিছু জেলায় স্থানীয় জনগণ, জেলা প্রশাসন ও বি. এস. এফ.-এর মধ্যে পারস্পরিক আদান-প্রদানের উন্নতিবিধানের জন্য বিভিন্ন ব্যবস্থা নিয়েছে। স্থানীয় সমস্যাগুলি যাতে সহজে সমাধান করা যায় তার জন্য নিয়মিতভাবে সমন্বয় বৈঠক অনুষ্ঠানের আদেশ জারি করা হয়েছে।

১৮। রাজ্য সরকার সব আন্তর্জাতিক সীমান্তে আধা-সামরিক বাহিনীর মাধ্যমে প্রহরার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে একটি প্রস্তাব পেশ করেছে। ভারতে তৎপর হয়ে ওঠার পরিকল্পনা রয়েছে এমন বেশ কিছু জঙ্গী গোষ্ঠী দেশের বাইরে অবস্থিত শিবিরগুলিতে প্রশিক্ষণ গ্রহণ করছে ও নিজেদের অস্ত্রশস্ত্রে সুসজ্জিত করে তুলছে বলে শোনা যায়। এই বিষয়টি কেন্দ্রের অখণ্ড মনোযোগের দাবি রাখে।

১৯। কেন্দ্রীয় সরকারের অনুরোধ অনুযায়ী রাজ্য সরকারের মাধ্যমে ১৯৯২ সালের ২৬শে জুন তারিখে তিনবিঘা চুক্তি রূপায়ণের পর অন্যান্য বকেয়া সমস্যা বিশেষত ছিটমহল বিনিময়ের সমস্যা সুগম হওয়া উচিত ছিল। কিন্তু বকেয়া বিষয়গুলির নিষ্পত্তি এখনো হয় নি এবং এর ফলে ছিটমহলগুলির বাসিন্দাদের আশাভঙ্গ হয়েছে। যে যে ছিটমহল ভারত সরকার ও বাংলাদেশ সরকার তাদের দেশের সঙ্গে যুক্ত করে নেবেন সেই সেই ছিটমহলের ওপর সংশ্লিষ্ট সরকার যাতে সম্পূর্ণ প্রশাসনিক, রাজস্ব-সংক্রান্ত ও আইনগত ক্ষেত্রাধিকার প্রয়োগ করতে পারে সেই উদ্দেশ্যে ভারত সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে একটি অন্তর্বর্তীকালীন ব্যবস্থার সম্ভাবনা বিবেচনা কবে দেখার জন্য মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে অনুরোধ জানান। কিন্তু এ-বিষয়ের এখনও পর্যন্ত কোনও অগ্রগতি ঘটে নি। আমরা আশা করছি, ছিটমহলসমূহের আনুষ্ঠানিক বিনিময় সম্পন্ন না হওয়া পর্যন্ত ঐসব ছিটমহলের বাসিন্দাদের দুরবস্থা লাঘব করার জন্য নতুন কেন্দ্রীয় সরকার ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণ করবেন।

২০। বিহার, ওড়িষ্যা ও আসামের সঙ্গে পশ্চিমবঙ্গের আন্তঃরাজ্য সীমান্ত রয়েছে। জনগণ আন্তঃরাজ্য হাইওয়ে ও রেলপথের মাধ্যমে এই সমস্ত সীমান্ত অতিক্রম করে ভ্রমণ করে

থাকেন। এই সব অক্ষপথ বরাবর একাধিক রেল ডাকাতি ও রাহাজানির ঘটনা ঘটেছে। এই পরিস্থিতিতে স্বাভাবিকভাবেই রাজ্যগুলির পুলিশ বাহিনীর মধ্যে গোপন তথ্যাদি বিনিময় ও ঘনিষ্ট সহযোগিতার আবশ্যকতা রয়েছে। সচরাচর কোনও নির্দিষ্ট অপরাধ সংঘটিত হওয়ার পরই তথ্য বিনিময় ও যৌথ পুলিশী অভিযান হয়ে থাকে। এই ব্যবস্থা পর্যাপ্ত বলে মনে হয় না। ট্রেন ও বাস ডাকাতি নিয়ন্ত্রণ করার জন্য নতুন ব্যবস্থাপনা এবং আরও সহনক্ষম ও নির্ভরযোগ্য যোগযোগ ব্যবস্থা গড়ে তোলা দরকার। আন্তঃরাজ্য সীমান্তে সংঘটিত অপরাধগুলির মধ্যে ট্রেন ডাকাতি ও কিছু বাস ডাকাতি মূলত বিহারের বিভিন্ন অঞ্চলে ক্রিয়াশীল দুর্বৃত্ত-চক্রের মাধ্যমেই সংঘটিত হয় বলে দেখা গেছে। এই ধরনের কয়েকটি চক্র ধরা পড়লেও সমস্যাটি পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি। দূর পাল্লার ট্রেনগুলি বিহারের মধ্যে দিয়ে চলাকালীন সেগুলিতে প্রায়ই ডাকাতির ঘটনা ঘটে থাকে এবং সেই কারণে বিহার ও পশ্চিমবঙ্গ পুলিশের মধ্যে আরও ঘনিষ্ঠ সম্পর্ক প্রতিষ্ঠা করা ও যথোপযুক্ত প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা আবশ্যক।

২১। সাম্প্রতিক কালে পুলিশ ও সেনাবাহিনীকে জড়িয়ে কিছু বিছিন্ন ঘটনা ঘটছে। ১৯৯৫ সালের আগস্ট মাসে জলপাইগুড়ি জেলার কালচিনি থানার অধীনস্থ কোনও এক এলাকায় কিছু পুলিশকর্মী কয়েকজন সেনাকর্মীর হাতে নিগৃহীত হন বলে অভিযোগ পাওয়া যায়। পুলিশকর্মীদের কাছ থেকে একটি রাইফেল ও কিছু গোলাগুলি কেড়ে নেওয়া হয়। অনেক অনুরোধ-উপরোধের পর সেগুলি উদ্ধার করা হয়। গত অক্টোবর মাসে সংঘটিত একটি ঘটনায় কিছু সেনাকর্মী জনৈকা মহিলা পথচারিণীকে উত্যক্ত করে বলে অভিযোগ করা হয়। এই ঘটনাটি শেষ পর্যন্ত সাধারণ মানুষ ও সেনাকর্মীদের মধ্যে সংঘর্ষের রূপ নেয়। একবালপুর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়। পরবর্তীকালে সেনা কর্তৃপক্ষ বিপথগামী সেনাকর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন বলে শোনা যায়। ব্যারাকপুরের চিড়িয়ামোড়ে ও কলকাতার শিয়ালদহেও অনুরূপ কিছু ঘটনা ঘটেছে। প্রশাসন এই ধরনের ঘটনাগুলি সম্পর্কে গভীরভাবে উদ্বিগ্ন। ভবিষ্যতে এ-ধরনের ঘটনা যাতে না ঘটে তার জন্য উভয় পক্ষ থেকেই সর্বোচ্চ পর্যায়ে চেষ্টা চালানো হচ্ছে।

২২। ১৯৯৪ সালে মহিলাদের বিরুদ্ধে জেলাসমূহে সংঘটিত অপরাধগুলির সংখ্যা ছিল ৩,০১০। ১৯৯৫ সালে ঐ সংখ্যা হয় ৩,২৬৬টি। রাজ্য পুলিশ এ-ধরনের অপরাধ প্রতিরোধ করার জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে। প্রত্যেক জেলায় মহিলা পুলিশ তদন্ত কেন্দ্র স্থাপন করা হয়েছে। জেলাগুলিতে ও অপরাধ তদন্ত বিভাগের সদর দপ্তরে অবস্থিত মহিলা সেলগুলি পুনর্গঠিত হয়েছে এবং পুলিশের হেফাজতে থাকা মহিলা বন্দীদের সঙ্গে কিরকম আচরণ করা হবে সে-বিষয়ে একপ্রস্থ নির্দেশাবলি জারি করা হয়েছে। শারীরিক ও মানসিকভাবে বিপর্যস্ত মহিলাদের জেরা করার জন্য বিশেষ প্রশিক্ষণ প্রয়োজন থাকায় পুলিশ অফিসারদের প্রশিক্ষণ দিতে বিশেষ নিয়ম-নীতি নির্ধারিত হয়েছে এবং সেগুলি কাজে লাগানো হচ্ছে। প্রশাসনিক স্তরে, জেলার আধিকারিকগণ, বেসরকারি সংগঠনসমূহের প্রতিনিধিবর্গ, মহিলা সংগঠনসমূহ, জেলা পরিষদ ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে নিয়ে জেলা উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। সি. আই. ডি.-র স্পেশ্যাল সেল সেগুলিকে মহিলাদের বিরুদ্ধে অপরাধ প্রতিরোধ করার জন্য সামাজিক সচেতনতা জাগিয়ে তোলার কাজে সহায়তা দিয়ে চলেছে। মহিলাদের

বিরুদ্ধে অপরাধ বৃদ্ধি এইসব পদক্ষেপের মাধ্যমেই নিয়ন্ত্রণ করা গেছে। তার সত্ত্বেও ১৯৯৫ সালে জেলাসমূহে পণ-ঘটিত হত্যার সংখ্যা ছিল ৫। পণ-ঘটিত মৃত্যুর সংখ্যা ছিল ৮০ ও ধর্ষণের সংখ্যা ছিল ৭৩৩। কলকাতায় ১৯৯৫ সালে পণ-ঘটিত মৃত্যুর সংখ্যা ছিল ৯ ও ধর্ষণের সংখ্যা ছিল ৫৪।

২৩। কলকাতায় ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন শীর্ষাধীন অপরাধসমূহের মোট সংখ্যা ভারতের অপরাপর গুরুত্বপূর্ণ নগরের তুলনায় কম। ১৯৯৫ সালে দিল্লি ও বোম্বাইতে সংঘটিত ভারতীয় দণ্ডবিধির আওতাধীন অপরাধের সংখ্যা ছিল যথাক্রমে ৪৫,৩৬২ ও ৪০,২৮৯। কলকাতার ক্ষেত্রে ১৯৯৫ সালে এই সংখ্যা ছিল ১১,৬৭১। ঐ বছরে দিল্লি ও বোম্বাইতে সংঘটিত হত্যাকাণ্ডের সংখ্যা যথাক্রমে ৪৯৭ ও ৩৫৭। কলকাতার ক্ষেত্রে এই সংখ্যা হল মাত্র ৮৩।

২৪। কলকাতার বাইরের জেলাসমূহের ক্ষেত্রে অপরাধের সংখ্যা গত বছরের তুলনায় সাধারণভাবে হ্রাস পাওয়ার প্রবণতা লক্ষ। করা গেছে। ১৯৯৫ সালে জেলাগুলিতে ভারতীয় দণ্ডবিধির আওতাধীন অপরাধের সংখ্যা হল ৫৭,৭৪২, যার মধ্যে রয়েছে ১,৭০৫টি হত্যা ও ৪৪৬টি ডাকাতি, যেখানে ১৯৯৪ সালে ঐ সংখ্যা ছিল ৫৭,৫৪১টি, যার মধ্যে রয়েছে ১,৭৪০টি হত্যা, ও ৫১৮টি ডাকাতি।

২৫। ১৯৯৫ সালে জেলাগুলিতে ১,৭০৫টি হত্যার ঘটনায় ৮০৯ জন ব্যক্তির মধ্যে ২০৯ জনের বিরুদ্ধে চার্জশিট দেওয়া হয়েছিল। ১২৩টি ক্ষেত্রে এফ. আই. আরেই নিষ্পত্তি হয়েছিল। অনুরূপভাবে, ৭৩৩টি ধর্ষণের ঘটনায় ৩২৮ জন ব্যক্তির মধ্যে ২৪৬ জনের বিরুদ্ধে চার্জশিট দেওয়া হয়েছিল। ১৯টি ক্ষেত্রে এফ. আই. আরেই নিষ্পত্তি হয়েছিল।

২৬। রাজ্য অপরাধী তদন্ত বিভাগের এই বছরের কাজকর্ম প্রশংসার দাবি রাখে। ১৯৯৫ সাল এবং পূর্ববর্তী বছরগুলির ঘটনাগুলি সমেত অপরাধী তদন্ত বিভাগের হাতে নেওয়া ১০৮টি ডাকাতির ঘটনায় ৩৫টি ক্ষেত্রে মীমাংসা করা হয়েছে এবং ২০টি ক্ষেত্রে চার্জশীট দেওয়া হয়েছে। অনুরূপভাবে, ১০৭টি হত্যার ঘটনায় ২৭টিতে চার্জশিট দেওয়া হয়েছে এবং ৩০টি ক্ষেত্রে এফ. আই. আরে. নিষ্পত্তি হয়েছে।

২৭। কলকাতায়, একটি ধর্ষণের ঘটনাসহ ১৯৯৪ সালে লিপিবদ্ধ ঘটনাগুলি এবং তার পূর্ববর্তী বছরগুলির স্থগিত মামলার ঘটনাসমূহের মধ্যে ১৯৯৫ সালে দোষী সাব্যস্তকরণের মাধ্যমে ২৪টি মামলার নিষ্পত্তি হয়েছিল। এই ২৪টি মামলায় দোষী সাব্যস্ত হওয়া ব্যক্তির সংখ্যা ছিল ৪৪। অনুরূপভাবে জেলাগুলিতে ১৯৯৫ সালে দোষী সাব্যস্ত হওয়া ব্যক্তির মোট সংখ্যা ছিল ১০,৬০৫।

২৮। অপরাধী তদন্ত বিভাগের মাদক শাখা অবৈধ ব্যবসা এবং মাদক দ্রব্যের অবৈধ ব্যবহারের ওপর অভিযান জোরদার করেছে। নারকোটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবস্ট্যান্সেস আইনের অধীনে ২১টি ঘটনা নথিভুক্ত করা হয়েছে। তদন্তের দ্বারা ৩ কি.গ্রা. হেরোইন এবং ২৩ কি.গ্রা গাঁজা বাজেয়াপ্ত করা হয়েছে। এই বছরে এন. ডি. পি. এস. আইনের বলে একটি ক্ষেত্রে দোষী সাব্যস্ত করা গেছে।

২৯। নিবারণমূলক দৃষ্টিকোণ থেকে মাদক ব্যবসার সমস্যাকে নিয়ন্ত্রণ করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। বিশেষ করে ছাত্র সম্প্রদায়ের দিকে লক্ষ্য রেখে মাদকের কুফলের বিরুদ্ধে জনচেতনা কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। ১৯৯৫ সালের ২৬শে জুন মাদক দ্রব্যের অপব্যবহার এবং অবৈধ মাদক ব্যবসার বিরুদ্ধে আন্তর্জাতিক দিবস পালনের সময় রাজ্য অপরাধী তদন্ত বিভাগ একটি পদযাত্রা অনুষ্ঠানের আয়োজন করেছিলেন এবং এতে শিক্ষক ও ছাত্র সহ বহু স্বনামধন্য ব্যক্তি অংশগ্রহণ করেছিলেন। ভবিষ্যতে এই ক্ষেত্রে আমাদের প্রচেষ্টাকে আরও কেন্দ্রীভূত করার পরিকল্পনা আছে।

৩০। বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এবং অ-সরকারি সংগঠনসমূহের সহায়তা নিয়ে মাদক ব্যবসার বিরুদ্ধে পরিকল্পনা ও সংগঠিত অভিযানের কাজ হাতে নেওয়া হয়েছে। এন. ডি. পি. এস. আইনকে কার্যকরভাবে বলবৎ করার জন্য পশ্চিমবঙ্গ অপরাধী তদন্ত বিভাগ ১৯৯৫ সালের নভেম্বর মাসে একটি পুনর্মুখীকরণ পাঠক্রমের আয়োজন করেছে যাতে অপরাধী তদন্ত বিভাগ ও জেলার তদন্তকারী আধিকারিকদের মাদক ঘটিত অপরাধের মোকাবিলায় পেশাগত দক্ষতার উন্নতি ঘটাতে প্রশিক্ষণ দেওয়া যায়।

৩১। পুলিশ হেফাজতে মৃত্যু উদ্বেগের কারণ হয়েছে এবং রাজ্য সরকার সর্বদা এই বিষয়ে দ্রুত ব্যবস্থা নিচ্ছেন। উল্লেখ করতে হবে যে, পুলিশ হেফাজতে মৃত্যু গণধোলাই, সংঘর্ষ, আত্মহত্যা, স্বাভাবিকভাবে মৃত্যু ইত্যাদি বিভিন্ন কারণে হতে পারে। অবশ্য কখনো কখনো অবহেলা বা দায়িত্বজ্ঞানহীন পুলিশ আধিকারিকদের দ্বারা আঘাতপ্রাপ্ত হয়ে পুলিশ হেফাজতে মৃত্যু হতে পারে। খবর পাওয়া মাত্র এইসব ঘটনার ক্ষেত্রে দ্রুততার সঙ্গে ব্যবস্থা নেওয়া হয় এবং ন্যায়বিচারের স্বার্থে তথ্যাদি নিশ্চিতরূপে জানার জন্য সংবিধিবদ্ধ অনুসন্ধানের কাজ পরিচালিত হয়।

৩২। যেখানে পুলিশ আধিকারিকেরা দায়িত্বজ্ঞানহীন হিসাবে চিহ্নিত হন সেখানে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়। গত কয়েক বছরে ১৮ জন পুলিশ আধিকারিকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল এবং শাস্তি দেওয়া হয়েছিল। আরও ৯ জনের বিরুদ্ধে মামলা সাজানো হয়েছিল এবং তাদের মধ্যে ৩ জন আদালতে দোষী সাব্যস্ত হয়েছিলেন এবং ৫ জনের অপরাধ মকুব করা হয়েছিল। পুলিশ হেফাজতে সংঘটিত অপরাধের বিষয়ে জড়িত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে নিবারণমূলক ব্যবস্থা নিতে আমাদের সরকার বদ্ধপরিকর।

৩৩। গত বছরের বাজেট ভাষণে রাজ্যে পুলিশ হেফাজতে মৃত্যুর একটি স্পষ্ট খতিয়ান দেওয়া হয়েছিল। এই বছরে কলকাতা পুলিশের আওতায় এ ধরনের পাঁচটি ঘটনা ঘটেছে। একটি ঘটনায় লালবাজার পুলিশ সদর দপ্তরের চারতলা থেকে ঝাঁপ দিয়ে আঘাতপ্রাপ্ত হয়ে একজন গ্রেফতার হওয়া ব্যক্তি কলকাতা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে মারা গেছেন। এই বিষয়ে গোয়েন্দা বিভাগের একজন ইন্সপেক্টর, একজন এস. আই. এবং তিনজন কনস্টেবলের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এক ব্যক্তি লালবাজারের কেন্দ্রীয় লক-আপে আত্মহত্যার প্রচেষ্টা করেন এবং পরবর্তীকালে হাসপাতালে মারা যান। এই ঘটনায় গোয়েন্দা বিভাগের একজন এস. আই. এবং একজন কনস্টেবল এবং কলকাতা পুলিশের সংরক্ষিত বাহিনীর দুজন কনস্টেবলকে বরখাস্ত করা হয়েছিল এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছিল। গোয়েন্দা বিভাগের একজন ইন্সপেক্টর এবং লালবাজার কেন্দ্রীয় লক-

আপের কর্তব্যরত আধিকারিককে কারণ দর্শানোর বিজ্ঞপ্তি প্রেরণ করা হয়েছিল। এক ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করার পরে তার হাসপাতালেই মৃত্যু হয়েছিল। এতে গোয়েন্দা বিভাগের একজন ইন্সপেক্টর, দুজন এস. আই. এবং একজন কনস্টেবলের বিরুদ্ধে আনীত মামলা আদালতের আদেশে নথিভুক্ত হয়েছিল। পুলিশ আধিকারিকেরা মহামান্য হাইকোর্টের তরফ থেকে স্থগিতাদেশ পেয়েছিলেন। মামলার তদন্ত চলছে। এক গ্রেফতার হওয়া ব্যক্তি মারওয়াড়ি রিলিফ হাসপাতালে দহনজনিত ক্ষতের ফলে মারা যান। যেহেতু এ বিষয়ে কোনও কারসাজি ছিল না সেহেতু কোনও পুলিশ আধিকারিকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় নি। অপর এক গ্রেফতার হওয়া ব্যক্তিকে ভবানীপুর পুলিশ থানা থেকে এস. কে. এম. হাসপাতালে মৃত অবস্থায় আনা হলে একজন এস. আই. এবং একজন এ. এস. আই. যথাসময়ে চিকিৎসার বন্দোবস্ত না করার অবহেলার দরুণ বরখাস্ত করা হয়েছিল। ভবানীপুর পুলিশ থানার ভারপ্রাপ্ত আধিকারিককে কারণ দর্শানোর বিজ্ঞপ্তি প্রেরণ করা হয়েছিল। অপরাধী তদন্ত বিভাগ এই সমস্ত বিষয়ের তদন্ত করছেন।

৩৪। জেলাগুলিতে ১৯৯৫ সালে ২১টি ঘটনার মধ্যে ৫টির ক্ষেত্রে আত্মহত্যার কারণে, ৮টি গণপিটুনিতে, ১টি পালানোর চেষ্টায় আঘাতজনিত কারণে, ১টি পুলিশের সঙ্গে সংঘর্ষের পরে, ১টি বোমা বানানোর সময় আঘাতে, ২টি স্বাভাবিক কারণে, ২টি ক্ষেত্রে অভিযোগ অনুসারে পুলিশ কর্তৃক অবাঞ্ছিত হস্তক্ষেপ বা দায়িত্ব পালনে ব্যর্থতা এবং একটি ক্ষেত্রে বিচারধীন অবস্থায় স্বাভাবিক কারণে মৃত্যু ঘটেছে। দুটি ক্ষেত্রে যেখানে পুলিশের তরফে অবাঞ্ছিত হস্তক্ষেপ বা দায়িত্ব পালনে ব্যর্থতা ঘটেছে সেখানে নির্দিষ্ট মামলা শুরু হয়েছে এবং অপরাধী তদন্ত বিভাগ তদন্তের কাজ হাতে নিয়েছেন। এই মামলাগুলিতে দুজন পুলিশ আধিকারিককে গ্রেফতার করা হয়েছে এবং বরখাস্ত করা হয়েছে। পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশনের সুপারিশক্রমে একজন এস. আই.-এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া শুরু হয়েছে। এটি ১৯৯৫ সালের বারুইপুর পুলিশ থানার ইউ/ডি. মামলা নং ৫৮-র প্রতি নির্দেশ করে। দুটি আত্মহত্যার ক্ষেত্রে একজন এস. আই., একজন এ. এস. আই. এবং চারজন কনস্টেবলকে বরখাস্ত করা হয়েছিল এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছিল।

৩৫। রাজ্য মানবাধিকার কমিশন স্থাপন করার জন্য দেশের মধ্যে প্রথম সারির রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গ একটি অগ্রণী ভূমিকার নজির স্থাপন করেছে। জেলাগুলিতে এবং কলকাতায় সমস্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে নির্দেশাবলি প্রেরণ করা হয়েছে যাতে ২৪ ঘণ্টার মধ্যে পুলিশ হেফাজতে বা বিচারধীন অবস্থায় স্বেচ্ছাপ্রণোদিত মৃত্যুর ঘটনা নথিভুক্ত করা হয় এবং ধর্ষণের ঘটনাগুলি জাতীয় মানবাধিকার কমিশন এবং পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশনে নথিভুক্ত করা হয়। সম্প্রতি জাতীয় মানবাধিকার কমিশন রাজ্য সরকারকে অনুরোধ করেছেন যাতে পুলিশ হেফাজতে এবং বিচারাধীন অবস্থায় থাকাকালীন মৃত্যুগুলির ময়না তদন্তের ভিডিও ছবি তোলা হয়। এই নির্দেশটি মানা হচ্ছে।

৩৬। ১৯৯৩ সালে জাতীয় কমিশনের সূচনা থেকে রাজ্য সরকার জাতীয় মানবাধিকার কমশনের তরফ থেকে পুলিশি হেফাজতে মৃত্যু, জনসাধারণের কাছ থেকে পাওয়া দরখাস্ত এবং অন্যান্য বিষয়ে ১১৩টি অভিযোগ পেয়েছেন। এগুলির মধ্যে ১০০টি বিষয় জাতীয় মানবাধিকার কমিশনে ইতিমধ্যেই পাঠানো হয়ে গেছে এবং অবশিষ্ট ক্ষেত্রে বিভিন্ন কর্তৃপক্ষের কাছ থেকে তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে।

৩৭। রাজ্য মানবাধিকার কমিশন পুলিশ হেফাজতে দুটি মৃত্যুর ক্ষেত্রে ক্ষতিপূরণ দেবার সুপারিশ করেছেন।। এই দুটি ক্ষেত্রে রাজ্য মানবাধিকার কমিশন উভয় থানার ভারপ্রাপ্ত অফিসারের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার জন্য বিভাগীয় তদন্ত করার যে সুপারিশ করেছেন তা রূপায়িত হচ্ছে।

৩৮। সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে অপরাধীদের অনুসৃত প্রযুক্তি ও কৌশলেরও উন্নতি ঘটেছে। এর মোকাবিলা করতে পুলিশকেও আধুনিক যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম দিয়ে সজ্জিত করে তোলার প্রয়োজন। আধুনিকীকরণ কর্মপ্রকল্পের আওতায় এই বছরে যান পরিচালনা, সমষ্টি প্রহরা, শারীর প্রশিক্ষণ, ওয়ারলেস ইত্যাদির কাজে ব্যবহার্য বিভিন্ন যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম সংগ্রহ করার উদ্দেশ্যে রাজ্য পুলিশের জন্য এ পর্যন্ত ৪১,৬১,০০০/- টাকা মঞ্জুর করা হয়েছে। অনুরূপভাবে, যানবাহন ও অন্যান্য যন্ত্রপাতি কেনার উদ্দেশ্যে কলকাতা পুলিশের জন্য ৫০.৫১ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। আধুনিকীকরণ কর্মপ্রকল্পের আওতায় মঞ্জুরীকৃত ঐ টাকা দিয়ে রাজ্য ও কলকাতা পুলিশ ইতিমধ্যেই তাদের প্রয়োজনানুসারে বিভিন্ন অত্যাধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করেছে।

৩৯। ১৯৯৩ সালের মার্চ মাসে সংঘটিত একের পর এক বোমা বিস্ফোরণের পরিপ্রেক্ষিতে ১৯৯৩ সালের জুন মাসে কলকাতা পুলিশের অধীনে একটি বম্ব ডিসপোজাল স্কোয়াড গঠন করা হয়েছে। বিস্ফোরক নিয়ে নাড়াচাড়া ও সেগুলি নিষ্ক্রিয় করার জন্য ঐ স্কোয়াডের সদস্যদের জাতীয় নিরাপত্তা রক্ষীর মাধ্যমে বিশেষভাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ঐ স্কোয়াডের অফিসারদের সর্বক্ষণের জন্য হাজির থাকতে হয় এবং বোমা বিস্ফোরণের আশঙ্কা বা বিস্ফোরণের ঘটনা ঘটলে সমস্ত ক্ষেত্রেই তাদের ডাক পড়ে। বম্ব স্কোয়াডের বিশেষজ্ঞরা বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত গোয়েন্দা কুকুরের সাহায্য নেন।

৪০। ঘটনাস্থলে ব্যবহার করার জন্য বিদেশ থেকে আমদানি করা বিস্ফোরক ডিটেক্টর, ইলেক্ট্রনিক স্টেথোসকোপ, গভীর অনুসন্ধানী মেটাল ডিটেকটর, ডিসরাপটার ইত্যাদির মতো আধুনিক সরঞ্জামাদি এবং বম্ব ট্রেলার, অনুসন্ধানী আলো, হাতে ধরা মেটাল ডিটেকটর, বড় করে দেখার আয়না ইত্যাদির মতো দেশিয় সরঞ্জামাদি দিয়ে বম্ব ডিসপোজাল স্কোয়াডকে সজ্জিত করে তোলা হয়েছে। আরও অত্যাধুনিক ও যুগোপযোগী সরঞ্জামাদিও যথাসময়ে সংগ্রহ করা হবে।

৪১। মহানগরীতে ও সংলগ্ন রাজ্য পুলিশের এলাকায় বিস্ফোরণ ও সম্ভাব্য বিস্ফোরণের মোকাবিলা করতে হাজির হওয়া ছাড়াও এই স্কোয়াড রোজ গুরুত্বপূর্ণ সরকারি ভবনগুলিতে অন্তর্ঘাত-নিরোধী ব্যবস্থাও খতিয়ে দেখে। গুরুত্বপূর্ণ ও অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সফর চলাকালীন সময় তাদের থাকার জায়গা ও অন্যান্য জায়গাতেও অন্তর্ঘাত-নিরোধী ব্যবস্থা খতিয়ে দেখা হয়।

৪২। দাঙ্গা ও দাঙ্গার মতো পরিস্থিতির উদ্ভব হলে তার মোকাবিলায় এবং উদ্ধার ও ত্রাণ, আহতদের প্রাথমিক চিকিৎসা, জীবন বাঁচানো ও আগুন নেভানোর মতো জীবন-রক্ষাকারী কাজে সহায়তার জন্য কলকাতা পুলিশের আওতায় সম্প্রতি একটি র‍্যাপিড অ্যাকশন ফোর্স গঠন করা হয়েছে। বর্তমানে তিনজন ইনসপেক্টর, তিনজন সার্জেন্ট এবং ছয়জন সুবেদারের

অধীন ২৮৫ জন সিপাই ও ১১ জন পুলিশ ড্রাইভার রয়েছেন। বডি প্রোটেক্টর, শক ব্যাটন, পলিকার্বোনেট লাঠি ও ঢাল, শক-প্রুফ হেলমেট এবং দ্রুত পৌঁছানোর জন্য যানবাহনের মতো সর্বাধুনিক সরঞ্জামাদি দিয়ে এই বাহিনীকে সজ্জিত করে তোলা হয়েছে। একটি জল-কামান ও তিনটি বজ্রযান (এক সঙ্গে একাধিক কাঁদানে গ্যাস ছোঁড়ার জন্য) এই বাহিনীকে দেওয়া হয়েছে। বাহিনীর জন্য নিয়মিত প্রশিক্ষণ ও মহড়ার ব্যবস্থা করা হচ্ছে। অধুনা সংগৃহীত সরঞ্জামাদি প্রয়োগের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

৪৩। গুরুত্বপূর্ণ ও অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তি, সফররত বিদেশি ও অন্যান্য ব্যক্তিত্বদের নিরাপত্তা রক্ষা এবং সার্বিক নিরাপত্তা তালিকার একটি অংশ নির্মাণের মতো গুরুতর দায়িত্ব পালনের জন্য কলকাতা পুলিশ ৭৩ জন কম্যান্ডো নিয়ে একটি কম্যান্ডো বাহিনীও গঠন করেছে। এই উদ্দেশ্যে এই বাহিনীর কর্মীদের উপযুক্তভাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং তাদের বুলেট-প্রুফ জ্যাকেট ও সেমি-অটোমেটিক অস্ত্রশস্ত্র দিয়ে সজ্জিত করা হয়েছে।

৪৪। আমরা জানি যে ফরেনসিক রিপোর্ট পেতে বিলম্ব হলে বিচারেও বিলম্ব ঘটে। ফরেনসিক ব্যবস্থার সমস্যাবলি চিহ্নিত করতে এবং সেগুলি কিভাবে দূর করা যায় সে-বিষয়ে পরামর্শ দিতে সরকার একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেন। এই কমিটি এ পর্যন্ত দুটি রিপোর্ট জমা দিয়েছেন। কমিটির সুপারিশগুলি সরকার খতিয়ে দেখছেন এবং সেগুলি কার্যকর করতে বিপুল আর্থিক দায় বহন করতে হবে। ঐ রিপোর্ট অনুসারে মালদায় ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির একটি শাখা খোলা এবং জলপাইগুড়িতে অবস্থিত বর্তমান আঞ্চলিক ল্যাবরেটরিটির পরিবর্ধনের কাজ পর্যায়ক্রমে রূপায়ণের জন্য হাতে নেওয়া হয়েছে। ইতিমধ্যে ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির জন্য দীর্ঘ-প্রতিক্ষিত বেশ কয়েকটি অত্যাধুনিক যন্ত্রপাতি কেনার উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে কয়েকটি ইতিমধ্যেই সংগৃহীত হয়েছে।

৪৫। পোস্ট মর্টেম রিপোর্ট দ্রুত জমা না পড়ার বিষয়টি রাজ্য প্রশাসনের অপর একটি মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। কলকাতা মহানগরী ও জেলাস্থিত মর্গগুলির অবস্থা অত্যন্ত খারাপ এবং এই মর্গগুলির আশেপাশে বসবাসকারী জনসাধারণ আরও স্বাস্থ্যকর পরিবেশের দাবিতে মাঝেমধ্যে উত্তেজিত হয়ে ওঠেন। কমিটিকে এই বিষয়গুলিও দেখতে বলা হয়েছে এবং অবস্থার উন্নতি ঘটাতে কি কি ব্যবস্থা নেওয়া প্রয়োজন সে বিষয়ে সুপারিশ করতে বলা হয়েছে। কমিটি কলকাতার মর্গগুলির উন্নয়নের জন্য কিছু ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেছে। পূর্ত বিভাগ ও অর্থ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে এগুলি পরীক্ষা করে দেখা হচ্ছে। এই সব মর্গের সার্বিক মেরামতির ও উন্নয়নের জন্য বিরাট অংকের টাকা খরচ করে দেখা হচ্ছে। এই সব মর্গের সার্বিক মেরামতি ও উন্নয়নের জন্য বিরাট অঙ্কের টাকা খরচ হবে যা রাজ্য সরকারের পক্ষে ব্যয় করা কঠিন। সেই জন্য ধাপে ধাপে কি কি ভালো ব্যবস্থা নেওয়া যায় তা পরীক্ষা করে দেখা হবে। কমিটি এখন জেলাগুলির মর্গ নিয়ে কাজ করছে এবং শীঘ্রই তার প্রতিবেদন পেশ করবে বলে আশা করছে।

৪৬। ১৯৯৫ সালে জেলা পুলিশের ১২ জন অফিসার এবং কলকাতা পুলিশের ১১ জন অফিসারকে বিশেষ পরিষেবার জন্য রাষ্ট্রপতির পুলিশ পদক দেওয়া হয়েছে।

৪৭। ১০ জন ইনসপেক্টর, ৭১৪ জন এস. আই., ৩৬০ জন এ. এস. আই., ১৬০ জন হেড কনস্টেবল, ৪৫ জন পুলিশের গাড়িচালক, ১১২ জন নায়েক এবং ৩,৩৯৯ জন

কনস্টেবলকে লঘু শাস্তি দেওয়া হয়। পশ্চিমবঙ্গ পুলিশের ৯০ জন এস. আই., ৩১ জন এ. এস. আই., ২৯ জন হেড কনস্টেবল, ১১ জন পুলিশের গাড়িচালক, ১৬ জন নায়েক এবং ৩৩৪ জন কনস্টেবলকে গুরুতর শাস্তি দেওয়া হয় এবং একজন এস. আই. ও ৯ জন কনস্টেবলকে বরখাস্ত করা হয়।

৪৮। ১৯৯৫ সালে জেলাসমূহে কর্তব্য পালনে অবহেলা, দুর্নীতি ও অন্যান্য অভিযোগে ৬ জন ইনসপেক্টর, ৯২ জন এস. আই., ৪৮ জন এ. এস. আই., ২৮ জন হেড কনস্টেবল, ২২ জন পুলিশের গাড়িচালক, ২৫ জন নায়েক ও ৪৫২ জন কনস্টেবলের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

অনুরূপভাবে কলকাতা পুলিশের একজন গাড়িচালক, ৩ জন নায়েক, ৫ জন কনস্টেবল ও ৯ জন সিপাইকে শাস্তি দেওয়া হয়। তার মধ্যে একজনকে বরখাস্ত করা হয়। ১৯৯৫ সালে ১ জন ইনসপেক্টর, ১১ জন সে. আই. ও অন্যান্যসহ মোট ১২৯ জন পুলিশ কর্মচারির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়।

৪৯। আমরা মনে করি যে পুলিশি কাজের মধ্যে উপযুক্ত পুরস্কার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান সম্পর্কিত একটি সুস্পষ্ট নীতি থাকা দরকার। সমস্ত স্তরে দায়িত্বপরায়ণতার মনোভাব থাকা প্রয়োজন এবং ঐ একই সঙ্গে ভালো কাজ করার জন্য পুরস্কার দেওয়া উচিত। আমরা স্থির করেছি যে এ বিষয়ে পুরনো নিয়ম ও নীতিকে বিস্তারিতভাবে পরিমার্জিত করে আরও অর্থপূর্ণ করা হোক, যাতে পুলিশ প্রশাসনের সার্বিক কাঠামোতেই সঠিক সংকেতটি পৌছায়।

৫০। ১৯৯৬-৯৭ সালে স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের জন্য বার্ষিক যোজনা বরাদ্দ ধার্য হয়েছে ১,৬৯,৬.৩০ লক্ষ টাকা। এর মধ্যে দশম অর্থ কমিশন যে ১,০৯৬.৩০ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন তাও অন্তর্ভূক্ত আছে। এর মধ্যে আবার পুলিশ আবাসনের জন্য ৯০০.৩০ লক্ষ টাকা, থানা ভবন ও ফাঁড়ি নির্মাণের জন্য ৯৬ লক্ষ টাকা এবং বিভিন্ন পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য ১০০ লক্ষ টাকা অন্তর্ভূক্ত আছে।

৫১। মহিলা ব্যাটেলিয়ন (২৫ লক্ষ টাকা) এবং জেলাস্তরে মহিলাদের অভিযোগ কেন্দ্র (২০ লক্ষ টাকা) স্থাপন, যান পরিচালন-ব্যবস্থার উন্নতি ঘটানো (২৫ লক্ষ টাকা), পশ্চিমবঙ্গ পুলিশ আবাসন নিগম (৮০ লক্ষ টাকা) এবং সল্ট লেকে একটি বেস হাসপাতাল নির্মাণ (২০ লক্ষ টাকা)-এর মতো বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়ণের জন্য দশম অর্থ কমিশনের উন্নীতকরণ কর্মসূচির বাইরে মোট ১,৬৯৬.৩০ লক্ষ টাকার মধ্যে ৬০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বর্তমানে চালু পুলিশ আবাসন কর্মপ্রকল্পের জন্য ১২১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

৫২। আমাদের সরকার জনজীবনে শৃঙ্খলা ও সংহতি এবং আইনের শাসনের প্রতি শ্রদ্ধা প্রদর্শনকে মূল্য দেন। আইন-শৃঙ্খলা রক্ষা আমাদের সর্বাধিক গুরুত্বপূর্ণ লক্ষ্যগুলির একটি এবং এই ভারসাম্য বিনষ্ট করার যে কোনও চেষ্টা দৃঢ়ভাবে প্রতিরোধ করতে আমরা বদ্ধপরিকর। অপরাধ ও অপরাধীদের মোকাবিলায় শান্তি ও সম্প্রীতি বজায় রাখতে পুলিশকে আরও তৎপর হতে হবে। অপরাধীদের বিচার ত্বরান্বিত করার কাজও অত্যন্ত জরুরি। এই সংক্রান্ত প্রথা ও পদ্ধতির ব্যাপক উন্নতি ঘটাতে হবে। সেইজন্যে আমাদের সরকার একপ্রস্থ নতুন পদক্ষেপ গ্রহণ করে সমগ্র ব্যবস্থার মধ্যে নতুন করে প্রাণসঞ্চার করতে চান। জনগণের আস্থা

অর্জন করতে এবং তাদের নিজেদের বিশ্বাসযোগ্যতা প্রতিষ্ঠিত করতে পুলিশকে তাদের কাজের ক্ষেত্রে শুধু যে আরও পেশাদারি দক্ষতাসম্পন্ন ও পরিচ্ছন্ন ভাবমূর্তিসম্পন্ন হতে হবে তাই নয়, অপরাধ ও অপরাধীদের ক্ষেত্রে তাদের আরও কঠোর মনোভাবের পরিচয় দিতে হবে। পুলিশ অফিসারেরা কিভাবে চিন্তা করবেন ও কাজ করবেন এই নতুন নীতি সেক্ষেত্রে মূল ভিত্তি হিসাবে কাজ করবে।

৫৩। পুলিশকে বর্তমানে যে দায়িত্ব পালন করতে হয়, সময়ের আবর্তনের সঙ্গে সঙ্গে তা বেশ জটিল ও কঠিন হয়ে পড়েছে। কালক্রমে তা আরও দুঃসাধ্য ও গুরুভার হয়ে উঠেছে। দ্রুত নগরায়ন, জনবিন্যাসের পরিবর্তন, সামাজিক বিশৃঙ্খলা, কর্মহীনতা এবং অর্থনীতির সামগ্রিক অবস্থার মতো বিষয়গুলি এই পরিস্থিতির জন্য দায়ী। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অপরাধ তথা আরও কয়েকটি সমস্যা বেড়ে চলেছে। পুলিশকেও তাই নতুন ধরনের জটিল প্রকৃতির অপরাধগুলির মোকাবিলা করতে হচ্ছে। সামাজিক সুস্থিতি বজায় রাখার ক্ষেত্রে পুলিশ যাতে সহায়তা করতে পারে সেই উদ্দেশ্যে পুলিশ বাহিনীকে কর্মক্ষম ও সজীব করে তুলতেই হবে—যাতে তারা এই নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে উপযুক্তভাবে তৈরি থাকে। দীর্ঘদিন ধরেই এর প্রয়োজন অনুভূত হচ্ছে। সেইজন্য আমাদের সরকার একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। ঐ কমিটি সঠিক প্রেক্ষাপটে যাবতীয় সমস্যা পর্যালোচনা করবে এবং বর্তমান পুলিশি ব্যবস্থার সংস্কার ও উন্নতিসাধনের জন্য যে সমস্ত পদক্ষেপ নিতে হবে সেগুলির সন্ধান দেবে।

৫৪। আমাদের সরকার এই অভিমত পোষণ করেন যে, অপরাধ দমন করতে ও আইনশৃঙ্খলা বজায় রাখতে পুলিশ প্রশাসনকে সমগ্র সমাজের আস্থা অর্জন করতে হবে। পুলিশকে সরকারের কার্যকর সহায়ক যন্ত্র হয়ে উঠতে গেলে আইন মেনে চলা নাগরিকের সঙ্গে পুলিশের সম্পর্ক আরও সৃজনশীল হতে হবে। পুলিশের ভাবমূর্তি উজ্জ্বলতর করা এবং পুলিশ ও জনগণের মধ্যে সংবেদনশীলতা ও প্রগতিশীলতার স্তরে সম্পর্কের উন্নতি ঘটানোই হবে আমাদের নীতি ও প্রয়াস।

৫৫। পুলিশ প্রশাসনে বহুমুখি দায়িত্ব রয়েছে। পুলিশ বাহিনীকে প্রায়শই অপরিমেয় প্রতিকূলতা, বাধা-বিপত্তি ও চ্যালেঞ্জের বিরুদ্ধে সরকারের প্রশাসন-যন্ত্র হিসাবে কাজ করতে হয়। এর প্রশংসা করতেই হয়। এই সুযোগে আমি মাননীয় সদস্যদের এই বলে পুনর্বার আশ্বস্ত করতে চাই যে, পুলিশ প্রশাসন তার কর্তব্যপালন করতে গিয়ে আইনের শাসনকে পক্ষপাতহীন ভাবে উর্ধ্বে তুলে রাখব।

৫৬। এই কথা বলে, আমি মাননীয় সদস্যবৃন্দের কাছে আমার বিভাগের বাজেট বরাদ্দ মঞ্জুর করার জন্য প্রস্তাব পেশ করছি।

## Demand No. 22

The Printed Speech of **Shri Biswanath Chowdhury** on Demand No. 22 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৯৬-৯৭ সালের স্বরাষ্ট্র (কারা) বিভাগের ব্যয় নির্বাহের জন্য ২২ নং দাবি অনুসারে '২০৫৬-কারা' শীর্ষক প্রধান বিভাগে মোট

৩৫,১২,৪০,০০০/- (পঁয়ত্রিশ কোটি বারো লক্ষ চল্লিশ হাজার) টাকা বরাদ্দের আবেদন জানাচ্ছি। [এই অর্থের মধ্যে ইতিপূর্বে ভোট অন একাউন্টে বরাদ্দ ১১,৭১,০০,০০০/- (এগারো কোটি একাত্তর লক্ষ) টাকা অন্তর্ভূক্ত।]

১। আমার দপ্তরের ব্যয়বরাদ্দ অনুদান পেশ করতে গিয়ে সভার অনুমতিক্রমে আমি কারাগারগুলিকে সংশোধনগারে রূপান্তরের লক্ষ্যে রাজ্যের কারা-প্রশাসনকে গতিশীল করতে এবং কারাগৃহগুলির পরিবেশ ও বাস-ব্যবস্থার উন্নতিকল্পে যে কার্যকর পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছে সেগুলির একটি সংক্ষিপ্ত রূপরেখা পেশ করছি। পরিবর্তনশীল সমাজজীবনের সঙ্গে সামঞ্জস্য রেখে বন্দী আবাসিকগণের সুপ্ত মানবিক মূল্যবোধ জাগরিত করতে এই মানবসম্পদ বিকাশের লক্ষ্যে বিজ্ঞানভিত্তিক নানা বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়ার প্রচেষ্টায় আমরা আন্তরিক থেকেছি।

২। পশ্চিমবঙ্গে মোট ৫৪টি কারাগারের মধ্যে রয়েছে ৫টি কেন্দ্রীয় কারা, ১২টি জেলা কারা, ৩টি বিশেষ কারা, ৩২টি মহকুমা কারা, ১টি উন্মুক্ত কারা এবং পুরুলিয়ায় ১টি মহিলা কারা। দমদমে একটি কারারক্ষী প্রশিক্ষণ কেন্দ্র আছে। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, বোলপুরে ও দুর্গাপুরে দুটি মহকুমা কারা তাদের কাজ শুরু করেছে। বালুরঘাটের জেলা কারা এবং পুরুলিয়ার মহিলা কারাটির আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

৩। বামফ্রন্টের শাসনকালে গ্রামীণ অর্থনীতি ও আইন-শৃঙ্খলার ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি ঘটার ফলে কারাগারগুলিতে বন্দীসংখ্যা অনেক কমে গেছে। রাজ্যের কারাগুলির মোট বন্দীধারণ ক্ষমতা ১৮,৭৬৩ জনের হলেও বর্তমানে মোট ১০,১১১ জন বন্দী আবাসিক আছেন। বন্দীরা সমাজের নানা জাতি, বর্ণ বা ধর্মসম্প্রদায়ের অন্তর্ভূক্ত হলেও কারা-প্রশাসন যেভাবে তাদের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতিরক্ষা, ভ্রাতৃত্ববোধ এবং পারস্পরিক সহনশীলতা বোধের উন্মেষ ঘটাতে কাজ করে চলেছে তার জন্য তারা গর্ব করতে পারে।

৪। গত বছর ৪০ জন যাবজ্জীবন দণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দীকে মেয়াদ পূর্তির আগে মুক্তি দেওয়া হয়েছে। কারাগারে সংশোধন প্রক্রিয়ার মাধ্যমে মানসিক পরিবর্তন ঘটিয়ে মুক্তি দিয়ে বন্দীদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে দেওয়াই আমাদের সরকারের ব্রত। নিরপরাধ মানসিক রোগগ্রস্ত বন্দীদের পুনর্বাসনের প্রতিও আমাদের সরকার যথেষ্ট মনোযোগী। এ পর্যন্ত ৩৩ জন নিরপরাধ মানসিক রোগগ্রস্ত বন্দীকে মুক্তি দিয়ে বিভিন্ন আবাসে পুনর্বাসিত করা হয়েছে বা তাদের আত্মীয়-পরিজনের কাছে ফিরিয়ে দেওয়া হয়েছে। উল্লেখ্য যে, এদের মধ্যে ৫ জনকে তাদের পরিজনদের কাছে, ২৩ জনকে মাদার টেরিজার আবাসে এবং বাকি ৫ জনকে তাদের আরোগ্য লাভের পুরুষ মানসিক রোগগ্রস্তদের চিকিৎসার জন্য স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ দপ্তরের হাতে তুলে দেওয়া হয়েছে।

৫। প্রাচীন কারাগৃহগুলির সংস্কার ও নবায়নের জন্য অতিক্রান্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভারত সরকার কারাগারগুলির নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে কারাপ্রশাসন আধুনিকীকরণ প্রকল্প খাতে সহায়তা করেছেন। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে আসানসোল বিশেষ কারা, আলিপুর বিশেষ কারা, হাওড়া জেলা কারা, রানাঘাট মহকুমা-কারা, হুগলি জেলা কারা এবং তমলুক মহকুমা কারায় এই প্রকল্পের অধীন কয়েকটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৬। আধুনিক সরঞ্জাম ব্যবহার করে সরকার বন্দীদের চিকিৎসা সংক্রান্ত সুযোগ-সুবিধার সম্প্রসারণ ঘটাতে বিশেষ আগ্রহী। বিগত বছরগুলিতে আলিপুর কেন্দ্রীয় কারা, প্রেসিডেন্সি কারা, আলিপুর বিশেষ কারা, হাওড়া জেলা কারা, বাঁকুড়া জেলা কারা, হুগলি জেলা কারার হাসপাতালগুলির আধুনিকীকরণ ঘটিয়ে উন্নততর, চিকিৎসাব্যবস্থা অবলম্বনের জন্য বিভিন্ন পরিকল্পনা মঞ্জুর করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে মেদিনীপুর কেন্দ্রীয় কারায় এক্স-রে চিকিৎসার জন্য 'ডার্করুম' নির্মাণের লক্ষ্যে এবং আলিপুর কেন্দ্রীয় কারায় চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন সরঞ্জাম ক্রয়ের জন্য প্রকল্পগুলির অনুমোদন দেওয়া হয়েছে।

৭। বন্দী আবাসিক এবং কারাকর্মীদের বাসস্থানে প্রাথমিক সুখ-সুবিধা দেওয়ার ক্ষেত্রে আমাদের সরকার বিশেষ জোর দিয়েছে। পয়ঃপ্রণালী ব্যবস্থা এবং জল সরবরাহ ব্যবস্থার উন্নতি ঘটানো হয়েছে এবং আলোকিতকরণ ব্যবস্থার উন্নতিসাধন করা হয়েছে। প্রেসিডেন্সি কারা, আসানসোল বিশেষ কারা, কৃষ্ণনগর জেলা কারা এবং হুগলি জেলা কারার উন্নতিকল্পে এবং হুগলি ও হাওড়া জেলা কারায় উন্নততর জল সরবরাহ ব্যবস্থার জন্য গত বছর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৮। আমাদের সরকার কারাগুলি উন্নতির জন্য সচেষ্ট রয়েছে। অনেক কারাগারে ধূমহীন গ্যাসচুল্লী চালু করা হয়েছে। ১৯৯৫-৯৬ বছরে ৬টি জেলা কারা, ১টি কারা ও ৩টি মহকুমা কারায় গ্যাসচুল্লী স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে। গত বছর দমদম কেন্দ্রীয় কারায় সাবান কারখানায় একটি ডিজেল চালিত গ্যাসচুল্লী স্থাপন করা হয়েছে।

৯। সাজার মেয়াদ শেষে ছাড়া পাওয়ার পর বন্দীরা যাতে সসম্মানে জীবিকা-নির্বাহ করতে পারেন সেদিকে লক্ষ্য রেখে আমাদের সরকার বন্দীদের আধুনিক বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানে নিযুক্ত আছে। আলিপুর কেন্দ্রীয় কারায় অফসেট মুদ্রণ যন্ত্র স্থাপন করা হয়েছে। দমদম কেন্দ্রীয় কারায় স্বয়ংক্রিয় বস্ত্র বয়ন যন্ত্র, দার্জিলিং জেলা কারায় কম্পিউটার চালিত পশম-বয়ন যন্ত্র, আলিপুর কেন্দ্রীয় কারায় দাঁতের মাজন তৈরির যন্ত্র, প্রেসিডেন্সি কারায় স্বয়ংক্রিয় মশলাপেষণ যন্ত্র স্থাপনের জন্য ১৯৯৫-৯৬ সালে প্রকল্প হাতে নেওয়া হয়েছে। ১৯৯৫-৯৬ সালে বর্ধমান জেলা কারায় খাদ্য ও শাক-শব্‌জি প্রক্রিয়াকরণ যন্ত্রব্যবস্থার প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই সব কারা-শিল্পজাত দ্রব্যসামগ্রী কারাগুলির আভ্যন্তরীণ প্রয়োজন মেটানোর সাথে সাথে ব্যবসায়িক ভিত্তিতেও কাজে লাগানো হবে।

১০। এই সরকারের কারিগরি শিক্ষা দপ্তরের সহযোগিতায় সামাজিক বহুমুখি কারিগরিশিল্প প্রকল্পের মাধ্যমে আমাদের সরকার কারাগুলিতে বিভিন্ন বৃত্তির প্রয়োগ সমন্বিত বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি চালু করে আসছে। আলিপুর কেন্দ্রীয় কারা, প্রেসিডেন্সি কারা, মালদহ জেলা কারা এবং হুগলি জেলা কারায় সামাজিক বহুমুখি কারিগরি-শিল্প প্রকল্পের অধীনে বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আসানসোল বিশেষ কারায়ও শীঘ্রই এই কর্মসূচি গ্রহণ করা হবে। পর্যায়ক্রমে এই সুবিধা সমস্ত কেন্দ্রীয়, জেলা ও বিশেষ কারায় পাওয়া যাবে। সংক্ষেপে বলা যায় যে, আমাদের সরকার বন্দীদের প্রশিক্ষিত করার জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি চালু করার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়েছে। এর ফলে কারামুক্তির পর বন্দীরা স্বনিযুক্ত হয়ে সমাজের মূলস্রোতে যোগ দিতে পারবেন।

১১। ২০০২ সাল পর্যন্ত কারা-প্রশাসন আধুনিকীকরণ কর্মসূচির সময়সীমা প্রসারণ করা হয়েছে।

কারাসমূহের সংস্কারসাধন ও নবায়ন এবং বন্দীদের চিকিৎসা সংক্রান্ত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য এই কর্মসূচির অন্তর্গত প্রকল্প এই বছর গ্রহণ করা হবে। কারাগুলির আধিকারিক এবং কর্মীদের বাসস্থান সংক্রান্ত সংকট সমাধানের ব্যবস্থা পর্যায়ক্রমে করা হচ্ছে। ১৯৯৬-৯৭ বছরের আধিকারিক ও কর্মীদের বাসস্থান নির্মাণের জন্য এক কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

১২। আমাদের সরকার বন্দীদের মধ্যে সাক্ষরতার প্রসার ঘটাতে সচেষ্ট রয়েছে। প্রত্যেক কেন্দ্রীয় ও জেলা কারায় 'সাক্ষরতা কর্মসূচি'-র উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। আলিপুর কেন্দ্রীয় কারায় কেন্দ্রীয় বিদ্যালয়টিকে মাধ্যমিক মানে উত্তীর্ণ করার কাজ এগিয়ে চলেছে।

১৩। বন্দীদের নিজ নিজ চিন্তাধারা প্রকাশের সুযোগ দিয়ে তাদের সৃজনশীলতা প্রকাশের ব্যবস্থা করা হয়। তাদের বার্ষিক পত্রিকার নাম 'নবার্ক'। কেন্দ্রীয়, জেলা ও বিশেষ কারাগুলিতে দেওয়াল পত্রিকা থাকায় বন্দীদের আত্মপ্রকাশের সুযোগ রয়েছে। বিভিন্ন কারায় নববর্ষ উদ্‌যাপন, রবীন্দ্র-নজরুল জন্মোৎসব উদ্‌যাপন ইত্যাদি সাংস্কৃতিক অনুষ্ঠান প্রতিপালিত হয়ে থাকে। রাজ্য সরকার বন্দীদের সংশোধন করে যথা সময়ে সমাজে তাদের পুনর্বাসনের কাজে চেষ্টা করে চলেছে। আলিপুর কেন্দ্রীয় কারার শিল্প বিদ্যালয়টি ইতিমধ্যেই বিভিন্ন ক্ষেত্র থেকে যথেষ্ট সুনাম অর্জন করেছে।

১৪। কারা-প্রশাসনকে পথনির্দেশ ও সাহায্য করতে বন্দীদের কল্যাণকল্পে সব কারায় স্বনামধন্য নাগরিকদের নিয়ে বেসরকারি কারা পরিদর্শক পর্ষদ গঠন করা হচ্ছে।

১৫। বর্তমান সরকার কারা-কর্তৃপক্ষ ও কারাকর্মীদের মধ্যে সুস্থ সম্পর্ক গড়ে তোলায় বিশ্বাসী। কর্মীরা আইনানুগ গণতান্ত্রিক অধিকার ভোগ করে থাকেন এবং কর্মচারী সমিতিগুলির প্রতিনিধিদের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে তাদের সমস্যাবলীর সমাধান করা হয়।

১৬। পরিশেষে আমি বলতে চাই যে, বন্দী আবাসিকদের সহানুভূতিসম্পন্ন মানবিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করাই বর্তমান সরকারের লক্ষ্য।

এই সূত্রে আমি মাননীয় সদস্যবৃন্দের কাছে উল্লিখিত অর্থ বরাদ্দের দাবি বিবেচনা করে অনুমোদনের অনুরোধ রাখছি।

**Demand Nos. 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96 and 97**

The printed Speech of **Shri Bidyut Ganguli :** On Demand Nos 24, 53, 75, 76, 87, 88, 93, 94, 95, 96 & 97 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি নিয়ে নিম্নোক্ত অভিযাচনগুলির অধীন বাজেট বরাদ্দ মঞ্জুরির জন্য উপস্থাপন করছি।

অভিযাচন নং ২৪

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২৪ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২০৫৮-স্টেশনারি ও মুদ্রণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১২,৬৯,৭০,০০০ (বারো কোটি উনোসত্তর লক্ষ সত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। [৪,২৪,০০,০০০ (চার কোটি চব্বিশ লক্ষ) টাকা অর্ন্তবর্তী অনুদান সমেত]।

অভিযাচন নং ৫৩

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৫৩ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২৪০৭-চাষ-আবাদ", "৪৪০৭-চাষ-আবাদ" বাবদ নিয়োজিত মূলধন" এবং "৬৪০৭-চাষ-আবাদ বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২,৩৪,০০,০০০ (দুই কোটি চৌত্রিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৭৯,০০,০০০ (উনআশি লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

অভিযাচন নং ৭৫

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৫ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২৮৫২-শিল্প (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে)" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৩৮,০৯,৪৫,০০০ (আটত্রিশ কোটি নয় লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [১২,৭০,০০,০০০ (বারো কোটি সত্তর লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

অভিযাচন নং ৭৭

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৬ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "২৮৫৩-অ-লৌহ খনিকার্য এবং ধাতু শিল্প" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২,২০,৮৫,০০০ (দুই কোটি কুড়ি লক্ষ পঁচাশি হাজার) টাকা মঞ্জুর করা হোক। [৭৪,০০,০০০ (চুয়াত্তর লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

অভিযাচন নং ৮৭

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৮৭ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৫৪৬৫-সাধারণ বিত্তীয় ও ব্যবসায় প্রতিষ্ঠানের বিনিয়োগ" ও "৭৪৬৫-সাধারণ বিত্তীয় ও ব্যবসায় প্রতিষ্ঠান বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২,৬৭,৫০,০০০ (দুই কোটি সাত ষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [৯০,০০,০০০ (নব্বই লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

## অভিযাচন নং ৮৮

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৮৮ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৩৪৭৫-অন্যান্য সাধারণ অর্থনৈতিক সেবাকার্য" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৪,৩০,৪০,০০০ (চার কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [১,৪৪,০০,০০০ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

## অভিযাচন নং ৯৩

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৩ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৫৬-পেট্রো রাসায়নিক (সরকারি উদ্যোগ বাদে) বাবদ নিয়োজিত মূলধন", "৪৮৬০-ভোগ্যপণ্য শিল্প (সরকারি উদ্যোগ বাদে) বাবদ নিয়োজিত মূলধন", "৪৮৫৫-শিল্প ও খনিজদ্রব্য (সরকারি উদ্যোগ বাদে) বাবদ নিয়োজিত অন্যান্য মূলধন" এবং "৬৮৮৫-অন্যান্য ও খনিজদ্রব্য (সরকারি উদ্যোগ বাদে) বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ৯৫,৪৭,০০,০০০ (পঁচানব্বই কোটি সাত চল্লিশ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৩১,৮৩,০০,০০০ (একত্রিশ কোটি তিরাশি লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

## অভিযাচন নং ৯৪

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৪ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৫৯-দূরসমাযোজন ও বৈদ্যুতিক শিল্প বাবদ নিয়োজিত মূলধন" এবং "৬৮৫৯-দূরসমাযোজন ও বৈদ্যুতিক শিল্প বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১৫,০০,০০,০০০ (পনেরো কোটি) টাকা মঞ্জুর করা হোক। [৫,০০,০০,০০০ (পাঁচ কোটি) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

## অভিযাচন নং ৯৫

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৫ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৬০-ভোগ্যপণ্য শিল্প (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ নিয়োজিত মূলধন", "৬৮৫৭-রাসায়নিক ও ভেষজ শিল্প (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ ঋণ" এবং "৬৮৬০-ভোগ্যপণ্য শিল্প (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ২১,১৪,০০,০০০ (একুশ কোটি চোদ্দ লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৭,০৬,০০,০০০ (সাত কোটি ছয় লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

## অভিযাচন নং ৯৬

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৬ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৬৮৭৫-অন্যান্য শিল্প (বন্ধ ও রুগ্ন শিল্প এবং সরকারি উদ্যোগ বাদে) বাবদ ঋণ" এবং

"৬৮৮৫-অন্যান্য শিল্প ও খনিজ দ্রব্য (বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ ঋণ" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১২,৯০,০০,০০ (বারো কোটি নব্বই লক্ষ) টাকা মঞ্জুর করা হোক। [৪,৩০,০০,০০০ (চার কোটি ত্রিশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

**অভিযাচন নং ৯৭**

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৯৭ নং অভিযাচনের অধীন মুখ্যখাত "৪৮৮৫-শিল্প ও খনিজদ্রব্য (সরকারি উদ্যোগ এবং বন্ধ ও রুগ্ন শিল্প বাদে) বাবদ অন্যান্য নিয়োজিত মূলধন" সম্পর্কে ব্যয় নির্বাহের জন্য ১,৩৩,৫০,০০ (এক কোটি তেত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [৪৫,০০,০০০ (পয়তাল্লিশ লক্ষ) টাকা অন্তর্বর্তী অনুদান সমেত]।

১

১.১ শিল্পোন্নয়নের দিক থেকে স্বাধীনতার সময়ে দেশের সব রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ অগ্রনী ভূমিকা অধিকার করেছিল। আপেক্ষিক উন্নত পরিকাঠামো, দক্ষ মানবসম্পদ বিদ্যুৎ ও প্রয়োজনীয় কাঁচামালের জোগানের সুবিধা শিল্পোন্নয়নের সুযোগ সৃষ্টি করেছিল। পরবর্তী দশক গুলিতে কিন্তু এই অগ্রনী ভূমিকা ক্রমেই হারিয়ে যেতে থাকে বিভিন্ন আর্থ সামাজিক কারণে এবং ঐতিহাসিক কারণে পূর্বতন পূর্বপাকিস্থানে বিশাল সংখ্যায় বাস্তুচ্যুত মানুষের আগমনে। এছাড়া শিল্পে মন্দা ও বন্ধাদশার কারণ হিসাবে রাজ্যের সকলেই প্রায় একমত যে নতুন শিল্প স্থাপনের ক্ষেত্রে তৎকালীন কেন্দ্রীয় সরকারের পক্ষপাত দুষ্ট নীতি এই অঞ্চলকে অনেক স্বাভাবিক সুযোগ থেকে বঞ্চিত করেছে। লৌহ ও ইস্পাতের মাসূল সমীকরণ নীতি, শিল্পের মঞ্জুরি প্রদান, আর্থিক সংস্থাগুলির উপর নিয়ন্ত্রণ, রাজ্যের কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে বিনিয়োগ না করা ইত্যাদি হচ্ছে সেইসব উপায় যা শিল্পের ক্ষেত্রে আমাদের রাজ্যের উন্নয়নের গতিরোধ করতে তৎকালীন কেন্দ্রীয় সরকার ব্যবহার করেছে। এছাড়া এইসব নীতি পশ্চিমবঙ্গের সুযোগ নষ্ট করেছে এবং আমাদের স্বার্থ বিরুদ্ধে আঞ্চলিক অসাম্য বৃদ্ধি করেছে।

১.২ তৎকালীন কেন্দ্রীয় সরকার ১৯৯১ সালে নতুন অর্থনৈতিক নীতি ঘোষিত হওয়ার পরবর্তী পাঁচ বছরে আমাদের মতো মূলত কৃষি প্রধান এবং উন্নয়নশীল দেশের প্রয়োজনীয় জনমুখি নীতি থেকে স্পষ্টতই সরে আসে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে মোট জাতীয় উৎপাদন বৃদ্ধির হার ১৯৮৬-৮৭ থেকে ১৯৯০-৯১ সালের পাঁচ বছরের গড় ৬.৩ শতাংশ থেকে পরবর্তী ১৯৯১-৯২ থেকে ১৯৯৫-৯৬ পাঁচ বছরে ৪.৭%-য়ে নেমে আসে। শিল্পোৎপাদন বৃদ্ধির গড় হার ঐ তুলনামূলক সময়ে ৮.৪% থেকে ৫.৯%-য়ে নেমে যায়। অনিয়ন্ত্রিত উদারনীতির ফলে হঠাৎ করে নির্বিচার আমদানি এবং অগ্রাধিকার প্রাপ্ত নয় এমন ক্ষেত্রে বিদেশি পুঁজি বিনিয়োগ বৃদ্ধি পেল। স্বদেশি শিল্পগুলিকে প্রস্তুতির সময় না দিয়েই বিদেশি কর্পোরেশনের সঙ্গে সহসাই অসম প্রতিদ্বন্দিতার সম্মুখীন হতে হল। অর্থনৈতিক ক্ষেত্রে কিছু সুবিধা যা অসম প্রতিদ্বন্দিতায় টিকে থাকার জন্য সুযোগ করে দিত তা তুলে নিয়ে ক্ষুদ্র শিল্পকে বিশাল একচেটিয়া পুঁজির সঙ্গে প্রতিযোগিতার দুরম্য বাধার সম্মুখীন করে তুলল। এই ক্ষেত্রে প্রচুর চাকরির সুযোগ আগেও ছিল এবং ভবিষ্যতেও থাকবে এ কথা বিবেচনা করে এটি একটি ক্ষতি কারক পদক্ষেপ।

১.৩ স্বনির্ভরতার লক্ষ্য এবং দেশিয় গবেষণা ও উন্নয়ন যথোপযুক্তভাবে গুরুত্ব পায়নি। সামাজিক সুরক্ষার বিষয়গুলিকে উপযুক্ত অগ্রাধিকার না দেওয়ায় সর্বক্ষেত্রে গভীর উদ্বেগের সৃষ্টি হয়। ভালভাবে চলতে থাকা রাষ্ট্রয়ত্ত সংস্থাগুলির প্রতি দৃষ্টিভঙ্গিতেও প্রকট হয় দেশের অর্থনীতিতে বিশেষ ভূমিকা গ্রহণকারী গুরুত্বপূর্ণ ক্ষেত্রের প্রতি ভীষণ অবহেলা। যদিও বেসরকারি শিল্পের উন্নয়নের জন্য উৎসাহ প্রদান প্রয়োজন কিন্তু দুর্ভাগ্যজনকভাবে সরকারি ক্ষেত্রের প্রতি ভূমিকা ছিল নিরুৎসাহব্যঞ্জক। পূর্বতন সরকার কখনই সিল্পের রুগ্নতার সমস্যাগুলির প্রতি আন্তরিকভাবে দৃষ্টি দেন নি। জাতীয় হাইওয়ে, সমুদ্র বন্দর, বিমান বন্দর, রেলওয়ে এবং যোগযোগ ব্যবস্থা—যে সব ক্ষেত্র তাদের একক নিয়ন্ত্রণে সেই সব অতি প্রয়োজনীয় পরিকাঠামোর রক্ষণাবেক্ষণ এবং বৃদ্ধির কোনও দায়িত্ব তারা পালন করেননি। কেন্দ্র ও রাজ্যের মধ্যে অসুবিধাজনক আর্থিক বিন্যাসের কাঠামোর পরিবর্তন না করে শুধু পরিকাঠামো সৃষ্টির বোঝা রাজ্যের ওপর চাপিয়ে দেওয়া সুষম আঞ্চলিক এবং সম্পূর্ণ দেশের বিকাশের প্রয়োজনীয়তার প্রতি তাদের অনীহারই ইঙ্গিত। আর্থিক অনটন সত্ত্বেও নূতন শিল্পোদ্যোগে আর্থিক উৎসাহ প্রদানে ভিন্নি ভিন্ন রাজ্যের প্রতিযোগিতার প্রয়োজন কিন্তু শিল্প বিকাশের জন্য কেন্দ্রীয় সরকারের অংশ গ্রহণে একটি একক উৎসাহ প্রকল্প ইন্‌সেন্টিভ স্কীম প্রণয়নের বিষয়ে কোনও প্রকৃত প্রচেষ্টা সম্পূর্ণ অনুপস্থিত ছিল।

১.৪ মাননীয় সদস্যগণ, এই প্রসঙ্গে জাতীয় রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনকে আশাব্যঞ্জক হিসাবে দেখতে হবে। পূর্ববর্তী কেন্দ্রীয় সরকারের প্রবর্তিত নতুন অর্থনৈতিক নীতি দেশের জনগণ তাদের রায়ে প্রত্যাখ্যান করেছেন। আনন্দের সঙ্গে লক্ষ্য করা যায় যে কেন্দ্রের বর্তমান সরকার তাদের ন্যূনতম সাধারণ কর্মসূচিতে কম অগ্রাধিকার ভুক্ত শিল্পে বিদেশি পুঁজিকে নিরুৎসাহিত করা, বিদেশি বিনিয়োগ যাতে দেশীয় শিল্পের ব্যাঘাত না ঘটাতে পারে তার ব্যবস্থা, পরিকাঠামোয় বিনিয়োগের বৃদ্ধি, বেসরকারি করণে সরকারকে পরামর্শ প্রদানে, রাষ্ট্রয়ত্ব সংস্থার সংস্কার ও পুর্নগঠনের জন্য লগ্নী কমানোর (ডিস্ইনভেস্টমেন্ট) বিষয়ে কমিশন গঠন, শিল্পে রুগ্নতার মোকাবিলা করার জন্য নূতন আইন প্রণয়ন ইত্যাদি অন্তর্ভূক্ত করেছেন, যা যথোপযুক্ত প্রয়োগে নিঃসন্দেহে সমগ্র দেশের আর্থিক অবস্থার উন্নয়ন ঘটাবে। আমরা এই কর্মসূচিগুলিকে স্বাগত জানাই। আগামী বৎসরগুলিতে আসন্ন রাজনৈতিক প্রক্রিয়াকে আরও শক্তিশালী করার জন্য বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

১.৫ রাজ্য সরকারের নিরবচ্ছিন্ন প্রয়াসের ফলে ভূমিসংস্কার, গ্রামীণ উন্নয়ন, বিদ্যুৎ, কৃষি, মৎস্য চাষ, ক্ষুদ্র শিল্প, সামাজিক বন সৃজন, স্বাক্ষরতা ইত্যাদি বিষয়ে উল্লেখযোগ্য সাফল্য লাভ ঘটেছে। এই সকল বিষয়ে সব সময়ই রাজ্যের হাতে প্রয়োজনীয় ক্ষমতা ছিল। ১৯৭৭ সালে রাজ্যের জনগণ যখন ভোটের মাধ্যমে বামফ্রন্টকে ক্ষমতায় অধিষ্ঠিত করে তখন রাজ্যের শিল্প পরিস্থিতি ছিল নৈরাশ্য জনক। সার্বিক শিল্পোৎপাদন (ভিত্তি ১৯৭০ = ১০০) যা ১৯৬৫-তে ১২৬.৩ থেকে ১৯৭৫-এ ১০২.৭-এ নেমে আসে, কিন্তু তৎপরবর্তী কালে নিয়মিতভাবে বাড়তে থাকে এবং ১৯৯৫ সালে ১৪৯-এ দাঁড়ায়।

যদিও রাজ্য সরকার শিল্প ক্ষেত্রে গতিবৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শিল্প লাইসেন্সিং প্রত্যাহারের পূর্ণ সুযোগ গ্রহণ করেছে। শিল্পের অগ্রগমন নিশ্চিত করার ব্যবস্থা আন্তরিকভাবে অনুসরণ করেছেন। গ্রামীণ ক্ষেত্রে সাফল্য এই সম্ভাবনাকে আরও উজ্জ্বল করেছে। ফলশ্রুতি

হিসাবে দেশিয় বাজারের বৃদ্ধি, ভারতের পূর্বভাগে এক বিশাল পশ্চাদ ভূমির অবস্থান, দক্ষিণ এশিয়া ও এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ক্রমবর্দ্ধমান আর্থিক সফল দেশগুলির নৈকট্য আমাদের রাজ্যের স্বাভাবিক অবস্থানগত সুবিধা ও শিল্প বিনিয়োগ সম্ভাবনা বৃদ্ধি করেছে। কলকাতা শহরাঞ্চল আগেও এবং এখনো এই অঞ্চলের আর্থিক ক্রিয়াকান্ডের মুলকেন্দ্র। সামাজিক, ব্যবসায়িক ও বাস্তব পরিকাঠামো, রাজনৈতিক স্থিরতা এর সঙ্গে দ্রুত শিল্পোয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ সরকার, বিদ্যুতের ক্ষেত্রে প্রভুত উন্নতি তৎসহ পূর্ববর্ণিত শিল্প বিকাশের সহায়ক উপাদান সমূহ পশ্চিমবঙ্গকে জাতীয় ও বিদেশি পুঁজি বিনিয়োগের একটি আকর্ষক স্থান করে তুলেছে। বিদেশি কর্পোরেট পুঁজি বিনিয়োগের ক্ষেত্রে রাজ্য সরকার পারস্পরিক সুবিধার সুনির্দ্দিষ্ট নীতি দ্বারা পরিচালিত। রাজ্য সরকার শিল্প ক্ষেত্রে দ্রুত উন্নতির স্বার্থে মনে করে যে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিযোগিতার উপযুক্ত হওয়ার জন্য বিদেশ থেকে প্রযুক্তি ও পুঁজি বিনিয়োগের একান্ত প্রয়োজন। রাজ্য সরকার আরও মনে করে যে সার্বিক শিল্পোন্নয়নের স্বার্থে রাষ্ট্রায়ত্ত, যৌথ এবং বেসরকারি সকল ক্ষেত্রের অতি প্রয়োজনীয় ভূমিকা রয়েছে। এই পর্বে মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক সেপ্টেম্বর ১৯৯৪ সালে ঘোষিত শিল্প বিনিয়োগের নীতি বিষয়ক বিবৃতির প্রতি মাননীয় সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিবৃতি শিল্পোন্নয়নের বিষয়ে আমাদের সরকারের গৃহীত ব্যবস্থারই পুনরাবৃত্তি। আমাদের নীতি এবং সহায়ক সুবিধাবলীর প্রতি পুঁজিপতিদের মনোভাব নিঃসন্দেহে উৎসাহব্যঞ্জক।

১.৬ চা, পাট, বস্ত্র, ইঞ্জিনিয়ারিং, কয়লা, পেট্রল, লৌহ ও ইস্পাত, রসায়ন ও ঔষধ ইত্যাদি চিরাচরিত শিল্পের উন্নয়নেও রাজ্য সরকার প্রয়াসী হয়েছে। বিভিন্ন দপ্তরের নিরবিচ্ছিন্ন প্রয়াসে বন্ধ শিল্পের পুনরুজ্জীবনের পক্ষে সুচিন্তিত সংস্কারমূলক পদক্ষেপ সম্ভব হয়েছে। যেসব ক্ষেত্রে এই ধরনের সংস্থার সাফল্য জনক ভাবে পুনরুজ্জীবিত হয়েছে, দেখা গেছে কর্মীরা সংস্থার উন্নয়নে সক্রিয় উৎসাহ দেখিয়েছেন এবং কোনও কোনও ক্ষেত্রে মালিকরাও পারস্পরিক শ্রদ্ধা ও সমন্বয়ের দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন। কেন্দ্রীয় সরকারের নীতিগুলির ফলে বৃহৎ ও মাঝারি শিল্প অসুবিধায় পড়েছিল আমরা সেখানে আধুনিক ও আন্তর্জাতিক প্রতিযোগিতা মূলক শিল্প স্থাপনে যথেষ্ট অগ্রগতি লাভ করেছি। যে সব শিল্পের ক্ষেত্রে বেশি জোর দেওয়া প্রয়োজন বলে সরকার স্থির করেছে তা হল পেট্রোকেমিক্যাল, ইলেকট্রনিকস, ইন্‌ফরমেশন টেক্‌নোলজি, ধাতব ও যন্ত্রশিল্প, বস্ত্র, চর্ম, খাদ্য প্রক্রিয়াকরণ, রসায়ন ও ঔষধ খনি ভিত্তিক শিল্প, জেমস্ এবং জুয়েলারি অ্যাকোয়াকালচার এবং পর্যটন সংক্রান্ত।

১.৭ শিল্প সংক্রান্ত সকল বিষয়ে অবিলম্বে প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়গুলি নিশ্চিত করতে আমরা সম্প্রতি প্রতিষ্ঠানিক ব্যবস্থাদি সংস্কার ও শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ব্যবস্থা গ্রহণ করেছি। উন্নয়ন ও সহায়তা সংস্থাগুলিতে সময়বদ্ধ অনুমতি পত্র প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নতুন বিনিয়োগের জন্য একটি আকর্ষনীয় উৎসাহ প্রকল্প ১৯৯৩ সালে চালু করা হয়েছে। ১. ৪. ৯৩ থেকে ৩১. ৩. ৯৬ পর্যন্ত ৪,৮৯৯.৫১ কোটি টাকার বিনিয়োগের জন্য ১১৭টি সংস্থা নথিভুক্ত হয়েছে। তা ছাড়া ৬২১.৫০ কোটি টাকা বিনিয়োগ সম্পন্ন ৪৩টি শিল্পের সম্প্রসারনের প্রস্তাব নথিভুক্ত হয়েছে। আমাদের বিদ্যুৎ পরিস্থিতি সন্তোষজনক এবং আরও উৎপাদনের পরিকল্পনাও নতুন সংস্থাকে উৎসাহ প্রদানের জন্য রাজ্য বিদ্যুতের ক্ষেত্রে এক উৎসাহ প্রকল্প গ্রহণ করেছে যাতে প্রথম ৩ বৎসরের বাণিজ্যিক উৎপাদনে

শতকরা ৪০ ভাগ পর্যন্ত শুল্ক রেহাইয়ের ব্যবস্থা আছে। দেশের কোনও কোনও অংশে নিয়মিত বিদ্যুৎ সরবরাহের অভাব এবং উচ্চ বিদ্যুৎ শুল্কের পরিপ্রেক্ষিতে এখানে প্রতিযোগিতামূলক বিদ্যুতের নিশ্চয়তা এবং উপরোক্ত রেহাই এই রাজ্যে পুঁজি বিনিয়োগের সম্ভাবনা আরও বৃদ্ধি করেছে।

১.৮ শিল্প ও পরিকাঠামোয় পুঁজি বিনিয়োগের প্রস্তাবের বিষয়ে কয়েকটি দপ্তরের বিবেচনা প্রয়োজন হয়, এ ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে সম্প্রতি রাজ্য সরকার মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে একটি ক্যাবিনেট কমিটি অন ইন্ডাস্ট্রি গঠন করেছেন। এতে দ্রুত শিল্পোন্নয়নের জন্য আমাদের সরকারের অকৃত্রিম সদিচ্ছা প্রতিফলিত হয়। এই লক্ষ্য ইতিমধ্যেই রাজ্যের জনগণের সার্বিক সমর্থন লাভ করেছে। শিল্প ও পরিকাঠামো প্রকল্প বাস্তবায়নের বিষয়ে অবিরত দৃষ্টি রাখার জন্য প্রশাসনিক স্তরে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি পুর্নগঠিত হয়েছে। জেলাস্তরে জেলাশাসকের নেতৃত্বে যে কমিটিগুলি গঠিত হয়েছিল তা এখনও কার্যরত। প্রকল্প দ্রুত বাস্তবায়িত করতে সাহায্য করার জন্য বিনিয়োগকারিদের গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করতে ডব্লিউ. বি. আই. ডি. সি.-র পরিকল্পনায় 'শিল্প বন্ধু' নামক এক জানালা সংস্থা কার্যরত। রাজ্য সরকার বিভিন্ন চেম্বার অফ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির মতামতকে যথাযথ গুরুত্ব প্রদান করে থাকে এবং সাম্প্রতিককালে বিকশিত এই সৃষ্টিশীল সহযোগিতাকে আরও শক্তিশালী করতে আগ্রহী।

১.৯ সামাজিক ও বাস্তব পরিকাঠামোগত সুবিধার উন্নয়নে যথাযথ গুরুত্ব আরোপিত হয়েছে। বর্তমান পথঘাটের উন্নয়ন, সুপার এক্সপ্রেস্ওয়ে নির্মাণ, নতুন নগরায়ন ইত্যাদি কার্য রাজ্য সরকার নিয়ন্ত্রিত বিভিন্ন সংস্থা ও বিভাগ দ্বারা শুরু হয়েছে। দুর্গাপুরে আনুমানিক ১৪ কোটি টাকা ব্যয়ে একটি রপ্তানি উন্নয়নমূলক শিল্প এলাকা প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। আনুমানিক ৪৫০ কোটি টাকা ব্যয়ে সহায়তা প্রাপ্ত ক্ষেত্রে কলকাতার পূর্বপ্রান্তে অনাবাসী ভারতীয়দের জন্য একটি আবাসিক তথা বাণিজ্যিক কমপ্লেক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ১৯৯৪ সালে সরকারি ইন্‌ফ্রাস্ট্রাকচার কমিটি তার রিপোর্ট পেশ করেছে। এর কয়েকটি সুপারিশ সার্থকভাবে গ্রহণ করার জন্য অব্লিউ. বি. আই. ডি. সি. এবং আই. সি. আই.-সি. আই. মিলে যৌথ ক্ষেত্রে আই. উইন. (I-WIN) নামে একটি কোম্পানি গঠন করেছে। নতুন পরিকাঠামো প্রকল্প প্রস্তাবনা ও অর্থযোগানের ব্যাপারে এই সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সম্প্রতি বেসরকারি ক্ষেত্রে কলকাতা থেকে হলদিয়া পর্যন্ত একটি অতিদ্রুতগতি সম্পন্ন ফেরি সার্ভিস চালু হয়েছে। যৌথক্ষেত্রে কেটি ছোট বন্দর নিমার্ণ প্রকল্প ডব্লু. বি. আই. ডি. সি. এবং মেঃ কেভেন্টার অ্যাগ্রো লিঃ গৃহীত হয়েছে। ১৯৯৫ সালে সি. আই. আই. নিয়োজিত আর্থার ডি. লিটল এবং ইন্ডিয়ান চেম্বার অব কমার্স নিয়োজিত প্রাইসওয়াটার হাউসের মতো বিশ্বখ্যাত উপদেষ্টা সংস্থার রিপোর্ট রাজ্যের উৎসাহ ব্যঞ্জক বিনিয়োগের প্রেক্ষাপট বিবৃত হয়েছে এবং এতে রাজ্য উপকৃত হয়েছে। নির্দিষ্ট শিল্পক্ষেত্রে বিনিয়োগ আকর্ষণের জন্য শিল্প সম্ভাবনা ও পরিকাঠামোগত প্রয়োগের নিরিখে জেলাওয়ারি একটি সমীক্ষা করার জন্য রাজ্য সরকার সম্প্রতি টোকিও ভিত্তিক খ্যাতনামা উপদেষ্টা সংস্থা মেঃ পার্থ এস্ ঘোষ অ্যান্ড অ্যাশোসিয়েটস্‌কে নিয়োগ করেছে। এই সমীক্ষা ইঙ্গিত করবে রাজ্যের বিভিন্ন জেলায় কি ধরনের শিল্প গঠিত হতে পারে এবং এই সুপারিশগুলির সঙ্গে মূলত বৃহৎ ও মাঝারি ও

শিল্প স্থাপন প্রকল্পের রূপরেখা থাকবে। এছাড়া শিল্পোন্নয়নের স্বার্থে পরিকাঠামোগত সুবিধাদি উন্নয়নের জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করেছে।

১.১০ রাজ্য সরকারের নূতন প্রবর্তিত নীতিগুলি রাজ্যে শিল্প বিনিয়োগ প্রস্তাবের নিয়মিত বৃদ্ধি সম্ভব করেছে। ১৯৯৫ সালে বিভিন্ন ধরনের শিল্প অনুমোদনের সংখ্যা ছিল ৩৮৭, যেগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ১০,২৬২ কোটি টাকা যা কিনা আগের বছরের মোট বিনিয়োগের চেয়ে প্রায় ৪৬৯ শতাংশ বেশি। এগুলির মধ্যে ৮০টি শিল্প প্রকল্প নির্মিয়মান অবস্থায় রয়েছে যার মোট বিনিয়োগ পরিমাণ ২,২৪০ কোটি টাকা। প্রকৃতপক্ষে রাজ্যে শিল্প উৎপাদন কার্যাদির মাধ্যমে, রাজ্যে শিল্পোৎপাদনের সার্বিক সূচক ১৯৯৩-৯৪ সালের ২.৯ শতাংশ থেকে ১৯৯৪-৯৫-তে ৫.৯ শতাংশে পৌঁছেছিল এবং এখন ১৯৯৫ সালে অত্যন্ত দ্রুতভাবে বৃদ্ধি পেয়ে ৮.৩ শতাংশে দাঁড়িয়েছে। উল্লেখ করা যেতে পারে যে এই রাজ্যে ১৯৬৫-৬৬ থেকে ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত, এই তিরিশ বছরে এই বৃদ্ধির হার সর্বোচ্চ। যদি এই ধারা চলতে থাকে তাহলে আগামী আর্থিক বছরে শিল্পোৎপাদনের হার ১০ শতাংশের চেয়েও বেশি বৃদ্ধি পাবে।

১.১১ বিগত বছরে আমেরিকা যুক্তরাষ্ট্র, ব্রিটিশ যুক্তরাজ্য, জাপান, ডেনমার্ক, দক্ষিণ আফ্রিকা, অস্ট্রেলিয়া ইত্যাদি বিভিন্ন রাজ্য থেকে উচ্চ ক্ষমতাসম্পন্ন বহুসংখ্যক শিল্প ও বাণিজ্যিক প্রতিনিধি দল এই রাজ্যে আসেন এবং রাজ্য সরকার ও বিভিন্ন বণিক সম্প্রদায়ের সঙ্গে আলোচনা করেন। আমাদের রাজ্য থেকেও অনেক প্রতিনিধি দল বেশ কয়েকটি রাজ্যে যেমন জাপান, চীন, আমেরিকা যুক্তরাষ্ট্র, জার্মানি, হল্যান্ড, ব্রিটিশ যুক্তরাজ্য প্রভৃতি রাজ্যে সফর করেন যাতে ঐ রাজ্যগুলি থেকে বিনিয়োগ আকর্ষণ করা যায়।

১.১২ ১৯৯৫ সালে ফলতা রপ্তানি বাণিজ্য অঞ্চলে ২৫৭৫ লক্ষ টাকার বিনিয়োগ সম্বলিত ৯টি প্রকল্প রূপায়িত হয়েছে। এই অঞ্চলে বর্তমানে চালু ইউনিটের সংখ্যা ৩০, যার মোট বিনিয়োগের পরিমাণ ১৬০ কোটি টাকার মতো। আরও ২০টি ইউনিট যেগুলিতে মোট অনুমিত বিনিয়োগের পরিমাণ ১৫০ কোটি টাকার মতো, রূপায়ণের বিভিন্ন স্তরে আছে। এই অঞ্চলে ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৯৬ সালের মার্চের শেষ পর্যন্ত মোট রপ্তানির পরিমাণ প্রায় ১৯৬ কোটি টাকা। যদিও এটি একটি কেন্দ্রীয় প্রকল্প তথাপি রাজ্যে শিল্প বিকাশের স্বার্থে এর প্রভাবের কথা মাথায় রেখে রাজ্য সরকার এই বাণিজ্য কেন্দ্রের ওপর সবিশেষ গুরুত্ব আরোপ করেছে। রাস্তা নির্মাণ, বিদ্যুৎ সংযোগ ব্যবস্থা, শিল্প বিকাশ কেন্দ্র স্থাপন প্রভৃতির মতো সামাজিক ও অন্যান্য পরিকাঠামোগত সুবিধাদি রাজ্য সরকার এই বাণিজ্যিক অঞ্চলের পরিমণ্ডলের চারপাশেও সম্প্রসারিত করেছে।

১.১৩ রাজ্য সরকার স্থাপিত ফলতা শিল্প বিকাশ কেন্দ্রে বহু সংখ্যক শিল্প গড়ে উঠেছে। এই বিকাশ কেন্দ্রের সমস্ত জমি বণ্টিত হয়ে গেছে। ২৫টি শিল্প ইউনিটকে জমি বন্টন করা হয়েছে এবং ১৯টি শিল্প ইউনিটকে শিল্প স্থাপনের জন্য সেড্‌·বিলি করা হয়েছে। জমির উন্নয়ন, জল নিকাশি ব্যবস্থা, জলও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, গৃহ নির্মাণ, সকলের ব্যবহারের জন্য সুযোগ সুবিধা প্রদানকারী কেন্দ্র (কমন্‌ ফেসিলিটিস সেন্টার) প্রভৃতি উন্নয়নমূলক কাজ এই শিল্প বিকাশ কেন্দ্রে সম্পূর্ণভাবে শেষ হয়েছে।

১.১৪ পাট শিল্পের ক্ষেত্রে ভারত সরকারের নীতি সহায়ক নয়। বি. আই. এফ, আর, কর্তৃক পুনর্বাসন প্রকল্প অনুমোদনের চিরাচরিত দীর্ঘসূত্রতার কারণে পাট আধুনিকীকরণ ভান্ডার প্রকল্প এবং পাট বিশেষ উন্নয়ন ভান্ডার প্রকল্প পাট শিল্পের পুনরুজ্জীবনে উল্লেখযোগ্য কোনও ভূমিকা নিতে পারেনি। পাট আধুনিকীকরণ ভান্ডার প্রকল্পটি বিলুপ্ত করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান ও ব্যাঙ্কগুলির উদাসীনতা এবং ছুঁৎমার্গীয় মনোভাবের ফলে রুগ্ন পাটকলগুলির পক্ষে কার্যকর কোনও প্রকল্প অনুমোদন করানো দুরুহ হয়ে দাঁড়ায়। রাজ্যের শিল্প ও অর্থনীতিকে সুরক্ষিত করতে এবং এই শিল্পে নিযুক্ত হাজার হাজার শ্রমিক কার্মচারির জীবিকা রক্ষা করতে রাজ্য সরকার বি. আই. এফ. আর., বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান ও ব্যাঙ্ক কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রেখে চলেছেন, যাতে করে পুনর্বাসন প্রকল্পগুলির দ্রুত ইতিবাচক নিষ্পত্তি হয়। রাজ্য সরকারের দিক থেকে বি. আই. এফ. আর এর পুর্নবাসন প্যাকেজে কয়েকটি রুগ্ন পাট কলে পুনরুজ্জীবনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ উৎসাহদান প্রকল্প, ১৯৯৩, থেকে আর্থিক সহায়তা প্রদানে রাজ্য সরকার সম্মত হয়েছে।

১.১৫ বার বার বলা হয়েছে যে, চা শিল্পের, মালিকরা তাদের অর্জিত মুনাফা এই শিল্পের প্রসারে পুনর্লগ্নী করছে না। রাজ্য সরকারের পক্ষ থেকে এই শিল্পকে তেজী করতে কলকাতায় নীলামের জন্য আনা চায়ের উপর প্রবেশ কর বিলোপ করা হয়েছে, কৃষি আয়করের ক্ষেত্রে সুবিধা দেওয়া হয়েছে এবং কাঁচা চা পাতার উপর সেস এর হার কমানো হয়েছে। নতুন চা বাগিচাগুলির সম্প্রসারণের জন্য রাজ্য সরকার জেলা ভিত্তিক কমিটি গঠন করেছে, যে কমিটিগুলি এ ব্যাপারে সরকারকে যথাযথ পরামর্শ প্রদান করবে। এই শিল্পের স্বার্থ এবং সেইসঙ্গে এই শিল্পে নিযুক্ত শ্রমিক কর্মচারির স্বার্থ রক্ষা করার ব্যাপারে এই সরকার সদা সতর্ক থাকবে। চা বাগানগুলি আমাদের জাতীয় সম্পদ। পরীক্ষামূলকভাবে পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে চা চাষের পথ-দেশক প্রকল্প গ্রহণ করা হয়েছিল তাতে সুফল দেখা যাচ্ছে কারণ ঝোপগুলি সুস্থ-সমৃদ্ধভাবে বেঁচে আছে। এই পরীক্ষা এরপর সফল হলে চিরাচরিত এলাকার বাইরেও চা-চাষ সম্ভব হবে।

১.১৬ এই রাজ্যের ক্ষেত্রে সম্পূর্ণ নতুন এক সম্ভাবনার সৃষ্টি হয়েছে তা হল রবার চাষ। রবার পর্যদের আধিকারিকগণ উত্তরবঙ্গের জেলাগুলিতে অনুসন্ধান ও সমীক্ষা চালানোর পর জলপাইগুড়ি, দার্জিলিং এবং উত্তর দিনাজপুর জেলার কয়েকটি এলাকাকে রবার চাষের উপযোগী বলে চিহ্নিত করেছেন। কালিম্পং মহকুমার গৈরীবাসে সিঙ্কোনা ও অন্যান্য ভেষজ উদ্ভিদ কৃত্যক এর বিশ একর জায়গায় পরীক্ষামূলকভাবে রবার চাষ শুরুর পরিকল্পনা রয়েছে। দার্জিলিং গোর্খা পার্বত্য উন্নয়ন পরিষদ দার্জিলিং জেলার শুকনাতে রবার পর্যদের তত্বাবধানে দশ হেক্টর জমি রবার চাষের জন্য চিহ্নিত করেছে।

১.১৭ এই সভার মাননীয় সদস্যারা আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মর্যাদা সম্পন্ন হলদিয়া পেট্রোক্যামিক্যালস প্রকল্পের বর্তমান অবস্থা জানতে উদগ্রীব। প্রকল্পটি বাস্তবায়নের প্রাক মুহূর্তে পৌঁছেছে। এটি একটি ন্যাপথা ভিত্তিক প্রকল্প যার অনুমিত প্রকল্প ব্যয় ৫,০০০ কোটি টাকার অধিক হবে এবং প্রত্যক্ষভাবে ১,০০০ লোকের কর্মসংস্থানের সুযোগ আনবে এবং পরোক্ষভাবে অনুসঙ্গ নিম্নমুখি শিল্প (ডাউন স্ট্রিম) ১ লক্ষ ৫০ হাজার লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। মূল প্রকল্পটি স্থাপনের জন্য নির্দিষ্ট জমির মান বিচার (গ্রেডিং), অধিকৃত জমির

চারপাশে বেড়া দেওয়া, কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রকের নির্দেশ অনুযায়ী বৃক্ষরোপণ, নির্মাণকালীন জল ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, নির্মাণকালীন গুদাম তৈরি এবং প্রধান প্রধান রাস্তাগুলির নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে প্রকল্পে উৎপাদিত সামগ্রী রাখার জন্য গুদাম তৈরি, এবং ন্যাপথা ট্যাঙ্কেজের জন্য জমির মান নির্ণয় (গ্রেডিং), রাস্তা নির্মাণ, জল নিষ্কাশনের (ড্রেন) এবং কালভার্ট, স্থানীয় অফিস, পাঁচিল তৈরির কাজগুলির অগ্রগতি হচ্ছে।

১.১৮ সমস্ত প্রযুক্তি সরবরাহকারী নির্বাচন করা হয়েছে এবং সমস্ত প্ল্যান্টগুলির জন্য প্রসেস ও বেসিক্ ইঞ্জিনিয়ারিং এর কাজগুলি প্রযুক্তি সরবরাহকারিদের আমেরিকা যুক্তরাষ্ট্র, জার্মানি, ইটালি এবং ফ্রান্সের অফিসগুলিতে সম্পন্ন হতে চলেছে। মূল ন্যাপথা ক্র্যাকার প্ল্যান্টের জন্য প্রবেশ ও বেসিক্ ইঞ্জিনিয়ারিং প্যাকেজের প্রথম দফার কর্মসূচি পর্যালোচনা করার জন্য পাওয়া গেছে। অন্য সকল প্ল্যান্টগুলি প্রসেস ও বেসিক ইঞ্জিনিয়ারিং প্যাকেজগুলি ক্রমান্বয়ে সময়সূচি অনুযায়ী এ বছরের জুলাই থেকে অগাস্ট মাসের মধ্যে পাওয়া যাবে।

১.১৯ রাজ্য সরকার এবং যৌথ উদ্যোগটির অন্যান্য সহযোগীরা (কো-প্রমোটারস) যথাক্রমে ১৬১ কোটি টাকা এবং ১৩১ কোটি টাকা প্রকল্পটিতে ইক্যুইটি বাবদ জমা দিয়েছেন। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অব্ ইন্ডিয়া (আই. ডি. বি. আই) থেকে সুনির্দিষ্ট গ্যারান্টি শীঘ্রই আশা করা যাচ্ছে এবং তার পাওয়ার সঙ্গেই প্রকল্পটির মূল ন্যাপথা ক্র্যাকার প্ল্যান্টটি প্রকৃত রূপায়ণের কাজ শুরু হবে এবং এর দ্বারা এই বৃহৎ শিল্পোদ্যোগকে কেন্দ্র করে জনগণের বহুদিনের প্রত্যাশা পূরণের প্রক্রিয়াও শুরু হবে।

১.২০ পলিপার্ক ও তার অনুষঙ্গ নিম্নমুখি শিল্পের উন্নয়ন পরিকল্পনা এমনভাবে শুরু হয়েছে যাতে মুখ্য ইউনিটটির কাজ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে এইসব শিল্প ইউনিটও প্রস্তুত থাকে।

২

২.১ এখন আমি শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীন বিভিন্ন কর্পোরেশন ডাইরেক্টরেট ও অন্যান্য অফিস দ্বারা বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের একটি সংক্ষিপ্ত বর্ণনা দেব। প্রথমেই আমি সভার কাছে নিবেদন করতে চাই যে, দপ্তরের সকল সংস্থা, কর্পোরেশন ও ডাইরেক্টরেটকে শিল্পায়নের প্রচন্ড গতির সঙ্গে সামঞ্জস্য বিধান করার জন্য উপযুক্ত করে তুলতে হবে। আমরা এইসব কার্যনির্বাহী সংস্থাগুলি পুনর্গঠিত করে প্রয়োজনীয় কার্যকারিতার স্তরে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করেছি।

২.২ পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম এ রাজ্যে শিল্পের দ্রুত ও সুনিয়ন্ত্রিত সংস্থাপন, বৃদ্ধি এবং উন্নয়নের ক্ষেত্রে মূল ভূমিকা পালন করে আসছে।

২.৩ ১৯৯৪ সালের নভেম্বর মাস থেকে ১৯৯৬ সালের মে মাস পর্যন্ত ডব্লিউ. বি. আই. ডি. সি. সহযোগিতায় ২৬১.৪৯ কোটি টাকা বিনিয়োগে সম্বলিত ২২টি শিল্প প্রকল্প বাস্তবায়িত হয়েছে যেগুলিতে ১,৫১৭ জনের কর্মসংস্থান হয়েছে। এইসব বাস্তবায়িত প্রকল্পগুলির মধ্যে আছে ফলতায় অ্যালকোয়া ইণ্ডাস্ট্রিয়াল কেমিক্যালের ১০০ কোটি টাকার সিন্থেটিক রেড অক্সাইড প্রকল্প, ডেল্টা কর্পোরেশন লিমিটেডের ৪৫ কোটি টাকার অ্যালয় স্টিল কাস্টিংস

অ্যান্ড ইণ্ডাস্ট্রিয়াল ভাল্‌ভ্‌স প্রকল্প এবং বারাসতে মেট্রো ডেয়ারির ৫৯ কোটি টাকার দুগ্ধজাত দ্রব্য প্রকল্প। এছাড়া আরও ২৯টি শিল্প প্রকল্প ৫৯৫.২৮ কোটি টাকার বিনিয়োগ এবং ৩,১৯১ জনের কর্মসংস্থানসহ আগামী কয়েক মাসের মধ্যে ডব্লিউ. বি. আই. ডি. সি. সহায়তায় উৎপাদন শুরু করবে। এছাড়া ১১,৭৯১ কোটি টাকা ব্যায়ে ২৬টি বৃহৎ প্রকল্প প্রস্তুতির পর্যায়ে আছে।

২.৪ বৃহৎ পুঁজি বিনিয়োগে শিল্পোদ্যোগীদের আকৃষ্ট করার জন্য প্রকল্পের রূপরেখা রচনায় টাটা কনসালটেন্সির সাহায্য গ্রহণ করা হয়েছে। এইসব প্রকল্পের রূপরেখার সাহায্যে ডব্লিউ. বি. আই. ডি. সি. ইতিমধ্যেই কিছু বৃহৎ শিল্পোদ্যোগীর সঙ্গে শিল্পোদ্যোগ স্থাপনের জন্য সমঝোতাপত্র স্বাক্ষর করেছে।

২.৫ ১লা নভেম্বর ১৯৯৪ থেকে ৩১শে মে ১৯৯৫-র মধ্যে ডব্লিউ. বি. আই. ডি. সি. পরিচালিত পুনর্গঠিত শিল্প বন্ধু ৮০৮টি সংস্থার সমস্যা বিবেচনা করেছেন যার মধ্যে ৭৫৮টি নতুন সংস্থা এবং ৫০টি বর্তমান সংস্থা এবং প্রায় ২২,৫০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব ছিল। এর অধিকাংশেরই সমস্যার নিষ্পত্তি করা হয়েছে।

২.৬ ডব্লিউ. বি. আই. ডি. সি. হ্যানোভার প্রদর্শনীতে বিভিন্ন শিল্পসংস্থার অংশগ্রহণের ব্যবস্থা করে এবং উৎসাহব্যঞ্জক সাড়া পায়।

২.৭ পরিবর্তিত পরিস্থিতির প্রয়োজনে ডব্লিউ. বি. আই. ডি. সি. তার কার্যক্রম মার্চেন্ট ব্যাঙ্কিং, রপ্তানিক্ষেত্র এবং ভেঞ্চার ক্যাপিটাল ফাণ্ড ইত্যাদি ক্ষেত্রেও বিস্তৃত করেছে।

২.৮ পশ্চিমবঙ্গ বৈদ্যুতিক শিল্প উন্নয়ন (WEBEL) নিগম 'পরিকাঠামো ও সংস্থাপন' বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। পরিবর্তিত জাতীয় প্রেক্ষাপট ও রাজ্য সরকার কর্তৃক শিল্পায়ণ নীতিতে বিশেষ গুরুত্ব প্রদানের ফলে পরিকাঠামো নির্মাণ ও সংস্থা নির্মাণ আরও গুরুত্ব লাভ করেছে। ইনফিনিটি-দি ইন্টেলিজেন্ট সিটি প্রকল্প সন্তোষজনক প্রগতি লাভ করেছে। কর্পোরেশন বর্তমানে ওয়াক-ইন-এর সুবিধা প্রবর্তনের ব্যবস্থা করেছে। এই সুবিধার চাহিদা প্রচুর বৃদ্ধি পাচ্ছে। সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্স সব জমি বন্টিত হয়ে গেছে এবং স্ট্যাণ্ডার্ড ডিজাইন ফ্যাক্টরি বিল্ডিংয়ের সকল স্থান পূর্ণ হয়ে গেছে, উপযোগিতার ভিত্তিতেই এর চাহিদা। সংস্থা নির্মাণের ক্ষেত্রে এশিয়ান ইন্‌স্টিটিউশন অব মিডিয়া স্ট্যাডিজ, গ্লোবাল স্কুল অব আই টি এক্সলেন্স (GSITE) এবং কম্যুনিকেশন অ্যাণ্ড আই. টি. ইউনির্ভাসিটি স্থাপনের উদ্যোগে কর্পোরেশন রত আছে।

২.৯ ওয়েবেল পরিবারের কোম্পানিগুলির মধ্যে ইন্টারন্যাশানাল ফেরাইট্‌স্ লিঃ, পূর্বতন ওয়েবেল সেরামিক্স লিঃ,-এর সম্প্রসারণ প্রকল্প সন্তোষজনক অগ্রগতি লাভ করছে। ১৯৯৫-৯৬ সালে এই কোম্পানির টার্নওভার ছিল ৬.৬২ কোটি টাকা যার বেশিরভাগই রপ্তানি থেকে এসেছে।

২.১০ ইতালির হেলিয়োস টেকনোলজি স্পার সঙ্গে গঠিত যৌথ সংস্থা ওয়েবেল এস এল এনারজি সিস্টেম্‌স্ লিঃ বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে। এবং ওয়েফার স্লাইসিং প্রকল্প গ্রহণ করেছে। এটি ওয়েবেলের আরেকটি রপ্তানিকারী ইউনিট।

২.১১ ওয়েবল মিডিয়াট্রনিক্স মাল্টি মিডিয়া এবং ডেস্কটপ পাবলিসিং ইত্যাদি স্টুডিও সুযোগের পরবর্তী ধাপের উৎপাদন করে তাদের কাজের ধারা ভিন্নমুখি করেছে। এই উৎপাদনের জন্য সমগ্র পূর্বভারতে সর্বপ্রথম একটি অত্যাধুনিক সম্পূর্ণভাবে ডিজিটাল সুবিধা সমন্বিত কারখানা গড়ে তুলেছে। কোম্পানিটি তাদের প্রকল্পটি নরওয়ের মেসার্স সিম্-অডিয়োর সহযোগিতায় রূপায়িত করেছে।

২.১২ সাহায্য গ্রহণকারী সংস্থাগুলিকে বাদ দিয়েও ওয়েবেল পরিবারের কোম্পানিগুলির গতবছরে মোট টার্নওভার ছিল ১১৫.৩৪ কোটি টাকা। পারটেক কম্প্যুটারস্ লিমিটেড ওয়েবল কার্বন এবং মেটাল ফিল্ম রেসিটরস্ লিমিটেডের যৌথ উদ্যোগে সহযোগি হিসাবে যোগ দিয়েছে, যাতে করে অত্যাধুনিক কম্প্যুটার তৈরি করা সম্ভব হয়। পশ্চিমবঙ্গে শিল্প উন্নয়নের পুনরুত্থানের পরিপ্রেক্ষিতে ওয়েবল এই রাজ্যে ইলেকট্রনিক্স শিল্প গড়ে তোলার জন্য অনেক অনুরোধ পাচ্ছে। ইউরোপের সর্ববৃহৎ ক্রিস্টাল প্রস্তুতকারী কোম্পানি, টেলি কোয়ার্টজের সঙ্গে সল্টলেকে বৃহৎ আকারে ক্রিস্টাল তৈরির ইউনিট স্থাপনের উদ্যোগের লক্ষ্যে যোগাযোগ অনেকদূর অগ্রসর হয়েছে। সেমা (এস্. ই. এম. এ) ইউরোপের সফটওয়্যার ও সিস্টেম স্থাপনকারী সংস্থাগুলির মধ্যে বৃহত্তম। এই কোম্পানি কর্পোরেশনের সঙ্গে সফ্টওয়্যার উন্নয়নের জন্য একটি ইউনিটস্থাপনের উদ্দেশ্যে চুক্তিপত্র সই করেছে। দি. সেন্টার ফর ইলেকট্রনিক্স টেস্ট ইঞ্জিনিয়ারিং (সি. ই. টি. ই.) নামক ইন্দো-জার্মান কারিগরি শিক্ষা প্রদানের প্রকল্পটি একটি ইন্দো-জার্মান বিশেষজ্ঞ দল সমীক্ষা করেন। এই প্রকল্পটি ভবিষ্যতে সম্প্রসারনের জন্য সন্তোষজনক সুপারিশ পেয়েছে।

২.১৩ অন্য দেশগুলি এবং বিভিন্ন কোম্পানি ও সংস্থাগুলির সঙ্গে মিলনের সেতুবন্ধনের উদ্দেশ্য নিয়ে কর্পোরেশন 'গেটওয়ে-৯৫' সাফল্যমন্ডিত প্রদর্শনীর পর এ বছরে নেতাজী ইন্ডোর স্টেডিয়াম এলকম্প (ই. এল. সি. ও এম. পি.) ৯৬ প্রদর্শনীর ব্যবস্থা করেছিল। এই প্রদর্শনীতে দেশিয় ও বিদেশি বিভিন্ন কোম্পানি যোগদান করা ছাড়াও বিশ্ববিখ্যাত বক্তাদের নিয়ে একটি তিন দিনের সেমিনার অনুষ্ঠিত হয়েছিল। এই সব প্রচেষ্টার ফলে সল্ট লেকের আশে পাশে জমি এবং পরিকাঠামো সম্বলিত জায়গার জন্য বিভিন্ন সংস্থার কাছ থেকে বহু অনুরোধ পাওয়া যাচ্ছে।

২.১৪ শিল্প নির্মাণের জন্য ক্রমবর্দ্ধমান জমির চাহিদা মেটানোর প্রয়োজনে পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন পর্যদের নিজস্ব আইন মোতাবেক বিভিন্ন জায়গায় জমি অধিগ্রহণ করার জন্য পদক্ষেপ নিয়েছে। দক্ষিণ ২৪ পরগনার ফলতা গ্রোথ সেন্টার এবং হাওড়ার উলুবেড়িয়া গ্রোথ সেন্টারের প্রায় সমস্ত জমিই শিল্প স্থাপনের জন্য বিলি বন্টন বা চিহ্নিত করা হয়েছে, সেই কারণে উক্ত গ্রোথ সেন্টার দুটিতে সম্প্রসারনের ব্যবস্থা নেওয়া হচ্ছে। ফলতা এবং উলুবেড়িয়া এই দুটি গ্রোথ সেন্টার যথাক্রমে ২৮৯ একর এবং ২৬১ একর জমি অধিগ্রহণ সংক্রান্ত প্রস্তাব গ্রহণ করা হয়েছে। এ ছাড়াও হুগলি জেলার খন্যানে ২২৫ একর জমি অধিগ্রহণের ব্যবস্থা নেওয়া হচ্ছে।

২.১৫ অদূর ভবিষ্যতে বীরভূম, মালদা এবং জলপাইগুড়ি এই তিনটি জেলায় বৃহদাকার শিল্পবিকাশ কেন্দ্র (মেগা গ্রোথ সেন্টার) সংস্থাপনের আশা করা যায়। যদিও উক্ত গ্রোথ

সেন্টারগুলির প্রকল্প প্রতিবেদন এখনো ভারত সরকারের অনুমোদন পায়নি, তবে এই রিপোর্টগুলির অর্থনৈতিক দিকটি ভারত সরকারের বিবেচনার শেষ পর্যায়ে আছে।

২.১৬ গ্রোথ সেন্টারগুলির জমির বন্টন ব্যবস্থার দিকটি খুবই আশাব্যাঞ্জক। ফলতা এবং উলুবেড়িয়ায় প্রায় সমস্ত জমিই বন্টন বা বন্টনের সিদ্ধান্ত হয়ে গেছে। উত্তরবঙ্গের গ্রোথ সেন্টারগুলির উন্নয়নকৃত চাহিদাও বিশেষভাবে বৃদ্ধি পেয়েছে।

২.১৭ গ্রেটার ক্যালকাটা গ্যাস সাপ্লাই কর্পোরেশন লিমিটেড, কলিকাতা এবং হাওড়ার শিল্পাঞ্চলে উৎপাদিত গ্যাসের বাণিজ্যিক সরবরাহে বাস্তবিকই উন্নতি লাভ করেছে। হুগলি ও বর্দ্ধমান জেলাতেও তাদের গ্যাসের বাণিজ্যিক সরবরাহের চেষ্টা চালানো হচ্ছে। বি. টি. রোডের কোনও একটি কারখানার কয়লা প্রজ্জ্বলিত চুল্লিকে কোল গ্যাস চুল্লিতে রূপান্তর করায় পর্ষদ হাওড়ার শিল্পাঞ্চলে বাণিজ্যিক সরবরাহের জন্য প্রবেশ করতে সক্ষম হয়েছে। হাওড়ার প্রায় ৩২টি রি-রোলিংমিল গ্যাস নেবার জন্য জি. সি. জি. এস. সির সাথে চুক্তিবদ্ধ হয়েছে। গ্যাস পাইপলাইন বসানোর কাজ এগিয়ে চলেছে। জি. সি. জি. এস. সির আরও একটি উল্লেখযোগ্য অবদান হল ইন্ডিয়ান অ্যালুমিনিয়াম কোম্পানি লিঃ-এর জুন মাসে এই কাজ সমাপ্তির লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। বর্তমানে গ্যাস সরবরাহ ক্ষমতা ৩ এম. সি. এফ. ডি. আছে। হাওড়া শিল্পাঞ্চলের সাথে ইন্ডাল এর এবং কলিকাতার আশেপাশে অন্যান্য শিল্প গ্রাহকের সংযোজন হওয়ায় এই সরবরাহ সেপ্টেম্বর/অক্টোবর, ১৯৯৬ এর মধ্যে ৬-৭ এম. সি. এফ. ডিতে উন্নীত হবে বলে আশা করা যায়।

২.১৮ এই কোম্পানি বার্নার তৈরি এবং বিক্রয়ের কাজ ইতিমধ্যেই শুরু করে দিয়েছে। ব্রিজ অ্যান্ড রুফ কো. (ইন্ডিয়া) লি. রাজাবাজারের দুটি গ্যাস হোল্ডার মেরামতির কাজ শুরু করেছে যা জুলাই ১৯৯৬-এর মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

২.১৯ পশ্চিমবঙ্গের চা উন্নয়ন নিগমের বর্তমানে পাঁচটি চা বাগিচায় তৈরি চায়ের মোট উৎপাদন ১৯৯৪-৯৫ সালে ৫.২৭ লক্ষ কেজি থেকে বেড়ে ১৯৯৫-৯৬ সালে ৫.৭৬ লক্ষ কেজিতে দাঁড়িয়েছে।

২.২০ প্রতি কেজি চায়ের গড় বিক্রয়মূল্য ঊর্দ্ধমুখী থাকায় দার্জিলিং চা'-এর বাজার দর খুবই অনুকুল এবং উৎসাহব্যাঞ্জক ছিল। ১৯৯৪-৯৫ সালে যেখানে প্রতি কেজি চা এর দাম ৯৫.৩৫ টাকা ছিল তা বৃদ্ধি পেয়ে ১৯৯৫-৯৬ সালে প্রতি কেজি গড়ে ১৩৩.৬৫ টাকা হয়েছে। জার্মানিতে চায়ের সরাসরি রপ্তানির জন্যই চায়ের এই ঊর্দ্ধমূল্য। নিগমের উঁচুমানের চা-এর জন্যই ১৯৯৫-৯৬ সালে ১২১.০০ লক্ষ টাকার বিনিময়ে ৩২,০০০ কেজি দার্জিলিং চা জার্মানিতে রপ্তানি করা হয়েছে। যেখানে ১৯৯৪-৯৫ সালে ৩০.৭৬ লক্ষ টাকার বিনিময়ে ১১,৪৮৫ কেজি চা রপ্তানি করা হয়েছিল। নিগমের নিরবিচ্ছিন্ন প্রচেষ্টার ফলে আগামী বছরগুলিতে আরও উচ্চমানের দার্জিলিং চা উৎপন্ন হবে বলে আশা করা যায় যার ফলে নিগম আভ্যন্তরীণ বিক্রয়ে উচ্চমূল্য পাবে ও আরও অধিক রপ্তানিতে সক্ষম হবে।

২.২১ ডুয়ার্সের চা বাগানগুলির উৎপাদিত চা'-এর বিক্রয়মূল্যও ১৯৯৪-৯৫ সালের প্রতি কেজি চা-এর গড় মূল্য ৩৫.০৩ টাকা থেকে বেড়ে ১৯৯৫-৯৬ সালে প্রতি কেজি চা-এর গড়মূল্য দাঁড়িয়েছে ৪৮.৯৪ টাকা। ডুয়ার্সের সি. টি. সি. চার গড়মূল্য বৃদ্ধির কারণও

উচ্চমানের চা এই কারণেই নিগমের উৎপন্ন চা-এর বিক্রয়মূল্য ১৯৯৪-৯৫ সালে ২৮৬.২৩ লক্ষ টাকা থেকে ১৯৯৫-৯৬ সালে বেড়ে ৪৩৭.৪২ লক্ষ টাকায় দাঁড়িয়েছে।

২.২২ ১৯৯৬-৯৭ সালে নিগম চা বাগানের উৎপাদন ও গুণগতমানের সার্বিক উন্নয়নের জন্য নানাবিধ প্রচেষ্টা চালিয়ে যাবে। চা-এর উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে নিগম বিবিধ উন্নয়নমূলক কর্মসূচির মধ্যে রয়েছে নূতন চারা গাছ রোপণ, বিস্তার, পুনঃ রোপণ, খালি জায়গায়গুলির ব্যবহার, গাছের সংরক্ষণ এবং পুষ্টিকরণ, নার্সারি তৈরি, জল সরবরাহ এবং বেড়া প্রদান। গুণগতমানের উন্নয়নের কর্মসূচি হিসাবে নিগম বর্তমান কারখানাগুলির পর্যানুক্রমিক আধুনিকীকরণ এবং পরিবাহী গাড়িসহ অন্যান্য যন্ত্রপাতির উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করেছে।

২.২৩ ওয়েস্ট বেঙ্গল ফার্মাসিউটিক্যাল এবং ফাইটোকেমিক্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন এর নদীয়ার কল্যাণীতে, দক্ষিণ ২৪ পরগনার বেহালাতে দুটি উৎপাদন ইউনিট আছে। এছাড়াও জলপাইগুড়ির তবলপাড়াতে একটি ফাইটোকেমিক্যাল কমপ্লেক্স আছে।

২.২৪ উত্তরবঙ্গের চা বাগানগুলিতে চা চাষের প্রয়োজনে ব্যবহারের জন্য নিগম তার জলপাইগুড়িস্থ ফাইটোকেমিক্যাল কমপ্লেক্সে এন-ট্রাই কন্টানল' ফর্মুলেশন যেমন ফাইটোনল জি. আর. ও ফাইলোনাল এম. আই. চায়ের জন্য এবং রাজ্যের কৃষিক্ষেত্রের জন্য ফাইটোনল এম. আই. প্রস্তুতিকরণে বিশেষ সাফল্য লাভ করেছে। এই সামগ্রীর ভাল চাহিদা থাকায় এর উৎপাদনে এ যাবৎ ভাল ফলই পাওয়া গেছে।

২.২৫ 'ফাইটোফ্রেস' ও ফাইটোস্প্রে' চাহিদা বৃদ্ধির ফলে বেহালার হাউস হোল্ড ইউটিলিটি ইউনিটে এই সামগ্রীর উৎপাদন বৃদ্ধির জন্য অতিরিক্ত যন্ত্রপাতি বসানো হয়েছে। উত্তরবঙ্গের আসাম এবং ভারতের উত্তরপূর্বাঞ্চলে এই সামগ্রীদ্বয়ের চাহিদা পূরণের প্রয়োজনে এই দ্রব্য দুটির উৎপাদন বৃদ্ধির জন্য নিগম তার জলপাইগুড়িতে ফাইটোকেমিক্যাল কমপ্রেক্স-এর একটি ইউনিট অল্প কিছুদিন হল চালু করেছে।

২.২৬ এই নিগম তার বেহালার আর্য়ুবেদিক ফরমুলেশন ইউনিটের 'অ্যাটিডায়বেটিক ঔষধ', ইউসোলিনের' উৎপাদন বৃদ্ধি করেছে। ফার্মাসিউটিক্যাল দ্রব্যের বাজারে ভাল চাহিদা আছে। নিগম মার্কিন যুক্তরাষ্ট্রে ১,৫০,০০০ ইউসোলিন ক্যাপসুল রপ্তানি করার পর আরও বৃহত্তর বাজার পাবার আশা করছে।

২.২৭ এই নিগমের অধীনস্থ ইনফিউসন ইন্ডিয়া লিমিটেডকে অর্থনৈতিক দিক দিয়ে স্বনির্ভর করে তুলতে-এর বিস্তৃতি এবং বহুমুখিকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২.২৮ সুগার ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড তাদের আমেদপুর চিনি কলে জল দুষণ এবং বায়ুদুষণ রোধ সংক্রান্ত কাজ কর্ম সম্পূর্ণ করেছে।

২.২৯ আমেদপুর চিনি কল ১৯৯৫-৯৬ মরশুমে ৪০,০৮৭ মেট্রিক টন আখ মাড়াই করে ২৩,০০০ কুইন্টাল চিনি উৎপাদন করেছে। বিগত ৩/৪ বছরের তুলনায় ১৯৯৫-৯৬ মরশুমে এই চিনি কলে কাজকর্ম খুবই সন্তোষজনক।

২.৩০ পর্যায়ক্রমে এই চিনি কলে আখ মাড়াই ক্ষমতা করে দিন প্রতি ১,৭৫০ টন করার জন্য এই নিগম ইতিমধ্যেই রোটারি ভ্যাকুয়াম ফিল্টার, নূতন বয়েলিং প্ল্যান্ট, একটি

নূতন সেন্ট্রিফুগাল মেশিন সংস্থাপন করেছে এবং ১৯০ কে. ভি-এ অতিরিক্ত বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নিয়েছে। বয়েলিং হাউসের ক্ষমতা বৃদ্ধি এবং সমস্ত কার্যপ্রণালীর উপর নিয়ন্ত্রণ এবং দৃষ্টি রাখার জন্য বৈদ্যুতিক যন্ত্রপাতি সংস্থাপন এবং সুপার কম্প্যুটারের সাথে সংযোজনের জন্য ভারত সরকারের ইলেকট্রনিক্স বিভাগ আনুমানিক ২৫ লক্ষ টাকার একটি পরিকল্পনা অনুমোদন করেছেন। উক্ত পরিকল্পনা ইতিমধ্যেই বাস্তবায়িত হয়েছে এবং এর পরীক্ষা নিরীক্ষার কাজ চলেছে।

২.৩১ নিগম ১৯৯৬-৯৭ মরশুমে আখ মাড়াই এর লক্ষ্য মাত্রা নির্দিষ্ট করেছে ৮০,০০০ মেট্রিক টন।

২.৩২ ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন লিমিটেড বেলদি মাইন এবং রাঙ্গাদিহি গ্রাইন্ডিং কারখানায় ১৯৯৫-৯৬ সালে যথাক্রমে ৭,৪০০ টন ও ৫,৪০০ টন রক ফসফেট উৎপাদন করে। উৎপাদিত রক ফসফেট রাজ্যের মধ্যে ও রাজ্যের বাইরে গ্রাহকদের সরবরাহ করা হচ্ছে। রক ফসফেট এই কর্পোরেশনের প্রধান বাণিজ্যিক খনিজ। কর্পোরেশন মুর্শিদাবাদ জেলার জলঙ্গীতে গঙা ভাঙ্গন-রোধ প্রকল্পের জন্য সেচ ও জলপথ দপ্তরকে পাথর সরবরাহ করে। পানাগড়-মোড়গ্রাম পথনির্মাণ প্রকল্পের জন্য যাবতীয় পাথর সরবরাহের কথাবার্তা চলছে। কর্পোরেশনটি টিসকোকে আনুমানিক ৩,২০০ টন হাই-অ্যালুমিনা ফায়ার-ক্লে সরবরাহ করেছে। এবছরও বেশ কিছু সরবরাহ করার বরাদ্দ আছে।

২.৩৩ পুরুলিয়া জেলার পাহাড়পুর অঞ্চলে সিলিমিনাইট কোরান্ডাম খননের কাজ অব্যাহত আছে। এই নিগম বাঁকুড়া জেলার শালতোড়ার কাছে বামুনশিলায় একটি ছোট গ্রানাইট প্রসেসিং কারখানা স্থাপন করেছে। পরীক্ষামূলক উৎপাদনের কাজ শুরু হয়েছে।

২.৩৪ ডাইরেক্টরেট অব্ সিঙ্কোনা অ্যান্ড আদার মেডিসিনাল প্লান্ট তাদের সিঙ্কোনা, ইপিকাক ও ডায়োস্কোরিয়া চাষ, রক্ষণাবেক্ষণ ও সংগ্রহের এবং কারখানাগুলিতে কুইনাইন, এমিটিন এবং ডায়োসজেনিন উৎপাদনের কাজ অব্যাহত রেখেছে। এ ছাড়া, সহযোগী চাষ হিসাবে এলাচ, রাবার, আদা প্রভৃতির চাষ চালিয়ে যাচ্ছে।

২.৩৫ ঐ বছরে এই ডাইরেক্টরেট বিকল্প কর্মসূচি হিসাবে ফুলচাষের পথ নির্দেশক প্রকল্প (পাইলট প্রোজেক্ট) হাতে নিয়েছিল এবং অর্কিডসহ বিভিন্ন রকমের মূল্যবান ফুল চাষের জন্য একটি ছোট নার্সারি তৈরি করেছে। উদ্দেশ্য হল, এই গাছগুলি বংশবৃদ্ধি করে দেশে ও বিদেশের বিপুল চাহিদা মেটাবে। ডাইরেক্টরেটের গবেষণাগারে মূল্যবান এবং অপরাপর বাহারী গাছ, টিস্যু কালচারের মাধ্যমে উন্নত প্রযুক্তি উদ্ভাবনার চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

২.৩৬ সিঙ্কোনা বাগিচার শ্রমিক কর্মচারিদের বিভিন্ন রকম পরিকাঠামোগত সুবিধা প্রদানের চেষ্টা করা হচ্ছে।

২.৩৭ ডাইরেক্টরেট অব ইন্ডাস্ট্রিজ ও বৃহৎ ও মাঝারি শিল্পের পরিকল্পনা ও উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। এই রাজ্যে শিল্প স্থাপনের কাজে বৃহৎ বিনিয়োগ প্রস্তাব এবং সেই সাথে, শিল্প পরিকাঠামো উন্নয়ন প্রকল্প রূপায়ণের জন্য ডাইরেক্টরেটের কার্যাবলীকে সুসংহত করা হয়েছে। শিল্পোদ্যোগিদের সংশ্লিষ্ট বিষয়ের তথ্যাবলী সরবরাহের উদ্দেশ্যে

ডাইরেক্টরেটে 'লেটেস্ট-ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম' গঠন করা হয়েছে। এ রাজ্যে বিনিয়োগে ইচ্ছুক অনাবাসী ভারতীয় এবং বিদেশি বিনিয়োগকারিদের বিভিন্ন তথ্যাদি সরবরাহ পথ নির্দেশ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের উদ্দেশ্যে একটি বিশেষ এন. আর. আই. সেল গঠন করা হয়েছে। এই সেলটি শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রধান সচিবের সভাপতিত্বে 'হাইপাওয়ার্ড' এন. আর. আই. ইনভেস্টমেন্ট, গাইডেন্স অ্যান্ড মনিটারিং কমিটি'র (এন. আর. আই. জি. এম. ই) নির্দেশ অনুযায়ী কাজ করে থাকে। ১৯৯১ সাল থেকে ১৯. ৬. ৯৬ তারিখ পর্যন্ত এন. আর. আই/এফ. ডি. আইনদের কাছ থেকে টাকা বিনিয়োগের ১৮৮টি প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়েছে। এখানে বলা যেতে পারে, কেবল দশ শতাংশ বা তার উপরের বৈদেশিক বিনিয়োগগুলিই হিসাবের মধ্যে ধরা হয়েছে। ঐ ১৮৮টি আর. আই/এফ. ডি. আই/এফ. ডি ১৫টি প্রকল্প ইতিমধ্যেই রূপায়িত হয়েছে এবং আরও ৯টি বর্তমানে রূপায়ণের পথে আছে এন. আর. আই সেল এ প্রকল্পগুলি রূপায়ণের পথে আছে। এন. আর আই সেল এই প্রকল্পগুলি রূপায়ণের ব্যাপারে নিবিড় পর্যবেক্ষণ করে চলেছে। এই অঞ্চলের রপ্তানিকারিদের প্রয়োজনীয় নির্দেশ ও সহায়তাদানের মাধ্যমে এই রাজ্যের রপ্তানি উন্নয়নের জন্য ডাইরেক্টরেট একটি এক্সপোর্ট প্রমোশন সেল ও কাজ করছে।

২.৩৮ ডাইরেক্টরেট অব্ মাইনস্ অ্যান্ড মিনারেলস্ বেস মেটাল (সালফাইড), স্বর্ণ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ খনিজ যথাঃ টাংস্টেন, ডেকোরেটিভ পাথর, চায়না ক্লে, ওকর প্রভৃতি খনিজের অনুসন্ধান কাজ চালিয়ে যাচ্ছে। ডাইরেক্টরেট বাঁকুড়া জেলায় ছেঁদাপাথর অঞ্চলে টাঙ্গস্টেনের ব্যাপক অনুসন্ধানের কাজ উৎসাহব্যঞ্জক ফল লাভ করেছে। রাজ্যের বিভিন্ন অংশে চায়না-ক্লে খনিজকে ভিত্তি করে সেরামিক শিল্প গড়ে তোলার সম্ভাবনাগুলি পরীক্ষা করা হচ্ছে। ফরেস্ট কন্‌সারভেশন অ্যাক্টের জন্য জলপাইগুড়ি জেলার জয়ন্তী এলাকায় ডলোমাইট খনিজ উত্তোলনের ব্যাপারে কিছু অসুবিধা দেখা দিয়েছে। ভারত সরকারের কাছ থেকে পরিবেশগত ছাড়পত্র পাওয়ার জন্য রাজ্যের বন দপ্তরের মাধ্যমে উদ্যোগ নেওয়া হয়েছে। পুরুলিয়া জেলায় যৌথ উদ্যোগে ঐ অঞ্চলে প্রাপ্তব্য সিমেন্টগ্রেড লাইমস্টোন ভিত্তিক একটি সিমেন্ট কারখানা গড়ে তোলার প্রস্তাব আছে।

২.৩৯ এই দপ্তরের লিগ্যাল মেট্রোলজি সংগঠন, গ্রাহক স্বার্থ রক্ষার্থে, ওজন ও পরিমাণ সংক্রান্ত বিভিন্ন বিধি ও আইন প্রয়োগ করে গ্রাহকদের স্বার্থরক্ষার ব্যবস্থা গ্রহণ করেছে।

২.৪০ ইন্ডিয়ান পার্টনারশিপ অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল নন্ ট্রেডিং কর্পোরেশন অ্যাক্ট-এর যথাযথ প্রশাসনিক প্রয়োগের ক্ষেত্রে রেজিস্টার অব্ ফার্মস সোসাইটিজ অ্যান্ড নন্ কর্পোরেশন বিধিবদ্ধ কাজ চালিয়ে যাচ্ছে।

২.৪১ আলিপুরস্থ বি. জি. প্রেসের সার্বিক উন্নয়নের জন্য টেকনিক্যাল কমিটির সুপারিশ সরকারের বিবেচনাধীন। বিভিন্ন বিভাগের জরুরি মুদ্রণের কাজ সম্পাদনের জন্য কলিকাতার ১০ নং রেণী পার্কে একটি ছোট কম্পুটারাইজড্ ডি. টি. পি. প্রেস একটি ছোট কম্পুটারাইজড ডি. টি. পি. প্রেস স্থাপন করা হয়েছে। কলিকাতা এবং নিকটস্থ সরকারি অফিসগুলিতে স্টেশনারি দ্রব্যাদি সরবরাহে জন্য সুপারিনটেন্ডেন্ড-এর তত্ত্বাবধানে আলিপুরের স্টেশনারি অফিস যথাযথভাবে কাজ করে চলেছে।

২.৪২ পশ্চিমবঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য দপ্তর তার অধীনস্থ ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন, ওয়েস্ট বেঙ্গল ইলেক্ট্রনিকস ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন, ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন, ওয়েস্ট বেঙ্গল ফার্মাসিউটিক্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন, ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং গ্রেটার ক্যালকাটা গ্যাস সাপ্লাই কর্পোরেশন ইত্যাদি উন্নয়নমুখি সংস্থাগুলির কার্যক্রম ও কার্যকারিতার উন্নয়নের জন্য নিয়মতভাবে দৃষ্টি রেখে চলেছে। এই সমস্ত নিগমের কারিগরি, অর্থনৈতিক, সাংগঠিনিক এবং গবেষণা সংক্রান্ত কার্যক্রম আগামী বছরগুলিতে উন্নীত করা হবে। রাজ্যে উন্নততর শিল্পচিত্রের জন্য সমস্তস্তরে কঠোর পরিশ্রমের প্রয়োজনীয়তা উপলব্ধি করতে হবে।

৩

৩.১ আমরা বারংবার তৎকালীন কেন্দ্রীয় সরকারকে হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেডের হলদিয়া ও দুর্গাপুর কারখানাগুলির পুনর্বাসন প্রকল্প তৈরির জন্য, কেন্দ্রীয় সরকার ও স্টিল অথরিটি অব্ ইন্ডিয়া লিমিটেড কর্তৃক যৌথভাবে ইসকো কর্পোরেশন লিমিটেডে আধুনিকীকরণ, ভারত প্রসেসিং অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং লিমিটেড, ন্যাশানাল ইনস্ট্রুমেন্টাল লিমিটেড, জেসপ লিমিটেড ইত্যাদি গুরুত্বপূর্ণ সংস্থাগুলির পুনর্বাসনের জন্য অনুরোধ করে এসেছি। কিন্তু তৎকালীন কেন্দ্রীয় সরকার এই ব্যাপারগুলিতে কোনও কাজই করে নি।

৩.২ সমগ্র দেশে সেন্ট্রাল, স্টেট ও প্রাইভেট সেক্টরে বিপুল সংখ্যক কারখানা রুগ্ন বা বন্ধ অবস্থায় আছে। শিল্পে রুগ্নতা বিভিন্ন কারণে হতে পারে যথা কর্তৃপক্ষের পেশাদারী ও আধুনিক মনোভাবের অভাব, ক্রমাগত প্রযুক্তির আধুনিকীকরণ না-করা, কাঁচামালের অভাব, কর্তৃপক্ষের লাভের টাকার একটা অংশ পুনর্বিনিয়োগ না করা এবং তৎকালীন কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতি ইত্যাদি। শ্রমিক কর্মচারিদের দোষে কারখানা বন্ধ হওয়ার ঘটনা খুবই কম। আমরা বারবার তৎকালীন কেন্দ্রীয় সরকারকে এই বিষয়গুলির ব্যাপারে প্রতিকারক ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেছিলাম। দুর্ভাগ্য যে তারা এ সম্পর্কে কোনও ব্যবস্থাই গ্রহণ করেন নি। আমরা আশা করি যে কেন্দ্রে নতুন যুক্তফ্রন্ট সরকার দেশের লক্ষ লক্ষ কর্মচারিদের চাকুরি রক্ষার স্বার্থে এই ভয়াবহ সমস্যা অত্যন্ত গুরুত্বসহকারে মোকাবিলা করবেন।

৩.৩ আমরা গর্বিত যে পশ্চিমবঙ্গ একটি অতিথিপরায়ণ রাজ্য যেখানে বিভিন্ন ভাষাভাষী, বিভিন্ন ধর্মাবলম্বী, নানা জাতি ও সংস্কৃতি সম্পন্ন বহু মানুষ স্বচ্ছন্দে ও স্বাধীনভাবে বসবাস করেন এবং এক মৈত্রী ও সম্প্রীতির পরিবেশে তাদের জীবনযাত্রা নির্বাহ করেন। সহযোগিতা ও মৈত্রী আমাদের রাজ্যের মূল চারিত্রিক বৈশিষ্ট্য। আমরা প্রতিভাশালী বৈজ্ঞানিক, সুদক্ষ কারিগর এবং প্রচুর প্রাকৃতিক সম্পদের অধিকারী। পশ্চিমবঙ্গের শ্রম-পরিস্থিতি স্থিতিশীল, স্বাস্থ্যকর এবং ইতিবাচক। আমাদের দায়িত্ব সচেতন শ্রমিক সংগঠনগুলি শিল্পের যথার্থ সমস্যাগুলি হৃদয়ঙ্গম করতে পারেন এবং সেগুলির প্রতি সহানুভূতিশীল। আমরা সর্বদাই শ্রমিক মালিকের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সম্প্রীতির সম্পর্ক গড়ে তোলার প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে এসেছি। পরিচালন কর্তৃপক্ষ ও শ্রমিকশ্রেণীর মধ্যে ফলপ্রসূ ব্যবস্থা এবং প্রতিষ্ঠান ও কর্মচারীর মধ্যে পারস্পরিক সহযোগিতা অত্যাবশ্যক এবং সেটা হল শিল্পে সাফল্যের মূল

ভিত্তি।

৩.৪ আমরা এই রাজ্যের শিল্প পরিবেশ উন্নত করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছি এবং আমরা সুখী যে পশ্চিমবঙ্গ বর্তমানে শিল্প পুনরুত্থানের ক্ষেত্র হিসাবে প্রস্তুত। তবু আমাদের শিল্প গৌরব ফিরে পেতে আরও অনেক পথ অতিক্রম করতে হবে। কিন্তু, স্বনির্ভরতার লক্ষ্যে উপনীত হওয়ার জন্য আমাদের ইচ্ছা, শক্তি, সংকল্প ও দৃঢ়তা আছে। সর্বশ্রেণীর জনগণের সমর্থনে পশ্চিমবঙ্গ তথা সমগ্র পূর্বাঞ্চল আবার বিপুলভাবে শিল্প সমৃদ্ধ হয়ে উঠবে—আমরা সেই দিনের প্রতীক্ষা করছি। আমরা আমাদের সমস্ত উৎসাহ ও উদ্যোগ এই দিকেই নিয়োজিত করেছি। প্রতিক্ষেত্রে এবং প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ থেকে শ্রমিক শ্রেণী পর্যন্ত সর্বস্তরে সম্মিলিতভাবে কাজের মধ্যে দিয়ে আমরা সমস্ত বাধাবিঘ্ন জয় করব।

৩.৫ মহাশয়, আমার দপ্তরের কাজ কর্মের উন্নতিসাধন এবং বিভিন্ন কার্যাদির জন্য প্রয়োজনীয় নির্দেশ, উপদেশ ও পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য আমি এই সভার সকল মাননীয় সদস্যদের এবং এই সভার বিভিন্ন কমিটিগুলির প্রতি আমার গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করে আমার বক্তব্য শেষ করছি, এই প্রত্যাশা রেখে যে ভবিষ্যতেও আমি এই রকমের সহযোগিতা পাব।

## Demand Nos. 75, 83 and 95

The Printed Speech of **Shri Abdur Razzak Molla** on Demand No. 75, 83 and 95 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের জন্য ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ৭৫, ৮৩ ও ৯৫ নং দাবির অন্তর্গত মোট যে ১১৭.৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ (এককালীন ভোট অন অ্যাকাউন্টের মাধ্যমে প্রার্থিত ৩৯.১৯ লক্ষ টাকাসহ) অনুমোদনের প্রস্তাব করা হয়েছে তার সমর্থনে আমি নিম্নোক্ত বক্তব্য পেশ করছি।

১। পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের শিল্পোন্নয়নের জন্য খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পকে অন্যতম মুখ্য ক্ষেত্র হিসাবে চিহ্নিত করেছেন। এই শিল্পের মাধ্যমে উৎপাদনকারিদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি সম্ভব। এতে গ্রামীণ শিল্পায়নের সহায়তা হবে। প্রক্রিয়াকরণ শিল্পের পরিধি বিস্তৃত হলে ফল, সবজী এবং অন্যান্য পচনশীল খাদ্য সামগ্রির অপচয় কমে যাবে এবং এর ফলে সামগ্রিক ভাবে খাদ্য লভ্যতার দিক দিয়ে উন্নতি হবে। উন্নয়নশীল অর্থনৈতিক প্রয়োজনীয় চাহিদা সৃষ্টি ও তার বৃদ্ধির মাধ্যমে খাদ্যের উৎপাদন মানোন্নয়নের ক্ষেত্রে নিশ্চিত উন্নতি ঘটবে।

২। সর্বভারতীয় ভিত্তিতে কলকারখানার ক্ষেত্রে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পেই সরাসরি নিযুক্ত কর্মীর সংখ্যা সবচেয়ে বেশি প্রায় ১২ লক্ষের মতো। এই শিল্পে কাঁচামাল যোগানের পরিমাণও সর্বাপেক্ষা বেশি এবং সর্বপ্রকার শিল্পের সামগ্রিক কাঁচামাল যোগানের প্রায় ১৫.৬ শতাংশ। পশ্চিমবঙ্গে চাষ বাসের জন্য উত্তরের নাতিশীতোষ্ণ অঞ্চল থেকে দক্ষিণের আর্দ্র উপকূল অঞ্চল পর্যন্ত বিভিন্ন অনুকুল আবহাওয়ার সুবিধা পাওয়া যায়। এই আবহাওয়া নানা

রকম ফল, সব্জী, খাদ্যশস্য, ডাল এবং তৈলবীজ ফসলের উৎপাদনের ক্ষেত্রে বিশেষ উপযোগী। রাজ্যের বিশাল সামুদ্রিক সম্পদকে আমাদের কাজে লাগাতে হবে। সারা দেশের নোনা জলে মাছ চাষের ব্যবস্থার শতকরা পঞ্চাশ ভাগ আমাদের রাজ্যে অবস্থিত।

৩। ১৯৮০-৮৩ থেকে ১৯৯০-৯৩ সাল পর্যন্ত এই রাজ্যে হেক্টর প্রতি খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধির্র হার ছিল ৬.৪ শতাংশ যা সর্বভারতীয় হিসাবে রাজ্যগুলির মধ্যে ছিল সর্বাধিক। সম্প্রতি সব্জী ও ফল উৎপাদনের ক্ষেত্রে ক্রমবর্দ্ধমান উন্নতি দেখা যাচ্ছে। আমাদের রাজ্য আলু উৎপাদনের ক্ষেত্রে দ্বিতীয় এবং আনারস উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে। বিশ্বের উন্নতমানের কমলালেবুর সঙ্গে আমাদের রাজ্যের কমলাবেলু অনায়াসে তুলনা করা যায়। কলা, আম এবং টমাটোও গুরুত্বপূর্ণ ফসল। ডিম এবং মুরগীর উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম তিনটি রাজ্যের অন্যতম। মাছ ও মাছের চারা পোনা উৎপাদনের ক্ষেত্রে আমাদের রাজ্য বর্তমানে ভারতের সর্ব্ববৃহৎ উৎপাদনকারী রাজ্য হিসাবে চিহ্নিত।

৪। উপরের অনুচ্ছেদগুলি বিভিন্ন ক্ষেত্রে খাদ্য উৎপাদনের সম্ভাবনা এবং সাফল্যের পরিচয় বহন করছে। রাজ্য সরকার উৎপাদন প্রক্রিয়ার উন্নতি ও উন্নতর বন্টন ব্যবস্থার মাধ্যমে উৎপাদনকারিদের সঠিক মূল্য প্রদান, খাদ্যের যোগান বাড়ানো সুনিশ্চিত করার চেষ্টা করে চলেছেন। পরিবর্তিত খাদ্যাভাস প্রক্রিয়াজাত খাদ্যের ক্ষেত্রে সম্ভবনাময় চাহিদা সূচিত করে। মনে রাখা দরকার যে বর্তমানে মাত্র ১.৩ শতাংশ ফল এবং সব্জী বাণিজ্যিকভাবে প্রক্রিয়াজাত করা হয়। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ক্ষেত্রে কর্ম্ম বিনিয়োগের সম্ভবনা এই রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ। শিল্পের গুরুত্ব বৃদ্ধি করে।

৫। সর্বভারতীয় প্রেক্ষাপটে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের কলকারখানার ক্ষেত্রে শতকরা ৮০ ভাগ কারখানা, কর্মী ও সামগ্রিক উৎপাদন কেবলমাত্র চিনি, শস্য প্রক্রিয়াকরণ, চা, ভোজ্য বাদাম, দেশি চিনি, দুগ্ধজাতদ্রব্য এবং বনস্পতি প্রস্তুতির মধ্যেই নিয়োজিত এবং এই ক্ষেত্রগুলি থেকেই উৎপাদন প্রক্রিয়াজাত পণ্যের নিট মূল্যের শতকরা ৮০ ভাগ পাওয়া যায়। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে পরিস্থিতি কিছুটা ভিন্ন। এখানে কারখানার সংখ্যা, মোট উৎপাদন এবং নিট মূল্য সংযোজনের শতকরা ৯০ ভাগের বেশি দুগ্ধজাত দ্রব্য এবং দানা শস্য প্রক্রিয়াকরণ, বেকারিজাত দ্রব্য, তেল ও বনস্পতি এই ক্ষেত্রগুলি থেকে পাওয়া যায়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে এই শিল্প ক্ষেত্রগুলিতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের শতকরা প্রায় ৮৩ ভাগ কর্মী নিয়োজিত আছেন। এটা লক্ষ্য করার মতো যে এই কাঠামোতে ফল ও সব্জী প্রক্রিয়াকরণ শিল্প মাত্র ২ শতাংশ স্থান অধিকার করে আছে। পশ্চিমবঙ্গে নথিভুক্ত ক্ষুদ্র ও কুটির শিল্পের অবদান ২ শতাংশের কম। অপরপক্ষে ডাল ও দানাশস্যের প্রক্রিয়াকরণ, তৈলবীজ প্রক্রিয়াকরণ, পাউরুটি, বিস্কুট ও অন্যান্য কনফেকশনারি উৎপাদনকারী শিল্প দুগ্ধ ও দুগ্ধজাত মিষ্টি ও আইসক্রীম মুখ্যস্থান অধিকার করে আছে। এ ছাড়া প্রথা বর্হিভূত শিল্পের মধ্যে মুড়ি, চিঁড়া, খই তৈয়ারি, মিষ্টি তৈয়ারি শুট্‌কীমাছ, শিল্প আমসত্ব তৈয়ারি কারখানাগুলির বিশেষ অবস্থান ও ভূমিকা আছে।

৬। পশ্চিমবঙ্গই প্রথম রাজ্য যেখানে ১৯৯২-৯৩ সালে খুব অল্প সংখ্যক কর্মী নিয়ে ক্ষুদ্র কলেবরে খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর শুরু হয়। এই রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনার ক্ষেত্রে এই দপ্তর শিল্পোদ্যোগিদের সর্ব বিষয়ে সাহায্য দেওয়া হয়। ফল ও সব্জী প্রক্রিয়াকরণ

শিল্পের স্থান সীমিত হলেও সর্ব্বভারতীয় হিসাবে ফল ও সব্জী প্রক্রিয়াকরণ শিল্পের বাৎসরিক বৃদ্ধির হার কুড়ি শতাংশের মতো। এছাড়া কাঁচামাল যোগানের সুবিধাও আছে। কাজেই ফল ও সব্জী সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ শিল্প এই দপ্তরের কাছে খুবই গুরুত্বপূর্ণ। রাজ্যে বিভিন্ন দপ্তর ও এজেন্সি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উন্নতির জন্য আলাদা কাজে নিয়োজিত। বর্তমান ব্যবস্থায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পগুলির বিভিন্ন অংশের বিধিগত প্রয়োজনীয় সাহায্য বিভিন্ন দপ্তরের মাধ্যমে হয়ে থাকে। যেমন দানা শস্য, তৈলবীজ, ভোজ্যতৈল, চিনি, বেকারি, তুষের তেল ইত্যাদি প্রক্রিয়াকরণ শিল্পের বিষয় খাদ্য ও সরবরাহ দপ্তরের হাতে। মাংস, ডিম, পোলট্রি, দুধ ও দুধ থেকে উৎপন্ন দ্রব্য (আইসক্রীম ও মিষ্টি) ইত্যাদি প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধীন। মাছ প্রক্রিয়াকরণ মৎস্য দপ্তরের অধীন। শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীন চা শিল্প। আবার বড় ও মাঝারি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের অনুদান দেওয়ার বিষয় পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমের দায়িত্বে। অপরদিকে খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের অধীন জেলা শিল্প কেন্দ্রের মাধ্যমে অনুদান প্রকল্প কার্যকর করে থাকে।

৭। শিল্পোদ্যোগিদের একটা ভাল অংশ এই রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন করতে আগ্রহ প্রকাশ করেছেন। এদের মধ্যে অনেকেই এই দপ্তরের সঙ্গে গঠনমূলক আলোচনার পর উৎপাদন মুখী পরিকল্পনা রচনা ও রূপায়ণের ক্ষেত্রে অনেকটা অগ্রসর হয়েছেন। কোনও কোনও শিল্পোদ্যোগী ভারত সরকারের কাছে (আই. ই. এম) প্রস্তাব দাখিল করেছেন। বিগত চার বছরে এই শিল্পোদ্যোগ এর সংখ্যা প্রায় ২৫০টি (দুই শত পঞ্চাশটি)। এর মধ্যে ভারত সরকার ৩২টি ফল ও সব্জী প্রক্রিয়াকরণ শিল্পের লাইসেন্স মঞ্জুর করেছেন। মাংস ও পোলট্রি বিভাগের ১১টি প্রস্তাবের তিনটিতে উৎপাদন চালু হয়ে গিয়েছে। ৪১টি ফল ও সব্জী প্রক্রিয়াকরণ শিল্পের উৎপাদন চালু হয়ে গিয়েছে বা চালু হওয়ার পথে এবং আরও ১১০টি উদ্যোগ বিভিন্ন স্তরে বিবেচনাধীন আছে।

৮। হুগলি জেলার ডানকুনিতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের পরিকাঠামোগত নগরী ফুডপার্ক গড়ে তোলার জন্য এক কর্ম-উদ্যোগ গ্রহণ করেছেন মডিউলার কনসালটেন্ট প্রাইভেট লিমিটেড নামক এক বেসরকারি সংস্থা। এই দপ্তর উক্ত উদ্যোগ পরিকল্পনাকে অনুমোদন করেছে। এই সংস্থা ফুডপার্ক নামক উপনগরীতে বিভিন্ন সাধারণ সুবিধার সৃষ্টি করবে বলে আশা করা যায়। যেমন হিমঘর বিদ্যুৎ সরবরাহ, জল, কয়লা, গ্যাস, বর্জ্যপদার্থ নিষ্কাশনের ব্যবস্থা, গবেষণাগার এবং তার উন্নতি বিধান ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করবে। এই ফুডপার্ক আশা করছে ২১৫টি ছোট, বড় এবং মাঝারি মাপের সংস্থাকে জায়গা দিতে পারবে। এই সংস্থা এখানকার বিভিন্ন প্রকল্পে কর্মরত সাধারণ কর্মীদের বিভিন্ন সুযোগ সুবিধার দিকেও লক্ষ্য [illegible]বে। এই সংস্থার কাছে আপাতত ৪০টিরও বেশি প্রস্তাব এসে পৌঁচেছে। ৬৮ একর জমি বর্তমানে এই সংস্থা কর্তৃক অধীকৃত হয়েছে এবং পরিকাঠামোগত কাজও ইতিমধ্যে শুরু হয়েছে।

৯। অন্যান্য গুরুত্বপূর্ণ প্রস্তাবের মধ্যে [illegible] লিমিটেড কোম্পানির তরল পানীয় ফলের রস অ্যানড়ুইউল এবং অ্যাগ্রি প্রিসারভেশন অ্যান্ড প্রসেসিং নামক সংস্থার [illegible] ছত্রাক কোয়ালিটি প্ল্যান্টেশন এর আলু প্রক্রিয়াকরণ, ফ্রিজিরিও কনসার্ভা আলানা'র মাংস এবং ফল প্রক্রিয়াকরণ, কারসন ফুড লিমিটেড এর ফল ও সব্জী প্রক্রিয়াকরণ, তৃষা ক্যানাডিয়ান এন্টারপ্রাইজ এর মিশ্রিত রস, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আধুনিক

কসাইখানা এবং মাংস প্রক্রিয়াকরণ, আরামবাগ হ্যাচারিজ এর মাংস প্রক্রিয়াকরণ এবং বেনফিস এর মাছ প্রক্রিয়াকরণ উল্লেখযোগ্য। রাজ্যে বিভিন্ন খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পোদ্যোগিদের শিল্প স্থাপনের প্রয়োজনের কথা ভেবে এই দপ্তর সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। শিল্পোদ্যোগিদের প্রতিটি পদক্ষেপে বিভিন্ন ধরনের সমস্যা যেমন জমি অধিগ্রহণ, বিদ্যুৎতের ব্যবস্থা, জল সরবরাহ এবং অন্যান্য সমস্যা এই সবেরই সমাধান এবং আনুষঙ্গিক সাহায্যের অঙ্গীকার ও দায়িত্ব এই দপ্তর নিয়েছে। এখানে উল্লেখযোগ্য ভারত সরকারের খাদ্য সাহায্যে অঙ্গীকার ও দায়িত্ব এই দপ্তর নিয়েছে। এখানে উল্লেখযোগ্য ভারত সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রনালয়ের ডেপুটি ডিরক্টার এর কার্যালয় এবং এপিডা নামক রপ্তানি উন্নতিকরণ সংস্থাকেও এই দপ্তরের সঙ্গে এক ছাদের নিচে আশ্রয় দেওয়া হয়েছে যাতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পোদ্যোগিদের যথোপযুক্ত ক্ষেত্রে রপ্তানি বাণিজ্যে সাহায্য এবং এফ. পি. ও-এর মাধ্যমে 'ছাড়পত্র' পেতে সুবিধা হয়।

১০। প্রাথমিক পদক্ষেপে এই দপ্তর রাজ্যের বিভিন্ন জেলায় ফল ও সব্জীর উৎপাদন ও প্রক্রিয়াকরণ এবং মুরগী চাষের উন্নতিকরণ, শূয়োরের মাংস প্রক্রিয়াকরণ এবং টাট্কা ফল ও সব্জী রপ্তানিকরণ ইত্যাদির কার্যে বিভিন্ন সমীক্ষার ব্যবস্থা করেছে। এই সমীক্ষা শিল্পোদ্যোগিদের কাজে সাহায্যে করতে সহায়ক হয়েছে। আদর্শ শিল্পের মডেল কম্পুটারে রাখার ব্যবস্থা করাতে শিল্পোদ্যোগিদের কাজের অনেক সুবিধা হয়েছে। এই একই উদ্দেশ্যে কেন্দ্রীয় খাদ্য প্রযুক্তিকরণ সংস্থা এবং গবেষণা কেন্দ্রের কাছ থেকে কয়েকটি প্রযুক্তি বিবরণ কেনা হয়েছে।

১১। রাজ্য সরকারের বিভিন্ন দৃষ্ঠান্ত মূলক পদক্ষেপের ফলে বিগত কয়েক বৎসরে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের সম্ভাবনার বিশেষ দিক উন্মোচিত হয়েছে। যন্ত্রপাতি খাতে বিনিয়োগ পাঁচ লক্ষ টাকার কম এমন ফল ও সব্জী প্রক্রিয়াকরণ শিল্পে দেয় বিক্রয় করের পুরো ছাড় দেওয়া হয়েছে। অন্য ইউনিটগুলির ক্ষেত্রে বিপণন সহায়ক অনুদান হিসাবে বিক্রয় করের শতকরা ৯০ ভাগ ফেরৎ দেওয়ার ব্যবস্থা হয়েছে। এছাড়া নতুন বা পরিবর্দ্ধিত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ইউনিট গুলির ক্ষেত্রে দেয় বিক্রয় কর ৭ বছর থেকে ৯ বছর বিলম্বে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। রাজ্যে চুঙ্গীকর বিলোপ করা হয়েছে।

উপরিউক্ত সমস্ত সুবিধাগুলি ক্ষুদ্র ও অতিক্ষুদ্র খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প উদ্যোগগুলির রুগ্নতা বা বন্ধ হয়ে যাওয়ার প্রবণতার বিপরীতমুখি গতি সৃষ্টি সহায়ক হয়েছে এবং উৎপাদন ও বিক্রয় বৃদ্ধি এবং কিছু মাত্রায় কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টিসহ এই সংস্থাগুলি বাণিজ্যিকভাবে লাভজনক সংস্থা হিসাবে পরিণত হতে সাহায্য করেছে। রাজ্যেব এইটি একটি উল্লেখযোগ্য উন্নয়নের দিক।

১২. ক্ষুদ্র শিল্পোদ্যোগিদের প্রশিক্ষণ এর উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। একাধিক চালু প্রশিক্ষণ কেন্দ্রে উন্নতিকরণ করা হয়েছে এবং নতুন কেন্দ্র স্থাপিত হয়েছে। আরও পাঁচ (৫) টি প্রশিক্ষণ উৎপাদন কেন্দ্র স্থাপিত হতে চলেছে।

১৩. উন্নতমানের ছত্রাকবীজ সরবরাহের জন্য ইতিমধ্যে চার (৪)টি ছত্রাকবীজ উৎপাদন কেন্দ্র বিভিন্ন জায়গায় স্থাপিত হয়েছে। যথা রামকৃষ্ণ আশ্রম কৃষি বিজ্ঞান কেন্দ্র নিমপীঠ,

দক্ষিণ ২৪ পরগনা, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, কল্যাণী, ওয়েস্ট বেঙ্গল কম্প্রিহেন্সিভ এরিয়া ডেভেলপমেন্ট কর্পোরেশন, সোনামুখী, বাঁকুড়া এবং বোলপুরে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, বেহালা শিল্প কেন্দ্রে একটি প্রসেস কাম প্রোডাক্ট ডেভেলপমেন্ট সেন্টার স্থাপন করা হয়েছে। কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন কর্তৃক দ্রব্যের গুণগত মান নির্ণয় এর জন্য গবেষণাগার তৈয়ারি করার প্রস্তাব গৃহীত হয়েছে। এই সব ব্যাপারে ভারত সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য পাওয়া গেছে।

১৪। পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ সংস্থা তিস্তা ফ্রুট অ্যান্ড ভেজেটেবিল প্রসেসিং লিমিটেড ক্ষুদ্র শিল্পোদ্যোগিদের উৎপাদিত দ্রব্যের বিপণন কাজে সহায়ক হয়েছে। উপরন্তু এই সংস্থা ফল ও সব্জী প্রক্রিয়াকরণ এবং প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছে।

১৫। ক্ষুদ্র এবং ক্ষুদ্রতর শিল্পোদ্যোগিগণের উপযুক্ত শিল্প স্থাপনের জন্য আর্থিক সাহায্যের প্রয়োজন। রাজ্য সরকার এই শিল্পোদ্যোগিদের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের সাহায্যার্থে বিশেষ ধরনের উৎসাহ ব্যাঞ্জক অনুদানের ব্যবস্থা করেছে। এছাড়া প্রয়োজনীয় প্রান্তিক অর্থের অভাবও পূরণ করেছে। ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের অধীনস্থ জেলা শিল্প কেন্দ্রগুলি এই দপ্তরের পক্ষে কর্মসূচি রূপায়ণ করছে।

১৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান আর্থিক বছরে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের সহায়তার জন্য প্রশিক্ষণ কেন্দ্র, গবেষণাগার ইত্যাদি চালু রাখার জন্য ও অন্যান্য প্রকল্পগুলির জন্য বিভিন্ন ধরনের আর্থিক সাহায্য ও অনুদান প্রকল্পের কাজ চালিয়ে যেতে হবে। অদূর ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী এই দপ্তরের কাজের ও দায়িত্বের পরিধি আরও বাড়াতে হতে পারে বলে আমরা মনে করি।

প্রাথমিকভাবে অল্প কিছু কর্মী নিয়ে আমরা ছোট খাট একটি দপ্তর স্থাপন করতে সক্ষম হয়েছি। অন্যান্য যারা এই ক্ষেত্রে জড়িত আছেন তাদের সাহায্য নিয়েই আমরা পরিস্থিতির মোকাবিলা করতে সচেষ্ট হব।

আশা করি, মাননীয় সদস্যগণ, পশ্চিমবঙ্গের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিকাশের স্বার্থে ১৯৯৬-৯৭ সালের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দ অনুমোদন করবেন।

## Demand Nos. 25 and 79

The Printed Speech of **Shri Kshiti Goswami** on Demand No. 25 and 79 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৯৬-৯৭ সালের জন্য ২৫ নং, ৭৯ নং দাবি খাতে যথাক্রমে ২৭৬,৭৮,৪৬,০০০ (দু'শো ছিয়াত্তর কোটি আটাত্তর লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা মাত্র এবং ২৩১,২১,৮৫,০০০ টাকা (দু'শো একত্রিশ কোটি একুশ লক্ষ পঁচাশি হাজার) টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করছি। এই দাবির পরিমাণের মধ্যে পূর্ব অনুমোদিত ভোট-অন-অ্যাকাউন্ট-এর বরাদ্দ ধরা আছে।

মাননীয় সদস্যরা জানেন যে, পূর্ত বিভাগ, পূর্ত (সড়ক) বিভাগ, এবং পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ সরকারি ভবন, সড়ক ও সেতু নির্মাণ ও তার রক্ষণাবেক্ষণের দায়িত্ব বহন করে থাকে। আমার গত বছরের বাজেট বক্তৃতায় আমি সুনির্দিষ্টভাবেই উল্লেখ করেছিলাম যে আর্থিক কৃচ্ছ্রতার জন্য নতুন সড়ক ও সেতু নির্মাণের এবং পূর্ব নির্মিত সরকারি ভবন, সেতু ও সড়কের রক্ষণাবেক্ষণের কাজ সন্তোষজনকভাবে করা সম্ভব হয় না। তবু সীমিত অর্থ বরাদ্দের মধ্যেও বেশ কিছু চালু কাজের ক্ষেত্রে অনেকখানি অগ্রগতি হয়েছে।

সে প্রসঙ্গে প্রথম সুযোগেই আমি পূর্ত (সড়ক) বিভাগের ১৯৯৫-৯৬ সালের প্রধান কার্যাবলী এবং ১৯৯৬-৯৭ সালের কর্মসূচির উল্লেখ করতে চাই।

পূর্ত (সড়ক) বিভাগ রাজ্যে সড়ক, সেতু, উড়ালপুল নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করে থাকে। তাছাড়া ভারত সরকারের পক্ষে, এই রাজ্যের সকল জাতীয় সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজও এই বিভাগ করে থাকে। তাছাড়া অন্য বিভাগ, স্থানীয় স্বায়ত্তশাসনাধীন সংস্থা, সরকারি প্রতিষ্ঠানসমূহের প্রদত্ত টাকায়ও তাদের অনুরোধ কিছু কিছু নির্মাণ কাজও করে থাকে।

আপনারা অবগত আছেন যে সেপ্টেম্বর/অক্টোবর, ১৯৯৫-এর বন্যায় এই রাজ্যের সড়ক ব্যবস্থার একটি বড় অংশ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিচ্ছিন্ন ও ক্ষতিগ্রস্ত সংযোগরক্ষাকারি সড়কগুলির সাময়িক মেরামতির কাজ যুদ্ধকালীন ভিত্তিতে তৎপরতার সঙ্গে সম্পন্ন করা হয়। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় অর্থ দুর্ভাগ্যক্রমে পুরোপুরি পাওয়া যায়নি এবং রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দকৃত অপ্রতুল অর্থের এই কাজে অর্থের একটি অংশ ব্যয় করা হয়। ফলে মেরামতের কাজ কাঙ্খিত মানে সম্পন্ন করা যায়নি।

সুরক্ষিত সড়কের প্রয়োজনীয়তা অপরিসীম। এই কাজে অর্থাভাবই যে প্রধান অন্তরায় তা বারবার বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। তবুও অর্থ বরাদ্দের কোনও উন্নতি ঘটানো যায়নি। সড়ক ব্যবস্থার ক্ষেত্রে একটি জাতীয় নীতি প্রণয়ন এবং সড়ক তহবিল বা অনুরূপ কোনও নির্দিষ্ট উৎস হতে অর্থবরাদ্দের ব্যবস্থা না হলে এই অবস্থার কোনও মৌলিক পরিবর্তনের সম্ভাবনা খুবই কম। উল্লেখ্য, কেন্দ্রীয় সড়ক তহবিলে জমার হার বর্ধিত করার জন্য ১৯৮৮ সালে সংসদে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ভারত সরকারের ভূতল পরিবহন মন্ত্রক সূত্রে জানা গেছে বর্ধিত হারে জমার ফলে ওই তহবিল হতে প্রতি বছর ১৫ কোটিরও অধিক টাকা পশ্চিমবঙ্গের প্রাপ্য। কিন্তু গভীর পরিতাপে বিষয় আজ পর্যন্ত কেন্দ্রীয় সড়ক তহবিল থেকে বর্ধিত হারে কোনও অর্থ মঞ্জুর হয়নি। একথা না বললেও চলে যে ১৯৮৮ সাল থেকে ওই পরিমাণ অর্থ পাওয়া গেলে সড়ক ব্যবস্থার ক্ষেত্রে প্রভূত উন্নতিসাধন সম্ভব হত।

সম্পদের অপ্রতুলতার পরিপ্রেক্ষিতে বিগত কিছুকাল যাবৎ বিকল্প পথের সন্ধান চলছে এবং বিশ্বব্যাঙ্কের ঋণ সহায়তায় রাজ্যের সড়কগুলির উন্নতিসাধনের জন্য একটি প্রস্তাব ভারত সরকারের কাছে পেশ করা হয়েছিল। ইতিমধ্যে, একটি 'স্ট্র্যাটেজিক অপ্শনস্ স্টাডি' সম্পন্ন করে উন্নয়নের জন্য ১,৪০০ কি. মি. সড়ক চিহ্নিত করা হয়েছে এবং ওই রিপোর্টে বিশ্বব্যাঙ্কের কাছে পেশ করা হয়েছে। বর্তমানে প্রোজেক্ট কো-অর্ডিনেটিং কনসালট্যান্সি সার্ভিসের জন্য কনসালট্যান্ট বাছাই-এর কাজ চলছে।

আমরা বিগত বাজেট ভাষণের পরবর্তীকালে নিম্নলিখিত সেতুগুলির কাজ সম্পূর্ণ হয়েছেঃ

(ক) দক্ষিণ দিনাজপুর জেলায় কুশমণ্ডি-মহিপালদীঘি সড়কে টাঙ্গন নদীর ওপর সেতু ;

(খ) দক্ষিণ দিনাজপুর জেলায় ঠাকুরানি (বালিয়াখাড়ি) নদীর উপর সেতু ;

(গ) নদীয়া জেলায় চূর্ণি নদীর উপর সেতু ;

(ঘ) পুরুলিয়াতে উড়াল-সেতু ;

(ঙ) কোচবিহার জেলায় বাউটি নদীর উপর সেতু ;

নিম্নলিখিত সেতুগুলির নির্মাণকার্যে ১৯৯৫-৯৬ সালে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে ঃ

(ক) বর্ধমান জেলায় নতুনহাটে অজয় নদের উপর সেতু ;

(খ) উত্তর চব্বিশ পরগনা জেলায় গৌড়েশ্বর নদীর উপর সেতু ;

(গ) কোচবিহার জেলায় খুটিমারি খালের উপর সেতু ;

(ঘ) কোচবিহার জেলায় তোর্ষা নদীর উপর সেতু।

এশীয় উন্নয়ন ব্যাঙ্কের সহায়তায় নির্মীয়মান "পানাগড়-মোরগ্রাম সড়কের উন্নতি সাধন" প্রকল্পটির প্রায় চল্লিশ শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে।

(১৯৯৬-৯৭) সালে পূর্ত (সড়ক) বিভাগের পরিকল্পনা খাতে ১২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে এশীয় উন্নয়ন ব্যাঙ্কের সহায়তা প্রাপ্ত প্রকল্পটির জন্য ৬০ কোটি টাকা এবং ওয়ার্ক-চার্জাড এস্টাবলিশমেন্টের জন্য ১৫ কোটি টাকা ধরা হয়েছে। এই দপ্তরের কার্যসূচি রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থের তুলনায় উক্ত বরাদ্দ যথেষ্ট কম। যাই হোক অর্থাভাব, মূল্যবৃদ্ধি এবং তৎসংক্রান্ত সমস্যা থাকা সত্ত্বেও আশা করা হচ্ছে, বরাদ্দকৃত অর্থ দিয়ে ৬০ কি. মি. নূতন সড়ক নির্মাণ এবং কিছু সড়কের উন্নতিসাধন সম্ভবপর হবে।

তা ছাড়া, ১৯৯৬-৯৭ সালে নিম্নলিখিত সেতুগুলির নির্মাণকার্য সম্পূর্ণ হবে আশা করা যায় ঃ—

(ক) উত্তর চব্বিশ পরগনা জেলায় মল্লিকপুরঘাটে যমুনা নদীর উপর সেতু ;

(খ) দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় কাকদ্বীপের কাছে কালনাগিনী নদীর উপর সেতু ;

(গ) বীরভূম জেলায় অগয়া নদীর উপর সেতু ;

(ঘ) বীরভূম জেলায় দ্বারকা নদীর উপর সেতু ;

(ঙ) কোচবিহার জেলায় মরাতোর্ষা নদীর উপর সেতু ;

(চ) উত্তর চব্বিশ পরগনা জেলায় গুমা-রাজীবপুর-বালিশা সড়কে বিদ্যাধরী খালের উপর সেতু ;

(ছ) হাওড়া জেলায় ডোমজুড়-বলুহাটি সড়কে সরস্বতী নদীর উপর সেতু।

নিম্নলিখিত সেতুগুলির নির্মাণকার্যেও ১৯৯৬-৯৭ সালে উল্লেখযোগ্য অগ্রগতি আশা করা যায় ঃ

(ক) বর্ধমান জেলায় নতুনহাটে অজয় নদীর উপর সেতু ;

(খ) কোচবিহার জেলায় তোর্ষা নদীর উপর সেতু ;

(গ) জলপাইগুড়ি জেলায় বসরা নদীর উপর সেতু।

নিম্নলিখিত প্রকল্পগুলির কাজ শুরু হয়েছে এবং অদৃষ্টপূর্ব পরিস্থিতির উদ্ভব না হলে প্রকল্পগুলির কাজে সন্তোষজনক অগ্রগতি হবে ঃ

(ক) কোচবিহার জেলায় ধরলা নদীর উপর সেতু ;

(খ) উত্তর চব্বিশ পরগনা জেলায় ইছামতী নদীর উপর বসিরহাট শহর এবং সংগ্রামপুর গ্রামের সংযোগকারী সেতু ;

(গ) উত্তর চব্বিশ পরগনা জেলায় টাকি-মুরারিশ-ভেবিয়া-চৈতাল সড়কে হাবাসপুর খালের উপর সেতু ;

(ঘ) উত্তর চব্বিশ পরগনা জেলায় লাউহাটা-ভাঙ্গর সড়কে বাগজোলা খালের উপর সেতু (উপরি কাঠামো) ;

(ঙ) দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় চড়িয়াল খালের উপর সেতু ;

(চ) দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় কাকদ্বীপের নিকট একটি জেটি (দ্বিতীয় পর্যায়) (সীমান্ত এলাকা উন্নয়ন কর্মসূচি) ;

(ছ) দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় সংগ্রামপুর খালের উপর সেতু ;

(জ) মুর্শিদাবাদ জেলায় কানুপুর-বলুতলি সড়কে পাগলা নদীর উপর সেতু (পাগলা-১) ;

(ঝ) মুর্শিদাবাদ জেলায় কুমড়াদহ ঘাটে সেতু ;

(ঞ) মেদিনীপুর জেলায় ময়নাতে কাঁসাই নদীর উপর সেতু ;

(ট) মেদিনীপুর জেলায় রোহিনীতে দুলং নদীর উপর সেতু ;

(ঠ) পুরুলিয়া/বর্ধমান জেলায় দিশেগড়ে দামোদর নদের উপর সেতু ;

(ড) দক্ষিণ দিনাজপুর জেলায় আমতলিঘাটে পুনর্ভবা নদীর উপর সেতু (সীমান্ত এলাকা উন্নয়ন কর্মসূচি) ;

(ঢ) দক্ষিণ দিনাজপুর জেলায় বুনিয়াদপুর-বালুরঘাট সড়কে টাঙ্গন নদীর উপর সেতু (সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্প) ;

(ণ) জলপাইগুড়ি জেলায় শীলতোর্ষা নদীর উপর সেতু।

পূর্ত (সড়ক) বিভাগের জাতীয় সড়ক শাখা ভারত সরকারের তরফে জাতীয় সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত।

বিগত ছয় বছর ধরে জাতীয় সড়কের পরিকল্পনা এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে বরাদ্দের পরিমাণ ভারত সরকার যথেষ্ট হ্রাস করেছেন।

এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে, জাতীয় সড়কের রক্ষণাবেক্ষণের প্রাক্‌কলন অনুযায়ী তৈরি হয়। কিন্তু ভারত সরকারের স্থিরীকৃত মান অনুযায়ী রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ চাওয়া হলেও তার ৪০%-এরও কম অর্থ বরাদ্দ হয়ে থাকে। সাম্প্রতিক এক সমীক্ষা অনুযায়ী জানা যায় জাতীয় সড়কের মোট দৈর্ঘ্যের ৫০%-এর বেশি খারাপ অবস্থায় রয়েছে।

এ ছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত জাতীয় সড়কের মেরামতের জন্য বরাদ্দও সন্তোষজনক নয়। বরাদ্দকৃত অর্থের পরিমাণ প্রয়োজনের ৩০ শতাংশ মাত্র।

পরিকল্পনা খাতে বরাদ্দের পরিমাণ চাহিদার প্রায় ৪০%। দেখা গেছে ভারত সরকার যথোপযুক্ত বরাদ্দ না করায় বকেয়া দায় মেটানো যায় না।

উপরোক্ত তথ্যপঞ্জী থেকে পরিষ্কার বোঝা যায় কেন জাতীয় সড়কের এমন দুরবস্থা।

এই প্রসঙ্গে বলা যেতে পারে পর্যাপ্ত পরিমাণে বিটুমেনও পাওয়া যায় না। তেল কোম্পানিগুলিতে অর্থ জমা দিয়ে বিটুমেন সংগ্রহ করতে হয়। সাম্প্রতিক অতীতে, বিটুমেন সংগ্রহের ক্ষেত্রে যে তীব্র সংকট দেখা দিয়েছিল রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতায় তা অতিক্রম করা গিয়েছে। অর্থের পরিমাণ না বাড়ালে বিটুমেন সংগ্রহের সমস্যার সমাধান হবে না। প্রয়োজনীয় অর্থ জমা দেওয়ার পরও সময়মতো বিটুমেন পাওয়া যায় না। অনেক সময় রেলগাড়ির বগি পাওয়া অনিশ্চিত হওয়ার ফলে বিটুমেন পেতে বিলম্ব হয়।

বিবেকানন্দ সেতুর (দিল্লি-কলকাতা পথ) মেরামতের কাজ চলছে। পূর্ব রেলপথ কর্তৃপক্ষকে ইতিমধ্যেই ৪৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তদতিরিক্ত যে অর্থ দাবি করা হয়েছে, ভূতল পরিবহন মন্ত্রক থেকে প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেলে তা মিটিয়ে দেওয়া হবে।

বিশ্বব্যাঙ্কের ২ নং প্যাকেজের [২ নং জাতীয় সড়কের বরাকর-রানিগঞ্জ অংশের প্রশস্তিকর] সর্বশেষ ব্যবস্থা নিম্নরূপ ঃ

(ক) টেন্ডার চূড়ান্ত খসনা (৪ খণ্ড) ভারত সরকারের বিবেচনাধীন আছে।

(খ) পশ্চিমবঙ্গ উপ-প্রকল্পের উদ্বাস্তু ও পুনর্বাসন উপাদানের চূড়ান্ত খসড়া প্রতিবেদন এবং তা রূপায়ণে রাজ্য সরকারের সম্মতি ভূতল পরিবহন মন্ত্রকে পাঠিয়ে দেওয়া হয়েছে।

শন্তিপুর বাইপাসের কাজ চলছে।

রানিগঞ্জ (৪৭৪ কি. মি.) হতে পানাগড় (৫১৬) পর্যন্ত ২ নং জাতীয় সড়ককে চার সারি বিশিষ্ট সড়কে রূপান্তরের কাজ ভারতের জাতীয় সড়ক প্রাধিকারের দ্বারা রূপায়িত হচ্ছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ, ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন প্রভৃতি সংশ্লিষ্ট সংস্থা ভূগর্ভস্থ পরিষেবা ব্যবস্থাদি স্থানান্তর করছেন। দুর্গাপুর সিটি সেন্টার (৪৯৩ কি. মি.)

হতে পানা গড় (৫১২-৫ কি. মি.) পর্যন্ত বিস্তৃত অংশটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে ; বাকি অংশের কাজও একসাথে চলবে। প্রস্তাবিত বিবেকানন্দ সেতু এবং হাওড়া ও কলকাতার দিকে সংযোগকারী পথ দুটির ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট রাজ্য সরকার পরীক্ষা করে দেখেছেন এবং ঐ রিপোর্ট অনুমোদন ও প্রয়োজনীয় অর্থের সংস্থান করার জন্য রিপোর্টটি ভূতল পরিবহন মন্ত্রকের কাছে পাঠানো হয়েছে।

ফালাকাটা-পুন্ডিবাড়ি সড়ক ও তৎসহ তোর্ষা নদীর উপর সেতু নির্মাণের কাজে সন্তোষজনক অগ্রগতি ও ঘটেছে ; কিন্তু অর্থের স্বল্পতা হেতু কাজটি বাধাপ্রাপ্ত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ভূতল পরিবহন মন্ত্রক যদি প্রয়োজনীয় অর্থ যথাযথভাবে বরাদ্দ করেন তাহলে প্রকল্পটি ১৯৯৮ সালের মধ্যে সম্পূর্ণ হওয়ায় সম্ভাবনা আছে। অনুমোদন এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে ঐ সড়কের বাকি অংশটুকু (ফালাকাটা-ধূপগুড়ি) নবম পরিকল্পনাকালে শুরু করার প্রস্তাব আছে। এই সংযোগ রক্ষাকারী সড়কটির গুরুত্ব অনস্বীকার্য, কারণ এটি নির্মিত হলে পশ্চিমবঙ্গের সঙ্গে উত্তর-পূর্বের রাজ্যগুলির যোগাযোগ সহজতর হবে।

জাতীয় সড়কের রক্ষণাবেক্ষণের হিসাবের মধ্যে রোড গ্যাং প্রভৃতি কর্মচারিদের বেতনও অর্ন্তভুক্ত। এ বিষয়ে ভূতল পরিবহন মন্ত্রক দ্বারা নিযুক্ত মান-নির্ণায়ক কমিটির প্রতিবেদন নিম্নরূপ ঃ

"যেহেতু প্রায় সব রাজ্যই নিম্নতম মজুরি আইন মোতাবেক বা তদতিরিক্ত মজুরি রোড গ্যাংদের দিয়ে থাকে তার ফলে রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দ অর্থের বৃহদংশ মজুরি মেটাতেই খরচ হয় এবং মূল কাজের জন্য সামান্য অর্থ অবশিষ্ট থাকে। অতএব, মনে করা হচ্ছে সমস্ত রাজ্যে ১৯৯৫-৯৬ সালের মধ্যে কিলেমিটার প্রতি রোড গ্যাং-এর সংখ্যা কি. মি. প্রতি ০.৩-এ নামিয়ে নিয়ে আসা উচিত। সুতরাং রাজ্যগুলি এ ব্যাপারে উপযুক্ত পদক্ষেপ নিয়ে রক্ষণাবেক্ষণের মূল কাজের জন্য বেশি অর্থ পাওয়া সুনিশ্চিত করবে।"

এই প্রসঙ্গে বলা যেতে পারে যে জাতীয় সড়কের তত্ত্বাবধানের জন্য যখন রাজ্যে পৃথক শাখা খোলা হয়, তখন জাতীয় সড়কের ভার নেওয়ার সঙ্গে সংশ্লিষ্ট কর্মচারী এবং যন্ত্রপাতির ভারও নিতে হয়েছিল।

উপরোক্ত কমিটি এ কথাও বলেছিলেন "বেশিরভাগ রাজ্যে সাধারণত রোড গ্যাং পদে নতুন নিয়োগ হচ্ছে না।" এই উক্তি হতে পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে যে জাতীয় সড়ক শাখার সঙ্গে পুরনো দিনের কর্মীবর্গই যুক্ত আছে।

বোধগম্য কারণেই কর্মী ছাঁটাই সম্ভবপর নয়। সুতরাং এ বাবদ খরচের বোঝা জাতীয় সড়ক শাখাকে বহন করতে হয়। প্রকৃতপক্ষে, কমিটি স্থিরীকৃত মানের অতিরিক্ত খরচ ভূতল পরিবহন মন্ত্রককে বহন করতে হয় না।

ভূতল পরিবহন মন্ত্রক হতে ৯% হারে যে এজেন্সি চার্জ পাওয়া যায় প্রকৃত খরচের তুলনায় তা যথেষ্ট নয়। এই এজেন্সি চার্জ কমপক্ষে ১২১/২% করা দরকার।

আন্তর্জাতিক বাণিজ্যযান চলাচলের ক্ষেত্রে হরিদাসপুরের (পেট্রাপোল) আন্তর্জাতিক চেকপোস্ট বিশেষ গুরুত্ব অর্জন করেছে। আন্তর্জাতিক বাণিজ্যযানগুলি একটি এলাকায় দাঁড়িয়ে থাকার

ফলে সৃষ্ট যানজট এখন আমাদের প্রাত্যহিক অভিজ্ঞতা। এই যানজট অন্যান্য সড়ক ব্যবহারকারিদের কাছে যন্ত্রণাদায়ক হয়ে উঠেছে। এই সমস্যার নিরসনকল্পে রাজ্যের পূর্ত (সড়ক) বিভাগের জাতীয় সড়ক শাখা, ভূতল পরিবহন মন্ত্রক, বাণিজ্য মন্ত্রক প্রভৃতি সংস্থা হতে উপযুক্ত বরাদ্দ সাপেক্ষে কতকগুলি ব্যবস্থা গ্রহণ করছে। উল্লেখ করা যেতে পারে, এই সীমান্ত-বাণিজ্য হতে ভারত সরকারের রাজস্ব আদায় হচ্ছে এবং ভবিষ্যতে এই রাজস্বের পরিমাণ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা আছে।

নিম্নলিখিত স্বল্পমেয়াদী ব্যবস্থাগুলি ইতিমধ্যে নেওয়া হয়েছে ঃ

(ক) ১৯৯৭ সালের জুন মাসের মধ্যে বনগাঁতে ইছামতী নদীর উপর সেতু নির্মাণের কাজ সম্পূর্ণ হতে পারে ;

(খ) ৩৫ নং জাতীয় সড়ককে কাজে লাগানোর জন্য ত্রুটিপূর্ণ অংশগুলির উন্নতি সাধন ;

(গ) ৩৪ নং জাতীয় সড়ককে কাজে লাগানো।

উপরোক্ত ব্যবস্থাগুলি ছাড়া সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন, কাস্টমস্ ডিপার্টমেন্ট, উত্তর চব্বিশ পরগনার জেলা কর্তৃপক্ষ প্রভৃতি সংস্থাগুলি কর্তৃক বিভিন্ন ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(ঘ) ভূতল পরিবহন মন্ত্রক কর্তৃক উপযুক্ত বরাদ্দ সাপেক্ষে বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের কাজ শুরু করার প্রস্তুতি সম্পূর্ণ।

দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসেবে নিম্নলিখিত সম্ভাবনাগুলি খতিয়ে দেখা হচ্ছে ঃ

(ক) দ্বিতীয় বিবেকানন্দ সেতু, বেলঘরিয়া ক্সপ্রেসওয়ে, ৩৪ নং জাতীয় সড়ক (প্রথম ধাপে চাকদহ পর্যন্ত চার সারিযুক্ত সড়ক রূপান্তরিত করার পরিকল্পনা আছে), চাকদহ-বনগাঁ বাইপাস (এই বাইপাস পেট্রাপোলের সঙ্গে সরাসরি সংযোগ রক্ষা করবে) দিয়ে একটি করিডর ;

(খ) মগরা হতে বর্ধমান ২ নং জাতীয় সড়ক ধরে এস. টি. কে. কে. সড়ক ঈশ্বর গুপ্ত সেতু—বড়জাগুলি-চাকদহ-বনগাঁ সড়ক-বনগাঁ বাইপাস ধরে একটি করিডর ;

(গ) বনগাঁ-হেলেঞ্চা-সিন্দ্রানি-দত্তফুলিয়া সড়কের উন্নতিসাধন। এই সড়কটি রানাঘাটের কাছে ৩৪ নং জাতীয় সড়কের সঙ্গে যুক্ত হয়েছে এবং এটি একটি রাজ্য সড়ক।

৬৫ কি. মি. দীর্ঘ দুর্গাপুর এক্সপ্রেসওয়ে প্রকল্পটি আটটি প্যাকেজে বিভক্ত। এর মধ্যে ৪, ৫, ৬, ৭ এবং ৮ নং প্যাকেজের কাজ সম্পূর্ণ হয়ে গেছে। বর্তমান প্রকল্পটির প্রায় ৭০% কাজ শেষ হয়েছে এবং ৮১ কোটি টাকা খরচ হয়েছে।

পূর্ত বিভাগ সাধারণত সরকারি ভবন, সেতু নির্মাণ, দুর্বল ও অপ্রশস্ত সড়কগুলিকে বর্তমান প্রয়োজনের উপযোগী করে তুলতে দৃঢ় ও প্রশস্তিকরণের কাজ করে থাকে। তাছাড়া

ই বিভাগের অধীন সরকারি ভবনসমূহ এবং সড়ক ও সেতুর রক্ষণাবেক্ষণের কাজও করে। াছাড়া জাতীয় নেতৃবৃন্দ, বিপ্লবী, শহিদ, সমাজ-সংস্কারক, সাহিত্যিক প্রভৃতি মনীষীদের প্রতি ম্মান জানানোর উদ্দেশ্যে মূর্তি নির্মাণ ও স্থাপন করে থাকে।

এখন আমি পূর্ত বিভাগের ১৯৯৫-৯৬ সালে গৃহীত প্রকল্পসমূহ এবং ১৯৯৬-৯৭ ালের কর্মসূচি সম্পর্কে কিছু কথা বলতে চাই।

গত বছরে চালু প্রকল্পগুলির মধ্যে নিম্নলিখিত কাজগুলি শেষ হয়েছে ঃ

(ক) বিশ্বব্যাঙ্কের সহায়তায় কলকাতার আটটি পলিটেকনিকের সম্প্রসারণের কাজ।

(খ) কলকাতার মানিকতলায় কেন্দ্রীয় গ্রন্থাগার ভবন নির্মাণ।

(গ) লবণ হ্রদে চর্মপ্রযুক্তি কমপ্লেক্সের নির্মাণ।

(ঘ) কল্যাণী ইঞ্জিনিয়ারিং কলেজ ভবন (১ম পর্যায়)।

(ঙ) সিউড়ি প্রশাসনিক ভবন (১ম পর্যায়)।

(চ) জলপাইগুড়ি প্রশাসনিক ভবন (১ম পর্যায়) হাসপাতালের বহির্বিভাগীয় ব্লক।

(ছ) শিলিগুড়ি হাসপাতালের বহির্বিভাগীয় ব্লক।

(জ) কল্যাণী প্রশাসনিক ভবন।

(ঝ) ধূপগুড়ি, বহরমপুর, মেদিনীপুর, লালবাজারে অগ্নিনির্বাপণ ভবন।

(ঞ) মালদহের নতুন সার্কিট হাউস।

(ট) প্রেসিডেন্সি কলেজের নেতাজী সুভাষ ভবন।

(ঠ) বিধানসভা ভবনের গ্রন্থাগার গৃহ।

(ড) আয়ুর্বেদিক কলেজের আঞ্চলিক গবেষণা কেন্দ্র।

(ঢ) কলকাতার উর্দু একাডেমি।

(ণ) বেহালায় এল. এম. দে. সার্ডেন লেনে অগ্নিনির্বাপণ ও প্রশিক্ষণ কেন্দ্র।

(ত) দুর্গাপুর, বালুরঘাট, পুরুলিয়া (মহিলা বন্দীদের জন্য) কারাভবন।

(থ) প্রেসিডেন্সি কলেজের ছাত্রীদের জন্য লবণ হ্রদে ১৭৫ বার্ষিকী মহিলা হস্টেল ভবন।

বিগত বছরে পশ্চিমবঙ্গে নিম্নলিখিত মূর্তিগুলির স্থাপনা ও উন্মোচন সম্পন্ন হয়েছে ঃ

(ক) কলকাতার হাইড রোডে মৃণালকান্তি বসুর মূর্তি।

(খ) কলকাতার সূর্যনগরে মাস্টারদা সূর্য সেনের মূর্তি।

(গ) নদীয়ার পায়রাডাঙ্গায় শহিদ নিত্যানন্দ সাহার মূর্তি।

বাবাসাহেব আম্বেদকর ও নেপালি কবি আচার্য ভানুভক্তের মূর্তি নির্মাণের কাজ শেষ হয়েছে। আশা করা যায় শীঘ্রই ওইগুলি স্থাপন করা যাবে।

প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি নির্মাণের কাজ শেষ হয়েছে। পূর্ব নির্ধারিত স্থানে মূর্তি স্থাপনের বিষয়ে প্রতিরক্ষা দপ্তর আপত্তি তুলেছেন। তাদের সম্মতি সংগ্রহের চেষ্টা চলছে।

নতুন দিল্লির সংসদ ভবন কমপ্লেক্সে স্থাপনের উদ্দেশ্যে নেতাজী সুভাষচন্দ্র বসুর একটি ১৮' দীর্ঘ মূর্তি নির্মাণের কাজ চলছে।

নিম্নলিখিত চালু প্রকল্পগুলির কাজ সন্তোষজনকভাবেই এগোচ্ছে। আশা করা যায় বর্তমান বছরেই এর মধ্যে কয়েকটি ব্যবহারের উদ্দেশ্যে খুলে দেওয়া সম্ভব হবে।

(ক) ১১-এ মীর্জা গালিব স্ট্রিটের খাদ্যভবন।

(খ) বারাকপুর ও সিউড়ির প্রশাসনিক ভবন।

(গ) আলিপুর, বারাসত, কালিম্পং এবং আসানসোলে আদালত ভবন।

(ঘ) কলকাতায় আবগারি অধিকারের অফিস ভবন।

(ঙ) কলকাতায় ত্রাণ কমপ্লেক্স।

(চ) জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজের প্রশাসনিক ভবন।

(ছ) বর্ধমানের রামচন্দ্রপুরে ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল।

(জ) আসানসোলে স্টেডিয়াম।

(ঝ) গার্ডেনরিচ হাসপাতাল।

(ঞ) শিলিগুড়ি ইন্ডোর স্টেডিয়াম।

(ট) উত্তর ২৪ পরগনার অশোকনগর স্টেডিয়াম।

(ঠ) কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালের প্রধান ভবনটির সংস্কার ও পুনর্নির্মাণের ও নবরূপায়ণের কাজ।

পূর্ত (সড়ক) বিভাগ কর্তৃক নির্মীয়মান পূর্ব-উল্লেখিত সেতুগুলি ছাড়াও পূর্ত বিভাগ নিম্নলিখিত সেতুগুলি নির্মাণ করছে। ওই সেতুগুলির কাজ সন্তোষজনকভাবে এগোচ্ছে ঃ

(ক) দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে পুনর্ভবা নদীর উপর সেতু,

(খ) উত্তর ২৪-পরগনার বেলিয়াঘাটায় বিদ্যাধরী নদীর উপর সেতু,

(গ) উত্তর ২৪-পরগনার গোবরডাঙ্গায় যমুনা নদীর উপর সেতু,

(ঘ) জলপাইগুড়িতে করলা নদীর উপর সেতু,

(ঙ) উত্তর দিনাজপুর জেলায় (১) ইসলামপুর-পাটাগোড়া সড়ক (২) কিষানগঞ্জ-দিনাজপুর সড়কে ডি. এন. এম. সি. খালের উপর দুটি সেতু,

আমি আগেই উল্লেখ করেছি যে সড়ক ব্যবস্থা যে কোনও সমাজের জীবনরেখা। সড়কের মাধ্যমেই উৎপাদন কেন্দ্রে কাঁচামাল পৌছোয় আবার উৎপাদিত পণ্য সড়ক পথেই বিক্রয়কেন্দ্রে হাজির হয়। দেশের প্রত্যন্ত অংশে শিক্ষাকে পৌছে দেয় সড়ক, আবার মুমূর্ষু রোগীকে চিকিৎসা কেন্দ্রে বহন করে আনে ওই সড়ক পথই। স্বাধীনতার সময়ে এ রাজ্যে পাকা সড়কের দৈর্ঘ্য ছিল ১,৭৫০ কি. মি. যা এখন বেড়ে দাঁড়িয়েছে ১৮,০০০ কি. মি.। পূর্ত এবং পূর্ত (সড়ক) বিভাগের নিয়ন্ত্রণাধীন সড়ক দৈর্ঘ্যের কথাই এখানে উল্লেখ করা হল। এই তথ্য থেকে বোঝা যায় যে পূর্ত বিভাগ তার সীমাবদ্ধ সঙ্গতির মধ্যেও নতুন সড়ক নির্মাণ করে এবং পুরনো সড়ক পথকে দৃঢ় ও প্রশস্ত করে বর্তমানের চাহিদা মেটানোর চেষ্টা করে থাকে। অবশ্য এ কথা স্বীকার করতেই হয় যে সামগ্রিক অবস্থা আদৌ সন্তোষজনক নয়। বর্তমানের অধিক ওজনবাহী যানবাহন এবং তাদের অবিরাম চলাচলের ভার পুরনো দিনে নির্মিত দুর্বল ও অপ্রশস্ত সড়কগুলি আর বহন করতে পারছে না। এই সমস্যার হাত থেকে রক্ষা পেতে দুর্বল ও অপ্রশস্ত সড়ক ব্যবস্থার উন্নতি সাধনের জন্য আমাদের নিজস্ব সঙ্গতি ও বিশ্বব্যাঙ্ক প্রভৃতির আর্থিক সহায়তার ওপর ভিত্তি করে দীর্ঘস্থায়ী পরিকল্পনা রচনা করা হয়েছে।

বর্তমানে পূর্ত বিভাগের অধীন নিম্নলিখিত সড়কগুলির প্রশস্তিকরণের কাজ চলছে ঃ

(ক) উত্তর ও দক্ষিণ দিনাজপুরের রায়গঞ্জ বুনিয়াদপুর সড়ক,

(খ) দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুর-বালুরঘাট-হিলি সড়ক,

(গ) হুগলি জেলার বৈদ্যবাটি-তারকেশ্বর-চাঁপাডাঙা সড়ক,

(ঘ) উত্তর ২৪-পরগনার বি. টি. রোডের বেলঘরিয়া-ব্যারাকপুর অংশের প্রশস্তিকরণ,

(ঙ) নদীয়া জেলার কৃষ্ণনগর-করিমপুর-জলঙ্গী সড়ক

(চ) নদীয়া জেলায় হাঁসখালি-দত্তফুলিয়া সড়ক

(ছ) মুর্শিদাবাদ জেলার বহরমপুর-ভগবানগোলা-লালগোলা সড়ক

(জ) মুর্শিদাবাদ জেলার চুনাখালি-জলঙ্গী সড়ক।

আমি এখানে উল্লেখ করতে চাই যে, নতুন দিল্লির বঙ্গভবনে দীর্ঘদিনের অনুভূত কিছু প্রয়োজনীয় সুবিধাদির ব্যবস্থা করা সম্ভব হয়েছে। যথা ডাক্তারখানা, এস. টি. ডি. সহ ফোনের সুবিধা, ফ্যাক্স-এর মাধ্যমে পত্র পাঠানো, ক্লোক রুমের সুযোগ, মনিহারী দ্রব্যের বিক্রয় কেন্দ্র ইত্যাদি।

স্বামী বিবেকানন্দের স্মৃতিতে কলকাতার ময়দান অঞ্চলে এস. এস. কে. এম. হাসপাতালের নিকটে নির্মিত স্বামী বিবেকানন্দ পার্ক-এর উদ্বোধন হয়েছে। এটিকে আরও বেশি শিশুপ্রিয় করে তোলার ব্যবস্থা করা হচ্ছে।

পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ সাধারণত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, শ্রম, কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ, তথ্য ও সংস্কৃতি, প্রাণীসম্পদ বিকাশ প্রভৃতি বিভিন্ন বিভাগের অধীনস্থ ভবনগুলির নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে।

১৯৯৫-৯৬ সালে পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ নিম্নে দেওয়া হল ঃ

(ক) বর্ধমানে মহিলাদের জন্য নির্দিষ্ট আই. টি. আই. ভবনের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং শিলিগুড়ি আই. টি. আই. এর কাজ সমাপ্তির মুখে।

(খ) কলকাতার বাইরে অবস্থিত আটটি আই. টি. আই. ভবনের সম্প্রসারণের কাজ প্রায় শেষ হয়েছে।

(গ) মেদিনীপুর জেলার শালবনীতে বিশ্বব্যাঙ্কের সহায়তায় সামাজিক বনসৃজন প্রকল্পের কাজে বিশেষ অগ্রগতি হয়েছে।

পূর্ত (নির্মাণ পর্ষদ) বিভাগ বেশ কয়েকটি ভবন নির্মাণের কাজ শুরু করেছে এবং আগামী ১৯৯৬-৯৭ সালে ওইগুলির মধ্যে নিম্নলিখিত ভবনগুলির ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি হবে বলে আশা করা যায় ঃ

(ক) ৩৫-শয্যাবিশিষ্ট গোবরডাঙ্গা গ্রামীণ হাসপাতাল।

(খ) মেদিনীপুরের এগরায় ৬০-শয্যাবিশিষ্ট হাসপাতাল কর্মচারিদের বাসভবন।

(গ) মেদিনীপুরের নয়াগ্রাম ব্লকে খড়িকামাথাণি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র।

(ঘ) দক্ষিণ ২৪-পরগনার সাগর গ্রামীণ হাসপাতাল ভবনের উন্নতিকরণ।

(ঙ) আলিপুরদুয়ার, আমতলা, বর্ধমান, ও শিলিগুড়ির নতুন আই. টি. আই. ভবনসমূহ।

(চ) দুর্গাপুর আঞ্চলিক ইঞ্জিনিয়ারিং কলেজ, বর্ধমান বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয় এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ভবনসমূহের পুনর্নির্মাণ ও নবরূপায়ণের কাজ।

পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের ব্যবহারের উদ্দেশ্যে বেলগাছিয়ার পূর্বতন বেঙ্গল ভেটেরনারি কলেজ ভবনের পুনর্নির্মাণের কাজ।

তাছাড়া শিলিগুড়ি ও হলদিয়ায় মহিলাদের জন্য পলিটেকনিক ভবন নির্মাণের জন্য প্রাপ্ত টেন্ডারগুলির মূল্যায়ন রিপোর্ট ভারত সরকারের কাছে পাঠানো হয়েছে। তাদের ও বিশ্বব্যাঙ্কের অনুমোদন পাওয়া গেলে কাজের আদেশ দেওয়া হবে।

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগ এই দপ্তরকে সি. এম. ডি. এ. এলাকার বাইরে বেশ কটি উদ্বাস্তু কলোনী উন্নয়নের দায়িত্ব দিয়েছেন, তার মধ্যে দুটির ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে। বাকিগুলি পরিকল্পনার বিভিন্ন স্তরে রয়েছে।

এই কটি কথা বলে ১৯৯৬-৯৭ সালের জন্য যে দাবিগুলি পেশ করলাম, তা গ্রহণ করার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

## Demand Nos. 30 and 45

The Printed Speech of **Shri Shri Satya Sadhan Chakraborty,**

**Shri Kanti Biswas, Shri Bansigopal Chowdhury, Smt. Anju Kar, Shri Nemai Mal** on Demand No. 30 & 45 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ৩০ নং অভিযাচনের অন্তর্গত "২২০২-সাধারণ শিক্ষা", "২২০৩-কারিগরি শিক্ষা", "২২০৫-কলা ও সংস্কৃতি" এবং "৬২০২-শিক্ষা, ক্রীড়া, কলা ও সংস্কৃতি বিষয়ের ঋণ"—এই চার খাতে ১৯৯৬-৯৭ আর্থিক বছরের জন্য মোট ২৩৬০ কোটি ৮৮ লক্ষ ৭১ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করছি। ১৯৯৬-৯৭ সালের শিক্ষাখাতে ব্যয়-বরাদ্দের বৃহৎ অংশ ৩০ নং অভিযাচনের অন্তর্গত উপরোক্ত চার খাতে প্রস্তাবের অন্তর্ভূক্ত আছে। ১৯৯৬-৯৭ সালে শিক্ষাখাতে অন্যান্য অভিযাচনের অন্তর্গত ব্যয়-বরাদ্দের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রীগণ পেশ করবেন।

এই সঙ্গে ৪৫ নং অভিযাচনের অন্তর্গত "২২৫১-সেক্রেটারিয়েট সোস্যাল সার্ভিস" খাতে ১৯৯৬-৯৭ আর্থিক বছরের জন্য ১৩ কোটি ৯ লক্ষ ১০ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করছি। প্রস্তাবিত এই অর্থ ১৯৯৬-৯৭ আর্থিক বছরে রাজ্য সরকারের ১৪টি বিভাগের কর্মীদের বেতন ও ভাতা ইত্যাদি প্রদানের জন্য ব্যয়িত হবে।

অন্তর্বর্তীকালের ব্যয়ের জন্য প্রস্তাবিত যথাক্রমে ৭৮৯ কোটি ৯১ লক্ষ টাকা এবং ৪ কোটি ৩৭ লক্ষ টাকা উপরোক্ত প্রস্তাব দুটির অন্তর্ভূক্ত।

পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার যাত্রারম্ভ থেকে যে ক'টি বিষয়ের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে আসছে এ-কথা নূতন করে বলার কোনও অপেক্ষা রাখে না যে তার মধ্যে একটি হল শিক্ষা। গত ১৯ বছর ধরে ধারাবাহিক কাজের মধ্যে দিয়ে শিক্ষা ক্ষেত্রে তাই এত সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে। সাক্ষরতা আন্দোলন থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষা সর্বত্র এই সাফল্যের স্বাক্ষর বিদ্যমান। পঞ্চম বারের জন্য রাজ্যবাসীর এত সমর্থন নিয়ে পুনরায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে। বামফ্রন্টের নির্বাচনী কর্মসূচিতে শিক্ষা-সংক্রান্ত ঘোষিত কর্মসূচি নিষ্ঠার সাথে পালন করা হবে—পঞ্চম বামফ্রন্ট সরকারের এই প্রথম ব্যয়-বরাদ্দের দাবির মুহূর্তে আমরা বলিষ্ঠতার সাথে সে কথা বলতে চাই। শিক্ষাকে প্রসারিত করা, তার মানোন্নয়ন ঘটানো এবং যুগোপযোগী করার দিকে আরও বেশি দৃষ্টি দেওয়ার চেষ্টা করা হবে। শিক্ষার প্রতি দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকার যে বেদনাদায়ক উপেক্ষা দেখিয়ে আসছে—আমরা আশা করছি কেন্দ্রের বর্তমান যুক্তফ্রন্ট সরকার তার অবসান ঘটাবে। শিক্ষা কেন্দ্রীয় সরকার ও জাতীয় পরিকল্পনা আয়োগের নিকট হতে যোগ্য মর্যাদা পাবে। স্বল্প সময়ের মধ্যেই আমরা কেন্দ্রীয় সরকারের ঘোষণা থেকে তার অর্থবোধক ইঙ্গিত পেয়েছি। এই আঙ্গিকে আমরা বর্তমান আর্থিক বছরের জন্য এই ব্যয়-বরাদ্দের দাবি সভায় অনুমোদনের জন্য উত্থাপন করছি।

আমরা গত বছরের তুলনায় ৮৩ কোটি ৪২ লক্ষ ৭৮ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব রাখছি। তারই কিছু প্রকল্পের লক্ষ্যমাত্রা এবং সাফল্যের বিবরণ উল্লিখিত হল ঃ

## প্রাথমিক শিক্ষা

### প্রাথমিক বিদ্যালয় স্থাপন

আদালতে মামলা থাকার জন্য বিগত কয়েক বছর আমরা কোনও প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারি নি। বর্তমান প্রাথমিক বিদ্যালয়সমূহে শূন্যপদগুলি পর্যন্ত পূরণ করা যায়

নি। সুপ্রীম কোর্ট কয়েক মাস পূর্বে প্রাথমিক বিদ্যালয়গুলির বর্তমান শূন্যপদসমূহ পূরণের ব্যাপারে অন্তর্বর্তী নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছেন এবং তদনুসারে কাজ শুরু করার পদক্ষেপ নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩-এ যে সাম্প্রতিক সংশোধনগুলি করা হয়েছে, তার ফলে, আমরা আশা করি, ১৯৯৬-৯৭ সালে উপযুক্ত সংখ্যক শিক্ষকসহ ১,০০০টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে সমর্থ হব।

**পাঠ্যপুস্তক বিতরণ**

পঞ্চায়েত এবং পুরসভার সহায়তায় প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের মধ্যে পাঠ্যপুস্তক বণ্টনের যে প্রকল্প আমাদের আছে তা অব্যাহত রয়েছে। প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে এবং পাঁচটি ভাষায়, যথা—বাংলা, হিন্দী, উর্দু, নেপালি এবং অলচিকি হরফে সাঁওতালী ভাষায়—পাঠ্যপুস্তক বিলি-বণ্টন করা হয়। বিগত বছরে এজন্য আমরা প্রায় ১২ কোটি টাকা ব্যয় করেছি।

**উৎসাহমূলক প্রকল্প**

প্রাথমিক স্তরের ছাত্রীদের মধ্যে পোষাক বিতরণের প্রকল্পটি আর্থিক অসুবিধার জন্য কিছুটা স্থগিত ছিল, তা আবার চালু করা হয়েছে। তফসিলি জাতি ও উপজাতির সমস্ত প্রাথমিক ছাত্রী এবং দরিদ্র পরিবারের শতকরা ২৫ ভাগ অন্যান্য শ্রেণীর প্রাথমিক ছাত্রীদের আমরা এ প্রকল্পের আওতায় আনতে চাই। এজন্য মাথাপিছু ব্যয়ের পরিমাণ ইতিমধ্যে ৫০ টাকায় বৃদ্ধি করা হয়েছে। ১৯৯৬-৯৭ সালেও এই প্রকল্পটি চালু থাকবে বলে আশা করছি।

প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা, যা একটি নিয়মিত বার্ষিক অনুষ্ঠান, ১৯৯৫-৯৬ সালেও অনুষ্ঠিত হয়েছে। চক্রস্তর থেকে শুরু করে রাজ্যস্তর পর্যন্ত অনুষ্ঠিত এই প্রতিযোগিতাটি একটি অনবদ্য অনুষ্ঠান। এর মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে খেলোয়াড়সুলভ এবং বন্ধুবৎসল মনোবৃত্তির বিকাশ ঘটে।

**দ্বি-প্রাহরিক খাবার প্রকল্প**

এই রাজ্যে কর্মনিয়োগ আশ্বাস প্রকল্পের অধীন ১২৮টি ব্লকে ১৫-৮-৯৫ তারিখ থেকে চালু ভারত সরকারের পুষ্টি প্রকল্প অনুসারে আমরা শিশু প্রতি মাসে ৩ কিলোগ্রাম চাল বা গম বণ্টনের কাজ শুরু করেছি। শতকরা ৮০ ভাগ উপস্থিতি সাপেক্ষে বছরে ১০ মাসের জন্য এই প্রকল্প ১২৮টি কর্মনিয়োগ আশ্বাস প্রকল্পাধীন ব্লকে অব্যাহত রয়েছে এবং ১৯৯৬-৯৭ সালে আরও ৮৮টি জাতীয় গড় হতে নিম্ন স্ত্রী-সাক্ষরতাযুক্ত ব্লক এই প্রকল্পের আওতায় এসেছে।

**বিদ্যালয় গৃহের উন্নতিসাধন**

প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ সংখ্যার উন্নতি সাধনের কর্মসূচি আমাদের অব্যাহত রয়েছে। দশম অর্থ কমিশনের অনুসারে লভ্য বরাদ্দের সাহায্যে বর্তমান আর্থিক বছরে আমরা এ-ব্যাপারে যথেষ্ট অগ্রগতি আশা করছি।

**জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্প**

যুক্তরাজ্যের ওভারসিজ ডেভেলপমেন্ট অ্যাডমিনিস্ট্রেশন (ও. ডি. এ.)-এর আর্থিক সাহায্যে কুচবিহার, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় জেলা প্রাথমিক শিক্ষা প্রকল্পের কাজ যথেষ্ট এগিয়ে গেছে। ঐ জেলাগুলির এবং রাজ্যস্তরীয় পরিকল্পনা পরীক্ষিত ও অনুমোদিত হয়েছে এবং প্রকল্প নিরীক্ষণ কমিটি (প্রোজেক্ট ইভ্যালুয়েশন কমিটি)-র অনুমোদন সাপেক্ষে প্রকল্পটির সামগ্রিক সহায়তার পরিমাণ আপাতত প্রায় ২০০ কোটি টাকা নির্ধারিত হয়েছে। প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ আমরা ১৯৯৬ সালের শেষ দিকে অথবা পরের বছরের প্রথম দিকে শুরু করতে পারব বলে আশা করি।

**শিক্ষার মান**

'ইউনিসেফ', ভারত সরকার এবং রাজ্য সরকারের আর্থিক সাহায্যে প্রাথমিক স্তরে শিক্ষণ ও শিক্ষার মান উন্নয়নের জন্য কয়েকটি প্রকল্প শুরু করা হয়েছে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের পরিচালনায় শিক্ষার 'সর্বনিম্ন স্তর' প্রকল্পে প্রতি জেলায় বর্তমান বছরে ২০টি এবং পরবর্তী আর্থিক বছরে ২০টি প্রাথমিক বিদ্যালয়কে আনা হবে। পরের বছরগুলিতে আরও কিছু বিদ্যালয়কে এই প্রকল্পের আওতায় নিয়ে আসার ইচ্ছা আমাদের আছে। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের মাধ্যমে "প্রাথমিক শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ" প্রকল্প অনুসারে ৫ বছরে এই রাজ্যের সকল প্রাথমিক শিক্ষককে একটি ৭-দিনব্যাপী প্রশিক্ষণ দানের ইচ্ছা আমরা পোষণ করি।

'ইউনিসেফ'-এর আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টের পরিচালনায় ভারতবর্ষে প্রাথমিক শিক্ষার অবস্থার উপর একটি সমীক্ষা শুরু করেছে।

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদসমূহ এবং পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রশাসনিক পরিকাঠামোর উন্নয়নের জন্য আমরা এই সংস্থাগুলির কর্মীসংখ্যা বৃদ্ধি করেছি। এজন্য সর্বনিম্ন স্তরে পদসৃষ্টি এবং অবরবর্গীয় করণিকদের পদোন্নতির সুযোগ বৃদ্ধি করা হয়েছে।

**মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক শিক্ষা**

১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের জন্য আমরা ২৮টি নিম্ন মাধ্যমিক এবং ৭৫টি মাধ্যমিক বিদ্যালয়কে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছি এবং তার সাথে ২৮৯টি শিক্ষক এবং ২৭টি শিক্ষাকর্মী পদ সৃষ্টি করেছি। মেরামতি ইত্যাদির জন। ২০,০০০ টাকা হিসাবে ৭৫০টি বিদ্যালয়কে এবং সংস্কার, পরিবর্তন বা নির্মাণ ইত্যাদির জন্য ১ লক্ষ টাকা হিসাবে ১৪১টি বিদ্যালয়কে অনুদান মঞ্জুর করা হয়েছে।

বিদ্যালয়ের উন্নীতকরণ এবং বিদ্যালয় গৃহের সংস্কার বা নির্মাণ ইত্যাদির এই কর্মসূচিগুলি আমরা চলিয়ে যেতে চাই।

**কম্পিউটার শিক্ষা**

২০৭টি বিদ্যালয়ে ইতিপূর্বেই কম্পিউটার বসানো হয়েছে এবং কম্পিউটার সাক্ষরতা ও অধ্যয়ন (CLASS) প্রকল্প চালু হয়েছে। ১৯৯৬-৯৭ সালে আমরা আরও ২৫টি বিদ্যালয়কে এই প্রকল্পের আওতায় আনার ইচ্ছা রাখি।

**অবসর গ্রহণের বয়স**

সরকারি সাহায্য প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও শিক্ষাকর্মী যারা নূতন বেতনক্রমের জন্য ইচ্ছাপত্র দিয়েছেন, তাদের ৬০ বছর বয়সে অবসর গ্রহণ সংক্রান্ত সরকারি সিদ্ধান্তের ফলে উদ্ভূত মামলাগুরি মধ্যে প্রাথমিক শিক্ষকদের ব্যাপারে সুপ্রিম কোর্ট এপ্রিল, ১৯৯৬-এ সরকারি আদেশের অনুকূলে রায় দিয়েছেন এবং চূড়ান্ত নিষ্পত্তি করেছেন। মাধ্যমিক শিক্ষকদের ব্যাপারে মামলাগুলি ইতিপূর্বে নিষ্পত্তি হয়েছে এবং সেগুলিও সরকারের অনুকূলে। সরকারি সিদ্ধান্তের ঔচিত্য চূড়ান্তভাবে ফয়সালা হওয়ায় আশা করছি শিক্ষকদের পেনসনের ব্যাপারগুলি এখন দ্রুত নিষ্পত্তি হবে।

**পেনসন সরলীকরণ**

১৯৮১ সালের ১লা এপ্রিল এবং ১৯৮৬ সালের ১লা জানুয়ারির মধ্যে সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের যে-সব শিক্ষক এবং শিক্ষাকর্মী অবসর গ্রহণ করেছেন তারা এতদিন ১-১-৮৬ তারিখের পূর্বের বেতনহারে পেনসন এবং সামান্য কিছু মহার্ঘভাতা পেতেন, সরকারি অফিসের পেনসনভোগিদের জন্য বিভিন্ন সময়ে বর্ধিত মহার্ঘভাতা তারা পাচ্ছিলেন না। এইসব পেনসনভোগিদের দীর্ঘকালের ক্ষোভ অবশেষে মিটেছে। ১-১-৮৬ তারিখে যে ভোগ্যপণ্য মূল্যসূচক ছিল, তা প্রশমিত করে এবং সরকারি পেনসনভোগিদের ক্ষেত্রে প্রযোজ্য মহার্ঘভাতা প্রদান করে এইসব কর্মীদের দীর্ঘকালীন অভিযোগের সুরাহা করা হয়েছে; ১লা এপ্রিল, ১৯৯৬ থেকে এই ব্যবস্থা কার্যকর হয়েছে। অবসরপ্রাপ্ত শিক্ষক এবং শিক্ষাকর্মিদের অবসরকালীন সুযোগ-সুবিধা যথাশীঘ্র প্রদান করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং এই উদ্দেশ্যে সমস্ত সম্ভাব্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**১৯৯০ সালের বেতন-পুনর্বিন্যাসজনিত বকেয়া বেতন**

১-১-৮৬ তারিখ থেকে বেতনকাঠামো পুনর্বিন্যাসের ফলে প্রাপ্য বকেয়া বেতনের টাকা মিটিয়ে দিতে সরকার অঙ্গীকারবদ্ধ। ট্রেজারিতে কর্মচারিদের ভবিষ্যনিধি হিসাব তহবিলে এই বকেয়ার টাকা জমা দেবার কথা। এই বকেয়া টাকার মোট পরিমাণ বর্তমানে কত তা জানার জন্য জেলাগুলি থেকে তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে যাতে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা যায়। প্রসঙ্গত, অবসরপ্রাপ্ত কর্মীদের এই বকেয়ার টাকা অবসর নেওয়ার পর পরই মিটিয়ে দেওয়া হয়।

**মুক্ত বিদ্যালয়**

রাজ্য যোজনা পর্ষদ আমাদের রাজ্য মুক্ত বিদ্যালয়ের প্রস্তাব অনুমোদন করেছেন এবং প্রারম্ভিক প্রয়োজনীয় অর্থ ইত্যাদির জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে। প্রথাগত ব্যবস্থায় বিদ্যালয় ছুট্‌দের উচ্চ-মাধ্যমিক স্তর পর্যন্ত সাধারণ ও বৃত্তিমূলক শিক্ষার আওতায় আনার ব্যাপারে মুক্ত বিদ্যালয় ব্যবস্থা সুদূরপ্রসারী ভূমিকা নেবে। নানাপ্রকার বাধা-বিপত্তির জন্য এই প্রকল্প রূপায়ণে বিলম্ব হচ্ছে এবং এজন্য আমরা আন্তরিক দুঃখিত। বর্তমান বছরের বাজেটে এজন্য অর্থ বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

### বিদ্যালয় নিয়োগ আয়োগ

ডঃ অশোক মিত্র কমিশনের সুপারিশক্রমে একটি বিদ্যালয় নিয়োগ আয়োগ গঠনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকপদে প্রার্থীদের প্রবেশন ও নির্বাচন একটি সংবিধিবদ্ধ ও নিরপেক্ষ প্রতিষ্ঠানের মাধ্যমে করা সম্ভব হবে এবং শিক্ষাগত যোগ্যতা ও মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচনে এরূপ মাপকাঠি প্রয়োগ করা যাবে। এ ব্যাপারে আমরা বিগত জানুয়ারি মাসে রাষ্ট্রপতির সম্মতি প্রার্থনা করেছি এবং কেন্দ্রীয় সরকারের সাথে বিষয়টি অনুধাবন করা হচ্ছে।

### মাদ্রাসা শিক্ষা

বামফ্রন্ট সরকারের আমলে পাঠ্যসূচি ও পাঠ্যক্রমসহ মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণ করা হয়েছে। এর ফলে আধুনিক শিক্ষার বিভিন্ন শাখার সাথে ছাত্রদের পরিচিতি ঘটছে। মাদ্রাসা শিক্ষার সমগ্র প্রশাসনিক ব্যবস্থা দেখাশোনার জন্য একটি আইন প্রণয়নের মাধ্যমে স্বশাসিত মাদ্রাসা বোর্ড গঠিত হয়েছে। সর্বপ্রকার এবং সম্পূর্ণ আর্থিক সহায়তা দিয়ে সমস্ত ধরনের মাদ্রাসার শিক্ষক ও শিক্ষা কর্মীদের আর্থিক অনুদান প্রকল্পের আওতায় নিয়ে আসা হয়েছে। মাদ্রাসা শিক্ষার ব্যাপ্তি ও মানোন্নয়ন বৃদ্ধির জন্য আমরা নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছি।

### সংস্কৃত শিক্ষা ও টোল

সংস্কৃত শিক্ষার বিভিন্ন পর্যায়ে নিযুক্ত টোলগুলিকে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। সংস্কৃত শিক্ষার গুরুত্ব সম্পর্কে রাজ্য সরকার সম্পূর্ণ ওয়াকিবহাল এবং এ বিষয়ে তার দায়িত্ব পালনে সচেষ্ট।

### শিক্ষা প্রশাসনের গণতন্ত্রীকরণ

বিভিন্ন আইনগত জটিলতার কারণে জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ এবং উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ গঠনের জন্য নির্বাচন করা যায় নি। এইসব সংসদ আইনমাফিক ও গণতান্ত্রিক পদ্ধতিতে গঠনের জন্য প্রয়োজনীয় কাজ শুরু করা হয়েছে। এ বছরেই মাধ্যমিক শিক্ষা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হবার কথা।

## উচ্চশিক্ষা

### বিশ্ববিদ্যালয় শিক্ষা

বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার গুণগত মান রক্ষা এবং উৎকর্ষ বৃদ্ধি সরকারের নিকট বিশেষ গুরুত্বলাভ করেছে। চালু শিক্ষাক্রমগুলিকে আরও সুদৃঢ় এবং শিক্ষার বিষয়গুলি নব নব ক্ষেত্রে ছড়িয়ে দেওয়ার উপরে সরকার জোর দিয়েছেন। বিশ্ববিদ্যালয়গুলিতে অর্থনৈতিক শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠা করা হয়েছে এবং তাকে রক্ষা করা হচ্ছে।

মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় নতুন হওয়ার দরুন উন্নয়ন কর্মের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। আগামী বছরে চালু নির্মাণ প্রকল্পগুলির তৃতীয় পর্যায়ের কাজ যথাশীঘ্র সম্ভব শেষ করার লক্ষ্যে কর্মধারা সচল রাখা হবে। গত শিক্ষা বছরে এই বিশ্ববিদ্যালয়ে ভূগোলে

স্নাতকোত্তর শিক্ষাক্রম খোলা হয়েছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের গৃহীত প্রধান কর্মসূচিগুলির মধ্যে দ্বিতীয় ক্যাম্পাসের উন্নয়ন কর্মসূচিটি হল অন্যতম। এই ক্যাম্পাসটির পূর্ণ উন্নয়নের উদ্দেশ্যে আগামী আর্থিক বছরে অধিকতর অর্থ বরাদ্দ করতে হবে। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের আনুকূল্যে এবং রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতায় ভারতীয় ইতিহাস কংগ্রেসের ৫৬তম অধিবেশন গত আর্থিক বছরে অনুষ্ঠিত হয়। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের জোড়াসাঁকো ক্যাম্পাসকে ভারত সরকারের সহযোগিতায় ঠাকুর বাড়ির স্মৃতি বিজড়িত কলা ও সংস্কৃতির আন্তর্জাতিক কেন্দ্ররূপে গড়ে তোলার লক্ষ্যে ভারত সরকারের সঙ্গে আলাপ-আলোচনা শুরু করা হয়েছে এবং এই আলোচনার অনেকটা অগ্রগতিও হয়েছে। এই উদ্দেশ্যে অর্থ সংস্থানের বিষয়টিও বিবেচিত হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মেঘনাদ সাহা তারামণ্ডলটিকে সম্পূর্ণ করা এবং তার সঠিকরূপে পরিচালনার জনে ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা গত বছর মঞ্জুর করা হয়েছিল। সরকার কলকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ স্ট্রিট ক্যাম্পাসের কিছু কিছু অংশের পুনর্নির্মাণ ও পুনঃ-সংস্থাপনের জন্যে অর্থ বরাদ্দের বিষয়টি বিবেচনা করছেন। রাজ্য সরকারের সহায়তায় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সেমিনার হলটির যে নির্মাণকার্য গত বছর শুরু হয়েছিল তা চালু রয়েছে এবং এই বছরও সেই কাজ অব্যাহত থাকবে। গত বছর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও রাজ্য সরকারের সহায়তায় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় একটি জিমনাসিয়াম কক্ষ নির্মাণ করেছে। সামনের আর্থিক বছরে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তার ঝাড়ুদারদের বাসস্থান সংকুলানের জন্যে কতিপয় আবাসগৃহ নির্মাণ করার প্রস্তাব করেছে। আগামী বছরে এই বিশ্ববিদ্যালয় নেপালি ভাষা বিভাগ এবং গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগটির উন্নতি করার প্রস্তাব করেছে যার সঙ্গে কতিপয় শিক্ষকপদ সৃষ্টিরও প্রস্তাব রয়েছে। গত বছরে বিশ্ববিদ্যালয়গুলি ও অন্যান্য সংস্থার অশিক্ষক কর্মচারিদের বেতনক্রম সংশোধনের উদ্দেশ্যে একটি বেতন কমিটি গঠিত হয়েছে।

উচ্চশিক্ষাকে পরিকল্পিত ও সংহতিপূর্ণ করে তোলার লক্ষ্যে স্থাপিত রাজ্য উচ্চশিক্ষা সংসদ বিভিন্ন শিক্ষাগত কর্মসূচি গ্রহণ করার জন্যে পদক্ষেপ গ্রহণ করেছে। আগামী বছরগুলিতে এই সংসদ উচ্চশিক্ষার বিকাশের ক্ষেত্রে একটি বড় ভূমিকা গ্রহণ করবে।

**সরকারি মহাবিদ্যালয়**

বিগত বছরগুলির মতো ১৯৯৬-৯৭ সালেও রাজ্য সরকার রাজ্যের বর্তমান সরকারি কলেজগুলির সুসংহতিকরণ ও উন্নয়নের প্রতি গুরুত্ব দেবে। গত বছর বিভিন্ন সরকারি কলেজে কতকগুলি নতুন পাঠক্রম চালু করা হয়েছে। এর মধ্যে রয়েছে কৃষ্ণনগর সরকারি কলেজ ও বারাসত সরকারি কলেজে ভূগোলে সাম্মানিক কোর্স, টাকি সরকারি কলেজ ও হলদিয়া সরকারি কলেজে রসায়নের সাম্মানিক কোর্স, ঝাড়গ্রাম রাজ কলেজে শারীরতত্ত্বে সাম্মানিক কোর্স, মৌলানা আজাদ কলেজে ভূতত্ত্বে ও পরিসংখ্যানে সাম্মানিক কোর্স, বারাসাত সরকারি কলেজে উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যায় সাম্মানিক কোর্সের প্রচলন। ১৯৯৫-৯৬ সালে দার্জিলিং সরকারি কলেজে বি. কম.-এ হিসাবশাস্ত্রে সাম্মানিক কোর্স মঞ্জুর করা হয়েছে। এতদ্‌ভিন্ন, গত শিক্ষা বছরে টাকি সরকারি কলেজ ও দুর্গাপুর সরকারি কলেজ যথাক্রমে উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যায় পাশ কোর্স খোলার অনুমতি দেওয়া হয়েছে। ১৯৯৫-৯৬ সালে

চন্দননগর সরকারি মহাবিদ্যালয়ে কম্প্যুটার বিজ্ঞানে বি.এস.সি কোর্স খোলার অনুমতি প্রদান করা হয়েছে। শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের সংখ্যাও বাড়ানো হয়েছে।

হুগলি মহসীন কলেজে শারীরতত্ত্ব বিভাগ এবং চন্দননগর সরকারি কলেজে ফরাসী ভাষা বিভাগের সুদৃঢ়ীকরণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে। অতিরিক্ত লেকচারার পদ সৃষ্টি করে প্রেসিডেন্সি কলেজের প্রাণীবিদ্যা বিভাগে স্নাতকোত্তর পাঠক্রমের সুদৃঢ়ীকরণের জন্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিভিন্ন সরকারি কলেজে গবেষণা পরিকল্পনাগুলির অবিচ্ছিন্নতা নিশ্চিতীকরণের জন্যে ১৯৯৫-৯৬ সালে অর্থ বরাদ্দ করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে প্রেসিডেন্সি কলেজ ভবনের উন্নয়ন ও দার্জিলিং সরকারি কলেজ ভবনের নবরূপায়ণের জন্যে অর্থ মঞ্জুর করা হয়েছে। ৩৩ লক্ষ টাকা ব্যয়ে দার্জিলিং সরকারি কলেজের কর্মচারিদের আবাসগৃহ নির্মাণ এবং এই কলেজ ভবনের বিশেষ মেরামত এবং পুনর্নির্মাণ বর্তমান আর্থিক বছরে বিবেচনাধীন আছে। হুগলি মহসীন কলেজের গণিত বিভাগের কম্প্যুটার সংস্থাপন এবং বৈদ্যুতিক লাইন স্থাপন এবং পুরাতন গ্যাস লাইনের পুনঃরূপায়ণ, সংযোজন ও পরিবর্তনের জন্য ৫.৭৫ লক্ষ টাকা ১৯৯৫-৯৬ সালে মঞ্জুর করা হয়েছে। বিধাননগর সরকারি কলেজের বিজ্ঞানভবন নির্মাণ ও হলদিয়া সরকারি কলেজের ছাত্রদের চতুস্তল বিশিষ্ট হস্টেলগৃহ এবং ছাত্রদের হস্টেল নির্মাণের প্রশাসনিক অনুমোদন গত আর্থিক বছরে প্রদান করা হয়েছে। কুচবিহারে এ. বি. এন শীল কলেজের শতবার্ষিকী ভবনের নির্মাণের প্রশাসনিক অনুমোদনও দেওয়া হয়েছে। বিধাননগরের ২৫০ শয্যাবিশিষ্ট ছাত্রীদের হস্টেলের নির্মাণকার্য সমাপ্ত প্রায় এবং তা কিছুদিনের মধ্যে চালু হয়ে যাবে। ১৯৯৫-৯৬ সালে বাণীপুরের শারীরশিক্ষার স্নাতকোত্তর কলেজের প্রশাসনিক ভবনের সম্প্রসারণ এবং হস্টেল ভবনের পুনঃরূপায়ণের জন্যে পর্যাপ্ত অর্থ মঞ্জুর করা হয়েছে। চারুকলা শিক্ষার সুযোগ-সুবিধা বৃদ্ধিকল্পে সরকারি চারুকলা ও কারুকলা মহাবিদ্যালয়ের ভবনটির পুনঃরূপায়ণ ও সংস্কার সাধনের কাজ হাতে নেওয়া হয়েছে এবং ব্রোঞ্জ ছাঁচ ঢালাইশালার নির্মাণকার্যের জন্য ১.৫৩ লক্ষ টাকা এবং বৈদ্যুতিক লাইন স্থাপন ও মেরামতের জন্য ৩.৩৯ লক্ষ টাকা গত আর্থিক বছরে মঞ্জুর করা হয়েছে।

**বেসরকারি কলেজ**

রাজ্যে উচ্চশিক্ষার উন্নতির লক্ষে সরকারের ঘোষিত নীতির সঙ্গে সঙ্গতি রেখে বেসরকারি কলেজগুলির পরিকাঠামোর উন্নতিসাধনের মাধ্যমে এই কলেজগুলির উন্নতিকরণের প্রতি সমধিক গুরুত্ব দেওয়া হয়েছে। শহর, গ্রাম এবং পশ্চাদপদ এলাকার ১১২টি কলেজে ২৫০টি নতুন বিষয়ে পাশ ও সাম্মানিক কোর্স খোলা হয়েছে। শিক্ষার উন্নতির জন্যে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন বিভিন্ন বিষয়ে শিক্ষক নির্বাচনে নিজেদের ব্যাপৃত রেখেছেন। লেকচারার পদে কাঙ্খিত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাবার জন্যে প্রার্থী বাছাই-এর উদ্দেশ্যে রাজ্যস্তরের যোগ্যতা পরীক্ষা পরিচালিত হয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানগুলির সুষ্ঠু প্রশাসনের স্বার্থে শূন্য অধ্যক্ষ পদগুলির পূরণ করার জন্যে কলেজ সার্ভিস কমিশন ব্যবস্থা গ্রহণ করেছেন। ১৯৯৫ সালে কমিশন অধ্যক্ষপদে নিয়োগের জন্য ৫৩ জন প্রার্থীকে সুপারিশ করেছেন। বাকী শূন্য পদগুলি যথাশীঘ্র সম্ভব পূর্ণ করা যাবে বলে আশা করা যাচ্ছে।

বিগত বছরগুলির মতো উচ্চশিক্ষা বিভাগ কলেজ ভবনগুলির উন্নয়নকল্পে এবং কোনও কোনও ক্ষেত্রে নবরূপায়ণ ও সংস্কার সাধনের জন্যে অর্থ মঞ্জুর করার কাজ চালিয়ে যাচ্ছে। যে সব কলেজে পশ্চাদপদ শ্রেণী এবং সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্ররা পাঠরত তাদের দাবি-দাওয়া পূরণের লক্ষ্যে এবং দূরবর্তী গ্রামীণ এলাকার কলেজগুলির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

আনুমানিক ২১,৭১,৬৭০ টাকা ব্যয়ে কালিম্পং কলেজের বিজ্ঞান ব্লকের ভবনটির সম্প্রসারণের জন্যে রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এই কাজ চালিয়ে যেতে এবং যথাশীঘ্র সম্ভব শেষ করতে অনুরোধ করা হয়েছে। আনুমানিক ৫৯.৮৬ লক্ষ টাকা ব্যয়ে বহরমপুর কৃষ্ণনাথ কলেজের ১০০ শয্যাবিশিষ্ট ছাত্রী নিবাসের নির্মাণকার্য চলছে।

১৯৯৫-৯৬ সালে নিম্নোক্ত ছয়টি নতুন স্নাতক পর্যায়ের কলেজ মঞ্জুর করা হয়েছে ঃ

১। দক্ষিণ মালদা কলেজ,

২। কালিয়াচক কলেজ,

৩। অগ্রসেন মহাবিদ্যালয়, ডালখোলা,

৪। রায়দীঘি কলেজ,

৫। আরামবাগ গার্লস কলেজ,

৬। ডিরোজিও কলেজ, রাজারহাট-গোপালপুর।

কলেজ অফিসগুলির মামুলি ব্যয় নির্বাহ ও অন্যান্য আনুষঙ্গিক কাজকর্ম পরিচালনার জন্যে অর্থ সংগ্রহে কলেজগুলিকে সাহায্য করার জন্যে পূর্বেকার ৫০ শতাংশ-এর পরিবর্তে ১৯৯৬ থেকে ফি বাবদ আয়ের ১০০ শতাংশ তাদের ব্যবহার করতে অনুমতি দেওয়া হয়েছে।

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিদের সমহারে কলেজ কর্মচারিদের পেনশনের উপর রিলিফ দেওয়ার আদেশনামা জারি করা হয়েছে।

**কারিগরি শিক্ষা (উচ্চশিক্ষা)**

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ যা ইতিমধ্যে পরিগণিত বিশ্ববিদ্যালয় হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে তার প্রশাসনিক কাঠামোকে সুদৃঢ়ীকরণ করা হয়েছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং মালপত্র সরবরাহ করে উক্ত প্রতিষ্ঠানের পরীক্ষাগারগুলির আধুনিকীকরণ করা হয়েছে। রাজ্যে স্নাতক পর্যায়ে কারিগরি শিক্ষার সুযোগ-সুবিধা সম্প্রসারিত করার কার্যক্রমানুসারে গত বছর কল্যাণীতে একটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছিল। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিকস্ ও কম্প্যুটার সায়েন্স—এই তিনটি শাখার প্রত্যেকটিতে ৩০টি আসনের ব্যবস্থাসহ এই কলেজ বর্তমান শিক্ষা বছরে তার কাজ শুরু করেছে। ভবিষ্যতে প্রতিটি শাখার বাড়তি আসনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন। লেদান টেকনোলজি কলেজের সল্টলেকস্থ নতুন ভবনে

শিক্ষা-সংক্রান্ত কার্যাবলী শীঘ্রই শুরু হবে বলে আশা করা যায়। গত আর্থিক বছরে রাজ্যে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ও কারিগরি বিষয়ক কলেজগুলিতে শিক্ষাদানের যে ব্যবস্থা বর্তমানে রয়েছে তার উন্নতীকরণ ও সুদৃঢ়ীকরণের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে।

**বিশেষ প্রতিষ্ঠানসমূহ**

রাজ্যে যে-সমস্ত প্রতিষ্ঠান উচ্চশিক্ষা, বৈজ্ঞানিক গবেষণা এবং অন্যান্য সমধর্মী কার্যাবলীতে আয়োজিত রয়েছে রাজ্য সরকার তাদের আর্থিক সহায়তা দিয়েছেন। গত বছর বোস ইনস্টিটিউটের উন্নয়নের জন্য ৮ কোটি টাকার বিশেষ সাহায্য মঞ্জুর করা হয়েছিল। প্রেসিডেন্সি কলেজের আনুকূল্যে প্রতিষ্ঠিত আই. এ. এস প্রশিক্ষণ কেন্দ্রটিকে অর্থ সাহায্য মঞ্জুর করা হয়েছে।

**ভাষার উন্নতি**

রাজ্য পুস্তক পর্যদ আঞ্চলিক ভাষায় প্রকাশিত কলেজ ও বিশ্ববিদ্যালয়স্তরের পাঠ্যপুস্তক প্রকাশনার কাজ চালিয়ে যাচ্ছেন। ৪৭৫টিরও বেশি গ্রন্থ প্রকাশের কৃতিত্ব তাঁরা নিতে পারেন। তার মধ্যে প্রায় ৩০টি পুস্তক গত আর্থিক বছরে প্রকাশিত হয়েছে। রাজ্য পুস্তক পর্যদের নিজস্ব ভবন নির্মাণ করার জন্যে প্রচেষ্টা চালানো হচ্ছে।

আধুনিক ভারতীয় ভাষার উন্নতিকল্পে যে-সব প্রতিষ্ঠান নিয়োজিত রয়েছে তাদের যথাযথ পরিচালনা ও উন্নতির জন্যে রাজ্য সরকার লক্ষ্য রেখেছেন। হিন্দী একাডেমি তাঁদের স্বাভাবিক কাজকর্ম ছাড়াও প্রয়াত ডঃ সুনীত কুমার চট্টোপাধ্যায় ও প্রয়াত আচার্য ক্ষিতিমোহন সেনশাস্ত্রী মহোদয়ের হিন্দী রচনাবলী প্রকাশনার কাজ সমাপ্ত করেছে। উক্ত প্রকাশনা সরকারিভাবে প্রকাশিতও হয়েছে। উর্দু একাডেমি উর্দু ভাষায় লিখিত পাঠ্যপুস্তক প্রকাশেও ব্যাপৃত আছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে গত আর্থিক বছরে হাজী মহম্মদ মহসীন স্কোয়ারে উর্দু একাডেমির নিজস্ব ভবন নির্মাণ রাজ্য সরকারের পর্যাপ্ত আর্থিক সহায়তায় প্রায় সমাপ্ত হয়েছে এবং একাডেমি এই নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে।

সরকারি কর্মসূচির অঙ্গ হিসাবে প্রখ্যাত বিদ্বজ্জন ও সাহিত্যিকগণ যাঁরা এখন দুঃস্থ অবস্থায় আছেন রাজ্য সরকার তাঁদের আর্থিক সাহায্য প্রদান করেছেন।

**সাংস্কৃতিক কার্যাবলীর বিকাশ**

গত আর্থিক বছরে রাজ্য সরকার রাজ্যে শিক্ষা ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট সাংস্কৃতিক ক্রিয়াকলাপ চালিয়ে নিয়ে যাওয়া ও এর উন্নতি করার জন্যে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থাকে অর্থ সাহায্য দিয়েছেন। নেতাজী ইনস্টিটিউট অব এশিয়ান স্টাডিজ তার এশিয় সংস্কৃতির গবেষণা ও চর্চার অঙ্গ হিসাবে জাপানী, চীনা এবং থাই ভাষায় শিক্ষাদান শুরু করেছে। ইনস্টিটিউট অব চন্দননগরের প্রদর্শশালার উন্নয়ন, গ্যালারিগুলির পুনর্বিন্যাস এবং ফরাসী ভাষা শিক্ষণের মানোন্নয়নের মাধ্যমে এই প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য রাজ্য সরকার ব্যবস্থা নিয়েছেন। বঙ্গীয় সাহিত্য পরিষদকে তার রক্ষণাবেক্ষণ, আধুনিকীকরণ এবং কয়েকটি মূল্যবান গ্রন্থাদির প্রকাশনের জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। ৫০ লক্ষ টাকা অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্যের মাধ্যমে বঙ্গীয় সাহিত্য পরিষদের একটি এনডাউমেন্ট তহবিল গড়ার কাজ হাতে নেওয়া হয়েছে। রাজ্য

রামমোহন সরণীতে রাজা রামমোহন রায়ের পৈত্রিক বাসগৃহের সাধন ও নবরূপায়ণের জন্য পর্যাপ্ত পরিমাণে অর্থ সাহায্য করা হয়েছে যাতে এখানে একটি জাতীয় প্রদর্শশালা ও স্থানীয় মহিলাদের জন্য একটি প্রথাবহির্ভূত শিক্ষাকেন্দ্র গঠিত হয়। নৈহাটির কাঁঠালপাড়ায় ঋষি বঙ্কিমচন্দ্রের বাসগৃহে অবস্থিত ঋষি গ্রন্থাগার ও প্রদর্শশালার রক্ষণাবেক্ষণের জন্য রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন।

অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্যের মাধ্যমে শোভাবাজার নাটমন্দিরের পুনর্গঠন ও নবরূপায়ণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। হিমালয়-সংক্রান্ত বিষয়ে শিক্ষা চর্চার কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য কার্শিয়াং-এ সুভাষ চন্দ্র বসুর পৈত্রিক গৃহটি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়টি সরকার হাতে নিয়েছেন।

**ডিস্ট্রিক্ট গেজেটিয়ার**

বাঁকুড়া ও মেদিনীপুর জেলার পূর্বে প্রকাশিত জেলা গেজেটিয়ারগুলির পুনর্মুদ্রণের কাজ সমাপ্ত হয়েছে। আশা করা হচ্ছে 'গ্রাম বাংলার বিবরণী' গ্রন্থটির পুনর্মুদ্রণ শীঘ্র প্রকাশিত হবে। ইংরাজি ভাষায় মেদিনীপুর জেলার গেজেটিয়ার (সংশোধিত সংস্করণ) লেখার কাজ এবং মেদিনীপুর জেলার গেজেটিয়ারের বঙ্গানুবাদের কাজ হাতে নেওয়া হয়েছে।

**রাজ্য লেখ্যাগার**

৪৩, সেক্সপিয়ার সরণীতে রাজ্য লেখ্যাগারের গৃহটির নির্মাণকার্যের অধিকাংশই সমাপ্ত হয়েছে। রাজ্য লেখ্যাগার নথিপত্র-সংক্রান্ত গবেষণার মূল্যবান বিষয়বস্তুগুলিকে কম্পুটারবদ্ধ করার একটি প্রকল্প হাতে নিয়েছে ; এর ফলে মূল্যবান ঐতিহাসিক নথিপত্রের রক্ষণাবেক্ষণের কাজ অনেকদূর অবধি এগিয়ে যাবে।

**কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ**

পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ কারিগরি শিক্ষার উন্নীতকরণের লক্ষ্যে বহিস্থ সাহায্যপ্রাপ্ত প্রকল্পরূপে বিশ্বব্যাঙ্কের সহায়তায় কর্মী শিক্ষা প্রকল্প রূপায়ণ করে চলেছে। এছাড়া বিদ্যমান শিল্পপ্রশিক্ষণ শিক্ষালয়গুলির উন্নত বিধানে কেন্দ্রীয় সহায়তায় দক্ষতা উন্নয়ন প্রকল্পও (বিশ্বব্যাঙ্ক সাহায্যপ্রাপ্ত) রূপায়িত হচ্ছে।

শিল্প উন্নয়নের ধারার সাথে সঙ্গতি রেখে কম্পিউটার বিজ্ঞান এবং প্রযুক্তি বিদ্যা, যন্ত্র প্রযুক্তি বিদ্যা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ইত্যাদি নতুন নতুন পাঠক্রম প্রবর্তন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। হলদিয়া এবং রূপনারায়ণপুরে একটি করে মোট দুটি নতুন সহ-শিক্ষা পলিটেকনিক প্রতিষ্ঠান এবং চন্দননগর (যে পলিটেকনিক প্রতিষ্ঠানে ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে পঠন-পাঠন শুরু হয়েছিল) ও শিলিগুড়িতে কেবলমাত্র মহিলাদের জন্য পঠন-পাঠনের কার্যক্রম ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে।

**১৯৯৫-৯৬ আর্থিক বছরের সাফল্যসমূহ এবং আগামী কর্মসূচি**

কারিগরী শিক্ষায় মহিলাদের অংশগ্রহণের বিষয়টি সম্প্রসারিত করার জন্য ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ থেকে শিলিগুড়িতে অবস্থিত মহিলা পলিটেকনিক অস্থায়ীভাবে ইতিমধ্যে ইলেকট্রনিক্স

ও টেলিকমিউনিকেশন এবং আর্কিটেক্‌চার (প্রতিটি বিষয়ে ছাত্র ভর্তির সংখ্যা-২০) এই দুটি ডিপ্লোমা পাঠক্রমের পঠন-পাঠন শুরু হয়েছে। পলিটেকনিক ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদন রাজ্য সরকার দিয়েছেন। এ বছর নির্মাণ-কাজ শুরু হবে।

১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ থেকে বিদ্যমান ১২টি পলিটেকনিক প্রতিষ্ঠানে ইলেকট্রনিক্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেনটেশন টেকনোলজি, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, মাইনিং সার্ভে এবং কম্পিউটার সায়েন্স ও টেকনোলজি ইত্যাদি নতুন ডিপ্লোমা পাঠক্রমগুলি প্রবর্তন করা হয়েছে। এছাড়া ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষ থেকে বিদ্যমান ১০টি পলিটেকনিক প্রতিষ্ঠানে ইনস্ট্রুমেনটেশন টেকনোলজি, আর্কিটেকচারাল অ্যাসিট্যান্টশিপ, ফার্মাসি, কম্পিউটার সায়েন্স অ্যাণ্ড টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং, মডার্ন অফিস ম্যানেজমেন্ট, ফটোগ্রাফি এবং প্রোডাকসন্ ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা পাঠক্রম প্রবর্তন করা হবে।

হলদিয়াতে নতুন পলিটেকনিক প্রতিষ্ঠান—ডঃ মেঘনাদ সাহা ইনস্টিটিউট সাহা অফ্ টেকনোলজি-এর নির্মাণের জন জমি-অধিগ্রহণের বিষয়টি চূড়ান্ত হয়েছে। উক্ত প্রতিষ্ঠান নির্মাণের প্রশাসনিক অনুমোদন রাজ্য সরকার দিয়েছেন। রূপনারায়ণপুরে অবস্থিত নতুন পলিটেকনিক প্রতিষ্ঠান—রূপনারায়ণপুর পলিটেকনিক ভবনটির নির্মাণকার্য ইতিমধ্যে শুরু হয়েছে।

বিশ্বব্যাঙ্ক সহায়তা প্রকল্পের অধীনে রাজ্যে বিদ্যমান ২৮টি পলিটেকনিক প্রতিষ্ঠানে সম্প্রসারণের কাজ প্রায় সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে পলিটেকনিক ভবনগুলির নির্মাণের জন্য ৯,৯১,৬০,০০০ টাকা ব্যয় করা হয়েছে।

শিল্পসংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে নিবিড় যোগাযোগ স্থাপনের উদ্দেশ্যে কারিগরি শিক্ষা অধিকারে একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ ও নিযুক্তি সেল ও প্রত্যেকটি পলিটেকনিক প্রতিষ্ঠানে একটি করে প্রশিক্ষণ ও নিযুক্তি সেল গঠন করা হয়েছে।

পলিটেকনিকগুলিতে সমস্ত ডিপ্লোমা স্তরে প্রথম বর্ষের সংশোধিত পাঠক্রম ও পাঠ্যসূচি ইতিমধ্যে প্রবর্তিত হয়েছে। দ্বিতীয় বর্ষের সংশোধিত পাঠক্রম ও পাঠ্যসূচি শীঘ্রই প্রবর্তিত হবে।

কারিগরি শিক্ষায় ভর্তির ক্ষেত্রে চাহিদার সাথে সমতা বজায় রাখার উদ্দেশ্যে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে ছাত্র ভর্তির সংখ্যা ২০ শতাংশ বৃদ্ধি হয়েছে।

আধুনিকীকরণ কার্যক্রমের অঙ্গ হিসাবে সমস্ত পলিটেকনিক প্রতিষ্ঠানগুলিকে নতুন যন্ত্রপাতি ও আসবাবপত্রাদি দিয়ে সজ্জিত করা হচ্ছে। উক্ত প্রকল্পের অধীনে প্রযুক্তিগত নতুন ক্ষেত্রগুলিতে বিভিন্ন পলিটেকনিক প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মীদের প্রশিক্ষণের জন্য ব্যাপক কর্মসূচি রূপায়িত হয়েছে। পরীক্ষাগার ও কর্মশালাসহ পলিটেকনিকগুলির সামগ্রিক আধুনিকীকরণের জন্য ৩,৫৭,৩৬,০০০ টাকা ব্যয় করা হয়েছে। বিশ্বব্যাঙ্ক সহায়তা প্রকল্পের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণের জন্য ১৫টি পলিটেকনিক প্রতিষ্ঠানে কম্পিউটার সরবরাহ করা হয়েছে। প্রকৃতপক্ষে ১৯৯২ সালের জানুয়ারি মাস থেকে এই প্রকল্পের কাজ শুরু হয়েছে এবং ১৯৯৮ সালের ৩১শে ডিসেম্বর প্রকল্পের কাজ শেষ হবে। প্রকল্পটির প্রাথমিক ব্যয় ৪৬.১৬ কোটি টাকা এবং পরবর্তীকালে ৮৮.৩০ কোটি টাকা সংশোধিত ব্যয় নির্দ্ধারিত হয়েছে। ১৯৯৬ সালের ৩১শে

মার্চ পর্যন্ত এই প্রকল্পের অধীনে ৩৫,৬০,০৯,৮০০ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পটি রূপায়ণের কাজ সন্তোষজনকভাবে চলছে।

**কমিউনিটি পলিটেকনিক**

গ্রামীণ মানুষের চাহিদা অনুসারে প্রত্যক্ষ কেন্দ্রীয় সহায়তা প্রকল্পের অধীনে ৩০টি বিভিন্ন ট্রেড নিয়ে ২৫টি কমিউনিটি পলিটেক প্রতিষ্ঠান তাদের মানব-শক্তি উন্নয়ন কর্মসূচি শুরু করেছে।

ফলতা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল সংলগ্ন রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠানগুলিতে জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিকের ব্যবস্থাপনায় প্রয়োজনীয় মানব-শক্তির প্রশিক্ষণের উদ্দেশ্যে একটি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে।

**অন্যান্য উন্নয়নমূলক কর্মসূচি (বিশ্বব্যাঙ্ক প্রকল্প ব্যতিরেকে)**

রাজ্য পরিকল্পনাধীনে বিদ্যমান পলিটেকনিক ভবনগুলির বিশেষ মেরামতী, সংস্কার ইত্যাদি বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়া পলিটেকনিক প্রতিষ্ঠানগুলির পরীক্ষাগার ও কর্মশালার উন্নতিবিধান কর্মসূচিও গ্রহণ করা হয়েছে। এই উদ্দেশ্যে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ৭০.০০ লক্ষ টাকা রাজ্য সরকার মঞ্জুর করেছেন।

**জুনিয়ার টেকনিক্যাল স্কুল**

বর্তমানে রাজ্যের ২০টি জুনিয়র টেকনিক্যাল স্কুলে আই. টি. আই. পাঠক্রম সমতুল্য ৯টি বিভিন্ন ট্রেড পাঠক্রমের ইউনিট পরিচালিত হচ্ছে। স্কুলগুলিতে মোট প্রায় ১০০০ জন ছাত্রের ভর্তির সুযোগ রয়েছে। জুনিয়র টেকনিক্যাল স্কুলগুলিতে প্রবর্তিত জাতীয় ট্রেড পাঠক্রমের অধিকাংশই ভারত সরকারের 'ডিরেক্টর জেনারেল অফ্ এমপ্লয়মেন্ট অ্যাণ্ড ট্রেনিং'-এর অনুমোদন লাভ করেছে।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্য পরিকল্পনায় বিদ্যমান স্কুলগুলির সুযোগ-সুবিধাদি সম্প্রসারিত করার লক্ষ্যে 'ডিরেক্টর জেনারেল অফ্ এমপ্লয়মেন্ট অ্যাণ্ড ট্রেনিং'-এর নিয়মানুসারে রাজ্য সরকার ৪০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। জুনিয়ার টেকনিক্যাল স্কুলগুলির বর্তমান অবস্থা মূল্যায়ন করার লক্ষ্যে এবং ঐ প্রতিষ্ঠানগুলিকে আরও কার্যকরি ও উপযুক্তভাবে ব্যবহারের জন্য সম্ভাব্য সুযোগ-সুবিধা ও উন্নত-বিষয়ক দিকগুলির অনুসন্ধানে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ একটি 'বিশেষজ্ঞ কমিটি' গঠন করেছে।

**শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়**

কারুশিল্প প্রশিক্ষণ পর্যায়ে ২৩টি শিল্প প্রশিক্ষণ শিক্ষালয় ও ২০টি জুনিয়র টেকনিক্যাল স্কুলের মাধ্যমে রাষ্ট্রীয় বৃত্তি শিক্ষণ পরিষদ (এন. সি. ভি. টি.) অনুমোদিত পাঠক্রম অনুসারে প্রশিক্ষণ দেওয়া হয় যাতে সংগঠিত ও অসংগঠিত উভয় শিল্প ক্ষেত্রের কর্মশালায় দক্ষ কর্মী ও যন্ত্রবিদের প্রয়োজন মেটানো যায়।

**১৯৯৫-৯৬ আর্থিক বছরে সাফল্যসমূহ**

হাওড়া ও কল্যাণী-তে অবস্থিত শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে মহিলাদের জন্য ডাটা প্রসেসিং অ্যাণ্ড কম্পিউটার সফট্ওয়্যার (ডি. পি. সি. এস.) এবং ইলেকট্রনিক্স মেকানিকে নতুন ট্রেড

পাঠক্রম প্রবর্তন করা হয়েছে। বাণীপুর (দক্ষিণ ২৪ পরগনা), কলকাতা ও শিলিগুড়িতে অবস্থিত মহিলা শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়সমূহে ৪টি নতুন ট্রেড পাঠক্রম যথা—ডাটা প্রসেসিং অ্যাণ্ড কম্পিউটার সফট্‌ওয়্যার (ডি. পি. সি. এস.), ইলেকট্রনিক্স মেকানিক, মেকানিক রেডিও অ্যাণ্ড টি.ভি. এবং সেক্রেটারিয়াল প্র্যাকটিস প্রবর্তিত হয়েছে। বর্ধমানে অবস্থিত মহিলা শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে পঠন-পাঠন শীঘ্রই শুরু হবে।

হুগলির বুনিয়াদি প্রশিক্ষণ কেন্দ্রে তিনটি নতুন পাঠক্রম যথা (১) মেন্টেনান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), (২) অ্যাটেনডেন্ট অপারেটর (কেমিকাল প্ল্যান্ট), (৩) ল্যাবরেটরি অ্যাসিট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট) এবং কলকাতার রিলেটেড ইনস্ট্রাকসন সেন্টারে তিনটি নতুন ট্রেড পাঠক্রম যথা—(১) মেন্টিনান্স মেকানিক, (২) মেকানিক মিলরাইট, (৩) টুল অ্যাণ্ড ডাই মেকার প্রবর্তিত হয়েছে।

বালুরঘাটে একটি নতুন শিল্প প্রশিক্ষণ শিক্ষালয় স্থাপনের বিষয়টি অনুমোদিত হয়েছে। নিজস্ব ভবন নির্মাণ সাপেক্ষে খুব শীঘ্রই এই শিক্ষা প্রতিষ্ঠানে অস্থায়ীভাবে পঠন-পাঠন শুরু হবে। দক্ষিণ ২৪ পরগনার আমতলা এবং জলপাইগুড়ির আলিপুরদুয়ারে অবস্থিত শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়ে দুটি ভবন নির্মাণ কাজের যথেষ্ঠ অগ্রগতি ঘটেছে।

বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ১৯৫০ জন শিক্ষানবীশের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। নতুন প্রবর্তিত 'ডাটা প্রিপারেশন অ্যাণ্ড কম্পিউটার সফট্‌ওয়্যার' পাঠক্রমে উত্তীর্ণ ১০৩ জন ছাত্র-ছাত্রীকে শিক্ষানবীশরূপে তালিকাভুক্ত করা হয়েছে। চর্ম-সম্পর্কিত ট্রেড পাঠক্রমে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর ৭৬৬ জনকে শিক্ষানবীশরূপে নিযুক্তিকরণের ব্যবস্থা করা হয়েছে। 'প্লাস্টিক প্রসেসিং অপারেটর' পাঠক্রমে উত্তীর্ণ ১২১ জনকে প্লাস্টিক শিল্প প্রতিষ্ঠানগুলিতে শিক্ষানবীশ প্রশিক্ষণ দানের সম্ভাব্য দিকটি নিরূপণ করা হচ্ছে। শিক্ষানবীশরূপে রসায়ন বিষয়ক ট্রেড পাঠক্রমে উত্তীর্ণ ১৬২ জন ছাত্র-ছাত্রীর নিযুক্তিকরণ ঘটেছে। শিক্ষানবীশির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রচেষ্টা চালানো হচ্ছে।

## রাজ্যে কারিগরি শিক্ষা সংসদ

রাজ্য বিধানসভার আইন অনুসারে (১৯৯৫-এর ২১নং আইন) রাজ্য প্রযুক্তি ও কারিগরি শিক্ষা সংসদকে 'স্বায়ত্তশাসিত সংস্থা' হিসাবে স্বীকৃতি প্রদান করা হয়েছে এবং বর্তমানে উক্ত সংস্থাটি পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি শিক্ষা সংসদ নামে পরিচিতি লাভ করেছে। ১৯৪৯ সালে প্রশাসনিক আদেশবলে গঠিত তদানিন্তন রাজ্য প্রযুক্তি ও কারিগরি শিক্ষা সংসদের পরিবর্তে উক্ত নতুন সংসদটি কার্যকরি হয়েছে। রাজ্যের সমস্ত পলিটেকনিক প্রতিষ্ঠানে প্রবর্তিত গারিগরি শিক্ষার ডিপ্লোমাস্তরে ১৫টি বিভিন্ন শাখার পরিচালনার ক্ষেত্রে সংসদ দায়বদ্ধ। উক্ত সংসদ এই পাঠক্রমগুলির নিয়মকানুন ও মানোন্নয়ন সম্পর্কিত বিধি-বিধান প্রণয়ন করবে। পাঠ্যসূচি প্রণয়ন, পরিকাঠামোগত সুযোগ-সুবিধাদি, কর্মী-কাঠামো নির্দ্ধারণ, মূল্যায়ন ও পরীক্ষা পদ্ধতি বিষয়েও যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে। প্রতি শিক্ষা বর্ষান্তে বাৎসরিক পরীক্ষা গ্রহণ এবং সাথে সাথে ডিপ্লোমা পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশনার ব্যবস্থাদি গ্রহণ করবে।

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়ের সভাপতিত্বে অন্যান্য সাধারণ সদস্যদের মাধ্যমে উক্ত সংসদের কার্যপদ্ধতি পরিচালিত হবে। সংসদের একটি কার্যকরি

সমিতি, বোর্ড অফ্ স্টাডিজ্ এবং একটি পরীক্ষা পর্ষদ থাকবে। সাধারণ ডিপ্লোমাস্তরের পাঠক্রমগুলি ব্যতিরেকে রাজ্য সংসদ স্বীকৃতি লাভে আগ্রহী সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান পরিচালিত কম্পিউটার পাঠক্রমগুলির স্বীকৃতি দানের সিদ্ধান্ত নিয়েছে। এই স্বীকৃতি দানের সম্প্রসারণের ক্ষেত্রে প্রতিষ্ঠানগুলিতে সুযোগ-সুবিধার সংস্থান কতখানি, তাদের কাঠামোগত মান বা অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের উপর সংসদ মূল্যায়ন করছে।

**গ্রন্থাগার পরিষেবা**

আলোচ্যমান বছরে জনশিক্ষা-প্রসার বিভাগের অন্তর্গত গ্রন্থাগার পরিষেবা অধিকার জনগ্রন্থাগারের সুবৃহৎ কর্মজালকে একীভূত ও পরিপুষ্ট করার উদ্দেশ্যে সুনিয়োজিত নীতিসমূহ গ্রহণ করেছে।

ইতিপূর্বেই জেলা গ্রন্থাগার আধিকারিকের ৫টি পদে কর্মী নিয়োগ করা হয়েছে। যষ্ঠ পদটি বিচারাধীন থাকায় সেক্ষেত্রে কর্মী নিয়োগের বিষয়টি স্থগিত রয়েছে। সহযোগী কর্মী পদগুলি শীঘ্রই পূরণ করা হবে। এইভাবে জেলা দপ্তরের দীর্ঘদিনের পদের শূন্যতা প্রায় পূরণ করা হল এবং আশা করা যাচ্ছে যে মোট ১৮টি জেলা এবার একযোগে মিলিত হয়ে কাজ করতে পারবে।

গ্রন্থাকার অধিকারের ৪টি পদে কর্মী নিয়োগ করা হয়েছে। পঞ্চম পদটিতে কর্মী নিয়োগ করার প্রচেষ্ঠা চালানো হচ্ছে।

আমরা সরকারি গ্রন্থাগারগুলিতেও শূন্য পদ পূরণ করার ব্যবস্থা গ্রহণ করেছি বিশেষত যেখানে পদপূরণের ব্যাপারে কোনোও বাধা নেই। কৃত্যনিয়োগাধিকারের অন্তর্গত সরকারি গ্রন্থাগারের অধিকাংশ শূন্য পদের জন্য সংবাদপত্রে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে।

অপর একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল এই যে কয়েক বছর আগে প্রণীত নিয়োগবিধি অনুসারে কয়েকজন কর্মরত কর্মীদের পদোন্নতি করিয়ে তাঁদের দ্বারা সরকারি গ্রন্থাগারের পদ পূরণ করা। এই প্রয়াসটি এখনও কার্যকরি আছে এবং এই একই পদ্ধতিতে আরও কিছু পদ পূরণ করার কাজ চালিয়ে যাওয়া হচ্ছে।

সরকারি পোষণভুক্ত জনগ্রন্থাগারগুলির ক্ষেত্রেও অনুরূপ প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। সমস্ত শ্রেণীর কর্মীদের জন্য যন্ত্রগণক চালিত ক্রমতালিকা তৈরি করা হয়েছে এবং বিভিন্ন শ্রেণীর কর্মীদের পদোন্নতি ঘটানো হচ্ছে। এই কাজটি বর্তমান বছরে প্রণীত নিয়োগবিধি অনুসারে করা হচ্ছে।

সরকারপোষিত গ্রন্থাগার কর্মীদের নিয়োগবিধি প্রণয়ন এবং এই আইনের মোতাবেক পদোন্নতি ঘটানো—এই দুটি বিষয় সম্পর্কে সঙ্গতভাবেই দাবি করা যায় যে এগুলি সাফল্যের পথে দুটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সরকারি গ্রন্থাগার কর্মীদের পদোন্নতি এই মৌল পরিবর্তনের সূচনা ঘটিয়েছিল। এই পরিবর্তনের দুটি দিক লক্ষ্যণীয়। এই পদক্ষেপ দীর্ঘদিনের বন্ধ্যা অবস্থার অবসান ঘটিয়ে কর্মীদের কর্মজীবনে বহু প্রার্থিত আশার সঞ্চার করেছে। এবং দ্বিতীয়ত বহুদিনের শূন্যপদের দরুণ গ্রন্থাগার ব্যবস্থার ক্ষেত্রে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছিল তার অপসারণ ঘটিয়েছে।

গ্রন্থাগার কর্মীদের একটি গুরুত্বপূর্ণ দাবির পরিপ্রেক্ষিতে সরকারি ব্যাঙ্কের মাধ্যমে মাসের প্রথম সপ্তাহে বেতন দান করার বিষয়টি সুসম্পন্ন হত। কিন্তু অনিবার্য কারণবশত তা সম্ভব হয় নি। যাইহোক বর্তমান ব্যবস্থাটি অর্থ-দপ্তরের দ্বারা সরলীকৃত হয়েছে এবং পূর্বস্থিত অসুবিধাগুলি কিছুটা নমনীয় হয়ে কর্মীমহলে স্বস্তির সূচনা করেছে।

নজরুল ইসলাম সরণীতে রাজ্য কেন্দ্রীয়-গ্রন্থাগারের নতুন ভবনটির দ্বারোদঘাটন ১৯৯৫ সালের নভেম্বরে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের দ্বারা যথাবিহিত ভাবেই করা হয়েছে। বর্তমানে গ্রন্থাগারটি আধুনিক, প্রশস্ত পরিবেশে স্থান লাভ করেছে। এখন পুরাতন ভবন থেকে নতুন ভবনে গ্রন্থাগারটি স্থানান্তরের ব্যবস্থা করা হচ্ছে। গ্রন্থাগারটির কাজকর্ম অচিরেই পুরোদস্তুরভাবে শুরু করা হবে।

বারাসাত জেলা গ্রন্থাগারও বর্তমান বছরে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক সূচিত হয়। তারপর থেকে এটি যথাবিধি কাজ করে চলেছে।

পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে অযোধ্যা শহর গ্রন্থাগারও শীঘ্রই কার্যকরি হবে। গ্রন্থাগারের জন্য পুস্তক ও আসবাবপত্র ইতিমধ্যেই ক্রয় করা হয়েছে। নবসৃষ্ট পদগুলিতে কর্মীনিয়োগের কাজ চলছে।

উত্তরপাড়া জয়কৃষ্ণ গ্রন্থাগারের নব অধিকৃত ভবনটির নবীকরণের কাজ এখন সমাপ্তির পথে। পুরাতন গৃহটির ভিত্তি-গৃহটির (বেসমেন্ট) অনুকূলে অর্থ বরাদ্দের জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে। এই মূল্যবান গ্রন্থাগারটির পুরাতন বই ও পুঁথিপত্র সংরক্ষণের জন্য অর্থ বরাদ্দ করা হচ্ছে।

মুর্শিদাবাদ জেলা গ্রন্থাগারের নুতন ভবন নির্মাণ সমাপ্ত হয়েছে এবং এই ভবন থেকেই গ্রন্থাগারটি কার্যকরি হয়েছে।

দুটি জেলায় দুটি গ্রন্থাগারকে সরকারি অনুমোদন দেওয়া হয়েছে। একটি হল মেদিনীপুরের মোহবনী গ্রামে শহীদ ক্ষুদিরাম বসুর স্মৃতিধন্য গ্রন্থাগার, অপরটি হল প্রখ্যাত জননেতা আবদুল হালিমের স্মৃতিতে বীরভূম জেলার সরডাঙ্গায় আবদুল হালিম গ্রন্থাগার।

রায়গঞ্জ মহকুমা গ্রন্থাগারকে জেলা গ্রন্থাগার স্তরে উন্নীত করা হয়েছে। উত্তর দিনাজপুর এখন একটি স্বতন্ত্র জেলা হিসাবে পরিগণিত হচ্ছে। অনুরূপভাবে আলিপুরদুয়ার-এর এডওয়ার্ড মেমোরিয়াল মহকুমা গ্রন্থাগারকে অতিরিক্ত জেলা গ্রন্থাগারের মর্যাদা দেওয়ার প্রস্তাব করা হয়েছিল। বহু কারণে এই প্রস্তাবটি এতদিন চরিতার্থ হয় নি। আশা করা যায় চলতি বছরে এই বহুপ্রার্থিত বিষয়টি চরিতার্থ হবে।

বিভিন্ন শ্রেণীর গ্রন্থাগারকে উন্নয়নমূলক সহায়তা দানের প্রায় ৬০টি প্রস্তাব চলতি বছরে কার্যকরি করা হয়েছে। এর মধ্যে আছে গ্রন্থাগার ভবন নির্মাণ/নবীকরণ/সারাই এবং বই ও আসবাব ক্রয় সংক্রান্ত প্রস্তাব। বর্তমান বছরে শহর/মহকুমা গ্রন্থাগারের কর্মরত গ্রন্থাগারিকদের জন্য দুই পর্যায়ে পুনরাবৃত্তিমূলক পাঠ্যসূচির (রিফ্রেশার কোর্স) ব্যবস্থা করা হয়েছে বঙ্গীয় গ্রন্থাগার পর্ষদের সঙ্গে যৌথ সহযোগিতায়। চলতি বছরে এ জাতীয় আরও পাঠক্রম চালু করা হবে।

এই পরিপ্রেক্ষিতে পুনরাবৃত্তিমূলক পাঠ্যসূচি চালানোর জন্য উত্তর ২৪ পরগনার বাণীপুর কেন্দ্রীয় গ্রন্থাগারের একটি স্থায়ী কেন্দ্র স্থাপন করা হবে। এই মর্মে বাণীপুরের ভবনটি নবীকৃত করা হয়েছে। আশা করা যায় এই কেন্দ্রটি শীঘ্রই চালু করা সম্ভবপর হবে।

গ্রন্থাগার পরিষেবা অধিকার কর্তৃক ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে নবসাক্ষর পাঠকদের কোনও চাঁদা ছাড়াই পূর্ণ অধিকারসহ গ্রন্থাগারে গ্রহণ করা হয়। গ্রন্থাগারগুলির প্রতি নির্দেশ দেওয়া হয়েছে যাতে মোট বার্ষিক অনুদানের ১০ শতাংশ নবসাক্ষরদের বই কেনার জন্য ব্যয় করা হয়।

এই মর্মে বলা যেতে পারে যে বর্তমান বছরে জেলা গ্রন্থাগারগুলির গ্রন্থাগারিক এবং গ্রন্থাগার কর্মীদের প্রশিক্ষণ দেবার জন্য দুটি পাঠক্রম চালু করা হয়েছিল এবং এই কাজে রাজ্য সরকারের সঙ্গে সহযোগিতা করেছিলেন রাজ্য উপকরণ কেন্দ্র। এই পাঠক্রমের উদ্দেশ্য ছিল প্রশিক্ষিত গ্রন্থাগার কর্মীদের একটি দল তৈরি করা, যাতে তারা জেলাস্তরে গিয়ে সাক্ষরতা আন্দোলন ও জনগ্রন্থাগার পরিষেবাকে যুক্ত করে গ্রন্থাগার আন্দোলনকে আরও পরিপুষ্ট করতে পারেন।

প্রতিবারের মতো বর্তমান আর্থিক বছরেও ১৭টি জেলায় গ্রন্থমেলার আয়োজন করা হয়েছে। গ্রন্থাগারগুলি তাদের বার্ষিক অনুদানের টাকায় এই মেলা থেকে পুস্তক ক্রয় করেন। তাছাড়া কেন্দ্রীয় পুস্তক ক্রয়ের জন্যও তাঁরা মোট ১০ লক্ষ টাকা ব্যয় করেছেন।

বর্তমান বছরে পরিকল্পনার অন্তর্গত ও বহির্ভূত দুই খাতেই ব্যয়বরাদ্দ মোটামুটিভাবে সম্পূর্ণ চরিতার্থ হয়েছে।

গ্রন্থাগারগুলির কার্যধারাকে আরও সক্রিয় করে তোলার জন্য আমি প্রস্তাব করছি যে বাজেটে গ্রন্থাগারসমূহের বিকাশ ও উন্নয়ন খাতে যে অর্থ বরাদ্দ করা হয়েছে তার অংশবিশেষ শিশু বিভাগ, নবসাক্ষর বিভাগ, পাঠ্য ও রেফারেন্স পুস্তক বিভাগ এবং রক্ষণাবেক্ষণ অনুদান বৃদ্ধির খাতে, পরিস্থিতিগত নানান শর্তসাপেক্ষে, বিশেষ সাহায্য হিসাবে দেওয়া হবে। রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারের শিশুবিভাগটি শীঘ্রই চালু করার প্রস্তাব রাখছি।

## জনশিক্ষার প্রসার

সর্বজনস্বীকৃত ঘটনা হল স্বাধীনতার ৪৯ বছর পরেও আমাদের দেশের জনগণের এক বৃহৎ অংশ শিক্ষার আলো থেকে বঞ্চিত। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে নিরক্ষরতার এই বৃদ্ধি আমাদের জাতীয় জীবনে ভয়াবহ বিপদ সৃষ্টি করেছে। আমাদের রাজ্যে নিরক্ষরতার অন্ধকার দূর করতে অত্যন্ত দ্রুততার সঙ্গে সর্বপ্রকার আন্তরিক প্রয়াস অব্যাহত রয়েছে। এই লক্ষ্যেই পশ্চিমবঙ্গের অগণিত দরিদ্র, নিপীড়িত মানুষকে সাক্ষর, সচেতন ও সক্ষম করে তোলার গভীর প্রত্যাশা নিয়ে সমস্ত নিরক্ষর মানুষের জন্য শুরু হয়েছিল সাক্ষরতা আন্দোলন। এই কার্যসূচি ১৯৯০ সালে জাতীয় সাক্ষরতা মিশনের সার্বিক সাক্ষরতা কর্মসূচির সঙ্গে যুক্ত করে নিতে কোনও অসুবিধা হয় নি। ৯ থেকে ৫০ বছর বয়স পর্যন্ত নিরক্ষরদের এই কর্মসূচীর

মাধ্যমে শিক্ষা দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এই আন্দোলন কর্মসূচির প্রয়োগ নীতি দাঁড় করানো হয়েছিল তিনটি আদর্শগত স্তম্ভের উপর, যথা—সাক্ষরতার পক্ষে গণসমাবেশ, সাক্ষরতা আন্দোলনে জনসাধারণের অংশগ্রহণ এবং গ্রাম থেকে জাতীয় স্তর পর্যন্ত কর্মীদের স্বেচ্ছা সেবামূলক ভূমিকা পালন।

আমাদের পশ্চিমবঙ্গে অনুসৃত বিকেন্দ্রীভূত পরিকল্পনা প্রক্রিয়ায় সাক্ষরতা কর্মসূচি রূপায়ণের দায়িত্ব ছিল জেলা সাক্ষরতা সমিতিগুলির উপর। এই সমিতিগুলি বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিনিধি, স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান এবং দলমত নির্বিশেষে সমস্ত অংশের প্রতিনিধিদের নিয়ে গঠিত।

গত ৬ বছর ধরে পশ্চিমবঙ্গে গণসাক্ষরতার প্রসার প্রশংসনীয় অগ্রগতির সাক্ষ্য বহন করে চলেছে। সত্যি কথা বলতে এই কাজে ভারতবর্ষের অন্যান্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গ উদ্যোক্তা ও পথপ্রদর্শকের ভূমিকা পালন করেছে। গণ সাক্ষরতা অভিযানে রাজ্যের মোট ১৮টি জেলাই সামিল হয়েছে। দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলে সার্বিক সাক্ষরতা অভিযান এই বছরের মধ্যেই শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

এই রাজ্যে সার্বিক সাক্ষরতা অভিযান বর্তমানে ১৩৮.৬৩ লক্ষ জনগণকে সাক্ষর করার লক্ষ্যমাত্রা ধরে এগুনো হচ্ছে। রাজ্যের ১৮টি জেলার মধ্যে ৬টি যথা—বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, হুগলি, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা জেলার বহির্মূল্যায়নের কাজ সম্পূর্ণ হয়েছে এবং ৭টি জেলায় (যথা—মেদিনীপুর, কুচবিহার, নদীয়া, মুর্শিদাবাদ, হাওড়া, জলপাইগুড়ি, এবং পুরুলিয়া) অংশত বহির্মূল্যায়নের কাজ সম্পূর্ণ হয়েছে। পুরুলিয়ার বহির্মূল্যায়নের রিপোর্ট এখনও পাওয়া যায় নি। ১২টি জেলার বহির্মূল্যায়নের ফলাফল খতিয়ে দেখলে দেখা যাবে যে প্রায় ৭৩ লক্ষ ১৩ হাজার নিরক্ষর মানুষ জাতীয় সাক্ষরতা মিশনের মান অনুযায়ী সাক্ষর হয়েছে। এর মধ্যে ৩২ লক্ষ ৫২ হাজার পুরুষ এবং ৪০ লক্ষ ৬১ হাজার মহিলা আছেন। এই মুহূর্তে ৭টি জেলায় যথা—মালদা, দক্ষিণ দিনাজপুর, পুরুলিয়া ২য় পর্যায়, উত্তর দিনাজপুর, দার্জিলিং জেলায় শিলিগুড়ি মহকুমা, জলপাইগুড়ি, ২য় পর্যায় এবং কলকাতায় সার্বিক গণসাক্ষরতা অভিযান চলছে।

সাক্ষরতা অভিযানের ফলে পশ্চিমবঙ্গের সাক্ষরতার হার ১৯৯১ সালের ৫৭.৭০ শতাংশ থেকে বেড়ে ১৯৯৬ সালে ৭০.৬৪ শতাংশ হয়েছে। এর মধ্যে পুরুষদের সাক্ষরতার হার ৬৭.৮০ শতাংশ থেকে বেড়ে ৭৮.৬২ শতাংশ এবং মহিলাদের ক্ষেত্রে ৪৬.৫৬ শতাংশ থেকে বেড়ে ৬১.৬৭ শতাংশ হয়েছে।

**সাক্ষরোত্তর এবং ধারাবাহিক শিক্ষা প্রসঙ্গে**

মোট ৭৫.৯৪ লক্ষ নবসাক্ষরদের নিয়ে বর্তমানে মেদিনীপুর, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, হুগলি, হাওড়া, কুচবিহার, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, নদীয়া ও জলপাইগুড়ি জেলায় সাক্ষরোত্তর এবং ধারাবাহিক শিক্ষার কর্মসূচি চালু আছে। নবসাক্ষরদের জন্য ধারাবাহিক শিক্ষার কেন্দ্র হিসেবে জনশিক্ষা নিয়ম বর্ধমান জেলায় পরিচালিত হচ্ছে। সাক্ষরতা অভিযানের

সাফল্য বিবেচনা করে কেন্দ্রীয় সরকার নবসাক্ষরজের জন্য ধারাবাহিক শিক্ষার একটি পরিমার্জিত প্রকল্প প্রবর্তন করেছেন। এই প্রকল্পের উদ্দেশ্য হল—অর্জিত সাক্ষরতা ধরে রাখা, সাক্ষরতার দক্ষতা প্রয়োগের সুযোগ সৃষ্টি এবং নবসাক্ষরদের জন্য ধারাবাহিক শিক্ষার প্রাতিষ্ঠানিক রূপদান। এই প্রকল্প অনুযায়ী সাধারণভাবে একটি গ্রামে একটি শিক্ষা কেন্দ্র চালু হবে এবং ১৫০০ থেকে ২০০০ জনসংখ্যার ভিত্তিতে প্রায় ৫০০ নবসাক্ষরদের জন্য এই কেন্দ্র প্রতিষ্ঠিত হবে। পার্বত্য, মরু এবং আদিবাসী অধ্যুষিত অঞ্চলে এই জনসংখ্যার ভিত্তি ১৫০০ জনের কমও হতে পারে।

রাজ্য সরকার নীতিগতভাবে এই কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে এবং আর্থিক দায়-দায়িত্ব বহনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। বর্তমান আর্থিক বছরের মধ্যেই এই প্রকল্প চালু করার জন্য জেলাগুলি চিহ্নিতকরণের কাজ চলছে।

নবসাক্ষরদের পুনরায় নিরক্ষরতার অন্ধকারে নিমজ্জনের হাত থেকে রক্ষা করার উপায় হিসেবে প্রায় ২,১০০ জনকে ৩২টি বয়স্ক উচ্চ বিদ্যালয়ে শ্রেণীভুক্ত করা হয়েছে।

এই বয়স্ক উচ্চ বিদ্যালয়গুলির মান উন্নয়ন এবং পাঠক্রমগত উন্নতির প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন এবং বর্তমান আর্থিক বছরের মধ্যেই এই ধরনের বেশ কিছু বিদ্যালয় জেলা সাক্ষরতা সমিতির পরিচালনায় স্থাপন করার বিষয় রাজ্য সরকার বিবেচনা করছে।

**নবসাক্ষরদের উপযোগী পুস্তক রচনা, প্রকাশনা ও নির্বাচন**

রাজ্য সাক্ষরোত্তর কর্মসূচির পাঠক্রম ও মানের সমতা বজায় রাখার উদ্দেশ্যে রাজ্য সরকার কর্তৃক গঠিত একটি বিশেষজ্ঞ কমিটি সাক্ষরোত্তর কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পাঠক্রম নির্দিষ্ট করেছে। ঐ কমিটির তত্ত্বাবধানে ১৬টি আবশ্যিক পাঠ্যপুস্তক ও প্রশিক্ষকদের জন্য শিক্ষণ সহায়িকা রচিত হয়েছে। এগুলি অধিকাংশই প্রকাশিত হয়েছে। সাক্ষরোত্তর কর্মসূচির জন্য আরো কয়েকটি পাঠ্যপুস্তক রচনার কাজ চলছে।

নবসাক্ষরদের উপযোগী পুস্তক নির্বাচনের উদ্দেশ্যে রাজ্য সরকার কর্তৃক গঠিত একটি কেন্দ্রীয় নির্বাচন কমিটি এ পর্যন্ত বাংলা, হিন্দি ও উর্দু ভাষায় মোট ৩২০টি পুস্তক নির্বাচন করেছেন। এই পুস্তকগুলি যাতে সাক্ষরোত্তর কেন্দ্রে ও বিভিন্ন গ্রন্থাগারে রাখা হয় তার ব্যবস্থা নেওয়া হয়েছে।

**রাজ্য ও জেলা উপকরণ সংস্থা**

এ রাজ্যে সাক্ষরতা কর্মসূচির শুরু থেকেই রাজ্য উপকরণ সংস্থা (স্টেট রিসোর্স সেণ্টার) বিভিন্ন স্তরে ভারপ্রাপ্ত ব্যক্তির ও অন্যান্য আধিকারিকদের উপযুক্ত প্রশিক্ষণের ও শিক্ষার্থীদের উপযোগী পাঠ্যসূচি তৈরির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। উপরন্তু, বর্ধমান, বীরভূম ও মেদিনীপুরে ৩টি জেলা উপকরণ সংস্থা (ডিস্ট্রিক্ট রিসোর্স ইউনিট) স্থাপন করা হয়েছে। উত্তর ২৪-পরগনা জেলায় একটি জেলা উপকরণ সংস্থা স্থাপনের প্রস্তাব গত আর্থিক বছরে কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভ করেছে। কুচবিহার ও হুগলি জেলায় জেলা উপকরণ সংস্থা স্থাপনের প্রস্তাবের অনুমোদন এখনো কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যায় নি।

নবসাক্ষর এবং পড়ুয়াদের জন্য গত ২ বছর ধরে রাজ্যস্তরে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। তৃতীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা বর্তমান বছরের ২৪শে ও ২৫শে ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়েছে। ১৫টি জেলার মোট ৫১৪ জন এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

পূর্ববর্তী বছরগুলির মতো ১৯৯৫ সালের ৮ই সেপ্টেম্বর সমস্ত জেলাতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। রাজ্যস্তরের অনুষ্ঠানটির আয়োজন কলকাতার শিশির মঞ্চে করা হয়। এই উপলক্ষে কলকাতার তথ্যকেন্দ্রে ৩ দিনব্যাপী একটি সাক্ষরতা-বিষয়ক প্রদর্শনীরও আয়োজন করা হয়। এ ছাড়াও এ রাজ্যে সাক্ষরতা এবং গ্রন্থাগার পরিষেবার অগ্রগতি সম্পর্কে জনসাধারণকে অবহিত করার উদ্দেশ্যে জনশিক্ষা প্রসার বিভাগ বিদ্যাসাগর মেলায় একটি স্টল দেওয়ার ব্যবস্থা করে।

**রাজ্য সাক্ষরতা মিশন অথরিটি**

জাতীয় সাক্ষরতা মিশন অথরিটির অনুরূপ এ রাজ্যে একটি রাজ্য সাক্ষরতা মিশন অথরিটি গঠনের প্রস্তাব আমরা বিশেষভাবে বিবেচনা করছি। রাজ্যস্তরে এই মিশন গঠনের উদ্দেশ্য হল—রাজ্য নিরক্ষরদের মধ্যে সাক্ষরতা প্রসারের উৎসাহ দান, ব্যাপকভাবে পরিবেশ তৈরীর কর্মসূচি গ্রহণ এবং তৎসংশ্লিষ্ট কার্যাবলীর রূপায়ণ।

**রাজ্য সমাজ-কল্যাণ আবাস**

রাজ্য সরকারের প্রত্যক্ষ প্রশাসনিক কর্তৃত্বাধীনে ১০টি সমাজ-কল্যাণ আবাস এবং দুঃস্থ মেয়েদের জন্য ৮টি আবাসসহ মোট ৪৬টি সাহায্যপ্রাপ্ত সমাজ-কল্যাণ আবাস হচ্ছে। এগুলির উদ্দেশ্য হল অনাথ ও অর্থনৈতিকভাবে অনগ্রসর ছেলেমেয়েদের বিদ্যালয়-শিক্ষা এবং বৃত্তিমূলক শিক্ষা প্রদান। ১৯৯৫ সালের ১লা জুলাই থেকে এই সব কল্যাণ আবাসের মাসিক মাথাপিছু খরচের হার ২৪০ টাকা থেকে বৃদ্ধি করে ৪০০ টাকা করা হয়েছে। সমাজ-কল্যাণ আবাসগুলির বর্তমান পরিকাঠামোগত সুযোগ-সুবিধার উন্নতিসাধনের জন্য এ বছর আরও কিছু পদক্ষেপ নেওয়া হচ্ছে। গত আর্থিক বছরে বিভিন্ন সমাজ-কল্যাণ আবাসগুলিতে ৭৪৮টি ভর্তির আবেদন মঞ্জুর করা হয়েছে। বর্তমানে বিভিন্ন কল্যাণ আবাসে মোট ৩ হাজার ৬৯ জন আবাসিক রয়েছেন। বর্তমান আর্থিক বছরে রাজ্য সমাজ-কল্যাণ আবাসগুলিতে ভর্তির মোট লক্ষ্যমাত্রা ১ হাজার।

**শ্রাব্য দৃশ্য দেখা**

জনশিক্ষা প্রসার অধিকারের শ্রাব্য-দৃশ্য শাখার কাজ উন্নত করার ব্যাপক প্রচেষ্টা চলছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের তথ্য ও সংস্কৃতি মন্ত্রক থেকে ৭টি রঙিন বাংলা কাহিনীচিত্র ও তথ্যচিত্র কেনা হয়েছে। আরও কিছু শিক্ষামূলক কাহিনীচিত্র এবং একটি শ্রাব্য-দৃশ্য প্রদর্শনের গাড়ি কেনারও প্রস্তাব রয়েছে। জনশিক্ষা প্রসার অধিকার পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় শ্রাব্য-দৃশ্য প্রদর্শনীর প্রস্তাবনাও রেখেছে। জেলার বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার সাথে যুক্ত শ্রাব্য-দৃশ্য

শাখাগুলিকে পুনরুজ্জীবিত করার পদক্ষেপও নেওয়া হয়েছে। সম্প্রতি দক্ষিণ ২৪-পরগনার সরিষা রামকৃষ্ণ মিশন ও উত্তর ২৪-পরগনার রহড়া রামকৃষ্ণ মিশনের সঙ্গে যুক্ত শ্রাব্য-দৃশ্য শাখার জন্য ২টি শ্রাব্য-দৃশ্য প্রদর্শনের গাড়ি কেনা হয়েছে।

**শ্রমিক বিদ্যাপীঠ**

শিল্প-শ্রমিক, দরিদ্রশ্রেণীর ছেলেমেয়েদের এবং স্ব-নিযুক্তি প্রকল্প গ্রহণে ইচ্ছুক স্বল্প আয়ের পুরুষ ও মহিলাদের জন্য গঠিত কলকাতা শ্রমিক বিদ্যাপীঠ বর্তমানে ১৪টি স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ দিয়ে আসছে। এখানে প্রতিটি ব্যাচে আনুমানিক ৬২৫ জন শিক্ষার্থীর বিভিন্ন শাখায় শিক্ষা নেবার সুযোগ রয়েছে।

**প্রতিবন্ধী শিক্ষা**

পশ্চিমবঙ্গে শারীরিক এবং মানসিকভাবে প্রতিবন্ধীদের জন্য শিক্ষা-প্রতিষ্ঠানের সংখ্যা ৩৮। এর মধ্যে ১৭টি সরকারপ্রোষিত, ১৩টি অনুদানপ্রাপ্ত এবং ৮টি অনুমোদিত। ১৯৯৫-৯৬ সালে রাজ্য সরকার ২টি প্রতিষ্ঠানকে অনুমোদন করেছে। তার মধ্যে ১টি বাক্-শ্রবণ প্রতিবন্ধীদের জন্য এবং অন্যটি মানসিক প্রতিবন্ধীদের জন্য। বর্তমান আর্থিক বছরে মে মাসে আরও একটি মানসিক প্রতিবন্ধীদের প্রতিষ্ঠানকে অনুমোদন করা হয়েছে। দার্জিলিং জেলায় অবস্থিত 'দি স্যালভেশন আর্মি স্কুল ফর দি ডেফ'-নামক বাক্-শ্রবণ প্রতিবন্ধীদের প্রতিষ্ঠানটির পরিপোষণের ভার গ্রহণ করা হয়েছে।

বিগত আর্থিক বছরে মোট ৫৮৬ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে ছাত্রবৃত্তি দেওয়া হয়েছে। এর জন্য মোট ৯,২২,৬৮৫ টাকা ব্যয় হয়েছে।

প্রতিবন্ধী শিক্ষার আধুনিকীকরণের উদ্দেশ্যে রাজ্য সরকার 'নরেন্দ্রপুর ব্লাইণ্ড বয়েজ অ্যাকাডেমি' নামক দৃষ্টিহীনদের শিক্ষা-প্রতিষ্ঠানের কম্প্যুটারটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থ মঞ্জুর করেছেন। বিভিন্ন প্রতিষ্ঠানের বিদ্যালয় গৃহ, ছাত্রাবাস এবং শিক্ষণ গৃহের নির্মাণ ও উন্নতিকল্পেও অর্থ মঞ্জুর করা হয়েছে। প্রতিবন্ধীদের জন্য নির্দিষ্ট কয়েকটি শিক্ষা-প্রতিষ্ঠানে বিশেষ শিক্ষণ-সহায়ক যন্ত্রপাতি এবং জিনিসপত্র ক্রয় করার জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে। বিশেষ তিন ধরনের প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য নির্দিষ্ট পাঠক্রম বর্তমান শিক্ষাবর্ষ থেকে আমাদের রাজ্যে চালু করা হচ্ছে।

**উপসংহার**

যে কোনো শিক্ষা কর্মসূচিকে বাস্তবায়িত করতে হলে ব্যাপক জনগণের সমর্থনের প্রয়োজনীয়তা কত বেশি, আমরা সে-বিষয়ে সচেতন। এক্ষেত্রে জনপ্রতিনিধিগণ যে অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন, সে সম্পর্কেও আমরা পূর্ণমাত্রায় অবহিত। মাননীয় সদস্যবৃন্দের আলোচনা থেকে আমরা উপকৃত হবো—সে বিশ্বাস আমাদের আছে। তাই আপনাদের সহযোগিতা কামনা করে আমরা এই ব্যয়-বরাদ্দের দাবি আপনাদের অনুমোদনের জন্য সভায় উপস্থাপিত করছি।

## Demand Nos. 31

The Printed Speech of **Shri Manabendra Mukherjee** on Demand No. 31 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব রাখতে চাই যে দাবি নং ৩১ মুখ্যখাত "২২০৪ ক্রীড়া ও যুবকল্যাণ" বাবদ ২৯,২২,৪৫,০০০ (উনত্রিশ কোটি বাইশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র ব্যয়-বরাদ্দ অনুমোদন করা হোক। ৯,৭৫,০০,০০০ (নয় কোটি পঁচাত্তর লক্ষ) টাকা এর মধ্যে অন্তর্ভুক্ত।

যে সকল খাতের জন্য এই ব্যয়-বরাদ্দের প্রস্তাব সেগুলি হল ঃ

| | | |
|---|---|---|
| ১। | যুবকল্যাণ শাখা | ১০,৬২,২৮,০০০ টাকা |
| ২। | ক্রীড়া শাখা | ৪,৯৪,১২,০০০ টাকা |
| ৩। | জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী | ৯,২০,৭৫,০০০ টাকা |
| ৪। | শারীর শিক্ষা | ২,২৩,৭০,০০০ টাকা |
| ৫। | জাতীয় শৃঙ্খল প্রকল্প ও অন্যান্য ব্যয়সমূহ | ২,২১,৬০,০০০ টাকা |
| | মোট ঃ | ২৯,২২,৪৫,০০০ টাকা |

মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, এই বিভাগের কর্মক্ষেত্র সমাজের সবচেয়ে সংবেদনশীল অংশের মধ্যে বিস্তৃত। যুবসমাজের সামনে পাহাড়প্রমাণ সমস্যা। কর্মসংস্থান ছাড়াও নিজেকে দেশ-জাতি-সমাজ-সভ্যতার বিকাশের স্বার্থে ব্যবহার করার সুযোগের অপ্রতুলতা যুবমনে প্রায়শই বিক্ষোভ ধূমায়িত করছে। এই বিভাগ যুবসমাজের সৃজনীশক্তিকে সুগঠিত করার জন্য নিরন্তর প্রয়াস চালাচ্ছে। প্রশিক্ষণ, অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ, বিজ্ঞানমনস্কতার সম্প্রসারণ, শিল্প-সাহিত্য-সংস্কৃতির নানা আঙিনায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা প্রতিভাকে সর্বসমক্ষে তুলে আনার জন্য নানা সময়ে নানা স্তরে প্রতিযোগিতা, শরীরচর্চা ও খেলাধুলার সুযোগ প্রসারিত করার জন্য যুবকল্যাণ শাখা নিয়মিত কর্মসূচি গ্রহণ করছে। ক্রীড়া ও সংস্কৃতির নানা মাধ্যমে বিনোদন ও সুস্থ শরীর গঠন করার পাশাপাশি দেশ ও সমাজ সম্পর্কে অভিজ্ঞতার সম্প্রসারণ ঘটাতে ভ্রমণের আকাঙ্খাকে বিকশিত ও লালন করা, দুঃসাহসিক অভিযানে অনুপ্রাণিত করাও এই বিভাগের অন্যতম লক্ষ্য।

যুবকল্যাণ শাখার উদ্যোগে এমন প্রকল্পই রূপায়ণ করার চেষ্টা করা হচ্ছে যা রাজ্যের অধিকাংশ যুবক-যুবতীকে কোনও-না-কোনওভাবে আকৃষ্ট করে। আমরা চাই রাজ্যের প্রতিটি যুবক এই বিভাগের পরিচালিত অন্তত একটি প্রকল্পের আওতাভুক্ত হোন। এই বিভাগের চূড়ান্ত লক্ষ্য হল উন্নত শরীর ও মনের অধিকারী একজন সুনাগরিক হিসাবে আধুনিক বিশ্বের উপযোগী যুবসমাজ যাতে বিকশিত হতে পারেন তার সুযোগ সৃষ্টি।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে এই বিভাগ যে গুরুত্বপূর্ণ কাজ করেছে তার সংক্ষিপ্ত একটি রূপরেখা আপনাদের অবগতির জন্য পেশ করা হল ঃ

**নববর্ষে বসে আঁকো এবং কবিতা লেখো**

ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের উদ্যোগে বাংলা নববর্ষ উপলক্ষে ১৯৯৫ সালের এপ্রিল মাসে শিশুদের জন্য বসে আঁকো এবং সর্বসাধারণের জন্য কবিতা লেখো প্রতিযোগিতা সংগঠিত করা হয়েছিল। বিপুল সংখ্যক প্রতিযোগীর অংশগ্রহণের মাধ্যমে এই প্রতিযোগিতাগুলি আকর্ষণীয় এবং বর্ণময় হয়ে ওঠে।

১ বৈশাখ উপলক্ষে যুবভারতী ক্রীড়াঙ্গনে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। অগণিত যুবক-যুবতীসহ ষাট হাজারেরও বেশি মানুষের উজ্জ্বল উপস্থিতিতে এই অনুষ্ঠানে বর্ষীয়ান শিল্পী ভি বালসারা এবং নৃত্যশিল্পী শম্ভু ভট্টাচার্যকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অভিভূত শিল্পীদের অনুষ্ঠান ছাড়াও অনুষ্ঠানে কয়েক হাজার শিশু-কিশোর শিল্পী এবং ছৌ-নৃত্য শিল্পী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বসে আঁকো এবং কবিতা লেখো প্রতিযোগিতার সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়।

**তরুণ প্রতিভা অন্বেষণ**

যুবকল্যাণ অধিকারের উদ্যোগে শিল্প-সাহিত্য-সংস্কৃতির বিভিন্ন আঙিনায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা অনাবিষ্কৃত প্রতিভাকে চিহ্নিত করার লক্ষ্য নিয়ে তরুণ প্রতিভা অন্বেষণ নামে একটি কর্মসূচি রূপায়ণ শুরু হয়েছে। তরুণ প্রতিভা অন্বেষণ প্রকল্পে বিভিন্ন বিভাগে নানা স্তরে প্রতিযোগিতা সংগঠিত করার পরিকল্পনা আছে।

১৯৯৫ সালের মে-জুন মাসে এই কর্মসূচি অনুযায়ী বিতর্ক, প্রশ্নোত্তর ও প্রবন্ধ প্রতিযোগিতা সংগঠিত করা হয়। দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের জন্য প্রশ্নোত্তর ও প্রবন্ধ প্রতিযোগিতা ব্লক স্তরে শুরু হয়ে জেলা স্তর এবং রাজ্য স্তরে অনুষ্ঠিত হয়। আন্তঃ কলেজ ছাত্র-ছাত্রীদের বিতর্ক এবং প্রবন্ধ প্রতিযোগিতা জেলা স্তরে শুরু হয়ে রাজ্য স্তরে শেষ হয়। আন্তঃ বিশ্ববিদ্যালয় প্রবন্ধ প্রতিযোগিতা রাজ্য স্তরে সরাসরি অনুষ্ঠিত হয়। ১৪ মে ব্লক স্তরে, ২১ মে জেলা স্তরে এবং জুন মাসে রাজ্য স্তরে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। একই দিনে সমস্ত ব্লকে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। রাজ্যের অধিকাংশ ব্লকে প্রতিযোগিতা সফলভাবে সংগঠিত করা হয়েছিল।

২১ মে সারা রাজ্যের সমস্ত জেলায় জেলা স্তর প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। রাজ্য স্তর প্রতিযোগিতাও এক দিনেই অনুষ্ঠিত হয়। প্রথম বছরের প্রয়াস সত্ত্বেও এই প্রতিযোগিতা ঘিরে ছাত্র-যুবসমাজের মধ্যে বিপুল উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়। এই প্রতিযোগিতার মাধ্যমে দেশ, সমাজ ও সমকালীন ঘটনাবলী সম্পর্কে পাঠ্যাতিরিক্ত বিষয়ে অধ্যয়ন ও জ্ঞানার্জনের আগ্রহ সৃষ্টি করার প্রয়াস অনেকটা সাফল্য অর্জন করেছে।

**জঙ্গল ট্রেকিং উৎসব**

যুবকল্যাণ শাখার অধীন পর্বতারোহণ এবং অ্যাডভেঞ্চার ফাউন্ডেশনের উদ্যোগে গত সেপ্টেম্বর মাসে জঙ্গল ট্রেকিং উৎসব ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ৮০টি ক্লাব প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আবেদন করেছিল। প্রতি ক্লাব থেকে ৫ জনের দল গঠন করার নির্দেশ দেওয়া হয়েছিল। প্রতিযোগিতা ছিল পুরুলিয়ার মাঠাবুরু থেকে অযোধ্যা পর্যন্ত ১৮ কিমি

জঙ্গলময় পথ। প্রায় পুরো পথটাই ছিল জঙ্গলের মধ্য দিয়ে। মাঝে রয়েছে দুটো পাহাড়ি নালা এবং একটি খাল। এ ছাড়াও পাহাড়ি চড়াই ও উতরাইও রয়েছে বেশ খানিকটা। লটারির মাধ্যমে ২৫টি ক্লাবকে অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়েছিল। দুঃসাহসিক অভিযানে উদ্বুদ্ধ করার কাজে এ জাতীয় প্রতিযোগিতার গুরুত্ব অপরিসীম।

**যুব নাট্য উৎসব**

বাংলা নাট্যমঞ্চের ২০০ বছর পূর্তি উপলক্ষে যুবকল্যাণ শাখার উদ্যোগে কলকাতার অনীক নাট্য সংস্থার সক্রিয় সহযোগিতায় যুব নাট্য উৎসবের আয়োজন করা হয়েছিল উত্তর ২৪-পরগনা জেলার শিল্পাঞ্চল ব্যারাকপুরে। ১৪ থেকে ২২ অক্টোবর সপ্তাহব্যাপী যুব নাট্য উৎসব উপলক্ষে ব্যারাকপুর সুকান্ত সদন ছিল প্রাণচঞ্চল। সুদৃশ্য তোরণ, আলোয় সুসজ্জিত সুকান্ত সদন যেন সংস্কৃতিবান নাট্যমনস্ক মানুষের এক মিলনক্ষেত্রে পরিণত হয়েছিল। বাংলা নাট্যমঞ্চের ২০০ বছর এবং ফ্যাসিবাদের বিরুদ্ধে বিজয়ের ৫০ বছরের মতো স্মরণীয় দুটি ঘটনাকে কেন্দ্র করে আয়োজিত এই উৎসবে সুপ্রতিষ্ঠিত নাট্য সংস্থাগুলির পাশাপাশি স্থানীয় প্রতিভাবানদের নাটকও প্রদর্শিত হয়। অনুষ্ঠিত হয় নাটক, সংস্কৃতি এবং ফ্যাসিবাদের নানা দিক নিয়ে গুরুত্বপূর্ণ কয়েকটি আলোচনাচক্র। সমগ্র উৎসব উৎসর্গ করা হয়েছিল বিশিষ্ট নাট্যকার, পরিচালক, অভিনেতা উৎপল দত্তের উদ্দেশে। বিভিন্ন দিনের অনুষ্ঠানে পি এল টি, অনীক, ক্যালকাটা পারফর্মার্স, জাগৃতি, ফিনিক, নান্দীপট, প্রহরী, নীহারিকা, শৌভিক সাংস্কৃতিক চক্র, থিয়েটার কমিউন, চেতনা, অন্য থিয়েটার প্রভৃতি দল অংশগ্রহণ করে। যুব নাট্য উৎসবের উদ্বোধন করেন অন্যান্য শিল্পী প্রগতি সংস্কৃতি আন্দোলনের অন্যতম নেত্রী শোভা সেন। ব্যারাকপুর পুরসভা, উত্তর ব্যারাকপুর পুরসভা, খড়দহ পুরসভা, টিটাগড় পুরসভা, পানিহাটি পুরসভা, নৈহাটি পুরসভা এবং স্থানীয় সাংস্কৃতিক বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিত্ব সরকারি উৎসব রূপায়ণে সক্রিয় সহযোগিতা করায় উৎসব জনগণের অংশগ্রহণে মুখরিত হয়ে ওঠে।

**ছাত্র-যুব উৎসব**

পশ্চিমবাংলার সর্ববৃহৎ সাংস্কৃতিক উদ্যোগ ছাত্র-যুব উৎসব। ত্রিস্তর উৎসব রাজ্যের সর্বত্র সংগঠিত হয়। লক্ষ লক্ষ ছাত্র-যুব নানা স্তরের উৎসবে সম্মিলিতভাবে অংশগ্রহণ করেন।

ব্লক স্তর থেকে রাজ্য স্তর ছাত্র-যুব উৎসব এ বছর নেতাজি সুভাষচন্দ্র বসুর নামে উৎসর্গ করা হয়েছিল। ক্রীড়া সংস্কৃতির বিভিন্ন বিভাগে প্রতিযোগিতা সংগঠিত করা হয় ছাত্র-যুব উৎসবে। এ ছাড়াও স্থানীয় এবং বিশিষ্ট শিল্পী ও সংস্কৃতিকর্মী সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উৎসব পরিচালনার জন্য ছাত্র-যুবসহ বিভিন্ন গণসংগঠনের প্রতিনিধি, সংস্কৃতি-কর্মী, ক্লাব ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি, প্রশাসনের বিভিন্ন স্তরের প্রতিনিধি নিয়ে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়।

রাজ্য ছাত্র-যুব উৎসব মালদহ শহরে ২৩-২৯ ডিসেম্বর '৯৫ অনুষ্ঠিত হয়। সাত দিনের এই অনুষ্ঠান উত্তরবঙ্গের মালদহ জেলার ছাত্র-যুব এবং সাধারণ মানুষের মধ্যে দারুণ সাড়া

জাগিয়েছিল। প্রতিদিন গভীর রাত পর্যন্ত নানা অনুষ্ঠানে জাতি-ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে সাধারণ অগণিত মানুষ অংশগ্রহণ করেন। জেলা জুড়ে উৎসবের চঞ্চলতা জনজীবনে নতুন গতিবেগ সঞ্চার করে। বিপুল অংশগ্রহণ এবং সুস্থ জীবনীধর্মী সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রতি আকর্ষণ অপসংস্কৃতির বিরুদ্ধে সংগ্রামে জনগণের নৈতিক সমর্থনেরই ইঙ্গিত বহন করে।

**জাতীয় যুব উৎসব**

জাতীয় যুব উৎসব মূলত পশ্চিমবঙ্গ সরকারের ছাত্র-যুব উৎসব পরিকল্পনা থেকেই প্রাণরস লাভ করেছে। কেন্দ্রীয় সরকার ১৯৯৫ সাল থেকে জাতীয় স্তরে যুব উৎসব সংগঠিত করছে। স্বামী বিবেকানন্দের জন্মদিন ১২ জানুয়ারি থেকে জাতীয় যুব উৎসবের সূচনা হয়। চলে চার-পাঁচ দিন। প্রথম জাতীয় যুব উৎসব মধ্যপ্রদেশের ভোপালে অনুষ্ঠিত হয়েছিল ১৯৯৫ সালের জানুয়ারি মাসে। দ্বিতীয় জাতীয় যুব উৎসব অনুষ্ঠিত হয় কলকাতায় ১৯৯৬ সালের জানুয়ারি মাসে।

জাতীয় যুব উৎসবে সারা ভারতবর্ষের প্রায় প্রতিটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল থেকে প্রতিযোগীরা অংশগ্রহণ করেন। ১৮টি সাংস্কৃতিক বিষয়ে প্রতিযোগিতা হয়। এই প্রতিযোগিতায় ক্রীড়ার কোনও বিষয় নেই। মূলত উচ্চাঙ্গ নৃত্য, উচ্চাঙ্গ সংগীত, বাদ্যবিষয়ক প্রতিযোগিতা হয়। কেন্দ্রীয় সরকারের উদ্যোগে হলেও সংগঠকের মূল ভূমিকায় থাকে রাজ্য সরকারের যুব বিভাগ। কলকাতায় জাতীয় যুব উৎসব সফল করার জন্য যুবকল্যাণ শাখা বিশেষ উদ্যোগ গ্রহণ করে। ৩০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিযোগীরা এতে যোগ দিতে এসেছিলেন। কসবায় তাঁদের থাকা-খাওয়ার ব্যবস্থা করা হয়েছিল। রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, বাংলা অ্যাকাদেমি মঞ্চ, মধুসূদন মঞ্চ, আকাদেমি অফ ফাইন আর্টস, কলকাতা ময়দান প্রভৃতি এলাকায় প্রতিযোগিতা হয়। রবীন্দ্রসদন, নজরুল মঞ্চ, নেতাজি ইন্ডোর স্টেডিয়াম ছাড়াও শহরতলি এলাকার বিভিন্ন স্থানে জাতীয় যুব উৎসব উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। সার্কভুক্ত দেশগুলি ছাড়াও রাশিয়ার সাংস্কৃতিক প্রতিনিধি দল উৎসবে যোগ দিতে এসেছিলেন। জানুয়ারি মাসের মনোরম পরিবেশে জাতীয় যুব উৎসব বর্ণময় হয়ে ওঠে। সারা ভারতের সাংস্কৃতিক নবীন প্রতিভা চিহ্নিতকরণের প্রতিযোগিতায় পশ্চিমবাংলার প্রতিযোগীরা বিশেষ কৃতিত্বের স্বাক্ষর রাখেন।

**বাংলা গ্রন্থের মেলা**

বঙ্গীয় পুস্তক ব্যবসায়ী ও বিক্রেতাদের উদ্যোগে ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের সহযোগিতায় নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে ২৪ ডিসেম্বর থেকে ৩ জানুয়ারি '৯৬ বাংলা বইয়ের মেলা অনুষ্ঠিত হয়। যুবকল্যাণ শাখা বাংলা সাহিত্য ও বইয়ের মেলা সফল করার জন্য প্রয়োজনীয় সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। প্রতিদিন আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে ইতিপূর্বে এ জাতীয় বইমেলা হয়নি। প্রথম প্রয়াসেই মেলায় দারুন সাড়া পাওয়া গিয়েছিল। শিল্প-সাহিত্য-সংস্কৃতিজগতের বিশিষ্ট ব্যক্তিবর্গ আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেন।

**নেতাজী জন্মোৎসব**

স্বাধীনতা আন্দোলনের অমর যোদ্ধা নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে কলকাতায় নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান ও শ্রদ্ধাঞ্জলি নিবেদনের

আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানে বিমান বসু, নন্দগোপাল ভট্টাচার্য, নিখিল দাস, সুনীল গঙ্গোপাধ্যায়, পবিত্র সরকার প্রমুখ রাজনৈতিক ব্যক্তিত্ব, শিল্পী-সাহিত্যিক-অধ্যাপক-উপাচার্য সুভাষচন্দ্রের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেন। ভারত-খ্যাত শিল্পী ভীমসেন যোশী, জাকির হোসেন, শিবকুমার শর্মা, নরেন ধর প্রমুখের পাশাপাশি তরুণ শিল্পী মধু বর্মণ, গোপাল বর্মণ, রিম্পা শিব, শংকর ভট্টাচার্য, এস সমাজপতি প্রমুখ তরুণ উচ্চাঙ্গ সংগীত শিল্পীও অংশগ্রহণ করেন। দেশনায়কের প্রতি সম্মান প্রদর্শনের উপযুক্ত ভাবগম্ভীর পরিবেশে হাজার হাজার মানুষের উপস্থিতিতে এই অনুষ্ঠান আকর্ষণীয় হয়ে ওঠে।

**ক্রীড়া সরঞ্জাম বণ্টন ও ক্রীড়া প্রশিক্ষণ**

যুবসমাজের সুস্থ শরীর ও মন গড়ে তোলার ক্ষেত্রে বিভিন্ন ধরনের ক্রীড়ায় উৎসাহ প্রদানের পাশাপাশি ক্রীড়া সরঞ্জাম বণ্টনের গুরুত্ব অপরিসীম এবং রাজ্যের বিভিন্ন জেলার প্রত্যন্ত প্রান্তে ছড়িয়ে থাকা অসংখ্য ক্রীড়াপ্রতিভাসম্পন্ন যুবক-যুবতীর কাছে এইসব সরঞ্জামের চাহিদাও প্রচুর। সেই চাহিদার দিকে লক্ষ রেখে ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগ প্রতি বছর বিভিন্ন ক্লাব ও ক্রীড়া প্রতিষ্ঠানকে বিভিন্ন ক্রীড়া সরঞ্জাম সরবরাহ করে থাকে। গত বছরও এই প্রকল্প অনুযায়ী বিভিন্ন সংগঠনকে মোট ১৪,৪৭৫টি ফুটবল ও ১৪,৪৭৫টি ভলিবল বিতরণ করা হয়েছে। এ ছাড়া রাজ্যের পাঁচটি জেলায় যুবক-যুবতীদের খেলাধূলার মানোন্নয়নের স্বার্থে ক্রীড়া প্রশিক্ষণ শিবিরও সংগঠিত করা হয়েছে।

যুবসমাজের স্বার্থে গৃহীত যুবকল্যাণ শাখার সমস্ত নিয়মিত কর্মসূচি এ বছরও যথারীতি রূপায়ণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**কুসংস্কারের বিরুদ্ধে বৈজ্ঞানিক মন তৈরির উদ্যোগ**

প্রায় চারশ বছর পর আবার পূর্ণ সূর্যগ্রহণের বিরল ঘটনা দেখার সুযোগ আমাদের সামনে উপস্থিত হয়েছিল। সূর্যগ্রহণকে ঘিরে নানা কুসংস্কার, অন্ধবিশ্বাস ও অবৈজ্ঞানিক চিন্তা আমাদের সমাজে এখনও প্রচলিত। আমাদের রাজ্যের বিজ্ঞান আন্দোলনের কর্মী ও সংগঠকরা কুসংস্কার ও অন্ধবিশ্বাস এবং অবৈজ্ঞানিক চিন্তার বিরুদ্ধে লড়াই চালিয়ে বিজ্ঞানমনস্কতা বিকশিত করার উদ্যোগ গ্রহণ করেছিলেন। এই মহৎ উদ্যোগের সঙ্গে যুবকল্যাণ শাখাও শামিল হতে পেরেছিল। পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের সঙ্গে যৌথ উদ্যোগে কয়েক হাজার ছাত্র-যুবকে ডায়মণ্ডহারবার এবং অন্যান্য কয়েকটি কেন্দ্রে সংগঠিতভাবে নিয়ে গিয়ে পূর্ণ সূর্যগ্রহণের বিরল ঘটনা দেখার সুযোগ করে দেওয়া হয়েছিল।

২৪ অক্টোবর ছিল পূর্ণ সূর্যগ্রহণ। তার আগের রাত থেকে ছাত্র-যুবরা নির্দিষ্ট কেন্দ্রে উপস্থিত হন। তাঁরা পূর্ণ সূর্যগ্রহণের বৈজ্ঞানিক ভাবনা-চিন্তা নিয়ে পারস্পরিক মত বিনিময় করেন। যুবকল্যাণ শাখার এই উদ্যোগ বিজ্ঞানচেতনা প্রসারে যেমন সহায় হয়েছে তেমনই বিজ্ঞানজগতের বিশেষ নজর কেড়েছে।

বিগত আর্থিক বছরে যুবকল্যাণ শাখার উদ্যোগে যে বড় বড় এবং গুরুত্বপূর্ণ কর্মসূচিগুলি গ্রহণ করা হয়েছিল তার সংক্ষিপ্ত রূপরেখা দেওয়ার পাশাপাশি মাননীয় সদস্যদের আমি অবহিত করতে চাই যে, সমাজের সবচেয়ে সংবেদনশীল প্রাণবন্ত এবং সৃজনশীল অনুভূতিপ্রবণ

অংশের মধ্যে এই বিভাগের কর্মক্ষেত্র বিস্তৃত। যুবসমাজের চাহিদার সঙ্গে তাল রেখে বিভাগীয় কর্মসূচিকে আরও অর্থবহ এবং কার্যকর ভূমিকা পালনে সক্ষমরূপে বিন্যস্ত করার বিনম্র উদ্যোগ নেওয়া হচ্ছে। সম্প্রতি যুবভারতী ক্রীড়াঙ্গন প্রাঙ্গণে আর্টিফিসিয়াল রক স্থাপন করা হয়েছে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায়। এই কৃত্রিম পাহাড় ছাত্র-যুবদের দুঃসাহসী অভিযানে অনুপ্রাণিত করবে। আন্তর্জাতিক মানের এই কৃত্রিম পাহাড় জাতীয় এবং আন্তর্জাতিক পর্বতারোহণ প্রতিযোগিতা সংগঠিত করার কাজে বিশেষ সহায়ক হবে। আমাদের যুবকল্যাণ শাখার উদ্যোগে যুবসমাজকে দুঃসাহসী অভিযানে আরও বেশি করে টেনে আনার উপযোগী আরও নতুন নতুন দুঃসাহসী ক্রীড়া বা অ্যাডভেঞ্চার স্পোর্টসের প্রকল্প গ্রহণ করার কথা ভাবা হয়েছে যা অদূর ভবিষ্যতে বাস্তব রূপলাভ করবে বলে আশা করা যায়। দুঃসাহসী অভিযান ও দুঃসাহসী ক্রীড়া ছাত্র-সমাজকে যাতে আরও বেশি ভ্রাতৃত্ববোধ, দায়িত্ব-চেতনা এবং জাতীয় গর্ববোধে উদ্দীপিত করে তার দিকে আরও বেশি নজর রাখা হবে।

ছাত্র-যুব সমাজ ইতিমধ্যেই পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ সাংস্কৃতিক মর্যাদা লাভ করেছে। আমরা এই উৎসবকে আরও অর্থবহ এবং বাস্তবমুখী এবং তরুণ ও নবীন প্রতিভার বিকাশ ও লালনের উপযোগী করার কথা ভাবছি। অভিজ্ঞতা থেকে দেখা গেছে আমাদের রাজ্যে ছাত্র-যুব উৎসব ঘিরে যে উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়, যেভাবে হাজারে হাজারে ছাত্র-যুবা নানা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন এবং যেভাবে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য তরুণ ও নবীন শিল্পীরা উদ্বেল হয়ে ওঠেন তা যথাযথভাবে ব্যবহার করতে হলে ছাত্র-যুব উৎসবকে আরও সুবিন্যস্ত এবং সুবিস্তৃত করা প্রয়োজন। এই অভিজ্ঞতার উপর দাঁড়িয়েই রাজ্য ছাত্র-যুব উৎসবকে দুটি ভাগে ভাগ করে রাজ্য ছাত্র-যুব সাংস্কৃতিক উৎসব এবং রাজ্য ছাত্র-যুব ক্রীড়া উৎসব করার কথা ভাবা হচ্ছে। দুটি উৎসব একসঙ্গে করার পরিবর্তে আলাদা আলাদা সময়ে করা হলে ক্রীড়াপ্রেমী এবং শিল্প-সাহিত্য-সংস্কৃতিপ্রেমী যুবক-যুবতীদের আরও বেশি এবং সুসংহতভাবে উৎসবে যুক্ত করা সম্ভব হবে। বর্তমান বছর থেকেই দুটি পর্যায়ে ছাত্র-যুব উৎসব করার কথা ভাবা হয়েছে।

যুবকল্যাণ বিভাগের 'মাসিক মুখপত্র 'যুবমানস' নবীন ও প্রবীণ লেখক-শিল্পী-সাহিত্যিকদের অন্যতম মুখপত্র হয়ে উঠেছে। গত আর্থিক বছরে প্রকাশিত ফ্যাসিবিরোধী বিশেষ সংখ্যা, শারদ সংখ্যাসহ অন্যান্য সংখ্যাগুলি সুধীজনের দৃষ্টি আকর্ষণ করেছে। কিন্তু এই মাসিক মুখপত্রকে আরও উন্নত এবং সারা রাজ্যে প্রাপ্তব্য করার অবকাশ আছে। আশা করা যায় অদূর ভবিষ্যতে এই পত্রিকা আরও আকর্ষণীয় এবং কার্যকর ভূমিকা পালনে সক্ষম হয়ে উঠবে।

আমি গত আর্থিক বছরে (১৯৯৫-৯৬) এই রাজ্যে খেলাধুলার উন্নতিকল্পে ক্রীড়া শাখা যে-সকল গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে সেগুলি মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য সবিনয়ে পেশ করছি। ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তরের ক্রীড়া শাখার মূল লক্ষ্য হল রাজ্যের যুবসম্প্রদায়কে খেলাধুলায় নিয়োজিত করার উদ্দেশ্যে খেলাধুলার সুযোগ সৃষ্টি করা, যাতে তাদের শারীরিক ও মানসিক বিকাশ ঘটতে পারে।

এই সকল গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলির মধ্যে অন্যতম হল স্পোর্টস অথরিটি অব ইণ্ডিয়ার সহযোগিতায় এ রাজ্যে দুটি স্পোর্টস প্রোজেক্ট ডেভেলপমেন্ট এরিয়া স্কিম (এস পি ডি এ)

চালু করা। তম্মধ্যে একটি বর্ধমানে অবস্থিত, যেখান থেকে সংলগ্ন জেলাগুলিও উপকৃত হচ্ছে। আর একটি প্রকল্প দার্জিলিংয়ের লেবঙে অবস্থিত, যা দার্জিলিং এবং তৎসংলগ্ন জেলাগুলির খেলাধূলার চাহিদা পূরণ করছে।

এ কথা সর্বজনজ্ঞাত যে, রাজ্য সরকারের ক্রীড়া বিভাগ বিধাননগরের যুবভারতী ক্রীড়াঙ্গন, শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম, কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়াম ও ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রের মতো উচ্চমানের ক্রীড়া পরিকাঠামো গড়ে তুলেছে। এ ছাড়া বিভিন্ন জেলায় এবং মহকুমায় ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। যেমন—কোচবিহার স্টেডিয়াম, জলপাইগুড়ি স্টেডিয়াম, বালুরঘাট স্টেডিয়াম, মালদা স্টেডিয়াম, উলুবেড়িয়া স্টেডিয়াম, মেদিনীপুর স্টেডিয়াম ইত্যাদি। সীমিত আর্থিক সঙ্গতি নিয়ে ক্রীড়া শাখা এইসব সম্পদের রক্ষণাবেক্ষণের সাধ্যমতো চেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু যুবভারতী ক্রীড়াঙ্গনের মতো আন্তর্জাতিক মানের এই বিশাল পরিকাঠামোটি নামমাত্র বরাদ্দকৃত অর্থে সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করা প্রায় অসম্ভব সে কথা বলাই বাহুল্য। এই ব্যাপারে আরও আর্থিক সম্পদ সংগ্রহের প্রচেষ্টা করতে হবে।

রাজ্য সরকার যে-সকল ক্রীড়া পরিকাঠামোর কাজ শুরু হয়েছে সেগুলো সম্পূর্ণ করার উপর জোর দিয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ রাজ্য সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের সর্বোচ্চ স্তরের পরামর্শদাতা সংস্থা—রাজ্যের সার্বিক খেলাধুলার উন্নয়নই যার লক্ষ্য। রাজ্য সরকারের আর্থিক অনুদানে চালিত এই পর্ষদ খেলাধুলা পরিচালনার জন্য বিভিন্ন রাজ্য ক্রীড়া সংস্থাকে আর্থিক অনুদান দিয়ে থাকে। রাজ্য ক্রীড়া পর্ষদ চালিত অন্যতম গুরুত্বপূর্ণ প্রকল্পটি হল দীর্ঘমেয়াদী অনাবাসী ক্রীড়া প্রশিক্ষণ প্রকল্প (এল টি এন আর সি এস)।

এ রাজ্যে মহিলাদের খেলাধুলায় উৎসাহিত করা এবং খেলার মান উন্নয়ন করার জন্য রাজ্য সরকার সমস্ত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। খেলাধুলায় বিশেষ পারদর্শী মহিলাদের আর্থিক অনুদান লাভের সুযোগ দেওয়া হয়। রাজ্য ক্রীড়া পর্ষদের অনুমোদিত একটি মহিলা দল নিয়মিতভাবে মহিলাদের জাতীয় ক্রীড়া উৎসবে অংশগ্রহণ করে।

অতীত দিনের জাতীয় এবং আন্তর্জাতিক স্তরের ক্রীড়াব্যক্তিত্ব অথবা তাঁদের উপর নির্ভরশীলদের ৪০০ টাকা করে আর্থিক সাহায্যদানের প্রকল্প বিগত আর্থিক বছরেও অব্যাহত ছিল।

জেলা এবং মহকুমা স্তরে গঠিত ক্রীড়া পরিকাঠামোগুলি তদারকি এবং উন্নতি-বিধানের জন্য ক্রীড়া বিভাগের তত্ত্বাবধানে প্রশাসনিক বিভাগ গঠনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। যে সব স্থানে এই প্রশাসনিক বিভাগ চালু করা বিশেষ প্রয়োজন সেগুলি হল—বর্ধমান, আসানসোল, শিলিগুড়ি এবং চন্দননগর।

**পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ**

পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ হল ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের সর্বোচ্চ উপদেষ্টামণ্ডলী, যা জেলা ক্রীড়া পর্ষদ, রাজ্য ও জেলা ক্রীড়া সমিতির মতো সহায়ক সংগঠনগুলির মাধ্যমে এই রাজ্যের খেলাধূলার উন্নতিকল্পে নানাবিধ প্রকল্প রচনা করে। পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ কলকাতায় তাঁদের তিনটি স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা করেন। যথা—

| | |
|---|---|
| (১) ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্র— | এখানে জিমনাস্টিক, ব্যাডমিন্টন, বাস্কেটবল এবং টেবিল টেনিস প্রশিক্ষণ দেওয়া হয়। |
| (২) কলকাতা ময়দান— | এখানে অ্যাথলেটিকস্ এবং হকির প্রশিক্ষণ চালু আছে। |
| (৩) সুভাষ সরোবর সুইমিং পুল— | এখানে সাঁতারের প্রশিক্ষণ দেওয়া হয়। |

এ ছাড়া পর্ষদ কয়েকটি স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রও পরিচালনা করে। পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ বিভিন্ন জেলা ক্রীড়া পর্ষদ, জেলা ক্রীড়া সংস্থা এবং সরকারি ও বেসরকারি সংস্থার আমন্ত্রণে বিভিন্ন প্রশিক্ষকদের প্রশিক্ষণে নিয়োজিত করে।

**জাতীয় ক্রীড়া উৎসব, ১৯৯৫-৯৬ (মহিলাদের জন্য)**

স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার অনুমোদিত ব্লক স্তর থেকে রাজ্য স্তর পর্যন্ত ব্যপ্ত গত বছরে অনুষ্ঠিত মহিলাদের জাতীয় ক্রীড়া উৎসবের সার্বিক ফলাফল নিম্নরূপঃ

বিভাগ-১

| | | | |
|---|---|---|---|
| ১। | কাবাডি | — | ১ম স্থান |
| ২। | ব্যাডমিন্টন | — | ২য় স্থান |
| ৩। | ভলিবল | — | ৩য় স্থান |
| ৪। | ১৫০০ মিটার দৌড় | — | ৩য় স্থান |

বিভাগ-২

| | | | |
|---|---|---|---|
| ১। | সন্তরণ | — | ১ম স্থান |
| ২। | বাস্কেটবল | — | ২য় স্থান |
| ৩। | খো-খো | — | ৩য় স্থান |
| ৪। | জিমনাস্টিক | — | ৩য় স্থান |

**ক্রীড়া বৃত্তি**

রাজ্য ক্রীড়া পর্ষদ ১৯৮৪ সাল থেকে সম্ভাবনাময় ছেলেমেয়েদের বৃত্তিদানের প্রকল্প চালু রেখেছে। এই প্রকল্প অনুযায়ী ক্রীড়া পর্ষদ জাতীয় স্তরের প্রতিযোগিতাগুলির অংশগ্রহণকারী ৭৫ জন সম্ভাবনাময় ছেলেমেয়ের প্রত্যেককে ৭৫ টাকা করে বৃত্তি দেয়।

**গোষ্ঠ পালের জন্মবার্ষিকী উদ্‌যাপন**

অন্যান্য বছরের মতো গত বছরও পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ প্রবাদপ্রতীম ফুটবল খেলোয়াড় গোষ্ঠ পালের জন্মবার্ষিকি উদ্‌যাপন করেছে।

**বাংলার খেলা**

ক্রীড়ামোদী মানুষের কাছে রাজ্য ও জেলা স্তরের খেলাধুলা এবং পর্ষদের বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম তুলে ধরার উদ্দেশ্যে রাজ্য ক্রীড়া পর্ষদ 'বাংলার খেলা' মাসিক পত্রিকা প্রকাশ করে।

**ফুটপথবাসীদের বার্ষিক ক্রীড়া**

ক্রীড়া শাখা ফেব্রুয়ারি মাসে যুবভারতী ক্রীড়াঙ্গনে বিপুল উৎসাহ-উদ্দীপনার সঙ্গে কলকাতা ও তৎসলগ্ন এলাকার ফুটপথবাসী শিশুদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা এবং ক্রীড়া প্রতিযোগিতা সংগঠিত করেছে।

**সম্ভাবনা দিবস**

রাজ্য ক্রীড়া পর্ষদ বিগত বছরের সাফল্যের সঙ্গে 'সম্ভাবনা দিবস' উদ্‌যাপন করেছে। এই উদ্দেশ্যে 'সম্ভাবনা পদযাত্রা' পার্ক সার্কাস পাঁচ মাথার মোড় থেকে যাত্রা শুরু করে পার্ক স্ট্রিট ধরে আকাশবাণী ভবনের বিপরীতে কিংবদন্তী ফুটবলার গোষ্ঠ পালের মূর্তির পাদদেশে শেষ হয়। এই অনুষ্ঠানটি গত ইংরাজি ২০-৮-৯৫ তারিখে অনুষ্ঠিত হয়।

**শারীরশিক্ষা**

স্কুলগুলিতে শারীরশিক্ষার সুযোগ সম্প্রসারিত করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারের শারীরশিক্ষা অধিকার যে-সকল সংস্থার সহায়তায় বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন হয় সেগুলি হল—'ওয়েস্ট বেঙ্গল স্কুল স্পোর্টস অ্যাসোসিয়েশন', 'ডিস্ট্রিক্ট স্কুল স্পোর্টস অ্যাসোসিয়েশন', 'সাবডিভিশনাল স্কুল স্পোর্টস অ্যাসোসিয়েশন', 'ডিস্ট্রিক্ট স্পোর্টস কাউন্সিল', পঞ্চায়েত প্রভৃতি।

**জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী**

জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী (এন সি সি) একটি সর্বভারতীয় সংগঠন। এই সংগঠনের পশ্চিমবঙ্গ শাখা সুগঠিত এবং যোগ্য বাহিনী হিসাবে নিজেদের প্রতিষ্ঠিত করার জন্য বিশেষ মর্যাদা দাবি করতে পারবে। রাজ্যের বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সামরিক প্রশিক্ষণ দেন পদাতিক, নৌ ও বিমান বাহিনীত্রয়ের অফিসাররা। রাজ্য সরকার এন সি সি শাখা কার্যালয় এবং ৬টি এন সি সি হেড কোয়ার্টার্স পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো ও কর্মীর ব্যবস্থা করে থাকে।

এ ছাড়াও শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য ক্যাম্পিং, ট্রেকিং, দুঃসাহসিক অভিযান, পর্বত অভিযান এবং সমাজকল্যাণমূলক কর্মকাণ্ড সংগঠিত করে। জাতীয় সংহতি প্রকল্পে পশ্চিমবঙ্গের সমর শিক্ষার্থী বাহিনী তাদের দক্ষতার স্বাক্ষর রেখেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কটি কথা বলে আমি আমার দাবিটি সভার অনুমোদনের জন্য পেশ করছি।

## Demand Nos. 32, 33 and 34

The printed speech of **Shri Partha Dey** : on Demand Nos 32, 33 & 34 is take as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩২ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য ব্যতিরেকে)" এবং "৪২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য ব্যতিরেকে) সম্পর্কে মূলধন বিনিয়োগ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৫২০,৩৭,০০,০০০ (পাঁচ শত কুড়ি কোটি সাঁইত্রিশ লক্ষ) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত মোট বরাদ্দ ১৭৩,৪৬,০০,০০০ (একশত তিয়াত্তর কোটি ছেচল্লিশ লক্ষ) টাকা সমেত মজুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৩৩ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য)" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৮৫,৪৯,৬০,০০০ (পঁচাশি কোটি উনপঞ্চাশ লক্ষ ষাট হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে ইতিমধ্যে মঞ্জুরীকৃত মোট বরাদ্দ ২৮,৫০,০০,০০০ (আটাশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৩৪ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১১-পরিবার কল্যাণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ৭৭,০৯,৭৭,০০০ (সাতাত্তর কোটি নয় লক্ষ সাতাত্তর হাজার) টাকা এ বছরের ভোট-অন-অ্যাকাউন্ট মাধ্যমে মঞ্জুরীকৃত মোট বরাদ্দ ২৫,৭০,০০,০০০ (পঁচিশ কোটি সত্তর লক্ষ) টাকা সমেত মঞ্জুর করা হোক।

মহাশয়,

স্বাস্থ্য পরিচর্যার সুযোগ পৌঁছে দেওয়ার প্রক্রিয়াটিকে যথেষ্ট নমনীয় করে তুলে এবং স্বাস্থ্য পরিচর্যার বহুমুখী শাখাগুলিতে ক্রিয়াশীল রেখে সবার জন্য বিশেষ করে মেহনতি, দরিদ্র ও সুযোগ বঞ্চিত মানুষের জন্য স্বাস্থ্য সচেতনতার প্রসার ও উন্নততর স্বাস্থ্যের ব্যবস্থা সুনিশ্চিত করার পথে এবং একটি সুস্থিত ও সুষম জনসংখ্যাবৃদ্ধির অবস্থায় উপনীত হওয়ার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উপর যে দায়িত্ব ন্যস্ত হয়েছে তা কীভাবে এই দপ্তর পালন করছেন সেই সম্পর্কে আমি আমার সহকর্মী ও এই সভার মাননীয় সদস্যদের অবহিত করতে চাই।

আমরা গুরুত্ব দেবো বিকেন্দ্রীভূত স্বাস্থ্য পরিষেবার উপর এবং এতে জনসাধারণের অংশগ্রহণ সুনিশ্চিত করা হবে। বিগত বছরগুলির ক্রমাগত প্রচেষ্টায় এই রাজ্যের স্বাস্থ্য সূচকগুলিকে যে একটি সন্তোষজনক পর্যায়ে উন্নীত করা সম্ভব হয়েছে তা খুবই আনন্দের কথা। কেন্দ্রীয় সরকার পরিচালিত ১৯৯৪ সালের নমুনা নথিকরণের প্রতিবেদন অনুযায়ী এই রাজ্যে জন্মহার, মৃত্যুহার ও শিশুমৃত্যুর হার যথাক্রমে ২৫.১ (১০০০ জনসংখ্যা পিছু), ৮.৩ (১০০০ জনসংখ্যা পিছু) এবং ৬১.০ (১০০০ জনসংখ্যা পিছু)। সারা দেশের ক্ষেত্রে এই হার যথাক্রমে ২৮.৬, ৯.২ এবং ৭৩.০। এই প্রসঙ্গে বলে রাখি যে ২০০০ সালের মধ্যে জন্মহার ২১, মৃত্যুহার ৯ এবং শিশু মৃত্যুর হার ৬০ করাই হলো আমাদের জাতীয় লক্ষ্য মাত্রা। এই রাজ্যে মৃত্যুহারের জাতীয় লক্ষ্যমাত্রা ইতিমধ্যেই অর্জন করা সম্ভব হয়েছে, শিশু মৃত্যু হারের জাতীয় লক্ষ্যমাত্রাও আমরা শীঘ্রই অর্জন করতে চলেছি কিন্তু জন্মহারের জাতীয়

লক্ষ্যমাত্রাকে আকাঙ্খিত স্তরে নামিয়ে আনার কাজটির জন্য প্রয়োজন সযত্ন প্রয়াস। আত্মতুষ্টির কোনও অবকাশ নেই বলে এই জাতীয় লক্ষ্যে উপনীত হওয়ার জন্য আমাদের প্রশাসন যন্ত্রকে সক্রিয় ও গতিশীল করা হয়েছে। এতদিন রোগ নিরাময়ের প্রতি আমরা পক্ষপাত দেখিয়েছি। এই অবস্থান থেকে সরে এসে রোগ নিবারণ ও রোগের বিস্তৃতির কারণগুলি সম্পর্কে সম্যক পরিচিতির বিষয়টিকেও অনুরূপ গুরুত্ব প্রদান আমরা নীতিগতভাবে স্বীকার করে নিয়েছি। প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার সুযোগ মানুষের কাছে পৌঁছে দেওয়ার প্রয়াসে আমরা এই বিশ্বাসে উদ্বুদ্ধ হতে শুরু করেছি বিশেষভাবে একথা খেয়াল রেখে যে এই দেশের লক্ষ লক্ষ মানুষ দারিদ্র সীমার নিচে ক্লীন্ন জীবন-যাপন করছেন আর তাঁদের ব্যয়বহুল ও উন্নত প্রযুক্তির আধুনিক ও উচ্চমানের চিকিৎসা পদ্ধতির সুযোগ গ্রহণ করার ক্ষমতাও নিতান্তই সীমিত।

তৃতীয় পর্যায়ের হাসপাতালগুলিতে রোগীদের অত্যধিক ভীড় সাম্প্রতিক বছরগুলিতে এক বিরাট সমস্যা হয়ে দেখা গিয়েছে। এই সমস্যার সমাধানের লক্ষ্যে সম্প্রতি স্বাস্থ্য দপ্তর রাজ্যের সবকটি জেলা, মহকুমা ও গ্রামীণ হাসপাতাল ও সুন্দরবন এলাকার কিছু নির্বাচিত প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রকে উন্নততর পর্যায়ে উন্নীত করার জন্য একটি সুসংহত কর্মসূচি রূপায়িত করার উদ্যোগ নিয়েছেন। স্বাস্থ্য পরিচর্যার সুযোগ সবার কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে লক্ষণীয় উন্নতি ঘটিয়ে এই কার্যক্রম বাস্তব পরিস্থিতির প্রতি সজাগ দৃষ্টি রেখে মানুষের আকাঙ্খা পূরণ করতে সক্ষম হবে বলে আমরা আশা করি। এই লক্ষ নিয়ে ১৯৯৬-৯৭ আর্থিক বছর থেকে বিশ্বব্যাঙ্কের সহায়তা নিয়ে 'রাজ্যস্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প—২' নামাঙ্কিত একটি প্রকল্প রূপায়িত করা হচ্ছে যার কাজ চলবে ছয় বছর ধরে।

বিগত কয়েক বছর ধরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর হোমিওপ্যাথি ও ভারতীয় চিকিৎসা ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের কাজে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই প্রয়াস বিশেষ করে এই জন্য যে এই চিকিৎসা পদ্ধতিগুলি অপেক্ষাকৃত কম ব্যয়সাধ্য ও সাধারণ মানুষের কাছে বহুকাল ধরেই জনপ্রিয়। অনুরূপ আর একটি ক্ষেত্র হলো আকুপাংচার চিকিৎসা পদ্ধতি। এই বিশেষ পদ্ধতিতে চিকিৎসার কাজে সরকারি হাসপাতালগুলিতে নিয়মিতভাবে হয়ে আসছে এবং এই সংক্রান্ত গবেষণার কাজও একটি সরকারি গবেষণা প্রতিষ্ঠান চালিয়ে যাওয়া হচ্ছে। হোমিওপ্যাথি ও আয়ুর্বেদ পদ্ধতির স্বাস্থ্য পরিচর্যা ও শিক্ষাক্রমের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূমিকা পথিকৃতের। এই ঐতিহ্যমণ্ডিত চিকিৎসা ব্যবস্থাগুলিতে শিক্ষাক্রমের মান উন্নয়ন ও সবার কাছে উন্নততর স্বাস্থ্য পরিচর্যার সুযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে আমাদের আন্তরিক প্রয়াস যুক্ত হয়েছে। ইউনানী পদ্ধতির স্বাস্থ্য পরিচর্যা ও শিক্ষাক্রমের ক্ষেত্রেও অনুরূপ প্রচেষ্টা চলেছে।

বিগত কয়েক বছর স্বাস্থ্য দপ্তর নিবারণমূলক স্বাস্থ্য পবিচর্যা ব্যবস্থার উপর গুরুত্ব দিয়ে আসছেন। একগুচ্ছ জাতীয় প্রকল্প রূপায়ণের সহায়তা নিয়ে এই দপ্তর ম্যালেরিয়া, কালাজ্বর, এনকেফেলাইটিস, ফাইলেরিয়া, যক্ষা, কুষ্ঠ, অন্ধত্ব ও গলগণ্ড রোগের মোকাবিলা করে চলেছেন, এছাড়াও রাজ্যের নিজস্ব কিছু প্রকল্প যেমন উদারময়, হেপাটাইটিস ও অন্যান্য কিছু সংক্রামক ও পরিবাহিত রোগের কার্যকর নিয়ন্ত্রণ বিশেষ গুরুত্ব দিয়ে রূপায়িত করা হচ্ছে। এছাড়াও মাদকসেবনের অনিষ্টকর দিকগুলির মোকাবিলা ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কিছু প্রকল্পও রূপায়িত হচ্ছে। ক্যানসার ও এইডস্'এর মতো ভয়াবহ রোগের মোকাবিলা করার লক্ষ্যে

সম্ভাব্য নিবারণমূলক ব্যবস্থা নেওয়ার সাথে সাথে মানুষকে রোগ দুটির প্রকৃতি স্বরূপ সম্পর্কে সচেতন ক'রে তোলার বিষয়টিও যথাযথ গুরুত্ব পেয়েছে।

চিকিৎসাশিক্ষার আধুনিকিকরণের প্রতি লক্ষ্য রেখে রাজ্যে একটি পৃথক চিকিৎসাশিক্ষা পরিষেবা চালু হয়েছে। রাজ্যের সবক'টি মেডিক্যাল কলেজে চিকিৎসাশাস্ত্রের আধুনিক শাখাগুলি চালু করার ব্যবস্থা ও চালু শাখাগুলিকে যথাযথভাবে উন্নীত করার ব্যবস্থা নেওয়া ছাড়াও সংশ্লিষ্ট হাসপাতালগুলিতে ডাক্তার, নার্স ও বিভিন্ন শ্রেণীর প্যারা মেডিক্যাল কর্মীদের প্রশিক্ষণ দেওয়া, স্বাস্থ্য পরিচর্যার কাজে তাঁদের আরও বেশি দক্ষ করে তোলা এবং হাসপাতালগুলিতে আধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জাম সরবরাহ করার বিষয়গুলির প্রতিও আমরা আরও বেশি অভিনিবেশ দিয়েছি। রাজ্য ড্রাগ কন্ট্রোল ও রিসার্চ ল্যাবোরেটরি, সেন্ট্রাল কম্বাইণ্ড ল্যাবোরেটরি এবং পাস্তুর ইনস্টিটিউট ও স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনের সংশ্লিষ্ট গবেষণাগার গুলির যথাযথ উন্নয়নের দিকেও বিশেষ দৃষ্টি দেওয়া হয়েছে।

আগামী বছরগুলিতে স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকল্পনা ও কর্মসূচি এবং এইসাথে বিগত বছরগুলিতে এই দপ্তরের নানান কর্মকাণ্ডের এক সংক্ষিপ্ত বিবরণ এবার আমি আমার সহকর্মীদের ও এই সভার মাননীয় সদস্যদের সামনে পেশ করছি।

**প্রাথমিক স্বাস্থ্য সেবা ঃ**

প্রধানত গ্রামীণ জনসাধারণের জন্য বিগত বছরগুলিতে পশ্চিমবঙ্গের যে বৃহদায়তন এবং সুবিস্তৃত পরিকাঠামো গড়ে উঠেছে তার মধ্যে আছে ৮,১২৬টি উপস্বাস্থ্য কেন্দ্র, ১,২৪৮টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, ৯৫টি গ্রামীণ হাসপাতাল এবং ৬০টি অন্যান্য হাসপাতাল। সেইজন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতালের আরও সংখ্যা বৃদ্ধি না করে এর গুণগত মান বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।

লোকসেবা আয়োগের মাধ্যমে নির্বাচিত বেশ কিছু সংখ্যক চিকিৎসক গ্রামাঞ্চলের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে যোগ না দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ সরকার চিকিৎসকদের এই শূন্য পদগুলিতে চুক্তির ভিত্তিতে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন যাতে করে চিকিৎসকদের অভাবে কোনও স্বাস্থ্যকেন্দ্রের কাজ ব্যাহত না হয়। প্রাথমিক সমীক্ষার পর ২৭৮ জন চিকিৎসককে চুক্তির ভিত্তিতে নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এঁদের মধ্যে এখন পর্যন্ত ১৮৯ জনকে নিয়োগপত্র পাঠানো হয়েছে।

**রাজ্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প—২**

বিশ্বব্যাঙ্কের সহায়তা নিয়ে রাজ্য সরকার 'রাজ্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প—২' নামের একটি প্রকল্প রূপায়িত করার সিদ্ধান্ত নিয়েছেন। এই প্রকল্পের লক্ষ্য হ'লো জেলা ও মহকুমা পর্যায়ে ও সুন্দরবন অঞ্চলের দুর্গম এলাকা সহ রাজ্যের সব গ্রামীণ এলাকায় সাধারণ মানুষের স্বাস্থ্য অবস্থার সামগ্রিক উন্নয়ন। বিশেষ করে দরিদ্র ও বঞ্চিত শ্রেণীর মানুষের জন্যই এই প্রকল্প। মানুষের মৃত্যুর হার কমিয়ে এনে, সব ধরনের অসুস্থতা দূর করে ও শারীরিক কর্মক্ষমতা হ্রাস পাওয়ার ব্যাপারটিকে কার্যকর প্রতিরোধ দিয়ে এক উজ্জ্বলতর স্বাস্থ্যের আশ্বাস এই প্রকল্পের রূপরেখায় থাকছে। এই প্রকল্পের চূড়ান্ত লক্ষ্য হ'লো—(১) নীতির প্রয়োজনীয়

সংস্কার ও প্রতিষ্ঠানিক উন্নয়নের মধ্য দিয়ে স্বাস্থ্য সম্পদ বণ্টনের ক্ষেত্রে দক্ষতার আকাঙ্খিত উন্নয়ন এবং (২) স্বাস্থ্য পরিষেবার প্রাথমিক পর্যায়ের কিছু নির্বাচিত ক্ষেত্রে এবং উন্নততর চিকিৎসার জন্য প্রেরনের প্রথম পর্যায়ে গুণগতমান ও কার্যকারিতা বৃদ্ধি সুনিশ্চিত করে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন। এই প্রকল্পে মধ্যস্তরের স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রটির উপরই গুরুত্ব আরোপ করা হবে কেননা এই মধ্যস্তরই উচ্চতর স্তরের স্বাস্থ্য পরিষেবার সঙ্গে দ্রুত ও প্রয়োজনীয় সংযোগ রক্ষা ক'রে চলে এবং প্রাথমিক স্তরে স্বাস্থ্য পরিষেবার বিশ্বাসযোগ্যতা ও কার্যকারিতা এবং বৃদ্ধি সুনিশ্চিত ক'রে রোগ নিরাময়ের ক্ষেত্রে বেগবান প্রেরণা দিয়ে তার ভূমিকাকে সদর্থ করে তোলে।

এই প্রকল্প রূপায়িত করার কাজে পর্যাপ্ত ক্ষমতা দিয়ে জেলা পরিষদের সভাপতির নেতৃত্বে জেলাস্তরে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উপদেশ ও নির্দেশিকা মেনে কাজ করবে। সিদ্ধান্ত গ্রহণ ও রূপায়ণের প্রক্রিয়াটিকে বিকেন্দ্রীভূত করার কাজে জনসাধারণের অংশগ্রহণ এভাবে সুনিশ্চিত করা সম্ভব হবে।

**জনস্বাস্থ্য কার্যক্রম ঃ**

রোগ প্রতিরোধ এবং স্বাস্থ্য সুরক্ষা বিধির উন্নতির জন্য ম্যালেরিয়া, কালাজ্বর, জাপানি এনকেফেলাইটিস, যক্ষা, ফাইলেরিয়া, কুষ্ঠ, অন্ধত্ব ও আয়োডিনের অভাবজনিত অসুস্থতা ইত্যাদি রোগ নিবারণ ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভারত সরকারের সহযোগিতায় কতকগুলো জনস্বাস্থ্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কুষ্ঠ, অন্ধত্ব এবং আয়োডিনের অভাবজনিত অসুস্থতা নিয়ন্ত্রণ কার্যক্রমের সমস্ত ব্যয় ভারত সরকার বহন করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম রূপায়ণের খরচ কেন্দ্রীয় ও রাজ্য সরকার আধাআধিভাবে বহন করেন। আন্ত্রিক, হেপাটাইটিস ইত্যাদি রোগ নিয়ন্ত্রণের ব্যয়ভার রাজ্য সরকারের।

কালাজ্বরের রোগজীবাণু নির্ণয়ের জন্য কলকাতার 'স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন'কে জোরদার করা ছাড়াও মালদা, বর্ধমান, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা এবং উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে রোগনির্ণায়ক রসায়নাগার স্থাপনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

চলতি জাতীয় যক্ষানিয়ন্ত্রণ কার্যক্রমের পাশাপাশি ঐ রোগ নিয়ন্ত্রণের জন্য পরিবর্তিত ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। এই নতুন পদ্ধতিতে সংক্রমণের গতি প্রতিহত করতে যে সব রোগীর থুথুতে যক্ষার বীজ রয়েছে তাদের চিকিৎসার ওপর জোর দেওয়া হচ্ছে।

চারটি সার্ভে ইউনিট, দশটি কন্ট্রোল ইউনিট ও তিনটি চিকিৎসালয়ের মাধ্যমে জাতীয় ফাইলেরিয়া নিয়ন্ত্রণ কার্যক্রম রূপায়িত হচ্ছে।

'গয়টার' অর্থাৎ গলগণ্ড প্রতিরোধের লক্ষ্যে মানুষের খাওয়ার জন্য আয়োডিন ছাড়া লবণ বিক্রী নিষিদ্ধ হয়েছে। আয়োডিনযুক্ত লবণের ব্যবহা. জনপ্রিয় করার জন্যে প্রচারের মাধ্যমে জনসাধারণকে সচেতন করা হয়েছে।

যদিও গত বছর কতকগুলো জেলায় বন্যার জ া আন্ত্রিক রোগে আক্রান্তের সংখ্যা বেড়ে গেছে—১,০৯,২০০ জন আক্রান্তের মধ্যে মাত্র ৯৫৩ জনের মৃত্যু হয়েছে যেক্ষেত্রে ১৯৯৪ সালে ৪৪,৮২৫ জন আক্রান্তের মধ্যে ৬৯৮ জনের মৃ ্যু হয়। এই রোগের নিত্য

প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের জন্য আমরা কতকগুলো ব্যবস্থা নিয়েছিলাম যেমন সুদূর অঞ্চলে ও, আর, এস প্যাকেট যাতে পাওয়া যায় সেরকম ব্যবস্থা নেওয়া হয়েছিল এবং জনপ্রিয় মাধ্যম, ব্যক্তিগত যোগাযোগ ও কিছু লোককে একত্রিত করে স্বাস্থ্য রক্ষা বিধিগুলো জানানোর ব্যবস্থাও নেওয়া হয়েছিল।

অপর একটি মারাত্মর রোগ—হেপাটাইটিস্ বি—নিয়ন্ত্রণের জন্য রোগজীবাণু নির্ণয়ের সুবিধার্থে বারাসাত সদর হাসপাতাল, মেদিনীপুর সদর হাসপাতাল এবং কৃষ্ণনগর সদর হাসপাতালে তিনটি রসায়নাগার স্থাপনের জন্য আর্থিক অনুমোদন দেওয়া হয়েছে।

মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান, হুগলি, হাওড়া, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা এই ৮টি জেলার ৬১টি ব্লকে পানীয় জলের উৎসগুলিতে আর্সেনিক সংক্রমণহেতু অস্বাস্থ্যকর পরিস্থিতি মোকাবিলার জন্য 'স্কুল অব্ ট্রপিক্যাল মেডিসিন'-এ অবস্থিত বর্তমান কেন্দ্রটি ছাড়াও এস, এস, কে, এম, হাসপাতালে অন্তর্বিভাগীয় সুযোগ-সুবিধা সহ একটি আর্সেনিক চিকিৎসালয় খোলা হয়েছে।

**পরিবার কল্যাণ, শিশু ও মাতৃ স্বাস্থ্য ঃ**

পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যে পরিবার কল্যাণ কর্মসূচি সার্থকভাবে রূপায়িত করতে বদ্ধ পরিকর। এই কার্যক্রমের সার্বিক লক্ষ্য হ'ল বিবাহিত দম্পতিদের সীমিত পরিবারের ধারণাটি গ্রহণ করতে উদ্বুদ্ধ করা এবং জনসাধারণের জন্যে নানা ধরণের জন্মনিয়ন্ত্রণমূলক পরিষেবা সুনিশ্চিত করা। মাতা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যার কর্মসূচিটিও এই পরিবারকল্যাণ পরিষেবার সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত।

সর্বভারতীয় নমুনা নথীকরণ প্রক্রিয়ায় ১৯৯৪ সালের গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসূচক সম্পর্কে যে প্রতিবেদন সম্প্রতি প্রকাশিত হয়েছে তার থেকে দেখা যায় যে এই রাজ্যে পরিবার, কল্যাণ এবং শিশু ও মাতৃ স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচিতে লক্ষ্যণীয় অগ্রগতি ঘটেছে। পশ্চিমবঙ্গে জন্মহার ১৯৫১—৬১ সালের ৪২.৯ থেকে হ্রাস পেয়ে ১৯৯৪ সালে ২৫.১ হয়েছে। ১৯৯৫ সালে সর্বভারতীয় জন্মহার ছিল ২৮.৬। ১৯৯৪ সালে শিশুমৃত্যুর সর্বভারতীয় হার ছিল ৭৩ যেখানে পশ্চিমবঙ্গে ৬১।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে ৯ই ডিসেম্বর এবং ২০শে জানুয়ারি ০—৩ বছর বয়ক্রমের াব শিশুদের নিয়ে একটি বিশেষ পাল্স্ পোলিও কর্মসূচি রূপায়িত হয়েছে। এই কর্মসূচিটি দশ থেকে পোলিও রোগ নির্মূল করার সর্বভারতীয় কর্মসূচিরই একটি অঙ্গ। এই দু'দিন াজ্যের ০—৩ বছর বয়ক্রমের শিশুদের ৯৭ শতাংশেরও বেশি অংশকে এই বিশেষ পাল্স্ পালিও প্রতিষেধক কর্মসূচিতে প্রয়োজনীয় প্রতিষেধক দেওয়া হয়েছে।

প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পরিবার পরিকল্পনা এবং শিশু ও মাতৃ স্বাস্থ্য পরিচর্যা সুনিশ্চিত করার লক্ষ্যে এই রাজ্যে কয়েকটি বিশেষ কর্মসূচি চালু করা হয়েছে।

(১) বিশ্বব্যাঙ্কের সহায়তাপুষ্ট অষ্টম ভারতীয় জনসংখ্যা প্রকল্পটি সি, এম, ডি, এ এলাকার অর্থনৈতিক অনগ্রসর শ্রেণীভুক্ত ৩৮ লক্ষ জনসাধারণকে নিয়ে রূপায়িত হয়ে চলেছে। এই প্রকল্পের প্রাথমিক লক্ষ্য হ'ল কমিউনিটি স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা, পরিবার

পরিকল্পনা, শিশু ও মাতৃ স্বাস্থ্য পরিচর্যা এবং পুষ্টি সংক্রান্ত শিক্ষাক্রমের মান উন্নত করা এবং তার সুযোগ জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া।

(২) মালদহ ও মুর্শিদাবাদ—উভয় জেলার ১৫টি করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বেছে নিয়ে কেন্দ্রীয় সরকারের সোসাল সেফটি নেটওয়ার্ক প্রকল্পটি রূপায়িত করার ব্যবস্থা নেওয়া হয়েছে। এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে শিশু ও মাতৃ স্বাস্থ্য পরিচর্যার সুযোগ ক্রমাগত বৃদ্ধি করা হচ্ছে। নির্মাণ সংক্রান্ত প্রয়োজনীয় সুযোগ-সুবিধার বন্দোবস্ত করে এবং কর্মী প্রশিক্ষণ ও তথ্য, শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটিয়ে এটা করা হচ্ছে।

রাজ্য সরকারের লক্ষ্য হ'ল ১৯৯৬-৯৭ সালে পরিবার কল্যাণ কার্যক্রমে এবং নতুন গতি সঞ্চার করা যা একই সাথে শিশু স্বাস্থ্য পরিচর্যার লক্ষ্যেও এক নতুন মাত্রা যোগ করবে।

**ভারতের চিকিৎসা ব্যবস্থা ও হোমিওপ্যাথি ঃ**

আধুনিক চিকিৎসা পদ্ধতির পরিপূরক হিসাবে এই রাজ্যে ভারতীয় ভেষজবিদ্যা ও হোমিওপ্যাথি পীড়িত মানুষের সেবার ক্ষেত্রে জনপ্রিয় হয়ে উঠেছে। এই ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন চিকিৎসকের প্রয়োজন মেটানোর জন্য সরকার চারটি স্নাতকস্তরের হোমিওপ্যাথিক মহাবিদ্যালয় অধিগ্রহণ করেছেন। বর্ধমানে হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং বেঙ্গল হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এই দু'টি বে-সরকারি ডিপ্লোমা কলেজকে স্নাতক পর্য্যায়ের হোমিওপ্যাথি কলেজে উন্নিত করা হয়েছে। রাজ হোমিওপ্যাথি পর্ষদের অধীনে আরও সাতটি বে-সরকারি ডিপ্লোমা হোমিওপ্যাথি কলেজে হোমিওপ্যাথি শিক্ষার ব্যবস্থা রয়েছে। এই রাজ্যে ইতিমধ্যেই ৩০৫টি রাজ্য হোমিওপ্যাথি চিকিৎসালয় স্থাপিত হয়েছে। এছাড়াও ব্লক পর্যায়ের ১০৫টি স্বাস্থ্য কেন্দ্রে এবং ১৩৫টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে হোমিওপ্যাথিক চিকিৎসা রয়েছেন। গ্রামাঞ্চলে ৪৭৯টি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসালয় রয়েছে এবং পীড়িতের সেবা করে চলেছে।

১২০ শয্যা বিশিষ্ট জে, বি, রায় স্টেট আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল নামে একটি প্রাক-স্নাতক প্রতিষ্ঠান ছাড়াও শ্যামাদাস বৈদ্য শাস্ত্রপীঠে ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট আয়ুর্ব্বেদিক এডুকেশন এণ্ড রিসার্চ' নামে একটি স্নাতকোত্তর আয়ুর্বেদীয় প্রতিষ্ঠান রয়েছে। এখানকার হাসপাতালে ৭৫টি শয্যা আছে। ভারত সরকার আরও তিনটি অতিরিক্ত বিষয়ে শিক্ষাক্রম অনুমোদন করেছেন। এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করে ঐ শিক্ষাক্রমগুলি চালু করার জন্য প্রয়োজনীয় অর্থ দেওয়া হয়েছে। অধিকন্তু ২০ শয্যাবিশিষ্ট বিশ্বনাথ আয়ুর্ব্বেদ মহাবিদ্যালয়ের দু' বছরের 'সার্টিফিকেট' কোর্স সহ একটি আয়ুর্বেদ 'ফার্মাসি কোর্স' পরিচালিত হতে চলেছে। ব্লক পর্য্যায়ে ১৭৮টি রাজ্য আয়ুর্বেদ চিকিৎসালয় রয়েছে। এছাড়াও ১৫টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আয়ুর্বেদীয় চিকিৎসালয় রয়েছে। আবার কতকগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে তৃতীয় চিকিৎসা আধিকারিকরূপে আয়ুর্বেদ চিকিৎসক নিয়োগ করা হয়েছে।

এই বিভাগের রাজ্য পরিচালনাধীন আয়ুর্ব্বেদীয় চিকিৎসাগুলিতে প্রয়োজনীয় ঔষধ সরবরাহের নিমিত্তে নদীয়া জেলার কল্যাণীতে একটি অখণ্ড আয়ুর্ব্বেদীয় ও হোমিওপ্যাথিক ঔষধের উপাদান উৎপাদন কেন্দ্র, গবেষণা, ঔষধের উপাদান পরীক্ষাগার ও ঔষধি সংগ্রহশালা

স্থাপন করা হয়েছে। রাজ্যের হোমিওপ্যাথিক চিকিৎসালয়গুলির জন্য এখানে অবিলম্বে হোমিওপ্যাথিক ঔষধও তৈরি করা হবে।

ইউনানী চিকিৎসা পদ্ধতির প্রসারকল্পে কলকাতার বস্তি অঞ্চলে বিনা খরচে চিকিৎসা ও ঔষধ বিলির জন্য একটি চলমান ইউনানী ঔষধালয় স্থাপন করা হয়েছে। ১৯৯৫ সালের ডিসেম্বর মাসে হাওড়ার সালকিয়ায় আর একটি ইউনানী ঔষধালয় খোলা হয়েছে। ইউনানী টিবি কনফারেন্স কলকাতার প্রথম ইউনানী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল খুলেছেন এবং এই প্রতিষ্ঠানের উন্নতির জন্য প্রয়োজনীয় অর্থ সাহায্য আমরা করব।

**চিকিৎসা শিক্ষা ঃ**

চিকিৎসা শিক্ষার সার্বিক মান বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার ইতিমধ্যে একটি পৃথক চিকিৎসা শিক্ষা অধিকার চালু করেছেন। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ চিকিৎসা শিক্ষা পরিষেবা প্রবর্তন করা হয়েছে। এই লক্ষ্য নিয়ে সমস্ত চিকিৎসা, শিক্ষা প্রতিষ্ঠান—সংশ্লিষ্ট হাসপাতালগুলির উন্নতি করণের উপর জোর দেওয়া হয়েছে। আমরা এই হাসপাতালগুলিতে উন্নতমানের চিকিৎসা সরঞ্জাম দিয়েছি এবং আধুনিকতম রোগ নির্ণায়ক পদ্ধতির ব্যবস্থা রেখেছি। কল্যাণীতে প্রস্তাবিত স্নাতকোত্তর চিকিৎসা শাস্ত্র ও গবেষণাকেন্দ্র স্থাপনের জন্য ম্যাকিনটোস্ বার্ণ লিমিটেডকে প্রাথমিক সমীক্ষা, অনুসন্ধান এবং সীমানা নির্দিষ্টকরণের দায়িত্ব দেওয়া হয়েছিল এবং এই কাজটি সম্পূর্ণ হয়েছে। প্রকল্পটি চূড়ান্তকরণের লক্ষ্যে পরবর্তী পদক্ষেপও নেওয়া হচ্ছে। ইতিমধ্যে কল্যাণী গান্ধী মেমোরিয়াল হাসপাতালটিকে উন্নীতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে যেহেতু এই হাসপাতালটিও প্রস্তাবিত কেন্দ্রটির একটি অপরিহার্য অঙ্গ হতে চলেছে। উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া প্রয়োজনীয় ছাড়পত্র পাওয়ার পর মেদিনীপুরে মেডিকেল কলেজের জন্যে প্রাথমিক কাজ শুরু করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।

**নার্সিং শিক্ষা ঃ**

পীড়িতের সেবা-শুশ্রূষা নার্সিং শিক্ষার এক অবিচ্ছেদ্য অঙ্গ। নার্সিং শিক্ষার গুরুত্ব বিবেচনা করে নার্সদের প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হয়েছে। এই প্রশিক্ষণ দুটি স্তরে দেওয়া হয়—স্নাতক পর্যায়ে এবং জি, এন, এম পর্যায়ে। এই প্রশিক্ষণ ব্যবস্থা কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন এবং শিক্ষাকাল চার বছর। এস, এস, কে, এম, হাসপাতাল এলাকায় কলেজ অব নার্সিং-এ শিক্ষা দেওয়া হয়। যে সমস্ত নার্সের হাসপাতাল এলাকায় কলেজ অব নার্সিং-এ এই শিক্ষা দেওয়া হয়। যে সমস্ত নার্সের পাঁচ বছরের অভিজ্ঞতা আছে ঐ কলেজেই তাদের প্রশিক্ষণের জন্য দু' বছরের একটি সংক্ষিপ্ত পাঠক্রম চালু আছে। এই রাজ্যে ২২টি জি, এন, এম, ট্রেনিং স্কুল আছে। এই প্রশিক্ষণ একটা ডিপ্লোমা কোর্স এবং এর শিক্ষাকাল তিন বছর।

**ঔষধ সরবরাহ এবং নিয়ন্ত্রণ ঃ**

১৯৯২-৯৩ সালে ঔষধ সরবরাহ ও নিয়ন্ত্রণের পদ্ধতি জেলাস্তরে পর্যন্ত বিকেন্দ্রিভূত হয়েছে। এই পরিবর্তিত পদ্ধতিটি বেশ ভালভাবেই কাজ করছে। বিকেন্দ্রিকরণের এই পদ্ধতিটি

যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম সরবরহের ক্ষেত্রেও সম্প্রসারিত করা যায় কিনা তা পরীক্ষা করে দেখার জন্য একটি গঠন করা হয়েছে। এই কমিটি বিভিন্ন চিকিৎসাকেন্দ্রের মাধ্যমে যে ঔষধ সরবরাহ করা হয় তার তালিকায় প্রয়োজনীয় পরিবর্তন করার ব্যাপারটিও পরীক্ষা করে দেখবেন।

কয়েকটি ছোটখাট সিভিল ও বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত কাজ ব্যতীত পাস্তুর ইনস্টিটিউটের পুনর্নির্মাণ কাজটি সুসম্পন্ন হয়েছে। জলাতঙ্কের প্রতিষেধক টিকা উৎপাদনের কাজটি শুরু করার জন্য এই ইনস্টিটিউটকে উজ্জীবিত করা হচ্ছে। এই টিকার সাম্প্রতিক চাহিদা অন্য রাজ্যগুলির উৎপাদন কেন্দ্র থেকে সংগ্রহ করে মেটানো হচ্ছ। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ১৮,৬৬ লক্ষ মি, লি, জলাতঙ্ক প্রতিষেধক টিকা ক্রয় করার অনুমোদন দেওয়া হয়েছে।

**ক্যান্‌সার নিয়ন্ত্রণ কার্যক্রম ঃ**

ক্যান্‌সার রোগীদের চিকিৎসার কাজটি যথাযথভাবে কবার লক্ষ্য নিয়ে রাজ্যের প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে একটি করে কোবাল্ট থেরাপি ইউনিট স্থাপন করার লক্ষ্যে রাজ্যে সরকার বিগত কয়েকবছর ধরেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে অনুরূপ একটি ইউনিট ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছে। কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা নিয়ে কালকাতার মেডিকেল কলেজ হাসপাতালের জন্য দ্বিতীয় ইউনিটটি ক্রয় করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়াও বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল ও বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের জন্য একটি করে কোবাল্ট্‌ থেরাপি ইউনিট ক্রয় করার লক্ষ্যে প্রয়োজনীয় অর্থের অনুমোদন ইতিমধ্যেই দেওয়া হয়েছে।

**এইড্‌স নিয়ন্ত্রণ ঃ**

বিগত কয়েক বৎসর ধরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর বিশ্বব্যাঙ্কের সহায়তা পুষ্ট জাতীয় এইডস নিয়ন্ত্রণ কর্মসূচি রূপায়িত করার লক্ষ্যে এই ভয়াবহ রোগটির মোকাবিলায় নানা ধরনের নিবারণমূলক পদক্ষেপ গ্রহণ করেছে। এই ভয়ঙ্কর রোগটি শহর এলাকা থেকে গ্রামীণ এলাকায় ছড়িয়ে পড়েছে বলেই মনে হয়। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে আমরা মোট ২৮৮,৮২ লক্ষ টাকার কেন্দ্রীয় সহায়তা পেয়েছি। এই রাজ্যে বহুবিধ এইড্‌স নিয়ন্ত্রণ কর্মসূচি রূপায়িত করার উদ্দেশ্যে এই আর্থিক সহায়তার প্রায় সবটুকুই ব্যয় অনুমোদন দেওয়া হয়েছে।

**মানসিক স্বাস্থ্য এবং মাদকাশক্তি নিবারণ ঃ**

সমস্ত নিরপরাধ উন্মাদ রোগীদের সঠিক চিকিৎসার উদ্দেশ্যে কারাগার থেকে মানসিক হাসপাতালে স্থানান্তরিত করার জন্য মহামান্য সুপ্রীম কোর্ট সম্প্রতি যে নির্দেশ দিয়েছেন তা কার্যকর করার লক্ষ্যে আন্তরিক প্রচেষ্টা চালানো হচ্ছে। এই রোগীদের লুম্বিনী উদ্যান, প্যাভলভ, বহরমপুর এবং পুরুলিয়া মানসিক হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিকাঠামোগত সুযোগ সুবিধার উন্নতি ঘটিয়ে হাসপাতগুলিতে যাতে আরও ভাল বাতাবরণ তৈরি করা যায় তার চেষ্টা চালানো হচ্ছে।

**আকুপাংচার ঃ**

আকুপাংচার চিকিৎসা পদ্ধতির পঠন ও চর্চা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে আকুপাংচার থেরাপি বিল, ১৯৯৬ রাজ্যে বিধানসভার অনুমোদন লাভ করেছে। বিভিন্ন হাসপাতালে চিকিৎসকদের

আকুপাংচার শিক্ষার প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি কর্মসূচি ও চালু হয়েছে। স্বাস্থ্য-দপ্তরের বিভিন্ন কর্মসূচি সঠিকভাবে রূপায়িত করার কাজে আমি ও আমার সহকর্মী ও এই সভার মাননীয় সদস্যদের সক্রিয় সমর্থন ও আন্তরিক সহযোগিতার উপর একান্তভাবেই নির্ভর করে থাকব। এই প্রয়াসে আমাদের যথাসাধ্য করার আশ্বাসও এইসাথে আমরা দিয়ে রাখছি।

মহাশয়, এই কটি কথা বলে আমি ৩২ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য ব্যতিরেকে)" এবং "৪২১০-চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য ব্যতিরেকে) সম্পর্কে মুলধন বিনিয়োগ,' ৩৩ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১০-চিকিৎস ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য)" এবং ৩৪ নং দাবির অন্তর্গত মুখ্যখাত "২২১১-পরিবার কল্যাণ"-এর ব্যয় বরাদ্দের প্রস্তাব সভায় গ্রহণের জন্য পেশ করছি।

## Demand Nos. 36

The printed speech of **Shri Goutam Deb** on Demand No. 36 is taken as read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে ৩৬নং দাবির মুখ্য খাতে '২২১৬-আবাসন', ৪২১৬ আবাসানে মূলধন বিনিয়োগ এবং '৬২১৬ আবাসনের জন্য ঋণ বাবদ ব্যয় নির্বাহের জন্য ১৯৯৬-৯৭ আর্থিক বছরে সর্বমোট ৬২,৭৪,৯৩,০০০.০০ টাকা (বাষট্টি কোটি চুয়াত্তর লক্ষ তিরানব্বই হাজার) টাকা মঞ্জুর করা হোক।

(২) মোট দাবিকৃত ৬২,৭৪,৯৩,০০০.০০ (বাষট্টি কোটি চুয়াত্তর লক্ষ তিরানব্বই হাজার) টাকা বিভিন্ন সমাজ উন্নয়নমূলক আবাসন ও আনুষঙ্গিক কর্ম প্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজন।

বিভিন্ন খাতে বিশদ বিবরণ নিম্নরূপ—

| | | | | |
|---|---|---|---|---|
| ১) | ১২১৬ | — | আবাসন | ২৫,৬০,১৮,০০০.০০ টাকা |
| ২) | ৪২১৬ মূলধন বিনিয়োগ | — | আবাসন | ৩৪,৬৪,৭৫,০০০.০০ টাকা |
| ৩) | ৬২১৬ | — | আবাসনের জন্য ঋণ | ২,৫০,০০,০০০.০০ টাকা |
| | | | **মোট** | **৬২,৭৪,৯৩,০০০.০০ টাকা** |

৩) মোট ৬২,৭৪,৯৩,০০.০০০ (বাষট্টি কোটি চুয়াত্তর লক্ষ তিরানব্বই হাজার) টাকার এই দাবির মধ্যে নিম্নলিখিত প্রস্তাবগুলি রয়েছে ঃ

ক) রাজ্য পরিকল্পনাভুক্ত (বার্ষিক পরিকল্পনা) সমাজ উন্নয়নমূলক আবাসন প্রকল্প রূপায়ণের জন্য ২৯ কোটি ৬৮ লক্ষ টাকা (উনত্রিশ কোটি আটষট্টি লক্ষ টাকা)।

খ) রাজ্য পরিকল্পনা বহির্ভূত কিছু আবাসন এবং তৎসম্পর্কিত প্রকল্প ও নির্দেশনা, প্রশাসন এবং তৎসম্পর্কিত প্রকল্প ও নির্দেশনা, প্রশাসন এবং পরিচালনার ব্যয় হিসাবে ৩২ কোটি ৯১ লক্ষ ৯৩ হাজার টাকা (বত্রিশ কোটি একানব্বই লক্ষ তিরানব্বই হাজার টাকা)।

এবং

৪) বাগিচা শ্রমিকদের জন্য ভর্তুকি প্রদেয় সহায়তা পুষ্ট (অধুনা পরিত্যক্ত) আবাসন প্রকল্প সমূহের পূর্বদায়বদ্ধ ব্যয় হিসাবে ১৫ লক্ষ (পনের লক্ষ) টাকা।

আধুনিক সভ্যতার ফলে জীবনকে শহরমুখী করে তোলার গৃহ সমস্যা প্রকট আকার নিয়েছে, বিশেষ করে শহর এবং শহরতলীতে স্বাধীনতার সূচনাকাল থেকেই পূর্বতন পূর্বপাকিস্তান অধুনা বাংলাদেশ থেকে বাস্তুচ্যুত শরণার্থীদের অবিরত আগমনে এই সমস্যার তীব্রতা আরও বৃদ্ধি পেয়েছে। রাজ্য সরকার সীমিত পরিমাণ অর্থ সম্পদ ও জমি সম্বল করে সাধ্যমত এই সমস্যা সমাধানের প্রতিনিয়ত প্রচেষ্টা করে চলেছে।

বর্তমানে গৃহসমস্যা বিরাট আকার নিয়েছে। কেবলমাত্র আবাসন দপ্তরই এই সমস্যার সমাধান কল্পে কাজ করছে তা নয়, অন্যান্য কয়েকটি দপ্তর ও সংস্থা যেমন—নগরোন্নয়ন দপ্তর কলিকাতা উন্নয়ন সংস্থা—(সি. আই. টি) গ্রামোন্নয়ন দপ্তর সমবায় দপ্তর উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর কলিকাতা নগরোন্নয়ন সংস্থা (সি এম ডি এ) এই উদ্যোগে সামিল হয়েছে। কিন্তু মুখ্য অন্বয়কারী বিভাগ হওয়ায় আবাসন দপ্তর অপর সকলের সহযোগিতায় সমস্যা দূরীকরণে সচেষ্ট এবং স্পষ্টত বেসরকারি সংস্থার অংশগ্রহণ এই সমস্যার উল্লেখযোগ্য সমাধানে কম তাৎপর্যপূর্ণ নয়। এই নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য দুটি যৌথ উদ্যোগ কোম্পানি, যাহা বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড এবং পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড গঠিত হয়েছে এবং ইতিমধ্যে কাজ শুরু করেছে। অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড রাজাপুরে ১৮৮০টি ফ্ল্যাট লিজ (এল, আই, জি) ২৮০টি এম আই জি-৬৮০টি এইচ আই জি-৯২০) এবং বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড নজরুল ইসলাম সরণীতে ১২৫০টি ফ্ল্যাট তৈরির প্রকল্প শুরু করেছে।

কলিকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলে ক্রমবর্দ্ধমান গৃহসমস্যার মোকাবিলায় বিভিন্ন শ্রেণীর মানুষদের জন্য অধিকতর সংখ্যায় আবাসগৃহ নির্মাণের সাথে সাথে অপরিকল্পিতভাবে গড়ে ওঠা শহরাঞ্চলের কুফল সম্পর্কে সরকার যথেষ্ট চিন্তিত। ঠিক হয়েছে সরকার দুভাবে এই সমস্যা মোকাবিলা করবে, যেমন নতুন উপনগরী স্থাপনের মাধ্যমে এবং প্রোমোটারদের কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।

বিধাননগরের উপকণ্ঠে দমদম রাজারহাট এলাকায় সরকার একটি নতুন উপনগরী স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এই উদ্দেশ্যে ১৭০০ হেক্টর জমি অধিগ্রহণের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য আবাসন, নির্মাণ ছাড়াও ব্যবসা-বাণিজ্যের জন্য, বিভিন্ন প্রকল্প এ রাজ্যে লগ্নী করতে ইচ্ছুক অনাবাসী ভারতীয়দের জন্য, পার্ক, বাগান, বিদ্যালয়ের জন্য জমি এবং অন্য সকল প্রকার নাগরিক সুবিধার সংস্থান রাখা হবে এই নতুন উপনগরীতে।

সীমিত আর্থিক সামর্থ নিয়ে সর্বাধিক নাগরিক সুবিধা প্রদানের অপর একটি শর্ত হল পরিকল্পিতভাবে নগরায়ন। গৃহনির্মাণ ব্যবসা অত্যাধিক লাভজনক হওয়ায়, গৃহনির্মাণবিধি নিষেধের

তোয়াক্কা না করে এবং জনসাধারণের স্বার্থ ও নিরাপত্তার কথা না ভেবে ক্রমাগত অনেক বেশি সংখ্যক প্রমোটার এবং ডেভেলপারগণ সর্বাধিক লাভের আশায় এই ব্যবসায় আকৃষ্ট হচ্ছেন। তাদের ক্রিয়াকলাপ কোথাও কোথাও পরিবেশের ভারসাম্য নষ্ট করছে।

প্রোমোটারদের বে-আইনি এবং যথেচ্ছ ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণ করতে রাজ্য বিধানসভা ওয়েষ্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন বাই প্রমোশন অ্যাণ্ড কন্সট্রাকশন অ্যাণ্ড ট্রান্সফার বাই প্রমোটারস) অ্যাক্ট, ১৯৯৩ অনুমোদন করেছে। উক্ত আইনটি কলিকাতা পৌর এলাকায় ৯.৮.৯৫ তারিখ থেকে বলবৎ হয়েছে।

গৃহসমস্যার দ্রুত সমাধানের প্রধান বাধা হল সম্পদের অভাব। অপর্যাপ্ত কেন্দ্রীয় সাহায্যের জন্য রাজ্য সরকার নিজেই এই সমস্যার সমাধানে উদ্যোগী হয়েছে।

৫) কলকাতা এবং তার পার্শবর্তী অঞ্চলে প্রয়োজনীয় জমির দুষ্প্রাপ্যতা ও গৃহ নির্মাণের উপাদানগুলির মূল্যবৃদ্ধি সম্পর্কে মাননীয় সদস্যগণ অবহিত আছেন। পরিকল্পনা খাতে আমাদের সীমিত আর্থিক সংস্থানে যথেষ্ট সংখ্যক গৃহনির্মাণ কখনই সম্ভব নয়। এই সব প্রতিবন্ধকতা এবং অপর্যাপ্ত কেন্দ্রীয় সাহায্য সত্বেও রাজ্য সরকার এই সমস্যা সমাধানে সাধ্যমত চেষ্টা করছে। আবাসন দপ্তর এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণী, নিম্নবিত্ত, মধ্যবিত্ত, কর্মরতা মহিলা, বৃদ্ধ এবং সরকারি কর্মচারিদের বাসস্থানের কষ্ট লাঘবের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

৬) আবাসন দপ্তরের কর্মসূচির মধ্যে চারটি প্রধান প্রকল্প হল—১) রাজ্যসরকারি কর্মচারিদের জন্য ভাড়া ভিত্তিক আবাসন প্রকল্প। ২) জমি অধিগ্রহণ ও উন্নয়ন। ৩) কর্মরতা মহিলাদের জন্য হষ্টেল নির্মাণ। ৪) নিম্নবিত্ত মানুষদের জন্য গৃহনির্মাণ।

৭) এই সভার মাননীয় সদস্যগণ একথা জেনে আনন্দিত হবেন যে রাজ্য পরিকল্পনা পর্যদের সাথে আলোচনাচক্রে ১৯৯৬-৯৭ সালে আবাসন দপ্তরের জন্য পরিকল্পনাভুক্ত মোট ২৭.৫০ কোটি (সাতাশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ হয়েছে যার মধ্যে পশ্চিমবঙ্গ আবাসন পর্যদের জন্য ২.১০ কোটি (দুই কোটি দশ লক্ষ) টাকা এবং ইট উৎপাদন অধিকারের ১.০০ কোটি (এক কোটি) টাকা ঋণের সংস্থান রয়েছে।

পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ ও ১৯৯৬-৯৭ সালে ৭২৫৪.৪০ লক্ষ (বাহাত্তর কোটি চুয়ান্ন লক্ষ চল্লিশ হাজার) টাকা টাকার প্রকল্পের কাজ হাতে নিয়েছে।

৮) কলিকাতা ও জেলাগুলিতে চাকুরীরত রাজ্য সরকারি কর্মচারিদের বাসস্থানের ব্যবস্থা করার জন্য ভাড়া ভিত্তিক আবাসন প্রকল্প রূপায়িত হয়।

এই প্রকল্পের অধীনে মেদিনীপুর জেলাব তমলুকে ৯৬টি ফ্ল্যাট, মুর্শিদাবাদ জেলার কান্দিতে ৪৮টি লালবাগে ৪৮টি ফ্ল্যাট, জলপাইগুড়ি জেলার আলিপুর দুয়ারে ৪৮টি ফ্ল্যাট এবং দার্জিলিং জেলার কার্শিয়াঙ-এ ১৬টি ফ্ল্যাটের নির্মাণ কাজ চলছে এবং আশা করা যায়—সেই কাজ শীঘ্রই হবে।

এ ছাড়া কলিকাতার লেক গার্ডেন্স দ্বিতীয় পর্যায়ে ৮৮টা ফ্ল্যাট, হুগলি জেলার আরামবাগে দ্বিতীয় পর্যায়ে ৪৮টি ফ্ল্যাট, মেদিনীপুর জেলার মেদিনীপুর শহরে ৯৬টা ফ্ল্যাট, নদীয়া জেলার

কৃষ্ণনগরে ১৬টি ফ্ল্যাট, বর্ধমান জেলার কালনাতে ৯৬টি ফ্ল্যাট, মালদা জেলার মহেশ মাটিতে ৪২টি ফ্ল্যাট, বাঁকুড়া জেলার বাঁকুড়া শহরে ৬০টি ফ্ল্যাট, দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে ৪৮টি ফ্ল্যাট, উত্তর দিনাজপুর জেলার কর্নজোড়ায় ১০২টি ফ্ল্যাটে নির্মাণ কাজ চলছে।

তাছাড়া উত্তর চব্বিশ পরগনার বনমালীপুরে ৯৬টি ফ্ল্যাট, জলপাইগুড়ি জেলার জলপাইগুড়ি শহরে ৯৬টি ফ্ল্যাট নদীয়া জেলার কল্যাণীতে প্রথম পর্যায়ে ১২০টি ফ্ল্যাটের নির্মাণকার্য ১৯৯৬-৯৭ সালের মধ্যেই শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

১৯৯৬-৯৭ এই কর্মসূচি রূপায়ণের জন্য ৭৫০.০০ লক্ষ (৭ কোটি ৫০ লক্ষ) টাকা ব্যয়ের প্রস্তাব রাখা হয়েছে।

৯) গৃহ নির্মাণের ক্ষেত্রে উপযুক্ত জমি পাওয়ার প্রশ্নটি জড়িত। বিশেষ করে কলিকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে উচিত মূল্যে জমির দুষ্প্রাপ্যতা একটি বড় সমস্যা। মাননীয় সদস্য বৃন্দ অবগত আছেন যে ডেভেলপার এবং প্রোমোটারদের কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে এবং তারা অধিক মূল্য জমি সংগ্রহ করছে। ফলে জমির মূল্য বহুগুণ বৃদ্ধি পেয়েছে।

দ্বিতীয়ত জমি অধিগ্রহণ পদ্ধতিটি সময় সাপেক্ষ ব্যাপার। তাছাড়া মামলা মোকদ্দমার সমস্যা আছে। এইসব প্রতিবন্ধকতার জন্য বহু প্রকল্প রূপায়িত করা যাবে না বা ঠিক সময়ে সম্পূর্ণ করা যাবে না। এই সব সমস্যাগুলি সত্ত্বেও আবাসন দপ্তর নিজের এবং পঃ বঃ আবাসান পর্যদের গৃহনির্মাণ কর্মসূচির জন্য জমি সংগ্রহের চেষ্টা করছে।

জমি অধিগ্রহণের বহু প্রস্তাব করা হয়েছে। কিন্তু এই প্রস্তাবগুলির বেশির ভাগ পদ্ধতিগত রীতির জন্য প্রস্তাবগুলি চূড়ান্ত হয়নি এবং কিছু কিছু প্রস্তাব আদালতের মামলার ফলে আটক আছে।

সুতবাং বাজেট বরাদ্দের পুরো টাকাটা খরচ করা যাবে না। যাইহোক এই প্রস্তাবগুলি যে কোনও সময় নিষ্পত্তি হওয়ার আশা আছে এবং তারপরই ক্ষতিপূরণের টাকা সত্বর দিতে হবে।

বাজারহাটে নতুন উপনগরীর কাজ ত্বরান্বিত করার উদ্দেশ্যে ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ আইন অনুসারে জমি ক্রয়ের জন্য একটি কমিটি গঠিত হয়েছে।

১৯৯৬-৯৭ সালে এই উদ্দেশ্যে ২০০.০০ লক্ষ (দু কোটি) টাকা প্রস্তাব করা হয়েছে।

১০) পশ্চিমবঙ্গ সরকার কর্মরতা একক মহিলাদের এই রাজ্য বিশেষ করে কলিকাতায় এবং তার পার্শ্ববর্তী অঞ্চলে নিরাপদ বাসস্থানের সমস্যা এবং অসুবিধার বিষয় অবগত আছে।

বিধান নগরে মহিলা হস্টেল এর প্রথম পর্যায়ের নির্মাণ কাজ খুব শীঘ্রই সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। ৮৫টি ডরমিটারির শয্যা এবং হস্টেলের ১১২টি শয্যা এই প্রকল্পের অন্তর্গত যার মধ্যে ডরমিটারির ৮৫টি শয্যা ব্যবস্থা নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং পশ্চিবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছেন।

সীমিত আর্থিক সম্পদ নিয়ে আরও মহিলা হস্টেল নির্মাণের বিষয়টি সরকারের ভাবনার মধ্যে আছে। এই উদ্দেশ্যে দার্জিলিং এর শিলিগুড়িতে ৪৮ ইউনিটের আরও একটি মহিলা হস্টেল নির্মাণের কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে।

কলিকাতার নিকটবর্তী কোনও স্থানে আরও একটি কর্মরতা মহিলাদের জন্য হস্টেল তৈরির কথা ভাবা হচ্ছে, অবশ্য যদি জমি পাওয়া যায়।

মহিলাদের হস্টেল নির্মাণের খরচের জন্য ১৯৯৬-৯৭ সালে ২০০.০০ লক্ষ (দুই শত লক্ষ) টাকা প্রস্তাব করা হয়েছে।

১১) দক্ষিণ চব্বিশ পরগনা জেলার কালিকাপুরে নিম্নআয়ের ব্যক্তিদের ফ্ল্যাট তৈরির জন্য ১৯৯৫-৯৬ সালের বাজেট ৫০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা সংস্থান রাখা হয়েছিল। কিন্তু ওখানে একটি স্থায়ী ট্রেড একজিবিশন কমপ্লেক্স তৈরির প্রস্তাব থাকায় জমিটি পাওয়া যাবে না। কলিকাতা বা শহরতলিতে জমি পাওয়া গেলে ১৯৯৬-৯৭ সালে নিম্নবিত্তদের জন্য ফ্ল্যাট তৈরির বিষয়টি সরকারের ভাবনার মধ্যে আছে।

১৯৯৬-৯৭ সালে এ জন্য ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা প্রস্তাব রাখা হয়েছে।

আবাসন বিভাগ ইতিমধ্যে নিম্ন আয়ের ব্যক্তিদের জন্য গৃহ নির্মাণ ঋণ প্রকল্পটি বন্ধ করে দিয়েছে। কিন্তু ঐ খাতে স্বীকৃত দায় মেটানোর জন্য ১৯৯৬-৯৭ সালে ১৫.০০ (পনের লক্ষ) টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১২) সরকার মধ্য আয় সম্পন্ন ব্যক্তিদের ব্যাপক আবাসন সমস্যা সম্পর্কে অবহিত দক্ষিণ চব্বিশ পরগনার কালিকাপুরে মধ্য আয়ের ব্যক্তিদের ফ্ল্যাট নির্মাণের জন্য ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার বাজেট বরাদ্দ ছিল। কিন্তু নানা কারণে প্রস্তাবটি ফলপ্রসু হয়নি।

এখন কলিকাতা বা পার্শ্ববর্তী এলাকায় জমি পাওয়ার আশা আছে। সরকার মধ্য আয়ের মানুষদের জন্য এম, আই, জি, ফ্ল্যাট নির্মাণের কথা ভাবছে, এর এজন্য ১৯৯৬-৯৭ সালের বাজেটে এই খাতে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা প্রস্তাব রাখা হয়েছে।

মধ্য আয় সম্পন্ন ব্যক্তিদের জন্য নির্দিষ্ট গৃহনির্মাণ ঋণ প্রকল্পটি ১৯৮৯ সাল থেকে বন্ধ হয়ে গিয়েছে। কিন্তু অনুমোদিত বিষয়গুলি স্বীকৃত দায় পরিশোধের জন্য ১৯৯৬-৯৭ সালে ১৫,০০,০০০ লক্ষ (পনেরো লক্ষ) টাকা প্রস্তাব রাখা হয়েছে।

১৩) রাজ্য সরকারি কর্মচারিদের বাসস্থানের সমস্যা সম্পর্কের সরকার অবহিত আছে। এই সমস্যা কিছুটা দূরীকরণ করার উদ্দেশ্যে রাজ্য সরকার তাদের জন্য বিক্রয় ভিত্তিক ফ্ল্যাট তৈরি করতে উদ্যোগী হয়েছে।

দেবগ্রাম, শিলিগুড়িতে ১৪০টি একতালা বাড়ির নির্মাণ কাজ শীঘ্র শেষ হবে বলে আশা করা যায়।

কলিকাতার লেক গার্ডেন্স-এ ১৬টি বিক্রয় ভিত্তিক আবাস ইউনিটের নির্মাণ কাজ চলছে এবং ১৯৯৬-৯৭ সালের মধ্যে শেষ হবে বলে অনুমান করা হচ্ছে।

গুমর মঠ, বজ বজ এ একতলা বাড়ি তৈরির জন্য জমি উন্নয়নের প্রাথমিক কাজ চলছে। অনুমান করা হচ্ছে নির্মাণ কাজ ১৯৯৬-৯৭ এ শুরু করা যাবে। এছাড়াও মেদিনীপুর জেলার মেদিনীপুর শহরের বড় পাথরের ৯৬টি একতালা স্বয়ং সম্পূর্ণ আবাস গৃহ তৈরির একটি পরিকল্পনা সরকারের আছে।

এই খাতে ১৯৯৬-৯৭ সালের বাজেটে ২০০.০০ লক্ষ (দুইশত লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৪) ১৯৯৫-৯৬ সালের বাজেটে নিম্ন আয় ও মধ্য আয়ের লোকেদের জন্য ক্যাশ লোন, প্রকল্পে ২৯০.০০ লক্ষ (দুই শত নব্বই লক্ষ) টাকার সংস্থান ছিল। ভাবা হয়েছিল যে কয়েকটি নির্দিষ্ট এলাকায় বিশেষ করে খাস জমিতে নিম্ন আয় ও মধ্য আয়ের লোকেদের নিকট সরসারি বিক্রয়ের জন্য পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বাড়ি তৈরি করবে।

বিকল্প ভাবে এটাও ভাবা হয়েছিল—যে জেলা পরিষদ মাধ্যমেই প্রকল্পগুলি রূপায়িত হবে। কিন্তু সেক্ষেত্রে খাস জমি ও পাওয়া গেল না আবার জেলা পরিষদগুলির ঋণ আদায়ের দায়িত্ব নেওয়ার মতো সামর্থ ছিল না। অনুমান করা হচ্ছে প্রকল্পটি রূপায়ণের খুঁটিনাটি বিষয়গুলি শীঘ্র চূড়ান্ত হবে।

১৯৯৬-৯৭ সালের বাজেটে এই খাতে ২৪০.০০ লক্ষ (দুই শত চল্লিশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৫) মাননীয় সদস্যগণ অবগত আছেন যে অবাসন বিভাগকে ত্রিশ হাজারেরও বেশি ফ্ল্যাটের রক্ষণাবেক্ষন করতে হয়। এগুলির একটি বড় অংশ নির্মিত হয়েছিল ত্রিশ বছররেও আগে। এই ফ্ল্যাটগুলি পরিবর্তন ও নবীকরণের জন্য প্রচুর অর্থের প্রয়োজন।

পরিবর্তন ও নবীকরণের এই কাজগুলি ধাপে ধাপে করে হচ্ছে।

১৯৯৬-৯৭ সালের বাজেটে এই খাতে ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৬) প্রশাসনিক উন্নয়ন কাজের জন্য ১৯৯৬-৯৭ সালের বাজেটে ২০.০০ লক্ষ (কুড়ি লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৭) বর্তমানকালে আর্থ সামাজিক কাঠামোতে কখনও কখনও বৃদ্ধ মানুষেরা তাদের পরিবারের সাথে বসবাস করতে পারেন না। সরকার বৃদ্ধ মানুষদের এই সমস্যা সম্পর্কে সচেতন।

মাননীয় সদস্যদের স্মরণে থাকতে পারে যে আমি আমার গতবারের বাজেট ভাষণে বলেছিলাম যে বৃদ্ধাবাস তৈরি করা হবে এবং যে জন্য ১৯৯৫-৯৬ সালে ২৫.০০ লক্ষ (পঁচিশ লক্ষ) টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছিল। কিন্তু উপযুক্ত জমি না পাওয়ায় প্রকল্পটি রূপায়িত করা যায় নি। তবুও জমি সংগ্রহ করে সরকার ১৯৯৬-৯৭ সালে প্রকল্পটি রূপায়িত করতে চায়।

১৯৯৬-৯৭ সালে কয়েকটি স্বয়ং সম্পূর্ণ আবাস ইউনিটের একটি বৃদ্ধাবাস নির্মাণ করার জন্য ২৫.০০ লক্ষ (পঁচিশ লক্ষ) টাকার প্রস্তাব বাজেটে রাখা হয়েছে।

১৮) চা বাগিচা শ্রমিকদের জন্য ভর্তুকি ভিত্তিক প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের স্পনসর্ড প্রকল্প ছিল, চা বাগিচা শ্রমিকদের আবাস ইউনিট তৈরির জন্য সরকার আনুপাতিক হারে

ভরতুকি দিত। ১৯৮৬ সাল থেকে প্রকল্পটি কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। তথাপি রাজ্য সরকার অনুমোদিত আবেদন পত্রগুলির বকেয়া ঋণের টাকা পর্যায়ক্রমে দিয়ে দানমুক্ত হতে চায়।

১৯৯৬-৯৭ সালে লোন এবং ভর্তুকি দেওয়ার জন্য মোট ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৯) গৃহনির্মাণে আধুনিক প্রযুক্তি ও সহজ লভ্য স্থানীয় গৃহনির্মাণের উপকরণ ব্যবহারের সুফল সম্বন্ধে মানুষকে শিক্ষিত করে তোলার-জন্য কিছুকাল ধরে সরকার স্বেচ্ছা প্রতিষ্ঠানের সাহায্যে বিল্ডিং সেন্টার স্থাপনের কথা চিন্তা করছে।

এই উদ্দেশ্যে ১৯৯৬-৯৭ সালের বাজেটে ৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

২০) ১৯৯৬-৯৭ সালে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় করার উদ্দেশ্যে ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

২১) জেলাগুলির প্রত্যন্ত স্থান থেকে যাদেরকে মাঝে মধ্যে কোলকাতা বা নিকটবর্তী শহরে চিকিৎসা করতে বা অন্য কোনও কারণে এসে শহরে রাত্রি যাপন করতে হয়, তাদের পক্ষে সস্তায় রাত্রি যাপনের উপযুক্ত আবাস স্থল খুঁজে পাওয়া দুঃসাধ্য ব্যাপার। সরকার সমস্যাটি সম্বন্ধে অবহিত আছে এবং তাদের জন্য কিছু করতে চায়। এই সব ব্যক্তিদের সুবিধার জন্য সরকার 'নাইট সেন্টার' বা রাত্রিকালীন আবাসস্থল নির্মাণের প্রকল্প রূপায়ণ করার কথা ভাবছে।

এই উদ্দেশ্যে ১৯৯৬-৯৭ সালের বাজেটে ৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

২২) মাননীয় সদস্যগণ অবহিত আছেন, যে এই দপ্তরের অধীন ইট উৎপাদন অধিকার বা ব্রিক প্রোডাকশন ডাইরাক্টরেট আছে। এই অধিকারের অধীন অনেকগুলি ইট ভাঁটা আছে—যার মধ্যে পলতা যন্ত্রচাতি ইট ভাঁটা এবং আক্রার হস্তচালিত ইট ভাঁটা উল্লেখযোগ্য।

মাননীয় সদস্যদের স্মরণে থাকতে পারে, আমার বিগত বাজেট ভাষণে আমি বলেছিলাম যে পলতা যন্ত্রচালিত ইট ভাঁটায় তৃতীয় যন্ত্র সংস্থাপনের দ্বারা উৎপাদন পর্যাপ্ত ভাবে বাড়ানো হবে, এবং সেজন্য ১৯৯৫-৯৬ সালের বাজেটে ১০০.০০ লক্ষ (এক শত লক্ষ) টাকা ধরা হয়েছিল।

মাননীয় সদস্যদের আমি জানাই যে সরকারি সংস্থা মেসার্স ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং লিমিটেড কাজটি শুরু করেছে।

এই খাতে ১৯৯৬-৯৭ সালের বাজেটে ১০০.০০ লক্ষ (এক শত লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

২৩) রাজ্যের সর্বত্র আবাসন সংখ্যা বৃদ্ধি করতে ব্যাপৃত একটি অগ্রণী রাজ্য সরকারি সংস্থা পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের কাজকর্ম সম্বন্ধে মাননীয় সদস্যদের সম্ভবত কিছুটা ধারণা

আছে। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ ১৯৭২ সালে গঠিত হয়েছিল এবং বাজার থেকে সম্পদ আরোহরণ করে এবং হাডকোর মতো বিভিন্ন অর্থনৈতিক প্রতিষ্ঠান মাধ্যমে প্রাপ্ত ঋণ দ্বারা গৃহ নির্মাণ কাজে নিয়োজিত। গৃহ নির্মাণ প্রকল্পগুলি রূপায়ণ সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হল ন্যায্য মূল্যে জমির দুষ্প্রাপ্যতা। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ একটি গুরুত্বপূর্ণ সংস্থা এবং রাজ্য দুর্বলতর শ্রেণী, নিম্নবিত্ত, মধ্য-বিত্ত ও উচ্চবিত্ত মানুষদের জন্য সর্বাধিক আবাসন নির্মাণের কাজে ব্যাপৃত হওয়ায় রাজ্য সরকার জমি পাওয়ার বিষয়টি নিয়ে গভীরভাবে চিন্তা ভাবনা করছে।

আমার ভাষণের গোড়াতেই বলেছিলাম আবাসন পর্ষদের জন্য অতি দ্রুত বাজার দরে জমি সংগ্রহ করার জন্য সরকার ইতিমধ্যেই জমি কেনার জন্য একটি কমিটি গঠন করেছে।

এই সব প্রতিবন্ধকতা সত্ত্বেও ৩১-৩-৯৫ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ ২২,৩৪৯টি আবাস ইউনিট তৈরি করেছে যার মধ্যে অর্থনৈতিক ভাবে দুর্বলতর শ্রেণীর ১,১৪১টি নিম্ন আয়ের লোকেদের জন্য ৩৯১৫টি মধ্যে আয়ের লোকেদের জন্য ৮৫০৭টি এবং উচ্চ আয়ের লোকদের জন্য ৮,৭৮৬টি আবাস ইউনিট আছে।

১৯৯৬-৯৭ সালে ৯৩৬টি আবাস ইউনিটের নির্মাণ কাজ শেষ হবে বলে অনুমান করা হচ্ছে। যার মধ্যে ২৮৮টি মধ্য আয় সম্পন্ন ব্যক্তিদের জন্য এবং ৬৪৮টি উচ্চ আয়ের ব্যক্তিদের জন্য।

১৯৯৫-৯৬ সালের শেষ ভাগ ২,২২৪টি আবাস ইউনিট তৈরির কাজ চলেছে যার মধ্যে মধ্য আয়ের লোকেদের জন্য ৪৫৮টি এবং উচ্চ আয়ের লোকেদের জন্য ১,৭৬৬টি ফ্ল্যাট আছে।

অনুমান করা হচ্ছে ১৯৯৬-৯৭ সালে ১,৫৫২টি আবাস ইউনিটের নির্মাণ কাজ হাতে নেওয়া হবে যার মধ্যে নিম্ন আয়ের লোকেদের জন্য ১৪৪টি, মধ্য আয়ের লোকেদের জন্য ৬৩৬টি এবং উচ্চ আয়ের লোকেদের জন্য ৭৭২টি ফ্ল্যাট আছে।

১৯৯৬-৯৭ সালে সমগ্র কর্মসূচি রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ ২১০.০০ লক্ষ (দুই শত দশ লক্ষ) টাকার সরকারের নিকট প্রাপ্ত ঋণ সহ মোট ৭২৫৪.৪০ লক্ষ (বাহাত্তর কোটি চুয়ান্ন লক্ষ চল্লিশ হাজার) টাকার খরচের প্রস্তাব রেখেছে।

২৪) মাননীয় সদস্যগণ অবগত আছেন যে দুর্বলতর শ্রেণীর মানুষদের জন্য জেলা আবাসন প্রকল্প রূপায়ণের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়েছে।

প্রকল্পটির প্রথম পর্যায় সাফল্যের সাথে সমাপ্ত হয়েছে এবং এই প্রকল্পে সারা রাজ্যে ৫৯৮৯ জন ব্যক্তি উপকৃত হয়েছে। জিলা আবাসন প্রকল্পের দ্বিতীয় পর্যায় রূপায়ণের পদক্ষেপ নেওয়া হয়েছে অর্থনৈতিকভাবে দুর্বলতর ১০৪৮০ জন মানুষকে দ্বিতীয় পর্যায়ের এই প্রকল্পের আওতায় লক্ষ্যমাত্রা ঠিক হয়েছে। যার জন্য হাডকোর নিকট থেকে ২০৪৩.৬০ লক্ষ টাকা ঋণ নেওয়া হবে।

২৫) মাননীয় সদস্যদের স্মরণে থাকতে পারে যে ১৯৯৫-৯৬ সালের বাজেট ভাষণে আমি বলেছিলাম যে ডিস্ট্রিক্ট প্রাইমারি স্কুল কাউন্সিল এবং পশ্চিমবঙ্গ বোর্ড অফ প্রাইমারি

এডুকেশনের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের জন্য এল, আই, জিও এম-আই-জি ক্যাশ লোন প্রকল্প শুরু করা হবে যার জন্য ১৯৯৫-৯৬ সালে ৭৭০.০০ লক্ষ (সাত শত সত্তর লক্ষ) টাকার সংস্থান ছিল। কিন্তু খুব অল্প সময়ের মধ্যে প্রকল্পটি খুঁটি নাটি বিষয়গুলি চূড়ান্ত না হওয়ায় প্রকল্পটি গত আর্থিক বছরে শুরু করা যায়নি।

যাই হোক প্রকল্পটি শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে—যার জন্য ১৯৯৬-৯৭ সালে ১৯২৫.০০ লক্ষ (এক হাজার নয় শত পঁচিশ লক্ষ) টাকা খরচের প্রস্তাব রাখা হয়েছে।

২৬) বিধাননগর, কল্যাণী এবং পাতিপুকুর শহরের পরিকাঠামোগত উন্নয়ন কাজের দায়িত্ব নগরোন্নয়ন দপ্তরের উপর ন্যস্ত আছে। ঐ দপ্তরকে বিধাননগরে সরকারি আবাসন ও সরকারি গৃহগুলির রক্ষণাবেক্ষণ ও জল নিকাশের জন্য পাম্পিং স্টেশন এবং অন্যান্য কিছু চালু প্রকল্পের নির্মাণের কাজ করতে হয় যার জন্য পরিকল্পনা বহির্ভূত খাতে ১৩১৪.৬৬ লক্ষ (এক হাজার তিন শত চোদ্দ লক্ষ ছেষট্টি হাজার) টাকা ১৯৯৬-৯৭ সালের বাজেট প্রস্তাব রাখা হয়েছে।

পরিকল্পনা বহির্ভূত ঐ কাজগুলি ছাড়াও স্কুল গৃহগুলির সম্প্রসারণ বিধাননগরে 'সি' টাইপ কোয়ার্টার্স বৈশাখী আবাসন, দ্বিতীয় পর্যায়ের জল নিকাশি খালের ধারের রাস্তা প্রশস্ত করা জলের পাইপ বসানো বিধাননগরে রাস্তা ঘাট নির্মাণ ইত্যাদি এবং বিধাননগরে ধাপা পুনর্বাসন এলাকার উন্নয়নের কাজ করতে সরকার মনস্থ করেছে যার জন্য ১৯৯৬-৯৭ সালে পরিকল্পনা খাতে ২২২ লক্ষ (দুই শত বাইশ লক্ষ) টাকা খরচের প্রস্তাব করা হয়েছে।

২৭) সরকারি আবাসন, সরকারি গৃহ, বাজার ইত্যাদি রক্ষণাবেক্ষণ এবং কল্যাণী পাতিপুকুর শহর উন্নয়নের দায়িত্ব নগরোন্নয়ন দপ্তরের উপর ন্যস্ত আছে যার জন্য পরিকল্পনা বহির্ভূত খাতে ১৯৯৬-৯৭ সালে ৫৬.৮৫ লক্ষ (ছাপ্পান্ন লক্ষ পঁচাশি হাজার) টাকা খরচের প্রস্তাব রাখা হয়েছে।

মহাশয়, আমার বক্তব্য শেষ করে, আমার উপস্থাপিত দাবি মঞ্জুরের জন্য সভাকে অনুরোধ করছি।

## Demand Nos. 38

The printed speech of **Shri Buddhadeb Bhattacharjee** on Demand No. 38 is taken as read

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে ৩৮ নং দাবির অধীন '২২২০-তথ্য ও প্রচার', '৪২২০ তথ্য ও প্রচারের মূলধনী বিনিয়োগ' এবং '৬২২০-তথ্য ও প্রচারের জন্য ঋণ' মুখ্যখাতে সর্বমোট ২১,১৫,৪৩,০০০ (একুশ কোটি পনেরো লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। (ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে প্রস্তাবিত ৭,০৬,০০,০০০ (সাত কোটি ছয় লক্ষ) টাকা এর মধ্যে ধরা আছে।

সারা বিশ্বে তথ্য সংগ্রহ ও প্রচারের ব্যাপারটিকে আজ অত্যন্ত বিজ্ঞানসম্মত করে তোলা হয়েছে। প্রযুক্তিগত নানা ধরনের আবিষ্কারের ফলে তথ্য সংগ্রহ ও প্রচার যেমন অত্যন্ত দ্রুতগতিতে সম্পন্ন হচ্ছে, তেমনই এই তথ্যাবলিকে কাজে লগিয়ে পরিকল্পনা প্রণয়ন ও রূপায়ণের ক্ষেত্রকেও আরও বিজ্ঞানসম্মত, দ্রুততর ও ব্যাপকতর করে তোলা সম্ভব হয়েছে। তথ্য ও সংস্কৃতি বিভাগ চেষ্টা করছে তথ্য সংগ্রহ ও বণ্টনের ক্ষেত্রে প্রযুক্তিগত বিদ্যাকে কাজে লাগিয়ে বিভিন্ন চেষ্টা করছে তথ্য সংগ্রহও বণ্টনের ক্ষেত্রে প্রযুক্তিগত বিদ্যাকে কাজে লাগিয়ে বিভিন্ন উন্নয়নমুখি পরিকল্পনায় সরকারের অবদান সম্পর্কে জনসাধারণকে অবহিত করার। তথ্য সংগ্রহ ও বণ্টনের ব্যাপারটি যাতে কেবলমাত্র কোনও বিশেষ শ্রেণীর স্বার্থে ব্যবহৃত না হয়—সে বিষয়ে সরকার সচেতন। তথ্যগত জ্ঞানকে ভিত্তিকে জনকল্যাণমুখি করে তোলা ও সর্বস্তরের সামাজিক বিন্যাসে তার ব্যাপক প্রয়োগের দিকে লক্ষ্য রেখে তথ্য ও সংস্কৃতি বিভাগ কাজ করে যাচ্ছে। .

শুধু দীর্ঘমেয়াদী নয়, স্বল্পমেয়াদী এমন কি দৈনন্দিন সমস্যাগুলি সম্বন্ধে অবহিত হওয়া, জনগণকে অবহিত করার এবং সমস্যার সমাধানের জন্য সরকারি প্রয়াসের সাফল্য, সীমাবদ্ধতা ও বিফলতা সম্বন্ধে আপামর জনসাধারণকে সচেতন করে তোলা তথ্য ও সংস্কৃতি বিভাগের দায়। এই দায়বদ্ধতা সম্বন্ধে আমরা সম্পূর্ণ সচেতন।

**তথ্য শাখা**

তথ্য শাখার উপযুক্ত হাতিয়ার বৈদ্যুতিক গণমাধ্যম। এই গণমাধ্যমে প্রযুক্তিগত বিপ্লব ঘটে গেছে। কিন্তু বৈদ্যুতিক গণমাধ্যম, বিশেষত দূরদর্শন ও বেতার, রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন নয়। 'আকাশভারতী বিধেয়ক', 'প্রসারভারতী আইন', 'দেওধর কমিটি' ইত্যাদি সম্পর্কে আমাদের মনোভাব আমরা বারবার ব্যক্ত করে এসেছি। বৈদ্যুতিক মাধ্যমগুলির পূর্ণ কেন্দ্রীয় নিয়ন্ত্রণ আমরা যেমন চাই না, তেমনি চাই না বহুজাতিক সংস্থাগুলি ভারতের আকাশমণ্ডলকে নিয়ন্ত্রণ করুক। বৈদ্যুতিক মাধ্যমগুলি আজকাল ভোগসর্বস্ব পণ্যসংস্কৃতি ও সস্তা বিনোদনের লাগামহীন অপসংস্কৃতি প্রচারে ব্যস্ত ; এই মাধ্যমগুলি ধর্মীয় ভাবাবেগসর্বস্ব মৌলবাদী প্রচারের পরাকাষ্ঠা হয়ে দাঁড়াচ্ছে। বাংলাভাষা, সংস্কৃতি ও ঐতিহ্যের ওপর ক্রমাগত আঘাত হেনে চলেছে বৈদ্যুতিক গণমাধ্যম। আমরা চাই দলমতনির্বিশেষে সুস্থ সংস্কৃতির প্রচার। আমরা চাই বৈদ্যুতিক মাধ্যমগুলির মাধ্যমে জাগ্রত হোক নতুন সামাজিক মূল্যবোধ, বিলুপ্ত হোক ক্রমপ্রসারণশীল ভয়াবহ আগ্রাসী অবক্ষয়ের ছায়া। নতুন কেন্দ্রীয় সরকার, আমাদের বিশ্বাস, এদিকে অবশ্যই দৃষ্টি দেবেন।

তথ্য সংগ্রহ ও সম্প্রচারের আর একটি গুরুত্বপূর্ণ প্রকরণ হল সংবাদপত্র। আমরা সকলেই আশা করি, সংবাদ পরিবেশন হবে বস্তুনিষ্ঠ ও তথ্যভিত্তিক। সম্পাদকীয় স্তম্ভে বা অন্যান্য আলোচনায় দলীয় বা ব্যক্তিগত মতপ্রকাশের স্বাধীনতা অবশ্যই থাকবে এবং সরকার এই স্বাধীনতা রক্ষায় সর্বাঙ্গীন সহযোগিতাও করবেন। সাংবাদিক ও সম্পাদকের সঙ্গে পারস্পরিক শ্রদ্ধা ও মৈত্রীর সম্পর্ক রাখতে আমাদের সরকার সর্বদাই সচেষ্ট। কিন্তু এক শ্রেণীর সংবাদপত্র সরকারের বিরুদ্ধে অযৌক্তিক বল্গাহীন আক্রমণ চালিয়ে আসছেন। এটা খুব দুর্ভাগ্যজনক। রাজ্যের প্রকৃত সমস্যাগুলি সম্বন্ধে এবং সেগুলি সমাধানের সরকারি প্রয়াসকে বিকৃতভাবে অনৈতিকভাবে পরিবেশন করে, কিছু অর্ধসত্যকে ইচ্ছাকৃতভাবে সংবাদের মাধ্যমে উত্থাপন করে

সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার প্রয়াস চালিয়ে যাচ্ছেন তারা। এ রকম একটা লজ্জাহীন কৌশল অবলম্বন করা সত্ত্বেও সরকারের গঠনমূলক জনকল্যাণধর্মী প্রচেষ্টাগুলি সম্পর্কে সাধারণ মানুষকে অবহিত করতে পেরেছি আমরা। এই সরকার সত্যনিষ্ঠ সংবাদমাধ্যমের প্রতি শ্রদ্ধা পোষণ করে এবং আশা করে একদেশদর্শী সংবাদপত্রগুলি অসত্য প্রচার বন্ধ করবেন।

জেলা ও মহকুমা তথ্য সংস্কৃতি অফিসগুলির মাধ্যমে আমরা গ্রামের সর্বস্তরের মানুষের সঙ্গে নিরবচ্ছিন্ন যোগাযোগ রেখে চলেছি। এই যোগাযোগের মাধ্যম হল প্রদর্শনী, হোর্ডিং, বিজ্ঞাপন, সরকারের সাফল্য ও সীমাবদ্ধতা সম্পর্কে পুস্তিকা প্রকাশ ও প্রচার। শহরাঞ্চলে উক্ত মাধ্যমগুলি ছাড়াও আমরা বেশ কিছু সেমিনারের ব্যবস্থাও করেছি।

কলকাতা থেকে প্রকাশিত ৩২টি বিভিন্ন ভাষার দৈনিক সংবাদপত্রে, পশ্চিমবঙ্গের বাইরে বিভিন্ন রাজ্য থেকে প্রকাশিত ৩৭টি দৈনিক পত্রিকা ও পশ্চিমবঙ্গে ১৭টি জেলার ৫০১টি সাময়িক পত্র-পত্রিকায় সরকারি বিজ্ঞাপন দেওয়া হয়। কলকাতা থেকে প্রকাশিত ২৫০টি ক্ষুদ্র পত্র-পত্রিকাকেও বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে।

কলকাতায় একশতেরও বেশি জায়গায় হোর্ডিং মারফত প্রচারের ব্যবস্থা রয়েছে। তাছাড়াও, গত আর্থিক বছর থেকেই জেলা পরিষদের সহযোগিতায় প্রতি জেলাতেও হোর্ডিং মারফত প্রচারের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে। ইতিমধ্যে বেশ কয়েকটি জেলায় এ ধরনের প্রচারের কাজ শুরু হয়ে গেছে। হোর্ডিংগুলি সাধারণত সাক্ষরতা, সাম্প্রদায়িক সম্প্রীতি, শিল্পায়ন ও পরিবেশ সম্পর্কিত প্রচারের উদ্দেশ্যে ব্যবহার করা হচ্ছে।

দিল্লিতে অনুষ্ঠিত নভেম্বর মাসের আন্তর্জাতিক শিল্পমেলা ছাড়াও গত আর্থিক বছরে বিভিন্ন জলায় ১৪টি প্রদর্শনীর ব্যবস্থা করা সম্ভব হয়েছে। একটি শিল্পায়নের ওপর ও আর একটি রাজা রামমোহনের ওপর বড় প্রদর্শনী সেট তৈরি করে কলকাতায় বিভিন্ন স্থানে প্রদর্শিত হয়েছে। মাদ্রাজে ও কর্ণাটকে প্রদর্শনীর সঙ্গে শিল্পায়ন সম্বন্ধে সেমিনারেরও আয়োজন করা হয়েছিল। ওইসব রাজ্যের বহু সাংবাদিক ও সাধারণ মানুষ সেমিনারে উপস্থিত হয়েছিলেন। এভাবেই আমরা প্রদর্শনী ও হোর্ডিংএর মাধ্যমে রাজ্যে ও রাজ্যের বাইরে সরকারের নীতি ও সাফল্যকে তুলে ধরতে সক্ষম হয়েছি।

বিগত বছরটিতে প্রকাশনার ক্ষেত্রে রাজ্য সরকারের কাজকর্ম বিশেষ উল্লেখের দাবি রাখে। বাংলা, ইংরেজি, হিন্দি, উর্দু, সাঁওতালি এবং নেপালি এই ছয়টি ভাষায় রাজ্য সরকারের মুখপত্র নিয়মিতভাবে প্রকাশিত হয়ে থাকে। শুধু জনপ্রিয়তার নিরিখেই নয়, গুণগত উৎকর্ষের বিচারেও এই পত্রিকাগুলি নিছক সরকারি মুখপত্রের বাঁধাধরা গণ্ডি অতিক্রম করে সর্বস্তরের সুধীজনের প্রশংসা অর্জনে সক্ষম হয়েছে। বাংলা ও ইংরাজিতে 'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েস্ট বেঙ্গল' পত্রিকায় বেশ কয়েকটি বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছে। সাঁওতাল বিদ্রোহ, রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, অবনীন্দ্রনাথ, বিভূতিভূষণ ইত্যাদি বিশেষ সংখ্যাগুলি সমাদৃত হয়েছে। অনুরূপভাবে উর্দু পত্রিকাটিরও কয়েকটি বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছে। বিভিন্ন জেলায় সামগ্রিক বিবরণ-সহ পশ্চিমবঙ্গ পত্রিকায় জেলা সংখ্যা প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। ইতিমধ্যে হুগলি জেলা সংখ্যা প্রকাশিত হয়েছে। সাঁওতালি ভাষার বিশিষ্ট কবি ও সাহিত্যিক সাধু

রামচাঁদ মুর্মুর জন্মশতবার্ষিকী এ বছর উদ্‌যাপিত হচ্ছে। তারই স্মরণে সাঁওতালি মুখপত্রের একটি বিশেষ সংখ্যা বিগত ২৯ এপ্রিল প্রকাশিত হয়েছে এবং প্রকাশের সঙ্গে তা বিশেষ সাড়াও জাগিয়েছে। চলতি বছরেই সাধু রামচাঁদের নির্বাচিত রচনাসংগ্রহ এবং তার রচিত গানের ক্যাসেট প্রকাশের পরিকল্পনা রয়েছে। নিয়মিত পত্রিকাগুলির সাধারণ সংখ্যাসমূহের মান উন্নয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। বিগত এক বছরে ভূমিসংস্কার, পঞ্চায়েত, শিল্পায়ন, ড্রাগ সমস্যা, নগর উন্নয়ন, গ্রাম উন্নয়ন, তফসিলি ও আদিবাসী উন্নয়ন ইত্যাদি বিষয়ে ২২টি পুস্তিকা প্রকাশিত হয়েছে, প্রকাশিত হয়েছে সাক্ষরতা, জাতীয় সংহতি, সাম্প্রদায়িক সম্প্রীতি, পঞ্চায়েত প্রভৃতি বিষয়ে চারটি অত্যন্ত প্রয়োজনীয় পোস্টার সেট। কতকগুলি পুস্তিকা অত্যন্ত জনপ্রিয় হওয়ায় দ্বিতীয় মুদ্রণও করতে হয়েছে। চলতি বছরেও অনেকগুলি গুরুত্বপূর্ণ বই, পুস্তিকা প্রকাশের পরিকল্পনা রয়েছে। শিলিগুড়ি থেকে নেপালি সাপ্তাহিক 'সগরমাথা' নিয়মিত প্রকাশিত হচ্ছে ও জনপ্রিয়তা অর্জন করেছে। এই সাপ্তাহিক পত্রিকাটি সম্প্রতি দৈনিকে রূপান্তরিত হয়েছে। দৈনিক বসুমতী যথারীতি শিলিগুড়ি থেকে প্রকাশিত হচ্ছে এবং তার আর্থিক উন্নতির লক্ষণ দেখা যাচ্ছে।

১৯৭৭ সাল থেকেই পশ্চিমবঙ্গ সরকার গ্রাম তথা গ্রামীণ মানুষের উপর বিশেষ গুরুত্ব দিয়ে আসছে। ১৭টি জেলা ও ৫৬টি মহকুমার গ্রামীণ তথ্য শাখার দপ্তর ছড়ানো রয়েছে। পঞ্চায়েতের সঙ্গে নিবিড় সম্পর্ক বজায় রেখে গ্রামের মানুষের কাছে সরকারি বক্তব্য পৌঁছে দেবার চেষ্টা বেশ ফলপ্রসূ হচ্ছে। পাশাপাশি গ্রাম-বাংলার মানুষের চাহিদা, অভাব-অভিযোগ ইত্যাদির সংবাদও পৌঁছে যাচ্ছে সর্বোচ্চ স্তরে। এইভাবে একটা নিবিড় ও স্থায়ী যোগসূত্র গড়ে উঠেছে। প্রকৃতপক্ষে গ্রামীণ তথ্য শাখার কর্মীরা এই দপ্তরের চোখ, কান ও মুখ। গত বছরে এই শাখার মারফৎ বিগত ১৯ বছরে বিভিন্ন ক্ষেত্রে রাজ্য সরকারের সাফল্যের বিবরণ-সহ বিশেষ প্রচার অভিযানের আয়োজন করা হয়। এছাড়া ২৫০টি পঞ্চায়েত সমিতিকে রঙিন টিভি দেওয়া হয়েছে। প্রকৃতপক্ষে এইভাবে সমস্ত পঞ্চায়েত সমিতিকে টিভি সেট দেওয়া হবে। টিভি সেটগুলির মাধ্যমে ভি সি পি ও ক্যাসেটের সাহায্যে নানা ধরনের শিক্ষামূলক ও তথ্যসমৃদ্ধ ছবি প্রদর্শনের চেষ্টা করা হবে। বিনোদনমূলক সুস্থ সংস্কৃতির প্রচারের ব্যবস্থাও করা হবে। বিভিন্ন জেলায় ভিডিও মারফৎ গতিশীল করার জন্য যন্ত্রপাতি মেরামতের উপর বিশেষ গুরুত্ব দেওয়ায় কাজকর্মের ক্ষেত্রে উন্নতি পরিলক্ষিত হচ্ছে। প্রায় চার লক্ষ পুস্তিকা এই শাখার মাধ্যমে গ্রামস্তর পর্যন্ত পৌঁছে দেওয়া হয়েছে। প্রায় পঞ্চাশ হাজার পোস্টার বিতরণ করা হয়েছে। মানুষকে বিজ্ঞান সচেতন করে তোলা এবং চলমান জীবনের গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় নিয়ে গ্রামাঞ্চলে স্কুল, কলেজ, ক্লাব ও অন্যত্র মাঝে মাঝে আলোচনাসভার আয়োজন করার সিদ্ধান্ত সরকার নিয়েছে। গ্রামের ক্ষুদ্র পত্র-পত্রিকার জন্য প্রায় পঞ্চাশ লক্ষ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে এই শাখার মারফৎ। এছাড়া নিয়মিত সংবাদ ইত্যাদিও সরবরাহ করা হয়ে থাকে গ্রামীণ সংবাদপত্রগুলিকে। সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গের গ্রামের খবর যাতে পৌঁছে দেওয়া যায় সেই উদ্দেশ্য নিয়ে দিল্লিতে রাজ্যের মন্ত্রীদের 'মিট দ্য প্রেস' কর্মসূচি নেওয়া হয়েছে। ইতিমধ্যে কয়েকজন মন্ত্রী দিল্লিতে সাংবাদিক সম্মেলন করেও এসেছেন।

গণমাধ্যম কেন্দ্রে সংবাদপত্র, সংবাদমাধ্যম ও শিল্পায়ন সম্পর্কে ৫টি কর্মশালার আয়োজন করা হয়েছিল। এছাড়া বিভিন্ন বিষয়ে তিনটি আলোচনাসভা ও হরিশচন্দ্র মুখোপাধ্যায় স্মারক

বক্তৃতার ব্যবস্থা করা হয়েছিল। গত আর্থিক বছরে ভারতীয় প্রেস কাউন্সিলের সভাপতি ও সদস্যবৃন্দ গণমাধ্যমকেন্দ্র পরিদর্শন করেন ও কেন্দ্রের সদস্যবৃন্দের সঙ্গে মত বিনিময় করেন।

দিল্লিতে অবস্থিত তথ্য ও জনসংযোগ অফিসটিকে আরও উন্নততর করা হয়েছে। নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠানের ও চলচ্চিত্রের ব্যবস্থা করা হচ্ছে।

সংবাদ শাখায় নিয়মিত কাজগুলি যথারীতি সম্পাদিত হয়েছে। প্রেস নোট, প্রেস রিলিজ তৈরির ব্যবস্থাও যেমন নেওয়া হয়েছে, তেমনই ৪৪টি সাংবাদিক বৈঠক, ৫৮টি প্রেস কভারেজ ও ১৫টি প্রেস পার্টির ব্যবস্থাও করা হয়েছে গত আর্থিক বছরে।

কলকাতার তথ্যকেন্দ্রটিকে আধুনিক যন্ত্রপাতি দিয়ে ও নতুন তথ্য দিয়ে সাজানোর চেষ্টা করা হচ্ছে এবং শিশির মঞ্চ থেকে কলকাতার বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক ও তথ্যসমৃদ্ধ ফিল্ম দেখানোর একটি পরিকল্পনা নেওয়া হয়েছে।

গত বছর রাষ্ট্রপুঞ্জের সুবর্ণজয়ন্তী বছর পালন উপলক্ষে সেমিনার ও প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছিল। ২৭ সেপ্টেম্বর তারিখে রাষ্ট্রপুঞ্জ দিবসও পালিত হয় যথেষ্ট মর্যাদার সঙ্গে। রাষ্ট্রপুঞ্জের পশ্চিমবঙ্গস্থিত একটি শাখা সংস্থা এ ব্যাপারে সরকারের সঙ্গে যথেষ্ট সহযোগিতা করেছেন।

গত বছর জানুয়ারি মাসে প্রখ্যাত ভাষাতত্ত্ববিদ ও সমাজতত্ত্ববিদ নোয়াম চমস্কি পশ্চিমবঙ্গ সফর করেন, পশ্চিমবঙ্গে গ্রামীণ অর্থনৈতিক উন্নতিতে সন্তোষপ্রকাশ করেন এবং নন্দনে সরকারি ব্যবস্থাপনায় 'গণতন্ত্র ও বিপণন' ব্যবস্থার উপর ভাষণ দেন।

তথ্য শাখাকে আরও অর্থবহ ও গতিশীল করার অবকাশ নিশ্চয়ই রয়েছে। আমরা এ বিষয়ে সচেতন। বেশ কিছু জেলায় দীর্ঘদিন বিভাগীয় আধিকারিক না থাকায় কাজের বিঘ্ন ঘটছে নিঃসন্দেহে। আমরা পাবলিক সার্ভিস কমিশনকে অতিসত্বর পদগুলি পূরণ করার ব্যবস্থা নিতে অনুরোধ করেছি। তাছাড়া তথ্য সংগ্রহ ও সম্প্রচারের ব্যাপারটিকে আরও যুগোপযোগী ও ফলপ্রসূ করার জন্য আধিকারিকদের যথাযথ ব্যবস্থাও করা হয়েছে।

**সংস্কৃতি শাখা ঃ**

পঞ্চম বামফ্রন্ট মন্ত্রিসভা বিগত বিশ বছরব্যাপী অনুসৃত গণমুখি সাংস্কৃতিক নীতি অব্যাহত রেখেছে। সরকারি হস্তক্ষেপ নয়, শিল্পস্রষ্টা ও সংস্কৃতি কর্মীদের স্বাধীনভাবে সুস্থ সৃজনশীলতার পরিপোষকতা করাই সরকারি সাংস্কৃতিক নীতির মূল বৈশিষ্ট্য। আর এই পৃষ্ঠপোষকতার কাজ শুধু রাজ্যকেন্দ্রে সীমাবদ্ধ নয়, রাজ্যব্যাপী পরিব্যাপ্ত। জাত-পাত ধর্ম-ভাষার ভিত্তিতে এখানে কোনও নীতি কার্যকর হয় না, সেখানে অবারিত দ্বার সকল মানুষের। তাই রাজ্যব্যাপী আজ অপসংস্কৃতি, বাণিজ্যিক ভোগসর্বস্ব সংস্কৃতির বিরুদ্ধে সুস্থ সংস্কৃতি চর্চার গণজোয়ার সৃষ্টি হয়েছে। আর এই সাফল্য সম্ভব হয়েছে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে তৃণমূল প্রসারণে এবং শিল্পের সমস্ত অঙ্গনে প্রতিভাধর ব্যক্তিদের সক্রিয় অংশগ্রহণ ও পরামর্শদানের ফলে।

ভাষা-সাহিত্য সংস্কৃতির শ্রেষ্ঠ সম্পদ। ছোট-বড় সমস্ত জনগোষ্ঠীর ভাষা ও সাহিত্যের বিকাশের প্রতি সরকারের সমদৃষ্টি রয়েছে। হিন্দি, উর্দু, নেপালি, সাঁওতালি ইত্যাদি সমস্ত ভাষার মানুষের জন্য বিভিন্ন কর্মসূচি রূপায়ণের কাজ অব্যাহত রয়েছে। হিন্দি একাদেমি, উর্দু

একাদেমি গঠনের পাশাপাশি এ রাজ্যের বৃহত্তর জনগোষ্ঠীর প্রধান ভাষা বাংলা ভাষায় জ্ঞানচর্চার কেন্দ্ররূপে পশ্চিমবঙ্গে বাংলা একাদেমি গঠন করা হয়েছে। রবীন্দ্র সদন-নন্দন চত্বরে নির্মিত নিজস্ব ভবনে কর্মরত বাংলা একাদেমি আজ একটি সর্বমান্য প্রতিষ্ঠানের স্বীকৃতি লাভ করেছে। বাংলা একাদেমি বাংলার পাশাপাশি অন্যান্য ভাষার সঙ্গে এমন কি উপ-ভাষাগুলির সঙ্গেও জীবন্ত সম্পর্ক রক্ষা করে চলেছে। ইতিমধ্যে হিন্দি একাদেমির সঙ্গে যৌথভাবে বাংলা ও হিন্দি সাহিত্যের পারস্পরিক সম্পর্ক ও অবদান নিয়ে আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে। উত্তর-পূর্ব ভারতের অন্যান্য ভাষাসাহিত্যের প্রথম সারির লেখক-গবেষকদের সমবেত করে মত বিনিময় করা হবে। বিশেষ করে সাহিত্যের মাধ্যমে জাতীয় ও সাম্প্রদায়িক সম্প্রীতি সেইসব আলোচনাচক্রের বিষয় হবে। স্বশাসিত সংস্থায় পরিণত করে একাদেমির কাজে গতিবেগ সঞ্চারে সরকার উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে। বিগত বছরে প্রায় কুড়ি হাজার গ্রন্থ ও প্রাচীর পত্র-পত্রিকা সংবলিত একাদেমির গ্রন্থাগারটি পাঠক ও গবেষকদের জন্য উন্মুক্ত করা হয়েছে—সভাপতি অন্নদাশংকর রায় এবং বাংলাদেশের কবি শামসুর রহমান, নির্মলেন্দু গুণ প্রমুখের উপস্থিতিতে। গবেষক রাধারমণ মিত্র, অধ্যাপক জগন্নাথ চক্রবর্তী, অধ্যাপক অতীন্দ্র মজুমদার, রমেন্দ্রনাথ মল্লিক প্রমুখের নিজস্ব গ্রন্থাগারের কয়েক সহস্র ও প্রাচীন পত্রিকা দান হিসাবে পাওয়া গেছে। একাদেমির ২০০ আসন বিশিষ্ট সভাগৃহটি আজ লেখক, শিল্পী, আবৃত্তিকারদের নিত্য কর্মসূচি মিলনস্থল। সভাগৃহটিকে ব্যবহারকারী কবি-শিল্পীদের একান্ত চাহিদা অনুসারে শীততাপ নিয়ন্ত্রিত করার উদ্যোগ নেওয়া হয়েছে। বিভিন্ন অভিধান সংকলন, গ্রন্থপঞ্জি সংকলন, লিপির বিবর্তন বিষয়ক গবেষণা, বাংলা ব্যাকরণ রচনা, ভাষা-বিভাষাভিত্তিক জনসমীক্ষা ইত্যাদি প্রকল্পের কাজ অব্যাহত রয়েছে। কিশোর অভিধান ও ডঃ সুকুমার সেন রচিত 'ব্যুৎপত্তি অভিধান' শীঘ্রই প্রকাশিত হবে। জীবনী ও বিবিধ বিদ্যা সংগ্রহ গ্রন্থমালায় আরও কয়েকটি গ্রন্থ প্রকাশিত হয়ে বেশ জনপ্রিয়তা পেয়েছে। প্রশাসনে বাংলাভাষা ব্যবহারের কাজ সহজ করার উদ্দেশ্যে, নতুন নতুন 'পরিভাষা' রচনা ও পরিমার্জনার কাজ অব্যাহত রয়েছে। ইতিমধ্যে প্রকাশিত পরিভাষা গ্রন্থের দুটি মুদ্রণ ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। বাংলা ভাষায় বিশ্বকোষ রচনার দীর্ঘমেয়াদী প্রকল্পটির কাজ শুরু করা বিষয়ে প্রকল্প রচনার কাজ চলছে। বঙ্গীয় সাহিত্য পরিষদ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জ্ঞানচর্চার যৌথ কর্মসূচি রূপায়িত হচ্ছে। একাদেমির সংগ্রহশালাটি ক্রমশ সম্পদশালী হয়ে উঠেছে। লন্ডন থেকে সংগৃহীত রবীন্দ্র পাণ্ডুলিপির সঙ্গে যুক্ত হয়েছে প্রয়াত অনাদি দস্তিদারের সংগ্রহ থেকে পাওয়া রবীন্দ্রনাথের অমূল্য সব পাণ্ডুলিপি, যার মধ্যে রয়েছে 'রাশিয়ার চিঠি'র অসম্পাদিত পাণ্ডুলিপির অনুলিপি। এছাড়া সোমেন চন্দ্র, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, প্রবোধ সান্যাল, আশাপূর্ণা দেবী প্রমুখ প্রয়াত লেখকের পাণ্ডুলিপি সংগৃহীত হয়েছে। প্রয়াত ও জীবিত বিশিষ্ট লেখকদের পাণ্ডুলিপি সংগ্রহের কাজে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এর সঙ্গে সংগ্রহশালায় থাকছে প্রবীণ লেখকদের ভিডিও সাক্ষাৎকার যা আগামী প্রজন্মের কাজে প্রধান আকর্ষণ ও গবেষণার বিষয় হবে। কবিকণ্ঠে কবিতা ও ছড়ার ক্যাসেট প্রকল্পে ইতিমধ্যে অন্নদাশংকর রায়, শক্তি চট্টোপাধ্যায়ের দুটি ক্যাসেট সাধারণের জন্য প্রকাশিত হয়েছে।

বাংলা থিয়েটারের দ্বিশতবর্ষ পূর্ণ হল। এই উপলক্ষে থিয়েটারের দ্বিশতবর্ষ ভবনের শিলান্যাস করা হয়েছে ৮৫, আচার্য জগদীশচন্দ্র বসু রোডের জমিতে। ভবনের নক্‌শা ও পরিকল্পনা প্রস্তুত হয়েছে। এ বছরই কাজ শুরু হবে। সারা পশ্চিমবঙ্গ জেলায় জেলায় নাট্য

প্রতিযোগিতা, কেন্দ্রীয় নাট্যোৎসব, ৭ জন তরুণ পরিচালককে দিয়ে সাতটি নতুন প্রযোজনা, কেন্দ্রীয়ভাবে দ্বিশতবর্ষের স্মারক হিসেবে একটি চিরায়ত নাটকের প্রযোজনা, নির্বাচিত নাটক ও নাট্যবিষয়ক প্রকল্পের সংকলন, নাট্য অ্যালবাম প্রকাশ, প্রায় ৫০ জন নাট্য ব্যক্তিত্বকে সংবর্ধনা প্রদান ইত্যাদি নানা কর্মসূচি বাংলা থিয়েটারে দ্বিশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে পরপর রূপায়িত হয়ে চলেছে। পাশাপাশি নাট্য প্রশিক্ষণ, আলোচনাচক্র ইত্যাদি রাজ্যব্যাপী অনুষ্ঠিত হচ্ছে। নাট্য চরিত্রাভিধান, নাট্যদলগুলির কোষগ্রন্থ ইত্যাদি গবেষণা প্রকল্পের কাজ অব্যাহত রয়েছে। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে নবীন ছাত্র-শিল্পীদের নিয়ে রবীন্দ্রনাথের 'চিরকুমার সভা' নাটকটি প্রযোজিত হয়ে ইতিমধ্যে রাজ্যের মধ্যে এবং অন্য রাজ্যেও খুবই জনপ্রিয় হয়েছে। নাট্য একাদেমি পত্রিকা ও গবেষণামূলক আকর গ্রন্থগুলি পাঠকমহলে আকর্ষণীয় হয়েছে। নাট্য একাদেমির সংগ্রহশালাটি দুর্মূল্য প্রাচীন গ্রন্থ, শিশির ভাদুড়ি প্রমুখ দিক্‌পাল অভিনেতাদের প্রযোজিত ও অভিনীত নাটকের পাণ্ডুলিপি, নাটকের রেকর্ড, হ্যান্ডবিল, প্রয়াত ও প্রাক্তন শিল্পীদের আলোকচরিত্রের বিরল সংগ্রহে সমৃদ্ধ হয়েছে। প্রয়াত অহীন্দ্র চৌধুরীর সম্পত্তি ও গ্রন্থাগার ও সংগ্রহশালাটি নাট্য একাদেমির হাতে তুলে দেওয়ার প্রস্তাব সংশ্লিষ্ট অছি পরিষদের কাছ থেকে এসেছে, বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

রাজ্য চারুকলা পর্ষদ রাজ্যের চিত্রশিল্পী ও ভাস্করদের একটি সর্বমান্য প্রতিষ্ঠান। কলকাতা তথ্যকেন্দ্রের সংলগ্ন গগনেন্দ্র প্রদর্শশালায় দপ্তর থেকে এর কাজকর্ম পরিচালিত হয়। প্রখ্যাত শিল্পী চিন্তামণি করের সভাপতিত্বে চারুকলা ও ভাস্কর্যের সর্ববৃহৎ প্রদর্শনী প্রতিবছর অনুষ্ঠিত হয়। গগনেন্দ্র প্রদর্শশালায় বিগত বছর থেকে 'চিত্রশিল্প পরিচয় শিক্ষামালা' নামে একটি শিক্ষাক্রম নবীন শিল্পী ও শিল্প সমালোচকদের জন্য সংগঠিত করা হয়েছে। বিগত আর্থিক বছরে জলপাইগুড়ি ও নদীয়া জেলায় দুটি শিল্পকলার কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাঁকুড়া শুশুনিয়া পাহাড়ের খোদাই শিল্পীদের উন্নতমানের হয়েছে। গগনেন্দ্র প্রদর্শশালায় যামিনী রায়ের ২৭৫টি চিত্র-সহ অবনীন্দ্রনাথ, রবীন্দ্রনাথ, নন্দলাল, রামকিংকর, চিত্তপ্রসাদ, জয়নাল আবেদিন, পরিতোষ সেন, বিকাশ ভট্টাচার্য প্রমুখ শিল্পীদের চিত্র সংগৃহীত হয়েছে। চিত্তপ্রসাদের সমস্ত চিত্র সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ বছর ধীরেন্দ্রনাথ ব্রহ্ম ও আদিনাথ মুখোপাধ্যায় প্রমুখ শিল্পীর ছবি লক্ষাধিক টাকায় সংগ্রহ করা হয়েছে। ক্রমান্বয়ে প্রদর্শশালাটি দেশের একটি বৃহৎ রূপ গ্রহণ করবে। গগনেন্দ্র প্রদর্শশালার পরিসর বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। হো চি মিন সরণিতে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের ভারতীয় সংস্কৃতি সমন্বয় পরিষদকে বিনামূল্যে স্থায়ী আর্ট গ্যালারির জন্য জমি প্রদান করা হয়েছে এবং নির্মাণের কাজ যাতে দ্রুত অগ্রসর হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে।

সঙ্গীত ও নৃত্য ক্ষেত্রে পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত একাদেমি এখন একটি সুপ্রতিষ্ঠিত সংস্থা। রাজ্যের বাইরেও সংস্থাটির যথেষ্ট প্রভাব রয়েছে—সর্বভারতীয় শিল্পী ও মান্য সংস্থাসমূহের ওপর। আন্তর্জাতিক মানের শিল্পীরা একাদেমির আহ্বানে সানন্দে সাড়া দিয়ে থাকেন। শিশু-কিশোর ও যুব বয়সের নবীন প্রতিভা অন্বেষণ তথা তার যথার্থ বিকাশে একাদেমি দীর্ঘস্থায়ী প্রশিক্ষণ প্রকল্প, ক্যাসেট প্রকাশ, সঙ্গীত সম্মেলন যেমন করে চলেছে তেমনই সফল নবীন শিল্পীদের ভিন রাজ্যের বিভিন্ন অনুষ্ঠানে পাঠানো হচ্ছে। একাদেমির গ্রন্থাগার ও সংগ্রহশালাটি সমৃদ্ধতর হয়েছে ইতিমধ্যে নজরুলগীতি, বাংলা গান ও আন্দোলন সঙ্গতে সঙ্গীতবিষয়ক

গবেষণাগুলির প্রকাশের ব্যবস্থা নেওয়া হয়েছে। সঙ্গীত শব্দকোষের দ্বিতীয় খণ্ড মুদ্রণের ব্যবস্থা নেওয়া হয়েছে। রজনীকান্ত সেনের সঙ্গীত রচনাবলী স্বরলিপি-সহ প্রকাশিত হচ্ছে। নবীন ও প্রবীণ শিল্পী সমন্বয়ে জেলায় জেলায় এবং রাজ্যস্তরে লঘু ও উচ্চাঙ্গ সঙ্গীতের অনুষ্ঠান ও প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত রয়েছে। সঙ্গীত সাধক চরিতমালা এবং মিউজিক অ্যালমানাক—দুটি অসামান্য ও গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ দ্রুত শেষ হবে বলে আশা করা যায়।

গ্রন্থাগারটি সঙ্গীত ও নন্দনতত্ত্বের গ্রন্থরাজিতে যথেষ্ট ধনী হয়েছে। এখন রেকর্ড ও ভিডিও প্রস্তুতি কার্যক্রমের মধ্যে দিয়ে একাদেমির সংগ্রহশালাটি ভারতের উচ্চাঙ্গ রীতির গান ও বাংলা গানের বিবর্তনের সাক্ষী হিসেবে প্রতিভাত হচ্ছে। ভারতের প্রয়াত সব বিশিষ্ট সঙ্গীতজ্ঞদের ভিডিও সাক্ষাৎকারের ক্যাসেটে ধৃত সঙ্গীত আরেকটি উল্লেখযোগ্য সংগ্রহ।

জেলাভিত্তিক লোকসঙ্গীত সংগ্রহ প্রকল্পে এখন বীরভূম জেলার লোকগীতি সংগ্রহের কাজ চলছে। কেন্দ্রীয় সঙ্গীত নাটক একাদেমির আন্তঃরাজ্য সংস্কৃতি বিনিময় প্রকল্পটি সঙ্গীত একাদেমি রূপায়িত করে জাতীয় সংহতি স্থাপনে দৃষ্টান্তমূলক কাজ করছে।

লেক গার্ডেন্স্ উড়ালপুলের জন্য সঙ্গীত একাদেমির বর্তমান ভবনটি ভাঙা পড়বে এমনটি স্থির হওয়ায় বিধাননগরে এক একর জমি সঙ্গীত একাদেমির অনুকূলে বরাদ্দ করা হয়েছে। ওই জমিতে সেমিনার হল, প্রশিক্ষণ কক্ষ, গ্রন্থাগার, সংগ্রহশালা, রেকর্ডিং রুম, কার্যালয় এবং একটি অতিথি নিবাস-সহ সর্বাধুনিক ভবন তৈরি করার প্রস্তুতি নেওয়া হচ্ছে।

আদিবাসী ও লোকসংস্কৃতি চর্চার ক্ষেত্রে নতুন একটি উল্লেখযোগ্য পদক্ষেপ হল ফোক এবং ট্রাইবাল কালচারাল সেন্টার নামে একটি স্বশাসিত সংস্থা গঠন। ১৯৭৯ সাল থেকে উপদেষ্টা পর্ষদ হিসাবে রাজ্য লোকসংস্কৃতি পর্ষদের পরামর্শ অনুযায়ী সরাসরি সরকারি উদ্যোগে লোকসংস্কৃতির অঙ্গনে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হচ্ছিল। বর্তমানে লোকসংস্কৃতির সমস্ত কর্মকাণ্ডই এই স্বশাসিত সংস্থাটির মাধ্যমে রূপায়ণ করা হচ্ছে। নবগঠিত সংস্থাটি পূর্বতন রাজ্য লোকসংস্কৃতি পর্ষদেরই উত্তরসূরি। জনজীবনে সংস্কৃতির ভিত্তিমূলের লোকায়ত কৃষ্টির সম্ভারের পাশাপাশি আদিবাসী বিভিন্ন জনজাতিগুলির নিজস্ব এবং অনন্য সাংস্কৃতিক বৈশিষ্ট্যগুলির কথা স্মরণে রেখে এই সংস্থার কর্মপরিধিতে লোকসংস্কৃতি এবং আদিবাসী সংস্কৃতির সমগ্র এলাকাটিকেই অন্তর্ভুক্ত করে নেওয়া হয়েছে। রাজ্যের চারটি আদিবাসী সংস্কৃতি চর্চা কেন্দ্রকে এই স্বশাসিত সংস্থাটির শাখা হিসাবে যুক্ত করে আরও সক্রিয় করে তোলা হচ্ছে। লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতির উন্নয়ন ও বিকাশের কর্মসূচিকে সার্থক করে তোলার উদ্দেশ্যে পঞ্চায়েতকে সক্রিয় উদ্যোগী ভূমিকায় নিয়ে আসা হচ্ছে। নবগঠিত সংস্থার পরিচালনায় দক্ষিণ কলকাতায় ই এম বাইপাসের কাছে ৯.৫৯ একর জমির উপর 'লোকসংস্কৃতি গ্রাম' নির্মাণের কাজ খুব শীঘ্রই শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে। এই প্রকল্পের জন্য সরকারের বিপুল ব্যায় হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অতি সামান্য পরিমাণ অর্থ সাহায্য পাওয়া গিয়েছে। ফোক এবং ট্রাইবাল কালচারাল সেন্টারের উদ্যোগে লোকসংস্কৃতির বিভিন্ন আঙ্গিকভিত্তিক কর্মশালা, আলোচনাচক্র, উৎসব ইত্যাদির কর্মসূচি ধারাবাহিকভাবে রূপায়ণের পাশাপাশি লোকশিল্পীদের অনুষ্ঠানের প্রসার, শিশু লোকশিল্পীদের জন্য বৃত্তি, আদিবাসী সংস্কৃতি ও লোকসংস্কৃতির সঙ্গে যুক্ত সংস্থাকে সহযোগিতা, আদিবাসী সঙ্গীত ও লোকসঙ্গীত সংগ্রহ, সংরক্ষণ, সমীক্ষা ও প্রকাশনাবিষয়ক প্রকল্প রূপায়ণের কাজ শুরু করা হয়েছে। ইতিপূর্বে এ ধরনের বিস্তৃত

সমীক্ষার কাজ হয়নি। লোকসংস্কৃতিবিষয়ক গ্রন্থ প্রকাশনার উপর যথাযথ গুরুত্ব দেওয়া হয়েছে।

সঙ্গীত নৃত্য, নাটক, চারুকলা, লোকসংস্কৃতি প্রভৃতি ক্ষেত্রে প্রতি বছর পুরস্কার দেওয়া হয়ে থাকে। দীনবন্ধু, আলাউদ্দিন, উদয়শংকর, অবনীন্দ্র ও লালন পুরস্কার এ বছরও দেওয়া হয়েছে।

অন্যান্য বছরের মতো বিগত আর্থিক বছরেও প্রবীণ ও অসমর্থ শিল্পীদের বিশেষ করে লোকশিল্পীদের প্রতি গুরুত্ব দিয়ে অর্থ সাহায্য করা হয়েছে। শুধু ব্যক্তি শিল্পী নয় সঙ্গীত, নৃত্যনাটক, চারুকলা, লোকসংস্কৃতির ক্ষেত্রে নিয়োজিত সংস্থাদেরও আর্থিক সহায়তা করা হয়ে থাকে উন্নতমানের শিল্পসৃষ্টির পৃষ্ঠপোষকতার দৃষ্টিভঙ্গি থেকে। গ্রামীণ মেলাগুলো জাতিধর্মনির্বিশেষে সাধারণ মানুষের মিলনক্ষেত্র। তাই পৌষমেলা, শ্রীনিকেতন মেলা, নজরুল মেলা, শরৎ মেলা প্রভৃতির সংগঠনে প্রতিবছর আর্থিক সাহায্য ছাড়াও প্রশাসন থেকে সবরকমের সহযোগিতা করা হয়ে থাকে। কলকাতা পুস্তক মেলা এখন ভারতের সর্ববৃহৎ বইমেলা। সরকারের পক্ষ থেকে মেলাকে উত্তরোত্তর সফল ও জনপ্রিয় করার জন্য যথাসাধ্য পৃষ্ঠপোষকতা করা হয়।

কেন্দ্রীয় সরকারের সঙ্গীত নাটক একাদেমি, ভারতীয় সংস্কৃতি সম্বন্ধ পরিষদ, ললিতকলা একাদেমি প্রভৃতি সংস্থার সঙ্গে সংযোগ রক্ষা করে বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠান করা হয়। পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র ও পূর্বভারতের রাজ্যগুলির সদস্যপদ-সহ গঠিত একটি সংস্থা। কিন্তু সংস্থাটি কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি সমান্তরাল সংগঠন না হয়ে যাতে সদস্য থেকে সাংস্কৃতিক প্রতিনিধিদল বিদেশে পাঠানোর প্রস্তাবও কেন্দ্রীয় সরকারের ভারতীয় সংস্কৃতি সম্বন্ধ পরিষদের কেন্দ্রীয় দপ্তরে যথেষ্ট গুরুত্ব পায় না।

দক্ষিণ কলকাতায় মধুসূদন মঞ্চটি আনুষ্ঠানিকভাবে উন্মুক্ত করা হয়েছে এবং অতি অল্প সময়ের মধ্যেই একটি সর্বাধুনিক মঞ্চ হিসেবে জনপ্রিয়তা লাভ করেছে। হাওড়ার শরৎ সদনের উদ্বোধন হয়েছে, যদিও বিচারাধীন থাকায় জনস্বার্থে ব্যবহার করা যাচ্ছে না এখনও। জলপাইগুড়িতে আর্ট গ্যালারি ও প্রেক্ষাগৃহ সহ একটি বড় সংস্কৃতি কেন্দ্র গড়ে তোলার কাজ শুরু হয়েছে। রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত মংপুতে একটি সংগ্রহশালা নির্মাণের পরিকল্পনা আছে। জেলায় জেলায় রবীন্দ্র ভবনগুলো সংস্কার করে ব্যবহারোপযোগী করার কাজ অব্যাহত রয়েছে। রবীন্দ্র শতবর্ষে অধিকাংশ রবীন্দ্র ভবনের নির্মাণকাজের ক্ষেত্রে পরিকল্পনা ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের অভাব ছিল। ফলে ভবনগুলো বেশিরভাগই অসমাপ্ত অবস্থায় বা ব্যবহারের অনুপযুক্ত অবস্থায় পড়েছিল। বর্তমান সরকার বিপুল ব্যয়ে অনেকগুলোকে ব্যবহারোপযোগী করতে পারলেও কয়েকটি এখনও অসম্পূর্ণ অবস্থায় রয়েছে। স্থানীয় জন উদ্যোগে নির্মাণ শুরু হয়েছিল কিন্তু এখন সেগুলি সরকারের দায়িত্বে এসে পড়েছে। কিন্তু সরকারের আর্থিক সীমাবদ্ধতার কারণে সম্পূর্ণ করতে সময় লাগবে, তবে সরকারের উদ্যোগের অভাব নেই। এ বছর বেসরকারিভাবে নির্মীয়মাণ ৭টি পাবলিক হলের ক্ষেত্রে ৫ লক্ষ টাকা আর্থিক সাহায্য করা হয়েছে।

রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্রের নক্‌শা চূড়ান্ত হয়েছে, প্রাথমিক কাজকর্ম শুরু হয়েছে। সারাদেশে এটি সর্বশ্রেষ্ঠ একটি বহুমুখী সাংস্কৃতিক কেন্দ্রের গৌরব লাভ করবে আশা করা যায়। উত্তর কলকাতার গিরিশ মঞ্চের পাশে একটি স্থায়ী যাত্রা মঞ্চ নির্মাণের উদ্যোগ নেওয়া

হয়েছে। সাংসদ তহবিল থেকে কিছু অর্থও পাওয়া গেছে। যাত্রার সঙ্গে জড়িত সব মহলই এই মঞ্চ নির্মাণে সহায়তা নিয়ে এগিয়ে এসেছেন। বাংলার বুদ্ধিজীবীদের মিলন স্থান কলেজ স্ট্রিটের কফি হাউসটি রক্ষার জন্য। দিল্লিতে বেঙ্গল অ্যাসোসিয়েশনের সঙ্গে যৌথভাবে বঙ্গ সংস্কৃতি ভবন নির্মাণের প্রকল্প চূড়ান্ত হয়েছে। এবার কাজ শুরু করা সম্ভব হবে।

উপগ্রহবাহিত বিশ্ববাজার থেকে আমদানিকৃত পণ্যভোগী সংস্কৃতির চাপে দেশিয় সংস্কৃতির কণ্ঠরোধ হতে বসেছে। বৈদ্যুতিক মাধ্যমগুলির উপর কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথভাবে কিছুটা নিয়ন্ত্রণ দেশীয় ও আঞ্চলিক সংস্কৃতির উৎকর্ষের জন্য বিশেষ জরুরি। আধুনিক প্রযুক্তি স্বাগত, কিন্তু সুস্থ সংস্কৃতির বিকাশে চাই তার সার্থক প্রয়োগ। আমাদের দেশিয় ঐতিহ্য ধারায় আধুনিক সৃজনশীলতার ফসল সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে দিতে হবে—এটাই আমাদের সাংস্কৃতিক অঙ্গীকার।

**চলচ্চিত্র শাখা**

সারা বিশ্বে চলচ্চিত্রের শতবর্ষ উদ্‌যাপনের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্য সরকার ওই উপলক্ষে অন্যান্য কর্মসূচির সঙ্গে নভেম্বর ১৯৯৫-এ কলকাতা চলচ্চিত্র উৎসব আয়োজন করেন। কেরালা সরকারের সহযোগিতায় অনুষ্ঠিত এই উৎসবটি বড় রকমের সাফল্য অর্জন করেছে। নন্দন ও সরকার পরিচালিত অন্যান্য প্রেক্ষাগৃহে বিশ্বের চলচ্চিত্র প্রযোজনাকারী বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ১১৫টি কাহিনীচিত্র ও ৪০টি স্বল্প দৈর্ঘ্যের চিত্র দেখানো হয়। কুরোসাওয়া ও উত্তমকুমারের ওপর প্রদর্শিত রেট্রোস্পেকটিভ ছবিগুলি দেখার জন্য চলচ্চিত্রমোদীদের মধ্যে সাড়া পড়ে যায়। প্রতি বছর নভেম্বরে স্বীয় উদ্যোগে অথবা অন্যান্য রাজ্য সরকারের সঙ্গে সহযোগিতায় এই ধরনের উৎসব করার কথা সরকার চিন্তা করছেন।

টালিগঞ্জে পূর্বতন রাধা স্টুডিওতে চলচ্চিত্র কমপ্লেক্সের একটি শতবার্ষিকী ভবন নির্মাণ করা হবে, সেখানে বাংলা চলচ্চিত্রের একটি লেখ্যাগার, গবেষণা ও পঠন-পাঠনের জন্য গ্রন্থাগার, চলচ্চিত্র সংগ্রহশালা প্রভৃতি থাকবে। ওই ভবনটি নির্মাণের জন্য পূর্তবিভাগকৃত আনুমানিক ব্যয় রাজ্য যোজনা পর্যদ ও অর্থবিভাগ ইতিমধ্যেই অনুমোদন করেছে এবং এই বছরেই প্রথম পর্যায়ের কাজ শুরু হবে।

সল্টলেকে একটি শিক্ষামূলক অডিও-ভিসুয়াল প্রশিক্ষণ তথা প্রযোজনা কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার ও ইতালি সরকারের মধ্যে একটি সমঝোতা পত্র ইতিমধ্যে স্বাক্ষরিত হয়েছে। এই কেন্দ্রের ভবনের নক্‌শা ও নির্মাণ-সম্পর্কিত অনুমোদন আশা করি শীঘ্রই ইতালি সরকারের থেকে পাওয়া যাবে। এই প্রকল্পটির আনুমানিক ব্যয় ১০ কোটি টাকা। আশা করা যাচ্ছে যে এই ভবনের নির্মাণকার্য শীঘ্র শুরু হবে। কেন্দ্রটি সম্পূর্ণ হলে গ্রামীণ জনসাধারণের এক বড় অংশের চাহিদা মিটবে। রবীন্দরভারতী বিশ্ববিদ্যালয় এই কেন্দ্রে পরিচালিত ডিপ্লোমা পাঠক্রমের স্বীকৃতিদানের জন্য প্রাথমিকভাবে সম্মত হয়েছেন।

অডিও-ভিসুয়াল ইউনিটের মাধ্যমে জেলাগুলিতে প্রদর্শনের জন্য চলচ্চিত্র উপদেষ্টা পর্ষদের সুপারিশক্রমে এই বিভাগ প্রাসঙ্গিক বিষয়ের উপর ৮টি তথ্যচিত্র ও একটি ভিডিও চলচ্চিত্রের স্বত্ব ক্রয় করেছেন। এছাড়া ভি সি পি ইউনিটগুলির জন্য ২৮টি গুরুত্বপূর্ণ তথ্যচিত্রের অনেকগুলি ভিডিও ক্যাসেট জেলা ও মহকুমাগুলিতে পাঠানো হয়েছে।

রাজ্য সরকার ও এন এফ ডি সির যৌথ প্রযোজনায় নির্মিত কাহিনীচিত্র 'নয়নতারা' সেন্সর কর্তৃপক্ষের ছাড়পত্র পেয়েছে এবং বাণিজ্যিক মুক্তির অপেক্ষায় রয়েছে। উন্নতমানের বাংলা ছবি প্রযোজনা ও প্রকৃত চলচ্চিত্রমোদীদের চাহিদা মেটাবার উদ্দেশ্যে এই সরকারের এটি একটি প্রচেষ্টা ইতিমধ্যেই অব্যাহত রয়েছে।

প্রদর্শকদের উৎসাহের অভাবে যে-সব ভাল বাংলা ছবি আগে দেখানো সম্ভব হয়নি সেগুলি মুক্তি পাওয়ার ব্যাপারে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। অশোক বিশ্বনাথন পরিচালিত 'শূন্য থেকে শুরু', সন্দীপ রায় পরিচালিত 'হিমঘর', রবীন্দ্রনাথ ঠাকুরের কাহিনী অবলম্বনে নির্মিতি ও নীতিশ মুখার্জি পরিচালিত 'রবিবার' বাণিজ্যিকভাবে নন্দনে মুক্তি পায় এবং বেশ ভাল সাড়া জাগাতে সক্ষম হয়। নন্দন ও ডব্লু বি এফ ডি সি পরিচালিত প্রেক্ষাগৃহগুলিতে ভবিষ্যতে এ ধরনের ছবি বাণিজ্যিকভাবে মুক্তি পাওয়ানোর ব্যাপারে চেষ্টা চালানো হচ্ছে।

কিছুকাল ধরে বাংলা চলচ্চিত্রের শিল্প ডামাডোলের মধ্যে রয়েছে। এই করুণ অবস্থার অন্যতম প্রধান কারণ হল ছবিটি একই সঙ্গে অনেকগুলি জায়গায় মুক্তি পাওয়ার জন্য প্রয়োজনীয় হলের অভাব। প্রদর্শকদের সহযোগিতার অভাবে বছরের পর বছর প্রথিতযশা পরিচালকদের ছবি মুক্তি পায়নি। এই পরিস্থিতি কাটিয়ে ওঠার জন্য এই বিভাগ 'অহীন্দ্র মঞ্চ'কে একটি চলচ্চিত্র প্রেক্ষাগৃহে রূপান্তরিত করেছেন এবং সেখানে মূলত বাংলা ছবি ও অন্যান্য আঞ্চলিক ভাষার ভাল ভাল ছবি দেখানো শীঘ্রই শুরু হবে। এর সঙ্গে সঙ্গে আরও ব্যবস্থা নেওয়া হয়েছে যে বিভিন্ন জেলার রবীন্দ্র ভবনগুলিতে মাসে ৭ থেকে ১০ দিন বাংলা ও অন্যান্য আঞ্চলিক ভাষার ছবি দেখানো হবে।

বেআইনিভাবে যেখানে সেখানে ভিডিও হল গজিয়ে উঠে এক গুরুতর সমস্যার সৃষ্টি করেছে। গ্রামাঞ্চলে বৈদ্যুতিক মাধ্যমের প্রসারের ব্যাপারে বাধা দেওয়া যদিও সরকারের নীতি নয় তবু ভিডিও পার্লারগুলির বেআইনি কার্যকলাপের প্রতিটি প্রয়াস ব্যর্থ করার ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে। পুলিশ, জেলাশাসক ও অন্যান্য কর্তৃপক্ষ এর বিরুদ্ধে অভিযান চালিয়ে যাচ্ছেন এবং কতকগুলি লাইসেন্সবিহীন ভিডিও হল বন্ধ করে দেওয়া হয়েছে। মাঝে মাঝে বিভিন্ন আদালতের অন্তবর্তী আদেশের ফলে এই বিভাগ এসব ক্ষেত্রে ঠিকমতো ব্যবস্থা নিতে পারছে না, যে ভিডিও হলগুলির বেআইনি কার্যকলাপ রুখতে ওইসব মামলা কার্যকরভাবে লড়ার ব্যাপারে পদক্ষেপ নেওয়া হচ্ছে।

১৯৮১-তে চলচ্চিত্র শিল্পে নিয়োজিত দুঃস্থ কলাকুশীলবদের কিছুটা আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড গঠন করা হয়। ১৯৯৫-৯৬ সালে এই ফান্ড থেকে ১,২৯,৪০০ টাকার আর্থিক সাহায্য দেওয়া হয়। এর ফলে দুঃস্থ কলাকুশীলবদের আপৎকালীন প্রয়োজন মেটানোর পথ সুগম হয়েছে। এই ফান্ডের সম্পদ বাড়ানোর চেষ্টা চলছে।

এ বছর বেতনক্রমের উন্নতি ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ-সুবিধার দাবিতে বেঙ্গল মোশন পিকচার্স এমপ্লয়িজ ইউনিয়নের ডাকা অনির্দিষ্টকাল ব্যাপী ধর্মঘটের জন্য বাংলা চলচ্চিত্র শিল্প এক বড় ধরনের সমস্যার সম্মুখীন হয়। অন্যদিকে ইস্টার্ন ইণ্ডিয়া মোশন পিকচারস অ্যাশোসিয়েশন সিনেমা হলের প্রবেশ মূল্য বাড়ানোর ও অন্যান্য কিছু ছাড়ের

দাবিতে অনড় থাকে। বি এম পি ই ইউ-এর দাবিগুলি শ্রমদপ্তরের এক্তিয়ারভুক্ত হলেও অচলাবস্থার নিরসনে এই বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। দীর্ঘ আলাপ-আলোচনার পর ধর্মঘট প্রত্যাহৃত হয় এবং একটি ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদিত হয়। সিনেমা কর্মীদের সঙ্গত দাবি অনেকাংশেই পূরিত হয়েছে। টিকিটের হারে সঙ্গতি আনা হয়েছে এবং প্রদর্শকদের প্রাপ্ত সুযোগ-সুবিধা থেকে চলচ্চিত্রমোদীরাও যাতে অধিকতর সুব্যবস্থা পেতে পারেন সেদিকে যথাযথ দৃষ্টি রাখতে লাইসেন্স কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

১৯৮৩-তে পরিচালনভার সরকার হাতে নেওয়ার পর থেকে টেকনিশিয়ান্স স্টুডিওর কাজের পরিধি উল্লেখযোগ্যভাবে বেড়ে গেছে। এখন সারা বছর সমস্ত ফ্লোরেই কাজ চলে এবং এ থেকে ভাড়াবাবদ আয় প্রচুর বেড়েছে। ১৯৯৫-৯৬ সালে এই স্টুডিওর উন্নয়নের জন্য এই দপ্তর ৮,৭৮,০০০ টাকা ব্যয় করেছে।

পূর্ববর্তী বছরগুলির মতোই নন্দনে এ বছর বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মসূচি রূপায়িত হয়েছে। এর মধ্যে রয়েছে ভাল ছবির এবং দেশি-বিদেশি বিশিষ্ট চলচ্চিত্রকারদের ছবির রেট্রোস্‌পেকটিভ দেখানো, ফিল্ম অ্যাপ্রিসিয়েশন কোর্সের আয়োজন করা, প্রদর্শনী, আলোচনাচক্রের ব্যবস্থা করা ইত্যাদি।

১৯৯৫-৯৬ সালে ১৩০০ বাণিজ্যিক শোর মাধ্যমে নন্দন ৩৫,৩৭,০০০ টাকা আয় করতে সক্ষম হয়েছে। গত বছরের তুলনায় এই আয় ৩৭%. বৃদ্ধি পেয়েছে। ন্যাশনাল ফিল্ম আর্কাইভস্ অফ ইণ্ডিয়ার সাহায্য ও সহযোগিতায় নন্দন ৫টি চলচ্চিত্র উৎসবের আয়োজন করে। এই উৎসবগুলিতে বিভিন্ন দেশের চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে। এই সময়কালে এশীয় চলচ্চিত্র, জার্মানির চলচ্চিত্র এবং শিক্ষাবিষয়ক চলচ্চিত্রের উৎসবও সংগঠিত হয়। চলচ্চিত্রের শতবর্ষ পূর্তি উপলক্ষে নন্দন একটি বিশেষ কর্মসূচি নিয়েছিল। চলচ্চিত্র সমালোচক, চলচ্চিত্র জগতের বহু বিশিষ্ট ব্যক্তিত্বের অংশগ্রহণ সার্থক হয়ে ওঠে এই কর্মসূচিতে।

প্রখ্যাত অর্থনীতিবিদ অমর্ত্য সেন ১৯৯৫-এর ডিসেম্বরে তাঁর 'সত্যজিৎ রায়' ভাষণ দেন। খ্যাতনামা চলচ্চিত্র নির্মাতা এস এম সথ্যু চলচ্চিত্র নির্মাণের বিভিন্ন দিক নিয়ে ভাষণ দেন। সম্ভবত নন্দনে সবচেয়ে গুরুত্বপূর্ণ উপলক্ষ হল অধ্যাপক নোম চমস্কির বক্তৃতা।

রূপায়ণ কালার ফিল্ম ল্যাবরেটরি গত কয়েক বছর ধরে চলচ্চিত্র নির্মাণের পরিকাঠামোর প্রসারে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। ১৯৯৫ সালে ২৬টি কাহিনীচিত্র এবং ৫টি তথ্যচিত্রের পরিস্ফুটনের কাজ এই ল্যাবরেটরিতে সম্পন্ন হয়েছে। রূপায়ণের পরিচালন কর্তৃপক্ষ নতুন আরও ৩৭টি কাহিনীচিত্র ও ১৬টি তথ্যচিত্রের প্রযোজকদের সঙ্গে পরিস্ফুটনের কাজের জন্য চুক্তিবদ্ধ হয়েছেন। ওই বছরে ওয়েস্ট বেঙ্গল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন পরিবেশনার কাজ থেকে ৬০ লক্ষ টাকা আয় করতে সক্ষম হয়েছে। চলচ্চিত্রের সর্বোচ্চ পুরস্কারে ভূষিত 'উনিশে এপ্রিল'-এর পরিস্ফুটনের কাজ আংশিকভাবে রূপায়ণেই সম্পন্ন হয়েছে। কর্পোরেশন ইতিমধ্যে উল্লেখযোগ্য ছয়টি বাংলা ছবি 'গুপী গাইন বাঘা বাইন', 'হীরক রাজার দেশে', 'গুপী বাঘা ফিরে এলো', 'কোনি, 'সোনার কেল্লা' এবং 'চোখ'-এর ভিডিও ক্যাসেট প্রকাশ করেছে।

**ভাষা শাখা**

সরকারি কাজকর্মে বাংলাভাষা ব্যবহারের ব্যাপারে সরকারের খুব স্পষ্ট নীতিগত সিদ্ধান্ত থাকলেও এবং আমাদের যথেষ্ট আন্তরিকতা থাকলেও আমরা এ ব্যাপারে খুব একটা সফল হতে পারিনি। গতানুগতিক মনোভাব ত্যাগ করা এবং পুরানো অভ্যাস ছেড়ে আসা কঠিন বলেই হয়তো আমরা কৃতকার্য হতে পারিনি। তা সত্ত্বেও মুদ্রলেখকদের প্রশিক্ষণ দেওয়ার কাজ চালু আছে। বাংলা মুদ্রলেখযন্ত্র আমরা সরবরাহ করছি। বিভিন্ন বিভাগ, প্রয়োজনবোধে তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে বাংলা অনুবাদককের সহায়তাও পেয়ে থাকেন। বাংলা পরিভাষার বইও বাংলা একাদেমি থেকে প্রকাশিত হয়েছে। আমরা মনে করি পঞ্চায়েত, পুলিশ, ভূমিসংস্কার প্রমুখ যে-সমস্ত বিভাগ কাজকর্মের মাধ্যমে সরাসরি জনগণের সঙ্গে সম্পর্কযুক্ত সেইসব কাজকর্ম অবশ্যই প্রাথমিকভাবে বাংলা ভাষায় চালু হওয়া উচিত। জনগণের ব্যবহারযোগ্য যে-সব ফর্ম, রিপোর্ট ইত্যাদি এইসব বিভাগের রয়েছে সেগুলি সত্বর বাংলা ভাষায় অনূদিত হওয়া দরকার। এই সব বিভাগের কাজকর্ম একটা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বাংলা ভাষায় চালু করতে হবে। এবং ক্রমশ অন্য বিভাগেও তা সম্প্রসারিত করতে হবে। এ বিষয়ে একটা সিদ্ধান্তে আসার জন্য সম্প্রতি মুখ্যসচিবের সঙ্গে মাঝে মাঝেই আমরা বসছি এবং আশা করছি খুব সত্বর স্থির সিদ্ধান্তে পৌঁছতে পারব।

**প্রত্নতত্ত্ব ও সংগ্রহশালা শাখা ঃ**

গত আর্থিক বছরে প্রত্নতত্ত্ব ও সংগ্রহশালা অধিকার পশ্চিমবঙ্গের প্রত্নতত্ত্ব সম্পর্কিত নানা বিষয়ের উপর কাজ করে গেছে।

বিগত তিন বছর ধরে প্রত্নতত্ত্ব অধিকার মালদহ জেলার হাবিবপুরে একটি গুরত্বপূর্ণ বৌদ্ধবিহারের উৎখনন কার্য চালাচ্ছে। এই মরশুমে সে খনন কার্য চালানো হয়েছে তার ফলে বিভিন্ন প্রকোষ্ঠ ও কৌণিক স্তম্ভ-সহ একটি সুসংগঠিত বিহারের নক্‌শা আত্মপ্রকাশ করেছে। আমরা উৎখনন কার্যের সীমানা অনেকখানি বাড়াতে পেরেছি। তার ফলে বৌদ্ধবিহারটির নক্‌শা সুস্পষ্টভাবে সামনে এসেছে। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল বিহারটির ছাদ। স্বাধীনতার পরে পশ্চিমবঙ্গের উত্তরাংশে এই প্রথম একটি বৌদ্ধবিহার খুঁজে পাওয়া গেল ও তা নিশ্চিতভাবে চিহ্নিতও করা গেল। বাংলার প্রাচীন ইতিহাস রচনায় এই আবিষ্কার একটি নতুন অধ্যায় সংযোজিত করবে। আগামী বছরগুলিতেও উৎখননকার্য চলবে। ওই গ্রামে বহু গুরুত্বপূর্ণ ঢিবি আছে এবং প্রত্নতাত্ত্বিক পরিস্থিতি সম্বন্ধে একটি সুসমন্বিত ধারণায় পৌঁছতে ওই সমস্ত ঢিবিগুলির উৎখননের প্রস্তাবও আছে।

মালদহ জেলার জেলা পরিষদ ও জেলা প্রশাসন জগজীনপুরে 'তুলাভিটা' ঢিবির বাসিন্দাদের গ্রামের অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করায় ভবিষ্যতে উৎখননকার্য চালিয়ে যেতে সুবিধা হবে।

জগদীশপুরে উৎখননকার্য চালিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে প্রাচীন জনপদগুলির ব্যাপ্তি ও প্রকৃতি নিরূপণ করতে প্রতিবেশী গ্রামগুলিতেও অনুসন্ধান কার্য চালিয়ে যাচ্ছে প্রত্নতত্ত্ব অধিকার। এর ফলে লোনসা ও লক্ষ্মীপুরে দুটি গুরুত্বপূর্ণ প্রত্নস্থল চিহ্নিত করা গেছে।

দার্জিলিং জেলার রঙ্গিত উপত্যকা ও অন্যান্য কয়েকটি নদীর ধার বরাবর এই অধিকারের তত্ত্বাবধানে অনুসন্ধান কার্য চালানো হয়েছে। তার ফলে প্রস্তরযুগের শেষ ভাগের বেশ কিছু প্রত্নবস্তু ওই অঞ্চল থেকে পাওয়া গেছে। অন্যান্য যে সমস্ত স্থানে প্রত্নতত্ত্ব অধিকার অনুসন্ধান কার্য চালিয়েছেন তার মধ্যে উল্লেখযোগ্য হল মেদিনীপুর জেলার তিলদা। আগামীতে এই স্থানটি ও আশপাশের অন্যান্য স্থানেও অনুসন্ধান চালিয়ে যাওয়া হবে।

আগামী কয়েক বছর পশ্চিমবঙ্গে উত্তরভাগে প্রত্নানুসন্ধান চালানোর ওপর আমরা জোর দেব। এই সূত্রে মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার গ্রামে গ্রামে প্রত্নবস্তুসমীক্ষা চালিয়ে যাওয়ার একটি পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। তবে দক্ষিণবঙ্গে বিশেষত কংসাবতী ও তার শাখানদীগুলির আশপাশেও আমাদের কাজ অব্যাহত থাকবে। আমাদের যথেষ্ট পরিমাণে পরিসম্পদ ও লোকবল না থাকায় বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছে সহযোগিতার প্রস্তাব রেখেছি। এই কাজ সম্পাদন করার ব্যাপারে যে সমস্ত রীতিনীতি বা প্রণালী আছে সেগুলি খতিয়ে দেখা হচ্ছে।

একটা সুখের বিষয় এই যে রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালার জন্য একটি সুসজ্জিত ভবন তৈরি করার উদ্দেশ্যে সমস্ত রকম প্রয়োজনীয় ব্যবস্থা আমরা নিতে পেরেছি। প্রসঙ্গত উল্লেখযোগ্য, রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালাটি রাজ্যের দ্বিতীয় বৃহত্তম সংগ্রহশালা। নতুন ভবনটির ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে এবং প্রথম পর্যায়ের কাজের জন্য আনুমানিক ১৯ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। স্থানের যথেষ্ট সংকুলান না থাকলেও আমাদের রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালার বেশ কিছু কর্মসূচি হাতে নিয়েছে। বাংলার আদি ঐতিহাসিক পর্বের উপর একটি নতুন গ্যালারি খোলা হয়েছে। এই সংগ্রহশালার আলোকচিত্রণ বিভাগটি কাজ শুরু করেছে। সংরক্ষণ গবেষণাগারটিকে আরও সমৃদ্ধ করা হয়েছে। এখন এটি রাজ্যের অন্যান্য ছোট ছোট সংগ্রহশালাগুলির প্রয়োজন মেটাচ্ছে। গত বছরে সংগ্রহশালার এই সংগ্রহের তালিকায় যুক্ত হয়েছে বিভিন্ন কোষাগার, থানা এবং অন্যান্য সরকারি সংগ্রহ থেকে অধিগৃহীত বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রাচীন প্রত্নবস্তু। ঐতিহাসিক প্রত্নবস্তুর খোঁজে এখন আমরা সকল জেলা ও মহকুমার কোষাগারগুলিতে নিয়মিতভাবে অনুসন্ধান করছি। আগামী বছর রাজ্যের প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালায় আরও কিছু নতুন গ্যালারি খোলার পরিকল্পনা এই অধিকারের আছে। জনজীবনপুরে যে-সমস্ত সংগৃহীত হয়েছে বা হচ্ছে, সেগুলি নিয়ে একটি স্থায়ী গ্যালারি তৈরি করা হবে। প্রত্নতত্ত্ব অধিকার রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালাকে কেন্দ্র করে একটি জনপ্রিয় শিক্ষা কর্মসূচি চালু করবে।

শুধুমাত্র রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালার মধ্যেই আমাদের প্রচেষ্টা সীমাবদ্ধ নয়। জেলাস্তরে সংগ্রহশালা গড়ে তুলতে আমরা বিভিন্ন জেলার জেলা পরিষদ ও আগ্রহী লোকেদের সঙ্গে যোগাযোগ স্থাপন করছি। বালুরঘাট ও রায়গঞ্জে আমাদের এই প্রচেষ্টা কিছুটা ফলপ্রসু হয়েছে। জেলা সংগ্রহশালা কমিটি গঠন করা হয়েছে। রাজ্য সরকার কমিটিগুলিকে সহায়তা করছেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছেও এই সমস্ত সংগ্রহশালাকে সাহায্যের জন্য বলেছি। আরও কিছু জেলায় আমরা এই প্রচেষ্টা চালাব। আমাদের এই প্রচেষ্টার ফলে সংগ্রহশালার ব্যবস্থাপনায় সাধারণ মানুষের অধিকতর অংশগ্রহণ সুনিশ্চিত হবে। আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে বিখ্যাত ভাস্কর চিন্তামণি করের বাসগৃহ (নরেন্দ্রপুর রথতলা) একটি সংগ্রহশালা

গড়ে তোলা হয়েছে, সারা দেশে এই ধরনের সংগ্রহশালা সম্ভবত আর একটিও নেই। আমাদের মধ্যে এখনও আছেন এমন একজন শিল্পীর জীবন ও কর্মকাণ্ড এই সংগ্রহশালা একটি সম্যক ধারণা দিতে পারবে। রাজ্যের ক্ষুদ্রতর সংগ্রহশালাগুলির প্রয়োজনকে মাথায় রেখে, এই অধিকার প্রদর্শশালার সামগ্রীসমূহের সংরক্ষণ সংক্রান্ত ১০ দিনের একটি পাঠক্রমের আয়োজন করেছিল। পশ্চিমবঙ্গের বিভিন্ন গ্রামীণ সংগ্রহশালা থেকে ২২ জন প্রতিনিধি এই পাঠক্রমে যোগ দিয়েছিলেন। পরবর্তী পর্যায়ে স্থানীয় সংগ্রহশালাগুলির প্রয়োজন পূরণের জন্য বিভিন্ন নগর ও গ্রামে সংরক্ষণ শিবিরের ব্যবস্থা করা হবে। বালুরঘাট এবং বিষ্ণুপুরে এই ধরনের শিবির সংগঠিত করার প্রস্তাব রয়েছে। এই অধিকার বিভিন্ন জেলায় গুরুত্বপূর্ণ আন্ডার গ্র্যাজুয়েট কলেজ যেগুলিতে সুসজ্জিত বিজ্ঞান গবেষণাগার রয়েছে, সেগুলির সহযোগিতায় সংরক্ষণ সম্পদ কেন্দ্র (কনজার্ভেশন রিসোর্স সেন্টার) স্থাপনের চিন্তাভাবনা করছে।

এই অধিকার বেশ কয়েকটি সংগ্রহশালাকে আর্থিক সহায়তা দিয়েছে। এর মধ্যে আছে বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের বঙ্গীয় সাহিত্য পরিষদ মিউজিয়াম। উত্তরবঙ্গ একটি আঞ্চলিক প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালা গড়ে তোলার জন্যও এই অধিকার আর্থিক সহায়তা দিয়েছে। এই কর্মসূচিটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহায়তাও পেয়েছে।

হুগলি জেলার গুড়াপে নন্দদুলাল জীউয়ের মন্দিরটির প্রত্নতাত্ত্বিক সংরক্ষণের কাজ জিলা পরিষদের সহায়তায় এ বছর শুরু হবে। এই উদ্দেশ্যে প্রয়োজনীয় অর্থ ইতিমধ্যেই মঞ্জুর হয়েছে। জগজীবনপুরে উৎখনন স্থলের কাঠামোগত সংস্কারের কাজও হাতে নেওয়া হবে। পুরুলিয়া জেলায় বোরামে প্রত্নতাত্ত্বিক গুরুত্বসম্পন্ন বেশ কিছু প্রাচীন ইটের মন্দিরের সংরক্ষণের ব্যাপারে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার সঙ্গে এই অধিকারের আলাপ আলোচনা চলছে। স্মারক স্তম্ভগুলির সংরক্ষণ ও নিরাপত্তার কাজে পঞ্চায়েত ও পৌরসংস্থাগুলি কীভাবে অংশগ্রহণ করতে পারে—সেই নীতিগুলি আমরা পর্যালোচনা করছি।

জনসাধারণের মধ্যে আমাদের ঐতিহ্য সম্পর্কে চেতনার বিকাশ ঘটাতে প্রত্নতত্ত্ব অধিকার স্থানীয় ইতিহাস ও পুরাতত্ত্বের ওপর রাজ্যব্যাপী প্রচারাভিযান চালাবে। এ ব্যাপারে আমরা পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদ ও অন্যান্য অনুরূপ সংস্থার সঙ্গে যোগাযোগ স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছি। এই অধিকারের পক্ষ থেকে যে-সমস্ত গবেষণামূলক কাজ করা হয়েছে তার মধ্যে প্রামাণ্য প্রত্নতাত্ত্বিক মানচিত্র (অ্যানোটেটেড আর্কিওলজিক্যাল অ্যাটলাস)-এর উল্লেখ করা প্রয়োজন।

বিশদ ব্যাখ্যা-সহ আটটি মানচিত্রের একটি সেট প্রস্তুত করা হয়েছে এবং প্রকাশের পূর্বে তা বিশেষজ্ঞদের মতামতের জন্য পাঠানো হয়েছে। এই কাজ চলবে। সেজন্য এই অধিকার নয়াদিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় ও কলকাতার সেণ্টার ফর স্টাডিজ অফ সোশ্যাল সায়েন্সের বিগদ্ধ বিশেষজ্ঞদের সহায়তা নিচ্ছে। গৌড় ও পাণ্ডুয়াকে কেন্দ্র করে মধ্যযুগের বাংলার নগরায়ণ গবেষণা প্রকল্পের যে কাজ হাতে নেওয়া হয়েছিল তা প্রায় শেষ হতে চলেছে। এই কাজ করতে গিয়ে আমরা বহু সম্পদশালী পুঁথিগত ও প্রত্নতাত্ত্বিক সামগ্রী সংগ্রহ করতে পেরেছি। এসব সামগ্রী এখন রাজ্য প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালায় রক্ষিত রয়েছে। এই প্রকল্পে অংশগ্রহণকারী কলকাতা বিশ্ববিদ্যালয় ও এই অধিকারের পণ্ডিতগণ একটি বিস্তৃত প্রকরণগ্রন্থ তৈরির কাজে হাত দিয়েছে। অনুরূপভাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন

ভারতীয় ইতিহাস ও সংস্কৃতি বিভাগের বিশিষ্ট পণ্ডিতদের সহায়তায় কলকাতার ঐতিহাসিক প্রাসাদগুলির একটি বর্ণনামূলক তালিকা প্রস্তুত করা হচ্ছে। এই কাজ চালু থাকবে।

এই অধিকারের প্রকাশনা কর্মসূচি পুরোদমে চলছে। প্রত্নসমীক্ষার দ্বিতীয় ও তৃতীয় খণ্ড প্রকাশের পর এই অধিকার বর্তমানে চতুর্থ খণ্ডের বিষয় প্রস্তুত করছে। এটা খুব সন্তোষের বিষয় যে এই পত্রিকার মাধ্যমে এই অধিকার উৎখনন সংক্রান্ত কী কী কাজ এ পর্যন্ত করতে পেরেছে তার প্রতিবেদন প্রকাশ করতে পেরেছে। এই পত্রিকা আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। মালদা জেলার পুরাকীর্তি বিষয়ক খণ্ডটি প্রকাশের মুখে। অনুরূপভাবে অগ্রণী ঐতিহাসিক প্রত্নতত্ত্ববিদ ননীগোপাল মজুমদারের জন্মশতবার্ষিকী স্মরণে প্রবন্ধসমূহের একটি গুরুত্বপূর্ণ খণ্ড খুব শীঘ্রই প্রকাশ করা হবে। ভারতবর্ষের ও বিদেশের পণ্ডিতদের লেখা ৪০টি প্রবন্ধ সম্বলিত 'এক্সপ্লোরেশন ইন আর্ট অ্যান্ড আর্কিওলজি অব সাউথ এশিয়া' শীর্ষক খণ্ডটির সম্পাদনা ডাঃ দেবলা মিত্র করছেন। আগামী বছর এই অধিকার রাজ্য প্রত্নতত্ত্ব সংগ্রহশালায় সংরক্ষিত পুরাবস্তুর সূচিতালিকা প্রকাশ করবে। প্রাচীন মুদ্রা সংগ্রহের ওপরে একটি সূচিতালিকা ইতিমধ্যেই ছাপাখানায় পাঠানো হয়েছে। পশ্চিমবঙ্গের গ্রামীণ সংগ্রহশালার একটি নামপঞ্জি প্রকাশ করার ব্যাপারে আমরা পরিকল্পনা নিয়েছি।

গত বছর আমরা পূর্ব ভারতের প্রত্নতত্ত্ব বিষয়ে একটি স্বশাসিত প্রতিষ্ঠান গড়ে তোলার প্রস্তাব দিয়েছিলাম। এই 'সেন্টার ফর আর্কিওলজিক্যাল স্টাডিস্ অ্যান্ড ট্রেনিং ইস্টার্ন ইণ্ডিয়া সংস্থাটির আনুষ্ঠানিক উদ্বোধন হয় ৫ নভেম্বর, ১৯৯৫। ইতিমধ্যে এই সংস্থা চারজন পূর্ব ভারতের প্রত্নতত্ত্ব সম্পর্কে বিভিন্ন দিক নিয়ে স্বাধীনভাবে গবেষণা করার জন্য নিয়োগ করেছে। এই সংস্থায় যে সমস্ত প্রকল্প রূপায়ণের পথে, তার মধ্যে আছে পূর্ব ভারতের প্রত্নতত্ত্বের ওপর একটি কম্পিউটারাইজড্ ডাটা ব্যাঙ্কের প্রস্তুতি। এটা অত্যন্ত আশার কথা যে আমাদের এই প্রচেষ্টা পূর্ব ভারতের বিভিন্ন বিদগ্ধ গুণিজনের, বিভিন্ন সরকারের ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উচ্ছ্বাসিত প্রশংসা কুড়িয়েছে। ইতিমধ্যে এই সংস্থা গুরুত্বপূর্ণ বক্তৃতা ও আলোচনাসভার আয়োজন শুরু করেছে। আগামী বছরে প্রত্নতত্ত্বের বিভিন্ন সমস্যার ওপর অনেকগুলি পাঠক্রম চালু করবে এই সংস্থা। সেই সঙ্গে এই সংস্থা যুগপৎভাবে নবীন ও সম্ভাবনাময় গবেষকদের সাহায্য করবে ও সমগ্র পূর্বাঞ্চলে গবেষণাকার্যে এবং প্রশিক্ষণে সমন্বয় সাধন করবে। আমরা ভারত সরকার ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানকে অনুরোধ জানাচ্ছি যে তাঁরা যেন এই সংস্থাটিকে আর্থিক সহায়তা দান করেন। এটিকে একটি প্রধান গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা আমরা চালিয়ে যাব।

## Demand Nos. 39

The printed speech of **Shri Santi Ranjan Ghatak, Smt. Chhaya Bera and Shri Bansagopal Chowdhuri** on Demand 39 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৩৯ নং দাবির অধীনে মুখ্যখাত '২২৩০-শ্রম এবং কর্মনিয়োগ' এর ব্যয় নির্বাহের জন্য ৪২,১২,৭০,০০০ (বিয়াল্লিশ কোটি বারো লক্ষ

সত্তর হাজার) টাকা মঞ্জুর করার জন্য প্রস্তাব করছি। [ইতিপূর্বে ভোট অন-অ্যাকাউন্ট-এ মঞ্জুর করা ১৪,০৫,০০,০০০ (চোদ্দ কোটি পাঁচ লক্ষ) টাকাও উক্ত পরিমাণ টাকার মধ্যে ধরা হয়েছে]।

২.১। পূর্ববর্তী বৎসরগুলির ন্যায় কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের অধীনস্থ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং অধিকার-এর ১৯৯৬-৯৭ সালের বাজেট বরাদ্দ বর্তমান মুখ্যখাত ২২৩০-শ্রম এর এবং কর্মনিয়োগ-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের জন্য কোনও পৃথক 'বাজেট খাত' করা হয় নি। মাননীয় সদস্যগণ অবগত আছে যে শ্রী বংশগোপাল চৌধুরী কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের মন্ত্রী।

২.২। রাজ্য সরকার স্বনিযুক্তি কর্ম প্রকল্প দ্রুত রূপায়ণের উপর অধিক গুরুত্ব আরোপ করেছেন। আমার সহকর্মী শ্রীমতী ছায়া বেরা স্বনিযুক্তি কর্মসংস্থান (শহরাঞ্চল) ও কর্মবিনিয়োগ কেন্দ্র এবং কর্মচারী রাজ্যবিমা (চিকিৎসা সংক্রান্ত সুবিধা) প্রকল্পের প্রশাসনিক দায়িত্বে আছেন। প্রয়োজনীয় বাজেট বরাদ্দ ৩৯নং দাবির অধীনে মুখ্যখাত "২২৩০-শ্রম এবং কর্মবিনিয়োগ এ ধরা আছে। শ্রীমতী ছায়া বেরা ও শ্রী বংশগোপাল চৌধুরী তাদের অধীনস্থ বিষয় সম্পর্কে বিতর্কে অংশগ্রহণ করবেন।

৩.১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দপ্তরের কার্যাবলী সম্বন্ধে বলার পূর্বে আমি এমন কতকগুলি গুরুত্বপর্ণ বিষয় সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই যা সাধারণভাবে শ্রমিকশ্রেণীর স্বার্থের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। গত বছরের বাজেট বক্তৃতার সময় আমি বলেছিলাম যে, পূর্বতন কেন্দ্রীয় সরকারের অনুসৃত অর্থনীতি এবং শিল্পনীতি নুতন বিনিয়োগ, নতুন কর্মের সুযোগ সৃষ্টি এবং দেশের জনগণের জীবন ধারণের মান উন্নয়নের ব্যাপারে অভীষ্ট ফল লাভে সক্ষম হয়নি। আরও একবৎসর কেটে গেছে। পূর্বতন কেন্দ্রীয় সরকার যে উদার অর্থনীতি ব্যক্তিগত মালিকানা ও মুক্ত বাজারভিত্তিক অর্থনীতি অনুসরণ করছেন তা এ পর্যন্ত কর্ম সৃষ্টির ব্যাপারে কোনও অনুকূল প্রভাব ফেলতে পারে নি, বরং এই নীতির ফলে তা সংকুচিত হয়েছে। প্রাক্তন কেন্দ্রীয় সরকারের অর্থনীতি ও শুল্কনীতি দ্রব্যমূল্যের দ্রুত ঊর্ধ্বগতি রোধ করতেও ব্যর্থ হয়েছে। অথচ দরিদ্র মেহনতি মানুষের স্বার্থে এ-সব বিষয়ে নির্দিষ্ট পদক্ষেপ নেওয়া জরুরি। এই মেহনতি মানুষেরাই সমাজের প্রয়োজন মেটানোর জন্য দ্রব্য উৎপাদন করে থাকেন এবং সেবামূলক কাজের ধারা অব্যাহত রাখেন। দরিদ্র জনগণের দুঃখ-দুর্দশা লাঘবের জন্য নিয়মিতভাবে এবং ন্যায্যমূল্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে বিলি করা দরকার। পূর্বতন ভারত সরকার এই বিষয়টি গুরুত্ব বিবেচনা করেন নি।

৩.২। মাননীয় মহাশয় ইতিমধ্যে কেন্দ্রে সরকারের পরিবর্তন ঘটেছে। যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রে দায়িত্বে এসেছেন। এই সরকারের প্রথম নীতিসংক্রান্ত বিবৃতিতে অন্যান্য কর্মসূচি ছাড়াও রাজ্যগুলিকে অধিকতর ক্ষমতা হস্তান্তর, ২০০৫ সালের মধ্যে দারিদ্র দূরীকরণ, বৎসরে ১০০ দিন কাজের নিশ্চয়তা, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য ১৫ দফা কর্মসূচির বিস্তার, ফরেন ইনভেস্টমেন্ট প্রমোশন বোর্ড এবং বোর্ড ফর ইন্ড্রাস্ট্রিয়াল অ্যাণ্ড ফিনান্সিয়াল রিকনস্ট্রাকশনের কাজকর্ম পর্যালোচনা প্রভৃতির উপর জোর দিয়েছেন। আরও বলা হয়েছে যে, শিল্পে রুগ্নতার মোকাবিলা করার জন্য একটি নতুন আইন চালু করা হবে। এই নীতিসংক্রান্ত বিবৃতিতে দেশের অর্থনীতিতে সরকার পরিচালনাধীন শিল্পের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। সরকারি ক্ষেত্রকে শক্তিশালী

করার এবং কেন্দ্রীয় সরকার পরিচালনাধীন রুগ্ন শিল্প সংস্থাগুলিকে পুরুজ্জীবনের কথা তারা বলেছেন। স্পষ্টভাবে আরও বলা হয়েছে যে কর্ম অগ্রাধিকার ক্ষেত্রসমূহে বহুজাতিক সংস্থার প্রবেশ নিরুৎসাহিত করা হবে। যুক্তফ্রন্ট সরকার দারিদ্র সীমার নিচে অবস্থিত পরিবারসমূহকে সাহায্য করতে এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহমূল্যের অর্ধেক দামে দিতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা এ-সব কর্মসূচিকে আন্তরিকভাবে স্বাগত জানাচ্ছি।

৪। মাননীয় সদস্যগণ একমত হবেন যে, সরকারি এবং বেসরকারি শিল্পপ্রতিষ্ঠান-গুলিতে রুগ্নতা একটি প্রধান সমস্যা এবং এটিকে যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে মোকাবিলা করা দরকার। এই রাজ্যসহ দেশের সর্বত্র ওয়াগন তৈরি শিল্প এবং তৎসংশ্লিষ্ট সহায়ক শিল্পগুলি ভারতীয় রেলওয়ের কাছ থেকে বরাদ্দ না পাওয়ার ফলে ধুঁকছে। অথচ এই সব শিল্পে প্রায় তিন লক্ষ শ্রমিক নিযুক্ত আছেন। ভারত সরকারের উপর চাপ সৃষ্টির ফলে ওয়াগনের জন্য কিছু বরাদ্দ পাওয়া গিয়েছে। কিন্তু প্রধানত কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন ওয়াগন তৈরি প্রতিষ্ঠানগুলিতে আর্থিক সংকটের ফলে বরাদ্দ অনুযায়ী ওয়াগন নির্মাণ কার্য অব্যাহত রাখতে পারছে না। একইভাবে এ রাজ্যে অবস্থিত অন্যান্য অনেক কেন্দ্রীয় সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কার্যকর মূলধনের অভাবে ধুঁকছে। এন. টি. সি. এবং এন. জে. এম. সি.-র অধীনস্থ মিলগুলি পুরুনজ্জীবনের জন্য উন্নয়ন পরিকল্পনা অনুযায়ী কাজ এখনও শুরু হয় নি। আমরা ভারত সরকারকে বলে আসছি যে কেন্দ্রীয় সরকারি মালিকানাধীন রুগ্ন শিল্প প্রতিষ্ঠানগুলিকে পুনর্বাসন প্রকল্প সার্থকভাবে রূপায়ণ না হওয়া পর্যন্ত বাজেটে আর্থিক বরাদ্দ দেওয়া হোক। বি. আই. এফ. আর.-এর বিবেচনাধীন শিল্পপ্রতিষ্ঠানগুলির শুনানী নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমাপ্ত হওয়া দরকার। আমরা প্রস্তাব করেছি যে মালিক ও ইউনিয়নগুলি যৌথভাবে পুনর্বাসন পরিকল্পনা পেশ করলে তার বি. আই. এফ. আর.-এর নিকট অগ্রাধিকার পাওয়া উচিত। আমরা দেখছি যে বেশ কিছু ক্ষেত্রে ব্যাঙ্ক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলি পুনর্বাসন পরিকল্পনা রূপায়ণের ব্যাপারে অংশগ্রহণ করছে না যদিও প্রকল্পগুলি এদের সম্মতিক্রমেই বি. আই. এফ. আর. অনুমোদন করেছিল। এই প্রবণতা বন্ধ করা উচিত। আমরা ভারত সরকারের কাছে প্রস্তাব করেছি যে প্রয়োজনানুযায়ী সংশ্লিষ্ট আইনগুলিতে শাস্তিসংক্রান্ত ধারা সংযোজন করতে হবে যাতে শিল্পের পুনর্বাসনের ব্যাপারে অসহযোগিতা করলে সংশ্লিষ্ট পক্ষকে শাস্তির আওতায় আনা যায়। আমি আশা করি কেন্দ্রের বর্তমান সরকার আমাদের প্রস্তাবগুলি বিবেচনা করবেন।

৫। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, জাতীয় পুনর্নবীকরণ তহবিল প্রধানত কেন্দ্রীয় সরকার পরিচালিত শিল্পসংস্থাগুলিতে কর্মরত শ্রমিকদের স্বেচ্ছা-অবসর গ্রহণকালীন ক্ষতিপূরণ দেওয়ার জন্য ব্যয় করা হচ্ছে। ইতিমধ্যে ৬০টি কেন্দ্রীয় সরকার পরিচালিত শিল্প প্রতিষ্ঠান থেকে যে ৭০,০০০ শ্রমিক-কর্মচারী স্বেচ্ছা-অবসর গ্রহণ করেছেন তাদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য ভারত সরকার ১২০০ কোটি টাকা ব্যয় করেছেন। তুলনামূলকভাবে প্রশিক্ষণপ্রাপ্ত ও পুনর্নিযুক্ত শ্রমিক-কর্মচারীর সংখ্যা নিতান্তই নগণ্য। এই সব শ্রমিক-কর্মচারিরা কোথায় কি অবস্থায় আছেন সে ব্যাপারে ভারত সরকারের সংশ্লিষ্ট দপ্তরে বিশেষ কোনও তথ্য নেই। এ ভাবে বহু শ্রমিকের মূল্যবান দক্ষতার অপচয় হচ্ছে। এর ফলে বেকারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং শিল্পসংস্থানগুলিতে শ্রমিক সংখ্যা হ্রাস পাচ্ছে। আমাদের অভিমত হচ্ছে যে শিল্পপ্রতিষ্ঠানের

পুনর্গঠনের ফলে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ক্ষতিপূরণ দেওয়ার পরিবর্তে জাতীয় পুনর্নবীকরণ তহবিল প্রধানত শ্রমিকদের প্রশিক্ষণ দান, পুনর্নিয়োগ এবং নূতন কর্মসৃষ্টির জন্য ব্যয় করা উচিত। আমরা আরও প্রস্তাব করেছি, এই তহবিল থেকে রাজ্য সরকারকে অর্থ বরাদ্দ করা হোক যাতে রাজ্য সরকার পরিচালিত রুগ্ন শিল্পপ্রতিষ্ঠানগুলির পুনর্বাসন এবং ঐ সব প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারিদের প্রশিক্ষণ ও পুনর্নিয়োগ সম্ভব হয়। আমি বিভিন্ন সময়ে ভারত সরকারকে অনুরোধ করেছি যাতে জাতীয় পুনর্নবীকরণ তহবিল ব্যবহার করার জন্য নূতন নির্দেশাবলী প্রণয়ন করা হয়। দুঃখের বিষয় এ পর্যন্ত এ ব্যাপারে কিছুই করা হয় নি। আমাদের আশা বর্তমান কেন্দ্রীয় সরকার আমাদের প্রস্তাবগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করবেন এবং জাতীয় পুনর্নবীকরণ তহবিল ব্যবহারের জন্য নূতন নির্দেশাবলী তৈরি করবেন।

৬। বি. আই. এফ. আর.-এর বিবেচনাধীন যে সব শিল্পপ্রতিষ্ঠান আছে তাদের সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে রাজ্য সরকার কতকগুলি নীতি প্রণয়ন করেছেন। বন্ধ ও রুগ্ন শিল্প প্রতিষ্ঠানগুলিতে নতুন শিল্পদ্যোগী আনয়ন অথবা শ্রমিক শিল্প-সমবায় গঠনের মাধ্যমে সেগুলিকে পুনর্বাসন দেওয়ার চেষ্টা চালানো হয়ে থাকে। কিন্তু ভারত সরকারসহ সকলের সহযোগিতা এবং পৃষ্ঠপোষকতা এসব শ্রমিক শিল্প-সমবায়ের পক্ষে একান্ত প্রয়োজন। ভারত সরকার জাতীয় পুনর্নবীকরণ তহবিলের একাংশ শ্রমিক শিল্প সমবায়গুলিকে সাহায্য করার জন্য সংরক্ষিত রাখতে পারেন।

৭। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে পূর্বতন কেন্দ্রীয় সরকার কতকগুলি প্রতিষ্ঠানকে কাজকর্মের প্রকৃতি অথবা প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকের সংখ্যা অথবা উভয়কে ভিত্তি করে শ্রমবিরোধ আইনের আওতা বহির্ভূত করার জন্য ১৯৪৭ সালের শ্রমবিরোধ আইনের সংশোধন করতে চেয়েছিলেন। এসব কাজকর্মের মধ্যে আছে শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, নার্সিং হোম, সমবায় সমিতি ইত্যাদি যেখানে শ্রমিকের সংখ্যা দশের কম। শ্রমবিরোধ আইনের উদ্দেশ্য হ'ল মালিক এবং শ্রমিক উভয়ের জন্য সামাজিক ন্যায় প্রতিষ্ঠা করা এবং উভয় পক্ষের মধ্যে সমন্বয় সাধন ও সুসম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে শিল্পের অগ্রগতির ধারা অব্যাহত রাখা। প্রস্তাবিত সংশোধন শ্রমবিরোধ আইনের এই মূল নীতির বিরোধী। আমরা প্রস্তাবিত সংশোধনের ব্যাপারে আপত্তি জানিয়েছি। কারণ এর ফলে শ্রমিকশ্রেণীকে প্রতিকারবিহীনভাবে মালিকের দয়ার উপর নির্ভর করতে হবে। এর ফলে সকল প্রকার শোষণ ও দুর্নীতির পথ খুলে যাবে। আমরা জানিয়েছি যে প্রস্তাবিত সংশোধনের পূর্বে সংশ্লিষ্ট আইনের পরিবর্তন করে অথবা শ্রমবিরোধ আইনের ২বি অধ্যায়ে উল্লিখিত নালিশ মেটানো কর্তৃপক্ষের এক্তিয়ার বৃদ্ধি করে বিকল্প ব্যবস্থা করতে হবে।

৮.১। মাননীয় সদস্যগণের স্মরণ আছে যে বিগত বাজেট বক্তৃতার সময় আমি উল্লেখ করেছিলাম যে উন্নত দেশগুলি বিশ্ব বাণিজ্য-সংস্থাকে শ্রমমান প্রচলন করার মাধ্যম হিসাবে ব্যবহার করছে। এর দ্বারা কোনও দেশে প্রচলিত শ্রমমানকে দ্রব্য রপ্তানির সঙ্গে যুক্ত করা হবে। আমাদের অভিমত হচ্ছে, আন্তর্জাতিক বাণিজ্য ও আন্তর্জাতিক শ্রমমান কোনওভাবেই পরস্পর যুক্ত নয়। এ জন্য কোনও আন্তর্জাতিক সংস্থার মাধ্যমে এ ধরনের সম্পর্ক স্থাপনের চেষ্টা করা অভিপ্রেত নয়। সামাজিক এবং শ্রমসম্পর্কীয় মান উন্নয়নের উদ্দেশ্যে ধাপে-ধাপে ঝুঁকিপূর্ণ বিপজ্জনক শিল্প থেকে শিশুশ্রমিক দূরীকরণের জন্য সর্বাত্মক প্রচেষ্টার আমরা পক্ষপাতী।

এ ব্যাপারে জনগণকে সচেতন করার জন্য সেমিনার, গোষ্ঠীবদ্ধ আলোচনা ইত্যাদির মাধ্যমে রাজ্য সরকার ব্যাপক প্রচারকার্য শুরু করেছেন। ভারত সরকারের অধীনস্থ শিশু-শ্রমিক নিবারণ-বিষয়ক জাতীয় কর্তৃপক্ষ এই রাজ্যের সাতটি জেলা যথা উত্তর চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা, বর্ধমান, মুর্শিদাবাদ, মেদিনীপুর, উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুরকে ঝুঁকিপূর্ণ ও বিপজ্জনক পেশা থেকে শিশু-শ্রমিক নিবারণের জন্য চিহ্নিত করেছেন। কেন্দ্রের আর্থিক সহায়তায় প্রথম এক বৎসরে প্রতিটি জেলায় ঝুঁকিপূর্ণ ও বিপজ্জনক পেশায় কর্মরত ২০০০ শিশু-শ্রমিককে প্রথা বহির্ভূত শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়ার জন্য ৪০টি করে বিশেষ বিদ্যালয় স্থাপন করা হবে। আমরা এই জেলাগুলির জেলাশাসকদের বলেছি যে তারা যেন পঞ্চায়েত, শ্রমিক সংগঠন এবং বেসরকারি প্রতিষ্ঠানগুলির সঙ্গে পরামর্শ করে এই প্রকল্প রূপায়ণ করেন। আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছি যে রাজ্যের বাকি কয়েকটি জেলা যেখানে শিশু-শ্রমিকের সংখ্যা যথেষ্ট সেগুলিকেও এই পরিকল্পনার আওতায় আনা হোক।

৮.২। শিশু-শ্রমিক (নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৬-অনুযায়ী কতগুলি বৃত্তিতে শিশু-শ্রমিক নিয়োগ নিষিদ্ধ। কিন্তু যে-সব বৃত্তিতে শিশু-শ্রমিক নিয়োগ নিষিদ্ধ নয় সেখানে শিশু-শ্রমিকের ন্যূনতম বয়স আইনে বেঁধে দেওয়া হয় নি। আমরা ভারত সরকারের কাছে প্রস্তাব করেছি যে যেখানে শিশু-শ্রমিক নিয়োগ নিষিদ্ধ নয় সেখানেও আইনের মাধ্যমে ন্যূনতম বয়স বেঁধে দেওয়া দরকার এবং তা দশ বৎসর হতে পারে। আমরা আরও প্রস্তাব করেছি যে শিশু-শ্রমিক নিয়োগ নিষিদ্ধ করে বৃত্তির যে তালিকা উক্ত আইনে সংযুক্ত আছে তাতে নূতন নূতন বৃত্তি সংযোজন করার ক্ষমতা রাজ্য সরকারকে দিতে হবে।

৯। হাওড়া জেলার বাগনান থানার অন্তর্গত হাটুরিয়া গ্রামে একটি বাজি তৈরির কারখানায় যে মর্মন্তুদ বিস্ফোরণের ঘটনা ঘটেছে, যাতে কয়েকটি শিশুসহ ২৩ জনের জীবনহানি ঘটেছে তা আমাদের সকলের পক্ষেই অতিশয় বেদনাদায়ক। এই কারখানাটি নিবন্ধভুক্ত ছিল না এবং এর মালিক এটি লুকিয়ে চালাচ্ছিলেন। ইতিমধ্যে এই কারখানার মালিককে গ্রেপ্তার করা হয়েছে এবং তার বিরুদ্ধে কারখানা আইন এবং শিশু-শ্রমিক (নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে আর্থিক অনুদান দেওয়া হয়েছে। এ ধরনের দুর্ঘটনা যাতে আর না ঘটে সেজন্য আমরা শ্রম পরিদর্শক এবং কৃষি ন্যূনতম মজুরি পরিদর্শকদের শিশু-শ্রমিক (নিবারণ ও নিয়ন্ত্রণ) আইন ১৯৮৬ অনুযায়ী ক্ষমতা দিয়েছি যাতে তারা ৫০ জনের কম কর্মী আছেন এমন কারখানা পরিদর্শন করতে পারেন। এই ব্যবস্থা কারখানা পরিদর্শকদের প্রচেষ্টায় সম্পূরক ব্যবস্থা হিসাবে কাজ করবে। আমি মিউনিসিপ্যালিটি ও পঞ্চায়েত কর্তৃপক্ষকে ব্যক্তিগতভাবে আবেদন জানিয়েছি যাতে তারা অনুমোদিত কারখানা খুঁজে বের করতে প্রশাসনকে সাহায্য করেন। জেলা প্রশাসনকে এ-ব্যাপারে সতর্ক করা হয়েছে।

১০। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে পূর্বতন কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই একটি অর্ডিনান্স জারি করেছেন যার সাহায্যে এমপ্লয়িজ প্রভিডেন্ট ফাণ্ড অ্যাণ্ড মিস্‌সেলেনিয়াস প্রভিসন্স আইন, ১৯৫২-এর সংশোধন করে শ্রমিক কর্মচারীর জন্য একটি পেনসন প্রকল্প চালু করা হয়েছে। আমাদের মনে হচ্ছে যে এই পেনসন প্রকল্প শ্রমিকদের অর্থ একটি তহবিল থেকে অপর তহবিলে পাঠানোর অতিরিক্ত কিছু নয়। একটি অর্থবহ সামাজিক

সুরক্ষা হতে হলে পেনসন প্রকল্প শ্রমিকশ্রেণীর জন্য তৃতীয় সুবিধা উচিত। প্রস্তাবিত পেনসন প্রকল্পের কিছু উৎকর্ষসাধনও করা দরকার। যেমন, পেনসনযোগ্য বেতনের উর্ধ্বসীমা তুলে দেওয়া দরকার, পণ্যমূল্য সূচকের সঙ্গে একে যুক্ত করা দরকার, নিম্নতম পেনসনের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন ইত্যাদি। আমি এ-ব্যাপারে পূর্বতন কেন্দ্রীয় শ্রমমন্ত্রীকে লিখেছি। কয়েকটি কেন্দ্রীয় শ্রমিক সংগঠন এই পেনসন প্রকল্পের প্রতিবাদে বিভিন্ন শিল্পসংস্থায় একদিনের ধর্মঘট পালন করেছেন এবং এই প্রকল্পের সংশোধন দাবি করেছেন। অনেক কেন্দ্রীয় শ্রমিক সংগঠন একই ধরনের প্রস্তাব করেছেন। আমরা আশা করি, আমাদের মতামতকে যথাক্রমে গুরুত্ব দেওয়া হবে এবং পেনসন প্রকল্পের ধারাগুলিকে প্রয়োজনমতো সংশোধন করে শ্রমিকশ্রেণীকে সর্বাধিক সুবিধা দেওয়া হবে।

১১। মাননীয় মহাশয় এখন দপ্তরের কাজকর্ম সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ পেশ করা হচ্ছে।

**শিল্প সম্পর্ক**

১২। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ১৯৯৫ সালে শিল্প সম্পর্ক মোটামুটি শান্তিপূর্ণ ছিল। পূর্ববর্তী বৎসরগুলির তুলনায় কর্মবিরতির ফলে শ্রমদিবস নষ্ট হওয়ার সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ১৯৯২ সালে যেখানে ২৯৩.৩০ লক্ষ, ১৯৯৩ সালে ১৯৯.৮০ লক্ষ এবং ১৯৯৪ সালে ১২৮.১০ লক্ষ শ্রমিদিবস নষ্ট হয়েছিল, সেখানে ১৯৯৫ সালে শ্রমদিবস নষ্ট হয়েছিল ৬৪.৯০ লক্ষ। আলোচ্য বছরে ৩৩টি ধর্মঘটের ঘটনায় ২,৩৪,০০০ শ্রমিক জড়িত ছিলেন এবং মোট ১২.৫ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল। কিন্তু ১৯৯৪ সালে ১২টি ধর্মঘটের ঘটনায় ৪,৭০৮ জন শ্রমিক জড়িত ছিলেন এবং মোট ১.২৯ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল। ১৯৯৫ সালে ১৩৬টি লক-আউটের ঘটনায় ৭৪,০০০ শ্রমিক জড়িত ছিলেন এবং এর ফলে ৫২.৫ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল। কিন্তু ১৯৯৪ সালে লক-আউটের ঘটনা ঘটেছিল ১২১টি যাতে ৮৯,০০০ শ্রমিক জড়িত ছিলেন এবং ১২৬.৮০ লক্ষ শ্রমদিবস নষ্ট হয়েছিল। পূর্ববর্তী বৎসরের তুলনায় ১৯৯৫ সালে ধর্মঘটের জন্য নষ্ট হওয়া শ্রমদিবসের সংখ্যা কিছুটা বৃদ্ধি পায়। এর কারণ পাট শিল্পে ধর্মঘট। ১৯৯৪ সালের তুলনায় ১৯৯৫ সালে যদিও লক-আউটের ঘটানা বৃদ্ধি পায় কিন্তু নষ্ট হওয়া শ্রমদিবসের সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পায়। সালিশি ব্যবস্থার মাধ্যমে লক-আউটের সমাপ্তি অতি অল্প সময়ের মধ্যে করা গিয়েছিল বলে এটা সম্ভব হয়েছে। মাননীয় সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বা সি. বি. আই এফ. আর.-এর বিবেচনাধীন এমন কয়েকটি শিল্পসংস্থা আছে যেখানে লক-আউট অথবা কর্মবিরতি অনেকদিন ধরে চলেছে। মাননীয় সদস্যগণ জানেন যে পরিচালন কর্তৃপক্ষের সমস্যা সম্পূর্ণ ভিন্নতর হওয়া সত্ত্বেও পরিচালন কর্তৃপক্ষ লক-আউট অথবা সাময়িক কর্মবিরতি ঘোষণার মাধ্যমে শ্রমিকশ্রেণীর উপর প্রতিকূল চাকুরির শর্ত আরোপ করেন। আমি মালিকপক্ষকে বারবার বলেছি যে তারা যেন লক-আউটের মতো পীড়নমূলক ব্যবস্থা অবলম্বন না করে শ্রমিকশ্রেণীর বিশ্বাস অর্জন করেন এবং তাদের সমস্যাগুলি শ্রমিকদের জানান ও তাদের অভিমত গ্রহণ করেন। আমি আমার পরামর্শের পুনরুল্লেখ এখানে করব। আমি আশা করি এই পরিস্থিতিতে শ্রমিক কর্মচারিরা ইতিবাচক মনোভাব গ্রহণ করবেন এবং এর ফলে শিল্প সম্পর্ক আরও হার্দিক হবে।

১৩। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, আলোচ্যবর্ষে কোনও শিল্পসংস্থা বন্ধ হয় নি।

ঐ বৎসরে ৫টি ঘটনায় ৩০১ জন শ্রমিককে লে-অফ করা হয় এবং ৭টি ঘটনায় ১২৪ জন শ্রমিক কর্মচ্যুত হন। মাননীয় সদস্যগণ জানেন যে ছোট ছোট সংস্থায় যেখানে মোট শ্রমিকের সংখ্যা ১০০ জনের কম সেখানে লে-অফ বা কর্মচ্যুতি ঘটাতে সরকারের অনুমোদন প্রয়োজন হয় না।

১৪। ১৯৯৫ সালে সালিশি ব্যবস্থার মাধ্যমে ৬,৩৮৫টি শিল্পবিরোধের মধ্যে ৩.০৭টি শিল্প বিরোধের মীমাংসা করা হয়। এর মধ্যে ৯২০টি শিল্প বিরোধের নিষ্পত্তি সালিশির মাধ্যমে হয়। রাজ্যের শিল্প সম্পর্কীয় ন্যায়পীঠ এবং শ্রম আদালত আলোচ্য বছরে প্রথম ১১ মাসে ৫৮৫টি মামলার নিষ্পত্তি করেন। ১৯৯৫ সালের শুরুতে যেখানে ২,৮১৯টি মামলা শিল্প ন্যায়পীঠ এবং শ্রম আদালতে বিচারধীন ছিল তা ৩০. ১১. ৯৫ তারিখে কমে ২,৫৮০টিতে দাঁড়ায়। শিল্পবিরোধের দ্রুত নিষ্পত্তির জন্য আরও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

১৫। আলোচ্য বছরে রাজ্যের সালিশি ব্যবস্থার মাধ্যমে বেশ কয়েকটি শিল্পসংস্থায় ধর্মঘট, লক-আউট ও বন্ধ হওয়াজনিত শিল্প বিরোধ সাফল্যের সঙ্গে মীমাংসা করা সম্ভব হয়েছে। ঐ বছরে ৫০টি লক-আউট, ১৭টি ধর্মঘট এবং ৪টি বন্ধ ঘটনার মীমাংসা করা হয়। এর ফলে যথাক্রমে ৪৮.০৭৮ জন, ৪,৭৩৭ জন এবং ৫৬ জন শ্রমিক উপকৃত হন।

১৬। ১৯৯৫ সালে যে সব কারখানা খুলেছিল সেগুলির মধ্যে উল্লেখযোগ্য হল ঃ

হিন্দুস্থান ডেভেলপমেন্ট কর্পোরেশনে (লক-আউট ১,৩০০ শ্রমিক), অ্যালায়েন্স জুট মিল (লক-আউট ৪,৫০০ শ্রমিক), দ্যুতেরিয়া টি এসেস্ট (লক-আউট ১,২০৭ শ্রমিক), কেলভিন জুট মিল (লক-আউট ২,২০০ শ্রমিক), শ্যামনগর জুট ফ্যাক্টরি (নর্থ) (লক-আউট ৫,০০০ শ্রমিক), বরাহনগর জুট ফ্যাক্টরি (লক-আউট ৫,০০০ শ্রমিক), হুগলি মিলস্ কোং (লক-আউট ৫,০০০ শ্রমিক), ইন্দো-জাপান স্টিল লিমিটেড (লক-আউট ৯০০ শ্রমিক), আলেকজান্ডার জুট মিল (লক-আউট ৩,০০০ শ্রমিক)।

**শ্রম আইন বলবৎকরণ**

১৭। বিভিন্ন শ্রম আইনের ধারাগুলি বলবৎ করার জন্য এই বিভাগের অধীনস্থ পরিদর্শকগণ বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করেন। ১৯৯৫ সালে কৃষি ক্ষেত্রে ন্যূনতম মজুরি পরিদর্শকেরা ১৮,৫৯৬টি ক্ষেত্রে পরিদর্শন করেন। তারা ৮টি ক্ষেত্রে মামলা দায়ের করেন এবং আদালত নিয়োগ কর্তাদের উপর ১৪,১২৫ টাকা জরিমানা ধার্য করেন। ন্যূনতম মজুরি আইনের অধীনে অন্যান্য ক্ষেত্রের ১৯,১২১টি ক্ষেত্রে পরিদর্শন হয়েছিল, ৪৩৪টি ক্ষেত্রে মামলা হয়েছিল এবং ১,০৪,৫১০ টাকা জরিমানা আদায় হয়েছিল। মজুরি প্রদান আইন অনুযায়ী ৭,৪৯৩টি ক্ষেত্রে পরিদর্শন হয়, ২৪৩টি মামলা রুজু করা হয় এবং ৫১,৫৮০ টাকা জরিমানা হিসাবে আদায় হয়। বিড়ি ও সিগার শ্রমিক (কর্মনিয়োগের শর্তাবলী) আইন অনুযায়ী ৩,৫৯০টি ক্ষেত্রে অনুসন্ধান করা হয়, ২২টি অপরাধমূলক ঘটনা আদালতে বিচারের জন্য পাঠানো হয় এবং ৬,৬৫০ টাকা জরিমানা হিসাবে আদায় হয়। মোটর ট্রান্সপোর্ট শ্রমিক আইন অনুযায়ী ৪,২১৮টি ক্ষেত্রে পরিদর্শন হয়, ১৩৬টি ক্ষেত্রে মামলা রুজু করা হয় এবং ২১,৭৭০ টাকা জরিমানা আদায় হয়। শ্রম মজুরি আইন অনুযায়ী ২,৩৫০টি ক্ষেত্রে পরিদর্শন করা হয়। আন্তঃরাজ্য প্রব্রজনকারী শ্রমিক আইন অনুযায়ী ৭২৯টি ক্ষেত্রে পরিদর্শন করা হয়, ৪টি মামলা

আদালতে রুজু করা হয় এবং ৩,৭০০ টাকা জরিমানা হিসাবে আদায় হয়। ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কমেন্স হাউস রেন্ট অ্যালাউন্স অ্যাক্ট অনুযায়ী ২৬২টি ক্ষেত্রে পরিদর্শন করা হয়। ঠিকা শ্রম আইনের অধীনে ১,২৩৫টি ক্ষেত্রে পরিদর্শন করা হয়, ২৮টি মামলা রুজু করা হয় এবং নিয়োগকর্তাদের কাছ থেকে ১৯,০৫০ টাকা জরিমানা হিসাবে আদায় করা হয়। আলোচ্য বর্ষে ট্রেড ইউনিয়ন আইন অনুযায়ী ২১৬টি ট্রেড ইউনিয়নকে নথিভুক্ত করা হয় এবং ১,৭৬০টি ট্রেড ইউনিয়নের নথিভুক্তকরণ বাতিল করা হয়। গ্র্যাচুইটি প্রদান আইনের অধীনে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষে ২২৭টি আবেদন নিষ্পত্তি করেন এবং ১০৬টি ক্ষেত্রে ৩১,২৫,১৪৫ টাকা প্রদানের নির্দেশ দেন।

১৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখন রাজ্যের প্রধান প্রধান শিল্পগুলি সম্বন্ধে সংক্ষেপে মাননীয় সদস্যদের অবহিত করছি।

**পাটশিল্প**

১৯। এই রাজ্যের পাটশিল্পে দু'লক্ষেরও বেশি শ্রমিক নিযুক্ত আছেন। এছাড়া লক্ষ লক্ষ পাটাচাষী এই শিল্পের উপর নির্ভরশীল। আলোচ্য বর্ষে পাটশিল্পে শিল্পসম্পর্ক মোটামুটি সন্তোষজনক ছিল। বছরের শেষে কেবলমাত্র দুটি পাটকল লক-আউট বা সাময়িক কর্মবিরতির আওতায় ছিল।

২০। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, পাটশিল্পে নিযুক্ত শ্রমিকেরা তাদের দাবির সমর্থনে ২৯-১১-৯৫ তারিখ থেকে ধর্মঘট শুরু করেছিলেন। কিন্তু ফলপ্রসূ আলাপ আলোচনার মাধ্যমে শিল্পে অচলাবস্থা অল্প সময়ের মধ্যেই মেটানো সম্ভব হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে ২-১২-৯৫ তারিখে শিল্পভিত্তিক ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদিত হয়েছিল। ৩-১২-৯৫ তারিখ থেকে ধর্মঘট তুলে নেওয়া হয়। এই চুক্তির ফলে প্রতি শ্রমিকের মাসিক ৯০ টাকা বেতন বৃদ্ধি হয়। এছাড়া মূল্যসূচকের ১,৪৩০ পয়েন্টের উর্ধ্বে মূল্যসূচকের জন্য প্রতি পয়েন্টে মাগ্গীভাতার হার ১.৭০ টাকা থেকে বৃদ্ধি করে ১.৯০ টাকা করা হয়। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে অবিলম্বে অতিরিক্ত ১০,০০০ শ্রমিককে স্থায়ী করতে পরিচালন কর্তৃপক্ষ সম্মত হন।

২১। ন্যাশনাল জুট ম্যানুফ্যাকচারার্স কর্পোরেশন লিমিটেড এই রাজ্যের পাঁচটি পাটকল চালান। পাটকলগুলি যদিও এখন চালু আছে, কিন্তু অপ্রতুল কাঁচা মাল এবং অন্যান্য সহযোগী দ্রব্যের সরবরাহের অভাবে পাটকলগুলির উৎপাদন এবং উৎপাদনশীলতায় বিঘ্ন ঘটছে। গত কয়েক বছর ধরে এন. জে. এম. সি.-এর অধীনস্থ কলগুলির পুনর্বাসন প্রকল্প বি. আই. এফ. আর.-এর বিবেচনাধীন আছে। কিন্তু এই উন্নয়ন প্রকল্প রূপায়ণের জন্য কোনও দৃঢ় সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে মনে হয় না। এন. জে. এম. সি. ইতিমধ্যে তার শ্রমিকদের মূল বেতনের এককালীন বৃদ্ধি ঘটিয়েছেন এবং শিল্পভিত্তিক চুক্তি অনুযায়ী বর্ধিতহারে মাগ্গীভাতা দিয়েছেন। কিন্তু তারা এখনও চুক্তিমতো শ্রমিকদের স্থায়ী করেন নি। জানা গেছে এন. জে. এম. সি. বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রকের কাছে পাঠিয়েছে।

২২। ইণ্ডিয়ান জুট মিলস অ্যাশোসিয়েশন চটকলগুলি ন্যাশনাল জুট ম্যানুফ্যাকচারার্স কর্পোরেশন-এর চটকলসহ সমস্ত চটকলগুলি যথেচ্ছভাবে কাজের শিফটের সংখ্যা করিয়ে সপ্তাহে ১২টি করেছে ও কাজের ঘণ্টা কমিয়ে দিচ্ছে। "কাঁচাপাট সরবরাহে ঘাটতি ও আর্থিক

সংকট" অজুহাত হিসাবে খাড়া করা হচ্ছে। কিছু চটকল অহেতুকভাবে লক-আউট ঘোষণা করেছে। ফলে শ্রমিকরা বিরাটভাবে রুজি রোজগার ও চাকুরিগত ক্ষতির সম্মুখীন। দেখা যাচ্ছে যে সমস্যাটি কাঁচা পাট ঘাটতির জন্য ততটা নয়, যতটা হচ্ছে বিভিন্ন পাটকলে অসমভাবে কাঁচা পাট মজুত করার জন্য। কোনও কোনও চটকলে ত্রিশ দিনের প্রয়োজনের অতিরিক্ত কাঁচা পাট মজুত আছে। আবার কোনও পাটকলে যা কাঁচা পাট মজুত আছে তাতে কেবলমাত্র এক সপ্তাহ চলতে পারে। এই অবস্থার জন্য প্রধানত দায়ী কাঁচাপাট ব্যবসায়ীদের ফাটকাবাজী। এরা স্বীয় উদ্দেশ্য সাধনের জন্য কাঁচা পাটের সরবরাহ নিয়ন্ত্রণ করছেন। যুক্তিসংগত মূল্যে আর্থিক দিক দিয়ে দুর্বল পাটকলগুলিকে এবং এন. জে. এম. সি.-এর অধীনস্থ কলগুলিকে সরবরাহের জন্য কাঁচা পাটের মজুত সৃষ্টির উদ্দেশ্যে ভারতীয় পাট নিগম স্থাপিত হয়েছিল। কিন্তু গত কয়েক বছর ধরে ভারতীয় পাট নিগম কাঁচা স্থাপিত হয়েছিল। কিন্তু গত কয়েক বছর ধরে ভারতীয় পাট নিগম কাঁচা পাট ক্রয় বন্ধ রেখেছেন। কারণ কেন্দ্রীয় সরকার এই উদ্দেশ্যে গঠিত তহবিলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেন নি। ন্যায্যমূল্যে যথেষ্ট কাঁচা পাট না পাওয়ায় দুর্বল পাটকলগুলি এবং এন. জে. এম. সি. অধীনস্থ কলগুলির অবস্থা সঙ্গীন হয়ে পড়েছে। জে. সি. আই. কর্তৃক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নিযুক্ত কর্মচারিরা এখন কর্মচ্যুতির সম্মুখীন। দুঃখের কথা, পাটকলগুলি যাতে সুষমভাবে কাঁচা পাট ক্রয় করে সে ব্যাপারে জুট কমিশনার প্রয়োজনীয় পদক্ষেপ নেয় নি। রাজ্য সরকার ইন্ডিয়ান জুট মিলস্ অ্যাশোসিয়েশন, ন্যাশন্যাল জুট ম্যান্যুফ্যাকচারিং কর্পোরেশন ও কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন-এর সঙ্গে ত্রিপাক্ষিক সভা করে চলেছে। কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলি চটকলগুলির যথেচ্ছাচারী কাজের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। রাজ্য সরকার মালিকদের স্বাভাবিক কাজের শিফ্ট ও ঘণ্টা ফিরিয়ে আনার জন্য এবং কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে তাদের সমস্যাবলী আলোচনার জন্য পরামর্শ দিয়েছেন। আমরা ঘটনাবলীর উপর দৃষ্টি রাখছি। মুখ্যমন্ত্রীও এই বিষয়ে মাঝে মাঝে পর্যালোচনা করছেন।

**বস্ত্রশিল্প**

২৩। আমাদের রাজ্যে ৩৭টি কাপড়ের কল আছে। এর মধ্যে পাঁচটি কল কয়েক বছর ধরে বন্ধ আছে। ১৪টি কাপড়ের কল বেসরকারি মালিকানায় আছে। এরাজ্যে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের পরিচালনাধীন ১২টি কাপড়ের কল আছে। এই শিল্পে মোট শ্রমিক সংখ্যা প্রায় ৩৫,০০০।

২৪। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে বস্ত্রশিল্পে একটি শিল্পভিত্তিক ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদিত হয়েছে। এর ফলে ২০,০০০ শ্রমিক উপকৃত হয়েছেন। এই শ্রমিকেরা মাসিক ১০০ টাকা বর্ধিত মজুরি পাবেন। মাগ্গীভাতার হারও বর্ধিত করা হয়েছে যা কোনও কোনও কাপড়ের কলের ক্ষেত্রে ১.৫০ টাকা থেকে বেড়ে ১.৬৫ টাকা এবং অন্য কিছু কাপড়ের কলে ১.৩০ টাকা থেকে বেড়ে ১.৫০ টাকায় দাঁড়িয়েছে। শ্রমিকেরা বস্ত্রশিল্পের বাস্তব অবস্থা উপলব্ধি করতে পেরেছেন এবং দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে যুক্তিসঙ্গত বাড়তি কাজের দায়িত্ব নিতে সম্মত হয়েছেন। আমি আশা করি পারস্পরিক আলোচনা ও সহযোগিতার মাধ্যমে এই শিল্পে আকাঙ্ক্ষিত উৎপাদন এবং উৎপাদনশীলতায় পৌঁছানো সম্ভব হবে।

২৫। ন্যাশন্যাল টেক্সটাইল কর্পোরেশনের পরিচালনাধীন কাপড়ের কলগুলি দারুণ আর্থিক সীমাবদ্ধতায় ভুগছে। এতে আমরা উদ্বিগ্ন। ব্যবসায়ীরা তুলো সরবরাহ করে এবং শ্রমিকদের মজুরি দেয় এবং তৈরি মাল নিয়ে যায়—এ ব্যবস্থায় মিলগুলি চলছে। এমনকি এই ব্যবস্থাও কার্যকর হচ্ছে না। রামপুরিয়া ও সেন্ট্রাল সুতাকল বন্ধ হয়ে আছে রূপান্তর ব্যবস্থায় অল্প দর পাওয়ার জন্য। শ্রমিকরা অবশ্য মজুরি পাচ্ছে। শ্রমিকদের মজুরি প্রদান মাঝে মাঝে অনিয়মিত হয়ে পড়ছে। এর ফলে সংশ্লিষ্ট প্রকল্পের ব্যাপারে বি. আই. এফ. আর. কোনও চূড়ান্ত সিদ্ধান্ত এখনও নেয় নি। জানা গেছে যে পুনর্বাসন প্রকল্প চূড়ান্ত করার পূর্বে এন. টি. সি.-র অধীনস্থ কাপড়ের কলগুলিতে ভারত সরকারের দেওয়া যে ৫০০ কোটি টাকা ঋণ আছে, বি. আই. এফ. আর. তা মকুব করতে বলেছে। আমি পূর্বতন কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী এবং শ্রমমন্ত্রীকে এই ব্যাপারে শীঘ্র অনুকূল সিদ্ধান্ত নেওয়ার জন্য লিখেছিলাম। আমরা সংশ্লিষ্ট প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীদের অনুরোধ করেছিলাম যে কাপড়ের কলগুলির আধুনিকীকরণ না হওয়া পর্যন্ত এই কাপড়ের কলগুলিকে যাতে বাজেট বরাদ্দে সহায়তা চালিয়ে যাওয়া হয় তার জন্য তারা যেন ব্যক্তিগতভাবে হস্তক্ষেপ করেন।

**ইঞ্জিনিয়ারিং শিল্প**

২৬। আমাদের রাজ্যে বড় ইঞ্জিনিয়ারিং শিল্পগুলির প্রধান কাজ হল ওয়াগন তৈরি। বহুসংখ্যক ক্ষুদ্র এবং মাঝারি আয়তনের সহায়ক শিল্প প্রতিষ্ঠানগুলির টিকে থাকা বড় ইঞ্জিনিয়ারিং শিল্পগুলির টিকে থাকার উপর নির্ভরশীল। দুর্ভাগ্যের বিষয় রেলওয়ে বোর্ডের দেওয়া ওয়াগন তৈরির বরাত অনিয়মিত হয়ে পড়েছে। যদিও রাজ্যে মোট ওয়াগন তৈরির ক্ষমতা ২৩,৭৯৬, রেলওয়ে বোর্ড বছরের শুরুতে কেবলমাত্র ৭,৬০০ টি ওয়াগনের বরাত দিয়েছিলেন। আমরা বিগত সরকারের প্রধানমন্ত্রী এবং রেলমন্ত্রীকে পর্যাপ্ত ওয়াগনের বরাত দেওয়ার জন্য অনুরোধ করেছি। মুখ্যমন্ত্রীও বিষয়টিকে প্রধানমন্ত্রী এবং অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রীর সামনে তুলে ধরেছিলেন। ফলে ইঞ্জিনিয়ারিং শিল্পসংস্থাগুলিকে অতিরিক্ত ওয়াগনের বরাত দেওয়া হয়েছে। কিন্তু সরকার পরিচালনাধীন ইঞ্জিনিয়ারিং সংস্থাগুলি যথেষ্ট কার্যকর মূলধনের অভাবে ভুগছে। ফলে এইসব সংস্থায় উৎপাদন ক্ষমতার ব্যবহার খুবই কম। কেন্দ্রীয় সরকার পরিচালনাধীন অনেকগুলি ইঞ্জিনিয়ারিং সংস্থার পুনরুজ্জীবন প্রকল্প বি. আই. এফ. আর.-এর বিবেচনাধীন। সাইকেল কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড, ভারত প্রসেস অ্যান্ড মেকানিকাল ইঞ্জিনিয়ারিং লিমিটেড, টায়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া, ব্রেথওয়েট ইন্ডিয়া লিমিটেড, ভারত ব্রেকস অ্যান্ড ভাল্বস লিমিটেড এবং ওয়েবার্ড ইন্ডিয়া লিমিটেড এর কয়েকটি উদাহরণ। আমরা ভারত সরকারকে অনুরোধ করেছি, বি. আই. এফ. আর.-এর সম্মতিক্রমে শীঘ্র এইসব শিল্পপ্রতিষ্ঠানের পুনর্বাসন প্রকল্প চূড়ান্ত করতে। একাজ না হওয়া পর্যন্ত এই সংস্থাগুলির জন্য বাজেট বরাদ্দ চালিয়ে যাওয়া উচিত। দুর্ভাগ্যবশত অনেক সংস্থার ক্ষেত্রে এটা করা হচ্ছে না।

২৭। ইঞ্জিনিয়ারিং শিল্পে একটি ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদন করার জন্য আলাপ-আলোচনা চলছে। আমরা আশা করি নিকট ভবিষ্যতে উভয়পক্ষের গ্রহণযোগ্য একটি চুক্তি সম্পাদন করা সম্ভব হবে।

## চা শিল্প

২৮। মাননীয় সদস্যগণের স্মরণে আছে যে গত বাজেট বক্তৃতার সময় আমি উল্লেখ করেছিলাম যে দৈনিক মজুরিভুক শ্রমিক এবং কিছু মাসিক বেতনভুক শ্রমিকের মজুরির ব্যাপারে একটি ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদিত হয়েছে। এর ফলে রাজ্যের ২৭৫টি চা বাগানের ২.৬ লক্ষ শ্রমিক উপকৃত হয়েছেন। ইতিমধ্যে বিভিন্ন চা বাগানে দ্বিপাক্ষিক স্তরে করণিক, স্বাস্থ্যকর্মী এবং যন্ত্রবিদের মজুরি সংক্রান্ত চুক্তি হয়েছে। অবশ্য অধস্তন কর্মচারিদের জন্য এল. টি. এ প্রচলন এবং বিকল্প জ্বালানীর মতো আরও কয়েকটি বিষয়ের মীমাংসা এখনও বাকি আছে।

২৯। চা বাগানের শ্রমিক বস্তিতে বিদ্যুতায়ন করার উপর আমরা গুরুত্ব আরোপ করেছি। নগর উন্নয়ন এবং পুরসভা বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর সভাপতিত্বে মালিকপক্ষের এবং শ্রমিক কর্মচারিদের প্রতিনিধি, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং সরকারি আধিকারিকদের নিয়ে গড়া কমিটি মাঝে মাঝে সভায় এই কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেন।

৩০। মাননীয় মহাশয়, ১৯৯৫ সালের ডিসেম্বর মাসের শেষ পর্যন্ত ১,৯৭,৮৫৩ জন বিড়ি শ্রমিককে পরিচয়পত্র দেওয়া হয়েছে। আমরা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং পৌরসভাগুলির কাছ থেকে বিড়ি শ্রমিকদের বিশেষত ঘরে কর্মরত শ্রমিকদের পরিচয়পত্র দেওয়ার কর্মসূচি ত্বরান্বিত করার জন্য সহযোগিতা চেয়েছি। বিড়ি শ্রমিকদের জন্য গঠিত কল্যাণ তহবিল থেকে পঞ্চম এবং তদূর্ধ্ব শ্রেণীতে পাঠরত বিড়ি শ্রমিক সন্তানদের মধ্য থেকে ১০,৭২৫ লক্ষ টাকা বৃত্তি দেওয়া হয়েছে। এছাড়া বিড়ি শ্রমিক সন্তানদের মধ্যে থেকে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত পাঠরত ৫,০০০ জনকে এক প্রস্থ পোষাক সরবরাহ করার জন্য ছাত্র প্রতি ১২৫ টাকা হারে মোট ৬.২৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আলোচ্য বর্ষে ১,৪২৬ জন মহিলা বিড়ি শ্রমিকদের প্রত্যেককে মাতৃত্বকালীন সুবিধা হিসাবে ২৫০ টাকা করে দেওয়া হয়েছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে এই রাজ্যের বিড়ি শ্রমিকদের জন্য একটি যৌথ বিমা প্রকল্প চালু আছে। চিহ্নিত বিড়ি শ্রমিকদের জন্য বাৎসরিক বিমার কিস্তি হিসাবে বিমা কর্তৃপক্ষকে ১৪.৬৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এই সময়ে বিমা কর্তৃপক্ষ ৮৯ জন বিড়ি শ্রমিকের প্রত্যেককে প্রাপ্য হিসাবে ৩,০০০ টাকা দিয়েছেন।

৩১। রাজ্য সরকার ইটভাটা এবং রাস্তা ও অট্টালিকা নির্মাণ বা রক্ষণাবেক্ষণ কর্মে নিযুক্ত শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি নির্ধারণ করে চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি করেছেন। আমরা আশা করছি চলতি বছরে আরও কতগুলি ক্ষেত্রে ন্যূনতম মজুরি নির্ধারণ করে বা সংশোধন করে চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি করা যাবে। এগুলি হল—রজ্জু নির্মাণ শিল্প, রিফ্রাক্টরি শিল্প, কাঁসা ও পিতল শিল্প, লবণ তৈরি শিল্প এবং জুতা তৈরি শিল্প।

৩২। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, যে সকল কর্মে ন্যূনতম মজুরি নির্ধারিত হয়েছে, সেখানে প্রতি একক মূল্যবৃদ্ধির জন্য মহার্ঘভাতার হার ১ টাকা ধার্য করা আছে। ১৯৯৫ সালের ৩১শে ডিসেম্বর তারিখে কৃষিকার্যে নিযুক্ত শ্রমিকদের মজুরি ছিল ৪০.১০ টাকা (আহার না দিলে)। রাজ্যের অধিকাংশ কর্মে ন্যূনতম মজুরি মাসিক ১,২০০ টাকা বা

এর বেশি।

৩৩। এই বৎসর রাজ্য সরকার দামোদর উপত্যকা নিগমের অধীনস্থ দামোদর থার্মাল পাওয়ার স্টেশনের ক্যানটিনের ঠিকাশ্রমিক নিয়োগ বন্ধ করার জন্য নির্দেশনামা জারি করেছে। এটিকে নিয়ে এ পর্যন্ত রাজ্যের মোট ১২টি শিল্পসংস্থায় ঠিকাশ্রমিক নিয়োগ বন্ধ নির্দেশনামা জারি করা হল। রাজ্য ঠিকাশ্রমিক সংক্রান্ত পরামর্শদাতা পর্ষদ'-এর আওতাভুক্ত কমিটি আরও কয়েকটি শিল্পসংস্থায় নিযুক্ত ঠিকাশ্রমিকের অবলুপ্তির ব্যাপারটি খতিয়ে দেখছে।

৩৪.১। মাননীয় সদস্যদের স্মরণে আছে যে রাজ্যের আইনসভা দুটি রাজ্য সংশোধনী বিল অনুমোদন করেছিল। এগুলি হল দি পেমেন্ট অব গ্র্যাচ্যুইটি (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিল, ১৯৯৩ এবং দি পেমেন্ট অব ওয়েজেস (পশ্চিমবঙ্গ সংশোধনী) বিল, ১৯৯৩। এই বিল দুটি মাননীয় রাষ্ট্রপতির অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছিল। আমরা এখনও এই বিল দুটির অনুমোদনের অপেক্ষায় আছি। রাজ্য সরকার যে সব শিল্পে কুড়ি বা ততোধিক শ্রমিক নিযুক্ত আছেন সে সব শিল্পে ওয়েস্ট বেঙ্গল ওয়ার্কমেন্স হাউস রেন্ট অ্যালাওয়েন্স অ্যাক্ট, ১৯৭৪ প্রয়োগ করার অভিপ্রায়ে একটি খসড়া বিজ্ঞপ্তি জারি করেছে। বর্তমানে এই আইন যে সব শিল্পসংস্থায় চালু আছে সেখানে শ্রমিকসংখ্যা পঞ্চাশ বা ততোধিক। এই বিজ্ঞপ্তির দ্বারা প্রভাবিত ব্যক্তির মতামত বা আপত্তি পাওয়া গেলে সেগুলি বিবেচনা করে চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি করা হবে। বর্তমানে এই আইনের আওতাভুক্ত নন এমন বহু শ্রমিক এর দ্বারা উপকৃত হবেন।

৩৪.২। রাজ্য সরকার 'দি ওয়েস্ট বেঙ্গল ট্রেড ইউনিয়ন রুলস' নামে একগুচ্ছ খসড়া বিধি রচনা করে সংশ্লিষ্ট পক্ষের মতামত জানার জন্য প্রচার করেছেন। এই বিধিগুলি চূড়ান্ত হলে ট্রেড ইউনিয়ন (পশ্চিমবঙ্গ সংশোধনী) আইন, ১৯৮৩-এর ধারাগুলি প্রয়োগ করা সম্ভব হবে।

৩৫। মাননীয় মহাশয়, অনেক দূষণপ্রবণ শিল্প সংস্থা রাজ্যের পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্ধারিত মান অনুযায়ী দূষণ নিরোধ সংক্রান্ত যন্ত্রপাতি বসান নি। মাননীয় সুপ্রীম কোর্টের আদেশে এই সব সংস্থা বন্ধ হয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। মাননীয় আদালতের আদেশ দ্রুত পালনের জন্য আমরা সংস্থাগুলিকে বার বার বলছি।

৩৬। রাজ্য সরকার কতকগুলি এই সংক্রান্ত মামলায় হাজির হয়েছে এবং শিল্প প্রতিষ্ঠানগুলিকে বন্ধ হওয়ার হাত থেকে বাঁচানোর উদ্দেশ্যে দূষণ নিরোধ সংক্রান্ত যন্ত্রপাতি বসানোর জন্য অতিরিক্ত সময় চেয়েছে। আমরা পরিচালকবর্গকে বলেছি যাতে মজুরি প্রদানসহ শ্রমিকদের স্বার্থ বিঘ্নিত না হয়। কারণ শ্রমিকেরা এই অবস্থার জন্য কোনওভাবেই দায়ি নন।

৩৭। আমাদের আর একটি উদ্বেগের বিষয় হল—প্রভিডেন্ট ফান্ড ও কর্মচারী রাজ্যবিমা প্রকল্পে বকেয়া অর্থের পরিমাণ। ৩১-১২-৯৫ তারিখে প্রভিডেন্ট ফান্ডে বকেয়া অর্থের পরিমাণ ছিল ১৬৬.৯৮ কোটি টাকা, তার মধ্যে প্রায় ৯৪ কোটি টাকা পাটকলগুলির বকেয়া। কর্মচারী রাজ্য বিমার দরুণ বকেয়া অর্থের পরিমাণ ৩১-৮-৯৫ তারিখে ছিল ৮৫.০৯ কোটি টাকা, তার মধ্যে পাটকলগুলির বকেয়া ছিল ৫২.৫৮ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনার প্রভিডেন্ট ফান্ডের অর্থ এবং কর্মচারী রাজ্য বিমা কর্পোরেশন

কর্মচারী বিমা প্রকল্পের অর্থ আদায়ের দায়িত্বে আছেন। আমরা এই সব কর্তৃপক্ষকে চাহিদা অনুযায়ী পুলিশি সাহায্যসহ সব রকম সাহায্য দিচ্ছি। ১৯৯৫ সালে কয়েকজন উর্ধ্বতন পদাধিকারীকে বকেয়া প্রভিডেন্ট ফান্ড জমা না দেবার জন্য ভারতীয় দন্ডবিধির ৪০৬ ও ৪০৯ ধারা মতে গ্রেপ্তার করা হয়। এই সব ব্যবস্থা নেওয়ার ফলে বকেয়া প্রভিডেন্ট ফান্ডের মধ্যে থেকে ২১.২৫ কোটি টাকা আদায় করা সম্ভব হয়। কর্মচারী রাজ্য বিমা কর্পোরেশন ভারতীয় দন্ডবিধির ৪০৬ ও ৪০৯ ধারায় ১৬টি অভিযোগ দায়ের করেন। ই. এস. আই. অ্যাক্টের ৮৫ ও ৮৫(ক) ধারা মতে বকেয়া অর্থ আদায়ের ব্যবস্থা নেওয়া হয়। এই সব পদক্ষেপ নেওয়ার ফলে বকেয়া অর্থ বাবদ ৬.৪৪ কোটি টাকা আদায় করা সম্ভব হয়। আমাদের মত হচ্ছে, সংশ্লিষ্ট আইনের ধারা সংশোধন করে কঠোরতর শাস্তির ব্যবস্থা না করলে অবস্থার উন্নতি হবে না। ই. এস. আই. অ্যাক্ট ও স্কীম এমনভাবে সংশোধন করতে হবে যাতে পরিচালন কর্তৃপক্ষ কর্মচারী বিমা প্রকল্পে অর্থ জমা না দিলেও শ্রমিকেরা কর্মচারী রাজ্য বিমা অবসরের বয়সে পৌছানো সত্ত্বেও তাদের গ্র্যাচুইটির টাকা দেওয়া হচ্ছে না। এর ফলে শ্রমিকদের দুর্দশা বাড়ছে। আমরা এই সমস্যা মোকাবিলায় প্রশাসনিক ব্যবস্থা নিচ্ছি। আমরা এই ব্যাপারে শ্রমিক সংগঠনগুলির সাহায্য ও সহযোগিতা চাইছি।

**কর্মবিনিয়োগ**

৩৮। মাননীয় মহাশয়, স্বাধীনোত্তর ভারতে সরকার কর্তৃক অনুসৃত অর্থনৈতিক পরিকল্পনা গ্রহণ করা সত্ত্বেও বেকার সমস্যা ক্রমশই ভয়াবহ আকার ধারণ করছে। এটা বিরাট উদ্বেগের বিষয়। প্রাক্তন ভারত সরকারের নূতন অর্থনীতি ও শিল্পনীতি এ পর্যন্ত কর্মসংস্থানের উপর কোনও প্রভাব ফেলতে সক্ষম হয় নি।

৩৯। ১৯৯৫ সালে ৪,৮০,১৬৯ জন নূতন কর্মপ্রার্থী রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্ত করে। এদের মধ্যে ১,৩৪,৫৩৮ জন মহিলা কর্মপ্রার্থী। ১৯৯৫ সালের ডিসেম্বর মাসের শেষে নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা দাঁড়িয়েছে ৫৩,৯২,১২০ জন। ১৯৯৫ সালে কর্মবিনিয়োগ কেন্দ্রে যে সব শূন্যপদের সংখ্যা সরকারি এবং বেসরকারি ক্ষেত্র থেকে বিজ্ঞাপিত হয়েছে তাতে কিছুটা উন্নতি দেখা দিয়েছে। ১৯৯৫ সালে বিজ্ঞাপিত শূন্যপদের সংখ্যা ছিল ১৯,৪৮৫, যা পূর্ববর্তী বৎসরে ছিল ১৬,৩৯৩। ঐ বৎসরে ৭,৮২২ জন চাকুরি পেয়েছেন। ঐ বৎসরের শেষে নথিভুক্ত মোট তফসিলি জাতি ও তফসিলি উপজাতি কর্মপ্রার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ৫,২৮,৬৫৫ এবং ৯৩,৪৭৪ জন। আলোচ্য বর্ষে ১৮১৫ জন তফসিলি জাতিভুক্ত ও ৩৯৫ জন তফসিলি উপজাতিভুক্ত ব্যক্তি চাকুরি পেয়েছেন।

৪০। মাননীয় সদস্যগণ জানেন যে, এমপ্লয়মেন্ট মার্কেট ইনফর্মেশন প্রোগ্রাম ও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কম্পালসারি নোটিফিকেশন অব ভ্যাকেন্সিস অ্যাক্ট, ১৯৫৯ অনুযায়ী সংগঠিত ক্ষেত্রে মোট কর্মীর হিসাব রাখা হয়। রাজ্যের সংগঠিত ক্ষেত্রে ৩১-৩-৯৫ তারিখে কর্মীর সংখ্যা ছিল ২২.৯৮ লক্ষ। এর মধ্যে ১৫.২৪ লক্ষ কর্মী সরকারি ক্ষেত্রে ও ৭.৭৪ লক্ষ কর্মী বেসরকারি ক্ষেত্রে নিযুক্ত ছিলেন।

৪১। রাজ্য সরকার কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে পর্যায়ক্রমে কমপিউটার ব্যবহার করার পরিকল্পনা চালিয়ে যাচ্ছেন। এই পরিকল্পনা অনুযায়ী কলিকাতা আঞ্চলিক কর্ম বিনিয়োগ

কেন্দ্রে ও দুর্গাপুর কর্ম বিনিয়োগ কেন্দ্রে কমপিউটার সংস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কৃষ্ণনগর, দমদম, বজবজ, এবং হাওড়ায় কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে সংস্থাপনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি শেষ হওয়ার মুখে।

৪২। রাজ্য সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে যুবকদের আর্থিক সহায়তা দান প্রকল্প চালিয়ে যাচ্ছেন। আলোচ্য বর্ষে এই প্রকল্পের দ্বারা অতিরিক্ত ৯৩০৩ জন উপকৃত হয়েছেন।

৪৩। মাননীয় মহাশয়, নথিভুক্ত কর্মহীন ব্যক্তিদের জন্য স্বনিযুক্তি কর্মপ্রকল্প (সেসরু) চালু হওয়ার পর থেকে ১৯৯৫ সালের নভেম্বর মাস পর্যন্ত ১,৩১,২৩১ জন নথিভুক্ত বেকারের কর্মপ্রকল্প অনুমোদন করা হয়েছে, যার মোট আর্থিক মূল্য ২৬৩.০২ কোটি টাকা। এর মধ্যে ১,০৮,৪৯৫ জন আবেদনকারী এ পর্যন্ত ১৯৩.৯৪ কোটি টাকা ঋণ হিসাবে পেয়েছেন। ৩০-৯-৯৫ তারিখ পর্যন্ত ৪৪,৫০০ সুপারিশ করা আবেদনপত্র বিভিন্ন ব্যাঙ্কের কাছে মঞ্জুরির জন্য অপেক্ষা করছে। এছাড়া আরও ২০,০০০ নূতন আবেদনপত্র আলোচ্য আর্থিক বর্ষে বিবেচনার জন্য লক্ষ্য হিসাবে ধার্য করা হয়েছে।

৪৪। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, মাননীয় কলিকাতা হাইকোর্টের এক অন্তবর্তীকালীন আদেশের ফলে ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট স্কীম লোন (রিকভারি) অ্যাক্ট, ১৯৯২ অনুযায়ী সেসরু প্রকল্পের দেওয়া ঋণের অর্থ ব্যাঙ্কগুলি আদায় করার জন্য কোনও ব্যবস্থা নিতে পারছে না। আমরা এই অন্তবর্তীকালীন আদেশ বাতিল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছি। আমরা জেলাগুলিতে ব্যাঙ্ক, পঞ্চায়েত সমিতি, পুরসভা জেলা প্রশাসন এবং এই প্রকল্পে উপকৃত ব্যক্তিদের নিয়ে আলোচনা সভার ব্যবস্থা করেছি, যাতে ঋণের অর্থ আদায়ের এবং বকেয়া আবেদনপত্রের দ্রুত নিষ্পত্তির জন্য সকলের সহযোগিতা পাওয়া যায়। ব্যাঙ্কগুলি আমাদের পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন। আমরা আশা করছি, বিভিন্ন ব্যাঙ্কের নিকট জমে থাকা আবেদনপত্রগুলি আগামী কয়েক মাসের মধ্যে মঞ্জুরি পাবে এবং প্রকল্পের অর্থ দ্রুত বিলি করা হবে।

**কর্মচারী রাজ্য বিমা (চিকিৎসা সংক্রান্ত সুবিধা) প্রকল্প**

৪৫। ১৯৯৫ সালে কর্মচারী রাজ্য বিমা (চিকিৎসা সংক্রান্ত সুবিধা) প্রকল্পের অধীনে ১০.২৯ লক্ষ শিল্প শ্রমিক উপকৃত হয়েছিলেন। প্রতিটি পরিবারে গড়ে জনসংখ্যা ৩.৮ জন। এই প্রকল্পে মোট উপকৃত লোকের সংখ্যা ছিল প্রায় ৩৯ লক্ষ।

৪৬। বর্তমানে এই প্রকল্পের আওতায় পূর্ণাঙ্গ চিকিৎসার সুযোগ-সুবিধা কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা এবং নদীয়া জেলার কল্যাণী, গয়েশপুর, কাঁটাগঞ্জ, চাকদহ, হরিণঘাটা এবং ফুলিয়া অঞ্চলে, বর্ধমান জেলার দুর্গাপুর, আসানসোল ও রাণিগঞ্জ অঞ্চলে এবং মেদিনীপুর জেলার হলদিয়া অঞ্চলে দেওয়া হয়। শিলিগুড়িতে এই প্রকল্প সম্প্রসারণের কার্য এগিয়ে চলেছে।

৪৭। সাধারণ রোগের চিকিৎসার জন্য ২,৯৭৪টি শয্যা ও যক্ষ্মা রোগের চিকিৎসার জন্য ৩০০টি শয্যাবিশিষ্ট ১২টি ই. এস. আই. হাসপাতালের মাধ্যমে বিমাকারী ও তাদের

পরিবারের জন্য অন্তর্বিভাগীয় চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। মানিকতলা ই. এস. আই. হাসপাতালটি অন্যান্য ই. এস. আই. হাসপাতাল থেকে পাঠানো রোগীদের জটিল রোগের চিকিৎসা করে, যেমন হৃদ্‌রোগ, স্নায়ুরোগ, হৃদ্‌রোগের শল্য চিকিৎসা ইত্যাদি। মানিকতলা ই. এস. আই. হাসপাতালে ৬ শয্যাবিশিষ্ট একটি আধুনিক যন্ত্রপাতি সমন্বিত আই. সি. সি. ইউনিট চালু রয়েছে। এই শয্যাগুলি ছাড়াও রাজ্যের অন্যান্য হাসপাতালে বিমাকারী রোগীদের জন্য শয্যা সংরক্ষণ করা আছে। সেগুলি হল—সাধারণ চিকিৎসার জন্য ২৬টি শয্যা, যক্ষ্মারোগের চিকিৎসার জন্য ৫৩৪টি শয্যা, ক্যান্সার রোগের চিকিৎসার জন্য ২টি শয্যা এবং মানসিক রোগের চিকিৎসার জন্য ২টি শয্যা। চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালে ১০টি শয্যা সংরক্ষণ করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা চলছে।

৪৮। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, ৩০-১-৯৬ তারিখে কামারহাটি ই. এস. আই. হাসপাতাল-সংলগ্ন ১৫০ শয্যাবিশিষ্ট ভবনের উদ্বোধন করা হয়েছে। এই হাসপাতালে বেশ কিছু অত্যাধুনিক যন্ত্রপাতি বসান হয়েছে। এর ফলে চিকিৎসকগণের রোগ নির্ণয়ের প্রক্রিয়া উন্নততর হবে এবং রোগীগণ দ্রুত রোগ নির্ণয় ও উত্তম চিকিৎসার সুযোগ পাবেন। আমি মাননীয় সদস্যদের আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, পশ্চিমবঙ্গে রাজ্যবিমা প্রকল্পের অধীনে এটিই প্রথম হাসপাতাল যেখানে আলট্রাসনোগ্রাফি মেশিন, মেডিকেল গ্যাস পাইপ লাইন সিস্টেম, সেমি অটো অ্যানালাইজার, ইলেকট্রনিক পি. বি. এক্স ব্যবস্থা ইত্যাদি করা হয়েছে।

৪৯। ঠাকুরপুকুর ই. এস. আই. হাসপাতালে পেশাগত রোগের চিকিৎসাকেন্দ্র এ-বছর চালু হয়েছে। এই কেন্দ্রটি রাজ্যবিমা কর্পোরেশন নিজেরাই পরিচালনা করছেন।

৫০। বিমাকারী ব্যক্তিগণ ও তাদের পরিবারবর্গের বহির্বিভাগীয় চিকিৎসার সুযোগ-সুবিধা ৩৪টি সার্ভিস ডিসপেনসারির মাধ্যমে করা হচ্ছে। এ ছাড়া বহির্বিভাগীয় চিকিৎসার সুবিধা ১,৪০৪ জন আই. এম. পি. চিকিৎসকের ক্লিনিকের মাধ্যমে দেওয়া হয়। রূপায়িত অঞ্চলে ৪৩০টি বিশেষজ্ঞ ক্লিনিকও আছে।

৫১। যে সমস্ত অন্তর্বিভাগীয় বিশেষ ধরনের চিকিৎসা ই. এস. আই. হাসপাতালে করা সম্ভব নয় সে সব ক্ষেত্রে রোগীদের চিকিৎসার প্রয়োজনীয় সুবিধা-সম্বলিত রাজ্য হাসপাতালে প্রেরণ করা হয়। প্রয়োজন হলে, খৃস্টান মেডিকেল কলেজ, ভেলোর, শংকর নেত্রালয়, মাদ্রাস, টাটা মেমোরিয়াল হাসপাতাল, মুম্বাই এবং এ. আই. এম. এস., নতুন দিল্লিতে রোগীদের প্রেরণ করা হয়।

৫২। ১৯৯৫ সালে ১০টি ক্ষেত্রে হার্ট ভাল্‌বের পরিবর্তন, ২টি ক্ষেত্রে বাইপাস সার্জারি, ২টি ক্ষেত্রে করোনারি অ্যাঞ্জিওপ্লাস্টি, ১টি কিডনি সংস্থাপন, ৬টি ক্ষেত্রে রেটিনাল সার্জারি এবং ৩টি ক্ষেত্রে বেলুন ভালভোলো প্লাস্টি করা হয়। ঐ বছরে বিমাকারী ব্যক্তিদের দেহে প্রতিস্থাপন করার জন্য ৫৬টি পেসমেকার যন্ত্র সরবরাহ করা হয়। এ ছাড়া শ্রবণ-যন্ত্র, কৃত্রিম দাঁতের পার্টি, চশমা এবং অন্যান্য অস্থি সম্পর্কীয় যন্ত্রপাতি বিমাকারী রোগীদের প্রয়োজনানুযায়ী এই প্রকল্পের আওতায় দেওয়া হয়।

৫৩। দুর্গাপুরের ১০০ শয্যাবিশিষ্ট ই. এস. আই. হাসপাতালের নির্মাণকার্য সম্পন্ন

হয়েছে। হাসপাতালের কর্মচারিদের জন্য বাসভবন নির্মাণের কাজ চলছে। রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশন কেন্দ্রীয় সংস্থার মাধ্যমে কাজটি করছেন। রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশন এই প্রকল্পটি সম্পাদন করতে অস্বাভাবিক বিলম্ব করায় শ্রমিকগণ অসুবিধার সম্মুখীন হয়েছেন। আমি এতে গভীরভাবে দুঃখিত। অতি সম্প্রতি গড়-শ্যামনগরে একটি ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণের জন্য রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশনের অনুমোদন পাওয়া গেছে। এতে ভবিষ্যতে সম্প্রসারণের ব্যবস্থাও থাকছে। হলদিয়াতে একটি ই. এস. আই. হাসপাতাল নির্মাণের জন্য জমি নির্বাচন করা হয়েছে। বালটিকুরি ই. এস. আই. হাসপাতালের ক্ষতিগ্রস্ত অংশটির পুনর্নির্মাণের কাজে হাত দেওয়া হয়েছে এবং আশা করা হচ্ছে, খুব শীঘ্রই কাজটি সম্পন্ন হবে। আমরা আশা করি রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশন এই প্রকল্পটি দ্রুত সম্পাদনের দিকে নজর রাখবেন।

৫৪। মানিকতলা ই. এস. আই. হাসপাতালে কর্মচারী রাজ্যবিমা প্রকল্পের অধীনে একটি ব্লাড ব্যাঙ্ক আছে। রক্তদান শিবিরের মাধ্যমে এখানে রক্ত সংগ্রহ করা হয়। ব্লাড ব্যাঙ্কটি দিবারাত্র কাজ করে এবং কর্মচারী রাজ্যবিমা প্রকল্পের অধীনস্থ হাসপাতালগুলিতে রক্ত সরবরাহ করে। রক্ত সংগ্রহের জন্য একটি অ্যাম্বুলেন্সের ব্যবস্থা আছে। মানিকতলার ব্লাড ব্যাঙ্কে এডস রোগের এইচ. আই. ভি. পটিজিভ নির্ণয়ের জন্য এলিসা রিডার যন্ত্র স্থাপন করা হয়েছে।

৫৫। আমরা মানিকতলার পরিযেবিকা প্রশিক্ষণকেন্দ্রের পরিকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধি করেছি। পরিযেবিকা প্রশিক্ষণকেন্দ্রের নূতন ভবনের নির্মাণকার্য শেষ হয়েছে এবং সেটিকে ব্যবহার করা হচ্ছে। অন্যান্য প্রতিষ্ঠানে বহির্বিভাগীয় প্রশিক্ষণের জন্য শিক্ষানবিশ পরিযেবিকাদের যাতায়াতের উদ্দেশ্যে একটি বাস দেওয়া হয়েছে।

৫৬। বিমাকারিদের সুবিধার্থে আমরা কতকগুলি নূতন প্রকল্প গ্রহণ করেছি। ই. এস. আই. অধিকারের প্রশাসন ভবন তৈরি এবং অতিরিক্ত শয্যাবিশিষ্ট শিয়ালদহের ই. এস. আই. হাসপাতাল-সংলগ্ন ভবন নির্মাণের জন্য মঞ্জুরি রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশনের কাছ থেকে পাওয়া গেছে। ই. এস. আই. অধিকারের অফিসের রেকর্ড সেকশনে কমপিউটার বসানো, মানিকতলা ই. এস. আই. হাসপাতালের সি. টি. স্ক্যান কেন্দ্র স্থাপন এবং একটি চার শয্যাবিশিষ্ট ডায়ালেসিস কেন্দ্র স্থাপন, এ. এফ. বি. নির্ণয়ের যন্ত্রপাতি স্থাপন, বেলুড় হাপাতালের অন্তর্বিভাগীয় চিকিৎসা থেকে ছুটি পাওয়া যক্ষ্মারোগীদের জন্য পরবর্তী চিকিৎসা চালানোর উদ্দেশ্যে ক্লিনিক স্থাপন, শিয়ালদহ ও মানিকতলা হাসপাতালে কার্ডিয়াকে মনিটর এবং রেকর্ডসহ ডিফাইব্রিলেটার যন্ত্র স্থাপন ও বালটিকুরি হাসপাতালে হাই প্রেসার ড্রেসিং স্টেরিলাইজার যন্ত্র স্থাপনের জন্য আমরা প্রস্তাব করেছি। রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশন আমাদের প্রস্তাবে অনুকূল সাড়া না দিলে রাজ্য সরকার কোনও নূতন প্রকল্প চালু করতে পারেন না। রাজ্য কর্মচারী বিমা কর্পোরেশন এই ব্যাপারে বিলম্ব করায় প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে অনেক নূতন সমস্যার সৃষ্টি হচ্ছে।

৫৭। মাননীয় সদস্যগণ আরও জানেন যে, শ্রমিক-কর্মচারী ও মালিকগণ এই তহবিলে অর্থ দেন এবং রাজ্য সরকারও নূতন প্রকল্পের জন্য যথেষ্ট অর্থ ব্যয় করেন। কিন্তু কেন্দ্রীয় সরকার কোনওরূপ আর্থিক সহায়তা করেন না। আমরা বারংবার ই. এস. আই. তহবিল

বৃদ্ধির উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারকে আর্থিক সহায্য দিতে বলেছি। কিন্তু দুর্ভগ্যাবশত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ ব্যাপারে কোনও সাড়া পাওয়া যায় নি।

৫৮। মাননীয় সদস্যগণ জানেন যে, বিমাকারিদের জন্য চিকিৎসা-সংক্রান্ত ব্যয়ের উর্ধ্বসীমা খুবই কম থাকায় আর্থিক সঙ্কটের জন্য বিমাকারী ব্যক্তিদের যথেষ্ট সুবিধা দেওয়া সম্ভব হয় নি। আমরা ব্যয়ের উর্ধ্বসীমা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারকে বারবার বলেছি। ই. এস. আই. কর্পোরেশন ১-৪-৯৪ থেকে বিমাকারী ব্যাক্তি পিছু চিকিৎসা ব্যয়ের উর্ধ্বসীমা বাড়িয়ে বাৎসরিক ৩৪৫ টাকা থেকে ৪১০ টাকা করেছেন। এই ৪১০ টাকার মধ্যে ১৩০ টাকা একান্তভাবে ঔষধবিধির জন্য নির্দিষ্ট। এই উর্ধ্বসীমাও অপ্রতুল হওয়াতে আমরা পূর্বতন কেন্দ্রীয় শ্রমমন্ত্রীকে লিখেছি যাতে এই উর্ধ্বসীমা বাড়িয়ে ৫০০ টাকা করা হয়। আমরা আরও লিখেছি যে, এই অর্থ যেন আনুপাতিক বিভাজন না করা হয়।

৫৯। মাননীয় সদস্যগণ জেনে আনিন্দিত হবেন যে, টেন্ডার বাছাই কমিটি রাষ্ট্রীয় বিমা ঔষধালয় এবং সার্ভিস ডিসপেনসারিতে ব্যবহারের জন্য ৫০৯ রকম ঔষধের একটি তালিকা চূড়ান্ত করেছেন। পূর্বে এই তালিকায় ৯৯ রকমের ঔষধ ছিল। কর্মচারী রাজ্যবিমা প্রকল্প রূপায়ণে মূল্যবান পরামর্শ ও সাহায্য দেওয়ার জন্য ই. এস. আই.-এর আওতাভুক্ত স্থায়ী কমিটির চেয়ারম্যান শ্রী রবিন মুখার্জি ও অন্যান্য সদস্যদের আমি ধন্যবাদ জানাচ্ছি।

৬০। মাননীয় সদস্যগণ জানেন যে, বিভিন্ন শিল্পসংস্থায় বিশেযত পাটশিল্পের মালিকগণ শ্রমিকদের মজুরি থেকে ই. এস. আই. বাবদ চাঁদা কেটে নেন, কিন্তু ই. এস. আই. প্রকল্পে অংশগ্রহণকারী শ্রমিক এই প্রকল্পের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হন। প্রকল্পের জন্য এই অর্থ আদায় করা ই. এস. আই. কর্পোরেশনের কাজ। কিন্তু দেখা যাচ্ছে যে, তারা এ-কাজে যথেষ্ট মনোযোগ সব সময় দিচ্ছেন না। আমরা বারবার কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করেছি। কেন্দ্রীয় সরকার দেখুন, যাতে যে-সব শ্রমিক চাঁদা দিয়েছেন তারা যেন তাদের নিজেদের কোনও দোষ না থাকা সত্ত্বেও ক্ষতিগ্রস্ত না হন। কেন্দ্রীয় সরকার আরও দেখুন, যাতে খেলাপকারী মালিকদের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা নেওয়া হয়।

**প্রশিক্ষণ**

৬১। আধুনিক শিল্পে বিরাটসংখ্যক দক্ষ শ্রমিকের চাহিদা মেটানোর উদ্দেশ্যে কারিগরি প্রশিক্ষণ অধিকার রাজ্যের কারিগরি প্রশিক্ষণকেন্দ্রগুলিতে বছরে ১০,০০০ শিক্ষানবীশদের জন্য আসনসংখ্যা সৃষ্টি করেছেন। আর্থিক অসুবিধা থাকা সত্ত্বেও এ-ব্যবস্থা নেওয়া হয়েছে। ডাটা প্রিপারেশন ও কমপিউটার সফ্‌টওয়্যার, রেডিও এবং টিভি মেরামতি, সেক্রেটারিয়াল প্র্যাকটিস, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, প্লাস্টিক প্রসেসিং অপারেটর, রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশন মেকানিক ইত্যাদি আধুনিক বৃত্তি রাজ্যের কারিগরি প্রশিক্ষণকেন্দ্রগুলিতে চালু করা হয়েছে। কেবলমাত্র মহিলাদের জন্য ৩০০ আসনবিশিষ্ট চারটি কারিগরি প্রশিক্ষণকেন্দ্র এ রাজ্যে বর্তমানে চলছে। পূর্বাঞ্চলের পাঁচটি রাসায়নিক শিল্পে নিযুক্ত শিক্ষানবীশদের প্রশিক্ষণ দেওয়ার জন্য হুগলিতে একটি ১৯৬ আসনবিশিষ্ট বুনিয়াদী প্রশিক্ষণকেন্দ্র চালু করা হয়েছে। ১৯৯৫ সালের অক্টোবর মাসে বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য স্থাপিত রাজ্য সংস্থার পৃষ্ঠপোষকতায় কলিকাতার আউটরাম ঘাটে সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউটের ছয়মাসব্যাপী "এনভারয়নমেন্ট অ্যানালিস্ট" বিষয়ে

বিশেষজ্ঞদের প্রশিক্ষণ দেওয়া হয়। সি এক্সপ্লোরার্স ইনস্টিটিউট একটি বেসরকারি সংস্থা। ১৯৯৪-৯৫ বছরে দক্ষিণ ২৪ পরগনা জেলার আমতলা এবং জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে কারিগরি প্রশিক্ষণ ভবনের নির্মাণ শুরু হয়। এই কাজ এখনও চলছে। দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে আরেকটি কারিগরি প্রশিক্ষণকেন্দ্র স্থাপনের প্রস্তাব আছে।

৬২। আলোচ্য বছরে ১৯৬১ সালের শিক্ষানবীশ আইন অনুসারে ১,৯৫০ জন শিক্ষানবীশ বিভিন্ন প্রতিষ্ঠানে নিযুক্ত হন। ক্ষুদ্রশিল্পের আওতাভুক্ত ডাটা প্রিপারেশন ও কমপিউটার সফটওয়্যার-এ ১৭২টি আসন এবং প্ল্যাস্টিক প্রক্রিয়াকরণ সংস্থায় ২২৬টি আসন চিহ্নিত করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানের চর্মশিল্প-সংক্রান্ত বৃত্তিগুলিতে আরও ৭৬৬টি আসন এবং ইলেকট্রনিক বৃত্তিতে আরও ৮৮টি আসন চিহ্নিত করা হয়েছে। এই সব আসনে শীঘ্রই শিক্ষানবীশ নিযুক্ত হবেন।

৬৩। বিশ্বব্যাঙ্কের সাহায্যপুষ্ট বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রকল্পের জন্য ভারত সরকারের কর্ম এবং প্রশিক্ষণ অধিকারের মহা-অধিকর্তা অষ্টম পরিকল্পনাকালের জন্য ১,৩৭৬.৮২ লক্ষ টাকা অনুমোদন করেন। এর মধ্যে রাজ্য সরকারের অংশ ছিল ৬৮৮.৪১ লক্ষ টাকা। ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত ৯৩৪.৭৪ লক্ষ টাকা খরচ করা হয়েছে। বাকি অর্থ যন্ত্রপাতি সংগ্রহ এবং নির্মাণকার্যে ব্যবহার করা হবে। রাজ্যের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলির পরিকাঠামোগত সুযোগ-সুবিধা আরও উন্নত করা দরকার। রাজ্য সরকারের পক্ষে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা সম্ভব নয়। রাজ্যের কারিগরি শিক্ষার উন্নয়ন সংক্রান্ত ব্যয় ভারত সরকার বহন করুন, এই মর্মে আমি ভারত সরকারকে অনুরোধ করেছি।

**শ্রমিক কল্যাণ পর্ষদ**

৬৪। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ রাজ্যে ৫৩টি শ্রমিক কল্যাণ কেন্দ্র এবং দিঘা, দার্জিলিং, বকখালি ও হলদিয়ায় ৪টি হলিডে হোম পরিচালনা করেন। পর্ষদ সদস্য-শ্রমিকদের নামমাত্র মূল্যে হলিডে হোমে থাকার ব্যবস্থা করেন।

৬৫। এই পর্ষদ শিল্প শ্রমিকদের জন্য কতকগুলি কল্যাণমূলক কার্যসূচি বাস্তবায়িত করেন। এর মধ্যে আছে শ্রমিকদের সন্তানদের বৃত্তিদান, বয়স্ক শিক্ষা কর্মসূচি, ভারতীয় জনসংখ্যা প্রকল্পের আওতাভুক্ত পরিবার পরিকল্পনা কর্মসূচি। আলোচ্য বছরে উচ্চশিক্ষা চালানোর জন্য শ্রমিকদের সন্তান-সন্ততিদের ১.৮০ লক্ষ টাকা বৃত্তি হিসাবে দেওয়া হয়েছে। এই পর্ষদ শ্রমিকদের জন্য শ্রমিক কল্যাণ কেন্দ্রের মাধ্যমে টি. ভি., রেডিও, সঙ্গীত, নৃত্য, দৈনিক পত্রিকা ও সাময়িক পত্রিকা সরবরাহের আয়োজন করে থাকেন। আলোচ্য বছরে পর্ষদ কলিকাতায় এবং উত্তরবঙ্গের কয়েকটি স্থানে মে-দিবস উদ্‌যাপিত করেন।

৬৬। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও পর্ষদ পরিকাঠামোগত ব্যবস্থা উন্নয়নের জন্য সাধ্যমতো ব্যবস্থা নিচ্ছেন। এই উদ্দেশ্যে পর্ষদ গত আর্থিক বছরে কয়েকটি প্রকল্প শুরু করেছিলেন। এর মধ্যে ছিল দার্জিলিং-এর মংপুতে রবীন্দ্র মেমোরিয়াল আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্রে, বেলুড়ের আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্র, বর্ধমানের কন্যাপুরের আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্রের সংস্কার, দাগাপুরে একটি আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্র নির্মাণ এবং দমদমের শ্রমিক কল্যাণ কেন্দ্রের বিদ্যুৎ লাইনের সংস্কার। এই প্রকল্পগুলি সমাপ্তির পথে। অর্থ বরাদ্দ পাওয়া গেলে আগামী

আর্থিক বছরে পর্যদ কয়েকটি নতুন প্রকল্প হাতে নিতে চান। এগুলি হল, তারাতলার বি. কে. সি. আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্র, বকখালি হলিডে হোম এবং মানিকতলা আদর্শ শ্রমিক কল্যাণ কেন্দ্রের সংস্কার। পর্যদ পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে একটি হলিডে হোম এবং কলকাতার সল্টলেকে হলিডে হোম সহ একটি সর্বার্থসাধক কেন্দ্র নির্মাণ করতে মনস্থ করেছেন।

৬৭। মাননীয় মহাশয়, পর্যদ সদস্য-শ্রমিকদের জন্য যে কল্যাণমূলক সুযোগ-সুবিধার ব্যবস্থা করেছেন তা যথেষ্ট নয়। আর্থিক স্বল্পতা প্রধান বাধা। আমরা বিভিন্ন উৎস থেকে পর্যদের আয় বৃদ্ধির চেষ্টা করছি। পর্যদের কাজকর্মের উন্নতির জন্য আমি মাননীয় সদস্যদের কাছ থেকে প্রস্তাব আহ্বান করছি।

**কারখানা পরিদর্শন আধিকার**

৬৮। ৩১-১২-৯৫ তারিখে এ রাজ্যে ১০,৭৩০টি নিবদ্ধভুক্ত করাখানা ছিল। কারখানা পরিদর্শন অধিকারের পরিদর্শকগণ এই অধিকার যে সব আইন ও বিধি প্রয়োগ করেন তা ঠিকমতো পালিত হচ্ছে কিনা দেখার জন্য ৫,৪৫০ বার কারখানা পরিদর্শন করেন এবং ৯৪টি মামলা দায়ের করেন। এই অধিকারের অন্তর্গত চিকিৎসা সংক্রান্ত সেল বিপজ্জনক ও ঝুঁকিপূর্ণ কাজকর্মে নিযুক্ত ২,৫৬৬ জন শ্রমিককে পরীক্ষা করেছেন। শিল্প-স্বাস্থ্য সম্পর্কিত সেল বায়ুবাহিত দাহ্যপদার্থের কেন্দ্রীভবন বা কর্মস্থলে বিষ পদার্থ এবং দৈহিক চাপের পরিমাপের জন্য ৭১টি কারখানায় পুংখানুপুংখ পরীক্ষা চালান। কারখানা নিবন্ধন, স্বাস্থ্য এবং বিপজ্জনক কাজে ব্যবহৃত রাসায়নিক পদার্থ সংক্রান্ত তথ্য সংকলনের জন্য এই অধিকারের কমপিউটার ব্যবস্থা চালু করার প্রস্তাব আছে।

**বয়লার পরিদর্শন অধিকার**

৬৯। ১৯৯৫ সালে বয়লার পরিদর্শন অধিকারের পরিদর্শকগণ নির্মীয়মাণ ৪৯টি বয়লার, ১৬৫০টি চালু বয়লার এবং ১২৫টি ইকোনোমাইজারের কার্য-দক্ষতা মূল্যায়ন করেন। এই অধিকারের আওতাভুক্ত ওয়েল্ডার ট্রেনিং কেন্দ্রে এ-বছর ৪৮ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়। ১৯৯৫ সালে ১০৩ জন শিক্ষার্থী বয়লার অ্যাটেন্ডেন্ট পরীক্ষা এবং ১২ জন বয়লার অপারেশন ইঞ্জিনিয়ার্স পরীক্ষায় উত্তীর্ণ হন। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এ-বছর বয়লারে একটিও দুর্ঘটনা ঘটে নি।

৭০। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, কেন্দ্রের পূর্বতন সরকার ১৯২৩ সারে ইন্ডিয়ান বয়লারস্ অ্যাক্টের আমূল সংশোধন করতে চেয়েছিলেন। এর দ্বারা বয়লার পরিদর্শন ও ছাড়পত্র দেওয়ার ব্যাপারে ব্যাপক পরিবর্তন ঘটাতে চাওয়া হয়েছিল। এই বিষয়টি সংসদের স্থায়ী কমিটির বিবেচনার জন্য পাঠানো হয়েছিল। ঐ কমিটির কাছে আমাদের বক্তব্য আমরা পেশ করেছি। আমাদের বক্তব্য পুনরুল্লেখ করে বর্তমান কেন্দ্রীয় শিল্পমন্ত্রীকে আমি লিখেছি এবং আশা করছি, বিষয়টি পুনর্বিবেচিত হবে।

৭১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই দপ্তরের কাজকর্ম এবং ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং অধিকার, কর্মবিনিয়োগ কেন্দ্র ও ই. এস. আই. অধিকার সম্পর্কে সংক্ষেপে বললাম। শ্রমিক সংগঠন এবং অন্যান্যদের আমাদের দপ্তরের সঙ্গে কাজকর্ম চালানোর ব্যাপারে পূর্ণ সহযোগিতা

করার জন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি।

৭২। মাননীয় মহাশয়, আমাদের ভাষণ শেষ করার পূর্বে শ্রমিকশ্রেণীকে ঐক্যবদ্ধভাবে সাম্প্রদায়িকতা ও বিভেদসৃষ্টিকারী শক্তির বিরুদ্ধে সংগ্রাম করার আহ্বান জানাচ্ছি যাতে শ্রমিকশ্রেণীর ঐক্য এবং দেশের সংহতি মজবুত থাকে। আমরা তাদের তথা দেশের সাধারণ লোকের অধিকার ও সুযোগ-সুবিধা রক্ষা করার জন্য শ্রমিকশ্রেণীকে ঐক্যবদ্ধ হতে অনুরোধ করছি। আমরা আশা করি কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার শ্রমিকশ্রেণী তথা দেশের দরিদ্র জনগণের স্বার্থ অক্ষুণ্ণ রাখতে দেশের অর্থনীতি ও শিল্পনীতিতে প্রয়োজনীয় পরিবর্তন আনবে। আমাদের শ্রমিকশ্রেণী এবং শ্রমিক সংগঠনগুলির সামর্থ্যের উপর আমাদের গভীর আস্থা আছে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, শ্রমিক সংগঠনগুলি ও শ্রমিকশ্রেণী কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকারের নীতি ও শ্রমিকশ্রেণী কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকারের নীতি ও কার্যক্রম রূপায়ণের ব্যাপারে সহযোগিতা করবেন। আমরা শ্রমিকশ্রেণীকে আশ্বাস দিচ্ছি যে বামফ্রন্ট সরকার সব সময় তাদের পাশে থাকবে।

৭৩। মাননীয় মহাশয়, এই বক্তব্য রেখে আমি আমার প্রস্তাব গ্রহণ করার জন্য এই সভায় পেশ করছি।

## Demand No. 40

The printed speech of **Shri Kanti Biswas** on Demand No. 40 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরের নিমিত্ত ৪০ নং দাবির অধীন মোট ৪১,৪২,৩০,০০০ (একচল্লিশ কোটি বিয়াল্লিশ লক্ষ ত্রিশ হাজার) টাকার ব্যয়বরাদ্দের দাবি আমি মঞ্জুরির জন্য উপস্থিত করছি। এই ৪০ নং দাবির মুখ্য খাতগুলি হল : "২২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (পুনর্বাসন)" এবং "৬২৩৫—সামাজিক নিরাপত্তা ও কল্যাণের জন্য ঋণ (পুনর্বাসন)"। ইতিমধ্যে "ভোট অন অ্যাকাউন্ট"-এ উপস্থাপিত মোট ১৩,৮২,০০,০০০ (তেরো কোটি বিরাশি লক্ষ) টাকাও এর মধ্যে ধরা হয়েছে।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উপরোক্ত দাবি মঞ্জুরির উদ্দেশ্যে এই সভার অনুমতি প্রার্থনা করতে গিয়ে পূর্ব-পাকিস্তান (অধুনা বাংলাদেশ) থেকে আগত এবং বর্তমানে পশ্চিমবঙ্গে বসবাসকারী শরণার্থিদের পুনর্বাসন সমস্যার আলোচনা এবং কেন্দ্রীয় সরকারের একটি রাজনৈতিক সিদ্ধান্ত থেকে উদ্ভূত এই জাতীয় ও মানবি সমস্যা সমাধানকল্পে বামফ্রন্ট সরকার কি কি প্রচেষ্টা করে যাচ্ছে তা স্মরণ করব।

৩। এটা একটা ঐতিহাসিক ঘটনা যে, আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষের উপর দুর্দশার অভিঘাত আকস্মিকতার নেমে আসে আর তারা বিনাদোষে তাদের পূর্বপুরুষের ভিটেমাটি ছেড়ে অন্য একটি দেশে আশ্রয় নিতে বাধ্য হন। দেশভাগের ফলে ক্ষতিগ্রস্তদের মন থেকে ভয় দূর করার উদ্দেশ্যে দেশভাগের সময় আমাদের জাতীয় নেতৃবন্দ তাদের এই বলে আশ্বাস দিয়েছিলেন যে, দেশভাগজনিত কারণে যারা এ দেশে চলে আসতে বাধ্য হবেন, তাদের জন্যে ভারতে বাসস্থান ও জীবিকার ব্যবস্থা করা হবে। কিন্তু দেশভাগের সময় দেওয়া এইসব

আশ্বাস শীঘ্রই, বিশেষভাবে পূর্বাঞ্চলের ক্ষেত্রে, বিস্মরণে পরিণত হয়।

৪। ১৯৫০ সালের মধ্যে সাড়ে পঁচিশ (২৫.৫০) লক্ষের ওপর শরণার্থী পশ্চিমবঙ্গে চলে আসেন। ১৯৫০ সালের নেহরু-লিয়াকত চুক্তির উদ্দেশ্য ছিল শরণার্থিদের প্রত্যাবর্তনের সুবিধা করা, কিন্তু বাস্তবে এই চুক্তির ফলে পূর্বাঞ্চলের অসহায় শরণার্থিদের পুনর্বাসন পাবার ক্ষেত্রেই যে শুধু বিলম্ব ঘটল তা নয়, তাদের যথাযথ পুনর্বাসনের দাবিও অস্বীকার করা হল। তবুও পূর্ব-পাকিস্তানে তাদের ঘরবাড়ি ছেড়ে শরণার্থীরা ক্রমাগত চলে আসতে বাধ্য হলেন। ১৯৭৩ সালের হিসাব অনুযায়ী দেখা গেল যে প্রায় ৫৮ লক্ষ শরণার্থী ভারতবর্ষে এসে আশ্রয় নিয়েছেন। তারপর থেকে জনসংখ্যা বৃদ্ধির স্বাভাবিক কারণে তাদের সংখ্যাও বেড়েছে। এখন ছিন্নমূল মানুষ ও তাদের পরিবারের সদস্যগণ এই রাজ্যের মোট জনসংখ্যার এক-ষষ্ঠাংশে পরিণত হয়েছেন।

৫। পশ্চিমাঞ্চল ও পূর্বাঞ্চলে শরণার্থী সমস্যা সম্পর্কিত বিষয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক গৃহীত নীতির একটা জাজ্বল্যমান পার্থক্য লক্ষ্য করা যায়। ১৯৭৩-এর জুলাই মাস পর্যন্ত পশ্চিম পাকিস্তান থেকে আগত ৪৭.৪০ লক্ষ শরণার্থীবা সরাসরি পুনর্বাসনের জন্য মোট ৪৫৬ কোটি টাকা খরচ করা হয়েছিল, অথচ পূর্ব-পাকিস্তান থেকে আগত ৫৮ লক্ষ শরণার্থীর জন্য খরচ করা হল মাত্র ৮৫ কোটি টাকা। তখন থেকে পরবর্তী ২০ বছর সময়কালে পুনর্বাসন খাতে ভারত সরকার এই রাজ্যকে মোট যে টাকা দিয়েছেন তা সাকুল্যে ৮০ কোটিও হয় না।

৬। পুনর্বসান সমস্যা জাতীয় সমস্যা সত্ত্বেও, কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে সহায়তা দানে পর্যায়ক্রমে হয় অস্বীকার করেছে না হয় বিলম্ব করে গেছে।

৭। শরণার্থিদের দীর্ঘ যন্ত্রণাভোগে আমরা বরাবর তাদের পাশেই থেকেছি, তা আমরা সরকারের ভিতরে বা বাইরে যেখানেই থাকি না কেন। শরণার্থীরা পূর্ব পাকিস্তানে ফিরে যাবেন, এই ভ্রান্ত ধারণার বশবর্তী হয়ে যখন কংগ্রেস সরকার শরণার্থিদের পুনর্বাসন দিতে অস্বীকার করল, তখন আমরাই তাদের পাশে দাঁড়িয়েছিলাম এবং তাদের নিজের এই দেশে তাদের থাকার যে অধিকার, তাকে আমরা তুলে ধরেছিলাম। আমরা তাদের জবরদখল কলোনি গড়ে তোলার এবং রক্ষা করার যে সংগ্রাম তার পাশেও দাঁড়িয়েছিলাম। এই রাজ্যে পুনর্বাসনের কাজ সম্পূর্ণ করার জন্য প্রথম যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রের কাছ থেকে ২৫০ কোটি টাকা দাবি করেছিল। যুক্তফ্রন্ট সরকারের আমলে কেন্দ্র শিবির বহির্ভূত শরণার্থিদের পুনর্বাসনের দাবি মেনে নিয়েছিল। ১৯৭৪ সালে কেন্দ্রের স্বীকৃত জবরদখল কলোনিগুলিতে 'লিজ দলিল' প্রদানে কেন্দ্র রাজি হয়েছিল ; কিন্তু রাজ্য সরকার নিঃশর্ত দলিল প্রদানের জন্য চাপ সৃষ্টি করে এবং ১৯৮৬ সালে রাজ্য সরকার প্রথমে রাজ্য সরকারের জমিতে স্থাপিত কলোনিতে নিঃশর্ত দলিল দিয়ে দেয়। ফলে কেন্দ্রীয় সরকার অন্য কলোনিগুলিতেও নিঃশর্ত দলিল প্রদানে রাজি হয়। ১৯৭৮ সালে রাজ্য সরকার কর্তৃক গঠিত আর. আর. কমিটির প্রতিবেদন ১৯৮১ সালে প্রকাশিত হয়। এটি এ রাজ্যের শরণার্থী সমস্যার উপর একটি সার্বিক প্রতিবেদন। এতে পুনর্বাসনের জন্য ৭৫০ কোটি টাকা ব্যয়ের সুপারিশ করা হয়েছিল। দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার ফলে এবং মূল্যবৃদ্ধিজনিত কারণে অর্থের এই পরিমাণ বৃদ্ধি পেয়ে বর্তমানে ১৭২৬

কোটি টাকায় দাঁড়িয়েছে। পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে এক সর্বদলীয় প্রতিনিধি দল ১৯৯২ সালের ২৩ এপ্রিল তারিখে রাজ্যের পুনর্বাসন সমস্যা-সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। তারই ফলশ্রুতিতে কেন্দ্রীয় সরকারের কাছে একটি 'গুচ্ছ প্রস্তাব' (Package Proposal) ওই বৎসরই পেশ করা হয়। তাতে বিস্তারিত বলা হয়েছিল।

৮। ওই গুচ্ছ প্রস্তাবে যে প্রধান বিষয়গুলির জন্য অর্থ সাহায্য চাওয়া হয়েছিল তা নিচে দেওয়া হল ঃ

| | | |
|---|---|---|
| | .... | ২৩.২২ কোটি টাকা |
| **জবরদখল কলোনি নিয়মিতকরণ** | | |
| (অ) কেন্দ্রীয় সরকারি দপ্তরগুলির জমি এবং ব্যক্তিমালিকানাধীন জমির জন্য প্রদেয় বকেয়া | .... | ১৫ কোটি টাকা |
| (আ) স্থানীয় সংস্থা ও অন্যান্য সংস্থার প্রাপ্য বকেয়া | | |
| (ই) রাজ্য সরকারি জমির জন্য প্রদেয় | .... | ১৩৭ কোটি টাকা |
| **কলোনি উন্নয়ন** | .... | ৪০০ কোটি টাকা |
| **অর্থনৈতিক পুনর্বাসন** | .... | ১১৫০ কোটি টাকা |

উপরোক্ত বিষয়গুলির মধ্যে কলোনিগুলির পরিকাঠামোগত উন্নয়ন ও আর্থিক পুনর্বাসনের বিষয় দুটিই সবথেকে গুরুত্বপূর্ণ। কলোনি উন্নয়নের জন্য টাকা দেওয়া শুরু হয়েছে ; কিন্তু অতীতে ভারত সরকারের দৃঢ় অঙ্গীকার সত্ত্বেও গ্রামীণ কলোনিগুলি এবং '৬০৭-গ্রুপের' কলোনিগুলিকে এই উন্নয়নের আওতায় আনা হয়নি।

একইভাবে অর্থনৈতিক পনর্বাসনের আবেদনও নস্যাৎ করা হয়েছে এই বলে যে, দীর্ঘ সময়ের ব্যবধান নিশ্চয়ই এই সমস্যারও সমাধান করে দিয়েছে। তবুও এ কথা বলা যায় যে, উপরোক্ত দাবিগুলি ভারত সরকারের স্বীকৃত দাবিগুলির মধ্যেই পড়ে।

৯। ১৯৭৮ সালের শরণার্থী পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষে কেন্দ্রীয় সরকার একটি 'ওয়াকিং গ্রুপ' গঠন করে। নগর এবং গ্রামীণ এলাকার সমস্ত স্বীকৃত কলোনিতে জল সরবরাহ, স্বাস্থ্যরক্ষা, রাস্তাঘাট এবং পয়ঃপ্রণালী ইত্যাদি পরিকাঠামোগত সুযোগ-সুবিধার জন্য এই 'ওয়ার্কিং গ্রুপ' অর্থ মঞ্জুরির সুপারিশ করে। এই কমিটি শরণার্থিদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যেও অর্থ মঞ্জুরির সুপারিশ করে। এই সুপারিশগুলি ভারত সরকার কর্তৃক গৃহীত হয় এবং সে বার্তা ১৯৭৮ সালের রাজ্য সরকারকে জানিয়েও দেওয়া হয়। তবু আজ পর্যন্ত শুধুমাত্র শহর এলাকার কয়েকটি কলোনির উন্নয়নের জনাই অর্থ মঞ্জুর করা হয়েছে, গ্রামীণ কলোনিগুলির জন্য কোনও অর্থই বরাদ্দ করা হয়নি। এমনকি শহর এলাকার '৬০৭-গ্রুপের' কলোনিগুলির উন্নয়নের জন্যও কোনও অর্থ বরাদ্দ করা হয়নি। রাজ্য সরকারের ক্রমাগত আবেদন এবং রাজ্য বিধানসভার সদস্যদের নিয়ে দুটি সর্বদলীয় প্রতিনিধি দলের প্রচেষ্টাও সফল হয়নি।

১০। সুস্পষ্ট অঙ্গীকার সত্ত্বেও ভারত সরকার অর্থনৈতিক পুনর্বাসনের জন্য অর্থ বরাদ্দ তো করেনি, বরং এ ব্যাপারে রাজ্য সরকারের সমস্ত প্রস্তাবই নাকচ করে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ, মহাশয়, দেশের পরিবর্তিত প্রেক্ষাপটে, যখন কেন্দ্রে একটি যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে, আমরা আশা করব, এই ভাগ্যবিড়ম্বিত মানুষগুলির প্রতি কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি এখন অনুকূল হবে। আমরা আশা করব, প্রয়োজনীয় সুযোগ সৃষ্টির মাধ্যমে এদের প্রতি মানবিক আচরণ সম্প্রসারিত করা হবে এবং প্রত্যেকে সঙ্গতভাবেই এই আশা পোষণ করেন যে, কেন্দ্রীয় সরকার সে আশা পূরণে তাদের দায়িত্ব পালন করতে এগিয়ে আসবে।

১১। আমি এখন সংক্ষেপে চালু কর্মসূচিগুলির অগ্রগতি পর্যালোচনা করব।

১২। প্রথমে জবরদখল কলোনিগুলির নিয়মিতকরণের কর্মসূচির কথা বলি। কলোনিগুলি যে-সকল জমিতে অবস্থিত সে-সমস্ত জমি হয় আইনগত অধিগ্রহণ পদ্ধতির মাধ্যমে অথবা সরকারি কিংবা স্থানীয় সংস্থার কাছ থেকে হস্তান্তরের মাধ্যমে নেওয়া হয়। রাজ্য সরকার কর্তৃক জমি অধিগ্রহণের পর শরণার্থিদের তাদের দখলে থাকা জমির জন্য নির্দিষ্ট শর্ত সংবলিত দলিল দেওয়া হয়।

১৩। এই কর্মসূচির অধীনে ৩০৪২.৮৯ একর জমি অধিগ্রহণ করার কথা ছিল। আজ পর্যন্ত ২৯৮৩.৭৯ একর বেসরকারি মালিকানাধীন জমি অধিগৃহীত হয়েছে এবং মাত্র ৫৯.১০ একর জমি এখনও অধিগ্রহণের বাকি আছে। এ ছাড়া রাজ্য এবং কেন্দ্রের বিভিন্ন সরকারি দপ্তর এবং স্থানীয় সংস্থা ইত্যাদির কাছ থেকে যে ২১,৩৯০.৭৯ একর জমি হস্তান্তরের মাধ্যমে পাবাব কথা ছিল তার মধ্যে আমরা এখন পর্যন্ত ২০,৯৬৫.৩৪ একর জমি পেয়েছি।

১৪। মোট ২,৩৬,১৫৭টি দলিল বিতরণের লক্ষ্যমাত্রার স্থলে, আজ পর্যন্ত ১,৯৪,২৪২টি দলিল বন্টিত হয়েছে।

১৫। ১৯৯৫-৯৬ আর্থিক বছরের জন্য ভারত সরকার কলোনিগুলির পরিকাঠামোগত উন্নয়নের উদ্দেশ্যে ১৮ কোটি টাকা বরাদ্দ করেছিল। এই কর্মসূচিতে আমরা পরিকাঠামোগত উন্নয়ন, যেমন, জল সরবরাহ, স্বাস্থ্যরক্ষা, রাস্তাঘাট, পয়ঃপ্রণালী ইত্যাদির ব্যবস্থা করছি। কলোনি এলাকা পরিদর্শন করে, কলোনি কমিটি ও স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থার সঙ্গে আলোচনা করে প্রায় ১৯ কোটি টাকার প্রকল্প প্রস্তুত করা হয়েছে। এর ফলে যেমন স্থানীয় মানুষ, তেমনই পৌরকর্তৃপক্ষগুলির প্রয়োজনের কথাও স্থির করা গিয়েছে।

১৬। শরণার্থিদের সংগঠনগুলির কাছ থেকে আরও ৯৯৮টি কলোনির তালিকা পাওয়া গিয়েছে। স্থির করা হয়েছে যে, যথার্থ উদ্বাস্তু অধ্যুষিত যে-সমস্ত কলোনি রাজ্য সরকারের জমির উপর গড়ে উঠেছে সেইগুলিতে দলিল দিয়ে দেওয়া হবে, ঠিক যেভাবে কেন্দ্রীয় সরকার অনুমোদিত কলোনিগুলিতে দেওয়া হয়েছে।

১৭। আমরা আগেই উল্লেখ করেছি যে, অতীতে যখন আমরা সরকারে ছিলাম না, তখনও আমরা শরণার্থিদের পাশে দাঁড়িয়েছিলাম আর বিগত উনিশ বছরে যখন আমরা সরকারে আছি, আমরা একইভাবে তাদের পাশেই আছি। শরণার্থিদের স্বার্থে আমরা আমাদের কাজ চালিয়ে যেতে চাই এবং এইজন্য আমরা এই সভার সকলের সহযোগিতা কামনা করি।

এই আবেদন রেখে আমি ব্যয়বরাদ্দের দাবি অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

## Demand No. 41

The printed speech of **Shri Dinesh Chandra Dakua** on Deman No. 41 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৬-৯৭ সালের ব্যয়-নির্বাহের ৪১ নং দাবির অধীনে মুখ্য খাত ঃ

২২০২ — সাধারণ শিক্ষা (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২০৪ — ক্রীড়া ও যুবকল্যাণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২১০ — চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য বাদে ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২১০ — চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২১৫ — জলসরবরাহ ও স্যানিটেশন (বায়ু ও জলদূষণ প্রতিরোধ বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২২৫ — তফসিলি জাতি, তফসিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ খাতে ব্যয়।

২২৩৫ — সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (সামাজিক কল্যাণ) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২৩৬ — পুষ্টি (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২২৫০ — অন্যান্য সামাজিক কল্যাণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪০১ — শস্যপালন (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪০২ — মৃত্তিকা ও জল সংরক্ষণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪০৩ — পশুপালন (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪০৫ — মৎস চাষ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪০৬ — বন ও বন্যপ্রাণী (চিড়িয়াখানা ও দার্জিলিং-এর লয়েড বোটানিক গার্ডেন বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪০৮ — খাদ্য সংরক্ষণ, গুদামজাতকরণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪২৫ — সমবায় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৪৩৫ — অন্যান্য কৃষি কর্মসূচিসমূহ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৫০১ — গ্রামীণ উন্নয়ন সম্পর্কিত বিশেষ কর্মসূচি (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৫১৫ — অন্যান্য গ্রামীণ উন্নয়ন (সমষ্টি উন্নয়ন প্রকল্প) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৫৭৫ — অন্যান্য বিশেষ অঞ্চল কর্মসূচি (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৭০২ — ক্ষুদ্রসেচ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

২৮৫১ — গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প (রীষ্ট্রয়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪২১০ — চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে মূলধনী ব্যয় (জনস্বাস্থ্য ব্যতীত) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪২২৫ — তফসিলি জাতি ও অন্যান্য অনগ্রসর (শ্রেণীর কল্যাণ খাতে মূলধনী ব্যয়)

৪২৫০ — সামাজিকি কল্যাণ খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪৪০১ — শস্যপালন খাতে মূলধনী ব্যয় (রাষ্টায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪৪২৫ — সমবায় খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪৪৩৫ — অন্যান্য কৃষি কর্মসূচি খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪৭০২ — ক্ষুদ্র সেচ খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪৭০৫ — নিয়ন্ত্রিত এলাকা উন্নয়ন খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৪৮৫১ — গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প খাতে মূলধনী ব্যয় (রাষ্ট্রায়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৫০৫৪ — রাস্তা ও সেতু খাতে মূলধনী ব্যয় (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৬২২৫ — তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীসমূহের কল্যাণ খাতে ঋণ

৬২৫০ — অন্যান্য সামাজিক কল্যাণ খাতে ঋণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৬৪২৫ — সমবায় খাতে ঋণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৬৫৭৫ — অন্যান্য বিশেষ অঞ্চল খাতে ঋণ (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান)

৬৮৫১ — গ্রামীণ ও ক্ষুদ্র খাতে ঋণ (রাষ্ট্রয়ত্ত সংস্থা বাদে) (ট্রাইবাল এরিয়াস সাব-প্লান) বাবদ ১৯০,৮০,২৭,০০০ (একশত নব্বই কোটি আশি লক্ষ সাতাশ হাজার) টাকা মঞ্জুর করা হয়েছে এর মধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ৬৩,৩২,০০,০০০ (তেষট্টি কোটি বত্রিশ লক্ষ) টাকা ধরা আছে।

মাননীয় সদস্যরা অবগত আছেন যে, তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগ পশ্চিমবঙ্গের তফসিলি জাতি ও আদিবাসী মানুষের কল্যাণ সাধনের দায়িত্বে রয়েছে। পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যা ৬,৮০,৭৭,৯৬০ জনের মধ্যে ১,৬০,৮০,৬১১ জন ব্যক্তি তফসিলি জাতির ও ৩৮,০৮,৭৬০ জন ব্যক্তি তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত। শতাংশের নিরিখে তফসিলি জাতি

মোট জন-সংখ্যার ২৩.৬২ এবং তফসিলি উপজাতি ৫.৫৯ এটি ১৯৯১ সালের আদম-সুমারি অনুযায়ী। 'কল্যাণ-সাধন' কথাটির অর্থের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, কৃষি ও ঐ সংক্রান্ত কাজকর্ম প্রভৃতি সহ জনসাধারণের সর্ব প্রকার সুযোগ-সুবিধা দান। তফসিলি জাতি ও আদিবাসী সমেত সমস্ত শ্রেণীর মানুষের জন্য নানা ধরনের কল্যাণ-মূলক কাজকর্মের ভারপ্রাপ্ত বিভিন্ন বিভাগ থাকলেও তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগ বিশেষভাবে তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য কল্যাণমূলক কাজকর্মের দায়িত্বে রয়েছে। এই বিভাগের কাজকর্ম মূলত সংযোজন মূলক, বিকল্পধর্মী নয়। অধিকাংশ বিভাগের প্রতি বছরের যোজনা বাজেটে তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য 'বিশেষ সাঙ্গ যোজনা' ও আদিবাসী উপ-যোজনা' ও আদিবাসী উপ-যোজনা থাকে। অবশ্য, তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের যোজনা বরাদ্দের পুরোটাই তফসিলি জাতি ও আদিবাসীদের কল্যাণ সাধনের জন্য উদ্দিষ্ট। সমস্ত ক্ষেত্রীয় বিভাগগুলি পৃথক ভাবে তাদের যোজনা বরাদ্দের মধ্যে তফসিলি জাতির জন্য বিশেষ সাঙ্গ যোজনা ও তফসিলি আদিবাসীর জন্য আদিবাসী উপ-যোজনা প্রস্তুত করেছে। অবশ্য, বিভিন্ন ক্ষেত্রীয় বিভাগের আদিবাসী উপ-যোজনা বিভিন্ন মুখ্য খাতের যোজনা বরাদ্দ এই দাবির অধীনে, অর্থাৎ ৪১ নং দাবির অধীনে উপস্থাপিত হল। কিন্তু তফসিলি জাতির জন্য বিশেষ সাঙ্গ যোজনা সম্পর্কিত অংশ বিভিন্ন বিভাগের ঐ সংক্রান্ত মুখ্য খাতের অধীনে ও ঐ সম্পর্কিত অন্তর্ভুক্ত হয়েছে। সুতরাং এই ৪১ নং দাবির মধ্যে ১৯৯৬-৯৭ সালের জন্য তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের যোজনা ও যোজনাবহির্ভূত বরাদ্দ ও তৎসহ বিভিন্ন বিভাগের যোজনা বরাদ্দের আদিবাসী উপযোজনার অংশ সমূহ অন্তর্ভুক্ত আরও যথাযথভাবে বলতে গেলে, ১৯৯৬-৯৭ সালে তফসিলি জাতি আদিবাসী কল্যাণ বিভাগের যোজনা বরাদ্দ হল ২৮.৬০ কোটি টাকা। এটা উৎসাহব্যঞ্জক যে, পশ্চিমবঙ্গে অর্থের অপ্রতুলতা সত্ত্বেও রাজ্য সরকার ১৯৯৬-৯৭ সালের জন্য তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের যোজনা বরাদ্দের শতকরা ১০ বৃদ্ধি করেছে।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, এই বিভাগ তফসিলি জাতি ও আদিবাসীদের কল্যাণ সাধনের কাজ ছাড়াও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ সাধনের কাজের দায়িত্বেও আছে। অবসরপ্রাপ্ত বিচারপতি শ্রী অমরেন্দ্রনাথ সেন মহাশয়ের সভাপতিত্বে আরও চার সদস্য নিয়ে বিগত ১৯৯৩ সালে রাজ্য সরকার পশ্চিমবঙ্গ অনুন্নত শ্রেণী আয়োগ গঠন করেন।

এই আয়োগের সুপারিশক্রমে রাজ্য সরকার এখন পর্যন্ত তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ের বাইরে ৪৪ শ্রেণীর নাগরিককে অন্যান্য অনগ্রসর শ্রেণী হিসেবে ঘোষণা জারি করেছেন এবং এই আদেশবলে পশ্চিমবঙ্গ সরকার, স্থানীয় সংস্থা, রাজ্য আইনবলে বিধিবদ্ধ সংস্থা, যে নিগমের ৫১ শতাংশ বা তার বেশি মূলধন রাজ্য সরকারে ন্যস্ত, বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত মহাবিদ্যালয়, প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়, রাজ্য সরকারি বা রাজ্য সরকার এর অনুদানপ্রাপ্ত অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজ্য সরকারি সংস্থায় উদ্ভূত খালি পদগুলির সরাসরি নিয়োগের ক্ষেত্রে ৫ (পাঁচ) শতাংশ পদ সংরক্ষিত রাখা হবে। এইসব অন্যান্য অনগ্রসর শ্রেণীর প্রার্থীর দ্বারা পূরণ করার জন্য।

এই বিভাগের কল্যাণমূলক কাজকর্মের সাধারণভাবে রয়েছে ঃ ১) তফসিলি জাতি ও

আদিবাসীর অন্তর্ভূক্ত ছাত্র সম্প্রদায়ের কল্যাণ সাধন, ২) দারিদ্র সীমার নিচে অবস্থিত জাতি ও আদিবাসীর অন্তর্ভূক্ত মানুষের অর্থনৈতিক কল্যাণ সাধন, ৩) তফসিলি জাতি ও আদিবাসীর মধ্যে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক ক্রিয়াকলাপ এবং ৪) যে সব অঞ্চলে তফসিলি জাতি/উপজাতি ভূক্ত মানুষের গরিষ্ঠতা আছে, সেসব অঞ্চলের পরিকাঠামোগত উন্নয়ন।

ছাত্র সম্প্রদায়ের কল্যাণ সাধন সম্পর্কে বলা যায় যে, ইঞ্জিনিয়ারিং, চিকিৎসা, কৃষি, পশুচিকিৎসা ও পলিটেকনিক্ ছাত্র সমেত মাধ্যমিক-উত্তর ছাত্রদের যে ভাতা দেওয়া হয়, তা মোট খরচের একটি বৃহৎ অংশ। ১৯৯৪-৯৫ সালে এই খাতে মোট ব্যয় প্রায় ১০.৪৩ কোটি টাকা দাঁড়িয়েছিল এবং আশা করা যায় যে ১৯৯৫-৯৬ সালে এই ব্যয় দাঁড়াবে ১২.১২ কোটি টাকা। ১৯৯৬-৯৭ সালে এই খাতে বাজেট বরাদ্দ হল ১৪.১৮৬৩ কোটি টাকা। মাধ্যমিক-উত্তর ছাত্রদের ভাতাদানের এই প্রকল্প একটি 'কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত সর্বভারতীয় প্রকল্প' এবং বিভিন্ন কোর্সের জন্য বৃত্তির হার সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে ভারত সরকারকে প্রতি বছরের অন্যান্য কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত প্রকল্পের মতো এই খাতে মোট ব্যয়ের শতকরা ৫০ বহন করার অনুরোধ জানায়, কিন্তু ভারতসরকার এই ধরনের কোনও ব্যয় নিয়মিত ভাবে বহন করতে অস্বীকার করে।

মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ১৯৯৫-৯৬ সালে পুস্তক অনুদান প্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা ১০ লক্ষ হবে বলে আশা করা হচ্ছে। এই ব্যয় পুরোপুরি রাজ্য সরকার বহন করেছে।

১৯৯৪-৯৫ সাল পর্যন্ত মাধ্যমিকস্তর পর্যন্ত পাঠরত সকল ছাত্র-ছাত্রীদিগকে ভরণ পোষণ ভাতা বাবদ বার্ষিক ৩০০ টাকা হিসাবে দেওয়া হয়েছে। সেক্ষেত্রে তাদের পিতামাতা বা অভিভাবকদের বার্ষিক আয় ৬,০০০ টাকা এর কম। ১৯৯৫-৯৬ সালে ঐ আয়ের সীমা বাড়িয়ে বার্ষিক ১৮,০০০ টাকা এবং ছাত্র-ছাত্রীদের ভরণ পোষণ ভাতা বাড়িয়ে বার্ষিক ৩৬০ টাকা করা হয়েছে।

১৯৯৪-৯৫ সাল ৪.০৮ কোটি টাকা ১,৩৬,৭৯২ জন ছাত্র-ছাত্রীর জন্য ঐ খাতে দেওয়া হয়। ১৯৯৫-৯৬ ঐ খাতে ব্যয়িত অর্থের পরিমাণ ৬.০৯ কোটি টাকা এবং উপকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ১,৬৯,১৬৭।

১৯৯৬-৯৭ সালে ঐ খাতে ব্যয় বরাদ্দ করা হয়েছে ৬.১৭ কোটি টাকা এর ফলে উপকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবছর আরও বৃদ্ধি পাবে।

তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রী শিক্ষার মান উন্নয়নের ক্ষেত্রে সারা ভারতে এটি একটি অনবদ্য পরিকল্পনা এবং এটি খুবই জনপ্রিয়। এর ফলে মাধ্যমিক স্তরে পাঠরত তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে।

এই বিভাগ এই রাজ্যে প্রাথমিক এবং নিম্ন মাধ্যমিক আশ্রম ছাত্রাবাস নির্মাণ করছে এবং পরিচালনা করছে। আশ্রমিকদের ছাত্রবাস বৃত্তির সাধারণ খরচ ছাড়াও অন্যান্য আকস্মিক খরচও দেওয়া হয়। ১৯৯৫-৯৬ সালে প্রাথমিক এবং নিম্নমাধ্যমিক স্তরে আশ্রমিকদের সংখ্যা দাঁড়িয়েছে যথাক্রমে ১৭৬০ এবং ৩৮৯৫। ১৯৯৬-৯৭ সালে রাজ্য সরকার বিশেষ করে আদিবাসী অধ্যুষিত অঞ্চলগুলিতে প্রাথমিক ছাত্রাবাসের সুবিধা ভোগীদের সংখ্যা বাড়াবার

সিদ্ধান্ত নিয়েছেন।

তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগ আশ্রম ছাত্রাবাস ছাড়াও কোনও বিশেষ প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত নয় এরকম ছেলে মেয়েদের জন্য কেন্দ্রীয় ছাত্রাবাসও নির্মাণ করেছে। এখন পর্যন্ত এইরকম কেন্দ্রীয় ছাত্রাবাসের মোট আসনের সংখ্যা দাঁড়িয়েছে ৩০৭৪ এবং ১৯৯৬-৯৭ সালের শেষে তা ৪৩০০ হবে আশা করা হচ্ছে। শিক্ষার উন্নয়নের জন্য তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগের এই সমস্ত কর্মসূচি, শিক্ষা বিভাগে ইতিমধ্যেই চালু কর্মসূচিগুলির সম্পূরক।

শিক্ষা সংক্রান্ত কর্মপ্রকল্প ছাড়াও তফশিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগ সারা রাজ্যের ৬২টি প্রশিক্ষণ তথা উৎপাদন কেন্দ্রে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির ছেলে মেয়েদের বিভিন্ন শিল্প এবং হস্ত শিল্পে প্রশিক্ষণ দিচ্ছে। প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার পর শিক্ষার্থিদের, পশ্চিমবঙ্গ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি উন্নয়ন এবং অর্থ নিগম কর্তৃক রূপায়িত পরিবার কেন্দ্রিক আর্থিক কর্মপ্রকল্পের অধীনে স্ব-নিযুক্তি দেওয়া হয়।

সুসমন্বিত গ্রামীণ উন্নয়ন কর্মসূচির ধাঁচে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি উন্নয়ন ও অর্থ নিগম দারিদ্র্য সীমার নিচে থাকা তফসিলি উপজাতির পরিবার গুলির সুবিধার জন্য পরিবার কেন্দ্রিক আর্থিক কর্মপ্রকল্প রূপায়ণের কাজে নিয়োজিত রয়েছে। ১৯৯২-৯৩ সালে মোট ৪০.৪১ কোটি টাকা বিনিয়োগ করে ৫৯,৬৭৫ জন মানুষকে এই কর্মপ্রকল্পের সুবিধা দেওয়া হয়েছিল। ১৯৯৩-৯৪ সালে অনুরূপভাবে ঐ হিসাব হবে ৫৬,৯৪৩ জন এবং ৪৩.৯২ কোটি টাকা। ১৯৯৫-৯৬ সালে পরিবার কেন্দ্রিক আর্থিক কর্ম প্রকল্পের অধীনে সুবিধাপ্রাপ্ত তপসিলি মানুষের সংখ্যা ৬৯,৮৬৬ জন বিনিয়োগ ৬৯.৭৪ কোটি টাকা হবে বলে ধরা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে অনুরূপভাবে তফসিলি উপজাতির সংখ্যা হবে ১৯,২০৩ এবং বিনিয়োগ হবে ১৯.১৩ কোটি টাকা। ১৯৯৬-৯৭ সালে সুবিধাপ্রাপ্ত তফসিলি জাতি ও উপজাতির সংখ্যা যথাক্রমে ৯০,০০০ এবং ২৬,০০০ হবে আশা করা যায়।

এই প্রসঙ্গে আমি এটি বলার সুযোগ গ্রহণ করছি যে ১৯৯০ সালের ২রা অক্টোবরের আগে যে সব তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির মানুষকে ১০,০০০ টাকা পর্যন্ত মোট ৯৫.০৩ কোটি টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে, এর মধ্যে ৪৯.৫৩ কোটি টাকা হল ব্যাঙ্ক প্রদত্ত ঋণ এবং ৪৫.৫০ কোটি টাকা হল পশ্চিমবঙ্গ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি উন্নয়ন ও অর্থ নিগমের কাছ থেকে পাওয়া প্রান্তিক ঋণ। 'এ. আর. ডি. আর' আইন অনুসরণ করে ভারত সরকার তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির মানুষদের ব্যাঙ্ক ঋণ মুকুব করে ব্যাঙ্কগুলিকে ৪৯.৫৩ কোটি টাকা প্রদান করেছে, কিন্তু বার বার অনুরোধ করা সত্ত্বেও ভারত সরকার যে সব তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির সুবিধাপ্রাপ্ত মানুষদের ব্যাঙ্ক ঋণ মুকুব করা হয়েছে, তাদের প্রান্তিক ঋণ মুকুব করার ক্ষেত্রে উক্ত নিগমের ৪৫.৫০ কোটি টাকা প্রদান করছে না। অতএব, ঐ সমস্ত মানুষ এখনও পাওনা মেটায়নি বলে নতুন ঋণ পাওয়ার ক্ষেত্রে অযোগ্য বলে পরিগণিত হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার মনে করে যে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির মানুষের প্রতি ভারত সরকারের এই মনোভাব হল এক অবিচার এবং শীঘ্রই এই অবিচার অপনয়ন করা হবে আশা করা হচ্ছে।

পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম ১১৫টি আদিবাসী বৃহদায়তন বহুমুখি সমবায় সমিতিগুলির একটি শীর্ষ সংস্থা এবং সাধারণত এর জনপ্রিয় নাম হল 'ল্যাম্পস্'। দরিদ্র আদিবাসীদের সুবিধার্থে 'ল্যাম্পস্' বিভিন্ন ধরনের কাজকর্ম করে। কেন্দু পাতা এবং শাল বীজের সংগ্রহ ও বিপণন, সংরক্ষিত বনে গাছ কাটা, পাথর ভাঙ্গার মেশিন চালানো এবং আদিবাসীদের আর্থিক উন্নয়নের সহায়ক অন্যান্য কাজকর্ম এগুলির অন্তর্ভুক্ত। ল্যাম্পসের সাহায্যে ডাব্লু. বি. টি. ডি. সি. সি., ল্যাম্পসের সদস্যদের পারিবারিক অসুবিধা কাটিয়ে উঠতে ঋণ দান করছে। সংরক্ষিত বনে কেন্দু পাতা এবং শাল বীজ সংগ্রহ করা এই সংস্থার একচেটিয়া অধিকার। ঐ সমস্ত বনসংলগ্ন এলাকার আদিবাসী পুরুষ ও মহিলাদের ঐসব সংগ্রহের কাজে লাগিয়ে এবং তারপর ঐ কেন্দু পাতা এবং শাল বীজ বিপণনের ব্যবস্থা করে ডাব্লু. বি. টি. ডি. সি. সি. ঐ সমস্ত আদিবাসী পরিবারের আয় যথেষ্ট পরিমাণে বাড়াতে সফল হয়েছে। এই সমস্ত ল্যাম্পস্ এর সাহায্যে অদূর ভবিষ্যতে তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগ আদিবাসী মানুষদের আর্থিক উৎপাদনমূলক কাজকর্মের উন্নতি ঘটাতে বদ্ধ পরিকর। বিভিন্ন ল্যাম্পসের মাধ্যমে আদিবাসীদের জন্য পরিবারভিত্তিক বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করতে আদিবাসী উন্নয়ন ও বিত্তনিগমকে ১ কোটি ৮১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

দারিদ্র্য সীমার দ্বিগুণ আয়ের মধ্যে সীমাবদ্ধ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির মানুষদের জন্য, 'জাতীয় তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি উন্নয়ন এবং অর্থ নিগমে'র সহায়তায় 'পশ্চিমবঙ্গ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি উন্নয়ন ও অর্থনিগম' ইতিমধ্যেই এ রাজ্যে বেশ কিছু কর্মসূচি এবং প্রকল্প পোষণ করেছে। এই সমস্ত কর্মপ্রকল্পগুলি ব্যক্তিকেন্দ্রিক। এগুলির জন্য ৩৫,০০০ টাকা থেকে কয়েক লক্ষ টাকা পর্যন্ত মূলধন বিনিয়োগ হবে। এই প্রকল্পে নদীয়া জেলার ৫,০০০টি ইউনিটে এবং কোচবিহার জেলার ৫১২টি ইউনিটে, তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির ভূমিহীন কৃষকদের জমি কেনার খরচ এবং বলদ, যন্ত্রপাতি এবং অন্যান্য আকস্মিক খরচার ব্যবস্থা করার জন্য দুটি প্রকল্প মঞ্জুর করা হয়েছে। দুটি প্রকল্পই রূপায়ণ করা হচ্ছে। নদীয়া এবং কোচবিহার জমি ক্রয় প্রকল্প গুলির জন্য যথাক্রমে ১.৭৫ কোটি টাকা এবং ১.৭৯ কোটি টাকা ব্যয় হবে। ঐ জমি কেনার জন্য পশ্চিমবঙ্গ সরকার স্ট্যাম্প ডিউটি রেহাই দিয়েছে। আশা করা হচ্ছে ভবিষ্যতে অন্যান্য জেলাতেও এরকম প্রকল্পগুলিকে সম্প্রসারিত করা হবে। পরবর্তী কালে এই কর্মসূচির অন্তর্গত যে সমস্ত গুরুত্বপূর্ণ প্রকল্প নেওয়া হয়েছে সেগুলি হল সুজলা খাতে ২০০টি অগভীর নলকূপ বসানো হবে, ফল্গুধারা—খাতে ১০টি কম গভীর নলকূপ বসানো হবে, সাবুই ঘাস লাগানো, মিঠা জলে চিংড়ি চাষের প্রকল্প ইত্যাদি এই সমস্ত চালু প্রকল্পগুলো ছাড়া ১৯৯৪-৯৫ সালে এই নিগম প্রায় ৯.৬৫ কোটি টাকার নতুন নতুন প্রকল্প হাতে নিয়েছে।

এখানে উল্লেখ করা যায় যে এস. সি. সি./টি. এস. পি. এবং আই. আর. ডি. পি. ইত্যাদির আওতায় বেশ কয়েকটি পরিবার কেন্দ্রিক অর্থনৈতিক কর্মপ্রকল্প ইতিমধ্যেই পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে রূপায়িত হয়েছে এবং বেশির ভাগ ক্ষেত্রেই উৎপাদন বাড়তে শুরু করেছে। কিন্তু উদ্যোক্তারা তাদের উৎপাদিত পণ্য বিপণনের ক্ষেত্রে সমস্যার মুখোমুখি হচ্ছেন। যদি ভান্ডারজাতকরণ ও বিপণনগত সুবিধা না সৃষ্টি করা যায় তবে বেশ কিছু সংখ্যক পরিবারকেন্দ্রিক অর্থনৈতিক কর্মপ্রকল্প ভবিষ্যতে ব্যর্থ হবে। এই উদ্দেশ্যে ফল ও শাকসব্জির

জন্য হিমঘর, দুধের জন্য চিলিং প্ল্যান্ট, ডেয়ারি, ডিমের জন্য ব্যবসাকেন্দ্র এবং অনুরূপ নিবিড় পুঁজি নিয়ন্ত্রক সংগঠনের প্রয়োজন। যেহেতু খুব কম ব্যক্তিই স্বেচ্ছায় এই ধরনের বৃত্তি এবং ব্যবসায় বিনিয়োগ করতে এগিয়ে আসছে সেহেতু ভান্ডার, বিপণন ইত্যাদির জন্য উদ্যোক্তা এবং উৎপাদকের সমবায় গড়ে উঠা উচিত। 'এন. এস. এফ. ডি. সি.'-কে তুলনামূলকভাবে বৃহৎ পুঁজির অর্থনৈতিক কাজকর্মের ক্ষেত্রে অর্থ সাহায্য করার আহ্বান জানানো হয়েছিল কিন্তু তারা সম্মত হয়নি। বিভিন্ন পণ্যের ক্ষেত্রে তফসিলি জাতি/উপজাতিভুক্ত উৎপাদকদের সাহায্যার্থে এই বিভাগ তার আয়ত্তাধীন অর্থ 'পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন ও বিত্তনিগম' এবং 'পশ্চিমবঙ্গ উপজাতি উন্নয়ন সমবায় নিগমের মাধ্যমে ঐ ধরনের ভাণ্ডার এবং বিপণন কেন্দ্র স্থাপন করার চেষ্টা চালাচ্ছে।

পশ্চিমবঙ্গ বিধানসভার অনুমোদনে এবং মহামান্য রাজ্যপালের সম্মতিক্রমে পশ্চিমবঙ্গ অনুন্নত জাতি উন্নয়ন ও বিত্ত নিগম আইন, ১৯৯৫ পাশ হয় এবং রাজ্যে অনুন্নত শ্রেণী ঘোষিত সম্প্রদায়ভুক্ত সদস্যগণের আর্থিক উন্নয়নকল্পে বিভিন্ন পরিকল্পনা কার্যকর করার লক্ষ্যে উপরোক্ত নামে একটি নিগম স্থাপন করা হয়। রাজ্য সরকার এই নিগমকে ইতিমধ্যেই রাজ্যসরকারের পরিপূরক মূলধনী সাহায্য হিসাবে ১২৫ লক্ষ টাকা মঞ্জুর করিয়াছে।

পশ্চিমবঙ্গের তথা সারা ভারতের উপজাতিভুক্ত মানুষ উত্তরাধিকার সূত্রে উচ্চ সাংস্কৃতিক ঐতিহ্য লাভ করেছেন এবং তাদের এই সাংস্কৃতিক মর্মবাণীকে আরও সমৃদ্ধ করা ও তাদের বিভিন্ন সাংস্কৃতিক ক্রিয়াকলাপে উদ্বুদ্ধ করা রাজ্যের পবিত্র দায়িত্ব। সর্বদা লিখিত না হলেও পশ্চিমবঙ্গের উপজাতিভুক্ত মানুষের নিজস্ব ভাষা ও উপভাষা আছে। পশ্চিমবঙ্গের উপজাতিভুক্ত মানুষদের মধ্যে শতকরা ৫০ এরও বেশি মানুষ সাঁওতালি ভাষায় কথা বলেন। মুণ্ডা, ওঁরাওঁ, মহালি, লেপচা, ভুটিয়া, রাভা এবং রেচদেরও নিজস্ব ভাষা আছে। পশ্চিমবঙ্গ সরকার এইসব ভাষা এবং উপভাষা, গান এবং নাটককে এগিয়ে নিয়ে যাবার জন্য উপজাতিদের আঞ্চলিক ভাষায় একটি নাটক প্রতিযোগিতা শুরু করেছেন। এই প্রতিযোগিতা ষষ্ঠ বর্ষে পদার্পন করল। স্থানীয় এবং রাজ্যস্তরে এই নাটক প্রতিযোগিতা চলাকালীন পশ্চিমবঙ্গের সমস্ত উপজাতি অধ্যুষিত অঞ্চলের মানুষেরা আনন্দে মেতে ওঠেন। রাজ্য সরকার এই ধরনের সাংস্কৃতিক ক্রিয়াকলাপ নিবিড়তর করতে এবং উপজাতিভুক্ত মানুষের নিজস্ব নৃত্য গীতকে এগিয়ে নিয়ে যেতে বদ্ধ পরিকর। ১৯৯৫-৯৬ সালে তফসিলি উপজাতিভুক্ত মানুষদের সাংস্কৃতিক ক্রিয়াকলাপের জন্য একটি বিশাল অঙ্কের ১২ লক্ষ টাকা বাজেট বরাদ্দ হয়েছিল এবং ১৯৯৬-৯৭ সালের জন্য এই একই উদ্দেশ্যে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৩.২০ লক্ষ টাকা।

পশ্চিমবঙ্গ সরকার প্রতি বছর "গুণীজন সংবর্ধনা" অনুষ্ঠানে উল্লেখযোগ্য আদিবাসী ব্যক্তিদের কলা, সাহিত্য, হস্তশিল্প ইত্যাদিতে বিশেষ অবদানের জন্য শ্রদ্ধাজ্ঞাপন করছেন। উঃ বঙ্গের অধিবাসী বিশেষত তফসিলি জাতি ভুক্ত রাজবংশীদের ভাওয়াইয়া গানের একটি উচ্চ ঐতিহ্য আছে। পশ্চিমবঙ্গ সরকার এইটিকে মর্যাদা দিয়েছেন এবং ১৯৮৮-৯৯ সাল থেকে ব্লক ও রাজ্য স্তরে ভাওয়াইয়া সঙ্গীত প্রতিযোগিতা শুরু করেছেন। তফসিলি জাতি ও উপজাতিদের সাংস্কৃতিক কার্যকলাপে উৎসাহপ্রদান বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপ ও চিন্তাধারা প্রতিরোধ করতে সফল হয়েছে। তফসিলি জাতি ও উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলি সাধারণত প্রত্যন্ত অঞ্চলে হয় এবং রাজপথগুলির সঙ্গে সংযোগ কম থাকে। পূর্ত বিভাগ এবং জেলা পরিষদগুলি

তাদের নিজস্ব বাজেট বরাদ্দের বাইরে ঐ সমস্ত অঞ্চলে রাস্তা, সেতু এবং কালভার্ট তৈরির কাজে রত রয়েছে। কিন্তু আরও বেশি কাজ প্রয়োজন। তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগ যে তফসিলি জাতি ও আদিবাসী প্রধান অঞ্চলে রাস্তা, সেতু ও কালভার্ট নির্মাণ হচ্ছে সেইসব অঞ্চলে অতিরিক্ত কাজকর্ম চলার জন্য বছরে বেশ কয়েক কোটি ব্যয় করে থাকে। এই ধরনের কাজকর্ম চলবে এবং ১৯৯৬-৯৭ ও আরও পরবর্তী কাল অবধি এর মেয়াদ বৃদ্ধি হবে।

তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগ চাকুরিতে নিয়োগ এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভর্তির বিষয়ে সংরক্ষণের ব্যবস্থাকে কঠোরভাবে কার্যকর করছে এবং এর ফলে সরকারি, আধা সরকারি চাকুরিগুলিতে তফসিলি জাতি ও উপজাতি প্রতিনিধিত্ব উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

এখানে যথাযথভাবে উল্লেখ করা যায় যে সারা ভারতবর্ষব্যাপী তফসিলি জাতি ও উপজাতিদের জন্য এই আশায় সংবিধান বিশেষ ব্যয় ও সুযোগ সুবিধা ব্যবস্থা করেছে যে এই ধরনের বিশেষ সুবিধা পেলে একটি নির্দিষ্ট সময় অন্তে এইসব মানুষদের সামাজিক ও শিক্ষাগত অনগ্রসরতা বিলুপ্ত হবে এবং এরা মোটামুটিভাবে আর দশজন মানুষের স্তরে উঠে আসতে পারবে। তারপর আর এই ধরনের সংরক্ষণমূলক প্রভেদ সৃষ্টি করার কোনও প্রয়োজন থাকবে না। কিন্তু ভারত সরকার কর্তৃক অনুসৃত নীতি এই ধরনের অনগ্রসরতা কাটিয়ে ওঠবার কোনও সময়সীমা নির্দেশক কর্মসূচির ইঙ্গিত দেয় না এবং তারফলে এই অনগ্রসরতা দশকের পর দশক ধরে চলছে এবং কেউই জানে না যে অন্য মানুষদের সাপেক্ষে সমাজের কিছু অংশের মানুষের সামাজিক এবং শিক্ষাগত অনগ্রসরতা কবে কাটবে। সারা ভারতবর্ষের পশ্চাদপটে পশ্চিমবঙ্গ এবং অন্যান্য রাজ্য তফসিলি জাতি উপজাতি কল্যাণে রত রয়েছে। কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত কর্মপ্রকল্পগুলি যেমন, ছাত্রাবাস নির্মাণ, পরিবার কেন্দ্রিক অর্থনৈতিক কর্মপ্রকল্পে ভর্তুকি প্রদান ইত্যাদি ছাড়াও রাজ্য সরকার শিক্ষার উন্নতি বিশেষত প্রাথমিক ও মাধ্যমিক স্তরে শিক্ষাবিস্তার, গণস্বাক্ষরতা, দেশিয় এবং লোকসংস্কৃতির উন্নতি, রাস্তা, সেতু এবং কালভার্ট তৈরির মতো পরিকাঠামো গঠন ইত্যাদি কাজে গভীর ভাবে নিযুক্ত আছেন। বাংলায় উচ্চ সামাজিক এবং সংস্কৃতিক ঐতিহ্যে জাতিবিচারের ভিত্তিতে অস্পৃশ্যতার মতো কোনও সামাজিক ব্যাধির স্থান নেই। যাইহোক পশ্চিমবঙ্গ সরকার সতর্ক প্রহরায় রয়েছেন যাতে এধরনের সামাজিক ব্যাধির কোনও চিহ্ন এখানকার মাটিতে না থাকে। ভূমিসংস্কার রূপায়িত হওয়ার পরে ভূমিহীন তফসিলি জাতি ও উপজাতিদের বড় যে অংশটি কর্ষণযোগ্য ও বাস্তুজমির পাট্টা পেয়েছিলেন তারা শিক্ষা ও সংস্কৃতির উচ্চ স্তরে আসবার মতো আত্মবিশ্বাস অর্জন করতে সফল হয়েছেন। এ ধরনের আত্মবিশ্বাস ভারতের বেশিরভাগ রাজ্যেই একটি দুলর্ভ বস্তু এবং এটি আগামী বছরগুলিতে সামাজিক ও শিক্ষাগত অনগ্রসরতা কাটিয়ে উঠা নিশ্চিত করবে। এই জন্য পশ্চিমবঙ্গ সরকার বস্তুগত দিক থেকে ভারত সরকারের কাছ থেকে বিশেষ সাহায্য আশা করে।

এই কথা বলে আমি বাজেট বরাদ্দ সভার বিবেচনা এবং অনুমোদনের জন্য পেশ করছি।

## Demand Nos. 42 and 43

The printed speech of **Shri Bishwanath Chowdury** on Demand Nos. 42 & 43 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪২নং অভিযাচনের অন্তর্গত "২২৩৫-সোস্যাল সিকিউরিটি অ্যাণ্ড ওয়েলফেয়ার (সোস্যাল ওয়েলফেয়ার)" ১৪৩,৫২,৩০,০০০ (একশত তেতাল্লিশ কোটি বাহান্ন লক্ষ ত্রিশ হাজার) টাকা এবং ৪৩নং অভিযাচনের অন্তর্গত "২২৩৬-নিউট্রিশন" খাতে ১৪,৪৪,০০০ (চৌদ্দ কোটি চুয়াল্লিশ লক্ষ) টাকা ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য উপস্থাপিত করছি। এর মধ্যে "ভোট-অন-অ্যাকাউন্ট খাতে মঞ্জুরীকৃত যথাক্রমে ৪৭,৮০,০০,০০০ (সাতচল্লিশ কোটি আশি লক্ষ) টাকা ও ৪,৭২,০০,০০০ (চার কোটি বাহাত্তর লক্ষ) টাকা অন্তর্গত। মোট ব্যয়বরাদ্দের মধ্যে সমাজ কল্যাণ বিভাগের জন্য ৪২নং অভিযাচনের অন্তর্গত "২২৩৫-সোস্যাল সিকিউরিটি অ্যাণ্ড ওয়েলফেয়ার" খাতে প্রস্তাবিত ৮২,২৫,৯৫,০০০ (বিরাশি কোটি পঁচিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা এবং ৪৩নং অভিযাচনের অন্তর্গত '২২৩৬-নিউট্রিশন" খাতে প্রস্তাবিত ১৩,৯২,২৫,০০০ (তের কোটি বিরানব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকা। বাকি টাকা অন্য কয়েকটি বিভাগের জন্য প্রস্তাবিত। এই সম্পর্কে বিস্তারিত বিবরণ ১৯৯৬-৯৭ আর্থিক বছরের ১৯নং বাজেট সংক্রান্ত প্রকাশনে দেওয়া আছে।

সমাজ কল্যাণ বিভাগের কর্মধারা মূলত সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের সেবাকেন্দ্রিক। ফলে শিশু, নারী, প্রতিবন্ধী, বৃদ্ধ-বৃদ্ধা, অক্ষম এবং দুঃস্থ, প্রাক্তন সেনা, মাদকাসক্ত, পথশিশু এবং নিষিদ্ধপল্লীর শিশুর ন্যায় বিশেষ প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন শিশুদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়ণে দায়বদ্ধ। সীমিত আর্থিক বরাদ্দ সত্ত্বেও এই বিভাগ বিভিন্ন কল্যাণ প্রকল্প রূপায়ণ করে চলেছে। স্বাভাবিকভাবেই প্রয়োজনীয় সংখ্যক নূতন প্রকল্প গ্রহণ করা সম্ভব হয়নি। তাই বর্তমান প্রস্তাবে বেশির ভাগ চালু প্রকল্প স্থান পেয়েছে।

এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত বিভিন্ন চালু প্রকল্প রূপায়ণের এবং সাফল্যের বিবরণ মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য পেশ করছি।

**(ক) নারীকল্যাণ ঃ**

জন সংখ্যার প্রায় অর্ধাংশ নারী সমাজ এখনও আর্থ-সামাজিক শোষণ, লিঙ্গ-বৈষম্য এবং অন্যান্য সামাজিক অবিচার ও অভিশাপের শিকার। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও এই বিভাগ নারী বিশেষত সমাজের দুর্বলতর শ্রেণীর নারীর আর্থ-সামাজিক উন্নতি এবং শক্তিঅর্জনে বিভিন্ন কল্যাণ প্রকল্প গ্রহণ করেছে।

**১। পণপ্রথা নিবারণ**

সুপ্রাচীন সামাজিক পাপ পণপ্রথা নিবারণকল্পে এই রাজ্যে ১৯৬১ সালে যৌতুক প্রতিষেধক আইন চালু হয়েছে। এই আইন প্রয়োগে দায়িত্ববদ্ধ সমাজ কল্যাণ বিভাগ প্রতি জেলার জেলা সমাজ কল্যাণ আধিকারিককে যৌতুক প্রতিষেধক আধিকারিক হিসাবে ঘোষণা করেছে এবং প্রতিটি জেলায় জেলাস্তর উপদেষ্টা সমিতি গঠন করেছে। সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যৌতুক প্রতিষেধক আইন বাংলায় অনুবাদ করে যথেষ্ট সংখ্যায় প্রচারিত হয়েছে।

এই বিভাগের বিভিন্ন কল্যাণ প্রকল্প এবং সামাজিক সুরক্ষাবিধি সম্বন্ধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে গত বছর অনুষ্ঠিত "সামাজিক সুরক্ষা ও সমাজ কল্যাণ" সম্পর্কিত জেলান্তর কর্মশালা যথেষ্ট উৎসাহের সঞ্চার করেছে। বিভিন্ন জেলা থেকে ঐ সম্পর্কিত তথ্য আসতে শুরু করেছে।

**২। কর্মরতা মহিলা আবাস**

স্বল্প আয়ের কর্মরতা মহিলাদের বাসস্থানের সমস্যা সমাধানের লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় কর্মরতা মহিলা আবাস নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি পুরসভা, পঞ্চায়েত এবং স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে রূপায়ণযোগ্য। বর্তমানে চালু আবাসের সংখ্যা ও নির্মীয়মান আবাসের সংখ্যা যথাক্রমে ১৫ এবং ১৭।

**৩। স্বল্পকালীন আবাস**

স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মাধ্যমে নৈতিক বিপদগ্রস্ত এবং পারিবারিক সমস্যার সম্মুখীন বালিকা ও মহিলাদের কল্যাণে পরিচালিত এইসব আবাসে আশ্রয়, শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ ইত্যাদির ব্যবস্থা আছে। বর্তমানে চালু ৩১টি আবাসের মাধ্যমে প্রায় ৯০০ জন বালিকা ও মহিলা উপকৃত হচ্ছেন।

**৪। কল্যাণ আবাস**

দুঃস্থ মহিলা ও বালিকাদের সুরক্ষা ও নিরাপত্তার জন্য কল্যাণ আবাস পরিচালিত। এই আবাসে খাদ্য, বাসস্থান, শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা ও বিনোদনের বন্দোবস্ত আছে। এদের পুনর্বাসনের জন্য বিভিন্ন পদ ও প্রশিক্ষণের আসন সংরক্ষণ করা হয়েছে।

অন্যান্য বছরের মতো এ বছরেও যোগ্য আবাসিকরা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা পদে নিযুক্ত হয়েছেন এবং সংরক্ষিত আসনের নার্সিং প্রশিক্ষণে নির্বাচিত হয়েছেন। এ ছাড়া চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে এদের নিযুক্তি এক নিয়মিত প্রথা। এ পর্যন্ত ১০৬৩ জন মহিলা আবাসিক এভাবে উপকৃত হয়েছেন। ১১৫ জন নার্সিং প্রশিক্ষণ নিচ্ছেন এবং প্রায় ৯০ জনের বিবাহের বন্দোবস্ত করা হয়েছে।

**৫। নোরাড**

দুঃস্থ মহিলাদের বৃত্তিমুলক প্রশিক্ষণের মাধ্যমে উপার্জনক্ষম করে তোলার জন্য 'নোরাড' প্রকল্প চালু আছে। এ পর্যন্ত ৩৭টি প্রকল্প রূপায়ণের মাধ্যমে প্রায় ১৯০০ দুঃস্থ মহিলা উপকৃত হয়েছেন। এ বছর এই বিভাগ ৭টি প্রকল্প সুপারিশ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন এবং সব কটি মঞ্জুরি পেয়েছে। এই প্রকল্প স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে রূপায়িত।

**৬। স্টেপ**

বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পরিচালন প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে এই প্রকল্প রূপায়িত। দুইটি স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে রূপায়িত রেশম সুতা তৈরি এবং গোপালন ও দোহ প্রকল্পে প্রায় ৩ হাজারের মতো মহিলা উপকৃত।

**৭। পশ্চিমবঙ্গ মহিলা আয়োগ**

১৯৯২ সালের নভেম্বর মাস থেকে পশ্চিমবঙ্গ মহিলা আয়োগ এ' রাজ্যে চালু আছে।

সংবিধানে স্বীকৃত নারীর অধিকার সংক্রান্ত বিষয় অনুসন্ধান ও পরীক্ষা করা এবং রাজ্য সরকারের কাছে এ-বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ করা এই আয়োগের কার্যাবলীর অন্তর্ভুক্ত। এ' পর্যন্ত এই বিভাগ মহিলা আয়োগকে প্রায় ৩০ লক্ষ টাকা অনুদান দিয়েছেন। ১০নং রেনি পার্ক, কলিকাতা-১৯ এই ঠিকানায় মহিলা আয়োগের দপ্তর অবস্থিত।

**৮। মহিলা বিকাশ নিগম**

নারী সমাজের আর্থিক বিকাশে পশ্চিমবঙ্গ মহিলা বিকাশ নিগম গঠন এক উল্লেখযোগ্য পদক্ষেপ। কলকাতার লবণহ্রদে অবস্থিত এই নিগম দুঃস্থ মহিলাদের স্বাবলম্বী করার লক্ষ্যে কাজ শুরু করেছে।

**৯। আইনি সাক্ষরতা**

পূর্বে উল্লিখিত জেলান্তর কর্মশালা ছাড়া নারী সংক্রান্ত বিভিন্ন আইনের সরল বঙ্গনুবাদ সমাপ্ত হয়েছে। আইনি সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে এই পুস্তক মুদ্রণের প্রচেষ্টা নেওয়া হচ্ছে।

**১০। বিধবা ভাতা**

মাসিক মাথা পিছু ১০০ টাকা হারে ১০,৯০৩ জন দুঃস্থ বিধবাকে বিধবা ভাতা দেওয়া হচ্ছে। বরাদ্দের সীমাবদ্ধতা সত্ত্বেও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ১৫৭৬ জন প্রাপকের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে।

**১১। উন্নত চুলা প্রকল্প**

গ্রামাঞ্চলের যেখানে জ্বালানী হিসাবে প্রধানত কাঠ ব্যবহৃত হয়, সেখানে এই প্রকল্প রূপায়িত হচ্ছে। এ-পর্যন্ত ৭,৯০,৩৭৯ সংখ্যক উন্নত চুলা নির্মিত হয়েছে।

**১২। মহিলা সমৃদ্ধি যোজনা**

গ্রামাঞ্চলে মহিলাদের সঞ্চয়ের অভ্যাস ও সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে ডাকঘরে হিসাব বই খোলার মাধ্যমে এই প্রকল্প রূপায়িত হয়। ২৮/২/৯৬ পর্যন্ত এ' রাজ্যে ৪,২৫,৮১৬টি হিসাব বই খোলা হয়েছে।

**১৩। তথ্য, শিক্ষা ও সংযোগ**

বেতার, দুরদর্শন ইত্যাদি জনপ্রিয় প্রচার মাধ্যমের সাহায্যে গণচেতনা সৃষ্টির লক্ষ্যে নারী, শিশু ও প্রতিবন্ধী সম্পর্কিত তথ্যাদি প্রচার করার প্রয়াস নেওয়া হচ্ছে। সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এবং প্রতিবন্ধী সম্পর্কিত দুটি স্বল্প দৈর্ঘ্যের (নয় মিনিটের) চলচ্চিত্র তৈরি করা হয়েছে। এ'গুলি নিয়মিত ব্যবধানে দূরদর্শনে সম্প্রচারিত হচ্ছে।

**(খ) শিশু কল্যাণ**

জাতির শ্রেষ্ঠ সম্পদ শিশু। তাই সমাজের এই দুর্বল অংশের কল্যাণে সমাজ কল্যাণ বিভাগ এদের জন্য বিভিন্ন আবাসিক ও অনাবাসিক প্রকল্প রূপায়ণ করে। মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য কয়েকটি প্রকল্পের উল্লেখ করা হল।

**১। সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**

শিশু কল্যাণে এটি সর্ববৃহৎ ও সর্বাধিক উপযোগী প্রকল্প হিসাবে পরিগণিত। ২৭৫টি মঞ্জুরীকৃত প্রকল্পের মধ্যে ২৫৯টি কেন্দ্রীয় সরকার ১৬টি রাজ্য সরকারের অর্থানুকূল্যে পরিচালিত।

বর্তমানে ২০০টি প্রকল্প পুরোপুরি চালু হয়েছে। আগামী আর্থিক বছরে আরও প্রকল্প পুরোপুরি চালু হয়ে যাবে আশা করা যায়। আগে শুধুমাত্র অপুষ্ট শিশুদের এই প্রকল্পে পরিপূরক পুষ্টি দেওয়া হত। কিন্তু বর্তমানে আর্থিক ও শারীরিক মান নির্বিশেষে সকল শিশুকে এই পরিষেবার সুযোগ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

এই প্রকল্পের মাধ্যমে বিশেষ করে মহিলাদের কর্মসংস্থানের বিশাল সম্ভাবনা সৃষ্টি করা গেছে। তিন হাজারের বেশি নিয়মিত কর্মী নিযুক্ত হয়েছেন যার মধ্যে বেশির ভাগই মহিলা। এ' ছাড়া ৬৫,০০০ এর অধিক স্বেচ্ছাকর্মীর নিয়োগ সম্ভব হয়েছে।

বর্তমানে এই প্রকল্পগুলির মাধ্যমে প্রায় ২৪.৫০ লক্ষ মা ও শিশু উপকৃত হচ্ছেন। অবশিষ্ট ৭৫টি প্রকল্প চালু হলে নয় লক্ষ মা ও শিশু উপকৃত হবেন। ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ সালের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক মঞ্জুরীকৃত ৮৭টি প্রকল্প বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন। এগুলির মাধ্যমে আরও ১৬০০ নিয়মিত কর্মচারী এবং ২৫,৮৩৮ জন মহিলা স্বেচ্ছাকর্মী নিযুক্তির সুযোগ পাবেন এবং প্রায় ১০.৩০ লক্ষ মা ও শিশু উপকৃত হবেন। এই প্রকল্পে সহায়িকা ও অঙ্গনওয়াড়ি কর্মীরা যথাক্রমে অঙ্গনওয়াড়ি কর্মী ও সুপারভাইজার পদে নিযুক্তির সুযোগ পাচ্ছেন।

সরকারের বিভিন্ন বিভাগের কর্মধারার সাথে এই প্রকল্পের কার্যকর সমন্বয় সাধনের প্রয়াস নেওয়া হচ্ছে। এই উদ্দেশ্যে জনশিক্ষা, স্বাস্থ্য, গ্রামীণ উন্নয়ন, শিক্ষা (বিদ্যালয়) এবং স্বায়ত্বশাসন ও নগর উন্নয়ন বিভাগের সাথে আলোচনা করা হয়েছে যাতে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে আরও সুসংহত রূপায়ণ সম্ভব হয়। উপরোক্ত বিভাগগুলি তাদের ফিল্ড অফিসারদের সমন্বয়ের জন্য আদেশ দিয়েছেন। জওহর রোজগার যোজনার মাধ্যমে অঙ্গনওয়াড়ি কেন্দ্র তৈরি করা হচ্ছে। নতুন প্রকল্পগুলিতে ডোকরা প্রকল্পের অন্তর্ভুক্ত মহিলা গোষ্ঠীর মাধ্যমে পরিপূরক পুষ্টি প্রদানের প্রচেষ্টা নেওয়া হচ্ছে। দক্ষিণ ২৪-পরগনা জেলার বিষ্ণুপুর-১ প্রকল্পে এই প্রচেষ্টা শুরু হয়েছে।

আমি মাননীয় সদস্যাদের আনন্দের সঙ্গে জানাচ্ছি যে আলিপুর, প্রেসিডেন্সি জেলের মহিলা বন্দী ও তাদের শিশুদের জন্য গত বৎসরে চালু অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি সন্তোষজনকভাবে চলছে।

**বয়ঃপ্রাপ্ত বালিকা প্রকল্প**

জলপাইগুড়ি, মালদা, মুর্শিদাবাদ, পুরুলিয়া জেলায় সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের মাধ্যমে এই প্রকল্পে চালু হয়েছে। ১১ থেকে ১৫ বছরের বালিকাদের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পরিপূরক পুষ্টি, ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। ১৫-১৮ বছরের বালিকারাও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পরিপূরক পুষ্টি পেয়ে থাকেন।

CARE-এর সহযোগিতায় কোচবিহার-২, তুফানগঞ্জ-১ ও ২ নং এবং দিনহাটা-১ নং ব্লকে শ্বসনযন্ত্রের জটিল সংক্রমণ প্রতিরোধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**২। কিশোর বিচার আইনের অধীন কল্যাণ আবাস**

পশ্চিমবঙ্গে ১৯৮৭ সালের ২রা অক্টোবর থেকে কিশোর বিচার আইন, ১৯৮৬ বলবৎ হয়েছে। অপরাধী ও অবহেলিত নিরপরাধ শিশুরা এই আইনের আওতাভুক্ত। এই বিভাগ

কল্যাণ আবাসের মাধ্যমে প্রায় ৪১২৬ জন নিরপরাধ অবলেহিত শিশুর ভরণ-পোষণ, প্রাথমিক শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও বিনোদন ইত্যাদির বন্দোবস্ত করেছে।

এদের পুনর্বাসনের লক্ষ্যে উৎপাদনমুখি শিক্ষাদানের জন্য এই আবাসে বন্দোবস্ত করা হয়েছে। উদাহরণ স্বরূপ বলা যায় বারাসতের "কিশলয়" আবাসে স্টিলের আসবাবপত্র তৈরি ও ঝালাইয়ের কর্মসূচি চালু আছে। 'কিশলয়' ও পুরুলিয়ার 'আনন্দমঠ'-এ দুটি ছাপাখানার কাজকর্মও সন্তোষজনক। কিশলয় সম্প্রতি একটি রেশমশিল্প সংক্রান্ত কর্মসূচি গ্রহণ করেছে।

বিদ্যাসাগর বালিকা ভবনের বিদ্যালয়টি অষ্টম শ্রেণী থেকে দশম শ্রেণীতে উন্নীত হয়েছে এবং এ'বছরও কয়েকজন পরীক্ষার্থী মাধ্যমিক পরীক্ষা দিয়েছেন। কিশলয়ের প্রাথমিক বিদ্যালয়টি সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে।

বিভিন্ন কল্যাণ আবাসে স্থানাভাবজনিত সমস্যা সৃষ্টি হওয়ায় আবাসগুলির উন্নতিসাধন এবং নতুন গৃহ নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মাননীয় সদস্যবৃন্দকে সানন্দে জানাচ্ছি যে, বালুরঘাটে বালকাবাসটির নির্মাণ সম্পন্ন হয়েছে এবং 'শুভায়ন' নামে এই আবাসটি ১৫. ১. ৯৬ থেকে নতুন ভবনে চলছে। কৃষ্ণনগরে ৫০ আসনবিশিষ্ট বালিকাবাসটির নির্মাণ সম্পন্ন হয়েছে এবং এটিও চলছে। লবণ হ্রদে বালিকাবাসটির নির্মাণের অগ্রগতি ঘটেছে।

এইসব কল্যাণ আবাসের আবাসিকদের জন্য ক্রীড়া, বিনোদন, বৃত্তিশিক্ষা ও চিকিৎসার সুযোগ বৃদ্ধির উদ্দেশ্যে কিশোর কল্যাণ তহবিল গঠিত হয়েছে। বর্তমানে বছরে কিশোর বিচার আইনের আওতাভুক্ত কল্যাণ আবাসের আবাসিকদের প্রতিপালনের জন্য কেন্দ্রীয় সহায়তাসহ ১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

সমাজ কল্যাণ অধিকারের অন্তর্ভুক্ত চতুর্থ শ্রেণীর কর্মচারী এবং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা পদে আবাসিকদের পুনর্বাসনের জন্য সংরক্ষণের বন্দোবস্ত আছে। এ-ছাড়া প্রতিটি শিল্প-শিক্ষণ কেন্দ্রে (ITI) একটি করে আসন এই সব আবাসিকদের জন্য সংরক্ষিত এবং নার্সিং প্রশিক্ষণেও আসন সংরক্ষিত আছে। মাননীয় সদস্যবৃন্দকে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এভাবে ১১৩৭ জন আবাসিক বালক ও বালিকাকে পুনর্বাসনের সুযোগ দেওয়া গেছে।

**৩। কিশোর কল্যাণ পর্ষদ**

কিশোর বিচার আইন মোতাবেক পাঁচটি কিশোর কল্যাণ পর্ষদ বর্তমানে চালু আছে। এই পর্ষদগুলির মাধ্যমে প্রায় ১৬২৫ সংখ্যক মামলার নিষ্পত্তি হয়েছে এবং প্রায় ২৩৮৯ জন অবহেলিত বালক বালিকাদের অভিভাবকের কাছে ফেরত পাঠানো হয়েছে। বাকিদের ভরণপোষণ ও শিক্ষার জন্য কল্যাণ আবাসে রাখা হয়েছে।

**৪। দুঃস্থ শিশুদের যত্ন ও সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত কল্যাণ আবাস**

কেন্দ্রীয় সরকারের এই প্রকল্পটি ১৯৯২-৯৩ সাল থেকে রাজ্য সরকারে হস্তান্তরিত হয়েছে। স্বেচ্ছাসেবী সংগঠনের সক্রিয় সহযোগিতার মাধ্যমে এই সমস্ত আবাসে প্রায় ৬,৯০০

জন দুঃস্থ শিশু প্রতিপালিত হচ্ছে। আবাসিকদের ভরণপোষণের মাথা পিছু মাসিক ব্যয় সীমা ২৪০ টাকা থেকে বাড়িয়ে ৪০০ টাকা করা হয়েছে। এই বৃদ্ধি ১-৩-৯৬ তারিখ থেকে বলবৎ করা হয়েছে।

**৫। বিশেষ প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন শিশু**

**পথ শিশু :**

শিশু কল্যাণ এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত বলেই কলকাতার পথশিশু এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত হয়েছে।

সমাজের মূলস্রোত অন্তর্ভুক্তির লক্ষ্যে এই শিশুদের জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতায় একটি কল্যাণ প্রকল্প চালু হয়েছে। স্বেচ্ছাসেবী সংস্থা দ্বারা পরিচালিত ২৪টি প্রকল্পের মাধ্যমে বছরে প্রায় ৭২০০ জন পথশিশু উপকৃত হচ্ছে। এদের পরিপূরক পুষ্টি, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়। পরিবারের সঙ্গে যোগসূত্র স্থাপন ও পেশাগত পরামর্শ দানেরও বিশেষ ব্যবস্থা নেওয়া হয়।

এই প্রকল্পের কর্মধারা সম্পর্কিত একটি তথ্যচিত্র নির্মিত হয়েছে এবং দূরদর্শন কর্তৃপক্ষকে এটি সম্প্রচারের জন্য অনুরোধ করা হয়েছে। গত চার বছর যাবৎ ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের সহযোগিতায় অনুষ্ঠিত পথশিশুর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা এদের মধ্যে বিপুল উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করেছে।

**যৌনকর্মিদের সন্তান-সন্ততি**

এই শ্রেণীর শিশুদের বিশেষ যত্ন ও সুরক্ষার প্রয়োজন। এজন্য স্বল্প সংখ্যক হলেও এদের জন্য কয়েকটি শিশু রক্ষণাগার চালু আছে। এই এলাকার কন্যা-শিশুরা বিপন্ন পরিস্থিতির সম্মুখীন। তাই একটি স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে ২৫ আসন বিশিষ্ট একটি আবাস এদের প্রতিপালন ও শিক্ষার জন্য চালু আছে, যাতে বিনা বাধায় এরা সমাজের মুলস্রোতে ফিরে আসতে পারে।

মাননীয় সদস্যবৃন্দকে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ইতিমধ্যে কলকাতার নিষিদ্ধ-পল্লীর মা ও শিশুদের কল্যাণে একটি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প মঞ্জুর করা হয়েছে। আশা করা হচ্ছে এই প্রকল্পের মাধ্যমে এই অঞ্চলের শিশুদের সার্বিক বিকাশ এবং উপযুক্ত নাগরিক হিসাবে এদের বেড়ে উঠা সম্ভব হবে।

**(গ) প্রতিবন্ধী কল্যাণ**

দৃষ্টিহীন, মূক-বধির, অস্থি-সংক্রান্ত ও মানসিক প্রতিবন্ধিদের কল্যাণে এই বিভাগ বিভিন্ন প্রকল্প রূপায়ণ করে। এর মধ্যে উল্লেখযোগ্য হল—

**১। প্রতিবন্ধিদের সহায়ক যন্ত্র ও কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গাদি বিতরণ**

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অনুষ্ঠিত ১৫০ শিবিরের মাধ্যমে ২০৯৭৯ জন প্রতিবন্ধীকে এ জাতীয় সুবিধা দেওয়া হয়েছে।

**২। আর্থিক পুনর্বাসন প্রকল্প**

এই প্রকল্পে সাধারণত প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধীকে ১,০০০ টাকার এককালীন অনুদান দেওয়া হয়, যাতে সে প্রয়োজনে ছোট উপযোগী সরঞ্জাম কিনতে পারে। এ পর্যন্ত ৮৫৮৮ জন প্রতিবন্ধী এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন।

**৩। জেলা পুনর্বাসন কেন্দ্র**

এই কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধিদের পুনর্বাসন ও চিকিৎসার লক্ষ্যে মেদিনীপুর জেলার পাঁচটি ব্লকে (শালবনি, কেশিয়ারি, গোপীবল্লভপুর, গড়বেতা ও খড়গপুর) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় কর্মসূচি চালু আছে। সম্প্রতি পাঁশকুড়া-২, তমলুক-২ এবং ঘাটাল ব্লকে এই কর্মসূচি প্রসারিত হয়েছে।

**৪। সফল প্রতিবন্ধী কর্মী ও তাদের নিয়োগর্তাদের জন্য রাজ্য পুরস্কার**

প্রতিবন্ধকতা সত্ত্বেও নিজ পেশায় সফল ১৬ জন প্রতিবন্ধীকে গত বিশ্ব প্রতিবন্ধী দিবসে পুরস্কৃত করা হয়। পুরস্কার বিতরণ করেন পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল।

**৫। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রকল্প**

অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাথাপিছু মাসিক ৬০ টাকা হারে বৃত্তি দেওয়া হয়। ঐ পর্যন্ত ১৪,৭৯৭ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়েছেন।

**৬। অক্ষম ভাতা**

অক্ষম ও অসহায় প্রতিবন্ধিদের মাসিক মাথাপিছু ১০০ টাকা হারে এই ভাতা দেওয়া হয়। বর্তমানে ৬৭৩৭ জন প্রতিবন্ধী এই ভাতা পাচ্ছেন। প্রাপকের সংখ্যা বৃদ্ধির জন্য চেষ্টা করা হচ্ছে।

**৭। অন্যান্য**

প্রতিবন্ধিদের সেবায় পেশাগত দক্ষতা নিয়োজনের উদেশ্যে 'সার্ক' স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্য নেওয়া হয়েছে। এরা রায়গঞ্জের মূক ও বধির বিদ্যালয়ের শিশুদের শিক্ষাদানে সহায়তা করছেন। সমাজ ভিত্তিক পুনর্বাসন এবং সমন্বিত শিক্ষা প্রকল্পের মাধ্যমে প্রতিবন্ধী কল্যাণে কার্যক্রম চালু করার জন্য বিশিষ্ট স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করা হয়েছে। এভাবে বীরভূম, দক্ষিণ দিনাজপুর ও কোচবিহার জেলায় কয়েকটি কেন্দ্র স্থাপন সম্ভব হয়েছে।

**৮। নতুন প্রকল্প**

উপরোক্ত চালু প্রকল্পগুলি ছাড়া বর্তমান বৎসরে বিভাগীয় বরাদ্দের সীমাবদ্ধতা সত্ত্বেও একটি নতুন প্রকল্পের প্রস্তাব রাখা হয়েছে।

**সরকারি আবাসে প্রতিবন্ধী আবাসিকদের জন্য বিশেষ ব্যবস্থা**

সরকারি কল্যাণ আবাসে প্রতিবন্ধী আবাসিক বিশেষত মানসিক এবং শারীরিক প্রতিবন্ধী শিশু আবাসিকদের জন্য বিশেষ সহায়ক সরঞ্জাম প্রয়োজন। এইসব শিশুদের শিক্ষা এবং

বিনোদনের সুযোগও সীমিত। তাই, এই উদ্দেশ্যে ৫০,০০০ টাকার প্রতীকী বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**৯। প্রতিবন্ধিদের পরিচিতি-পত্র মুদ্রণ**

গত কয়েক বৎসর যাবৎ প্রতিবন্ধিদের পরিচিতি-পত্র প্রদান ব্যবস্থা চালু রয়েছে। এ' পর্যন্ত যোগ্য প্রতিবন্ধিদের এক লক্ষেরও বেশি পরিচিতি-পত্র প্রদান করা হয়েছে। রাজ্যের সকল প্রতিবন্ধীকে অনতিবিলম্বে পরিচিতি-পত্র প্রদানের প্রয়োজন অনুভূত হওয়ায় যথেষ্ট সংখ্যক পরিচিতি-পত্র মুদ্রণের জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**১০। প্রাথমিক পর্যায়ে প্রতিবন্ধকতা নিরূপণের প্রশিক্ষণ**

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে প্রতিবন্ধকতার সমস্যা বেড়ে চলেছে। প্রতিবন্ধকতা নিবারণে প্রতিবন্ধীত্বের প্রাথমিক লক্ষণ এবং প্রয়োজনীয় সতর্কতা সম্বন্ধে সচেতনতা সৃষ্টির প্রয়াস অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করা দরকার। এজন্য ৫০,০০০ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

**(ঘ) বৃদ্ধ ও অশক্ত কল্যাণ**

এই বিভাগ বৃদ্ধ ও অশক্তদের কল্যাণে দায়বদ্ধ। তাই এদের জন্য কিছু কিছু কল্যাণ প্রকল্প চালু করা হয়েছে।

**১। বার্ধক্য ভাতা**

৫৫ বছরের বেশি বয়সের দুঃস্থ ও অসহায় বৃদ্ধ-বৃদ্ধাদের মাথাপিছু মাসিক ১০০ টাকা হারে বার্ধক্য ভাতা দেওয়া হয়। বর্তমানে ৩৩,৮১৮ জন বৃদ্ধ-বৃদ্ধা এই ভাতা পাচ্ছেন। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও প্রতি বছর এই সুযোগ প্রসারিত হচ্ছে।

**২। বৃদ্ধাবাস**

এই বিভাগের পরিচালনায় তিনটি বৃদ্ধাবাস আছে। বৃদ্ধ স্বাধীনতা সংগ্রামিদের জন্য ৬০ আসন বিশিষ্ট ও অসহায় বৃদ্ধ ও বৃদ্ধাদের জন্য যথাক্রমে ৩০ ও ২৫ আসন বিশিষ্ট আবাসগুলি দক্ষিণ গড়িয়ায় অবস্থিত।

এছাড়া কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতায় ও এই বিভাগের সুপারিশক্রমে মঞ্জুর বৃদ্ধাবাসগুলি স্বেচ্ছাসেবী সংগঠন দ্বারা পরিচালিত হয়।

**৩। অন্যান্য**

কেন্দ্রীয় সরকারের আর্থিক স্বেচ্ছাসেবী সংগঠন পরিচালিত 'ডে কেয়ার সেন্টার' ও ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্র চালু আছে।

**(ঙ) চক্রচর কল্যাণ**

**১। চক্রচর আবাস**

ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি নিবারণকল্পে ১৯৪৩ সালে বঙ্গীয় চক্রচর আইন অনুযায়ী চক্রচর আবাস পরিচালিত হয়। এ' ধরনের ১০টি আবাসে প্রায় ২,০০০ চক্রচর প্রতিপালিত

হচ্ছে। এদের প্রতিপালন, চিকিৎসা, মুদ্রণ, পাপোশ তৈরি ও তাঁত ইত্যাদি বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং পুনর্বাসনের জন্য বার্ষিক ব্যয়ের পরিমাণ প্রায় ১৯০ লক্ষ টাকা।

বেলেঘাটায় অবস্থিত কুষ্ট রোগগ্রস্ত ভবঘুরেদের আবাসের প্রসারণের কাজে অগ্রগতি হচ্ছে।

**২। শিশুদের ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি উচ্ছেদ প্রকল্প**

শিশুদের ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেমি উচ্ছেদকল্পে ৬টি কেন্দ্রে প্রায় ৩০০ জন শিশুকে আসবাবপত্র নির্মাণ, বই বাঁধাই, পুতুল এবং পোশাক তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়া দৈনিক এক বেলার আহার ও প্রথা বহির্ভূত প্রাথমিক শিক্ষার বন্দোবস্ত আছে।

**৩। ভিক্ষাবৃত্তি নিবারণ প্রকল্প**

১৯৯৪-৯৫ আর্থিক বছর থেকে কেন্দ্রীয় সরকার এই নতুন প্রকল্পটি চালু করেছে। রাজ্য সরকার কর্তৃক প্রস্তাবিত চারটি প্রকল্প-প্রস্তাব কেন্দ্রীয় সরকার নিম্নোক্ত বিষয়ে মঞ্জুর করেছে ঃ (১) ছাপাখানা, (২) চর্মজাত দ্রব্য উৎপাদন, (৩) চিনামাটির দ্রব্য প্রস্তুত ও (৪) কাঠের আসবাবপত্র তৈরি।

ছাপাখানাটি চালু করা হয়েছে এবং অন্য ৩টি প্রকল্প কেন্দ্রীয় সরকারের অনুদান পেলেই চালু হবে।

**(চ) মাদকাসক্তি নিবারণ**

বিগত কয়েক বৎসর যাবৎ যুবক-যুবতীদের মধ্যে মাদকাসক্তি চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। তাই ভারত সরকারের কল্যাণ মন্ত্রকের সহযোগিতায় এই বিভাগ মাদকাসক্তি নিবারণে যে প্রকল্পগুলি গ্রহণ করেছে, তা হল ঃ (১) আসক্তি বিমোচন কেন্দ্র, (২) পরামর্শ দান কেন্দ্র ও (৩) সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রচার।

এই ক্ষেত্রে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন কাজ করে চলেছেন এবং বর্তমানে এ রাজ্যে ১০টি আসক্তি বিমোচন কেন্দ্র ও ৯টি পরামর্শদান কেন্দ্র চালু আছে। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন কেন্দ্রীয় সরকারের সহায়তায় সচেতনতা সৃষ্টির প্রচার চালাচ্ছেন। এ পর্যন্ত ৫,০০০-এর বেশি মাদকাসক্ত উপকৃত হয়েছেন।

১৯৯৫-৯৬ সালে 'আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস' উদ্‌যাপনে এই বিভাগ ৪৭ হাজার টাকার স্বল্প অনুদান মঞ্জুর করেছেন। বর্তমান প্রস্তাবে গণচেতনা সৃষ্টি ও মাদকাসক্তদের কল্যাণে আর্থিক বরাদ্দ প্রস্তাব রাখা হয়েছে।

মাদক বিরোধী প্রয়াসে রাজ্যস্তরে পুলিশ প্রশাসন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, সীমা সুরক্ষা বাহিনী, কেন্দ্রীয় আবগারি ও শুল্ক দপ্তর এবং কেন্দ্রীয় মাদক ব্যুরোর প্রতিনিধিদের নিয়ে একটি রাজ্যস্তর টাস্ক ফোর্স গঠিত হয়েছে। টাস্ক ফোর্সের সুপারিশক্রমে গৃহীত কর্মপরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে এবং আমরা তাদের প্রতিক্রিয়ার অপেক্ষা করছি।

**(ছ) কল্যাণ কুটির**

দিঘার সমুদ্রতটে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের জন্য এই বিভাগ ৬টি কুটির পরিচালনা করেন। এই কুটিরগুলি স্বল্পআয়ী মানুষের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে। পরিষেবার

সুযোগ বৃদ্ধির জন্য প্রয়াস নেওয়া হচ্ছে। এ'বছরে কুটির ভাড়া বাবদ ৪১,৪৫০ টাকা আয় হয়েছে।

(জ) পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদ

১৯৫৪ সালে প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদ এরাজ্যে দুঃস্থ শিশু ও নারীদের কল্যাণে বিভিন্ন প্রকল্প পরিচালনা করছেন। ১৬টি প্রকল্পের ১২৪১টি ইউনিটের মাধ্যমে প্রায় ৫০ হাজার মহিলা ও শিশু উপকৃত হচ্ছেন। ৩৪টি পরিবার ও শিশু কল্যাণ প্রকল্প ও ১২টি সীমান্ত অঞ্চল প্রকল্প ছাড়াও পর্ষদ কৃষ্ণনগরে একটি মহিলা দুঃস্থাবাস পরিচালনা করে। এই পর্ষদের জন্য রাজ্য সরকারের ব্যয় বছরে প্রায় ২৫০ লক্ষ টাকা।

(ঝ) প্রাক্তন সৈনিক কল্যাণ

প্রাক্তন সৈনিক কল্যাণও এই বিভাগের কর্মধারার অন্তর্ভুক্ত হয়েছে। রাজ্যস্তরে রাজ্য সৈনিক বোর্ড এবং ৬টি জেলা সৈনিক বোর্ডের মাধ্যমে প্রাক্তন সৈনিকদের কল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়িত হচ্ছে। এই উদ্দেশ্যে বিভাগীয় বার্ষিক ব্যয়ের পরিমাণ প্রায় ৫৫ লক্ষ টাকা।

মাননীয় সদস্যবৃন্দকে জানাতে ভাল লাগছে যে বিপুল সংখ্যক স্বেচ্ছাসেবী সংগঠন সমাজের দুঃস্থ ও অবহেলিত মানুষের কল্যাণে এই বিভাগকে সাহায্য করতে এগিয়ে এসেছেন এবং এই বিভাগ এদের কল্যাণব্রতে উৎসাহ দেওয়ার জন্য আর্থিক অনুদান মঞ্জুর করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরিশেষে বিধান সভার মাননীয় সদস্য, স্থানীয় সংস্থাসমূহের সদস্যবৃন্দ, স্বেচ্ছাসেবী সংগঠন ও অন্যান্যদের আপনার মাধ্যমে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। এরা সরকারের বিভিন্ন কর্মসূচিকে সফল করে তুলতে এবং সমাজের অসহায় ও দুর্বলতর শ্রেণীর মানুষের উন্নতির লক্ষ্যে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। আমি সুনিশ্চিত, সকলের সার্বিক সহযোগিতায় আমাদের আরও অগ্রগতি হবে।

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং ১৯৯৬-৯৭ সালের জন্য ৪২ এবং ৪৩ নং অভিযাচনের অন্তর্ভুক্ত সম্পূর্ণ ব্যয়বরাদ্দ অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ রাখছি।

## Demand No. 44

The printed speech of **Shri Satya Ranjan Mahato** on Demand No. 44 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে ৪৪ নং অনুদানের অন্তর্গত "২২৪৫ নং প্রাকৃতিক বিপর্যয় জনিত ত্রাণ" খাতে মোট ১০৪,২৬,০০,০০০ (একশত চার কোটি ছাব্বিশ লক্ষ) টাকার ব্যয় মঞ্জুরির দাবি পেশ করছি। এর মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত ৫২,১৩,০০,০০০ (বাহান্ন কোটি তের লক্ষ) টাকাও ধরা হয়েছে।

২। এই প্রসঙ্গে সভার অবগতির জন্য জানাচ্ছি যে, প্রস্তাবিত ব্যয় মঞ্জুরির মধ্যে ত্রাণ দপ্তর সহ ত্রাণ কার্যের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য কয়েকটি দপ্তরের অংশও রয়েছে। এ

সম্পর্কে বিস্তারিত বিবরণ ১৯৯৬-১৯৯৭ আর্থিক বৎসরের ১৯ সংখ্যক বাজেট সংক্রান্ত প্রকাশনের যে বাজেট বই পেশ করা হয়েছে, তাতে লিপিবদ্ধ আছে।

৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমি প্রথমেই মানুষের কল্যাণে ত্রাণ ব্যবস্থার প্রয়োজনীয়তা সম্পর্কে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। অভিজ্ঞতার ভিত্তিতে লক্ষ্য করা গেছে যে, প্রায় প্রতি বছরই এই রাজ্যকে খরা, বন্যা, ঘূর্নিঝড় প্রভৃতি বিধ্বংসী প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হতে হয়। ফলে প্রতি বছরই এই রাজ্য প্রভূত ক্ষয়-ক্ষতির শিকার হয়ে থাকে। জনজীবন ধনসম্পত্তি প্রভৃত নষ্ট হয়। সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে ও সর্বশক্তি নিয়ে এ জাতীয় বিপর্যয়ের মোকাবিলায় দ্রুত ঝাঁপিয়ে পড়েন। সুতরাং ত্রাণ ব্যবস্থার অপরিহার্যতা অনস্বীকার্য।

৪। শুধু প্রাকৃতিক বিপর্যয়ই নয়, মানুষের তৈরি বিপর্যয় ও মাঝে মাঝে ভয়ঙ্কর ভাবে দেখা দেয়। দাঙ্গা-হাঙ্গামা, অগ্নি সংযোগের ঘটনা এই পর্যায়ে পড়ে। তখন ও ক্ষতিগ্রস্ত মানুষদের দুঃখ-দুর্দশা মোচনে ত্রাণের ব্যবস্থা করতে হয়।

৫। কখনও কখনও পশ্চিমবঙ্গে পর্যাপ্ত ও সময়োপযোগী বৃষ্টি না হওয়ার দরুন ভয়ানক অবস্থার সৃষ্টি হয়। খরা জনিত প্রাকৃতিক বিপর্যয়ের উদ্ভব হয়। বর্ষাভাবে নদী-নালা, পুকুর প্রভৃতি সাধারণ জলের উৎসগুলি যেমন একদিকে শুকিয়ে যায়, অন্যদিকে ভূগর্ভস্থ জলতল স্বাভাবিকের চেয়ে অনেক নিচে নেমে যায়। বেশ কিছু নলকূপ ও কূপ অকেজো হয়ে পড়ে। তখন পানীয় জলের অভাব ভয়াবহ আকার ধারণ করে। রবিশস্য ও অন্যান্য বেশ ক্ষতি হয়।

১৯৯৫ সালের এপ্রিল মাসে এ-রকম এক খরা পরিস্থিতি বেশ কয়েকটি জেলাতে উদ্ভব হয়েছিল। দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, মালদা, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও মেদিনীপুর জেলাগুলি খরা কবলিত হয়ে পড়ে। এতে প্রায় ৬১৬.২০ লক্ষ টাকার বোরোধানের ক্ষতি হয়। পরিস্থিতির দ্রুত মোকাবিলা করতে ত্রাণ দপ্তর যথাসাধ্য সময়মতো ব্যবস্থা গ্রহণ করে। সেচদপ্তর বিহারের তেনুঘাট বাঁধ থেকে সেচের জন্য জলের ব্যবস্থা করেছিল। ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে নলকূপ খনন, নলকূপ সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হয়, জলের উৎসগুলিকে জীবানুমুক্ত রাখার ব্যবস্থা করা হয়, খরা পরিস্থিতির মোকাবিলা করতে ত্রাণ দপ্তর থেকে বিভিন্ন দপ্তরকে যে অর্থ আবন্টন করা হয়েছে, তার একটা হিসাব নিচে দেওয়া হোল ঃ

| দপ্তর | আবন্টিত অর্থের পরিমাণ |
|---|---|
| ক) কৃষি দপ্তর | ২০০.০০ লক্ষ টাকা |
| খ) বিভিন্ন জেলা পরিষদ | ৩০০.০০ লক্ষ টাকা |
| গ) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর | ৩০০.০০ লক্ষ টাকা |

এ ছাড়া, ৫৯৫ মে. টন চাল/গম বিশেষ খয়রাতি বাবদ, ৬.৪৫ লক্ষ টাকা আনুষঙ্গিক ব্যয় বাবদ ও ৪ লক্ষ টাকা অনাহার জনিত খয়রাতি বাবদ আবন্টন করা হয়েছে।

৬। খরা পরিস্থিতি যথাসাধ্য মোকাবিলা করতে না করতেই, পশ্চিমবঙ্গের সমুদ্রতীরবর্তী জেলাগুলি ভয়ঙ্কর ঘূর্নিঝড়ের কবলে পড়ে। গত বছর মে মাসের মাঝামাঝি সময়ে মেদিনীপুর

জেলার কাঁথি-দিঘা অঞ্চল, উত্তর - চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা জেলাগুলির প্রায় ১৭টি ব্লক এই ভয়ঙ্কর ঘূর্ণিঝড়ে দারুন ক্ষতিগ্রস্ত হয়। প্রবল ঝড়ের সঙ্গে প্রবল বৃষ্টিপাতের দরুন কাঁথি—দিঘাঞ্চলের স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হয়, এর ফলে ২৭০৩ বাড়ি আংশিক/পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়, ১.৮৬ কোটি টাকা মূল্যের শস্যহানি হয় এবং ৮০.০০ লক্ষ টাকা মূল্যের মাছের ক্ষতি হয়।

উত্তর চব্বিশ পরগনায় ৮টি ব্লকে প্রায় ৪৫,০০০ জলমগ্ন মানুষকে উদ্ধার করে ৪৬টি ত্রাণ শিবিরে রাখা হয়েছিল। ঐ জেলায় ১৪০টি জায়গায় নদীবাঁধে ফাটল দেখা দিয়েছিল। দক্ষিণ চব্বিশ পরগনায় ৯টি ব্লকে প্রায় ২ লক্ষ লোক এই প্রাকৃতিক বিপর্যয়ের কবলে পড়েছিল। ২৫০ কিলোমিটারের অধিক নদীবাঁধ দারুন ক্ষতিগ্রস্ত হয়েছিল। ঐ জেলাগুলিতে যুদ্ধকালীন তৎপরতায় ত্রাণের কার্য পরিচালিত হয়েছিল। ত্রাণ দপ্তর থেকে ঘূর্ণিঝড় ক্লিষ্ট মানুষদের মধ্যে বিলি করার জন্য ২৫৫ মে. টন. গম / চাল, ২৪,০০০ ত্রিপল, ১৩,০০০ ধুতি, ১৩,০০০ শাড়ি, ১৩,০০০ শিশুপোষাক প্রভৃতি দেওয়া হয়েছে। উপরন্তু ১৯.৭০ লক্ষ টাকা আনুষঙ্গিক ব্যয় হিসাবে উক্ত তিন জেলাকে বরাদ্দ করা হয়েছিল।

এ ছাড়া, এই পরিস্থিতি দ্রুত মোকাবিলা করতে নদীবাঁধের মেরামতির জন্য ত্রাণ দপ্তর থেকে সেচ দপ্তরকে ১৩.০০ কোটি টাকা, উত্তর চব্বিশ পরগনা জিলা পরিষদকে ১.০০ কোটি টাকা এবং দক্ষিণ চব্বিশ পরগনা জিলা পরিষদকে ১.০০ কোটি টাকা দেওয়া হয়েছিল। উপরন্তু উত্তর চব্বিশ পরগনা জেলাশাসককে ১০.০০ লক্ষ টাকা এবং জনস্বাস্থ্য কারিগরি দপ্তরকে ১৫.০০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল নলকূপ বসানো ও সারানোর জন্য।

৭। খরা ও ঘূর্ণিঝড়ের ক্ষত শুকতে না শুকতেই জুন মাসে কুচবিহার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলাগুলি প্রবল বৃষ্টিপাতের কবলে পড়ে, দার্জিলিং এর তিনটি পার্বত্য মহকুমায় আগস্ট মাসে বিভিন্ন জায়গায় ভয়ঙ্কর ধ্বস দেখা দেয়। ত্রাণ দপ্তর থেকে পরিস্থিতির মোকাবিলায় দুর্যোগক্লিস্ট জেলাগুলিতে ৫০ মে. টন চাল, ১৯৫ মে. টন গম, আনুষঙ্গিক ব্যয় বাবদ ৯.৮৫ লক্ষ টাকা ও যথোপযুক্ত ত্রিপল, শাড়ি, ধুতি ইত্যাদি আবন্টন করা হয়েছে।

৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ত্রাণ দপ্তরের বাজেট পেশ করতে গিয়ে মাননীয় সদস্যদের বারবার স্মরণ করিয়ে বিনীতভাবে বলি যে, পশ্চিমবঙ্গ ভৌগোলিক অবস্থানের দিক দিয়ে এমন এক জায়গায় দাঁড়িয়ে আছে যেখানে প্রায় প্রতি বছরই খরা, ঘূর্ণিঝড়, বন্যা ও পার্বত্য ধ্বস নিত্যসঙ্গী। একটার রেশ কাটতে না কাটতেই আর একটা এসে পড়ে। গত বছরের অভিজ্ঞতা তার একটা বড় উদাহরণ।

গত বছর সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে এক ভয়ঙ্কর নিম্ন চাপ বঙ্গোপসাগরে সৃষ্টি হয় এবং তার ফলে প্রবল বৃষ্টিপাত হয়। সেই সঙ্গে মাইথন, পাঞ্চেত, ম্যাসঞ্জোর ও তিলপাড়া জলাধারগুলি থেকে প্রচুর পরিমাণে জলছাড়া হয়, তার ফলে বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া, বাঁকুড়া, বর্ধমান, হুগলি ও হাওড়া জেলাগুলি ভয়াবহ বন্যার কবলে পড়ে। মালদা, দক্ষিণ দিনাজপুর ও উত্তর দিনাজপুর জেলাগুলিতে ও সে-সময়ে প্রবল বৃষ্টিপাতের ফলে ভয়াবহ বন্যা দেখা দেয়। এর ফলে, রাজ্যের জনসমষ্টির এক বৃহৎ অংশ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত

হয়, ১১৭টি ব্লকের প্রায় ৭৮ লক্ষ মানুষ বন্যাকবলিত হয়, ১১ লক্ষ বাড়ি সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্ত হয়। ২১৬ জন মানুষ মারা যায়।

ত্রাণ দপ্তর যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে পরিস্থিতির মোকাবিলা করে। জেলাগুলিতে ও মহাকরণে কন্ট্রোলরুম খোলা হয়। জেলা কর্তৃপক্ষ অত্যন্ত দ্রুততার সঙ্গে জলমগ্ন মানুষদের উদ্ধারের কাজে ঝাঁপিয়ে পড়ে। প্রয়োজনে স্পিড বোট কাজে লাগানো হয়। দক্ষিণ দিনাজপুর জেলায় ত্রাণ কার্যের জন্য সেনাবাহিনীকে কাজে লাগানো হয়। বীরভূম, বর্ধমান ও দক্ষিণ দিনাজপুর জেলাগুলিতে জলবন্দিদের জন্য বিমান থেকে খাদ্য সরবরাহের ব্যবস্থা করা হয়। পরিস্থিতির মোকাবিলায় ত্রাণ দপ্তর থেকে আনুষঙ্গিক ব্যয় বাবদ ১৩০.৮৪ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে। এ ছাড়া ত্রিপল ৮৯,০০০টি, চাল ৩৫০০ মে. টন, গম ৩,৪৮৯ মে. টন ও গৃহনির্মাণ বাবদ মোট ২৫.৫০ কোটি টাকা (পরিকল্পনা খাতে ১৮.৫০ কোটি টাকা ও পরিকল্পনা বর্হির্ভূত খাতে ৭.০০ কোটি টাকা) আবন্টন করা হয়েছে। অধিকন্তু প্রচুর পরিমাণ ধুতি, শাড়ি ও শিশুবস্ত্র বিতরণ করা হয়েছে।

জরুরি ভিত্তিতে বন্যা পরবর্তী সংস্কার ও পুনর্গঠনের কাজে অন্যান্য দপ্তরকে মোট ১৫.৩৫ কোটি টাকা আবন্টন করা হয়েছে।

বন্যায় মৃত ব্যক্তিদের নিকট আত্মীয়দের সাহায্যার্থে প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে ১০৭,৫০,০০০ টাকা ও রাজ্য বাজেট থেকে ৪৩,০০,০০০ টাকা এককালীন অনুদান বাবদ আবন্টন করা হয়েছে।

এই ভয়াবহ বন্যা সম্বন্ধে একটি স্মরকলিপি "মেমোর‍্যাণ্ডাম অন দি ফ্লাড ইন ওয়েস্টবেঙ্গল ডিউরিং সেপ্টেম্বর-অক্টোবর, ১৯৯৫" কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হয়। স্মারকলিপিতে ১৯৪৩.৫২ কোটি টাকার ক্ষয়ক্ষতির বিবরণ বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে। জরুরি ভিত্তিতে ৬৩১.৯৯ কোটি টাকা সাহায্য চাওয়া হয়েছে। এক উচ্চ পর্যায়ের কেন্দ্রীয় পর্যবেক্ষক দল গত নভেম্বর মাসের প্রথম দিকে এ রাজ্যে সর্বাধিক ক্ষতিগ্রস্ত জেলাগুলি পরিদর্শন করেন এবং তারা তাদের সুপারিশ কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেন। কিন্তু এ যাবদ কেন্দ্রীয় সরকারের 'বিপর্যয় জনিত জাতীয় ত্রাণ তহবিল' থেকে কোনও অর্থ পাওয়া যায়নি।

৯। অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী এ রাজ্যে গঠিত 'প্রাকৃতিক দুর্যোগজনিত ত্রাণ তহবিলের' পরিমাণ ৪৮৪৪.০০ লক্ষ টাকা হলেও ১৯৯৫-৯৬ সালে মোট ৬১৭৮.৬৭ লক্ষ টাকা ত্রাণ দপ্তর থেকে আবন্টন করা হয়েছে। যে দপ্তরগুলিকে টাকা দেওয়া হয়েছে, সেগুলির নাম ও টাকার পরিমাণ পরের পাতায় দেওয়া হল :—

| দপ্তরের নাম | প্রদত্ত অর্থ (লক্ষ টাকা) |
|---|---|
| ক) কৃষি | ৭৩০.০০ |
| খ) কৃষি বিপণন | ২২.৩৯ |
| গ) প্রাণী সম্পদ বিকাশ | ৫৪.৬০ |

| | | |
|---|---|---|
| ঘ) | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | ২৬০.০০ |
| ঙ) | সেচ ও জলপথ | ১৬৭৯.১৮ |
| চ) | মৎস্য | ২০০.০০ |
| ছ) | জনস্বাস্থ্য কারিগরি | ৪৭৫.০০ |
| জ) | পূর্ত | ৩০০.০০ |
| ঝ) | জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন | ৪৫০.০০ |
| ঞ) | ত্রাণ | ২১০৭.৫০ |
| | | ৬১৭৮.৬৭ |

এর অতিরিক্ত আরও ১৮৫.০০ লক্ষ টাকা পরিকল্পনা খাতে দুঃস্থ ব্যক্তিদের গৃহ নির্মাণ বাবদ আবন্টন করা হয়েছে।

১০। প্রাকৃতিক দুর্যোগ ছাড়াও ও অন্যান্য ক্ষেত্রে সরকারকে দুঃস্থ মানুষের সাহায্যে এগিয়ে আসতে হয়। গ্রামে ও শহরে অন্ধ, খঞ্জ, অনাথ ও উপার্জনে অক্ষম মানুষদের জন্য সাধারণ খয়রাতি সাহায্য দেওয়া হয়। ১৯৯৫-৯৬ সালে এ বাবদ ৭ কোটি ২২ লক্ষ ৩৮ হাজার টাকা আবন্টন করা হয়েছে। অক্ষম এবং দুস্থ কুষ্ঠরোগগ্রস্ত ব্যক্তিদের জন্য ও খয়রাতি সাহায্যের ব্যবস্থা করা হয়। এ বাবদ আলোচ্য বছরে মোট ৪৮,২৬,১৭৫ টাকা আবন্টিত হয়েছে।

১১। ১৯৮৮ সালের ১লা মে থেকে কেন্দ্রীয় সরকারের আনুকুল্যে ও পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগের তত্ত্বাবধানে রূপায়িত কুটির বিমা প্রকল্প মারফৎ গ্রামে দুর্ঘটনা জনিত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি নির্মাণের উদ্দেশ্যে ন্যাশানাল ইনসিওরেন্স কোম্পানি অর্থ সাহায্য করে। এ পর্যন্ত এই প্রকল্পে ৩৮,১১০ টি পরিবারকে ক্ষতিপূরণ মঞ্জুর করা হয়েছে।

১২। পশ্চিমবঙ্গের সমস্ত জেলার গ্রামে ও শহরে বসবাসকারি দরিদ্র ও দুঃস্থ মানুষদের জন্য মাননীয় বিধায়কদের মারফৎ ঈদ ও দুর্গাপূজার প্রাক্‌কালে জামাকাপড় ও শিশুবস্ত্র বন্টনের ব্যবস্থা করা হয়। গত বছর ত্রাণ দপ্তর থেকে এ বাবদ প্রায় ১২২.০০ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, গত বছর থেকে প্রতি বিধায়ক পিছু ধুতি, শাড়ি, লুঙ্গি ও শিশুপোষাকের বরাদ্দের পরিমাণ বাড়ানো হয়েছে, সেই সঙ্গে কম্বল নতুন সংযোজন করা হয়েছে।

১৩। আর্থিক দিক থেকে দুর্বলতর শ্রেণীভুক্ত মানুষদের আর্থ সামাজিক পুনর্বাসনের জন্য অনুদান দেওয়া হয়। এ বাবদ গত আর্থিক বছরে যথাক্রমে ৫,৭৪,৫০০ টাকা পরিকল্পনা খাতে ও ২৮,৮৯,২০০ টাকা পরিকল্পনা বহির্ভূত খাতে আবন্টন করা হয়েছে। বিভিন্ন জেলায়, এ ছাড়া যক্ষ্মারোগমুক্ত দুর্বলতর শ্রেণীর মানুষদের আর্থ সামাজিক পুনর্বাসনের জন্য অনুদান হিসেবে এ বাবদ ৫,৫৯,৬০০ টাকা আবন্টন করা হয়েছে।

১৪। সীমিত আর্থিক সঙ্গতি সত্ত্বেও এই সরকার এখনও বেহালায় রেপসিড তেল জনিত অসুস্থতায় আক্রান্তদের মধ্যে খয়রাতি সাহায্য ও আর্থিক অনুদান দিয়ে যাচ্ছেন। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ বাবদ ১০,৩২,৪৫০ টাকা আবন্টন করা হয়েছে।

১৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ত্রাণ দপ্তরের বাজেট বরাদ্দ মূলত বহির্ভূত খাতে ধরা হলেও, গত ১৯৯৫-৯৬ আর্থিক বৎসরে পরিকল্পনা খাতেও পাঁচটি প্রকল্প ছিল। ঐ প্রকল্পগুলি ১৯৯৬-৯৭ আর্থিক বছরেও চালু থাকবে।

ক) রিলিফ কমপ্লেক্স নির্মাণ

খ) বন্যাশ্রয় নির্মাণ

গ) ত্রাণ ভাণ্ডার নির্মাণ

ঘ) আর্থ সামাজিক কারণে বিপর্যস্ত ও দুঃস্থ পরিবারের পুনর্বাসনের জন্য এককালীন অনুদান

ঙ) প্রাকৃতিক দুর্যোগ সতর্কীকরণ ব্যবস্থা (ডি. ডবলিউ. এস.)

এই পাঁচটি প্রকল্প রূপায়ণ বাবদ বর্তমান আর্থিক বছরে (১৯৯৬-৯৭) মোট ৫৫,০০,০০০ টাকার ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। সুখের কথা, ত্রাণ দপ্তরের গুরুত্বের কথা স্মরণে রেখে গতবছর উপরিউক্ত রিলিফ কমপ্লেক্স নির্মাণ কার্য প্রায় সম্পন্ন হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু গত ৭ই মার্চ কমপ্লেক্সের দ্বারোদ্ঘাটন করেছেন।

১৬। বিভিন্ন ত্রাণ প্রকল্প যথাযথ রূপায়ণের জন্য এখানে আমি যে ব্যয় মঞ্জুরির প্রস্তাব মাননীয় সদস্যগণের কাছে রাখছি, তা ১৯৯৬-৯৭ সালে বিভিন্ন ধরনের ত্রাণ কার্যের জন্য ব্যয়িত হবে।

১৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বিগত আর্থিক বছরগুলিতে এ রাজ্যে ত্রাণের কাজে সভার মাননীয় সদস্যগণ যে অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতার হাত বাড়িয়েছেন, সেই একই সমর্থন ও সহযোগিতা পাওয়ার আশা রেখে ১৯৯৬-৯৭ সালে ৪৪নং অনুদানের অন্তর্গত "২২৪৫ নং প্রাকৃতিক বিপর্যয় জনিত ত্রাণ" খাতে ব্যয় বরাদ্দের প্রস্তাব গ্রহণের জন্য আমি সবিশেষ অনুরোধ করছি।

## Demand Nos. 47, 48 and 55

The Printed Speech of **Shri Abdul Rezzak Molla** on Demand Nos. 47, 48 and 55 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমি ৪৭, ৪৮ এবং ৫৫ নম্বর দাবির উদ্যান পালন বিষয়ে বক্তব্য রাখছি। এই রাজ্য অধিক কৃষি উৎপাদনে সহায়ক প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধশালী হলেও জমির সীমিত পরিমাণ

হেতু এক ফসলি বা উন অবস্থায় জমি রাখার প্রশ্ন আসে না। তজ্জন্য জমি থেকে সর্বাধিক সুবিধা আহরণের নিমিত্ত জমির পূর্ণ সদ্ব্যবহারের মাধ্যমে ফসল বৈচিত্র্যের একান্ত প্রয়োজন। এর দ্বারা একদিকে কৃষকদের যেমন আয় বৃদ্ধি পাবে তেমনি আবার অপরদিকে ফসল উৎপাদনে অধিক বিনিয়োগ করতে তারা সক্ষম হবেন।

এই পরিপ্রেক্ষিতে উদ্যান-পালন-বিদ্যাকে সমৃদ্ধির এক সম্ভাবনাময় প্রতীক হিসাবে বিবেচনা করা যায়। উদ্যান-পালন শাখা কৃষির এক গুরুত্বপূর্ণ অঙ্গ ; যার মধ্যে বিভিন্ন প্রকারের ফসল যেমন—ফল, সব্জি, ফুল, কদলী জাতীয় ফসল, মশলা, ছত্রাক, আলু ব্যতীত কন্দ মূল জাতীয় ফসল এবং পান অন্তর্গত। বর্তমানে পশ্চিমবঙ্গে প্রায় ১.৪ লক্ষ হেক্টর জমিতে ফল চাষ করা হয় এবং তা থেকে প্রায় ১২ লক্ষ টন ফল উৎপাদন হয়। ফলের মধ্যে সব থেকে গুরুত্বপূর্ণ ফসল হল আম, আনারস এবং পেঁপে। আর এদের মাধ্যমেই রাজ্যের মোট ফল উৎপাদনের ২/৫ অংশ পাওয়া যায় ; বাকি উৎপাদন আসে পেয়ারা, কাঁঠাল, কমলালেবু ইত্যাদি থেকে।

রাজ্যে আলু চাষের এলাকা ও উৎপাদন বাদে কেবলমাত্র সব্জি চাষের এলাকা ও উৎপাদন হল যথাক্রমে ৪.৯ লক্ষ হেক্টর এবং ৫৩ লক্ষ টন। রাজ্যের গুরুত্বপূর্ণ সব্জি হল বেগুন, ঢ্যাঁড়শ, লঙ্কা, কুমড়া, বাঁধাকপি, ফুলকপি, টম্যাটো ইত্যাদি।

পশ্চিমবঙ্গ হল ভারতে ফুল উৎপাদনকারী অগ্রণী রাজ্যগুলির মধ্যে অন্যতম। দেশের মোট ফুল চাষ এলাকার ১০.৬% রয়েছে এই রাজ্যে। আন্তর্জাতিক বাজারে ভাল চাহিদা আছে এমন কয়েক ধরনের ফুল চাষ এ রাজ্যের কালিম্পং এলাকায় হয়ে থাকে। ফল চাষের এলাকা ও উৎপাদন হল যথাক্রমে ১২ হাজার হেক্টর এবং ৭,৮৫০ টন (সংখ্যায় ৪৩.৫ কোটি)।

ফুল চাষ বেশ লাভজনক উদ্যোগ হওয়ায় ঝুঁকি গ্রহণকারিদের মধ্যে উৎসাহ সঞ্চারিত হওয়ার লক্ষণ পরিলক্ষিত হয়েছে। কাটাফুল ও তরতাজা উদ্ভিদ রপ্তানির মানচিত্রে রাজ্য ইতিমধ্যে স্থান করে নিয়েছে ; এবং হাজার হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক উদ্যান-সংক্রান্ত উদ্যোগ থেকে জীবিকা অর্জন করে থাকেন।

রাজ্যে কৃষি জলবায়ুর বৈচিত্র্য হেতু বিভিন্ন ফল, সব্জি ও ফুলের সারা বছর ধরে উৎপাদনের সম্ভাবনা থাকায় এই ফসলগুলির চাষ গ্রামীণ অর্থনীতি উজ্জীবিত করতে বেশ তাৎপর্যপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারে। এই বিষয়ে অনুধাবন করে রাজ্যের বাগিচা-ফসল উন্নয়নে বাগিচা-ফসল গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত কয়েকটি প্রকল্প রাজ্যে চালু রয়েছে।

১৯৯৬-৯৭ সালে বাড়তি ২ হাজার হেক্টর ফল চাষ ১০ হাজার হেক্টর সব্জি চাষ এবং ৩ হাজার হেক্টর ফুলের চাষ করার লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ; এবং বাড়তি উৎপাদন ধার্য হয়েছে যথাক্রমে ২০ হাজার টন, ১.২ লক্ষ টন এবং ২,৫০০ টন। উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণে গৃহীত কার্যসূচির মধ্যে রয়েছে ঃ

(১) অধিক উৎপাদনক্ষম উৎকৃষ্ট মানের জাত সনাক্তকরণ ও প্রসার।

(২) উৎকৃষ্ট মানের গাছ লাগানোর উপকরণ/বীজ উৎপাদন বৃদ্ধি এবং তা কৃষকদের মধ্যে বিতরণ।

(৩) সুপারিশকৃত প্রযুক্তির প্রয়োগ ঘটিয়ে এবং নতুন গাছ লাগিয়ে কম উৎপাদনশীল পুরাতন উদ্যানগুলির পুনঃনবীকরণ।

(৪) বীজের মিনিকিট বিতরণ।

(৫) সংকর জাত জনপ্রিয় করণ।

(৬) ফসল রক্ষাসহ উন্নত চাষ পদ্ধতির প্রয়োগে কৃষকদের আকৃষ্ট করতে প্রদর্শনী ক্ষেত্র স্থাপন।

(৭) অধিক উৎপাদনের লক্ষ্যে বাগিচা-ফসল সংক্রান্ত সংস্থাগুলিতে প্রশিক্ষণ ও পরিদর্শনের মাধ্যমে কৃষকদের উন্নত প্রযুক্তি তথ্যে সমৃদ্ধশালী করা।

পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় ক্ষেত্রের এবং কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পগুলি হল—

(ক) গ্রীষ্ম, শুখা এবং শীত প্রধান এলাকার ফলের সুসংহত উন্নয়ন।

(খ) সব্জির উৎপাদন এবং সরবরাহ।

(গ) বাণিজ্যিক ফুল চাষ।

(ঘ) মশলা উন্নয়নে সুসংহত কার্যক্রম।

(ঙ) নারিকেল সুসংহত উন্নয়ন।

(চ) কাজুবাদাম উন্নয়ন।

(ছ) গ্রামীণ এলাকায় জাতীয় উদ্যান স্থাপন।

(জ) সুপারি উন্নয়ন।

(ঝ) মূল ও কন্দজাতীয় ফল চাষের প্রসার, আলু ব্যাতীত।

(ঞ) ঔষধ এবং সুগন্ধ উদ্ভিদ উন্নয়ন।

(ট) ছত্রাক চাষ।

(ঠ) পান উন্নয়ন।

(ড) কৃষি ক্ষেত্রে প্লাস্টিকের ব্যবহার।

(ঢ) বাগিচা ফসল উৎপাদনকারিদের মধ্যে প্রশিক্ষণ ও পরিদর্শন কার্যক্রমের মাধ্যমে প্রযুক্তির প্রসার।

আমাদের মূল লক্ষ হল ঃ

(১) প্রতিটি দরিদ্র পরিবারের পুষ্টিজনক ফলের জোগান বাড়ানো।

(২) নতুন ও অধিক ফলনশীল প্রকারের বীজ ও চারার উৎপাদন ও বিতরণ।

(৩) ফল, সব্জি, ফুল, ভেষজ গাছগাছড়া, ছত্রাক, পান ও মশলা চাষের এলাকা ও উৎপাদন বৃদ্ধি—বিশেষভাবে পতিত ও অপেক্ষাকৃত অনুর্বর জমিতে।

(৪) নতুন প্রযুক্তির প্রচলন যেমন tissui culturs, post harvest technology এবং সংরক্ষণ ইত্যাদি।

(৫) রাজ্যের বাইরে ও দেশের বাইরে রপ্তানি।

এই সব পদক্ষেপের ফলে গ্রামাঞ্চলে অতিরিক্ত কর্মসংস্থান অবশ্যম্ভাবী। তাই আমাদের আসল উদ্দেশ্য।

## Demand Nos. 49 and 50

The Printed Speech of **Shri Anisur Rahman** on Demand Nos. 49 & 50 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৯ নং দাবির অন্তর্ভুক্ত '২৪০৩ অ্যানিমাল হাসব্যান্ড্রি' এবং '৪৪০৩-ক্যাপিটাল আউটলে অন অ্যানিমাল হাসব্যান্ড্রি (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)' খাতে ১৯৯৬-৯৭ সালের জন্য ৭২,৫১,০৮,০০০ (বাহাত্তর কোটি একান্ন লক্ষ আট হাজার) টাকা মাত্র ব্যয়বরাদ্দের দাবি পেশ করছি। এ বছরের ভোট-অন-অ্যাকাউন্টে পেশ করা ২৪,১৮,০০,০০০ টাকা (চব্বিশ কোটি আঠার লক্ষ) টাকা মাত্র উল্লিখিত ব্যয়বরাদ্দ দাবির অন্তর্ভুক্ত।

### ৫০ নং দাবি

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫০ নং দাবির অন্তর্ভুক্ত '২৪০৪-ডেয়ারি ডেভেলপমেন্ট, এবং '৪৪০৪-ক্যাপিটাল আউটলে অন্ ডেয়ারি ডেভেলপমেন্ট (এক্সক্লুডিং পাবলিক আণ্ডারটেকিংস)' খাতে ১৯৯৬-৯৭ সালের জন্য ১০২,২৫,৩৭,০০০ (একশত দুই কোটি পঁচিশ লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকা মাত্র ব্যয়বরাদ্দের দাবি পেশ করছি। এ বছর ভোট-অন-অ্যাকাউন্টে পেশ করা ৩৪,১২,০০,০০০ (চৌত্রিশ কোটি বার লক্ষ) টাকা মাত্র উল্লিখিত দাবির অন্তর্ভুক্ত।

ব্যয় বরাদ্দের দাবি পেশ করার প্রসঙ্গে আমি বিধান সভায় মাননীয় সদস্যদের কাছে বিভাগীয় যে সকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে তার খতিয়ান এবং বর্তমান আর্থিক বছরে যে সব কর্মসূচিকে সবিশেষ গুরুত্ব দেওয়া হবে, যার উপর ভিত্তি করেই এই ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য পেশ করছি তার উল্লেখ করতে চাই।

১ সারা ভারতের মধ্যে পশ্চিমবঙ্গে ৮ শতাংশ জনসংখ্যার অনুপাতে জমির পরিমাণ মাত্র ২ শতাংশ। এদের মধ্যে অধিকাংশই হলেন গ্রামীম মানুষ—যার মধ্যে আবার বেশির ভাগই হলেন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী ও ভূমিহীন খেত-মজুর। এই বৃহৎ সংখ্যক জনসাধারণের অর্থনৈতিক মানোন্নয়নের ক্ষেত্রে প্রাণী পালনই একমাত্র উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করতে পারে।

গ্রামোন্নয়নের এই অন্যতম প্রধান মাধ্যম প্রসঙ্গে বলা যায়, অল্প বিনিয়োগের মাধ্যমে এবং সহজলভ্য প্রযুক্তিবিদ্যার সহায়তায় আমরা অধিক সংখ্যায় স্বনিযুক্তি কর্মসংস্থানের সুযোগ

সৃষ্টি করতে পারি। এই উন্নয়নের মাধ্যমে এই কর্মসূচির বহুমুখীনতা অব্যাহত থাকবে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল এই যে, এই জাতীয় কর্মসূচি দ্রুত উৎপাদনশীল এবং এর মাধ্যমে দীর্ঘমেয়াদি সুফল লাভ করাও সম্ভব হয়ে থাকে।

২ বিগত বছরগুলির মতো এই বছরেও নিম্নলিখিত বিষয়গুলির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে ঃ—

ক) স্বনির্ভরতা

খ) কর্মসংস্থান

গ) বর্তমান প্রাণী সম্পদের সুষ্ঠু ব্যবহার এবং নতুন সম্পদ সৃষ্টি

ঘ) আধুনিক প্রযুক্তি অবলম্বন ও তার উন্নতি সাধন

ঙ) গ্রামীণ অর্থনীতির উন্নয়ন সাধন

চ) বিভিন্ন প্রকল্প সার্থকভাবে রূপায়ণের জন্য প্রাণী সম্পদ বিকাশ বিভাগের সাথে অন্যান্য বিভাগের কার্যকর সুদৃঢ় সম্পর্ক স্থাপন

ছ) প্রাণী পালন ও প্রাণী-স্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত শিক্ষার সম্প্রসারণ ও গবেষণা

৪৩ বিগত বছরগুলিতে বর্তমান বামফ্রন্ট সরকার প্রাণী-সম্পদ উন্নয়নের ক্ষেত্রে স্ব-নিযুক্তি ও সার্বিক উন্নয়নের বিষয়ে সর্বাধিক গুরত্ব আরোপ করতে প্রতিশ্রুতিবদ্ধ, যার ফলশ্রুতি হিসাবে গ্রামীণ আর্থ-সামাজিক ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনা সম্ভব হবে। বিশেষ করে এই প্রকল্প পুরুষ শাসিত সমাজে অবহেলিত গ্রামীণ মহিলাদের আর্থিক মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সক্ষম হবে।

৪ অতীতের তুলনায় বর্তমানে গৃহীত পরিকল্পনাগুলি অনেক আধুনিক এবং বিজ্ঞান সম্মত। প্রাণী সম্পদ উন্নয়নের ক্ষেত্রে স্থায়ী সম্পদগুলির সাথে বিজ্ঞান এবং আধুনিক প্রযুক্তিকে যুক্ত করে বহুমুখি প্রকল্পগুলির মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর সুফল তৃণমূল স্তর পর্যন্ত পৌছে দেওয়াই হল বর্তমান সরকারের উদ্দেশ্য ও লক্ষ্য। এই বিভাগের বাজেট প্রস্তুত করার সময় আমি এই দপ্তরের অধীনে বিভিন্ন শাখার উন্নয়ন সাধনের জন্য উপরোক্ত বিষয়ে যথাযথ গুরুত্ব দিয়েছি।

৫.১ প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের অধীনে প্রাণী-সম্পদ অধিকার ও প্রাণী-স্বাস্থ্য অধিকারদ্বয়ের একত্রীকরণ, বর্তমানে প্রাণীপালকদের কাছে উন্নত প্রথায় প্রাণীপালনের ক্ষেত্রে এক বিরাট সম্ভাবনার দরজা উন্মুক্ত করেছে। কারণ তারা একই জায়গা থেকে সুযোগ-সুবিধাগুলি গ্রহণ করতে পারছেন। এই বিভাগ একত্রীকরণের সুফল সার্বিকভাবে প্রাণীপালকদের কাছে পৌছে দেওয়ার জন্য প্রয়াসী হয়েছে। দুই অধিকারের জন্য একজন অধিকর্তা নিযুক্ত হয়েছেন, যার ফলে একত্রীকরণের কাজকর্মে আরও গতিবেগ সৃষ্টি করা যাবে।

৫.২ এই বিভাগের সকল ব্লকেই প্রাণী-স্বাস্থ্যকেন্দ্র রয়েছে এবং প্রাণী-স্বাস্থ্য বিষয়ে বিশেষ যত্ন নেওয়ার জন্য অতিরিক্ত ২৭১টি ব্লক প্রাণী-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে। একটিও

নতুন পদ সৃষ্টি না করে, এই বিভাগ বিভিন্ন পদগুলি পুনর্বিন্যাসের মাধ্যমে 'ব্লক লাইভস্টক ডেভেলপমেন্ট অফিসার'-এর পদ সৃষ্টি করে, তাদের পদাধিকারবলে 'পঞ্চায়েত সমিতি আধিকারিক' নামকরণ করা হয়েছে। এই সব পদের আধিকারিকগণ পঞ্চায়েত সমিতির তত্ত্বাবধানে প্রাণীসম্পদ উন্নয়নের কাজে যুক্ত থাকবেন এবং আই. আর. ডি. পি., এস. সি. পি., আই. টি. ডি. পি., এন. ডব্লু. ডি. পি. আর. এ. এবং অন্যান্য ব্যাঙ্কের আর্থিক সহায়তামূলক কর্মসূচিগুলির সাহায্যে প্রাণীসম্পদ উন্নয়নের প্রচেষ্টা করবেন। বেশির ভাগ আধিকারিকরা ইতিমধ্যেই নির্দ্ধারিত স্থানে যোগদান করেছেন। ব্লক প্রাণী-স্বাস্থ্যকেন্দ্র এবং অতিরিক্ত ব্লক প্রাণী-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে, বি. এল. ডি. ও.-এর নেতৃত্বাধীন কর্মীবৃন্দ পঞ্চায়েতগুলির পরামর্শক্রমে প্রাণী-সম্পদ উন্নয়নের কাজে ব্রতী থাকবেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেবেন।

৫.৩ আগে গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত এই বিভাগের কাজ সম্প্রসারিত ছিল না। এই বিভাগ বর্তমানে গ্রাম পঞ্চায়েত স্তরে অন্ততপক্ষে একজন গ্রামভিত্তিক সহায়ক (যাদের ভি. এফ. এ./এফ. এ. বলা হয়) নিয়োগ করার মনস্থ করেছেন। গ্রামীণ মানুষ ও প্রাণীপালকরা এই ধরনের প্রাণী উন্নয়ন কেন্দ্রে সংশ্লিষ্ট কর্মীর সঙ্গে সরাসরি যোগাযোগ করতে পারবেন। গ্রাম স্তরে আগ্রহী ব্যক্তিসহ দোহ ও হাঁস-মুরগী সমবায় সমিতির সদস্যগণ এই কেন্দ্রে থেকে বিজ্ঞানসম্মত উপায়ে প্রাণী পালন, কৃত্রিম প্রজননের মাধ্যমে প্রাণীদের প্রজাতিগত মানোন্নয়ন, টীকা দান ও প্রাথমিক চিকিৎসা সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। এই সব প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিরাই ভবিষ্যতে প্রাণী পালকদের প্রাণীপালন ও প্রাণ-স্বাস্থ্য সরক্ষা সম্বন্ধে সচেতন করে তুলতে পারবেন। এই সমস্ত কেন্দ্র থেকেই প্রয়োজনীয় সহায়তা ও প্রযুক্তিগত কৌশল সরবরাহ করা হবে এবং গ্রাম পঞ্চায়েত স্তরে প্রাণী ও তাদের উৎপাদন সম্বন্ধীয় প্রাথমিক তথ্য রাখার ব্যবস্থা করা হবে।

৫.৪ মহকুমা স্তরে 'সাব-ডিভিশনাল লাইভস্টক ডেভেলপমেন্ট অফিসার্স'দের নিয়োগ করা হয়েছে। আগামী দিনে মহকুমা প্রাণী হাসপাতালে প্রাণীদের জটিল রোগগুলি নির্ণয় ও চিকিৎসার ব্যবস্থাও করা হবে।

৫.৫ উপ-অধিকর্তাদের প্রাণী-সম্পদ উন্নয়নের ক্ষেত্রে জেলাওয়ারি দায়িত্ব দেওয়া হয়েছে 'ডিস্ট্রিক্ট ভেটেরেনারি অফিসার' ছাড়াও সহকারী অধিকর্তা স্তরে পাঁচজন আধিকারিক উপ-অধিকর্তার অধীনে দেওয়া হবে। এরা গবাদি প্রাণী উন্নয়ন, ছাগল, ভেড়া, শূকর, হাঁস-মুরগী উন্নয়ন, সবুজ গো-খাদ্য উন্নয়ন, প্রাণী খামার ও জেলা রোগ নির্ণয় কেন্দ্রগুলির দেখাশোনা করবেন।

জেলা রোগ নির্ণয় কেন্দ্রগুলি স্বয়ংসম্পূর্ণ ও আধুনিকীকরণের ব্যবস্থা করা হচ্ছে, যাতে এই গবেষণাগার থেকেই সমস্ত রকমের রোগ নির্ণয় করা সম্ভব হয়। ব্লকের অধীনে প্রাণী চিকিৎসা কেন্দ্রগুলিতে সাধারণ রোগের পরীক্ষার জন্য ছোট আকারের একটি করে রোগ নির্ণয় শাখাও খোলা হবে স্থির হয়েছে।

৫.৬ এই বিভাগ, পর্যায়ক্রমে জেলাভিত্তিক প্রাণী খামারগুলিকে প্রাণী সম্পদ এবং সবুজ প্রাণীখাদ্য সমৃদ্ধ একটি সার্বিক নিবিড় প্রাণী উন্নয়ন খামারে রূপান্তর করতে চাইছেন। যার ফলে, এই খামারগুলি থেকে প্রাণীপালকগণ উন্নত প্রথায় প্রাণীপালনের ক্ষেত্রে প্রশিক্ষণসহ

প্রয়োজনীয় সবরকমের সহায়তা পেতে পারেন। রাজ্য প্রাণী খামারগুলি এই জাতীয় নিবিড় প্রাণী উন্নয়ন খামারগুলিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। উপ-অধিকর্তাদের পদাধিকার বলে 'পরিষদ আধিকারিক' হিসাবে নিযুক্ত করা হয়েছে যাতে তারা জেলা পরিষদের এক্তিয়ারভুক্ত প্রাণী সম্পদ বিকাশের কাজ দেখাশোনা করতে পারেন। তিনজন যুগ্ম অধিকর্তাকে বিভাগীয় স্তরে নিযুক্ত করা হয়েছে যাতে জেলা ভিত্তিক কাজকর্মগুলি যথাযথভাবে তদারকি ও সমন্বয় সাধন করা সম্ভব হয়। রাজ্যস্তরে একজন অধিকর্তা নিয়োগ করা হয়েছে, যিনি প্রাণীসম্পদ উন্নয়ন, খামার ব্যবস্থা পরিচালন, সবুজ খাদ্য উৎপাদন, রোগ নির্ণয়, টিকা তৈরি ইত্যাদি সহ বিভিন্ন সম্প্রসারণ ও উন্নয়ন কর্মসূচিসহ স্বাস্থ্য সুরক্ষা ও রোগ প্রতিরোধ ব্যবস্থা ইত্যাদি সকলের সহযোগিতায় কার্যকর করবেন যাতে আগামী দিনে প্রাণী সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আরও দ্রুত সুফল পাওয়া সম্ভব হয়।

দোহ উন্নয়ন কর্মসূচি এবং দুগ্ধ সমবায় উদ্যোগ বিভিন্ন অধিকার এবং রাজ্যস্তরের ফেডারেশন অফ মিল্ক প্রডিউসারস্ সোসাইটির মাধ্যমে, এ রাজ্যে রূপায়িত হচ্ছে। এদের সঙ্গে প্রাণী সম্পদ ও স্বাস্থ্য অধিকারের কর্মের সমন্বয় সাধনের উদ্দেশ্য 'প্রিন্সিপ্যাল ডাইরেক্টর'-এর একটি পদ সৃষ্টি করা হয়েছে। এই পদাধিকারি ব্যক্তি এই বিভাগের বিভিন্ন অধিকার, সমবায় ইউনিয়ন, নিগম ইত্যাদির কাজকর্মের সমন্বয় সাধন করে, সার্বিক প্রাণী সম্পদ উন্নয়নের ক্ষেত্রে সুষ্ঠুভাবে দায়িত্ব সম্পাদন করবেন।

৫.৭ এই বিভাগের বিভিন্ন কর্মসূচির সাথে পঞ্চায়েতকে ওতপ্রোতভাবে যুক্ত করতে হবে। কারণ উন্নত প্রথায় প্রাণীপালন ও প্রশিক্ষণের ক্ষেত্রে পঞ্চায়েতের সহযোগিতাতেই এইসব কর্মসূচিকে জনপ্রিয় করে তোলা সম্ভব।

৬.১ প্রাণী-স্বাস্থ্য সুরক্ষা প্রকল্প গ্রহণের মাধ্যমে রোগ-নির্মূল কর্মসূচিকে গ্রামস্তরে পৌছে দেওয়ার ব্যবস্থা করা হবে। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যেতে পারে যে, ১৯৯৫-৯৬ সালে ৭২.৮৩ লক্ষ প্রাণীকে রোগের আক্রমণ থেকে সুচিকিৎসার মাধ্যমে রক্ষা করা সম্ভব হয়েছে। এছাড়া ১৪৯.৪০ লক্ষ গবাদি-প্রাণী ও হাঁস মুরগীকে টিকা করণের মাধ্যমে সম্ভাব্য রোগের হাত থেকে রক্ষা করা গেছে।

৬.২ ১৯৮৮-৮৯ সাল থেকে এই রাজ্যকে প্রাথমিকভাবে 'রিণ্ডারপেস্ট' রোগমুক্ত বলে ঘোষণা করা হয়েছে। এটি একটি উল্লেখযোগ্য নজির হিসাবে গণ্য হতে পারে।

'ফুট অ্যাণ্ড মাউথ' রোগমুক্ত এলাকা সৃষ্টি করার জন্য একটি প্রকল্প গৃহীত হয়েছে এবং প্রথম পর্যায়ে এজন্য কলকাতা বন্দর, হলদিয়া বন্দর এবং কলকাতা বিমান বন্দরের আশেপাশের অঞ্চলকে নির্ধারিত করা হয়েছে।

৬.৩ প্রতি জেলা প্রাণীদের মহামারি হিসাবে চিহ্নিত রোগগুলি নিরীক্ষণের জন্য 'তদারকি সেল' গঠন করা হয়েছে।

বিভিন্ন জেলায় 'অ্যানথ্রাক্স', 'ব্ল্যাক কোয়াটার', 'হেমোরাজিক সেপ্টিসেমিয়া' ইত্যাদি রোগের বিষয়েও বিভিন্ন জেলায় অনুসন্ধান চালানো হচ্ছে যাতে ওইসব রোগ নিয়ন্ত্রণ করা সম্ভব হয়। বিভিন্ন সংক্রামিত রোগ নিয়ন্ত্রণের ফলে উৎপাদন এ রাজ্যে বৃদ্ধি পেয়েছে।

৬.৪ বন্ধ্যাত্বজনিত রোগাক্রান্ত এলাকাগুলিতে এই রোগমুক্ত করার জন্য বিশেষ নিয়ন্ত্রণ কর্মসূচি নেওয়া হয়েছে। এছাড়াও সমগ্র রাজ্যে বন্ধ্যাত্ব, গর্ভপাত ইত্যাদি রোগ নিয়ন্ত্রণ করার জন্য একটি বিশেষ প্রকল্প গৃহীত হয়েছে।

'ইনস্‌টিটিউট অফ অ্যানিম্যাল হেলথ অ্যাণ্ড ভেটেরিনারি বায়োলজিক্যাল'' কলিকাতাতে প্রাণীদের জন্য মহামারী ও সংক্রামক রোগ প্রতিরোধের জন্য উন্নতমানের প্রতিষেধক টিকা তৈরি করা হচ্ছে। ১৯৯৫-৯৬ সালে ১১৫.৪০ লক্ষ মাত্রা বিভিন্ন টিকা এখান থেকে তৈরি করা সম্ভব হয়েছে। এই সংস্থার প্রতিষেধক টিকাগুলি উন্নতমানের হওয়ার জন্য আশেপাশের রাজ্যগুলিতে এর আকর্ষণীয় চাহিদা আছে। 'রিণ্ডারপেস্টে'র জন্য টিকা এবং 'ভিরোসেলে'র মাধ্যমে প্রতিষেধক টিকা তৈরি করার জন্য গবেষণাগারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং কেন্দ্রীয় গবেষণাগারে অন্যান্য রোগের টিকা তৈরির জন্য গবেষণার কাজ চলছে।

৬.৫ ১৯৯৫ সালে সেপ্টেম্বর-অক্টোবর মাসে ভয়াবহ বন্যায় এই বিভাগের আগাম প্রাণীস্বাস্থ্য সুরক্ষা চিকিৎসা এবং সবুজ গোখাদ্যের সুব্যবস্থা করার ফলে, প্রাণীদের ক্ষয়ক্ষতি বহুলাংশে এড়ানো সম্ভব হয়েছে। যথাসময়ে সংক্রামক রোগের প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করার ফলে, সংক্রামক মহামারী আটকানো গেছে। প্রত্যন্ত প্রান্তে প্রয়োজনীয় প্রতিষেধক টিকা মজুত থাকায় এবং সেগুলি সত্বর প্রয়োগ করায়, এই সুফল পাওয়া সম্ভব হয়েছে। সকল প্রাণীর ক্ষেত্রে রোগের আনুপাতিক হার কমায় এই রাজ্য একটি দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছে।

৬.৬ প্রতি সপ্তাহে গ্রামের প্রত্যন্ত প্রান্তে প্রাণীস্বাস্থ্য শিবির পরিচালনা করার ফলে প্রাণীপালকদের প্রায় বাড়ির দরজায় এই স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। ১৯৯৫-৯৬ সালে ১২,০১৮টি এই জাতীয় স্বাস্থ্যশিবির পরিচালনা করা হয়েছে।

৭.১ ১৯৯৪ সালে পশ্চিমবঙ্গে প্রাণীশুমারী অনুযায়ী ১৮৪.৭ লক্ষ গবাদি প্রাণীর মধ্যে গরুর সংখ্যা হল ১৭৫.১ লক্ষ এবং মহিষের সংখ্যা ৯.৬ লক্ষ ; ৩৯৭.৩ লক্ষ হাঁসমুরগীর মধ্যে মুরগীর সংখ্যা ২৮৮.২ লক্ষ, হাঁসের সংখ্যা ১০৮.২ লক্ষ এবং অন্যান্য পাখীর সংখ্যা ০.৯ লক্ষ ; এছাড়া ছাগলের সংখ্যা ১৪২.৭ লক্ষ, ভেড়ার সংখ্যা ১৪.৮ লক্ষ এবং শূকরের সংখ্যা ৯.৪ লক্ষ।

৭.২ ১৯৯৫-৯৬ সালে এ রাজ্যে প্রাণী ও প্রাণীজাত সামগ্রির উৎপাদনের পরিমাণ হল ঃ

| | | |
|---|---|---|
| দুধ | — | ৩৩.৪১ লক্ষ টন |
| মাংস | — | ৪.১৬ লক্ষ টন |
| ডিম | — | ২৫,৬৮০ লক্ষ (সংখ্যায়) |
| পশম | — | ৬.২৩ লক্ষ কেজি |

উল্লিখিত হিসাব প্রাথমিক তথ্যের উপর ভিত্তি করে করা হয়েছে। বিগত বছরের তুলনায় উল্লেখ্য সামগ্রীর উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

৭.৩ কৃত্রিম প্রজননের ক্ষেত্রে হিমায়িত গো-বীজ প্রযুক্তি ব্যবহার করার ফলে এ রাজ্যে উন্নত প্রজাতির গবাদি প্রাণীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। যদিও এখনও তরল গো-বীজ দ্বারাও কৃত্রিম প্রজননের কাজ চলছে, তবে অদূর ভবিষ্যতে কৃত্রিম প্রজননের ক্ষেত্রে হিমায়িত গো-বীজ প্রযুক্তিই সার্বিকভাবে ব্যবহৃত হবে।

বর্তমানে এ রাজ্যে ২৮৩৭টি কৃত্রিম প্রজনন কেন্দ্র আছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে এই জাতীয় একটি কেন্দ্র স্থাপন করা এই বিভাগের বর্তমান লক্ষ্য। ২০০০ সালের মধ্যে এক হাজার গাভীর জন্য একটি করে কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন করাই এই বিভাগের মূল লক্ষ্য। অবশ্য এই প্রকল্প রূপায়ণ নির্ভর করছে অর্থানুকূল্য এবং প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণপ্রাপ্ত কারিগরি কর্মী পাওয়ার উপর।

দেশি প্রাণীদের হিমায়িত গো-বীজের মাধ্যমে কৃত্রিম প্রজননের দ্বারা প্রজাতিগত মানোন্নয়নের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বেলগাছিয়া ভেটেরেনারি প্রাঙ্গণে এবং জলপাইগুড়ি রাজ্য প্রাণী স্বাস্থ্য কেন্দ্রে তিনটি তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপিত হওয়ার ফলে, এই কর্মসূচিতে গতিবেগ সঞ্চারিত হয়েছে। এই জাতীয় আরও তিনটি প্ল্যান্ট বর্ধমান, মালদহ এবং বাঁকুড়া জেলায় স্থাপন করা হচ্ছে।

বিভিন্ন কৃত্রিম প্রজনন কেন্দ্র অথবা 'এ. ডি. ভলেন্টিয়ার্স' এবং 'কাস্টম সার্ভিস'-এ নিযুক্ত ব্যক্তিদের মাধ্যমে, এই কাজ সার্বিক রূপ লাভ করবে। এই কর্মসূচিকে গতিময় করতে উন্নত ষাঁড় পালন কেন্দ্র, গো-বীজ হিমায়ন কেন্দ্র এবং তরল নাইট্রোজেন প্ল্যান্ট স্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে কৃত্রিম প্রজননের সংখ্যা ৭ লক্ষ ছুঁয়েছে। বিগত বছরের মতো এবারেও মহিষের সংখ্যা বৃদ্ধির জন্য সমান গুরত্ব দেওয়া হচ্ছে।

৭.৪ গ্রামের দরিদ্র মানুষের স্বনিযুক্তি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে এবং গ্রামের প্রত্যন্ত প্রান্তে হিমায়িত গোবীজ প্রযুক্তি পৌছে দেওয়ার উদ্দেশ্যে গ্রামের তরুণ সম্প্রদায়কে প্রশিক্ষণ দেওয়ার কাজ চলছে।

৭.৫ কম মূলধনে গ্রামীণ এলাকায় হাঁস-মুরগী পালনের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে উন্নীত করা সম্ভব এবং এই কর্মসূচি গ্রামীণ মানুষ এককভাবে ও সমষ্টিগতভাবে রূপায়িত করতে পারেন। বর্তমানে বহুসংখ্যক তরুণ-তরুণী গ্রামীণ এলাকায় ব্রয়লার ও ডিমপাড়া মুরগী পালনে নিযুক্ত আছেন এবং ভাল অর্থ উপার্জন করছেন। রাজ্য হাঁস-মুরগী খামার থেকে বাচ্চা ফোটানোর ডিম, বাচ্চা এবং প্রজননক্ষম পাখী, প্রাণীপালকদের কাছে সরবরাহ করা হয়ে থাকে। রায়গঞ্জে একটি হাঁসখামার স্থাপন করা হয়েছে। বর্তমানে এ রাজ্যে ডিম উৎপাদনের সংখ্যা হ'ল বার্ষিক ২৫,৬৮০ লক্ষ।

৭.৬ সাধারণত সমাজের দরিদ্র এবং তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষরা দেশিয় পদ্ধতিতে ছাগল, ভেড়া ও শূকর পালন করে থাকেন। দেশি প্রজাতির সঙ্গে বিদেশি সাদা শূকরের সংকরায়নের মাধ্যমে মানোন্নয়নের উদ্দেশ্যে এ রাজ্যে বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে। একইভাবে ছাগলের, বিশেষ ভাবে "ব্ল্যাক বেঙ্গল" প্রজাতির ছাগলের উন্নতিসাধন করা হচ্ছে, যাতে এদের সংখ্যা আরও বৃদ্ধি পায় এবং পাশাপাশি মাংসের উৎপাদনও বাড়ে। এ রাজ্যে তিনটি "ব্ল্যাক বেঙ্গল" প্রজাতির ছাগল প্রজনন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা বিবেচনাধীন।

এ রাজ্যে চারটি শূকর খামার নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যেতে পারে যে এ রাজ্যে ছাগলের সংখ্যা ১৪২.৭ লক্ষ, ভেড়ার সংখ্যা ১৪.৮ লক্ষ এবং শূকরের সংখ্যা ৯.৪ লক্ষ।

৭.৭ এ রাজ্যে কল্যাণীতে একটি খরগোশ খামার আছে। খরগোশ পালনকে জনপ্রিয় করে তুলে মাংসের যোগান বৃদ্ধি করা হবে—যা গ্রামীণ দরিদ্র মানুষদের অর্থনৈতিক উন্নয়নের সাহায্য করবে। জাতীয় খরগোশ উৎপাদন কর্মসূচির অধীনে এ রাজ্যে আটটি খরগোশ প্রজনন খামার স্থাপনের প্রকল্প বিবেচনাধীন আছে। সুন্দরবন এলাকায় "গাড়োল" প্রজাতির ভেড়া বহুসংখ্যক বাচ্চা উৎপাদনে সক্ষম এবং বৈজ্ঞানিক প্রথায় এই ভেড়া পালনের সম্ভাবনাও আছে। দুটি "গাড়োল" প্রজাতির ভেড়া প্রজনন খামার স্থাপনের প্রস্তাব বর্তমানে ভারত সরকারের সঙ্গে আলোচনা স্তরে আছে।

৭.৮ প্রাণী সম্পদ উন্নয়নের সাথে সুষম প্রাণীখাদ্য এবং সবুজ ঘাসের উৎপাদন সংক্রান্ত উন্নয়নের বিষয়টি ওতপ্রোতভাবে জড়িত। এই কারণেই এ রাজ্যের প্রাণীসংখ্যার সাথে সামঞ্জস্য রেখে সুষম প্রাণীখাদ্য এবং সবুজ ঘাসের উৎপাদনের উপর সবিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

কিন্তু পশ্চিমবাংলায় সবুজ ঘাস উৎপাদনের জন্য জমির অপ্রতুলতা আছে। সেজন্যই রাজ্য সরকার পতিত জমি এবং উর্বর জমিতে সবুজ ঘাস চাষের উপর সবচেয়ে গুরুত্ব দিচ্ছেন। এজন্য কৃষকদের প্রয়োজনীয় সাজসরঞ্জাম এবং প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, যাতে তারা উন্নতমানের সবুজ ঘাস চাষ করতে সক্ষম হন। তৃণমূল স্তরে এই উন্নয়নমুখি প্রকল্পগুলি কার্যকর করার উদ্দেশ্যে, পঞ্চায়েতকে এর সাথে যুক্ত করা হয়েছে। যদি গ্রাম-পঞ্চায়েতসমূহকে এর সাথে সক্রিয়ভাবে যুক্ত করা যায় তবে সবুজ ঘাস উৎপাদনের ক্ষেত্রে পঞ্চায়েত পথপ্রদর্শক হিসাবে চিহ্নিত হতে পারবে। এই জাতীয় উদ্যোগকে সফলরূপ দেওয়ার জন্য গৃহসংলগ্ন জমি, প্লতিত জমি এবং বনাঞ্চলের অনাবাদি জমিতে সবুজ ঘাসের চাষ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৭.৯ ১৯৯২ সাল থেকে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় নিবিড় সবুজ ঘাস উন্নয়ন প্রকল্প নেওয়া হয়েছে। ফলশ্রুতি হিসাবে ১৯৯৫-৯৬ সালে সবুজ ঘাস উৎপাদনের পরিমাণ ৮৯,৯৫০ মেট্রিক টনে বৃদ্ধি পেয়েছে। ১৯৯৫-৯৬ সালে কৃষকেরা ঘাসের বীজ উৎপাদনের কাজ হাতে নিয়েছিলেন এবং ৩৯.৮৮ মেট্রিক টন ঘাসের বীজ সরকারি খামার, বনাঞ্চল এবং ব্যক্তিগত জমিতে উৎপাদিত হয়েছে।

৭.১০ প্রাণীপালনকে জনপ্রিয় করার জন্যে এবং বিকল্প কর্মসংস্থানের উদ্দেশ্যে এই বিভাগ থেকে সমস্ত জেলাস্তরে ব্যাপক প্রশিক্ষণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। রাজ্য প্রাণী খামারগুলিতে সারা বছর ধরে কৃষক প্রাণী পালকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে। তৃণমূল স্তরে সংশ্লিষ্ট আধিকারিকরা আই. আর. ডি. পি., এস. সি. পি., আই. টি. ডি. পি. ইত্যাদি প্রকল্পাধীন কর্মসূচিতে গ্রামবাসীদের প্রশিক্ষণ দিয়ে থাকেন। এছাড়াও, বিভাগীয় আধিকারিকরাও কিছু কিছু সময়ে সরাসরিভাবে এই জাতীয় প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকেন। প্রাণীসম্পদ উন্নয়নের উদ্দেশ্যে বিভাগীয় আধিকারিগণকে চাকরিরত অবস্থায় সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে—যাতে এই উন্নয়নের কাজ তারা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারেন।

৮.১ কৃষির পাশাপাশি বিকল্প আয়ের উৎস হিসাবে গ্রামীণ অর্থনীতিতে গোপালন বহু প্রাচীন কাল থেকেই প্রচলিত আছে। যদি গোপালনকে বিজ্ঞানসম্মত উপায়ে উপযুক্ত প্রযুক্তির সহায়তায় বহুমুখি রূপ দেওয়া যায়, তাহ'লে দারিদ্র্য দূরীকরণ এবং কর্মসংস্থানের পক্ষে এটি একটি উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করতে পারে। দুই দশক ধরে রাজ্যের বামফ্রন্ট সরকার এ বিষয়ে বিশেষ জোর দিয়েছেন এবং উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছেন।

৮.২ গ্রামাঞ্চল থেকে দুধ সংগ্রহ, ন্যায্য দাম দেবার ব্যবস্থা, সংগৃহীত দুধের স্থায়ী বিপণন ব্যবস্থা গড়ে তোলার জন্য পরিকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং সংগৃহীত দুধ বিভিন্ন দুগ্ধাগার মারফৎ বিজ্ঞানসম্মত উপায়ে রোগজীবানুমুক্ত করার পর সরবরাহ প্রভৃতি দোহ-বিকাশের মূল কর্মধারা।

৮.৩ ন্যায্যমূল্য দেওয়ার ব্যবস্থা ত্বরান্বিত করার ক্ষেত্রে গোপালকদের নিয়ে সমবায় সমিতি স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে এ রাজ্যে দুধ সংগ্রহের পরিমাণ ক্রমশ বাড়বে এবং রাজ্যের বাইরে থেকে আনা কাঁচা দুধ ও দুধজাত সামগ্রীর উপর নির্ভরতা ক্রমশ কমিয়ে রাজ্যের দুগ্ধাগারগুলি দুধ সরবরাহ করতে পারবে।

৮.৪ ক্রেতাসাধারণকে দুধ সরবরাহ করা ছাড়াও রাজ্য দুগ্ধাগারগুলি হাসপাতাল, জেলখানা, এবং অন্যান্য প্রতিষ্ঠানেও দুধ সরবরাহ করে থাকে। সরকার পরিচালিত পাঁচটি দুগ্ধাগার থেকে দুধ উৎপাদনের পরিমাণ হ'ল ঃ—

| দুগ্ধাগারের নাম | দুধ উৎপাদনের পরিমাণ (১৯৯৫-৯৬ সালে দৈনিক গড় হিসাব) |
|---|---|
| ১। কেন্দ্রীয় দুগ্ধাগার, বেলগাছিয়া | ১,৫৬,০০০ লিটার |
| ২। হরিণঘাটা দুগ্ধাগার | ২০,০০০ ” |
| ৩। রাজ্য দুগ্ধাগার, দুর্গাপুর | ১৬,০০০ ” |
| ৪। ঐ ঐ, বর্ধমান | ৬,০০০ ” |
| ৫। ঐ ঐ, কৃষ্ণনগর | ৬,০০০ ” |
| মোট— | ২,০৪,০০০ ” |

এ-ছাড়াও আছে মাদার ডেয়ারি, তৃতীয় মেট্রো ডেয়ারি এবং হিমূল ও ভাগীরথী ইত্যাদি সমবায় ডেয়ারি—যাদের সম্মিলিত দৈনিক দুধ সরবরাহ করার ক্ষমতা প্রায় ১২ লক্ষ লিটার।

৮.৫ দুগ্ধ ও দুগ্ধজাত সামগ্রী বিক্রির জন্য বর্তমানে দুগ্ধ বিপণন কেন্দ্রগুলি পর্যায়ক্রমে আধা স্থায়ী কাঠামো দ্বারা আধুনিকীকরণের কাজ চলছে। এগুলির কাজ সম্পূর্ণ হ'লে বাণিজ্যিক কারণ ছাড়াও আমরা আরও সুষ্ঠুভাবে রোগজীবানুমুক্ত দুধ ও দুধজাত সামগ্রী সরবরাহের পরিষেবামূলক কর্মতৎপরতা বৃদ্ধি করতে সক্ষম হব।

৮.৬ বাণিজ্যিক ভিত্তিতে 'ঘি'-এর উৎপাদন ক্রমশই বৃদ্ধি পাচ্ছে। ১৯৯৪-৯৫ সালে দুগ্ধাগারে 'ঘি'-এর উৎপাদনের পরিমাণ ছিল ১,১৪,৪৯০ কে.জি। ১৯৯৫-৯৬ সালে সারা

ভারতে 'ফ্যাট'-এর উৎপাদন কম হওয়ায় 'ঘি' উৎপাদনে মন্দা দেখা দেয়। দুগ্ধাগারে আর একটি দুগ্ধজাত সামগ্রী 'চকোলেট'-এর চাহিদাও বৃদ্ধি পাচ্ছে। ১৯৯৫-৯৬ সালে ২৪৭৩ কে. জি. চকোলেট উৎপাদিত হয়েছে।

৮.৭ বাণিজ্যিক ভিত্তিতে 'পনীর' এবং 'মাখন' উৎপাদনের একটি প্রকল্প বাস্তবায়িত হওয়ার পথে। সারা ভারতে তরল দুধের যোগানের সঙ্কট কেটে গেলে এ-বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮.৮ দুগ্ধাগারের জন্য বিভিন্ন জেলা থেকে তরল দুধ সংগ্রহ করা হয়ে থাকে। এজন্য হুগলি জেলার ধনিয়াখালিতে অধিক ক্ষমতাসম্পন্ন একটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। বর্ধমান জেলার কুসুমগ্রামে আরও একটি বাড়তি ক্ষমতাসম্পন্ন দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপনের কাজ চলছে। বীরভূমের সিউড়িতেও একটি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র স্থাপিত হয়েছে।

৮.৯ রাজ্য দুগ্ধাগারগুলি থেকে বোতলের পরিবর্তে পলিপ্যাকে দুধ সরবরাহ করা হচ্ছে। এর ফলে দূষণ রোধ করা সম্ভব হয়েছে এবং আর্থিক সাশ্রয় হচ্ছে। বেলগাছিয়া দুগ্ধাগারের বর্জ্য জল দূষণমুক্ত করার জন্য প্রয়োজনীয় যন্ত্র স্থাপনের কাজ সম্পন্ন হওয়ার পথে এবং শীঘ্রই তা চালু করা হবে। বর্ধমান ও দুর্গাপুর দুগ্ধাগারেও এই জাতীয় প্রকল্পের কাজ যথারীতি চলছে।

৮.১০ রাজ্য সরকার সুসংহত দোহ বিকাশ প্রকল্পে 'আমূল' ধাঁচের দুগ্ধ সমবায় স্থাপনের মাধ্যমে নিবিড় গো-উন্নয়ন প্রকল্প কার্যকর করার উদ্যোগ নিয়েছেন যা ভবিষ্যতে অন্য রাজ্য থেকে আনা মিল্ক পাউডারের উপর নির্ভরতা কমাতে সাহায্য করবে। জেলাভিত্তিক মহিলা দুগ্ধ সমবায় সমিতি স্থাপনের কাজও এ-রাজ্যে চলছে। গড়ে দৈনিক ১.৫ লক্ষ লিটার দুধ "ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ফেডারেশন লিঃ" এবং মিল্ক ইউনিয়ন দ্বারা সংগৃহীত হচ্ছে। ১৯৯৬ সালের মার্চ মাস থেকে চার লক্ষ লিটার ক্ষমতাসম্পন্ন (ভবিষ্যতে দৈনিক ছয় লক্ষ লিটারা যাবে) 'মেট্রো ডেয়ারি'তে পরীক্ষামূলকভাবে দুধের উৎপাদন শুরু হয়েছে। মাদার ডেয়ারি থেকে বর্তমানে ৪.২৫ লক্ষ লিটার ডবল টোন্ড দুধ দৈনিক সরবরাহ করা হচ্ছে। স্থির হয়েছে মাদার ডেয়ারির পরিচালন ভার বর্তমানে এন. ডি. ডি. বি-র হাত থেকে নিয়ে "ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ফেডারেশন লিঃ"কে দেওয়া হবে।

৮.১১ দোহ উন্নয়ন ও দুধ সরবরাহের ক্ষেত্রে ১৯৯৬-৯৭ আর্থিক বছরে যে বিষয়গুলির উপর বিশেষ জোর দেওয়া হবে, সেগুলি হ'ল ঃ—

১) কেন্দ্রীয় দুগ্ধাগার ও হরিণঘাটা দুগ্ধাগারের আধুনিকীকরণ এবং কুচবিহারে একটি নতুন দুগ্ধাগার নির্মাণ করা।

২) বিভিন্ন জেলাতে মিল্ক ইউনিয়নগুলির তত্ত্বাবধানে প্রত্যন্ত গ্রামগুলিতে দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে স্থাপন।

৩) বিভিন্ন জেলাতে 'আমূল' ধরনের গ্রামভিত্তিক প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি স্থাপন করা।

৪) নতুন ভ্যান ক্রয় করে পরিবহন ব্যবস্থার উন্নতিসাধন করা এবং সরবরাহ ব্যবস্থা অক্ষুন্ন রাখার জন্য বর্তমান গাড়িগুলির মেরামত করা।

৫) বর্তমান যন্ত্রগুলি পরিবর্তন করে আধুনিকীকরণের ব্যবস্থা করা।

৯.১২ ১৯৯৬-৯৭ সালে কলিকাতা, হাওড়া ও তার আশেপাশের শহরাঞ্চলে আরও বেশি পরিমাণে আধা স্থায়ী আধুনিক দুগ্ধ বিপণন কেন্দ্র স্থাপন করা হবে।

৯.১ শহরাঞ্চলে সংরক্ষিত অঞ্চলগুলি থেকে খাটাল উচ্ছেদের কাজটি দৃঢ়তার সঙ্গে সম্পন্ন করা হচ্ছে।

কলিকাতা ও হাওড়ার শহরাঞ্চল থেকে কিছু গবাদি প্রাণী গঙ্গানগর, কল্যাণী ও হরিণঘাটাতে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। খাটাল উচ্ছেদের ফলে শহরাঞ্চলের দূষণের মাত্রা হ্রাস করা এবং নিকাশি ব্যবস্থারও উন্নতিসাধন সম্ভব হয়েছে।

৯.২ শহরাঞ্চল থেকে খাটাল অপাসারণের ফলে দুধ সরবরাহ ব্যবস্থা বৃদ্ধি করা জরুরি হয়ে পড়ে। চাহিদা অনুযায়ী দুধ সরবরাহ বজায় রাখা সম্ভব হয়েছে।

৯.৩ পশ্চিমবঙ্গে "অপারেশন ফ্লাড"-এর অগ্রগতির কাজটি প্রাণীসম্পদ বিকাশ বিভাগের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। এই প্রকল্প রূপায়ণের জন্য "ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসারস্ ফেডারেশন লিমিটেড"-এর অধীনে একটি ত্রি-স্তর সমবায় গঠিত হয়েছে, যাতে বিভিন্ন জেলায় মিল্ক ইউনিয়নগুলির দ্বারা এই "অপারেশন ফ্লাড" কর্মসূচি রূপায়িত হয়। এই মিল্ক ইউনিয়নগুলি হ'ল ঃ—

| ইউনিয়নের নাম | জেলা |
|---|---|
| ১) হিমুল | দার্জিলিং, উত্তর দিনাজপুরের কিছু অংশ, জলপাইগুড়ি ও কুচবিহার |
| ২) ভাগীরথী | মুর্শিদাবাদ |
| ৩) কিষাণ | নদীয়া, উত্তর ২৪ পরগনা |
| ৪) বর্ধমান | বর্ধমান |
| ৫) দামোদর | হুগলি |
| ৬) মেদিনীপুর | মেদিনীপুর |
| ৭) গৌড় | মালদহ |

যে সকল জেলাগুলি "অপারেশন ফ্লাড" কর্মসূচির অন্তর্ভুক্ত নয়, সেখানে একটি সুসংহত দোহ উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা, বীরভূম, উত্তর দিনাজপুর ও জলপাইগুড়ি—এই চারটি জেলায় এই প্রকল্প চালু করা হয়েছে।

ডি. আর. ডি. এ., পঃ বঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, এন. ডি. ডি. বি., অচিরাচরিত শক্তি বিভাগ, এবং ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সক্রিয় সহযোগিতায় পশ্চিমবঙ্গে মহিলা দুগ্ধ সমবায় প্রকল্পের কাজ চলছে।

দার্জিলিং, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, বর্ধমান, নদীয়া, উত্তর ২৪ পরগনা, কুচবিহার, হুগলি, হাওড়া, মেদিনীপুর ও বাঁকুড়া জেলাগুলি এই কর্মসূচির অন্তর্ভুক্ত।

মহিলা দুগ্ধ সমবায় প্রকল্পের অন্তর্গত ২০১টি সমিতি গঠন করা হয়েছে, সেখানে ১৪,৪৭৫ জন মহিলা সদস্য দৈনিক ১৬,২৬৫ কে. জি. দুধ সরবরাহ করছেন।

এই সমিতিগুলি গ্রামীণ মহিলাদের আর্থিক স্বনির্ভরতা লাভের ক্ষেত্রে সংগঠিত করবে। তাদের অধিকার সম্পর্কে মহিলাদের সচেতন করে তোলা এবং অর্থনৈতিক শোষণের বিরুদ্ধে তাদের সংগঠিত করা এই প্রকল্পের সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্য।

৯.৪ মিল্ক ইউনিয়নগুলির কাজের খতিয়ান (১৯৯৫-৯৬)

| | |
|---|---|
| ১) দৈনিক গড় দুধ সংগ্রহ | ১.৫ লক্ষ কে. জি. |
| ২) প্রাণীপালক সদস্য | ৮৬,৯৭৭ জন |
| ৩) কৃত্রিম প্রজনন কেন্দ্র | ২৮৬টি |
| ৪) কৃত্রিম প্রজনন সম্পাদিত হয়েছে | ৫০,৫০৪টি |
| ৫) বক্না বাছুর জন্মানোর সংখ্যা | ১৩,৩৬২টি |

১০.১ অনিবার্য পরিস্থিতি উদ্ভবের জন্য "ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক প্রসেসিং ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড"-এর অধীনস্থ দুর্গাপুর কসাইখানা বহু বছর বন্ধ হয়ে আছে।

১০.২ সম্প্রতি একটি নামী সংস্থার গুচ্ছ প্রকল্প অনুসারে ঐ সংস্থাকে এই কসাইখানাটি বিক্রয় করা হয়েছে। এর ফলে, এই নিগমের যা ক্ষতি হয়েছিল তার একটি বড় অংশ পূরণ করা সম্ভব হয়েছে।

১০.৩ এই নিগমের পরিণতি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তগ্রহণে যে সকল জটিলতা আছে তা দূর করার জন্য চেষ্টা চলেছে।

১১.১ "ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি অ্যাণ্ড পোল্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড"-এর অধীনে পাঁচটি প্রাণীখাদ্য প্রস্তুতের কারখানা আছে। সেখানে 'এপিক' মার্কা প্রাণীখাদ্য তৈরি করা হয়। প্রায় সারা রাজ্যে প্রাণীপালকদের কাছে এই 'এপিক' অত্যন্ত জনপ্রিয়। ১৯৯৫-৯৬ সালে এই নিগম ২৮,২৮৪ মেট্রিক টন প্রাণীখাদ্য ; ১০,৩১,২৯১ লিটার গরুর দুধ ; ৮,৬৪,৪৮০ লিটার ডি. টি. এম এবং ৮০৯ কে. জি. ঘি বাজারে বিক্রি করেছে।

১১.২ মালদহ, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার প্রাণীখাদ্যের চাহিদাপূরণের জন্য মালদহ জেলায় প্রতি শিফ্‌টে ১৫ মেট্রিক টন দানাদার প্রাণীখাদ্য উৎপাদনে সক্ষম একটি কারখানা স্থাপন করা হয়েছে।

১১.৩ দুর্গাপুর প্রাণীখাদ্য কারখানায় প্রতি শিফ্‌টে ১৫ মেট্রিক টন উৎপাদনের লক্ষ্যে কারখানাটির সম্প্রসারণের প্রকল্প নেওয়া হয়েছে।

১২.১ ১৯৯৫-৯৬ সালে বাজেট বক্তৃতায় এই বিভাগ থেকে 'প্রাণী ও মৎস্য-বিজ্ঞান' সম্পর্কে উচ্চতর শিক্ষা ও গবেষণার জন্য একটি নূতন বিশ্ববিদ্যালয় স্থাপন করার কথা ঘোষণা করা হয়েছিল। গত ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ থেকে এই বিশ্ববিদ্যালয় তার কাজ শুরু করেছে। এই ঘটনায় শিক্ষার্থী ও জনসাধারণের মনে এক গভীর উৎসাহের সঞ্চার হয়েছে।

১২.২ সংশ্লিষ্ট বিষয়গুলিতে গবেষণা, সম্প্রসারণ ও বিকাশ এই বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনার অন্তর্ভুক্ত। বিজ্ঞানের যে সমস্ত উন্নয়ন ও অগ্রগতি লক্ষ্য করা যাবে, সেই গবেষণার সুফল গ্রামীণ জনসাধারণের মধ্যে ছড়িয়ে দেওয়াও এর অন্যতম লক্ষ্য। এই সমস্ত গবেষণাজাত সুফল যাতে কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের গণ্ডীর মধ্যে সীমাবদ্ধ না থাকে, সেই চিন্তা মাথায় রেখেই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের উন্নতিসাধনের জন্য এক রূপরেখা নির্ধারিত হয়েছে।

পরিশেষে, আমি গভীর প্রত্যয়ের সঙ্গে আশা রাখি বিধানসভার মাননীয় সদস্যগণ আমার বিভাগীয় কর্মসূচিগুলি রূপায়ণে তাদের উপদেশ, সমর্থন ও সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন।

## Demand No. 51

The Printed Speech of **Shri Kiranmoy Nanda** on Demand No. 51 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫১ নং খাতের অধীন, "২৪০৫—মৎস্য", "৪৪০৫—মৎস্য চাষের মূলধনী ব্যয়" এবং ৬৪০৫—মৎস্য ঋণ" খাতে ১৯৯৬-৯৭ সালের জন্য ৪৯,১০,৯০,০০০ (উনপঞ্চাশ কোটি দশ লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয়-বরাদ্দ মঞ্জুরির প্রস্তাব উত্থাপন করছি। ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ১৬,৩৮,০০,০০০ (ষোল কোটি আটত্রিশ লক্ষ) টাকা এর অন্তর্ভুক্ত।

১। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মহামান্য সভাকক্ষে মাননীয় সদস্যগণের অবগতির জন্য মৎস্য বিভাগের বিগত বছরের কার্যক্রম এবং আগামী বছরের কর্মসূচি সংক্ষেপে উপস্থিত করতে চাই।

২। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়-সীমার মধ্যে মৎস্যবিভাগ মৎস্য এবং মৎস্যবীজ উৎপাদনে রাজ্যে বিশেষ উল্লেখ্য সাফল্য অর্জন করেছে। ১৯৯৫-৯৬ সালে ৮,৯০,০০০ মেট্রিক টন মাছ উৎপাদনের লক্ষ্যমাত্রার ক্ষেত্রে ৮,৯৩,০০০ মেট্রিক টন মাছ উৎপাদিত হয়েছে। এমন উল্লেখযোগ্য সাফল্য সত্ত্বেও আমি এ সত্য স্বীকার করি যে এ রাজ্যে চাহিদা ও উৎপাদনের মধ্যে এখনও ফারাক্ আছে। আগামী দিনে আমাদের উন্নত কার্যক্রম ও আন্তরিক প্রচেষ্টায় এই ফারাক যথাসম্ভব কমিয়ে আনতে হবে। ১৯৯৫-৯৬ সালে মৎস্যবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা ৮,১৫০ মিলিয়ন এর জায়গায় ৮,১৮০ মিলিয়ন উৎপাদন সম্ভব হয়েছে।

৩। রাজ্যের সবকটি জেলাতেই মৎস্যচাষী উন্নয়ন সংস্থা গঠিত হবার ফলে মৎস্য উৎপাদনে লক্ষ্যনীয় অগ্রগতি সম্ভব হয়ছে। ১৯৯৫-৯৬ সালে এই সংস্থা ৩,১২৬ হেক্টর জলাশয় এবং দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলে ১৬৮টি ঝোরা ইউনিট সংস্থার প্রকল্পাধীন আনতে সক্ষম হয়েছে, নির্ধারিত লক্ষ্যমাত্রা ছিল ঐ বছরে ৩,০০০ হেক্টর জলাশয় এবং ১৮০টি ঝোরা ইউনিট। এই সংস্থা মৎস্য চাষীদের বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণও দেয়। নদীতে মৎস্য সঞ্চার প্রকল্প বিশেষ একটা গুরুত্বপূর্ণ প্রকল্প হিসেবে রাজ্যে চালু হয়েছে। এই প্রকল্পের ফলে নদীতে মাছের পরিমাণ সুরক্ষিত হবে। ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত প্রায় ৬০ লক্ষ চারাপোনা নদীতে ছাড়া হয়েছে।

৪। মৎস্য বিভাগ জাতীয় সমবায় উন্নয়ন নিগমের আর্থিক সহায়তায় রাজ্যের ছটি জেলা অর্থাৎ উত্তর চব্বিশ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং হুগলি জেলায় ৬৭টি বিল মিলিয়ে ৫,৩৮৭ হেক্টর জলাশয় সার্বিক উন্নয়নের জন্য প্রকল্পের অন্তর্ভুক্ত করেছে।

৫। মৎস্যবিভাগ অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নোনা জলে মৎস্য চাষ বিষয়টি অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করেছেন। দেশের মধ্যে পশ্চিমবঙ্গেই নোনা জলের সর্ববৃহৎ জলভূমি রয়েছে। মেদিনীপুর, দক্ষিণ ও উত্তর চব্বিশ পরগনায় গঠিত নোনাজলে মৎস্য চাষী উন্নয়ন সংস্থা নোনাজলে মৎস্যচাষে যুক্ত চাষীদের আর্থিক সহায়তা এবং প্রশিক্ষণ দেবার কাজে নিযুক্ত রয়েছে।

৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

সমুদ্রে মৎস্য শিকারে কর্মরত মৎস্যজীবীদের সামুদ্রিক মৎস্য শিকারের নানারকম প্রশিক্ষণ দেওয়া চলছে। এই উদ্দেশ্যেই ইতিমধ্যে মেদিনীপুর জেলার দিঘা ও দক্ষিণ চব্বিশ পরগনা জেলার নামখানায় সমুদ্রে মৎস্য শিকারের প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে। মৎস্য বিভাগ ক্যাপটেন ভেড়িতে মাইক্রো বায়োলজি এবং প্যারাসিটোলজি, বিষয়ক গবেষণা কেন্দ্র স্থাপন করে মাছের রোগ নির্ণয় ও নিরাময় বিষয়ে উদ্যোগী হয়েছেন। এই গবেষণা কেন্দ্র মাছের রোগ নির্ণয়, সংক্রমণ রদ এবং নিরাময় বিষয়ে কার্যকর ভূমিকা গ্রহণ করে নোনাজলে মাছ চাষের ব্যাপকতা সৃষ্টি করতে পেরেছে।

কল্যাণীর কুলিয়ায় অবস্থিত পরিষ্কার জলে মৎস্য চাষ গবেষণা কেন্দ্রে বর্তমানে গবেষণার কাজের সাথে সম্পৃক্ত আধুনিক প্রযুক্তি নির্ভর মৎস্যবীজ উৎপাদন, মাছের প্রজনন, মাগুর চাষ, পরিষ্কার জলে চিংড়ি এবং বহিরাগত পোনা মাছে প্রজনন এবং মুক্তা চাষ ইত্যাদি বিষয়ে গবেষণার বিশেষ গতিশীলতা সৃষ্টি করা সম্ভব হয়েছে।

৭। রাজ্যে নোনা জলে মাছ চাষে আশাব্যাঞ্জক চিত্র দেখেই বিশ্ব ব্যাঙ্ক দক্ষিণ চব্বিশ পরগনার ক্যানিং এবং দীঘির পাড় এবং মেদিনীপুর জেলার দিঘা ও দাদনপাত্রবাড়ে ৭৫৫ হেক্টর নোনা জলাশয়ে মৎস্য ও চিংড়ি চাষের জন্য প্রকল্পে আর্থিক সহায়তাদান অনুমোদন করেছেন। দিঘা প্রকল্পের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। ক্যানিং, দীঘিরপাড় ও দাদনপাত্রবাড়ের নির্মাণের কাজ এগিয়ে চলেছে।

ফ্রেজারগঞ্জ মৎস্য বন্দর নির্মাণের কাজ গত বছর শেষ হয়েছে। এই মৎস্য বন্দরে মাছ ধরার ট্রলার ও যন্ত্রচালিত নৌকা আসা যাওয়ার সুবিধা গ্রহণ করতে পারবে। দক্ষিণ চব্বিশ পরগনার নামখানায় হাতানিয়া—দোয়ানিয়া নদীর উপর বহু প্রতীক্ষিত মাছ নামানোর জেটির কাজও গত বছর শেষ হয়েছে। শংকরপুর মৎস্য বন্দরের দ্বিতীয় পর্যায়ের কাজ দ্রুততার সাথে এগিয়ে চলছে। পশ্চিমবঙ্গ মৎস্য নিগম বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় প্রস্তাবিত প্রকল্পগুলির কাজ রূপায়ণে উদ্যোগী হয়েছে এবং সহায়ক-পরিষেবা কেন্দ্র ও আই. কিউ. এফ. প্রকল্প গঠনের জন্য কাজ করছে। পশ্চিমবঙ্গ মৎস্য নিগম নয়াচর দ্বীপে নোনাজলে মাছ চাষ প্রকল্পের একাংশের কাজ রূপায়ণে হাত দিয়েছে যাতে ব্যক্তিগত উদ্যোগে মাছ চাষ এবং পর্যটন কেন্দ্র গড়ে উঠে।

৮। ১৯৯৫-৯৬ সালে পশ্চিমবঙ্গ মৎস্যজীবী সমবায় সংঘের মাধ্যমে (বেনফিস) পশ্চিমবঙ্গ সুসংহত মৎস্যচাষ উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ ৭০৯.৩২ লক্ষ টাকা ব্যয়ে রূপায়িত হয়েছে। 'বেনফিস' সংস্থা জাতীয় সমবায় উন্নয়ন নিগমের আর্থিক সহায়তায় মেদিনীপুর জেলার নয়াচরে নোনাজলে আরও একটি সুসংহত মৎস্য চাষ প্রকল্প রূপায়ণে উদ্যোগী হয়েছে। আগামী তিন বছরের মধ্যে এই প্রকল্পের কাজ শেষ হবে আশ করা যায়। এই চলতি আর্থিক বছরেই 'বেনফিস' জাতীয় মৎস্যজীবী সমবায় উন্নয়ন নিগমের আর্থিক সহায়তায় পশ্চিমবঙ্গে সুসংহত মৎস্য উন্নয়নের তৃতীয় পর্যায়ের প্রকল্প রূপায়ণের কাজে হাত দেবেন। প্রস্তাবিত এই প্রকল্পে ১০০ টি যন্ত্রচালিত নৌকা, বন্দর মেরামত কেন্দ্র, মাছ সংরক্ষণ কেন্দ্র, শীততাপ নিয়ন্ত্রিত ভ্যান, ওয়্যারলেস যোগাযোগ কেন্দ্র ইত্যাদি পরিকাঠামো থাকবে। বেনফিস মেদিনীপুর জেলার জুনপুটে আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতিতে যন্ত্রের মাধ্যমে একটি শুটকি মাছ তৈরির কারখানা স্থাপন করেছেন, যার ফলে খাদ্যগুণ সংযুক্ত শুটকি মাছ সাধারণ মানুষ যেমন অল্পদামে পাবেন এবং সাথে সাথে দরিদ্র মৎস্যজীবীরাও উপকৃত হবেন। 'বেনফিস' কলকাতা এবং কলকাতার পার্শ্ববর্তী অঞ্চল ছাড়াও শিলিগুড়ি এবং দিল্লি শহরে মাছ ও মাছের তৈরি খাবার বিক্রয়ের খুচরা বিক্রয় কেন্দ্র চালু করেছে।

৯। গ্রামাঞ্চলের দরিদ্র মৎস্যজীবীদের দারিদ্র্য দূরীকরণে এই বিভাগ নানাধরনের প্রকল্প হাতে নিয়েছেন। দশটি আদর্শ মৎস্যজীবী গ্রাম ইতিমধ্যেই তৈরি করা হয়েছে, আরও তিনটি প্রকল্পের কাজ চলছে। এছাড়াও মৎস্যজীবীদের জন্য মিলনগৃহ, মাছ নামানোর ঘাট, বরফকল, মৎস্যজীবী গ্রামে রাস্তা ইত্যাদিও তৈরি হচ্ছে ও হবে। মৎস্যজীবীগণের জন্য জীবনবিমা, দুর্ঘটনাজনিত বিমা, কর্মক্ষমতাহীন অসক্ত-বৃদ্ধ সব কল্যাণকর প্রকল্প ছাড়াও মৎস্য বিভাগ তফসিলি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির ক্ষেত্রেও বদ্ধপরিকর।

১০। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমি মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে রাজ্যে এই প্রথম গত বছরে পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয় স্থাপনের পর সেখানে মৎস্য বিজ্ঞানে স্নাতক ডিগ্রি পড়ানো শুরু হয়েছে। আমরা আশা রাখি যে আগামী দিনে এই মৎস্যবিজ্ঞান-স্নাতক-শিক্ষণ তরুণ প্রজন্মের কাছে একটা নতুন দিগন্ত উন্মোচন করতে সক্ষম হবে।

১২। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মৎস্য বিভাগ প্রাকৃতিক ভারসাম্য রক্ষার কাজেও একান্তভাবে যুক্ত। আমি আপনার মাধ্যমে সভার মাননীয় সদস্য, ত্রিস্তর-পঞ্চায়েতের মাননীয় সদস্যদের, সাধারণ প্রশাসন এবং পশ্চিমবঙ্গের জনগণের সার্বিক সাহায্য-সহায়তা প্রত্যাশা করি। তাহলেই মৎস্য উৎপাদন, মৎস্য চাষ এবং প্রাকৃতিক ভারসাম্য রক্ষার কাজ হাতে হাত ধরে পরিপূর্ণ সাফল্যের দিকে এগিয়ে চলতে সক্ষম হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

এই কটি কথা বলে আমি সভায় ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদনের জন্য পেশ করছি।

## Demand Nos. 54 and 86

The Printed Speech of **Shri Kalimuddin Shams** on Demand Nos. 54 & 86 is taken as moved :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, "২৪০৮-খাদ্য গুদামজাতকরণ ও পণ্য সঞ্চয়করণ" এবং "৪৪০৮-খাদ্য খাতে মূলধন বিনিয়োগ, গুদামজাতকরণ ও পণ্য সঞ্চয়করণ (রাষ্ট্রয়ত্ত সংস্থা ব্যতীত)"-এ ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ব্যয় নির্বাহের জন্য ৭৭,০৬,৩০,০০০ টাকা মঞ্জুর করা হোক। [ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এর মাধ্যমে উত্থাপিত ২৫,৬৯,০০,০০০ টাকাও উপরি-উক্ত পরিমাণ অর্থের অন্তর্ভুক্ত।]

২। মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি আরও প্রস্তাব করছি যে, ৮৬ সংখ্যক দাবির মুখ্য খাত "৩৪৫৬-অসামরিক সরবরাহ"-এ ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ব্যয় নির্বাহের জন্য ৩,৯৩,৩১,০০০ টাকা মঞ্জুর করা হোক। [ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এর মাধ্যমে উত্থাপিত ১,৩২,০০,০০০ টাকাও উপরি-উক্ত পরিমাণ অর্থের অন্তর্ভুক্ত।]

৩। মহাশয়, আমি আমার বাজেট-বিবৃতির সঙ্গে খাদ্য ও সরবরাহ বিভাগের কাজকর্ম সম্পর্কে একটি প্রতিবেদন পৃথকভাবে মাননীয় সদস্যদের নিকট পেশ করছি। আগের বছর এবং এই বছরে এই বিভাগ কি কি সাফল্য অর্জন করেছে, কর্মসূচিই বা কি গ্রহণ করা হয়েছে এবং এই বিভাগকে যে-সব বিভিন্ন ধরনের অসুবিধার সম্মুখীন হতে হয়েছে, সে-সব তথ্যসম্বলিত এই প্রতিবেদনটি মাননীয় সদস্যদের নিকট আমার বাজেট-বিবৃতির মুখবন্ধ হিসেবে পেশ করছি। মাননীয় সদস্যদের নিকট আমার অনুরোধ, এই বিভাগের কাজের সামগ্রিক মূল্যায়ন করার সময় অনুগ্রহ করে এই প্রতিবেদনটিও বিবেচনার জন্য গ্রহণ করবেন।

৪। খাদ্য ও সরবরাহের ক্ষেত্রে যে-সব বিষয় গুরুত্ব অর্জন করেছে, আমার বিবৃতিতে সে-রকম কয়েকটি বিষয়ের প্রতি আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

৫। মূল্যনিয়ন্ত্রণ, মূল্যের হ্রাস-বৃদ্ধি লাঘব ও অত্যাবশ্যকীয় পণ্যাসামগ্রীর ন্যায্য বণ্টনের লক্ষ্যে উপনীত হওয়ায় পদ্ধতির স্থায়ী বৈশিষ্ট্যরূপে গণবণ্টন ব্যবস্থা ভারত সরকার কর্তৃক

স্বীকৃত। এই স্বীকৃতি থাকা সত্ত্বেও ভারত সরকার অত্যন্ত ঘন-ঘন গণবণ্টন ব্যবস্থায় বণ্টিতব্য দ্রব্যাদির দাম বাড়াচ্ছেন, যার ফলে গণবণ্টন ব্যবস্থার ভিত্তিমূলে আঘাত লাগছে এবং সাধারণ মানুষের প্রচণ্ড অসুবিধা হচ্ছে। খোলা বাজারে অত্যাবশ্যক পণ্যসামগ্রীর দাম এর ফলে দ্রুত বেড়ে চলেছে এবং গণবণ্টন ব্যবস্থাকে নাম-মাত্রে পরিণত করেছে। ১৯৯৪ সালের ১লা ফেব্রুয়ারি থেকে গণবণ্টন মানুষের নাগালের বাইরে চলে গেছে। কেন্দ্রীয় সরকার কুইন্টাল প্রতি গমের কেন্দ্রীয় বরাদ্দ-মূল্য ৭২ (বাহত্তর) টাকা বাড়িয়েছেন এবং সাধারণ, মিহি ও অতি-মিহি চালের দাম কুইন্টাল-প্রতি যথাক্রমে ১০০ (এক শত), ১২০ (এক শত কুড়ি) ও ১৩৫ (এক শত তিরিশ) টাকা বেড়েছে। ১৯৯০ সালের ১লা জানুয়ারি প্রচলিত দামের তুলনায় কেন্দ্রীয় বরাদ্দ-মূল্য গমের ক্ষেত্রে ৯৭ শতাংশ, সাধারণ চাল ১২০ শতাংশ, মিহি চাল ১০২ শতাংশ এবং অতি-মিহি চাল ৯৯ শতাংশ বেড়েছে।

অধিকন্তু ১৯৯৪ সালের ১লা ফেব্রুয়ারি থেকে কেন্দ্রীয় সরকার লেভি-চিনির খুচরা দাম কিলো-প্রতি ৮.৩০ টাকা থেকে বাড়িয়ে ৯.০৫ টাকা ধার্য করেছেন। তিন বছরের মধ্যে কেন্দ্রীয় সরকার লেভি-চিনির দাম কিলো-প্রতি ২.৯৫ টাকা বাড়িয়েছেন। ১৯৯০ সালে ১লা জানুয়ারি দরের বিচারে লেভি চিনির ক্ষেত্রে বৃদ্ধির পরিমাণ ৭২.৩ শতাংশ। সুদৃঢ়ীকৃত অঞ্চল—যেখানে আমাদের দেশের সর্বাপেক্ষা দরিদ্র জনগণের বাস, সেখানকার মূল্য-সম্পর্কীয় চিত্র আরও হতাশাব্যঞ্জক। ঐ-সব এলাকায় ঐ একই সময়কালে গম ১২৮.৫ শতাংশ, সাধারণ চাল ১৫১ শতাংশ, মিহি চাল ১২৩ শতাংশ এবং অতি-মিহি চালের দাম ১১৭ শতাংশ বেড়েছে। জন সংখ্যার ৪০ শতাংশ অস্তিত্বরক্ষাস্তরের নিচে বাস করে, এই ঘটনার পরিপ্রেক্ষিতে এ রকম বেশি মূল্যে এই ক্রেতারা গণবণ্টন ব্যবস্থার কাছ থেকে গম ও চাল কিনতে পারবে, এমন প্রত্যাশা অবাস্তব। ১৯৯৪ সালের জানুয়ারি মাস থেকে আজ পর্যন্ত ভারত সরকার তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের দাম সিলিন্ডার-প্রতি ১৩.১৯ টাকা বাড়ান। এবং পেট্রোল ও ডিজেলের মূল্যমানও যথেষ্ট পরিমাণ বেড়েছে। সঙ্গত কারণেই অত্যাবশ্যক সামগ্রীর দামের উপরও এর ঊর্ধ্বমুখি প্রভাব পড়ে।

বর্তমানে মুদ্রাস্ফীতির বিশেষ ঝোঁক আমাদের সকলেরই উদ্বেগের কারণ ঘটাচ্ছে। আমাদের লক্ষ্য রাখতেই হবে যাতে এ-রকম মুদ্রাস্ফীতির আধিক্য গণবণ্টন ব্যবস্থাকে অবলুপ্তির পথে চালিত না করে। আমাদের রাজ্য সরকার মূল্যবৃদ্ধি রোধে সব রকম চেষ্টা চালাচ্ছেন। কিন্তু গণবণ্টন ব্যবস্থায় দ্রুত দরবৃদ্ধি আমাদের প্রয়াসকে ব্যাহত করছে। সংগ্রহ-মূল্য বৃদ্ধির অজুহাতে গণবণ্টন ব্যবস্থায় ভারত সরকারের দাম বাড়ানো উচিত নয়, একথা সবিশেষ অনুভূত হয়। ভারতীয় খাদ্য নিগমে সুষ্ঠুতর পরিচালন-ব্যবস্থার মাধ্যমে সংগ্রহ মূল্য-বৃদ্ধির প্রভাব প্রতিহত করতে হবে, কারণ গণবণ্টন ব্যবস্থায় মূল্য-নিয়ন্ত্রণ খোলা বাজারে অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর মূল্যবৃদ্ধি রোধ করবে। সক্রিয় গণবণ্টন ব্যবস্থাই দারিদ্র্য ও অপুষ্টি রোধের হাতিয়ার হয়ে উঠতে পারে। দেশ এখন উদার অর্থনৈতিক ব্যবস্থার মধ্য দিয়ে চলেছে, এই সময় বেশি পরিমাণ খাদ্যসামগ্রী ও বিদেশি মুদ্রা সংরক্ষণের ক্ষেত্রে পরিচালন-ব্যবস্থা সুষ্ঠুতর করে তোলার প্রয়াস ভারত সরকারের প্রাথমিক লক্ষ্য হওয়া উচিত। মুদ্রাস্ফীতি রোধের উদ্দেশ্যে ভারত

সরকারকে সুদৃঢ়ীকৃত অঞ্চলে গণবণ্টন ব্যবস্থার সামগ্রীর মূল্য লাঘব করতে হবে এবং সুদৃঢ়ীকৃত গণবণ্টন ব্যবস্থার মতো একই দরে বিশেষত শহরের বস্তি অঞ্চল ও গ্রামীণ ক্ষেত্র, যেখানে বিশেষ পেশাগত ও ভূমিহীন শ্রমিকের বাস, সেখানে খাদ্যশস্য বণ্টনও করতে হবে।

৬। খাদ্যশস্য ও চিনিসহ প্রায় সমস্ত অত্যাবশ্যকীয় সামগ্রীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য এবং সেই কারণে চাল, গম, চিনি, তৈলবীজ, ভোজ্যতেল, লবণ, ডাল, পেট্রোলজাত দ্রব্য প্রভৃতির জন্য এই রাজ্যকে বাইরের সাহায্যের উপর নির্ভর করতে হয়।

৭। ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের (চাল ও গম) মোট উৎপাদন ছিল ৭১.০১ লক্ষ মেট্রিক টন এবং ১৯৯৪-৯৫ সালে তা বেড়ে দাঁড়াল ১২৯.৮০ লক্ষ মেট্রিক টনে (চাল ১২২.৩৬ লক্ষ মেট্রিক টন এবং গম ৭.৪৪ লক্ষ মেট্রিক টন)। ঘাটতি কিন্তু এখনও রয়েছে। ১৯৯১ সালের জনগণনা অনুযায়ী পশ্চিমবঙ্গের জনসংখ্যা ৬৭৯.৮ লক্ষ। শতকরা ২.২ ভাগ বার্ষিক মিশ্রবৃদ্ধির হারের ভিত্তিতে ১-৩-৯৬ তারিখে পশ্চিমবঙ্গের আনুমানিক জনসংখ্যা ৭৫৯.২৭ লক্ষ ধরা যেতে পারে। খাদ্যশস্যের (চাল ও গম) বাৎসরিক চাহিদা হিসেব করার সময় দৈনিক মাথাপিছু ৪৫৩.৬ গ্রাম ভিত্তি হিসেবে গ্রহণ করা ঠিক হবে না। এই পরিমাণ খাদ্যশস্য খাওয়া বলতে বোঝায় দুগ্ধ/দুগ্ধজাত দ্রব্য, ডিম, মাছ, মাংস ও সব্জি খাওয়ার মধ্য দিয়ে প্রোটিন, কার্বোহাইড্রেট ও ভিটামিন গ্রহণ করা, যা গড়পড়তা ভারতীয়দের পক্ষে সংগ্রহ করা দুঃসাধ্য, যেহেতু এদের ৪০ শতাংশ এখনও দারিদ্রসীমার নিচে বাস করেন। তাই অতিরিক্ত খাদ্য গ্রহণ করা হয় তন্ডুলজাতীয় শস্যের মাধ্যমে। গড় দৈনিক খাদ্য গ্রহণের আরও বেশি বাস্তবসম্মত পরিমাণ দাঁড়াবে ৫০০ গ্রাম। এই নিরীখে তন্ডুলজাতীয় শস্যের বাৎসরিক চাহিদার মোট পরিমাণ ১৩৬.৬৭ লক্ষ মেট্রিক টন। বীজ, পশুখাদ্য, অপচয় ইত্যাদি বাবদ ১০ শতাংশ এবং প্রতিবেশী রাজ্যগুলি ও বাংলাদেশে পাচার বাবদ আরও ১০ শতাংশ বাদ দিয়ে বছরে আনুমানিক ১২৯.৮০ লক্ষ মেট্রিক টন উৎপাদন ধরলে এ-রাজ্যে খাওয়ার জন্য মোট ১০৩.২৩ লক্ষ মেট্রিক টন পাওয়া যাবে। সুতরাং রাজ্যে ঘাটতির মোট পরিমাণ দাঁড়াচ্ছে ৩৩.৪৪ লক্ষ মেট্রিক টন। তবুও আশা করা যায়, ভূমি-সংস্কার কর্মসূচির সার্থক রূপায়ণ, বৈজ্ঞানিকভাবে শস্য ও জল-নিয়ন্ত্রণ এবং জৈব-রসায়নবিদ্যার সুষ্ঠুতর প্রয়োগ ও ব্যবহারের দ্বারা পশ্চিমবঙ্গ কয়েক বছরের মধ্যে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে স্ব-নির্ভর হয়ে উঠতে পারবে।

৮। গণবণ্টন ব্যবস্থার উপর উপদেষ্টা পর্ষদের ১৫তম আলোচনা-সভায় স্থির করা হয় যে, দুঃস্থ ও দরিদ্র জনসাধারণকে যাতে গণবণ্টন ব্যবস্থার পণ্যসামগ্রী বৃহত্তর ও আরও প্রয়োজনীয় মাত্রায় সরবরাহ করা যায়, তা সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার একটি নীতি নির্ধারণ করবেন। এই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জাতীয়-নীতির উপর পরামর্শদানের জন্য অতঃপর মন্ত্রীদের নিয়ে একটি সমিতি গঠন করা হয়। উক্ত সমিতি বেশ কিছু দিন আগে তার প্রতিবেদন পেশ করেছে ; (ভারত সরকার কিন্তু ঐ প্রতিবেদনের ভিত্তিতে এখনও কোনও ইতিবাচক সিদ্ধান্ত নেন নি)।

৯। পশ্চিমবঙ্গ গণবণ্টন ব্যবস্থার এক ব্যাপক কর্মপরিধির অন্তর্ভুক্ত। এই ব্যবস্থা সমগ্র জনসাধারণকে আওতাভুক্ত করেছে। এই ব্যবস্থায় আরও কিছু সংযোজনের প্রয়োজনীয়তার বিষয়টি সর্বদা খতিয়ে দেখা হচ্ছে। বৃহত্তর কলকাতা এবং হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, আসানসোল ও দুর্গাপুর এলাকা নিয়ে যে বিধিবদ্ধ রেশন ব্যবস্থা আছে, সেখানে ১ কোটিরও

বেশি মানুষ ২,৬১৬টি ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে তাদের রেশন-দ্রব্য সংগ্রহ করেন। আর রাজ্যের বাকি এলাকার যে সংশোধিত রেশন ব্যবস্থা আছে, সেখানে ৫.৯২ কোটিরও বেশি মানুষ ১৭,৬৬১ টি ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে তাদের রেশন-দ্রব্য সংগ্রহ করেন। বিধিবদ্ধ রেশন এলাকায়, বিশেষত কলকাতা শিল্পাঞ্চলে অনেকগুলি জিনিস যেমন—(১) চাল, (২) গম, (৩) লেভি-চিনি, (৪) ভোজ্যতেল, (৫) বিস্কুট, (৬) গুঁড়ো-মশলা, (৭) আয়োডিনযুক্ত লবণ, (৮) খাতা, (৯) কাপড়কাচা সাবান, (১০) গুঁড়ো কাপড়কাচা সাবান, (১১) দেশলাই, (১২) ডাল রেশন দোকানের মাধ্যমে বণ্টন করা হয়। অধিকন্তু, কলকাতাসহ রাজ্যের ২৯,৯৩২টি খুচরা বিক্রয়কেন্দ্রের মাধ্যমে কেরোসিন তেলও দেওয়া হয়। গণবণ্টন ব্যবস্থার এই ব্যাপক প্রসারের ফলে সমাজের দরিদ্রশ্রেণীর মানুষ তাদের অনেকগুলি নিত্য-ব্যবহার্য দ্রব্য কমদামে ন্যায্যমূল্যের দোকান থেকে পাচ্ছেন।

১০। বেশ কিছুদিন ধরেই পশ্চিমবঙ্গের জন্য মাসিক কেন্দ্রীয় বরাদ্দ ছিল ১২,৫০০০ মেট্রিক টন চাল ও ১২,৬০০০ মেট্রিক টন গম। ১৯৮৮ সালের ফেব্রুয়ারি মাস থেকে এই বরাদ্দ ক্রমশ হ্রাস পায়। বর্তমানে ভারত সরকার ঋতুর উপর নির্ভর করে ৬০,০০০ মেট্রিক টন থেকে ৮৫,০০০ মেট্রিক টন পর্যন্ত চাল প্রতি মাসে সরবরাহ করছেন এবং একইভাবে ভারত সরকার প্রতি মাসে ৭০,০০০ মেট্রিক টন থেকে ১,০৫,০০০ মেট্রিক টন গম সরবরাহ করছেন। ফলে, যেখানে আমাদের মাথাপিছু প্রতি সপ্তাহে ৩,৫০০ গ্রাম গম ও চাল সরবরাহ করার কথা, সেখানে আমরা ঐ পরিমাণ কমিয়ে ২,৭৫০ গ্রাম করতে বাধ্য হয়েছি। বস্তুত বিধিবদ্ধ রেশনিং এলাকায় আমরা ১,৭৫০ গ্রামের পরিবর্তে মাত্র ১,০০০ গ্রাম গম সরবরাহ করছি। সংশোধিত ও বিধিবদ্ধ রেশনিং এলাকায় আমাদের বর্তমানে মাসিক গমের প্রয়োজন ১.৯৫ লক্ষ মেট্রিক টন, যেখানে আমরা চাহিদার মাত্র ৫২ শতাংশ সরবরাহ করতে সক্ষম। সংশোধিত রেশনিং এলাকায় আমরা মাসিক মাথাপিছু ৭৮০ গ্রাম গম সরবরাহ করছি। এই রাজ্যে গমের বরাদ্দ বাড়াবার জন্য আমরা সর্বদা ভারত সরকারকে অনুরোধ জানাচ্ছি।

১৯৯১ সালের আগস্ট মাস থেকে এই রাজ্যে লেভি-চিনির মাসিক বরাদ্দের পরিমাণ ছিল ২৭,১৮২ মেট্রিক টন, উৎসবের মরশুমে কখনও এই বরাদ্দ বাড়ানও হত। ১৯৯৫ সালের জুন মাস থেকে ঐ বরাদ্দ বাড়িয়ে ২৮,৯৩৪ মেট্রিক টন করা হয়। বর্তমান বরাদ্দ-অনুযায়ী আমরা সরবরাহ পাওয়া সাপেক্ষে বিধিবদ্ধ রেশনিং এলাকায় মাসিক মাথাপিছু ৫০০ গ্রাম ও সংশোধিত রেশনিং এলাকায় ৪০০ গ্রাম লেভি-চিনি সরবরাহ করতে পারি। দেখা যায়, দিল্লি ও চন্ডীগড়ে এই পরিমাণ অবিচ্ছিন্নভাবে ৮০০ গ্রাম। পশ্চিমবঙ্গে চিনি বরাদ্দের সময় জনসংখ্যা বৃদ্ধির কথা বিবেচনা করা হয় নি। প্রত্যেক ক্রেতাকে ৬০০ গ্রাম করে চিনি সরবরাহ করতে হলে আমাদের মাসিক ৪১,৬২০ মেট্রিক টন লেভি-চিনি প্রয়োজন। লেভি-চিনির মাসিক বরাদ্দের পরিমাণ ২৮,৯৩৪ মেট্রিক টন থেকে বাড়িয়ে কমপক্ষে ৪০,০০০ মেট্রিক টন করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করি। কোনও অনুকূল প্রত্যুত্তর আমরা কিন্তু এখনও পাই নি।

১১। সংহত উপজাতি উন্নয়ন প্রকল্প, খরা-প্রবণ ও চিহ্নিত পার্বত্য অঞ্চলের দরিদ্রতম পরিবারের মানুষ যাতে সাধ্য-দরের মধ্যে অত্যাবশ্যক পণ্যসামগ্রী পেতে পারেন, তার জন্য গণবণ্টন ব্যবস্থার সুদৃঢ়ীকরণের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের.সিদ্ধান্ত ১৯৯২ সালের সেপ্টেম্বর

মাস থেকে রাজ্যে কার্যকর করা হয়েছিল। রাজ্যে ১১৯টি সংহত উপজাতি উন্নয়ন প্রকল্প, ৩৪টি খরা-প্রবণ এলাকা প্রকল্প ব্লক এবং ৯টি চিহ্নিত পার্বত্য এলাকা ব্লকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত মোট জনসংখ্যা নির্ধারণ করা হয়েছে ৭১,৪৭,০০০ জন। সুদৃঢ়ীকৃত গণবণ্টন ব্যবস্থায় বণ্টনের জন্য রাজ্য সরকারকে বরাদ্দের ভিত্তিতে প্রতি মাসে ভর্তুকি দিতে হচ্ছে ৬০ লক্ষ টাকা। সুদৃঢ়ীকৃত গণবণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করার উদ্দেশ্যে রাজ্য সরকার কেন্দ্র-প্রতিশ্রুত সূচিতে ৫০০ মেট্রিক টন দ্রব্য ধারণক্ষম গুদাম নির্মাণের কাজে হাত দিয়েছেন। ঐ একই সূচি অনুযায়ী ঐ পরিকল্পনায় সুষম অভ্যন্তরীণ বণ্টনব্যবস্থা চালু রাখার জন্য ২৫টি ভ্রাম্যমান ভ্যান ইতিমধ্যেই চালু করা হয়েছে। গ্রামাঞ্চলের অর্থনৈতিক দিক থেকে দুর্বলতর শ্রেণীর মানুষদের জন্য খাদ্যশস্য ও অন্যান্য অত্যাবশ্যক পণ্যাসামগ্রী সরবরাহ ও গুদামজাতকরণের উদ্দেশ্যে সুষ্ঠুতর উপরিকাঠামোগত সুযোগ-সুবিধা প্রদানের বিষয়টিও বিবেচনাধীন রয়েছে।

১২। ভূমিহীন কৃষি-শ্রমিক ও তাদের পরিবারগর্কে ভর্তুকিতে চাল-বণ্টনের যে পরিকল্পনা ১৯৮৯ সালে গ্রহণ করা হয়, ১৯৯৫-৯৬ সালেও তা কার্যকর ছিল। ১৯৯৫-৯৬ সালে ঐ পরিকল্পনায় ৮১,৮২৬ মেট্রিক টন চাল বণ্টন করা হয়। সব জেলাগুলিতে ১,৫৫,৩২,৬৪৫ জন প্রাপ্তবয়স্ক ব্যক্তি ৪ সপ্তাহের জন্য ৪ টাকা কিলো দরে প্রতি সপ্তাহে মাথাপিছু ১ কিলো করে এবং আরও তিন সপ্তাহ সাপ্তাহিক মাথাপিছু ৫০০ গ্রাম করে চাল পান।

১৩। গণবণ্টন ব্যবস্থায় বণ্টনের জন্য ভোজ্যতেলের বাৎসরিক প্রয়োজনের মোট পরিমাণ হল ১,৮০,০০০ মেট্রিক টন। যাই হোক, আমদানিকৃত ভোজ্যতেলের বণ্টন রেশন দোকানের মাধ্যমে বিভিন্ন সময়ে পরিবর্তনশীল কেন্দ্রীয় বরাদ্দ ও সরবরাহের সঙ্গে সঙ্গতি রেখে চলেছে। ১৯৯৫-৯৬ সালে ভারত সরকার ২০,০০০ মেট্রিক টন আর. বি. ডি. পামোলিন তেল বরাদ্দ করেন এবং ঐ তেল গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বণ্টন করা হয়।

১৪। আমাদের বাৎসরিক প্রয়োজন প্রায় ১২ লক্ষ মেট্রিক টন জ্বালানী কয়লার জায়গায় কেন্দ্রীয় সরকার গত ৫ বছরে বাৎসরিক ৭.৮০ লক্ষ মেট্রিক টন হারে কয়লা বরাদ্দ করেন। এমন কি সেক্ষেত্রেও প্রকৃত সরবরাহের পরিমাণ ছিল ১৯৯২, ১৯৯৩, ১৯৯৪, ও ১৯৯৫ সালে যথাক্রমে ১,৫২,৬৩৮ মেট্রিক টন (১৯.৫ শতাংশ), ১,০৯,১৯৩ মেট্রিক টন (১৩.৯৯ শতাংশ) ৮১,৮২৭ মেট্রিক টন (১৫.৭৫ শতাংশ) এবং ৪১,১৫৮ মেট্রিক টন (৩০ শতাংশ), যা থেকে সরবরাহের ক্ষেত্রে ধারাবাহিক অবনতি পরিলক্ষিত হয়। রাজ্যে জ্বালানীর এই অপ্রতুল সরবরাহ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস ও কেরোসিন তেলের অপর্যাপ্ত সরবরাহের ফলে আরও করুণ অবস্থা প্রাপ্ত হয়েছে। স্বাভাবিকভাবেই ক্রেতারা জ্বালানী কাঠের উপর নির্ভরশীল হতে বাধ্য হচ্ছেন। আর এভাবেই, ইতিমধ্যেই ক্ষীণ হয়ে আসা বনভূমি আরও হ্রাস পেয়ে যাচ্ছে এবং বিঘ্নিত হচ্ছে পরিবেশগত ভারসাম্য। কেরোসিন তেলের ক্ষেত্রে গৃহস্থালী ও অন্যান্য অনুমোদিত উদ্দেশ্যে আমাদের মাসিক প্রয়োজন ১,৬৩,৩৭৭ কিলোলিটার। ১৯৯৫-৯৬ সালে রাজ্য পেয়েছে মাসিক ৮১,৭৬৭ কিলোলিটার। বন্যা ও সাধারণ নির্বাচন উপলক্ষে ১৯৯৫ সালের জুন মাস থেকে ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত আরও অতিরিক্ত ৬,৯৯২ কিলোলিটার বরাদ্দ করা হয়। বরাদ্দ ও সরবরাহের ক্ষেত্রে ঘাটতি যে অপ্রতুল অবস্থার সৃষ্টি করেছে, তা প্রায় নিয়মমাফিক বৈশিষ্ট্যে পরিণত হয়েছে। কেরোসিন বণ্টনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে নিয়োজিত রয়েছেন ৪৫৭ জন এজেন্ট ও ২৯,৯৩২ জন ডিলার। কেরোসিন

বণ্টনের ক্ষেত্রে মূল সমস্যা হল কেরোসিন সরবরাহকারী কোম্পানিগুলি, যাদের উপর রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই, তাদের আওতাভুক্ত এলাকাগুলিতে চাহিদা অনুযায়ী বরাদ্দ না পাওয়া।

বর্তমানে তরলীকৃত পেট্রোলিয়ম গ্যাসের সুযোগ-প্রাপ্ত ব্যবহারকারীর মোট সংখ্যা হল ১৩,১৫,৬০৯ জন। কিন্তু গৃহস্থালীর উদ্দেশ্যে অপেক্ষমান তালিকায় রয়েছেন প্রায় ৮,৮৩,৬৬৬ জন। ১৯৯৫-৯৬ সালে রাজ্যে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের ১,২৮,৩২১টি নতুন সংযোগ দেওয়া হয়েছে। এই হারে চলতে থাকলে অপেক্ষমান তালিকার সকলকে সংযোগ দিতে অনির্দিষ্টকাল সময় লেগে যাবে। পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যে যেখানে ১৬ শতাংশ গৃহস্থালীর উদ্দেশ্যে গ্যাস সরবরাহ করা হয়, সেখানে পশ্চিমবঙ্গে এই সরবরাহের পরিমাণ মাত্র ৮ শতাংশ। এই হতাশাব্যঞ্জক চিত্রের এখনই সংশোধন প্রয়োজন। একথা সত্য যে, সমান্তরাল বিপণন ব্যবস্থার মাধ্যমে কেরোসিন তেল ও পেট্রোলিয়াম গ্যাস সরবরাহ হচ্ছে, কিন্তু গণবণ্টন ব্যবস্থার তুলনায় সেখানে দাম নেওয়া হয় অনেক বেশি। অধিকন্তু, সমান্তরাল বিপণন সংস্থাগুলি গ্রাহকদের স্থায়ী চাহিদা পূরণের ক্ষেত্রে এখনও কোনও ছাপ ফেলতে পারেন নি।

১-৩-৮৯ তারিখ থেকে সিমেন্টের উপর থেকে নিয়ন্ত্রণ তুলে নেবার ফলে খোলা বাজারে এর দাম বেড়েই চলেছে। ১৯৮৯ সালের মার্চ মাসে যেখানে একজন ক্রেতা ১,০৯.১৭ টাকায় এক মেট্রিক টন লেভি-সিমেন্ট কিনতে পারতেন, সেখানে বর্তমানে তাকে মেট্রিক টন প্রতি কমবেশি ৩,০০০ টাকা খোলা বাজারে ব্যয় করতে হয়। সিমেন্টের উপর নিয়ন্ত্রণ আরোপ করার জন্য কেন্দ্রীয় সরকারের প্রতি আমাদের বারংবার অনুরোধেও কান দেওয়া হয় নি।

১৫। ১৯৯৫-৯৬ সালে ২,৫০,০০০ মেট্রিক টন লক্ষ্যমাত্রার জায়গায় ১৫. ৫. ৯৬ তারিখ পর্যন্ত চালকলগুলি থেকে ১,১৯,৩২৫ মেট্রিক টন চাল সংগ্রহ করা গিয়েছিল এবং ছোট চালকলগুলি থেকে ১,০০,০০০ মেট্রিক টন লক্ষ্যমাত্রার ক্ষেত্রে পাওয়া গিয়েছিল ১,২৪৮ মেট্রিক টন। রাজ্যে বর্তমানে চালু চালকলের সংখ্যা ৪২৬টি। আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে ধান থেকে আরও বেশি পরিমাণ চাল সংগ্রহ, অপচয় দূরীকরণ, উন্নতমানের চাল সংগ্রহ, উন্নতমানের তেল সমৃদ্ধ চালের তুষের মতো সহ-উৎপাদিত সামগ্রীর ব্যবহার প্রভৃতি নিশ্চিত করার জন্য আমরা বাণিজ্যিক উদ্দেশ্যে ৪ থেকে ৮ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন আধুনিক চালকল স্থাপনের ব্যবস্থা নিয়েছি।

খাদ্য ও সরবরাহ দপ্তর ৪ থেকে ৮ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন নতুন আধুনিক চালকল স্থাপনের উদ্যোগকে উৎসাহ দেবার জন্য এক অনুকূল প্রকল্প উদ্ভাবন করেছে। রাজ্য সরকার এরকম চালকল প্রতি ১,০০,০০০ টাকা ভর্তুকি প্রদানের ব্যবস্থা করেছেন।

১৬। ১৯৮৬ সালের ক্রেতা-সংরক্ষণ আইন অনুযায়ী কলকাতা এবং ১৭টি জেলার সব কটিতে রাজ্য কমিশন ও জেলা ফোরাম স্থাপিত হয়েছে এবং ৩০. ৮. ৯০ তারিখ থেকে কাজ শুরু করেছে। ৭-১-৯৩ তারিখে ভারতের সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে আমরা সমস্ত জেলা ফোরামকে পূর্ণ সময়ের করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছি। হুগলি, পুরুলিয়া, বীরভূম, দার্জিলিং (শিলিগুড়ি সার্কিটবেঞ্চসহ), কোচবিহার ও উত্তর-দিনাজপুর প্রভৃতি জেলা

ফোরামগুলিকে ইতিমধ্যেই পূর্ণ সময়ের ফোরামে পরিণত করা হয়েছে। উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা ও হাওড়ার আংশিক সময়ের ফোরামগুলি শীঘ্রই পূর্ণ সময়ের ফোরামে পরিণত করা হবে এবং কলকাতার আংশিক সময়ে ফোরামগুলি শীঘ্রই পূর্ণ সময়ের ফোরামে পরিণত করা হবে এবং কলকাতার দ্বিতীয় জেলা ফোরামও অনতিবিলম্বে পূর্ণ সময়ের ভিত্তিতে কাজ শুরু করবে। আমরা যথাশীঘ্র সম্ভব অবিশিষ্ট আংশিক সময়ের ফোরামগুলিকে পূর্ণ সময়ের ফোরামে পরিণত করতে ব্যবস্থা গ্রহণ করছি। রাজ্য কমিশন ও জেলা ফোরামগুলি যাতে নির্বিঘ্নে কাজ করে যেতে পারে, সেজন্য ভারত সরকার সেগুলির উপরিকাঠামো উন্নত ও সুদৃঢ় করে তোলার উদ্দেশ্যে ৫৫,০০,০০০ টাকা ইতিমধ্যেই মঞ্জুর করেছেন।

১৭। ন্যায্যমূল্যে ক্রেতাদের মধ্যে বণ্টনের জন্য কিছু অত্যাবশ্যক পণ্য সংগ্রহের উদ্দেশ্যে ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গ অত্যাবশ্যাক পণ্য সরবরাহ নিগম স্থাপিত হয়। নিগমের কাজকর্ম সন্তোষজনক। ১৯৯৫-৯৬ সালে নিগমের বার্ষিক বিনিয়োগ ছিল ৬০ কোটি টাকারও বেশি। এই নিগম ভোজ্যতেল, সরষের বীজ, ডাল ইত্যাদি নিয়ে কারবার করে। একথা সত্য যে, অনেকগুলি বাহ্যিক কারণবশত বর্তমানে নিগমের কারবার ক্রমশ ছোট হয়ে আসছে। এই অবস্থা কাটিয়ে উঠার জন্য নিগম তার কার্যকলাপ বহুমুখিকরণে পরিকল্পনা গ্রহণ করেছে। নিগম ইতিমধ্যেই খাতা, প্যাক করা চা গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বণ্টন করবার কর্মসূচি গ্রহণ করেছে। গণবণ্টন ব্যবস্থার আওতাধীন নয় এমন বিভিন্ন দ্রব্য নিয়ে কারবার করার উদ্দেশ্যে দুর্গাপুর ও চুঁচুড়ায় দুটি বিভাগীয় বিপণীও খোলা হয়েছে।

১৮। অত্যাবশ্যকীয় পণ্যের বিবেকহীন তথা দুর্নীতিপরায়ণ ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের প্রয়াসও এই বিভাগ বজায় রেখেছে। ১৯৯৫-৯৬ সালে ৫৯২ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়। এই সময় পুলিশ ৪,৭৭,৯২,৬২২ টাকার পণ্যসামগ্রী আটক করে। ভুয়ো রেশন কার্ড বাতিল করার ব্যাপারে সরকার সদা-সর্তক। ১৯৯৫-৯৬ সালে ১৩,২৫,৪৭০টি ভুয়ো রেশন কার্ড বাতিল করা হয়েছে।

১৯। রাজ্য সরকারের নির্বহন শাখা ও সীমান্তরক্ষী বাহিনী খাদ্যদ্রব্য ও অন্যান্য অত্যাবশ্যকীয় পণ্যের চোরাচালান রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। পুলিশের নির্বহন শাখা, সীমান্তরক্ষী বাহিনী ও শুল্ক বিভাগের সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে পরিস্থিতি নিয়ে প্রয়োজনমাফিক পর্যায়ক্রমে পর্যালোচনা করা হয়। এইসব সংস্থাগুলির উপযুক্ত আধিকারিকদের সঙ্গে জেলাগুলিতে আলোনায় বসেন জেলাশাসকগণ। সীমান্তবর্তী জেলাসমূহে দৈনিক ভিত্তিতে অত্যাবশ্যক পণ্যসামগ্রীর মূল্যের প্রতি নজর রাখা হচ্ছে এবং জেলা আধিকারিকদের চোরাচালান বিরোধী কাজকর্মের উপর প্রতিবেদন পাঠাতে নির্দেশ দেওয়া হয়েছে।

২০। রাজ্য সরকার অতীতে বহুবার কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব ও প্রতিনিধিত্বের মাধ্যমে ১৪টি অত্যাবশ্যকীয় সামগ্রীকে ন্যায্যমূল্যে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বিক্রি করার জন্য দাবি জানিয়েছেন। এই সামগ্রীগুলি হল ঃ খাদ্যশস্য (চাল ও গম), চিনি, ভোজ্যতেল, লবণ, দেশলাই, সস্তা দামের কাপড়, ডাল, চা, শিশুখাদ্য, কাপড়কাচা সাবান, জ্বালানী কয়লা, কেরোসিন তেল, সিমেন্ট, কাগজ ও ঔষধ। প্রস্তাবটা ছিল এরকম যে, কেন্দ্রীয় সরকার চাল, গম ও চিনির মতো এই জিনিসগুলিও সংগ্রহ করবেন এবং সারা দেশে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে

এক দরে সেগুলি বিক্রি করার ব্যবস্থা করবেন। খোলা বাজারের মূল্য কাঠামোর উপর এর শুভ প্রভাব নিশ্চিতভাবেই পড়বে।

২১। আমি এই সুযোগে মাননীয় সদস্যগণ ও তাদের মাধ্যমে রাজ্যের জনগণের কাছে আবেদন জানাতে চাই, জনস্বার্থে খাদ্যশস্যসহ সমস্ত অত্যাবশ্যকীয় পণ্য সুষ্ঠু বণ্টনের জন্য রাজ্য সরকারকে সাহায্য করুন। অর্থনৈতিক ব্যবস্থায় মুদ্রাস্ফীতি যার ফলে মূল্যস্তরের উপর মারাত্মক প্রভাব পড়ে এবং সাধারণ মানুষের দুর্দশা বেড়ে যায়—এই অবস্থা রোধ করার জন্য অসৎ ব্যবসা ও মুনাফাবাজি যা আর্থিক অবস্থায় মূল্যবৃদ্ধি ঘটায়, এমন সব কিছুর বিরুদ্ধে আমাদের সতর্ক থাকতে হবে। এই দুরূহ কর্তব্য সম্পাদনে একই সঙ্গে কেন্দ্রীয় সরকার, বিভিন্ন শ্রমিক সংগঠন, কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক অধিগৃহীত বিভিন্ন সংস্থা এবং খাদ্য প্রশাসনের সঙ্গে জড়িত অন্যান্য অনুসংগঠনে (এজেন্সির) সহযোগিতা ও সমর্থনও আমাদের কাম্য।

## Demand No. 57

The Printed Speech of **Shri Bhakti Bhusan Mondal** on Demand No. 57 is taken as moved :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৯৬-৯৭ সালের জন্য ৫৭ সংখ্যক দাবির অধীন '২৪২৫-সমবায়', '৪৪২৫—সমবায়ে মূলধন বিনিয়োগ' এবং '৬৪২৫—সমবায় সমিতিসমূহকে ঋণদান'—এই খাতগুলিতে মোট ৪৬,৭৭,৪৫,০০০ (ছেচল্লিশ কোটি সাতাত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় বরাদ্দের দাবি মঞ্জুর করার জন্য আবেদন করছি। ইতিপূর্বে অন্তর্বর্তীকালীন ব্যয়ের জন্য অনুমোদিত ১৫,৬১,০০,০০০ (পনের কোটি একষট্টি লক্ষ) টাকা এই প্রস্তাবে অন্তর্ভুক্ত হয়েছে।

সরকারের ঘোষিত নীতি অনুসারে সমাজের সর্বশ্রেণীর মানুষের কাছে বিশেষ করে দুর্বলতর শ্রেণীর নিকট অর্থনৈতিক সুযোগ-সুবিধা যাতে নিশ্চিতভাবে পৌছানো যায়, তার জন্য এবং রাজ্যে সমবায় আন্দোলনের অগ্রগতি অব্যাহত রাখতে ৫৭ সংখ্যক দাবির অধীনে বাজেট বরাদ্দ করা হয়েছে।

উপরোক্ত পরিকল্পনাগুলিকে বাস্তবায়িত করার নিমিত্ত নিম্নে বর্ণিত সর্বাত্মক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**(ক) স্বল্পমেয়াদি ঋণক্ষেত্র**

**সার্বজনীন সদস্যভুক্তি প্রকল্প ঃ**

সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির মধ্যে এটি অন্যতম। এর লক্ষ্য হচ্ছে সমাজের দুর্বলতর শ্রেণীর লোকেদের সমবায়ের আওতার মধ্যে নিয়ে আসা, যাতে করে সেই সমস্ত ব্যক্তিরা সুবিধাজনক হারে সমবায়ের আর্থিক সংগঠনগুলি থেকে ঋণ পেতে সক্ষম হন। এই প্রকল্পের মাধ্যমে সমবায়সমিতির সদস্যভুক্তির জন্য প্রারম্ভিক শেয়ার কিনতে যে অর্থ লাগে, তার

সমস্তটাই অনুদান হিসাবে দেওয়া হয়। ১৯৯৫-৯৬ বর্ষে ১৭২০ জনকে সদস্যভুক্ত করতে ছিয়াশি হাজার টাকা দেওয়া হয়।

১৯৯৬-৯৭ বর্ষে আরও ৮,০০০ জন নতুন সদস্যকে সমবায়ে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে চার লক্ষ টাকার বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**স্বল্পমেয়াদি ঋণদান ঃ**

গত কয়েক বছরে স্বল্পমেয়াদি ঋণদান ও আদায়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। ১৯৯৫-৯৬ বর্ষে এই বাবদ লক্ষ্যমাত্রা ছিল ১৮০ কোটি টাকা। ওই সময়ে লগ্নি হয়েছে ১৬৭ কোটি ৯৭ লক্ষ টাকা। ১৯৯৬-৯৭ বর্ষে লগ্নির লক্ষ্যমাত্রা ১৯০ কোটি টাকায় স্থির হয়েছে।

১৯৯৫-৯৬ বর্ষে ঋণ আদায়ের পরিমাণ ছিল ১৭১ কোটি ৬৮ লক্ষ টাকা। এটা মোট আদায়যোগ্য ২৮১ কোটি ৮৭ লক্ষ টাকার ৬০.৯১ শতাংশ।

**সদস্যভুক্তিকরণ ঃ**

পশ্চিমবঙ্গে কৃষি ঋণদান সমিতিগুলির মোট সদস্যসংখ্যা ৩২ লক্ষ ৯০ হাজার যার ৮০ শতাংশই ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষিজীবী।

**প্রাথমিক সমবায় কৃষি ঋণদান সমিতি শক্তিশালীকরণ প্রকল্প ঃ**

রাজ্যে মোট ৬,৬০০ প্রাথমিক কৃষি ঋণদান সমিতি (প্যাকস) আছে। এই সমবায় সমিতিগুলি গ্রামীণ এলাকায় সকল শ্রেণীর মানুষকে প্রতিষ্ঠানিক ঋণদানের ব্যবস্থা করে। ভারত সরকারের নিয়োজিত 'টাস্ক ফোর্স'-এর সুপারিশ অনুসারে সপ্তম যোজনাকালে ৬,৬০০টি সমিতির মধ্যে ২,০০০টি পর্যাপ্ত আর্থিক সহায়তার মাধ্যমে শক্তিশালীকরণের জন্য নির্বাচিত করা হয়েছিল। এর ফলে সমিতিগুলি বহুমুখি কাজকর্ম যথা—আমানত সংগ্রহ, ভোগ্যপণ্যের ব্যবসা, কৃষিজাত দ্রব্যের বিপণন ইত্যাদি করতে পারে। সেই অনুসারে ১৯৯৫-৯৬ পর্যন্ত ৬৯৩টি সমিতিকে শক্তিশালী করা হয়েছে। এই বছর ১০০টি প্রাথমিক সমিতিকে শক্তিশালী করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এতে অনুমিত ব্যয়ের পরিমাম হবে ৬৫ লক্ষ ৮২ হাজার টাকা।

**আমানত সংগ্রহ**

ইদানীংকালে রাজ্য সমবায় ব্যাঙ্ক ও অন্যান্য কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের দ্বারা আমানত সংগ্রহের ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি হয়েছে। উক্ত ব্যাঙ্কগুলির ৩১-৩-৯৬ তারিখ পর্যন্ত সংগৃহীত আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ১,১০০ কোটি টাকা। আশা করা হচ্ছে, ১৯৯৬-৯৭ বর্ষের শেষে এর পরিমাণ দাঁড়াবে ১,২০০ কোটি টাকা। সমবায় কৃষি ও গ্রাম উন্নয়ন ব্যাঙ্কগুলিও ১৯৯৫-৯৬ বর্ষে ৪ কোটি ৯৯ লক্ষ ৮০ হাজার টাকার আমানত সংগ্রহ করেছে।

রাজ্য সমবায় ব্যাঙ্কের অনুকূল্যে বিভিন্ন প্রাথমিক কৃষি ঋণদান সমিতিগুলির জন্য আমানত গ্যারান্টি প্রকল্প চালু করা হয়েছে। এর দ্বারা গ্রাম বাংলার জনগণের মধ্যে একটা সুদৃঢ় আস্থার মনোভাব গড়ে উঠার ক্ষেত্র প্রস্তুত হচ্ছে।

**অংশীদারি মূলধনে সহায়তা ঃ**

১৯৯৫-৯৬ বর্ষে এই বাবদ রাজ্য সমবায় ব্যাঙ্ক, বিভিন্ন কেন্দ্রীয় ব্যাঙ্ক, রাজ্য কৃষি ও গ্রাম উন্নয়ন ব্যাঙ্ক এবং জেলা কৃষি উন্নয়ন ব্যাঙ্কগুলিকে ৩ কোটি ৮১ লক্ষ ২৭ হাজার টাকা দেওয়া হয়েছে। ১৯৯৬-৯৭ বর্ষের বাজেটে এই খাতে ৮০.০০ লক্ষ টাকা রাখা হয়েছে।

**সুদ বাবদ অনুদান ঃ**

নির্দিষ্ট সময়ে কৃষিঋণ পরিশোধের উৎসাহ যোগাতে রাজ্য সরকার সমবায়ের অন্তর্ভুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষীকে এই সুবিধা দিয়ে থাকে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে উক্ত প্রকল্পে ২ কোটি ৭৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। ১৯৯৬-৯৭ সালে এই প্রকল্পের জন্য ৫ কোটি ৫০ লক্ষ টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**রিস্ক ফান্ড ঃ**

এই প্রকল্পটি ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের ঋণদানের ক্ষেত্রে ঝুঁকি বহনের জন্য প্রচলিত। ওই শ্রেণীর চাষীদের জন্য প্রাথমিক কৃষি ঋণদান সমিতিগুলি কর্তৃক পূর্ববর্তী বছরে প্রদত্ত বিনিয়োগের উপর চার শতাংশ হারে এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি প্রদত্ত উক্ত বিনিয়োগের উপর দুই শতাংশ হারে রাজ্য সরকার ওই তহবিলে বিনিয়োগ করে। ১৯৯৫-৯৬ সালে ৪৪ লক্ষ ১৭ হাজার টাকা এই খাতে মঞ্জুর করা হয়েছে। ১৯৯৬-৯৭ সালে এই খাতে ৩০ লক্ষ টাকা প্রাথমিক কৃষি উন্নয়ন সমবায় ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির জন্য বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

**সুসংহত সমবায় উন্নয়ন প্রকল্প (আই. সি. ডি. পি.) ঃ**

তৃণমূল স্তরে সমবায় ও সংশ্লিষ্ট কর্মসূচির সর্বাঙ্গীণ সাফল্যের লক্ষ্যে এন. সি. ডি. সি.-এর সহায়তায় এই প্রকল্প রূপায়িত হচ্ছে। পশ্চিমবঙ্গে নদীয়া জেলার পর দ্বিতীয় প্রকল্পটি ১৯৯৪-৯৫ বর্ষ হতে হুগলি জেলায় চালু হয়েছে। পাঁচ বছরের মধ্যে ব্যয়িতব্য এই প্রকল্পের মোট বরাদ্দ হচ্ছে ৪ কোটি ৬৪ লক্ষ ৫৯ হাজার টাকা। এর মধ্যে ১৯৯৫-৯৬ সালে দেওয়া হয়েছে ৩৫ লক্ষ ৪৩ হাজার টাকা, ১৯৯৬-৯৭ বর্ষে ১ কোটি ৩১ লক্ষ ২৮ হাজার টাকা দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

**স্ব-সাহায্য সংঘকে আর্থিক সহায়তা দান ঃ**

ব্যবসা পরিবর্ধন প্রকল্পের যে সমস্ত সমিতি আমানত সংগ্রহের দ্বারা তাদের পুঁজি বাড়াতে পারছে, সেগুলি বিভিন্ন উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করতে সক্ষম হয়ে উঠছে। এই সমিতিগুলির আওতার মধ্যে অসংগঠিত ও ক্ষুদ্র কুটিরশিল্প, ব্যবসাদার প্রভৃতিকে নিয়ে কিছু কিছু স্ব-সাহায্য সংঘ গড়ে উঠেছে। আর্থিক যোগান ও কৃষিজ পণ্য বিপণনের ক্ষেত্রে সাহায্য করলে তাদের অর্থনৈতিক কর্মক্ষমতা বৃদ্ধি পাবে। সমিতিগুলির এই প্রচেষ্টায় সাহায্য করার লক্ষ্যে তাদের পরিকাঠামোর উন্নতির জন্য কিছু অর্থনৈতিক সাহায্যের প্রস্তাব করা হয়েছে। এই বাবদ ১৯৯৬-৯৭ সালের বাজেটে ২০ লক্ষ টাকার সংস্থান রাখা আছে।

**কেন্দ্রীয় সরকার প্রণীত অন্যান্য প্রকল্প ঃ**

এই প্রকল্পগুলির মধ্যে প্রাথমিক সমবায় কৃষি ঋণদান সমিতিগুলিকে সাহায্য হিসাবে

বিশেষ ঋণদান প্রকল্পে আলোচ্য বর্ষে ২ কোটি টাকা এবং 'কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিতে ভারসাম্যহীনতা দূরীকরণ' প্রকল্পে ১ কোটি ১০ লক্ষ টাকা রাখা হয়েছে।

**দীর্ঘমেয়াদি ঋণক্ষেত্র**

**(লগ্নি ও আমানত সংগ্রহ) :**

১৯৯৪-৯৫ আর্থিক বছরে দীর্ঘমেয়াদি ঋণদান প্রকল্পের বৃদ্ধি ও সম্প্রসারণের প্রবণতা সুস্পষ্টভাবে পরিলক্ষিত হয়। পশ্চিমবঙ্গ সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের দুটি শাখা সহ ২৪টি কৃষি এবং গ্রামোন্নয়ন ব্যাঙ্ক কৃষিক্ষেত্রে উৎপাদকদের ও অকৃষি ক্ষেত্রের ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রয়োজনীয় ঋণের জোগান দিচ্ছে। ১৯৯৪-৯৫ সালে কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলি কর্তৃক দীর্ঘমেয়াদি ঋণ বাবদ ২২ কোটি ৫০ লক্ষ টাকার লক্ষ্যমাত্রার স্থলে ৩১ কোটি ৪০ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে এবং ১৯৯৪-৯৫ বছরে উক্ত ব্যাঙ্কগুলি কর্তৃক আদায়ীকৃত অর্থের পরিমাণ ২৮ কোটি ৩৫ লক্ষ টাকা। ১৯৯৬-৯৭ বর্ষে বিনিয়োগের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৩৬ কোটি টাকা।

দীর্ঘমেয়াদি ঋণের ক্ষেত্রে বিগত দুই বছরে বিনিয়োগ ও আদায়ের একটি বিবরণ নিচে দেওয়া হল :

| বছর | লক্ষ্যমাত্রা (কোটি টাকা হিসাবে) | বিয়োগ (কোটি টাকা হিসাবে) | আদায় (কোটি টাকা হিসাবে) |
|---|---|---|---|
| ১৯৯৪-৯৫ | ২২.৫০ | ৩১.৪০ | ২৮.৩৫ |
| ১৯৯৫-৯৬ | ৪৫.০০ | ৪০.১৯ | ২১.৪৪ |

**গৃহঋণ :**

সম্প্রতি পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক তার স্বীকৃত কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলির মাধ্যমে গ্রামীণ এলাকায় আবাসন প্রকল্পে অর্থ সরবরাহের কাজে নেমেছে। ১৯৯৪-৯৫ বর্ষে এই ব্যাঙ্ক জেলাস্তরে কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে ১ কোটি ৫ লক্ষ ১৫ হাজার টাকার কাজ সম্পন্ন করেছে। ১৯৯৫-৯৬ সালে এই প্রকল্পে লগ্নির পরিমাণ বেড়ে হয়েছে ১ কোটি ৯০ লক্ষ ৫৭ হাজার টাকা। ১৯৯৬-৯৭ সালে লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ৭ কোটি ২১ লক্ষ টাকা।

**ঋণপত্র ক্রয়ে অংশগ্রহণ :**

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কে নিধির মূল উৎস হচ্ছে সাধারণ ও বিশেষ ডেভেলপমেন্ট ডিবেঞ্চার প্রদান। এই ঋণপত্র ক্রয়ে অংশগ্রহণ করার জন্য ১৯৯৬-৯৭ বর্ষে ১ কোটি ১ লক্ষ ২৫ হাজার টাকার বাজেট বরাদ্দের প্রস্তাব আছে। বিশেষ ডিবেঞ্চারের জন্য সরকার জুলাই ১৯৯৪ হতে জুন ১৯৯৬ পর্যন্ত সময়ের মধ্যে বলবৎ থাকবে এমন ৫৭ কোটি টাকার ব্লক গ্যারান্টি দিয়েছে। এ ছাড়াও জাতীয় গৃহনির্মাণ ব্যাঙ্ক থেকে রিফাইনান্স পাওয়ার যোগ্য অর্থের দ্বারা গ্রামীণ এলাকায় গৃহনির্মাণ করার জন্য সরকার ১৯৯৫-৯৬ থেকে ১৯৯৭-৯৮ বর্ষের জন্য ৬ কোটি টাকা এবং একই উদ্দেশ্যে 'হাডকো' থেকে প্রাপ্তব্য

ঋণের জন্য ১৯৯৫ থেকে ১৯৯৭-৯৮ বর্ষের মধ্যে বলবৎ আরও ৯ কোটি টাকার ব্লক গ্যারান্টি দিয়েছে।

**বিপণন ও প্রসেসিং ক্ষেত্র ঃ**

সমবায় বিপণন সমিতিগুলি যে শুধুমাত্র কৃষকদের উৎপাদনের সরঞ্জাম সরবরাহ করার ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করে তাই নয়, এগুলি তাদেরকে উৎপাদিত বস্তুর সংরক্ষণ এবং বিপণনের ক্ষেত্রেও প্রভূত সাহায্য করে। রাজ্যে মোট ২৬৯টি প্রাথমিক কৃষি বিপণন সমিতি আছে। এর মধ্যে বর্তমানে ২৩৪টি চালু অবস্থায় আছে।

**সার বিতরণ ঃ**

১৯৯৫-৯৬ বর্ষে সমবায়ের বিভিন্ন সংগঠনের মাধ্যমে ১৮৭ কোটি ৬৯ লক্ষ টাকা মূল্যের সার বিক্রয় করা হয়েছে। এর মধ্যে 'বেনফেড' করেছে ১৩০ কোটি টাকা। আশা করা হচ্ছে, ১৯৯৬-৯৭ সালে এর পরিমাণ দাঁড়াবে ২৫০ কোটি টাকায় যার ভিতর 'বেনফেড'-এর অংশ থাকবে ১৮০ কোটি টাকা।

**কৃষিপণ্য সংগ্রহ ঃ**

পাট সংগ্রহের মরশুমে পাটের বাজারদর সহায়ক মূল্যের থেকে বেশি থাকায় কৃষিজাত দ্রব্যের মোট বিপণন, বিশেষ করে কাঁচা পাটের ব্যবসা বিশেষভাবে ব্যাহত হয়। অবশ্য কিছু কিছু হিমঘর বাণিজ্যিক পদ্ধতিতে আলু কেনে। প্রাথমিক বিপণন এবং ঋণদান সমিতিগুলিকেও বিভিন্ন কৃষিজদ্রব্য কেনাবেচার জন্য উৎসাহিত করা হয়েছে। ১৯৯৫-৯৬ বর্ষে সমবায় কৃষকসেবা প্রকল্পের আওতাভুক্ত সমিতিগুলি যাতে কৃষিজদ্রব্য সংগ্রহ এবং কৃষিসামগ্রী বিতরণ করতে পারে, তার জন্য ১ কোটি ১ লক্ষ ৫০ হাজার টাকার আর্থিক সাহায্য মঞ্জুর করা হয়েছে। ১৯৯৬-৯৭ বর্ষের বাজেটে এই বাবদ ২ কোটি ৩২ লক্ষ ৯০ হাজার টাকা রাখা হয়েছে।

**হিমঘর ঃ**

১৯৯৪-৯৫ সালে ১ লক্ষ ৮৩ হাজার মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন ৪৩টি সমবায় হিমঘর তাদের ক্ষমতার ৯০ শতাংশ পর্যন্ত সংরক্ষণ করতে পেরেছিল। ১৯৯৫-৯৬ সালে কোচবিহারে ৫ হাজার মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন আর একটি হিমঘর চালু হওয়ায় মোট সংরক্ষণের ক্ষমতা দাঁড়িয়েছে ১ লক্ষ ৮৮ হাজার মেট্রিক টন। ১৯৯৬-৯৭ বর্ষে বর্ধমানের মঙ্গলকোটে একটি এবং হুগলির চাঁপাডাঙ্গায় আর একটি হিমঘর স্থাপিত হতে চলেছে। ফলে সংরক্ষণ ক্ষমতা বেড়ে ১ লক্ষ ৯৮ হাজার মেট্রিক টন দাঁড়াবে।

এই প্রসঙ্গে উল্লেখ্য যে, পর্যায়ক্রমে সমবায় হিমঘরগুলিকে আধুনিকীকরণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে।

**গুদামঘর ঃ**

এ পর্যন্ত মোট ৫ লক্ষ ১০ হাজার ৮০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন ৩,৩৩৫টি গুদামঘর নির্মিত হয়েছে। ১৯৯৫-৯৬ সালে ২৬,৫০০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন ৩৬৫টি গুদামঘর নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছিল। কাজ এখনও চলছে। ১৯৯৬-৯৭ বর্ষে আরও ৩২০টি

গুদামঘরের নির্মাণকার্য হাতে নেওয়া হবে। ফলে অতিরিক্ত ৩২ হাজার মেট্রিক টন ধারণক্ষমতা বাড়বে।

**চালকল ঃ**

সরকার সমবায় চালকলগুলিকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে এগুলির আধুনিকীকরণে হাত দিয়েছে। মেমারিতে বেনফেড পরিচালিত চালকলের জন্য ১০ লক্ষ টাকার অনুদান দেওয়া হয়েছে। ১৯৯৬-৯৭ বর্ষে মেদিনীপুর জেলার পটাশপুরে একটি এবং বীরভূম জেলাতে অবস্থিত আরও একটি চালকল আধুনিকীকরণের কাজ আরম্ভ করা হবে। এই চালকল দুটি তাদের শেয়ার ক্যাপিটাল বাড়ানোর কাজে ২ লক্ষ টাকার সদ্ব্যবহার করেছে।

**অংশীদারি মূলধন শক্তিশালীকরণ ঃ**

'এন সি ডি সি' প্রকল্পের অধীনে অংশীদারি মূলধন বাড়ানোর জন্য সরকার একটি কর্মসূচি গ্রহণ করেছে। এই বাবদ ১৯৯৫-৯৬ বর্ষে ২০ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে এবং ১৯৯৬-৯৭ বর্ষে বাজেটে ৫০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

**ক্রেতা সমবায় ঃ**

পশ্চিমবঙ্গের শহর ও গ্রামাঞ্চলে বিভিন্ন ধরনের ভোগ্যপণ্য বিতরণের জন্য বিশাল ও সুবিন্যস্ত ক্রেতা সমবায়ের পরিকাঠামো আছে। বস্তুত, ন্যায্যমূল্যে নিয়মিতভাবে ভোগ্যপণ্য সরবরাহের জন্য এবং সরকারি বিতরণ ব্যবস্থায় উল্লেখযোগ্য অংশগ্রহণ করার নিমিত্ত ক্রেতা সমবায়গুলি স্থাপনা হয়েছে। ঠিক এই কারণেই কেন্দ্রীয় সরকার কর্তৃক এই খাতে রচিত প্রকল্পগুলি প্রত্যাহৃত হলেও রাজ্য সরকার এইগুলিকে আরও শক্তিশালী ও কর্মক্ষম করার সিদ্ধান্ত নিয়েছে। বর্তমানে ৩১টি পাইকারি ক্রেতা সমবায় সমিতি এবং ৭৫০টি প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি ভোগ্যপণ্য এবং রেশনিং সহ অন্যান্য দ্রব্য বণ্টনের কাজে নিযুক্ত আছে। এ ছাড়া এ রাজ্যে ১৮টি বিভাগীয় বিপণি, ৭৬টি বৃহদায়তন এবং ১৬৬টি ক্ষুদ্রায়তন পাইকারি বিক্রয়কেন্দ্র তাদের কাজকর্ম চালিয়ে যাচ্ছে। গ্রামাঞ্চলে ভোগ্যপণ্য সরবরাহের জন্য ৩ হাজার ৫০৯টি শাখা-সমিতি সহ ২৫৫টি অগ্রগামী সমিতি ভোগ্যপণ্য সরবরাহের কাজে নিযুক্ত আছে। প্রাথমিক সমিতিগুলির আওতাবহির্ভূত এলাকায় ১০টি ভ্রাম্যমাণ বিপণি কাজ করে চলেছে। ১৯৯৪-৯৫ বর্ষে ৩৯৩ কোটি টাকা মূল্যের ভোগ্যপণ্য এই সমস্ত সমবায়ের মাধ্যমে বিতরিত হয়েছে। ১৯৯৫-৯৬ বর্ষে মোট বিক্রির পরিমাণ ছিল ৩৯৬ কোটি টাকা। ১৯৯৬-৯৭ বর্ষে এই পরিমাণ ৪১০ কোটি টাকাতে দাঁড়াবে বলে আশা করা হচ্ছে।

রাজ্য সরকার এই সমস্ত সমিতিকে শেয়ার অনুদান এবং ঋণের মাধ্যমে সাহায্য দিয়ে আসছে। ১৯৯৫-৯৬ বর্ষে ক্রেতা সমবায়গুলিকে তাদের উন্নতিকল্পে ৫৩ লক্ষ ৪১ হাজার টাকা দেওয়া হয়েছিল। এই বছর এই উদ্দেশ্যে ১ কোটি ৮০ লক্ষ টাকার বাজেট বরাদ্দ করা হয়েছে।

**শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি ঃ**

নির্ধারিত এলাকায় সদস্যদের ব্যাঙ্কিং সুযোগ-সুবিধা প্রদানের সুনির্দিষ্ট লক্ষ্যে প্রাথমিক সমবায় ঋণদান সমিতি/ব্যাঙ্কগুলিকে সুসংগঠিত করা সম্ভব হয়েছে। প্রাথমিক (শহরাঞ্চলীয়)

সমবায় ব্যাঙ্ক, প্রাথমিক (শহরাঞ্চলীয়) ঋণদান সমবায় সমিতি এবং কর্মচারী তথা বেতনভোগী কর্মচারী ঋণদান, সমবায় সমিতিগুলি প্রাথমিক সমবায় ঋণদান সমিতির আওতাভুক্ত। 'ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯' চালু হওয়ার মধ্যে দিয়ে এইসব সমিতি তথা ব্যাঙ্কগুলি (শহরাঞ্চলে) সমবায় ব্যাঙ্কের মর্যাদা লাভ করেছে। এই ধরনের ৪৭টি (শহরাঞ্চলীয়) ঋণদান সমিতি (যাদের মধ্যে ২০টি ইতিমধ্যে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট ১৯৪৯ অনুসারে লাইসেন্সপ্রাপ্ত) তথা ব্যাঙ্কগুলি শহরাঞ্চলে সর্বশ্রেণীর লোককে আর্থিক সহায়তার মাধ্যমে প্রয়োজনীয় সেবা প্রদান করে থাকে।

**মহিলা সমবায় ঋণদান সমিতি ঃ**

মহিলাদের আর্থ-সামাজিক উন্নতির সুনির্দিষ্ট লক্ষ্যে প্রতিটি জেলায় অন্তত একটি করে সম্পূর্ণভাবে মহিলাদের দ্বারা পরিচালিত সমবায় ঋণদান সমিতি স্থাপনের মাধ্যমে এ রাজ্যে সমবায় আন্দোলনে একটি অনন্য সাফল্য অর্জিত হয়েছে। এ যাবত রাজ্যে এইরূপ ২৮টি সমিতি স্থাপিত এবং নিবন্ধীকৃত হয়েছে। মহিলারা যাতে আর্থ-সামাজিক দিক থেকে উন্নতি লাভ করেন একমাত্র সেই উদ্দেশ্যে নিয়েই এগুলি গঠিত হয়েছে।

১৯৯৫-৯৬ বর্ষে এই সমিতিগুলি রাজ্য সরকারের কাছ থেকে মোট ৫ লক্ষ ৬৭ হাজার টাকা সাহায্য পেয়েছিল। ১৯৯৬-৯৭ সালে এইগুলিকে সাহায্য করার জন্য ২০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

**আবাসন সমবায় ঃ**

পশ্চিমবঙ্গে সারা রাজ্যব্যাপী যে প্রায় ২ হাজার সমবায় আবাসন সমিতি আছে তাদের অর্থনৈতিক প্রয়োজন মেটানোর দায়িত্বে আছে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় আবাসন ফেডারেশন। এর অর্থনৈতিক ভিতকে সুদৃঢ় করার জন্য ১৯৯৬-৯৭ সালের বাজেটে ১৫ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

**অন্যান্য সমবায় ঃ**

(ক) **প্রকৌশলী সমবায় ঃ**

রাজ্য সরকার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি ও ডিপ্লোমাধারী বেকার যুবকদের দ্বারা গঠিত সমবায় সমিতিগুলিকে অংশীদারীর মূলধন প্রদানের মাধ্যমে সাহায্য করে থাকে। ওই সংস্থানগুলি বিভিন্ন দপ্তরের নানা প্রকার কাজে বিভিন্ন প্রকৃতির কার্য সম্পন্ন করার কাজে যুক্ত আছে। রাজ্য সরকার ১৯৯৫-৯৬ সালে এইরূপ সমিতিগুলিকে ৬৫ হাজার টাকা দিয়েছে এবং ১৯৯৬-৯৭ আর্থিক বর্ষে এদের জন্য ৪ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

(খ) **শ্রমিক সমবায় ঃ**

অসংগঠিত শ্রমিকদের স্বার্থরক্ষা ও বেসরকারি ঠিকাদারদের দ্বারা ওই ধরনের শ্রমিকদের অর্থনৈতিক শোষণ থেকে রক্ষার উদ্দেশ্যে রাজ্য সরকার শ্রমিক সমবায় গঠনে উৎসাহ দিয়ে থাকে। ৩১-১২-৯৫ পর্যন্ত পাওয়া হিসাব অনুসারে এ রাজ্যে ওই ধরনের শ্রমিক সমবায়ের সংখ্যা ১৩৮৩। রাজ্য সরকার ওই সকল শ্রমিক সমবায়কে অংশীদারি মূলধন সরবরাহের মাধ্যমে সাহায্য করে থাকে।

(গ) **গ্রামীণ বৈদ্যুতিকরণ সমবায় ঃ**

রাজ্যের প্রতিটি জেলায় অন্তত একটি করে গ্রামীণ বৈদ্যুতিকরণ সমবায় সমিতি গঠনের কথা সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছে। এ পর্যন্ত হুগলি জেলার সিঙ্গুর হরিপালে ওই ধরনের একটিমাত্র সমবায় আছে এবং আরও দুটি ওই ধরনের সমবায়ের নাম ১৯৯৪ সালে রেজিস্ট্রিকৃত হয়েছে এবং তারা শীঘ্র কাজ শুরু করবে বলে আশা করা যায়।

(ঘ) **সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা ঃ**

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন উত্তরপাড়া, বড়শুল, ঝাড়গ্রাম, ইলামবাজার, জলপাইগুড়ি এবং কালিম্পং-এ অবস্থিত ৬টি সমবায় প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে সমবায় নিরীক্ষক কেন্দ্রে জেলা সমবায় ব্যাঙ্কগুলির অবেক্ষক (সুপারভাইজার) এবং প্রাথমিক কৃষি সমবায় ঋণদান সমিতি, প্রাথমিক কৃষি-বিপণন সমবায় সমিতি এবং অন্যান্য সমবায় সমিতিগুলির ম্যানেজারদের প্রশিক্ষণ দিয়ে থাকে। চারজন মহিলা প্রশিক্ষক সহ মোট ৩৪ জন জিলা সমবায় প্রশিক্ষক বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করেন। রাজ্য সরকার এই কাজের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নকে সহায়ক অনুদান (গ্রান্টস-ইন-এইড) দিয়ে থাকে। এছাড়া পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক লিঃ কলকাতার উল্টোডাঙ্গায় আই. সি. এম. এ. আর. ডি. (ইক্মার্ড) নামে একটি প্রশিক্ষণ কেন্দ্র চালাচ্ছে। (১) সমবায় পরিদর্শক এবং (২) সমবায় ব্যাঙ্ক, প্রাথমিক কৃষি সমবায় ঋণদান সমিতি, প্রাথমিক কৃষি-বিপণন সমিতি এবং অন্যান্য সমবায় সমিতির 'ম্যানেজার' ও সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত নেতৃবৃন্দকে প্রশিক্ষণ দেওয়ার জন্য কল্যাণীতে 'এন. সি. সি. টি.'রও একটি ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট আছে। সমবায় আন্দোলন সম্পর্কে জনগণকে অবহিত করতে এবং সমাজে এর প্রচার সক্রিয় রাখতে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন সারা বছর ধরে 'সেমিনার', কর্মশালা ও আলোচনাসভার আয়োজন এবং প্রচারপত্র মুদ্রণও করে থাকে। ১৯৯৫-৯৬ আর্থিক বর্ষে এজন্য রাজ্য বাজেটের পরিকল্পনা খাতে ৬৪ লক্ষ টাকা এবং পরিকল্পনাবহির্ভূত খাতে ৪০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। এই উদ্দেশ্যে ১৯৯৬-৯৭ আর্থিক বর্ষে রাজ্য বাজেটে পরিকল্পনা ও পরিকল্পনা-বহির্ভূত খাতে মঞ্জুরীকৃত মোট ৫৩ লক্ষ টাকার মধ্যে ২ লক্ষ টাকা কলকাতার উল্টোডাঙ্গার 'ইক্মার্ডে'-র জন্য এবং ৪৫ লক্ষ টাকা কল্যাণী প্রশিক্ষণ কেন্দ্রের জন্য রাখা হয়েছে।

**পরিচালন ও প্রশাসন ঃ**

(১) **সমবায় সেবা আয়োগ ঃ** ১৯৮৩ সালের পশ্চিমবঙ্গ সমবায় আইনের পঞ্চম তফসিলে বর্ণিত সমবায় সমিতিগুলিতে কর্মী নিয়োগের ব্যাপারে সুষম নীতি মেনে চলার উদ্দেশ্যে রাজ্য সরকার সমবায় সেবা আয়োগ গঠন করেছে।

(২) **অতিরিক্ত তদর্থক ভাতা ঃ** পাঁচ ধরনের প্রাথমিক সমবায় সমিতির কর্মচারিদের বকেয়া অতিরিক্ত তদর্থক ভাতা বাবদ ১৯৯৬-৯৭ বর্ষে ৮ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। ১৯৯৫-৯৬ বর্ষে এই বাবদ ৩ কোটি টাকা দেওয়া হয়েছিল।

**সমবায় নিরীক্ষা অধিকার ঃ**

সমবায় নিরীক্ষাকে স্বনির্ভর এবং স্বাধীন করার জন্য ১৯৮৮ সালে সমবায় নিরীক্ষা অধিকার গঠন করা হয়। বর্তমানে বিভাগীয় আধিকারিকদের দ্বারা ১৮,৪৩৭টি নিরীক্ষণযোগ্য সমিতির মধ্যে ১৩,৪১২টি নিরীক্ষণকার্য সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় আধিকারিগণ শীর্ষস্থানীয় সমিতি যথা, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন, পশ্চিমবঙ্গ রাজ্য কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় আবাসন সংস্থা, বেনফিস ইত্যাদির নিরীক্ষণ কার্য চালাচ্ছেন। ১৯৯৪-৯৫ সালে নিরীক্ষণ ফি বাবদ সরকারি তহবিলে ১ কোটি ২৬ লক্ষ ৫৭ হাজার টাকা আদায় হয়েছে এবং আশা করা যাচ্ছে ১৯৯৬-৯৭ বর্ষে এই আয় ১ কোটি ৫০ লক্ষ টাকায় দাঁড়াবে।

উপরোক্ত অধিকার (ডাইরেক্টরেট) থেকে একটি বাৎসরিক পুস্তিকা প্রকাশ করার চেষ্টা হচ্ছে। এতে থাকবে বিভিন্ন সমবায় সমিতিতে হিসাবপত্র রাখার নিদের্শ, হিসাবের পদ্ধতির উপর সুপারিশ এবং সরকারি আদেশ ও সমবায় সম্পর্কিত বিভিন্ন আইন-কানুনের বিবরণ। আশা করা হচ্ছে, ১৯৯৬-৯৭ বর্ষে ১৫ হাজার সমিতিতে নিরীক্ষার কাজ শেষ হবে।

**পশ্চিমবঙ্গ সমবায় ট্রাইব্যুনাল ঃ**

পশ্চিমবঙ্গ সমবায় আইন অনুযায়ী বিতর্কিত বিষয়গুলি নিষ্পত্তি করার উদ্দেশ্যে ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গ সমবায় ট্রাইব্যুনাল গঠিত হয়েছে। ১৯৯৫ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর মাসের মধ্যে পেশ করা ৫৪টি আর্জির মধ্যে ৭টি নিষ্পত্তি করা হয়েছে। বিগত ১৯৮৯-৯০ সাল থেকে ১৯৯৫ সালের ডিসেম্বর পর্যন্ত পেশ করা ৪২৮টি আর্জির মধ্যে ২৩১টি নিষ্পত্তি করা হয়েছে ও ৩১-১২-৯৫ তারিখে ১৯৭টি বকেয়া রয়েছে।

**পশ্চিমবঙ্গ সমবায় রেজিস্ট্রেশন কাউন্সিল ঃ**

যে সমস্ত সমিতিকে রেঞ্জ সহ-নিয়ামকগণ বিভিন্ন কারণে নিবন্ধীকরণ করতে পারেন না, সেই সমস্ত সমিতিনিবন্ধীকরণের প্রস্তাব বিবেচনার জন্য ১৯৮৮ সালে পশ্চিমবঙ্গ সমবায় রেজিস্ট্রেশন কাউন্সিল গঠিত হয় এবং কাউন্সিল তার কাজ করে চলেছে।

**বিবিধ ঃ**

(ক) চা-পর্ষদ এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে বিশেষজ্ঞের মতামত গ্রহণ করে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক পুরুলিয়া জেলার শিরকাবাদ্ এলাকায় চা চাষ আরম্ভ করেছে। ১৯৯৫ সালের নভেম্বর পর্যন্ত ৫২১টি চারাগাছ বেঁচে আছে। বাণিজ্যিক ভিত্তিতে এখানে চা উৎপাদন শীঘ্রই শুরু হবে বলে আশা করা যায়।

(খ) উত্তর ২৪ পরগনা জেলার বাগদাতে কানাইলাল মিনি চটকল সমবায় স্থাপিত হয়েছে। শীঘ্রই এর উৎপাদন আরম্ভ হবে। নদীয়া জেলার বগুলাতে এইরূপ একটি 'মিনি জুট মিল' স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে।

(গ) ১০টি উদ্যান সৃজন সমবায় এবং বেশকিছু সংখ্যক প্রাথমিক ঋণদান সমিতি ও বিপণন সমিতি শাক্‌সব্জি বিপণনে নিয়োজিত আছে এবং 'এন. সি. ডি. সি.' প্রকল্পে এদেরকে সাহায্য দেওয়া হয়।

তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ দপ্তর কর্তৃক প্রণীত নতুন নিয়মের মধ্যেই 'ট্রাইবাল সাব-প্ল্যানের' প্রকল্পগুলি রূপায়ণে সরকার বদ্ধপরিকর। এর দ্বারা সমবায়গুলির মাধ্যমে প্রকল্পের সুফল উপজাতি সম্প্রদায়ের নিকট নিশ্চিতভাবে পৌছানো সম্ভব হবে। সমবায় দপ্তর সেই উদ্দেশ্য নিয়েই প্রকল্পগুলির রূপরেখা ঠিক করছে এবং এই প্রকল্পের আর্থিক পরিমাণ খাতে বরাদ্দ টাকার ৬ শতাংশের কম হবে না।

আমি সভাকে এটা জানাতে পেরে আনন্দিত যে, রাজ্য সরকার সমবায় আন্দোলনকে গণতান্ত্রিক নীতির উপর প্রতিষ্ঠিত করতে এবং একে কায়েমী স্বার্থের প্রভাব থেকে মুক্ত করতে বদ্ধপরিকর। সেই কারণে আমি সভার মাননীয় সদস্যদের কাছে আবেদন রাখছি তাঁরা যেন রাজ্যের সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সক্রিয় সহযোগিতা ও সমর্থন দেন। এই বলেই আমি এই সভার কাছে আমার বিভাগের প্রস্তাবিত ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য সুপারিশ করছি।

## Demand No. 58

The Printed Speech of **Shri Birendra Kumar Maitra** on Demand No. 58 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ৫৮ নং দাবির অন্তর্গত মুখ্যখাত '২৪৩৫—কৃষি-সম্পর্কীয় অন্যান্য কার্যসূচি' এবং '৪৪৩৫—কৃষি-সম্পর্কীয় অন্যান্য কার্যসূচি'র জন্য মূলধনগত ব্যয়' বাবদ ১০,৬৮,৩৫,০০০ (দশ কোটি আটষট্টি লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যয়-বরাদ্দ বাবদ গৃহীত ৩,৫৭,০০,০০০ (তিন কোটি সাতান্ন লক্ষ) টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে।

**পশ্চিমবঙ্গের বিপণন দৃশ্যবিবরণী ঃ**

পশ্চিমবঙ্গে কৃষিপণ্যের ব্যাপক উৎপাদন বৃদ্ধি বর্তমান বিপণন ব্যবস্থার উপর বিশাল চাপ সৃষ্টি করায় বাজারজাতকরণ, পরিবহন, গুদামজাতকরণ, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও হস্তান্তরকরণ যথেষ্ট গুরুত্ব লাভ করেছে। উৎপাদন বৃদ্ধির স্বার্থে গৃহীত কোনও পরিকল্পনাই সফল হতে পারে না যদি না উৎপাদনকারিরা তাদের উৎপাদনের ন্যায্য মূল্য পায়। পক্ষান্তরে, জনসাধারণের নিকট ন্যায্য মূল্যে কৃষিপণ্য পৌছে দেওয়ার উপর নির্ভর করে বিপণন পদ্ধতির কার্যকারিতা। এ কথা উপলব্ধি করা যায় যে মধ্যস্থ কারবারির নিয়ন্ত্রণাধীন বাজারে এই দুই আপাত বিরোধী উদ্দেশ্যসাধন সহজ কাজ নয়।

উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে ক্রেতা ও ভোগকারী উভয়ের স্বার্থরক্ষার্থে বিপণন দপ্তর রাজ্যজুড়ে এক সুসংবদ্ধ বিপণন পরিকাঠামো তৈরির কাজে ব্রতী হয়েছে। লক্ষ্যে উপনীত হওয়ার উদ্দেশ্যে নিয়ন্ত্রিত বাজার কমিটির পর্যায়ে চাষী, কারবারি, স্থানীয় সংস্থা, [illegible], আর্থিক প্রতিষ্ঠান প্রভৃতির সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত আছে।

সারা রাজ্যব্যাপী গ্রামীণ এলাকায় সুসংবদ্ধভাবে প্রয়োজনীয় পরিকাঠামোসহ নিয়ন্ত্রিত বাজার প্রতিষ্ঠা করাই হবে প্রথম পদক্ষেপ। গ্রামীণ বাজারগুলির পুনর্নির্মাণ এবং উন্নয়নই হবে

পরিকল্পনার অংশবিশেষ। এই বাজার প্রাঙ্গণগুলি চাষীদের লাভজনক মূল্য পেতে সাহায্য করে এবং বাজারে অসাধু ব্যবসায়ীর প্রবেশ ব্যাহত করে।

সহজ ও সত্বর কৃষিপণ্যের যাতায়াত ও গ্রাম্য পরিবহনের সাহায্যকারি খামার থেকে বাজার সংযোগকারি সড়ক নির্মাণ অগ্রাধিকার পাবে। কেননা, এই ব্যবস্থা সর্বাপেক্ষা জনপ্রিয় বিপণন পদ্ধতি।

রাজ্যে অবস্থিত হিমঘরগুলির ধারণক্ষমতা বৃদ্ধি ও নতুন হিমঘর নির্মাণের ফলে আলু সংরক্ষণের সমস্যা অনেকটা সমাধান হয়েছে। অন্যথায় চাষীরা অলাভজনক মূল্যে আলু বাজারে বিক্রি করতে বাধ্য হত এবং পরবর্তী বছরে আলুচাষ মার খেত। সে জন্য হিমঘরের উন্নয়ন ও আলুচাষ পরস্পর মুখাপেক্ষী।

সহজে পচনশীল ফল এবং শাকসবজির হস্তান্তরকরণ সর্বদাই একটা সমস্যা। সীমিত ব্যবস্থাপনার মধ্যেও প্রশিক্ষণ প্রদান ও কমিউনিটি ক্যানিং সুবিধাসহ ২৪টি ফল প্রক্রিয়াকরণ কেন্দ্র সর্বসাধারণের ব্যবহারযোগ্যরূপে বিদ্যমান আছে।

যদিও রাজ্যে কৃষিপণ্যের সুদক্ষ এবং সুসংবদ্ধ বিপণন পদ্ধতি প্রতিষ্ঠা করতে আমাদের দীর্ঘ পথ অতিক্রম করতে হবে, তবু আনন্দের সঙ্গে আপনাদের জানাচ্ছি সুসংবদ্ধ বিপণন পদ্ধতির পরিকাঠামোর সুবাদে কৃষিপণ্যের বাজারে উৎসাহব্যঞ্জক সুফল পেতে শুরু হয়েছে। রাজ্যের পাটের বাজারে ভারতীয় পাট নিগমের (জে. সি. আই.) সক্রিয় ভূমিকা না দেখা গেলেও পাটচাষীরা পাটের দাম এবার ভালই পেয়েছেন। আলুর ক্ষেত্রেও এবার চাষীর স্বার্থে আলুর পরিপোষক মূল্য ঘোষণা বা সরকারি স্তরে আলু কেনা ইত্যাদি ব্যাপারে সরকারের হস্তক্ষেপ প্রয়োজন হয়নি। আলুর মরশুমে আমাদের চাষীরা লাভজনক মূল্যই পেয়েছেন। সবজিচাষীরা কৃষিপণ্যের বিক্রয়মূল্যে খুশি হয়েছেন।

এ কথা অনস্বীকার্য যে কৃষিপণ্যের উচ্চমূল্য সাধারণ মানুষকে বিষম কষ্টে ফেলে। গুদামজাতকরণই কিন্তু এর একমাত্র কারণ নয়। চাহিদার তুলনায় জোগানের অভাব, সাধারণ অত্যাবশ্যকীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এবং মূল্যের পরস্পর সম্পর্ক এই অবস্থার জন্য অনেকটা দায়ি। লাভদায়ক মূল্যের আশায় এবং পচন রোধার্থে আলুচাষীরা আলু হিমঘরে রাখেন। চাষীর হিমঘরে আলু রাখার প্রবণতাকে অগ্রাহ্য করা যায় না। স্মরণ করা যেতে পারে আলুচাষীরা পঞ্চায়েত মারফৎ হিমঘরের ধারণক্ষমতার সত্তর শতাংশ ব্যবহার করে থাকেন। আমার বিশ্বাস ভোগকারীর স্বার্থে বাজার নিয়ন্ত্রণের অন্যান্য ব্যবস্থাগুলির তুলনায় পণ্য উৎপাদনের গুরুত্ব আরও বেশি।

**বাজার নিয়ন্ত্রণ ঃ**

কৃষিজ পণ্য বিপণন নিয়ন্ত্রণ আইন, ১৯৭২ অনুসারে, বর্তমান বাজার ব্যবস্থার যথাযথ সংস্কারসাধন এবং বাজার ও হাটগুলির উন্নয়নসাধনের প্রচেষ্টা চালানো হচ্ছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে বিভিন্ন বাধা ও চাপের কারণে বাজার নিয়ন্ত্রণ কর্মসূচির সম্পূর্ণ সুফল এখন পর্যন্ত চাষীদের নাগালের বাইরে।

**বাজার নিয়ন্ত্রণ কর্মসূচির রূপায়ণের প্রধান অন্তরায়গুলি এরূপ ঃ**

(ক) নিয়ন্ত্রিত বাজার এলাকার বাজার-হাটের মালিকানা বিভিন্ন ব্যক্তি ও সংস্থার হেফাজতে থাকার দরুন পরিচালনার নিয়মবিধি বিভিন্ন রকম।

(খ) কৃষক ও বাজার ব্যবহারকারিদের ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে নতুন বাজার-হাট নির্মাণের জন্য উপযুক্ত জমির অভাব।

(গ) ১৮৯৪-এর আইন—১-এর অধীন জটিল জমি গ্রহণ পদ্ধতি।

(ঘ) প্রায়শ ব্যবসায়ী বা কারবারিগণ কর্তৃক বিভিন্ন অজুহাতে আদালতে বিভিন্ন মামলা দায়ের।

রাজ্য সরকার ফেব্রুয়ারি, ১৯৯৬ পর্যন্ত ৪৬টি নিয়ন্ত্রিত বাজার সমিতি সংগঠিত করেছে। তার মধ্যে ১০৪টি পাইকারি বাজার ও ২০০৭টি গ্রামীণ প্রাথমিক বাজার রয়েছে। আরও বলা যেতে পারে যে অধিকাংশ বাজার এবং হাট ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে পর্যাপ্ত জায়গা, ছাউনি, স্বাস্থ্য ও নিষ্কাশন ব্যবস্থা, পথ প্রভৃতির অনুকূল ব্যবস্থা নেই। এমন কি কিছু কিছু বাজারের নিজস্ব জায়গা না থাকায় পার্শ্ববর্তী রাস্তার উপর বেচাকেনা করার ফলে যানবাহন অসুবিধা এবং বিপদের ঝুঁকি থাকে।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এই সমস্ত বাধা সত্ত্বেও কিছু নির্বাচিত বাজার সমিতি নিজ নিজ এলাকায় প্রয়োজনীয় পরিকাঠামো উন্নয়নের কাজ গ্রহণ করেছে। এগুলির মধ্যে রয়েছে বাজার-খামার সংযোগকারি রাস্তা, সেতু-কালভার্ট নির্মাণ, পানীয় জলের নলকূপ খনন ও বাজার ব্যবহারকারিদের বিশ্রামের জন্য ছাউনি। এ পর্যন্ত করিমপুর, চন্দ্রকোনা, বেথুয়াডহরি, ঝাঁকড়া, কাশিমবাজার, পাণ্ডুয়া, চাঁপাডাঙা, কালনা, তমলুক, শামসী, ইংলিশবাজার, ইসলামপুর, ধূপগুড়ি, কাটোয়া, আলিপুরদুয়ার ও শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি উন্নয়নমূলক কাজে প্রায় ৪৭৩.৪৭ লাখ টাকা খরচ করেছে।

বিগত কয়েক বছরে কৃষিজ বিপণনের উন্নতিবিধানে সাধারণ মানুষের অংশগ্রহণ বিশেষ লক্ষ্যণীয়। কৃষিজ বিপণনের ক্ষেত্রে সরকারি প্রয়াস মানুষকে উৎসাহিত করেছে। এইরূপ অনুকূল অবস্থা চাষী, ব্যবসায়ী, ক্ষুদ্র ব্যবসায়ী ও অন্যদের মধ্যে আশার সঞ্চার করেছে। নিয়ন্ত্রিত বাজার সমিতি এই আশার প্রতিমূর্তি।

এই আশা বাস্তবায়িত করার লক্ষ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলিকে পরিকল্পগত ও ফলপ্রদ উপায়ে পুনর্গঠন করা প্রয়োজন। আইনের ধারা অনুসারে জনপ্রতিনিধিদের সমিতিভুক্ত করে বাজার সমিতি পুনর্গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্থানীয় পরিস্থিতি সযত্নে পরীক্ষা করার পর কৃষিজ বিপণনের উন্নতিবিধানের স্বার্থে বাজার সমিতি উপযুক্ত কর্মপন্থা অবলম্বন করার সুপারিশ করবে।

**গ্রামীণ ও প্রাথমিক বাজারের উন্নয়ন ঃ**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ২৯০০টি বৃহৎ ও ক্ষুদ্র গ্রামীণ ও প্রাথমিক বাজার আছে। এগুলির মধ্যে প্রায় ২,০০০টি হাট-বাজার নিয়ন্ত্রণ কর্মসূচির আওতাভুক্ত। এই

হাটগুলির মালিকানাই এদের উন্নতির অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এই হাটগুলির মাত্র ১৩২টির কর্তৃত্ব বিভিন্ন নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক গৃহীত হয়েছে। উক্ত হাটগুলির পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে বাজার সমিতিগুলি অর্জিত তহবিল থেকে অর্থব্যয়ে ছাউনি, যোগাযোগের রাস্তা, পানীয় জল ও অন্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করেছে। অধিকাংশ গ্রামীণ বাজারগুলিই ব্যক্তিমালিকানাধীন। এই সব মালিকেরা বাজার ব্যবহারকারিদের কাছ থেকে ভাড়া ও অন্য ফি বাবদ অর্থ আদায় করা সত্ত্বেও বাজারের পরিকাঠামোগত পরিবর্তনসাধন অথবা অন্য উন্নয়নকার্যে কোনও অর্থ ব্যয় করে না।

(খ) বাজার নিয়ন্ত্রণ আইন অনুসারে এই সব ব্যক্তিমালিকানাধীন বাজারগুলিতে 'অনুজ্ঞাপত্র প্রদান' নিয়ম বাধ্যতামূলকভাবে চালু করার চিন্তাভাবনা চলছে। এর ফলে অনুজ্ঞাপ্রাপ্ত বাজারের মালিক তার আয় থেকে বাজরের উন্নয়নসাধনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করতে বাধ্য হবে। আশা করব মাননীয় সদস্যরা এ ব্যাপারে আমার সঙ্গে একমত হবেন।

(গ) পূর্বেই উল্লেখ করেছি যে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি কৃষিপণ্যের বাজার-গ্রামীণ প্রাথমিক বাজারগুলির উন্নয়ন এবং অন্য সুবিধা-সুযোগের ব্যবস্থাদি নিজ নিজ অর্থব্যয়ে করে থাকে। পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (নিয়ন্ত্রিত) আইন, ১৯৭২-এ বর্ণিত 'বাজার ফি' হিসাবে উক্ত তহবিল সংগৃহীত হয়। আইনানুযায়ী এই সব 'ফি' সেই সব ব্যবসায়ীর নিকট থেকে সংগ্রহ করা হয় যারা পুনরায় বিক্রয় করার জন্য উক্ত পণ্য ক্রয় করে থাকেন। কৃষিপণ্য বিক্রয়কারী উৎপাদকের কাছ থেকে কোনওরূপ ফি আদায় করা হয় না। ফি প্রদান সুনিশ্চিত করতে ও বাজার ফি কৌশলে পরিহার করার প্রচেষ্টা ব্যাহত করতে বিভিন্ন বাজার সমিতিগুলি রাস্তার পাশে 'চেকপোস্ট' স্থাপন করেছে। আমি মাননীয় সদস্যবৃন্দকে নিশ্চিতরূপে জানাই যে উৎপাদকের কাছ থেকে বাজার অথবা চেকপোস্ট কর্তৃক কোনওরূপ 'বাজার ফি' আদায় করা হয় না। চেকপোস্টে সংগৃহীত অর্থ ঐ এলাকার উন্নয়নের জন্য ব্যয় করা হয়। এ প্রসঙ্গে মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করি।

**রাজ্য বিপণন পর্ষদ :**

পশ্চিমবঙ্গ কৃষিজ বিপণন (নিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ অনুসারে স্থাপিত রাজ্য বিপণন পর্ষদ উন্নত কৃষিজ পণ্য বিপণন ব্যবস্থার স্বার্থে প্রয়োজনীয় পরিকাঠামো উন্নয়নের চেষ্টা চালাচ্ছে। পর্ষদের তত্ত্বাবধানে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলি 'বাজার ফি' বাবদ সংগৃহীত অর্থব্যয়ে সংযোগকারি রাস্তা, দোকান সমেত গুদামঘর, ছাউনি, প্লাটফর্ম, পানীয় জল নিষ্কাশনের ব্যবস্থা, বিদ্যুৎ, কালভার্ট ও সেতু নির্মাণের মতো উন্নয়নমূলক কাজ চালিয়ে যাচ্ছে। পর্ষদের দায়িত্ব ও কর্মভারও বহুগুণে বৃদ্ধি পেয়েছে।

**আলুর উৎপাদন ও হিমঘর :**

(ক) পশ্চিমবঙ্গে আলুর উৎপাদন প্রায় ৬০ লক্ষ মেট্রিক টনে পৌঁছেছে। পক্ষান্তরে হিমঘরের ধারণক্ষমতা ২৬ লক্ষ টন। এই কারণে উৎপাদন ও হিমঘরের

ধারণক্ষমতার ব্যবধান বিশেষ লক্ষণীয়। যেহেতু ফেব্রুয়ারি মার্চ মাসে আলু তোলা হয় এবং নভেম্বর-ডিসেম্বর পর্যন্ত তা জোগান দেওয়া হয়, সেহেতু হিমঘরের ধারণক্ষমতা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি করা প্রয়োজন। সর্বদা আলুচাষীরা তাদের উৎপাদিত আলু হিমঘরে রাখার জন্য পর্যাপ্ত জায়গা পান না। হিমঘর শিল্প সম্প্রসারণের লক্ষ্যে আমার দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করেছে যাতে কমপক্ষে উৎপাদিত আলুর ৬০ শতাংশ হিমঘরে রাখার লক্ষ্যে পৌছানো যায়। উত্তরবঙ্গে আলু উৎপাদনকারী জেলাগুলিতে হিমঘর স্থাপনে বিশেষ উৎসাহ দেওয়া হবে।

ক্রমবর্ধমান খরচের ফলস্বরূপ হিমঘরে আলু সংরক্ষণ সম্প্রতি বেশ ব্যয়বহুল ব্যাপারে পরিণত হয়েছে। আলুর পচন রোধার্থে সস্তা ও স্থানীয়ভাবে বিকল্প সংরক্ষণের উপায়ের উদ্ভাবন প্রয়োজন। এইরূপ সস্তা উপায় উদ্ভাবিত হলে, আলুচাষীরা ফসল তোলার পরবর্তী ৪-৫ মাস পর্যন্ত আলু খামারে মজুত রাখার সুযোগ সদ্ব্যবহার করবে।

**হিমঘরে পূর্বাহ্নে স্থান সংগ্রহ করার সমস্যা ঃ**

(খ) সংগৃহীত ফসলের পরিমাণ কোনও বছরে অধিক হলে আলুচাষীরা উৎপাদিত আলুর জন্য হিমঘরে স্থান সংগ্রহ করতে বিবিধ সমস্যার সম্মুখীন হয়। চলতি বছরে, আলু উৎপাদনকারী জেলাগুলিতে অবস্থিত সীমিত হিমঘরের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি হয়। জেলার হিমঘরের ধারণক্ষমতার ৭০ শতাংশ স্থান সংশ্লিষ্ট পঞ্চায়েত কর্তৃক স্থানীয় আলুচাষীদের মধ্যে বণ্টিত হয়। কতকগুলি জেলা থেকে এ খবরও পাওয়া গেছে যে হিমঘরে আলু রাখার উপযুক্ত জায়গার অভাবে বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছিল। হিমঘরে উপযুক্ত স্থান না থাকার ফলে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলা করার লক্ষ্যে এবং আলুচাষীদের জন্য আলু রাখার স্থান নিশ্চিত করার স্বার্থে আমি পঞ্চায়েতের মাধ্যমে আমার দপ্তর কর্তৃক চাষীদের মধ্যে 'আলু কার্ড' বণ্টন করার সম্ভাবনা নিয়ে চিন্তাভাবনা করছি।

(গ) আলু উৎপাদনকারী জেলাগুলিতে যাতে চাষীরা উৎপাদিত আলুর ন্যায্য মূল্য পেতে পারে সেই লক্ষ্যে আমি নিয়ন্ত্রিত বাজার সমিতির সহায়তার 'বন্ধকী লগ্নি' চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছি। এই পরিকল্পনার অধীনে আলুচাষীরা হিমঘরে বন্ধক রাখা আলুর মূল্যের উপর ৬৫ শতাংশ অস্থায়ী নগদ টাকা পাবেন। এই পরিকল্পনা উভয় উদ্দেশ্যের উপযোগী হবে—একদিকে চাষীদের আলুর লাভজনক মূল্য এবং অন্যদিকে হিমঘর থেকে আলু বের করে মূল্যের উর্ধ্বগতি রোধ করা।

**গুদামঘর ও বন্ধকী লগ্নির পরিকল্পনা ঃ**

এ রাজ্যে নির্বাচিত কিছু বাজার সমিতি 'বন্ধকী লগ্নি' পরিকল্পনা চালু করেছে এদের মধ্যে রয়েছে ইসলামপুর, ধূপগুড়ি, শামসী, করিমপুর, কালনা ও বেথুয়াডহরী নিয়ন্ত্রিত বাজার সমিতি, ১৯৯৬-৯৭ সালে আরও কিছু নিয়ন্ত্রিত বাজারে এই পরিকল্পনা চালু করার ব্যবস্থাদি নিচ্ছে। ফসল তোলার অব্যবহিত পরে বাজারে অতিরিক্ত জোগানের ফলে মূল্য হ্রাসের প্রবণতা দেখা যায়। চাষীরা তাদের পারিবারিক প্রয়োজনে অথবা ঋণ পরিশোধার্থে কৃষিপণ্য

অত্যধিক কম মূল্যে বিক্রি করে থাকেন। এই পরিকল্পনার অধীনে ক্ষুদ্র চাষীরা কৃষিপণ্য বন্ধক রেখে স্বল্প ঋণ পেয়ে থাকেন। পরবর্তীকালে কৃষিপণ্য তারা ন্যায্য মূল্যে বিক্রি করতে পারেন। নিয়ন্ত্রিত বাজার সমিতি কৃষিপণ্যের মূল্যের ৭৫ শতাংশ ঋণ দিয়ে থাকে। ঋণের সর্বাধিক পরিমাণ ৫,০০০ টাকা।

**খামার পর্যায়ে শস্যগোলা তৈরি :**

গুদামজাতকরণের উপযুক্ত ব্যবস্থার অভাবে চাষীরা ক্ষতিগ্রস্ত হয়। গুদামজাতকরণজনিত ক্ষতি হ্রাস করার লক্ষ্যে বিপণন দপ্তর ফলপ্রদ মজুতকরণে ব্যবস্থাদি অবলম্বন করেছে। খামার পর্যায়ে মজুতকরণ ব্যবস্থার উন্নতিকল্পে, ভারত সরকারের খাদ্য দপ্তরে 'শস্য সঞ্চয় প্রচার অভিযান' প্রণীত যে পাঁচ প্রকারের শস্যগোলা চাষীদের দেওয়া হয়েছে তা নিম্নরূপ :

(ক) ইটের শস্যগোলা—সেগুলির প্রত্যেকটির ধারণক্ষমতা ২.০০ মেট্রিক টন অথবা ৪.০০ মেট্রিক টন।

(খ) উন্মুক্ত স্থানে অবস্থিত চ্যাপ্টা তলদেশযুক্ত শস্যগোলা—সেগুলির প্রত্যেকটির ধারণক্ষমতা ২.৬০ মেট্রিক টন অথবা ৩.২০ মেট্রিক টন।

(গ) উন্মুক্ত স্থানে অবস্থিত চোঙ্গা তলদেশযুক্ত শস্যগোলা—যার প্রত্যেকটির ধারণক্ষমতা ২.৬৫ মেট্রিক টন অথবা ৩.১৫ মেট্রিক টন।

(ঘ) পাহাড়ি এলাকার জন্য ০.২৫ মেট্রিক টন অথবা ০.৭৫ মেট্রিক টন ধারণক্ষমতা-সম্পন্ন কাষ্ঠনির্মিত শস্যগোলা।

(ঙ) টিম্বার বা দারুকাষ্ঠ নির্মিত ০.৫০ মেট্রিক টন ধারণক্ষমতাসম্পন্ন শস্যগোলা।

এই ব্যাপারে চাষীদের কাছ থেকে প্রয়োজনীয় সাড়া পাওয়া গেছে। ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত ৩,৪৪৪ মেট্রিক টন ধারণক্ষমতাসম্পন্ন শস্যগোলা ১,৭২২টি খামার চত্বরে তৈরি হয়েছে। গড়ে প্রতিটি শস্যগোলার ধারণক্ষমতা ২ মেট্রিক টন। ১৯৯৬-৯৭ সালে প্রকল্পটি চালু থাকবে।

**খামার, বাজার, কালভার্ট, সড়ক উন্নয়ন :**

খামার থেকে বাজারে কৃষিপণ্যের চলাচলের সুবিধার্থে রাজ্য সরকার বাজার সংযোগকারী (সড়ক) রাস্তার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কর্মসূচির প্রবর্তন করেছে। কর্মসূচিটি উৎপাদক কারবারি ও অন্যান্য লোকজনের পক্ষেও শুভপ্রদ। স্বভাবতই এই কর্মসূচির জন্য ব্যয়-বরাদ্দের চাহিদা স্বতস্ফূর্ত কিন্তু তহবিল সংকট হেতু জেলাগুলির চাহিদা পূরণ করা সম্ভব হয়ে উঠে না। এ পর্যন্ত কালভার্ট, সড়ক এবং সুই ও শ্রীমতী নদীর উপর নির্মিত সেতুগুলি সমেত ৩,০০০ কি.মি. দীর্ঘ ৪৭৩টি বাজার সংযোগকারী রাস্তার উন্নয়নকার্য সমাধা হয়েছে। এ ছাড়া বাঁশবেড়িয়ার ভৈরব নদীর উপর নির্মিত সেতুসহ ৫০টি বাজার সংযোগকারী সড়কের উন্নয়নকার্য সংশ্লিষ্ট বাজার সমিতির অর্থে সম্পন্ন হয়েছে।

**উন্নতমানের গো-যান, সাইকেল রিকশা ভ্যান :**

উৎপন্ন ফসল মাঠ থেকে খামারবাড়ি এবং সেখান থেকে গ্রামীণ বাজারে কেনাবেচার জন্য নিয়ে যাওয়ার স্বার্থে উন্নতমানের গো-যান, ভ্যান-রিকশা একান্ত প্রয়োজন কেননা এটিই

উৎপাদনকারীর নিকট পরিবহনের একমাত্র উপায়। আমার দপ্তর কর্তৃক গৃহীত এক প্রকল্পের মাধ্যমে উন্নতমানের গো-যান ও ভ্যান-রিকশা ভরতুকি (সরকারি আর্থিক সাহায্যে) দিয়ে বিলি করা হয়। এ পর্যন্ত ১,৫৩৬টি উন্নতমানের গো-যান এবং ৩৫৯টি ভ্যানরিকশা বিলি করা হয়েছে। যেহেতু এই পরিকল্পনা গ্রামীণ পরিবহন ব্যবস্থার সহায়ক ও সেই অঞ্চলে জনপ্রিয়, আমি ১৯৯৬-৯৭ সালেও উক্ত প্রকল্প চালু রাখার ইচ্ছা প্রকাশ করি।

**পাটের পর্যায়করণের উদ্দেশ্যে প্রশিক্ষণ ঃ**

পাট যেহেতু অর্থকরি ফসল, খামার পর্যায়ে পাটের পর্যায়করণের জন্য পাটচাষিদের বিশেষ করে সচেতন করে তোলার প্রয়োজন আছে। উপযুক্ত পর্যায়করণই পাটের ন্যায্য মূল্য আনতে সক্ষম। আমার দপ্তর কর্তৃক স্থাপিত ৯টি পর্যায়করণ কেন্দ্র ভারতীয়মান নির্ধারক সংস্থার নির্দেশাবলী অনুসারে চাষীদের পাটের স্তরবিভাগ সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করে।

শিবির সংগঠনের মাধ্যমে সাধারণ ও তফসিলি জাতির অন্তর্ভুক্ত পাটচাষিদের পাটের পর্যায়করণ ও গুণগত উৎকর্ষতার ব্যাপারে নিবিড় প্রশিক্ষণের পরিকল্পনা নেওয়া হয়েছে। এ ব্যাপারে অসাধারণ সাড়া পাওয়া গেছে।

১৯৯৪-৯৫ পর্যন্ত ৩৩,৫৩০ পাটচাষিদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ১৯৯৫-৯৬ সালে ২,৫০০ চাষীকে এ ব্যাপারে শিক্ষা দেওয়ার পরিকল্পনা আছে। এই কর্মসূচি '৯৬-৯৭ সালেও বহাল থাকবে। '৯৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত অনুমোদিত তহবিলে আরও ১৮৫০ জন চাষীকে প্রশিক্ষণ দেওয়া হবে।

**ফল ও সব্জি সংরক্ষণ ঃ**

পুষ্টির কথা বিবেচনা করলে, ফল ও সবজি বিশেষ গুরুত্বপূর্ণ। আম, আনারস, পেয়ারা ও টমাটো প্রভৃতি খাদ্যপ্রাণসমৃদ্ধ ফল ও সবজির উৎপাদন পশ্চিমবঙ্গে কম নয়। বছরের নির্দিষ্ট সময়ে তা ঋতুকালীন উদ্বৃত হয় এবং উপযুক্তভাবে ব্যবহার, মজুতকরণ, বিলি ও কেনাবেচার অভাবে অধিকাংশই নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।

এই বিশাল জাতীয় ক্ষতি অপেক্ষাকৃতভাবে কমাতে এবং ঋতুকালীন উদ্বৃত্ত ভোগকারির স্বার্থে কাজে লাগাতে উৎপাদনকারিদের ফল ও সবজি সংরক্ষণের কৌশল সম্পর্কে সচেতন করার জন্য এই দপ্তর ব্যাপক ব্যবস্থা গ্রহণ করেছে।

এই লক্ষ্যে ২৪টি প্রশিক্ষণ তথা উৎপাদন এবং কমিউনিটি ক্যানিং সেন্টার কৃষিজ বিপণন অধিকার কর্তৃক পরিচালিত হচ্ছে। কালিয়াগঞ্জ নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক পরিচালিত রায়গঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রটি এর অন্তর্ভুক্ত।

(১) ঋতুকালীন ফল ও সবজির প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ সম্পর্কে মহিলা ও গৃহকর্ত্রীদের প্রশিক্ষণ প্রদান প্রতি বছর দেড় হাজারেরও বেশি প্রশিক্ষণার্থী এই সুযোগ গ্রহণ করে থাকে।

(২) এই কেন্দ্রগুলির মাধ্যমে প্রদেয় কমিউনিটি ক্যানিং সুবিধা-সুযোগ আর একটি জনপ্রিয় সেবা। প্রতি বছর বিশ হাজারেরও বেশি ব্যক্তি ফল ও সবজি সংরক্ষণের প্রশিক্ষণ এই কেন্দ্রগুলি হতে সুবিধা গ্রহণ করে।

(৩) এইসব কেন্দ্রে পরীক্ষামূলক উৎপাদন লোকেদের প্রক্রিয়াজাত ফল ও সবজি ন্যায্য মূল্যে পেতে সাহায্য করে। এতে প্রক্রিয়াজাত ফল ও সবজি কেনার অভ্যাসও জন্মায়।

(৪) এই সব কেন্দ্রগুলির দ্বারা সংগঠিত প্রদর্শনী, মেলা ও ব্যবহারিক শিক্ষা সংরক্ষণের ভাবনা গ্রামের মানুষের মধ্যে ব্যাপকভাবে প্রচার করতে সাহায্য করে। এইসব প্রচারাভিযানের ফলে গ্রাম-গঞ্জের মানুষ ফল ও সবজি প্রক্রিয়াজাত করতে আগ্রহী হয় এবং প্রক্রিয়াজাত ফল ও সবজি সারা বছর ধরে ঘরে ব্যবহার করেন।

এ ছাড়া, ফল ও সবজি উৎপাদনকারীর স্বার্থরক্ষার্থে উৎপাদন কেন্দ্রগুলিতে ফল ও সবজি সংরক্ষণ কেন্দ্র স্থাপন করার ব্যবস্থাদি নেওয়া হয়েছে। কোচবিহার জেলার হলদিবাড়িতে টমাটোর সম্পূর্ণ ও আধা-প্রক্রিয়াজাতকরণের জন্য একটি কেন্দ্র খোলা হচ্ছে। আমের প্রক্রিয়াজাতকরণের জন্য অন্য দুটি কেন্দ্র যথাক্রমে মালদা ও কাশিমবাজারে খোলা হচ্ছে। ইংলিশবাজার ও কাশিমবাজার নিয়ন্ত্রিত বাজার সমিতি এই পরিকল্পনা গ্রহণ করছে। শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতিও শিলিগুড়িতে একই ধরনের একটি প্রক্রিয়াজাতকরণের কেন্দ্র খুলেছে। এইসব কেন্দ্রগুলি চালু হলে পচনশীল খাদ্যবস্তুর বিপণন বিরাট সাফল্য লাভ করবে।

প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষেত্রে মহিলা ও গৃহস্ত্রীদের স্বনিয়োজিত করার লক্ষ্যে আমার দপ্তর ৭টি কমিউনিটি ক্যানিং কেন্দ্র প্রাক্তন প্রশিক্ষণার্থী দ্বারা পরিচালনা করছে। চলতি বছরে এ জাতীয় আরও ৪টি কেন্দ্র যথাক্রমে ধূপগুড়ি, শিবপুর, হাবড়া ও বেথুয়াডহরিতে খোলার পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী বছরগুলিতে এ ধরনের কেন্দ্র বাড়তেই থাকবে।

প্রক্রিয়াজাত ফল ও সবজি বিপণনের লক্ষ্যে কালনা, কাটোয়া, সিউরি, কৃষ্ণনগর, ধূপগুড়ি, দিনহাটা ও চুঁচুড়া নিয়ন্ত্রিত বাজার সমিতি বেশ কয়েকটি বিক্রয় কেন্দ্র খুলেছে। প্রক্রিয়াজাত ফল ও সবজির পরিমাণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে আগামী বছরগুলিতে এ জাতীয় বিক্রয় কেন্দ্রের সংখ্যাও বৃদ্ধি পাবে।

**কৃষিপণ্যের গুণমান নিয়ন্ত্রণ ঃ**

উন্নতমানের উৎপন্ন দ্রব্যের বিপণন নিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য। এর ফলে উৎপাদনকারীর ন্যায্য মূল্য ও ভোগকারির উৎকর্ষ দ্রব্য উভয়ই সুনিশ্চিত হয়। এ কথা ভেবেই কৃষিজ পণ্য (মান এবং চিহ্নিতকরণ) আইন, ১৯৩৭-এর কৃষিপণ্য দব্যের মান নির্ধারণ এখনও চালু আছে। এটি স্বেচ্ছা আইন। এই আইনের অনুবিধি অনুসারে শ্রেণীবিন্যস্ত উৎপন্ন দ্রব্যকে আগমার্ক দ্রব্য বলে। আগমার্ককে জনপ্রিয় করে তুলতে আমার দপ্তর তিনটি গুণমান নির্ণয়কারী পরীক্ষাগার স্থাপন করেছে। এই পরীক্ষাগারগুলিতে ক্ষুদ্র চাষীদের উৎপাদিত তেল, ঘি, মধু, মশলাপাতির গুণাগুণ পরীক্ষা করা হয়।

**বাজার সংবাদ ঃ**

উপযুক্ত পরিকল্পনা এবং সঠিক বিপণন কৌশল অবলম্বন করার জন্য বাজার সংবাদ সরবরাহ পদ্ধতি যথেষ্ট কার্যকরি হয়েছে। বাজারের অবস্থা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের মূল্য উৎপাদনকারির অবগতির স্বার্থে উপযুক্ত সম্প্রচার প্রণালী অপরিহার্য। কলকাতা-সহ বিভিন্ন উপবাজার এবং প্রান্তিক বাজারগুলি থেকে সংবাদ সংগ্রহ করার দায়িত্ব অর্পিত হয়েছে কৃষি বিপণন দপ্তরের অধীন ১০০টি সংবাদ সরবরাহ কেন্দ্রের উপর। এইভাবে সংগৃহীত তথ্য বিভিন্ন প্রচারমাধ্যমে যেমন আকাশবাণী (কলকাতা-শিলিগুড়ি) দৈনিক, সাপ্তাহিক, মাসিক ইস্তাহার মাধ্যমে প্রচারিত হয়। আমার দপ্তর কৃষিপণ্যের দর হাসপাতাল, জেল প্রভৃতি বিভিন্ন প্রতিষ্ঠানগত ক্রেতার নিকট পৌঁছে দেয়। এইসব কেন্দ্রগুলিকে আরও উন্নত যোগযোগ ও তথ্য সংগ্রহ সংক্রান্ত সুবিধা-সুযোগ প্রদানকারী উপকরণাদি দ্বারা সজ্জিত করার পরিকল্পনা বিবেচনাধীন আছে।

**অনুজ্ঞাপত্র প্রদান ঃ**

(ক) পশ্চিমবঙ্গ হিমঘর (অনুমতি প্রদান ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৬৬-এর অধীনে জানুয়ারি, ১৯৯৬ পর্যন্ত ২৭৮টি চালু লাইসেন্সপ্রাপ্ত হিমঘর রয়েছে সেগুলির ধারণক্ষমতা ২৬.৩০ লাখ টন এবং যার মধ্যে ২৫.৭৩ লাখ টন বিশেষভাবে আলু সংরক্ষণের জন্য ব্যবহৃত হয়।

(খ) 'পশ্চিমবঙ্গ পণ্যাগার আইন, ১৯৬৩'-এর আওতায় ১৯৯৩ সালের জানুয়ারি পর্যন্ত রাজ্যের এলাকায় অবস্থিত রাজ্য এবং কেন্দ্রীয় পণ্যাগার নিগমের অধীনে ২২৭টি পণ্যাগারকে অনুমতিপত্র প্রদান করা হয়েছে।

(গ) 'পাট' (অনুমতি প্রদান এবং নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৬১'-এর অধীনে কৃষি বিপণন অধিকার শুরু থেকেই পাট উৎপাদক জেলাগুলিতে মহকুমা শাসকের সঙ্গে সঙ্গে কলকাতা পৌরসভা এলাকাতে 'জুট লাইসেন্সিং' অথরিটি হিসাবে কাজ করে চলেছে। এ পর্যন্ত ১,২০০ অনুজ্ঞাপত্র এই আদেশের বলে মঞ্জুর করা হয়েছে।

**বিপণন আধিকারিক এবং অন্যান্যদের প্রশিক্ষণ ঃ**

ভারত সরকার ও নিয়ন্ত্রিত বাজার সমিতির অর্থসাহায্যে রাজ্যস্তরে কৃষিজ পণ্যের বিপণনে প্রশিক্ষণ ও গবেষণার জন্য জননায়ক হেমন্তকুমার বসু প্রশিক্ষণ এবং গবেষণা কেন্দ্র নামে একটি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র শেওড়াফুলিতে খোলার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে।

কৃষিজ বিপণনের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এই কেন্দ্র কৃষিজ বিপণন অধিকারের আধিকারিক, কর্মচারী ও নিয়ন্ত্রিত বাজার সমিতির কর্মচারী ও সদস্যদের জন্য উপযুক্ত প্রশিক্ষণের সুযোগ-সুবিধা সুনিশ্চিত করবে। হিমঘরের ব্যবস্থাপনা ও ক্রিয়াপদ্ধতিও এই প্রশিক্ষণের অপরিহার্য অঙ্গ হিসাবে স্থান পাবে।

**কৃষিজ বিপণন সম্প্রসারণ, তথ্য ও জনসংযোগ ঃ**

(ক) রাজ্যের চাষী, ব্যবসায়ী, জনপ্রতিনিধিদের তাদের দায়িত্ব সম্বন্ধে সচেতন করতে নিয়ন্ত্রিত বাজার সমিতির অন্তর্ভুক্ত প্রদান এবং উপবাজার পর্যায়ে সারা রাজ্যে

বাজার নিয়ন্ত্রণের উপর অনেকগুলি একদিনের সম্প্রসারণ কর্মসূচি পালিত হয়। বাজার নিয়ন্ত্রণের উদ্দেশ্যেও প্রাসঙ্গিকতা ব্যাখ্যাপূর্বক মিথষ্ক্রিয়ার মাধ্যমে সমস্যা সমাধানের উপায় খুঁজে বের করা হয়।

(খ) কৃষিজ বিপণন অধিকার হিমঘরের কার্যাবলীর উপর কৃষকস্তরে বেশ কিছু একদিনের কর্মশালা-তথা-প্রশিক্ষণ কর্মসূচির ব্যবস্থাও করে। এর ফলে চাষীদের মধ্যে হিমঘরের কার্যকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়। তারা জানতে পারেন সহজে পচনশীল উদ্বৃত্ত মরসুমি পণ্যের মজুতকরণের ব্যাপারে কী ব্যবস্থা নেওয়া দরকার।

(গ) কৃষিজ বিপণনের স্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা এবং কর্মসূচি জনপ্রিয় করতে রাজ্যে বিভিন্ন স্থানে সংগঠিত মেলা ও প্রদর্শনী কৃষিজ বিপণনের মূল উদ্দেশ্যকে সার্থক করে তোলে। আমার দপ্তর যে সমস্ত মেলায় অংশ নেয় তার মধ্যে কলকাতায় অনুষ্ঠিত 'নেতাজি মেলা', উত্তর ২৪-পরগনা জেলার অন্তর্গত শ্যামনগর ও মধ্যমগ্রামে অনষ্ঠিত 'সুভাষ মেলা', উত্তর ২৪-পরগনা ও দক্ষিণ ২৪-পরগনার অন্তর্গত বাদুড়িয়া ও সরিষার অনুষ্ঠিত শহিদ তিতুমির মেলা ও কৃষিমেলা বিশেষ উল্লেখযোগ্য।

**তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি এবং শিলিগুড়ির একাংশে বিপণন পরিকাঠামো উন্নয়ন প্রকল্প ঃ**

নেদারল্যান্ড সরকারের অর্থানুকূল্যে বিগত ১৯৯৫-৯৬ সালে উত্তরবঙ্গ তরাই বাজার উন্নয়ন প্রকল্পের জন্য তৃতীয় পর্যায়ে ৩৩ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল। পাটঘাট (শিলিগুড়ি মহকুমা), চৌরঙ্গী, গঙ্গাদেবী (জেলা শিলিগুড়ি) বাজার উন্নয়ন এবং কোচবিহার জেলার মেখলিগঞ্জ মহকুমার জেলাপাকড়ি বাজার সংযোগকারী ৩ কিমি দৈর্ঘ্যবিশিষ্ট সড়ক উন্নয়ন উক্ত প্রকল্পের অন্তর্গত।

উক্ত প্রকল্পটি বর্তমান ১৯৯৬-৯৭ সালেও তরাই অঞ্চলের সঙ্গে সংযোগ স্থাপনার্থে চালু থাকবে বলে আশা করা যায়।

**কর্মচারিদের চাকুরির শর্তাবলীর উন্নতিসাধন ঃ**

কৃষিজ বিপণন উন্নয়ন কর্মসূচির সফল রূপায়ণে সকল স্তরের মানুষের সহযোগিতা একান্ত প্রয়োজন। আইনের অধীনে স্থাপিত রাজ্য বিপণন পর্যদের কর্মচারিবৃন্দ এই উন্নয়ন কর্মসূচির স্তম্ভস্বরূপ। এ কথা বলা অনাবশ্যক যে কৃষিজ বিপণন উন্নয়ন কর্মসূচির ভবিষ্যত জীবন এই সকল কর্মচারীর কল্যাণের উপর নির্ভরশীল। ইতিমধ্যে এইসব কর্মচারীর কল্যাণে বেশ কয়েকটি ব্যবস্থাদি নেওয়া হয়েছে। তাদের কৃত্যক নিয়ম, আচরণবিধি ও ক্রিয়াকলাপ-সংক্রান্ত বই চূড়ান্ত করে প্রকাশ করা হয়েছে। নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনস্থ ক্যাজুয়াল কর্মীদের চাকুরি, যাদের অনেকেই ১০ বছর বা তার অধিককাল সামান্য 'কনসলিডেটেড' মাসিক বেতনে কাজ করছিলেন, বোর্ডেন অনুমোদনক্রমে নিয়ন্ত্রিত বাজার কমিটিগুলি নিয়মিত করেছে। রাতবিরেতে কর্মরত বাজার ও চেকপোস্টের কর্মচারির জন্য ইউনিফর্ম ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। কর্মচারি বিমা প্রকল্পের মতো সামাজিক নিরাপত্তা কল্যাণ কর্মসূচি আমার দপ্তরের বিবেচনাধীন।

**পান বিপণন ব্যবস্থার উন্নতিকরণ ঃ**

পান একটি গুরুত্বপূর্ণ অর্থকরি ফসল হওয়া সত্ত্বেও পানচাষ নানাবিধ সমস্যার সম্মুখীন। পানচাষীরা পানের উপযুক্ত দাম পান না। উপযুক্ত পরিবহনের অভাব ও অবৈজ্ঞানিক সংরক্ষণ ব্যবস্থা এর প্রধান কারণ। এই সমস্যা সমাধানের উপযুক্ত ব্যবস্থা গ্রহণের বিষয়ে আমার দপ্তরে চিন্তাভাবনা চলছে।

**নতুন চাষীকল্যাণ পরিকল্পনা ঃ**

১৯৯৬-৯৭ সালে আমি এক নতুন চাষীকল্যাণ পরিকল্পনা সূচনা করার প্রস্তাব রেখেছি। আলোচ্য পরিকল্পনার অধীনে বর্গাচাষী ও কৃষক দুর্ঘটনাজনিত জীবনহানি অথবা অক্ষমতার ক্ষেত্রে ২৫,০০০ টাকা পাবেন। মঞ্জুরীকৃত ২৫,০০০ টাকা পাবার যোগ্য হতে হলে একজন চাষীকে অবশ্যই এক আর্থিক বৎসরের মধ্যে ২ মেট্রিক টন অথবা আরও বেশি কৃষিপণ্য নিয়ন্ত্রিত বাজার সমিতির মাধ্যমে কেনাবেচা করতে হবে। প্রস্তাবিত পরিকল্পনাটি উৎপাদক বিক্রেতাদের দুর্ঘটনাজনিত ক্ষতিপূরণ সুনিশ্চিত করবে। রাজ্য কৃষি বিপণন পর্যদ কর্তৃক উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে। উক্ত পরিকল্পনাটির সুফল লাভ করার যোগ্যতা হিসাবে তালিকাভুক্ত প্রত্যেক চাষীর জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রিত বাজার সমিতি ও রাজ্য বিপণন পর্যদ প্রত্যেকে ৫ টাকা হারে সাহায্য করবে।

'পশ্চিমবঙ্গ কৃষক উন্নয়ন ও কল্যাণ তহবিল' নামে আরও একটি পৃথক তহবিলের সূচনা পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন তহবিল থেকে ২৫ লাঘ টাকা এই উদ্দেশ্যের জন্য আলাদা করে রাখা হবে। বিপণন উন্নয়ন কর্মসূচিকে সফল করার জন্য আমি মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করি।

পরিশেষে আমি ব্যয়-বরাদ্দ বিবেচনা এবং অনুমোদনের জন্য সভার কাছে আবেদন রাখছি।

## Demand Nos. 59, 60, 62 and 63

The Printed Speech of **Shri Surya Kanta Misra** on Demand Nos. 59, 60, 62 and 63 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৬-৯৭ আর্থিক বছরের ব্যয় নির্বাহের জন্য ৫৯ নং অভিযাচনের মুখ্যখাত "২৫০১-স্পেশাল প্রোগ্রাম ফর রুর‍্যাল ডেভেলপমেন্ট" সম্পর্কে ডি. পি. এ. পি.-র জন্য ২ কোটি ৭০ হাজার টাকা সহ মোট ৪৭ কোটি ৪৩ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা ; ৬০ নং অভিযাচনের মুখ্যখাত "২৫০৫-রুর‍্যাল এমপ্লয়মেন্ট" সম্পর্কে মোট ৩৬৯ কোটি ৫৩ লক্ষ ৮৯ হাজার কোটি টাকা ; ৬২ নং. অভিযাচনের মুখ্যখাত "২৫১৫-আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (পঞ্চায়েতী রাজ)", "৩৬০৪-কম্‌পেনসেশন্ অ্যান্ড অ্যাসাইনমেন্ট টু লোকাল বডিজ্ অ্যান্ড পঞ্চায়েতী রাজ ইনস্টিটুশন্‌স (পঞ্চায়েতী রাজ)" এবং "২৬৫৫-লোনস্ ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম্‌স (পঞ্চায়েতী রাজ)" সম্পর্কে মোট ২০৩ কোটি ৯৭ লক্ষ টাকা ; ৬৩ নং অভিযাচনের

মুখ্যখাত "২৫১৫-আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (কমিউনিটি ডেভেলপমেন্ট)" "৪৫১৫-ক্যাপিটাল আউটলে অন আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস্ (কমিউনিটি ডেভেলপমেন্ট)" এবং "৬৫১৫-লোনস্ ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস্ (কমিউনিটি ডেভেলপমেন্ট)" সম্পর্কে মোট ৫৬ কোটি ৮৪ লক্ষ ৫০ হাজার টাকা মঞ্জুর করা হোক।

২. এই ব্যয় বরাদ্দের দাবির মধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এ ইতিমধ্যে উপস্থাপিত ৫৯ নং অভিযাচনের ১৬ কোটি ১৩ লক্ষ টাকা, ৬০ নং অভিযাচনের ২৩৪ কোটি ৫০ লক্ষ টাকা, ৬২ নং অভিযাচনের ৬৮ কোটি ১ লক্ষ টাকা, ৬৩ নং অভিযাচনের ১৭ কোটি ৮৬ লক্ষ টাকা অন্তর্ভুক্ত আছে।

৩. শুরুতেই আমি মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাই যে গ্রামীণ উন্নয়ন বিভাগ ও পঞ্চায়েত বিভাগকে একত্রীভুত করে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগ নামে একটি প্রশাসনিক বিভাগে পরিণত করা হয়েছে। রাজ্যের গ্রামীণ এলাকায় একই উদ্দেশ্য পূরণের লক্ষ্যে দুটি আলাদা স্বতন্ত্র বিভাগ চালু থাকায় কাজকর্মে কিছু অসংগতি, প্রশাসনিক সমস্যা ও দ্বৈত-উদ্যোগ পরিলক্ষিত হচ্ছিল। দুটি বিভাগকে একত্রীকরণের মাধ্যমে সেই সমস্যাগুলি দূর করা সম্ভব হয়েছে। পূর্বতন দুটি বিভাগের সমবেত শক্তি ও অভিজ্ঞতা সংহত হয়েছে। দুটি বিভাগের একত্রীকরণের পরিপ্রেক্ষিতে দুটি বিভাগের ব্যয় বরাদ্দের যৌথ প্রস্তাব রাখছি। আমি নিশ্চিত যে মাননীয় সদস্যগণ উল্লেখিত পদক্ষেপটিকে যথাযথ বলে উপলব্ধি করবেন।

৪. মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে গ্রামীণ এলাকায় পঞ্চায়েতের মাধ্যমে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ অর্জনের লক্ষ্যে পশ্চিমবঙ্গ অগ্রগণ্য রাজ্যদের মধ্যে অন্যতম। এ রাজ্যে পঞ্চায়েত বিগত দেড় দশক ধরে উল্লেখযোগ্য ভূমিকায় সমাসীন। সংবিধানে ৭৩তম সংশোধনের সঙ্গে সংগতি রেখে পঞ্চায়েত সংস্থাগুলি শুধুমাত্র যে সকল আঞ্চলিক স্বায়ত্ত শাসনের সংস্থা হিসাবে অবতীর্ণ হয়েছে তাই নয়, আর্ত-সামাজিক ক্ষেত্রে পরিবর্তনের কাজে মুখ্য চালিকাশক্তি হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করেছে। ১৯৭৮ সাল থেকে প্রতি বছর অন্তর অবাধ প্রাপ্তবয়স্ক ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে পঞ্চায়েতগুলিতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়ে চলেছে। পঞ্চায়েতগুলির উপর দায়-দায়িত্ব বিশেষ করে গ্রামীণ উন্নয়ন সম্পর্কিত কাজকর্ম ক্রমেই বেড়েছে। ১৯৭৮ সাল থেকে শুরু করে পঞ্চায়েতগুলি সাফল্যের সঙ্গে কখনও প্রত্যক্ষভাবে আবার কখনও সক্রিয় সাহায্যের মাধ্যমে যেসব কর্মসূচিগুলি রূপায়ণ করে চলেছে সেগুলি হোল—ভূমি সংস্কার, গ্রামীণ উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, গ্রামীণ জল সরবরাহ, স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃজন, গ্রামীণ আবাসন, ত্রাণ ও সমাজ কল্যাণ, ক্ষুদ্র সেচ, সামাজিক বনসৃজন, গণশিক্ষা, কৃষি, মৎস্য চাষ ইত্যাদি। এ সব কর্মসূচি রূপায়ণের সময় সমাজের দুর্বল শ্রেণীর কল্যাণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

৫. আমি মাননীয় সদস্যদের অনুমতি নিয়ে পুনরায় উল্লেখ করছি যে, এ রাজ্যে পঞ্চায়েতের নিয়মিত নির্বাচনের অনন্য বৈশিষ্ট্য ও পঞ্চায়েত ব্যবস্থার সমৃদ্ধিশালী ঐতিহ্য এ রাজ্যকে অন্যান্য রাজ্যের তুলনায় এক স্বাতন্ত্র্য এনে দিয়েছে। নিয়মিত নির্বাচন গ্রামীণ জনগণের মধ্যে রাজনৈতিক চেতনার সৃষ্টি করেছে। পঞ্চায়েতের মাধ্যমে অনেক নির্বাচিত প্রতিনিধি তাদের কাজকর্ম ও অভিজ্ঞতার আলোকে অধিকতর দায়িত্বপূর্ণ কাজে নিয়োজিত হবার অবস্থায়

উত্তীর্ণ হয়েছেন। পঞ্চায়েত নির্বাচনের আর একটি লক্ষ্যণীয় বৈশিষ্ট্য হোল এতে জনগণের ব্যাপক অংশগ্রহণ যেটি নির্বাচক ও রাজনৈতিক দলগুলির কাছে পঞ্চায়েত ব্যবস্থার সার্বিক গ্রহণযোগ্যতাই সূচিত করে। স্বশাসিত সংস্থা হিসাবে এ রাজ্যের পঞ্চায়েতগুলি রাজ্য প্রশাসনের অপরিহার্য অঙ্গরূপে নিজেদের দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করেছে।

৬. পঞ্চায়েতকে অধিকতর কার্যকর ও দায়িত্বশীল করে তোলার লক্ষ্যে ১৯৭৩ সালের পঞ্চায়েত আইনের বেশ কিছু সংশোধন করা হয়েছে। সর্বশেষ সংশোধনটি হয় ১৯৯৫ সালে—যার দ্বারা পঞ্চায়েতের দায়িত্বসমূহকে আরও সুনির্দিষ্ট করা হয়েছে, পঞ্চায়েত প্রতিনিধি ও পদাধিকারিদের দায়বদ্ধতা বৃদ্ধি পেয়েছে এবং পঞ্চায়েতগুলির ক্ষমতা ও কাজগুলির বহুলাংশে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। এছাড়াও গ্রাম নির্বাচনক্ষেত্রের নির্বাচকদের নিয়ে গঠিত গ্রামসভা গ্রাম সংসদের সভা আহ্বান বাধ্যতামূলক করা হয়েছে। পঞ্চায়েতের কাজ, আর্থিক শৃংখলা বজায় রাখতে জেলা পরিষদগুলিতে বৃহত্তম বিরোধী দলের নেতার সভাপতিত্বে ডিস্ট্রিক্ট কাউন্সিল বা জেলা সংসদ গঠন করা হয়েছে। সংশোধিত নয়া বিধি নিয়মের ফলে গ্রামীণ উন্নয়নের দিক নির্ণয়ের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালনের মাধ্যমে পঞ্চায়েতগুলির গুরুত্ব ও কর্মপরিধি আরও বিস্তৃত হয়েছে এবং গ্রামীণ এলাকায় তৃণমূল স্তরে গণতন্ত্রের ভিত্ সুদৃঢ় করতে পঞ্চায়েতগুলি আগের থেকে অনেক বেশি কর্মদক্ষতা অর্জন করেছে।

৭. পূর্বোল্লিখিত তথ্যাদিসমৃদ্ধ সাধারণ প্রেক্ষাপটে আমি এখন পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের পরিকল্পনা, কর্মসূচি ও কার্য সম্পাদনের সংক্ষিপ্ত বিবরণ পেশ করতে চাইছি।

৮. মাননীয় সদস্যগণ সম্ভবত অবহিত আছেন যে ভারত সরকারের গ্রামীণ ক্ষেত্র ও কর্মসংস্থান মন্ত্রক ১৯৯৫ সালের ১৫ই আগস্ট থেকে জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচি (এন. এস. এ. পি.) নামে একটি প্রকল্প চালু করেছেন। এই প্রকল্পে দরিদ্র জনসাধারণের কয়েকটি শ্রেণীকে কিছু আর্থিক সুবিধা দেওয়ার কথা বলা হয়েছে। এই কর্মসূচি তিনটি ভাগে বিভক্ত। সেগুলি হল ঃ (ক) জাতীয় বার্ধক্যভাতা প্রকল্প (এন. ও. এ. পি. এস.) ; (খ) জাতীয় পরিবার সহায়তা প্রকল্প (এন. এফ. বি. এস. ; (গ) জাতীয় মাতৃত্বকালীন সহায়তা প্রকল্প (এন. এম. বি. এস.)। জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পে ৬৫ বছর বা তার বেশি বয়সের দুঃস্থ ব্যক্তিরা মাসিক ১০০ টাকা হারে ভাতা পাবেন। ঐ টাকার মধ্যে ২৫ রাজ্য সরকারের বরাদ্দকৃত অনুপূরক অনুদান। ১৯৯৫-৯৬ সালে এই বাবদ রাজ্য সরকার দিয়েছেন ৩ কোটি ১৩ লক্ষ ২০ হাজার টাকা—যার মুখ্যখাত হল "২২৩৫-সোশ্যাল সিকিউরিটি অ্যান্ড ওয়েলফেয়ার (সোশ্যাল ওয়েলফেয়ার)-৬০-আদার সোশ্যাল সিকিউরিটি স্কীমস্ স্টেট প্ল্যান (অ্যানুয়াল প্ল্যান অ্যণ্ড এইট্ প্ল্যান)-গ্র্যান্ট-ইন-এড/কনট্রিবিউশনস্"। জাতীয় পরিবার সহায়তা প্রকল্পে দারিদ্রসীমার নিচে আছে এমন পরিবারের মূল উপার্জনকারির স্বাভাবিক মৃত্যু হলে পরিবারটি এককালীন ৫ হাজার টাকা এবং দুর্ঘটনায় মৃত্যু হলে এককালীন ১০ হাজার টাকা সাহায্য পাবেন। জাতীয় মাতৃত্বকালীন সহায়তা প্রকল্পে দারিদ্রসীমার নিচে আছে এমন পরিবারের ১৯ বছরের বেশি বয়সের মহিলাকে দুটি জীবিত সন্তানের মা হওয়া পর্যন্ত প্রতিবার গর্ভধারণকালে ৩০০ টাকা হিসাবে এককালীন সাহায্য দেওয়া হয়। শেষোক্ত প্রকল্পটির রূপায়ণের জন্য চলতি আর্থিক বছরে রাজ্য সরকারের দেয় অনুপূরক অংশ হিসাবে ৯ কোটি

টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব সমাজকল্যাণ বিভাগের ৪২ সংখ্যক অভিযাচনের অধীন ব্যয়-বরাদ্দের দাবিতে অন্তর্ভুক্ত হয়েছে।

৯. ৫৯ নং অভিযাচনের প্রস্তাবিত ব্যয়বরাদ্দ মোট ৪৭ কোটি ৪৩ লক্ষ ৭৫ হাজার টাকার মধ্যে ৪৪ কোটি ৭৩ লক্ষ ৭৫ হাজার টাকা সার্বিক গ্রামোন্নয়ন কর্মসূচি আই. আর. ডি. পি.) এবং সংশ্লিষ্ট গ্রামীণ যুবগোষ্ঠীর স্বনির্ভরতা প্রশিক্ষণ কর্মসূচি (ট্রাইসেম) ছাড়াও গ্রামীণ এলাকার মহিলা এবং শিশুদের জন্য উন্নয়ন কর্মসূচি (ডি. ডব্লু. সি. আর. এ.) রূপায়ণের জন্য প্রস্তাব করা হয়েছে। বাকি অর্থ প্রস্তাবিত হয়েছে খরাপ্রবণ অঞ্চল উন্নয়নের কর্মসূচির (ডি. পি. এ. পি.) জন্য।

৯.১. সার্বিক গ্রামোন্নয়ন কর্মসূচি এ রাজ্যে ১৯৭৮-৭৯ সালে কয়েকটি ব্লকে প্রথম চালু করা হয় এবং ১৯৮০-৮১ সাল থেকে রাজ্যের সমস্ত ব্লকেই এই কর্মসূচি নেওয়া হয়। ষষ্ঠ যোজনাকালে এই কর্ম্মসূচিতে কাজের গতি বৃদ্ধি পায় এবং সপ্তম ও অষ্টম যোজনাকালেও এই ধারা অব্যাহত অছে। জেলা গ্রামোন্নয়ন সংস্থার (ডি. আর. ডি. এ.) সর্বাঙ্গীণ তত্ত্বাবধানে পঞ্চায়েতের মাধ্যমে এই কর্মসূচি রূপায়িত হয়। রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার উভয়েই এই কর্ম্মসূচির ব্যয়ভার সমহারে বহন করেন। এই কর্মসূচির লক্ষ্য হল দারিদ্রসীমার নিচে থাকা পরিবারগুলিকে সরকারি অনুদান ও ব্যাঙ্ক ঋণের সাহায্যে অর্থকরি প্রকল্প দিয়ে সহায়তা করা যাতে বর্ধিত আয়ের সাহায্যে পরিবারগুলি দারিদ্র্যসীমার উপরে উঠে আসতে পারেন। বর্তমানে দারিদ্রসীমা ধরা হয় পারিবারিক বার্ষিক আয় ১১ হাজার টাকা পর্যন্ত। তবে কর্মসূচি রূপায়ণকালে এই আয়ভুক্ত পরিবারগুলির মধ্যে যারা তুলনামূলকভাবে নিচের দিকে আছেন তাদেরই সাধারণত অগ্রাধিকার দেওয়া হয়।

৯.২. ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত এ রাজ্যের ৩০ লক্ষ ৮৪ হাজার লক্ষ্যভুক্ত পরিবার আই. আর. ডি. পি.-র আর্থিক সাহায্য পায়। এই আর্থিক সাহায্যের মোট পরিমাণ ১,৬০০ কোটি ৫৬ লক্ষ টাকা যার মধ্যে আর্থিক সহায়তার পরিমাণ ৫৭৯ কোটি ৫৭ লক্ষ টাকা এবং ব্যাঙ্ক ঋণের পরিমাণ ১,০২০ কোটি ৯৯ লক্ষ টাকা। পঞ্চম যোজনাকালে পরিবার পিছু আর্থিক সাহায্যের পরিমাণ ছিল ১ হাজার ৯৫৫ টাকা, তা বেড়ে ১৯৯৫-৯৬ সালে হয়েছে ৯ হাজার ৪৫৫ টাকা।

৯.৩. বিগত আর্থিক বছরে (১৯৯৫-৯৬) আই. আর. ডি. পি-র সহায়তা প্রাপকদের লক্ষ্যমাত্রা ছিল ১,৪৯,২৪০টি পরিবার। ঐ বছরে সহায়তা প্রাপকদের সংখ্যা দাঁড়িয়েছে ১,৬১,৭২৪টি পরিবার যা লক্ষ্যমাত্রা ১০৮.৩৭ শতাংশ। ঐ বছরে আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ৭৪ কোটি ৭২ লক্ষ ২০ হাজার টাকা এবং ব্যয় হয়েছে ৬৬ কোটি ৯৩ লক্ষ ৯৯ হাজার টাকা যেটি লক্ষ্যমাত্রার ৮৯.৫৯ শতাংশ। সহায়তা প্রাপক পরিবারগুলির মধ্যে তফসিলি জাতি ও উপজাতিভুক্ত পরিবার ৪০.৪৪ শতাংশ এবং উপকৃতদের মধ্যে মহিলারা ৩৮.৭২ শতাংশ। উক্ত বছরে মোট আর্থিক সহায়তা বা ভর্তুকির পরিমাণ ৫৮ কোটি ১৮ লক্ষ টাকা এবং ব্যাঙ্ক ঋণের পরিমাণ ৯৪ কোটি ৭৩ লক্ষ টাকা। দারিদ্র্যসীমার নিচের পরিবারগুলি ঐ বছরের মোট ১৫২ কোটি ৯২ লক্ষ টাকা পেয়েছেন।

৯.৪. আই. আর. ডি. পি'র সার্বিক অগ্রগতি আরও বেশি লক্ষ্যণীয় হত যদি ব্যাঙ্ক ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ সালের সমস্ত অনুমোদিত প্রকল্পের আর্থিক সাহায্য প্রদান করতে

সক্ষম হোত। দেখা যাচ্ছে ১-৪-৯৫ তারিখে, ১,১৮,৫৯৯টি মঞ্জুরীকৃত ব্যাঙ্কের তরফে আর্থিক সাহায্য প্রদান বাকি আছে। ১৯৯৫-৯৬ সালে মোট ১,৩৭,৩৪৫টি প্রকল্প মঞ্জুর হয় এবং মোট ২,৫৫৯৪৪টি প্রকল্প আর্থিক সাহায্য বিতরণের পর্যায়ে আছে। বিগত আর্থিক বছরে ব্যাঙ্কগুলি মাত্র ১,৬৯,৪২৪টি প্রকল্পে আর্থিক সাহায্য দিয়েছে এবং মোট ৮৬,৭১৮টি মঞ্জুরীকৃত প্রকল্প ব্যাঙ্ক কর্তৃক সাহায্য প্রদানের জন্য অপেক্ষা করছে।

৯.৫. চলতি আর্থিক বছরে আই. আর. ডি. পি.-তে সাহায্যভুক্ত পরিবারের লক্ষ্যমাত্রা কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী স্থির করা হয়নি। এখন থেকে শুধুমাত্র আর্থিক লক্ষ্যমাত্রা স্থির করা হবে। এ রাজ্যের জন্য ঐ লক্ষ্যমাত্রা মোট ৭৪ কোটি ৭৮ লক্ষ টাকা স্থির করা হয়েছে। ১৯৯৬ সালের এপ্রিল মাসে ৭,০৭০টি পরিবার এই প্রকল্পে ৩ কোটি ১৪ লক্ষ ১৩ হাজার টাকা আর্থিক সাহায্য পেয়েছেন।

৯.৬. "গ্রামীণ-যুবকদের স্বনিযুক্তির জন্য প্রশিক্ষণ" বা 'ট্রাইসেম' সুসংহত গ্রামীণ বিকাশ কার্যক্রমের সহযোগী কার্যক্রম হিসাবে এই রাজ্যে সাফল্যের সঙ্গে রূপায়িত হয়ে আসছে। এই কার্যসূচি চালু হওয়ার পর থেকে গত মার্চ পর্যন্ত মোট ১,৮৬,৭৩১ জন যুবক-যুবতীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ঐ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা স্থির হয় ২৩,৭০৪ জন। প্রশিক্ষণ পেয়েছেন ২২,৫৫৭ জন—যেটি লক্ষ্যমাত্রার ৯৫.১৬ শতাংশ। ঐ বছরে আর্থিক লক্ষ্যমাত্রা ছিল ৬ কোটি ১৩ লক্ষ ৮৪ হাজার টাকা এবং মোট ব্যয়ের পরিমাণ ৬ কোটি ৪৪ লক্ষ ৯৭ হাজার টাকা—যেটি লক্ষ্যমাত্রার ১০৫.০৭ শতাংশ। প্রশিক্ষণ প্রাপকদের মধ্যে মহিলারা হল ৪৫ শতাংশ এবং তফসিলি জাতি/উপজাতির সংখ্যা ৩১ শতাংশ। ট্রাইসেম কার্যসূচির আওতায় আরও বেশি সংখ্যক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ পরিকাঠামো উন্নয়নের প্রচেষ্টা করা হচ্ছে। এই বাবদে ১৯৯৫-৯৬ সালে মোট ২৩ লক্ষ ৫০ হাজার টাকা খরচ করা হয়েছে।

৯.৭. ট্রাইসেম কার্যসূচিতে এ বছর আর্থিক লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৬ কোটি ১৪ লক্ষ টাকা এবং প্রশিক্ষণ প্রাপকদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২১,৪৮৫ জন যুবক-যুবতী।

৯.৮. গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় সরকারের প্রবর্তিত প্রকল্প (আই. আর. ডি. পি'র আওতাধীন বিশেষ প্রকল্প হিসাবে) "গ্রামীণ এলাকার মহিলা ও শিশু বিকাশ" বা "ডোয়াক্রা" প্রকল্প শুরু করা হয়। ঐ বছরে প্রকল্পটি শুধুমাত্র বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় চালু করা হয়। ১৯৯৪-৯৫ সালে এ রাজ্যের সব জেলাগুলিতেই এই প্রকল্পের কাজ শুরু হয়। শুরু থেকে এই রাজ্যে এ পর্যন্ত মহিলাদের ৩,৯৮৪টি দল গঠন করা হয়—যার মধ্যে ১৯৯৫-৯৬ সালে গঠিত হয়েছে ৮৮৮টি দল।

৯.৯. ৫৯নং অভিযাচনের অধীনে খরাপ্রবণ অঞ্চল উন্নয়নের (ডি. পি. এ. পি.) জন্য মোট ২ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাব আছে। কর্মসূচিটি কৃষি বিভাগের নিয়ন্ত্রাধীন হলেও জেলা গ্রামোন্নয়ন সংস্থার মাধ্যমে রূপায়িত হয়। বর্তমানে এই কর্মসূচি এ রাজ্যে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, ও বীরভূম জেলায় ৩৬টি ব্লকে চালু আছে। কর্মসূচিটির মূল উদ্দেশ্য হোল খরাপ্রবণ এলাকায় প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে কৃষির উৎপাদন বৃদ্ধি ও সেই সঙ্গে পশ্চাপদ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী তথা তফসিলি জাতি ও উপজাতিভুক্ত মানুষের

আয় ও কর্মসংস্থান বৃদ্ধি। এটি একটি কেন্দ্রীয় সরকারের সাহায্যপুষ্ট কর্মসূচি এবং মোট ব্যয় রাজ্য ও কেন্দ্র সমহারে বহন করেন। বর্তমানে এই কর্মসূচির মাধ্যমে জল-বিভাজিকার উন্নয়নের কাজ চলছে—ছোট ছোট জলবিভাজিকার আওতাধীন এলাকায় প্রাকৃতিক উৎসগুলির সুসংহত উন্নয়ন পরিকল্পনা তৈরি করা এই কর্মসূচির অন্তর্ভুক্ত। পরিকল্পনাগুলি রূপায়ণের ভার এলাকার বসবাস কারিরাই নিয়েছেন। স্থানীয় জনগণের সক্ষমতা বৃদ্ধি এবং তাদের সংগঠিত করার উপরই জোর দেওয়া হয়েছে যাতে তারাই এ ধরনের পরিকল্পনা রচনা ও রূপায়ণ পঞ্চায়েতের সার্বিক তত্ত্বাবধানে সাফল্যের সঙ্গে করতে পারেন।

১০.০. ৬০ নং অভিযাচনের অধীন ৩৬৯ কোটি ৫৩ লক্ষ ৮৯ হাজার টাকা ব্যয়বরাদ্দের প্রস্তাবের মধ্যে ১১৬ কোটি ১৯ লক্ষ ২৪ হাজার টাকা ধরা হয়েছে রাজ্য পরিকল্পনা খাতে—যার মধ্যে জওহর রোজগার যোজনা ও কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্পের জন্য রাজ্যের দেয় অংশের পরিমাণ ৯৭ কোটি ৯০ লক্ষ টাকা এবং জিলা পরিকল্পনার জন্য ১৮ কোটি ২৯ লক্ষ ২৪ হাজার টাকা।

১০.১. মাননীয় সদস্যগণ জ্ঞাত আছেন যে জওহর রোজগার যোজনা (জে. আর. ওয়াই) ১৯৮৯ সালের ১লা এপ্রিল থেকে চালু হয়েছে। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরে পূর্বতন দুটি গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি—এন. আর. ই. পি. ও আর. এল. ই. জি. পি.'কে একত্রীভূত করে চালু করা হয়েছে। তখন থেকে জওহর রোজগার যোজনা কেন্দ্রীয় সাহায্যপুষ্ট কর্মসূচি হিসাবে সমগ্র ব্যয়ভার কেন্দ্র ও রাজ্য ৮০ ঃ ২০ অনুপাতে বহন করে চলেছেন।

১০.২. ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত জওহর রোজগার যোজনা (প্রথম ধারা) কর্মসূচিতে ব্যয় হয়েছে মোট ১২১৪ কোটি ৩২ লক্ষ টাকা। পূর্বতন এন আর ই পি ও আর এল ই জি পি কর্মসূচিতে অব্যয়িত মজুত ৬৯ কোটি ৭৩ লক্ষ টাকা প্রারম্ভিক স্থিতি হিসাবে জওহর রোজগার যোজনায় পাওয়া যায়। ১৯৯৪-৯৫ সালে এই কর্মসূচিতে ৩০৭৯.৮৯ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়।

১০.৩. শুধুমাত্র ১৯৯৪-৯৫ সালে উপরোক্ত কর্মসূচিতে ২৫০ কোটি ৮৫ লক্ষ ৪৬ হাজার টাকা খরচ হয়েছে এবং ৪৮৯.৩৭ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। আগের বছর এই খরচ ছিল ২৪১ কোটি ৫১ লক্ষ ৫৫ হাজার টাকা। উক্ত শ্রমদিবসের মধ্যে ৩১১.৮০ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে ভূমিহীনদের জন্য এবং ১২৭.৫০ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে মহিলাদের জন্য মোট সৃষ্ট শ্রমদিবসে ৩৫.৩৬ শতাংশ তফসিল জাতি, ১৩.৭৮ শতাংশ তফসিল উপজাতি এবং ২৬.০৫ শতাংশ মহিলাদের মধ্যে বণ্টিত হয়েছে।

১০.৪. ১৯৯৫-৯৬ সালে উক্ত কর্মসূচিতে ব্যয় হয়েছে মোট ২৬১ কোটি ৬৬ লক্ষ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে মোট ৩৬৬.৬৯ লক্ষ।

১০.৫. ভারত সরকার ১৯৯৩-৯৪ সাল থেকে দেশের ১২০টি জেলায় কর্মসংস্থান সৃষ্টি জোরদার করার সিদ্ধান্ত নেন এবং এই উদ্দেশ্যে জওহর রোজগার যোজনার দ্বিতীয় ধারা শুরু করা হয়।

১০.৬. আমাদের রাজ্যে দ্বিতীয় ধারার জওহর রোজগার যোজনা যে ৬টি জেলায় শুরু হয়েছে সেগুলি হল পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান, কুচবিহার ও বীরভূম। এই প্রকল্পে

১৯৯৪-৯৫ সালে ব্যয় হয়েছে ৫০ কোটি ৭৬ লক্ষ ২৯ হাজার টাকা এবং ৯১.৪৫ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। ১৯৯৫-৯৬ সালের মার্চ মাস পর্যন্ত খরচ হয়েছে ৪৩ কোটি ৭৮ লক্ষ ৩১ হাজার টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৪৩.৪৭ লক্ষ। সৃষ্ট শ্রমদিবসের ৪১.৩৫ শতাংশ তফসিলি জাতি, ১৬.২৬ শতাংশ তফসিলি উপজাতি এবং ২৭.৬৫ শতাংশ মহিলাদের মধ্যে বণ্টিত হয়েছে। ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ১.১.৯৬ তারিখ থেকে এই প্রকল্প কর্মসংস্থান সুনিশ্চিত প্রকল্পের অঙ্গীভূত হয়েছে।

১০.৭. ১৯৯৪-৯৫ সাল থেকে সুন্দরবন এলাকায় উত্তর ও দক্ষিণ ২৪-পরগনার নদীসংকুল ব্লকগুলিতে অগ্রণী প্রকল্প হিসাবে জওহর রোজগার যোজনাধীন একটি বিশেষ সৃজনশীল প্রকল্প গ্রহণ করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালের ব্যয়বরাদ্দ ৭ কোটি ৫০ লক্ষ টাকার মধ্যে ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত মোট খরচের পরিমাণ ৬ কোটি ৯০ লক্ষ ৬৯ হাজার টাকা এবং মোট ৮.৪৮ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। সৃষ্ট শ্রমদিবসের ২৫.৬৮ শতাংশ তফসিলি জাতি, ৫.৬৮ শতাংশ তফসিলি উপজাতি এবং ২১.০৭ শতাংশ মহিলাদের মধ্যে বণ্টিত হয়েছে।

১০.৮ ইন্দিরা আবাস যোজনা এবং মিলিয়ন ওয়েল স্কীম দুটি আগে জওহর রোজগার যোজনার দুটি উপ-প্রকল্প হিসাবে বিবেচিত হত। ১৯৯৬-৯৭ সাল থেকে ভারত সরকার ঐ দুটি প্রকল্পকে পৃথক প্রকল্প বলে ঘোষণা করেছেন। বিগত বছরে ঐ দুটি প্রকল্পে প্রশংসনীয় অগ্রগতি হয়েছে। ঐ বছরে রাজ্য সরকার নির্ধারিত লক্ষ্যমাত্রা ছিল ৩২,৬৭৪টি গৃহ নির্মাণ। বস্তুতপক্ষে ঐ সময়ে গৃহ নির্মাণ হয়েছে ৩৪,৩০০টি। মিলিয়ন ওয়েল স্কীমে যে সব কাজ হয়েছে সেগুলি হোল—কূয়া নির্মাণ ২৪০২টি, খাল খনন ২৮১১ কিলোমিটার, সেচ-পুষ্করিনী ২১৮১টি, জোড়বাঁধ ১০৮৪টি।

১০.৯. ১৯৯৩ সালের ২রা অক্টোবর থেকে নির্বাচিত কয়েকটি ব্লকে বাড়তি মজুরি দেবার উদ্দেশ্য নিয়েই "কর্মসংস্থান নিশ্চিতকরণ" প্রকল্প (ই. এ. এস.) চালু করা হয়। বর্তমানে এই প্রকল্প হাওড়া ও নদীয়া বাদে রাজ্যের ১৫টি জেলার ২১৩টি ব্লকে চালু আছে যেগুলিকে পুনর্বিন্যস্ত গণবণ্টন ব্যবস্থার আওতায় আনা হয়েছে।

১০.১০.ভারত সরকারের গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের অধীন 'পতিত জমি উন্নয়ন' নামে একটি নতুন দপ্তর সৃষ্টি করা হয়েছে। রাজ্য পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তর বনাঞ্চল ব্যতীত অন্যান্য পতিত জমির উন্নয়নের জন্য 'সুসংহত পতিত জমি উন্নয়ন' প্রকল্পের জন্য 'গ্রন্থিক দপ্তর' হিসাবে নির্বাচিত হয়েছে। ১৯৯২-৯৩ সালে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় এই ধরনের দুটি প্রকল্প, ১৯৯৩-৯৪ সালে বাঁকুড়া, পুরুলিয়া জেলায় ও দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ এলাকায় তিনটি প্রকল্প ভারত সরকার অনুমোদন করেন। এই প্রকল্পগুলির আর্থিক ব্যয়ভার পুরোটাই কেন্দ্রীয় সরকার বহন করে থাকেন। কেন্দ্রীয় সরকার এইসব প্রকল্পগুলির জন্য ১৯৯২-৯৩ সালে ৫৫ লক্ষ ৬৭ হাজার টাকা, ১৯৯৩-৯৪ সালে ২ কোটি ২৪ লক্ষ ৮২ হাজার টাকা, ১৯৯৪-৯৫ সালে ১ কোটি ৪০ লক্ষ টাকা, ১৯৯৫-৯৬ সালে ৩ কোটি ১২ লক্ষ টাকা দেন।

১১.০. ১৯৯৬-৯৭ আর্থিক বছরে জেলা পরিকল্পনাধীন প্রকল্প রূপায়ণের জন্য রাজ্যের উন্নয়ন ও পরিকল্পনা দপ্তর ৬০ নং অভিযাচনের অধীনে মোট ১৮ কোটি ২৯ লক্ষ ২৪ হাজার টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখেছেন।

১১.১. ১৯৮৫-৮৬ সাল থেকে এ-রাজ্যে জেলা স্তরে পরিকল্পনা তৈরির কাজ শুরু হয়েছে। এর মূল উদ্দেশ্য পরিকল্পনার অন্তর্গত বিভিন্ন প্রকল্প রচনা ও রূপায়ণের কাজের বিকেন্দ্রীকরণ এবং ঐ কাজের ধারার সঙ্গে সাধারণ মানুষকে যুক্ত করা। জেলা স্তরে পরিকল্পনা রূপায়ণের জন্য বিভিন্নভাবে টাকা পাওয়া যায়—যেমন, বিভিন্ন সরকারি বিভাগের বাজেট বরাদ্দ, আই. আর. ডি. পি. জওহর রোজগার যোজনা ইত্যাদি। উপরিউক্ত সূত্রগুলি থেকে প্রাপ্ত অর্থ ও প্রয়োজনীয় অর্থের মধ্যে যে ঘাটতি থাকে সেটি পূরণের জন্য জেলাভিত্তিক পরিকল্পনা তহবিল বিশেষভাবে সৃষ্টি করা হয়েছে। এটি একটি মুক্ত (United) তহবিল। উপরোক্ত ১৮ কোটি ২৯ লক্ষ ২৪ হাজার টাকার ব্যয়বরাদ্দ হোল বিভিন্ন দপ্তরের বাজেটের অতিরিক্ত ব্যবস্থা যেটি "ডিস্ট্রিক্ট প্লান স্কীম ফাণ্ড" নামক বিশেষ তহবিলরূপে রাখা হবে।

১২. ১৯৯৩-৯৪ সাল থেকে এই দপ্তর ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচিত প্রতিনিধি ও পদাধিকারিদের প্রশিক্ষণের ওপর বিশেষ জোর দিয়েছে। লক্ষ্যভুক্ত প্রশিক্ষণার্থীদের প্রয়োজনের বিভিন্নতা বিবেচনা করে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নির্বাচিত মহিলা প্রতিনিধিদের জন্য কল্যাণীতে অবস্থিত পূর্বতন রাজ্য পঞ্চায়েত সংস্থাতে (S.I.P.) স্বতন্ত্র প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করা হয়। এপর্যন্ত ৭৬ হাজার জনেরও বেশি নির্বাচিত প্রতিনিধি ও পদাধিকারী ও ১২৯২ জন প্রশিক্ষক উল্লেখিত সংস্থায় প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছেন। প্রশিক্ষকগণ জেলা স্তরে প্রশিক্ষণের কাজে নিয়োজিত হচ্ছেন।

১৩. মাননীয় সদস্যগণ সম্ভবত অবহিত আছেন যে সংবিধানের ২৮০ ধারা অনুসারে কেন্দ্রীয় সরকার দ্বারা গঠিত দশম অর্থ কমিশনকে পঞ্চায়েতগুলির আর্থিক অবস্থার মূল্যায়ন ও তাদের আর্থিক সঙ্গতির উন্নতিবিধানকল্পে সুপারিশ করার দায়িত্ব অর্পণ করা হয়। এই কমিশন পঞ্চায়েতসহ স্থানীয় প্রতিষ্ঠানসমূহের আর্থিক সঙ্গতির অনুপূরক ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্যগুলির আর্থিক সংস্থান বাড়ানোর উদ্দেশ্যে রাজ্যগুলিকে তদর্থক অনুদান মঞ্জুর করার সুপারিশ করেন। এ-রাজ্যে পঞ্চায়েতগুলির জন্য এই অনুদানের মোট পরিমাণ ৩৩৩ কোটি ৪৫ লক্ষ টাকা। এই টাকা ১৯৯৬-৯৭ আর্থিক বছর থেকে ৪টি বাৎসরিক কিস্তিতে পাওয়া যাবে। পঞ্চায়েতগুলিকে রাজ্য সরকারের প্রদত্ত অর্থের অতিরিক্ত হিসাবে এই অনুদান দিতে হবে। উক্ত কমিশন এই অনুদান সদ্ব্যবহারের জন্য উপযুক্ত প্রকল্প তৈরি করতে এবং সেই সঙ্গে স্থানীয় প্রতিষ্ঠানগুলিকে নিজস্ব উদ্যোগে অর্থ সংগ্রহের সুপারিশ করেছেন। পঞ্চায়েত সংস্থাগুলিকে সেই অনুসারে পরিকাঠামো উন্নয়ন এবং জনগণের কল্যাণ, প্রয়োজন ও আকাঙ্খার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রকল্প রচনার নির্দেশ দেওয়া হয়েছে।

১৪. ১৯৯৫-৯৬ সালে সংশোধিত ব্যয় বরাদ্দের প্রস্তাব পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন অধিকার এবং জেলা, মহকুমা ও ব্লক স্তরে সমস্ত কর্মচারী ও পঞ্চায়েত সংস্থাগুলির প্রশাসনিক খরচ ধরা হয়েছিল ৯৯ কোটি ৩ লক্ষ ৭৫ হাজার টাকা। ১৯৯৬-৯৭ সালে উক্ত বিষয়ে ১০৯ কোটি ৩৫ লক্ষ ৯০ হাজার টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১৫.০. ১৯৯৬-৯৭ আর্থিক বছরে পরিকল্পনা খাতে দশম অর্থ কমিশনের সুপারিশকৃত ৮৩ কোটি ৩৬ লক্ষ টাকা সহ মোট ৮৮ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে সংশোধিত যোজনাখাতে ব্যয় বরাদ্দের পরিমাণ ছিল ৩ কোটি ৭২ লক্ষ টাকা।

১৬.০. ১৯৯৬-৯৭ আর্থিক বছরের জন্য প্রস্তাবিত পরিকল্পনার প্রশিক্ষণ কর্মসূচি ছাড়াও ৬০ লক্ষ টাকা ধার্য আছে—পঞ্চায়েতের প্রশাসনিককাঠামোকে জোরদার করার জন্য এবং ১১০, লক্ষ টাকা ধার্য আছে পঞ্চায়েত ঘর নির্মাণ ও পরিবর্ধনের জন্য। এ ছাড়াও ১৪৫ লক্ষ টাকা ধার্য আছে পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ ভবন নির্মাণ পরিবর্ধনের জন্য পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলিকে তাদের বাৎসরিক সাফল্যের ভিত্তিতে উৎসাহব্যঞ্জক অনুদান দেওয়ার জন্য ১৩০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। তাছাড়া পঞ্চায়েতের কাজকর্ম সংক্রান্ত তথ্যাদি প্রচার, মূল্যায়ন ও বিশ্লেষণের উদ্দেশ্যে ৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। ১৯৯৬-৯৭ আর্থিক বছরে পঞ্চায়েত বিভাগের পরিকল্পনা খাতে উপরোক্ত ব্যয় বরাদ্দের অতিরিক্ত ৩২৫ লক্ষ টাকা বিকেন্দ্রীকৃত সম্পদ সংযোজন খাতে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। এই বাজেট বরাদ্দ থেকে বিভিন্ন ধরনের কর আদায়ে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অতিক্রমকারী পঞ্চায়েতগুলিকে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে জেলার মাধ্যমে অনুদান দেওয়া হয়ে থাকে।

১৭.০. ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ৬৩ নং অভিযাচনের অধীনে মোট ৫৬ কোটি ৮৪ লক্ষ ৫০ হাজার ('২৫১৫' খাতে ৫৫ কোটি ৯৯ লক্ষ ৫০ হাজার টাকা, '৪৫১৫' খাতে ৬৬ লক্ষ টাকা, '৬৫১৫' খাতে ১৯ লক্ষ টাকা একত্রে) ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে—যার মধ্যে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের সমষ্টি উন্নয়ন শাখার বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির জন্য ৫১ কোটি ৭৭ লক্ষ ৭৪ হাজার টাকা অন্তর্ভুক্ত আছে।

১৭.১. সমষ্টি উন্নয়ন শাখার ১৯৯৬-৯৭ আর্থিক বছরের ব্যয়বরাদ্দের প্রধানত ব্লক উন্নয়ন আধিকারিকদের প্রশাসনিক, ব্যয় ধরা আছে। এই ব্যয়বরাদ্দের মধ্যে ৬৫,০০,০০০.০০ লক্ষ টাকা ব্লক প্রশাসনিক ভবনের নির্মাণ, ৪৮,০০,০০০.০০ লক্ষ টাকা ব্লক উন্নয়ন আধিকারিকের জন্য গাড়ি ক্রয় এবং ৫,০০,০০০.০০ লক্ষ টাকা কল্যাণীস্থ রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা শক্তিশালী করার উদ্দেশ্যে ধরা আছে।

১৭.২. পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের উল্লেখিত প্রকল্পসমূহ ছাড়াও মৎস্য দপ্তর, কৃষি দপ্তর, প্রাণী সম্পদ বিকাশ দপ্তর এবং স্বাস্থ্য ও পরিকল্পনা দপ্তরের বিভিন্ন সমষ্টি উন্নয়নের কর্মসূচি রূপায়নের জন্য ৬৩ নং অভিযাচনের অধীনে মোট ৫ কোটি ৬ লক্ষ ৭৬ হাজার টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১৮. এই বক্তব্য রেখে আমি নিম্নলিখিত প্রস্তাবিত ব্যয়বরাদ্দের সকল দাবি মঞ্জুর করার জন্য এই সভাকে অনুরোধ জানাচ্ছি ঃ

**৫৯ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ '২৫০১—স্পেসাল প্রোগ্রাম ফর রুর‍্যাল ডেভেলপমেন্ট'—৪৭ কোটি ৪৩ লক্ষ ৭৫ হাজার টাকা মাত্র।

**৬০ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ '২৫০৫—রুর‍্যাল এমপ্লয়মেন্ট'—৩৬৯ কোটি ৫৩ লক্ষ ৮৯ হাজার টাকা মাত্র।

**৬২ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ '২৫১৫—আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম্‌স (পঞ্চায়েতীরাজ)'

'৩৬০৪—কমপেনশেসন্‌ অ্যাণ্ড অ্যাসাইনমেন্টস টু লোকাল বডিস অ্যাণ্ড পঞ্চায়েতীরাজ ইনস্টিটিউশন (পঞ্চায়েতীরাজ) ৬৫১৫—লোনস্‌ ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস্‌ (পঞ্চায়েতীরাজ)'—২০৩ কোটি ৯৭ লক্ষ ২ হাজার টাকা মাত্র।

**৬৩ নং অভিযাচন**

মুখ্যখাত ঃ ২৫১৫—আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস্‌ (কমিউনিটি ডেভেলপমেন্ট)'

'৪৫১৫—ক্যাপিটাল আউটলে অন আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস্‌ (কমিউনিটি ডেভেলপমেন্ট)'

'৬৫১৫—লোনস্‌ ফর আদার রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামস্‌ (কমিউনিটি ডেভেলপমেন্ট)'—৫৬ কোটি ৮৪ লক্ষ ৫০ হাজার টাকা মাত্র।

## Demand No. 64

The Printed Speech of **Shri Jyoti Basu** on Demand No. 64 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মাননীয় রাজ্যপাল মহাশয়ের সুপারিশক্রমে আমি "2551—Hill Areas", "4551—Capital Outlay on Hill Areas" এবং "6551—Loans for Hill Areas"-এর অধীনে ১০২ কোটি ৬৬ লক্ষ ৩৯ হাজার টাকা ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য এই সভায় দাবি নং ৬৪ পেশ করছি। এই দাবি সম্বলিত অর্থের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টের মাধ্যমে অনুমোদিত ৫১ কোটি ৩৪ লক্ষ টাকাও ধরা হয়েছে।

২। আমার বিভাগ সংক্রান্ত মঞ্জুরির প্রস্তাব উপস্থাপিত করার সময় আমি মাননীয় সদস্যদের এ-কথা জানাতে চাই যে, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ নামে যে স্বশাসিত সংস্থা দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলের উন্নয়নের জন্য গঠন করা হয়েছে সেটির মাধ্যমে দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলের উন্নয়নমূলক কর্মকাণ্ডের জন্য আমার এই বিভাগ হল একটি শীর্ষ সমন্বয়সাধক বিভাগ। পার্বত্য অঞ্চল উন্নয়নের জন্য আমার বিভাগ যে উপ-যোজনা উন্নয়ন কর্মপন্থা গ্রহণ করেছে তার ফলে সরকারের যে ৪৭টি প্রশাসনিক বিভাগ আছে তার সবগুলি থেকেই পার্বত্য অঞ্চল উন্নয়নের জন্য বাধ্যতামূলক অর্থ সংস্থান সুনিশ্চিত হয়েছে। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের কাজকর্ম যাতে সুষ্ঠুভাবে চলে সেজন্য বিভিন্ন বিভাগের মধ্যে

সমন্বয়সাধনের উপর আমার সরকার নিরবিচ্ছিন্নন গুরুত্ব দিয়েছে। আশা করা যাচ্ছে যে ১৯৯৫ সালের মার্চ মাসে নির্বাচিত গ্রাম পঞ্চায়েত সংস্থাসমূহ এবং ১৯৯৪ সালের জানুয়ারি মাসে নির্বাচিত দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ যথাক্রমে সাংবিধানিক ও সংবিধিবদ্ধ সংস্থারূপে সহাবস্থান করবে। আমার বিভাগ দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে বিভিন্ন হিসাব খাতে অর্থ প্রদান করে থাকে। রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগগুলিও রাজ্য যোজনা/কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত প্রকল্প ও কেন্দ্রীয় ক্ষেত্রের কর্মপ্রকল্পসমূহের আওতায় দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে সরাসরি অর্থ প্রদান করছে।

**পরিষদের জন্য উন্নয়ন তহবিলের যোগান**

৩। ১৯৯৫-৯৬ সালে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে যোজনা-বহির্ভূত ব্যয় বাবদ ২০৬১.২৯ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এছাড়া, উক্ত আর্থিক বছরে পার্বত্য অঞ্চল উন্নয়ন কর্মসূচির অধীনে যে বিশেষ কেন্দ্রীয় সহায়তা পাওয়া গিয়েছিল তার থেকেও ১৫৮৬.০০ লক্ষ টাকা দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে এবং ৪৪৬.০০ লক্ষ টাকা দার্জিলিং-এর জেলা শাসককে দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলের উন্নয়নের উদ্দেশ্যে দেওয়া হয়েছে। উপরন্তু মৎস্য চাষ, প্রাণিসম্পদ বিকাশ ও বনপালন ক্ষেত্রসমূহের জন্য সপ্তম যোজনা (প্রতিশ্রুতি)-এর অধীনে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে মোট ২৫.১৬ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। ১৯৯৫-৯৬ সালের জন্য পার্বত্য বিষয়ক ক্ষেত্রের যোজনা বাজেটের সামগ্রিক বরাদ্দের পরিমাণ হল ১.১০ কোটি টাকা এবং তা দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে মঞ্জুর করা হয়েছে। এ ছাড়া হস্তান্তরিত বিষয়গুলি নিয়ে অন্যান্য যে-সব প্রশাসনিক বিভাগ কাজ করছে তারাও উন্নয়নমূলক কর্মপ্রকল্পসমূহ রূপায়ণের উদ্দেশ্যে রাজ্য যোজনা ক্ষেত্রের কেন্দ্রীয় পোষকতাপ্রাপ্ত কর্মপ্রকল্পসমূহের অধীনে ৫৪৩.১০ লক্ষ টাকা দিয়েছে। যোজনা-বহির্ভূত ও যোজনা খাতে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে যে অর্থসংস্থান করা হয় তার ধারাবাহিকতা বজায় রাখা হচ্ছে। স্বাস্থ্য ও পরিবেশের মতো ক্ষেত্রগুলিকে সমীক্ষা ও পর্যবেক্ষণের কাজও পরিষদ হাতে নিয়েছে। এজন্য রাজ্য সরকার যোজনা কমিশনের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছে। এ ছাড়া, অ-হস্তান্তরিত ক্ষেত্রে দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলসমূহে অবস্থিত পাঁচটি শহরে রাস্তার আলোক ব্যবস্থার উন্নতিসাধনের জন্য ১.০০ কোটি টাকা এবং বিশেষ অঞ্চল কর্মসূচির অধীনে শহরাঞ্চলীয় জল সরবরাহের উন্নতিসাধনের জন্য দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে ২.০০ কোটি টাকা দেওয়া হয়।

**অ-হস্তান্তরিত বিভাগগুলির কাজকর্ম**

৪। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের উন্নয়নমূলক প্রত্যক্ষ কাজকর্ম ছাড়াও সরকারের অন্যান্য প্রশাসনিক বিভাগও (অ-হস্তান্তরিত বিভাগসমূহ) দার্জিলিং-এর পার্বত্য অঞ্চলে উন্নয়নমূলক বিভিন্ন কর্মপ্রকল্প হাতে নেয়। শহর ও গ্রামাঞ্চলে বৈদ্যুতিকীকরণ, বিভিন্ন নাগরিক সুযোগ-সুবিধা, শিক্ষাব্যবস্থার প্রসার, সমষ্টি মিলনায়তন নির্মাণ এবং দ্বি-সাপ্তাহিক নেপালি সাময়িকী প্রকাশনার মাধ্যমে ভাষা ও সংস্কৃতিগত উৎকর্ষসাধন প্রভৃতির সঙ্গে সম্পর্কিত কাজকর্ম যাতে হাতে নেওয়া যায় সেই উদ্দেশ্যে বিশেষ কেন্দ্রীয় সহায়তা থেকে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ৫.৫৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল।

**এই বছরের গুরুত্বপূর্ণ ঘটনাবলি**

৫। আমার বিভাগ পার্বত্য অঞ্চল উন্নয়নে সর্বাধিক গুরুত্বসম্পন্ন যোগাযোগ, পর্যটন, জনস্বাস্থ্য, ইঞ্জিনিয়ারিং, কৃষি, বনপালন ইত্যাদির মতো বিকাশমূলক ক্ষেত্রগুলিতে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের প্রধান প্রধান সমস্যা সমাধান করতে বিভিন্ন প্রশাসনিক পদক্ষেপ নিয়েছে। যোগাযোগের ক্ষেত্রে বিভিন্ন অঞ্চলে বহুসংখ্যক নতুন প্রকল্প হাতে নেওয়া অপেক্ষা বিভিন্ন সেতুর মেরামতি/নির্মাণ সমেত চালু কর্মপ্রকল্পগুলির কাজ সম্পূর্ণ করার উপর জোর দেওয়া হচ্ছে। রক্ষণাবেক্ষণের জন্য কাঠের ব্যবহার বন্ধ করতে কাঠের বিকল্প সামগ্রী ব্যবহার করার জন্য কাঠের সেতুগুলি চিহ্নিত করতে প্রারম্ভিক উদ্যোগ নেওয়া হয়েছে।

৬। পর্যটন ক্ষেত্রে প্রতিকূল আবহাওয়াজনিত কারণে বিপত্তি সত্ত্বেও ১৯৯৫ সালের অক্টোবর মাস শেষ হওয়া পর্যন্ত আগত পর্যটকের সংখ্যা ৬ লক্ষ ছাড়িয়ে যায়। এই সংখ্যা গত বছরের তুলনায় প্রায় ১৫ শতাংশ বেশি। বিদেশি পর্যটকদের আগমনের হারে ২০ শতাংশের বেশি বৃদ্ধির প্রবণতাও যথেষ্ট উৎসাহব্যঞ্জক। চলতি বছরে দার্জিলিং-এর কাছে বাতাসিয়া লুপ-এ জেলা সৈনিক বোর্ড যুদ্ধ স্মারকস্তম্ভ নির্মাণের কাজ সম্পূর্ণ করেছে। এটি পর্যটকদের কাছে একটি বাড়তি আকর্ষণ হয়ে উঠেছে। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিত্তশালী ভারতীয় পর্যটকদের ও বিপুল অর্থব্যয়ী বিদেশি পর্যটকদের আকৃষ্ট করতে বিশেষ প্রচেষ্টা চালাচ্ছে। অধিক উচ্চতায় ট্রেকিং ও ক্যাম্পিং, নৌ-ভেলা চালনা, নৌ চালনা, পার্বত্য পথে সাইকেল চালনা, পর্বতারোহণের মতো দুঃসাহসিক কর্মকাণ্ড এবং দার্জিলিং ভূখণ্ডে গ্রহণযোগ্য এ-ধরনের অন্যান্য ক্রীড়ায় উৎসাহ দেওয়ার উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। লুই জুবিলি কমপ্লেক্সে পর্যটকদের জন্য অনেক সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে, সুখিয়াপোকরির কাছে জোড়পোকরিতে এবং কালিম্পং-এ লোলে গাঁও এবং মিরিকে নতুন নতুন সুযোগ-সুবিধা সৃষ্টি করা হয়েছে। তিস্তা বাজারের কাছে এবং কালিম্পং-এ (দারবিন দারা) রাস্তার ধারে ধারে সুবিধাজনক অনেক কিছু তৈরি হচ্ছে। অপর যে প্রধান প্রকল্পটিকে চিহ্নিত করা হয়েছে সেটি মূলত পার্ক ও উদ্যানগুলির উন্নয়ন সম্পর্কিত এবং দার্জিলিং-এর ইতিহাস ও পার্বত্য অঞ্চলে বসবাসকারী গোর্খা ও অন্যান্য সম্প্রদায়ের সমৃদ্ধ ঐতিহ্য আলো ও শব্দ সহযোগে প্রদর্শনের প্রকল্প। পরিবেশগত দিক থেকে অত্যন্ত স্পর্শকাতর এই অঞ্চলে পরিবেশের ভারসাম্য বিনষ্ট না করে পর্যটনের প্রসার ঘটাতে আমার বিভাগ প্রয়াসী।

৭। জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং সেক্টরে কার্সিয়াং, কালিম্পং ও দার্জিলিং-এর শহরাঞ্চলে জল সরবরাহ সমেত বিভিন্ন উন্নয়নমূলক কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছে। শুখা মরশুমে দার্জিলিং শহরে জল সরবরাহের উন্নতি ঘটাতে একটি দীর্ঘমেয়াদী কর্মপ্রকল্প প্রস্তুত করা হয়েছে। এর ফলে টাইগার হিলের সিঞ্চল হ্রদ ব্যবস্থার কাছে আরেকটি জলাধার নির্মিত হবে এবং দার্জিলিং থেকে ১ কি. মি. দূরে বালাসোন নদীর একটি জায়গা থেকে জল নেওয়া হবে। একই সঙ্গে ক্ষতিগ্রস্ত ও ব্যবহারের অযোগ্য গ্রামীণ জল সরবরাহ ব্যবস্থার বেশির ভাগ অংশকেই পুনরুজ্জীবিত করা হয়েছে।

৮। কৃষি সেক্টরে পরিষদ বর্তমানের বার্ষিক ১.৫ কোটি টাকার রপ্তানিকে পরবর্তী ২ বা ৩ বছরে বার্ষিক ৫ কোটি টাকায় নিয়ে যাওয়ার লক্ষ্যে পুষ্পোৎপাদন, উদ্যানপালন ও

অ্যাঙ্গোরা খরগোশ চাষ সমেত বিভিন্ন কর্মপ্রকল্প হাতে নেওয়ার প্রস্তাব করছে। বিভিন্ন প্রকার সবজির চাষ বাড়ানোর দিকে বিশেষ দৃষ্টি দেওয়া হচ্ছে। ক্যাকটাস, অর্কিড ও গ্ল্যাডিওলাসের বাল্ব, পার্বত্য অঞ্চলের যে-সব প্রাকৃতিক প্রাণী ও উদ্ভিদের বিদেশে রপ্তানির প্রচুর সম্ভাবনা রয়েছে, সেগুলির উন্নয়নের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান ও গবেষণা সংস্থা স্থাপন করার ব্যাপারে আমার বিভাগ ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করছে। পরম্পরাগত বনসৃজনের কর্মপ্রকল্পগুলি ছাড়াও অরণ্যের যথাযথ সংরক্ষণের ব্যাপারে বিশেষ জোর দেওয়া হচ্ছে এবং নতুন গাছ লাগানো ও পুনরুজ্জীবনের জন্য নতুন নতুন কর্মপ্রকল্প হাতে নেওয়া হচ্ছে।

৯। প্রত্যন্ত অঞ্চলগুলিতে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা ও তা সরবরাহের ক্ষেত্রে উন্নতি ঘটানোর বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়-শিলিগুড়ি-এবং-দার্জিলিং-এর মধ্যে ১৩২ কে. ভি. লাইন বসানোর কাজ শেষ হয়েছে। আশা করা হচ্ছে যে, পার্বত্য অঞ্চলে বিদ্যুতের সম্পূর্ণ নিয়ন্ত্রণহীন চাহিদা মেটানো সম্ভব হবে।

১০। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিভাগ ভূতল পরিবহন, টেলি যোগাযোগ, জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং, জনস্বাস্থ্য, পরিবেশমুখি পর্যটন, পতিত জমির উন্নয়ন ও সামাজিক পরিকাঠামো সহ পরিকাঠামো সেক্টরের সার্বিক উন্নয়নের জন্য উপ-যোজনা রূপায়ণের আশায় রয়েছে।

১১। এই কথা বলে আমি মাননীয় সদস্যদের কাছে উত্থাপিত ৬৪নং দাবি অনুমোদনের জন্য সভার কাছে অনুরোধ করছি।

## Demand No. 65

The Printed Speech of **Shri Maheswar Murmu** on Demand No. 65 **is taken** as **read :**

মাননীয় **অধ্যক্ষ মহাশয়,**

**অভিযাচন ৬৫-এর অধীনে** ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ঝাড়গ্রাম এলাকার উন্নয়নের জন্য ১,৫৭,২৭,০০০ (**এক কোটি সাতান্ন** লক্ষ সাতাশ হাজার) টাকা ব্যয়-বরাদ্দ অনুমোদনের যে **প্রস্তাব রাখা হয়েছে তার সমর্থনে** আমি আমার বক্তব্য রাখছি।

ঝাড়গ্রাম মহকুমা পশ্চিমবঙ্গে অনুন্নত অঞ্চলগুলির অন্যতম। এই মহকুমার জনসংখ্যা ৮,৭৭,৩১২। **তার মধ্যে** ৩০.৫৬ শতাংশ আদিবাসী এবং ১৮.১ শতাংশ তফসিলি জাতিভুক্ত—যারা বিশেষভাবে **পশ্চাদ্‌পদ** ও অনগ্রসর। এদের বিশেষ উন্নতির কথা চিন্তা করেই পর্ষদ মোট বরাদ্দের ৫০ শতাংশ আদিবাসী ও ২৫ শতাংশ তফসিলি জাতির উন্নয়নমূলক প্রকল্পে খরচ করে। এটি মুখ্যত কৃষিপ্রধান অঞ্চল হলেও খরাপ্রবণ এবং উর্বরা শক্তি কম থাকায় এখানে একর প্রতি কৃষি উৎপাদন খুবই অল্প। এই অঞ্চল যেমন কৃষিক্ষেত্রে পিছিয়ে তেমনই এখানকার শিল্পবিকাশ, বিদ্যুৎ, যোগাযোগ-ব্যবস্থা বিশেষ গুরুত্ব প্রদানের দাবি রাখে। শিক্ষার প্রসারেও এই মহকুমা পিছিয়ে আছে।

এইসব কথা মনে রেখে বামফ্রন্ট সরকার শুরু থেকেই যত্ন ও আন্তরিকতার সঙ্গে তার স্বাভাবিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের পাশাপাশি সীমিত ক্ষমতার মধ্যে এই পশ্চাদ্‌পদ এলাকার সর্বাঙ্গীণ আর্থ-সামাজিক উন্নতি ত্বরান্বিত করতে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের মাধ্যমে বিশেষ কর্মসূচি তৈরি করে কাজ করে চলেছে।

এই কর্মসূচির প্রধান লক্ষ্য সেচ ব্যবস্থা প্রসারের মাধ্যমে কৃষির উন্নতিসাধন রাস্তা, সেতু ও কালভার্ট নির্মাণের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নতিসাধন, শিক্ষার সাধারণ মান উন্নয়নের জন্য বিদ্যায়তনগুলি ভবন গঠন ও পুনর্গঠন, পানীয় জলসরবরাহ, পৌর এলাকার জলনিকাশি ব্যবস্থার উন্নতিসাধন, বনসৃজন, ক্ষুদ্রশিল্প বিকাশের জন্য পরিকাঠামো সৃষ্টি এবং আদিবাসী সংস্কৃতিকে উৎসাহদানের জন্য মেলা ও উৎসবের আয়োজন ইত্যাদি।

ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ এযাবৎ যে-সমস্ত খাতে কর্মসূচি রূপায়ণ করেছে তার একটি সংক্ষিপ্ত বিবরণ নিচে দেওয়া হল ঃ

**১। ক্ষুদ্রসেচ**

ক্ষুদ্রসেচ ব্যবস্থার প্রসারের জন্য ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের অর্থানুকুল্যে এযাবৎ ৩২টি নদী জলোত্তলন প্রকল্প নির্মাণ করা হয়েছে যার দ্বারা ১২৮০ হেক্টর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হয়েছে। এ ছাড়া অন্যান্য ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে (যেমন—খাল, জোড়বাঁধ, বাঁধ কূপ ও অগভীর নলকূপ প্রভৃতি) আরও ৬৭৯৪ হেক্টর জমিতে সেচের জল সরবরাহ করা হচ্ছে।

এইসব সেচ প্রকল্পগুলির মধ্যে নিম্নলিখিতগুলি উল্লেখযোগ্য ঃ

(১) কদমডিহা খাল, (২) মুরুলি খাল, (৩) বাঁশির খাল, (৪) লালগেড়িয়া বাঁধ, (৫) আমজুড়ি বাঁধ, (৬) তালড্যাংরা বাঁধ, (৭) কুকুড়দা বাঁধ, (৮) আউসা খাল।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে মোট ৬৩.০০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং কৃষি কারিগরি অধিকারের মাধ্যমে আরও নিম্নলিখিত ১২টি নতুন ক্ষুদ্রসেচ (নদী-জলোত্তলন) প্রকল্পের কাজ আরম্ভ করা হয়েছে, যেগুলির মোট প্রত্যাশিত লক্ষ্যমাত্রা হল ৭২৮ হেক্টর।

(১) মুরগিডিহী (ঝাড়গ্রাম), (২) অস্থি (জাম্বনী), (৩) বেলবেড়িয়া (জাম্বনী), (৪) বামুনডিহা (জাম্বনী), (৫) পাপাতপুর (বিনপুর-১), (৬) বাঁশজুড়ি (বিনপুর-২), (৭) এরগোদা (বিনপুর-২), (৮) দহমাণ্ডা (গোপীবল্লভপুর-১), (৯) ববালিয়াপাল (গোপিবল্লভপুর-২), (১০) চাইনিসোল (গোপীবল্লভপুর-২), (১১) গুয়ালুরা-২ (গোপীবল্লভপুর-২), (১২) মানিকঝাটিয়া (সাঁকরাইল)।

শুক্লাখাড়ি খাল, সেচ প্রকল্পের খাল ও খালের পারকাঠামো নির্মাণের নজ্য ৫,৬৮,৪৪৬ টাকা বর্তমান আর্থিক বছর পর্যন্ত অনুমোদন করা হয়েছে। এ-ছাড়া সেচ ও জলপথ অধিকারের মাধ্যমে চলতি ক্ষুদ্রসেচ প্রকল্প কাথুয়া খালের জন্য বর্তমান আর্থিক বছরে এই প্রকল্পের মোট ব্যয় ১০,২৫,১৩৩ টাকা বরাদ্দ করা হয়েছে।

**২। পথঘাট**

এই খাতে ঝাড়গ্রাম পর্ষদ পূর্ত সড়ক অধিকারের মাধ্যমে বেশ কয়েকটি পাকা রাস্তা এবং সেতু নির্মাণ ও সংস্কারের কাজ করেছে যার মধ্যে নিম্নলিখিতগুলি উল্লেখযোগ্য ঃ

(১) দহিজুড়ি-বসন্তপুর, (২) বিনপুর-সরপুরা, (৩) সরপুরার-বেলটিক্‌রি, (৪) বিনপুর-হাড়দা, (৫) রঘুনাথপুর-রাজকলেজ, (৬) ঝাড়গ্রাম-বামদা, (৭) বামদা-ভরতপুর, (৮) মানিকপাড়া-খালসিউলি, (৯) ছাতিনসোল-কাঁকড়াডিহি, (১০) ছোটমুরগী-ঢোলভাঙ্গা, (১১) বেলপাহাড়ী-

ওদালচুয়া, (১২) ডুলং নদীর উপর বরামারা ঘাটে অর্ধ-নিমজ্জিত (সবমার্সিবল) সেতু নির্মাণ এবং (১৩) বেলেবেড়া হয়ে গোয়ালমারা হতে তপসিয়া পর্যন্ত সড়ক, (১৪) খালসিউলিমালঞ্চ (ফেজ-১), (১৫) জাম্বনী বালিডিহা (ফেজ-১) এবং (১৬) আশুই পান্ডাছেঁচা (ফেজ-১)।

এ-ছাড়া নিম্নলিখিত রাস্তাগুলিতে বর্তমান বছরে কাজ চলছে যা নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত অব্যাহত থাকবে ঃ

(১) খালসিউলি-মালঞ্চ (ফেজ-২), (২) কেশিয়াপাতা-গজাশিমুল রোড ভায়া চুনপাড়া, (৩) গোয়ালমারা-তপসিয়া রোড ভায়া বেলিয়াবেড়া (ফেজ-২), (৪) জাম্বনী-বালিডিহা (ফেজ-২) রোড, (৫) আশুই-পণ্ডাছেঁচ (ফেজ-২), (৬) গজাশিমূল-কেশিয়াপাতা রোড, (৭) পুকুরিয়া-চণ্ড্রী রোড, (৮) বেলপাহাড়ী-ওদালচুয়া রোড (এ স্টেট পর্যন্ত), (৯) জাম্বনী-বালিডিহা রোড (ফেজ-৩), (১০) খালসিউলি-মালঞ্চ রোড (ফেজ-৩), (১১) আশুই-পণ্ডাছেঁচা (ফেজ-৩) রোড।

উপরিলিখিত প্রকল্পগুলি ছাড়াও মোট ১৫২ কি. মি. সংযোগকারী গ্রামীণ সড়ক ১০টি কজওয়ে এবং ৩১টি কালভার্ট পঞ্চায়েতগুলি রূপায়ণ করেছে যার মধ্যে-ঝাড়গ্রাম ব্লকে বীরভানপুর কালভার্ট এবং বিনপুর-২ ব্লকে বাঁশিরখাল সেতু উল্লেখযোগ্য।

অষ্টম পরিকল্পনাকালের বাকি বছরগুলিতে নিম্নলিখিত পাকা সড়ক প্রকল্পগুলি রূপায়ণের কাজ পর্ষদের বিবেচনায় আছে ঃ

(১) চিলকিগড় স্বাস্থ্যকেন্দ্র-বালিডিহা-ভাঙ্গা খোণ্ডার, (২) ঝাড়গ্রাম-বাঁধগোড়া।

৩। শিক্ষা

ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ আদিবাসী অধ্যুষিত এই অঞ্চলে শিক্ষা বিস্তারে একটি বিশেষ ভূমিকা গ্রহণ করেছে। এযাবৎ ৪৬৮টি প্রাথমিক বিদ্যালয়, ১৬২টি হাই/জুনিয়ার হাই স্কুল, ৫টি মহাবিদ্যালয়ের নির্মাণ ও সংস্কারের কাজ করা হয়েছে। তার মধ্যে মানিকপাড়া কলেজের ল্যাবোরেটরি স্থাপনের কাজ ও শিলদা চন্দ্রশেখর কলেজের ভবনে বিদ্যুৎ-সংযোগ ও সম্প্রসারণের কাজ ও গোপীবল্লভপুর সুবর্ণরেখা কলেজের ভবন নির্মাণের কাজ উল্লেখযোগ্য।

৪। ক্ষুদ্রশিল্প

ঝাড়গ্রাম মহকুমায় ক্ষুদ্রশিল্প স্থাপনে উৎসাহদানের জন্য ঝাড়গ্রাম শহরের সন্নিকটে একটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট নির্মিত হয়েছে। এ-ছাড়া ঝাড়গ্রামের শিলদাতে শিল্প-শ্রমিকদের জন্য একটি ট্রেড-সেড গঠন করা হয়েছে। শিলদা অঞ্চলের পাথরের বিভিন্ন তৈজসপত্র তৈরিতে রত আদিবাসী শিল্পীদের ব্যবহার্য যন্ত্রপাতি কেনার জন্য অর্থ সাহায্যে করা হয়েছে, নয়াগ্রামে ও গোপীবল্লভপুরে বাবুই ঘাস থেকে দড়ি তৈরি করার জন্য শ্রমিকদের অর্থ সাহায্য করা হয়েছে। শিল্প স্থাপনে উৎসাহ বাড়াবার জন্য ২৫ জন পুরুষ ও ৫ জন মহিলা ক্ষুদ্র শিল্পোদ্যাগীকে ওয়েস্ট বেঙ্গল কনসাল্টেন্সি অর্গানাইজেশনের মাধ্যমে শিক্ষাদানকল্পে এই সংস্থাকে অর্থ সাহায্য করা হয়েছে। জাম্বনী পঞ্চায়েত সমিতি এলাকায় গ্রামীণ শিল্প-বিকাশের জন্য ৩.৫২ লক্ষ টাকা ব্যয়ে একটি ট্রেড-সেড নির্মাণ করা হয়েছে।

৫। বনসৃজন

ঝাড়গ্রাম মহকুমায় অরণ্য একটি বিশেষ সম্পদ। এই অরণ্য-সম্পদের গুরুত্ব উপলব্ধি করে এবং ভূমিক্ষয় রোধ ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বনসৃজনের বিশেষ ভূমিকা থাকায়

বামফ্রন্ট সরকারের কর্মসূচি অনুসারে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ ঝাড়গ্রামে বনসৃজনের বিশেষ করে সমাজভিত্তিক বনসৃজনের উপর গুরুত্ব আরোপ করেছে। এই প্রকল্পের মাধ্যমে ঝাড়গ্রাম অঞ্চলে মোট ৯২৬ হেক্টর বনসৃজন ও ১২৮ কি. মি. রাস্তার পার্শ্বস্থ বনসৃজন করা হয়েছে। অষ্টম যোজনাকালেও এই ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। গোপীবল্লভপুর-১ পঞ্চায়েত সমিতির মাধ্যমে বাগানচাষসহ (Horticulture) সামাজিক বনসৃজনের উদ্দেশ্যে পতিত জমির বাছাই ও উন্নতি সাধনের জন্য 'ল্যাম্পের' মাধ্যমে বাবুই ঘাস ও দড়ি তৈয়ারির ব্যবস্থা ও বিপণন করার জন্য প্রাথমিক পদক্ষেপ নেওয়া হয়েছে।

**৬। বিবিধ**

উপরিলিখিত বিশেষ বিশেষ প্রকল্পগুলি ছাড়াও ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদের মঞ্জুরীকৃত অর্থের দ্বারা ৩৫১টি পানীয় জল সরবরাহের জন্য কূপ খনন, ২১টি প্যাসেঞ্জার-সেড, ১টি স্টেডিয়াম, ২টি পার্ক, ৭টি গবাদি পশুদের কৃত্রিম প্রজনন কেন্দ্র এবং একটি ল্যাবোরেটরি তৈরি করা হয়েছে, এবং ভেড়া চাষ প্রকল্পে মোট ১৮৮ টি ভেড়া দান করা হয়েছে। একটি পৌর নর্দমা নির্মাণ ও জাম্বনী পঞ্চায়েত সমিতি এলাকায় একটি আদিবাসী গ্রামকে বৈদ্যুতিকরণ করা হয়েছে এবং বিনপুর-১ ও গোপীবল্লভপুর-১ পঞ্চায়েত সমিতি এলাকায় প্রত্যেকটিতে ১.৫ কি. মি. করে বৈদ্যুতিকরণের কাজ করা হয়েছে। এ-ছাড়া মেধাবী ছাত্রদের মধ্যে পুস্তক বিতরণ, পরিবেশ উন্নয়ন এবং উপজাতি রায়তদের মধ্যে পরচা বিলি, সুষম জলবন্টন প্রকল্প, স্কুল উৎসব, ঝাড়গ্রাম মেলা ও যুব উৎসব ইত্যাদির জন্য আর্থিক সহায়তা করা হয়েছে। এ-ছাড়া পাহাড়ে উঠার সরঞ্জাম কেনার জন্য এক্সপ্লোরার অ্যাশোসিয়েশনের মাধ্যমে আদিবাসী মহিলাকে আর্থিক সহায়তা করা হয়েছে। মহকুমার লোধা সম্প্রদায়ের উন্নয়নের জন্য অর্থ-বরাদ্দ করা হয়েছে।

ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালে শব-ব্যবচ্ছেদ গৃহ ও তার চতুষ্পার্শ্বস্থ প্রাচীর নির্মাণ প্রকল্পে ঝাড়গ্রাম উন্নয়ন পর্ষদ থেকে বর্তমান বছরে ৪.২৭ লক্ষ টাকা বরাদ্দ করা সিদ্ধান্ত হয়েছে।

অর্থের অভাব ও অপরাপর কারণে বিভিন্ন দপ্তরের বিশেষ করে কৃষি ও জলপথ এবং পূর্ত দপ্তরের অসমাপ্ত ও অর্ধসমাপ্ত পরিকল্পনাগুলি সম্পূর্ণ করার জন্য এই দপ্তর বিশেষ গুরুত্ব দিয়েছে।

এই কর্মসূচির সঙ্গে যুক্ত সরকারি অফিসের ব্যয়-বাবদ আগামী বছরে পরিকল্পনাবহির্ভূত খাতে ১৯.৭৭ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। ১৯৯৬-৯৭ সালে পরিকল্পনা খাতে ১৩৭.৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

আমি, মাননীয় সদস্যদের জানাতে চাই আদিবাসী উন্নয়নকে এ রাজ্যে অগ্রাধিকার দেওয়া হয়েছে। কেন না আমি শুধুমাত্র ঝাড়গ্রাম উন্নয়ন বিষয়েই দায়িত্বপ্রাপ্ত নই—বিশেষ আদিবাসী অঞ্চল উন্নয়ন বিষয়েও দায়িত্বপ্রাপ্ত। পুরুলিয়া, বাঁকুড়ার সংশ্লিষ্ট এলাকা নিয়ে গঠিত একই ভৌগোলিক বৈশিষ্ট্যযুক্ত ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল বিশেষ আদিবাসী উন্নয়ন এলাকাভুক্ত হতে চলেছে। জীবনধারণের জন্য এই পশ্চাদ্‌পদ এলাকার আদিবাসীরা এই ভৌগোলিক পরিবেশের উপর নির্ভরশীল।

আশা করি, মাননীয় সদস্যগণ অনগ্রসর ঝাড়গ্রাম এলাকার দ্রুত সার্বিক উন্নয়নসাধনে সর্বতোভাবে সাহায্য করবেন এবং ১৯৯৬-৯৭ সালে ঝাড়গ্রাম উন্নয়ন খাতে ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রাখা হয়েছে তা সমর্থন করবেন।

## Demand No. 65

The Printed Speech of **Dr. Asim Kumar Dasgupta** on Demand No. 65 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আপনার অনুমতি নিয়ে আমি বাজেট প্রস্তাবের ৬৫ নং অভিযাচনের অধীনে "২৫৭৫-অন্যান্য বিশেষ এলাকাসমূহ বিষয়ক প্রকল্প" এবং "৪৫৭৫-অন্যান্য বিশেষ ক্ষেত্রের প্রকল্পে মূলধনী খাতে ব্যয়" নামক প্রধান হিসাব খাতে ৭২,২৮,৬০,০০০ (বাহাত্তর কোটি আটাশ লক্ষ ষাট হাজার) টাকা ব্যয় অনুমোদনের প্রস্তাব রাখছি। এর মধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট অনুমোদনপ্রাপ্ত ৩৬,১৫,০০,০০০.০০ (ছত্রিশ কোটি পনের লক্ষ) টাকাও ধরা হয়েছে।

মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম অঞ্চলের উন্নয়নের জন্য বিশেষ অঞ্চল উন্নন প্রকল্পের অধীনে বিশেষ সংস্থান রাখা হয়েছে। ঝাড়গ্রাম উন্নয়ন সম্পর্কে আমি এই উন্নয়নের উল্লেখযোগ্য বিষয় সম্পর্কে বর্ণনা করছি। বিশদ বিবরণ ঝাড়গ্রাম বিষয়ক ও বিশেষ উপজাতি অঞ্চল উন্নয়ন বিষয়ক রাষ্ট্রমন্ত্রী শ্রী মহেশ্বর মুর্মু মহাশয় যথাসময়ে ব্যাখ্যাকরবেন।

এ সম্পর্কে সরকারের ঘোষিত উদ্দেশ্য হল ঝাড়গ্রাম অঞ্চলের জনগণের সামাজিক-অর্থনৈতিক কল্যাণসাধন। এর সঙ্গে সামঞ্জস্য রেখে এই দপ্তরের ঝাড়গ্রাম বিষয়ক বিভাগ ক্ষুদ্রসেচ, সড়ক, শিক্ষা, ক্ষুদ্র ও কুটিরশিল্প, পতিত জমি উন্নয়ন, সামাজিক বনসৃজন ইত্যাদি বিষয়ে বরাদ্দকৃত অর্থের সদ্ব্যবহারের প্রস্তাব করছি।

ঝাড়গ্রাম অঞ্চল উন্নয়নের সঙ্গে সম্পর্কিত প্রতিষ্ঠানিক ব্যয়ের জন্যও পরিকল্পনা বহির্ভূত খাতে বরাদ্দ রাখা হয়েছে।

সুন্দরবন উন্নয়ন পর্ষদের অধীনে যে প্রকল্পগুলি রয়েছে তার মধ্যে প্রধানত হল মজা বদ্ধ খাল ও পুষ্করিণী খনন অথবা পুনঃখনন করে মিষ্টি জলাধারা তৈরি, নিয়ন্ত্রিত জলকপাট ব্যবস্থার মাধ্যমে জলনিকাশি ব্যবস্থার উন্নয়ন, নোনা জলে মৎস্যচাষ প্রকল্প রূপায়ণ, সামাজিক বনসৃজন কর্মসূচি, কৃষিসহায়ক কার্যসূচি, গ্রামীণ জলসরবরাহ ও ক্ষুদ্র ও কুটির-শিল্প গঠন প্রভৃতি। পর্ষদের এই কাজগুলি সুন্দরবন উন্নয়ন প্রকল্পের আওতায় পড়ে।

এই পর্ষদের কার্যপরিধি সুন্দরবনের ১৯টি ব্লকের মধ্যে বিস্তৃত। পর্ষদের কর্মসূচিগুলি এমনভাবে নির্বাচন করা হয়েছে যাতে এই প্রকল্পের লাভ জনগণের দুর্বল শ্রেণীর লোকেরাই ভোগ করতে পারেন।

সুন্দরবন উন্নয়ন সংক্রান্ত পরিকল্পনা প্রস্তাবগুলি এবং বাজেট প্রস্তাবের ৬৫ নং দফার অন্তর্গত সুন্দরবন উন্নয়ন সম্পর্কিত অংশের বিস্তারিত বিবরণ সুন্দরবন বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় উপস্থাপিত করবেন।

পশ্চিমবঙ্গের নিবিড় এলাকা উন্নয়ন নিগম একটি বিধিবদ্ধ সংস্থা। এটি পশ্চিমবঙ্গ নিবিড় এলাকা উন্নয়ন নিগম অ্যাক্ট, ১৯৭৪-এর মাধ্যমে গঠিত হয়েছে। এর উদ্দেশ্য হল একটি সুসংহত প্রচেষ্টার মাধ্যমে গ্রামীণ অর্থনীতির নানাবিধ উন্নয়ন। যথা—সেচ, কৃষি, পশুপালন, সাক্ষরতা, মৎস্যচাষ, স্বাস্থ্যরক্ষা, শিশু ও মহিলা বিকাশ, গ্রামীণ শিল্প উন্নয়ন প্রভৃতি। এই বিষয়ে ২১টি প্রকল্প এবং একটি কৃষিবিজ্ঞান কেন্দ্র বিভিন্ন জেলায় নিয়োজিত রয়েছে।

কৃষি উন্নয়নের এই ধারাকে অব্যাহত রাখার জন্য এই নিগম একটি সেচ পরিকাঠামো তৈরি করেছে যার মধ্যে ১৬০টি গভীর নলকূপ, ৮৮৯টি অগভীর নলকূপ, ৫২০টি স্বল্প গভীর নলকূপ প্রভৃতি রয়েছে। কৃষিক্ষেত্রে বীজ, উৎপাদন বৃদ্ধির উপর জোর দেওয়া হয়েছে যার ফলে উন্নতমানের ধান, আলু, গম ও সরষের বীজ উৎপাদন সম্ভব হয়েছে। পশুপালন ক্ষেত্রে রোগনিরাময় ও প্রতিষেধক ব্যবস্থার উপর জোর দেওয়া হয়েছে। তদুপরি, পশুখাদ্য চাষ জনপ্রিয়করণ এবং কৃষকদের প্রশিক্ষণের উপর জোর দেওয়া হয়েছে, মৎস্যচাষ প্রকল্পে মৎস্যজীবীদের আয়বৃদ্ধির উপর জোর দেওয়া হয়েছে। কালিম্পং ও রানাঘাট-২ নং ব্লকে পশম বয়ন কেন্দ্রের মাধ্যমে প্রায় ৩০০ জন গ্রামীণ মহিলার কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

দিঘা উন্নয়ন প্রকল্প ১৯৫৬-৫৭ সালে হাতে নেওয়া হয়েছিল প্রধানত দুটি উদ্দেশ্যে—(১) একটি আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসাবে দিঘাকে গড়ে তোলা এবং (২) সংলগ্ন এলাকার অর্থনৈতিক উন্নয়নসহ দিঘাকে একটি আধুনিক সৈকত-শহর হিসাবে প্রতিপন্ন করা।

১১০০ একর জমি অধিগ্রহণ করা হয়েছিল এবং পরবর্তীকালে এই জমি উন্নয়ন করে তাকে বিভিন্ন এলাকায় ভাগ করা হয়েছিল। যেমন, আবাসিক এলাকা, হোটেল এলাকা, হলিডে-হোম এলাকা, বিপণন ও ব্যবসা এলাকা প্রভৃতি। জল ও বিদ্যুৎ সরবরাহ, সড়ক নির্মাণ, বাজার ও পার্কের সুবিধাসহ বিভিন্ন পরিকাঠামোগত সুবিধার ব্যবস্থা করা হয়েছে। সব শ্রেণীর পর্যটকদের জন্য সীমিতভাবে সরকারি পর্যটন আবাস নির্মাণ করা হয়েছে।

কিন্তু দিঘার উন্নয়ন বর্তমানে দুটি প্রধান সমস্যার মুখোমুখি। যেমন, তীরভূমির ক্ষয় ও দূষণ। ভূমিক্ষয় সমস্যার কারণ অনুসন্ধান ও এটা রোধের জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রতিকার ব্যবস্থা সুপারিশের জন্য ১৯৯৪ সালে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। এই কমিটির একটি অন্তর্বর্তী প্রতিবেদন পাওয়া গেছে। এই সুপারিশগুলি কার্যকর করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এই বিষয়ে আমরা বিশেষ কেন্দ্রীয় সাহায্যের জন্যও আবেদন করেছি। তা ছাড়াও জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার সহায়তায় একটি তীরভূমি রক্ষণ পরিকল্পনা তৈরি করা হয়েছে। বনসৃজনের মাধ্যমেও দিঘার সৈকতভূমি সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

দিঘা শহর দূষিত জল ও জঞ্জাল জমার সমস্যারও সম্মুখীন। হোটেল ও আবাসিক এলাকার ব্যাপক সম্প্রসারণ ও পর্যটক সংখ্যাবৃদ্ধির ফলে এই সংস্যার সৃষ্টি হয়েছে। দূষণের সমস্যা ঠিকভাবে প্রতিকারের জন্য একটি ব্যাপক দূষিত জলনিকাশি প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

বিভিন্ন দপ্তরের এলাকাভিত্তিক প্রকল্প ব্যতীতও বার্ষিক পরিকল্পনায় উত্তরবঙ্গের গ্রামীণ এলাকার উন্নয়নের জন্য বিশেষ বরাদ্দ রাখা হয়েছে।

উপরে বর্ণিত বিষয়গুলির কার্যপ্রণালী দাবি উত্থাপন বিষয়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দও রাখা হয়েছে।

এই সামান্য কথাগুলি বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সভার কাছে আমার উপস্থাপিত এই অভিযাচন অনুমোদনের জন্য অনুরোধ রাখছি।

## Demand No. 65

The Printed Speech of **Shri Abdul Razzak Molla** on Demand No. 65 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

অভিযাচন ৬৫ এর অধীনে ১৯৯৬-৯৭ আর্থিক বছরে সুন্দরবন এলাকার উন্নয়নের জন্য পরিকল্পনা খাতে ৭ কোটি টাকা ও পরিকল্পনা বহির্ভূত খাতে ৩ কোটি ৯ লক্ষ ৩৮ হাজার এবং সুন্দরবন উন্নয়নের জন্য দশম অর্থ কমিশন কর্তৃক দেয় ৭ কোটি টাকা অর্থাৎ মোট ১৭ কেটি ৯ লক্ষ ৩৮ হাজার টাকা ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য যে প্রস্তাব রাখা হয়েছে তার সর্মথনে আমার বক্তব্য পেশ করছি।

ইতিমধ্যে বর্তমান আর্থিক বছরে প্রথম চারমাসে (এপ্রিল থেকে জুলাই) ৮ কোটি ৫৪ লক্ষ ৬৯ হাজার টাকা (ভোট অন অ্যাকাউন্টস) বিগত সভায় অনুমোদিত হয়েছে।

সুন্দরবনের ভূ-প্রকৃতি পশ্চিমবঙ্গের অন্য সব অঞ্চল থেকে একেবারেই আলাদা, এই এলাকার বিপুল জনসংখ্যার দৈনন্দিন জীবনযাত্রা এখনও সমস্যা কন্টকিত। বিভিন্ন কারণে অঞ্চলটি পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া জনপদগুলির একটি। অধিবাসীদের জীবিকা অর্জনের প্রধান উপায় কৃষি। অথচ এই শিল্পহীন এলাকার সবকটি নদীর জল লবণাক্ত। সেচের জন্য ব্যবস্থা এখনও পর্যাপ্ত নয়। জমি নিচু বলে জল নিকাশি সমস্যা আছে। প্রধান ফসল আমন ধন। কিছু এলাকায় শীতকালীন ফসলের চাষ প্রবর্তিত হলেও গোটা এলাকা এখনও দোফসলী হয়ে ওঠেনি। যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা অপ্রতুল। মাছ, মধু ও কাঠ অল্প সংখ্যক মানুষের জীবিকার সংস্থান করে। গোচারণভূমি ও পশুখাদ্যের অভাবে সুন্দরবন পশুপালনেও পিছিয়ে আছে। কুটির শিল্পের প্রসার এখানে ঘটেনি। পরিবহনের অসুবিধা থাকায় সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলগুলি এখনও কলকাতার মতো বৃহৎ বাজারের সুযোগ নিতে পারেনি।

১৯৭২-৭৩ সালে সুন্দরবন উন্নয়ন শাখা ও সুন্দরবন উন্নয়নপর্যদ গঠন করা হয়। প্রথম বছর পরিকল্পনাখাতে ব্যয় বরাদ্দ ধরা হয়েছিল ১ লক্ষ টাকা। বামফ্রন্ট সরকার প্রথম বাজেটেই সুন্দরবন উন্নয়নের জন্য ১ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। পরবর্তীকালে দ্রুত উন্নয়নের স্বার্থে আন্তজার্তিক কৃষি উন্নয়ন তহবিলের (ইফাড) সাহায্যে ১৯৮২-৮৩ থেকে ১৯৮৮-৮৯ পর্যন্ত ৪২ কোটি টাকা ব্যয়ে নানা উন্নয়নের প্রকল্প রূপায়িত করা হয়।

বর্তমানে আর্থিক বছরে পরিকল্পনা খাতে ৭ কোটি টাকা ব্যয় বরাদ্দ ছাড়া ১০ম অর্থ কমিশনের বরাদ্দকৃত আরও ৭ কোটি টাকা সুন্দরবনের সার্বিক উন্নয়নের খাতে ব্যয় বরাদ্দ করা হয়েছে। সরকার সুন্দরবনের দ্রুত উন্নয়নের স্বার্থে সুন্দরবন উন্নয়ন শাখাকে একটি পূর্ণ বিভাগের মর্যাদা দিয়েছেন।

সুন্দরবন উন্নয়নের কর্মধারার সঙ্গে স্থানীয় জনপ্রতিনিধিগণ অঙ্গাঙ্গীভাবে জড়িত এবং পরিকল্পনা রূপায়ণে তারা অংশগ্রহণ করেন।

সুন্দরবন অঞ্চলের পশ্চাদপদতা ঘুচিয়ে ওখানকার জনজীবনের উন্নয়নের সুফলগুলি নিয়ে আসতে বামফ্রন্ট সরকার আন্তরিকভাবে সচেষ্ট। গত কয়েক বছর ধরে (১) যোগাযোগ ব্যবস্থার উন্নতিসাধন, (২) সেচ ও জল নিকাশের ব্যবস্থা, (৩) পানীয় জলের ব্যবস্থা, (৪) কৃষি প্রযুক্তির প্রসার, (৫) এক ফসলী জমিকে দোফসলী জমিতে রূপান্তরিত করা, (৬) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ও ভূমিহীন ক্ষেত মজুরদের অর্থকরি ফসলের বীজ ও চারা দান, (৭) সামাজিক বনসৃজন তথা ম্যাগ্রোভ (বাদাবন) বনাঞ্চল সৃষ্টি করা, (৮) মৎস্যচাষের প্রসার ইত্যাদি ব্যবস্থার মাধ্যমে সুন্দরবনের জনসাধারণের জীবনে পরিবর্তন আনার প্রচেষ্টা অব্যাহত আছে।

১৯৯৫-৯৬ সালে দপ্তর কর্তৃক সৃষ্ট পরিকাঠামো বিষয়ক সম্পদের রক্ষণা-বেক্ষণের জন্য ৬৬ লক্ষ ২৫ হাজার টাকা ধার্য হয়েছিল। এই খাতে প্রায় ৯৬ শতাংশ টাকার সদ্‌ব্যবহার করা সম্ভব হয়েছে। এছাড়া গত বছর মে মাসে দক্ষিণ চব্বিশ পরগনা জেলা পরিষদের আর্থিক সহায়তায় ঘূর্ণীঝড়ে ক্ষতিগ্রস্ত ক্যানিং অঞ্চলের প্রায় ৪০ কিঃ মিঃ নদী বাঁধ মেরামতির কাজ জরুরি ভিত্তিতে হাতে নিয়ে শেষ করা হয়েছে।

গত বছর পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দের পরিমাণ ছিল ৭ কোটি টাকা। এছাড়া সুন্দরবন উন্নয়নের জন্য বিশেষ কেন্দ্রীয় সাহায্য হিসেবে ৩ কোটি টাকা অনুদান পাওয়া গেছে। মোট ১০ কোটি প্রাপ্ত অর্থের ৯৫.৫ শতাংশ আমরা ব্যয় করতে সমর্থ হয়েছি। গত আর্থিক বছরে রূপায়িত কর্মসূচি নিম্নরূপ।

*কর্মসূচি ঃ—*

(ক) **পরিকাঠামো বিষয়ক ঃ**

সুন্দরবন উন্নয়নের বাজেট বরাদ্দের সিংহভাগ পরিকাঠামো উন্নয়নে অর্থাৎ রাস্তাঘাট, জেটি, জলনিকাশি প্রকল্প, কালভার্ট, খালকাটা ও সংস্কার, পানীয় জল সরবরাহ ইত্যাদি রূপায়ণে ব্যয় করা হয়। নিম্নে ১৯৯৫-৯৬ আর্থিক বছরের পরিকাঠামো বিষয়ে রূপায়িত কাজের তালিকা দেওয়া হল।

| | | |
|---|---|---|
| (১) ইঁট বিছানো রাস্তা ও খোয়া বিছানো রাস্তা | ঃ | ৮৬ কিঃ মিঃ |
| (২) পাকা জেটি | ঃ | ৭ টি |
| (৩) সেতু ও কালভার্ট | ঃ | ৯ টি |
| (৪) এইচ পি স্লুইস | ঃ | ৩ টি |
| (৫) মজা খাল সংস্কার | ঃ | ১.৬৮ কিঃ মিঃ |
| (৬) পানীয় জলের জন্য নলকূপ খনন | ঃ | ৩০ টি |

**(খ) কৃষি সম্প্রসারণ ও সহযোগী কর্মসূচি ঃ**

রবি মরশুমে চাষও উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ দানের দিকে লক্ষ রেখে ১৯৯৫-৯৬ সালে কৃষি সম্প্রসারণ কর্মসূচির অধীনে ৯৯৬২ একর জমিতে আলু, গম, সরিষা, লঙ্কা, তরমুজ, গ্রীষ্মকালীন সব্জি ও উন্নতমানের ওল চাষ করা হয়েছে। এজন্য ক্ষুদ্র, প্রান্তিক, বর্গাদার ও পাট্টাদার কৃষকদের উন্নতজাতের বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। এ ছাড়া ১৯৯৫-৯৬ খরিফ মরশুমে ২০,৪৮০ জন ক্ষুদ্র, প্রান্তিক, বর্গাদার ও পাট্টাদার কৃষকের মধ্যে ১২২.৮৮ মেট্রিক টন উচ্চ ফলনশীল ধানবীজ বিতরণ করা হয়েছে।

সুন্দরবন এলাকার ৫টি ব্লকে ৫০ জন মহিলাকে মাশরুম (কোরক) চাষের প্রশিক্ষণ ও মারুশম উৎপাদনের জন্য বিভিন্ন উপযোগ দিয়ে সাহায্য করা হয়েছে। জয়নগর ২নং ও বাসন্তী ব্লকে ২৫০ জন কৃষকের জমিতে রবি মরশুমে পরীক্ষামূলকভাবে তূলা চাষ করা হয়েছে।

উন্নত জাতের হাঁস ও মুরগি পালনে উৎসাহ দেওয়ার জন্য ১৯৯৫-৯৬ মরশুমে ১৩৪টি পরিবারের দুঃস্থ মহিলার মধ্যে ১৩২৪টি হাঁস ও মুরগি বিতরণ করা হয়েছে।

ভূমি উন্নয়ন তথা ক্ষুদ্রসেচ (ল্যান্ড সেপিং স্কীম) প্রকল্পের জন্য সুন্দরবনের চারটি ব্লকের কয়েকটি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে ক্ষুদ্র কৃষক তার জমির এক অংশে পুকুর কেটে বৃষ্টির জল ধরে রেখে বহুমুখি প্রকল্প গ্রহণে সক্ষম হবে।

সুন্দরবনের বিদ্যুৎ দ্বীপ এলাকার ৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের হোস্টেলে ছাত্রছাত্রিদের সুবিধার্থে ১০০টি সৌরলণ্ঠণ বিতরণ করা হয়েছে। ১৯৯৫-৯৬ বর্ষে আধুনিক কৃষি প্রযুক্তি ও তার প্রয়োগ বিষয়ে সুন্দরবনের কৃষকদের এবং বিকাশ কেন্দ্রের কর্মরত কর্মচারিদের প্রশিক্ষণ ও শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে ১২০ জন কৃষক, ৬০ জন কর্মচারীকে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া শিক্ষামূলক ভ্রমণের ক্ষেত্রে ১২০ জন কৃষককে কৃষি ক্ষেত্রে অগ্রসর ব্লকে কৃষি প্রদর্শনের সুযোগ করে দেওয়া হয়েছে।

(গ) **সামাজিক বন সৃজন ঃ**

১৯৮২-৮৩ থেকেই সুন্দরবনে ব্যাপক সামাজিক বন-সৃজনের উপর জোর দেওয়া হয়েছে। ভূমিক্ষয় রোধ ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করাতেও বনসৃজনের ভূমিকা আছে। বাদাবন সৃজনের ফলে নদী বাঁধগুলি ক্ষয়ক্ষতির হার থেকে রক্ষা পাবে, জ্বালানী কাঠ উৎপাদন হবে। গত বছর ২৪০ হেক্টর বাদাবন সৃষ্টি করা সম্ভব হয়েছে। গত আর্থিক বছরে বনাঞ্চলের হিসাব নিম্নে দেওয়া হল।

| | |
|---|---|
| (১) বাদাবন | ঃ ২৪০ হেক্টর |
| (২) বিভাগীয় নার্শারিতে চারা উৎপাদন | ঃ ৮,৫৩,০০০টি |

বিভাগীয় নার্শারিতে উৎপাদিত চারাগুলি জনসাধারাণের মধ্যে বিতরণ করা হয়েছে। এই বিতরণের উদ্দেশ্য বাড়ির লাগোয়া জমিতে বাগিচা বন সৃষ্টি করা ও পরিবেশ সম্বন্ধে জন সাধারণকে সচেতন করা।

পর্ষদ কর্তৃক সৃজিত বনভূমি সংলগ্নস্থানে ১০০ মিঃ × ৫০ মিঃ মাপের লোনা জলে মাছ চাষের ৪টি পুকুর নির্মাণ করা হয়েছে। স্থানীয় অধিবাসীদের মধ্যে থেকে নির্বাচিত ব্যক্তিদের এই পুকুরগুলির রক্ষণাবেক্ষণ ও উপস্বত্ব ভোগের অধিকার দেওয়া হয়েছে।

এছাড়া বনদপ্তরের সুন্দরবন জীব পরিমন্ডলের অধিকার থেকে প্রাপ্ত অর্থে ১৩০ হেক্টর বাদাবন ও ৪৪.৫০ হেক্টর অন্যান্য বৃক্ষরোপণ করা হয়েছে।

**(ঘ) মৎস্য চাষ বিষয়ক ঃ**

বাসন্তী থানার ঝড়খালীতে ও নামখানা থানার মৌসুনীতে দুটি নোনাজলে মাছ চাষের খামার গড়ে তোলা হয়েছে। এর মধ্যে ঝড়খালীতে আনুমানিক ১০৭ হেক্টর এলাকা উন্নয়ন করে সমবায় সমিতিকে হস্তান্তর করা হয়েছে। মৌসুনীতে প্রস্তাবিত ৯টি পুকুরের মধ্যে ৪টি পুকুর ৪টি সমবায় সমিতির মধ্যে হস্তান্তর করা হয়েছে। এর ফলে বেশ কিছু ভূমিহীন মৎস্যজীবী পরিবার উপকৃত হচ্ছেন। গত বছরে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়া সত্বেও বিভাগীয়ভাবে মাছ চাষ করে (ঝড়খালী ও মৌসুনীতে) প্রায় ৭০১০ কেজি বাগদা চিংড়ি সহ বিভিন্ন শ্রেণীর নোনাজলের মাছ উৎপাদন করা হয়েছে। এই মাছ বিক্রয় করে পাওয়া গিয়েছে ৬ লক্ষ ৪৫ হাজার টাকা।

**১৯৯৬-৯৭ সালের কর্মসূচি ঃ**

সুন্দরবন উন্নয়ন পর্ষদের প্রধান লক্ষ্য গ্রামীণ জনসাধারণের উন্নয়ন। স্বভাবতই সুন্দরবন এলাকার এই কাজ মূলত কৃষি ও আনুষঙ্গিক বিষয়মুখি। এ বছর পরিকাঠামো বিষয়ক ও জলনিকাশি বিষয়ক নতুন কাজ হাতে নেওয়ার সাথে সাথে, সামাজিক বনসৃজন, কৃষিসম্প্রসারণ কর্মসূচি, পানীয়জল সরবরাহ, পশু সম্পদ বিকাশ, মহিলাদের জন্য বিশেষ কর্মসূচি ইত্যাদি গ্রহণ করার প্রস্তাব হাতে নেওয়া উন্নতি করে বিদ্যুৎ পর্ষদের সহযোগিতায় কিছু পরিকল্পনা রূপায়িত করার প্রস্তাব রাখা হয়েছে। পানীয় জল সরবরাহের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের সহযোগিতায় কিছু পরিকল্পনা নেওয়ার প্রস্তাব বিবেচনাধীন আছে।

সুন্দরবনে উন্নয়নের বাজেট বরাদ্দের একটি বড় অংশ খরচ হয় পরিকাঠামো, সেচ ও জল নিকাশি ব্যবস্থার উন্নতিকল্পে। বিগত কয়েক বছরে যে সম্পদ সৃষ্টি হয়েছে, তা রক্ষণাবেক্ষণে ও নবীকরণের উপর বিশেষ দৃষ্টি দেওয়া হচ্ছে। পরিকাঠামোর উন্নতির সঙ্গে সঙ্গে সুন্দরবনের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ও বর্গাদার ও পাট্টাদারদের আর্থিক অবস্থার উন্নতিকল্পে খরিফ ও রবি মরশুমে আংশিক অনুদান দিয়ে কৃষি সম্প্রসারণের কাজ এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা অব্যাহত থাকবে।

আশা করি মাননীয় সুন্দরবনের উন্নয়নের স্বার্থে ১৯৯৬-৯৭ সালের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দ অনুমোদন করবেন।

## Demand No. 66 and 68

The Printed Speech of **Shri Debabrata Bandyopadhyaya** on Demand Nos. 66 & 68 is taken as read :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি সানন্দে প্রস্তাব করছি যে ৬৬ নং ও ৬৮ নং দাবির অন্তর্গত নিম্নবর্ণিত মুখ্য খাতসমূহে ১৯৯৬-৯৭ সালের ব্যয় নির্বাহের জন্য মোট ৪৫৯,০৪,০০,০০০ (চারশো উনষাট কোটি চার লক্ষ) টাকা মঞ্জুর করা হোক ঃ—

৬৬ নং দাবি ঃ ২৭০১—বড় ও মাঝারি সেচ

৪৭০১—বড় ও মাঝারি সেচে মূলধন বিনিয়োগ

৬৮ নং দাবি ঃ ২৭১১—বন্যা নিয়ন্ত্রণ

৪৭১১—বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহে মূলধন বিনিয়োগ

উক্ত দাবিগুলির মধ্যে রয়েছে বিধিবদ্ধ রাজ্য যোজনা (বার্ষিক যোজনা) বিনিয়োগ বাবদ ১৫১,৩৫,০০,০০০ (একশো একান্ন কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা, মাঝারি সেচ প্রকল্পে অন্তর্কাঠামোর উন্নয়নমূলক কাজ ও নিকাশি অববাহিকায় জল নির্গম ব্যবস্থাপনা প্রকল্প খাতে কৃষি ও গ্রাম উন্নয় সংশ্লিষ্ট জাতীয় ব্যাঙ্কের [NABARD] ঋণ সহায়তা বাবদ ৩৫,০০,০০,০০০ (পঁয়ত্রিশ কোটি) টাকা, ক্ষয়রোধকারী কর্ম প্রকল্পে দশম অর্থ আয়োগের দান বাবদ ৪,০০,০০,০০০ (চার কোটি) টাকা, কেন্দ্রীয় সরকারের পোষকতাপ্রাপ্ত একটি প্রকল্পের জন্য ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা, রাজ্য যোজনা (সপ্তম যোজনার প্রতিশ্রুতিবদ্ধ) বিনিয়োগ বাবদ ৬,০০,২৫,০০০ (ছ' কোটি পঁচিশ হাজার) টাকা এবং ১,০০,০০০ টাকার (এক লক্ষ) টাকা 'প্রস্তাবিত ব্যয়' ব্যতিরেকে পূর্বোক্ত যোজনা-বহির্ভূত ব্যয়ের জন্য ধার্য ১৭৪,২২,৫০,০০ (একশ চুয়াত্তর কোটি, বাইশ লক্ষ, পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দের মধ্যে ডি ভি সি-র সেচ, বন্যা-নিয়ন্ত্রণ, বিদ্যুৎ এবং বিভিন্ন সেচ ও বন্যা-নিয়ন্ত্রণ প্রকল্প ইত্যাদির প্রদেয় সুদ বাবদ ব্যয় ব্যতিরেকে অবশিষ্ট ৮৮,৩৬,২৫,০০০ (অষ্টাশি কোটি ছত্রিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা সংস্থান থাকছে রক্ষণাবেক্ষণমূলক পূর্তকর্ম ও নিয়মিত সংস্থাগত ব্যয় নির্বাহের জন্য।

উক্ত দাবিগুলির মধ্যে ৩৪,০০০ (চৌত্রিশ হাজার) টাকা-র 'প্রভাবিত ব্যয়' ব্যতিরেকে ভোট অন অ্যাকাউন্টে ইতিমধ্যেই ব্যয় নির্বাহের জন্য ১৫৩,০৩,০০,০০০ (একশো তিপ্পান্ন কোটি তিন লক্ষ) টাকা অনুমোদিত হয়েছে।

১.২। নিম্নবর্ণিত কর্মসমূহের দায়িত্বভার সেচ ও জলপথ বিভাগের উপর ন্যস্ত আছে—

(ক) সেচ ঃ বড় ও মাঝারি সেচ প্রকল্পগুলির কার্যভার গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে সেচব্যবস্থার উন্নয়ন এবং প্রকল্পগুলি আওতাভুক্ত এলাকায় রাজ্যের কৃষিজীবী মানুষের কাছে তাদের শস্যক্ষেত্র শস্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় জল সরবরাহের আশ্বাসসহ সেচের সুযোগ-সুবিধার সম্প্রসারণ।

(খ) বন্যা নিয়ন্ত্রণ ঃ বন্যা-নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাদি গ্রহণ যেমন বন্যারোধক বাঁধ, জল নিকাশ, নদী ও সমুদ্রের ক্ষয়-প্রতিরোধক তীর সংরক্ষণ এবং বন্যা সমস্যা মোকাবিলার অন্যান্য ব্যবস্থাপনার মাধ্যমে মূল্যবান জমি, জীবন, সম্পত্তি ও শস্য ক্ষতি প্রতিরোধ।

১.২.১। সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গে জনবৃদ্ধির হার সর্বাধিক। ১৯৯১ সালের আদমশুমারি অনুসারে এখানে জনসংখ্যার গড় বার্ষিক বৃদ্ধির হার ২,৪৭৩ শতাংশ এবং প্রতি বর্গ কিলোমিটারে জন ঘনত্বের পরিমাণ ৭৬৭। এই ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্যবস্ত্রে জোগান দিতে কৃষিজাত সামগ্রীর উৎপাদনও সেইমতো বৃদ্ধি পাওয়া উচিত। সাম্প্রতিক বছরগুলোতে অবশ্য কৃষির উৎপাদন ক্ষমতা লক্ষণীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। আর এটা সম্ভব হয়েছে জমিতে বোরোয় সু-উচ্চ ফলনের পাশাপাশি বহুফসলি শস্য উৎপাদনের মাধ্যমে। এরই প্রতিফলন ঘটেছে গত কয়েক বছরের রেকর্ড ধান উৎপাদনে। নিচের সারণিতে এই হার দেখানো হলঃ

**পশ্চিমবঙ্গে বোরো ও মোট ধান উৎপাদন**

(মিলিয়ন টনের হিসেবে)

| বছর | বোরো ধানের উৎপাদন | মোট ধান উৎপাদন | মোট ধান উৎপাদনের নিরিখে বোরো ধান উৎপাদনের শতকরা হিসেব |
|---|---|---|---|
| ১৯৯১-৯২ | ২.৮৬৩ | ১১.৯৫৪ | ২৩.৯৫ |
| ১৯৯২-৯৩ | ২.৫৭৫ | ১১.৪৪৫ | ২২.৫০ |
| ১৯৯৩-৯৪ | ৩.২৪২ | ১২.১১ | ২৬.৭৭ |
| ১৯৯৪-৯৫ (পি) | ৩.০১৩ | ১২.২৩৬ | ২৪.৬২ |
| ১৯৯৫-৯৬ (টি) | ৩.৫০০ | ১২.৫০০ | ২৮.০০ |

* 'পি' অক্ষরটি পরিবর্তনসাপেক্ষ ও 'টি' আনুমানিক হিসেবের নির্দেশক

১.২.২। প্রতি বছর বর্ষার পর, রবি ও বোরোচাষের জন্য বড় ও মাঝারি সেচ প্রকল্পগুলির জলাধারের সঞ্চিত জল থেকে জল সরবরাহ করা হয়ে থাকে। জলাধারের সঞ্চিত জলের পরিমাণ প্রতি বছরই উঠানামা করে। গত বছর ব্যারেজের নিয়ন্ত্রিত এলাকায় ও ডি ভি সি-র সেচ ব্যবস্থায় ৭২,৬০০ হেক্টর জমিতে বোরো এবং ২০,২৩৫ হেক্টর জমিতে কৃষকরা রবির চাষ সাফল্যের সঙ্গে করেছিল। অথচ ১৯৯৫ সালের জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত বোরো ও রবির মরশুমে দেখা গেছে জলের অভাবে শস্য প্রায় নষ্ট হতে যাচ্ছিল। মাইথন ও পাঞ্চেত জলাধারে স্বল্প পরিমাণ সঞ্চিত জল থেকে প্রয়োজনীয় জল সরবরাহ করা যায়নি। শেষপর্যন্ত ডি ভি সি/তেনুঘাট জলাধার থেকে ২৫,০০০ একর ফুট জল ক্রয় করে, ফসল বাঁচানো সম্ভব হয়েছিল।

১.২.৩। গত নভেম্বর ১৯৯৫, বর্ষাত্তোর মরশুমে বড় ও মাঝারি সেচ প্রকল্পের জলাধারগুলির সঞ্চিত জলের পরিমাণ অন্যান্য বছরের রেকর্ডকেও ছাড়িয়ে যায়। ফলে ১৯৯৫-৯৬ সালে একটি বিরাট অঞ্চলে রবি ও বোরো চাষ করা সম্ভব হয়—যা সর্বকালের রেকর্ডকেও ছাড়িয়ে যায়।

১.২.৪। সারা বছর চাষের কাজে সেচের জলের ক্রমবর্ধমান চাহিদার কথা মনে রেখে কৃষিজীবী মানুষের মধ্যে বর্তমানে জলের উপযোগিতা সম্পর্কে অধিক সচেতনতার প্রসার ঘটেছে। জল ব্যবস্থাপন (Water Management) প্রক্রিয়া গ্রহণের প্রয়োজনের পাশাপাশি প্রাতিষঙ্গিক ব্যবস্থারও উন্নতিবিধানের কথা চিন্তা করা হচ্ছে। রাজ্যে কৃষিকাজে অধিক ফলনশীল বৈচিত্র্যপূণ শস্যবীজ, সার, কীটনাশক ইত্যাদি ব্যবহার হচ্ছে বলেই উক্ত ব্যবস্থা গ্রহণ আরও বেশি প্রয়োজনীয় হয়ে পড়েছে। কৃষিতে ভবিষ্যৎ-পুষ্টি ও উন্নতিবিধানে সুষ্ঠু জলবণ্টন ও জল সংগ্রহ হারের মাধ্যমে রাষ্ট্রীয় জলনীতি (১৯৮৭) কৃষকদের আরও বেশি করে সেচ ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত হতে জোর দিচ্ছে।

১.২.৫। আমার এই বিভাগ, ডি ভি সি-র আওতাধীন কয়েকটি চিহ্নিত অঞ্চলে চাষিদের সেচ বন্দোবস্ত সংক্রান্ত বিষয়ে অংশগ্রহণের ক্ষেত্রে, উদ্যোগ গ্রহণ করার পরিকল্পনা নিয়েছে। এ বিষয়ে পরবর্তী অগ্রগতি ও উন্নয়ন ঘটলে যথাসময়ে তা সভার গোচরে আনা হবে।

১.২.৬। ১৯৯৫ সালে পশ্চিমবঙ্গ বিধ্বংসী ঘূর্ণিঝড় ও বন্যার কবলিত হয়। উপর্যুপরি ঘূণিঝড়ে উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা, মেদিনীপুর, হুগলি ও হাওড়া জেলা বিধ্বস্ত হয়ে পড়ে। সমগ্র উপকূল অঞ্চলেই এই ঘূর্ণিঝড়ে প্রকোপ অনুভূত হয়। তীরভূমিস্থিত বাঁধে বড় বড় ফাটল দেখা দেয়, বিস্তীর্ণ অঞ্চলে উর্বর জমি জলমগ্ন হয় এবং সেইসঙ্গে লবণাক্ত জলের অনুপ্রবেশ ঘটে। ১৯৯৫ সালের সেপ্টেম্বরে পুনরায় রাজ্যের অধিকাংশ জেলা বিধংসী বন্যার কবলে পড়ে ক্ষতিগ্রস্ত হয়—ফলত লক্ষ লক্ষ মানুষ অবর্ণনীয় দুর্দশার শিকার হন।

১.২.৭। ভারত সরকারের অনুমোদিত কর্মপন্থা অনুসারে কৃষি ও গ্রাম উন্নয়ন সংশ্লিষ্ট জাতীয় ব্যাঙ্ক (NABARD) গ্রামীণ কৃষির অন্তর্কাঠামো ও অন্যান্য সংশ্লিষ্ট ক্ষেত্রে উন্নয়নের অভিলক্ষ্যে রাজ্যের বিভিন্ন জেলায় মাঝারি ও ক্ষুদ্র সেচ প্রকল্পের এবং জলবন্টন প্রকল্পের দ্রুত বাস্তবায়নের জন্য ঋণ সহায়তার সংস্থান রেখেছে।

২। কৃষি ও গ্রাম উন্নয়ন সংশ্লিষ্ট জাতীয় ব্যাঙ্কের (NABARD) সহায়তায় ১৯৯৬-৯৭ সালে প্রস্তাবিত বার্ষিক যোজনায় সেচ ও জলপথ বিভাগে বিনিয়োগের জন্য ধার্য অর্থের পরিমাণ ১৯০.৭৫ কোটি টাকা এবং বিভিন্ন খাতের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ

(১) রাজ্য যোজনা বরাদ্দের যোজনা বিনিয়োগ খাত থেকে সেচ ও বন্যা নিয়ন্ত্রণমূলক কাজের জন্য ১৫১.৭৫ কোটি টাকা।

(২) NABARD থেকে ৩৫ কোটি টাকার ঋণ সহায়তা।

(৩) গঙ্গা-পদ্মার তীরভূমি ক্ষয়রোধক প্রকল্পের দশম অর্থ কমিশনের সুপারিশক্রমে ৪ কোটি টাকা।

**২.১। ১৯৯৫-৯৬ এবং ৯৬-৯৭ বর্ষে ক্ষেত্রবিশেষ বরাদ্দ অর্থ পরিমাণ নিম্নরূপ ঃ**

**(কোটি টাকায়)**

| | **ক্ষেত্র** | **১৯৯৫-৯৬** | **৯৬-৯৭ (প্রস্তাবিত)** |
|---|---|---|---|
| (১) | সেচ | ১০৫.০০ | ১২৪.০০ |
| (২) | বন্যানিয়ন্ত্রণ | ৪৭.০০ | ৬৬.৭৫ |
| | সর্বমোট | ১৫২.০০ | ১৯০.৭৫ |

২.২। উপরোক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি আমার বিভাগের কাজকর্মের একটি সংক্ষিপ্ত বিবরণ এই সভায় পেশ করছি।

৩। **সেচক্ষেত্র**

৩.১। ১৯৯৬-৯৭ সালে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ সম্পূর্ণ হতে চলেছে। সেচক্ষেত্রে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ শুরু হয়েছিল তিস্তা ব্যারেজ প্রকল্পের জন্য ১৫০.০০ কোটি টাকার অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা-সহ ৫৩০.০০ কোটি টাকা বিনিয়োগের খসড়া প্রকল্প দিয়ে। বিভিন্ন প্রকল্পের বিবরণী নিচে বর্ণিত হল—

৩.২। **বৃহৎ সেচ প্রকল্পসমূহ**

৩.২.১। **ময়ূরাক্ষী জলাধার প্রকল্প**

৩.২.১.১। ময়ূরাক্ষী জলাধার প্রকল্পের কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে। প্রকল্পটিতে ২,৫০,৮৬০ হেক্টর জমিতে সেচ-সামর্থ সৃষ্টির লক্ষ্যমাত্রা ধার্য ছিল। ১৯৯৫-৯৬ সালে খরিফ মরশুমে ২,১৭,৬২০ হেক্টর জমিতে ও বোরো মরশুমে ৩৬,৪৪০ হেক্টর জমিতে সাফল্যের সঙ্গে সেচকার্য সম্পন্ন করা গেছে।

৩.২.১.২। ময়ূরাক্ষী প্রকল্পের রক্ষণাবেক্ষণ ও মেরামতির জন্য বর্তমানে যোজনা-বহির্ভূত তহবিল থেকে ব্যয়নির্বাহ করা হচ্ছে। প্রকল্পটির বন্টন ব্যবস্থার অন্তর্গত কিছু যন্ত্রাংশের বিশেষ মেরামতি প্রয়োজন—চলতি বছরে যোজনা খাতে প্রকল্পটির কর্ম রূপায়ণের জন্য ৮৫ লাখ টাকার বাজেট বরাদ্দর সংস্থান রাখা হয়েছে।

৩.২.২। **দামোদর উপত্যকা প্রকল্পের বাঁধ ও সেচ ব্যবস্থা।**

৩.২.৩। দামোদর উপত্যকা প্রকল্পের বাঁধ ও সেচব্যবস্থার সংক্রান্ত কাজ সমাপ্ত হওয়ার মুখে। প্রকল্পটির চাহিদা পূরণের জন্য ১৯৯৬-৯৭ সালের বাজেটে ২৭৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

৩.২.২.২। এ বছরে দামোদর উপত্যকা প্রকল্পের আওতাধীন বাঁধ ও সেচব্যবস্থায় খরিফ মরশুমে ৩,৩৩,০০০ হেক্টর জমিতে রবি মরশুমে ১৬,২০০ হেক্টর জমিতে এবং বোরো মরশুমে ১,০৫,৩০০ হেক্টর জমিতে সেচসামর্থ সৃষ্টি করা যেতে পারে। এ ছাড়া খানাকুল অঞ্চলে বোরোর জন্য ২,০০০ হেক্টর জমিতে জলের জোগান দেওয়া হয়েছে।

৩.২.৩। **কংসাবতী প্রকল্প**

৩.৩.৩.১। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়কালের মধ্যে কংসাবতী জলাধার প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। প্রত্যন্ত অঞ্চলগুলিতে সেচসামর্থ সৃষ্টির কাজ এগিয়ে চলেছে—যোজনা তহবিল থেকে এ বাবদ বিনিয়োগের জন্য প্রস্তাবিত অর্থের পরিমাণ ৮৫০ লক্ষ টাকা।

৩.৩.৩.২। চলতি বছরে খরিফ, রবি এবং বোরো মরশুমে যথাক্রমে ২,৬৩,২০০০ হেক্টর ৪৪,৫০০ হেক্টর এবং ২৪,২৯০ হেক্টর জমিতে সফলভাবে সেচসামর্থ সৃষ্টি সম্ভব হবে। এ ছাড়া মেদিনীপুর জেলায় কংসাবতী প্রকল্পের বাইরে রবি এবং বোরো চাষে সেচের জন্য এক লক্ষ একর ফিট জল ছাড়ার ব্যবস্থা করা হয়েছে।

৩.২.৪। **কংসাবতী জলাধার প্রকল্পের আধুনিকীকরণ**

৩.২.৪.১। কংসাবতী জলাধার প্রকল্পের আধুনিকীকরণের কাজ যোজনা কমিশন অনুমোদন করলেও প্রকল্পটির কাজ যোজনা বরাদ্দ বা বিশ্বব্যাঙ্কের কাছ থেকে যথেষ্ট অর্থসাহায্য না পাওয়ায় আরম্ভ করা যাচ্ছে না। যাই হোক, কংসাবতী প্রকল্পের আওতাধীন অঞ্চলে সেচ ব্যবস্থাপনার উন্নতির সঙ্গে সম্পর্কিত কার্যাবলির রূপায়ণ বাবদ ২৫ লক্ষ টাকার বাজেট বরাদ্দর প্রস্তাব আনা হয়েছে।

৩.২.৫। **তিস্তা বাঁধ প্রকল্প**

৩.২.৫.১। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তিস্তা বাঁধ প্রকল্পের প্রথম ভাগের প্রথম পর্যায়ের প্রথম উপ-পর্যায়ের কাজ সুসম্পূর্ণ করার বিষয়টিকে যথোপযুক্ত অগ্রাধিকার দেওয়া হয়েছে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৫০ কোটি টাকার অতিরিক্ত কেন্দ্রীয় অর্থসহায়তা-সহ রাজ্যযোজনায় এই প্রকল্পের রূপায়ণে ৩১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

৩.২.৫.২। তিস্তা বাঁধ প্রকল্পের কাজের অগ্রগতির বিষয়ে উল্লেখ করা দরকার যে এই প্রকল্পের রূপায়ণে যে অরণ্যভূমির প্রয়োজন ছিল, তা সম্প্রতি এই দপ্তরকে অর্পণ করা হয়েছে। অরণ্যভূমির মধ্যে দিয়ে বহুপ্রতীক্ষিত খাল খননের কাজও শুরু হয়েছে—আশা করা যাচ্ছে ১৯৯৭-র খরিফ মরশুমে একটি বৃহৎ অঞ্চলকে সেচ-সামর্থের আওতাভুক্ত করা যাবে।

৩.২.৫.৩। এই প্রকল্প রূপায়ণে খাল খননের ক্ষেত্রে জমি অধিগ্রহণের বিষয়টি বিপুল প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। ১৯৪৮ সালে পশ্চিমবঙ্গ জমি অধিগ্রহণ আইনের (এল এ/অ্যাক্ট-২ অধিগ্রহণ ও অভিযাচন) সম্প্রতি অবলুপ্ত হয়েছে। বর্তমানে জমি অধিগ্রহণ শতাব্দী-প্রাচীন ১৮৯৪ সালের পশ্চিমবঙ্গ জমি অধিগ্রহণ আইন (W.B.L.A. Act-1/1894) দ্বারা পরিচালিত হওয়ায় উন্নয়নমূলক প্রকল্পের কাজে অহেতুক দেরি হচ্ছে। উন্নয়নের স্বার্থেই এই আইনের দ্রুত সংশোধন হওয়া দরকার এবং আমি এই সভার মাননীয় সদস্যদের কাছে এ-ব্যাপারে তাদের মূল্যবান পরামর্শ দেওয়ার জন্য অনুরোধ করব।

৩.২.৫.৪। অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা-সহ চলতি বছরে এই প্রকল্পের জন্য বাজেটে ৮০.০০ কোটি টাকার অর্থসংস্থান রাখা হয়েছে। ১৯৯৫-৯৬ পর্যন্ত ৮০,০০০ হেক্টর জমিতে সেচসামর্থ সৃষ্টি করা গেছে। এই প্রকল্পে ১৯৯৬-৯৭ সালে ১,০০,০০০ হেক্টর পরিমাণ জমিতে সেচসামর্থ সৃষ্টির লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

**৩.২.৬। সুবর্ণরেখা বাঁধ প্রকল্প**

৩.২.৬.১। সুবর্ণরেখা বাঁধ প্রকল্প মেদিনীপুর জেলায় ১৩০ হাজার হেক্টর জমিতে আনুমানিক ২২৬.৮২ কোটি টাকা ব্যয়ে সেচসামর্থ সৃষ্টির প্রয়াস গ্রহণ করেছে। তহবিলে অপ্রতুলতার কারণে প্রকল্পের কাজ পূর্ণমাত্রায় আরম্ভ করা যাচ্ছে না। যাইহোক, আওতাধীন অঞ্চলের সূক্ষ্ম ও পুঙ্খানুপুঙ্খ সমীক্ষা, অনুসন্ধানমূলক কাজ, নমুনা-পরীক্ষা, নির্মিতির নকশা এবং কার্যালয়, বাসোপযোগী আবাসন, গুদাম, স্টক ইয়ার্ড নির্মাণ ইত্যাদি অন্তর্কাঠামোমূলক কার্যাবলির দায়িত্বভার গ্রহণ করা হয়েছে। উল্লিখিত এইসব প্রাথমিক কাজের রূপায়ণে প্রকল্পটির জন্য বাজেটে ১৯৯৬-৯৭ সালে ৫.০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

**৩.২.৭। মাঝারি সেচ প্রকল্পসমূহ**

৩.২.৭.১। বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার চিহ্নিত খরাপ্রবণ অঞ্চলে সেচসামর্থ সৃষ্টির অভিলক্ষ্যে ১৮টি মাঝারি সেচ-প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। অপ্রতুল অর্থসংস্থানের কারণে পুরুলিয়ায় মাঝারি প্রকল্পগুলোর রূপায়ণে বিলম্ব ঘটছে। ১৯৯৬-৯৭ সালে পুরুলিয়া জেলায় ১১টি মাঝারি প্রকল্পের কাজের বাস্তবায়নের জন্য কৃষি ও গ্রাম উন্নয়ন সংশ্লিষ্ট জাতীয় ব্যাঙ্ক (NABARD) পশ্চিমবঙ্গ রাজ্যে তাদের সহায়তা সম্প্রসারিত করেছে ; এর জন্য ১৯৯৬-৯৭ আর্থিক বছরে যে অর্থসাহায্য পাওয়া যাবে তার পরিমাণ ১৯.৮৫ কোটি টাকা। ১৯৯৬-৯৭ সালের যোজনায় বিভিন্ন মাঝারি প্রকল্পের জন্য কৃষি ও গ্রাম উন্নয়ন সংশ্লিষ্ট জাতীয় ব্যাঙ্কের (NABARD) সহায়তা-সহ মোট ২১.৪৩ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

**৩.২.৮। অন্যান্য বৃহৎ সেচপ্রকল্পসমূহ**

৩.২.৮.১। বিভিন্ন নদী উপত্যকায় কয়েকটি নতুন সেচপ্রকল্প চিহ্নিত করা হয়েছে। এর আগে এই সমস্ত নদী উপত্যকার জল ফলপ্রসূভাবে ব্যবহৃত হয়নি। প্রকল্পগুলো বাস্তবায়িত হলে একটি বৃহৎ অঞ্চলকে সেচের আওতায় এনে চাষের যোগ্য করে তোলা যাবে। এর ফলে অঞ্চলের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে বহুগুণ। এই প্রকল্পগুলোর জন্য যেসব স্থান চিহ্নিত করা হয়েছে সেগুলো নিম্নরূপ ঃ

(১) বাঁকুড়া জেলায় দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী জলাধার প্রকল্প

(২) বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় সিদ্ধেশ্বরী নুন বিল জলাধার প্রকল্প

(৩) বাঁকুড়া জেলায় কংসাবতীর ঊর্ধ্ব অববাহিকা প্রকল্প

(৪) উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদা জেলায় তিস্তা বাঁধ প্রকল্প (প্রথম ভাগের প্রথম পর্যায়ের দ্বিতীয় উপ-পর্যায়)

উপরিউক্ত প্রকল্পগুলির কাজ বিভিন্ন ধরনের জরিপ অনুসন্ধান ও পরিকল্পনার স্তরে রয়েছে।

**৪। বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্র**

৪.১। গঙ্গা অববাহিকার নিম্নতম এলাকায় চরম বৈশিষ্ট্যপূর্ণ ভৌগোলিক অবস্থানের কারণে এই রাজ্যকে নানাবিধ বন্যা সমস্যার মুখোমুখি হতে হয়। হিমালয়ের পাদদেশে ব্রহ্মপুত্রের অববাহিকার একটি ক্ষুদ্র অংশে বন্যা প্রায় একটি বাৎসরিক বৈশিষ্ট্য হয়ে পড়েছে। কিছু-কিছু নদীর উৎসভূমি ছোটনাগপুর ও তৎসংলগ্ন পাহাড়ে অবস্থিত হওয়ায় ব-দ্বীপ-সংকুল অঞ্চলে বন্যা ও সংশ্লিষ্ট সমস্যাবলি দেখা দেয়। মোট ৩৭,৬৬০ বর্গকিলোমিটার অঞ্চলকে রাজ্যের বন্যাপ্রবণ অঞ্চল বলে চিহ্নিত করা হয়েছে।

৪.২। রাজ্যের প্রায় ৩৫০ কিলোমিটার জুড়ে আছে সমুদ্র-তটরেখা। দক্ষিণাংশে ঘূর্ণিঝড় এখন একটি নিত্যনৈমিত্তিক ঘটনা। প্রতিটি ঘূর্ণিঝড় রাজ্যের মধ্য দিয়ে যাবার সময় নদী-সংরক্ষণ-বাঁধে ফাটল সৃষ্টি করে এবং লবণাক্ত জলে সমুদ্রোপকূলবর্তী বসতি অঞ্চল পরিপূর্ণ হয়ে যায়। ফলে প্রচণ্ড ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হয়।

৪.৩। অত্যধিক আর্থিক প্রতিবন্ধকতা সত্ত্বেও সামগ্রিক যোজনার জন্য ১৯৯৬-৯৭ সালের বাজেট বরাদ্দে নাবার্ডের কাছ থেকে প্রাপ্ত ঋণ সহায়তা সমেত ৬৬.৩৫ কোটি টাকার বন্দোবস্ত রাখা হয়েছে বন্যা নিয়ন্ত্রণ ক্ষেত্রের অন্তর্গত বিভিন্ন বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের জন্য। এই টাকা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। তবুও আর্থিক সঙ্গতি ও প্রকল্প-রূপায়ণের প্রয়োজনের মধ্যে সামঞ্জস্য বিধানের কথা মনে রেখে, অগ্রাধিকারের ভিত্তিতে নদী বাঁধ সংরক্ষণ, জলনিকাশি ব্যবস্থা ও সমুদ্র ক্ষয়রোধ সংক্রান্ত বিভিন্ন প্রকল্পের কাজে এই অর্থ ব্যয় করা হবে। ১৯৯৫-৯৬ ও ১৯৯৬-৯৭ সালের তহবিল বিনিয়োগ কেমন ছিল তা নিচের সারণিতে দেখানো হল ঃ

**১৯৯৫-৯৬ ও ১৯৯৬-৯৭ সালের তহবিল বিনিয়োগ**

**সারণি** (টাকার অঙ্ক কোটিতে)

| ক্ষেত্র/উপ-ক্ষেত্র | ১৯৯৫-৯৬ | ১৯৯৬-৯৭ (প্রস্তাবিত) |
|---|---|---|
| **বন্যা-নিয়ন্ত্রণ** | | |
| ১। বাঁধ, নদী সংরক্ষণ ইত্যাদি | ২৬.২০ | ৩০.৮৭৫* |
| ২। সমুদ্র অবক্ষয় রোধ | ১.০৪ | ১.৩৫ |
| **বন্যা নিয়ন্ত্রণ ও সমুদ্র অবক্ষয় রোধ একত্রে** | | |
| ৩। **জল নিষ্কাশন** | | |
| (ক) প্রথামাফিক যোজনা বিনিয়োগ | ১৮.৮৬ | ১৮.৬৬১ |
| (খ) নাবার্ড-এর সহায়তা বাবদ | — | ১৪.৮৬৪ |
| **জল নিষ্কাশন ঃ ক + খ একত্রে** | ১৮.৮৬ | ৩৩.৫২৫ |

| | | |
|---|---|---|
| ৪। **জল উন্নয়ন পরিষেবা** | ০.৬০ | ০.৬০ |
| **সর্বমোট** | ৪৬.৭০ | ৬৬.৩৫ |

* ৩০.৮৭৫ কোটি টাকার সঙ্গে দশম অর্থ আয়োগের ৪ কোটি টাকাও ধরা আছে।

৪.৪। **বন্যা-নিয়ন্ত্রণ প্রকল্প**

৪.৪.১। এ বছরের বাজেটে বাঁধ, নদীতীর রক্ষণাবেক্ষণ, নদী অবক্ষয় রোধ ও অন্যান্য কাজের জন্য ৩০.৮৭৫ কোটি টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

৪.৫। **কেলেঘাই, কপালেশ্বরী, বাঘাই অববাহিকার নিকাশি প্রকল্প ঃ**

৪.৫.১। প্রকল্পটি দুটি পর্যায়ে নির্বাহ করার প্রস্তাব করা হয়েছে। প্রথম পর্যায়ে কেলেঘাই নদীর পুনরুজ্জীবন-সহ এই প্রকল্প রূপায়ণে ব্যয়মাত্রা ধার্য করা হয়েছে ২০৬৭.৩৩ লক্ষ টাকা। দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু হবে প্রথম পর্যায় শেষ হওয়ার পর এবং এর জন্য ব্যয়মাত্রা ধার্য হয়েছে ১৩৫০ লক্ষ টাকা। প্রকল্পটি ভারত সরকারের অনুমোদনের জন্য গঙ্গা-বন্যা নিয়ন্ত্রণ আয়োগের কাছে পরীক্ষাধীন রয়েছে।

৪.৫.২। উক্ত প্রকল্পটি রূপায়ণের জন্য ১৯৯৬-৯৭ সালের বাজেটে ৩.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৪.৫.৩। জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক (নাবার্ড) ১৯৯৬-৯৭ সালের মধ্যে ৭টি জল বিভাজিকা ব্যবস্থাপন প্রকল্প রূপায়ণের স্বল্পমেয়াদী পরিকল্পনা গ্রহণের জন্য ১৪.৮৬ কোটি টাকার আর্থিক ঋণ-সহায়তা নিয়ে এগিয়ে এসেছেন।

৪.৫.৪। বিভিন্ন প্রণালীর খনন-পুনর্খনন, নিকাশিপথ, সেতু ও অন্যান্য নির্মাণকার্য-সম্বলিত বিবিধ নিষ্কাশন প্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজনীয় গুরুত্ব আরোপ করা হয়েছে।

এই কাজ সমাধা করার জন্য ১৯৯৬-৯৭ সালরে বাজেটে মোট ৩৩.৫২৫ কোটি টাকা ধার্য করা হয়েছে।

৪.৬। **সমুদ্রতীরের ভাঙনরোধ-সংক্রান্ত পরিকল্পনা**

৪.৬.১। সুন্দরবনের ব-দ্বীপ ও মেদিনীপুর জেলার উপকূলবর্তী অঞ্চলের যে সমস্ত জায়গা সহজেই ভাঙনের কবলে পড়ে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে সমুদ্রের ভাঙন-রোধকারী কিছু প্রকল্প হাতে নেওয়া হয়েছে যাতে বাঁধের ভাঙন রোধ, সমুদ্রের লবণাক্ত জলের অনুপ্রবেশ বন্ধ করা ও সেইসঙ্গে সামুদ্রিক ঢেউয়ের কবল থেকে বাঁধকে রক্ষা করা যায়।

১৯৯৬-৯৭ সালের বাজেটে এ-কাজের জন্য মোট ১.৩৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৪.৭। **বন্যা-নিয়ন্ত্রণে অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা**

অতীতে, এই সরকার কেন্দ্রীয় সরকারের কাছে বন্যা-নিয়ন্ত্রণ ক্ষেত্রের জন্য প্রয়োজনীয় যথেষ্ট পরিমাণ কেন্দ্রীয় সাহায্যের দাবি জানিয়ে এসেছে। কিন্তু সেরকম কোনও সাহায্য

এখনও আসেনি। এ বছরে আমি গঙ্গার উপ-অববাহিকায় নানাবিধ বন্যা-নিরোধক কর্মপ্রকল্প, আন্তঃ-সীমান্ত নদীসমূহের বন্যা-নিয়ন্ত্রণ কর্মপ্রকল্প, গঙ্গা-পদ্মা ও ভাগীরথী/হুগলি নদীসমূহের ক্ষয়-প্রতিরোধে গুরুত্বপূর্ণ প্রকল্প, সমুদ্রতীরবর্তী ক্ষয়রোধকারী প্রকল্প ও বন্যা-নিয়ন্ত্রণ এবং নিষ্কাশন ব্যবস্থাদির জন্য ৩২.০০ কোটি টাকার অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা চেয়েছি।

**৫। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের জন্য অর্থ**

৫.১। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের অন্তর্গত বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য সেচ ও জলপথ বিভাগের পরিকল্পনা খাতে ১৯৯৬-৯৭ সালের জন্য ৪০.০০ লক্ষ টাকা নির্দ্ধারিত আছে।

**৬। জল উন্নয়ন পরিষেবা**

৬.১। জল উন্নয়ন পরিষেবার অন্তর্ভুক্ত জরিপ, অনুসন্ধান, পরিকল্পনা, নকশা, তদারকি, গবেষণা, প্রশিক্ষণ প্রভৃতি বিভিন্ন সহায়ক সংস্থার সাহায্যে আমার দপ্তর যোজনা কর্ম-পরিকল্পনা যথার্থ রূপায়ণ করে। জল উন্নয়ন পরিষেবার বিভিন্ন কর্মকাণ্ড নিম্নরূপ ঃ

**৬.১.১। অনুসন্ধান ও পরিকল্পনা মণ্ডল নং—১**

৬.১.১.১। এই মণ্ডল বন্যা-নিয়ন্ত্রণ ক্ষেত্রের অন্তর্গত কর্মপ্রকল্প প্রস্তুত করার জন্য জমি জরিপ ও অনুসন্ধানের কাজ করে থাকে। সম্প্রতি এই মণ্ডল তিস্তা বাঁধ প্রকল্প ও সুবর্ণরেখা বাঁধ প্রকল্পের জন্য সূক্ষ্ম জরিপের দায়িত্বে আছে।

**৬.১.২। অনুসন্ধান ও পরিকল্পনা মণ্ডল নং—২**

৬.১.২.১। উক্ত মণ্ডল সেচের কাজের অন্তর্গত প্রকল্প তৈরি করার জন্য জরিপ ও অনুসন্ধানের কাজ করে থাকে।

**৬.১.৩। পূর্ব-পরিকল্পনা, প্রকল্প মূল্যায়ন ও তদারকি সেল**

৬.১.৩.১। সেচ ও জলপথ দপ্তরের বিভিন্ন সংস্থার, যেমন অনুসন্ধান ও পরিকল্পনা, নকশা ও গবেষণা এবং পরিকল্পনা ও তদারকি সংস্থার সমর্থনে দপ্তরের সুনির্দিষ্ট কর্মপন্থা অনুযায়ী বিভিন্ন কাজ নির্বাহ করাই উক্ত সেলের কাজ। জল উন্নয়ন পরিষেবার অনুশীর্ষে থেকেই এ সব সেলের জন্ম। নিচে একটি সংক্ষিপ্ত পরিচয়ের মাধ্যমে এ সব সংস্থার কর্মতৎপরতা জানানো হল।

**৬.১.৪। কেন্দ্রীয় নকশা সংস্থা**

৬.১.৪.১। সেচ ও বন্যা-নিয়ন্ত্রণ প্রকল্পগুলি রূপায়ণের সঙ্গে যুক্ত সমস্ত গুরুত্বপূর্ণ ও বড় ধরনের নির্মিতির জন্য নকশা ও অঞ্চল প্রস্তুত করা, এ রাজ্যে সড়ক সেতুগুলির ক্ষেত্রে জল নির্গমন ব্যবস্থার পর্যাপ্ততার পরীক্ষা, বাঁধের সুরক্ষার বিষয়গুলির পরীক্ষা ও জলসম্পদ ব্যবস্থাপনের সঙ্গে সংশ্লিষ্ট নকশার অন্যান্য যাবতীয় কাজ করার দায়িত্ব এই সংস্থাকে দেওয়া হয়েছে।

**৬.১.৫। নদী গবেষণা সংস্থা**

৬.১.৫.১। এই সংস্থা রাজ্যের জলসম্পদ উন্নয়ন-সংক্রান্ত বিভিন্ন অনুসন্ধানের কাজ করে থাকে। এ ছাড়া তটভূমির উপর বিভিন্ন প্রকার ঢেউয়ের প্রভাব এবং বাস্তু-সংক্রান্ত এবং নদী নিয়ন্ত্রণ-সংক্রান্ত নির্মিতির জন্যে নদীর গতিপথ পরিবর্তন বিষয়ে এই সংস্থা পরীক্ষা-নিরীক্ষা চালায়।

**৬.২। জনসংযোগ ও পরিসংখ্যান শাখা [P. R. & S. Cell]**

৬.২.১। আমার দপ্তরের কর্মসূচির লক্ষ্য হল এ রাজ্যের জনসাধারণের কাছে প্রয়োজনীয় সেচ ও বন্যা-নিয়ন্ত্রণের পরিষেবা পৌঁছে দেওয়া। জনসাধারণের সঙ্গে আমার দপ্তরের যোগাযোগ সুদৃঢ় করা এবং এই দপ্তরের কার্যাবলি সম্পর্কে তাদের অবহিত করার জন্যে একটি **জনসংযোগ ও পরিসংখ্যান শাখা** ১৯৯৪ সাল থেকে কাজ করে চলেছে। এই শাখা আমার দপ্তরের কার্যাবলির বিবরণ দিয়ে বাংলাভাষায় **'সেচপত্র'** নামে একটি ত্রৈমাসিক সংবাদপত্রের কয়েকটি সংখ্যা ইতিমধ্যেই প্রকাশ করেছে। এই শাখা সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে, সেচ ও বন্যা-নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার জনসাধারণের অংশগ্রহণ সম্ভব করতে, রাজ্যজুড়ে বিভিন্ন জায়গায় বেশ কয়েকটি আলোচনাসভার ব্যবস্থা করেছে। এই শাখার কার্যনির্বাহের জন্যে চলতি আর্থিক বছরের বাজেটে ১০.০০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ প্রস্তাবিত হয়েছে।

**৭। জওহর রোজগার যোজনা কর্মসূচি**

৭.১। আমার দপ্তরের কিছু কাজ উক্ত জওহর রোজগার যোজনা কর্মসূচির আওতায় আনা হয়েছে এবং সেগুলি বর্তমান আর্থিক বছরের রাজ্যে বিভিন্ন জেলার জেলা পরিষদের সঙ্গে পরামর্শ করে রূপায়ণ করা হবে।

**৮। সেচের জলকর খাতে রাজস্ব**

৮.১। রাজস্ব সংগ্রহ ব্যবস্থার উন্নতি সাধনের জন্য আমাদের প্রচেষ্টা সত্ত্বেও সেচের জলের জন্য নির্দ্ধারিত জলকর থেকে সংগৃহীত রাজস্ব আদায় আশানুরূপ হয়নি। বর্তমানে উপকৃতদের/জল-সংগ্রহকারিদের সেচ-ব্যবস্থাপনায় আনার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে। আমি আশা করি, এতে ভবিষ্যতে রাজস্ব সংগ্রহের উন্নতি হবে।

**৯। উপসংহার**

আমি আর একবার পুনরাবৃত্তি করতে চাই যে, রাজ্যের প্রচণ্ড আর্থিক বাধার জন্য পরিকল্পনা খাতের ব্যয়বরাদ্দ আশানুরূপ বাড়ানো গেল না। আগে আমার বিশদ বিবরণ-সহ পেশ করা হিসেব বিবেচনা করলে দেখা যাবে যে, বন্যা-নিয়ন্ত্রণ ক্ষেত্রের বিভিন্ন জরুরি কাজ রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ এবং বরাদ্দকৃত অর্থ-সংস্থানের মধ্যে ফারাক থেকে যাচ্ছে।

তৎসত্ত্বেও, আমার দপ্তরের কর্মসূচির সফল রূপায়ণের জন্য বিভিন্ন পর্যায়ে আমি জনগণের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

মহাশয়, এই কথাগুলো বলে আমি আমার বিভাগের ১৯৯৬-৯৭ সালের বাজেট সভার কাছে পেশ করছি।

## Demand No. 67

The Printed Speech of **Shri Nandadulal Bhattacharyya** on Demand No. 67 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই দাবি পেশ করতে চাই যে, ৬৭ নং অভিযাচনের অন্তর্ভুক্ত মূল খাত '২৭০২ ক্ষুদ্র সেচ', '২৭০৫ সেচসেবিত এলাকা উন্নয়ন', '৪৭০২ ক্ষুদ্রসেচের জন্য মূলধনী ব্যয়' এবং '৪৭০৫ সেচসেবিত এলাকা উন্নয়নে মূলধন বিনিয়োগ ব্যয়' বাবদ ১৭৩,৭৩,২২,০০০ (একশত তিয়াত্তর কোটি তিয়াত্তর লক্ষ বাইশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ভোট অন অ্যাকাউন্টে প্রাপ্ত ৮৬,৮৭,০০,০০০ (ছিয়াশি কোটি সাতাশি লক্ষ) টাকা এর মধ্যে ধরা আছে।

২। ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরের প্রারম্ভে যে উল্লেখযোগ্য ঘটনাটি ঘটে গেছে তা হল পশ্চিমবঙ্গের জনগণ বামফ্রন্ট সরকারকে এই নিয়ে পরপর পঞ্চম বারের জন্য নির্বাচিত করেছেন। বামফ্রন্ট সরকারের প্রতি জনগণের এই অবিচলিত আস্থা রাজ্যের জনগণের উন্নতি ও সমৃদ্ধির জন্য নির্দ্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করার কাজে বর্তমান সরকারের দায়িত্ব আরও বাড়িয়ে দিয়েছে। এই পরিপ্রেক্ষিতে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের পক্ষে আমি রাজ্যের কৃষক সমাজের, যার অধিকাংশই ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, সর্বাধিক ফসল ফলানোর উদ্দেশ্যে সময়মতো ও পর্যাপ্ত সেচের জলের দাবি মেটানোর জন্য বিনীত অঙ্গীকার করছি।

৩.১। পশ্চিমবঙ্গে কৃষি ব্যবস্থায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদেরই প্রাধান্য। চাষীদের মধ্যে ৮০ শতাংশেরও বেশি ক্ষুদ্র ও প্রান্তিক চাষী যাদের চাষের জমি খুবই ছোট ছোট মাপের। আবার এই ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের একটা বড় অংশই তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত।

কৃষি উৎপাদনের উপকরণসমূহের উর্ধ্বমুখি দামের জন্য এইসব ছোট চাষীদের পক্ষে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডিত জমিতে কৃষি উন্নয়নের উদ্দেশ্যে মূলধনী বিনিয়োগ ক্রমেই অলাভজনক হয়ে উঠছে। সেচের জল কৃষি উৎপাদনের অন্যতম প্রধান ও মহার্ঘ উপকরণ হওয়াতে এইসব ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা তাদের নিজস্ব পুঁজি থেকে সেচের জলের নিশ্চিত জোগানের জন্য বিনিয়োগের ব্যবস্থা করে উঠতে পারেন না। তাই, আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও বর্তমান সরকারের নীতি হল ক্ষুদ্র ও প্রান্তিক চাষী বিশেষ করে তফসিলভুক্ত জাতি ও উপজাতি চাষী অধ্যুষিত এলাকায় নদী জলোত্তোলন সেচ প্রকল্প, বিভিন্ন ক্ষমতাসম্পন্ন গভীর ও অগভীর নলকূপসহ আরও বিভিন্ন ধরনের জলসেচ ব্যবস্থার প্রণয়ন করা।

৩.২। পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। রাজ্যে ক্ষুদ্র সেচের ক্ষেত্রে সামগ্রিকভাবে চূড়ান্ত সেচসম্ভাব্য এলাকা সৃষ্টির পরিমাণ দাঁড়াবে আনুমানিক ৪৪ লক্ষ হেক্টর, যার মধ্যে ৩১ লক্ষ হেক্টর আসবে ভূগর্ভস্থ জলসম্পদ থেকে এবং ১৩ লক্ষ হেক্টর আসবে ভূপৃষ্ঠস্থ জলসম্পদ থেকে। ১৯৯৫-৯৬ সালের (মার্চ-৯৬) ২৯.৮৯ লক্ষ হেক্টর সেচ-সম্ভাব্য এলাকা সৃষ্টি করা সম্ভব হয়েছে যার মধ্যে যথাক্রমে ১৭.৩০ লক্ষ হেক্টর ও ১২.৫৯ লক্ষ হেক্টর হয়েছে ভূগর্ভের ও ভূপৃষ্ঠের জল থেকে।

৪.১। ১৯৯৬-৯৭ সালের জন্য প্রস্তাবিত যোজনা ব্যয় ধরা হয়েছে ৬৭ কোটি টাকা। এই যোজনা বরাদ্দ খরচ করা হবে চালু প্রকল্পগুলির মাধ্যমে সেচের জল সরবরাহের উন্নতি করতে এবং ভূ-গর্ভস্থ জল ও ভূ-পৃষ্ঠস্থ জলের অতিরিক্ত সম্ভাবনা সৃষ্টি করতে। এই বছরে রাজ্যের সমগ্র ক্ষুদ্র সেচ ক্ষেত্রে অতিরিক্ত সেচ সম্ভাবনার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১ লক্ষ হেক্টর।

৪.২। এই দপ্তরের ক্ষুদ্রসেচের কাজকর্ম হয় প্রধানত দুভাবে ঃ (১) ক্ষুদ্র সেচ কর্মসূচি, (২) সেচসেবিত এলাকা উন্নয়ন কর্মসূচি।

৪.২.১। **ক্ষুদ্র সেচ ঃ**

কৃষিজমিতে ক্ষুদ্র সেচ ব্যবস্থার সুযোগ বৃদ্ধির জন্য এই দপ্তরের মাধ্যমে যেসব কাজকর্ম হয় তা—(১) ভূ-পৃষ্ঠস্থ ও ভূ-গর্ভস্থ জলসম্পদের অনুসন্ধান ও পরিমাপ করা এবং (২) সেইসব সম্পদের যথাযথ উন্নয়নের কর্মসূচি গ্রহণ করা।

রাজ্য জলসম্পদ অনুসন্ধান অধিকার (সুইড) জলসম্পদের অনুসন্ধান ও তার সেচ-সম্ভাবনার পরিমাপ নির্দ্ধারিত করে। আর জলসম্পদ উন্নয়নের কর্মসূচি রূপায়ণ করে জলসম্পদ উন্নয়ন অধিকার।

৪.২.১.১। **রাজ্য জলসম্পদ অনুসন্ধান অধিকার (সুইড)**

রাজ্য জলসম্পদ অনুসন্ধান অধিকারের কার্যকলাপের মধ্যে রয়েছে—

(১) ভূ-গর্ভ ও ভূ-পৃষ্ঠ উভয়ক্ষেত্রের জলসম্পদ অনুসন্ধান

(২) জলসম্পদের সেচ-সম্ভাবনা নির্দ্ধারণ

(৩) সেচের জলের উপযুক্ততা নির্দ্ধারণ ইত্যাদি।

এইসব অনুসন্ধান ও সমীক্ষার ভিত্তিতে 'সুইড়' রাজ্যের ক্ষুদ্র সেচের ক্ষেত্রে জলসম্পদ উন্নয়ন ও ব্যবহার-যোগ্যতার ব্যাপারে সুপারিশ করে থাকে।

১৯৯৬-৯৭ সালের বার্ষিক পরিকল্পনায় সুইডের কাজকর্মের জন্য ২০ লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে।

**৪.২.১.১। ভূগর্ভস্থ জলের ব্যবহার-বিধি ঃ**

ভূগর্ভস্থ জল, জলের একটি স্থায়ী উৎস যার ব্যবহারের ফলে সৃষ্ট শূন্যস্থান বৃষ্টিপাতের মাধ্যমে পূরিত হয়। এই সম্পদ অতিরিক্ত ব্যবহারের ফলে ভূগর্ভস্থ জল স্তর নেমে যায় এবং কতকগুলি অবাঞ্ছিত ফলাফল দেখা যায়। যেমন—(১) ভূগর্ভস্থ জল ক্রমেই হ্রাস পাওয়া, (২) ভূগর্ভস্থ জলসম্পদের গুণাগুণের অবনতি ঘটা, (৩) মাটি বসে যাওয়া, (৪) পাম্প চালনার খরচ বৃদ্ধি পাওয়া, (৫) বহুসংখ্যক অগভীর নলকূপ বন্ধ হয়ে যাওয়া, (৬) ভূগর্ভস্থ জলধারা হ্রাসের ফলে নদীর জল কমে যাওয়ায় বহুসংখ্যক নদী জলোত্তোলন প্রকল্প বন্ধ হয়ে যাওয়া প্রভৃতি।

বেসরকারি ক্ষেত্রে ভূগর্ভস্থ জলের যথেচ্ছ ব্যবহারে কিছুটা নিয়ন্ত্রণ আরোপ করার জন্য সরকার চিন্তা-ভাবনা করছে। নলকূপ বসানোর স্থান ও নলকূপ মালিকদের অতিরিক্ত ভূগর্ভস্থ জল তোলা নিয়ন্ত্রিত করার লক্ষ্যে একটি আইন প্রবর্তন করার কথা আমরা ভাবছি। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে বীরভূম, বর্ধমান, হুগলি, ২৪-পরগনা (উত্তর), নদীয়া, মুর্শিদাবাদ, মেদিনীপুর—এই সাতটি জেলায় বেসরকারি মালিকানায় সাব্‌মার্সিবল পাম্পযুক্ত নলকূপে বিদ্যুৎ সংযোগের আগে জলসম্পদ অনুসন্ধান অধিকারের অনুমোদন সংগ্রহের জন্য বিদ্যুৎ দপ্তরকে অনুরোধ করা হয়েছে।

ভূগর্ভস্থ জলের বর্তমান পরিস্থিতি সম্পর্কে জনমনে সচেতনতা সৃষ্টির জন্য আমরা আলোচনাচক্র ও জনসভা সংগঠিত করছি। অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে এর সঙ্গে যুক্ত করা হয়েছে। ভূগর্ভস্থ জলের ব্যবহার বিধি প্রণয়নের জন্য ভারত সরকার প্রেরিত নমুনা বিল-এর বিভিন্ন ধারাগুলি নিয়ে গভীরভাবে আলোচনার জন্য গঠিত কমিটি তাদের সুপারিশ পেশ করেছেন। খসড়া বিলটি, কমিটির সুপারিশসহ, বর্তমানে আইন দপ্তরের সমীক্ষাধীন আছে।

**৪.২.১.২। জলসম্পদ উন্নয়ন অধিকার ঃ**

ভূপৃষ্ঠ ও ভূগর্ভ উভয় ক্ষেত্রের জলসম্পদ উন্নয়ন, জলসম্পদ উন্নয়ন অধিকার-এর প্রধান কাজকর্ম ক্ষুদ্রসেচের ক্ষেত্রে জলসম্পদ উন্নয়নের জন্য যে সমস্ত প্রকল্প এই অধিকার রূপায়ণ করছে সেগুলি হল ঃ

**(১) ভূপৃষ্ঠ জলসেচ প্রকল্প ঃ**

এই প্রকল্পে বর্ষার সময়ে সংগৃহীত জলকে জলাধারে সংরক্ষণ করা হয় ও সংরক্ষিত জলকে ভিন্ন খাতে প্রবাহিত করার ব্যবস্থা করা হয়। শুখা মরশুমে তা সেচের কাজে ব্যবহার করা হয়।

**(২) সেচ ও নিকাশি প্রকল্প ঃ**

এই প্রকল্পে জোয়ার-ভাটার ফলে যেসব নিচু জায়গা জলমগ্ন হয়ে যায় এবং যেখানে নদীর জল উল্টো দিক থেকে মাঠের মধ্যে প্রবেশ করে চাষের জমিকে অকেজো করে দেয়, সেখানে প্রাকৃতিক নিকাশি খালের শেষ প্রান্তে স্লুইস গেট নির্মাণ করে জলের অবাধ প্রবেশ নিয়ন্ত্রণ করা হয়। এতে দু'

ধরনের সুবিধা পাওয়া যায় (১) নিকাশি এবং (২) সেচ। রবি ও বোরো মরশুমে সেচের জলের চাহিদা মেটাতে খালগুলির জল পুরোপুরি নিকাশ না করে তার একটা অংশ ওই খালেই ধরে রাখা হয়। পরে ওই জল সেচের কাজে লাগানো হয়। ১৯৯৫-৯৬ সালের শেষে এই ধরনের প্রকল্পের সংখ্যা দাঁড়িয়েছে ১৮৭।

**(খ) নদী জলোত্তোলন প্রকল্প ঃ**

যেখানে ভূ-প্রকৃতির গঠন বৈচিত্র্যের জন্য জলধারাকে ভিন্ন খাতে প্রবাহিত করানো সম্ভব নয়, সেখানে কৃষিক্ষেত্রে সেচের জন্য নদী জলোত্তোলন প্রকল্প গ্রহণ করা হয়। যন্ত্রচালিত পাম্পের সাহায্যে নদী থেকে জল তুলে ভূগর্ভস্থ পাইপের মাধ্যমে জলবন্টন পদ্ধতিতে কৃষিক্ষেত্রে সেই জল সরবরাহ করা হয়। ১৯৯৫-৯৬ সালের শেষে নদী জলোত্তোলন প্রকল্পের সংখ্যা দাঁড়িয়েছে ৩১৭০।

**(গ) ভূগর্ভস্থ জলসম্পদ উন্নয়ন প্রকল্প ঃ**

এই প্রকল্পে প্রতি ঘন্টায় ৩০ কিউবিক মিটার জলসরবরাহের ক্ষমতাসম্পন্ন অগভীর নলকূপ থেকে প্রতি ঘন্টায় ২০০ কিউবিক মিটার জলসরবরাহের ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ পর্যন্ত বিভিন্ন ক্ষমতাবিশিষ্ট নলকূপ খনন করে ভূগর্ভস্থ জলকে সেচের কাজে লাগানো হয়। ১৯৯৫-৯৬ সালের শেষে বিভিন্ন ক্ষমতার নলকূপের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৯১৭১।

**৪.২.১.২.১। গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (আর আই ডি এফ)-এর টাকায় প্রকল্প রূপায়ণ ঃ**

বিগত পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলিতে বিভিন্ন রাজ্য সরকারের যে সমস্ত প্রকল্পের ৬৫ শতাংশ কাজ শেষ হয়েছিল সেগুলিকে ৮ম পরিকল্পনার শেষ দু' বছরে সমাপ্ত করার জন্য ভারত সরকার 'গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল' নামে একটি তহবিল গড়ে তুলেছেন যা থেকে 'রাষ্ট্রীয় কৃষি ও গ্রামোন্নোয়ন ব্যাঙ্ক' (নাবার্ড) বিভিন্ন রাজ্য সরকারকে ঋণ মঞ্জুর করে থাকেন।

বিগত পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে হাতে নেওয়া উচ্চক্ষমতাসম্পন্ন নলকূপ, মধ্যম ক্ষমতাসম্পন্ন নলকূপ এবং নিম্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ, অগভীর নলকূপ, নদী জলোত্তোলন প্রকল্প, ভূপৃষ্ঠ জলসেচ প্রকল্পের বাকি ৩৫ শতাংশ কাজ শেষ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার নাবার্ডের কাছে একটি প্রস্তাব পেশ করে। 'নাবার্ড' সেই মতো ৯১.৭৩ কোটি টাকা বরাদ্দ অনুমোদন করে, যার মধ্যে ৭০.১৭৫ কোটি টাকা ঋণ হিসেবে পাওয়া যাবে এবং ২১.৫৫৫ কোটি টাকা রাজ্য সরকারকে বহন করতে হবে। ঋণের টাকা পশ্চিমবঙ্গ সরকারের নামে জমা পড়বে খরচ করা টাকার ফেরৎ হিসেবে এবং এই টাকা তোলার জন্য দরখাস্ত করতে হবে। এই প্রকল্পগুলি ১-৪-৯৫ থেকে চালু হয়েছে এবং ৩১-৩-৯৭ তারিখের মধ্যে শেষ হবে। প্রকল্পের কাজ এগিয়ে চলেছে এবং আশা করা যায় যে কাজগুলি সময়সূচি

মতোই শেষ হবে। ১৯৯৬-৯৭ সালের জন্য নাবার্ডের কাছ থেকে ঋণ বাবদ ৪৬.৮১৪৯ কোটি টাকা এবং রাজ্য সরকারের প্রদেয় বাবদ ১২.১৮৫১ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এই টাকা দিয়ে পাম্প হাউস নির্মাণ, অভ্যন্তরীণ বৈদ্যুতিক তারসংযোগ, বৈদ্যুতিকরণ, উচ্চ, মধ্যম ও নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর ও অগভীর নলকূপ ও নদী জলোত্তোলন প্রকল্পে বৈদ্যুতিক শক্তি সংযোগ ও পাইপ লাইন বসানো, ডিজেলচালিত নদী জলোত্তোলন বৈদ্যুতিক, অসমাপ্ত ভূপৃষ্ঠ জলসেচ প্রকল্পগুলির কাজ সম্পূর্ণ করা হবে।

৪.২.১.২.২। **অন্যান্য ক্ষুদ্রসেচ প্রকল্প ঃ**

যেসব প্রকল্পের কাজ গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলের টাকা থেকে করা যাবে না সেগুলি রূপায়ণের জন্য ১৯৯৬-৯৭ সালের বার্ষিক পরিকল্পনায় ৪৬ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

৪.২.১.৩। **পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগম ঃ**

পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্রসেচ নিগমের অধীনে ৪৭৫টি গভীর নলকূপ এবং ১৫৪টি নদীলোত্তোলন প্রকল্প আছে। এই প্রকল্পগুলি চালু রাখতে নিগমকে ১৯৯৬-৯৭ সালের জন্য সাহায্য বাবদ অনুদান হিসেবে ৫০০ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

৪.২.১.৪। **বোরো বাঁধ প্রকল্প ঃ**

মেদিনীপুর, হুগলি ও হাওড়া জেলার যেসব এলাকায় ভূপ্রকৃতির গঠন বৈশিষ্ট্য এবং নদীর গতি বৈচিত্র্যের ফলে কোনও রকমের স্থায়ী জলাধার নির্মাণের কাজ সম্ভব নয় সেইসব অঞ্চলের জন্য বোরো বাঁধ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পগুলি অস্থায়ী ধরনের। প্রতি বছর অক্টোবর-নভেম্বর মাসে বোরো চাষে জল ব্যবহারের উদ্দেশ্যে নদীর আড়াআড়ি মাটির বাঁধ দেওয়া হয় এবং বর্ষা শুরু হবার আগে নদীর স্বাভাবিক নাব্যতা ফিরিয়ে আনার জন্য ওই নদী বাঁধগুলি ভেঙে ফেলা হয়। বাৎসরিক ব্যয় বরাদ্দের উপর নির্ভর করে সংশ্লিষ্ট জেলাশাসকদের হাতে বোরো বাঁধ প্রকল্পের টাকা দেওয়া হয় এবং প্রকল্পগুলি স্থানীয় পঞ্চায়েতের মাধ্যমে রূপায়িত হয়। ১৯৯৬-৯৭ সালের বাৎসরিক পরিকল্পনায় এই কাজ বাবদ ৬০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ প্রস্তাবিত হয়েছে।

৪.২.১.৫। **পুষ্করিণী উন্নয়ন প্রকল্প ঃ**

জেলাশাসকদের মাধ্যমে, বুজে যাওয়া পুকুর সংস্কারের জন্য ১৯৯৬-৯৭ সালের বার্ষিক পরিকল্পনায় ৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

৪.২.১.৬। **দার্জিলিঙ গোর্খা পার্বত্য পরিষদের অধীনে প্রকল্পসমূহ ঃ**

দার্জিলিঙ জেলার ক্ষুদ্রসেচ প্রকল্পগুলি দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের মাধ্যমে রূপায়িত হয়। বাৎসরিক পরিকল্পনায় ব্যয় বরাদ্দ-এর উপর নির্ভর করে দার্জিলিঙ

গোর্খা পার্বত্য পরিষদকে এই বিভাগ অর্থ মঞ্জুর করে। ১৯৯৬-৯৭ সালের বার্ষিক পরিকল্পনায় ১৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ প্রস্তাবিত হয়েছে।

৪.২.১.৭। **সেচসূচিত এলাকা উন্নয়ন কর্মসূচি ঃ**

পশ্চিমবঙ্গে প্রধান ৩টি নদী উপত্যকা পরিকল্পনায় যথা—(১) দামোদর, (২) কংসাবতী, (৩) ময়ূরাক্ষী, জলসম্পদের সুষ্ঠু ব্যবহার পদ্ধতির অভাবে, সমগ্র সেচসূচিত এলাকায় রবি মরশুমে এবং এমনকি কোনও কোনও সময়ে খরিফ মরশুমেও সেচের ব্যবস্থা করা সম্ভব হত না। খাল ব্যবস্থার মাধ্যমে সেচের জল ছেড়ে দিয়ে সেচ ও জলপথ দপ্তর তাদের কাজ শেষ করে। অতীতে মাঠনালা ছাড়াই মাঠ ভাসিয়ে সেচের কাজ চালানো হত। তার ফলে, একদিকে বিস্তীর্ণ এলাকা, জমির উঁচু নিচু অবস্থানের জন্য, সেচের জলের সুযোগ থেকে বঞ্চিত হত, অপর দিকে প্রচুর জলের অপচয় ঘটত।

এই তিনটি পরিকল্পনায় সেচসূচিত অঞ্চলের উন্নয়নের প্রতি দৃষ্টি রেখে এবং সেইসঙ্গে সমগ্র সেচসূচিত অঞ্চলে সেচের জলের সুষম বণ্টনের উদ্দেশ্যে ১৯৭৪-৭৫ সালে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে গঠিত প্রকল্পের অধীনে তিনটি সেচসূচিত অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (সি এ ডি এ) গঠন করা হয়। ১৯৯৫-৯৬ সালের শেষে ০.৭৯ লক্ষ হেক্টর জমিতে সেচ-সম্ভাবনা সৃষ্টি করা হয়েছে। ০.০৩৬ লক্ষ হেক্টর এলাকা উন্নয়রে জন্য ১৯৯৬-৯৭ সালে বার্ষিক পরিকল্পনায় ১৫০ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। সেচসূচিত এলাকার প্রান্তসীমায় ভূপৃষ্ঠ ও ভূগর্ভ জলের একসঙ্গে ব্যবহারের জন্য সমষ্টি সেচ প্রকল্প প্রবর্তন করার ফলে এলাকার চাষীরা সমবায় কৃষি উন্নয়ন সমিতি গঠন করে এইসব প্রকল্প রূপায়ণে এগিয়ে আসছে।

৫। **পঞ্চায়েতের ভূমিকা এবং ক্ষুদ্রসেচ প্রকল্পের পরিচালনায় জনগণের অংশগ্রহণ ব্যবস্থার প্রবর্তন ঃ**

ক্ষুদ্রসেচ প্রকল্পের জন্য স্থান নির্বাচন থেকে শুরু করে তা সুষ্ঠু পরিচালনা পর্যন্ত জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের কাজে পঞ্চায়েতের সক্রিয় ভূমিকা রয়েছে। ৩১-৩-৯৬ পর্যন্ত ১৫৩০ নিম্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ, ১৮০৮ অগভীর নলকূপ, ৬টি মধ্যম ক্ষমতাসম্পন্ন নলকূপ, ৬টি উচ্চ ক্ষমতাসম্পন্ন নলকূপ এবং ১টি নদী জলোত্তোলন প্রকল্প পঞ্চায়েত সমিতিগুলির হাতে অর্পণ করা হয়েছে। সেগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজ পঞ্চায়েত সমিতি দ্বারা গঠিত 'উপকারভোগী সমিতি'র মাধ্যমে হয়ে থাকে। এই প্রকল্পগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে পঞ্চায়েত সমিতিগুলির তত্ত্বাবধানে 'উপরকারভোগী সমিতি'গুলির কাজকর্ম সন্তোষজনক। উক্ত সেচ প্রকল্পগুলি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সম্পূর্ণ খরচা তুলে নেবার জন্য পঞ্চায়েত সমিতিগুলি নিজেরাই জলকর সংগ্রহ করছে। এই রাজ্যে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি পরিচালনায় ক্ষেত্রে জনগণের অংশগ্রহণের সাফল্য ভারত সরকার, বিশ্বব্যাঙ্ক এবং অন্যান্য রাজ্যের বিপুল প্রশংসা অর্জন করেছে।

**৬। সমষ্টি জলোত্তোলন প্রকল্প ঃ**

নদী জলোত্তোলন প্রকল্পগুলিকে বিদ্যুতায়িত করতে ডিজেলচালিত ইঞ্জিনগুলির পরিবর্তে বিদ্যুৎচালিত পাম্প মোটর সেট বসানো হচ্ছে। তার ফলে বেশ কিছুসংখ্যক ডিজেল ইঞ্জিন পাম্পসেট উদ্বৃত্ত হয়ে পড়েছে। যে সব পঞ্চায়েত সমিতি উপকৃত কৃষকদের মাধ্যমে সমষ্টি জলোত্তোলন প্রকল্প রূপায়ণ করতে চায়, তাদের হাতে ওই উদ্বৃত্ত পাম্পসেটগুলি তুলে দেওয়া হচ্ছে। এই প্রকল্পগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়দায়িত্ব উপকৃত কৃষকরাই বহন করছেন। বর্তমানে রাজ্যে ৬৮টি সমষ্টি জলোত্তোলন প্রকল্প চালু আছে।

**৭। সেক্রেটারিয়েট ইকোনকিম সার্ভিস ঃ**

১৯৯৬-৯৭ সালে সেক্রেটারিয়েট সার্ভিস-এর জন্যে ২ লক্ষ টাকা পরিকল্পনা ব্যয়-এর ব্যবস্থা রাখা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি উপরের বিবরণে ক্ষুদ্রসেচ ও সেচসূচিত এলাকা উন্নয়ন কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য এবং বিভিন্ন কাজকর্মের রূপরেখা বিবৃত করে ১৯৯৬-৯৭ সালের জন্য বাজেটে প্রয়োজনীয় বরাদ্দের দাবি পেশ করলাম। এই প্রকল্পগুলি একটি বা দুটি অতিরিক্ত ফসল উৎপাদনে সাহায্য ক'রে কৃষকদের ক্রয়ক্ষমতা বাড়িয়েছে এবং খেত-খামারে সন্তোষজনক কাজের ব্যবস্থা করে কৃষকের পরিবার ও ভূমিহীন কৃষি-কর্মীদের সারা বছরের কর্মনিযুক্তি সুনিশ্চিত করেছে। ফলে কাজের সন্ধানে তাদের সময়ে সময়ে মহানগরীর দিকে চলে যাওয়ার প্রবণতা রোধ করা গেছে।

এই বিভাগের বহুমুখি কাজকর্ম পশ্চিমবঙ্গের গ্রামীণ জীবনে আর্থ-সামাজিক পরিবর্তন ঘটানোর কাজে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং মেহনতি মানুষ ও কৃষক সমাজের সার্বিক উন্নতি ঘটাতে সাহায্য করছে।

এই কথা বলে, আমি বিধানসভার বিবেচনা ও অনুমোদনের জন্য বাজেট বরাদ্দ পেশ করলাম।

## Demand No. 69

The Printed Speech of **Shri Sankar Kumar Sen** on Demand No. 69 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৬৯ নং দাবির "২৮০১-বিদ্যুৎ", "৪৮০১-বিদ্যুৎ প্রকল্পের মূলধন বিনিয়োগ", "৬৮০১-বিদ্যুৎ প্রকল্পের জন্য ঋণ" এবং "৬৮৬০-ভোগ্য শিল্পের জন্য ঋণ", সংক্রান্ত মুখ্যখাতে সামগ্রিক ব্যয় নির্বাহের জন্য ১১৭২ কোটি ৭৫ লক্ষ (এক হাজার একশত বাহাত্তর কোটি পঁচাত্তর লক্ষ) টাকা ব্যয়-বরাদ্দ মঞ্জুর করা হোক। এই দাবির মধ্যে আছে বিদ্যুৎ প্রকল্পগুলির জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে ও বিদ্যুৎকেন্দ্র নবীকরণের জন্য ডি. পি. এল.-কে প্রদেয় ঋণ এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে বিনিয়োগের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প রূপায়ণের সমানুপাতিক হারে

অংশগ্রহণ এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদকে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য প্রদেয় ভরতুকি ও লোকদীপ প্রকল্পের জন্য অনুদান। এই দাবির মধ্যে "ভোট-অন-অ্যাকাউন্টে" ইতিমধ্যে বরাদ্দকৃত ৫৮৬ কোটি ৩৮ লক্ষ (পাঁচশত ছিয়াশি কোটি আটত্রিশ লক্ষ) টাকা ধরা হয়েছে।

## ২। পশ্চিমবঙ্গে বিদ্যুতের চিত্রপট

২.১। বর্তমানে রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতিতে কিছুটা স্থায়িত্ব আনা সম্ভব হয়েছে। স্বাভাবিকভাবেই এই পরিস্থিতি সমাজের সব শ্রেণীর মানুষের মধ্যে আশার সঞ্চার করেছে। বর্তমানে যে অঞ্চলে বৈদ্যুতিকরণ হয় নি সেখানকার অধিবাসীরা বিদ্যুতের আশায় রয়েছেন এবং অন্যান্য বিদ্যুৎ গ্রাহকেরা দাবি করছেন উন্নতমানের বিদ্যুৎ পরিষেবার। গত বৎসরে আমাদের সনিষ্ঠ প্রচেষ্টা ছিল যাতে আমরা একদিকে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে স্থায়িত্ব আনতে সক্ষম হতে পারি আবার অন্যদিকে তা শিল্প, কৃষিসহ অন্যান্য ক্ষেত্রে এবং গার্হস্থ্য গ্রাহকদের নিকট পৌছে দিতেও পারি। ।.মাদের মূল বিবেচনা ও ভাবনার মধ্যে ছিল নতুন বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র স্থাপন, বিদ্যুৎ সঞ্চালন ও পরিবহন ব্যবস্থার সুদৃঢ়করণ, গ্রামীণ বৈদ্যুতিকরণ ব্যবস্থার উন্নয়ন এবং রাজ্যের অধীনস্থ বিদ্যুৎ সংস্থাগুলির আর্থিক সমস্যার সমাধান করা।

২.২। মাননীয় সদস্যগণ শুনে খুশি হবেন যে, নানারকম বাধা-বিপত্তি অতিক্রম করে গত আর্থিক বছরে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের রাম্মাম জলবিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় পর্যায়ের কাজ শেষ হয়েছে এবং এর ফলে রাজ্যে আরও ৫১ মেগাওয়াট পরিমাণ জলবিদ্যুতের উৎপাদনক্ষমতার সংযোজন ঘটল। নিম্নে প্রদত্ত ১নং সারণিতে গত পাঁচ বৎসরের সি. ই. এস. সি. লিমিটেড, দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানি লিমিটেডসহ রাজ্যের অধীন বিদ্যুৎ সংস্থাগুলির বিদ্যুৎ উৎপাদনের তুলনামূলক চিত্র তুলে ধরা হয়েছে। মোট বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ গত বৎসরের উৎপাদনের পরিমাণ থেকে সামান্য কম হয়েছে।

### সারণী নং ১

**সি. ই. এস. সি এবং ডি. পি. এস. সি. সহ রাজ্যে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ (একক—মিলিয়ন ইউনিট)**

| সংস্থা | ১৯৯১-৯২ | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ | তুলনামূলক উৎপাদন বৃদ্ধি/হ্রাসের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| পঃ বঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ | ২৮৫৩ | ২৮৬৫ | ৩৭০০ | ৩৭৫০ | ৩২১১ | (-) ১৪.৫% |
| পঃ বঃ বিদ্যুৎ উন্নয়ন নিগম | ২৮৫৩ | ২৮৬৫ | ৩৭০০ | ৩৭৫০ | ৩২১১ | (+) ১৪.৫% |
| দুর্গাপুর প্রোজেক্টস্ লিঃ | ৬০৯ | ৯৮০ | ৯০২ | ৯০৭ | ৯০৫ | — |
| রাজ্যের অধীন বিদ্যুৎ সংস্থার মোট উৎপাদন | ৭৩৬২ | ৮১২৫ | ০০৬৮ | ১-৪৫০ | ১০২৬৪ | (-) ১.৮% |
| সি. ই. এস. সি লিঃ | ৩১০৩ | ৩৪৪৩ | ৩৫০৫ | ৩৭২৪ | ৩৮৩৩ | (+) ৩% |
| দিশরগড় পাওয়ার সাপ্লাই কোঃ লিঃ | ২১৮ | ২৪৯ | ২৩৮ | ২১৯ | ২২৯ | (+) ৪.৫% |
| ব্যক্তিগত মালিকানাধীন সংস্থার সমগ্র উৎপাদন | ৩৩২১ | ৩৬৯২ | ৩৭৪৩ | ৩৯৪৩ | ৪০৬২ | (+) ১৩% |
| সামগ্রিক উৎপাদন | ১০৬৮৩ | ১১৮১৭ | ১৩৭১১ | ১৪৩৯৩ | ১৪৩২৬ | (-) ০.৪% |

২.৩। উল্লেখ করা যেতে পারে যে, গত বৎসরের শেষের দিকে রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প দ্বিতীয় পর্যায় চালু হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের পক্ষে বিগত বৎসর আশানুরূপ ছিল না। ব্যান্ডেল ও সাঁওতালদিহি বিদ্যুৎ কেন্দ্রগুলি আকস্মিকভাবে বিকল হয়ে যাওয়া সহ নানারকম সমস্যার সম্মুখীন হয়। ফলে, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ উৎপাদন বেশ কিছু মাত্রায় হ্রাস পেয়েছে। মাননীয় সদস্যেরা অবহিত আছেন যে, ঐ দুটি কেন্দ্রই অনেক পুরনো এবং পুনরুজ্জীবীকরণ ও আধুনিকীকরণের প্রয়োজন।

১৯৯৬ সালের ফেব্রুয়ারি মাসে অগ্নিকাণ্ডের ফলে একটি দুর্ঘটনা ঘটায় দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেডের বিদ্যুৎ উৎপাদন সাময়িক ব্যাহত হয় কিন্তু তা সত্ত্বেও উক্ত সংস্থা পূর্ব বৎসরে উৎপাদিত বিদ্যুতের প্রায় সমপরিমাণ বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হয়েছে। মাননীয় সদস্যরা হয়ত এই জেনে খুশি হবেন যে, ১৯৯৬ সালের মার্চ মাসে ১২৩ এম. ইউ. পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করে দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড একটি সর্বকালীন রেকর্ড গড়তে সক্ষম হয়েছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের উৎপাদিত বিদ্যুতের পরিমাণ অন্যান্য বৎসরের মতোই আশাপ্রদ, যদিও ১৯৯৫-৯৬ সালে প্রকৃত বিদ্যুৎ চাহিদার পরিপ্রেক্ষিতে প্ল্যান্ট লোড ফ্যাক্টর ৫৬% (পূর্ব বৎসরে ছিল ৬১%)-এ সীমিত রাখতে হয়েছে।

২.৪। রাজ্যের বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিভিন্ন কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থাগুলির থেকে বিদ্যুৎ নেয়। পর্ষদ গত তিন বছরে যে পরিমাণ বিদ্যুৎ ক্রয় করেছে তার একটি চিত্র নিচে দেওয়া হল ঃ

৩। **নির্মীয়মান গুরুত্বপূর্ণ বিদ্যুৎ প্রকল্পসমূহ**

৩.১। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবহিত আছেন যে, ভবিষ্যতের বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য অনেকগুলি বিদ্যুৎ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে এবং প্রকল্পগুলির কাজও রূপায়ণের বিভিন্ন স্তরে এগিয়ে চলেছে। মাননীয় সদস্যগণের অবগতির জন্য প্রকল্পগুলির বর্তমান অবস্থা নিম্নে বর্ণিত হল ঃ

(একক—মিলিয়ন ইউনিট)

| | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ |
|---|---|---|---|
| (ক) দামোদর ভ্যালি কর্পোরেশন | ৩০৭.৫ | ৪২৩.৫ | ৪৭৪.০ |
| (খ) এন. টি. পি. সি. | ৩৮৭.৭ | ৩৮.১ | ৩১৬.২ |
| (গ) পি. জি. সি. আই. এল. | ৩৪১.৪ | ৭৫.৪ | ১৫৫.৮ |
| মোট | ১০৩৬.৬ | ৫৩৭.০ | ৯৪৬.০ |

৩.২। **পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ**

৩.২.১। **রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প—দ্বিতীয় পর্যায় (৪×১২.৭৫ মে.ও.) ঃ** আগেই উল্লেখ করা হয়েছে যে, গত আর্থিক বৎসরে এই প্রকল্পটির কাজ শেষ হয়েছে এবং প্রকল্পটি চালু করা হয়েছে। এই প্রকল্প চালু হওয়ার ফলে রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদনক্ষমতা আরও ৫১ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে। প্রকল্পটির আনুমানিক ব্যয় ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত প্রায়

১৩৬ কোটি টাকা এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদের নিজস্ব তহবিল থেকেই এই খরচ করা হয়েছে।

৩.২.২। **তিস্তা ক্যানাল জলবিদ্যুৎ প্রকল্প** (৩×২২.৫ মে. ও.) ঃ এই প্রকল্পটির নির্দ্ধারিত কর্মসূচি ঠিকমতো অনুসরণ করা সম্ভব হয় নি এবং এর ফলে বিদ্যুৎ কেন্দ্রটি চালু করার দিনও পিছিয়ে গিয়েছে। এই প্রকল্পটি তিস্তা ব্যারেজ প্রকল্পের সঙ্গে যুক্ত যা পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ দপ্তরের উপর রূপায়ণের দায়িত্ব ন্যস্ত আছে। প্রকল্প রূপায়ণের কাজ পিছিয়ে পড়ার মূল কারণ হল—(ক) অর্থের অভাব (খ) জমি অধিগ্রহণ সমস্যা ও (গ) সি. ডব্লউ. সি. থেকে নক্সা ইত্যাদি পাওয়ার ক্ষেত্রে বিলম্ব, ইত্যাদি। এ ছাড়াও, আরও কয়েকটি বিশেষ সমস্যার ব্যাপারে সেচ ও জলপথ দপ্তরের সঙ্গে মত বিনিময়ের প্রয়োজন ছিল। যাই হোক, বর্তমানে কাজের গতি ত্বরান্বিত হয়েছে এবং প্রকল্পটির প্রথম ও দ্বিতীয় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কাজও বহুলাংশে শেষ হয়েছে। এই প্রকল্পে, আপাতত মার্চ, ১৯৯৬ পর্যন্ত খরচের পরিমাণ দাঁড়িয়েছে ২৮৪.২২ কোটি টাকা।

৩.২.৩। **পুরুলিয়া পাম্পড় স্টোরেজ স্কীম-১—কেষ্টবাজার নালা** (৪×২২৫ মে. ও.) ঃ

এই প্রকল্পটির আনুমানিক ব্যয় ধরা হয়েছে প্রায় ৩১৮৯ কোটি টাকা এবং জাপানের ও. ই. সি. এফ-এর কাছ থেকে ঋণ গ্রহণ করে প্রকল্পটির রূপায়ণ করা হচ্ছে। ১৯৯৮-৯৯ সাল পর্যন্ত প্রকল্প ব্যয় বাবদ প্রথম দফায় ৬১১ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে। অধিকাংশ প্রয়োজনীয় জমি অধিগ্রহণের পর পরিকাঠামো সংক্রান্ত নির্মাণের কাজও শুরু হয়েছে। পরিবহন ব্যবস্থা, ফিল্ড হোস্টেল, কর্মী আবাসন, অফিস বাড়ি, গুদাম ইত্যাদি নির্মাণের কাজ অনেকটা এগিয়েছে। উপদেষ্টা নিয়োগের কাজ শেষ হয়েছে এবং তারা জমি-জরিপের কাজ, টেন্ডার-পত্র তৈরি ইত্যাদির কাজও শুরু করেছেন। আশা করা যাচ্ছে যে, প্রকল্পটি ২০০৩ সালে চালু করা যাবে।

৩.২.৪। **রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প** (৩৬ মে. ও.) **প্রথম পর্যায় ঃ**

প্রকল্পটি যৌথ উদ্যোগে "বিল্ড-অপারেট ট্রান্সফার" ভিত্তিতে রূপায়ণ করা হবে। টেন্ডারের মূল্যায়নের প্রাথমিক কাজ শেষ হয়েছে।

৩.২.৫। **পুরুলিয়া পাম্পড় স্টোরেজ পরকল্প-২—তুর্গানালা ঃ**

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, ইন্দো-ফ্রান্স দ্বিপাক্ষিক কর্মসূচির ভিত্তিতে "ইলেক্ট্রিসাইট-ডি-ফ্রান্স"-এর সহযোগিতায় ১১০০ মে. ও. ক্ষমতাসম্পন্ন প্রকল্পটির প্রাক-সম্ভাব্যতা রির্পোট প্রস্তুতকল্পে জরিপ এবং অনুসন্ধান শুরু করেছে।

৩.২.৬। **গৌরিপুর তাপ-বিদ্যুৎ প্রকল্প** (১×১৫০ মে. ও.) ঃ

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, বিড়লা টেকনিক্যাল সার্ভিসেস, বি. এইচ. ই. এল. এবং আমেরিকার থার্মো-ইকো-টেক কর্পোরেশনের মিলিতভাবে গঠিত যৌথ উদ্যোগে "বিল্ড-অপারেট-ট্রান্সফার" পদ্ধতিতে এই প্রকল্পটি রূপায়িত হবে। যৌথ উদ্যোগে স্থাপিত সংস্থা প্রকল্পটির আর্থকারিগরি ছাড়পত্র সি. ই. এ.-র থেকে এখনও পায় নি। আগেই উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি প্রচলিত পি. সি. বয়লারের অপেক্ষা উন্নত সি. এফ. বি. সি. বয়লার স্থাপন করবে যা পরিবেশ রক্ষার ক্ষেত্রে অনুকূল।

৩.৩। **পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম ঃ**

৩.৩.১। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম বক্রেশ্বর তাপ-বিদ্যুৎ কেন্দ্র (৫×২১০ মে. ও.) রূপায়ণ করেছে। জাপানের ও. ই. সি. এফ. সংস্থার কাছ থেকে ঋণ নিয়ে এই প্রকল্পটির ৩টি ইউনিটের কাজ করা হবে। মাননীয় সদস্যবৃন্দ জেনে আনন্দিত হবেন যে, জাপানের মেসার্স ইতোচু কর্পোরেশনের কাছে ১ নং ও ২ নং ইউনিটের মূল প্ল্যান্ট প্যাকেজের জন্য সম্প্রতি অর্ডার দেওয়া হয়েছে। তৃতীয় ইউনিটের দরপত্র মূল্যায়ণে কিছু কারিগরি ব্যাপারে ও. ই. সি. এফের ছাড়পত্রের অপেক্ষা করা হচ্ছে। তিনটি ইউনিটের কোল হ্যাণ্ডলিং প্ল্যান্টের চুক্তিপত্র ভারত সরকারের কাছে ও. ই. সি. এফ.-এর অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। পাঁচটি ইউনিটের জনাই প্রযোজ্য ট্রান্সমিশন প্যাকেজের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি এবং ও. ই. সি. এফ. জাপানের সম্মতি চাওয়া হয়েছে। প্ল্যান্ট ওটাটার সিস্টেম প্যাকেজের দরপত্রের মূল্যায়নের কাজও এগিয়ে চলেছে। এ ছাড়াও, কর্মচারী আবাস নির্মাণ, সংযোগকারি রাস্তা নির্মাণ ও বিদ্যুৎ লাইন নির্মাণ ইত্যাদি পরিকাঠামো উন্নয়নের কাজও প্রায় শেষের পথে। নির্মাণকালীন সুদসহ ২টি ইউনিটের নির্মাণ খরচ ধরা হয়েছে ১৫০০ কোটি টাকা এবং প্রকল্পটি ১৯৯৯ সালের ডিসেম্বর মাসে চালু করা যাবে বলে মনে করা হচ্ছে।

৪ নং ও ৫ নং ইউনিট "বিল্ড-অপারেট-ট্রান্সফার" পদ্ধতিতে নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের সঙ্গে ডি. সি. এল. ও তাদের সরকারি কোম্পানিগুলি যৌথ উদ্যোগ কোম্পানি গঠনের কাজও শেষ করেছে এবং এতে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের ২৬ শতাংশ ইকুইটি শেয়ার থাকবে। সি. ই. এ.-র থেকে পাওয়া ছাড়পত্র উক্ত কোম্পানির নামে পরিবর্তন করার জন্য আবেদন করা হয়েছে।

৩.৩.২। **সাগরদীঘি তাপ-বিদ্যুৎ কেন্দ্র** (৪×৫০০ মে. ও.) ঃ দুই পর্যায় "বিল্ড-অপারেট-ট্রান্সফার" পদ্ধতিতে এই প্রকল্প সম্পাদনের জন্য ডি. সি. এল. ও তার সহযোগী কোম্পানির সঙ্গে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম যৌথ উদ্যোগ কোম্পানি স্থাপন করেছে। এ ক্ষেত্রেও, সি. ই. এ-র থেকে প্রাপ্ত ছাড়পত্র নতুন কোম্পানির নামে পরিবর্তন করার জন্য আবেদন করা হয়েছে।

৩.৪। **সি. ই. এস. সি. লিমিটেড ঃ**

৩.৪.১। সি. ই. এস. সি. লিমিটেড ২×২৫০ মেগাওয়াট ক্ষমতাযুক্ত বজবজ তাপ-বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করছে যার আনুমানিক খরচ ইভাকুয়েশন প্রকল্প এবং নির্মাণকালীন সুদসহ প্রায় ১৬৩৮ কোটি টাকা। অবশ্য এটা বিশেষ চিন্তার বিষয় যে, কোম্পানি এই প্রকল্পের প্রথম ইউনিট পরিকল্পনা মতো ৩১.৩.৯৬-এ চালু করতে পারে নি (কাজ শুরুর বিজ্ঞাপিত তারিখ ১.৯.৯২ থেকে ৪৩ মাস)। এখন মনে করা হচ্ছে, প্রথম ইউনিট ১৯৯৬ সালের শেষের দিকে এবং দ্বিতীয় ইউনিটটি তার ছয় মাস পরে চালু হবে।

৩.৪.২। বলাগড় তাপবিদ্যুৎ কেন্দ্র (২×২৫০ মে. ও.) রূপায়ণের কাজ সি. ই. এস. সি. লিমিটেড কর্তৃক গঠিত বলাগড় পাওয়ার কোম্পানি লিমিটেডের উপর ন্যস্ত আছে। এই প্রকল্পটির জন্য প্রয়োজনীয় ছাড়পত্র পাওয়া গিয়েছে। কিছু জমি বি. পি. সি. এল.-কে দেওয়া হয়ে গেছে এবং অবশিষ্ট জমি অধিগ্রহণ করতে হবে যার জন্য স্থানীয় কর্তৃপক্ষ যথাযথ

ব্যবস্থা নিয়েছে। বর্তমানে কোম্পানিটি প্রয়োজনীয় মূলধন সংস্থান এবং একান্তভাবে নিজস্ব এলাকায় বিদ্যুৎ নেওয়ার জন্য ইভাকুয়েশন স্কীম চূড়ান্ত করার কাজ করছে।

**৪। ক্ষুদ্র-অতিক্ষুদ্র জলবিদ্যুৎ প্রকল্প ঃ**

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, এই রাজ্যের হিমালয় অঞ্চলে জলবিদ্যুৎ উৎপাদনের প্রভূত সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ক্ষুদ্র ও অতিক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বেশ কিছু প্রকল্প প্রতিবেদন প্রস্তুত করেছেন। এর মধ্যে কিছু ক্ষুদ্র বিদ্যুৎ-প্রকল্প বিদ্যুৎ পর্ষদ নিজে স্থাপন করছেন এবং কিছু বেসরকারি উদ্যোক্তাদের জন্য রাখা হয়েছে।

৪.১। মংপু জলবিদ্যুৎ প্রকল্প (৫ মেগাওয়াট) ঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, পশ্চিমবঙ্গ রিনিউয়েবল এ্যানার্জি ডেভেলপমেন্ট এজেন্সির তত্ত্বাবধানে প্রকল্পটি দুই ভাগে রূপায়ণ করছে ঃ মংপু-রম্ভিখোলা জলবিদ্যুৎ প্রকল্প ও মংপু-কালিখোলা জলবিদ্যুৎ প্রকল্প। এই প্রকল্পের আর্থিক সাহায্য পাওয়া যাবে ভারত সরকারের অপ্রচলিত শক্তি মন্ত্রণালয় থেকে। জমি হস্তান্তর, ক্যাম্প অফিস স্থাপন ও বিভিন্ন প্রকল্প অংশের টেণ্ডার স্পেসিফিকেশনের মতো প্রাথমিক কাজকর্ম শেষ হয়েছে। এই প্রকল্পের নির্মাণকার্য ১৯৯৬ সালের শেষ নাগাদ শুরু হবে বলে আশা করা যায়।

৪.২। রংমুক সিডার জলবিদ্যুৎ প্রকল্প (৪×১২৫ কিলোওয়াট) ঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদ পশ্চিমবঙ্গ চা-উন্নয়ন নিগমের পক্ষে এর নির্মাণকার্য সম্পাদন করছে। নির্মাণকার্য বেশ অগ্রসর হয়েছে এবং এই বছরের মধ্যে প্রকল্প শেষ হবে বলে আশা করা যায়। পশ্চিমবঙ্গ রিনিউয়েবল এ্যানার্জি ডেভেলপমেন্ট এজেন্সি এই ক্ষেত্রেও তত্ত্বাবধায়ক হিসাবে কাজ করছে।

৪.৩। কয়েকটি বেসরকারি সংস্থা নিম্নলিখিত প্রকল্পগুলি রূপায়ণের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে ঃ

| | |
|---|---|
| (১) ওক্‌স্‌ জলবিদ্যুৎ প্রকল্প | (৩×৫০ কি. ও.), দার্জিলিং |
| (২) সামসিং জলবিদ্যুৎ প্রকল্প | (৪×২০০ কি. ও.), জলপাইগুড়ি |
| (৩) লোধোমা জলবিদ্যুৎ প্রকল্প | (৪×৭৫০ কি. ও.), দার্জিলিং |
| (৪) রংবং জলবিদ্যুৎ প্রকল্প | (৪×৭৫০ কি. ও.), দার্জিলিং |
| (৫) রংবং জলবিদ্যুৎ প্রকল্প (দ্বিঃ পর্যায়) | (৪×৭৫০ কি. ও.), দার্জিলিং |

ক্ষুদ্র জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নির্মাণে বেসরকারি সংস্থার অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য পাহাড়ী অঞ্চলে এই ধরনের কেন্দ্রগুলিদ্বারা উৎপন্ন বিদ্যুৎ, বিদ্যুৎ পর্ষদের গ্রিড্‌ সিস্টেমে সরবরাহ এবং প্রয়োজনে উৎপাদনকারি কোম্পানিগুলি যাতে তাদের প্রয়োজমতো অন্যত্র নিতে পারে, সে ব্যাপারে সরকার নীতিগতভাবে রাজি হয়েছে।

**৪.৪। বহনযোগ্য অতি ক্ষুদ্র জলবিদ্যুৎ ইউনিট স্থাপন (১০ কি. ও.) ঃ**

গ্রামীণ অঞ্চলের উন্নয়নের স্বার্থে পশ্চিমবঙ্গ রিনিউয়েবল এ্যানার্জি ডেভেলপমেন্ট এজেন্সির মাধ্যমে অতিক্ষুদ্র জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (১০ কি. ও.) স্থাপনের চেষ্টা হচ্ছে। ভারতীয় রিনিউয়েবল এ্যানার্জি ডেভেলপমেন্ট এজেন্সি এই রাজ্যকে যে ৫টি টার্বো-জেনারেটর দেয় তার

মধ্যে একটি ইতিমধ্যেই দার্জিলিং জেলার কোলখোলায় বসানো হয়েছে। প্রসঙ্গত, সারা ভারতে এটিই এই ধরনের প্রথম বিদ্যুৎ কেন্দ্র।

আরও দুটি অনুরূপ বিদ্যুৎ কেন্দ্র চালু হওয়ার পথে।

**৫। বিদ্যুৎ সঞ্চালন ও বন্টন ঃ**

৫.১। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ এলাকায় বিদ্যুৎ সঞ্চালন ও বন্টন ব্যবস্থার অপ্রতুলতার কথা মাননীয় সদস্যরা সম্যক অবগত আছেন। বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নূতন এলাকাতে বিস্তৃত করতে হবে এবং সঙ্গে সঙ্গে বর্ধিত চাহিদা পূরণ করার জন্য বর্তমান সঞ্চালন এবং বন্টন ব্যবস্থাকে আরও ক্ষমতাসম্পন্ন করতে হবে। সমস্যাগুলিকে সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের আর্থিক সংগতির সীমাবদ্ধতাহেতু এই কর্মসূচি চাহিদা অনুযায়ী সম্পাদন করা সম্ভব হয় নি। তৎ-সত্ত্বেও পশ্চিবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৯৫-৯৬ সালে কতিপয় কার্যসূচি রূপায়িত করেছে এবং বর্তমান বৎসরে বেশ কিছু প্রকল্প সম্পাদন করার জন্য প্রস্তুতি নিচ্ছে।

**৫.২। সঞ্চালন ব্যবস্থা ঃ**

গত বৎসর আমি উল্লেখ করেছিলাম পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১২২৩ কোটি (সংশোধিত) টাকা ব্যয়ে রাজ্যে সঞ্চালন ও বন্টন ব্যবস্থার সামগ্রিক উন্নতির জন্য একটি ব্যাপক কর্মসূচি প্রস্তুত করেছে। এই প্রকল্প রূপায়ণের জন্য জাপানের ও. ই. সি. এফ. নামক সংস্থার কাছ থেকে আর্থিক সহযোগিতা পাওয়ার জন্য প্রকল্পটি ভারত সরকারের কাছে পাঠানো হয়েছে। এ ব্যাপারে ভারত সরকার ও ও. ই. সি. এফের মধ্যে আলোচনা চলছে। শীঘ্রই একটি সিদ্ধান্তে পৌছাবে বলে আশা করা হচ্ছে।

৫.২.১। বর্তমান বৎসরে সম্পূর্ণ হয়েছে এমন কিছু গুরুত্বপূর্ণ সঞ্চালন প্রকল্পগুলি বিবরণ নিচে দেওয়া হল ঃ

(ক) **নতুন সঞ্চালন লাইন নির্মাণ**

| ক্রমিক | কার্যের বিবরণ | রুটের দৈর্ঘ্য | মোট দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ১। | ১৩২ কে. ভি. এন. বি. ইউ.-রাম্মান ডি. সি. লাইন-লেবং হয়ে | ৭৬.২৭৭ | ১৫২.৫৫৪ |
| ২। | ১৩২ কে. ভি. ডি. সি. লাইন-মালদা (পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ)—মালদা (পি. জি. আই. এল.)—দ্বিতীয় সার্কিট | ৭.০০ | ৭.০০ |
| ৩। | বীরপাড়া-আলিপুরদুয়ার ১৩২ কে. ভি., এস. সি. লাইন | ৫৪.০০ | ৫৪.০০ |
| | মোট নূতন লাইনের দৈর্ঘ্য | | ২১৩.৫৫৪ সা. কি. মি. |

(খ) **ট্রান্সফর্মার স্থাপন ঃ ১৯৯৫-৯৬ সালে সম্পন্ন কার্যের সাব-স্টেশনওয়ারি বিবরণ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | কসবা সাব-স্টেশনে | ১×১৬০ এম. ভি. এ. | ২২০/১৩২ কে. ভি. | তৃতীয় ট্রান্সফর্মার |
| ২। | দেবগ্রাম " | ১×২০ " | ১৩২/৩৩ " | দ্বিতীয় " |
| ৩। | বহরমপুর " | ১×৩.১৫ " | ১৩২/৩৩ " | তৃতীয় " |
| ৪। | রায়গঞ্জ " | ১×২০ " | ১৩২/৩৩ " | দ্বিতীয় " |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫। | কাটোয়া | ” | ১×৫ | ” | ৩৩/১১ | ” | দ্বিতীয় | ” |
| ৬। | বারাসাত | ” | ১×৬.৩ | ” | ৩৩/১১ | ” | ট্রান্সফর্মার | ” |

ট্রান্সফর্মারগুলির মোট ক্ষমতা—২৪২.৮ এম. ভি. এ.

(গ) **নতুন সাব-স্টেশন স্থাপন ঃ**

১। লেবং-এ ১৩২/৩৩ কে. ভি. সাব-স্টেশন—৩×১০ এম. ভি. এ. সিঙ্গল ফেজ ট্রান্সফর্মার সঙ্গে সংশ্লিষ্ট বে।

২। আলিপুরদুয়ার ১৩২/৬৬ কে. ভি. সাব-স্টেশন—২৬ এম. ভি. এ. তিন ফেজ ট্রান্সফর্মার সঙ্গে সংশ্লিষ্ট বে। (এই সাব-স্টেশনটি পূর্বে পশ্চিমবঙ্গ এবং আসামের মধ্যে সংযোগ রক্ষা করত কিন্তু বহু বছর পূর্বে পরিত্যক্ত হয়)।

(ঘ) **ট্রান্সফর্মার-এর ক্ষমতাবৃদ্ধি ঃ**

| ক্রমিক সংখ্যা | সাব-স্টেশন নাম | ভোল্টেজ শক্তি | | সংযোজিত ক্ষমতা | |
|---|---|---|---|---|---|
| ১। | কোলাঘাট | ১৩২/৩৩ | কে. ভি. | ১৮.৫ | এম. ভি. এ. |
| ২। | সাঁইথিয়া | ১৩২/৩৩ | ” | ১৮.৫ | ” |
| ৪। | শান্তিপুর | ৬৬/১১ | ” | ৩.০ | ” |
| ৫। | সাতগাছিয়া | ৩৩/১১ | ” | ২.৬ | ” |
| | | | মোট | ৪২.৬ | এম. ভি. এ |

(ঙ) **১৯৯৫-৯৬ সালে স্থাপিত ক্যাপাসিটর ব্যাঙ্ক ঃ**

লিলুয়া সাব-স্টেশনে দুটি ১০.৮ এম. ভি. এ. আর. ক্ষমতাসম্পন্ন ৩৩ কে. ভি. ক্যাপাসিটর ব্যাঙ্ক।

(চ) **ট্রান্সমিশন লাইনের পুনর্নবীকরণ এবং আধুনিকীকরণ (১৯৯৫-৯৬) ঃ**

১। ধরমপুর-টিটাগড় ১৩২ কে. ভি. ডি. সি. লাইনে ক্ষতিগ্রস্ত এ. সি. এস. আর. প্যান্থার কন্ডাক্টরের বদলে নতুন এ. এ. এ. সি. যন্ত্রাদি স্থাপন।

২। মালদা-গোকর্ণ দ্বিতীয় সার্কিট লাইনে ফারাক্কায় ১৩২ কে. ভি. ও. এফ. কেব্‌ল মেরামত ও পুনঃস্থাপন।

(ছ) **নতুন লাইনে বে স্থাপন**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। এন. বি. ইউ. | ১৩২ কে. ভি. | সাব-স্টেশন | .. | ২টি ১৩২ কে. ভি. লাইন বে |
| ২। মালদা | ১৩২ ” | ” | .. | দ্বিতীয় ১৩২ কে. ভি. লাইন বে (পি. জি. সি. আই. এল.) |
| ৩। গোকর্ণ | ১৩২ ” | ” | .. | ১৩২ কে. ভি. গোকর্ণ-কাটোয়া দ্বিতীয় সার্কিট ফিডার বে |
| ৪। কসবা | ২২০/১৩২ | ” | .. | ১৩২ কে. ভি. সল্টলেক ফিডার বে |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। হলদিয়া | ১৩২ | ” | ” | .. ১টি ৩৩ কে.ভি. বে, হলদিয়া পেট্রোকেমিক্যালস্-এর জন্য |
| ৬। লিলুয়া | ১৩২ | ” | ” | .. ১টি ৩৩ কে. ভি. বে। |

৫.২.২। বেশ কয়েকটি বিদ্যুৎ সঞ্চালন প্রকল্প রূপায়িত হচ্ছে এবং নির্মাণকার্যের বিভিন্ন স্তরে আছে। এর মধ্যে কয়েকটি, যেগুলির কাজ বহুলাংশে শেষ হয়েছে, সেগুলির বিবরণ অনুলগ্ন-'ক'-এ সংযোজিত হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ এই কাজগুলি বর্তমান আর্থিক বছর অর্থাৎ ১৯৯৬-৯৭ সালে শেষ করবে বলে আশা করা যায়।

৫.৩। **বিদ্যুৎ বণ্টন ব্যবস্থা ঃ**

সীমিত আর্থিক সম্বল নিয়েও ১৯৯৫-৯৬ সালে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিদ্যুৎ বণ্টন ব্যবস্থার সম্প্রসারণ এবং ক্ষমতাবৃদ্ধির জন্য বেশ কয়েকটি প্রকল্প রূপায়িত করে। মাননীয় সদস্যগণের জ্ঞাতার্থে এগুলির একটি বিবরণ দেওয়া গেল ঃ

৫.৩.১। (ক) **সাধারণ উন্নয়নমূলক কার্যসূচি**

(অ) **নতুন সাব-স্টেশন**

—৩৩/১১. ৬. ৬ ও ৬ কে. ভি. ১১টি মোট ক্ষমতা ৪৪.৭৫ এম. ভি. এ.

—ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন ৭৩৬টি মোট ক্ষমতা ৪৪.৪৬ এম. ভি. এ.

(আ) **নতুন লাইন**

—৩৩ কে. ভি. লাইন ২০৭৫ কি. মি.

—১১/৬, ৬. ৬ কে. ভি. লাইন ১১৫.০ কি. মি.

—মিডিয়াম ও লো ভোল্টেজ লাইন ১৩৪.০ কি. মি.

এগুলির জেলাওয়ারি বিস্তৃত বিবরণ অনুলগ্ন খ, গ, ঘ, ঙ এবং চ-এ দেখা যাবে।

(খ) **'সিস্টেম' উন্নয়ন সংক্রান্ত কার্যসূচি**

(অ) **বর্তমান সাব-স্টেশনগুলির ক্ষমতা বৃদ্ধি**

—৩৩/১১. ৬. ৬ ও ৬ কে. ভি.
সাব-স্টেশন ৫৮টি মোট ক্ষমতা ১৭০ এম. ভি. এ.
(বিস্তারিত বিবরণ অনুলগ্ন-ঙ-এ দেখুন)

—ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন ৯৭০টি মোট ক্ষমতা ৩৬.০৫ এম. ভি. এ.

(আ) **বর্তমান লাইনের উন্নয়ন এবং ক্ষমতা বৃদ্ধিকরণ**

—৩৩/১১, ৬.৬ এবং ৬ কে. ভি. লাইন ১৪৫.২ সার্কিট কি. মি.

—মিডিয়াম এবং লো-ভোল্টেজ লাইন ৬২.৪ সার্কিট কি. মি.
(বিস্তৃত বিবরণ অনুলগ্ন 'চ'-এ দেখুন)

—১১ কে. ভি. সান্ট ক্যাপাসিটর স্থাপন ৬.০ এম. ভি. এ. আর.

৫.৩.২। বর্তমান আর্থিক বছরে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ, বিদ্যুৎ বণ্টন ব্যবস্থা পরিবর্তন এবং উন্নয়নের জন্য নিম্নলিখিত কার্যসূচি গ্রহণ করেছে ঃ

**(ক) সাধারণ উন্নয়নমূলক কর্মসূচি**

**(অ) নতুন সাব-স্টেশন**

| | |
|---|---|
| —৩৩/১১, ৬.৬ এবং ৬ কে. ভি. সাব-স্টেশন | ২০০ এম. ভি. এ. |
| —ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন | ৩৪ এম. ভি. এ. |

**(আ) নতুন লাইন**

| | |
|---|---|
| —৩৩ কে. ভি. লাইন | ৭৫০ কি. মি. |
| —১১, ৬.৬ এবং ৬ কে. ভি. লাইন | ১৩৫ কি. মি. |
| —মিডিয়াম ও লো-ভোল্টেজ লাইন | ১১০ কি. মি. |

**(খ) সিস্টেম উন্নয়ন সংক্রান্ত কার্যসূচি**

**(অ) বর্তমান সাব-স্টেশনগুলির ক্ষমতা বৃদ্ধি**

| | |
|---|---|
| —৩৩/১১, ৬.৬ এবং ৬ কে. ভি. সাব-স্টেশন | ১৬৫ এম. ভি. এ. |
| —ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন | ৪৪ এম. ভি. এ. |

**(আ) বর্তমান লাইনের উন্নয়ন এবং পুনর্জীবীকরণ**

| | |
|---|---|
| —৩৩ কে. ভি. লাইন | ৫৮৫ কি. মি. |
| —১১, ৬.৬ এবং ৬ কে. ভি. লাইন | ১২০ কি. মি. |
| —মিডিয়াম ও লো-ভোল্টেজ লাইন | ৮০ কি. মি. |
| —১১ কে. ভি. সান্ট ক্যাপাসিটর স্থাপন | ৩৪ এম. ভি. এ. আর. |

৫.৩.৩। রাজ্যের সাতটি জেলায় সিস্টেম উন্নয়নের লক্ষ্যে একটি বিস্তারিত প্রকল্প পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ প্রস্তুত করে, যার আনুমানিক ব্যয় ৩৬০ কোটি টাকা ধরা হয় এবং রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন লিমিটেড-এর নিকট পাঠানো হয় যাতে এর রূপায়ণের জন্য জাপানের ও. ই. সি. এফ. সংস্থার কাছ থেকে ঋণ পাওয়া যায়। প্রকল্পটি গত বছর অনুমোদিত হয় কিন্তু দুর্ভাগ্যক্রমে ঋণ দান করার ব্যাপারে আর. ই. কর্পোরেশন লিমিটেড বেশ কয়েকটি কঠিন শর্ত আরোপ করে যেমন উচ্চতর হারে সুদ, স্বল্পকালীন মোরেটরিয়াম, ঋণের পরিশোধের জন্য স্বল্প সময়, কন্সালটেন্সি ফি আদায় ইত্যাদি। এ ছাড়াও আর. ই. কর্পোরেশন জানায় যে এই প্রকল্পের ঋণের অর্থ ছাড়া হবে তখনই, যখন পর্ষদ কর্তৃক পূর্বে গৃহীত ঋণের পরিশোধযোগ্য অর্থ সম্পূর্ণরূপে প্রদত্ত হবে। আর. ই. সি. লিঃ-কে, তাদের উক্ত অবস্থান পরিবর্তন করে ঋণের শর্তাদি অপেক্ষাকৃত সহজ করার জন্য অনুরোধ করা হয় যাতে বিদ্যুৎ পর্ষদ ঋণের অর্থ গ্রহণ করতে পারে এবং সিস্টেম উন্নয়নের কাজ হাতে নিতে পারে কিন্তু আশাব্যঞ্জক কিছু এখনও ঘটে নি।

৫.৪। সি. ই. এস. সি.ও তাদের এলাকায় বিদ্যুৎ পরিবহন ও বণ্টন ব্যবস্থার উন্নয়নের কার্যসূচি গ্রহণ করে। ১৯৯৫-৯৬ সালে কোম্পানি মাঝেরহাট ১৩২ কে. ভি. সাব-স্টেশনের-

শক্তি বৃদ্ধি ঘটায় এবং একটি ৭৫ এম. ভি. এ. ১৩২/৩৩ কে.ভি. ট্রান্সফরমার স্থাপন করে। কোম্পানি ৪টি নতুন ৩৩/১১/৬ কে. ভি. সাব-স্টেশন স্থাপন করে এবং দুটির শক্তি বৃদ্ধি করে। গত আর্থিক বছরে এই কোম্পানি ১৮.৬ সা. কি. মি. ১৩২ কে. ভি., ৩৫.৪ সা. কি. মি. ৩৩ কে. ভি. লাইন, ১১ সা. কি. মি. ১১ কে. ভি. লাইন, ১১৫.৪ সা. কি. মি. ৬ কে. ভি. লাইন এবং ১৬৬ সা. কি. মি. লো-টেনশন কেবল্ স্থাপন করে। এ ছাড়াও সি. ই. এস. সি. মোট ৮৩ এম. ভি. এ. ক্ষমতাসম্পন্ন ২৫২টি ট্রান্সফরমার স্থাপন করে।

৫.৫। **বিদ্যুতের চাহিদা বৃদ্ধি** ঃ

৫.৫.১। শিল্প এবং অন্যান্য বৃহৎ বিদ্যুৎ উপভোক্তাগণের বিদ্যুতের আবেদন পত্রগুলি সত্ত্বর নিষ্পত্তি করার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ, একজন অতিরিক্ত চিফ ইঞ্জিনিয়ারের নেতৃত্বে একটি 'সেল' গঠন করেছে। উক্ত সেল সম্ভাব্য বিদ্যুৎ গ্রাহকদের প্রয়োজনীয় সাহায্য করে যাচ্ছে। উচ্চ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ সংযোগ গ্রহণের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতি সরল করা হয়েছে যা আমি আমার গত বছরের বাজেট ভাষণে উল্লেখ করেছিলাম। এই সকল পদক্ষেপ নেওয়ার সুফল গ্রাহকরা পাচ্ছেন, যদিও সম্ভাব্য গ্রাহকগণের বিদ্যুৎ পাওয়ার ক্ষেত্রে অপেক্ষার সময় কমানোর জন্য আরও কিছু করণীয় আছে।

৫.৫.২। রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং ডি. পি. এল.-এর এলাকাধীন শিল্পগুলি ক্ষেত্রে (নতুন এবং বর্তমান) উৎসাহ প্রদানের যে ব্যবস্থা গতবার ঘোষণা করা হয়েছিল এবং এইচ. টি./ই. এইচ. টি. বিদ্যুৎ গ্রাহকদের টি. ও. ডি. ব্যবহারের যে সুবিধা দেওয়া হয়, তা এ বছরেও চালু ছিল, এবং অনেক শিল্পসংস্থা এর সুযোগ গ্রহণ করেছে।

৫.৫.৩। ১৯৯৫-৯৬ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদ, ৯৮টি ডিসেন্ট্রালাইজড্ বাল্ক বিদ্যুৎ গ্রহীতাকে নতুন বিদ্যুৎ সংযোগ দেয় যার ফলে এই শ্রেণীর গ্রাহকসংখ্যা প্রায় ৭% বৃদ্ধি পায়। ঐ সময়ের মধ্যে পর্ষদ ১৬ সেন্ট্রালাইজড্ বাল্ক গ্রাহককে বিদ্যুৎ দেয় ফলস্বরূপ এই শ্রেণীতে বিদ্যুতের চাহিদা ১২% বেড়ে যায়। দুর্গাপুর প্রোজেক্টস্ এলাকায় শিল্পে বিদ্যুতের ব্যবহার ১৯৯১-৯২ সালে ২৩৫ মি. ইউ. থেকে কমে ১৯৯৪-৯৫ সালে ১৬৯ মি. ইউ. হয়, কিন্তু ১৯৯৫-৯৬ সালে তা আবার বেড়ে ২৫৫ মি. ইউ. হয়, এটি একটি আশাব্যঞ্জক লক্ষণ। উক্ত সময়ে কোম্পানি একটি শিল্পসংস্থাকে এইচ. টি. এবং ২৩টি ক্ষুদ্র-শিল্পসংস্থাকে বিদ্যুৎ সংযোগ দেয়।

৫.৫.৪। রাজ্য বিদ্যুৎ পর্ষদ ১৯৯৫-৯৬ সালে গার্হস্থ্য বিদ্যুৎ গ্রাহকসহ সমস্ত মিডিয়াম এবং লো-ভোল্টেজ শ্রেণীতে ৩০.৬.৯৫ পর্যন্ত সমস্ত অপেক্ষমান গ্রাহকদের বিদ্যুতের জন্য আবেদনপত্র নিষ্পত্তি করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করে। তার জন্য প্রয়োজনমতো মিটার এবং অন্যান্য সরঞ্জাম-সংগ্রহ করে ও তার কর্মীদের উপযুক্তভাবে প্রস্তুত করে। পর্ষদ ঐ বৎসরে মোট ২,২২,২৮৯টি ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ দিতে সমর্থ হয় যা একটি প্রশংসাযোগ্য বিষয়; ১৯৯৬ সালের ৩১.৩.৯৬ মার্চ পর্ষদের গ্রাহক সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ২৩,৪০,০০০ যা পূর্ববর্তী বৎসরের তুলনায় ১০% বেশি।

৫.৫.৫। সি. ই. এস. সি. তার এলাকায় ১৯৯৫-৯৬ সালে ১৩ এইচ. টি. শিল্পসংস্থাকে এবং আরও ২৩টি বাণিজ্যিক সংস্থাকে এইচ. টি. বিদ্যুৎ সংযোগ দেয়। এ ছাড়া আরও

৩৬০৩ শিল্পসংস্থাকে এল. টি. বিদ্যুৎ সংযোগ দেয়। কোম্পানি ৮৫,৬৭৪টি গার্হস্থ্য ও অন্যান্য গ্রাহককে এল. টি. বিদ্যুৎ সংযোগ দেয়। সি. ই. এস. সি. এলাকায় বিদ্যুতের চাহিদা বৃদ্ধির হার প্রায় ৮%।

৫.৫.৬। ১৯৯৫-৯৬ সালে দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড তার এলাকায় ৭৮৬টি গার্হস্থ্য এবং ৬১টি বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ দিয়েছে।

**৬। গ্রামীণ বৈদ্যুতিকরণ ঃ**

৬.১। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, আমাদের প্রধান কর্মসূচির অন্যতম হল গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি। আমরা এখনও রাজ্যের শতকরা ২৩টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পারি নি। চরম আর্থিক সমস্যার জন্য বিশেষত রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন লিমিটেডের থেকে ঋণ একেবারে না পাওয়ার জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজে গত বৎসরে প্রয়োজনীয় গতি সঞ্চার করা সম্ভব হয় নি। রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন লিমিটেডের থেকে গত বৎসরে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচির জন্য প্রায় ৩৪ কোটি টাকা ঋণ পাওয়ার কথা ছিল কিন্তু প্রকৃতপক্ষে কিছুই পাওয়া যায় নি। যাই হোক, এই কর্মসূচির গুরুত্ব বিবেচনা করে বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ তাদের সীমিত ক্ষমতার মধ্যেই কাজ চালিয়ে যাচ্ছে।

উপরি উক্ত সমস্যার পরিপ্রেক্ষিতে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি রূপায়ণের কাজে রাজ্য বিদ্যুৎ পর্ষদের পক্ষে তার লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় নি। পর্ষদ বিগত বৎসরে মাত্র ৮৯টি নতুন মৌজা বিদ্যুতায়িত করেছে এবং ২৮৩টি মৌজা নিবিড়করণ ও ১৯৭৮টি পাম্পসেটে বিদ্যিুৎ সংযোগ করেছে। গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে রাজ্যের বর্তমান চিত্রের জেলাওয়ারি বিবরণ অনুলগ্ন—'ছ' এ দেওয়া গেল।

৬.২। আর্থিক সঙ্কটের ফলে তফসিলিজাতি এবং উপজাতিদের জন্য বিশেষ কম্পোনেন্ট প্ল্যান এবং ট্রাইবাল সাব প্ল্যানের অধীন গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজও সমানভাবে ব্যাহত হয়েছে। ১৯৯৫-৯৬ সালে এস. সি. পি.-র অন্তর্গত মাত্র ৭টি নতুন মৌজা এবং টি. এস. পি.-র অন্তর্গত মাত্র ১১টি নতুন মৌজায় বিদ্যুৎসংযোগ করা হয়েছে। ১৯৯৫-৯৬ সালে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কুটিরজ্যোতি/লোকদ্বীপ প্রকল্প অনুযায়ী প্রায় ৯২০১টি বাড়িতে বিদ্যুৎ সংযোগ দিয়েছে।

৬.৩। আগামী ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে রাজ্য বিদ্যুৎ পর্ষদের লক্ষ্যমাত্রা হল ৪০০টি নতুন মৌজায় বিদ্যুতায়ন, ৫০০টি মৌজায় নিবিড়করণ ও ২০০০টি পাম্পসেটে বিদ্যুৎ সংযোগ করা। এই কাজ পর্ষদের নিজস্ব তহবিল এবং আর. ই. সি. লিমিটেডের নিকট প্রাপ্ত ঋণের সাহায্যে করা হবে বলে ধরা হয়েছে।

৬.৪। গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি রূপায়ণের জন্য, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক সমস্যার পরিপ্রেক্ষিতে, পশ্চিমবঙ্গ সরকার পর্ষদকে জেলা পরিকল্পনা তহবিল এবং জহর রোজগার যোজনা থেকে জেলা পরিষদগুলির মাধ্যমে প্রায় ৩৪.০০ কোটি টাকা জেলায় বিদ্যুৎ ব্যবস্থা উন্নতির জন্য বরাদ্দ করেছেন। প্রাপ্য অর্থের মধ্যে সরঞ্জাম ক্রয়ের জন্য প্রায় ২৩ কোটি টাকা পর্ষদ পেয়েছে এবং ১৯৯৬ সালের এপ্রিল মাসের মধ্যেই ১৯ কোটি টাকা

খরচও করা হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে যে কাজ করা হয়েছে তা (সংক্ষিপ্তাকারে) দেওয়া হল ঃ—৭২টি নতুন মৌজায় বিদ্যুতায়ন, ২১০টি মৌজার নিবিড়করণ, ১২১টি মৌজার পুনরুজ্জীবীকরণ, ৫৫টি অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগ-ব্যবস্থা এবং ৪৪৪টি ক্ষতিগ্রস্ত বা চুরি যাওয়া ট্রান্সফর্মারের প্রতিস্থাপন। এই কর্মসূচি অনুসারে অবশিষ্ট কাজগুলি এখন করা হচ্ছে।

৬.৫। রাজ্য সরকারের স্বরাষ্ট্র দপ্তরের কাছে সীমান্ত অঞ্চলের গ্রামগুলিতে বিদ্যুতায়নের জন্য "বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট প্রোগ্রাম" থেকে আর্থিক সাহায্যের জন্য অনুরোধ করা হয়। এই বাবদে সীমান্তে অবস্থিত গ্রামগুলিতে বিদ্যুৎ সম্প্রসারণের জন্য ১৯৯৫-৯৬ সালে ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

৬.৬। যদিও সর্বদা গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি বিদ্যুৎ পর্যদের পক্ষে লাভজনক কাজ নয় তাহলেও এই কর্মসূচি জনগণের সর্বাঙ্গীন উন্নতির জন্য একান্তই অপরিহার্য। এ জনাই রাজ্য সরকার এই কর্মসূচি অব্যাহত রাখার জন্য পর্যদকে সহায়তা করতে এগিয়ে এসেছেন। আমরা মনে করি কেন্দ্রীয় সরকারেরও এই কর্মসূচি যাতে অর্থের অভাবে ব্যাহত না হয়, সেটা দেখার দায়িত্ব রয়েছে। রুর‍্যাল ইলেকটিফিকেশন কর্পোরেশন, যারা এই কর্মসূচি রূপায়ণের জন্য নিজেরা যে সুদের হারে এবং যে সকল শর্তে ঋণ গ্রহণ করে, তার চেয়ে অনেক বেশি সুদে এবং অনেক কঠিন শর্তে বিদ্যুৎ পর্ষদকে ঋণ দেয়, তাদেরও পর্ষদকে এ ব্যাপারে সহায়তা করতে এগিয়ে আসা উচিত। উক্ত সংস্থা পর্ষদকে প্রদত্ত ঋণের কিছু অংশ রাজ্য সরকারের মতো মকুব করে অথবা "ইকুইটি ক্যাপিটালে" পরিবর্তিত করে দেওয়ার ব্যাপারে ভাবনা-চিন্তা করতে পারে বলে আমরা পূর্বে প্রস্তাব করেছিলাম। রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন লিমিটেডেরও এই কর্মসূচি বিশেষ করে "মিনিমাম নিডস্" কর্মসূচি যা আর্থিক দিক থেকে সাধারণ অলাভজনক, সেগুলি রূপায়ণের জন্য ঋণ দানের ব্যাপারে আরও উদার হওয়া উচিত।

৬.৭। **গ্রামীণ বৈদ্যুতিকরণ সমবায় সমিতি ঃ**

গ্রামীণ এলাকায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে এবং এই কাজে এলাকার অধিবাসিদের সামিল করার উদ্দেশ্যে এই রাজ্যে রুর‍্যাল ইলেকট্রিক সাপ্লাই কো-অপারেটিভ সোসাইটি গঠন করার উদ্যোগ নেওয়া হয়েছিল। বীরভূমের লাভপুর এবং দক্ষিণ চব্বিশ পরগনা জেলার সাগরদ্বীপে দুইটি সমবায় সমিতি গঠন কার হয়েছিল এবং কাজকর্মও শুরু করেছিল। পরবর্তীকালে রুর‍্যাল ইলেকট্রিফিকেশনের নিকট লাভপুর সমবায় সমিতি মূলধনী খাতে ঋণের আবেদন করলে উক্ত কর্পোরেশন তাদের দৃষ্টিভঙ্গি বদলায় এবং দাবি করে যে সমিতির দাবিমতো ৪৫ লক্ষ টাকা প্রদানের পূর্বে ঐ কর্পোরেশনের কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের সমস্ত দেয় অর্থ পরিশোধের ব্যাপারে সরকারের কাছ থেকে সুনির্দিষ্ট আশ্বাস দিতে হবে। এই বিষয়টির এখনও নিষ্পত্তি হয় নি এবং এর ফলে আরও কতকগুলি অনুরূপ সমবায় সমিতি গঠনের উদ্যোগ ব্যাহত হয়েছে।

অবশ্য আশা করা যাচ্ছে, ১৯৯৬-৯৭ সালে দক্ষিণ চব্বিশ পরগনার গোসাবায় একটি সমবায় সমিতি গঠিত হবে যার মাধ্যমে, পশ্চিমবঙ্গ রিনিউএবল এ্যানার্জি ডেভেলপমেন্ট

এজেন্সি, ভারত সরকারের অপ্রচলিত শক্তি মন্ত্রক, রাজ্য সরকারের সুন্দরবন ডেভেলপমেন্ট অথরিটি এবং বন বিভাগের সহায়তায় ৫০০ কি. ও. ক্ষমতাসম্পন্ন 'বায়োমাস' জেনারেশন প্ল্যান্ট স্থাপন করা যাবে।

**৭। বিদ্যুতের সঞ্চালন ও বন্টনকালে অপচয় ঃ শক্তি সংরক্ষণ ও শক্তি নিরীক্ষা (এ্যানার্জি অডিট) ঃ**

৭.১। ১৯৯৪-৯৫ সালে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুৎ শক্তি সঞ্চালন ও বন্টনকালীন ক্ষতির পরিমাণ ছিল প্রায় ২১.২ শতাংশ যা যথেষ্টই বেশি। আমি আগেই বলেছি যে কারিগরি কারণে বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণের এই বিশাল ক্ষতি কমানো যথেষ্ট ব্যয়সাধ্য তাই রাজ্য বিদ্যুৎ পর্ষদ বৎসরে যাতে অন্তত এক শতাংশ হারে ক্ষতির পরিমাণ কমানো যায় এই উদ্দেশ্যে ব্যবস্থা গ্রহণ করেছে। এই লক্ষ্যে পর্ষদ কর্তৃপক্ষ ক্যাপাসিটর ব্যাঙ্ক স্থাপন করছেন, বর্তমান সাব-স্টেশনগুলির বিদ্যুৎ পরিবাহী লাইনগুলির ক্ষমতা বৃদ্ধি করছেন এবং পুরাতন ইনস্যুলেটর ও তারগুলি বদলানোর ব্যবস্থা করছেন, মিটারগুলি পরীক্ষা করে দেখা হচ্ছে এবং টি. ও. ডি. মিটার ব্যবহার করতে উৎসাহ দেওয়া হচ্ছে। ৯৭.২ এম. ভি. এ. আর. ক্ষমতাবিশিষ্ট ক্যাপাসিটর ব্যাঙ্ক এখন কাজ করছে এবং আগামী দুই বছরে আরও ১৭৫ এম. ভি. এ. আর. ক্ষমতাবিশিষ্ট ক্যাপাসিটর ব্যাঙ্ক স্থাপন করবার কার্যক্রম পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রহণ করেছে। বিদ্যুৎ কেন্দ্রগুলির সহায়ক খরচ, কয়লা ও জ্বালানী তেলের ব্যবহারের দিকে নজর রাখা হচ্ছে।

৭.২। সি. ই. এস. সি. লিমিটেড কর্তৃপক্ষ, বিদ্যুৎ বণ্টনকালীন অপচয় রোধে অনুরূপ পদক্ষেপ গ্রহণ করেছেন, বিদ্যুৎ প্রেরণ ও বিতরণের তারগুলির উন্নতিকরণ ও পুনর্গঠন ছাড়াও উক্ত কর্তৃপক্ষ বিগত আর্থিক বৎসরে ২৫ এম. ভি. এ. আর. ক্ষমতাবিশিষ্ট ক্যাপাসিটর ব্যাঙ্ক স্থাপন করেছেন।

৭.৩। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম তার বিদ্যুৎ কেন্দ্রগুলিতে জ্বালানী তেল ও কয়লার পরিমিত ব্যবহারের দিকে জোর দিয়েছে এবং চেষ্টা করছে যাতে কয়লা এবং জ্বালানী তেলের পূর্ণাঙ্গ ব্যবহার সুনিশ্চিত করা যায়। তাছাড়া নিগম কর্তৃপক্ষ কোলাঘাট বিদ্যুৎ কেন্দ্রে ওয়াগন হুলার স্থাপন করেছেন যাতে ডিজেল ইঞ্জিনগুলির অপ্রয়োজনীয় চলাচল কমিয়ে জ্বালানী তেলের সাশ্রয় করা যায়। নিগম কর্তৃপক্ষ তৈল পৃথকীকরণ এবং তার পুনরুদ্ধারের উপযুক্ত ব্যবস্থাও করেছেন যাতে ব্যবহারের সময় বা অন্যভাবে পড়ে যাওয়া জ্বালানী তেল পুনরুদ্ধার করে ব্যবহার করা সম্ভব হয়।

৭.৪। দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড (ডি. পি. এল.) একই রকম ব্যবস্থার উপর জোর দিয়েছেন। কোম্পানি কর্তৃপক্ষ ফটো-ইলেকট্রিক স্যুইচ ব্যবহার করে বিদ্যুতের অপ্রয়োজনীয় ব্যবহার বন্ধ করার ব্যবস্থা করেছেন।

৭.৫। এনার্জী অডিট ঃ মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, কিছুদিন পূর্বে ৫০০ কে. ভি. এ. বা তার বেশি বিদ্যুৎ শক্তির উপভোক্তাগণের এ্যানার্জি অডিট আবশ্যিক করা হয়েছে। এইসব উপভোক্তাগণের সুবিধার্থে রাজ্য সরকার দুইটি পৃথক আদেশনামায় চল্লিশজন এ্যানার্জি অডিটরের নাম নথিভুক্ত করেছেন। আশা করা যাচ্ছে এই সকল এ্যানার্জি অডিটরেরা বিদ্যুৎ

অপচয়ের ক্ষেত্রগুলি চিহ্নিত করতে সক্ষম হবেন যাতে একদিকে উপভোক্তাগণের বিদ্যুৎ খরচ কম হবে এবং ফলস্বরূপ অন্তত কিছু পরিমাণ বিদ্যুৎ শক্তি সঞ্চয়ও হবে।

**৮। বিদ্যুৎ, যন্ত্রপাতি ও বিদ্যুৎসংস্থার সরঞ্জাম চুরি ও তার প্রতিরোধ :**

৮.১। আমি মাননীয় সদস্যদের ইতিপূর্বে বিদ্যুৎ চুরি, তার বে-আইনি ব্যবহার এবং বিদ্যুৎ সরঞ্জাম চুরির গুরুতর সমস্যাবলির প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কারণ এ ধরনের কার্যকলাপের ফলে বিদ্যুৎ সংস্থাগুলির প্রভূত ক্ষতি হয় এবং বিদ্যুৎ সরবরাহ ও বণ্টন ব্যবস্থার নির্ভরশীলতা মারাত্মকভাবে ব্যাহত হয়। রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলিকে এই বিষয়ে দুষ্কৃতিকারিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বলা হয়েছে। এই কাজে প্রশাসন ও বিদ্যুৎ সংস্থাগুলির হাত শক্ত করার জন্য পশ্চিমবঙ্গ প্রহিবিশন অফ আনলফুল পজেশন অফ প্রপার্টি অফ ইলেকট্রিক্যাল আন্ডারটেকিংস অ্যাক্ট, ১৯৯৪ আইনটি চালু হয়েছে। আশা করা যাচ্ছে যে, এই আইনের সাহায্যে আরও কার্যকরভাবে এই ধরনের অপরাধ দমন করা সম্ভব হবে।

৮.২। পর্ষদের সিকিউরিটি ও ভিজিল্যান্স শাখা নিয়মিত অতর্কিত অভিযান করে ১৯৯৫-৯৬ সালে সারা রাজ্যে প্রায় ১৯০০ অভিযোগ লিপিবদ্ধ করে মামলা দায়ের করে। ঐ সময় বিদ্যুৎ পর্ষদের সরঞ্জাম চুরি ও বিদ্যুৎ চুরির ফলে যথাক্রমে প্রায় ২.৮৪ কোটি এবং ১.৬৫ কোটি টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

৮.৩। দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড বিদ্যুৎ চুরি ও বে-আইনি বিদ্যুৎ ব্যবহারের বিরুদ্ধে স্থানীয় প্রশাসনের সহায়তায় বিভিন্ন স্থানে অতর্কিত অভিযান চালিয়ে ১৯৯৫-৯৬ সালে ২২টি অভিযোগ লিপিবদ্ধ করে এবং এর মধ্যে ২৫ জন দুস্কৃতকারিকে গ্রেফতার করা হয়। কোম্পানির প্রায় ৩.৬০ লক্ষ টাকার আর্থিক ক্ষতি হয়েছে।

৮.৪। বিদ্যুৎ-চুরি রোধ করার প্রয়াসে সি. ই. এস. সি. লিমিটেড নানারকম যন্ত্রপাতি যেমন স্ট্যাটিক ইন্টেলিজেন্স মিটার, পিল্ফার রেসিস্ট্যান্ট মিটার বোর্ড ও উন্নতমানের সিল ব্যবহার করছে। সি. ই. এস. সি. তার বৃহৎ শিল্পগ্রাহক ও বাণিজ্যিক গ্রাহকদের উপর নিয়মিত কড়া নজর রেখেছে এবং হুকিং, ট্যাপিং ও বে-আইনি বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধে নিয়মিত অভিযান চালিয়ে যাচ্ছে। ১৯৯৫-৯৬ সালে কোম্পানি পুলিশ কর্তৃপক্ষের কাছে ১,২৩৪টি অভিযোগ লিপিবদ্ধ করেছে।

৮.৫। এই ধরনের অপরাধমূলক কার্যকলাপের বিরুদ্ধে বিদ্যুৎ সংস্থাগুলি যেমন নজরদারি ব্যবস্থা আরও উন্নত করছে তেমনি জনগণকে এই হুকিং, ট্যাপিং ও বে-আইনি বিদ্যুৎ ব্যবহার ও তার বিপদ সম্পর্কে সচেতন করে তোলার ব্যবস্থা করা হচ্ছে। আমি এ ব্যাপারে পুনরায় মাননীয় সদস্যবৃন্দের ও পঞ্চায়েত স্তরের জন-প্রতিনিধিদের সক্রিয় সহযোগিতা কামনা করছি।

**৯। দূষণ প্রতিরোধ ব্যবস্থা :**

তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি সহজেই তার আশেপাশের অঞ্চলগুলির পরিবেশ দূষিত করে ফেলতে পারে। তাই ঐ কেন্দ্রগুলির পরিচালকদের সর্বদাই সতর্ক থাকতে হয় এবং যথাযোগ্য ব্যবস্থা নিতে হয় যাতে পরিবেশ দূষিত না হয়। মাননীয় সদস্যবৃন্দ জানেন এই বিষয়টি মহামান্য সুপ্রিম কোর্টও তাদের নজরে রেখেছেন। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র এবং রাজ্য বিদ্যুৎ পর্ষদের ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র দুইটি পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত আইনকানুন মেনেই চালানো হচ্ছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ তার সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের মেকানিক্যাল ডাস্ট কালেক্টর এবং পুরাতন ইলেকট্রোস্ট্যাটিক প্রিসিপিটেটর-গুলির পরিবর্তে আধুনিক ই. এস. পি. বসানোর জন্য জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করছে এই উদ্দেশ্যে পর্ষদ পাওয়ার ফিনান্স কর্পোরেশন থেকে ঋণ গ্রহণ করবে। এই কাজের জন্য পর্ষদ দরপত্র আহ্বান করেছে এবং এখন তার মূল্যায়ন চলছে। দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড-এরও অনুরূপ সমস্যা আছে। এর বিদ্যুৎ কেন্দ্রের পুরাতন ১-৫ নং ইউনিটগুলিতে আধুনিক ই. এস. পি. নেই। আধুনিক ই. এস. পি. বসানোর জন্য ডি. পি. এল. পাওয়ার ফিনান্স কর্পোরেশন-এর কাছ থেক ১৭ কোটি টাকা ঋণ নেবে।

আমরা বিদ্যুৎ কেন্দ্রের ছাই-এর সমস্যাটিকে একটু বিজ্ঞানসম্মতভাবে দেখতে চাই। এই সমস্যার সমাধান বহুলাংশে করে ফেলা সম্ভব, যদি কয়লা খনি মুখে বেনেফিকেশন প্ল্যান্ট বসিয়ে কয়লার ছাই-এর পরিমাণ (যা এখন প্রায় ৪০%-৪৫%) কমিয়ে বিদ্যুৎ কেন্দ্রগুলিতে সরবরাহ করা হয়। এটা অবশ্য বলা হয়ে তাকে যে, তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতেও এই প্ল্যান্ট বসানো যেতে পারে, কিন্তু রাজ্য সরকারি বিদ্যুৎ কেন্দ্রগুলিতে যেহেতু কোনও নির্দিষ্ট খনি থেকে কয়লা আসে না—বিভিন্ন খনি থেকে বিভিন্নমানের কয়লা আসে, তাই বিদ্যুৎ কেন্দ্রে ঐ প্ল্যান্ট চালিয়ে বিশেষ লাভ হবে না। আমার বিশ্বাস, তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি, শোধিত কয়লা নিতে গেলে যে অতিরিক্ত দাম দিতে হবে তা দিতে অরাজি হবে না, এর ফলে তারা উন্নতমানের কয়লা পাবে এবং ছাই সরানোর যে সমস্যা তাও অনেকটা কমবে।

**১০। রাজ্য বিদ্যুৎ পর্ষদ, বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং ডি. পি. এল.-এর কর্মীবর্গের জন্য বেতন কমিটিঃ**

রাজ্যের সরকারি বিদ্যুৎ সংস্থাগুলির কর্মীরা যে বেতন এবং অন্যান্য সুযোগ-সুবিধা পান তা ১৯৯০ সালে নির্দ্ধারিত হয়েছিল। কেন্দ্রীয় সরকার তার কর্মীদের জন্য পঞ্চম বেতন কমিশন এবং রাজ্য তার কর্মীদের জন্য চতুর্থ কমিশন গঠন করার পর বিদ্যুৎ কর্মচারিদেরও জন্যও অনুরূপ ব্যবস্থা গ্রহণ প্রয়োজনীয় হয়ে পড়ে। রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান শ্রী এন্. সি. বসুর নেতৃত্বে ছয় সদস্যের একটি বেতন কমিটি ১৯৯৬ সালের জানুয়ারি মাসে গঠিত হয়, যে কমিটি কর্মীদের বর্তমান বেতন কাঠামো এবং তৎসংক্রান্ত বিষয়াদি খতিয়ে দেখবেন এবং প্রয়োজন ক্ষেত্রে এর সংশোধনের সুপারিশ করবেন। আশা করা যায় কমিটি এক বছরের মধ্যে প্রতিবেদন পেশ করবেন।

**১১। বিদ্যুৎ সংস্থাগুলির আর্থিক অবস্থা ঃ**

১১.১। মাননীয় সদস্যগণ লক্ষ্য করেছেন, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বহু প্রয়োজনীয় কাজ করে উঠতে পারছে না তার আর্থিক সমস্যার কারণে। মাননীয় সদস্যগণ এটাও জানেন পর্ষদের আর্থিক সমস্যা, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম এবং ডি. পি. এলের আর্থিক স্বাস্থ্যের উপর অবশ্যম্ভাবী প্রভাব ফেলে। সরকারি বিদ্যুৎ উৎপাদন সংস্থাগুলির আর্থিক অবস্থা মোটেই সন্তোষজনক নয়।

**১১.২। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ ঃ**

১১.২.১। নিম্নে প্রদত্ত সারণি থেকে দেখা যাবে গত কয়েক বছরে পর্ষদ বিদ্যুৎ বিক্রয় বাবদ তার আয় কতখানি বাড়িয়েছে, অবশ্য ইতিমধ্যে বিদ্যুতের দাম কিছু বাড়ানো হয়েছে ঃ

**সারণি**

| বিবরণ | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ |
|---|---|---|---|
| বিক্রিত বিদ্যুৎ (এম. কে. ডব্লু. এইচ.) | ৬.২২৫ | ৭.১২৬ | ৭.৯৯৭ |
| বিক্রয়মূল্য (কোটি টাকা) | ৭৩১.৯৫ | ৯৬৮.৭২ | ১,১১২.৩৭ |
| প্রকৃত আদায়িকৃত অর্থ (কোটি টাকা) | ৭০৬.৬৬ | ৮০৩.৮৭ | ৯৯৫.৩৮ |

১৯৯৫-৯৬ সালে বিদ্যুৎ পর্ষদ আনুমানিক ৮,৭৮৬ এম. কে. ডব্লু. এইচ. বিদ্যুৎ বিক্রয় করে এবং প্রায় ১,২৬৭.০০ কোটি টাকা আদায় করে (সঠিক পরিসংখ্যান হিসাব প্রস্তুত করা হলে জানা যাবে)। বিদ্যুৎ উৎপাদন এবং বণ্টনের ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়ায়, বিদ্যুৎ বিক্রয় বাবদ আয় বৃদ্ধি সত্ত্বেও পর্ষদ তার আর্থিক সমস্যার সমাধান করে উঠতে পারছে না। ফলশ্রুতি হিসাবে, পর্ষদ বিভিন্ন অর্থ লগ্নীকারক সংস্থাগুলিকে, অন্যান্য বিদ্যুৎ সংস্থা সমূহকে এবং বিভিন্ন পাওনাদারদের প্রাপ্য অর্থ সম্পূর্ণভাবে পরিশোধ করতে সক্ষম হচ্ছে না। মার্চ ১৯৯৬-এর শেষে পর্ষদের আর্থিক দায় রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের কিট ১৯৮.০০ কোটি টাকা, আই. ডি. বি. আই.-এর কাছে ১৬২.৫০ কোটি টাকা, অন্যান্য ব্যাঙ্কের কাছে ২৪.৫০ কোটি টাকা এবং বিদ্যুৎ উন্নয়ন নিগম, ডি. পি. এল., ডি. ভি. সি., এন. টি. পি. সি. ও পি. জি. সি. আই. এল. প্রভৃতি সংস্থার কাছে বিদ্যুতের দাম বাবদ প্রায় ৬০০ কোটি টাকা। অপরদিকে অবশ্য পর্ষদ, সি. ই. এস. সি. এবং কয়েকটি রাজ্যের বিদ্যুৎ পর্ষদগুলি থেকে প্রায় ১৬০ কোটি টাকা পাবে। যেহেতু, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম তার উৎপাদিত বিদ্যুৎ সম্পূর্ণভাবে এবং ডি. পি. এল. তার বিদ্যুতের অনেকখানিই বিদ্যুৎ পর্ষদকে বিক্রয় করে, তাই পর্ষদের আর্থিক সংকট ঐ দুটি সংস্থাকেও ক্ষতিগ্রস্ত করছে।

১১.২.২। রাজ্য বিদ্যুৎ পর্ষদের এই আর্থিক দুরবস্থার পরিপ্রেক্ষিতে, রাজ্য সরকার ১৯৯৪-৯৫ সালে সাহায্যের হাত বাড়িয়ে দেয় এবং আরও উল্লেখযোগ্যভাবে এগিয়ে আসে ১৯৯৫-৯৬ সালে। বিগত ১৯৯৫-৯৬ সালে রাজ্য সরকার এককালীন ৩১০ কোটি টাকা পর্ষদকে দেয় বকেয়া কয়লা এবং বিদ্যুতের দাম মিটিয়ে দেওয়ার জন্য। এ ছাড়া প্রতি মাসে ১৮ কোটি টাকা করে ঐ উদ্দেশ্যে দেওয়া হচ্ছে। বিভিন্ন অর্থ-লগ্নিকারক সংস্থার কাছে পর্ষদের মার্কেট-বন্ড বাবদ যে পরিমাণ অর্থ দেয় ছিল তার মধ্যে সরকার প্রায় ১৮৭ কোটি টাকাও মিটিয়ে দেয়। এ ছাড়াও গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজের নির্দ্ধারিত খরচ মেটানোর জন্য আরও ৮১.৭১ কোটি টাকা রাজ্য বিদ্যুৎ পর্ষদকে দেয়।

১১.২.৩। বিদ্যুৎ পর্ষদের সমস্যা ১৯৯৫-৯৬ সালে আরও জটিল হয়, কারণ নিজস্ব বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রার চেয়ে কম হওয়ায় বিদ্যুৎ ক্রয়ের পরিমাণ বাড়াতে হয় যাতে প্রয়োজনীয় চাহিদা মেটানো যায়। পর্ষদের বিদ্যুৎ কেন্দ্রগুলিতে উৎপাদন বাড়ানো, বিক্রয় বাবদ আয় বৃদ্ধি এবং খরচের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখার জন্য পর্ষদকে পরামর্শ দেওয়া হয়েছে। সেই

সঙ্গে বিভিন্ন বিদ্যুৎ প্রকল্প এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্কীমগুলি যাতে সময়মতো রূপায়ণ করা যায় এবং ঐ সকল খাতে মূলধনী ব্যয় সীমিত রাখা যায় তার উপরও জোর দেওয়া হচ্ছে।

**১১.৩। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম ঃ**

বিদ্যুৎ উন্নয়ন নিগম ১৯৯৫-৯৬ সালে ৫,৫৪০ মি. ইউ. বিদ্যুৎ বিক্রয় করে যা পূর্ববর্তী বছরের তুলনায় ৪১১ মি. ইউ. বেশি। বিদ্যুৎ বিক্রয় বাবদ নিগম আয় করে ৫৯৬.৬০ কোটি টাকা যা পূর্ববর্তী বছরে ছিল ৫৫৩.৯৪ কোটি টাকা। ১৯৯৪-৯৫ সালে নিগম লাভ করে ২৮.২১ কোটি টাকা, ১৯৯৫-৯৬ সালের হিসাব চূড়ান্ত করা হয় নি। আমি পূর্বেই জানিয়েছি, পর পর কয়েক বছর ধরে লাভ করলেও, যেহেতু বিদ্যুৎ পর্ষদ, নিগম থেকে ক্রীত বিদ্যুতের দামের অংশমাত্র পরিশোধ করে, বিদ্যুৎ নিগম স্থায়ীভাবে অর্থকষ্টে বিব্রত থাকে। এর ফলে, নিগম আই. ডি. বি. আই., আই. এফ. সি. আই., পি. এফ. সি. ইত্যাদি সংস্থাগুলির কাছ থেকে গ্রহণ করা ঋণ পরিশোধে অক্ষম হয়ে পড়েছে। একই কারণে, ভবিষ্যৎ উন্নয়ন কার্যসূচি গ্রহণের ক্ষেত্রে নিগমের আর্থিক বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠছে।

১১.৩.১। মাননীয় সদস্যগণ উপলব্ধি করবেন যে, পর্ষদের শোচনীয় আর্থিক অবস্থার কারণে সিস্টেম উন্নয়ন, গ্রামীণ বৈদ্যুতিকরণ এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যসূচি রূপায়ণে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া যাচ্ছে না। পর্ষদের এই আর্থিক অবস্থা অন্যদিকে অন্যান্য সংস্থাগুলিকেও ক্ষতিগ্রস্ত করছে। নানাবিধ কারণে পর্ষদ আজ এই অবস্থায় উপনীত হয়েছে। যদিও বিদ্যুৎ পর্ষদের আয় বাড়ানোর এখনও সুযোগ আছে, তথাপি এটা ভাবা হচ্ছে যে বর্তমানে বিদ্যুতের দামের যে কাঠামো প্রচলিত আছে, তা পর্ষদের এই অবস্থার জন্য অনেক অংশে দায়ি। পর্ষদের এই অবস্থায় তাকে সাহায্য করার জন্য কৃষিসহ লো এবং মিডিয়াম ভোল্টেজের বিদ্যুৎ উপভোক্তাদের ক্ষেত্রে বিদ্যুতের দামের কাঠামো পুনর্বিন্যাস করা প্রয়োজন। রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিষয়টি পরীক্ষা করে বিদ্যুৎ দপ্তরে একটি প্রস্তাব পাঠিয়েছে যা এখন বিবেচনাধীন।

**১১.৪। দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড ঃ**

১১.৪.১। মাননীয় সদস্যবৃন্দ লক্ষ্য করেছেন যে, ১৯৯৫-৯৬ সালে দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেড তার বিদ্যুৎ উৎপাদনকেন্দ্রের উৎপাদনের মাত্রা বজায় রাখতে পেরেছে। ঐ প্রোজেক্টের ওয়াটার ওয়ার্কস-এর কাজকর্মে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে এবং এর ফলে প্রায় ১১,৫২০ এম. জি. জল সরবরাহ করা হয়েছে। বোকারো স্টিল প্লান্টের সঙ্গে এই কোম্পানির কয়লাকে কোকে রূপান্তরের একটি চুক্তি হয়েছে এবং এর ফলে কোক্ ওভেন প্ল্যান্টের কাজ প্রভূত পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আমি সদস্যদের আরও জানাতে চাই যে, গত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে কোম্পানি ৬,৭৯২ মেট্রিক টন কোক উৎপাদন করেছে, ৩,৪৪,১১০ মে. টন কয়লা বোকারো স্টিল প্ল্যান্টের জন্য কোকে রূপান্তরিত করেছে, ৩,৮৩৭ মি. সিফটি. গ্যাস এবং ৯,৭৬৩ এম. টি. আলকাতরা উৎপাদন করেছে। খসড়া হিসাব অনুযায়ী কোম্পানির নগদ লাভের (ক্যাশ প্রফিট) পরিমাণ ১২ কোটি টাকা হতে পারে বলে মনে হয় এবং নিট ক্ষতির পরিমাণ ১.২০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে, যেখানে গতবারের নিট ক্ষতির পরিমাণ ছিল ৪৬.৯১ কোটি টাকা। যেহেতু ডি. পি. এল. তার উৎপাদিত বিদ্যুতের অনেকখানি অংশ

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে সরবরাহ করে, তাই এই কোম্পানির অর্থনৈতিক অবস্থা আবার রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক বিদ্যুৎ বাবদ দেয় অর্থের উপর নির্ভরশীল।

১১.৪.২। এখানে আরও উল্লেখ করা প্রয়োজন যে, ষাটের দশকে স্থাপিত ডি. পি. এলের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ৫টি পুরানো ইউনিটকে ভালোভাবে কাজে লাগাতে হলে এগুলির আশু নবীকরণের প্রয়োজন। এই পরিপ্রেক্ষিতে মেসার্স সিমেন্স লিমিটেডের সহযোগিতায় ৩৩০ কোটি টাকার একটি নবীকরণ, আধুনিকীকরণ ও ইউনিটগুলি আরও বেশিদিন কার্যক্ষম রাখার উদ্দেশ্যে একটি বিস্তারিত প্রকল্প তৈরি করা হয়েছে। মেসার্স সিমেন্স লিমিটেডের সঙ্গে একটি সমঝোতা চুক্তি (M. O. U.) ও স্বাক্ষরিত হয়েছে। কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের অনুমোদন লাভের পর পরিকল্পনাটি বর্তমানে জার্মানির মেসার্স কে. কে. ডব্লিউ.-এর থেকে ঋণ নেওয়ার জন্য কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয়ের বিবেচনাধীন।

**১২। বিদ্যুৎ অধিকার (ডাইরেক্টরেট্ অফ ইলেক্‌ট্রিসিটি) ঃ**

১২.১। মাননীয় সদস্যরা অবহিত আছেন যে, বিদ্যুৎ দপ্তরের অধীন বিদ্যুৎ অধিকার ভারতীয় বিদ্যুৎ আইন ও নিয়মাবলির ধারাগুলি, লিফ্‌ট ও এস্‌কালেটর আইন ও তার ধারাগুলি বলবৎ করে। এর আধিকারিকগণ বিদ্যুৎ সরবরাহকারী সংস্থাগুলির মধ্যে বিরোধের নিষ্পত্তি করান। তারা বৈদ্যুতিক দুর্ঘটনার ব্যাপারে আইন অনুযায়ী তদন্ত করেন এবং প্রয়োজনে মামলা রুজু করেন। এই অধিকারের অন্তর্গত লাইসেন্সিং বোর্ড কর্মচারী সুপারভাইজার প্রভৃতিদের পেশাগত পরীক্ষা নিয়মিত গ্রহণ করে ও সফল প্রার্থীদের ওয়ার্কমেন্স পারমিট, সুপারভাইজারি সার্টিফিকেট, ন্যাশনাল সার্টিফিকেট ইত্যাদি দেয়। এই বোর্ড বৈদ্যুতিক কন্ট্রাক্টরদেরও লাইসেন্স দেয়। বিদ্যুৎ অধিকার লিফ্‌ট্ চালানো, লিফ্‌ট্ অ্যাটেনড্যান্টের অনুমতিপত্র, লিফ্‌ট্ মেন্‌টেনেন্স ফার্ম এবং কন্ট্রাক্টরদের লাইসেন্স ইত্যাদি দেওয়ার কাজ করে।

১২.২। ১৯৯৫-৯৬ সালে, বিদ্যুৎ অধিকার ৯,৫০০ জনের পরীক্ষা নিয়েছে এবং ২৬২টি ওয়ার্কমেন্স পারমিট, ৪৪৩টি সুপারভাইজারি সার্টিফিকেট অফ কম্‌পিটেন্স এবং ৪০ জন সুপারভাইজারের ন্যাশনাল সার্টিফিকেট দিয়েছে। এই অধিকারের মিটার পরীক্ষা বিভাগ ৩৭৭টি মিটার এবং ৩,২৭৫ মেগার ইনস্যুলেটার পরীক্ষা করে দেখেছে। এই অধিকার ২৮৯টি লিফ্‌ট্ অনুমতিপত্র এবং ৩৯০টি নতুন লিফ্‌ট্ সহায়কের অধিকারপত্র প্রদান করেছে। ১৯৯৫-৯৬ সালে এই অধিকার মোট ২১,৩৪,৪৬৭ টাকা আয় করেছে। ১৯৯৪-৯৫ আর্থিক বছরে এই আয়ের পরিমাণ ছিল প্রায় ১৯,৩৪,৬৩০ টাকা।

১২.৩। আমি ইতিপূর্বেই উল্লেখ করেছি যে, বিদ্যুৎ অধিকার সারা বছরে নানাবিধ পরীক্ষা গ্রহণ করে এবং বিভিন্ন রকম সার্টিফিকেট ও অনুমতিপত্র প্রদান করে। প্রায় ত্রিশের দশক থেকে অর্থাৎ বিদ্যুৎ অধিকারের সূচনা থেকেই উক্ত পরীক্ষাগুলি কলিকাতায় অনুষ্ঠিত হয়ে চলেছে এবং রাজ্যের সমস্ত অঞ্চল থেকেই পরীক্ষার্থীদের কলিকাতায় পরীক্ষার জন্য আসতে হয়। বর্তমানে উত্তরবঙ্গের জেলাগুলির পরীক্ষার্থীদের জন্য শিলিগুড়িতে একটা পরীক্ষা কেন্দ্রের ব্যবস্থা করা হচ্ছে।

১৩। **কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিদ্যুৎ সংস্থাসমূহ ঃ**

১৩.১। **দামোদর ভ্যালি কর্পোরেশন ঃ** পশ্চিমবঙ্গ ও বিহারের বিভিন্ন অঞ্চলে এই কর্পোরেশনের অনেকগুলি তাপবিদ্যুৎ ও জলবিদ্যুৎ কেন্দ্র আছে। পশ্চিমবঙ্গে অবস্থিত বিদ্যুৎ কেন্দ্রগুলির উৎপাদন ক্ষমতা তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে ৩৫০ মেগাওয়াট্ এবং জলবিদ্যুৎ কেন্দ্র থেকে ৬০ মেগাওয়াট। ডি. ভি. সি. এই রাজ্যে অবস্থিত বিদ্যুৎ কেন্দ্রগুলিতে গত ১৯৯৫-৯৬ সালে ৫৯ শতাংশ পি. এল. এফ. বজায় রেখে বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হয়েছে যদিও সামগ্রিকভাবে তাদের পি. এল. এফ.-এর পরিমাণ প্রায় ৩৮ শতাংশ। মাননীয় সদস্যরা জানেন যে, এই রাজ্যের শিল্পক্ষেত্রে কর্পোরেশনের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, কারণ তাদের এলাকায় কয়লাশিল্পে, রেলওয়ে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ শিল্পে এই কর্পোরেশন বিদ্যুৎ সরবরাহ করে। চুক্তি অনুযায়ী রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং সি. ই. এস. সি. লিমিটেডকে সিস্টেমের প্রয়োজন অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করে এই কর্পোরেশন। ১৯৯৫-৯৬ সালে এই রাজ্যের রেল, কয়লাখনি, স্টিল কারখানায় এবং অন্যান্য গ্রাহকদের কাছে কর্পোরেশন ১,৮৩৬ এম. ইউ. বিদ্যুৎ বিক্রি করে।

১৯৯৫-৯৬ আর্থিক বছরে দামোদর ভ্যালী কর্পোরেশনের একটি উল্লেখযোগ্য সাফল্য হল, বাঁকুড়া জেলায় মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটটি (২১০ মে. ও.) চালু করা। এর দ্বিতীয় ইউনিটটি এই বছরের শেষে এবং তৃতীয় ইউনিটটি ১৯৯৭ সালের মার্চ মাসে উৎপাদন শুরু করবে বলে আশা করা যায়।

১৩.২। **ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন—ফরাক্কা ঃ**

এন. টি. পি. সি.-র ফরাক্কা অতিকায় তাপবিদ্যুৎ কেন্দ্রের (৩×২১০ মে. ও. + ২×৫০০ মে. ও.) তিনটি ২১০ মে. ও. ও একটি ৫০০ মে. ও. ক্ষমতাসম্পন্ন ইউনিট বর্তমানে বাণিজ্যিকভাবে উৎপাদন করছে। ১৯৯৫-৯৬ সালে এই কেন্দ্র মোট ৬,৫১১ মি. ইউনিট বিদ্যুৎ উৎপাদন করে যা ১৯৯৪-৯৫ সালে ছিল ৫,৪০১ মি. ইউ.। পরিবেশ দূষণরোধকল্পে এই কেন্দ্র ২১০ মে. ও. ইউনিটগুলির ইলেট্রো-স্ট্যাটিক-প্রিসিপিটেটরগুলির ক্ষমতাবৃদ্ধি করছে। এরা বিভিন্ন কাজে প্ল্যান্ট থেকে নির্গত ছাই-এর ব্যবহার বাড়ানোর চেষ্টা চালাচ্ছে।

১৪। বক্তব্য শেষ করার পূর্বে আমি বলতে চাই যে, যদিও রাজ্যে বিদ্যুতের পরিস্থিতি একটু সহজ করার ক্ষেত্রে কিছুটা সফল হওয়া গেছে, তথাপি একথা স্বীকার করতে দ্বিধা নেই যে রাজ্যের জনগণের প্রয়োজন এবং তাদের আশা মেটানোর জন্য রাজ্যের অধীনস্থ বিদ্যুৎ সংস্থাগুলিকে তাদের কার্যকলাপ আরও উন্নত করতে হবে। এ ছাড়াও আজকের পরিবর্তিত অর্থনৈতিক অবস্থার মধ্যে এবং বিদ্যুতের ক্ষেত্রে বেসরকারি কোম্পানিগুলির আবির্ভাবের ফলে সরকারি বিদ্যুৎ সংস্থার কাজকর্ম বেসরকারি সংস্থাগুলির কাজকর্মের নিরিখে বিচার করা হবে। আমি নিশ্চিত, সরকারি বিদ্যুৎ সংস্থার আধিকারিক ও কর্মিবৃন্দ এই পরিস্থিতি সম্পর্কে এবং তাদের সামনে যে চ্যালেঞ্জ এসেছে তারা তার মুখোমুখি হবেন।

এই বক্তব্য রেখে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি—যেন, তাঁরা ১১৭২,৭৫,০০.০০০ টাকার বরাদ্দ সম্বলিত ৬৯ নং দাবিটি বিবেচনা করে অনুমোদন করেন।

## অনুলগ্ন 'ক'

## ১৯৯৬-৯৭ সালে যে সকল গুরুত্বপূর্ণ সঞ্চালন প্রকল্পগুলির কাজ হাতে নেওয়া হবে তার কর্মসূচি

১। সাব-স্টেশন

(ক) জিরাট ৪০০ কে. ভি. সাব-স্টেশন ২২০ কে.ভি. বাস-ব্রেকার ও ট্রান্সফরমার বাস-আইসোলেটর স্থাপন।

(খ) জিরাট-লক্ষ্মীকান্তপুর ২নং ২২০ কে. ভি. লাইনের বে-র জন্য ২২০ কে. ভি. ডি/সি লাইন নির্মাণ।

(গ) রিষড়া ২২০.১৩২ কে. ভি. সাব-স্টেশন—দ্বিতীয় ৫০ এম. ভি. এ. ১৩২/৩৩ কে. ভি. ট্রান্সফরমার স্থাপন।

(ঘ) দুর্গাপুর ২২০/১৩২ কে. ভি. সাব-স্টেশন—ডি. পি. এল.-এর ২২০ কে. ভি. দ্বিতীয় লাইন বে-র স্থাপন।

(ঙ) দুর্গাপুর সাব-স্টেশনের ডি. পি. এল.-এর দ্বিতীয় বে-র ২২০ কে. ভি. বাসের, ক্ষমতা বৃদ্ধিকরণ।

(চ) লক্ষ্মীকান্তপুর ১৩২/৩৩ কে. ভি. সাব-স্টেশনের দ্বিতীয় ১২.৫ এম. ভি. এ. ১৩২/৩৩ কে. ভি. ট্রান্সফরমার ট্রাকসন স্থাপন।

(জ) ধুলিয়ান ১৩২ কে. ভি. সাব-স্টেশনের ২ × ১২.৫ এম. ভি. এ. ১৩২/৩৩ কে. ভি. ট্রান্সফরমার স্থাপন (বে সহ)।

(ঝ) রায়গঞ্জ ১৩২ ৩২ কে. ভি. সাব-স্টেশনের তৃতীয় ২০ এম. ভি. এ. ১৩২/৬৬ কে. ভি. ট্রান্সফরমার স্থাপন।

২। লাইন

(ক) কোলাঘাট-দুর্গাপুর ৪০০ কে. ভি. এস/সি লাইন তৈরি (১৭১ কি. মি.)।

(খ) বিষ্ণুপুর-বাঁকুড়া ১৩২ কে. ভি. ডি/সি লাইন (২×৩৭ কি. মি.)।

(গ) মেদিনীপুর-বালিচক ১৩২ কে. ভি. ডি/সি লাইন (৩৪ কি. মি.)।

(ঘ) কোলাঘাট-হলদিয়া ২২০ কে. ভি. ডি/সি লাইন (৫৯ কি. মি.)।

(ঙ) জিরাট-রিষড়া ২২০ কে. ভি. ডি/সি লাইন (৭০ কি. মি.)।

## অনুলগ্ন 'খ'

## ৩৩/১১ কে. ভি., ৩৩/৬ কে. ভি. নূতন সাব-স্টেশন

| ক্রমিক সংখ্যা | সাব-স্টেশনের নাম | | সাব-স্টেশনের ক্ষমতা এম. ভি. এ. | মোট |
|---|---|---|---|---|
| ১। | ব্যারাকপুর ২৪-পরগনা (উঃ) | ৩৩/৬.৬ কে. ভি. | ১×৫ | ৫.০ |
| ২। | হ্যাপি ভ্যালি | ৩৩/১১ কে. ভি. | ১×৩ | ৯.০ |
| | হ্যাপি ভ্যালি (দার্জিলিং) | ৩৩/৬ কে. ভি. | ২×৩ | |
| ৩। | বাসুদেবপুর (মেদিনীপুর) | ৩৩/১১ কে. ভি. | ১×৩ | ৩.০ |
| ৪। | বারাসাত ২৪-পরগনা (উঃ) | ৩৩/১১ কে. ভি. (১৩২ কে. ভি. সাব-স্টেশন) | ১×৬.৩ | ৬.৩ |
| ৫। | গোপালী (মেদিনীপুর) | ৩৩/১১ কে. ভি. | ১×৩.১৫ | ৩.১৫ |
| ৬। | নারায়ণগড় (মেদিনীপুর) | ৩৩/১১ কে. ভি. | ১×৩ | ৩.০ |
| ৭। | টি. সি. এফ. (দার্জিলিং) | ৩৩/১১ কে. ভি. | ১×৩.১৫ | ৩.১৫ |
| ৮। | বাণীপুর ২৪-পরগনা (উঃ) | ৩৩/১১ কে. ভি. | ১×৩ | ৩.০ |
| ৯। | রবীন্দ্রনগর (দার্জিলিং) | ৩৩/১১ কে. ভি. | ১×৩ | ৩.০ |
| ১০। | কুচবিহার গ্রোথ সেন্টার (জলপাইগুড়ি) | ৩৩/১১ কে. ভি. | ১×৩ | ৩.০ |
| ১১। | মাদার ডেয়ারি (হুগলি) | | ১×৩.১৫ | ৩.১৫ |
| | | | | ৪৪.৭৫ |

## অনুলগ্ন 'গ'

### ১১/৬.৬/৬/০.৪ কে. ভি. নূতন বিদ্যুৎ সঞ্চালন কেন্দ্র স্থাপন
(জেলা ভিত্তিক বিবরণ)

| ক্রমিক সংখ্যা | জেলা | সংখ্যা | এম. ভি. এ. |
|---|---|---|---|
| ১। | ২৪-পরগনা (দঃ) | ৪২ | ২.৫৫ |
| ২। | ২৪-পরগনা (উঃ) | ১৩২ | ৭.৯৭ |
| ৩। | হাওড়া | ২৬ | ১.৫২ |
| ৪। | হুগলি | ৮৬ | ৫.১৯ |
| ৫। | বর্ধমান | ১৪৯ | ৯.০০ |
| ৬। | মেদিনীপুর | ৭০ | ৪.২২ |
| ৭। | বাঁকুড়া | ২৫ | ১.৫৩ |
| ৮। | পুরুলিয়া | ১৮ | ১.০৫ |
| ৯। | নদীয়া | ৩৬ | ২.১৭ |
| ১০। | বীরভূম | ১৯ | ১.১৫ |
| ১১। | মুর্শিদাবাদ | ৪৪ | ২.৬৫ |
| ১২। | মালদা | ৯ | ০.৫৩ |
| ১৩। | উত্তর দিনাজপুর | ৯ | ০.৫৩ |
| ১৪। | দক্ষিণ দিনাজপুর | ৮ | ০.৪৮ |
| ১৫। | দার্জিলিং | ২৪ | ১.৫১ |
| ১৬। | জলপাইগুড়ি | ০২৩ | ১.৪৬ |
| ১৭। | কুচবিহার | ১৬ | ০.৯৭ |
| | মোট | ৭৩৬ | ৪৪.৪৮ |

অনুলগ্ন 'ঘ'

**১৯৯৫-৯৬ সালে নূতন ৩৩ কে. ভি., ১১/৬.৬/৬ কে. ভি. এবং ১১ এল. ভি. লাইন নির্মাণ**

(জেলাওয়ারি হিসাব)

| ক্রমিক সংখ্যা | জেলা | ৩৩ কে.ভি. লাইন | ১১/৬.৬/৬ কে.ভি | ১১ এল.ভি. লাইন |
|---|---|---|---|---|
| ১। | ২৪-পরগনা (দঃ) | ১০.৫ | ১০.৫ | ১১.৫ |
| ২। | ২৪-পরগনা (উঃ) | ৩৯.০ | ১৮.০ | ১৬.০ |
| ৩। | হাওড়া | ২.৫ | ৫.৫ | ৬.৫ |
| ৪। | হুগলি | ৬.৫ | ১৬.০ | ১২.০ |
| ৫। | বর্ধমান | ৯.৫ | ১১.০ | ১৭.০ |
| ৬। | মেদিনীপুর | ৪৭.৩ | ১০.৭ | ১০.৫ |
| ৭। | বাঁকুড়া | ১৬.০ | ২.৬ | ৫.৫ |
| ৮। | পুরুলিয়া | ২.০ | ৩.৪ | ৪.৬ |
| ৯। | নদীয়া | ৮.০ | ৪.৪ | ৫.০ |
| ১০। | বীরভূম | ১২.০ | ৫.৬ | ৭.৪ |
| ১১। | মুর্শিদাবাদ | ১২.০ | ৫.৬ | ৬.৫ |
| ১২। | মালদা | ১০.৬ | ২.০ | ৪.৪ |
| ১৩। | উত্তর দিনাজপুর | — | ১.৫ | ২.৮ |
| ১৪। | দক্ষিণ দিনাজপুর | ২.৮৯ | ২.৫ | ৩.১ |
| ১৫। | দার্জিলিং | ১৬.০ | ১২.০ | ১৪.৫ |
| ১৬। | জলপাইগুড়ি | ৬.০ | ২.৮ | ৩.২ |
| ১৭। | কুচবিহার | ০.৭২ | ২.০ | ৩.৫ |
| | **সর্বমোট** | **২০৭.৬** | **১১৫.০** | **১৩৪.০** |

## অনুলগ্ন 'ঙ'

### ১৯৯৫-৯৬ সালের বর্তমান ৩৩/১১/, ৬.৬ ও ৬ কে. ভি. সাব-স্টেশনের ক্ষমতা বৃদ্ধিকরণ। (জেলাওয়ারি হিসাব)

| ক্রমিক সংখ্যা | জেলা | ক্ষমতা-বৃদ্ধিকরণ সংখ্যা | এম. ভি. এ. |
|---|---|---|---|
| ১। | ২৪-পরগনা (দক্ষিণ) | ৬ | ১৫.৫ |
| ২। | ২৪-পরগনা (উত্তর) | ১২ | ৩৭.৫৫ |
| ৩। | হাওড়া | ৩ | ৮.১৫ |
| ৪। | হুগলি | ৫ | ১৬.১ |
| ৫। | বর্ধমান | ৬ | ১৮.২ |
| ৬। | মেদিনীপুর | ৮ | ১৯.৪ |
| ৭। | বাঁকুড়া | ১ | ৩.৪৫ |
| ৮। | পুরুলিয়া | — | — |
| ৯। | নদীয়া | ২ | ৯.৬ |
| ১০। | বীরভূম | ৫ | ১৪.৩৫ |
| ১১। | মুর্শিদাবাদ | ৫ | ১৪.৭৫ |
| ১২। | মালদা | ২ | ৬.৩ |
| ১৩। | উত্তর দিনাজপুর | — | — |
| ১৪। | দক্ষিণ দিনাজপুর | — | — |
| ১৫। | দার্জিলিং | ২ | ৪.৬ |
| ১৬। | জলপাইগুড়ি | ১ | ২.০ |
| ১৭। | কুচবিহার | — | — |
| | মোট | ৫৮ | ১৬৯.৯৫ |

অনুলগ্ন 'চ'

**বর্তমান ৩৩/১১/৬.৬ এবং ৬ কে. ভি. লাইন ও ১১ কে.ভি./এল. ভি. লাইনের ১৯৯৫-৯৬ সালে ক্ষমতা বৃদ্ধি/পুনরুজ্জীবীকরণ।**

(জেলাওয়ারি বিবরণ)

| ক্রমিক সংখ্যা | জেলা | ৩৩/১১/৬.৬ এবং ৬ কে. ভি. লাইন সি. কে. এম. | ১১ কে. ভি./এল. ভি. লাইন সি. কে. এম |
|---|---|---|---|
| ১। | ২৪-পরগনা (দক্ষিণ) | ১০.৫ | ৩.৬ |
| ২। | ২৪-পরগনা (উত্তর) | ১৯.৫ | ৮.৪ |
| ৩। | হাওড়া | ৬.৫ | ৪.৫ |
| ৪। | হুগলি | ১২.০ | ৬.২ |
| ৫। | বর্ধমান | ১৫.৫ | ৮.০ |
| ৬। | মেদিনীপুর | ১২.৬ | ৫.৮ |
| ৭। | বাঁকুড়া | ৪.২ | ২.০ |
| ৮। | পুরুলিয়া | ৪.৫ | ১.৭ |
| ৯। | নদীয়া | ১১.২ | ৩.৫ |
| ১০। | বীরভূম | ৯.৮ | ৩.০ |
| ১১। | মুর্শিদাবাদ | ৮.৬ | ২.৭ |
| ১২। | মালদা | ৫ ০ | ৩.০ |
| ১৩। | উত্তর দিনাজপুর | ৩.০ | ১.০ |
| ১৪। | দক্ষিণ দিনাজপুর | ৪.৫ | ২.০ |
| ১৫। | দার্জিলিং | ১১.২ | ৩.৯ |
| ১৬। | জলপাইগুড়ি | ৪.৬ | ২.১ |
| ১৭। | কুচবিহার | ২.০ | ১.০ |
| | **সর্বমোট** | **১৪৫.২** | **৬২.৪** |

## অনুলগ্ন 'ছ'

## রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক মৌজা বৈদ্যুতিকরণের অগ্রগতি

| ক্রমিক সংখ্যা | জেলা | ১৯৮১ সালের লোক গণনা অনুযায়ী লোক বসতিপূর্ণ মোট মৌজার সংখ্যা | ৩১. ৩. ৯৬ তারিখ পর্যন্ত মৌজা বৈদ্যুতিককরণ | ৩১. ৩. ৯৬ পর্যন্ত মৌজা বৈদ্যুতিকরণের শতকরা হিসাব |
|---|---|---|---|---|
| ১। | ২৪-পরগনা (দক্ষিণ) | ২১২৫ | ১৭৫০ | ৮২.৩৫ |
| ২। | ২৪-পরগনা (উত্তর) | ১৬১৯ | ১৫০৫ | ৯২.৯৫ |
| ৩। | হাওড়া | ৭৫৫ | ৭৫৫ | ১০০.০০ |
| ৪। | হুগলি | ১৮৯৯ | ১৮৯৮ | ৯৯.৯৫ |
| ৫। | বর্ধমান | ২৫৭০ | ২৪১৭ | ৯৪.০০ |
| ৬। | মেদিনীপুর | ১০৪৬৮ | ৫৩৮২ | ৫১.৪১ |
| ৭। | বাঁকুড়া | ৩৫৪০ | ২৩৮০ | ৬৭.২৩ |
| ৮। | পুরুলিয়া | ২৪৫২ | ১৫৩৬ | ৬২.৬৪ |
| ৯। | নদীয়া | ২২২৯ | ২২১৩ | ৯৯.২৮ |
| ১০। | বীরভূম | ১২৫৪ | ১২৫৪ | ১০০.০০ |
| ১১। | মুর্শিদাবাদ | ১৯২৭ | ১৭৮৯ | ৯২.৮৪ |
| ১২। | মালদা | ১৬১৫ | ১৫৯৬ | ৯৮.৮২ |
| ১৩। | উত্তর দিনাজপুর | ১৫৩৫ | ১১৪৫ | ৭৪.৫৯ |
| ১৪। | দক্ষিণ দিনাজপুর | ১৫০১ | ১২৪৫ | ৮২.৯৪ |
| ১৫। | দার্জিলিং | ৭৩৬ | ৭২৫ | ৯৮.৫১ |
| ১৬। | জলপাইগুড়ি | ১১৩৯ | ১১১৮ | ৯৮.১৬ |
| ১৭। | কুচবিহার | ৬৫৯ | ৫১৩ | ৭৭.৮৪ |
| | **মোট** | **৩৮০২৪** | **২৯২২১** | **৭৬.৮৫** |

## Demand No. 72

**Shri Sankar Sen :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব রাখছি যে, ৭২ নং অভিযাচনের অধীন মুখ্যখাত নং "২৮১০-ননকনভেনশনাল সোর্সেস অব এনার্জি"তে বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের জন্য ১,১২,৫০,০০০ (এক কোটি বার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

২। মাননীয় সদস্যরা অবগত আছেন যে, বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগ সমন্বয়সাধনকারি বিভাগ হিসেবে 'ওয়েস্ট বেঙ্গল রিনিউয়েব্‌ল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি (WBREDA)' নামক একটি আলাদা স্বশাসিত সংস্থার মাধ্যমে রাজ্যসরকারের নিম্নোক্ত বিভাগ/অধিকারের সহযোগিতায় অপ্রচলিত শক্তির উৎস সংক্রান্ত কর্মসূচি রূপায়িত করেন ;

(ক) কুটির ও ক্ষুদ্রশিল্প অধিকারের সঙ্গে জৈবগ্যাস প্রকল্প।

(খ) বিদ্যুৎ বিভাগ, রাজ্য বিদ্যুৎ পর্ষদ, সুন্দরবন উন্নয়ন বিভাগ, বনবিভাগ এবং সংশ্লিষ্ট জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির সহযোগিতায় ক্ষুদ্র জলবিদ্যুৎ এবং অপ্রচলিত শক্তির উৎস থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প।

৩। আনন্দের সঙ্গে জানাচ্ছি যে গত বছরে ভারত সরকারের অপ্রচলিত শক্তির উৎস মন্ত্রক "জৈবগ্যাস" প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে শ্রেষ্ঠ রাজ্য হিসেবে পুরস্কৃত করেছেন। ১৯৯৩-৯৪ সালে "সৌরতাপীয়" কর্মসূচি রূপায়ণে পশ্চিমবঙ্গ শ্রেষ্ঠ রাজ্যের সম্মান পেয়েছিল।

**৪। কাজের বিবরণ ঃ—**

(ক) ১৯৯৪-৯৫ সালে বিভিন্ন হাসপাতাল, শিল্প, হোটেল ইত্যাদিতে মোট প্রায় দিনপ্রতি ১.৫ লাখ লিটার ক্ষমতার সৌর জল গরম করার ব্যবস্থা স্থাপিত হয়েছে। ১৯৯৫-৯৬ সালে প্রায় দিনপ্রতি ৮০,০০০ লিটার সৌর জল গরম করার ব্যবস্থা স্থাপিত হয়েছে। এই সৌরতাপীয় ব্যবস্থাগুলি শুধু পরিবেশ সুরক্ষা করছে তাই নয়, এর ফলে কয়লা জাতীয় প্রচলিত জ্বালানী যথেষ্ট পরিমাণে বাঁচানো সম্ভব হচ্ছে। এই সৌর জল গরম করার ব্যবস্থাগুলি প্রতিবছরে প্রায় ৮০ লাখ কিলো ওয়াট্ আওয়ার শক্তির সমতুল্য। চলতি আর্থিক বছরে রাজ্য সরকার এই রাজ্যে মোট ১.০ লাখ লিটার/দিন ক্ষমতার সৌর জল গরম করার ব্যবস্থা স্থাপনের পরিকল্পনা করেছেন।

(খ) এই বিভাগ WBREDA এর মাধ্যমে রাজ্যে বড় সংখ্যায় সৌর জলপাতন ব্যবস্থা স্থাপন করেছেন।

(গ) ১৯৯৫-৯৬ সালে প্রায় ৫৬০-টি সৌরকুকার বিক্রয় হয়। আশা করা হচ্ছে যে, ৯৬-৯৭ সালে আরও ৭৫০-টি সৌরকুকার বন্টন করা যাবে। এখনও পর্যন্ত দু হাজারেরও বেশি সৌরকুকার পশ্চিমবঙ্গে ব্যবহৃত হচ্ছে। এই সোলারকুকার ব্যবহারের ফলে প্রতিবছর

প্রায় ৭০০০-টি গ্যাস সিলিন্ডারের খরচ সংরক্ষণ করা সম্ভবপর হয়েছে।

(ঘ) সচেতনতা এবং দক্ষতা বাড়াতে ব্যাপক সংখ্যায় চাকুরিভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি, এই রিনিউয়েবল্ এনার্জি সংস্থা সংগঠিত করেছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এগারোটি প্রশিক্ষণসূচি সংগঠিত করা হয়। আরও বারোটি প্রশিক্ষণ কর্মসূচি ১৯৯৬-৯৭ সালে সংগঠিত হবে।

(ঙ) মার্চ ১৯৯৬ পর্যন্ত রাজ্যে নিম্নলিখিত প্রধান সৌর ফোটোভোল্টেইক্ বিদ্যুৎ কেন্দ্রগুলি স্থাপিত হয়েছে ঃ—

(১) ১২.৫ কিলোওয়াটের বনগোপালপুরে,

(২) ২ কিলোওয়াটের পাখিরালয়ে,

(৩) ৩ কিলোওয়াটের সাগরে,

(৪) ২ কিলোওয়াটের দিঘার সমুদ্রসৈকতে,

(৫) ৫ কিলোওয়াটের রাঙাবেলিয়ায়,

(৬) ৪ কিলোওয়াটের সজনেখালি,

(৭) ২৬ কিলোওয়াটের সাগরের কমলপুর গ্রামে,

এছাড়াও, এখনও পর্যন্ত রাজ্যে ১০০০-টি গৃহের সৌর আলোর ব্যবস্থা, ১৩০০-টি সৌর লণ্ঠন এবং ১৫০-টি সৌর রাস্তার আলোর ব্যবস্থা করা হয়েছে। রাজ্যে স্থাপিত সৌর ফোটোভোল্টেইক ব্যবস্থার মোট ক্ষমতা এখন ২০০ কিলোওয়াটের বেশি। চলতি আর্থিক বছরে আরও ১০০ কিলোওয়াটের সৌর ফোটোভোল্টেইক বিদ্যুতের ব্যবস্থা করা সম্ভব হবে।

আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, দেশের সোলার ফোটোভোল্টেইক ব্যবস্থা ব্যবহারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এখন অগ্রগণ্য রাজ্যগুলির অন্যতম।

(চ) সাগর দ্বীপকে শক্তির দ্বীপ হিসেবে ঘোষণা করা হয়েছে। সাগরদ্বীপে সৌরশক্তি, বায়ুশক্তি এবং জৈবশক্তি ব্যবহারের যথাসাধ্য চেষ্টা চলছে। ইতিমধ্যেই ৫০ কিলোওয়াটেরও বেশি এস. পি. ভি. ব্যবস্থা এখানে স্থাপিত হয়েছে যার দ্বারা উপকৃত হয়েছে শত শত পরিবার। সাগরদ্বীপের কমলপুর গ্রামে ৩৬ কিলোওয়াটের একটি সৌর ফোটোভোল্টেইক বিদ্যুৎ কেন্দ্র চালু করা হয়েছে, যা অঞ্চলের সর্ববৃহৎ সৌর ফোটোভোল্টেইক বিদ্যুৎ কেন্দ্র। কিছু সময়ের মধ্যেই এই বিদ্যুৎ কেন্দ্রটি ৫০ কিলোওয়াটে বিবর্ধিত হবে।

(ছ) রাজ্যে নিম্নলিখিত তিনটি উর্জা গ্রাম প্রকল্প স্থাপন করা হয়েছে এবং তারা সাফল্যের সঙ্গে কাজ করে চলেছে। ১৯৯৬-৯৭ আর্থিক বছরে উর্জা গ্রাম প্রকল্পকে শক্তিশালী করার প্রস্তাবনা নেওয়া হয়—

(১) বনডাঙ্গা উর্জা গ্রাম প্রকল্প, বীরভূম জেলা।

(২) বনগোপালপুর উর্জা গ্রাম প্রকল্প, বাঁকুড়া জেলা।

(৩) রথতলা উর্জা গ্রাম প্রকল্প, বর্ধমান জেলা।

(জ) রাজ্যের সীমান্তবর্তী এলাকাগুলিতে সৌর ফোটোভোল্টেইক পরিকল্পনা কর্মসূচি নেওয়া হয়েছে। এর মধ্যে বিপুল সংখ্যক পুলিশ আউটস্টেশন এবং বর্ডার আউটপোস্টগুলিকে সৌর ফোটোভোল্টেইক ব্যবস্থার মাধ্যমে আলোকিত করা হয়েছে। কুচবিহার, দার্জিলিং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং উত্তর ২৪-পরগনা জেলায় এই সীমান্তবর্তী এলাকাগুলি অবস্থিত।

সুখের কথা, নিম্নলিখিত কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলি সৌর ফটোভোল্টেইক ব্যবস্থা স্থাপনের জন্য রাজ্য সরকারের কাছে কারিগরি সহায়তা নিয়েছেন ঃ—

(১) কলকাতা বন্দর কর্তৃপক্ষ।

(২) পূর্বরেল কর্তৃপক্ষ।

(৩) দক্ষিণপূর্ব রেল।

(৪) ন্যাশনাল কাউন্সিল অব্ সায়েন্স মিউজিয়াম্-সায়েন্সসিটি, কলকাতা।

কলিকাতা টেলিফোন ওয়েববেডার সহায়তায় সৌর ব্যবস্থা প্রণয়নের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে।

(ঝ) বায়ুশক্তির ক্ষেত্রে এই বিভাগ নিম্নোক্ত তিনটি প্রধান কর্মসূচি রূপায়িত করছেন ঃ—

(১) বায়ু মানচিত্র প্রকল্প।

(২) বায়ু নিরীক্ষণ প্রকল্প।

(৩) প্রদর্শনমূলক বায়ু বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা স্থাপন।

বায়ু মানচিত্র প্রকল্প শেষ হয়েছে। ৫ মিটার উঁচু মাস্তুলসহ ২৫টি জায়গার তথ্য সংগ্রহ করা হয়েছে। রাজ্যের পাঁচটি বায়ু সম্বলিত এলাকার ২৫ মিটার উঁচু বায়ু নিরীক্ষণ মাস্তুল দ্বারা গত এক বছরের সম্পূর্ণ পরিসংখ্যান গৃহীত হয়েছে। জায়গাগুলি হল—

(১) সাগরদ্বীপ। (২) ফ্রেজারগঞ্জ। (৩) হলদিয়া। (৪) নীচ্‌কসবা। (৫) পুরুলিয়া।

ফ্রেজারগঞ্জ এবং সাগরদ্বীপ বায়ু উৎপাদন কেন্দ্র হিসাবে অত্যন্ত অনুকূল এলাকা হিসাবে গণ্য হয়েছে। ফ্রেজারগঞ্জ এলাকায় প্রায় ৭ মেগাওয়াট বায়ুখামার স্থাপনের ব্যাপারে প্রাথমিক উদ্যোগ নেওয়া হয়ে গেছে। এই প্রকল্পটি মূলত বেসরকারি সংস্থান দ্বারা রূপায়ণ করা হবে। আশা করা হচ্ছে রাজ্যের প্রথম বায়ুখামার প্রকল্পটি ১৯৯৬-৯৭ আর্থিক বছরের মধ্যে নিরূপিত হবে।

হিমালয়ের পাহাড়গুলিতে বায়ুশক্তিকেন্দ্র রূপায়ণের সম্ভাবনার ব্যাপারে সরকার খতিয়ে দেখছেন। ইতিমধ্যেই বায়ুপরিসংখ্যান সংগ্রহের জন্য ১৯৯৬-৯৭ সালে পাঁচটি এলাকাকে নির্দ্ধারণ করা হয়েছে।

(ঞ) ভারত সরকারের ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ৭০০০ সংখ্যক পারিবারিক জৈবগ্যাস

প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ছিল। শেষ আর্থিক বছরে এই লক্ষ্যমাত্রায় পৌছনো প্রায় সম্ভবপর হয়েছে। ভারত সরকারে নির্দ্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৯৯৬-৯৭ সালে, রাজ্যে প্রায় ৮০০০-, টি পারিবারিক জৈবগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হবে। ১৯৯৬-৯৭ সালে ৫-টি প্রতিষ্ঠান গত জৈবগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হবে।

(ট) উন্নতচুলা কার্যসূচি পশ্চিমবাংলার গ্রামে যথেষ্ট সাড়া ফেলেছে। এই বিশেষ কার্যসূচি পশ্চিমবঙ্গে দুটি বিভাগ দ্বারা রূপায়িত হচ্ছে ঃ—

(ক) বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগ।

(খ) ত্রাণ ও জনকল্যাণ বিভাগ।

১৯৯৫-৯৬ সালে এই রাজ্যে তিরিশ হাজারের বেশি উন্নতচুলা বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীনে নির্মিত হয়েছে। চলতি আর্থিক বছরে এই বিভাগের অধীনে আরও ৩০,০০০ সংখ্যক উন্নতচুলা নির্মিত হবে বলে আশা করা যাচ্ছে।

(ঠ) মিনি ও মাইক্রোহাইডেল প্রকল্পের ব্যাপারে এই বিভাগ যথেষ্ট সাফল্য লাভ করেছে। পশ্চিমবাংলায় তিনটি মিনি ও মাইক্রোহাইডেল প্রকল্পের কাজ চলছে ঃ—

(১) রংমুক সিডার্স প্রকল্প (৫০০ কিলোওয়াট)।

(২) মংপু রাম্বিখোলা প্রকল্প (২ মেগাওয়াট)।

(৩) মংপু কালিখোলা প্রকল্প (৩ মেগাওয়াট)।

এই প্রকল্পগুলি আংশিকভাবে ভারত সরকার এবং আংশিকভাবে পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক সহায়তায় হচ্ছে। রংমুক ও সিডার্স প্রকল্পের কাজ হয়ত জুলাই '৯৬-এর মধ্যে শেষ হবে। দার্জিলিং জেলার বিভিন্ন এলাকায় ক্ষুদ্র পোর্টেবল্ মাইক্রোহাইডেল সেট বসানো হয়েছে। কিছু বেসরকারি সংস্থা উত্তরবঙ্গে মিনি ও মাইক্রোহাইডেল প্রকল্প রূপায়ণের ব্যাপারে বিভিন্ন প্রস্তাব নিয়ে এসেছেন।

(ড) সুন্দরবনে দুর্গাদিনি ৩ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সাগরের জোয়ার থেকে বিদ্যুৎ উৎপাদনের আদর্শ জায়গা। ভারত সরকার ঐ প্রকল্পের প্রস্তাবনাকে গ্রহণ করেছেন। তিন মেগাওয়াট দুর্গাদিনি টাইডাল পাওয়ার প্ল্যান্টের সম্পূর্ণ রিপোর্ট তৈরির জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

(ঢ) গোসাবাদ্বীপে বিদ্যুৎ সরবরাহের জন্য একটি ৫০০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন গ্যাসিফায়ার প্ল্যান্ট তৈরি করা হয়েছে। এটি সুন্দরবন ডেভেলপমেন্ট বিভাগ, বনবিভাগ, দক্ষিণ চব্বিশ পরগনা জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির মিলিত প্রয়াসে গড়ে উঠেছে। নভেম্বর '৯৬-এ এর কাজ শেষ হবে বলে আশা করা যায়। এটি নিম্নলিখিত গ্রামগুলিকে বিদ্যুৎশক্তি সরবরাহ করবে ঃ—

(১) গোসাবা।

(২) রংগবেলিয়া।

(৩) পাখিরালয়।

(ণ) ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের পার্কসার্কাস সংযোগাকারি রাস্তায় একটি শক্তি শিক্ষা পার্ক স্থাপনের উদ্দেশ্যে কলকাতা পৌরনিগম এই বিভাগকে প্রায় ১.৫ একর জমি দিয়েছেন। আনন্দের সঙ্গে জানাচ্ছি এ ব্যাপারে প্রাথমিক কাজকর্ম শেষ হয়েছে এবং সম্ভবত ১৯৯৭-৯৮ আর্থিক বছরে এই পার্ক চালু করা সম্ভব হবে।

এই কথাগুলি বলে আমি সভাকে অনুরোধ করছি অভিযাচন নং ৭২-এর মধ্যে এক কোটি বারো লক্ষ পঞ্চাশ হাজার টাকা মঞ্জুর করা হোক।

## Demand No. 73

The Printed Speech of **Shri Pralay Talukdar** on Demand No. 73 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ৭৩ নং দাবি অধীনে "২৮৫১-গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প (সরকারি উদ্যোগ সমূহ বাদে)", "৪৮৫১-গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পের উপর মুলধন বিনিয়োগ (সরকারি উদ্যোগসমূহ বাদে)" এবং "৬৮৫১-গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পের ঋণ (সরকারি উদ্যোগ সমূহ বাদে)" এই মুখ্যখাতগুলি বাবদ ব্যয় নির্বাহের জন্য ১০৪,০০,৪৬,০০০ (একশো চার কোটি ছেচল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। [ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাউন্টে যে ৩৪,৬৮,০০,০০০ (চৌত্রিশ কোটি আটশট্টি লক্ষ) টাকা দাবি পেশ করা হয়েছে, ঐ অর্থাহেকর মধ্যে তাহা ধরে নেওয়া হয়েছে।]

২) প্রতিটি কর্মপ্রকল্প খাতে বরাদ্দের বিস্তারিত বিবরণ ১৩ নং বাজেট প্রকাশন "ডিটেলড্ ডিমান্ডাস ফর গ্রান্টস্ ফর ১৯৯৬-৯৭" পুস্তিকায় ১৫ পৃষ্ঠা থেকে ৭০ পৃষ্ঠায় পাওয়া যাবে।

৩) তিনটি প্রধান সেক্টর যথা কুটির ও ক্ষুদ্রশিল্প, হস্তচালিত তাঁত ও বস্ত্র এবং রেশম গুটির চাষ, 'এর অধীনে বিভিন্ন কর্মসূচি/প্রকল্প রূপায়ণের মাধ্যমে, কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগ, রাজ্যের তীব্র বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

৪) এখন আমি আমার বিভাগের গুরুত্বপূর্ণ কাজকর্মগুলি সম্পর্কে একটি বিবরণ পেশ করছি।

৫) একদিকে কর্মসংস্থানের গতিত্বরান্বিত করতে ও অন্যদিকে যে সব এলাকা অবহেলিত এবং অনুন্নত থেকে গেছে, সেই সব এলাকাকে শিল্পোন্নত করতে বিনিয়োগ আকৃষ্ট করে নতুন শিল্প স্থাপনে ও চালু শিল্পের সম্প্রাসারণে/আধুনিকীকরণে উৎসাহ দানের উদ্দেশ্যে, ১৯৭৬ সালে প্রবর্তণ করা রাজ্য প্রেরণা সঞ্চারকারি সহায়তা প্রকল্পটিকে ১৯৯৩ সালে পূণর্বিন্যাস করা হয় এবং রাজ্য সরকার "নতুন প্রেরণা সঞ্চারকারি প্রকল্প-১৯৯৩" এই প্রকল্পটি প্রজ্ঞাপিত করেন। ১৯৯৩ সালের প্রেরণা সঞ্চারকারি প্রকল্পটিতে সরকার অতি ক্ষুদ্র শিল্প সংস্থাগুলিকে অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থা রেখেছেন। সমগ্র রাজ্যের জেলাগুলিকে তাদের বর্তমান উন্নয়নের স্তরের উপর ভিত্তি করে চারটি শ্রেণীতে বিন্যাস করা হয়েছে। সে সব উদ্যোক্তা 'ডি'

শ্রেণীভুক্ত অর্থাৎ বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি জেলায় শিল্প সংস্থা গড়ে তুলবেন তারা সব থেকে বেশি হারে অর্থাৎ যন্ত্রপাতি ও যন্ত্রাংশের খাতে যথাযথ ব্যয়ের শতকরা ৩০ ভাগ ভরতুকি পাবেন। সংস্থার অবস্থানের উপর ভিত্তি করে ভরতুকির হার শতকরা ১৫ থেকে ৩০ ভাগ পরিবর্তনীয় হবে। অতি ক্ষুদ্র সংস্থাগুলি, যাদের যন্ত্রপাতি খাতে বিনিয়োগ ২ লক্ষ টাকার মধ্যে, তারা পাবে শতকরা ৪০ ভাগ ভরতুকি। তাছাড়া, রয়েছে অন্যান্য সুবিধা, যেমন বিশেষ শ্রেণীর জন্য অতিরিক্ত ভরতুকি, বিদ্যুৎ শুল্কের ছাড়, বিক্রয়কর স্থগিত/রেহাই ব্যবস্থার প্রবর্তন করা হয়েছে।

৬) অর্থ বিনিয়োগকারি সংস্থা কর্তৃক অনুমোদিত প্রকল্প খরচের উপর শতকরা ১০ ভাগ হারে প্রান্তিক অর্থ ঋণ ক্ষুদ্র শিল্প সংস্থাগুলিকে দেওয়া হয়ে থাকে। এই ঋণ নমনীয় এবং সুদের হার সুবিধাজনক। ১৯৯৫-৯৬ সালে ক্ষুদ্র-শিল্প সংস্থাগুলিকে ২০.৫৮ লক্ষ টাকা প্রান্তিক অর্থ ঋণ হিসেবে দেওয়া হয়েছে।

৭) শিল্প, পরিষেবা ও ব্যবসা ভিত্তিক কাজ কর্মের মাধ্যমে বিভিন্ন স্ব-নিযুক্তি উদ্যোগ গড়ে তুলে শিক্ষিত বেকার যুব সম্প্রদায়ের জন্য স্ব-নিযুক্তির ব্যবস্থার উদ্দেশ্যে ১৯৯৩-৯৪ সালে প্রধানমন্ত্রীর রোজগার যোজনা প্রকল্প প্রবর্তিত হয়েছিল। কিন্তু ১৯৯৪-৯৫ সাল থেকে এই কর্মসূচি গ্রাম ও শহরাঞ্চল সহ সারা দেশে চালু হয়েছিল। প্রধানমন্ত্রীর রোজগার যোজনা প্রকল্পে শিক্ষিত বেকার যুবকদের স্ব-নিযুক্তি উদ্যোগ গড়ে তোলার জন্য সর্বাধিক মাত্রায় ১ লক্ষ টাকা পর্যন্ত ব্যাঙ্ক থেকে ঋণ মঞ্জুর করা হয়। যৌথ উদ্যোগের ক্ষেত্রে প্রকল্প খরচ এক লক্ষ টাকার বেশি হতে পারে এবং মোট প্রকল্প খরচের প্রতি উদ্যোক্তার ক্ষেত্রে ১ লক্ষ টাকার বেশি না হওয়ার স্বাপেক্ষে কোনও উর্দ্ধসীমা নেই। মূলধনের উপর সরকারি ভরতুকি, যাহা ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত প্রকল্প খরচের উপর, শতকরা ১৫ ভাগ প্রত্যেক সহায়তাগ্রাহীর ক্ষেত্রে ৭৫০০ টাকার বেশি হবে না। তাছাড়া, এই কর্মসূচির একটি অঙ্গ হিসেবে ব্যাঙ্ক থেকে অনুমোদন পাওয়ার পর সহায়তাগ্রাহীকে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থাও রয়েছে।

১৯৯৫-৯৬ সালে ২২.৯০০ জন বেকার যুবক-কে ঋণ দেওয়ার বার্ষিক লক্ষ্যমাত্রার ক্ষেত্রে ৯৩৫২ জন বেকার যুবককে ব্যাঙ্কগুলি ঋণ মঞ্জুরির জন্য বিবেচনা করেছিল। উপরোক্ত অনুমোদন প্রার্থীদের মধ্যে ৮১০১ জন প্রার্থীর জন্য উদ্যোক্তা বিকাশ প্রকল্পের অধীনে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ করা যেতে পারে যে ঐ বছরে ২২.৯০০ জনের বার্ষিক লক্ষ্য মাত্রার তুলনায়, ৩৪০৭৪টি প্রস্তাব ব্যাঙ্কের কাছে আর্থিক সহায়তার জন্য নির্বাচন করে পাঠানো হয়েছিল।

চলতি বছরে ২২.৯০০ জন শিক্ষিত বেকার যুবককে সহায়তা প্রদানের লক্ষ্য মাত্রা রয়েছে। যেহেতু এটি একটি ধারাবাহিক কর্মসূচি তাই জেলা শিল্পকেন্দ্রগুলি দরখাস্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও নির্বাচন করে নিয়মিতভাবে ব্যাঙ্কের কাছে পাঠাচ্ছে।

৮) রাজ্য সরকার ক্ষুদ্র শিল্পে রুগ্নতার কারণ নির্ণয়ের জন্য এবং চালু হতে পারে এরকম ক্ষুদ্র রুগ্ন শিল্প প্রতিষ্ঠানের পুনর্বাসনের জন্য যে সব প্রতিকারমূলক পদক্ষেপ নেওয়া যেতে পারে তার প্রস্তাব দাখিল করার নিমিত্ত পশ্চিমবঙ্গ সরকার অর্থনিগমের সভাপতি মহাশয়ের সভাপতিত্বে একটি কমিটি গঠন করেছেন। এই কমিটি ইতিমধ্যেই কয়েকটি মিটিং

করেছে এবং রুগ্ন শিল্প সংস্থাগুলির 'সেন্সাস' করার সিদ্ধান্ত নিয়েছে। নির্বাচিত স্থানে গণনার কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে এবং এই সব নির্বাচিত স্থানে 'ফিল্ড ওয়ার্ক' শীঘ্রই শেষ হবে।

৯) ট্যাংরা, তপসিয়া ও তিলজলা থেকে, ভাঙ্গর-১ নং পঞ্চায়েত সমিতির অধীন কড়াই ডাঙ্গা, ভাটিপোতা এবং গঙ্গাপুর মৌজায়, চামড়া পাকাই করার ৫৩৮টি ট্যানারিকে, পরিবেশ দূষণ রোধ করা ও আধুনিকী করার জন্য স্থানান্তরিত করার প্রস্তাব আমার দপ্তর ইতিমধ্যেই নিয়েছে। এই এলাকা প্রায় ১০০০ একর। রাজ্য সরকার দক্ষিণ ২৪ পরগনায় বাণতলার কাছে কড়াই ডাঙ্গার ৫০০ একর ন্যস্ত জমির দখল ইতিমধ্যেই পেয়েছে। এই সব জমিতে সব রকম কৃষিকার্য বন্ধ করা হয়েছে এবং এই জমি উন্নয়নের জন্য প্রস্তুত। এই ন্যস্ত জমি সম্পর্কিত সর্ব প্রকার ক্ষতিপূরণ দখলকারিদের দিয়ে দেওয়া হয়েছে।

অন্য ৫০০ একর জমির অভিযাচন এবং অধিগ্রহণের কাজও রাজ্য সরকার শুরু করেছিল। রায়তদের মধ্যে কয়েকজন যারা ঐ জমিতে কৃষি করে চলেছেন, তারা ঐ নোটিশের বিরুদ্ধে আপত্তি জানান এবং কলকাতা হাইকোর্ট তাদের আবেদনে ঐ জমিতে স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ দিয়েছেন। রাজ্য সরকার ঐ সব আবেদন পত্রের বিরোধিতা করছে এবং অন্তবর্তী আদেশ বাতিল করার জন্য পদক্ষেপ .নিচ্ছে।

ইতিমধ্যে, কলকাতা 'লেদার কমপ্লেক্স' স্থাপনের জন্য কড়াইডাঙ্গায় জমি অধিগ্রহণ কাজের বিরোধিতা সংক্রান্ত হাইকোর্টে মুলতুবি থাকা দরখাস্তগুলি. স্থানান্তরের জন্য সুপ্রিম কোর্ট রাজ্য সরকারকে আবেদন পত্র দাখিল করার নির্দেশ দিয়েছেন। মামলা স্থানান্তরের আবেদন পত্রও সুপ্রিমকোর্টে জমা দেওয়া হয়েছে। বিষয়টি এখনও অনিষ্পন্ন রয়েছে।

রাজ্য সরকার 'কমন অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট' এর খরচে নিজস্ব প্রদেয় অংশ সহ, অর্থ সংগ্রহের ব্যবস্থা করেছেন এবং এই প্রকল্প "তৈরি করা—মালিকানা-ও হস্তান্তর" [B.O.T]-এর ভিত্তিতে রূপায়ণের জন্য এম. এল্. ডালমিয়া অ্যাণ্ড কোম্পানির সঙ্গে একটি সমঝোতা পত্রে আবদ্ধ হয়েছেন। উপরোক্ত প্রতিষ্ঠান ভূমি পরীক্ষার কাজ করছে এবং প্রকল্পের বিস্তৃত রিপোর্ট তৈরির কাজ শেষ করেছেন ও রাজ্য সরকারের কাছে তা পেশ করেছেন। রাজ্য সরকার ভবিষ্যতে ব্যবহারের জন্য সাজানোর নক্সা (layout plan) সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার পর কাজ আরম্ভের জন্য তৈরি থাকবে। এর পর ট্যানারিগুলিকে স্থানান্তরের জন্য বন্টনযোগ্য জমি সনাক্তকরা যাবে এবং জমির অংশ বন্টন করা যাবে। ট্যানারিদের প্রদেয় চূড়ান্ত মূল্যও পাকাপাকিভাবে নির্দ্ধারণ করা যাবে।

১০) বজবজের কাছে ৬ একর জমিতে পাদুকা তৈরি করার আধুনিক কলাকৌশলে বেকার যুবকদের প্রশিক্ষিত করার জন্য ছাত্রাবাস, শ্রুতিগৃহ, পাঠাগার ও আধুনিক যন্ত্রপাতির সুযোগ সুবিধাসহ রাজ্য সরকার একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করেছে। এই কেন্দ্র ১৯৯৫ সালের জানুয়ারি মাস থেকে কাজকর্ম আরম্ভ করেছে। ইতিমধ্যেই ৫০ জন যুবককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বিভিন্ন পাঠক্রমে এখন ৭১ জন যুবককে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

১১) বিগত দু'বছর পর পর আয় খাতে আদায়ের ভিত্তিতে কলকাতা ই. টি. ডি. সি. ভারত সরকার থেকে ২য় পুরস্কার লাভ করেছে এবং সর্বভারতীয় এস. টি. ইউ. সি. গবেষণাগার সমূহের অধিকর্তাদের সপ্তম মিটিং কলকাতায় অনুষ্ঠানের সুযোগ পেয়েছে।

ই. টি. ডি. সি. রাজ্যের ল্যাম্প তৈরির ছোট ছোট প্রস্তুতকারকদের বিপণন সহায়তা দেওয়ার জন্য 'ওয়েব্‌সি কমন ব্রাণ্ডিং' কর্মসূচি হাতে নিয়েছে। ২৭. ৯. ৯৪ তারিখে এই প্রকল্পের উদ্বোধন হয় বেং ১৯৯৬ সালের মে মাস পর্যন্ত সরকারি দপ্তর, পৌর প্রতিষ্ঠান, প্রজ্ঞাপিত প্রাধিকার এবং প্রচলিত বাণিজ্যিক মাধ্যমগুলির চাহিদাসহ ই. টি. ডি. সি. সংগ্রহ করেছে মোট ৩ লক্ষ ৭ হাজার ল্যাম্প, যার মূল্য প্রায় ১৮ লক্ষ ৮ হাজার টাকা। প্রকল্পের সুযোগ ও বিস্তৃতি বৃদ্ধি করে বার্ষিক ৫ লক্ষ ল্যাম্প বিক্রির লক্ষ্যমাত্রায় পৌঁছানোর জন্য এই কেন্দ্র জুলাই মাস থেকে প্রচার কর্মসূচি গ্রহণ করবে।

ইতিমধ্যে 'ওয়েবসি' ব্র্যাণ্ডের অধীনে ড্রাই সেল (বহু উদ্দেশ্য পূর্ণ ও ট্রান্সিস্টার ব্যাটারি) বিপণনের কাজও হাতে নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে প্রধানত কলকাতা ও শহরের পার্শবর্তী জেলাগুলিতে কেন্দ্রীভূত থাকলেও সারা রাজ্যে ২৫০ টির বেশি ক্ষুদ্র ক্ষুদ্র ড্রাইসেল উৎপাদক সংস্থা ছড়িয়ে আছে। বর্তমানে এই সব সংস্থা কম দামের জিনিস তৈরি করে এবং এই সব সংস্থাগুলির উপর প্রায় ১ লক্ষ মানুষ নির্ভরশীল। বিপণনের সুযোগ সম্প্রসারণের মাধ্যমে, পরীক্ষা ও গুণমান নিয়ন্ত্রণ করে 'ওয়েবসি' প্রকল্প, যার উদ্দেশ্য গুণমান উন্নয়ন খরচ কমানো, অধিকতর উৎপাদন এবং আরও অধিক একক মূল্য সংগ্রহ, সেই প্রকল্পের ছত্র-ছায়ায় এই সংস্থাগুলিকে নিয়ে আসার প্রস্তাব 'ওয়েব্‌সি' প্রকল্পে রয়েছে।

পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগম কর্তৃক বাজারে 'ওয়েব্‌সি' ব্রাণ্ডে যে গুড়ো সাবান বিক্রি করা হয় তার গুণমান সম্পর্কে এই কেন্দ্র নিশ্চয়তা প্রদান করে এবং পরীক্ষার বিষয়টির সমন্বয় সাধন করে।

কমন ব্রাণ্ডিং কর্মসূচি সম্প্রসারিত করে ড্রাইসেল ব্যাটারি এই কর্মসূচির আওতায় নিয়ে আসার সঙ্গে সঙ্গে এই স্থানে বিশেষভাবে বস্ত্রশিল্পের নক্সা আধুনিকীকরণ, মনিটারিং এবং নক্সার বহুমুখি করণের চাহিদা পূরণের জন্য একটি কম্পিউটার চালিত নক্সা কেন্দ্র (CAD) স্থাপন করেছে।

১২) ১৯৯৫-৯৬ সালে সর্বমোট ৪৩৭৩টি নতুন ক্ষুদ্র শিল্প সংস্থা প্রতিষ্ঠিত হয়েছিল এবং এই সংস্থাগুলিতে ১২৪৬৪ জন মানুষের কর্মসংস্থানের সুযোগের সৃষ্টি হয়েছিল। ১৯৯৫-৯৬ সালে ১৭০২৮টি ক্ষুদ্রশিল্প সংস্থা নিবন্ধভুক্ত হয়েছিল।

১৩) এই দপ্তরের অধীনে শিল্পবার্তা প্রিন্টিং প্রেস লিঃ সংস্থাটি লাভ করছে। বিভিন্ন সরকারি দপ্তর, সরকারি উদ্যোগ স্বায়ত্ব শ্বাসিত সংস্থা, পৌর প্রতিষ্ঠান ও জেলা পরিষদগুলির কাজ ছাড়াও 'ব্যালট পেপার ছাপাই, প্রিসাইডিং অফিসারদের হ্যণ্ড বুক্ 'ছাপাই'-এর কাজও এই সংস্থা করেছে।

১৪) বর্তমানে সারা পশ্চিমবঙ্গে ২৩টি শিল্প তালুক এবং ৯টি বাণিজ্য তালুক কাজ করেছে।

ক্ষুদ্র শিল্প সেক্টরের জন্য আরও শিল্প তালুক প্রতিষ্ঠার বিষয়টি অদূরেই রয়েছে। দক্ষিণ ২৪ পরগনার গার্ডেনরিচে, সন্তোষপুর কালীনগরে একটি তৈরি পোশাক প্রস্তুতের সামগ্রিক

কমপ্লেক্স-এর ভিত্তি-প্রস্তর মাননীয় মুখ্যমন্ত্রী ১০. ২. ৯৬ তারিখে স্থাপন করেন। প্রস্তাবিত প্রকল্পটি ৪৬.৬০ একর পরিমিত জমিতে হবে। এই ধরনের প্রকল্প স্থাপনের বিস্তৃত "লে-আউট' প্ল্যান" সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

১৯৯৫-৯৬ সালে মাননীয় কলকাতা হাইকোর্টের মাধ্যমে প্রাক্তন মেসার্স বেঙ্গল পটারিজ লিঃ (ইন্ লিকিউডেশন)-এর ৩ নং পাগলা ডাঙ্গা রোড, ৪৫ নং ট্যাংরা রোড এবং ২/৪ তারাতলা রোডে, কলকাতায় অবস্থিত জমি যার পরিমাণ ১০৭৩ কাঠা তা ১২.১০ লক্ষ টাকা মূল্যে আমরা পেতে সক্ষম হয়েছি। বর্তমানে যে তিনটি স্থানে মেসার্স বেঙ্গল পটারিজ লিঃ রয়েছে সেখানকার-জমি বাদে অন্যান্য ও অস্থাবর সম্পত্তি বিক্রির পদক্ষেপ নেওয়া হচ্ছে। এই মোট পরিমাণ জমি যার পরিমাপ ১০৭৩ কাঠা তা ক্ষুদ্র শিল্প সেক্টরের শিল্প-তালুক প্রতিষ্ঠার জন্য ব্যবহার করা হবে।

তাছাড়া, ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের ধারে কেবলমাত্র 'হোসিয়ারির জন্য একটি কমপ্লেক্স' প্রতিষ্ঠার চিন্তাভাবনা আছে। সরকারের যথোপযুক্ত স্তরে এর জন্য জমি অধিগ্রহণের বিষয়টি দেখ-ভাল করা হচ্ছে।

ভিক্টোরিয়া মিলের জমিতে, হুগলির আদি সপ্তগ্রামে, হলদিয়া (২য় পর্যায়ে), বক্রেশ্বরে, বড়জোরায়, সাঁকরাইলে, মাদুরদহে, এবং হাবড়ায় শিল্প তালুক স্থাপনের প্রস্তাবও আমাদের কাছে রয়েছে। হাবড়ায় বিদ্যুৎ চালিত তাঁতের জন্য একটি সামগ্রিক শিল্প তালুক প্রতিষ্ঠার বিষয় বিবেচনা করছি। শিল্প তালুক প্রস্তুতের সমস্ত প্রস্তাবগুলিই আলোচনা/জমি অধিগ্রহণের বিভিন্ন স্তরে রয়েছে।

১৯৯৫-৯৬ সালের মার্চ '৯৬ পর্যন্ত উদ্যোক্তাদের কাছ থেকে স্বল্পমেয়াদি লিজ বাবদ ১,৪৬,৩০,৬৭৭.৮৮ টাকা এবং দীর্ঘমেয়াদি লিজ বাবদ ১,৫৫,১৩,০৪৩.৩৯ টাকা পাওয়া গেছে। স্বল্প-মেয়াদি লিজ বাবদ ৪,৫৩,৫৬,৬১৬.১৯ টাকা এবং দীর্ঘ মেয়াদি লিজ বাবদ ৮,৮৩,১৮২.৯৬ টাকার বকেয়া পাওনা রয়ে গেছে।

১৫) কর্মসংস্থাপনের দিক থেকে কৃষিকাজের পরেই দ্বিতীয় বৃহত্তম হল হস্ত তাঁত শিল্প, যার উপর সমধিক গুরুত্ব আরোপ করা হয়েছে। ১৯৮৭-৮৮ সালে পরিচালিত 'সেন্সাস' অনুসারে রাজ্যে ৩.৩৮.৪৯৯টি হস্ত চালিত তাঁত রয়েছে। রাজ্যের ৩.০৪.৮৪৫ জন বয়ন শিল্পী তাদের জীবিকার জন্য পরিপূর্ণভাবে হস্ত-চালিত তাঁত শিল্পের উপর নির্ভরশীল। ৬১.৭০০ বয়ন শিল্পী অংশত এই শিল্পের উপর নির্ভর করে। তাছাড়া, ৩.৪৫.০১৮ জন লোক এই শিল্পের প্রস্তুতির কাজে আংশিক সময়/পূর্নসময় নিয়োজিত রয়েছে।

১৬) ৭৩টি তাঁত হীন বয়ন শিল্পী সমবায় সমিতি সহ ৩১.৩.৯৫ তারিখে ১৯১৪টি হস্তচালিত তাঁত বয়ন শিল্পী প্রাথমিক সমবায় বয়ন শিল্পী সমবায় সমিতি নিবন্ধভুক্ত হয়েছে, যাহাতে ৮৩৩ জন অতিরিক্ত বয়ন শিল্পী আছেন। যার ফলে ১৯৯৬ মার্চ পর্যন্ত সমবায়ের অধীন বয়ন শিল্পীর সংখ্যা দাঁড়ায় ১.৫০.৩২৬। ১৯৯৫-৯৬ সালের নির্দ্ধারিত উৎপাদনের লক্ষ্য মাত্রা ৪০৫ মিলিয়ান মিটারের জায়গায় ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত উৎপাদনের পরিমাণ ছিল ৪০১ মিলিয়ান মিটার। প্রাথমিক সমবায় সমিতিগুলিকে নিবন্ধ ভুক্তির পর, প্রদেয় তহবিলের প্রাপ্তি স্বাপেক্ষে, অনুমোদিত হারে ইকুইটি ক্যাপিটাল সরকারি অংশিদারি বাবদ অর্থ,

শেয়ার ক্যাপিটাল ঋণ এবং কার্যকর মূলধন বাবদ ঋণ দিয়ে সহায়তা করা হয়।

১৭) তাঁত জাত জিনিসের গুণগত উন্নয়নের জন্য প্রাথমিক তাঁত শিল্পী সমবায় সমিতি সমূহকে তাঁত শিল্পে আধুনিকীকরণ উদ্দেশ্যে আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা করা হয়। তাঁত বিহীন বয়ন শিল্পীদের জন্য সাধারণ কর্মশালা ও গুদাম তৈরি করা হল অপর একটি প্রকল্প, যা এই রাজ্যে রূপায়ণ করা হচ্ছে। প্রাথমিক বয়ন শিল্পী সমবায়গুলিকে বাজার উন্নয়ন সহায়তা হিসেবে সাহায্যের ব্যবস্থা করা হয়। এই প্রকল্পে ১৯৯৫-৯৬ সালে সর্বমোট ১০১৫.৩৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

১৮) প্রাথমিক বয়ন-শিল্প সমবায় সমিতিগুলিকে সাহায্যের জন্য যাতে 'নাবার্ড' প্রকল্পে তাঁত শিল্পের জন্য বরাদ্দ অর্থের সুবিধাজনক সুদের হারের সুযোগ নিতে পারে তার জন্য রাজ্য সরকার সমিতির কার্য-নির্বাহী ঋণের সুদের উপর ভরতুকি করেছেন। হস্ত-তাঁত বয়ন শিল্পীদের তাদের কারগরি দক্ষতা উন্নয়নের এবং নির্দ্ধারিত মানের জিনিস তৈরিতে উৎসাহিত ও উদ্বুদ্ধ করার জন্য জেলা স্তরে এবং রাজ্য স্তরেও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে থাকে।

১৯) এ রাজ্যের হস্ত তাঁত বয়ন শিল্পীদের কল্যাণের জন্য বিভিন্ন কল্যাণ মূলক প্রকল্প যথা, ভবিষ্যনিধি তহবিল/মিতব্যয়িতা তহবিল, গ্রুপ সেভিংস-যুক্ত ইন্সিরেন্স প্রকল্প, হেল্‌থ প্যাকেজ প্রকল্প এবং তাঁতীদের জন্য বার্ধক্য ভাতা প্রকল্প রূপায়িত হচ্ছে। গ্রুপ সেভিংস যুক্ত ইন্সুরেন্স স্কীমও বয়ন শিল্পীদের জন্য রূপায়িত হচ্ছে। হেল্‌থ প্যাকেজ প্রকল্পটিও রূপায়িত হচ্ছে। ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত ১৭,৯৩৫ জন বয়ন শিল্পীকে মিতব্যয়িত তহবিল প্রকল্পের আওতার অধীনে আনা হয়েছে। ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত বার্ধক্য ভাতা তহবিলের অধীনে ৯০০ জন বয়ন শিল্পীকে আনা হয়েছে। বর্তমানে এই চারটি প্রকল্পই সমবায় সমিতিগুলির মাধ্যমে রূপায়িত হচ্ছে।

২০) জনতা বস্ত্র প্রকল্প পর্যায়ক্রমে কমিয়ে দিয়ে এখন ভারত সরকার 'তাঁত উন্নয়ন কেন্দ্র প্রকল্প' এবং 'উন্নত মানের ড্রাইং-ইউনিট' প্রকল্প নিয়ে এগিয়ে এসেছেন। তাঁত শিল্পের কিছু মৌলিক সমস্যার ক্ষেত্র যথা, কার্যকর মূলধন সহ 'ইন্‌পুট' যোগান দেওয়া, কাঁচা মালের যোগান দেওয়া, নক্সা উন্নয়ন, উন্নত রঞ্জকের ব্যবহার, তৈরি জিনিস বিপণন ইত্যাদির দেখ-ভাল করার প্রতিশ্রুতি এই নতুন প্রকল্পে রয়েছে। ৩১.৩.৯৬ পর্যন্ত, ১৩৫টি তাঁত শিল্প উন্নয়ন কেন্দ্র ও ৪৮টি গুণগত মানে সমৃদ্ধ রঞ্জক সংস্থা (Dyeing unit) অনুমোদিত হয়েছে। এ রাজ্যের অন্যান্য নানা গ্রামীণ উন্নয়ন প্রকল্প, যেমন তাঁত নেই এমন তাঁত বয়ন শিল্পীদের নিবিড় গ্রামীণ উন্নয়ন কর্মসূচির অধীনে নিয়ে আসা এবং গ্রামীণ যুবকদের স্ব-নিযুক্তির জন্য প্রশিক্ষণ প্রকল্পে বয়ন শিল্পীদের প্রশিক্ষণ ও কমন্ ফেসিলিটি সেন্টার স্থাপন করা, চালু রয়েছে। ১৯৯৫-৯৬ সালে, ৫২৭৫ জন বয়ন শিল্পীকে নিবিড় গ্রামীণ প্রকল্পের আওতায় আনা হয়েছে, ট্রাইসেম'এর অধীনে ২০৫ জন বয়ন শিল্পীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ২টি কমন্ ফেসিলিটি সেন্টার মঞ্জুর করা হয়েছে।

২১) হ্যাঙ্ক সুতোর দাম অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায়, ভারত সরকার হস্তচালিত তাঁত-জাত জিনিসের মূল্য যুক্তি-সঙ্গত স্তরে রাখার উদ্দেশ্যে ১৯৯৪-৯৫ সালে হ্যাঙ্ক সুতোর মূল্যের উপর ভরতুকি দেওয়ার প্রকল্প প্রবর্তণ করেছিল। কিছু সংশোধন করে ১৯৯৫-৯৬ সালের

জন্য প্রকল্পটি সম্প্রসারণ করা হয়েছিল। এই রাজ্য উপরোক্ত হ্যাঙ্ক সুতোর মূল্যের উপর ভরতুকি প্রদান প্রকল্পের সব সুযোগই গ্রহণ করেছে প্রধানত রাজ্য স্তরের এপেক্স সমবায় সমিতি (তন্তুজ) এবং রাজ্য স্তরের কর্পোরেশন্ (তন্তুশ্রী)-এর মাধ্যমে। ১৯৯৫-৯৬ সালে বয়ন শিল্পীদের ভরতুকি দেওয়া দরে ৩৫.৬৭৬ লক্ষ কে. জি. হ্যাঙ্ক সুতো (৪০ কাউন্ট পর্যন্ত) বিলি করা হয়েছিল যেখানে লক্ষ্যমাত্রা ছিল ৩৭.৬০ লক্ষ কেজি।

২২) পশ্চিমবঙ্গে সরকারি সেক্টরে ৩টি এবং সমবায় সেক্টরে ৩টি স্পিনিং মিল আছে। এর মধ্যে কংসাবতী কো-অপারেটিভ স্পিনিং মিল অ্যাক্রলিক্ সুতো উৎপাদনের কাজে নিয়োজিত আছে। অন্যান্য মিলগুলি প্রধানত হস্তচালিত তাঁত, যন্ত্রচালিত তাঁত এবং হোসিয়ারি শিল্পের জন্য 'হ্যাঙ্ক সুতো' এবং 'কোন্ সুতো' উৎপাদনের কাজে নিয়োজিত রয়েছে। উপরোক্ত স্পিনিং মিলগুলিতে নির্দ্দিষ্ট মানের তুলা ন্যায্য মূল্যে সরবরাহ এবং উৎপাদিত তুলা বাজার-দরে বিক্রি সুনিশ্চিত করার জন্য রাজ্য সরকার "কটন অ্যান্ড ইয়ার্ন মনিটারিং কমিটি" গঠন করেছে। এই কমিটির তদারকিতে উপরোক্ত মিল গুলিতে উৎপাদিত সুতো "তন্তুজ" এবং "তন্তুশ্রী"-র মাধ্যমে বিপণন করা হয়। এই কমিটি ১৯৯৪ সনের মার্চ মাস থেকে কাজ আরম্ভ করে। "তন্তুজ" এবং "তন্তুশ্রী" যৌথভাবে ১৯৯৪-৯৫ সালে ৫১.৩২ কোটি টাকা এবং ১৯৯৫-৯৬ সালে ৬৫.২৩ কোটি টাকার সুতো বিক্রি করেছে। বিপণন সংস্থার মাধ্যমে স্থিতিশীল সরবরাহ চালু থাকার ফলে বাজারে তুলোর দাম বহুলাংশে সুস্থির থেকে গেছে এবং দরের উর্দ্ধগতি কিছু পরিমাণে নিয়ন্ত্রণ করা গেছে। এটা সিদ্ধান্ত হয়েছে যে উপরোক্ত কমিটির তদারকিতে কল্যাণী স্পিনিং মিলস্ লিমিটেড, ওয়েস্ট দিনাজপুর স্পিনিং মিলস্ লিমিটেড, ময়ূরাক্ষী কটন মিলস্ লিমিটেড, তাম্রলিপ্ত কোঅপঃ স্পিনিং মিলস্ লিঃ এবং ওয়েস্ট বেঙ্গল কো অপঃ স্পিনিং মিলস্ লিঃ এই ৫টি স্পিনিং মিলের সমুদয় চাহিদার তুলো কর্পোরেশন অব ইণ্ডিয়া মারফৎ ক্রয় করা হবে। আশা করা যাচ্ছে যে এতে উৎপাদনের দক্ষতা বৃদ্ধি পাবে এবং এই মিলগুলির চাহিদা অনুসারে নির্দ্দিষ্ট মানের তুলোর অবিরাম সরবরাহ সারা বছর চালু রাখা যাবে।

২৩) বর্তমানে পশ্চিমবঙ্গে ৫৩৬০টি যন্ত্রচালিত তাঁত আছে। এই রাজ্যে যন্ত্রচালিত তাঁত সমবায় সমিতির মোট সংখ্যা ৯১ যাদের হাতে ১৪৮৪টি তাঁত আছে। রাজ্যের হস্তচালিত বয়নকারিদের স্বার্থ ক্ষুন্ন না করে যন্ত্রচালিত তাঁত সেক্টরে নতুন নতুন শিল্প স্থাপন এবং চালু সংস্থাগুলির আধুনিকীকরণের মাধ্যমে রাজ্যের যন্ত্রচালিত তাঁতজাত দ্রব্যের বিশাল বাজার করায়ত্ব করার জন্য যন্ত্রচালিত তাঁত শিল্প সেক্টরকে উৎসাহ দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। যন্ত্র চালিত তাঁত সেক্টরের উন্নয়নের জন্য একটি সামগ্রিক পাওয়ার লুম্ কম্প্লেক্স স্থাপনের বিষয়টিও বিবেচনাধীন রয়েছে।

২৪) তৈরি পোশাক প্রস্তুত শিল্পের উন্নয়ন ও আধুনিকীকরণের জন্য পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগম দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত সন্তোষপুর কালীনগরে একটি তৈরি পোশাকের সামগ্রিক কমপ্লেক্স স্থাপন করতে চলেছে। এই কমপ্লেক্স শিল্প উদ্যোগিদের তাদের নতুন ও আধুনিক শিল্প স্থাপনে প্রয়োজনীয় সহায়তা দান করবে বলে আশা করা যায়। এই কমপ্লেক্সটি পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প নিগম রূপায়িত করছে। ইন্সটিটিউট অফ্ ফ্যাশান টেকনোলজির (ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের যুগ্ম আর্থিক সহায়তায়) একটি শাখা কেন্দ্র কলকাতায় কাজ

আরম্ভ করেছে। ইন্সটিটিউট, AEPC-র অ্যাপরেল ট্রেনিং অ্যাণ্ড ডেভেলপমেন্ট সেন্টার (ATDC) এর সঙ্গে তৈরি পোশাক শিল্পে কারিগরি, পেশাদারি এবং পরিচালনা দক্ষতা সম্পন্ন লোক জনের ব্যবস্থা করবে এবং তারফলে পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী রাজ্যগুলিতে এই শিল্পের উন্নতি ঘটবে।

২৫) কলকাতার পাশে ই. এম. বাইপাসের কাছে একটি হোসিয়ারি কমপ্লেক্স স্থাপনের প্রস্তাবও সক্রিয় বিবেচনাধীন। সল্ট লেক হোসিয়ারি বিল্ডিং কমপ্লেক্স সোসাইটির (সম্প্রতি নিবন্ধভুক্ত) অধীনে একটি বহুতল বিশিষ্ট হোসিয়ারি কমপ্লেক্স তৈরির জন্য উপরোক্ত সমিতিকে প্রতিটি ৫ কাঠা হিসাবে ৭ খণ্ড জমি বরাদ্দ করার জন্য নগরোন্নয়ন দপ্তরে আবেদন করা হয়েছে।

২৬) হস্তচালিত তাঁত এবং তৈরি পোশাক শিল্পের ব্যবহার নক্সার উন্নয়নের জন্য ইলেকট্রনিক টেস্ট অ্যাণ্ড ডেভেলপমেন্ট সেন্টার ৪/২ বি. টি. রোড, কলিকাতা-৫৬, একটি কমপিউটার চালিত নক্সা কেন্দ্র স্থাপন করেছে—যা ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছে।

২৭) ন্যাশনাল ইন্সটিটিউট অব ফ্যাশন টেকনোলজির একটি কেন্দ্র কলকাতায় স্থাপিত হয়েছে। সল্টলেকে অবস্থিত "মঞ্জুষার কারু অঙ্গনে এই সংস্থা তাদের কাজকর্ম চালু করে দিয়েছে। রাজ্য সরকার ইতিমধ্যে সংস্থাটিকে লবণ হ্রদে তাদের নিজস্ব বাড়ি তৈরির জন্য জমি বরাদ্দ করে দিয়েছে।

২৮) বাংলার বস্ত্র শিল্পের রপ্তানি বাজার উন্নয়ন এবং এই সর্বপ্রথম বাংলার রেশম এবং হস্তচালিত তাঁত বস্ত্র যে কেবলমাত্র ঐতিহ্যবাহী পোশাক হিসাবে ব্যবহৃত হয় সাম্প্রতিক কালেও সমানভাবে আদরনিয় তার একটি সর্ব্বাঙ্গীন চিত্র দেশি ও বিদেশি ক্রেতা সাধারণের নিকট তুলে ধরার জন্য ভারত সরকারের বস্ত্র মন্ত্রক ও এন. আই. এফ.-টির সহযোগিতায় রাজ্য সরকার গত ১৫-১৭ ফেব্রুয়ারি '৯৬ নেতাজী ইণ্ডোর স্টেডিয়ামে "ইন্টারন্যাশন্যাল বেঙ্গল টেক্সটাইল ফেয়ার '৯৬" নামে একটি প্রদর্শনীর আয়োজন করেন। মেলা চলাকালীন ক্রেতা-বিক্রেতা সাক্ষাৎকার, আলোচনা সভা এবং ফ্যাশন-শো প্রভৃতি ও অনুষ্ঠিত হয়।

২৯) পশ্চিমবঙ্গ একটি ঐতিহ্যবাহী রেশম উৎপাদক রাজ্য এবং তুঁত, তসর, এরি এবং মুগা এই চার রকমের রেশমই উৎপাদন করে যদিও শেষোক্ত দুই রকমের রেশমের উৎপাদন স্বল্প পরিমাণ। এর মধ্যে অধিক উৎপাদিত তুঁতজাত রেশম হাওড়া ও কলকাতা বাদে রাজ্যের ১৫টি জেলাতেই উৎপাদিত হয়। রাজ্যের পশ্চিম প্রান্তের ৫টি জেলায় উপজাতি সম্প্রদায়ের লোকেরা অর্জ্জুন এবং শাল গাছে তসরের গুটি পোষণ করে থাকেন। অপরপক্ষে আসাম রাজ্য সংলগ্ন কুচবিহার ও জলপাইগুড়ি জেলায় মুগা এবং এরি-র উৎপাদন হচ্ছে।

৩০) তুঁতজাত রেশম চাষের অগ্রগতির জন্য ডিসেম্বর '৮৯ থেকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক/এস. ডি. সি.-র সহায়তায় জাতীয় রেশম চাষপ্রকল্পের কাজ চলছে এবং এর মাধ্যমে নতুন এলাকায় তুঁত চাষের সম্প্রসারণ, গ্রেনেজ, গুটি পোকার বাজার ইত্যাদির ন্যায় অতিরিক্ত পরিকাঠামোগত সুযোগ সুবিধার ক্ষেত্র তৈরি, বীজ খামারকে শক্তিশালী করা, তাছাড়া চাষী এবং চরকা কাটুনিদের প্রশিক্ষণের ব্যবস্থা করা ইত্যাদির মাধ্যমে ১৯৯৬-৯৭ সালে রেশম উৎপাদনের লক্ষ্য মাত্রা ১৫০০ মেট্রিক টনে পৌছে দেওয়া। রেশম সুতো উৎপাদনের পরিমাণ

বৃদ্ধি ছাড়া, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং গুণগতমান উন্নয়নের উপরেও এখন জোর দেওয়া হয়েছে। উচ্চফলনশীল চাষের ক্ষেত্রকে প্রসারিত করা এবং স্থানীয় গুটিপোকার বদলে উন্নতধরনের সংকর এবং Bivoltine ব্যবহার, বীজের গুণগত মানের উন্নয়ন, উপযুক্ত প্রশিক্ষণ ও সম্প্রসারণ কাজের সাহায্যে চাষীদের দক্ষতা বৃদ্ধির উপর ও এখন বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

৩১) ১. ৪. ৯৬ তারিখে পশ্চিমবঙ্গে রেশম চাষের বর্তমান পরিস্থিতি নিম্নরূপ ঃ—

| | |
|---|---|
| তুঁত চাষ (একর) | ৫৩০৭৬ |
| বীজ গুটি উৎপাদন (মেট্রিকটন) | ১২১৬৯) |
| ডি. এফ. এল উৎপাদন (কোটি) | ৫.৩২ |
| কাঁচা তুঁত রেশমের উৎপাদন (মে. ট.) | ১০৯২ |
| তুঁত রেশম "ওয়েস্টের" উৎপাদন (মে. ট.) | ৪৩৬.৮ |
| কর্মসংস্থানের সংখ্যা | ৪.২৪ লক্ষ |
| নতুন-চাষীদের প্রশিক্ষণ (৯৫-৯৬) | ১১১০২ |
| রিলারদের প্রশিক্ষণ (৯৫-৯৬) | ৩৬৪ |

৩২) রেশম গুটি উৎপাদনের ক্ষেত্রে মোট রেশমগুটি উৎপাদনে বাইভোলটাইন ও সংকর বীজের শতকরা হার বৃদ্ধির জন্য ক্রমাগত প্রচেষ্টা করে যাওয়া হচ্ছে। সি. বি. ডি. এফ্ এল এর হার শতকরা ৫ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ১৬ ভাগ হয়েছে।

৩৩) ১৯৯৬-৯৭ সালে ১০ লক্ষ বাইভোলটাইন ২৪০ লক্ষ সংকর জাতীয় ডি. এফ. এল রিয়ারিং এর জন্য একটি 'অ্যাক্সান প্ল্যান' তৈরি করা হয়েছে। এই প্রকল্পটি রূপায়িত হলে সি. বি. ডি. এফ্. এল এর হার শতকরা ৩০ ভাগ পর্যন্ত বৃদ্ধি পাবে।

৩৪) আধুনিক ও উন্নততর রিলিং ইউনিট স্থাপনের জন্য গুটি পোকা-পরবর্তি কারিগরি দক্ষতার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে, দুই থেকে ১০টি বেসিন (সর্বমোট ১১০টি বেসিন) বিভিন্ন পরিমাণ উৎপাদন ক্ষমতা সম্পন্ন ২৮টি বু.টর ভিত্তিক বেসিন ১৯৯৫-৯৬ সালে প্রতিষ্ঠিত হয়েছে।

৩৫) চারটি উদ্যোক্তা বিকাশ কর্মসূচি সংগঠিত করা হয়, যেখানে রিলিং ও গ্রেনেজের কাজের পরিচালনার দক্ষতার বিষয়ে ১০০ জন নতুন উদ্যোক্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।

৩৬) সূতোর গুণগত মান উন্নয়নের উদ্দেশ্যে গুটিপোকা-পরবর্তী পর্যায়ের জন্য ১৯৯৬-৯৭ সালের জন্য নিম্নলিখিত "অ্যাক্সন প্ল্যান" গ্রহণ করা হয়েছে ঃ—

| | |
|---|---|
| (ক) উন্নতমানের রিলিং ইউনিট স্থাপন/চরকার স্থানান্তরিকরণ | ১৫০টি ইউনিট |
| (খ) নতুন কটেজ বেসিন স্থাপন | ৫০টি ইউনিট |

(গ) টি. সি. এস্. সির মাধ্যমে রিলিং-এর কাজ কর্ম মনিটারিং

৩৭) তসর সেক্টরে প্রায় ১২০০০ অর্জুন ও শাল তসর ডি. এফ্. এল রিয়ারিং-এর জন্য ব্যবহার করা হচ্ছে। পোষনকারীরা বেশির ভাগই রাজ্যের পশ্চিম দিকের জেলাগুলির আদিবাসী সম্প্রদায়ভুক্ত।

৩৮) ১৯৯৫-৯৬ সালে ৫.৯৭ লক্ষ ডি. এফ্. এল পালন করা হয়েছিল, ৪.২৬ লক্ষ ডি. এফ্. এল, ডি. ও. এস এর তৈরি, যা ছিল বিগত বছরের উৎপাদনের প্রায় দুই গুণ। এটা সম্ভব হয়েছে দ্বিতীয় দফার ফসল থেকে অধিক বীজ গুটি পোকা সংগ্রহের জন্য। ইদানিংকালে যুথবদ্ধ চাষী ও বেসরকারি সংগঠনগুলিকে উপযুক্ত স্থান নির্বাচনের পর দ্বিতীয় দফায় উৎপাদিত ডি. এফ. এল. থেকে তৃতীয় ফলনের উদ্দেশে। এবং তা ঐসব চাষী/এন. জি. ও.-দের থেকে উৎপাদন মূল্যে কিনে নিয়ে উৎসাহ দেওয়ার জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। নির্দ্ধারিত ৮৩ জন চাষীকে গ্রেনেজের কাজ কর্ম সম্পর্কে প্রশিক্ষিত করা হয়েছে এবং ১৯৯৬-৯৭ সালে ব্যক্তিগত তসর গ্রেনেজের ২০টি দলকে এর আওতায় আনার জন্য এই প্রকল্প চালু থাকবে।

৩৯) ট্রাইসেমের অধীনে সি. এস. সি-র সহযোগিতায় ৫৫ জনের তসর রিলিং এর প্রশিক্ষণ সংগঠিত করা হয়েছে। ঐ একই প্রশিক্ষণ ১৯৯৬-৯৭ সালেও চালু থাকবে।

৪০) বিগত কয়েক বছর পরীক্ষার মাধ্যমে কুচবিহার জেলায় মুগার প্রচলন সম্ভাবনা সম্প্রতি খতিয়ে দেখা হয়েছে। কুচবিহার জেলায় মুগা হোস্ট চারার উৎপাদন বাড়াবার জন্য একটি 'অ্যাক্সন প্ল্যান' তৈরি হয়েছে। ১৯৯৫-৯৬ সালে, ১৩৫ একর এলাকা মুগা হোস্ট চারা চাষের আওতায় আনা হয়েছে। বর্তমানে এরকম চারাগুলিতে ১৯৯৫-৯৬ সালে, ১০০০০ ডি. এফ্. এল পোষন করে ৩.২২ লক্ষ রেশমগুটি উৎপাদন করা হয়েছে।

৪১) ১৯৯৬-৯৭ সালে ২০০ একর নতুন জমিতে মুগা হোস্ট চারা লাগানো হবে এবং ২০০০০ ডি. এফ. এল পোষণ করা হবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

৪২) অ্যারিকাল্চার সাধারণত জলপাইগুড়ি এলাকায় সীমাবদ্ধ। ১৯৯৫-৯৬ সালে, ৪.৩ মেট্রিকটন এরিস্পান সিল্ক উৎপাদিত হয়েছিল।

৪৩) গ্রামাঞ্চলে বেকার সমস্যা সমাধানের জন্য, বিশেষভাবে যেসব জায়গায় উদ্যোক্তার অভাব রয়েছে, সেই সব জায়গায় খাদি ও গ্রামীণ শিল্প স্থাপন করা হচ্ছে। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের সুপারিশমতো ব্যক্তি, উদ্যোক্তা প্রতিষ্ঠান এবং সমিতিকে খাদি ও গ্রামীণশিল্প পর্ষদ ইউনিট স্থাপনের জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তার ব্যবস্থা করেন। ১৯৯৫-৯৬ সালের জন্য খাদি ও গ্রামীণ শিল্প কমিশন 'কন্সোটিয়াম ব্যাঙ্ক ক্রেডিটের' অধীনে ৪৬ কোটি টাকার আবন্টন দিয়েছে। পলিবস্ত্র সহ খাদি প্রতিষ্ঠানগুলিকে শতকরা ১৭ ভাগ, সুদের উপর শুল্ক সহ, সুদ দিতে হবে। কিন্তু ১০ লক্ষ টাকা পর্যন্ত সীমাবদ্ধ প্রকল্পে শতকরা ২৫ ভাগ, এবং ১০ থেকে ২৫ লক্ষ টাকা পর্যন্ত প্রকল্পগুলিতে শতকরা ১০ ভাগ প্রান্তিক অর্থের ব্যবস্থা করা হবে। প্রথমে প্রান্তিক-অর্থ ঋণ হিসেবে দেওয়া হবে এবং পরে প্রকল্পের স্বার্থক রূপায়ণ হলে ঐ ঋণ অনুদানে পরিবর্তিত করা হবে।

৪৪) বাণিজ্যিক ভিত্তিতে স্যানিটারি ওয়্যারের জিনিস তৈরি আরম্ভ হয়েছে এবং বাজার নেটওয়ার্কের মাধ্যমে বিপণন করা হচ্ছে।

৪৫) লবণ হ্রদে অবস্থিত কারু-অঙ্গনের কারু-সংগ্রহশালাটি কাজ আরম্ভ করে দিয়েছে। এই সংগ্রহশালা হস্ত ও তাঁত শিল্পীদের নক্সা সহায়তা দিচ্ছে। ১৯৯৫-৯৬ সালে এই সংগ্রহশালা একটি কর্মশালা সংগঠিত করেছিল। হুগলির বাগনানে অবস্থিত কারু শিল্প উন্নয়ন কেন্দ্র শিল্পীদের নিয়মিত উৎপাদনের সুযোগ দিয়ে যাচ্ছে। উক্ত কেন্দ্রে একটি নক্সা কর্মশালা অনুষ্ঠিত হয়েছিল। মঞ্জুষার 'পার্ক-প্লাজা' বাড়িটি প্রদর্শনী ও আলোচনা গৃহ, ফ্যাব্রিক্স বেঙ্গলের অফিসের স্থান এবং হস্তশিল্প উন্নয়ন নিগমের রপ্তানি সেলের জন্য নতুন করে সাজানো হচ্ছে।

৪৬) এই রাজ্যে প্রায় ৭৮০০০ লাক্ষা চাষী রয়েছে, যারা প্রধানত উপজাতি ও অনগ্রসর শ্রেণীভুক্ত এবং পুরুলিয়া, বাঁকুড়া, মুর্শিদাবাদ, মালদহ ও মেদিনীপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে রয়েছে। ১৯৯৫-৯৬ সালে ৩৫,৩৯৩ কে. জি. বীজ লাক্ষা, ৭০৭৯ জন উপকৃত চাষীকে সরাসরি বন্টন করা হয়েছিল।

৪৭) মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা কটি বলে আমি আমার ভাষণ-এর সমাপ্তি টানছি এবং সংশ্লিষ্ট দাবির অধীনে ব্যয় অনুমোদনের জন্য এই সভার মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করি।

## Demand No. 74

The Printed speech of **Shri Mrinal Banerjee** on Demand No. 74 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৪ নং দাবির অধীনে "২৮৫২-শিল্পসমূহ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৪৮৫৮-ইঞ্জিনিয়ারিং শিল্পসমূহে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৪৮৬০-ভোগ্যপণ্য শিল্পসমূহে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৪৮৭৫-অন্যান্য শিল্পে মূলধন বিনিয়োগ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)", "৬৮৫৮-ইঞ্জিনিয়ারিং শিল্পসমূহকে ঋণ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)" ও "৬৮৬০-ভোগ্যপণ্য শিল্পসমূহকে ঋণ (বন্ধ ও রুগ্ন শিল্পসমূহ)"—এই মুখ্যখাতগুলির ব্যয়নির্বাহের জন্য ৪২,৬১,২০,০০০ (বিয়াল্লিশ কোটি একষট্টি লক্ষ কুড়ি হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুর হওয়া ১৪,২২,০০,০০০ (চৌদ্দ কোটি বাইশ লক্ষ) টাকা উক্ত অর্থাঙ্কের মধ্যে ধরা হয়েছে।

২। এই মঞ্জুরির দাবি পেশ করার সময় আমি উল্লেখ করতে চাই যে, শিল্প পুনর্গঠন বিভাগ রাজ্য সরকারের শিল্পনীতি ঘোষণা অনুসারেই তার কাজ করে যাচ্ছে। উক্ত শিল্পনীতি ঘোষণার মূল কথা হল, সরকারি ও বেসরকারি উভয়ক্ষেত্রে বন্ধ ও রুগ্ন শিল্প সংস্থাগুলিকে খোলা ও পুনর্গঠন করা এবং ব্যবস্থাপনার পুনর্বিন্যাসের মাধ্যমে সেগুলিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করে তোলার সম্ভাবনাকে সুনিশ্চিত করা।

৩। সেই কারণে, সম্পদের সীমাবদ্ধতা এবং নানাবিধ প্রতিবন্ধকতা সত্ত্বেও শিল্প পুনর্গঠন বিভাগ বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবন সংক্রান্ত কাজটির উপর অধিকতর গুরুত্ব আরোপ করছে। উদ্দেশ্য হল, এই রাজ্যে শিল্পবিকাশের মন্দগতি রোধ করা এবং শ্রমিকদের চাকুরি সুরক্ষিত করা। এইটি একটি বিশাল কাজ। এই কাজটি করতে হলে সেকেলে যন্ত্রপাতি

প্রতিস্থাপন ও লোকবল নিয়োজনের ক্ষেত্রে নতুন করে পরিকল্পনার জন্য নিবিড় মূলধন বিনিয়োগের প্রয়োজন।

৪। বর্তমানে শিল্প পুনর্গঠন বিভাগের অধীনে এই রাজ্যের তেরটি শিল্পসংস্থা রয়েছে। এদের মধ্যে আটটি সরকারি মালিকানাধীন কোম্পানি চারটি সরকারি সংস্থা এবং একটি বিভাগীয় সংস্থা। এইসব সংস্থায় প্রায় সাড়ে ছয় হাজার ব্যক্তি কর্মে নিযুক্ত আছেন। তাছাড়া, মহামান্য কোলকাতা হাইকোর্টের একটা আদেশ অনুসারে রাজ্য সরকার হাওড়ায় ভারত জুট মিল লিমিটেডের পরিচালনা ভার হাতে নিয়েছেন। এই সমস্ত শিল্পসংস্থাগুলির অধিকাংশের ক্ষেত্রে তাদের পুনরুজ্জীবনের সম্ভাবনাকে খতিয়ে দেখা হয়েছে এবং তার ভিত্তিতে তাদের পুনর্গঠনের পরিকল্পনা রচিত হয়েছে। এগুলিকে চালু রাখার জন্য এবং এগুলির পুনর্গঠনের পরিকল্পনাগুলিকে বাস্তবায়িত করার জন্য রাজ্য সরকার আর্থিক সহায়তা দিয়ে আসছে। এছাড়া রাজ্য সরকার ভারতীয় শিল্প পুনর্গঠন ব্যাঙ্কের (আই. আর. বি. আই.) সহযোগিতায় মেসার্স ম্যাকিনটোস বার্ন লিমিটেড নামে বহু পুরাতন বাস্তু নির্মাণ সংস্থাটিকে সহায়তা দিয়ে আসছে। রাজ্য সরকার ইদানিং কোলকাতার কাছে ন্যাশনাল ট্যানারি কোম্পানি নামে একটি ট্যানারির সম্পত্তি লিকিউডেটরের কাছ থেকে ক্রয় করেছে। সেটিকে পুনরায় চালু করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে। শ্রমিকদের দ্বারা পরিচালিত একটি শিল্প সমবায়ও (অ্যালকন্ড এমপ্লয়িজ ইন্ডাস্ট্রিয়ের কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড) রাজ্য সরকারের আর্থিক সহায়তায় চলছে।

৫। উপরোক্ত শিল্পসংস্থাগুলির পুনর্গঠন ছাড়াও সরকারি ও বেসরকারি উভয়ক্ষেত্রে অন্যান্য রুগ্ন শিল্পসংস্থাগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য নিরলস প্রচেষ্টা চালানো হচ্ছে। অন্যান্য কর্মকাণ্ডের মধ্যে শিল্প ও আর্থিক পুনর্গঠন পর্ষদ (বি. আই. এফ. আর.)-এর মাধ্যমে বিভিন্ন কর্মপ্রকল্পের রূপরেখা প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অর্থ মঞ্জুরিও এই প্রচেষ্টার অন্তর্ভুক্ত। রুগ্ন শিল্পসংস্থাগুলির জন্য প্রস্তাবিত রেহাই ও ছাড়সমূহের বিবরণ-সম্বলিত রাজ্য সরকারের 'পলিসি প্যাকেজ'-এ অন্যান্য বিষয়ের সঙ্গে বি. আই. এফ. আর.-এর মঞ্জুর হওয়া পুনর্বাসন প্যাকেজের আওতাভুক্ত রুগ্ন শিল্পসংস্থার কাছ থেকে ১৯৮৩ সালের ১লা অক্টোবর থেকে পাওনা বকেয়া বিক্রয় করকে মেয়াদী ঋণে রূপান্তরের বিষয়টিও অন্তর্ভুক্ত হয়েছে। এ ছাড়াও, রুগ্ন শিল্পসংস্থাগুলির সতেজ বাড়-বৃদ্ধির জন্য একান্ত প্রয়োজনীয় মূলধনী ব্যয় নির্বাহের উদ্দেশ্যে সম্পদ সংগ্রহের জন্য রাজ্য সরকার বি. আই. এফ. আর. অনুমোদিত পুনরুজ্জীবন কর্মপ্রকল্পের অন্তর্ভুক্ত শিল্পসংস্থাগুলিকে বাড়তি জমি বিক্রয় করার অনুমতি দিয়েছে। অধিকন্তু, রুগ্ন শিল্পসংস্থাগুলিকে ১৯৯৩ সালের পশ্চিমবঙ্গ প্রোৎসাহন কর্মপ্রকল্প অনুসারে প্রদেয় সুযোগ-সুবিধা দেওয়া যেতে পারে। ১৯৯৬-এর ৩১শে মে পর্যন্ত এস. আই. সি. এ. ১৯৮৫ অনুসারে পশ্চিমবঙ্গে ১৭৮টি সংস্থা (১৩০টি বেসরকারি শিল্পসংস্থা, ২৭টি জুট মিল এবং ২১টি কেন্দ্রীয় সরকারি ক্ষেত্রাধীন সংস্থা) বি. আই. এফ. আর.-এ পাঠানো হয়েছে। এদের মধ্যে মোট ৫৩টি সংস্থার পুনরুজ্জীবন কর্মপ্রকল্প বি. আই. এফ. আর.-এর অনুমোদন পেয়েছে। ২১টি কেন্দ্রীয় সরকারি ক্ষেত্রাধীন সংস্থার মধ্যে ৭টির ক্ষেত্রে পুনরুজ্জীবন কর্মপ্রকল্প অনুমোদিত হয়েছে এবং ২টির ক্ষেত্রে খসড়া কর্মপ্রকল্প বি. আই. এফ. আর. কর্তৃক প্রচারিত হয়েছে। ২২টি বেসরকারি শিল্পসংস্থা এবং ৪টি কেন্দ্রীয় সরকারি ক্ষেত্রাধীন শিল্পসংস্থার ব্যাপারে বি. আই. এফ. আর.-এর সিদ্ধান্তের অপেক্ষা করা হচ্ছে।

৬। কর্মসংস্থানের প্ররক্ষণ এবং সেই সঙ্গে রুগ্ন শিল্পসংস্থাগুলি পুনরায় চালু করার মাধ্যমে সম্পদের উৎপাদনশীল ব্যবহার সুনিশ্চিত করাই বামফ্রন্ট সরকারের অন্যতম ঘোষিত লক্ষ্য। এই লক্ষ্যের সঙ্গে সঙ্গতি রেখে এই বিভাগ বিভিন্ন পন্থাপদ্ধতি গ্রহণ করেছে। রুগ্ন অথচ পুনরুজ্জীবনের সম্ভাবনাযুক্ত শিল্পসংস্থাগুলিকে ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ ত্রাণ উদ্যোগ (বিশেষ বিধানবলি) আইন (১৯৭২ সালে পশ্চিমবঙ্গের ১৩ নং আইন)-এর অধীনে সুরক্ষিত রাখাই হল এই ধরনের একটি পন্থাপদ্ধতি। কোন শিল্পসংস্থা এই আইন অনুসারে 'ত্রাণ উদ্যোগ' হিসাবে ঘোষিত হয়ে থাকলে, ঐ শিল্পসংস্থা যত দিন এই মর্যাদা ভোগ করবে তত দিন কোনও পাওনাদার (আনসিকিওরড ক্রেডিটর) সেটিকে অবসায়িত করতে পারবেন না। অপরপক্ষে ত্রাণ উদ্যোগ মর্যাদাযুক্ত হওয়ার ফলে, ঐ সংস্থা উৎপাদন অব্যাহত রেখে পুনর্গঠনের জন্য সময় পেয়ে থাকে। এইভাবে ৩২টি শিল্পসংস্থায় প্রায় ২৭,৫০০ ব্যক্তির কর্মসংস্থানের নিরাপত্তা সুনিশ্চিত করা হয়েছে।

৭। এ-স্থানে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ্য। সুপ্রিম কোর্টের নির্দেশের পরিপ্রেক্ষিতে এই সমস্ত রুগ্ন শিল্পসংস্থাগুলির কয়েকটিকে চালু রাখার জন্য সেগুলিকে তরল বর্জ্য পদার্থ শোধন প্ল্যান্ট (ই. টি. পি.) বসাতে হবে। এই ধরনের সংস্থাগুলিতে প্রয়োজন অনুসারে ই. টি. পি. বসাবার উদ্দেশ্যে অর্থের সংস্থান করার জন্য উপায় সন্ধান করা হচ্ছে।

৮। উপরোক্ত প্যারাগুলিতে কথিত কর্মধারার সমফল রূপায়ণের জন্য শিল্প পুনর্গঠন দপ্তরের গত আর্থিক বৎসর (১৯৯৫-৯৬)-এ বাজেটে প্ল্যান ও নন-প্ল্যান মিলিয়ে মোট ৩৯.৭৮ কোটি টাকার ব্যবস্থা করা হয়েছিল। ১৯৯৬-৯৭ সালে আরও বেশি টাকার ব্যবস্থার প্রস্তাব করা হচ্ছে, বিশেষ করে এই বিভাগের অধীন কিছু কিছু রুগ্ন সংস্থা যাদের উন্নয়নের সম্ভাবনা আছে, তাদের আধুনিকীকরণের ব্যবস্থা গ্রহণ এবং বি. আই. এফ. আর. অনুমোদিত পুনরুজ্জীবন কর্মপ্রকল্পের সঙ্গে এই বিভাগের অধিকতর মাত্রায় লিপ্ত হওয়ার কারণে।

৯। মহাশয়, এই বলে আমি ১৯৯৬-৯৭ সালে এই রাজ্যের বন্ধ ও রুগ্ন শিল্পসংস্থাগুলির পুনরুজ্জীবন ও পুনর্বাসনের উদ্দেশ্যে যে ব্যয়-বরাদ্দের দাবির জন্য প্রস্তাব করেছি, তা মঞ্জুর করার আবেদন জানাচ্ছি।

## Demand No. 83

The Printed Speech of **Dr. Asim Kumar Dasgupta** on Demand No. 83 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের অনুমোদনক্রমে আমি ৮৩ নং ব্যয়-বরাদ্দ খাতের খরচ অনুমোদনের জন্য ২২,০৩,৯৬,০০০.০০ (বাইশ কোটি তিন লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকার প্রস্তাব উত্থাপন করছি। এই ব্যয়-বরাদ্দ খাতের মধ্যে "৩৪৫১-অংশের অন্তর্গত সচিবালয়ের অর্থনৈতিক সেবামূলক খরচের হিসাব ধরা আছে। এই ব্যয়-বরাদ্দ খাতের মধ্যে ভোট-অন্-অ্যাকাউন্ট খাতে মঞ্জুর কার ৭,৩৫,০০,০০০.০০ (সাত কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকাও ধরা আছে।

এই ব্যয়-বরাদ্দ খাতের হিসাবের অন্তর্গত বিভিন্ন বিভাগের ১৯৯৬-৯৭ সালের জন্য

বরাদ্দকৃত পরিকল্পনা ও পরিকল্পনা-বহির্ভূত খরচের হিসাব ধরা হয়েছে। এই হিসাবের মধ্যে উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের খরচের হিসাবও ধরা আছে।

এই ব্যয়-বরাদ্দ খাতের অন্তর্গত বিভিন্ন খরচের অংশের মধ্যে রাজ্য সরকারের বিভিন্ন সচিবালয়ের সাংগঠনিক কাঠামোর জন্য খরচই মুখ্যত ধরা হয়। উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের সাংগঠনিক খাতের খরচও এর মধ্যে অন্তর্গত করা আছে। ১৯৯৬-৯৭ আর্থিক বছরে সচিবালয়ের কর্মচারিদের বেতন ইত্যাদি খরচ মেটাতে এই বরাদ্দকৃত অর্থ ব্যয় করা হবে।

সপ্তম-পঞ্চবার্ষিকী পরিকল্পনার শুরু থেকে এই রাজ্যে বিকেন্দ্রীকৃত পরিকল্পনা-ব্যবস্থা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থাগুলির মাধ্যমে এই কাজ গ্রামে ও শহরাঞ্চলে খুবই সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। বিভিন্ন দপ্তরের বরাদ্দকৃত অর্থ ছাড়াও জেলাগুলিতে বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অর্থ-বরাদ্দ করা হয়েছে যাতে এই প্রকল্পগুলি জনগণের মৌলিক প্রয়োজন মেটাতে পারে এবং এই কাজ চালানোর জন্যে এই দপ্তরের সচিবালয়ের প্রয়োজনীয় ব্যয়ের অর্থও মঞ্জুর করা হয়েছে।

এই দপ্তরের অধীনে একটি মূল্যায়ন, উপদেষ্টা ও জনশক্তি অধিকার আছে যারা সরকারি পরিকল্পনাগুলির সফল রূপায়ণের জন্য প্রয়োজনীয় মূল্যায়ন, নজরদারি এবং জনশক্তি চর্চায় নিযুক্ত আছেন। এই অধিকার গঠিত হবার পর থেকে প্রায় ৬২টি মূল্যায়ন সম্পূর্ণ করেছেন। উপরন্তু আরও ১৪টি প্রতিবেদন সম্পূর্ণ করা হয়েছে এবং আরও ৬টি কাজ চলছে।

ন্যাচারাল রিসোর্স ডাটা-বেস ম্যানেজমেন্ট সিস্টেম (এম. আর. ডি. এম. এস.) বা প্রাকৃতিক সম্পদের পরিসংখ্যান নির্ভর ব্যবস্থাপনা প্রকল্প বস্তুতপক্ষে কম্পিউটারের সাহায্যে সিদ্ধান্ত গ্রহণ করার একটি ব্যবস্থাপনা—যেখানে প্রাকৃতিক সম্পদের এবং তার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন তথ্যের হিসাব ধরে রাখা হয় এবং তা পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর এই প্রযুক্তি প্রয়োগের ব্যবস্থা করার পদ্ধতি চালু করেছে। এই রাজ্যে বাঁকুড়া জেলায় এ প্রকল্পের সূচনা করা হয়েছিল। এই প্রকল্পকে ডিসেম্বর ১৯৯৩ থেকে একটি আঞ্চলিক স্তরে উন্নীত করা হয়েছে। বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম অঞ্চল এর মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে। আঞ্চলিক কেন্দ্র বাঁকুড়ায় অবস্থিত এবং এর সাথে পুরুলিয়া ও মেদিনীপুর জেলা কেন্দ্র সংযুক্ত।

ন্যাশানাল ইনফরমেটিক সেন্টার (নিক্) বা জাতীয় সংবাদ সংগ্রাহক কেন্দ্র হল পরিকল্পনা কমিশনের অধীনে একটি সংস্থা, যা এই রাজ্যে বিভিন্ন ধরনের কাজের সাথে যুক্ত হয়েছে। প্রকৃতপক্ষে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের পরিকল্পনা এবং উন্নয়ন দপ্তরের মধ্যে এক চুক্তিপত্র স্বাক্ষরের ফলে এটা সম্ভব হয়েছে। বিগত কয়েক বছরের মধ্যে এই 'নিক' ...যেবা ব্যবস্থাপনার ব্যাপক প্রসার ঘটেছে এবং বিভিন্ন ক্ষেত্রেই ব্যবস্থার সুযোগ সদ্ব্যবহারের দ্বার উন্মুক্ত হয়েছে। পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় জেলা-কম্পিউটার কেন্দ্র খোলা সম্ভব হয়েছে।

এ ছাড়াও ন্যাশানাল ইনফরমেটিক সেন্টার কলকাতা শহরের কিছু স্থানে কম্পিউটারের সুবিধা চালু করেছেন। রাজ্য সরকার একটি চুক্তিপত্রের শর্তানুযায়ী এই সমস্ত কেন্দ্রের আবাস ও নিরাপত্তার ব্যবস্থা করবে।

মাননীয় মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে রাজ্য পরিকল্পনা পর্ষদ পুনর্গঠিত করা হয়েছে।

১৯৯৬-৯৭ সালে উল্লিখিত কার্যাবলির জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান এই খাতে করা হয়েছে। এ ছাড়াও অন্য কয়েকটি বিভাগের সেবামূলক কাজের জন্য অর্থ বরাদ্দ এই খাতে রয়েছে।

পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের অনুমতিক্রমে এই সভাকে এই ব্যয়-বরাদ্দ মঞ্জুর করার জন্য অনুরোধ জানাই।

## Demand No. 83

The Printd Speech of **Dr. Sankar Sen** on Demand No. 83 is **taken** as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব রাখছি যে, ৮৩ নং অভিযাচনের অধীন মুখ্যখাত নং "৩৪৫১—সেক্রেটারিয়েট—ইকনমিক সার্ভিসেস" সম্পর্কে—বিজ্ঞান ও প্রযুক্তি এবং **অপ্রচলিত শক্তির** উৎস বিভাগের ব্যয় নির্বাহের জন্য মোট ১,৮৪,০০,০০০ (এক কোটি **চুরাশি লক্ষ**) টাকা মঞ্জুর করা হোক। এই পরিমাণটুকু ৮৩ নং অভিযাচনের অংশ বিশেষ। অভিযাচনের বাকি অংশের প্রস্তাব রাখবেন উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয়।

(২) ১৯৯৫-৯৬ সালে এই বিভাগের প্রধান কাজকর্ম এবং ১৯৯৬-৯৭ সালের প্রস্তাবিত কর্মসূচি নিচে দেওয়া হল :—

(ক) **বিজ্ঞান উন্নয়ন** :—এই বিভাগ ১৯৯৫-৯৬ সালে বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং কলেজগুলিতে বেশ কিছু গবেষণা ও উন্নয়ন প্রকল্প মঞ্জুর করেন। প্রায় ৫৭টি নতুন এবং চালু প্রকল্পের অনুদান দেওয়া হয়েছে। প্রযুক্তি হস্তান্তরের ব্যাপারে উল্লেখযোগ্য চেষ্টা করা হয়েছে। এই প্রকল্পটি ১৯৯৬-৯৭ সালে চালু রাখার প্রস্তাব দেওয়া হয়েছে।

(খ) **বিজ্ঞান জনপ্রিয়করণ** :—১৯৯৫-৯৬ সালে বিজ্ঞান জনপ্রিয়করণের কাজে একটি বৃহৎ সংখ্যক সংগঠনকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছিল। মোট ৯৮টি বিজ্ঞান জনপ্রিয়করণ অনুষ্ঠান প্রধানত গ্রামাঞ্চলে অনুষ্ঠিত হয়েছে। এই বছরে বিজ্ঞান জনপ্রিয়করণের বর্ষসেরা স্বেচ্ছাসেবী সংগঠনকে মেঘনাদ পুরস্কার এবং বাংলা ভাষায় বিদ্যালয় ছাত্রছাত্রিদের উপযুক্ত বর্ষসেরা বিজ্ঞান লেখককে সত্যেন্দ্র পুরস্কার যথারীতি দেওয়া হয়েছে। ১৯৯৪-৯৫ ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়াম-এর সহযোগিতায় যথাক্রমে মেদিনীপুর জেলার দিঘা এবং দার্জ্জিলিং জেলার মাটিগাড়ায় দু'টি বিজ্ঞান কেন্দ্র গড়ে তোলার কাজ হাতে নেওয়া হয়। এই দু'টি প্রকল্পের ১৯৯৬-৯৭ সালের কাজ চালু রাখার প্রস্তাব রয়েছে। ১৯৯৫-৯৬ সালে বিদ্যালয় স্তরে বিজ্ঞান সমীক্ষা ও গবেষণা প্রকল্পে ৪৫টি বিদ্যালয়কে অর্থ মঞ্জুর করা হয়েছে। এই প্রকল্প ৯৬-৯৭ সালেও চালু থাকবে। ১৯৯৫ সালের ২৪শে অক্টোবর পূর্ণগ্রাস সূর্যগ্রহণ

উপলক্ষ্যে পশ্চিমবঙ্গে বিভিন্ন জায়গায় ক্যাম্প, সেমিনার, বিতর্ক এবং অন্যান্য গণসচেতনতামূলক কর্মসূচি ব্যাপকভাবে পালিত হয়।

(গ) **শিল্পোদ্যোগ উন্নয়ন ঃ**—১৯৯৫-৯৬ সালে এই ধরনের ২১টি প্রকল্প হাতে নেওয়া হয় এবং চলতি বছরেও এই প্রকল্প চালু রাখার প্রস্তাব রয়েছে।

(ঘ) **দূর সংবেদন কেন্দ্র ঃ**—এই বিভাগের দূর সংবেদন কেন্দ্রটি ন্যাশনাল রিমোট সেন্সিং এজেন্সির সহযোগিতায় কয়েকটি প্রকল্প সফলভাবে রূপায়িত করেছে। মেদিনীপুর জেলার এবং বাঁকুড়া জেলার ইন্টিগ্রেটেড মিশন ফর সাসটেনেবেল ডেভেলপমেন্ট নামে একটি জাতীয় প্রকল্প রূপায়িত হয়েছে। এই প্রকল্পে প্রতিশ্রুতি দিচ্ছেন ইসরো। কেন্দ্রে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সহযোগিতায় বাঁকুড়া জেলার "জোনিং এটলাস ফর সিটিং ইন্ডাস্ট্রিস" নামে একটি প্রকল্প রূপায়িত হয়েছে। ১৯৯৬-৯৭ সালে দূর সংবেদন কেন্দ্রটির সম্প্রসারণ এবং আর প্রকল্প রূপায়ণের প্রস্তাব রয়েছে।

(ঙ) **জলাভূমি সংরক্ষণ ঃ**—এই বিভাগের স্বয়ংশাসিত সংস্থা ইন্সটিটিউট অফ ওয়েটল্যান্ড ম্যানেজমেন্ট অ্যান্ড ইকলোজিকাল ডিজাইন এবং ভূমি সদ্ব্যবহার, জলাভূমি ব্যাপার ইত্যাদি বিষয়ের কাজকর্ম অব্যাহত রেখেছে। আমেদাবাদের স্পেস অ্যাপলিকেশন সেন্টার-এর সহযোগিতায় কয়েকটি প্রকল্প রূপায়িত হয়েছে। ১৯৯৬-৯৭ সালেও চালু থাকার প্রস্তাব রয়েছে।

(চ) **রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ ঃ**—পশ্চিমবঙ্গ রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ এই বিভাগের আর একটি স্বয়ংশাসিত সংস্থা। এর কাজকর্মের বিবরণ নিচে দেওয়া হল ঃ—

(১) **জিরো এনার্জি কুল চেম্বার ঃ**—উৎপাদিত দ্রব্য কম খরচে সংরক্ষণের এটি একটি উপায়। ভারতীয় কৃষি গবেষণা সংস্থার এই প্রচেষ্টাটি পরীক্ষামূলকভাবে রাজ্যের দুটি ভিন্ন আবহাওয়ার এলাকায় (নরেন্দ্রপুর, সিউড়ি) রূপায়িত হচ্ছে। এখনও পর্যন্ত পাওয়া ফলাফল অত্যন্ত সন্তোষজনক।

(২) **রাজ্য বিজ্ঞান কংগ্রেস ঃ**—পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি সংসদ ১৯৯৩-৯৪ সালে প্রথম রাজ্য বিজ্ঞান কংগ্রেস সংগঠন করেন। দ্বিতীয় কংগ্রেস অনুষ্ঠিত হয় পরের বছরে। তৃতীয় রাজ্য বিজ্ঞান কংগ্রেস ১৯৯৫-৯৬ সালে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। এই কংগ্রেসে গবেষণাপত্রটি প্রকাশিত হয় বাংলা ভাষায়। ১৯৯৬-৯৭ সালে চতুর্থ রাজ্য বিজ্ঞান কংগ্রেস অনুষ্ঠিত হওয়ার প্রস্তাব রয়েছে।

(ছ) চলতি বছরে যে প্রকল্পগুলি হাতে নেওয়া হবে তার কিছু গুরুত্বপূর্ণ অংশ উল্লেখ করা হল—

(১) টিসু কালচার প্রযুক্তি প্রয়োগের উদ্দেশ্যে ভারত সরকারের বায়ো টেকনোলজি

বিভাগ কলকাতায় একটি টিসু শক্ত করার কেন্দ্র স্থাপনে মঞ্জুরি দিয়েছেন। পূর্ব ভারতে এই কেন্দ্র প্রথম। এই প্রকল্পের মোট ব্যয় প্রায় ৩১৮ লক্ষ টাকা যার অর্ধেক রাজ্যকে বহন করতে হয়।

(২) কলকাতা বিশ্ববিদ্যালয় এবং দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদের সহযোগিতায় এরোমেটিক প্ল্যান্ট চাষ এবং প্রক্রিয়াকরণের একটি প্রকল্প হাতে নেওয়া হচ্ছে।

(৩) আর্থ সামাজিক উন্নয়ন লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি প্রয়োগে বিভিন্ন কর্মসূচি নেওয়া হচ্ছে যাতে গ্রামীণ জনগণ বিশষত দুর্বলতর শ্রেণীর মানুষ এবং আরও বিশেষ করে নারী সমাজ উপকৃত হন।

(৪) জেলাস্তরের বিজ্ঞান কর্মসূচির পরিকাঠামোর ব্যয় বহন করা হবে।

(৫) জেলাস্তরের সম্পদ চিত্রায়ন লক্ষ্যে এন আর ডি এম এস কর্মসূচি।

(৬) জেলাস্তরে নতুন কিছু প্রকল্প যার মাধ্যমে জেলার বিজ্ঞান কমিটিগুলি সক্রিয় করে তোলা যাবে।

(৩) এই কথাগুলি বলে আমি সভাকে ৮৩ নং অভিযাচনে এই অংশের জন্য ১ কোটি ৮৪ লক্ষ টাকা মঞ্জুর করতে অনুরোধ করছি।

## Demand No. 84

The Printed Speech of **Shri Manabenda Mukherjee** on Demand No. 84 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৮৪ নং দাবির অন্তর্ভুক্ত "৩৪৫২—পর্যটন" মূল খাতে মোট ৫,৭৯,৯৫,০০০ (পাঁচ কোটি উনাশি লক্ষ পঁচানব্বই হাজার) টাকা এবং ৮৪ নং দাবির অন্তর্গত '২৫৪৫২—পর্যটন মূলধন ব্যয়" মূল খাতে মোট ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা ব্যয়বরাদ্দ মঞ্জুরির জন্য প্রস্তাব পেশ করছি। এই দুই খাতে ভোট-অন-অ্যাকাউন্টে মঞ্জুর টাকা (যথাক্রমে ১,৯৪,০০,০০০ টাকা এবং ৪,০০,০০০ টাকা) এই ব্যয় বরাদ্দের অন্তর্ভুক্ত। ৮৪ নং দাবির অন্তর্ভুক্ত "৩৪৫২—পর্যটন" মূল খাতে মোট ৫,৭৯,৯৫,০০০ (পাঁচ কোটি উনাশি লক্ষ পঁচানব্বই হাজার) টাকার মধ্যে ২,৪৭,৯৫,০০০ (দুই কোটি সাতচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা যোজনা বহির্ভূত খাতে ; ১,৭১,৫০,০০০ (এক কোটি একাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা রাজ্য যোজনায় এবং ১,৬০,৫০,০০০ (এক কোটি ষাট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নতুন কেন্দ্রীয় প্রকল্প খাতে ব্যয় করা হবে।

২। "৩৪৫২—পর্যটন" এবং "৫৪৫২—পর্যটন মূলধন ব্যয়" খাতে ১,৮১,৫০,০০০ (এক কোটি একাশি লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রস্তাবিত যোজনা বরাদ্দ হবে নিম্নরূপ ঃ

| | | লক্ষ টাকায় |
|---|---|---|
| (১) পর্যটন পরিবহন (জলযান-সহ) | .... | ১৫.০০ |
| (২) পর্যটন সংগঠন (পর্যটন তথ্য ও সহায়তার কাজ পুনর্গঠন-সহ) | .... | ৭.০০ |
| (৩) পরিকল্পনা ও যোজনা-নিয়ন্ত্রণ বিভাগ সংগঠন | .... | ১.০০ |
| (৪) প্রশিক্ষণ | .... | ১.০০ |
| (৫) আঞ্চলিক প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবী সংগঠনগুলির পর্যটন সংক্রান্ত ক্রিয়াকলাপ-শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অনুদান | .... | ১.০০ |
| (৬) পর্যটন প্রচার (উৎসব, বিজ্ঞাপন এবং বিপণনসহ) | .... | ৩৮.০০ |
| (৭) পর্যটক আবাসগুলির সম্প্রসারণ এবং উন্নয়ন | .... | ৩০.০০ |
| (৮) উন্নয়নের জন্য ক্ষেত্র চিহ্নিতকরণ, নির্মাণ, সংশ্লিষ্ট অন্যান্য কাজ, আসবাব, গৃহসজ্জা, প্রয়োজনীয় দ্রব্যাদি, নতুন পর্যটক আবাস, পর্যটক কেন্দ্র এবং পথিপার্শ্বস্থ সুবিধা চালু করা এবং চালানো | .... | ৭৮.০০ |
| (৯) অ্যাডভেঞ্চার ট্যুরিজমের বিভিন্ন সুযোগ-সবিধা সৃষ্টি (ট্রেকিং, রিভার র‍্যাফটিং ও অন্যান্য খেলাধূলা-সহ) | .... | ০.৫০ |
| (১০) পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমকে শেয়ার ক্যাপিটাল | .... | ১০.০০ |
| | মোট | ১,৮১.৫০ |

৩। এই সুযোগে আমি মাননীয় সদস্যদের সামনে পর্যটন দপ্তরের কার্যক্রমের বৈশিষ্ট্য এবং ভবিষ্যৎ উন্নয়নের পরিকল্পনা পেশ করছি।

৪। অধুনা মানুষের কাছে পর্যটন জীবনের অঙ্গ, কেবল উচ্চবিত্তের বিলাস নয়। মোট উপার্জন এবং বিদেশি মুদ্রা অর্জনের নিরিখে পর্যটন এখন বিশ্বে বৃহত্তম পরিষেবা শিল্প। আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পর্যটন থেকে বিশ্বে বর্তমান বাৎসরিক আয় প্রায় তিন ট্রিলিয়ন আমেরিকান ডলার—একমাত্র আমেরিকা যুক্তরাষ্ট্র ছাড়া অন্য সব দেশের মোট জাতীয় উৎপাদনের (GNP) থেকে বেশি। বিশ্ব পর্যটন সংস্থায় (WTO) হিসাবে অনুযায়ী বর্তমানে আন্তর্জাতিক পর্যটকদের সংখ্যা বছরে ৫০ কোটিরও বেশি, অর্থাৎ এই গ্রহে প্রতি দশজনের একজন পর্যটক। পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার যেরকম দ্রুত উন্নতি ঘটছে তাতে পরের দশকে বিশ্বে পর্যটন শিল্পের আয়তন দ্বিগুণ হয়ে যেতে পারে।

শিল্পের ক্ষেত্রে প্রধান শিল্প পর্যটন এবং অন্য শিল্পক্ষেত্রের উপর এর প্রভাব

বহুগুণ। সম্পদ হস্তান্তরের ক্ষেত্রে পর্যটন ভাল মাধ্যম কারণ নিজস্ব এলাকায় উপার্জিত অর্থ বাইরে বেড়াতে গিয়ে খরচ হচ্ছে। কর্মসংস্থানের ক্ষেত্রে পর্যটনের অবদান অধিকতম। প্রত্যক্ষ এবং পরোক্ষ কর্মসংস্থানে পর্যটনসূত্রে ২১ কোটি ২০ লক্ষ মানুষের জীবিকা জড়িত। অর্থাৎ প্রতি ন-জনের একজন পর্যটন থেকে জীবিকা নির্বাহ করেন। পর্যটন বহু লোকের কর্মসংস্থান করে। ১৯৮৫-৮৬ সালে প্রতি ১০ লক্ষ টাকার বিনিয়োগের ফলে উৎপাদক ক্ষেত্রে ১৩ জনের, কৃষিক্ষেত্রে ৪৫ জনের, হোটেল ও রেস্তোরাঁয় ৮৯ জনের এবং সমগ্র পর্যটনশিল্পের ৪৮ জনের কর্মসংস্থান হয়।

অতএব পর্যটন সকল সরকারের কাছে নিবিড় উন্নয়নের দাবি রাখে। প্রধানতম বিদেশি মুদ্রা অর্জক হিসাবে, বিশেষত উন্নয়নশিল দেশগুলিতে, পর্যটনের স্থান এমনকি উৎপাদক শিল্পেরও আগে।

(ক) প্রকৃতির অকৃপণ দাক্ষিণ্য এবং সংস্কৃতি ও ঐতিহ্যের গরিমা সত্ত্বেও বিশ্বের মোট পর্যটকের মাত্র ০.৪% ভারতে আসেন এবং বিশ্বের মোট পর্যটন আয়েরও অনুরূপ সামান্য ভাগ ভারতে আসে। বর্তমানে ভারতে বিদেশি পর্যটকের সংখ্যা বছরে মোটামুটি ২০ লক্ষ। যদিও আভ্যন্তরীণ পর্যটকের সংখ্যা ভারতে উল্লেখযোগ্যভাবে বেশি, প্রায় ১০ কোটি। পশ্চিমবঙ্গে প্রতি বছর আসেন ১ লক্ষ ৮১ হাজার বিদেশি পর্যটক এবং মাত্র ৪৩ লক্ষ ১ হাজার আভ্যন্তরীণ পর্যটক।

(খ) পর্যটনের আর্থ-সামাজিক গুরুত্ব উপলব্ধি করে ভারত সরকার পরিকল্পনা করেছেন ২,০০০ সালের মধ্যে দেশে মোট বিদেশি পর্যটক আগমনের সংখ্যা ২০ লক্ষ থেকে বাড়িয়ে করতে হবে প্রতি বছরে ৫০ লক্ষ এবং বিদেশি মুদ্রা উপার্জনের পরিমাণ প্রতি বছরে ৪,০০০ কোটি টাকা থেকে বাড়িয়ে করতে হবে ১৫,০০০ কোটি টাকা। বর্তমান অর্থনৈতিক প্রেক্ষাপটে ভারতের সবকটি রাজ্যই প্রত্যক্ষভাবে যে কোনও বৈদেশিক রাষ্ট্রর সঙ্গে যোগাযোগ স্থাপন করতে সক্ষম এবং পর্যটনক্ষেত্রে অভ্যন্তরীণ এবং বিদেশি বিনিয়োগ লাভের জন্য পরস্পরের প্রতিযোগী। পশ্চিমবঙ্গকে যদি জাতীয় পর্যটন উন্নয়নের লভ্যাংশ পেতে হয় এবং দ্রুত উন্নতি করতে হয়, তাহলে আমাদের পরিকল্পনা এবং প্রকরণকে প্রতিযোগিতায় টিকে থাকার উপযোগী করে তুলতে হবে। এই কথা মনে রেখেই ১৯৯৬-৯৭ সালে আমাদের কার্যক্রম স্থির করা হচ্ছে।

৫। ১৯৯৫-৯৬ সালে পর্যটন দপ্তরের কাজের একটি খতিয়ান নিচে দেওয়া হল ঃ

(ক) গত কয়েক বছর ধরে সুন্দরবনে পর্যটন উন্নয়নে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছেন এবং সেই উদ্দেশ্যে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করেছেন। এগুলি নিচে দেওয়া হয়েছে।

(১) ১৯৯৪ সালে গঙ্গাসাগরে ৩২ শয্যার একটি নতুন পর্যটক আবাস নির্মাণ এবং চালু করা হয়েছে।

(২) পিয়ালিতে ৩২ শয্যার একটি পর্যটক আবাসের নির্মাণ কাজ শেষ হয়েছে। জল সরবরাহ ও অন্যান্য সংশ্লিষ্ট কাজ কেন্দ্রীয় পূর্ত দপ্তর এখনও শেষ করেননি।

(৩) পিয়ালিতে পর্যটকদের জন্য তাঁবু নির্মাণের কাজ চলছে।

(৪) কৈখালিতে ৪০ শয্যার পর্যটক আবাস নির্মিত হয়েছে। জল সরবরাহ ও অন্যান্য কাজ কেন্দ্রীয় পূর্ত দপ্তর এখনও শেষ করেননি।

(৫) সুন্দরবনে বিত্তবান পর্যটকদের ভ্রমণের জন্য এবং ভাগীরথি বক্ষে বিহারের জন্য দুটি বাতানুকূল লঞ্চ নির্মিত হচ্ছে।

(৬) সন্দেশখালি থানার অধীন ধামাখালিতে পথিপার্শ্বস্থ সুবিধার নিমার্ণ কাজ চলছে।

(৭) সজনেখালি পর্যটক আবাসে বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের সহায়তায় সৌরশক্তির প্রয়োগে বৈদ্যুতিকীকরণ সম্পন্ন হয়েছে।

(খ) এছাড়া মুকুটমণিপুরে পর্যটক আবাসের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ১৯৯৫ সালের জুলাই মাসে দুর্গাপুরে পথিপার্শ্বস্থ সুবিধা চালু হয়েছে। বনাঞ্চলে এই ধরনের নির্মাণ কাজে বন ও পরিবেশ দপ্তর বাধা দেওয়াতে কাঁকড়াঝোর, মাইথন ও মাদারিহাটে কাজ ব্যাহত হয়েছে। বিষয়টি সম্পর্কে যথোপযুক্ত স্তরে আলোচনা চলছে। গাদিয়ারায় একটি রেস্তোরাঁ, এবং বিষ্ণুপুর, বহরমপুর ও মাদারিহাট পর্যটক আবাসগুলির সম্প্রসারণের কাজ চলছে। দার্জিলিঙে মেপ্‌ল পর্যটক আবাসের সম্প্রসারণের কাজ এ বছরে শুরু হবে।

(গ) সরকারের নতুন শিল্পনীতির প্রেক্ষিতে রাজ্য পর্যটন দপ্তর শিল্পের ক্ষেত্রে বেসরকারি বিনিয়োগে উৎসাহী। এই দপ্তরের সক্রিয় পৃষ্ঠপোষকতায় মেসার্স গণপতি গ্রীনফিল্ডস্ লিমিটেড আনুমানিক ৩৬ কোটি টাকা ব্যয়ে হুগলি নদীর তীরে রায়চকে একটি পাঁচতারা হলিডে রিসর্ট গড়ে তুলছে। আর একটি প্রকল্পে আনুমানিক ২০ কোটি টাকা ব্যয়ে পঞ্চবটী হলিডে রিসর্ট লিমিটেড হাওড়ায় কোণা এক্সপ্রেসওয়ের কাছে মুন্সিডাঙায় একটি আন্তর্জাতিক মানের রিসর্ট গড়ে তুলছে। জলপাইগুড়ি জেলায় ডুয়ার্স অঞ্চলে চালসা পাহাড়ের শীর্ষে আনুমানিক ৪০ কোটি টাকা ব্যয়ে একটি পরিবেশ অনুকূল পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য মেসার্স সিনক্লেয়ারস্ হোটেল্‌স অ্যান্ড ট্রান্সপোর্টেশন লিমিটেডের সঙ্গে রাজ্য সরকারের একটি চুক্তি সম্পাদিত হয়েছে। পর্যটন দপ্তরের সুপারিশে ভূমি ও ভূমিসংস্কার দপ্তর এই প্রকল্পের জন্য ৯৯ বছরের লিজে ২০.২২ একর জমি দিয়েছে। নির্মাণকাজ শীঘ্রই শুরু হবে। কলকাতায় তিনটি পাঁচতারা/পাঁচতারা ডিল্যুক্স হোটেল করার জন্য তিনটি বিখ্যাত হোটেল চেইন—হায়াত, তাজ এবং আই. টি. সি.-কে জমি দেওয়া হয়েছে।

(ঘ) বাঁকুড়া, বর্ধমান (দু-জায়গায়), শঙ্করপুর সমুদ্রসৈকত, কোলাঘাট, কোচবিহার, জলপাইগুড়ি, আসানসোল মেদিনীপুর এবং চন্দননগরে পর্যটন দপ্তর জমি অধিগ্রহণ করেছে। এইসব জায়গায় পর্যটন সুবিধা সৃষ্টির কাজ চলতি আর্থিক বছরে শুরু হবে। তারকেশ্বর, আরামবাগ, নরঘাট এবং নিউ জলপাইগুড়িতে পর্যটন আবাস/পথিপার্শ্বস্থ সুবিধা সৃষ্টির পরিকল্পনা অনুমোদিত হয়েছে। এইসব জায়গায় জমি অধিগ্রহণের ব্যবস্থা অবশ্য এখনও সম্পূর্ণ হয়নি।

(ঙ) পর্যটনের মতো তীব্র প্রতিযোগিতার ক্ষেত্রে পর্যটন উন্নয়নের জন্য উপযুক্ত বিপণন অবশ্য প্রয়োজন। যথোপযুক্ত প্রচার এবং মেলা ও উৎসবে অংশগ্রহণ তথা সংগঠন প্রয়োজন। রাজ্য পর্যটন দপ্তরের আয়োজনে শিলিগুড়িতে চা ও পর্যটন উৎসব, বিষ্ণুপুর মেলা এবং কলকাতায় সুখাদ্য উৎসব অত্যন্ত সফল হয়েছে। বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বেঙ্গল ন্যাশনাল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ারস আয়োজিত বিভিন্ন প্রদর্শনীতে এবং পোর্টব্লেয়ারে আন্দামান ও নিকোবর দ্বীপ প্রশাসন এবং আগরতলায় ত্রিপুরা সরকার আয়োজিত পর্যটন মেলায় রাজ্য পর্যটন দপ্তর অংশ নিয়েছে।

(চ) ১৯৯৫ সালের সেপ্টেম্বর মাসে কলকাতায় দুটি বড় মাপের কনভেনশন আয়োজিত হয়েছিল—একটি ট্রাভেল এজেন্টস্ অ্যাশোসিয়েশন্স অফ ইন্ডিয়ার উদ্যোগে। দুটিতেই বহু জাতীয় এবং আন্তর্জাতিক স্তরের ট্রাভেল এজেন্ট অংশ নিয়েছিলেন। ট্রাভেল এজেন্টস্ অ্যাশোসিয়েশন অফ ইন্ডিয়ার কনভেনশনে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেন যে রাজ্য সরকার পর্যটনকে সামগ্রিকভাবে শিল্পের মর্যাদা দেবেন। পর্যটন দপ্তর তদনুযায়ী একটি খসড়া নীতি এবং একটি খসড়া পর্যটন আর্থিক উৎসাহ প্রদান নীতি রচনা করেছে। দুটিই রাজ্য সরকারের বিবেচনাধীন।

(ছ) ৩/২, বি বা দী বাগে পর্যটন কেন্দ্রটিকে সংস্কার এবং সেখানে কম্পিউটার ব্যবস্থা চালু করার উদ্যোগ নেওয়া হয়েছিল ১৯৯৫-৯৬ সালে। কাজ সম্পূর্ণ হলে বিভিন্ন পর্যটক আবাসে সংরক্ষণের ব্যাপারে পর্যটকদের উন্নততর পরিষেবা দেওয়া সম্ভব হবে। উত্তরবঙ্গে হোটেল শিল্পে পেশাদারিভাবে অধিকতর দক্ষ কর্মীর যোগান অব্যাহত রাখতে রাজ্য সরকার ১৯৯৫ সালের এপ্রিল মাসে দার্জিলিঙের ফুড ক্র্যাফ্ট্ ইনস্টিটিউটের দায়িত্বভার ভারত সরকারের কাছ থেকে অধিগ্রহণ করেছেন।

৬। ১৯৯৬-৯৭ সালে পর্যটন বিভাগ যে সমস্ত কার্যসূচি হাতে নিতে চলেছে সেগুলি নিচে দেওয়া হল।

(ক) রাজ্য পর্যটন নীতি যা রূপায়ণের স্তরে রয়েছে তা ১৯৯৬-৯৭ সালের প্রথমের দিকে ঘোষণা করা হবে। এই নীতি পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলের

বিভিন্ন শ্রেণীর পর্যটকদের জন্য আর্থিক এবং রাজস্ব সংক্রান্ত উৎসাহদান ও ছাড়ের সঙ্গে ব্যাপক সামঞ্জস্যপূর্ণ হবে।

(খ) পর্যটন বিভাগ ইতিমধ্যেই একটি পর্যটন মহা পরিকল্পনা (Tourism Master Plan) তৈরি করেছে। দার্জিলিঙের পার্বত্য অঞ্চলগুলি-সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন পর্যটন প্রকল্পে এই পরিকল্পনা রূপায়ণের জন্য ৪৭৫ কোটি টাকার লগ্নি প্রয়োজন। আগামী কয়েক বছরে পর্যটকদের আগমন তিন গুণ বাড়ানোর সর্বভারতীয় নীতির সঙ্গে তাল মিলিয়ে পর্যটন বিভাগ ইতিমধ্যেই বিভিন্ন জেলা প্রশাসনকে পর্যটন প্রকল্প সংস্থাপনের জন্য জেলায় জেলায় জমি চিহ্নিতকরণ করতে এবং জেলাভিত্তিক পর্যটন উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করতে অনুরোধ জানিয়েছে। এইসব জেলাভিত্তিক পর্যটন-পরিকল্পনাগুলি হাতে পাওয়ার পর পশ্চিমবঙ্গের পর্যটন মহাপরিকল্পনাকে হালনাগাদ এবং ১০ বছরের মেয়াদী পরিকল্পনায় উন্নীত করা হবে।

(গ) চালু পর্যটন প্রকল্পগুলির উন্নয়ন এবং মান নির্দ্ধারণের জন্য পর্যটন বিভাগ বিষ্ণুপুর, বহরমপুর ও মাদারিহাট পর্যটক আবাসগুলিতে থাকা এবং সম্মেলন করার সুযোগ-সুবিধা আরও বাড়ানো সংক্রান্ত কাজকর্ম শেষ করার চেষ্টা করবে।

(ঘ) কৈখালি ও পিয়ালিতে নবনির্মিত পর্যটক আবাসগুলি ১৯৯৬-৯৭ সালে চালু হবে। মুকুটমণিপুরে নবনির্মিত পর্যটক আবাসগুলি চালু করার চেষ্টাও করা হচ্ছে।

(ঙ) পর্যটন/ব্যবসা সংক্রান্ত কাজে আসা মানুষজনের থাকার সুবিধা সৃষ্টি করতে রাণাঘাটের কাছে মঙ্গলদ্বীপ চর এবং বর্ধমান শহরে পথিপার্শ্বস্থ সুবিধার জন্য অনুমোদিত প্রকল্পগুলি, বাঁকুড়া শহর, দিঘার নিকটে শংকরপুর সৈকত এবং কোচবিহার শহরে নতুন পর্যটক আবাস তৈরির কাজ ১৯৯৬-৯৭ সালে হাতে নেওয়া হবে।

(চ) ভারত সরকার ইতিমধ্যেই নরঘাট, রায়গঞ্জ ও কৃষ্ণনগরে পথিপার্শ্বস্থ সুবিধা, নিউ জলপাইগুড়ি রেল স্টেশনে যাত্রী নিবাস এবং জলপাইগুড়ি, কোচবিহার, তারকেশ্বর, আরামবাগ এবং মেদিনীপুরে পর্যটন আবাস এবং রাণাঘাটের কাছে মঙ্গলদ্বীপে ডে সেন্টার ও চন্দননগরে কাফেটেরিয়া নির্মাণের জন্য কেন্দ্রীয় সাহায্য মঞ্জুর করেছেন।

(ছ) ঐতিহ্যের সন্ধানে পর্যটনের উন্নয়নকল্পে ভারত সরকারের নীতি অনুযায়ী পর্যটন বিভাগ বিষ্ণুপুর, মুর্শিদাবাদ, গৌড় ও পাণ্ডুয়াকে এ জাতীয় পর্যটনের স্থান হিসেবে চিহ্নিত করেছে। ১৯৯৫-৯৬ সালে লালবাগে ব্যাপক পর্যটন উন্নয়ন সংক্রান্ত প্রতিবেদন তৈরি হয়েছে। বিষ্ণুপুর ও গৌড়/পাণ্ডুয়ার জন্য অনুরূপ প্রতিবেদন ১৯৯৬-৯৭ সালে তৈরি হয়ে যাবে।

(জ) পর্যটন দপ্তর জলপাইগুড়ির ডুয়ার্স অঞ্চলে এবং দার্জিলিং পার্বত্য অঞ্চলের কালিম্পঙে ও পার্শ্ববর্তী অঞ্চলে পরিবেশ অনুকূল পর্যটন পরিষেবার উন্নয়নের জন্য একটি বিস্তারিত সমীক্ষার ব্যবস্থা গ্রহণ করার কথা বিবেচনা করছে। এই দপ্তর দার্জিলিঙের পার্বত্য অঞ্চলে পর্যটনের উন্নয়নের জন্য দার্জিলিং পার্বত্য পরিষদের সহযোগিতায় এবং সমন্বয়ে নানা প্রচেষ্টা চালাচ্ছে।

(ঝ) পশ্চিমবঙ্গ পর্যটনের প্রচার ও বিপণনের জন্য ভারতের কিছু কিছু গুরুত্বপূর্ণ কেন্দ্র যথা—দিল্লি, মুম্বাই, মাদ্রাজে পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগ পর্যটন উৎসব আয়োজনে আগ্রহী। রাজ্যের মধ্যেও অনুরূপ উৎসব আয়োজন করা হবে। ভারত সরকার, অন্যান্য রাজ্য সরকার ও বণিকসভা জাতীয় প্রতিষ্ঠানের আয়োজনে উৎসব ও মেলাতে অংশ নেবে পর্যটন বিভাগ। ভারত সরকারের পর্যটন বিভাগ। ভারত সরকারের পর্যটন মন্ত্রকের সহযোগিতায় কোনও আন্তর্জাতিক পর্যটন মেলাতেও এই বিভাগ অংশগ্রহণ করতে পারে।

(ঞ) পশ্চিমবঙ্গে বিভিন্ন পর্যটন কেন্দ্রে পরিষেবা উন্নয়নের জন্য পর্যটন বিভাগে, অধিকারে, নিগমে এবং পর্যটক আবাসগুলিতে যোগাযোগ ব্যবস্থা প্রবর্তন করতে কম্পিউটর মেইনটেনেন্স করপোরেশন লিমিটেড (ভারত সরকারের সংস্থা)-কে নিযুক্ত করা হয়েছিল। এই কাজ ১৯৯৬-৯৭ সালে শেষ হবার কথা। তাছাড়া, বিভাগের, অধিকারের এবং নিগমের কর্মীদের বিভিন্ন বিখ্যাত প্রশিক্ষণ কেন্দ্রে পাঠিয়ে তাদেরই জন্য বিশেষভাবে তৈরি পাঠক্রমে অংশগ্রহণ করানোর ব্যবস্থা করা হবে।

৭। **পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম লিমিটেড**

পর্যটন দপ্তরের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংস্থা পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম লিমিটেডকে আশির দশকে ক্রমাগত আর্থিক ক্ষয়ক্ষতির ধাক্কা সহ্য করতে হয়েছে। কিন্তু বিভিন্ন ধরনের কার্যকলাপ এবং যথোপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা নেওয়ায় নিগমের আর্থিক আস্থা ক্রমশ পরিবর্তিত হচ্ছে। এক সময়ের লোকসানে চলা সংস্থাটি এখন কার্যকরি উদ্বৃত্তের মুখ দেখছে। গত তিন বছরের আর্থিক ফলাফল থেকে এ তথ্য প্রমাণিত হবে।

| **বছর** | **(লক্ষ টাকার হিসাবে)** | |
|---|---|---|
| | **লাভ (+) / ক্ষতি (-)** | |
| | অপচয় এবং অন্যান্য অনার্থিক ব্যয় ধরে | অপচয় এবং অন্যান্য অনার্থিক ব্যয় ধরার আগে |
| ১৯৯২-৯৩ | + ২১.৭৬ | + ৪১.৯৭* |
| ১৯৯৩-৯৪ | – ৪৭.৭৩ | – ২৪.৭৯ |
| ১৯৯৪-৯৫ | – ১১.২৭ | + ৮.৭৩ |

**মন্তব্য :** (১) ১৯৯৫-৯৬-এর হিসাব এখনও পর্যন্ত তৈরি হয়নি।

*(২) ৩৪.৯৬ লক্ষ টাকার সম্পদ বিক্রয়ের জন্য এই অস্বাভাবিক উদ্বৃত্ত।

(ক) নিগমের বহুমুখি কার্যকলাপের মধ্যে আছে আন্তরাজ্য এবং রাজ্যের মধ্যে ভ্রমণের আয়োজন, বিমান এবং রেলের বুকিংয়ের ব্যবস্থা করা। এমনই নানাবিধ কাজের মাধ্যমে নিগম কিছু উদ্বৃত্ত অর্জন করছে। পর্যটন বিভাগের সাধারণ নীতি অনুযায়ী, নিগম ১৯৯৫-৯৬ সালে চালু পর্যটক আবাসগুলি, যেমন শান্তিনিকেতন পর্যটক আবাস, দার্জিলিং পর্যটক আবাস, মেপ্‌ল পর্যটক আবাস, মরগান হাউস পর্যটক আবাস, মাদারিহাট পর্যটক আবাসের সংস্কার ও সজ্জার কাজ সম্পন্ন করেছে। কার্শিয়াং পর্যটন আবাস নিগম ওই অঞ্চলে খাদ্য ও পানীয় বিক্রি বাড়ানোর উদ্দেশ্যে একটি ফার্স্ট ফুড সেন্টার চালু করেছে।

(খ) নিগমের পরিচালনাধীন ২৬টি পর্যটক আবাসের মধ্যে ১০টি বছরের পর বছর লোকসানে চলছে। এই লোকসান কমাতে বীরভূম জেলার বক্রেশ্বর পর্যটক আবাসের পরিচালনভার একটি বেসরকারি সংস্থাকে দেওয়া হয়েছে। এই সংস্থাটিকে উষ্ণ প্রস্রবণটি দেখভালের দায়িত্বও দেওয়া হয়েছে। একই রকমভাবে বকখালি পর্যটন আবাসের কেটারিংয়ের দায়িত্ব দেওয়া হয়েছে এক ঠিকাদার সংস্থাকে। এই সমস্ত আবাসগুলির উদ্বৃত্ত কর্মীদের অন্যান্য আবাসে খালি পদে নিয়ে নেওয়া হয়েছে।

(গ) লোকসানে চলা ছোট পর্যটক আবাসের ভারে বিব্রত নিগমের বর্তমান অবস্থান উন্নয়নকল্পে পর্যটন দপ্তর মাদারিহাট, বহরমপুর, বিষ্ণুপুর ও গাদিয়াড়া পর্যটক আবাসে বাড়তি শয্যা এবং কনফারেন্স হলের ব্যবস্থা করেছে। চলতি বছরে নিগম পর্যটনের প্রচারে দিল্লি এবং কলকাতায় অনেকগুলি প্রদর্শনী ও শিল্পমেলায় অংশ নিয়েছে।

(ঘ) আশা করা যায়, উপরোক্ত ব্যবস্থাদি গ্রহণের ফলে আগামী বছরগুলিতে নিগমের কার্যকর লাভ হবে।

৮। **গ্রেট ইস্টার্ন হোটেল**

১৮৪০ সাল থেকে সম্ভবত দেশের প্রাচীনতম হোটেল গ্রেট ইস্টার্ন বর্তমান বাড়িটাতেই কাজ চালিয়ে আসছে। ১৯৯৪-৯৫ সালে ৭২৮.২২ লক্ষ টাকার মোট ব্যবসার বিপরীতে আনুমানিক ৪.৪৫ লক্ষ টাকা লাভ করেছে।

(ক) হোটেল কর্তপক্ষ চেষ্টা করছেন ওভারটাইম, বিজ্ঞাপন ইত্যাদি খাতে ব্যয় সংকোচ করার এবং একটি হেলথ ক্লাব ও প্রদর্শনী ও ভোজের আয়োজন করার উপযোগী তিনটি হল চালু করে উপার্জন বৃদ্ধির। ১৯৯৫-৯৬ সালে হোটেলে পর্যটক থাকার হার কম পর্যটক আসার সময়ে ৭৪% এবং ভ্রমণের মরশুমে ৯২%।

(খ) ১৯৮০ সালে গ্রেট ইস্টার্ন জাতীয়করণ করা হয়েছিল মূলত তিনটি উদ্দেশ্য নিয়ে—(১) হোটেলটি সংস্কার করে আন্তর্জাতিকমানের পাঁচতারা হোটেলে রূপান্তিরিত করা, (২) তীব্র প্রতিদ্বন্দ্বিতাময় হোটেলশিল্পে এটিকে স্থায়ীভাবে স্বনির্ভর করে তোলা, (৩) একই সঙ্গে বর্তমানে চাকুরিরত কর্মীদের স্বার্থ সুরক্ষিত করা। এই উদ্দেশ্যপূরণে গত কয়েক বছর ধরেই রাজ্য সরকার হোটেলটির বড়রকম সংস্কারে উদ্যোগী হয়েছেন। যেহেতু কর্মী সংগঠনগুলির আপত্তির জন্য রাজ্য সরকার হোটেলটিকে আন্তর্জাতিকমানের ডিল্যুক্স হেরিটেজ হোটেলে রূপান্তরিত করার জন্য অ্যাকর এশিয়া প্যাসিফিকের প্রস্তাব গ্রহণ করেননি, সেহেতু রাজ্য সরকার এখন রাজ্য পূর্ত দপ্তরের সহায়তায় হোটেলটি সংস্কারের কথা সক্রিয়ভাবে চিন্তাভাবনা করছেন। এর জন্য যে টাকা দরকার হবে তা হোটেলের নিজস্ব আয় থেকে ও বিভিন্ন অর্থলগ্নী সংস্থার কাছ থেকে ঋণ হিসেবে নেওয়া হবে।

৯। **দীর্ঘমেয়াদী পরিকল্পনা**

পর্যটন শুধুমাত্র পরিষেবা শিল্প নয়, ব্যক্তিকেন্দ্রিক পরিষেবা শিল্প। পর্যটনের ব্যাপক উন্নয়নকল্পে আমাদের সরকার তিনটি বিষয়ে গুরুত্ব দিতে চান—(ক) বর্তমান সুযোগ-সুবিধার উন্নয়ন এবং সমতা আর বিশ্বমানের নতুন সুযোগ-সুবিধার প্রবর্তন (খ) এইসব সুযোগ-সুবিধার যথাযোগ্য প্রচার এবং দক্ষ বিপণন এবং (গ) সুযোগ-সুবিধাগুলো পৌছে দেওয়ার ব্যবস্থার উন্নয়ন ; পর্যটন শিল্পে বিশ্বমানের মানবসম্পদ উন্নয়ন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।

এই উদ্দেশ্য পূরণে সহায্য করবে নতুন পর্যটন নীতি ও ১০ বছরের প্রেক্ষিতে পরিকল্পনা এবং পর্যটন শিল্পে কর হারের পুনর্বিন্যাস।

(ক) বর্তমান বিশ্বে বৃহত্তম পরিষেবা শিল্প এখন পর্যটন এবং কর্মসংস্থানের সুযোগ ও ওই শিল্পে সবচেয়ে বেশি হওয়ার সুবাদে দেশের প্রতিটি রাজ্যই এখন পর্যটনশিল্পে বিনিয়োগ আকর্ষণে তীব্র প্রতিযোগিতায় রত। দীর্ঘকালীন মেয়াদে সর্বভারতীয় পর্যটন ক্ষেত্রে নিজের যোগ্য প্রাপ্য আদায় করতে হলে পশ্চিমবঙ্গকেও নীতি নির্দ্ধারণ ও পরিকল্পনা গ্রহণে সেই লক্ষ্যপূরণের চেষ্টা করতে হবে এবং পরিচালন ও প্রশাসন ব্যবস্থাকেও তদনুরূপ হতে হবে।

(খ) পর্যটন নীতি ও মাস্টার প্ল্যানের কথা স্মরণে রেখে, পর্যটন দপ্তরের দীর্ঘমেয়াদী পরিকল্পনার অঙ্গ হিসাবে দপ্তর চেষ্টা করবে (ক) সব জেলা সদরগুলিতে এবং তীর্থস্থানে পর্যটক আবাস স্থাপন করতে, (খ) বিষ্ণুপুর, লালবাগ ও মালদায় ঐতিহ্যের সন্ধানে পর্যটনের যে উদ্যোগ নেওয়া হয়েছে সে কাজ যথাসাধ্য এগিয়ে নিয়ে যেতে, (গ) সুন্দরবনে পরিবেশানুগ পর্যটন উন্নয়ন করতে, (ঘ) কলকাতা মহানগরীতে হোটেল প্রকল্পের জন্য বেসরকারি বিনিয়োগ আকর্ষণ করতে, (ঙ) জনবহুল কলকাতায় বসবাসকারিদের প্রয়োজনে কলকাতা ১০০ কি.মি. ব্যাসার্ধের মধ্যে এবং শহর থেকে বেরোবার

সবকটি পথ বরাবর ট্যুরিস্ট রিসর্ট, ডে সেন্টার ও পিকনিক স্পটের চেইন গড়ে তোলায় সাহায্য করতে, (চ) রাজ্যের সবকটি জাতীয় এবং রাজ্য সড়কের উপর ২০/৩০ কি.মি. দূরত্ব পথিপার্শ্বস্থ সুবিধা সৃষ্টি করতে, (ছ) রাজ্যের পর্যটন কেন্দ্রগুলিতে দক্ষ কর্মিদের পরিষেবা পাওয়ার জন্য কলকাতা, শিলিগুড়ি এবং অন্যান্য উপযুক্ত স্থানে হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট ও ফুড ক্র্যাফট ইনস্টিটিউট গড়ে তুলতে।

(গ) এই দীর্ঘমেয়াদী পরিকল্পনাগুলির রূপায়ণে রাজ্য সরকার চান নীতি ও প্রকরণের উপযুক্ত সংমিশ্রণ এবং সরকারি, বেসরকারি ও যৌথ উদ্যোগের বিনিয়োগ।

(ঘ) আমি আশা করব, সংশ্লিষ্ট সকলের সক্রিয় সহযোগিতায় পর্যটনের বিপুল সম্ভাবনা নিয়ে পশ্চিমবঙ্গে আগামী দিনে দেশের পর্যটন মানচিত্রে তার সঠিক স্থান অধিকার করে নেবে।

## Demand No. 85

The Printed Speech of **Dr. Asim Kumar Dasgupa** on Demand No. 85 is taken as moved.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের অনুমোদনে আমি প্রস্তাব করছি যে, ডিমান্ড (দাবি) নং ৮৫, মেজর হেড (মুখ্যখাত) "৩৪৫৪-সেন্সাস সার্ভে অ্যান্ড স্ট্যাটিস্টিক্‌স"-এ মোট ৫,৬০,৭০,০০০.০০ (পাঁচ কোটি ষাট লক্ষ সত্তর হাজার) টাকার ব্যয়ানুমোদন দেওয়া হোক। এই টাকার মধ্যে ইতিপূর্বেই 'ভোট অন অ্যাকাউন্ট'-এ অনুমোদিত ১,৮৭,০০,০০০.০০ (এক কোটি সাতাশি লক্ষ) টাকা রয়েছে।

এই ডিম্যান্ডে (দাবি) সঙ্কুলান টাকার মধ্যে ১৯৯৬-৯৭-এর পরিকল্পনা বহির্ভূত ব্যয় ও পরিকল্পনাভুক্ত ব্যয় দুই-ই রয়েছে।

ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান ব্যুরো জাতীয় উৎপাদন থেকে মোট আয় (এস. ডি. পি.)-এর বার্ষিক নিরীক্ষা তৈরি করেন। রাজ্য বাজেটের অর্থনীতিগত ও কার্যগত শ্রেণীবিভাগগুলি প্রস্তুত করেন। শিল্পের উৎপাদনের মাসিক সূচক, কৃষিকার্যের আওতায় জমির পরিমাণ, উৎপাদনসূচক ও উৎপাদনশীলতার বার্ষিক এবং কলকাতার জন্য পাইকারি মূল্যের মাসিক সূচক ব্যুরো তৈরি করে থাকেন। সব জেলার প্রধান শহরসহ রাজ্যের নির্বাচিত নগরকেন্দ্রগুলির ভোগ্যপণ্যের মূল্যসূচক তৈরির জন্য খুচরা মূল্যের কোটেশনও (তালিকা) ব্যুরো সংগ্রহ করে থাকেন।

ব্যুরো বিভিন্ন সরকারি পরিসংখ্যান সংগ্রহ ও সঙ্কলন করেন। রাজ্য ও জেলাস্তরের পরিসংখ্যান পুস্তিকা, জেলার মূল পরিসংখ্যান, সরকারি উদ্যোগ ও পরিসংখ্যানের সংক্ষিপ্তসারের পুস্তিকা—এইরূপ গুরুত্বপূর্ণ বিষয়ের উপর পরিসংখ্যান সম্বলিত সাময়িক পত্রিকা প্রকাশ করে থাকেন। এইগুলি সব হল বার্ষিক প্রকাশন। প্রতি বছর বিধানসভায় রাজ্যের যে

আর্থিক-সমীক্ষা পেশ করা হয় তার পরিসংখ্যানগত নির্ঘণ্ট তৈরি করাও ব্যুরোর অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। এছাড়া ব্যুরো একটি মাসিক পরিসংখ্যানের নির্যাস পত্রিকা প্রকাশ করেন। বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থাকে এই ফলিত অর্থনীতি ও পরিসংখ্যান ব্যুরো পরিসংখ্যানগত তথ্য সরবরাহ করেন। ব্যুরো এজন্য একটি গ্রন্থাগার রক্ষণাবেক্ষণ করেন। ব্যুরো বিভিন্ন স্তরে সরকারি অফিসের পরিসংখ্যানের কাজে যুক্ত ব্যক্তিদের প্রশিক্ষণের আয়োজন করে থাকেন।

ব্যুরো রাজ্যে সরকারি কর্মচারিদের বার্ষিক লোকগণনা করেন এবং পৌর পরিসংখ্যান সঙ্কলন করেন। ব্যুরো আর্থ-সামাজিক সমীক্ষা পরিচালনা করে থাকেন, জাতীয় স্যাম্পল সার্ভে সংগঠনের সহযোগিতায় ঐরূপ কিছু সমীক্ষা করেন। ভারত সরকারের বার্ষিক শিল্প সমীক্ষা (এ. এস. আই.)-এর আওতার বাইরে যেসব নিবন্ধীকৃত কারখানা রয়েছে—সেই কারখানাগুলি থেকে শিল্পগত পরিসংখ্যান সংগ্রহ ও সঙ্কলন এই ব্যুরো করে থাকেন।

ব্যুরোর নিজের সংগৃহীত তথ্যাবলি দ্রুত সারণিবদ্ধ করবার জন্য একটি মেকানিক্যাল টেবুলেশন ইউনিট রয়েছে।

১৯৯৪-৯৫ সালের বার্ষিক পরিকল্পনার মধ্যে 'জেলা পরিসংখ্যান কার্যালয়কে আরও শক্তিশালী করার' কর্মসূচি শুরু করা হয়েছিল এবং এই পরিকল্পনাভুক্ত কর্মসূচি ১৯৯৬-৯৭ সালেও চলবে। এর উদ্দেশ্য—জেলা পরিকল্পনা কমিটির পরিসংখ্যানগত তথ্যের প্রয়োজন মেটানোর জন্য জেলা পরিসংখ্যান কার্যালয়ের সঙ্কলন ও বিশ্লেষণ শাখাকে অধিকতর শক্তিশালী করা, জেলা পরিসংখ্যান পুস্তিকা সত্ত্বর প্রকাশ করা এবং আঞ্চলিক স্তরে নির্ভরযোগ্য নিরীক্ষা পাওয়ার জন্য জাতীয় স্যাম্পল সার্ভের অন্তর্গত রাজ্য স্যাম্পলের আয়তন বৃদ্ধি করা।

মহোদয়, এই ক'টি কথা বলে আমি আমার রাখা ডিম্যান্ডটি (দাবিটি)-কে অনুমোদনের জন্য এই সভাকে অনুরোধ জানাই।

## Demand No. 90

The Printed Speech of **Shri Ashok Bhattercharyaya** on Demand No. 90 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, দাবি নং ৯০-এর অধীনে ১৯৯৬-৯৭ সালের "৩৬০৪-স্থানীয় সংস্থা এবং পঞ্চায়েতিরাজ সংগঠনকে (পঞ্চায়েতিরাজ বাদে) ক্ষতিপূরণ ও দায়িত্ব" বাবদ মুখ্য খাতে ব্যয়ের জন্য মোট ২১০,৫১,৮১,০০০ (দুই শত দশ কোটি একান্ন লক্ষ একাশি হাজার) টাকা অনুমোদন করা হোক। এই অঙ্কের মধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে অনুমোদিত ১০৫,২৬,০০,০০০ (একশত পাঁচ কোটি ছাব্বিশ লক্ষ) টাকাও অন্তর্ভুক্ত।

২.১। সাতাত্তর সালের পূর্ব পর্যন্ত, আপনারা অবগত আছেন, এ-দেশের পৌর-প্রশাসন কী গভীর এক নৈরাজ্যের অন্ধাকারে নিমজ্জিত ছিল! সামান্য কিছু নাগরিক পরিষেবার ক্ষুদ্র গণ্ডীর বাইরে আলাদা করে তার কোনও রাজনৈতিক অস্তিত্ব ছিল না। পৌর-প্রশাসনের দীর্ঘ এই অচলায়তন ভেঙে নাগরিকদের যথার্থই নিজস্ব সম্পূর্ণ একটি স্থানীয় ভূমিকায় তাকে

উত্তরণের আন্তরিক প্রচেষ্টা পশ্চিমবঙ্গ সাত-এর দশকের শেষ পর্বে—বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার সময় থেকেই—শুরু হয়। শুধু চিরাচরিত কিছু পরিষেবা নয়, পরিবর্তনশীল নাগরিক জীবনের সর্বার্থসাধক গতিশীল একটি স্থানীয় সংস্থায় পশ্চিমবঙ্গের পৌর-প্রতিষ্ঠানের বিবর্তনের প্রায় দু'দেশের ইতিহাস আপনাদের অজানা নয়। পৌর-প্রতিষ্ঠানের আধুনিকীকরণের এই প্রচেষ্টা, বলে রাখা ভাল, সর্বাংশে সম্পন্ন এবং সফল হয়েছে—এরকম দাবি এখনই করা যাবে না—তৃণমূল-গণতন্ত্র এবং সেই পরিবর্তিত পরিকাঠামোয় নগরোন্নয়ন—আর্থ-সামাজিক এবং রাজনৈতিক চেতনার বিকাশ যার অন্তর্ভুক্ত—কর্মসূচিকে সমাজের সর্বস্তরের মানুষের, বিশেষ করে দুর্বলতর শ্রেণীর, সক্রিয় সহযোগিতায় সাফল্যের পথে এগিয়ে নিয়ে যেতে আমরা অক্লান্ত এবং দৃঢ়প্রতিজ্ঞ।

২.২। পৌর-প্রতিষ্ঠানগুলিতে নিয়মিত নির্বাচন অনুষ্ঠান, ৭৪-তম সংবিধান সংশোধন অনুযায়ী সেই নির্বাচনের নিয়মাবলীর প্রয়োজন পরিবর্তন এবং নির্বাচন পরিচালনার ভার রাজ্য নির্বাচন কমিশনের উপর ন্যস্ত করার সময়োপযোগী সিদ্ধান্তের কথা আপনারা অবগত আছেন। গত বছর মে মাসের এই নতুন নির্বাচনী-প্রক্রিয়াতেই অনুষ্ঠিত হয়েছে ৮২টি পৌর-প্রতিষ্ঠানের সাধারণ নির্বাচন। এই নির্বাচনেই সর্বপ্রথম মহিলা, তপসিলি জাতি ও উপজাতি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হয়। রায়গঞ্জ ও পুজালীতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে ২৯শে জুন, ১৯৯৬।

২.৩। দুর্গাপুর প্রজ্ঞাপিত অঞ্চলকে একটি পৌর-নিগমে পরিণত করার প্রস্তাবিত আইনে রাষ্ট্রপতির সম্মতি পেলে সেখানেও অবিলম্বে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৪। বিধাননগর, কল্যাণী, গয়েশপুর, মেমারি ও জামুরিয়া প্রজ্ঞাপিত অঞ্চলগুলিকে বিগত আর্থিক বছরেই পৌরসবভায় রূপান্তরিত করা হয়েছে। কুপার্স ক্যাম্প এলাকায় একটি প্রজ্ঞাপিত অঞ্চল গঠনের প্রস্তাব বর্তমান বছরেই কার্যকর হবে বলে আশা করা যায়।

৩। পৌর-প্রতিষ্ঠানগুলিকে অধিকতর বিকেন্দ্রীকৃত এবং জনমুখী করে তুলতে ওয়ার্ড-কমিটি গঠনের ব্যাপারটি রাজ্য সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গে গ্রহণ করেছেন। তিন লক্ষের বেশি জনসংখ্যা বিশিষ্ট শহরে এটি আবশ্যিক। কিন্তু এর কম জনসংখ্যা বিশিষ্ট পৌরাঞ্চলেও এই কমিটি গঠনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। ওয়ার্ড-কমিটির সুষ্ঠ গঠন এবং পরিচালনার মাধ্যমেই পৌর-প্রশাসনের সঙ্গে প্রতিটি নাগরিকের প্রকৃত যোগসূত্র স্থাপিত হবে—যাবতীয় উন্নয়ন পরিকল্পনা এবং রূপায়ণে যার গুরুত্ব অপরিসীম বলেই আমরা মনে করি। জনসংখ্যা নির্বিশেষে সমস্ত পৌরাঞ্চলেই এই কমিটির গঠন অবিলম্বে সমাপ্ত করতে হবে। নতুন পৌরাঞ্চল গঠনের ক্ষেে সতর্ক পদক্ষেপ বাঞ্ছনীয়।

৩.১। প্রথাগত পরিষেবার বাইরে নগরোন্নয়নের যে ব্যাপক কর্মসূচি আমরা গ্রহণ করেছি—সাত-এর দশকের শেষ থেকে—এক কথায় তা অভাবিত-পূর্ব ছিল। এই কর্মসূচিগুলি হল :

(ক) ক্ষুদ্র ও মাঝারি শহরের নিবিড় উন্নয়ন (IDSMT)

(খ) স্বল্পমূল্যের স্বাস্থ্য সম্মত শৌচাগার নির্মাণ (ILCS)

(গ) নেহেরু রোজগার যোজনা (NRY)

(ঘ) দরিদ্রদের জন্য মৌল নাগরিক পরিষেবা (UPSP)

(ঙ) প্রধানমন্ত্রীর নিবিড় নগর-দারিদ্র দূরীকরণ প্রকল্প (PMIUPEP)

(চ) বস্তি উন্নয়ন প্রকল্প

(ছ) পৌরাঞ্চলের উন্নয়ন

(জ) সি.এম.ডি.এ.-বহির্ভূত পৌর নিগমের উন্নয়ন

(ঝ) পানীয় জলের উৎস নির্মাণ ইত্যাদি।

৩.২। এই প্রকল্পগুলির জন্য বিগত আর্থিক বছরে পরিকল্পনাখাতে বরাদ্দীকৃত কুড়ি কোটি টাকার প্রায় সবটাই আমরা সদ্ব্যবহার করেছি। রাজ্যের সি.এম.ডি.এ.-এলাকা বহির্ভূত ৮০টি পৌরাঞ্চলের জন্য, বলা বাহুল্য, এই বরাদ্দ ১৯৭৬-৭৭ সালের তুলনায় বহুগুণ বেশি হলেও দ্রুত উন্নয়নের স্বার্থে অধিকতর অর্থের প্রয়োজন সর্বদাই অনস্বীকার্য। অনগ্রসর পৌর এলাকা এবং বস্তিবাসীর ক্ষেত্রে এ-কথা বিশেষভাবে প্রযোজ্য। রাজ্য অর্থ কমিশনের সুপারিশগুলি কার্যকর হলে এই অবস্থার উন্নতি ঘটবে বলে আশা করা যায়।

৪। আমাদের উন্নয়ন-কর্মসূচির কেন্দ্রবিন্দুতে রয়েছেন পৌরাঞ্চলগুলির দারিদ্রসীমার নিচে বসবাসকারী নাগরিকবৃন্দ। পৌরসভার তত্ত্বাবধানে তৃণমূলস্তর থেকে পরিকল্পনা রচনা এবং বস্তি অঞ্চলের মূলত মহিলা সংগঠন—নেবারহুড ডেভেলপমেন্ট কমিটি এবং কমিউনিটি ডেভেলপমেন্ট সোসাইটি—এদের মাধ্যমেই তার রূপায়ণের প্রচেষ্টা পৌরাঞ্চলের সাধারণ মানুষের মনে নতুন প্রেরণা, প্রত্যাশা এবং উদ্যমের সঞ্চার করেছে। এই কর্মোদ্যোগের নতুন ভাবধারা পৌরাঞ্চলের সকল নির্বাচিত প্রতিনিধিই যে অনুধাবন করতে পেরেছেন—এ-কথা অবশ্য এখনই বলা যাবে না। পৌর-প্রশাসনের 'traditional management'-এর সংকীর্ণ গণ্ডীর বাইরে অনেকেই এখনও বেরিয়ে আসতে পারেন নি। বেশ কিছু পৌরাঞ্চলে এই কর্মদ্যোগ সেই কারণেই ব্যাহত হচ্ছে। এমনও ঘটেছে যে, বিশেষ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ কর্মচারীর বেতন বা নিয়ম-বহির্ভূত কাজে ব্যয়িত হয়েছে। এর ফলে সবচেয়ে বেশি বঞ্চিত হচ্ছেন যাঁরা, তাঁরা ঐ-সব পৌরাঞ্চলেরই দরিদ্র নাগরিকবৃন্দ। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আর্থিক নিয়ম-শৃঙ্খলা সকলের জন্যই সমানভাবে প্রযোজ্য। কঠোর আত্মসমালোচনা এবং সময়োপযোগী সংশোধনী পদক্ষেপের মাধ্যমে সংশ্লিষ্ট পৌর-সভাগুলিকে অচিরেই এই অবস্থার অবসান ঘটাতে হবে।

৫। দারিদ্র-দূরীকরণ প্রকল্পগুলি, যার নিয়মাবলী কেন্দ্রীয় সরকারেরই রচনা, তার বিভিন্ন অসঙ্গতির কথা বিভিন্ন সময়ে আমরা কেন্দ্রীয় সরকারের গোচরে এনেছি। আই.ডি.এস.এম.টি., আই.এল.সি.এস., এন.আর.ওয়াই., পি.এম.আই.ইউ.পি.ই.পি. ইত্যাদি প্রকল্প এর অন্তর্গত। কেন্দ্রীয় সরকার আমাদের কিছু যুক্তি গ্রহণ করে প্রয়োজনীয় সংশোধন করলেও অনেক গুরুত্বপূর্ণ বিষয় এখনও অবিবেচিত হয়ে গেছে। দৃষ্টান্ত স্বরূপ, পি.এম.আই.ইউ.পি.ই.পি. প্রকল্পের কথাই ধরা যাক। এই প্রকল্পে রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ না করেই প্রাক্তন কেন্দ্রীয় সরকার এক-তরফাভাবে যে ১৮টি পৌরাঞ্চল অনুমোদন করে পাঠালেন, তার মধ্যে তিনটি অঞ্চলে কোনও পৌর-প্রতিষ্ঠানই নেই। অন্য তিনটি অঞ্চলে কেন্দ্রীয় নিয়মাবলী অনুযায়ীই জনসংখ্যার বিচারে অন্তর্ভুক্ত হতে পারে না। এই বিষয় নিয়ে একাধিকবার তৎকালীন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর

সঙ্গে আলাপ-আলোচনা করেও কোনও ফল হয়নি। বিষয়টি এখনও অমীমাংসিত থাকায় আমাদের প্রস্তাবিত আরও ৮টি শহরে এই প্রকল্প রূপায়ণে আমরা অগ্রসর হতে পারছি না। এর ফলে বিগত আর্থিক বছরে ইউ.বি.এস.পি. প্রকল্পে নতুন পৌরাঞ্চলের অন্তর্ভুক্তির বিষয়টিও চূড়ান্ত করা যায় নি।

৫.১। আই.ডি.এস.এম.টি প্রকল্পেও অষ্টম পরিকল্পনাকালে নির্বাচিত ২০টি শহরে দ্বিতীয় দফায় কেন্দ্রীয় অনুদান এখনো না পাওয়ার কাজ বিশেষভাবে ব্যাহত হচ্ছে। এখানে ও কেন্দ্রীয় নিয়মাবলীর সংশোধন না হলে এই প্রকল্পের কাজ অযথা বিলম্বিত হয়ে প্রকল্পের মূল উদ্দেশ্যকেই ব্যর্থ করে দেবে। সপ্তম যোজনা ও তৎপরবর্তীকালে অনুমোদিত পৌরাঞ্চলেও যথাসময়ে কেন্দ্রীয় অনুদানের অর্থ না পাওয়ায় প্রযুক্তিগত নানাবিধ সমস্যার উদ্ভব হচ্ছে। পৌর উন্নয়নে হাডকো-র ঋণদাণ পদ্ধতিরও সরলীকরণ প্রয়োজন।

৫.২। আই.ডি.এস.এম.টি. প্রকল্পে গত আর্থিক বছরে অনুমোদিত আসানসোল, বর্ধমান, গঙ্গারামপুর এবং তুফানগঞ্জ সহ এখন পর্যন্ত ৬০টি পৌরাঞ্চল অন্তর্ভুক্ত হয়েছে। বর্তমান আর্থিক বছরে আরও নতুন দশটি পৌরাঞ্চলকে অন্তর্ভুক্ত করবার দাবি কেন্দ্রের কাছে পাঠানো হবে। ইণ্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, কলকাতা, রাজ্য সরকারের অনুরোধে যে 'আরবান স্ট্র্যাটেজি পেপার' প্রস্তুত করেছে, নতুন পৌরাঞ্চল নির্বাচনের ক্ষেত্রে আমরা সাধারণভাবে তাকেই অনুসরণ করছি।

৬। পি.এম.আই.ইউ.পি.ই.পি. প্রকল্প কেন্দ্র অনুমোদিত এবং রাজ্য সরকার সুপারিশকৃত সর্বমোট কুড়িটি শহরের 'খসড়া পরিকল্পনা' আমরা ইতিমধ্যেই প্রস্তুত করে ফেলেছি। কেন্দ্রের কাছে এদের মধ্যে ১১টি 'খসড়া পরিকল্পনা' আমরা পাঠিয়েও দিয়েছি। কেন্দ্রের সবুজ-সংকেত পেলে অবশিষ্ট 'খসড়া পরিকল্পনা'ও আমরা পাঠিয়ে দিতে প্রস্তুত।

৭। ইউ.বি.এস.পি. এবং পি.এম.আই.ইউ.পি.ই.পি মূলত বস্তিবাসী মহিলা সদস্যাদের দ্বারাই পরিচালিত হচ্ছে। এঁদের কাজের তত্ত্বাবধান এবং পরামর্শদানের জন্য প্রতিটি পৌরসভায় একটি করে দারিদ্র্য দূরীকরণ 'সেল' গঠিত হয়েছে। এই 'সেলের' দায়িত্বে থাকছেন পৌরসভা-নির্বাচিত একজন কাউন্সিলর। ইউ.বি.এস.পি. প্রকল্পে 'টাউন অ্যাকসন প্ল্যান' রচনার কাজ দ্রুত গতিতে অগ্রসর হচ্ছে। 'সি.ডি.এস.'-ভিত্তিক কাজেও গতি সঞ্চারিত হয়েছে। দারিদ্র দূরীকরণ কর্মসূচির সফল রূপায়ণের জন্য প্রতিটি পৌরসভায় একটি পৃথক অর্থ-ভাণ্ডার গড়ে তোলা হয়েছে।

৭.১। নেহরু রোজগার যোজনায় 'আরবান ওয়েজ এমপ্লয়মেন্ট' প্রকল্পে আমাদের সাফল্য উল্লেখযোগ্য হলেও এই প্রকল্পে কেন্দ্রীয় অনুদানের পরিমাণ নিতান্তই অপ্রতুল। 'আরবান মাইক্রো এন্টারপ্রাইজ' প্রকল্পে ব্যাঙ্কের ভূমিকা প্রকল্পটিকে ব্যর্থতার পথেই ঠেলে দিয়েছে। বিষয়টি একাধকবার কেন্দ্রীয় সরকারের নজরে আনাতেও অবস্থার বিশেষ পরিবর্তন ঘটে নি।

৭.২। স্ব-নিযুক্ত সাফল্য প্রশিক্ষণের উপর মূলত নির্ভরশীল। নেহরু রোজগার যোজনায় বেসরকারি এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মাধ্যমে পৌরাঞ্চলে ব্যাপক প্রশিক্ষণের জন্য আমরা বিশেষ উদ্যোগ গ্রহণ করেছি। দারিদ্র দূরীকরণ প্রকল্পগুলির সফল রূপায়ণে এই সব প্রতিষ্ঠানের সক্রিয় অংশগ্রহণ রাজ্য সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করছেন।

৮। রাজ্যের সমগ্র পৌরাঞ্চল থেকেই অষ্টম পরিকল্পনাকালের মধ্যে সমস্ত খাটা-পায়খানা অপসারণ করে স্বল্পমূল্যের স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণের যে প্রকল্প—আই.এল.সি.এস.—আমরা গ্রহণ করেছিলাম, তা এখন দ্রুতগতিতেই অগ্রসর হচ্ছে। মোট পাঁচটি পর্যায়ে এই প্রকল্প আমরা সম্পূর্ণ করব। পাঁচটি প্রকল্পই ইতিমধ্যে রাজ্য সরকারের অনুমোদন পেয়েছে। এই প্রকল্পে পৌরাঞ্চলের দরিদ্র সুবিধাভোগীকে উপরি কাঠামোসহ সম্পূর্ণ পায়খানার মোট খরচের পাঁচ শতাংশেরও কম খরচ বহন করতে হচ্ছে। বাকি টাকার কিছুটা দিচ্ছেন কেন্দ্রীয় সরকার এবং সিংহভাগ রাজ্যসরকার। এই প্রকল্পে এতখানি আর্থিক দায়িত্বভার অন্য কোনও রাজ্যে গৃহীত হয় নি। এই প্রকল্পের অর্থ কোনও কোনও পুরসভা ভেঙে ফেলায় যে সমস্যার উদ্ভব হয়েছে, তার দায়-দায়িত্ব সেই সব পুরসভাতেই বর্তাবে। এ-ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গী অত্যন্ত কঠোর।

৯। দার্জ্জিলিং পৌরাঞ্চলের 'সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট'-এর জন্য সমীক্ষা করে আমরা একটি পরিকল্পনা রচনা করেছি। পাহাড়ি এলাকার বাকি পৌরাঞ্চলের জন্যও পরিকল্পনা রচনার কাজ চলছে। এই প্রকল্পে যোজনা কমিশনের অনুমোদন এবং অর্থ-বরাদ্দ পেলে পাহাড়ি পৌর-এলাকার দীর্ঘদিনের একটি সমস্যার সমাধান সম্ভব হবে।

১০। পৌর-সভাগুলির মুল সমস্যা হল দু'টি—অর্থ ও সুষ্ঠ পরিচালনা ব্যবস্থা। অর্থের জন্য নিয়মিত সরকারি অনুমোদন ছাড়াও সম্পত্তির মূল্যায়ন এবং কর ধার্যকরণ ও তার আদায় খুবই গুরুত্বপূর্ণ। এ-ব্যাপারে রাজ্যের কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষৎ প্রশংসনীয় উদ্যম গ্রহণ করেছে। ৬৩টি পৌরসভার মূল্যায়নের কাজ এই পর্ষৎ ইতিমধ্যেই সমাপ্ত করেছে। এর ফলে সংশ্লিষ্ট পৌরসভাগুলির ধার্য করের পরিমাণ ১৪.৮৩ কোটি থেকে ৪২.১৭ কোটি টাকাতে বৃদ্ধি পেয়েছে। আশা করা যায় বর্তমান আর্থিক বছরে পর্ষৎ আরও ৪১টি পৌরসভার মূল্যায়নের কাজ সম্পন্ন করলে এই অঙ্ক আরও ঊর্ধ্বগামী হবে। এই বর্ধিত কর আদায়ে পৌরসভার সার্বিক উদ্যোগ গ্রহণ এই সময়ের একটি সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়। নিজস্ব সম্পদ সংগ্রহে সাফল্য অর্জন না করলে চিরন্তন আর্থিক দুর্বলতা কাটিয়ে পৌর-সভাগুলি কখনই স্ব-নির্ভর হয়ে উঠতে পারবে না।

১০.১। পরিকল্পনা-বহির্ভূত সরকারি অনুদানগুলি নিয়মিত আমরা প্রদান করে চলেছি। আপনারা জানেন, এগুলি হল ঃ অতিরিক্ত মহার্ঘ ভাতা, বোনাস, প্রমোদকরের অংশ, মোটর-ভেহিক্যাল করের অংশ, চুঙ্গিকরের পরিবর্তে প্রদেয় অনুদান (যা বর্তমান পরিকল্পনাখাত থেকেই আবণ্টিত হচ্ছে) ইত্যাদি।

১১। সুষ্ঠ পরিচালনা ব্যবস্থার জন্য যোগ্য কর্মচারীর আবশ্যকতা অনস্বীকার্য। শূন্য পদগুলিও পূরণ জরুরি। এ-ব্যাপারে দ্বিতীয় পৌর অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী একটি সুচিন্তিত মাপকাঠি নির্ধারণ করে নিয়োগের কাজে ইতিমধ্যেই যথেষ্ট অগ্রগতি ঘটেছে। পৌর কর্মচারিদের নিয়মিত 'পেনসন' প্রদানের বিষয়টিও অনুমোদিত হয়েছে। কর্মচারিদের নিয়মিত প্রশিক্ষণের ব্যাপারেও নতুন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

১২। নির্বাচিত প্রতিনিধিদের বিভিন্ন সুযোগ-সুবিধার জন্য প্রস্তুত নিয়মাবলীটি প্রকাশিত হয়েছে।

যোগাযোগ এবং উন্নততর আধুনিক প্রশাসনিক ব্যবস্থার জন্য পর্যায়ক্রমে পৌরসভাগুলিতে কম্পিউটর ও ফ্যাক্স মেসিন বসানোর একটি প্রস্তাবও বিবেচনাধীন।

১৩। দশম অর্থ-কমিশনের সুপারিশক্রমে বর্তমান আর্থিক বছরে এই বিভাগে ৩১.৬৮ (প্রায়) কোটি টাকা পরিকল্পনাখাতে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই অর্থের মধ্যে ১.৬০ (প্রায়) কোটি টাকা কেবলমাত্র দমকল বাহিনীর কাজেই ব্যয়িত হবে। অবশিষ্ট অর্থ পৌরাঞ্চলের সার্বিক উন্নতির কাজে ব্যয় করা হবে। দরিদ্র শহরবাসী এবং শহরের অনুন্নত এলাকার স্বার্থই এখানে অগ্রাধিকার পাবে। এ-ব্যাপারে খসড়া পরিকল্পনা রচনার কাজ এখন চলছে। এই পরিকল্পনার প্রধান কর্মসূচি হল রাস্তাঘাটের সংস্কার ও উন্নয়ন, জল-নিকাশি ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা, রাস্তায় বিজলী বাতি, বস্তি উন্নয়ন, পৌর-সভার অফিস-বাড়ি নির্মাণ ইত্যাদি। পৌর-সভা-ভিত্তিক বিশেষ উন্নয়নমূলক প্রকল্পও হাতে নেবার প্রস্তাব বিবেচিত হবে। এই পরিকল্পনা রূপায়ণে বামফ্রন্ট সরকারের পৌর-উন্নয়নের বিশেষ দৃষ্টিভঙ্গীরই অভিপ্রকাশ ঘটবে।

১৩.১। আগামী পাঁচ বছরের উন্নয়ন-প্রয়োজনকে মাথায় রেখে সমস্ত পৌরাঞ্চলের জন্য স্বতন্ত্র 'উন্নয়ন পরিকল্পনা' রচনার কাজ হাতে নেওয়া হচ্ছে। এর ফলে উন্নয়ন কর্মসূচি একটি নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পাবে এবং উন্নয়নের জন্য বরাদ্দ অর্থের সুষ্ঠু ব্যবহার সুনিশ্চিত হবে।

১৪। নগর-বিষয়ক গবেষণা এবং পৌর-সভার নির্বাচিত প্রতিনিধি এবং নিযুক্ত কর্মচারিদের নিয়মিত প্রশিক্ষণের জন্য 'ইলগাস' প্রতিষ্ঠানকে আরও শক্তিশালী করা হচ্ছে। সেই সঙ্গে দারিদ্র-দূরীকরণ প্রকল্পগুলি সফলভাবে এবং দ্রুততার সঙ্গে রূপায়ণের জন্য জোরদার করা হয়েছে 'স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সি'-কে। দুটি অফিসই এখন সল্টলেকে নব-নির্মিত বাড়িতে স্থানান্তরিত হয়েছে। এখানে আবাসিক প্রশিক্ষণের আধুনিক ব্যবস্থাও এখন সম্পূর্ণ। উত্তর-পূর্ব ভারতে দারিদ্র-দূরীকরণ কর্মসূচির একমাত্র আঞ্চলিক প্রশিক্ষণকেন্দ্র রূপে কেন্দ্রীয় সরকার এই প্রতিষ্ঠানকে প্রাথমিকভাবে নির্বাচন করায় প্রতিষ্ঠানটির কর্মক্ষেত্র এবং গুরুত্ব আরও বর্ধিত হবার পথে।

১৫। ডাইরেক্টরেট অফ লোকাল বডিজকে বিকেন্দ্রীকৃত এবং শক্তিশালী করা হয়েছে। সময়মতো বাজেট প্রস্তুত, অডিট, এ্যাকাউন্টস কমিটি ও পৌর-সভা ও ওয়ার্ড কমিটির নিয়মিত সভা যাতে অনুষ্ঠিত হয়, সেইজন্য পৌর-সভার সঙ্গে এই ডাইরেক্টরেটের আধিকারিকগণ সবসময় যোগাযোগ রক্ষা করে চলবেন এবং পরামর্শ দেবেনে। পৌরসভায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের তদারকিতেও এরা অংশগ্রহণ করবেন। অনুরূপভাবে মিউনিসিপ্যাল ইঞ্জিনীয়ারিং ডাইরেক্টরেটকেও বিকেন্দ্রীকৃত এবং শক্তিশালী করা হয়েছে যাতে প্রযুক্তির ক্ষেত্রে উন্নততর পরামর্শ এবং পরিষেবা সকল পৌরসভারই অধিগত হয়। উন্নয়নমূলক কর্মসূচিগুলি পৌরস্তরে যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ হয়, সে ব্যাপারে পৌর-সভাগুলিকে যেমন সচেষ্ট হতে হবে, এই ডাইরেক্টরেটের অফিসারবৃন্দকেও তেমনি সদা-সতর্ক থাকতে হবে।

১৬। পৌর-প্রশাসনকে গতিশীল, জনমুখী এবং উন্নততর করার সার্বিক এক প্রয়াস কলকাতা পুরসভায় গৃহীত হয়েছে। রাস্তাঘাটের সংস্কার, জল-নিকাশি ব্যবস্থার প্রসারণ এবং উন্নয়ন, পানীয় জলের সরবরাহ বৃদ্ধি, বস্তি-উন্নয়ন, রাস্তার আলোর ব্যবস্থা, জনস্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি মৌল পরিষেবার ক্ষেত্রে আন্তরিক প্রচেষ্টা এবং উল্লেখযোগ্য পরিবর্তন লক্ষ্য করা

গেছে। বহুতল বাড়ি নির্মাণের ক্ষেত্রে যেমন কঠোরতর আইনের প্রবর্তন করা হয়েছে, অবৈধভাবে নির্মিত বাড়ি এবং নিরাপত্তার স্বার্থে জীর্ণ বাড়িও তেমনি ভেঙে ফেলার নিয়মিত উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পুর-রাজস্ব আদায়ের ক্ষেত্রেও লক্ষণীয় উন্নতি ঘটেছে। রাজস্ব আদায়ের পদ্ধতির সরলীকরণ, উন্নততর নাগরিক পরিষেবা এবং পুর-কর্মচারিদের অবসরকালীন সুযোগ-সুবিধা ত্বরান্বিত করতে কম্পিউটর ব্যবহৃত হচ্ছে। জঞ্জাল-অপসারণে উন্নততর ব্যবস্থাপনার জন্য ধাপা এবং বানতলায় কম্পিউটর বসানো হয়েছে। জঞ্জাল থেকে সার ও বিদ্যুৎ উৎপাদনের জন্য পরীক্ষামূলকভাবে কয়েকটি বিশেষ উদ্যোগ গৃহীত হয়েছে। এ-ছাড়াও কলকাতা পুর-সভায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ দ্রুততার সঙ্গে সম্পন্ন করার আন্তরিক প্রয়াস প্রশংসার দাবি রাখে।

১৭। নগরায়নের হার যে-রকম দ্রুততার সঙ্গে বৃদ্ধি পাচ্ছে, বিশেষভাবে কলকাতা-বহির্ভূত পৌরাঞ্চলে, নগর-জীবনে জটিলতা যে-ভাবে ক্রমবর্ধমান, বহির্বিশ্বে প্রযুক্তির, বিশেষ করে তথ্য সরবরাহের যে বৈপ্লবিক পরিবর্তন ঘটে চলেছে, মানুষের প্রত্যাশা যে-রকমভাবে ক্রমশই উর্ধমুখী, তাতে তৃণমূল স্তরে পৌর-প্রশাসন পরিচালনা আজ একটি সুকঠিন চ্যালেঞ্জ। পুরনো ধ্যান-ধারণা ও কর্মপদ্ধতি বাতিল করে দিয়ে আগামী শতকের প্রয়োজনের সম্ভাব্য রূপ-রেখা মাথায় রেখেই প্রস্তুত হবার দুরূহ সংকটকাল বলে চিহ্নিত করা যায় এই শতকের শেষ দশকটিকে। পৌর-প্রশাসনের অন্তর্নিহিত শক্তির উদ্বোধন ঘটিয়ে জনগণ এবং বেসরকারি স্বেচ্ছাসেবী ও আর্থিক প্রতিষ্ঠানের সক্রিয় সমর্থন এবং সহযোগিতায় এই সংকট অবশ্যই উত্তীর্ণ হব আমরা।

১৮। এই ক'টি কথা বলে, মহাশয়, এই সভায় বিবেচনা এবং গ্রহণের জন্য আমার দাবিগুলি আমি পেশ করছি।

## Demand No. 92

The Printed Speech of Shri Mrinal Banerjee on Demand No. 92 is taken as read.

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশ অনুযায়ী ৯২ নং অনুদানের অধীন "৪৪০৮-খাদ্য, সংরক্ষণ ও গুদাম খাতে মূলধনী বিনিয়োগ (সরকারি সংস্থাসমূহ)", "৬৮৫৭-রাসায়নিক ও ফার্মাসিউটিক্যাল শিল্পসমূহের ঋণ (সরকারি সংস্থাসমূহ)", '২৬৮৫৮-ইঞ্জিনিয়ারিং শিল্পখাতে ঋণ (সরকারি সংস্থাসমূহ)" এবং "৬৮৬০-ভোগ্যপণ্য শিল্পখাতে ঋণ (সরকারি সংস্থাসমূহ)" খাতে ৩০,৫৬,০০,০০০ (ত্রিশ কোটি ছাপান্ন লক্ষ) টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুর করার প্রস্তাব করছি। [ভোট-অন-অ্যাকউন্ট-এ প্রস্তাবিত ১০,১৯,০০,০০০ (দশ কোটি উনিশ লক্ষ) টাকার ব্যয়-বরাদ্দ উপরোক্ত প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের অন্তর্গত।]

২। বর্তমানে সরকার-পরিচালনাধীন সংস্থা বিভাগের অধীনে নিম্নলিখিত ১০টি সংস্থা আছে ঃ

(১) দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড ;

(২) ওয়েস্টিংহাউস স্যাক্সবি ফার্মারি লিমিটেড ;

(৩) ইলেকট্রো-মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্ট্রিজ লিমিটেড ;

(৪) ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউজিং কর্পোরেশন ;

(৫) সরস্বতী প্রেস লিমিটেড ;

(৬) শালিমার ওয়ার্কস (১৯৮০) লিমিটেড ;

(৭) ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যাণ্ড কেমিক্যালস্ লিমিটেড ;

(৮) গ্লুকোনেট হেলথ্ লিমিটেড ;

(৯) ওয়েস্ট বেঙ্গল কেমিক্যালস্ ইণ্ডাস্ট্রিজ লিমিটেড ;

(১০) সুন্দরবন সুগারবিট প্রসেসিং কোম্পানি লিমিটেড।

৩। উপরোক্ত সংস্থাগুলির মধ্যে প্রথম ন'টি সংস্থা উৎপাদন ও ব্যবসায়িক কর্মে নিযুক্ত, শেষোক্তটি কৃষিভিত্তিক প্রকল্প রূপায়ণের জন্য ১৯৮৬ সালে গঠিত হয়েছিল। বর্তমানে ঐ প্রকল্পটি নভেম্বর ১৯৯০ সাল থেকে পরিবেশ দূষণজনিত কারণে বন্ধ আছে।

৪। এই বিভাগের সংস্থাগুলির প্রধান কার্যাবলি নিম্নরূপ—এই রাজ্যের রাসায়নিক শিল্পগুলির জন্য মৌল রাসায়নিক দ্রব্যাদি যথা—কস্টিক সোডা লাই, লিকুইড ক্লোরিন, মনোক্লোরোবেনজিন, সিনথেটিক ফেনল প্রভৃতি উৎপাদনে দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড নিযুক্ত রয়েছে। ওয়েস্টিংহাউস স্যাক্সবি ফার্মার লিমিটেড, বিশেষত ভারতীয় রেলওয়ের জন্য সিগন্যালিং যন্ত্রপাতি, ব্রেক্স্ ইত্যাদি তৈরি করছে। ইলেকট্রো-মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্ট্রিজ লিমিটেড এক্স-রে মেশিন ও বায়ো-মেডিক্যাল যন্ত্রপাতি উৎপাদন করছে। ওয়েস্ট বেঙ্গল কেমিক্যালস্ ইণ্ডাস্ট্রিজ লিমটেড ঔষধ ও অন্যান্য শিল্পের জন্য রাসায়নিক দ্রব্যাদি প্রস্তুত করছে। ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যাণ্ড কেমিক্যালস্ লিমিটেড রেকটিফায়েড স্পিরিট, কান্ট্রি স্পিরিট ও শিল্পে ব্যবহৃত অ্যালকোহল প্রস্তুত করছে। শালিমার ওয়ার্কস (১৯৮০) লিমিটেড জাহাজ নির্মাণ, জাহাজ মেরামতি ও সাধারণ ইঞ্জিনিয়ারিং কর্মে নিযুক্ত রয়েছে। সরস্বতী প্রেস লিমিটেড মুদ্রণ ও তৎসম্পর্কিত কার্যাদি করে চলেছে। গ্লুকোনেট হেল্থ লিমিটেড জীবনদায়ি বাল্ক ড্রাগ যেমন পেথিডিন, স্টিবানেট প্রস্তুতির ক্ষেত্রে একমাত্র স্বদেশি প্রতিষ্ঠান যা অন্যান্য ঔষধপত্রাদি তৈরির কাজেও নিযুক্ত। ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউজিং কর্পোরেশন শিল্পে ও কৃষিক্ষেত্রে বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষণে সুযোগ করে দিচ্ছে।

৫। ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউজিং কর্পোরেশন লাভ করে চলেছে এবং নিয়মিতভাবে সরকারকে লভ্যাংশ দিচ্ছে। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, এই নিগমটির বাণিজ্যিক সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত। সরস্বতী প্রেস লিমিটেড এবং ইলেকট্রো-মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্ট্রিজ লিমিটেড তাদের কাজকর্মের প্রভূত উন্নতিসাধন করেছে এবং ব্যবসায়ে লাভ করা শুরু করেছে। দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেড প্রভূত উন্নতি ঘটিয়েছে। পরিকল্পনা-বহির্ভূত খাতে ঋণ নেওয়ার ক্ষেত্রে সংস্থাটির সরকারের উপর নির্ভরশীলতা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। কস্টিক ক্লোরিন ও মনোক্লোরোবেঞ্জিন প্ল্যান্টে উৎপাদন ক্ষমতারও উন্নতি হয়েছে। কস্টিক ক্লোরিন প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা ৫০% বৃদ্ধি করার লক্ষ্যে ভারত সরকারের কাছ থেকে কোম্পানিটি একটি শিল্প লাইসেন্স পেয়েছে। অ-তরলীকৃত ক্লোরিনকে স্নিফ গ্যাসে পরিণত করার জন্য একটি নতুন এইচ. সি. এল. প্ল্যান্ট বসানো হয়েছে। ওয়েস্ট বেঙ্গল

কেমিক্যালস্ ইণ্ডাস্টিজ লিমিটেড এবং ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যাণ্ড কেমিক্যালস লিমিটেড কাজকর্মও যথেষ্ট সন্তোষজনক এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে সরকারের উপর নির্ভরশীলতা প্রায় নেই বললেই চলে।

৬। আর্থসামাজিক লক্ষ্য থেকে বিচ্যুত না হয়ে, কোম্পানিগুলিকে বাণিজ্যিক দিক থেকে লাভজনক করে তোলার লক্ষ্যে, এই বিভাগের ১৯৯৬-৯৭ সালের বার্ষিক পরিকল্পনা রচিত হয়েছে যাতে চালু পুনরুজ্জীবন/আধুনিকীকরণ প্রকল্পগুলির উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশন্যাল রিসার্চ ডেভেলপমেন্ট কর্পোরেশনের কারিগরি দক্ষতার সাহায্য নিয়ে, ইলেকট্রো-মেডিক্যাল অ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্টিজ লিমিটেড মানবদেহ থেকে রক্ত সংগ্রহ ও সংরক্ষণের জন্য পি. ভি. সি. ব্লাড ব্যাগ উৎপাদনের একটি কর্মসূচি গ্রহণ করেছে। এদের 'প্রোজেক্ট কনসালটেন্ট' মেসার্স হিন্দুস্থান ল্যাটেক্স লিমিটেড ১৫ কোটি টাকার (আনুমানিক) একটি প্রোজেক্ট রিপোর্ট জমা দিয়েছে, যা এই সরকারের পাবলিক এন্টারপ্রাইজ সেলের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। দুর্গাপুর কেমিক্যালস্ লিমিটেডও পুরানো প্ল্যান্টগুলির পরিবর্তন, পরিবর্ধন ও আধুনিকীকরণ এবং এর উৎপাদিত দ্রব্যের বহুমুখিকরণের একটি কর্মসূচি ধাপে ধাপে রূপায়িত করছে। গত বছর ইস্টার্ন ডিস্টিলারিজ অ্যাণ্ড কেমিক্যালস্ লিমিটেডের 'এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট' সাফল্যের সঙ্গে স্থাপিত হয়েছে। সরস্বতী প্রেসের 'সিকিউরিটি প্রিন্টিং প্রকল্প' পশ্চিমবঙ্গ সরকারের স্ট্যান্ডিং অ্যাডভাইসারি কমিটির নীতিগত অনুমোদন লাভ করেছে। বিদেশ থেকে গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি আমদানির মাধ্যমে আনুমানিক ১২.৬৬ কোটির 'ফেজ-১' কর্মসূচি প্রায় সমাপ্তির পথ্যে ইতিমধ্যে, সরস্বতী প্রেস, পশ্চিমবঙ্গ সরকারের নির্বাচন দপ্তরের পক্ষে, মেদিনীপুর জেলার নাগরিক পরিচয়পত্র মুদ্রণ ও বন্টনের কাজ সমাধা করেছে। এছাড়াও, আসামে সদ্য-সমাপ্ত বিধানসভা নির্বাচনে ৩৯টি বিধানসভার জন্য 'ব্যালট পেপার' মুদ্রণের কাজ সম্পন্ন করেছে।

৭। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, যুক্তরাষ্ট্র সম্প্রতি কেন্দ্রে সরকার গঠন করেছেন। ভারত সরকার গৃহীত আর্থিক নীতি এখন বিবর্তনের পথে। যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ হওয়ায় আমরা এইরকম পরিবর্তনের সঙ্গে ওতপ্রোতভাবে সংযুক্ত। কিন্তু আমি বিনীতভাবে বলতে চাই যে, কর্মচারিদের প্রতি সামাজিক দায়বদ্ধতা মেটাবার ক্ষেত্রে সরকার অধিগৃহীত সংস্থাগুলি যথেষ্ট তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে চললেও আমরা রুগ্নতা বাঁচিয়ে রাখার পক্ষে নই। আমরা দৃঢ়ভাবে এই মত ব্যক্ত করতে চাই যে, অনন্তকাল ধরে রাজ্যের সীমিত সম্পদ থেকে তহবিলের প্রবাহ ঘটিয়ে এই ইউনিটগুলিকে টিকিয়ে রাখা যাবে না। শীঘ্রই এগুলোকে নিজের পায়ে দাঁড়াতে হবে এবং রাজ্য সরকার যাতে এই স্বয়ম্ভরতা সুনিশ্চিত হয় সে ব্যাপারে তার যথাযথ ভূমিকা পালন করবে। পুনরুজ্জীবনের জন্য আমরা জয়েন্ট সেক্টর অংশিদারিত্বকে স্বাগত জানাব। সময়মতো প্রয়োজনীয় উপকরণ পেলে সরকার অধিগৃহীত সংস্থাগুলি বাণিজ্যিক সক্ষমতা অর্জন ও রক্ষা করতে পারবে—এটা পরিলক্ষিত হয়েছে। আমাদের এই লক্ষ্য অর্জনে বিরামহীন প্রচেষ্টার সাথে সাথে এটাও দেখতে হবে যে, কোনও সুযোগ পাওয়ার জন্য দরজা খোলা রাখতে আমাদের যেন কোনও অসুবিধা না থাকে। নিঃসন্দেহে কাজটি বেশ দুরূহ, কিন্তু আমি নিশ্চিত আমাদের সভ্যদের অব্যাহত সমর্থন এবং সহযোগিতার মাধ্যমে আমরা সমস্ত বাধা অতিক্রম করে লক্ষ্যে পৌছাব।

৮। এই সংস্থাগুলি কার্যকরি মূলধনের প্রয়োজন মেটানোর জন্য পরিকল্পনা-বহির্ভূত খাতে ব্যবস্থা রাখার প্রস্তাব করা হলেও, আমাদের অবিরত চেষ্টা রয়েছে যাতে এরা উৎপাদনের জন্য অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলি থেকে অর্থ সংগ্রহ করতে পারে।

৯। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি বলে আমি সরকার পরিচালনাধীন সংস্থার নিয়ন্ত্রণাধীন সরকার অধিগৃহীত সংস্থাগুলির ১৯৯৬-৯৭ সালের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দের দাবি অনুমোদনের জন্য উত্থাপন করছি।

## Adjournment

The House was adjourned at 5.26 P.M. till 11 A.M. on Friday, the 28th June, 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 28th June, 1996 at 11-00 A.M.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 6 Ministers of State and 126 Members.

[11-00 — 11-10 A.M.]

### Presentation of 5th Report of the B.A. Committee

**Mr. Speaker :** I beg to present the 5th Report of the Buisness Advisory Committee as follows :

| | | | | |
|---|---|---|---|---|
| 1.7.96, Monday : | (i) | The West Bengal Finance Bill, 1996. (Introduction, Consideration and passsing)..1½ hours | | |
| | (ii) | Demand No. 12 | Transport Deptt. | ..2 hours |
| | (iii) | Demand No. 77 | | |
| | (iv) | Demand No. 78 | | |
| | (v) | Demand No. 80 | | |
| | (vi) | Demand No. 81 | | |
| | (vii) | Demand No. 36 | Housing Deptt. | ...1 hour |
| | (viii) | Demand No. 35 | Public Health Engineering Deptt. | ..1 hour |
| 2.7.96, Tuesday : | (i) | Demand No. 40 | Refugee, Relief and Rehabilitation Deptt. | ..1 hour |
| | (ii) | Demand No. 47 | Deptt. of Agriculture | ..3 hour |
| | (iii) | Demand No. 48 | | |
| | (iv) | Demand No. 55 | | |
| | (v) | Demand No. 58 | | |
| 3.7.96, Wednesday : | (i) | Demand No. 66 | Irrigation and Waterways Deptt. | 2-½ hours |
| | (ii) | Demand No. 68 | | |
| | (iii) | Demand No. 67 | Water Investigation & Development Deptt. | 1½ hours |
| 4.7.96, Thursday : | (i) | Demand No. 26 | Deptt. of Municipal | |
| | (ii) | Demand No. 90 | Affairs | ..4 hours |
| | (iii) | Demand No. 37 | Urban Development Department | |

| | | | |
|---|---|---|---|
| 5.7.96, Friday : | (i) Demand No. 25 | Public Works Deptt. | 2 hours |
| | (ii) Demand No. 79 | Public Works (Road) Department | |
| | (iii) Demand No. 54 | Deptt. of Food and Supplies | .. 2 hours |
| | (iv) Demand No. 86 | | |
| 8.7.96, Monday : | (i) Demand No. 24 | Deptt. of Commerce & Industries | 4 hours |
| | (ii) Demand No. 53 | | |
| | (iii) Demand No. 75 | | |
| | (iv) Demand No. 76 | | |
| | (v) Demand No. 87 | | |
| | (vi) Demand No. 88 | | |
| | (vii) Demand No. 93 | | |
| | (vii) Demand No. 94 | | |
| | (ix) Demand No. 95 | | |
| | (x) Demand No. 96 | | |
| | (xi) Demand No. 97 | | |
| | (xii) Demand No. 74 | Deptt. of Industrial Reconstruction | |
| | (xiii) Demand No. 92 | Deptt. of Public Undertakings | |
| 9.7.96, Tuesday : | Demand No. 21 | Home (Police) Deptt... | 4 hours |

Now I request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 5th Report of the Business Adviosry Committee as Presented in the House. be agreed to.

The motion was then put and agreed to.

## Starred Questions

## (to which Oral answers were given)

### রেশন কার্ড প্রদান

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় রেশন কার্ডের জন্য নতুন আবেদনকারীদের রেশন কার্ড দেওয়া বন্ধ আছে ;

(খ) রেশন কার্ড প্রদানের ক্ষেত্রে এম এল এ, গ্রাম পঞ্চায়েত প্রধান বা পঞ্চায়েত সমিতির সুপারিশ কর্তৃপক্ষ গ্রহণ করছেন না ; এবং

(গ) রাজ্যে ভুয়ো রেশন কার্ড বাতিল করার ক্ষেত্রে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ**

(ক) না।

(খ) না। ইহা সত্য নয়। আবেদনকারীর আবেদনপত্র যদি কোনও এম এল এ, এম পি বা ত্রিস্তর পঞ্চায়েত সদস্যের সুপারিশ থাকে তবে সেই সুপারিশের যথাযোগ্য গুরুত্ব দেওয়া হয়।

(গ) ভুয়ো রেশনকার্ড বাতিল করার ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসারে সরকারি পরিদর্শক দ্বারা বিভিন্ন রেশন দোকানে 'ম্যানিং' করার ব্যবস্থা আছে। তাছাড়া দোকানগুলিতে মাঝে মাঝে বিশেষ অভিযান চালিয়ে ভুয়ো রেশনকার্ড ধরা হয় এবং সেগুলিকে বাতিল করা হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছ থেকে আমি জানতে চাইছি, এই পর্যন্ত কত সংখ্যক রেশন কার্ড আপনার দপ্তর থেকে বিলি বণ্টন করা হয়েছে?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** আমরা ভুয়ো কার্ড যেটা আছে সেটা ধরার চেষ্টা করি, এখন পর্যন্ত যেটা ধরা পড়েছে সেটা হচ্ছে ৯৫-৯৬ সাল অবধি ৫ লক্ষ ৪ হাজার ২০৯টি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভুয়ো রেশন কার্ড তো ধরা হয়েছে, আমি জানতে চাইছি কত কার্ড বিলি করেছেন। আমার অভিজ্ঞতা হচ্ছে, বিলম্বিত হচ্ছে। এই পর্যন্ত কত কার্ড আপনার দপ্তর থেকে বিলি হয়েছে?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** এর জন্য আলাদাভাবে নোটিশ দিতে হবে। আমাদের যে পদ্ধতি আছে, এম এল এ, এম পি এবং গ্রাম পঞ্চায়েতের সদস্যরা যদি রেকমেন্ডেশন করেন, এই রেকমেন্ডেশন করার পদ্ধতি আছে, অ্যাপ্লিকান্ট যিনি অ্যাপ্লাই করেছেন, তার যে কোনও জায়গায় রেশন কার্ড ছিল না, এই রকম পরিষ্কারভাবে যদি সার্টিফিকেট দেওয়া হয় তাহলে ওর অ্যাপ্লিকেশন কনসিডার করা হয় এবং রেশন কার্ড দেওয়া হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভুয়ো রেশন কার্ড কত বললেন?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** পাঁচ লক্ষ চার হাজার দুশো নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী আমার তৃতীয় প্রশ্ন ছিল এই পর্যন্ত দেখা যাচ্ছে বিভিন্ন গ্রামাঞ্চলে রেশন ডিলারশিপের ব্যাপারটা অ্যাডিকোয়েট নয়। রেশন ডিলারশিপ বাড়ানোর জন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** রেশন ডিলারদের দোকানে ভেকেন্সি ডিক্লেয়ারড হওয়ার যে পদ্ধতি আছে, সেই পদ্ধতিতে সেখানে দিয়ে দেওয়া হয়। সেখানে ডিলারশিপ দেওয়া হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিষয়টা হচ্ছে যে ভুয়ো রেশন কার্ড পাঁচ লক্ষের উপর ধরা হয়েছে। এটা যেমন ধরা দরকার কিন্তু আরেকটা সিরিয়াস প্রবলেম যেটা, বিধায়করা আছেন সবাই একমত হবেন, কোনও কোনও এলাকায় আপনার প্রচুর জেনুইন রেশন কার্ড পায় নি। দীর্ঘদিন ধরে আবেদন করে আসছে। এটা একটা বিরাট সংখ্যা আর রেশন কার্ড ছাপানো হচ্ছে না। এই জন্য অসুবিধা কিন্তু নির্বাচনের আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন ১ কোটি রেশন কার্ড দেওয়া হবে। তাছাড়া পশ্চিমবাংলায় রেশন কার্ডের অ্যাপ্লাই করেছে অথচ এখনও পায় নি। এই সংখ্যাটা কত? আপনারা তার কোনও আসেসমেন্ট করেছেন কি?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** মাননীয় সদস্য এটা নিশ্চয় জানেন একমাত্র পশ্চিমবাংলা ছাড়া আর কোনও স্টেটে ইন্ডিভিজুয়াল রেশন কার্ড নেই। ফ্যামিলি রেশন কার্ড দেওয়া হয়। রেশন কার্ড প্রিন্টিং এ আমাদের কিছু অসুবিধা হয়েছে। তবে আমরা কার্ড প্রিন্টিং করছি। ২০-১২-৯৫ থেকে ২৫-৮-৯৬ পর্যন্ত ৪৯ লক্ষ ৯ হাজার কার্ড আমরা ডিস্ট্রিক্টে সাপ্লাই করে দিয়েছি। আমার মনে হয় জেলায় কাজ শুরু হয় গেছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** প্রিটিং কেস নাম্বারটা দিতে পারবেন?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** কোনও প্রিটিং কেস নাম্বার নেই।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বাংলাদেশ এর আগে মানে পূর্ব পাকিস্তান থেকে ৩০/৪০ বছর আগে যারা এইখানে এসেছেন, সেই সমস্ত উদ্বাস্তু যারা এখানে স্থায়ীভাবে বসবাস করছেন তাদের ক্ষেত্রে রেশন কার্ড পেতে খুব অসুবিধা হচ্ছে। তাদের জন্য কী ব্যবস্থা অবলম্বন করেছেন? আরেকটা কথা হল যে প্রতিটি ব্লক অফিসে যে স্থায়ী সমিতি আছে তাতে যারা ইন্সপেক্টর আছেন তারা যোগদান করেন না। তাদের জন্য কী ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** আমি আগেও বলেছি রেশন কার্ড-এর জন্য যদি কোনও অ্যাপ্লিক্যান্ট দরখাস্ত দেন তাহলে আমার অফিসাররা গিয়ে সেটা এনকোয়ারি করবে। আর অ্যাপ্লিকেশনের সঙ্গে একটা সার্টিফিকেট অ্যাটাচড থাকে। সে সার্টিফিকেট এম এল এ দিতে পারেন এম পি দিতে পারেন, গ্রাম পঞ্চায়েত সদস্য দিতে পারেন। এটা আগে যদি ওরা লিখে দেন যে, অ্যাপ্লিক্যান্টের পশ্চিমবাংলার কোথাও কোন রেশন কার্ড নেই, কোনও দিন অ্যাপ্লাই করে নি। একে রেশন কার্ড দেওয়া উচিত। উনার সার্টিফিকেট সামনে রেখে তবেই তাকে দেওয়া হয়।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী মোজাম্মেল হক ঃ** স্যার রেশন কার্ড হয় অফিসারের মাধ্যমে। কিন্তু নতুন রেশন কার্ড পেতে গেলে গ্রাম-গঞ্জ, শহরের মানুষদের হয়রানি হতে হয়। এক্ষেত্রে ইন্সপেক্টরদের

মাধ্যমে পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি থেকে রেশন কার্ড বিলি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কলিমুদ্দিন শামস :** এরকম কোনও ব্যবস্থা নেই। তবে প্রোপোজাল লিখে দিলে তারপর সেটা কনসিডার করা যাবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি ৫ লক্ষ ৪০ হাজার ভুয়ো রেশন কার্ড ধরা পড়েছে। এদের বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**শ্রী কলিমুদ্দিন শামস :** এ সম্বন্ধে এখনও পর্যন্ত কোনও শাস্তির ব্যবস্থা হয় নি। ইট ইজ আন্ডার অ্যাকটিভ কন্সিডারেশন অফ দি গভর্নমেন্ট। উই আর থিংকিং ওভার ইট।

**শ্রী লক্ষ্মণ বাগ্দী :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন রেশন কার্ড নিতে গেলে যে দরখাস্ত করা হয় তাতে এম এল এ, এম পি, পঞ্চায়েত সদস্য বা পঞ্চায়েত প্রধানের সই লাগে। তারা রেকমেন্ডেশন করার পর এনকোয়ারি হয়, তারপর রেশন কার্ড পাওয়া যায়। কিন্তু যারা দীর্ঘদিন ধরে দরখাস্ত করেছেন কিন্তু এখনও পর্যন্ত কোনও এনকোয়ারি হয় নি এবং তার ফলে রেশন কার্ড না পাওয়ার জন্য তারা রেশন পাচ্ছেন না। এই যারা রেশন কার্ড পান নি তাদের ব্যাপারে কী সিদ্ধান্ত নিয়েছেন?

**শ্রী কলিমুদ্দিন শামস :** এরকম কোনও কেস থাকলে আপনি লিখে দেবেন আমি ব্যবস্থা নেব।

**শ্রী হাফিজ আলম সৈরানি :** মাননীয় মন্ত্রী মহাশয়, রেশন কার্ড পেতে হলে বার্থ সার্টিফিকেট দরকার। কিন্তু গ্রামে-গঞ্জের মানুষরা ডেথ সার্টিফিকেট, বার্থ সার্টিফিকেট এগুলো সংগ্রহ করতে পারেন না। তারা রেশন কার্ডের অফিসে বার্থ সার্টিফিকেট দেখাতে পারেন না। বলে তাদের রেশন কার্ড দেওয়া হয় না। এই নিয়ম শিথিল করার কোনও ব্যবস্থা নেবেন?

**শ্রী কলিমুদ্দিন শামস :** রেশন কার্ডের দরখাস্ত যিনি রেকমেন্ডেশন করবেন তিনি যদি লিখে দেন যে, অমুক লোক, অমুক তারিখে যখন জন্ম নিয়েছিলেন তখন সেখানে আমি ছিলাম। তাহলেই তিনি রেশন কার্ড পাবেন। এম এল এ, এম পি, গ্রামপঞ্চায়েতের সদস্য বা প্রধান যখন কেউ ওই দরখাস্তে সই করবেন তখন তিনি লিখে দেবেন যে এই ব্যক্তির অন্য জায়গায় কোনও রেশন কার্ড নেই।

(গোলমাল)

**শ্রীমতী ইভা দে :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি চা-বাগানে কর্মরত শ্রমিকদের রেশন কার্ডের ব্যবস্থা আছে কি?

**শ্রী কলিমুদ্দিন শামস :** চা-বাগানে কর্মরত শ্রমিকদের জন্য স্পেশ্যাল রেশনের ব্যবস্থা আছে। তাদের জন্য সেপারেট সেকশন আছে। সেখানে তাদের একটা লিস্ট আছে। ওই

লিস্টের মাধ্যমে চা-বাগানে কর্মরত শ্রমিকদের রেশন দেওয়া হয়।

**শ্রী কিরিটি বাগদী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এই বিষয়টি। বিয়ের আগে মহিলাদের রেশনকার্ড বাপের বাড়িতে থাকে। বিয়ের পরে সেটা ট্রান্সফারের অসুবিধা হচ্ছে। গ্রামের গরিব মানুষ, অফিসে গিয়ে একদিন এই অফিসারকে পায় না, একদিন ঐ অফিসারকে পায় না, ফলে কার্ড করাতে অসুবিধা হয়। পঞ্চায়েতে থাকাকালীন আমি জানতাম, মায়ের রেশন কার্ড না হলেও বাচ্চাদের রেশনকার্ড হত। কিন্তু নতুন আইনে বলা হচ্ছে, মায়ের রেশন কার্ড না হলে বাচ্চাদেরও হবে না। এই অসুবিধা যাতে দুর হয়, তার জন্য কী ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** এরকম কেস হলে বলে দেবেন, মায়ের বাড়ি থেকে অন্যান্য জিনিসপত্র যেমন শ্বশুর বাড়িতে নিয়ে আসে, সেইরকম রেশনকার্ডটাও যেন নিয়ে আসে এবং সেখানে রেশন অফিসে জমা দিয়ে নতুন কার্ড করিয়ে নেয়।

**শ্রী রাজদেও গোয়ালা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীকে বলতে চাই, রেশনকার্ডের গোলমাল তো খানিকটা মেটাবেন বলছেন, কিন্তু রেশনই তো সাপ্লাই হচ্ছে না। আজ ৮দিন ধরে নর্থ ক্যালকাটায় কোনও জায়গায় গম, চিনি, চাল নেই, সাপ্লাই হচ্ছে না। বলছে ম্যানেজমেন্ট বদলি হয়ে গেছে, অন্য একজন এসেছেন ওয়ার্কারদের ওভারটাইম বন্ধ হয়ে গেছে, ওয়াগান এলে মাল নামানো বন্ধ থাকে। এই ব্যাপারে কী ব্যবস্থা নিয়েছেন জানাবেন।

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, আমাদের অনেক সময় এরকম অসুবিধার সম্মুখীন হতে হয়। তার কারণ এফ সি আই, অনেকক্ষেত্রে একটু গোলমাল করে। এরকম হয় রেলের রেক প্লেস হয় না, এফ সি আই বলে গোডাউন পাওয়া যাচ্ছে না। নতুন এস আর এম এসেছে, তার সাথে কথা বলছি, আশা করছি সেক্ষেত্রে সমস্যার সমাধান হয়ে যাবে।

**শ্রী সুধন রাহা ঃ** উত্তরবঙ্গের চা বাগান এলাকায় নন-ডিপেন্ডেন্ট ওয়ার্কার যারা আছে, তাদের বাগান কর্তৃপক্ষ কোনও রেশন দেয় না, অথচ গ্রামাঞ্চল থেকে রেশন পাওয়ার সুযোগও তাদের নেই। এই সব নন-ডিপেন্ডেন্ট ওয়ার্কারদের রেশন পাওয়ার ব্যাপারে কোনও পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের আছে কি?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** এখনও পর্যন্ত আমরা যে রেশনটা দিচ্ছি সেটা চা বাগানের ওয়ার্কারদের। নন-ডিপেন্ডেন্ট ওয়ার্কার, যারা বাগানে বাস করে, স্বাভাবিক নিয়মে তারা পাচ্ছে না। তারা যদি অ্যাপ্লাই করে তাহলে তাদের রেশন দেওয়া হবে। আমরা রেশন সাপ্লাই করছি শুধু চা বাগানে। এছাড়া অন্য কারও জন্য নয়।

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** দীর্ঘদিন ধরে যে রেশন কার্ডগুলো অপ্রাপ্ত বয়স্কদের নামে রয়েছে তাদের মধ্যে অনেকে এখন প্রাপ্ত বয়স্ক হয়েছে। সেই সব অপ্রাপ্ত বয়স্ক লোকেদের রেশন কার্ড প্রাপ্ত বয়স্ক রেশন কার্ডে পরিণত করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** এর একটা পদ্ধতি আছে। রেশন অফিসে গিয়ে বয়সের প্রমাণ-পত্র দেখালে হয়ে যায়, এটা কোনও ষড় জিনিস নয়।

বালি বিবেকানন্দ সেতু সংস্কার

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬।) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বালি বিবেকনন্দ সেতু সংস্কারের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) কাজটি শেষ হতে কতদিন সময় লাগবে বলে আশা করা যায়?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) ২নং সড়কের অন্তর্গত বালি বিবেকানন্দ সেতুর সংস্কারের কাজটি পূর্ব রেলওয়ে ও পূর্ত (সড়ক) দপ্তর যৌথ ভাবে করেছে। ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত এই কাজে নিম্নলিখিত হিসাবে খরচ হয়েছে ঃ-

| | |
|---|---|
| পূর্ব রেল— | ৪৫০ লক্ষ |
| পূর্ত (সড়ক) বিভাগ— | ১৬৪.৬৪ লক্ষ |
| মোট | ৬১৪.৬৪ লক্ষ |

ডাইভারসন রাস্তা ও মূল সেতুর মিলিত কাজের শতকরা ৪০ ভাগ কাজ এ পর্যন্ত সম্পন্ন হয়েছে।

(খ) কেন্দ্রীয় সরকারের ভূতল পরিবহন মন্ত্রক থেকে প্রয়োজনীয় টাকা সরবরাহ অব্যাহত থাকলে, আশা করা যায় আগামি ১৯৯৮ সালের সেপ্টেম্বর মাসে কাজটি শেষ করা সম্ভব হবে।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বর্তমানে ব্রিজের উত্তর দিকে যে যান চলাচলের রাস্তা রয়েছে সেখানে মেরামতের কাজ চলছে এবং দক্ষিণ দিকে যান চলাচল রয়েছে। উত্তর দিকের কাজ সম্পূর্ণ হয়ে যাওয়ার পরই কি দক্ষিণ দিকের কাজ শুরু হবে? না, কি একই সাথে হবে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আগে উত্তর দিকের কাজ সম্পূর্ণ হবে তার পরে দক্ষিণ দিকের কাজ শুরু হবে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, দক্ষিণ দিকে যে যান চলাচলের রাস্তা রয়েছে সেই রাস্তায় বর্তমানে বাস চলাচল বন্ধ আছে। অথচ লরি চলাচল করছে। এর আগে মাননীয়া বিধায়ক কণিকা গাঙ্গুলি এসম্বন্ধে এখানে মেনশন করেছেন। বে-

আইনি ভাবে রাত্রে পয়সা নিয়ে পুলিশের একাংশ ওখান দিয়ে লরি যেতে দিচ্ছেন। অথচ বাস চলাচল বন্ধ আছে। বাস চালানোর কোনও পরিকল্পনা আছে কি? যেহেতু, লরি চলাচল করছে সেই জন্য সাধারণ মানুষের কাছে এটা প্রশ্ন হিসাবে দেখা দিয়েছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী :** আমরা সব চলাচলই বন্ধ করেছি। কিন্তু মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন সেটা ঠিক, আমাদের কাছেও এটা আসছে এ নিয়ে আমরা পুলিশের সঙ্গে যোগাযোগ করছি এবং দু-বার বৈঠকও তাদের সঙ্গে হয়েছে যে, এইভাবে কিছু পুলিশ কর্মচারী অসৎভাবে ঐসব কাজ করছেন এবং গভীর রাতে ভারী লরি অত্যন্ত রিস্ক নিয়ে যাতায়াত করতে দিচ্ছেন। এটা আমরা পুলিশ কর্তৃপক্ষের নজরে আনার চেষ্টা করছি এবং বন্ধ করার চেষ্টা করছি। অভিযোগটা আমাদের সড়ক বিভাগ পুলিশের কাছে আনতে পারে এবং অনেকটা বিষয় পুলিশের উপর নির্ভর করে। যাই হোক ২৩-১২-৯৫ তারিখে আমরা এটা করার কথা বলেছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বলছেন, যেটা মানছি। লরি একদিকে যাতায়াত যখন বন্ধ করেন নি, দক্ষিণ দিকের রাস্তায় চলাচল করছে, দক্ষিণেশ্বর থেকে বালি যাচ্ছে তখন ৩, ২৫, ২৬, ৫১ ও ৫৬ নম্বর বাসকে যদি চলাচলের সুযোগ দেন তাহলে জনসাধারণের খুব সুবিধা হয়। এর প্রতি আপনাকে নজর দিতে বলছি। ভারবাহী লরি গেলে ব্রিজে ক্ষতি হচ্ছে না অথচ বাস গেলে ক্ষতি হবে সেটা বোধগম্য হচ্ছে না।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** লরিও যাওয়ার কথা নয় কিন্তু যাচ্ছে, এটা অভিযোগ পাচ্ছি। একদিক পুরো বন্ধ। ঐ দিকে কাজ হচ্ছে। আরেকদিক দিয়ে যাচ্ছে এবং ঐ অভিযোগ শুনেছি। আমি নিজেও হঠাৎ করে উপস্থিত হয়ে এটা দেখছি এবং পুলিশকে সেই সমস্ত লরির নম্বর দিয়েছি এবং যারা ডিউটি করছিলেন তাদের সঙ্গে কথা বলেছি। বাসের ব্যাপারে আমাদের সিদ্ধান্ত ছিল যে বাস ব্রিজের এক দিকে প্যাসেঞ্জারদের নামিয়ে দেবে এবং প্যাসেঞ্জাররা রাস্তা ক্রস করে উল্টো দিকে বাস ধরে চলে যাবেন। যাত্রীবাহী বাসের কথা বলেছেন। এ ক্ষেত্রে রিস্ক আছে, যে অবস্থায় গাড়িগুলি যায় তখন নিচের দিক থেকে দেখলে মনে হয় ভয়ঙ্কর রিস্ক নিয়ে তারা যাচ্ছে এবং মনে হয় যে কোনও সময় ব্রিজ ভেঙে গঙ্গায় পড়ে যাবে। এই ধরনের ভারী গাড়ি বা যাত্রীবাহী বাস যেতে অ্যালাও করা মানেই হচ্ছে যে কোনও সময় অ্যাকসিডেন্ট হয়ে যাওয়া, এবং অ্যাকসিডেন্ট হলেই তার দায় সরকারের উপর নেমে আসবে, কাজেই এটা আমরা অ্যালাও করতে পারি না। অনেক সময় বাস স্কুল চিলড্রেনদের নিয়ে যায়। আমরা এক্ষেত্রে ভেবেছিলাম যে মর্নিং সময়ে স্কুল বাসকে যেতে দেওয়া যায় কিনা। কিন্তু পুলিশ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেছি, তারা বলছেন যে দেখুন সকালের দিকে হালকা থাকে ঠিকই কিন্তু একটা স্কুল বাসকে যদি অ্যালাও করি তাহলে সব বাসই যেতে চাইবে, তাই কোনও স্কুল বাসকেই অ্যালাও করা যাবে না। তবে যারা যায় তারা আইন অমান্য করেই যায়।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** স্যার, আমি ওই এলাকার বিধায়ক হিসাবে আশঙ্কা প্রকাশ করছি এ ব্যাপারে এবং সেখানে যাতে অটোরিক্সা যাতায়াত করতে পারে বা অটোরিক্সা চালু থাকে সেটা দেখবেন। আমি অনুরোধ করব ওখানে লরি যাতায়াত পুরোপুরি বন্ধ করে

দেওয়ার জন্য।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** আমরা বলেছি যে, অ্যাম্বুলেন্স, তারপর বাজারে শাক-সব্জি নিয়ে আসা বা নিত্য প্রয়োজনীয় জিনিস আনার জন্য হালকা গাড়িগুলিকে আমরা অনুমতি দিচ্ছি এবং সেখানে তারা যদি যাতায়াতের জন্য স্পেশ্যাল পার্মিশন চান আমরা তাদের পার্মিশন দিচ্ছি, তবে ভারী লরি বা ভারী যানবাহন অ্যালাও করা ঠিক হবেনা।

**শ্রী মোস্তাফা বিন কাশেম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বালির বিবেকানন্দ সেতুর বর্তমান পর্যায় সম্বন্ধে জানলাম। কিন্তু স্যার, উত্তর ২৪ পরগনার মানুষ হিসাবে বালির বাইরে আরেকটি ব্রিজ সম্বন্ধে আপনার অনুমতি নিয়ে জিজ্ঞাসা করতে পারি কি? আমি আপনার অনুমতি নিয়ে বলছি, রাজ্য সরকারকে অভিনন্দন এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমাদের বসিরহাটে ইচ্ছামতী নদীর একটি সেতু হবার ব্যাপারে আপনার দপ্তর নিশ্চয় একটা সময় সীমা করেছেন, কবে নাগাদ ওই সেতুটির কাজ শেষ হবে যদি আমাকে জানান ভালো হয়। মানুষের এই উপকারটা যাতে তাড়াতাড়ি হয় এবং এই ব্যাপারটা যদি আপনি অনুগ্রহ করে বলেন কোন সময়ের মধ্যে বসিরহাটের ইচ্ছামতী নদীর উপর ব্রিজটির কাজ সম্পন্ন হবে?

[11-30 — 11-40 A.M.]

**শ্রী ক্ষিতি গোস্বামী :** মাননীয় সদস্য নিশ্চয় জানেন, যেদিন এই ব্রিজটার ভিত্তি প্রস্তর স্থাপন হয়েছিল সেটা আমাদের অত্যন্ত আনন্দের দিন ছিল। সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন, তাছাড়া তদানিন্তন কেন্দ্রীয় পররাষ্ট্রমন্ত্রী এবং পরিকল্পনা কমিশনের ভাইস চেয়ারম্যান উপস্থিত ছিলেন। যেদিন ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় সেদিনই কেন্দ্রীয় পরিকল্পনা কমিশনের ভাইস চেয়ারম্যানের সঙ্গে অর্থ যোগানের প্রশ্নটি নিয়ে আলোচনা হয় এবং অর্থ যোগানের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এবং টাকাটা কিভাবে দেওয়া হবে সেই প্রতিশ্রুতিও দেওয়া হয়েছিল। সুতরাং অর্থের দিক থেকে আমরা পিছিয়ে নেই। যে এজেন্সিকে দিয়ে কাজটা করানো হচ্ছে সেটা একটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার আন্ডারটেকিং এজেন্সি এইচ এস সি এল এই কাজটা পেয়েছে, কিন্তু কাজটা করবার ব্যাপারে তাদের একটা হেজিটেশন ছিল। যখন আমরা টেন্ডার করেছিলাম তখন অনেকের মধ্যে এইচ এস সি এল ছিল এবং তারা কাজটা করবে বলেও ঠিক করেছিল। বড় বড় ব্রিজের কাজ যখন হয় তখন কস্ট প্রাইসটা বাড়বে ধরেই বাইশ থেকে পঁচিশ পারসেন্ট বাড়িয়ে ধরা হয়। কিছু ভালো ভালো কোম্পানি আছে তারা পঞ্চাশ থেকে ষাট পারসেন্ট অ্যাবাভ টেন্ডার করেছিল। কিন্তু এইচ এস সি এল অ্যাট পার করেছিল। অ্যাট পার কাজ করলে পরবর্তীকালে যখন প্রাইস এসকালেশন হয় তখন গোলযোগ দেখা দেয় অথবা শিডিউল চেঞ্জ হলে তারা নিউ শিডিউলে আমাদের কাছে রেট চায়। এটা আমরা দিতে পারি না। কন্ট্রাক্ট যেভাবে হয় সেটাই আমরা দিই। তাই আমরা জিজ্ঞাসা করেছিলাম আপনারা অ্যাট পার কাজটা সম্পূর্ণ করতে পারবেন কিনা। এইচ এস সি এলের বর্তমানে আমাদের এখানে কোনও কাজ নেই। তাদের বিরাট স্টাফ আছে। সুতরাং তারা বলেছে অ্যাট পারে আমরা কাজটা করব এবং যে স্পেসিফিকেশন দেওয়া হবে সেই ভিত্তিতেই আমরা কাজটা করব। প্রথমে আমরা একটু হেজিটেট করেছিলাম। আমরা বলেছিলাম

কাজটা যদি আপনারা না করেন তাহলে আমাদের রি-টেন্ডার করতে দিন। সেই কারণেই কাজটা শুরু করতে আমাদের দেরি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ওখানে দাঁড়িয়েই ঘোষণা করেছিলেন আমরা নির্দিষ্ট সময়ের মধ্যেই কাজটা শেষ করব। আমরা দেখি অনেক কাজ শেষ করতে দেরি হয়ে যায়। ১৯৯৫ সালে এর ভিত্তি প্রস্তর স্থাপন হয়েছিল, ১৯৯৬ সালে এই ব্রিজের কাজটা আমরা শুরু করব এবং ১৯৯৯ সালের মধ্যেই আমরা কাজটা শেষ করব।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনার উল্লিখিত প্রশ্নের রিলেটেড একটি প্রশ্ন করছি, বিবেকানন্দ সেতুটি ভারতবর্ষের মধ্যে একটি দৃষ্টান্তমূলক সেতু। ব্রিজের একদিকে রেল লাইন আছে এবং আরেকদিকে বাস রাস্তা আছে। ব্রিজের এক দিক দিয়ে যে রেল চলাচল করছে তাতে সেতু সংস্কারের কাজ কোনও বাধা সৃষ্টি করছে কি না।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** রেল চলাচলে বাধার কোনও প্রশ্নই নেই। বিবেকানন্দ সেতুর দুই ধার দিয়ে যাতায়াত ব্যবস্থা আলাদা করে করা আছে। সড়ক ও রেল দুটো আলাদা করা আছে। যেখানে কাজ হচ্ছে সেদিকটা আমরা টিন দিয়ে ঘিরে দিয়েছি, রেলটা এক পাশে পড়েছে। রেলকে একপাশে রেখেই আমরা কাজটা করতে পারি। তবে রেলওয়ে ব্রিজটার অবস্থাও অত্যন্ত খারাপ। প্রভঞ্জন মন্ডলের এলাকায় কিছু ব্রিজ আছে, সেগুলো আমরা তলা থেকে দেখেছি। সেগুলো খুবই কঠিন অবস্থার মধ্যে রয়েছে। এর কারণ হচ্ছে ঐ এলাকায় নুন খুব বেশি হওয়ার ব্রিজের নিচের অংশ নোনা জলে ক্ষয়ে যাচ্ছে। উনি হয়ত নিজেই জানেন না ওদের ওখানে অনেকগুলি ব্রিজ নিচের দিক দিয়ে খেয়ে গেছে। তেমনই বিবেকানন্দ সেতুর ওপর দিয়ে রেলও খুবই আশঙ্কাজনক অবস্থার মধ্যে দিয়ে চলাচল করছে। ঐ সেতুর কাজ করার জন্য রেলওয়ের কাছে যদিও আমরা অনেক দিন আগেই টাকা জমা দিয়েছি, কিন্তু ওরা কাজটা দেরিতে শুরু করেছেন। সড়কের কাজ তাড়াতাড়ি শেষ করে রেল-এর কাজও দ্রুত করতে হবে। তা নাহলে রেল যোগাযোগের ক্ষেত্রেও বিঘ্ন দেখা দিতে পারে।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন, প্রয়োজনে কিছু কিছু ম্যাটাডোরকে ছাড় দেওয়া হচ্ছে, অনুমতি নিয়ে তারা যাতায়াত করছে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি জানেন রাত-৯টা, সাড়ে ৯-টার পর থেকে বড় বড় লরিকেও পুলিশ ছেড়ে দিয়েছে এবং তার ফলে 'ডানলপ মোড়ে' প্রচন্ড যানজট হচ্ছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন এবং আমি এটা আগেই বলেছি—হ্যাঁ অন্যায়ভাবে লরি যাতায়াত করছে। পুলিশের একটা অংশ অসৎভাবে লরি যেতে দিচ্ছে এবং 'ডানলপ'-এ বিরাট যান জট হচ্ছে, বি টি রোডে প্রবলেম তৈরি হচ্ছে। তবে আমি এখানে বলতে পারি, এখন বি টি রোডের ওপর যে চাপ পড়ছে তা আগামী দিনে আর থাকবে না। আমরা বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ে নিয়ে ভূতল পরিবহন দপ্তরের সঙ্গে ইতিমধ্যেই কথা বলেছি এবং কথা অনেকটা এগিয়েছে। অদূর ভবিষ্যতে ঐ রাস্তার কাজ আমরা আরম্ভ করব। ঐ বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে হয়ে গেলে পরে এখন যে ট্রাফিক বি টি রোড দিয়ে 'ডানলপ' হয়ে যাতায়াত করছে তা বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ে দিয়েই দিল্লি রোডে চলে যেতে পারবে। এছাড়া আমাদের ট্রান্সপোর্ট মিনিস্টার ইতিমধ্যেই ঘোষণা করেছেন যে, বিভিন্ন জায়গায় তিনটি ট্রাক টার্মিনাল তৈরি করা হবে এবং সেগুলো শহরের ঠিক বাইরেই হবে যাতে ট্রাক শহর

ব্যবহার করতে না পারে। তখন ট্রাক বি টি রোডও ব্যবহার করতে পারবে না। আমাদের সরকার এই ব্যবস্থা নেবার চেষ্টা করছে এবং ইতিমধ্যেই এ কাজ অনেকটা এগিয়েছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার রিপ্লাই শুনে আমার খুবই আশঙ্কা হচ্ছে। মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে আপনি বললেন, 'বিবেকানন্দ সেতুর মেরামতি কাজ দ্রুত শেষ করতে না পারলে রেল চলাচলের ব্যাপারে বিপদ দেখা দিতে পারে।' এটা খুবই উদ্বেগের কথা। রেলের কোনও দুর্ঘটনা ঘটে গেলে সংঘাতিক ব্যাপার হয়ে যাবে, সুতরাং আপনি এবিষয়ে সংশ্লিষ্ট রেল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেছেন কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী :** ওখানে যে কাজটা হচ্ছে সে কাজটা আমরা করছি না। কাজটা রেলওয়ে করছে। কারণ ব্রিজটা রেলের। এই কাজের জন্য যে, ৬ কোটি ৬৪ লক্ষ টাকা অনুমোদিত হয়েছে তার মধ্যে ৪ কোটি ৬৪ লক্ষ টাকা আমরা ইতিমধ্যেই ডিপোজিট হিসাবে রেল দপ্তরকে জমা দিয়েছি। তারা কন্ট্রাক্টর দিয়ে কাজ করাচ্ছে। রেলের এবং রাস্তার নিচের অংশে তারাই কাজ করছে। দুটো আলাদা আলাদাভাবে ভাগ করে কাজ করছে। সুপরিকল্পিত পরিকল্পনার মধ্যে দিয়ে রেলওয়েই সমস্ত কাজটা করছে।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা, রোডস ডিপার্টমেন্টের একটা আইন আছে। সেটা হচ্ছে, ব্রিজের উপর লোডেড ভিহিকিলস দাঁড়াতে পারে না বলে আমি যতদুর জানি। এই ভিহিকিলস দাঁড়াবার জন্য বহু অসুবিধা হচ্ছে জ্যাম হচ্ছে। তাছাড়া লংজিবিটি ব্রিজের বিপন্ন হচ্ছে। এই বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন? আর একটি হচ্ছে, বাজেটে দেখলাম রাস্তাঘাটের জন্য সি আর এফের কাছ থেকে ১৫০ কোটি টাকা পাওনা। ফলে টাকাটা ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্টের কাছ থেকে যাচ্ছে। পরবর্তীকালে রাজনৈতিক পট পরিবর্তনে কেন্দ্রে যুক্ত ফ্রন্ট সরকার হয়েছে। সেখানে আমাদের তরফ থেকে বিগত দিনে যেটা অনেক চেষ্টা করেও ওরা দেয়নি, সেই সি আর এফের ১৫০ কোটি টাকা, সেটা পাওয়ার জন্য আমাদের রাজ্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী ক্ষিতি গোস্বামী :** এই টাকার ব্যাপারে বিগত সরকার থাকাকালীন আমরা সরকারের পক্ষ থেকে, শুধু আমার দপ্তর নয়, মাননীয় মুখ্যমন্ত্রী নিজে এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলেছেন। এমনকি প্রধানমন্ত্রীর সঙ্গেও কথা বলেছিলেন। অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলেছিলেন এবং শ্রী প্রণব মুখার্জি যিনি পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান ছিলেন তার সঙ্গেও কথা হয়েছিল। তিনি বললেন, এইভাবে এই লায়াবিলিটি বহন করতে পারছেন না। এদিকে আমাদের ঠিকাদাররা বহু জায়গায় কাজ করতে পারবেন না বলে ডিক্লেয়ার করে দিয়েছেন, বিশেষ করে এন এইচ ৬, বোম্বে রোড খারাপ হয়, সেখানে ঠিকাদাররা যুক্ত হয়ে বলে যে আমরা কাজ করতে পারব না, যেহেতু পেমেন্ট পায়নি। সেইজন্য রাজ্য সরকারের কাছ থেকে টাকা ধার করে সেই টাকার একটা অংশ ব্যয় করে বোম্বে রোড রিপেয়ার করে দিয়েছি। এখন মোটামুটি ভাল হয়েছে। এখন কেন্দ্রে বন্ধু সরকার আসার পর চেষ্টা চরিত্র করে কিছুটা রিলিজ করতে পেরেছি। কিন্তু হলে কি হবে? যেহেতু রাজ্য সরকারের ক.৬

থেকে টাকা ধার নেওয়া আছে, সেই টাকা তো তাদের শোধ করে দিতে হবে, কারণ রাজ্য সরকারেরও তো অভাবের সংসার, সেইজন্য রাজ্য সরকার সেই টাকা কেটে নেন। অপরদিকে আমাদেরও পেমেন্ট দিতে হয়, কারণ ঠিকাদাররা পেমেন্ট পাবার জন্য আশা করে বসে থাকেন যে কাজ করেছে তার জন্য। এই ১৫০ কোটি টাকা নিয়ে আমরা কথাবার্তা বলছি। তাতে এখন পর্যন্ত যে জায়গায় দাঁড়িয়ে আছি সেটা হচ্ছে, বিগত দিনে আমাদের যা পাওনা সেই পাওনা সম্পর্কে তারা কোনও পরিষ্কার কথা বললেন না। তারা বলছেন, বিগত পাওনা বিগতভাবে ধরে নেওয়ার চেষ্টা করুন—এইভাবে যেন তারা বলবার চেষ্টা করেছেন, যদিও আমরা তার প্রতিবাদ করেছি। তারা বলছেন, আগামিদিনের যেটা করবেন একটা ভালো কাজ আমরা করতে পারি—আগামি ৫ বছরের জন্য রাস্তাঘাটের প্রশ্নে আপনারা যে যে জায়গায় যে যে কাজ আশা করেন তারজন্য একটা টোটাল পরিকল্পনা করে আমাদের কাছে জমা দিন, এই সরকার থাকতে থাকতে, তাহলে আমরা একটা ভালো কাজ করতে পারি, পরিকল্পনা স্যাংশন্ড করে দিয়ে যেতে পারি। ফান্ড প্লেসিং-এর ব্যাপারে পরবর্তীকালে আলোচনা করতে পারব টাকাটা স্যাংশন্ড করানো থাকলে। এখন এখানকার ন্যাশনাল হাইওয়ের ক্ষেত্রে আমরা কি করতে চাচ্ছি সেটা বলছি, এখন যে অবস্থা আছে তাকে স্ট্রেনদেনিং করা, লোনগুলিকে বাড়ানো এইসব করতে গেলে ৫ বছরের পরিকল্পনা তৈরি করতে হবে। আমরা সেই পরিকল্পনা তৈরি করেছি। পরিকল্পনার বই তৈরি হয়ে গেছে, ছাপানো, টাইপ করা সব কমপ্লিট হয়ে গেছে। আগামি সপ্তাহে দপ্তরের চিফ ইঞ্জিনিয়ার এবং আদারস অফিসার যারা আছেন তারা ওখানে যাচ্ছেন। ওখানে আগামি ৫ বছরের পরিকল্পনা দেওয়া হবে। সেগুলি স্যাংশন্ড হলে আমাদের লাভ হবে। আর ঐ যে টাকাটা পাওনা আছে সেটা তামাদি নয়, যতদূর চেষ্টা করতে পারি আমরা তাই করব। তবে কত টাকা কি রেখে দিয়েছে তার হদিশ পাওয়া যাচ্ছে না। ভূতল পরিবহনের ক্ষেত্রে কত টাকা পাবেন সেটাও বলতে পারেনি, যেহেতু ওদের বাজেট প্রিপেয়ার্ড হয়নি। টোটাল বাজেটের ১৭ পারসেন্ট রোড কমিউনিকেশন দেওয়ার কথা ফাস্ট ফাইভ ইয়ার প্ল্যানে ছিল। কিন্তু সর্ব শেষ কেন্দ্রীয় সরকারে যারা এসেছিলেন, তারা শতকরা দুভাগ করেছিলেন। তাও তারা দিতে পারতেন না। সেই দুভাগই থাকবে না বরাদ্দ আরও বাড়বে সেটা নতুন সরকার ঠিক করবেন। যদি তারা বাড়ান তাহলে আমাদেরও বাড়বে। সেটা বাজেট পাস না করা পর্যন্ত এরিয়ার সম্পর্কে কোনও কথা বলতে পারছি না।

## ডাক্তারবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪১।) **শ্রী ঈদ মহম্মদঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে (১লা এপ্রিল, ১৯৯৬) কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই ; এবং

(খ) কতদিনের মধ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারদের শূন্য পদগুলি পূরণ হবে বলে আশা করা যায়?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) রাজ্যে ১লা এপ্রিল ১৯৯৬ পর্যন্ত বিভিন্ন জেলাতে অবস্থিত মোট ৩৯৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই।

(খ) কয়েকটি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে যার ফলে আগামি এক বছরের মধ্যে অগ্রগতির একটি হিসাব পাওয়া যাবে।

[11-50 —12-00 Noon]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে নতুন কয়েকটি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যার ফলে আগামি এক বছরে এর অগ্রপ্রতি লক্ষ্য করা যাবে। নতুন পদক্ষেপটা কি?

**শ্রী পার্থ দে ঃ** নতুন পদক্ষেপের মধ্যে একটা হচ্ছে, কয়েকটি ক্ষেত্রে যেমন ২৭৮টি ক্ষেত্রে চুক্তির ভিত্তিতে এই ধরনের চিকিৎসা পাওয়া যায় কি না, তার একটা প্রচেষ্টা ইতিমধ্যে নেওয়া হয়েছে। এটা পুরোপুরি সম্পূর্ণ নয়। এর মধ্যে ১৯০ জনকে চুক্তির ভিত্তিতে নিয়োগ করার জন্য আহ্বান করা হয়েছে এবং কেউ কেউ যোগদান করেছেন। এই পরিস্থিতি খতিয়ে দেখে তারপর দেখতে হবে আরও চুক্তির ভিত্তিতে নেওয়া যায় কি না। দ্বিতীয়ত কিছু পাবলিক সার্ভিস কমিশনে শূন্য পদ পূরণের জন্য ডাক্তার চেয়ে পাঠানো হয়েছে। তাদের প্রক্রিয়াতে একটা সময় লাগে। তাদের বলে দিয়েছি নিয়োগ পদ্ধতি যা আছে তাই করবেন। তৃতীয়ত এর আগের বারে পাবলিক সার্ভিস কমিশন থেকে যারা নির্বাচিত হয়েছিলেন, যোগ দেননি এই রকম কেউ কেউ ফিরে আসতে আগ্রহী হয়েছেন। তাদের বলেছি আপনারা আসতে পারেন। সেই জন্য কিছু কিছু শূন্য পদ তাদের দ্বারা পূরণ হবে বলে ধরে নিচ্ছি। সবটা মিলিয়ে যে কাজটা, তার একটা পূর্ণাঙ্গ পরিণতি এক বছরের মধ্যে পাওয়া যাবে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** আপনি বললেন ২৭৮ জনকে নিয়োগ করা হয়েছে। তার শর্তটা কী?

**শ্রী পার্থ দে ঃ** এদের শর্তটা হচ্ছে, ওরা ন্যূনতম কতকগুলো দায়িত্ব পালন করবেন। এদের কতকগুলো অধিকার থাকবে, অর্থাৎ নিজেরা নিজেদের মতো ব্যক্তিগতভাবে চিকিৎসা করতে পারবেন। তাদের বাড়ির পার্শ্ববর্তী একটা স্বাস্থ্য কেন্দ্রে নিয়োগ করা হবে। তারা যদি নিজের বাড়িতে থাকেন তাহলে তাদের ছয় হাজার টাকা করে অ্যালাউয়েন্স দেওয়া হবে। আর সরকারের কাছ থেকে বাড়ি নিলে, তারা যাতে যাতায়াত করতে পারেন তার ব্যবস্থা সরকার থেকে করবে, এই রকম সাধারণ শর্তে তাদের নিয়োগ করা হয়েছে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** আমাদের এই পশ্চিমবঙ্গে ডাক্তারি পড়তে গেলে কোনও ডোনেশন দিতে হয় না কিন্তু অন্য রাজ্যে ডাক্তারি পড়তে গেলে ডোনেশন দিতে হয়। এখানে যারা ডাক্তারি পড়তে আসেন তারা মোটামুটি বিনা পয়সাতেই ডাক্তারি পড়তে পারেন। পি এস সি থেকে ডাক্তার নিয়ে যাদের গ্রামাঞ্চলে পোস্টিং দেওয়া হয় দেখা যায় যে তারা গ্রামাঞ্চলে যেতে যান না। না যাবার ফলে গ্রামাঞ্চলের মানুষরা কষ্টে পড়েন। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, নতুন করে ডাক্তার চেয়ে পাঠিয়েছেন। এ ক্ষেত্রে যারা যেতে ইচ্ছুক হবেন না

তাদের বিরুদ্ধে কি কোনও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে—তাদের রেজিস্ট্রেশন ক্যানসেল করা বা প্রাইভেট প্রাকটিশ বন্ধ ইত্যাদি কি করা হবে যারা যেতে চাইবেন না?

**শ্রী পার্থ দে ঃ** স্বাস্থ্য শিক্ষার ব্যাপারটা তো সরাসরি রাজ্য সরকারের নিয়ন্ত্রণ করেন না, এ সম্পর্কে সর্বভারতীয় নিয়ম আছে, মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া এটা করে। কাজেই এ সম্পর্কে এখন এখানে এটা বোধহয় আলোচনা করা যায় না, ঠিক উত্তরও দেওয়া যায় না। তবে মাননীয় সদস্য যে উদ্বেগ প্রকাশ করেছেন সেই উদ্বেগ লক্ষ্য করেই এবারে আমরা অন্য একটা ধরনের চেষ্টা করছি।

(এই সময় মাইক গন্ডগোল করার মাননীয় মন্ত্রীমহাশয় পাশের মাইক থেকে তার বক্তব্য রাখেন।)

যে সব এলাকাতে এই ধরনের চিকিৎসক পাওয়া কঠিন হচ্ছে, ডাক্তাররা যেতে আগ্রহী হচ্ছে না সেই সব এলাকার কথা চিন্তা করে আমরা পি এস সি কে বলেছি, রিক্রুটমেন্টের ব্যাপারে একেবারে নির্দিষ্ট এলাকা এবং জেলার কথা তাদের বলে দেবেন। এটা হলে তারা নিজেরা সদিচ্ছায় আসবেন, তাদের বলা যাবে যে ওখানেই যান অন্য কোথাও দিতে পারব না। এইভাবে করে দেখা হচ্ছে যাতে একটা পরিবর্তন আনা যায়। আর যে চুক্তির কথা বললাম সেই চুক্তিকে নির্দিষ্ট এলাকার কথাও বলা হচ্ছে। আশা করা হচ্ছে যে কিছু পাওয়া যাবে। কিছু কিছু যোগদান করতে শুরু করেছেন। পরবর্তীকালে সবটা বলতে পারা যাবে।

**শ্রী নীরদ রায়চৌধুরি ঃ** যে সব ডাক্তার নন-প্রাকটিসিং অ্যালাউন্স নিয়েও ঠিক ঠিক সময় হাসপাতালে আসছেন না, থাকছেন না তাদের বিরুদ্ধে মাননীয় মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা নিচ্ছেন বলবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এটা তো সাধারণ নিয়মের কথা। নিয়মের বাইরে যারা যাচ্ছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার ব্যাপারটা বিধিবদ্ধ আছে—তার আইন, নিয়ম আছে। এ ব্যাপারে আমরা সকলকে বলছি। নিয়ম-কানুন তৈরি করা আছে, নতুন নিয়ম চালু করছি না আমরা চাই, সকলে নিয়ম-কানুন মেনে চলুন। নিয়ম পালিত হচ্ছে কিনা সেটা দেখার জন্য নিশ্চয় চেষ্টা করা হবে। হাসপাতালে কোন সময় ঠিক তাদের আসার কথা, কত সময় পর্যন্ত তাদের থাকার কথা, কখন তাদের ছুটি হবে এসব বিষয়গুলি আগে থেকেই জানানো আছে, নতুন করে সকলকে আবার তা জানিয়ে দেওয়া হচ্ছে।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, কিছু স্টুডেন্ট এস সি, বা এস টি না হওয়া সত্ত্বেও জাল এস সি, এস টি সার্টিফিকেট জোগাড় করে মেডিক্যাল কলেজে ভর্তি হয়েছে? এইভাবে ভর্তি হয়ে থাকলে তাদের বিরুদ্ধে কী ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী পার্থ দে ঃ** এরকম কোনও অভিযোগ পাইনি। যদি পাই নিশ্চয়ই ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রী সুভাষ নস্কর ঃ** আপনি যা বললেন, ৩৯৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই—এটা খুবই উদ্বেগের কথা। আমার প্রশ্ন এই ৩৯৭টি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই কি কারণে? কেন্দ্রগুলোতে কি কখনই ডাক্তার ছিল না? বিষয়টা একটু স্পষ্ট করে বললে ভাল হয়।

**শ্রী পার্থ দেঃ** এর পেছনে কয়েকটি বড় কারণ রয়েছে। একটি বড় কারণ হচ্ছে, ডাক্তার নিয়োগ পদ্ধতি। পি এস সিতে ডাক্তার নিয়োগ-পরীক্ষা হবার পর তারা একটা তালিকা তৈরি করেন। সেই তালিকা হবার পর তাদের বলা হয় এই এই জায়গায় আপনাদের দেওয়া হচ্ছে—যাবেন কিনা। এসব পদ্ধতি মেটাতে বেশকিছু সময় চলে যায়। তারপর যেখানে নিয়োগ করা হল সেই জায়গাটা হয়তো তার পছন্দ হল না, ফলে কিছু যোগদানই করলেন না। আবার অনেকে যোগদান করবার পরও চলে আসেন নানা কারণে, যারমধ্যে পারিবারিক কারণও থাকতে পারে। এরকম সব ব্যাপার হয়। এজন্য বরাবর দেখতে পাচ্ছি, সবথেকে দূরবর্তী গ্রামীণ এলাকায় স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ঐ পদগুলো শূন্য থেকে যায়। আর একটি স্বাভাবিক কারণ হল, অনেকে চাকরি করতে করতে নতুন চাকরিতে চলে যান এবং কেউ কেউ অবসর নেন। পদ শূন্য থাকার পেছনে এসব কারণগুলো রয়েছে।

**শ্রী জাহাঙ্গীর করিমঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, হোমিওপ্যাথিক ডি এম এস এবং আর এম এস পাশ করা যে সমস্ত ডাক্তারদের অ্যালোপ্যাথ হাসপাতালগুলোতে নিয়োগ করা হয়েছে সেটা কেন করা হয়েছে, কারণ এসব হাসপাতালে কোনও হোমিওপ্যাথি মেডিসিন নেই। যেহেতু ঐসব ডাক্তারদের সেখানে নিয়োগ করেছেন তারজন্য তাদের পর্যাপ্ত পরিমাণে হোমিওপ্যাথি মেডিসিন সরবরাহ করা যাবে কিনা জানাবেন কি?

**মিঃ স্পিকারঃ** না, না, না ; এই প্রশ্ন এখানে ওঠে না।

**শ্রী নিশিকান্ত মেহেতাঃ** পুরুলিয়া জেলায় বর্তমানে যে ডাক্তার রয়েছেন তার ট্রান্সফার অর্ডার হয়েছে এবং তিনি রিলিভার না দিয়েই চলে আসছেন। আপনি বলছিলেন যে, ৩৯৭টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে ডাক্তার নেই। এক্ষেত্রে জেলাওয়ারি ব্রেকআপটা দিতে পারবেন কি এবং তারমধ্যে পুরুলিয়াতেই বা কতজন ডাক্তার নেই জানাবেন কি?

**শ্রী পার্থ দেঃ** এ-ব্যাপারে নোটিশ দিলে বলে দেব।

### হাসপাতালে বিনামূল্যে ঔষধ সরবরাহ

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৯।) **শ্রী আবু আয়েশ মণ্ডলঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মার্কিন স্বেচ্ছাসেবী সংস্থা 'হার্ট টু হার্ট ইন্টারন্যাশনাল' কর্তৃক এ রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে বিনামূল্যে ঔষধ সরবরাহ করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী পার্থ দেঃ**

রাজ্যের ৪টি সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং ৪টি বেসরকারি হাসপাতালের জন্যে মার্কিন স্বেচ্ছাসেবী সংস্থা হার্ট টু হার্ট ইন্টারন্যাশনাল এর বিনামূল্যে প্রদত্ত ঔষধ ও যন্ত্রপাতি বিগত ১লা এপ্রিল ১৯৯৬ কলকাতায় পৌঁছেছে।

রাজ্যের স্বাস্থ্য অধিকর্তাকে সভাপতি করে একটি কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটি এবং ৪টি মেডিক্যাল কলেজ হাসপাতালের অধ্যক্ষদের সভাপতি করে ৪টি মনিটারিং কমিটি গঠন করা হয়েছে ঐ সমস্ত ঔষধপত্র ইত্যাদির যথা রক্ষণাবেক্ষণ, বণ্টন এবং ব্যবহার সুনিশ্চিত করার জন্য হাসপাতালগুলিতে ঐ কমিটির তত্ত্বাবধানে রোগীদের মধ্যে ঐ ঔষধ বিতরণ করা হচ্ছে।

[12-00 — 12-10 P.M.]

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরে বললেন যে হার্ট টু হার্ট ইন্টার ন্যাশনাল ১-৪-৯৬ তারিখে আমাদের রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে বিনা মূল্যে কিছু ঔষধ এবং যন্ত্রপাতি পাঠিয়েছে। আমি জানতে চাই, এই হার্ট ইন্টারন্যাশনাল যে ওষুধ এবং যন্ত্রপাতি পাঠিয়েছে, আগে কি আমাদের স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এই সমস্ত ঔষধ এবং যন্ত্রপাতির তালিকা পাঠানো হয়েছিল নাকি তারা নিজেদের খুশি মতো পাঠিয়েছে?

**শ্রী পার্থ দে :** এটা ওরা নিজেরাই গিফট করেছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তারা গিফট করেছে। আমি জানতে চাই, এমন কি কোনও ঔষধ পাঠিয়েছে আমাদের রাজ্যের হাসপাতালগুলির জন্য যে ঔষুধগুলি আমেরিকায় নিষিদ্ধ বলে ঘোষণা করা হয়েছে সেইগুলিকে এখানে পাঠানো হয়েছে?

**শ্রী পার্থ দে :** না। এই রকম কিছু ঔষধ আছে—এটা নিয়ে আলোচনা চলছে—যে ঔষধগুলি খুব বেশি কাজে লাগে না, এই রকম কিছু ঔষধ আছে যেগুলি ওদের তালিকার মধ্যে ছিল কিন্তু সরবরাহের সময় আমরা পাচ্ছি না, এই রকম কিছু ঔষধ আছে যে ঔষধের সময় সীমা উত্তীর্ণ হয়ে গেছে। এইগুলি নিয়ে আলোচনা হচ্ছে, এইগুলি ওরা ফেরত নিয়ে নেবে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স অ্যান্ড রিসার্চ প্রতিষ্ঠান

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬।) **শ্রী আব্দুল মান্নান :** স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কল্যাণীতে পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স অ্যান্ড রিসার্চ প্রতিষ্ঠানটির কাজ কোন পর্যায় আছে ;

(খ) ঐ প্রতিষ্ঠানটি কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ;

(গ) উক্ত প্রতিষ্ঠানটির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) কেন্দ্রীয় সরকার কর্তৃক দেয় অর্থের পরিমাণ কত?

**স্বাস্থ্য পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত প্রকল্পের সমীক্ষার কাজ সম্পূর্ণ। চূড়ান্ত প্রতিবেদন পেশ করার কাজটি চলছে।

(খ) এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়।

(গ) ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে এই প্রকল্পের জন্যে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ এগারো কোটি পঞ্চাশ লক্ষ টাকা।

(ঘ) ১৯৯৪-৯৫ আর্থিক বৎসরে এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের অতিরিক্ত পরিকল্পনা সহায়তা বাবদ দশকোটি টাকা পাওয়া গিয়াছে। এই প্রকল্পটির জন্যে কেন্দ্রীয় সরকারের মোট দেয় অর্থের পরিমাণ এখনও চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নাই।

### ডালহৌসি জুট মিলে শ্রমিকের কাজ

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯।) **শ্রী জ্যোতি চৌধুরি ও শ্রী আব্দুল মান্নান ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলার চাঁপদানী পুর এলাকায় অবস্থিত ডালহৌসি জুট মিলে একজন স্থায়ী শ্রমিকের সাথে আরেকজন অস্থায়ী শ্রমিককে যুক্ত করে তাঁত মেশিন চালানো হয় ; এবং

(খ) সত্যি হলে, মিল কর্তৃপক্ষের বিরুদ্ধে রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কিনা?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ ধরনের কোনও নির্দিষ্ট অভিযোগ কোনও পক্ষ হইতে সরকারের কাছে করা হয় নাই।

(খ) প্রশ্নই ওঠে না।

### ব্যাটরা সমবায় ব্যাঙ্কে দুর্নীতি

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪।) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার ব্যাটরা সমবায় ব্যাঙ্ক নিয়ে সরকার কোনও দুর্নীতির অভিযোগ পেয়েছে কিনা ; এবং

(খ) পেয়ে থাকলে, দুর্নীতি রোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) দুর্নীতির অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাঙ্কটি রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক "দুর্বল ব্যাঙ্ক" বলে ঘোষিত হয়েছে। বর্তমানে এই ব্যাঙ্কটি রাজ্য স্তরের পর্যালোচনা কমিটির তত্ত্বাবধানে আছে।

### বিঘাটি মোড় থেকে নসীবপুর পর্যন্ত রাস্তা সংস্কার

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৭০।) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিল্লি রোডের বিঘাটি মোড় থেকে তারকেশ্বর রোডে নসীবপুর পর্যন্ত রাস্তাটি প্রশস্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এরূপ কোনও পরিকল্পনা নেই।

### গড়িয়া সেতু সংযোগকারী রাস্তা সম্প্রসারণ

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২।) **শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গড়িয়া সেতু সংযোগকারী দুই পাশের রাস্তা সম্প্রসারণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে,

(১) ৩১ শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত এ ব্যাপারে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে ; এবং

(২) উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আছে।

(খ) (১) বিভিন্ন পর্যায়ে কাজ হয়েছে এবং পুনর্বাসনের কাজও অনেকখানি হয়েছে।

(২) শুরু হয়েছে।

### বাংলাদেশে চোরাচালান

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৯।) **শ্রী তপন হোড় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, রাজ্যের সীমান্ত দিয়ে কেরোসিন ও বিভিন্ন খাদ্যশস্য বাংলাদেশ চোরাচালন হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, সরকার চোরাচালান বন্ধে কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, কেরোসিন ও বিভিন্ন খাদ্যশস্য কোনও কোনও ক্ষেত্রে সীমান্ত দিয়ে বাংলাদেশে চোরাচালান হচ্ছে।

(খ) সীমান্তবর্তী জেলাগুলিতে চোরাচালান বন্ধের জন্য রাজ্য সরকার রাজ্য পুলিশ এবং বি এস এফ-এর সহিত মাঝে মধ্যেই আলোচনা করেন। এ ব্যাপারে সব সময় সব রকম প্রচেষ্টা চালাবার জন্য ঐ সমস্ত সংস্থাগুলিকে বিশেষভাবে বলা হয়েছে। এছাড়াও জেলাশাসক ও সভাধিপতিদের সঙ্গেও মাঝে মধ্যেই আলোচনা করা হয়। সীমান্তরক্ষী বাহিনী অনেক ক্ষেত্রে চোরাচালানকারীদের গ্রেপ্তার করেছে এবং বহু সামগ্রী বাজেয়াপ্ত করেছে।

## ডিহিকা, ঢাকেশ্বরী ও মরিচকোটা স্বাস্থ্যকেন্দ্র

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮।) **শ্রী শ্যামদাস ব্যানার্জিঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার অন্তর্গত ডিহিকা স্বাস্থ্যকেন্দ্র, ঢাকেশ্বরী স্বাস্থ্যকেন্দ্রও মরিচকোটা স্বাস্থ্যকেন্দ্র তিনটি বহুদিন যাবৎ বন্ধ আছে ;

(খ) সত্যি হলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি বন্ধ থাকার কারণ কি ; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি খোলার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## উলুবেড়িয়া হইতে মাতাপাড়া পর্যন্ত রাস্তা সংস্কার

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০১।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উলুবেড়িয়া হইতে (ভায়া বার্গাগুা) মাতাপাড়া পর্যন্ত রাস্তাটি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আছে এবং কাজ শুরু করা হয়েছে।

## চটশিল্পে গ্র্যাচুয়িটি, প্রভিডেন্ট ফান্ড বাবদ বকেয়া টাকা

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী এই রাজ্যের চটশিল্পে গ্র্যাচুয়িটি, প্রভিডেন্ট ফান্ড বাবদ বকেয়া টাকা (পৃথক-পৃথক ভাবে হিসাব উল্লেখ করে) পরিমাণ কত ; এবং

(খ) উল্লিখিত বকেয়া অর্থ আদায়ের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১শে ডিসেম্বর, ১৯৯৫ তারিখে গ্র্যাচুইটি বাবদ বকেয়া অর্থের পরিমাণ ছিল ৮.৫৯ কোটি টাকা এবং ঐ তারিখে প্রভিডেন্ট ফান্ড বাবদ বকেয়া অর্থের পরিমাণ ছিল মোট ৯৩.৯৫ কোটি টাকা।

(খ) গ্র্যাচুইটি বাবদ বকেয়া অর্থ আমাদের জন্য সংশ্লিষ্ট শ্রমিক কর্মচারী পেমেন্ট অফ গ্র্যাচুইটি অ্যাক্টের বিধান অনুসারে বিভিন্ন আঞ্চলিক লেবার অফিসে কেস দায়ের করেন। সংশ্লিষ্ট কন্ট্রোলিং অথরিটি দায়ের করা গ্র্যাচুইটি সংক্রান্ত কেসগুলি শুনানীর মাধ্যমে গ্র্যাচুইটি বাবদ বকেয়া অর্থ আদায়ের ব্যবস্থা করেন।

প্রভিডেন্ট ফান্ড বাবদ বকেয়া অর্থ আদায়ের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের অধীনস্থ রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড কমিশনারের। এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অ্যান্ড মিসেলিনিয়াস প্রভিসন্স অ্যাক্ট ও ফৌজদারি দন্ডবিধি অনুসারে বকেয়া অর্থ আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়। প্রয়োজনে রাজ্য সরকারের তরফে পুলিশি সাহায্য দেওয়া হয়ে থাকে।

## হাসপাতালে মুমূর্ষ রোগীর স্থানান্তরিকরণ

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫২।) **শ্রী মোজাম্মেল হক ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের মফস্বল জেলাগুলির বিভিন্ন ব্লকে অবস্থিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির মুমূর্ষ রোগীদের উপযুক্ত চিকিৎসার জন্য মহকুমা বা জেলা হাসপাতালে দ্রুত স্থানান্তরিত করার কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কিনা?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বেশ কিছু ব্লক স্বাস্থ্য কেন্দ্রে এই পরিবহন ব্যবস্থা করা হয়েছে। বাকি কেন্দ্রগুলির জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পরিবহন ব্যবস্থা শক্তিশালী করার চেষ্টা হচ্ছে।

## অত্যাবশ্যকীয় সামগ্রী বণ্টন

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০।) **শ্রী সুকুমার দাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যমে কি কি অত্যাবশ্যকীয় সামগ্রী বণ্টন করা হয় ; এবং

(খ) উক্ত বণ্টন ব্যবস্থার মাধ্যমে রাজ্যের কত সংখ্যক মানুষ উপকৃত হন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সমগ্র পশ্চিমবঙ্গ সরকারি বন্টন ব্যবস্থার আওতায় অন্তর্ভুক্ত। এই রাজ্যে সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যমে (১) চাল, (২) গম, (৩) লেভি চিনি, (৪) ভোজ্যতেল, (৫) বিস্কুট, (৬) মশলা, (৭) লবন, (৮) এক্সাসাইজ খাতা, (৯) দিয়াশলাই, (১০) কাপড় কাচা সাবান ইত্যাদি সরবরাহ করা হয়। তাছাড়া খুচরা দোকান হইতে কেরোসিন তেল দেওয়া হয়।

(খ) উক্ত ব্যবস্থার মাধ্যমে রাজ্যের প্রায় ৭ কোটি ৩৭ লক্ষ ২৬ হাজার ৫৪২ জন মানুষ উপকৃত হয়।

## সি এইচ ভি স্বাস্থ্যকর্মী

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩।) শ্রী ইউনুস সরকার : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে সি এইচ ভি (সি এইচ জি, সি এইচ ডব্লিউ), নামে কিছু স্বাস্থ্যকর্মী আছে ;

(খ) সত্যি হলে ঐরূপ কর্মীর সংখ্যা কত ;

(গ) উক্ত স্বাস্থ্যকর্মীদের কি পরিমাণ বেতন দেওয়া হয় ; এবং

(ঘ) এদের বেতন বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, সি এইচ, ভি নামে স্বাস্থ্যকর্মী আছে।

(খ) ৬৯,০৬২ জন।

(গ) কোনও বেতন দেওয়া হয়না, মাসিক ৫০ টাকা সাম্মানিক দক্ষিণা দেওয়া হয়।

(ঘ) না।

## Duties of Security Guards of Edible Oil Refinery & Packing Plant

*152. (Admitted Question No. *309) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that the Security Guards of Edible Oil Refinery & Packing Plant under the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. have been performing their duties on Saturdays without drawing any extra remuneration ;

(b) if so,

(i) the duty hours of the Security Guards as per extant Factories Act, 1947 ;

(ii) the duty hours of other staff and workers working there under the Regulations of Factories Act, 1947 ; and

(c) the steps taken so far to eradicate the discrimination in respect of allotment of duty among various categories of staff and workers in the Factory ?

**Minister-in-charge of the Food & Supplies Department :**

(a) Yes.

(b) (i) The weekly duty hours of the Security Guards will not be more than 48 hours in terms of Sec. 51 of Factories Act, 1948.

(ii) The duty hours of other staff and workers working at E.D.R.P.P. are at present 40 hours in a week.

(c) The authority of the Corporation is following the norms laid down in Sec. 51 of the Factories Act, 1948. The work of the security Guards is round the clock to protect the property of the plant for which they have to be deployed for the entire working hours in a week as provided in the Factories Act. But in case of other categories of workmen at the Plant, there is not enough work to keep them engaged for the entire weekhours provided for in the said work. This has received the attention of the authorities, who are trying to do away with the discrepancy in working hours and in payment of extra wages etc.

রাজ্যে বন্ধ শিল্প কারখানা

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৯।) **শ্রী শিবপ্রসাদ মালিক : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত** মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি শিল্প কারখানা বন্ধ অবস্থায় রয়েছে ;

(খ) তন্মধ্যে ; ইঞ্জিনিয়ারিং শিল্পের সংখ্যা কত এবং

(গ) কারখানাগুলি বন্ধ হওয়ার কারণ কি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১০৬টি শিল্প কারখানা বন্ধ আছে।

(খ) বন্ধ ইঞ্জিনিয়ারিং শিল্পের সংখ্যা ২৬টি।

(গ) অনুপযুক্ত ব্যবস্থাপনা, ব্যবসায়িক ক্ষতি, জমে যাওয়া উৎপাদিত দ্রব্য, অংশীদারদের মধ্যে বিবাদ, এই কারণগুলি প্রধান। শিল্পবিরোধের ঘটনা খুবই কম।

**Proposal of Undertakings the Business of White Kerosene Oil**

*154. (Admitted Question No. *312) **Shri Sanjib Kumar Das:** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether the state Government has been considering the proposal of undertaking the business of White Kerosene Oil through the West Bengal Essential Commodities Supply Corporation Ltd.;

(b) if so, the brief outline of the proposal?

**Minister-in-charge of the Food & Supplies Department:**

(a) No such scheme has yet been received by the Govt. from W.B.E.C.S.C. Ltd.

(b) This does not arise.

**বন্ধ কারখানা ও বেকার শ্রমিক**

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩১।) **শ্রী বুদ্ধদেব ভকত:** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কত ক্ষুদ্র, মাঝারি এবং বড় কারখানা বন্ধ অবস্থায় রয়েছে; এবং

(খ) এর ফলে বেকার হয়ে পড়া শ্রমিকের সংখ্যা কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) বর্তমানে রাজ্যে আনুমানিক মোট ৯টি বড়, ১৫টি মাঝারি এবং ৮২টি ক্ষুদ্র শিল্প বন্ধ হয়ে আছে।

(খ) এর ফলে আনুমানিক বেকার হয়েছেন ৩৭,৯১৬ জন শ্রমিক।

**বীরভূম জেলার বন্ধ স্বাস্থ্যকেন্দ্র**

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৯।) **শ্রী সুনীতি চট্টরাজ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত কতগুলি স্বাস্থ্যকেন্দ্র বন্ধ আছে;

(খ) বীরভূমের খটঙ্গ অঞ্চলের বড়নাতুরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি কতদিন যাবৎ বন্ধ আছে; এবং

(গ) এটি খোলার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বীরভূম জেলায় ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত ১৬টি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার না থাকায় চালু ছিল না।

(খ) বীরভূমের জট খটঙ্গ অঞ্চলের বড়চাতুরি স্বাস্থ্যকেন্দ্রটি চালু আছে।

(গ) প্রশ্ন ওঠে না।

## দামোদর নদের উপর সেতু নির্মাণ

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৭।) **শ্রী নটবর বাগদী :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া এবং বর্ধমান জেলার সংযোগস্থল পারবেলিয়া এবং ডিশেরগড়ে দামোদর নদের উপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, আছে।

## Applicants Waiting for L.P.G

*158. (Admitted Question No. *434) **Shri Akbar Ali Khandakar** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that a large number of applications are waiting for new Domestic Connections of the Liquified Petrolium Gas (L.P.G.) ;

(b) if so :

(i) the number of applications waiting for such connections as on 31st March, 1996 ; and

(ii) the steps taken proposed to be taken by the Oil Companies to clear this backlog ?

**Minister-in-charge of the Food & Supplies Department :**

(a) Yes.

(b) (i) 8,83,666 applicants are waiting for such connection as on 31st March 96.

(ii) The concerned oil companies are the undertakings of Govt. of India. No effective steps have yet been taken or proposed by the oil companies in spite of several requests made from the Govt. of W. Bengal. The issue is being persued by the State Govt. vigorously.

### Performance of U.I.P. in West Bengal

*159. (Admitted Question No. *343) **Shri Sultan Ahmed : Will** the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) the brief outlines of the performance in West Bengal under U.I.P. in terms of achievements as percentage of annual targets and in absolute terms during 1994-95 compared to the correspondings performance at All India Level and in other States of India ; and

(b) rank/position of West Begnal on the basis of such performance?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) The perfomance of U.I.P. in West Bengal during 1994-95 under five items is—

| Item | Target | Achievement | Percentage. |
|---|---|---|---|
| T.T.(Pw) | 1881800 | 1670706 | 88.78 |
| D.T.P | 1710500 | 1639885 | 95.87 |
| Polio | 1710500 | 1655296 | 96.77 |
| BCG | 1710500 | 1778642 | 103.98 |
| Measels | 1710500 | 1533600 | 89.66 |

(b) Figures showing comparative performance of the other states and also the all India position can be had of the five tables.

The position of West Bengal is—

| Item | All India Rank |
|---|---|
| TTPW | 9 |
| DPT | 12 |
| Polio | 11 |
| BCG | 12 |
| Measels | 11 |

**Statewise achievement under U.I.P. during 1994-95**
**TT(PW)**

| State | Target | Achievement | Percentage of achievement | All India Rank |
|---|---|---|---|---|
| Andhra Pradesh | 1804000 | 1861588 | 103.19 | 2 |
| Arunachal Pradesh | 26100 | 10677 | 40.91 | 23 |
| Assam | 778600 | 505964 | 64.98 | 19 |
| Bihar | 3158800 | 1518013 | 48.06 | 22 |
| Delhi | 291600 | 226523 | 77.68 | 15 |
| Goa | 19100 | 20002 | 104.72 | 1 |
| Gujrat | 1298600 | 1258167 | 96.89 | 6 |
| Haryana | 596200 | 481166 | 80.71 | 14 |
| Himachal Pradesh | 162100 | 120696 | 74.46 | 16 |
| Jammu & Kashmir | 275700 | 112620 | 40.85 | 24 |
| Karnataka | 1316300 | 1291342 | 98.10 | 4 |
| Kerala | 565800 | 532905 | 94.19 | 7 |
| Madhya Pradesh | 2585600 | 2379954 | 92.05 | 8 |
| Maharashtra | 2246100 | 1983774 | 88.32 | 10 |
| Manipur | 40600 | 35032 | 86.29 | 11 |
| Meghalaya | 63300 | 20388 | 33.81 | 25 |
| Mizoram | 24800 | 15450 | 62.30 | 20 |
| Nagaland | 27300 | 5792 | 21.22 | 26 |
| Orissa | 993500 | 822964 | 82.83 | 12 |
| Punjab | 612200 | 631331 | 103.12 | 3 |
| Rajasthan | 1730300 | 1237330 | 71.51 | 17 |
| Sikkim | 10000 | 5004 | 50.04 | 21 |
| Tamil Nadu | 1266100 | 1241310 | 98.04 | 5 |
| Tripura | 72600 | 48299 | 66.53 | 18 |
| Uttar Pradesh | 5634100 | 4635668 | 82.28 | 13 |
| West Bengal | 1881800 | 1670706 | 88.78 | 9 |
| INDIA | 27525500 | 22771549 | 82.73 | |

**Statewise achievement under U.I.P. during 1994-95**
**MEASLES**

| State | Target | Achievement | Percentage of achievement | All India Rank |
|---|---|---|---|---|
| Andhra Pradesh | 1631400 | 1640482 | 100.56 | 4 |
| Arunachal Pradesh | 23700 | 12704 | 63.60 | 23 |
| Assam | 702000 | 505361 | 71.99 | 22 |
| Bihar | 2856700 | 1361171 | 47.65 | 24 |
| Delhi | 269200 | 219641 | 81.59 | 16 |
| Goa | 17900 | 19587 | 109.42 | 1 |
| Gujrat | 1177800 | 1136900 | 96.53 | 7 |
| Haryana | 538000 | 460211 | 85.54 | 14 |
| Himachal Pradesh | 146800 | 113158 | 77.08 | 18 |
| Jammu & Kashmir | 249900 | 180690 | 72.30 | 21 |
| Karnataka | 1188600 | 1082337 | 91.06 | 10 |
| Kerala | 532000 | 526163 | 98.90 | 5 |
| Madhya Pradesh | 2281400 | 2210670 | 96.90 | 6 |
| Maharashtra | 2049200 | 1909292 | 93.17 | 9 |
| Manipur | 38100 | 33284 | 87.36 | 13 |
| Meghalaya | 55100 | 16335 | 29.65 | 25 |
| Mizoram | 22300 | 17739 | 79.55 | 17 |
| Nagaland | 25800 | 4168 | 16.16 | 17 |
| Orissa | 870000 | 827042 | 95.06 | 8 |
| Punjab | 559700 | 573825 | 102.52 | 2 |
| Rajasthan | 1545200 | 1171694 | 75.83 | 19 |
| Sikkim | 9200 | 7807 | 84.36 | 15 |
| Tamil Nadu | 1156000 | 1173130 | 101.48 | 3 |
| Tripura | 66700 | 48440 | 72.62 | 20 |
| Uttar Pradesh | 4997800 | 4422369 | 88.49 | 12 |
| West Bengal | 1710500 | 1533600 | 89.66 | 11 |
| INDIA | 24765000 | 21304366 | 86.03 | |

[ 28th, June, 1996 ]

**Statewise achievement under U.I.P. during 1994-95**
**BCG**

| State | Target | Achievement | Percentage of achievement | All India Rank |
|---|---|---|---|---|
| Andhra Pradesh | 1631400 | 1835558 | 112.51 | 5 |
| Arunachal Pradesh | 23700 | 17260 | 72.83 | 23 |
| Assam | 702000 | 560346 | 79.82 | 22 |
| Bihar | 2856700 | 1839407 | 64.39 | 24 |
| Delhi | 269200 | 281711 | 104.65 | 10 |
| Goa | 17900 | 22881 | 127.83 | 1 |
| Gujrat | 1177800 | 1211961 | 102.90 | 14 |
| Haryana | 538000 | 550928 | 102.40 | 15 |
| Himachal Pradesh | 146800 | 123879 | 84.39 | 20 |
| Jammu & Kashmir | 249900 | 252525 | 101.05 | 17 |
| Karnataka | 1188600 | 1229800 | 103.47 | 13 |
| Kerala | 532000 | 613983 | 115.41 | 3 |
| Madhya Pradesh | 2281400 | 2378145 | 104.24 | 11 |
| Maharashtra | 2049200 | 2193184 | 107.03 | 9 |
| Manipur | 38100 | 42793 | 112.32 | 6 |
| Meghalaya | 55100 | 32199 | 58.44 | 25 |
| Mizoram | 22300 | 18759 | 84.12 | 21 |
| Nagaland | 25800 | 7176 | 27.81 | 26 |
| Orissa | 870000 | 966765 | 111.12 | 7 |
| Punjab | 559700 | 658394 | 117.63 | 2 |
| Rajasthan | 1545200 | 1366121 | 88.41 | 19 |
| Sikkim | 9200 | 10006 | 108.76 | 8 |
| Tamil Nadu | 1156000 | 1318963 | 114.10 | 4 |
| Tripura | 66700 | 61353 | 91.98 | 18 |
| Uttar Pradesh | 4997800 | 5091091 | 101.87 | 16 |
| West Bengal | 1710500 | 1778642 | 103.98 | 12 |
| INDIA | 24765000 | 24584146 | 99.27 | |

**Statewise achievement under U.I.P. during 1994-95**
**OPV**

| State | Target | Achievement | Percentage of achievement | All India Rank |
|---|---|---|---|---|
| Andhra Pradesh | 1631400 | 1735393 | 106.37 | 4 |
| Arunachal Pradesh | 23700 | 16831 | 71.02 | 22 |
| Assam | 702000 | 473308 | 67.42 | 23 |
| Bihar | 2856700 | 1830252 | 64.07 | 24 |
| Delhi | 269200 | 223343 | 82.97 | 18 |
| Goa | 17900 | 21220 | 118.55 | 1 |
| Gujrat | 1177800 | 1217972 | 103.41 | 5 |
| Haryana | 538000 | 507610 | 94.35 | 15 |
| Himachal Pradesh | 146800 | 122229 | 83.26 | 17 |
| Jammu & Kashmir | 249900 | 204596 | 81.87 | 20 |
| Karnataka | 1188600 | 1149223 | 96.69 | 12 |
| Kerala | 532000 | 589005 | 110.72 | 2 |
| Madhya Pradesh | 2281400 | 2231232 | 97.80 | 10 |
| Maharashtra | 2049200 | 2093203 | 102.15 | 7 |
| Manipur | 38100 | 36380 | 95.49 | 13 |
| Meghalaya | 55100 | 25180 | 45.70 | 25 |
| Mizoram | 22300 | 18295 | 82.04 | 19 |
| Nagaland | 25800 | 5744 | 22.26 | 26 |
| Orissa | 870000 | 873686 | 100.42 | 9 |
| Punjab | 559700 | 609326 | 108.27 | 3 |
| Rajasthan | 1545200 | 1401272 | 90.69 | 16 |
| Sikkim | 9200 | 8718 | 94.78 | 14 |
| Tamil Nadu | 1156000 | 1194384 | 103.32 | 6 |
| Tripura | 66700 | 50345 | 75.48 | 21 |
| Uttar Pradesh | 4997800 | 5032019 | 100.68 | 8 |
| West Bengal | 1710500 | 1655296 | 96.77 | 11 |
| INDIA | 24765000 | 23431703 | 94.62 | |

**Statewise achievement under U.I.P. during 1994-95**
**DPT**

| State | Target | Achievement | Percentage of achievement | All India Rank |
|---|---|---|---|---|
| Andhra Pradesh | 1631400 | 1733433 | 106.25 | 4 |
| Arunachal Pradesh | 23700 | 16708 | 70.50 | 22 |
| Assam | 702000 | 472413 | 67.30 | 23 |
| Bihar | 2856700 | 1830255 | 64.07 | 24 |
| Delhi | 269200 | 216310 | 80.35 | 20 |
| Goa | 17900 | 20361 | 113.75 | 1 |
| Gujrat | 1177800 | 1174470 | 99.72 | 9 |
| Haryana | 538000 | 505073 | 93.88 | 14 |
| Himachal Pradesh | 146800 | 121746 | 82.93 | 18 |
| Jammu & Kashmir | 249900 | 201097 | 80.47 | 19 |
| Karnataka | 1188600 | 1145657 | 96.39 | 11 |
| Kerala | 532000 | 573718 | 107.84 | 3 |
| Madhya Pradesh | 2281400 | 2215539 | 97.11 | 10 |
| Maharashtra | 2049200 | 2070786 | 101.05 | 6 |
| Manipur | 38100 | 36311 | 95.30 | 13 |
| Meghalaya | 55100 | 24774 | 44.96 | 25 |
| Mizoram | 22300 | 18726 | 83.97 | 17 |
| Nagaland | 25800 | 6370 | 24.69 | 26 |
| Orissa | 870000 | 875801 | 100.67 | 7 |
| Punjab | 559700 | 608015 | 108.63 | 2 |
| Rajasthan | 1545200 | 1391567 | 90.06 | 16 |
| Sikkim | 9200 | 8292 | 90.13 | 15 |
| Tamil Nadu | 1156000 | 1193294 | 103.23 | 5 |
| Tripura | 66700 | 50303 | 75.42 | 21 |
| Uttar Pradesh | 4997800 | 4998164 | 100.01 | 8 |
| West Bengal | 1710500 | 1639885 | 95.87 | 12 |
| INDIA | 24765000 | 2325899 | 93.90 | |

### কাঠের ব্রিজের পরিবর্তে পাকা সেতু নির্মাণ

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৫।) ডাঃ মঃ ফজলে হক্‌ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুচবিহার জেলার দিনহাটা গোসানীমারি রোডে মাসানপাটস্থ কাঠের ব্রিজটির পরিবর্তে একটি পাকা সেতু নির্মাণের কাজ স্থগিত রাখার কারণ কি ;

(খ) কবে নাগাদ পুনরায় উক্ত স্থগিত নির্মাণ কাজ শুরু ; এবং

(গ) কত দিনের মধ্যে তা শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাসানপাট সেতুটির নির্মাণকাজ স্থগিত রাখার কারণ আর্থিক অপ্রতুলতা ও সময়মতো সিমেন্ট যোগানের অভাব।

(খ) আশা করা যায়, আগামী একমাসের মধ্যে কাজ শুরু করা যাবে।

(গ) যদি সেতুটি নির্মাণের জন্য প্রয়োজনীয় বাকি অর্থ ও সিমেন্ট সময়মতো পাওয়া যায় তাহলে আশা করা যায় আগামি মার্চ মাসের মধ্যে (৩১-৩-১৯৯৭) সেতুটির নির্মাণ কাজ শেষ করা যাবে।

### রবীন্দ্রনাথ ঠাকুর রোড থেকে কালিনগর পর্যন্ত রাস্তা নির্মাণ

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৫।) শ্রী শিবদাস মুখার্জি ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের রবীন্দ্রনাথ ঠাকুর রোড (কদমতলা ঘাট) থেকে বগুলা রোডের কালিনগর পর্যন্ত রাস্তার কাজটি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) কাজটি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর রোড (কদমতলা ঘাট) থেকে বগুলা রোডের কালিনগর পর্যন্ত রাস্তাটি কৃষ্ণনগর পৌরসভার অন্তর্গত। রাস্তাটির দৈর্ঘ্য প্রায় ৫ কি.মি। নদীয়া জেলা পরিষদ থেকে প্রাপ্ত ১২ (বার) লক্ষ টাকায় রাজবাড়ি চক থেকে কালীনগর পর্যন্ত এই রাস্তার প্রায় ২.১০ কি.মি. অংশ সম্প্রতি সংস্কার করা হয়েছে।

(খ) প্রয়োজনীয় অর্থের যোগান পেলে বাকি ২.৯০ কি.মি রাস্তা (কদমতলা ঘাট থেকে রাজবাড়িচক পর্যন্ত) পূর্তদপ্তর করে দিতে পারবে।

### বিশ্বব্যাঙ্কের সাহায্যে হাসপাতালের উন্নয়ন

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৮০১।) শ্রী অজয় দে ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের হাসপাতালগুলিকে উন্নয়নমুখি করে তোলার উদ্দেশ্যে বিশ্বব্যাঙ্কের নিকট পেশ করা পরিকল্পনাগুলি কোন পর্যায়ে রয়েছে ;

(খ) তন্মধ্যে কতগুলি হাসপাতাল এই পরিকল্পনার অন্তর্ভুক্ত ; এবং

(গ) নদীয়া জেলার শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালটি-এর অন্তর্গত রয়েছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মার্চ ১৯৯৬ এ বিশ্বব্যাঙ্কের নিকট পেশ করা রাজ্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা-২ (স্টেট হেলথ সিস্টেমস ডেভেলপমেন্ট প্রোজেক্ট-২)টি অনুমোদিত হয়েছে এবং আই ডি এ (IDA) এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

(খ) ১৭০টি হাসপাতাল ও সুন্দরবন এলাকায় ৩৬টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এই পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(গ) হ্যাঁ।

## বিদ্যুতের অভাবে বন্ধ হাসপাতাল

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৩।) **শ্রী অজিত খাঁড়া ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার ভগবানপুর ১নং ব্লকের শিউলিপুরে নতুন হাসপাতালটি বিদ্যুতের অভাবে দুবছর যাবৎ চালু হচ্ছে না, ; এবং

(খ) সত্যি হলে, উক্ত হাসপাতালটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হাসপাতালটির অভ্যন্তরীণ বৈদ্যুতিকরণের কাজ শেষ হওয়া সত্ত্বেও বৈদ্যুতিক সংযোগ স্থাপনের অভাবে হাসপাতালটি চালু করা সম্ভব হচ্ছে না।

(খ) বৈদ্যুতিক সংযোগ (Service Connection) স্থাপিত হলেই চালু হবে।

## মহানন্দা নদীর সেতু নির্মাণ

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৬।) **শ্রী মহবুবুল হকঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মহানন্দা নদীর উপর মালদহ ও উত্তর দিনাজপুরে সংযোগকারী কোনও সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, এই পরিকল্পনাটির রূপরেখা কিরূপ ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) প্রয়োজনীয় অর্থ সংগ্রহের জন্য মালদহ ও উত্তর দিনাজপুর জিলা পরিষদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। বিষয়টির নিষ্পত্তি হলেই নির্মাণ কাজ আরম্ভ হবে।

### পাথরপ্রতিমা স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে উন্নয়ন

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৭।) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার পাথরপ্রতিমা স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় পাথরপ্রতিমা নামে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### হাওড়া জেলায় বন্ধ কলকারখানা

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৭।) **শ্রী জটু লাহিড়ী ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৯১ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৫ পর্যন্ত হাওড়া জেলায় বন্ধ কলকারখানার সংখ্যা কত ; এবং

(খ) এর ফলে কত সংখ্যক শ্রমিক বেকার হয়েছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১লা জানুয়ারি ১৯৯১ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৫ তারিখ পর্যন্ত ৬৮টি কারখানা বন্ধ হলেও ৩১ ডিসেম্বর, ১৯৯৫ তারিখে ১৫টি কারখানা বন্ধ ছিল।

(খ) এই ১৫টি কারখানায় আনুমানিক ৭৪৭৭ জন শ্রমিক বেকার হয়েছেন।

### Gabberia State General Hospital at Panchla

*167. (Admitted Question No. *1014) **Shri Gulsan Mullick : Will** the Minister-in-charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) whether the Gabberia State General Hospital at Panchla is in a dilapidated and unkempt condition at present;

(b) whether it is running in that a permanent Superintendent;

(c) whether there is no proper supply of medicines and repair of pathological machines at the Hospital; and

(d) the steps taken so far by the Government to improve the condition of the Hospital?

**Minister-in-charge of the Health & Family Welfare Department:**

(a) No.

(b) No

(c) No

(d) Required steps have been taken.

## Unstarred Questions

## (to which written answers were laid on the table)

### হুগলি জেলায় বন্ধ কলকারখানা

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৮১।) **শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান:** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে হুগলি জেলায় কোন কোন ছোট, বড়, মাঝারি শিল্প বন্ধ অবস্থায় আছে;

(খ) কতজন শ্রমিক এর ফলে বেকার হয়েছে; এবং

(গ) কারখানাগুলি পুনরায় চালু করার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) ১৩টি (৪টি মাঝারি শিল্প ও ৯টি ক্ষুদ্র শিল্পের উৎপাদন বন্ধ আছে)।

(খ) ২০০৬ (দুই হাজার ছয়)।

(গ) কারখানাটি পুনরায় চালু করার পক্ষে সরকার সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে।

### রাজ্যে রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮।) **শ্রী অজয় দে:** শ্রম (এমপ্লয়মেন্ট) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা কত ;

(খ) ৩০শে ডিসেম্বর, ১৯৭৭ সালে এই সংখ্যা কত ছিল ;

(গ) নদীয়া জেলার ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা কত ; এবং

(ঘ) ৩০শে ডিসেম্বর, ১৯৭৭ সালে ঐ জেলায় এই সংখ্যা কত ছিল?

**শ্রম (এমপ্লয়মেন্ট) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত এই রাজ্যে রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা ৫৪,২৬,৪৪০ জন।

(ক) ৩০শে ডিসেম্বর, ১৯৭৭ উক্ত সংখ্যা ছিল ১৪,০৩,৮৯৯ জন।

(গ) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত নদীয়া জেলার রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা ছিল ২,৮৮,৩৮৯ জন।

(ঘ) ৩০শে ডিসেম্বর, ১৯৭৭ সালে ঐ জেলায় রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ছিল ৭২,৬০১ জন।

### এস.টি.ডব্লিউ. লাইন থেকে গার্হস্থ্য বিদ্যুৎ সরবরাহ

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯।) **শ্রী অজয় দে :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রামীণ এলাকায় এস.টি.ডব্লিউ. থেকে ডোমেস্টিক কানেকশন না দেওয়ার ক্ষেত্রে কোনও নতুন আদেশ জারি করা হয়েছে কি?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

কৃষিকার্যে ব্যবহৃত পাম্পসেটগুলিতে বিদ্যুৎ সরবরাহের জন্য এস.টি.ডব্লিউ. লাইন তৈরী করা হয়। সাধারণত এই লাইন থেকে গার্হস্থ্য প্রয়োজনে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় না। উপরোক্ত ব্যবস্থার ব্যতিক্রম ঘটাবার জন্য কোনও আদেশ জারি করা হয় নি।

### ফুলিয়ায় সাব-স্টেশন

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪।) **শ্রী অজয় দে :** গত ২৬-২-৯৬ তারিখে ১৭৫ (অনুমোদিত *২৭৫) এর উত্তরের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ফুলিয়া ৩৩/১১ কে.ভি. সাব-স্টেশন-এর জন্য কত টাকা বরাদ্দ হয়েছে ; এবং

(খ) কত দিনের মধ্যে এর কাজ শুরু হয়ে যাবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ফুলিয়াতে ৩৩/১১ কে.ভি. সাব-স্টেশন নির্মাণের জন্য ১৭৫.৩২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) জমির উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য ইমারতী কাজ ১৯৯৬-৯৭ আর্থিক বছরেই শুরু হবে বলে আশা করা যায়।

**হাসপাতালের উন্নয়নে বিশ্বব্যাঙ্কের সহায়তা**

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬।) **শ্রী সুকুমার দাশ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে হাসপাতালের উন্নয়নের জন্য বিশ্বব্যাঙ্ক অর্থ সাহায্য করতে চেয়েছে ;

(খ) সত্যি হলে, কতগুলি হাসপাতালকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে ;

(গ) সাহায্য বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(ঘ) মেদিনীপুর জেলার কোন কোন হাসপাতালকে এই পরিকল্পনার সাথে যুক্ত করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) মোট ১৭০টি হাসপাতাল ও সুন্দরবন এলাকায় ৩৬টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এই পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(গ) মোট অর্থের পরিমাণ ৭০১.৪৬ কোটি টাকা।

(ঘ) মেদিনীপুর জেলার মোট ২১টি হাসপাতাল এই পরিকল্পনার অন্তর্ভুক্ত। যথা—

(১) মেদিনীপুর জেলা হাসপাতাল, (২) কন্টাই মহকুমা হাসপাতাল, (৩) ঘাটাল মহকুমা হাসপাতাল, (৪) ঝাড়গ্রাম মহকুমা হাসপাতাল, (৫) তমলুক মহকুমা হাসপাতাল, (৬) হলদিয়া মহকুমা হাসপতাল, (৭) দিঘা স্টেট জেনারেল হাসপাতাল, (৮) খড়গপুর স্টেট জেনারেল হাসপাতাল এবং গ্রামীণ হাসপাতাল, (৯) ভগবানপুর, (১০) বিনপুর, (১১) চন্দ্রকোনা, (১২) দাসপুর, (১৩) ডেবরা, (১৪) এগরা, (১৫) গড়বেতা, (১৬) হিজলি, (১৭) সবং, (১৮) শালবনী, (১৯) রিয়াপাড়া, (২০) কেশপুর, (২১) বার্সুলিয়া প্রভৃতি।

**Profit/Loss of Departmental Stores of the WBECSC Ltd.**

17. (Admitted Question No. *314) **Shri Sanjib Kumar Das :** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) A brief outline of the profit/loss earned/sustained by the WBECSE Ltd. for it, two Departmental Strores at Durgapur and Chinsurah respectively during the financial year 1995-96 (monthwise); and

(b) The total capital investment (Department Storewise) during the period ?

**Minister-in-charge of the Food & Supplies Department :**

(a) The monthwise profit/loss is as follows :

(i) **Durgapur Departmental Stores**

| Month | Profit | Loss |
|---|---|---|
| November, 1995 (14.11.1995 to 30.11.1995) | Rs. 2,385.57 | .. |
| December, 1995 | Rs. 5,688.83 | |
| January, 1996 | Rs. 27,982.82 | |
| February, 1996 | Rs. 8,600,57 | |
| March, 1996 | Rs. 8,060.28 | |
| Total Profit : | Rs. 52.718.07 | |

(ii) **Chinsurah Departmental Stores**

| Month | Profit | Loss |
|---|---|---|
| March, 1996 | Rs. 6,183.93 | .. |
| Total Profit | Rs. 6,183.93 | .. |

(b) (i) Total Capital Investment for Durgapur Departmental Stores is Rs. 2,53,066.60

(ii) Total Capital Investment for Chinsurah Departmental Stores is Rs. 2,08,052.03.

**গ্রন্থাগারিকের শূন্য পদ**

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৪।) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তরপাড়া কোতরং পুরসভার টাউন লাইব্রেরির গ্রন্থাগারিকের দীর্ঘদিন ধরে শূন্য পদটি কবে নাগাদ পূরণ হবে বলে আশা করা যায়?

**গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আগামি দুই মাসের মধ্যে ঐ শূন্য পদটি পূরণ করার প্রয়াস গ্রহণ করা হয়েছে।

**জাগুলি সেতুর নির্মাণের কাজ**

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫০২।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দামোদর নদের উপর ভাগিরথী নদীর মুখে জাগুলি সেতুটি নির্মাণের কাজ আরম্ভ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নিম্ন দামোদর নদের অববাহিকা অঞ্চলে গড়চুমুক থেকে জাগুলি পর্যন্ত প্রায় ১২/১৩ কি.মি. দীর্ঘ নদের দু'পাশের জায়গা জুড়ে একটি বিস্তৃত পরিকল্পনা রচনা করার সিদ্ধান্ত সেচ ও জলপথ দপ্তরে নেওয়া হয়েছে। ঐ পরিকল্পনায় দামোদর এবং ভাগিরথীর সংযোগস্থলে জাগুলিতে দামোদর নদের উপর একটি স্লুইস নির্মাণের প্রস্তাব থাকবে। ঐ স্লুইসটি স্বাভাবিকভাবেই সেতুর কাজও করবে।

(খ) উপরের প্রশ্নের উত্তরে বর্ণিত পরিকল্পনাটি বর্তমানে জরিপ ও অনুসন্ধানের স্তরে আছে। আশা করা যায় যে, আগামি কয়েক মাসের মধ্যে পরিকল্পনাটি রচনার কাজ শেষ করা যাবে। পরবর্তী পর্যায়ে প্রকল্পটি প্রশাসনিক অনুমোদন লাভ করলে কাজ আরম্ভ করা যাবে বলে আশা করা যায়।

**সালারে বাস টার্মিনাল নির্মাণ**

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬০।) **শ্রী ঈদ মহম্মদ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সালারে বাস টার্মিনাল করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

**কৃষ্ণনগরে আদালতগুলির সংযোগকারী রাস্তার উপর আচ্ছাদন**

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৭২০।) **শ্রী শিবদাস মুখার্জি :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগের অবস্থিত জজকোর্ট ও ফৌজদারি কোর্ট এই উভয় কোর্টে যাতায়াতের পথে আচ্ছাদনের ব্যবস্থা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ

(খ) এখনই বলা সম্ভব নয়। তবে, এই ব্যাপারে প্রশাসনিক অনুমোদন যাতে শীঘ্র করা যায় তার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**মালদহে বন্যাত্রাণে অর্থ মঞ্জুর**

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৫।) **শ্রী মহবুবুল হক :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫ সালের বন্যায় মালদহ জেলার চাঁচোল ১নং ও ২নং ব্লকে ক্ষতিগ্রস্তদের গৃহ নির্মাণের জন্য কত পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে কত অর্থ উক্ত এলাকায় বণ্টন করা হয়েছে?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আপাতত চাঁচোল ১নং ব্লকের জন্য ২২,৮৫,৫০০ টাকা এবং চাঁচোল ২নং ব্লকের জন্য ২২,০৫,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(খ) এখনও কোনও অর্থ বণ্টন করা সম্ভব হয় নি। শীঘ্রই উক্ত অর্থ বণ্টন করা হবে।

**যুবমানস পত্রিকা প্রকাশনা**

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৪।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬-এর আর্থিক বছরে যুবমানস প্রকাশনা বাবদ সরকারের

কত পরিমাণ অর্থ ব্যয় হয়েছে ; এবং

(খ) নেতাজির জন্মশতবর্ষ উপলক্ষে উক্ত পত্রিকাটির বিশেষ সংখ্যা প্রকাশ করা হবে কি না?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) যুবমানস প্রকাশনা বাবদ সরকারের ১৯৯৪-৯৫ সালে ৯,১০,৬৩৪ টাকা এবং ১৯৯৫-৯৬ সালে, ৯,৮৫,৯৮৯ টাকা ব্যয় হয়েছে।

(খ) নেতাজির জন্মশতবর্ষ উপলক্ষে যুবমানস পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশনা নিয়ে এখনও পর্যন্ত কোনও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় নি। তবে বিশেষ সংখ্যা প্রকাশনার বিষয়টি দপ্তরের বিবেচনার আছে।

**বজবজ কলেজে অধ্যাপক নিয়োগ**

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৪।) শ্রী **অশোক দেব ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনার বজবজ কলেজে বিভিন্ন বিভাগে অনার্স পাঠক্রম ও বিষয়-ভিত্তিক অধ্যাপক নিয়োগের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, বর্তমানে কোন পর্যায়ে আছে?

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received two notices of Calling Attention, on the following subjects, namely :-

| | | | |
|---|---|---|---|
| 1. | Reported ransacking of the Homeopathy Council Office by Chhatra Parishad on 26.6.96 ; | : | Shri Prabhanjan Kumar Mondal, Dr. Tapati Saha and Shri Rabin Deb. |
| 2. | Reported import of urea fertilizer of inferior quality from Romania by Hindustan Lever Co. Ltd. | : | Shri Sk. Jahangir Karim |

Now I have already admitted the second one earlier, and the Minister shall make the statement on 2.7.96.

Therefore, I have selected the notice of Shri Prabhanjan Kumar Mondal, Dr. Tapati Saha and Shri Robin Deb on the subject of Reported ransacking of the Homeopathy Council Office by Chhatra Parishad on 26.6.96.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 5th July, 1996.

**Mr. Speaker :** I call upon the Minister-in-charge of Cottage and Small Scale Industries Department to make a statement on the subject of closure of Panchra Cotton Mill in Birbhum district.

(Attention called by Shri Suniti Chattaraj on the 19th June, 1996).

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতা কলটির নাম ময়ূরাক্ষী কটন মিল, পাঁচড়া কটন মিল নয়। এই মিলটি বীরভূম জেলার দুবরাজপুরের নিকট পাঁচড়ায় অবস্থিত। এই মিলটি ১৯৯৩ সালের এপ্রিল থেকে চালু আছে এবং নিয়মিত সুতা উৎপাদনও হচ্ছে। সুতরাং এই মিলটি বন্ধ হয়ে যাওয়ায় শ্রমিকরা অনশনে কাটাচ্ছে বা আত্মহত্যা করছেন এরকম কিছু ঘটার কোনও সঙ্গত কারণ নেই। এই ধরনের কোনও দুঃখজনক ঘটনার কোনও রিপোর্টও সরকারের কাছে নেই।

উক্ত মিলটি ১৯৯০ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থারূপে গঠন করা হয়। পুরানো মালিকের কর্মীরা কর্মরত থাকলেও প্রায় ৩০০ কর্মী চাকুরির শর্তাদি মেনে কাজে যোগদান না করে মাননীয় হাইকোর্টে মামলা করে। মামলা এখনও পরিণতি লাভ করে নি। বর্তমানে সেটি মাননীয় সুপ্রীম কোর্টে বিচারাধীন আছে।

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Health and Family Welfare Deptt to make a statement on the subject of non-availability of A.R.V. in Asansol Sub-Divisional Hospital.

(Attention called by Shri Tapas Banerjee on the 20th June, 1996).

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় সদস্য শ্রী তাপস ব্যানার্জি বর্ধমান জেলার আসানসোল মহকুমা হাসপাতাল সহ পশ্চিমবঙ্গে বহু হাসপাতালে কুকুর কামড়ানোর প্রতিষেধক ইনজেকশন না

থাকার বিষয়ে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছেন তার উত্তরে আমি এই বিবৃতি পেশ করছি। রাজ্যে জলাতঙ্ক রোগের প্রতিষেধক ইনজেকশন প্রস্তুতকারী একমাত্র প্রতিষ্ঠান কলকাতার পাস্তুর ইনস্টিটিউটে বর্তমানে সংস্কার কাজ চলায় ঐ প্রতিষ্ঠানে উৎপাদন বন্ধ আছে। সেই কারণে বর্তমানে ঐ প্রতিষেধকটি অন্যান্য রাজ্যের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে রাজ্যের বিভিন্ন হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদিতে সরবরাহ করা হয়ে থাকে। কলকাতার পাস্তুর ইনস্টিটিউট এই প্রতিষেধক সংগ্রহের কাজটি এবং প্রাথমিক বন্টনের কাজটি করে থাকে। বছরের প্রারম্ভেই বিগত বছরের চাহিদা ও ব্যবহারের উপর ভিত্তি করে এই প্রতিষেধক সংগ্রহের পরিমাণের লক্ষ্যমাত্রা স্থির করা হয় এবং বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সংগ্রহের জন্য প্রয়োজনীয় অর্ডার পেশ করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সরবরাহ পাওয়ার পরে পাস্তুর ইনস্টিটিউট চাহিদা অনুযায়ী কলকাতার ক্ষেত্রে সরাসরি ও জেলাগুলির ক্ষেত্রে জেলার রিজার্ভ স্টোরসের মাধ্যমে প্রতিষেধকটি বন্টন করে থাকে। এই ব্যবস্থা সুফল হল সারা বছর ধরেই ধারাবাহিক ভাবে প্রতিষেধকটির সংগ্রহ ও বন্টন চালু রাখা যায় এবং কোনও সময়েই কোনও প্রতিষ্ঠানে প্রতিষেধকটি একেবারে না থাকার মতো অবস্থার সৃষ্টি হয় না।

বিগত আর্থিক বৎসরে পূর্ববর্তী বৎসরের উদ্বৃত্ত প্রতিষেধক সহ সর্বমোট ২০ লক্ষ ৭০ হাজার ৫শত ৩০ মিলিলিটার জলাতঙ্ক রোগের প্রতিষেধক ইনজেকশন পাস্তুর ইনস্টিটিউট কলকাতা থেকে, কলকাতা ও জেলার স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বন্টন করা হয়। বর্তমান আর্থিক বৎসরে সংগ্রহের পরিমাণ আরও বাড়িয়ে ২৫ লক্ষ মিলিলিটার করার কথা চিন্তা করা হয়েছে। অবশ্য এ ব্যাপারে কিছুটা অসুবিধাও আছে। বর্তমানে যে তিনটি প্রতিষ্ঠান অর্থাৎ মুম্বাই-এর হফকিন বায়োফার্মা, নীলগিরি পাস্তুর ইন্সটিটিউট অফ ইন্ডিয়া ও গুইতির কিং ইনস্টিটিউট অফ প্রিভেনটিভ মেডিসিন থেকে আমরা এই প্রতিষেধকটি সংগ্রহ করি সেই প্রতিষ্ঠানগুলি সবসময় আমাদের চাহিদা অনুযায়ী প্রতিষেধকটির সরবরাহ দিতে পারছে না। ধারাবাহিক চেষ্টা সত্ত্বেও মাঝে মাঝে সরবরাহে বিলম্ব হয়ে যেতে পারে। ঔষধ সরবরাহের জন্য অগ্রিম অনুরোধ থাকা সত্ত্বেও উৎপাদনকারী সংস্থাগুলি গুণগত মান পরীক্ষার পর্যায়ে বেশি বিলম্ব হতে দেখা যাচ্ছে। এই প্রক্রিয়া আরও সহজ করার জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

কেন্দ্রীয় সরকারের ডিরেকটর জেনারেল অফ হেলথ সার্ভিসেও অনুরোধ করা হয়েছে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য যাতে উক্ত তিনটি প্রতিষ্ঠানের সরবরাহ আমাদের চাহিদা অনুযায়ী নিয়মিত হয়। এ বৎসর এ পর্যন্ত ৫ লক্ষ মি.লি. প্রতিষেধকের অর্ডার পেশ করা হয়েছে এবং বিভিন্ন কেন্দ্রে সরবরাহ করা হয়েছে ২,৭৬৬৪০ মি.লি.

পাস্তুর ইনস্টিটিউট কলকাতার সংস্কারের কাজও প্রায় শেষ হওয়ার মুখে কয়েকটি পদ্ধতিগত বাধা দূর করে এই প্রতিষ্ঠানের উৎপাদন যথাশীঘ্র সম্ভব শুরু করার জন্য সরকার সচেষ্ট আছে। এই প্রতিষ্ঠান উৎপাদন শুরু করলে জলাতঙ্ক রোগের প্রতিষেধক সরবরাহে আরও উন্নতি ঘটবে বলে আশা করা যায়।

বিশেষ করে আসানসোল মহকুমা হাসপাতালের ব্যাপারে বলা যায় যে বিগত বৎসরের এপ্রিল থেকে এ পর্যন্ত ঐ হাসপাতালে মোট [illegible]৬১৫০ মি.লি. জলাতঙ্ক রোগের প্রতিষেধক

ইনজেকশন সরবরাহ করা হয়েছে। উক্ত সময়ে বর্ধমানে জেলার জন্য মোট সরবরাহ ছিল ১,৭৪,৬১০ মি.লি.। আসানসোল মহকুমা হাসপাতাল এ আর ডি সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে।

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Labour Department will make a statement on the subject of apprehended closure of Jute Mills in the State for want of raw Jutes.

(Attention called by Shri Abdul Mannan and Shri Kamal Mukherjee on the 24th June, 1996)

[12-10 — 2-00 P.M. (including Adjournment)]

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী শান্তি ঘটক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান এবং শ্রী কমল মুখার্জি উত্থাপিত বিধানসভার দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমি নিম্নলিখিত বিবরণ দেবার জন্য অনুমতি প্রার্থনা করছি। কাঁচাপাট এবং তাহার ব্যবহার সম্বন্ধে বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে, ১৯৯৪-৯৫ সালে বিগত বছরের জন্য কাঁচাপাট মজুত ছিল ৯ লক্ষ ৫০ হাজার বেল। কাঁচাপাট উৎপাদন হয়েছিল ৮২ লক্ষ বেল। বাংলাদেশ থেকে আমদানি হয়েছিল সাড়ে ৩ লক্ষ বেল। অর্থাৎ সবসুদ্ধ ৯৫ লক্ষ বেল। সেই বছরে চটকল ব্যবহার করেছিল ৮০ লক্ষ বেল। সাধারণ মানুষ ৬ লক্ষ বেল। অর্থাৎ মোট ৮৬ লক্ষ বেল। ১৯৯৫-৯৬ সালে কাঁচাপাটের মজুত ভান্ডার ছিল ৯ লক্ষ বেল। উৎপাদন ৭৮ লক্ষ বেল এবং আমদানি ১ লক্ষ বেল। মোট ৮৮ লক্ষ বেল। সেখানে পাটের ব্যবহার মিলগুলিতে ৮০ লক্ষ বেল। সাধারণ মানুষ ৬ লক্ষ বেল। মোট ৮৬ লক্ষ বেল। বাড়তি ছিল ২ লক্ষ বেল। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, সারা বছরে কিছু কিছু মিল সাময়িকভাবে বন্ধ থাকে এবং পুরো শিফটে কাজ হয়নি। সুতরাং কিছু কাঁচাপাট উদ্বৃত্ত থাকার কথা। বিগত বছরে আবহাওয়ার অনিশ্চয়তার কারণে পাটের চাষের বিশেষ ক্ষতি হয়। কিন্তু এ বছরে সময় মতো বৃষ্টিপাতের জন্য পাটের ফলন ভাল হবে বলে মনে হয়। আশা করা যায় ১৯৯৬-৯৭ সালে কাঁচাপাটের মোট উৎপাদন কয়েক লক্ষ বেল বাড়বে। এবং সেক্ষেত্রে কাঁচাপাটের মজুত ভান্ডারও কয়েক লক্ষ বেল বাড়ার সম্ভাবনা আছে।

যাহা হউক, কাঁচাপাটের অভাবে কোনও জুটমিল বন্ধ করার আশঙ্কা করে কোনও বিজ্ঞপ্তি শ্রম দপ্তরে এখনও পর্যন্ত পাওয়া যায়নি। আই জে এম এ অবশ্য কাঁচাপাটের অভাবের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছে। শ্রম দপ্তর এই ব্যাপারে জুটমিলের পরিচালক মন্ডলী এবং ট্রেড ইউনিয়নের সঙ্গে বেশ কয়েকবার আলোচনা করেছে। আমি নিজেও গত ২৪-৫-৯৬ এবং ৩-৬-৯৬ তারিখে এই ব্যাপারে আলোচনা করেছি। এই আলোচনাকালে জুট কমিশনার এবং কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলি এই অভিমত ব্যক্ত করেন যে বস্তুত বাজারে কাঁচাপাটের কোনও অভাব নেই, এতৎসত্ত্বেও কিছু জুট মিলে কাঁচাপাটের প্রয়োজনীয় মজুত ভান্ডার নেই। সরকার প্রতিটি জুট

মিলে কাঁচাপাটের মজুত ভান্ডার সম্পর্কে নিয়মিত খবরাখবর নিচ্ছেন এবং পরিস্থিতির উপর সজাগ দৃষ্টি রাখছেন।

জুট কমিশনার কেন্দ্রীয় সরকারের অধীন। কাঁচাপাটের ও পাটজাত দ্রব্যের মজুত নিয়ন্ত্রণ করার দায়িত্ব তার দপ্তরের। তাকে এই দায়িত্ব পালনের জন্য বারবার বলা সত্ত্বেও বিশেষ সুফল হয় নাই। আরও উল্লেখ্য যে জুট কর্পোরেশন অব ইন্ডিয়া বিগত কয়েক বছর বাজার থেকে কাঁচা পাট কিনছে না। ইহার ফলে কাঁচাপাটের অভাব হলে মিলগুলি জে সি আই পাট কেনার সুযোগ পায় না। এমনকি এন জে এম সি-র মিলগুলিও বাজার থেকে চড়া দরে পাট কিনতে বাধ্য হচ্ছে। এইসব কারণেই বর্তমানে এই অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে।

বিভিন্ন জুট মিলের মধ্যে পাটের মজুত ভান্ডারে অসম বণ্টন ও চড়াদাম কাঁচাপাটের তথাকথিত অভাবের কারণ বলে মনে হয়। যেখানে বড় বড় জুট মিলগুলিতে ১০ সপ্তাহের অধিক কাজ চলার জন্য পাটের মজুত ভান্ডার আছে সেখানে ছোট ছোট জুট মিলগুলিতে ১ সপ্তাহেরও কাজ চলার মতো মজুত ভান্ডার নাই। পাটজাত দ্রব্যাদির মূল্য কমে যাবার কথাও মালিকরা বলছে।

কেন্দ্রীয় সরকার ইন্ডিয়ান জুট মেটারিয়ালস (কমপালসরি ইউজ অব জুট প্যাকেজিং) কন্ট্রোল অর্ডার "শীর্ষক একটি আইন ১৯৮৭ সালে জারি করেন। কিন্তু চিনি, সার, সিমেন্ট প্রভৃতি শিল্পের কর্তৃপক্ষ এই আইন মানছে না।

এখানে উল্লেখ্য যে বিভিন্ন জুট মিলের পরিচালকমন্ডলী ওয়ার্কিং শিফটের সংখ্যা হ্রাস করেছেন। এর ফলে কাঁচাপাটের তথাকথিত অভাব এবং উচ্চমূল্যের জন্য প্রতিদিনের কর্মীসংখ্যা হ্রাস পেয়েছে।

সাম্প্রতিককালে কিছু কিছু বন্ধ হয়ে যাওয়া জুট মিলের পরিচালকমন্ডলী বন্ধের কারণ হিসাবে কাঁচাপাটের অভাবকে দায়ী করেননি। কিছু ক্ষেত্রে পরিচালনের অব্যবস্থা অথবা শ্রমবিরোধ জুট মিলগুলি বন্ধ হওয়ার কারণ।

আগামী মরশুমে পাট উৎপাদকগণকে কাঁচাপাটের মূল্য হ্রাস করতে বাধ্য করা এবং পাট শিল্পের জন্য গঠিত এক-সদস্য বিশিষ্ট কমিটিকে প্রভাবিত করা, কাজের শিফট হ্রাসের প্রকৃত কারণ বলে মনে হয়। এছাড়া অনেক জুটমিল শ্রমিকদের প্রাপ্য প্রভিডেন্ট ফান্ড, ই এস আই, গ্র্যাচুইটি বা পেনশন ইত্যাদির টাকা বাকি রেখেছে। তাদের এই ধরনের বে-আইনি ও অন্যায় কাজের সাফাই দেবার জন্য তারা শিল্পে এক অচলাবস্থা সৃষ্টি করছে বলে সন্দেহ হয়।

**Mr. Speaker :** The statements will be circulated.

Now the Minister-in-charge of Health and Family Welfare Department will make a statement on the subject of reported starvation death of one lady health worker of the London Mission Hospital (Jiagunj Sevasadan) of Murshidabad district (Attention called by Shri Mozammel

Haque, Shri Unus Sarkar, Shri Tapan Hore and Shri Prabhanjan Mondal on the 26th June, 1996).

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Partha De :** Sir, with your permission I rise to make the following statement. Smt. Nanda Rani Roy, aged about 50 years had been an employee of Christiya Seva Sadan, Jiaganj for long working as a member of Group-D staff. on 9.6.96 at about 5 P.M. she was declared dead by the Medical Officer on duty at the Jiaganj Block Public Health Centre. The cause of death was internal haemorrhage in brain because of high blood pressure. But, there is no indication whatsoever that she died of starvation.

**মিঃ স্পিকার ঃ** এখন ২টো পর্যন্ত বিরতি।

(At this stage the House was adjourned till 2-00 P.M.)

[2-00 — 2-10 P.M.]

(After Adjournment)

## MENTION CASES

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার যে ডি এ ঘোষণা করেছিল, অন্তবর্তীকালীন অতিরিক্ত যে ডি এ সেই ডি এ সরকারি কর্মচারিরা পেয়ে গেছে, কিন্তু মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষকরা এখনও সেই ডি এ পাইনি। এই ব্যাপারে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, শিক্ষকদের বকেয়া ডি এ পাঠানোর জন্য ব্যবস্থা করুন। কারণ একই যাত্রায় পৃথক ফল হতে পারেনা। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলছি, বাজেট হয়ে যাচ্ছে, দ্রুত টাকা পাঠানোর ব্যবস্থা করুন।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১ ঘণ্টা ৪০ মিনিট ধরে আমাদের হাউসের বিরতি হয়েছে। এখানে আমরা যারা সদস্য আছি তারা বাইরের লনে বসে একটু হালকাভাবে নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করি। কিন্তু গত কয়েকদিন ধরে আমরা দেখছি আমাদের বসার কোনও জায়গা নেই। ওখানে যাত্রাদল চলছে এবং চিৎকার চেঁচামেচি চলছে, যেটা বিধানসভার মর্যাদা নষ্ট করছে এবং সুপ্রাচীন ঐতিহ্যকে নষ্ট করা হচ্ছে। এই যাত্রাদলে বাইরের লোকজনও তারা জড়ো করেছেন, এই সার্কাস বন্ধ করার ব্যবস্থা করা হোক। আমরা যাতে বিশ্রাম নিতে পারি এবং বিধানসভার মর্যাদা যাতে হানি না হয় সেই ব্যবস্থা নেওয়ার জন্য আপনার নিকট আবেদন জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক শিক্ষা পর্ষদের যে পাঠ্য পুস্তক

সেই পাঠ্য পুস্তক পাওয়া যাচ্ছে না, দারুণ সঙ্কট দেখা দিয়েছে। বিশেষ করে সপ্তম শ্রেণীর ইংরাজি বই লার্নিং ইংলিশ এই বইটা গত সপ্তাহে মাত্র ছেপে বেরিয়েছে, যদিও শিক্ষা বর্ষ এপ্রিলের শেষ থেকে শুরু হয়ে গেছে। সেই বইটা জেলায় জেলায় পৌছায়নি অথচ কলেজ স্ট্রিটে ১৮টাকার বই ৫৫ টাকায় নোট সহ বিক্রি হচ্ছে। নবম শ্রেণীর ইংরাজি, অঙ্ক এগুলোর সাপ্লাই নেই অথচ কালোবাজারে বিক্রি হচ্ছে। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই কালোবাজারি বন্ধ হোক।

**মিঃ ডেপুটি স্পিকার :** আজকে কোনও মেনশন বা জিরো আওয়ার নেই।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি :** স্যার, আমি এই সভায় একটা ইনফর্মেশন দিচ্ছি। গতকাল যুব কংগ্রেসের পক্ষ থেকে যে পথ অবরোধ করা হয়েছিল সেই পথ অববোধের ফলে বহু পরীক্ষার্থী আক্রান্ত হয়ে পরীক্ষা হলে পৌছতে পারে নি। অনেকে এক ঘণ্টা, দেড় ঘণ্টা দেরিতে পরীক্ষা হলে পৌছায়। অনেকে পরীক্ষা দিতে পারে নি। এই রকম একটা অবস্থা তৈরি করা হয়েছিল। আমার মনে হয় আমাদের একটা নিন্দাসূচক প্রস্তাব নেওয়া উচিত।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** উই humbly seek your protection। আমি মনে করি আপনি স্যার, প্রোটেকশন দিতে পারবেন। কারণ স্যার, ধরুন আপনি ১১টা থেকে এখানে সভা শুরু করেন। আমরা ১০টা থেকে বেরোই। ৭টা পর্যন্ত থাকি। কোনও কোনও দিন তারও বেশি। আপনি লিজার টাইম দেন এক ঘণ্টা বা সময় অনুযায়ী। তো সেই এক ঘণ্টা আমরা লবি ছাড়া কোথায় বসব। সরকার পক্ষের এম এল এ দের বসার জায়গা কোথায়? আমাদের কিছু ডিসকাশন থাকে, রিল্যাকসেশনও থাকে। As members of the Assembly as members of the august House, We seek your protection. সেখানে যা চলছে, যারা বয়কট করছেন কংগ্রেসের তরফ থেকে, এবারে প্রশ্নটা দাঁড়িয়েছে সেখানে যাত্রা হচ্ছে, সেখানে এইসব জিনিস চলছে। মাস মিডিয়ার তরফ থেকে সেটাকে প্রচার করছে। আমি এর কোনও অবজেকশন করছি না কিন্তু পয়েন্ট ইজ দিস যে ওদের তো নিজের ঘর আছে They have got their place to sit on to have the discussion and also for relaxation. etc আমাদের তো জায়গা নেই। আমরা তো লবিতে বসি। তাহলে বলুন লবি মুক্ত করে ওরা ওদের ঘরে করুক। বয়কট করুক, যাত্রা করুক, মক পার্লামেন্ট করুক অ্যাসেম্বলি করুক নিজের ঘরে বসে করুক। হোয়ার শুড ইউ সীট? স্যার একটা কিছু ব্যবস্থা নেবেন।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমি দেখছি খোঁজ খবর নিয়ে।

## Voting On Demand for Grants

## Discussion on Demand No. 32, 33, 34

## Demand No. 32

**Mr. Deputy Speaker :** There are 19 cut motions which are in order But the motions, except Shri Deba Prasad Sarkar (Motion No. 2) are not moved

(The boycott by the Congress (I) members continued till this moment of the day)

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 1/-.

**Demand No. 33**

**Mr. Deputy Speaker :** There are 22 Cut Motions to the Demand which are in order. But the motions, except Shri Deba Prasad Sarkar (Motion No. 21) are not moved.

(The boycott by the Congress (I) members continued till this moment of the day)

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 34**

**Mr. Deputy Speaker :** There are four cut motions to this Demand which are in order. But the motions are not moved.

(The boycott by the Congress (I) members continued till this moment of the day)

[2-10 — 2-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন আমি সেই বরাদ্দের বিরোধিতা করে এবং আমার আনা কাট মোশনকে সমর্থন করে এখানে আমার প্রতিক্রিয়া জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তিনি নতুন দপ্তরের ভার গ্রহণ করেছেন। আমি জানি তিনি ব্যক্তি হিসেবে খুব নিষ্ঠার সঙ্গে হয়ত তার দপ্তর পরিচালনা করবার চেষ্টা করবেন। কিন্তু সমস্যাগুলো তার বিবেচনা করার জন্য রাখছি। তিনি বলছেন, বাজেট ভাষণে,—নতুন স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালের সংখ্যা বৃদ্ধি করা হবে না। যে স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালগুলো আছে সেগুলোর গুণগত মান উন্নয়ন করার দিকে দৃষ্টি দেবেন বলেছেন। স্বাস্থ্যকেন্দ্র, হাসপাতালের সংখ্যা বাড়ছে না—তার এই ঘোষণা থেকে আশঙ্কা দেখা দিয়েছে। গুণগত মান নিশ্চয় বাড়াতে হবে, কিন্তু বিশেষ প্রয়োজনে স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল বাড়াবার আবশ্যকতা থাকতে পারে। গুণগত মান উন্নয়নের ব্যাপারে সাবজেক্ট কমিটির রিপোর্টে ডাঃ গৌরীপদ দত্ত বলেছেন, Strengthening of block level hospitals, rural hospitals, sub-divisional and district level hospitals with OTs, equipment, specialized doctors etc. should be done in order to reduce the unnecessary crowd of patients in the teaching hospitals and to render curative service to the patients at a place nearer to their places of living. কারেকটলি এই সুপারিশ করা হয়েছে এবং এই সুপারিশের যথেষ্ট

মেরিট আছে বলে আমি মনে করি। কিন্তু what is the exact state of affairs? বাস্তব পরিস্থিতিটা আজকে কোন জায়গায় গিয়ে দাঁড়িয়ে আছে? আজকে টিচিং হসপিটাল, সিটির উপর যে হাসপাতালগুলো আছে সেগুলো থেকে শুরু করে জেলা সদর হাসপাতাল, গ্রামীণ হাসপাতাল, ব্লক লেভেলের প্রাথমিক হাসপাতালগুলোর বাস্তব অবস্থা আজকে কি? সেটা অত্যান্ত করুন, অত্যন্ত বেদনা-দায়ক চিত্র। এব্যাপারে বারংবার সরকারি এবং বিরোধী সকল সদস্যরাই প্রায় প্রতিদিন এই হাউসে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন। সেটা কত করুণ সেটা কতকগুলো উদাহরণ দিলে বোঝা যাবে। গতকালের একটা সংবাদ ওয়েস্ট দিনাজপুরের বালুরঘাটে জেলা সদর হাসপাতাল। সেই হাসপাতালে অপারেশন টেবিলে অপারেশন চলাকালীন অস্ত্রপচারের টেবিল হুড়মুড় করে রোগী শুদ্ধু ভেঙে পড়ে। ডাক্তার, নার্স কোনওরকমে রোগীকে বাঁচিয়েছেন। অপরাধ নেই সেই অস্ত্রপচারের টেবিলের। অপারেশন টেবিলের পাশের টেবিলে যে যন্ত্রপাতি দিয়ে অস্ত্রপচার করা হয়েছে তারা আরও বয়ো-বৃদ্ধ। ৪০ বছরের পুরানো যন্ত্রপাতি দিয়ে সার্জেন, ডাক্তাররা কাটাছেঁড়া করেন। হাসপাতালের এরকম অবস্থা। লোডশেডিং-এর সময় একটা জেনারেটরের ব্যবস্থা আছে, কিন্তু জেনারেটর চালু করবার লোক থাকে না। ফলে টর্চ জ্বালিয়ে তখন অপারেশন করতে হয়। ডাক্তাররা, সার্জেনরা বলেছেন এইরকম অবস্থার মধ্যে সুস্থ মানুষও অসুস্থ হয়ে পড়বেন। ফলে এইরকম একটা মারাত্মক চিত্র চতুর্দিকে রয়েছে, এটা ব্যতিক্রম নয়। আড়াই বছর আগে থেকে হাসপাতাল কর্তৃপক্ষ স্বাস্থ্য দপ্তরের সচিবকে জানিয়েছেন, সমস্ত মহল কে জানিয়েছেন। কিন্তু কোনও প্রতিকার, প্রতি .ধান হয়নি। আর একটা ঘটনা আমি স্পেসিফিক্যালি বলছি, আমার কেন্দ্র জয়নগরের ১নং ব্লকের অধীন পদ্মেরহাট ব্লক প্রাইমারি হেলথ সেন্টার, ১৫ বেডের। এই হেলথ সেন্টারটিকে রুর‍্যাল হাসপাতালে উন্নত করার জন্য আমি এই বিধানসভায় বছরের পর বছর চিৎকার করে শেষ পর্যন্ত মন্ত্রীর সম্মতি পেয়েছিলাম এবং এই বিধানসভায় তিনি ঘোষণা করেছিলেন যে, এটাকে রুর‍্যাল হাসপাতালে উন্নীত করা হবে। ১১-৪-৯০ তারিখে ডিক্লেয়ার করা হল রুর‍্যাল হাসপাতাল বলে। ঐ বছর গভর্নমেন্টের অর্ডারও আছে। রুর‍্যাল হাসপাতাল করার সরকারি নির্দেশ কি? সেখানে মিনিমাম ৩০টি শয্যা থাকবে, একটা এক্সরে মেশিন থাকবে, ডাক্তার থাকবে আটজন। Fifth Five Year Plan suggests that in rural hospital, the number of doctors will be 8, the number of Nurses will be 8 and the beds strength will be 30 along with OPD for different discipline alongwith facilities for Pathology, Bio-chemistry, radiology.

এটা গভর্নমেন্টের অর্ডার। ছ'বছর অতিক্রান্ত হয়েছে। অতীতে ওখানে একটা এক্সরে মেশিন বসাবার ঘরের জন্য ১ লক্ষ ২৪ হাজার টাকা মঞ্জুর হয়েছিল। ঘর হয়ে গেছে ছ'বছর, এখনও এক্স-রে মেশিন বসল না শয্যা সংখ্যা বাড়া, ডাক্তারের সংখ্যা বাড়া তো দুরে থাক। আমি রাইটার্স বিল্ডিংসে যেতে যেতে জুতোর শুকতলা খসিয়ে ফেলেছি, পরে একটা অর্ডার বার হল ২০-৩-৯৬ তারিখে। এক্স-রে মেশিন বসবে, কারণ তার টেকনিশিয়ান অ্যাপয়েন্টমেন্ট ফিনান্স অ্যাপ্রুভ করল, ক্যাবিনেট থেকে পাসও হয়ে ছিল ২০-৩-৯৬ তারিখের এই অর্ডার। কিন্তু আজকে ২৮ শে জুন হয়ে গেল, এখনও এক্স-রে মেশিন বসেনি, ৩০ শয্যা দূরে থাক। অথচ ৬ বছর আগেই এটাকে রুর‍্যাল হাসপাতাল বলে নির্দেশ দেওয়া

হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করতে চাই, পশ্চিমবাংলায় ৯৫টি রুর‍্যাল হাসপাতাল ঘোষণা করা হয়েছে, কিন্তু এর মধ্যে কতগুলি এই পদ্মেরহাট ব্লক প্রাইমারি হেলথ সেন্টারের মতো অবস্থায় আছে? যদি তথ্য থাকে, দয়া করে দেবেন, নাহলে তদন্ত করে দেখবেন। কিন্তু এটা একটা বেদনাদায়ক চিত্র। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গুণগত মান-উন্নয়ন করার জন্য খুশি, কিন্তু আজকে বাস্তব অবস্থা এই হাসপাতালগুলোতে ওষুধ নেই, সাধারণ ব্যান্ডেজ পর্যন্ত পাওয়া যায় না। ম্যালেরিয়ার ওষুধ, সাপে কাটার ওষুধও থাকে না। আপনি কলিং অ্যাটেনশনে বিবৃতি দিলেন, কিন্তু আশ্চর্যের ব্যাপার কুকুরে কামড়ানো প্রতিষেধক না পাওয়া একটা মারাত্মক সঙ্কট পশ্চিমবাংলায়। আপনি বলছেন, পাস্তুর ইনস্টিটিউটে উৎপাদন বন্ধ হয়েছে। পাস্তুর ইনস্টিটিউটের মাধ্যমে সংগ্রহ করা হচ্ছে যেগুলো নেসেসিটি সেগুলো। সেগুলো কি বণ্টন করা হচ্ছে?

[2-20 — 2-30 P.M.]

সঙ্কট এমন কিছু হয়নি। আমি মনে করি, পার্থ দে মহাশয় আপনি বাস্তব অবস্থার সঙ্গে কিছুটা পরিচিত হোন শুধু মাত্র আমলাদের লিখিত বিবৃতি পড়ে জনগণের সমস্যাকে হালকা করবেন না। কুকুড়ে কামড়ানোর ব্যাপারে বিভিন্ন বক্তব্য বিভিন্ন সময় মাননীয় সদস্যরা এখানে বলেছেন। বিষয়টা ওয়ার ফুটিঙের উপর দাড়িয়ে দেখা সরকার। স্যার, বর্ষা আসছে। এই সময় সুন্দরবন অঞ্চল থেকে সাপে কাটা রোগী প্রচুর পরিমাণে আসবে। তাদের জন্য আগাম কি ব্যবস্থা নিয়েছেন। গতবারে এখানে একজন মাননীয় সদস্য বলেছিলেন যে, সাপে কাটা রোগী কিভাবে ইনজেকশনের অভাবে মারা গিয়েছিলেন। কি মর্মান্তিক ঘটনা, সময় থাকতে আপনি ব্যবস্থা নিন। এই রকম অবস্থা আজকে গ্রামীণ হাসপাতাল এবং স্বাস্থ্য কেন্দ্রে রয়েছে। সেখানে ডাক্তার নেই, ওষুধ নেই। ৩৯৭টা জায়গায় ডাক্তার নেই। কিভাবে চলছে, একটু ভাবুন। অথচ দেখা যাচ্ছে মোট প্ল্যান বাজেটের ২ শতাংশ ৭১ কোটি কত টাকা আউট অফ ৩ হাজার কত কোটি টাকার মধ্যে। আশা করি এই সমস্যাগুলো উন্নয়নের ব্যাপারে আপনি নজর দেবেন। আজকে আবার ম্যালেরিয়া, জন্ডিস, আন্ত্রিক দেখা যাচ্ছে। আজকে যখন বিজ্ঞানের উন্নতি ঘটছে তখন এই একবিংশ শতাব্দিতে দাঁড়িয়েও এখানে আন্ত্রিকে, ম্যালেরিয়া, জন্ডিস প্রভৃতি রোগ ভয়াবহ রূপ ধারণ করছে। দেখা যাচ্ছে, গতবার ৯৫৩ জন আন্ত্রিকে মারা গেছে সরকারি স্বাস্থ্য পরিকাঠামো থাকা সত্ত্বেও। এগুলো বিচার করবেন না? সাবজেক্ট কমিটি বার বার বলছে—জনস্বাস্থ্য রক্ষা করার যে ব্যবস্থা সেটা নেগলেকটেড হচ্ছে। এই ইনএভিটেবল, এগুলো বিচার্য বিষয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু দিন আগে আপনার দপ্তর থেকে ডি এইচ এস বিভিন্ন হাসপাতালের সুপারের উদ্দেশ্যে একটা নির্দেশ পাঠিয়েছেন। সেই নির্দেশে বলা হয়েছে, হাসপাতালে ফ্রি বেডের সংখ্যা ·০ শতাংশ কমিয়ে দিতে হবে। এবং কমিয়ে দিয়ে পেয়িং বেড এবং কেবিন করতে হবে বিশ্বব্যাঙ্কের শর্ত। ১৯৯২ সালের শর্তে এটা ঠিক করা হয়েছিল। আপনারা বিশ্বব্যাঙ্কের টাকা নিয়ে স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন করবেন, না জনগণের স্বার্থকে এইভাবে জলাঞ্জলি দিয়ে দেবেন? এর ফলে কি হবে? এর ফলে সরকারি হাসপাতালগুলোতে গরিব নিম্নমধ্য বিত্ত মানুষ, যারা বিনা পয়সায় খানিকটা চিকিৎসার সুযোগ পেত তারা আর এই সুযোগ পাবে না, তারা বঞ্চিত হবে। এবিষয়ে বলা হয়েছে যে, ফ্রি বেড নাকি অনেক ব্যবহার হয় না। অদ্ভুত ব্যাপার। যেখানে এক-একটা বেডে ২/৩ জন করে

রোগী থাকছে, করিডোরে রোগী থাকছে সেখানে কিনা বলা হচ্ছে, ফ্রি বেড খালি থাকে। এসব কি যুক্তি সাধারণ মানুষের কাছে তুলছেন? আশা করি আপনি এগুলো বিবেচনা করবেন। স্যার, আজকে এই যে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের কথা বলা হচ্ছে, এটা খুবই মারাত্মক ব্যাপার হবে। এটা বিশ্বব্যাঙ্কের একটা শর্ত। চুক্তির ভিত্তিতে ডাক্তার, চুক্তির ভিত্তিতে শিক্ষক এই সমস্ত শর্ত আরোপিত হচ্ছে এর ফলে কি অবস্থা দাঁড়াবে? চুক্তির ভিত্তিতে ডাক্তার এটার মানে কি? নেপটিজমের প্রশ্ন আসছে। এর যে সুযোগ সুবিধা তার সাথে ডিফারেন্স থাকছে, ন্যাচারেলি যাদের শিক্ষার মান ভালো, ক্যারিয়ার ভালো, রেকর্ড ভালো এই সব ডাক্তারদের আর পাওয়া যাবে না। ফলে চিকিৎসার মান আরও নিম্নগামী হবে, নিয়োগের ব্যাপারে নানা রকম প্রশ্ন দেখা দেবে, সেখানে নানা রকম দলের সংকীর্ণতা, পক্ষপাতিত্ব দেখা দেবে, ফলে এটা খুবই বিপজ্জনক হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটি বড় প্রশ্ন হচ্ছে টিচিং ইনস্টিটিউটের দুরবস্থা। মেডিক্যাল টিচিং ইনস্টিটিউট এবং শিক্ষাকেন্দ্রগুলিতে

[2-30 — 2-40 P.M.]

অভিজ্ঞ ডাক্তার শিক্ষকের অভাবে বহু শূন্য পদ পড়ে আছে, সেগুলি পূরণ করার ব্যবস্থা হচ্ছে না। মেডিক্যাল শিক্ষাকেন্দ্রগুলির যে পরিবেশ সেটা নষ্ট হচ্ছে এবং এটা খুবই উদ্বেগজনক আগামী প্রজন্মের কাছে। আগামী দিনে পশ্চিমবাংলায় উন্নত মানের শিক্ষা ব্যবস্থা, চিকিৎসা বিজ্ঞানের ক্ষেত্রে তার মান যদি নিম্নগামী হয় সেটা সমাজের উপর আঘাত হিসাবে নেমে আসবে। আপনি এই সমস্যার সমাধানের জন্য কি করছেন সেটা নিশ্চয়ই জানাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আরেকটি জিনিস এখানে উল্লেখ করতে চাই, হাসপাতালে টিকিটের ব্যবস্থা, চার্জের ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষার চার্জ, টিকিটের চার্জ সে ব্যাপারে কথা দেওয়া হয়েছিল যে, এই অর্থ হাসপাতালে জমা থাকবে হাসপাতালের পরিষেবা ও উন্নয়নের জন্য। কিন্তু কত টাকা এই ভাবে হাসপাতালের আয় হচ্ছে এবং এর দ্বারা কিভাবে পরিষেবার উন্নতি হয়েছে, এটা সরকারের প্রতিশ্রুতি ছিল যারা চার্জ দিচ্ছে সেই জনগণ তাদের সেটা জানানো হবে। কিন্তু কিভাবে এই টাকা ব্যয় হচ্ছে সেটা কি জনগণকে জানানো হচ্ছে? আমি জনগণের স্বার্থে সরকারের সেই প্রতিশ্রুতি রক্ষার স্বার্থে এই চার্জ কিভাবে ব্যয় হচ্ছে এবং তার যথাযথ রক্ষণাবেক্ষণ এবং তার হিসাব কিভাবে হচ্ছে সেটা জনগণের সামনে রাখা হোক এটা দাবি করছি। এই কামবারসাম প্রসেস এটা এইভাবে ফলো করা হয়, যেখানে সাবজেক্ট কমিটি আছে। সমস্ত টাকা ট্রেজারিতে জমা পড়ে, সেখান থেকে হেলথ ডিপার্টমেন্টকে বলা হয় যে এত টাকা জমা পড়েছে, তাদের হেলথ ডিপার্টমেন্ট টাকা অ্যালট করে। হোল থিং ইজ কাম্বারসাম প্রসেস। হেলথ কমিটি বলছে কেরালায় এই ব্যবস্থা আছে। সেখানে হেলথ স্ট্যাটিউটরি কমিটি আছে, সেখানে হেলথ ওয়াইজ তারা টাকার হিসাব, রক্ষণাবেক্ষণ সেইভাবে করে। এটা একটা সহজ পদ্ধতি। এখানে সাবজেক্ট কমিটি ঠিক কথাই বলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটি বিষয় হচ্ছে সরকারি হাসপাতালে যে দুর্নীতি চলছে, একটা ভেস্টেড ক্লাশ আছে তারা বাইরের ক্লিনিকের সাথে লিয়াজো মেনটেন করে থাকে, হাসপাতালে সেগুলি দেখার ব্যাপার সেইগুলি তারা করে না হাসপাতালে টিচিং ইনস্টিটিউটে যে বিভিন্ন ইকুইপমেন্টস আছে যেমন ই সি জি, ই, ই, জি, সি টি স্ক্যান, এক্স-রে ইত্যাদি যেগুলি আছে সেগুলি অনেক সময় ভালো থাকলেও বাইরে থেকে নিজেদের

পয়সা খরচা করে করাতে বলা হয়। সাবজেক্ট কমিটির রেকমেন্ডেশনে সন্দেহ প্রকাশ করা হয়েছে যে, একটা আনহোলি অ্যালায়েন্স বোধ হয় বাইরের ক্লিনিকগুলোর সঙ্গে স্বাস্থ্য কর্মীদের রয়েছে ; টাকা পয়সার লেনদেন চলছে। এটা ইনভেস্টিগেট করা দরকার। এই অপচয়, দুর্নীতি বন্ধ করা দরকার। এখানে আরও বলা হয়েছে, হাসপাতালগুলোয় যে ইকুইপমেন্টগুলো আছে সেগুলোর কোনও অ্যাকাউন্টেবিলিটি নেই। সেগুলো কেউ দেখবার নেই। সরকারি হাসপাতালগুলোয় কটা এক্স-রে মেশিন আছে, কি যন্ত্রপাতি আছে, তার কতগুলো চালু আছে, কতগুলো আউট অফ অর্ডার, কতগুলো রিপ্লেস করা দরকার, কোনটা রিপেয়ার করা দরকার তা কেউ জানে না। ভালই চলছে! অথচ প্রচুর সংখ্যক স্বাস্থ্য কর্মী আছে, বিরাট পরিকাঠামো আছে, পরিষেবার নামে জনগণের টাকা স্বাস্থ্য দপ্তরের জন্য ব্যয় করা হচ্ছে। কিন্তু সে টাকার প্রপার ইউটিলাইজেশন হচ্ছে না। এ বিষয়ে খুবই সিরিয়াস ক্রিটিসিজম সাবজেক্ট কমিটির রিপোর্টের মধ্যে আছে এবং আমি মনে করি সঠিকভাবেই তা আছে। এছাড়া আমাদের অভিজ্ঞতায় আমরা দেখছি সরকারি হাসপাতালে গিয়ে ডাক্তারদের ঠিকমতো পাওয়া যায় না। আর নার্সিং-এর ব্যাপারটা সরকারি হাসপাতালে যা দাঁড়িয়েছে তাতে পর্যাপ্ত পয়সা দিয়ে স্পেশ্যাল অ্যাটেন্ডেন্ট, আয়া না রাখলে রুগীরা নার্সিং সার্ভিস পাবে না। অসচ্ছল অবস্থায় মানুষকেও যদি সরকারি হাসপাতালে গিয়ে নার্সিং সার্ভিস পেতে হয় তাহলে তাকে পয়সা দিয়ে আয়া রাখতে হবে। পয়সা দিয়ে আয়া রাখার ব্যবস্থাটা আজকে সরকারি হাসপাতালে একটা মেজর ব্যবস্থা হিসাবে দাঁড়িয়েছে। কারণ এখানে নার্স রুগী রেশিও, নার্স ডাক্তার রেশিও প্রয়োজনের অনুপাতে অনেক নিচে। এর ফলে সরকারি হাসপাতালে যে সমস্ত ট্রেন্ড নার্সরা আছেন তারা প্র্যাকটিক্যালি ক্ল্যারিক্যাল সার্ভিস দিচ্ছেন। সে কাজেই তাদের সময় চলে যাচ্ছে।

পরিশেষে আমি এখানে গৌরীপদ দত্ত মহাশয়ের খুবই এশেনশিয়াল রেকমেন্ডেশনটা একটু পড়ে দিচ্ছি। এখানে তিনি বলেছেন,—

"Although the supply of medicine has been simplified the patients do not get adequate quantities of medicine even if it is available in stock. This is due to simple callousness of responsible persons to maintain this flow from the centre to the peripheral units. The same thing is attributed for the supply of linen, mattresses and other common materials for patient care."

বলা হয়েছে "The quality and quantity of diet supplied to the patients are always not up to the standard in the State Hospitals Patients usually procure food from other sources."

বলা হয়েছে "The State of cleanliness and proper sanitary and hygienic condition in and around hospital premises is simply appealing."

বলা হয়েছে "The Officers and Staff responsible for successful implementation of public Health programme pay inadequate attention to

their areas. Diseases like Gastroentritis, Hepatitis, Malaria, Encephalitis, Kalaazar visit this state almost every year."

বলা হয়েছে "Most of the institutes and units specially the teaching and city hospitals have adequate infrastructure of diagnostic tests like pathological, biochemical, bacteriological and other such investigations. But it is a common scene that patients are referred to private clinics for such investigation. This is specially noted for investigations like EEG, ECG, Ultrasound and CT Scan. Committee is apprehensive that there is possibly some underhand dealing between the private clinic and Health personnel in such institutes.

শুরুতেই বলা হয়েছে "For the last few years the Committee has witnessed unsatisfactory functioning of the Department of Health regarding health care delivery system in the State. The Committee repeatedly observed that there has been virtually collapse in the administration. It is felt that Medical Administration System—on both preventive and curative side is in doldrums and unless immediately remedical measure are taken and meticulously implemented the matter will go beyond control.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে, এই বিষয়গুলোর প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার কাট মোশনের সমর্থনে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী পরভিন কুমার সাউ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করি। স্যার, আমি এই হাউসকে বিশেষ করে আমাদের বিরোধী বন্ধুদের এটা মনে করিয়ে দিতে চাই যে, আমাদের রাজ্যের যে স্বাস্থ্য পরিকাঠামো ইনফ্রাস্ট্রাকচার তা সারা দেশের মধ্যে অন্যতম। আমাদের এখানে মেডিক্যাল কলেজ আছে ৭টি, পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউশন আছে ৪টি, ডিস্ট্রিক্ট হাসতাপাল আছে ১৫টি, সাব-ডিভিসন্যাল হাসপাতাল আছে ৩৩টি, স্টেট জেনারেল হাসপাতাল আছে ৩১টি, রুর‍্যাল হাসপাতাল আছে ৯৫টি, প্রাইমারি হেলথ সেন্টার আছে ১২৬৫টি, সাব-সেন্টার আছে ৮১২৬টি। স্যার, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (হু) একটা স্লোগান দিয়েছে, হেলথ ফর অল বাই ২০০০ এ.ডি.। তাকে সামনে রেখে সেন্ট্রাল গভর্নমেন্ট একটা প্রকল্প বের করেছেন যার নাম হচ্ছে, মিনিমাম নিড প্রোগ্রাম (এম.এন.পি)। তার উদ্দেশ্য স্পষ্টভাবে বলা আছে যে, গভর্নমেন্ট চাচ্ছে, প্রত্যেক ৫ হাজার পপুলেশনের মধ্যে একটি সাব-সেন্টার থাকবে। নরম্যালি, যেখানে ডিফিকাল্ট এরিয়া, ট্রাইবাল এরিয়া সেখানে ৩ হাজার পপুলেশনের উপর একটি করে সাব-সেন্টার থাকবে। আর ৩০ হাজার পপুলেশনের উপর একটি করে প্রাইমারি হেলথ সেন্টার থাকবে। দেড় থেকে আড়াই লক্ষ জনসংখ্যার উপর একটি করে রুর‍্যাল হাসপাতাল থাকবে। আমাদের রাজ্যে প্রায় ৮০ থেকে ৯০ শতাংশ এই ক্রাইটেরিয়া ফুলফিল করে। মাননীয়

সদস্যদের আমি মনে করিয়ে দিতে চাই, আমাদের যে হেলথ বাজেট তার ৮০ থেকে ৮৫ শতাংশ খরচ হয়ে যায় নন-প্ল্যান অ্যাকাউন্টে, স্যালারির জন্য। এবারে টোটাল বাজেট আছে ৭২০ কোটি ৮৬ লক্ষ টাকা। এর প্রায় ৮০ ভাগই চলে যাচ্ছে স্যালারিতে, নন-প্ল্যানে। ঐ ৮০ ভাগ হচ্ছে ৫৬৬ কোটি ৭৮ লক্ষ টাকা। আর প্ল্যান বাজেটে শুধু থাকছে ১৫৪ কোটি টাকা। মাননীয় সদস্য, শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় ঠিকই বলেছেন যে, প্ল্যান আউট লে করার জন্য আমাদের কাছে থাকছে ৭১ কোটি ৮৭ লক্ষ টাকা। কিন্তু এটা উনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন, ১৯৯৪-৯৫ সালে প্ল্যান আউট লে ছিল ৩০ কোটি ৯৮ লক্ষ টাকা। ১৯৯৫-৯৬ সালে সেটা বেড়ে হয়েছে ৪১ কোটি ৯০ লক্ষ টাকা। সুতরাং এই হচ্ছে আমদের বাজেট, এই হচ্ছে আমাদের প্ল্যান আউট লে। এবার আমাদের ভাবা দরকার এবং আপনিও ভাবুন, আমরা কোন দিকে যাব? আমরা হাইটেক কিউরেটিভ সাইডে যাব, মডার্ন ইক্যুপমেন্টের দিকে যাব, নানা রকম সরঞ্জামের দিকে যাব, না কি প্রিভেনটিভ অ্যান্ড প্রাইমারি হেলথ কেয়ারের দিকে নজর দেব? সাবজেক্ট কমিটি অন হেলথ তার দ্বাদশতম রিপোর্টে বলছে "Recently the impact of high tech diagnostic and therapeutic measures are misleading, the people and the leaders. This is leading to accept a high cost, commercially oriented medicare system. This is being done in the name of science for precision of diagnosis and treatment. The tremendous expenditure of high-tech medicare which is required for only 1% to 2% of the morbidity of people will eat away the 90% of resources which could be utilised to benefit 98% of the ailing population." স্যার, সায়েন্টিস্টরাও বলছেন, আমাদের দেশে যে রোগ হয় তার ৯০ ভাগ প্রিভেনটেবল ডিসিজেস, তার প্রতিরোধ আগে থেকেই করতে পারি। মাত্র ১০ পারসেন্ট এমন রোগ হয় তারজন্য সেকেন্ডারি হেলথ কেয়ারের দরকার থাকে, তারজন্য চিকিৎসার প্রয়োজন থাকে। শুধুমাত্র এক থেকে দুই পারসেন্ট এমন রোগ হয় তারজন্য সুপার স্পেশ্যালিটির দরকার হয়, হাইটেক মেডিসিন বা হাইটেক ইনস্ট্রুমেন্টের দরকার হয়। আমি আপনাদের সামনে যে কথাটা বলতে চাই, সাধারণ মানুষের জন্য সুপার স্পেশ্যালিটিকে পুরোপুরি ইগনোর করি না। আমাদের সরকারি টিচিং হাসপাতালগুলি আছে। সেখানে নিউরোলজিতে উন্নত মানের চিকিৎসা হয়। কার্ডিওলজিতে উন্নত মানের চিকিৎসা হয়, নেফ্রলজিতে সুপার স্পেশ্যালিটি সবগুলো আছে। সেখানে উন্নত মানের চিকিৎসা হয়। আমাদের প্রবলেম অন্য জায়গায়। আমরা অনেকদিন ধরে চেষ্টা করে কল্যাণীতে নুরুল হাসান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স অ্যান্ড রিসার্চ স্থাপিত করতে চলেছি। তার জন্য প্ল্যান হয়ে গেছে, ম্যাকিনটশ বার্ন, তাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে। সেটার উল্লেখ করে স্বাস্থ্য মন্ত্রী তার ভাষণে বলেছেন। আমাদের এটা দেখতে হবে যে লিমিটেড রিসোর্সের মধ্যে কিভাবে বেশির ভাগ মানুষকে, ৯৮ পারসেন্ট মানুষকে হেলথ কেয়ার, পরিষেবা পৌঁছে দিতে পারি। স্টেট গভর্নমেন্টের যে পলিশি শিফট হয়েছে টু ওয়ার্ডস কিউরেটিভ টু প্রমোশনাল অ্যান্ড প্রিভেনটিভ অ্যাসপেক্ট অব দি হেলথ অ্যান্ড মেডিক্যাল, এটা আমরা পুরোপুরি সমর্থন করি। স্যার, যারা প্রিভিলেজড ক্লাশ অব পিপল, যাদের কাছে টাকা আছে, তারা যা পে করতে পারে, তাদের জন্য অনেক অপশন আছে। তারা সরকারি হাসপাতালে মিনিমাম পে করতে পারে চিকিৎসার জন্য, প্রাইভেট দেখাতে পারেন, যদি তাদের মনের মতো না হয় তাহলে দিল্লি, বম্বে গিয়ে চিকিৎসা করাতে পারেন। কিন্তু বেশির ভাগ

যারা আন্ডার প্রিভিলেজড, তাদের জন্য সরকার আর সরকারি হাসপাতাল, আমাদের তাদের জন্য ব্যবস্থা রাখতে হবে। এবার আমাদের স্বাস্থ্য বিভাগ বদ্ধপরিকর, আমরা এখন গর্ব করে বলতে পারি, আমাদের হাসপাতালে ৯০ পারসেন্ট বেড, ফ্রি বেড। এমন কি সারা পশ্চিমবাংলার স্ট্যাটিসটিক্স যদি নেওয়া হয় তাহলে দেখা যাবে ৯০ থেকে ৯৫ পারসেন্ট ফ্রি বেড সরকারি হাসপাতালগুলোতে আছে। আর পশ্চিমবাংলার মাত্র ১০ পারসেন্ট মানুষ প্রাইভেট চিকিৎসা করান। মাননীয় দেব প্রসাদ বাবু অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করেছেন। উনার অবগতির জন্য আমি তাকে জানাতে চাই, কেরালায় কিন্তু ৭০ পারসেন্ট মানুষ প্রাইভেটে যান আর ৩০ পারসেন্ট গভর্নমেন্টের বেড, যদি বেডের সংখ্যা দিয়ে দেখেন। যারা কিউরেটিভ মেডিসিন এবং হাইটেকের পক্ষে ওকালতি করেন তারা আসলে মাল্টি ন্যাশনালদের ট্রাপে ভেসে যাবেন। এটা আমি বলতে চাই পশ্চিমবাংলার গভর্নমেন্ট হাসপাতালগুলো সম্পর্কে একটা কনস্পিরেসি চলছে। এর মধ্যে আছে বড় বিজনেস লবি, মাল্টি ন্যাশনাল লবি এবং হেলথ সার্ভিসের এক শ্রেণীর ডাক্তার, একটা কনস্পিরেসি চালাচ্ছে পশ্চিমবাংলার সরকারি হাসপাতালগুলোর বিরুদ্ধে। ডাঃ বি সি রায়ের জন্মদিন ১লা জুলাই যার বার্থডে কে আমরা ডাক্তাররা সেলিব্রেট করি হেলথ ডে হিসাবে সেই ডাঃ বি সি রায়কে স্মরণ করে বলছি, তিনি পশ্চিমবাংলার হেলথের পরিকাঠামো বাড়াবার জন্য অনেক চেষ্টা করেছিলেন। আজকে যারা কংগ্রেসিরা কাট মোশন দিয়েছেন, তারা ডাঃ বি সি রায়কে ভুলে যাচ্ছেন। গভর্নমেন্ট অর্গানাইজেশন, পাবলিক সেক্টার ইউনিটকে যারা আস্তে রুগ্ন ধংস করে বিদেশি প্রাইভেটদের হাতে হস্তান্তর করতে চাইছেন, তারা আমাদের গভর্নমেন্ট হাসপাতালগুলো কনডেম করে দিয়ে প্রাইভেট ইনস্টিটিউশগুলো গড়ে তুলতে সাহায্য করছেন। তারা বহুজাতিক সংস্থাগুলোর দালাল। যারা আমাদের পক্ষে আছেন, তাদেরকে আমরা সতর্ক করে দিচ্ছি আপনারা এই ট্রাপে পা দেবেন না। কংগ্রেসিদের কথা ছেড়ে দিন। ওরা তো মাল্টি ন্যাশনালদের দালাল। স্যার, যদি আমরা হেলথের প্যারামিটারগুলি লক্ষ্য করি তাহলে দেখতে পাব যে আমাদের পশ্চিমবাংলায় বার্থ রেট হচ্ছে ২৫.১ পারসেন্ট, সেখানে অল ইন্ডিয়ায় হচ্ছে ২৮.৬ পারসেন্ট, টার্গেট বাই ২০০০ এ.ডি. হচ্ছে ২১ পারসেন্ট। ডেথ রেট পশ্চিমবাংলায় ৮.৩, টার্গেট বাই ২০০০ এডি ৯। ইনফ্যান্ট মর্টালিটি রেট আমাদের পশ্চিমবাংলায় হচ্ছে ৬১, টার্গেট বাই ২০০০ এ.ডি. হচ্ছে ৬০। তার মানে ইনফ্যান্ট মর্টালিটি রেট এবং ডেথ রেটে অনেকটাই আমরা টার্গেটের কাছে পৌঁছে গিয়েছি। বার্থ রেটেও টার্গেটের কাছে পৌঁছে যাব। স্যার, আমরা জানি, আমাদের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রক পুরোপুরি ভাবে কাজ করার চেষ্টা করছেন। এরজন্য আমরা টাকা খরচও করছি। এবারেও বাজেটও মার্জিন্যালি বেড়েছে। আমরা জানি যে, ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে আমরা অনেকটাই উন্নত কিন্তু সাধারণ মানুষরা যেটা আশা করছেন সেটা আমরা দিতে পারছি না। এ ক্ষেত্রে ডাক্তারাও অসন্তুষ্ট, জনপ্রতিনিধি, পঞ্চায়েত সদস্য, মিউনিসিপ্যালিটিগুলির সদস্য এম এল এ-রা খুশি নন। এ ক্ষেত্রে আমি একটি প্রস্তাব দিয়ে আমার বক্তব্য শেষ করব। আমার প্রস্তাব হল, আমাদের সরকারের তরফ থেকে সমস্ত বিষয়গুলি খতিয়ে দেখার জন্য একটি হেলথ কমিশন গঠন করা হোক এবং তারা খতিয়ে দেখুন যে কোথায় গ্যাপ থাকছে। তা যদি হয় তাহলে সারা পশ্চিমবাংলার মানুষই উপকৃত হবেন। এই আবেদন রেখে, বাজেটকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 P.M.]

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই সভায় তার যে বাজেট পেশ করেছেন তা পূর্ণভাবে সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলছি। স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে আমাদের সকলেরই কিছু না কিছু অভিযোগ আছে। প্রতিদিনই দেখা যায় এই হাউসে মাননীয় সদস্যরা স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে নানান অভিযোগ জানাচ্ছেন। স্যার, এর থেকেই এটা উপলব্ধি করা যায় যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর এ রাজ্যের মানুষের স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে সচেতনতা বেড়েছে। গ্রামবাংলার মানুষের চেতনা বাড়ার জন্যই আজকে তারা সরকারি স্বাস্থ্য ব্যবস্থা নিতে এগিয়ে আসছেন। আমি গ্রামবাংলার ছেলে, আমি জানি, ৭০-এর দশকের আগে থেকে এবং ৭০-এর দশকের শেষাশেষি পর্যন্ত গ্রামবাংলার মানুষরা ঐ ওঝা, গুনীন ইত্যাদির উপর নির্ভর করতেই ভালবাসতেন, তাদের দিয়ে চিকিৎসা করাতে চাইতেন। টিটেনাসে কোনও রোগী আক্রান্ত হলে তারা ওঝা ডেকে নিয়ে এসে ঝাড়, ফুক করে রোগ সারাবার চেষ্টা করতেন এবং সেই রোগী মারা যেতেন কিন্তু আজকে গ্রামবাংলার মানুষদের মধ্যে স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে সচেতনতা আসার ফলে তারা সরকারি স্বাস্থ্য ব্যবস্থার সুযোগ নিতে চাইছেন বামফ্রন্ট সরকার এক্ষেত্রে তার সীমিত ক্ষমতার মধ্যে যতটা পারা যায় করতে চেষ্টা করছেন। আমার আগের বক্তা বলেছেন যে ডেভেলপ কান্ট্রিগুলিতে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয় প্রিভেনটিভ মেজার্স নেবার ক্ষেত্রে। অর্থাৎ রোগ প্রতিরোধ ব্যবস্থার প্রতি তারা বেশি গুরুত্ব দেন। ভারতবর্ষের মতন গরিব দেশে যেখানে মানুষ খেতে পায় না, ঔষুধ কেনার মতন ক্ষমতা যেখানে মানুষের নেই সেখানে এই অবস্থায়ও পশ্চিমবাংলায় প্রিভেনটিভ মেজার্স নেবার ক্ষেত্রে এই বামফ্রন্ট সরকার অগ্রণী ভূমিকা নিয়েছেন। এটা খুবই গর্বের কথা যে বামফ্রন্ট সরকার আসার পর এখানে প্রিভেনটিভ মেজার্স নেবার ক্ষেত্রে খুব বেশি উদ্যোগ নেওয়া হয়েছে। এ ক্ষেত্রে স্ট্যাটিসটিক্সগুলি দেখলেই সেটা বোঝা যাবে। গোটা ভারতবর্ষের ক্ষেত্রে মৃত্যুর হার যেখানে ৯.২ পারসেন্ট, সেখানে পশ্চিমবাংলায় এটা হচ্ছে ৮.৩ পারসেন্ট। শিশু মৃত্যুর হার যেখানে ভারতবর্ষে ৭৩, সেখানে পশ্চিমবাংলায় হচ্ছে ৬১। এক্ষেত্রে পশ্চিমবাংলায় পরিকাঠামোর অনেক উন্নতি ঘটানো গিয়েছে। ভারতবর্ষের অন্য রাজ্যগুলিতে এরকম পরিকাঠামো গড়ে ওঠে নি। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু আন্ত্রিকে মৃত্যুর কথা বললেন। গত বছর থেকে এ বছর আন্ত্রিক রোগে মৃত্যু কম হয়েছে। কিন্তু এটা ঠিক, অন্যান্য রোগের বিষয়ে মানুষের সচেতনতা বৃদ্ধি এবং প্রত্যন্ত গ্রামের মানুষের চিকিৎসা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি সেটা এই পরিকাঠামো বৃদ্ধির ফলেই হয়েছে। তাই আমরা দেখেছি, পালস পোলিও নেবার জন্য গ্রামের মানুষ হু-হু করে এসেছেন। এটা এমনিতে হয়নি, প্রিভেন্টিভ মেজার গ্রহণ করার বিষয়ে বামফ্রন্ট সরকারের প্রচারের ফলেই এটা হয়েছে। তবে এর পাশাপাশি একটি বিষয়ে আবেদন করতে চাই, আর্সেনিক সংক্রমণ যেটা হয়েছে সেটা মুর্শিদাবাদ জেলাতেও হয়েছে। তারজন্য বিভিন্ন জায়গায় চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। আমি আবেদন করছি যে সমস্ত জায়গায় বা যে এলাকায় সংক্রমণটা হয়েছে সেই জেলার সদর হাসপাতালে আর্সেনিক সংক্রমণ সংক্রান্ত চিকিৎসা ব্যবস্থা চালু করা হোক। নিরাময় পদ্ধতি একটা ব্যয়বহুল পদ্ধতি। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে শুরু করে বড় বড় হাসপাতাল সর্বত্রই এটা ব্যয়বহুল পদ্ধতি। মাননীয় দেবপ্রসাদবাবু এখানে নতুন হাসপাতাল তৈরির কথা বলেছেন, কিন্তু মাননীয়

মন্ত্রী এক্ষেত্রে যে যুক্তি হাজির করেছেন আমি তারসঙ্গে একমত। এবছরের বাজেটে নতুন হাসপতাল নির্মাণের কথা বলা হয়েছে এবং সঙ্গে সঙ্গে বলা হয়েছে যেসব হাসপাতাল অচল হয়ে রয়েছে সেসব হাসপাতাল সচল করবার কথা। কিন্তু আমাদের সীমাবদ্ধ ক্ষমতায় যদি দুটো কাজই করতে হয় তাহলে কোনওটাই সঠিকভাবে হবে না। আমার বক্তব্য হচ্ছে, যে প্রস্তাব রাখা হয়েছে তাতে সমস্ত হাসপাতালগুলির উন্নতি ঘটবে না। এখানে আমরা মেম্বাররা অনেক সময় অভিযোগ করি, হাসপাতালে চিকিৎসা হচ্ছে না, সেখানে ওষুধ পাওয়া যাচ্ছে না। এক্ষেত্রে ন্যূনতম সাহায্য করবার ক্ষেত্রে যতটুকু করা প্রয়োজন সেটা করা দরকার। আমার কনস্টিটিউয়েন্সিতে বিশেষ করে ইসলামপুর হাসপাতালে দেখেছি, সেখানকার হসপিটালের একজন সার্জেন সেখানে অপারেশন চালু করবার চেষ্টা করেছিলেন, কিন্তু যেহেতু সেখানে অপারেশনের উপযুক্ত যন্ত্রপাতি নেই সেজন্য তিনি সেটা চালু করতে পারেন নি। তারজন্য সেখান থেকে রোগীদের সদর হাসপাতালে আসতে হচ্ছে এবং তারফলে একটা ক্ষোভ সৃষ্টি হচ্ছে। তারজন্য আমি অনুরোধ করব, হাসপাতালগুলিতে যে পরিকাঠামো রয়েছে সেটা যাতে সঠিকভাবে ব্যবহার করা যায় সেটা দেখবেন। গরিব মানুষরা আজকে হাসপাতালে গিয়ে লাইন দিচ্ছেন এবং সেখানে অনেক ডাক্তার তাদের প্রতি সহানুভূতিও দেখাচ্ছেন কিন্তু সেখানে এমন সব ডাক্তাররাও রয়েছেন যাদের বাইরে নার্সিং হোম রয়েছে এবং তারা রোগীদের বলে দিচ্ছেন, এখানে হবে না—নার্সিংহোমে যাও। হাসপাতালে যেসব এক্স-রে মেশিন খারাপ হয়ে পড়ে রয়েছে সেগুলো মেরামতি করা দরকার, কিন্তু সেক্ষেত্রে দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এসব ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ পদ্ধতি চালু করার কথা ভাবা হচ্ছে বলা হয়েছে। এরজন্য জেলা পরিষদের সভাধিপতিকে নিয়ে একটি কমিটি তৈরি করা হবে। আজকে তাদের হাতে যদি এরকম ক্ষমতা দেওয়া যায়, কোনও হাসপাতালে কোন মেশিন বা যন্ত্রপাতি দরকার, কোন হাসপাতালে কোন ওষুধ দরকার সেটা নির্দ্ধারিত করবার দায়িত্ব যদি দেওয়া হয় জেলার অফিসারদের যুক্ত করে, তাহলে আমার মনে হয় সেটা আরও ফ্রুটফুল হবে। এটা করলে মানুষের মধ্যে যে ক্ষোভ সৃষ্টি হয়েছে সেটা এড়ানো যাবে। হাসপাতালগুলোতে ওষুধ সরবরাহ করবার বিষয়টা ভেবে দেখবার জন্য অনুরোধ করছি। বর্তমানে গ্রামের মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছেন না ডাক্তারের অভাবে। কাজেই পূর্বের শর্ট কোর্স এল এম এফের মতো যদি কোনও কোর্স চালু করা যায় তাহলে গ্রামের মানুষ অন্তত হাতুড়ে ডাক্তারের হাতে না মরে একজন পাশ করা ডাক্তারের হাতে মরতে পারবেন। আর একটি কথা হল, উন্নত চিকিৎসার সুযোগ নিতে এখন ভেলোরে যেতে হচ্ছে। তারজন্য আমি অনুরোধ করব, রাজ্যের মানুষ যাতে উন্নততর চিকিৎসার সুযোগ পেতে পারেন তারজন্য উদ্যোগ নিন। এই বলে আর একবার বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মিঃ স্পিকার স্যার, আমাদের স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য খাতে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করছি। আমি দু-চারটি বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাস্থ্যমন্ত্রী শিক্ষা জগতের মানুষ, নতুন একটা দায়িত্ব পেয়েছেন, আমি আশা করি তিনি মূল যে সমস্যাগুলি আছে সেই সমস্যাগুলির দিকে বিশেষ ভাবে নজির দেবেন। স্বাস্থ্য দপ্তরের

যে বাজেট বরাদ্দ তাকে সমর্থন জানিয়ে আমি এই কথা পরিষ্কারভাবে বলতে চাই, বিগত ১৮-১৯ বছর ধরে বামফ্রন্ট সরকার স্বাস্থ্য, অর্থাৎ স্বাস্থ্যের যে পরিষেবা এবং পরিকাঠামো তৈরি করার চেষ্টা করছে, বারে বারে নতুন চিন্তা-ভাবনা নিয়ে সাধারণ মানুষের চিকিৎসার সুযোগ ঘটাবার সব রকম চেষ্টা করেছিল সেইভাবে আমরা সফল হতে পারিনি। সাধারণ মানুষ বিশেষ করে সাধারণ গরিব মানুষ মধ্যবিত্ত মানুষের বিশেষ করে সরকারি হাসপাতাল সম্পর্কে ভুরি ভুরি অভিযোগ আছে। এই অভিযোগ কিন্তু মনগড়া অভিযোগ নয়। এই অভিযোগগুলি আমরা যারা নির্বাচিত প্রতিনিধি তারা এইসভায় বারে বারে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছি দীর্ঘ দিন ধরে। বিগত দিনে তার কোনও প্রতিকার পাওয়া যায় নি। স্বাভাবিকভাবে নতুন মন্ত্রীর কাছ থেকে আমি আশা করব এই অভিযোগগুলির প্রতিকারের তিনি সব রকম ব্যবস্থা করবেন। এই অভিযোগগুলির কারণ, এই সমস্যাগুলির কারণ আমাদের খতিয়ে দেখা দরকার। প্রথম হল ডাক্তার। বিশেষ করে আমি শহরাঞ্চলের হাসপাতালের কথা বলি। একজন ডাক্তার সকাল ৯টা থেকে ১টা পর্যন্ত রোগী দেখেন। রোগীর সংখ্যা সেখানে এত বেশি যে সত্যিকারের একজন ফিজিসিয়ানের, একজন ডাক্তারের হাসপাতালের একজন রোগীকে যেভাবে দেখা দরকার, তার শারীরিক যে যন্ত্রণা তার যে কষ্ট যেভাবে বোঝা দরকার সেই সুযোগ তাদের হয় না। কারণ দূর-দুরান্ত থেকে শহরাঞ্চলের বড় বড় হাসপাতালে সাধারণ অসুখ সারাবার জন্য মানুষ আসে না। তারা আসে তাদের জটিল রোগের চিকিৎসার বিষয় নিয়ে। কিন্তু রুগীর সংখ্যা এত বেশি এক একজন ডাক্তারের কাছে—কোনও ডাক্তারই চান না যে তার রুগীর চিকিৎসা ভাল ভাবে না হোক—যে ডাক্তারের সাথে সাথে যে নেট ওয়ার্ক, সেগুলোর প্রচন্ড অভাব রয়েছে। তাছাড়া এটাও ভেবে দেখার দরকার আছে যে একজন ডাক্তারের কাছে কতজন গড়পড়তা রুগী থাকবে। আমাদের এটা প্রথমেই দেখা দরকার। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বড় বড় জায়গায় ডাক্তার যারা আছেন, তারা কতজন রুগীকে দেখবেন সেটা ঠিক করা উচিত। রুগীর সংখ্যা বেশি হয়ে গেলে স্বাভাবিক ভাবেই কোনও চিকিৎসা হয়না। সাথে সাথে কোনও ডাক্তার যদি রুগীকে এক্স-রে করার কথা বলেন, ই সি জি করার কথা বলেন বা সি টি স্ক্যান করার কথা বলেন, দেখা যায় যে সেগুলো করতে দু-তিন, এমন কি চার মাস পরে ডেট দেওয়া হয়। আবার সেই ডেটে রুগী যখন আসেন, তিনি শুনতে পান যে যন্ত্র খারাপ, ই সি জি, সি টি স্ক্যান বা এক্স-রে মেশিন খারাপ। আর এম ও বা সুপারের সাথে যোগাযোগ করে যখন খোঁজ নেওয়া হয় তখন তারা বলেন, স্যার, যেদিন মেশিনটা খারাপ হয়েছে, সেই দিনই ডাইরেকটরেটে জানানো হয়েছে, অন্যান্য ডিপার্টমেন্টেও জানানো হয়েছে। স্যার, এই দেখুন মেমো নম্বর, রিপেয়ার করার জন্য বলা হয়েছে। দেখা যায় যে সেই মেশিন ছমাস, ন' মাস পরে রিপেয়ার হয়েছে। এই পদ্ধতিটি বদল করা উচিত যেখানে এক্স-রে মেশিন, সি টি স্ক্যান বা আধুনিক যন্ত্রপাতির দ্বারা রুগীর স্ক্যানিং সহজে হয়ে যায়, ডাক্তারবাবুরা সঠিক ভাবে ডায়গনাইস করে ঠিকমতো ওষুধের ব্যবস্থা করতে পারেন, সেখানে সেই যন্ত্রগুলো বন্ধ হয়ে গেলে যাতে সাথে সাথে, উইদিন টোয়েন্টি ফোর আওয়ার্স যাতে সেগুলোর মেরামত হয় তার ব্যবস্থা করা দরকার। আমলাতান্ত্রিক যে ব্যবস্থা আছে, এখান থেকে ডিপার্টমেন্টে, ডিপার্টমেন্ট থেকে ফিনান্সে যাবে, এই পদ্ধতিগুলো বদলানো উচিত। আমরা তো অনেক কিছুই বদল করেছি। সুতরাং এখানে যে আমলাতান্ত্রিক পদ্ধতি আছে তা বদলানো দরকার। সাথে সাথে

আমি এই বাজেট প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব, আমরা সবকিছু ডি-সেন্ট্রালাইজ করার কথা বলছি, সেখানে আমার পরিষ্কার বক্তব্য, গ্রামাঞ্চলে বিভিন্ন যে প্রাইমারি হেলথ সেন্টারগুলো আছে, সেগুলোকে রুর‍্যাল হাসপাতালে পরিণত করতে পারলে রুগীরা যাদের দূর-দুরান্তে গিয়ে চিকিৎসা করাতে হয়, তাদের আর তা করতে হবে না। সেজন্য আমি বলব যে, বিগত ১৮-১৯ বছরে আমাদের চেষ্টা সত্ত্বেও আমরা স্বাস্থ্য পরিষেবাকে সেইভাবে সেই জায়গায় পরিবর্তন আনতে পারিনি। আমাদের দেশে অনেক সমস্যা আছে। আমাদের দেশের গরিব মানুষের মধ্যবিত্ত মানুষের বহু অভিযোগ আছে। তার প্রতিকার করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই একটু নতুন চিন্তা ভাবনা করে একটা সঠিক পথে নিয়ে আসবেন, যাতে আমাদের দেশের সাধারণ গরিব মানুষের কাছে একটা সুষ্ঠু চিকিৎসার পরিবেশ আমরা তৈরি করতে পারি। এই কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 P.M.]

**শ্রী নরেন হাসঁদা :** মাননীয় স্পিকার স্যার, বিগত ১৯ বছরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে বিভিন্ন দপ্তরের ক্ষয়ক্ষতি হয়েছে ঠিকই কিন্তু সব থেকে ক্ষতি হয়েছে স্বাস্থ্য দপ্তরের। আমরা জানি কুইনাইন ওষুধ তেঁতো এবং তাতে সুগার কোটিং দিয়ে গেলানোর চেষ্টা হয়। আমাদের স্বাস্থ্য দপ্তরের হাজারো সমস্যা এবং সেই সমস্যাকে ঢাকবার, সেই ব্যর্থতাকে ঢাকবার একটা তীব্র চেষ্টা করা হয়েছে এবং সেখানে আজকে আমাদের ভাবতে হবে। আমি জানি মাননীয় মন্ত্রী মহাশয় এরজন্য নানা রকম চেষ্টা করবেন এবং তার প্রতি আমার একটা শ্রদ্ধা, সেই হিসাবে ওনাকে জিজ্ঞাসা করছি যে, ডাক্তার এবং নার্সদের যে সেবা করার একটা মানসিকতা, তা দীর্ঘ ১৯ বছরে যে নষ্ট হয়ে গেছে, সেই মানসিকতা আপনি ফিরিয়ে আনবেন কি করে? ১৯ বছরে এই স্বাস্থ্য দপ্তর কাদায় ডুবে গেছে, এই ডুবে যাওয়া কাদার থেকে কিভাবে তুলে আনবেন জানি না। আজকে বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রগুলোতে জীবন-দায়ী ওষুধ নেই, ইনজেকশন নেই, সেখানে সেবা করার মানসিকতা ডাক্তারদের নেই। আজকে ডাক্তারদের উপরে মানুষের আস্থা চলে গেছে। আমি ব্যক্তিগতভাবে বলছি যে, আমি নিজে ভয়ঙ্করভাবে পেটের গোলমালে ভুগছি, আমি নিজে ওষুধ পত্র না খেয়ে শিকড়-বাকড় খেয়ে আছি। (থলির থেকে শিকড় বার করে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে দেখালেন।) আমার এলাকায় রঘুনাথপুরের এবং বীনপুরে শিলদা, উদলচোয়া, এড়গোদা, ইজুড়িতে যে উপস্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে কোনও ডাক্তার নেই। আসলে নাম হচ্ছে তালদিঘী, কিন্তু ঘটি ডোবে না। আমি দীর্ঘ ৫ বছর ধরে মেনশন করে বলে আসছি যে, বিনপুর ব্লক হসপিটালের দেওয়াল খসে খসে পড়ছে এবং বেলপাহাড়ী হাসপাতালে কোনও অ্যাম্বুলেন্স নেই। মানুষ সেখানে বাঁচবে কি করে তার কোনও ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী যদি মেদিনীপুর জেলার যেকোনও হাসপাতালে নিজের পরিচয় না দিয়ে আসেন তাহলে দেখবেন যে, হাসপাতালে কোনও ডাক্তার নেই, এবং ব্যাঙের ছাতার মতো নতুন নতুন নার্সিংহোমে ভরে গেছে। ডাক্তাররা হাসপাতালে থাকেন না, বেশির ভাগ সময়ে নার্সিং হোমে কাটান। গরিব মানুষরা ডাক্তারদের কাছে যেতে পারে না। সবচেয়ে মারাত্মক ঘটনা হচ্ছে যে, ডাক্তার একজামিন করে যে প্রেসক্রিপশন দিচ্ছেন, সেগুলো নিরক্ষর লোকেরা ওষুধের দোকানে নিয়ে গেলে পরে সেখান থেকে এক্সপেয়েরি ডেটের ওষুধ দিচ্ছে।

ওই নিরক্ষর গরিব মানুষরা ওই ওষুধ খেয়ে মারা যাচ্ছে। দুর্ভাগ্যক্রমে বীনপুর স্বাস্থ্যকেন্দ্রে পাঁচ বছর আগে একটা এক্স-রে মেশিন কিনেছিল, কিন্তু কোনও অপরেটার না থাকার ফলে মেশিনটি অকেজো হয়ে পড়ে আছে। তার ওপরে আবার ওই এক্স-রে মেশিনটি যে ঘরে আছে তার ছাদ থেকে জল পড়ে পড়ে মেশিনটি নষ্ট হতে বসেছে। তারপরে যখন কোনও রোগীকে ডাক্তাররা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে মহকুমা বা জেলা স্বাস্থ্যকেন্দ্রে পাঠাচ্ছে এবং ওখান থেকে যখন এস এস কে এম হাসপাতালে পাঠাচ্ছে তখন স্থানীয় বিধায়করা যে রেকমেন্ডেশন দিয়ে পাঠান, ওই রেকমেন্ডেশন ডাক্তার বা কর্তৃপক্ষ গ্রাহ্য করেন না। বিধায়কদের মূল্য সেখানে কোনও থাকছে না। মাঝখানে ফড়িয়ারদের একটা চক্রান্ত কাজ করছে। তারা ৫০০, ১০০০, ১৫০০, ২০০০ পর্যন্ত টাকা নিয়ে রোগী ভর্তি করছে। এই বিশাল চক্রান্ত গোটা স্বাস্থ্য দপ্তরের পরিবেশকে একটা ছোঁয়াছে রোগে পরিণত করেছে, আপনি এর থেকে স্বাস্থ্য দপ্তরটিকে মুক্ত করবেন কি করে জানি না।

মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম ৯৪ সালে মেডিক্যাল কলেজে এস সি, এস টির ভুয়া সার্টিফিকেট দেখিয়ে ১৩ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়ে গেছে। যারা সেখানে ভর্তি হয়েছে, তাদের ব্যাপারে এস সি, এস টির ছেলেরা প্রতিবাদ করেছে, প্রত্যেকদিন কাগজেও বেরিয়েছে, টেলিগ্রাফে বেরিয়েছে, আমিও এখানে বলেছি, কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। সেখানে ১৩টি প্রকৃত এস সি, এস টি ছেলেকে বঞ্চিত করা হয়েছে। অথচ মাননীয় মন্ত্রী সেটা জানেন না। আমি যেটা বলতে চাই, আমরা সকলে যেটা গর্ব করতাম, পশ্চিমবাংলার মানুষজন এই স্বাস্থ্যের ব্যাপারে যেটা নিয়ে আজ চিন্তা করে, ভারতবর্ষের অন্যান্য প্রদেশে সেটা নিয়ে আগামী দিন চিন্তা করবে। আজকে আমরা যেটা দেখছি, প্রত্যেকটি কথায় কথায় বিরোধিতায় যেতে হচ্ছে, পশ্চিমবাংলায় আজকে বাঁচার পরিবেশ নেই। এই রকম একটা কালো দিন আজকে পশ্চিমবাংলার মানচিত্রকে ঢেকে দিয়েছে। গোটা পশ্চিমবাংলাই ঢেকে গিয়েছে, বিশেষ করে স্বাস্থ্য দপ্তরের এই অবস্থা হয়েছে। আজকে যেটা খুব দুঃখের সঙ্গে জানাতে চাই, এখানে স্বাস্থ্য দপ্তর তার বাজেট বক্তৃতায় বলতে চাইছেন নতুন কোনও হাসপাতাল খোলার কথা তারা চিন্তা-ভাবনা করছেন না। বাঁশপাহাড়ী অঞ্চল থেকে কাঁকরাঝোড় পর্যন্ত অঞ্চলটি হচ্ছে জঙ্গল, এখান থেকে বেলপাহাড়ী হসপিটাল যেতে গেল ৬০ কি.মি. পথ যেতে হবে, অথচ এখানে যাতায়াতের কোনও উপায় নেই, পায়ে হাঁটা ছাড়া। একজন প্রসূতি মা এখান থেকে হসপিটাল যেতে গেলে তাকে পায়ে হেঁটে যেতে হবে, এছাড়া উপায় নেই। এর ফলে এলাকার মানুষজন মরতেই থাকবে, বিনা চিকিৎসায়। যেহেতু কোনও যোগাযোগের ব্যবস্থা নেই। ফলে এখানকার মানুষজন শেকড় বাকড় খেয়ে তারা চিকিৎসা করছে অথবা ওঝার উপর নির্ভর করছে। পরিশেষে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, যে যে এলাকার কথাগুলি আমি বলেছি, সেখানে যেন ডাক্তার পাঠানো হয়। এছাড়া বীনপুর-২নম্বর স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত তামাজুড়িতে যেন একটা নতুন স্বাস্থ্যকেন্দ্র খোলা হয়, তার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। বিরোধী পক্ষ থেকে যে কাটমোশন এনেছে তার বিরোধিতা করছি। এই বাজেট সম্পর্কে মাননীয় মন্ত্রী যেটা বলেছেন স্বাস্থ্যদপ্তরকে ঢেলে সাজাবার কথা বলেছেন, বিকেন্দ্রীকরণের কথা বলেছেন। তিনি নতুন মন্ত্রী হওয়ার পর তার কয়েকটি স্টেটমেন্ট

পেপারে দেখেছি, সাবজেক্ট কমিটির যে রেকমেন্ডেশন তার অনেকখানি সুরে সুর মিলে গিয়েছে। আমাদের ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একটি অঙ্গরাজ্য, সেই অঙ্গ রাজ্যের যে স্বাস্থ্যর পরিকাঠামো যে হেলথ ইনফ্রাস্ট্রাকচার ভারতবর্ষের অন্যান্য জায়গায় থেকে অনেক ভাল। যদিও স্বাস্থ্যের যে পলিসি কেন্দ্রীয় সরকারের যে পলিসি সেটা মেনে চললেও আমাদের পশ্চিমবাংলায় যে ব্যবস্থা চালু আছে ভারতবর্ষের অন্যান্য জায়গায় সেটা চালু নেই। আমাদের এখানে প্রাইমারি হেলথ সেন্টার, সাব-সিডিয়ারি হেলথ সেন্টার, সাব-সেন্টার, ব্লক হসপিটাল, মহকুমা হাসপাতাল, রুর‍্যাল হাসপাতাল, নিউ জেনারেল হসপিটাল, জেলা হাসপাতাল এবং কতকগুলি মেডিক্যাল কলেজ আছে। এখানে রোগীদের বিনা পয়সায় চিকিৎসা হয়, প্রায় ৯০ শতাংশ। আমরা দেখেছি ভারতবর্ষের অন্যান্য জায়গাতে কেরালাতে দেখেছি ৭০ ভাগ হচ্ছে বে-সরকারি এবং ৩০ ভাগ হচ্ছে সরকারি। সেখানে রোগীদের ওষুধপত্র দেওয়া হয় না, কোনও ডায়েট দেওয়া হয় না। মধ্যপ্রদেশেও একই অবস্থা চালু আছে। আমাদের রাজ্যের স্বাস্থ্য সম্পর্কে যে সমস্যা

[3-20 — 3-30 P.M.]

আছে সেটা আমি তুলে ধরতে চাই। কারণ বামফ্রন্ট সম্পর্কে মানুষের আস্থা বেড়েছে। হেলথের দুটো সাইড আছে, একটা হচ্ছে প্রিভেনটিভ সাইড এবং আরেকটি হচ্ছে কিউরেটিভ সাইড। প্রতিরোধ ব্যবস্থাটাকে যদি জোর দেওয়া যায় সেটা আমাদের দেখতে হবে। গ্রাম স্তরে সাবসিডিয়ারি হেলথ সেন্টার আছে এবং মাল্টিপারপাস ওয়ার্কাররা আছে মহিলা এবং পুরুষ, সাধারণ মানুষের স্বাস্থ্য সম্পর্কে সচেতন করা ও প্রতিরোধের ব্যাপারটা দেখা তাদের কাজ। সেখানটা আমাদের জোর দিতে হবে। সেই মাল্টিপারপাস ওয়ার্কাররা বা সি এইচ ডি যারা আছেন তারা সংখ্যাটা কম নয়, প্রায় ৪৯ হাজার এবং কিছু ট্রেন্ড দাইও আছে, তাদের আরও কাজে লাগাতে পারলে ভালো হয়। তাহলেই স্বাস্থ্য ব্যবস্থাটা আরও ভালোভাবে গ্রামাঞ্চলের মানুষের কাছে পৌঁছে দেওয়া যাবে। গ্রামাঞ্চলের অনেক হাসপাতালে ডাক্তার নেই, এই ব্যাপার রাজ্য সরকারের একটা চিন্তা-ভাবনা আছে। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলোতে আউটডোর করে দিয়ে এবং ব্লক হাসপাতালগুলোকে আরও স্ট্রেইনদেন যদি করি তাহলে ৭০ থেকে ৮০ ভাগ লোকের উপকার হবে। এইভাবে মানুষের চিকিৎসার সুযোগ বাড়াতে হবে। আমাদের পশ্চিমবাংলার যে হেলথ বাজেট তার শতকরা ৯০ ভাগ টাকা চলে যায় বেতন দিতে, আর ১০ ভাগ টাকা ওষুধপত্রের জন্য খরচ হয়। রোগীদের জন্য আরও বরাদ্দ বাড়াতে হবে। এই জন্য মানুষের মনে ক্ষোভ বাড়ছে। ওষুধপত্র কেনার ব্যাপারে যাতে আরও টাকা-পয়সা অ্যালটমেন্ট করা যায় সেদিকে আমাদের নজর রাখতে হবে। পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিকাঠামো বজায় রাখার জন্য বিশ্বব্যাঙ্ক এগিয়ে আসছে, আমরা তাদের ওয়েলকাম করছি। ব্লক হাসপাতাল, রুর‍্যাল হাসপাতাল ও সাব-ডিভিসন পর্যন্ত তারা সাহায্য করবে। বিশ্বব্যাঙ্কের স্কীম আই পি পি ফোর, এতে অনেক জায়গায় হাসপাতাল তৈরি হয়েছে, কিন্তু সেগুলো হ্যান্ডওভার হয়নি। বাঁকুড়া এবং মেদিনীপুর জেলায় গিয়ে আমরা দেখেছি সেই ঘরবাড়িগুলো এখনও হ্যান্ডওভার হয়নি। রোগীরা সেখানে অফিস ঘরে পড়ে আছে, আর ডাক্তাররা ভালো ভালো ঘরগুলো দখল করে বসে থাকছে। যাদের জন্য এত বিশাল অয়োজন, এত কর্মচারী, এত ডাক্তার, সেই রোগীদের দিকে নজর দিতে হবে। তাদের বিছানাপত্রের দিকে লক্ষ্য রাখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি অনেক হাসপাতালে এক্স-রে মেশিনগুলো নষ্ট হয়ে যাচ্ছে,

অকেজো হয়ে যাচ্ছে, তার মেরামতি করার জন্য ইলেকট্রো-মেডিক্যাল বলে একটি সংস্থা আছে তাদের দ্বারস্থ হতে হচ্ছে। পশ্চিমবাংলার সমস্ত এক্স-রে মেশিনগুলো তারা সারায়। তাকে চিঠি দিলে পরে, ৬ মাস পরে তার উত্তর পাওয়া যায়। তারও এক বছর পর তারা আসে, ফলে সেই এক্স-রে মেশিনগুলো আর মেরামত হয় না। মাননীয় মন্ত্রী বলেছেন যে তিনি ডিস্ট্রিক্ট ওয়াইজ লোকালি এই সমস্ত মেশিনপত্র যাতে সারানো যায় তার ব্যবস্থা করবেন। আমি তার স্টেটমেন্টকে স্বাগত জানাচ্ছি। সঙ্গে সঙ্গে ডিস্ট্রিক্ট লেভেলে হাসপাতালে ডাক্তার নিয়োগের কথাও তিনি বলেছেন। রাইটার্স থেকে হাসপাতাল ডাক্তার নিয়োগ হয়। একটা ডাক্তার কোথায় কোন গ্রামে যাবে, সেখানকার পরিবেশ, পরিস্থিতি রাইটার্সের অফিসারদের পক্ষে জানা সম্ভব না। সেজন্য ডিস্ট্রিক্ট লোকাল অফিসাররা, জেলাপরিষদ তারা সেখানে জানেন কোথায় কোন ডাক্তার যাবে। এটা তাদের উপর ছেড়ে দিলে মনে হয় ভালো হয়। আমি আরেকটা জিনিস বলতে চাই যে বিশেষ করে গ্রামাঞ্চলে রোগীরা তাদের একটা হাসপাতাল থেকে আরেকটা হাসপাতালে রেফার করা হয়। সেই রেফারড রোগীকে কি করা হয় তাদের তেল কিনে দিতে হয়। তেল না কিনে দিতে পারলে সেই রোগী ডিস্ট্রিক্ট হাসপাতালে যেতে পারে না। হাসপাতালের পক্ষে তেল দেওয়া সম্ভব না, কারণ মান্ধাতার যুগের তেলের অ্যালটমেন্ট হয়েছে। সেই তেলের অ্যালটমেন্ট আজ পর্যন্ত বাড়ে নি। আমি সেজন্য তেলের অ্যালটমেন্ট বাড়ানোর কথা বলব। গ্রামাঞ্চলে বহু ক্ষেত মজুর আছে, চাষী সম্প্রদায়ের মানুষ আছে যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষ। তাদের পক্ষে তেল কিনে একটা ব্লক হাসপাতাল থেকে সাব-ডিভিসনাল হাসপাতালে যাওয়া সম্ভব না। বিশেষ করে আমি একটা উদাহরণ দিয়ে বলছি। গত জুন মাসে আমাকে সাপে কামড়ায় সঙ্কটময়, মরণাপন্ন অবস্থায় তেল কিনে দিয়ে অন্য হাসপাতালে নিয়ে যাওয়া হল। তেল যদি কিনতে না পারতাম তাহলে আমার মৃত্যু হত। কিন্তু আমার মতো তো সব পেশেন্ট নয় যদি সাধারণ পেশেন্টদের সাপ কামড়াতো তাহলে কি হত? সেজন্য আমি বলব তেলের অ্যালটমেন্ট বাড়াতে। গাড়িগুলি ভাঙা অবস্থায় পড়ে রয়েছে, কোন মান্ধাতার যুগে গাড়ি মেরামতের জন্য আড়াইশো টাকা করে অ্যালট করা হত। এখন স্পেয়ার পার্টসের দাম বেড়েছে। আমি এই ক্ষেত্রেও টাকা বাড়ানোর কথা বলব। আমাদের চিকিৎসা ব্যবস্থায় কিছু কঠিন, দুরা-রোগ্য বিষয় আছে যেমন— সি টি স্ক্যান আমাদের কলকাতায় হয়, বাঙ্গুরে হয়। কিডনি ট্রান্সপ্ল্যানটেশনও কলকাতায় হয়। এই চিকিৎসাগুলো ডিস্ট্রিক্ট হাসপাতালে, মফস্বলে যাতে ব্যবস্থা করা হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য আমি মাননীয় মন্ত্রীকে বলব। আরও একটি প্রস্তাব আমি রাখব। টিকিটের জন্য যে টাকা নেওয়া হয়, আমরা কেরালাতে দেখেছি সেই টিকিটের পয়সার একটা অংশ লোকাল হাসপাতালের উন্নয়নের জন্য ব্যয় করা হবে। আমি মানননীয় মন্ত্রীকে আবেদন করব সেই টাকা উন্নয়ন খাতে খরচ করার জন্য। এই কয়টা সাজেশন রেখে আমি বাজেটকে পূর্ণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**ডাঃ তপতী সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ রূপে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশনকে সম্পূর্ণ বিরোধিতা করে দু'চারটি কথা বলতে চাই। আমার ব্যক্তিগত জীবন দিয়ে আমি দু-একটা কথা বলছি। ছাত্রদের পড়াশোনার ক্ষেত্রে যে একটা অরাজকতা চলছিল। ৭২ থেকে ৭৭ এর

সময়ে তখন পড়তে আমাদের নিজেরই সময় লেগেছে—যেটা ৬ বছর লাগার কথা লেগেছে আট বছর। তাছাড়াও ইন্টার্নিশিপ, হাউস স্টাফশিপ করতে ১০ বছর সময় লেগে গেছে। এই বাম সরকার এসেই কিন্তু আজকে এটাকে সাড়ে চার বছরে নামিয়ে এনেছেন। এটা অভিনন্দনযোগ্য। উপরন্তু এটা ঘোষণা করা হয়েছে যে মুখ্যমন্ত্রীর কোটা বন্ধ করা হয়েছে। সেটাকে আমি অভিনন্দন জানিয়ে আমার দু-চারটি কথা বলতে চাই। আমাদের দেশে মেডিক্যাল কলেজগুলিতে যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে সেটা আজকের পৃথিবীর অনেক দেশেই নেই। কিন্তু কয়েকটা ক্ষেত্রে একটু ত্রুটি হয়ে যাচ্ছে। এই হাসপাতালগুলোর মধ্যে যে বিভিন্ন ডিপার্টমেন্ট রয়েছে এবং শুধু স্বাস্থ্য নয় সেখানে রয়েছে ক্লাশ ফোর স্টাফ পি ডব্লু ডি সেকশন, ওয়াটার সেকশন এই সমস্ত যেগুলো রয়েছে তার মধ্যে কিছু কো-অর্ডিনেশনের অভাব হয়ে যাওয়ার জ আমরা সামগ্রিকতার ক্ষেত্রে অনেকটা কাজ পাচ্ছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যদি সেদিকটায় দৃষ্টি দেন তাহলে এই ইনফ্রাস্ট্রাকচারের মধ্যে আমরা

[3-30 — 3-40 P.M.]

পশ্চিমবঙ্গের যে সুনাম ছিল সেই সুনাম খুব তাড়াতাড়ি ফিরিয়ে নিয়ে আসতে পারব। এই বাজেটে বলা হয়েছে, প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর—এটার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এটা, আমাদের দেশের লক্ষ লক্ষ মানুষ দারিদ্র-সীমার নিচে আছে বলে নয়, পৃথিবীর বিভিন্ন ডেভেলপড কান্ট্রিতে এই প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর—এটাকে মূল লক্ষ্য করা হয়েছে। এই প্রিভেনশন করা গেলে অনেকাংশ অর্দ্ধেক নিরাময় হয়। অর্থাৎ কিউরেটিভের পার্টে খরচা স্বাভাবিকভাবে অনেক কম হয়। এটা আজকে অনুধাবন করা হয়েছে এবং এই বাজেটে এটা রাখা হয়েছে বলে এটা অভিনন্দনযোগ্য। কিছুদিন আগে পালস-পোলিও প্রোগ্রামের কাজ শেষ হল। এই কাজ সরকারি, বেসরকারি, আধা সরকারি সকলকে একসাথে করে সুসম্পন্ন করা হয় এবং এটা যে সফলতা অর্জন করেছিল সেটা অভিনন্দন যোগ্য। এই দিকে আমরা বলতে চাই—ভবিষ্যতে আমরা যদি এই ধরনের কো-অপারেশন সর্বক্ষেত্রে রাখতে পারি, তা হলে আমরা অনেকাংশ স্বাস্থ্যের জীর্ণ অবস্থা থেকে উত্তীর্ণ হতে পারব। বিকেন্দ্রীকরণের ব্যাপারে গুরুত্ব দেওয়া হয়েছে। স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এটা বিশেষ গুরুত্ব দেওয়ার মত্যো ব্যাপার। বিকেন্দ্রীকরণের ব্যবস্থাতে যদি সফলতা লাভ করা যায় তাহলে স্বাস্থ্যে বিরাট পরিবর্তন আসবে। জনসাধারণের অংশগ্রহণ এখানে সুনিশ্চিত করতে বলা হয়েছে। বিগত বছরগুলোতে ক্রমাগত স্বাস্থ্যের যে কয়েকটি পদক্ষেপ নেওয়া হয়েছে তা অভিনন্দন যোগ্য। ২ হাজার সালের মধ্যে জন্মহার ২১, মৃত্যুহার ৯, শিশু মৃত্যুর হার ৭ করাই হল আমাদের জাতীয় লক্ষ্য মাত্রা। আরবান পপুলেশন ডিসপ্রোপরশনেটলি বেড়ে গেছে। ফলে শহরে প্রায় প্রতি ৪০০ থেকে ৪৫০ জনের একটা বেড রয়েছে, তেমনি গ্রামে প্রতি এক হাজার জনের জন্য একটা বেড রয়েছে। রুর‍্যাল অঞ্চল থেকে মানুষ কাজের জন্য শহরাঞ্চলে চলে আসছে। কিন্তু সেখানে কম সংখ্যক বেড থাকার জন্য অসুবিধা হচ্ছে। এটাতে একটা ব্যালেন্স আনতে গেলে একটা ন্যাশনাল অ্যাটিচুড আমাদের নিতে হবে। প্রাইমারি হেলথ সেন্টার, সাব-সিডিয়ারি হেলথ সেন্টার, ডিস্ট্রিক্ট হাসপাতালগুলোকে যদি আরেকটু ডেভেলপ করা যায় তাহলে এতে এই সমস্যার কিছু অংশের সমাধান করা সম্ভব হবে। আমাদের এখানে নন-প্র্যাকটিশিং এবং প্র্যাকটিশিং ডক্টর রয়েছেন। নন-প্র্যাকটিশিং ডক্টরদেব কতকগুলো সমস্যা থেকে গেছে। তারা

আজকে প্র্যাকটিশ করছেন না। তারা হাসপাতালে বেশির ভাগ সময় দিচ্ছেন। তারা টিচিং পজিশনে আছেন। সমাজে তারা, ভবিষ্যতে যারা ডাক্তার তৈরি হবেন তাদের তৈরির দায়িত্ব নিচ্ছেন। সুতরাং তাদের কিছু সুযোগসুবিধা দেওয়া দরকার। হয়ত তাদের অনেক কিছু দেওয়া হয়েছে। তাহলেও এটা সম্পূর্ণভাবে দেওয়া সম্ভব হয়নি। এই ব্যাপারে আমি দুই-একটি প্রস্তাব রাখছি এস এস কে এম হাসপাতালে সান্ধ্য পলি-ক্লিনিক করা হয়েছে। যদি কলকাতার অন্যান্য টিচিং ইনস্টিটিউটে, টিচিং ডক্টরদের জন্য সান্ধ্য পলি-ক্লিনিক করা সম্ভব হয়, তবে সেখানে তারা বসবেন, এবং যা অর্থ পাওয়া যাবে তার অর্দ্ধেক সরকার নেবেন আর বাকি অর্দ্ধেক ডাক্তার নেবেন। এইভাবে যদি করা যায়, তাহলে কিছুটা সমস্যার সমাধান করা যেতে পারে। উপরন্তু দিল্লিতে যেমন ন্যাশনাল মেডিক্যাল লাইব্রেরি রয়েছে, সেইরকম এখানে যদি একটা লাইব্রেরি করা যায় তাহলে, যেখানে নন-প্র্যাকটিশিং ডাক্তাররা বিভিন্ন ম্যাগাজিন ইত্যাদি পড়তে পারে। কারণ, একটা সাধারণ ম্যাগাজিনও যদি বিদেশ থেকে আনতে হয়, তাহলে বছরে ৩,৬০০ টাকা দিতে হয়। সেখানে যদি একটা সেন্ট্রালি লাইব্রেরি করা যায়, তাহলে ডাক্তাররা উপকৃত হবেন এবং যে সমস্ত ছাত্রদের তারা তৈরি করবেন, তাদেরও উপকার করতে পারবেন। যদি নর্থ এবং সাউথ, দুটো দিকে দুটো বাসের ব্যবস্থা করা যায়, তাহলে ডাক্তারদের যাতায়াতের সুবিধা হবে। পাশাপাশি হেলথ কাউন্সিলের একটি সাজেশন রাখছি, এটা মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন। স্কলারশিপের কথাও ভাবার আছে। দিল্লি থেকে যে স্কলারশিপ আসে, দুঃখের সঙ্গে বলছি, সেইগুলো রাইটার্স বিল্ডিংসের লাল ফিতের ফাঁসে আটকে থাকে, এবং এমন হয়েছে, যখন ডাক্তারদের হাতে এসে পৌছায়, দেখা যায় তার সময়সীমা পার হয়ে গেছে। এদিকে যদি দৃষ্টি দেন, তাহলে ভবিষ্যতে গবেষণার ক্ষেত্রে আমরা উপকৃত হতে পারব। এই কথা বলে, আমাদের এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মিনতি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এতক্ষণ আমাদের পেশ করা বাজেটের উপরে দুজন বিরোধী দলের সদস্য এবং আমাদের পাঁচজন সরকার পক্ষের সদস্য যে আলোচনা করলেন, তা আমি শুনলাম। সরকার পক্ষের মাননীয় সদস্যরা এই স্বাস্থ্য পরিকাঠামোকে একটা উন্নতির জায়গায় পৌছে দেওয়ার জন্য যে গঠনমূলক আলোচনা এবং কিছু সাজেশন আমাদের কাছে রেখেছেন, তার জন্য আমি প্রথমেই তাদের ধন্যবাদ জানাই। আমাদের স্বাস্থ্য বাজেটে এই বিষয়টির উপর সবচেয়ে গুরুত্ব দেওয়া হয়েছে যে, এই স্বাস্থ্য পরিকাঠামোকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যেতে হলে আমাদের যে বিকেন্দ্রীকরণের কর্মসূচি, সেই কর্মসূচিকে সফল করে তুলতে হবে। এটা তখনই সফল হবে, যখন আমরা সমস্ত অংশের জনগণকে বিকেন্দ্রীকরণের যে প্রয়োগ এবং তার উপকারিতা সে সম্পর্কে অবহিত করতে পারব। সমস্ত অংশের মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করার বিষয়টিকে এবারে আমরা সবচেয়ে বেশি গুরুত্ব দিতে চাই। আমাদের রাজ্যে সাক্ষরতা কর্মসূচিকে রূপায়ণের মধ্যে দিয়ে আমরা দেখেছি যে আমরা একটা সফল জায়গায় পৌছাতে পেরেছি। সাক্ষরতা কর্মসূচি তে যে সব স্বেচ্ছাসেবী মানুষ, মানব দরদী মানুষ অংশগ্রহণ করেছিলেন, এখানেও তাদের যুক্ত করে একটা সচেতনার কর্মসূচি গ্রহণ করার মধ্যে দিয়ে এই স্বাস্থ্য পরিষেবাকে সাধারণ মানুষের কাছে পৌছে দিতে চাই। যে বিষয়টা আমি এখানে বলতে চাই নিরাময় পদ্ধতি থেকে নিবারণ পদ্ধতিকে যদি

সফল করে তুলতে পারি, তাহলে নিরাময়ের ক্ষেত্রে অনেক রোগীর সংখ্যা কমে যাবে। সেইজন্য আমরা নিবারণমূলক কর্মসূচিকে লক্ষ্য করেই এবারে এগিয়ে যেতে চাইছি। বিরোধী দলের সদস্যরা বললেন নেতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিকাঠামো সম্বল করেছিল। কিন্তু তারা এটা তো বললেন না যে, গোটা ভারতবর্ষের মধ্যে ৭০ শতাংশ সাধারণ মানুষ এখনও এই পশ্চিমবাংলাতেই সরকারি সাহায্যে বা সরকারি চিকিৎসার সুযোগ পাচ্ছে? ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলোর পরিসংখ্যান আমরা যদি দেখি, তাহলে দেখতে পাব সেখানে বিভিন্ন বেসরকারি সংস্থা, বিভিন্ন নার্সিং হোম, এন জি ও, তারা আজকে মুনাফা ভিত্তিতে চিকিৎসাটাকে মানুষের কাছে পৌঁছে দিচ্ছে। যেহেতু আমরা পশ্চিমবাংলার বামফ্রন্ট জনগণের কাছে দায়বদ্ধ তাই সেই দায়বদ্ধতাকে স্বীকার করেই আমরা স্বাস্থ্য পরিষেবাটাকে সরকারি ভাবে মানুষের কাছে পৌঁছে দিতে সফল হচ্ছি।

[3-40 — 3-50 P.M.]

কিন্তু আমাদের যেখানে দুর্বলতা যেহেতু গ্রামাঞ্চলে অধিকাংশ মানুষকে আমরা এখনও ততটা সচেতন করে তুলতে পারিনি সেই জন্য দুর্বলতা লক্ষ্য করা যাচ্ছে, গ্রামের অনেক রোগী তারা এখনও আমাদের স্বাস্থ্য পরিকাঠামোর তিনটে যে স্তর রয়েছে সেই স্তর সম্পর্কে সচেতন নয়। চিকিৎসা ব্যবস্থা কে প্রাথমিকস্তর, দ্বিতীয় স্তর ও তৃতীয় স্তর—এই তিনভাগ ভাগ করা হয়েছে। কিন্তু সাধারণ মানুষের অসহযোগিতার ফলে অনেক সময় আমরা দেখছি, যে নিবারণ হয় এমন রোগের রোগী কলকাতার সরকারি হাসপাতালে চলে আসছে। এবং অবাঞ্ছিত ভাবে সরকারি হাসপাতালে রোগীর ভিড় বাড়ছে। সেইজন্য মানুষকে এবিষয়ে সচেতন করে তুলতে হবে এবং তার জন্য স্বাস্থ্য সচেতনতার উপর আমাদের জোর দিতে হবে। এই কর্মসূচি সফল করার ক্ষেত্রে আমাদের সমস্ত স্তরে দলমত নির্বিশেষে, বিশেষ করে মহিলা সংগঠন—মাতৃমঙ্গল এবং শিশু মঙ্গল কর্মসূচিকে সফল স্তরে নিয়ে যেতে হবে এবং উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করতে হবে। এটা উল্লেখের দাবি রাখে না যে স্বাস্থ্য একটা স্পর্শকাতর বিভাগ।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায় এবং মাননীয়া শ্রীমতী মিনতি ঘোষ মহাশয়া ওনার সিট ছেড়ে একদম সামনের সারিতে চলে আসেন এবং বিনা মাইকে বক্তৃতা করেন।)

আরেকটা কথা উল্লেখ করতে হয়, মহিলাদের মধ্যে কিন্তু সবচেয়ে বেশি রোগীর সংখ্যা দেখা যায়। শতকরা ২৩ শতাংশ রুগীই মহিলা। যেমন ভিটামিনের অভাব বা গর্ভবতী মা মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে—এসব ব্যাপারে মহিলাদের সচেতন করতে পারলে আমরা রোগ নিবারণের যে কর্মসূচি সেই কর্মসূচির দিকে অনেকটা এগিয়ে যেতে পারব। মাঝপথে মাইকটা হঠাৎ চলে যাওয়াতে আমি কিছুটা খেই হারিয়ে ফেলেছি। যাই হোক, মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় এখানে একটা অসত্য ভাষণ পেশ করেছেন। তিনি আজ বক্তৃতা দেবার সময় বলেছেন, গতকাল বালুরঘাট হাসপাতালে একজন রোগীর অপারেশন হচ্ছিল তখন নাকি সেই অপারেশন টেবিল ভেঙ্গে পড়ে সেই রোগী আহত হয়। স্যার, আমি গতকাল সাড়ে চারটার সময় বালুরঘাট সদর হাসপাতালের অ-ডাক্তার কর্মচারী বন্ধুদের সঙ্গে বিভিন্ন সমস্যা নিয়ে আলোচন করছিলাম এবং ৯টা পর্যন্ত আমি বালুরঘাটে ছিলাম কিন্তু আমার কাছে এমন

কোনও ঘটনার খবর পৌঁছায়নি। এটা দুঃখের বিষয়ে কিন্তু পশ্চিমবাংলায় স্বাস্থ্য পরিকাঠামোয় অনেক ত্রুটি আছে, দুর্বলতা আছে। সেখানে ডাক্তাররা আছেন, নার্সরা আছেন, ক্লার্করা আছেন, ক্লাস ফোর কর্মচারিরা আছেন তার সাথে আলোচনার মধ্যে দিয়ে আমরা একটা সমস্যার সমাধানের জায়গাতে পৌঁছাতে পারি, সেই জায়গায় এটাকে আমরা স্বীকার করে নিয়ে বলছি ইতিবাচক সাফল্যের কথাগুলি কিন্তু সংবাদপত্রে প্রকাশিত হয়নি। প্রতিবছর প্রতিনিয়ত সংবাদপত্রগুলি মানুষকে বিভ্রান্ত করছে। গত কয়েক দিন পূর্বে একটা অসত্য সংবাদ প্রকাশিত হয়েছিল যে বালুরঘাট হাসপাতালে শিশু মৃত্যুর হার সম্পর্কে। আমি ডি এম ও-র সঙ্গে যোগাযোগ করে জানতে পারলাম তিনি সারা বছরের একটা পরিসংখ্যান আমার কাছে দিলেন, আতঙ্কিত হওয়ার মতো কথা নয়। অনেক মা যারা নাকি ইমম্যাচিওরড বেবি নিয়ে এসেছেন, তারা ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম ওজনের বেবি নিয়ে এসেছেন, অনেকে ইক্লামসিয়ায় আক্রান্ত হয়েছে, মা ভর্তি হয়েছে শিশুও ভর্তি হয়েছে, এটা ঘটেছে কিন্তু সংবাদপত্রে যে সংবাদ প্রকাশিত হয়েছে সেটা অসত্য নয়। আমি যে কথাটা বলতে চাই যে আমি পরিসংখ্যানের হিসাবের মধ্যে যেতে চাই না। আমরা গোটা ভারতবর্ষে দেখেছি জন্মের হার যেখানে ২৮.৬ পারসেন্ট, সেখানে পশ্চিমবাংলা ২৫.১ পারসেন্ট। শিশু মৃত্যুর হার সারা ভারতবর্ষে ৭৩ পারসেন্ট, পশ্চিমবাংলায় ৬১ শতাংশ। সাধারণ মৃত্যুর হার সারা ভারতবর্ষে ৯.২ প্রতি হাজারে, পশ্চিমবাংলায় ৮.৩। আমরা পরিবার পরিকল্পনার ক্ষেত্রে ৭৩ পারসেন্ট, পশ্চিমবাংলায় ৬১। যদিও আমরা কোনও আত্ম সন্তুষ্টির মধ্যে যেতে চাই না। স্পর্শ কাতর হচ্ছে এই স্বাস্থ্য দপ্তর, এই দপ্তরের উন্নয়নের জন্য বিকেন্দ্রীকরণের যে নীতি আমরা বাজেটে ঘোষণা করেছি, সেই বিকেন্দ্রীকরণের নীতি আমরা সর্বোচ্চ স্তর থেকে গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত জনপ্রতিনিধিদের, স্বাস্থ্য প্রতিনিধিদের সভাগুলিকে নিয়মিত করণের মধ্যে দিয়ে বিকেন্দ্রীকরণের নীতিকে আমরা প্রতিফলিত করতে চেয়েছি এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির মধ্যে দিয়ে রোগ নিবারণের জায়গায় পৌঁছতে চেয়েছি। এই কথাগুলি বলে আমি বিরোধী সদস্যদের আনা কাট মোশনের বিরোধিতা করছি, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আছেন তিনি আরও বিস্তৃতভাবে বলবেন। এই কয়টি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় সদস্যরা আলোচনায় অংশ গ্রহণ করেছেন, তাদের সকলের আলোচনার ভিতরে কিছু কিছু বিষয় আছে যে বিষয়গুলি থেকে রাজ্য সরকার কিছু নির্দেশ পেতে পারেন কোন বিষয়ে আমাদের গুরুত্ব দেওয়া দরকার বা অগ্রাধিকার দেওয়া দরকার। সে দিক থেকে এই আলোচনার জন্য প্রত্যেককেই অভিনন্দন জানাচ্ছি, বিশেষ করে কয়েকজন সরকার পক্ষের সদস্য যা বলেছেন সেটা সত্যিই অনুধাবনযোগ্য, তাদের থেকে আমরা মূল শিক্ষণীয় বিষয়গুলি গ্রহণ করবার চেষ্টা করব। আমি সংক্ষেপে বলতে চাই, কিন্তু তার আগে এখানে যে ছাঁটাই প্রস্তাবগুলি এসেছে বিরোধী দলের সদস্যদের আনা তার মধ্যে যে বিষয়বস্তুগুলি ছিল সেগুলি এক সঙ্গে আমি বলছি। তাতে ছিল কিছু হাসপাতালের নাম উল্লেখ করে বলা হয়েছে সেখানে ডাক্তার নেই, চিকিৎসা ব্যবস্থা নেই। যেগুলির সম্বন্ধে বলা হয়েছে তার মধ্যে মোটামুটি হুগলি জেলার কয়েকটি হাসপাতালের কথা, ২৪ পরগনা জেলার কয়েকটি হাসপাতালের কথা, নদীয়া জেলার কয়েকটি হাসপাতালের কথা। যে হাসপাতালগুলির উল্লেখ করা হয়েছে সেখানে যে রকমভাবে অভিযোগ করা হয়েছে সে রকম নয়। সেখানে ডাক্তার আছে, চিকিৎসা

ব্যবস্থা আছে। কাজেই সেখানে এই ছাঁটাই প্রস্তাব আনার যুক্তি-গ্রাহ্যতা কিছুই আমি দেখতে পাচ্ছি না। তৃতীয়ত যে বিষয়টার ওপর দৃষ্টি আকর্ষণ করে ব্যয়-বরাদ্দ ছাঁটাই করতে চাওয়া হয়েছে তাহল—পাবলিক হেল্‌থ লেবরেটরি কাজ করছে না। এটাও সত্য নয়, পাবলিক হেলথ ল্যাবরেটরি কাজ করছে এবং পাবলিক হেলথ ল্যাবরেটরিকে আরও উন্নত করবার জন্য চেষ্টা করা হচ্ছে, প্রকল্প নেওয়া হয়েছে। তারপর সংক্রামক অসুখগুলো, বিশেষ করে ডায়রিয়া ইত্যাদি প্রতিরোধ করার ক্ষেত্রে রাজ্য সরকার নাকি কিছুই করে নি। এটাও ঠিক নয়। কেন না, গত বছর, তার আগের বছর—পর পর বছরগুলোর হিসাব নিলে দেখব যে, সংক্রামণ এবং সংক্রামিত অসুখ এবং অসুস্থ হয়ে মৃত্যুর সংখ্যা ক্রমশ কমে আসছে। আমি এখানে সেই সংখ্যা উল্লেখ করে আমার বক্তব্যকে আর ভারাক্রান্ত করতে চাই না। এখানে আর একটা ছাঁটাই প্রস্তাবে বলা হয়েছে—আমাদের রাজ্যে অন্যান্য সংক্রামক রোগ ছাড়াও এডস-এর মতো ভয়াবহ সংক্রামণ রোগ প্রতিরোধ করা হচ্ছে না, এ ক্ষেত্রে রাজ্য সরকার ব্যর্থ। এটাও ঠিক নয়। পশ্চিমবাংলা একটা বড় জনবহুল রাজ্য। ভারতবর্ষের বড় শহরকেন্দ্রিক রাজ্যগুলোর মধ্যে পশ্চিমবাংলা অন্যতম। কিন্তু ভারতবর্ষের অন্যান্য বড় শহর কেন্দ্রিক রাজ্যগুলোর তুলনায় এ ক্ষেত্রে পশ্চিমবাংলা একটু ভালো জায়গায় আছে। আমাদের এখানে মোটামুটি ৭ লক্ষর কিছু কম মানুষের রক্ত পরীক্ষা করা হয়েছে। তার মধ্যে থেকে এইচ আই ভি পজিটিভ-এর সংখ্যা, এইচ আই ভি পজিটিভ হবার পরে এডস-এর আক্রান্তের সংখ্যা এবং আজ পর্যন্ত এডস রোগাক্রান্তের মৃত্যুর সংখ্যা যেটা, সেটা অন্য অনেক রাজ্যের চেয়ে কম। এখন পর্যন্ত মাত্র ১৯ জনের মৃত্যুর হয়েছে ; ২৫/৩০ জনের চিকিৎসা চলছে। সুতরাং এর জন্য বিরোধিতা করার কোনও প্রশ্ন আছে বলে আমি মনে করি না। তবে এক্ষেত্রে আত্ম-সন্তুষ্টিরও কোনও অবকাশ নেই। এ বিষয়ে আমাদের আরও সচেতন হতে হবে। আর যা কথা উঠেছে তা আমাদের রাষ্ট্রমন্ত্রী মূলত বলেছেন এবং অন্যান্যরাও বলেছেন। সুতরাং আমার আর খুব বেশি কিছু বলার নেই। আমরা যে পরিস্থিতির মধ্যে আছি তাতে একটা বৈশিষ্ট আছে। জনসংখ্যার মধ্যে কয়েকটা পরিবর্তন দেখছি। আপনারাও দেখছেন যে, আমাদের পশ্চিমবাংলায় জনগণের প্রত্যাশা বেড়ে যাচ্ছে—আয়ুষ্কাল প্রায় ৭০-এর ওপর উঠে গেছে। ফলে বিভিন্ন বয়সের মানুষের মধ্যে বিভিন্ন ধরনের শারীরিক প্রয়োজনীয়তা আছে, বিভিন্ন ধরনের অসুস্থ হবার প্রবণতা আছে। এক্ষেত্রে মানুষের জীবনের মূলত দুটো ভাগ একটা হচ্ছে সুস্থতা, আর একটা হচ্ছে অসুস্থতা। সুস্থ থাকার বিষয়টাই হচ্ছে সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। কিছু ন্যূনতম ব্যবস্থা না থাকলে সমাজের সকল শ্রেণীর মানুষের পক্ষে সুস্থ থাকা সম্ভব হয় না। সমাজের পিছিয়ে পড়া অংশের যে সমস্ত মানুষরা আছেন, কৃষক, শ্রমিক, এস সি, এস টি, ব্যাকোয়ার্ড ক্লাশ ইত্যাদির মানুষদের জীবনের নিম্নতম চাহিদাগুলো যদি পূরণ করা না যায় তাহলে হাসপাতাল দিয়ে, ওষুধ দিয়ে তাদের সুস্থতা বজায় রাখা যাবে না, তাদের অসুস্থতাকে মোকাবিলা করা যাবে না। আমাদের রাজ্যে জনসংখ্যা দু' রকম ভাবে পরিবর্তিত হচ্ছে। এক হচ্ছে, মৃত্যুর সংখ্যা কমছে এবং সে খবর আপনারা এই মাত্র পেলেন। আর জন্মের হার বাড়ছে, যদিও জন্ম হার বৃদ্ধির সংখ্যাটা কমছে। তবুও মানুষের সংখ্যা বাড়ছে এবং আমাদের রাজ্যে বহু বাইরের মানুষ এসে বসবাস করছেন—বিশেষ করে শহরাঞ্চলে। কাজেই জনসংখ্যা সম্বন্ধে আমাদের ধারণাটাই পরিবর্তিত হয়ে যাচ্ছে। সুস্থ মানুষদের সুস্থভাবে বাস করার চাহিদা এবং অসুস্থ হলে নিরাময়ের চাহিদার পরিবর্তন হয়ে যাচ্ছে। এর ফলে সাধারণ সুস্থতার জন্য

যা যা করণীয় আছে—পরিবেশ পরিচ্ছন্ন রাখা, আরও বেশি পুষ্টিকর খাদ্য সরবরাহ করা, জীবনের অন্যান্য দিকগুলো বিকশিত করা, এগুলোর প্রয়োজনীয়তা বাড়ছে। তেমনই রোগ, অসুখ মোকাবিলা করার প্রবণতাও বাড়ছে। এই পরিস্থিতিতে পশ্চিমবাংলায় রাজ্য সরকারের যে পরিকাঠামো চিকিৎসার জন্য আছে তাকে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য আমরা সচেষ্ট। তথাপি বলতে পারি যে, আমাদের এখন পর্যন্ত যা আছে তারও সব সময় সব ক্ষেত্রে পুরোপুরি সদ্ব্যবহার হয় না। একজন মাননীয় সদস্য বলেছেন সঠিক সদ্ব্যবহারের জন্য একটু বিকেন্দ্রীকরণ দরকার। আমার মনে হয় দুটো জিনিস বিকেন্দ্রীকৃত করা দরকার। প্রথমেই স্বাস্থ্যের জন্য মানুষের মধ্যে আন্দোলন গড়ে তোলা দরকার। যেমন ধরুন, মাননীয় রাষ্ট্রমন্ত্রী বলেছেন আমাদের এখানে যে সমস্ত মহিলারা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হন তাদের মধ্যে ২৩ ভাগেরই ভর্তি হবার দরকার হত না যদি তারা স্বাস্থ্য রক্ষার ন্যূনতম সুযোগগুলো নিতে

[3-50 — 4-03 P.M.]

পারতেন। মহিলা যারা ভর্তি হন তাদের মধ্যে অনেকেই অসুস্থতা আছে। আগে থেকে সাবধানতা অবলম্বন করলে, শিক্ষা এবং অভ্যাসের পরিবর্তন করলে এবং প্রধানত পরিবারের পুষ্টিকর খাদ্য কে কি কতটা পরিমাণ পাবেন এই সম্পর্কে চেতনা, অভ্যাস গড়ে তুলতে পারলে এবং আমাদের সংস্কৃতির পরিবর্তন আনতে পারলে এই ধরনের জিনিসগুলি কমে যাবে। অনেকগুলি সংক্রামক রোগের কথা এসেছে। এগুলি আপনারাও দেখেছেন, শুনেছেন এবং বলেছেন। যতগুলি সংক্রামক অসুখ ডায়েরিয়া সহ এই যে আর্সেনিক পয়জনিং—এই সব কিছুই আমরা মোকাবিলা করতে পারব, মানুষ যারা আক্রান্ত হবেন যাদের মধ্যে বিষক্রিয়া কাজ করবে তাদের পুষ্টির দিকটা যদি বিবেচনা করা হয়। ভারতবর্ষের সকলেই বলেন, আমিও বলব, এমন কি অনেক পন্ডিত লোকও এই নিয়ে অনুসন্ধান করেছেন—এটা পশ্চিমবাংলায় হয়েছে, বড় বড় ডাক্তাররা বলেছেন, বিজ্ঞানীরাও আর্সেনিক পয়জনিং নিয়ে রিপোর্টও দিয়েছেন। আমার কাছে সেই রিপোর্ট আছে। জলে আর্সেনিককে নিয়ন্ত্রণ করার চেষ্টা করতে হবে। কিছু কিছু করা হয়েছে। এই অসুখ সহ বহু ধরনের অসুস্থতার মোকাবিলা করা দরকার শারীরিক পুষ্টির মাধ্যমে। ওয়ার্ল্ড পপুলেশনের রিপোর্ট আমার কাছে আছে। সর্বশেষ রিপোর্টে তারা বলছেন, পরিশ্রুত জল, রাস্তা-ঘাট পরিষ্কার পরিচ্ছন্নতা এত করেছি, বছরের পর বছর মাথা ঘামিয়েছি, কিন্তু এই মানুষগুলি যারা ভীড় করে শহরে, গ্রামে-গঞ্জে রয়েছে, এদের পুষ্টির ব্যবস্থা যদি করতে পারি তাহলে এই রোগ অসুখের ৫০ ভাগ তারা নিজেরাই মোকাবিলা করতে পারবে তাদের শারীরিক শক্তি দিয়ে। এটা শুধু স্বাস্থ্য দপ্তরের ব্যাপার নয়, সামগ্রিক চেতনার ব্যাপার, সামগ্রিক সমন্বিত আন্দোলনের প্রশ্ন। সেইদিকে কতটা যেতে পারি এই হচ্ছে একটা দিক। যারজন্য বিকেন্দ্রীকরণের প্রশ্ন বারবার এসেছে। এটা কোনও সংকীর্ণ, দলীয় রাজনৈতিক প্রশ্ন নয়। একেবারে মানুষ নিজেরাই তাদের এলাকার পরিকল্পনা করতে পারেন। রোগ অসুখ সম্পর্কে, অসুস্থতা সম্পর্কে, সামাজিক ন্যায়-বিচার সম্পর্কে এবং তার সঙ্গে অন্যান্য সমাজভিত্তিক বিকাশের জন্য যে সমস্ত আন্দোলন তার মধ্যে সাক্ষরতা—সচেতনতা এগুলি সম্পর্কে পরিকল্পনা করতে পারেন, সেই সম্পর্কে কি উপকরণ চান, কি সাহায্য চান তা তারা নির্ণয় করতে পারেন। তারজন্য সরকারি বা অন্যান্য সংস্থা তাদের পাশে এসে দাঁড়াতে পারেন। এইসব ক্ষেত্রে যারা স্বেচ্ছামূলক কাজ করেন—সরকারি কাজ যারা করেন

তারা তো অবশ্যই সরকারি প্রতিষ্ঠান কিন্তু স্বেচ্ছামূলক কাজ যারা করেন এবং কিছুটা বেসরকারি এইসব মিলিয়ে পশ্চিমবাংলায় আমরা সবাই মিলে চলছি। কিন্তু প্রধান অবলম্বন যেটা দীর্ঘদিন ধরে রয়েছে সেটা সরকারি ব্যবস্থা। সেই প্রাধান্য আমাদের পুরোপুরি রাখা উচিত। কিন্তু বহু অসুবিধারও দিক আছে। সেইদিকটা কতটা কি করতে পারি তা দেখতে হবে। বহুদিন ধরেই নিয়ম আছে, নিয়ম নীতিতেই সব কিছু হবে না। কিভাবে হাসপাতালগুলি পরিচালনা হবে সেটা দেখবার জন্য দায়িত্বপ্রাপ্ত মানুষ আছে চিকিৎসকসহ। এখন কি করণীয় কাজ, কোনটা উচিত, কোনটা অনুচিত এইসব লেখা আছে। এগুলি যদি পালন করে, যদি প্রত্যেকের সঙ্গে সহযোগিতা করে তাহলে উন্নতি করা যায়। কিন্তু সেগুলির সামাজিক স্বীকৃতি নিতে হবে, অনুমোদন নিতে হবে। যে নিয়মগুলি পালন করব—হাসপাতালগুলি হাসপাতালের নিয়মে চলবে, স্বাস্থ্য দপ্তর নিয়ম মতো চলবে, স্বাস্থ্য আধিকারীক নিয়ম মেনে স্বাস্থ্য আধিকারীকের মতন চলবে। নিয়ম সবাই মিলে পালন করবে। এটা ন্যূনতম স্তর পর্যন্ত যদি দিয়ে যেতে পারি তাহলে এখন যে অবস্থা আছে তার থেকে অনেক এগিয়ে নিয়ে যেতে পারব। আমরা কি দেখছি আপনারাও শুনলেন, কলকাতা শহরে হাসপাতালে যে শয্যা সংখ্যা আছে সব মিলিয়ে, তাতে প্রতি ৪০০ জন মানুষের জন্য ১টি করে হাসাপাতালে শয্যা আছে। যদিও কোনও কোনও হাসপাতাল সম্বন্ধে মানুষের খুব বেশি প্রত্যাশা থাকে। তারা সেখানে গিয়ে দাঁড়ান, তারা চান, সেখানে তাদের ভর্তি করা হোক এবং সেখানে ভর্তি না হতে পারলে মান-অভিমানের ব্যাপারটাও এসে দাঁড়ায়। সেখানে ভর্তি করার জন্য বেশি করে অনুরোধ করা হয়। এক্ষেত্রে আমরা যদি একটা সমন্বয় করতে পারি, অবশ্যই সেটা করা এমন কিছু কঠিন কাজ নয়। যদি চিকিৎসকদের সহযোগিতা পাই, সেটা আশা করি পাব, যদি পরিচালকদের সহযোগিতা পাই, আশা করছি পাব তাহলে এইরকম ব্যবস্থা করতে পারব, যারা এলেন চিকিৎসার জন্য, তাদের মধ্যে যাদের যাদের ভর্তি করার দরকার নেই তাদেরকে বলে দেওয়া হল, তোমাদের ভর্তি হতে হবে না, বাড়ি থেকেই চিকিৎসা করুন, সেরে যাবে। আর যে রোগীদের ভর্তি করার দরকার অথচ আজকে নিতে পারছি না, তাদেরকে বলে দেওয়া হল, আপনাদের অমুক জায়গায় পাঠিয়ে দিচ্ছি। তারা সেখানে গেলেন এবং শয্যা পেলেন। তাদেরকে বলা হল, দু-একদিন সেখানে থাকুন, তারপর আপনাকে নিয়ে নেব। ছোট হাসপাতাল থেকে যেমন বড় হাসপাতালে রোগী পাঠায়, তেমনি বড় হাসপাতাল থেকে ছোট হাসপাতালে রোগী পাঠাতে অসুবিধা কি আছে? হয়তো বলা হল এখন এটা দেখার দরকার নেই, আপনারাই এটা দেখুন। পরে প্রয়োজন হলে আমরা দেখব। এই রকম একটা সহযোগিতা চাই। আপনারা জানেন চিকিৎসকের অভাব আছে, তার মধ্যে যাচ্ছি না, এটাকে দূর করতে হবে। সত্যিই তো গ্রামে কি করে যাবে, যদি ব্যবস্থা না থাকে? সেইজন্য বলছি যে সব ডাক্তারের সরকারি চাকরির বয়স পেরিয়ে গেছে, তারা যদি আসতে চান, কম বয়স হলেও চলবে, ৬০ বছর বয়স পর্যন্ত যে সব ডাক্তার, তারা যদি কাজ করতে চান, তারা করতে পারবেন শর্ত সাপেক্ষে। যিনি আসবেন, তিনি একটা স্বাস্থ্য কেন্দ্রের দায়িত্বেই থাকবেন, এক বছরের জন্য কাজ করবেন। যে নিম্নতম কাজ, একজন চিকিৎসকের করার কথা,, সেটা করবেন, এই তো চুক্তি। এতে আপত্তি করার কি আছে? যাদের যোগ্যতা আছে, তারা তো পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে স্থায়ী চাকরিতেও চিকিৎসক হিসাবে যোগ দিতে পারবেন। এতে রাগ, অপমান করার কিছু নেই। আর একটা কথা হচ্ছে, খুব সামান্য ক্ষেত্রে বিভিন্ন হাসপাতালের

পরীক্ষা নিরীক্ষা ইত্যাদির ব্যাপারে কিছু ফি নেবার কথা উঠেছে। কারণ চিকিৎসা পেতে গেলে যারা রোগী, তাদের কিছু ব্যয় করতে হবে। তাদের থেকে সামান্য অংশ যদি আমরা এই সরকারি হাসপাতালে নিয়ে আসতে পারি বেশির ভাগ বিনা ব্যয়ে চিকিৎসা হচ্ছে, সেটা সাধারণ ভাবে চলছে, এই ফি নিতে পারলে যে সব যন্ত্র হয়তো খারাপ হয়ে গেছে, ২৫/৫০ টাকা খরচ করা দরকার, এই সংগৃহীত ফি থেকে এই খরচটা করতে পারি। এছাড়াও যে সমস্ত সংস্থা আছে, যেমন পঞ্চায়েত সমিতি, পৌরসভা এইগুলো এরা স্থানীয় ভাবে বিষয়টা দেখতে পারবেন। আমরা এইগুলো সমন্বিত করার চেষ্টা করছি। স্থানীয় যে সংস্থা আছে পঞ্চায়েত সমিতি, পৌরসভা, তাদের বলব, আমাদের কিছু দিন। এটাতে মনে হয় খুব একটা আপত্তি করার কিছু নেই। অন্য সময়ে আমাদের যখন কথা হবে, আলোচনা হবে, তখন সেইগুলো বলব। একটা ছাঁটাই প্রস্তাবে বলা হয়েছিল, দুর্নীতির বিরুদ্ধে কিছু করা হচ্ছে না। আমি বলছি দুর্নীতির বিরুদ্ধে তদন্ত হচ্ছে এবং সেখানে প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে। সেই তথ্য আমার কাছে আছে। সমালোচনার বিষয় থাকলে নিশ্চয়ই সমালোচনা হবে। আমরা সমালোচনা শুনব। আমাদের যেটা করণীয় আমরা সেটা করার চেষ্টা করছি। আর মানুষের যেটা করণীয় কাজ, সেটা তারা করুন চিকিৎসার প্রয়োজনে। সেই কাজ আমাদের যে বিভিন্ন বিকেন্দ্রীভূত সংস্থাগুলো আছে, তাদের সঙ্গে ঘনিষ্ট সহযোগিতা গড়ে তুলে কাজ করতে উদ্বুদ্ধ করুন। আর যেটা চিকিৎসক ছাড়া হবেনা, সেটা চিকিৎসকরা করবেন। আমরা যারা বাইরের লোক, চিকিৎসক নই, আমরা টেকনিশিয়ান নই, যারা টেকনিশিয়ান তারা যদি সেই নীতিগুলো পালন করনে, তাহলে সুষ্ঠুভাবে সব কিছু চলতে পারে। বর্তমানে এই নীতিটা আমাদের মেনে চলতে হবে। তাতে উন্নতি হবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। বর্তমানে আমাদের যে চিত্রটা আছে সেটার উন্নতি হবে। তখন আমরা পরিকল্পনা করতে পারব। যে সমস্ত দুর্বলতা আছে, তা দূর করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছি। যেগুলো আছে সেইগুলো দিয়ে আমরা কাজ আরম্ভ করি। আর একটা কথা, আমাদের রাজ্য থেকে অন্য রাজ্যে চিকিৎসা করাতে চলে যাবার যে প্রবণতা, সেটা বর্তমানে অনেক কমেছে এবং আগামী দিনেও এটা আরও অনেক কমবে। সেই রূপ সম্মিলিত প্রয়াস নিতে হবে। কাজেই বলব, ছাঁটাই প্রস্তাবগুলো নাকচ করে এই ব্যয় বরাদ্দ প্রস্তাবকে গ্রহণ করুন। এই কথা বলে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 32

(The Motions except that of Shri Deba Prasad Sarkar were not moved)

The Motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,20,37,00,000/- be granted for expenditure under Demand No. 32 Major Heads : "2210-Medical and Public Health (Excluding Public Health) and 4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)"

(This is inclusive of a total sum of Rs. 1,73,46,00,000/- already voted on account in February, 1996) was then put and agreed to.

**Demand No. 33**

(The Motions except that of Shri Deba Prasad Sarkar were not moved)

The Motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 85,49,60,000/- be granted for expenditure under Demand No. 33 Major Heads : "2210-Medical and Public Health (Public Health)".

(This is inclusive of a total sum of Rs. 28,50,00,000/- already voted on account in February, 1996) was then put and agreed to.

**Demand No. 34**

(None of the cut motions were moved)

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 77,09,77,000 be granted for expenditure under Demand No. 34 Major Heads : "2221-Family Welfare".

(This is inclusive of a total sum of Rs.25,70,00,000/- already voted on account in February, 1996) was then put and agreed to.

**Adjournment**

The House was adjourned at 4.03 p.m. on Friday till 11 a.m. on Monday, the 1st July 1996 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 1st July, 1996 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 7 Ministers of State and 119 Members.

## Starred Questions

## (to which oral answers were given)

### পরিবহন সংস্থায় ঋণ

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪) **শ্রী দেবপ্রসাদ সরকার :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্য সরকার পরিচালিত কোন কোন পরিবহন সংস্থা গত পাঁচ বছরে বিশ্বব্যাঙ্ক ও এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক থেকে মোট কত টাকা ঋণ/সাহায্য বাবদ গ্রহণ করেছে;

(খ) কি কি শর্তে উক্ত ঋণ/সাহায্য নেওয়া হয়েছে; এবং

(গ) উক্ত ঋণ/সাহায্য প্রাপ্ত টাকায় কি কি প্রকল্প বাস্তবায়িত হয়েছে?

[11-00—11-10 A.M.]

**শ্রী সুভাষ চক্রবর্তী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বিশ্বব্যাঙ্ক বা এশিয়ান ব্যাঙ্ক ছাড়া অন্য কোন বিদেশি সংস্থান কাছ থেকে বিগত ৫ বছরে পরিবহন দপ্তর কোনও ঋণ গ্রহণ করেছেন কিনা বা গ্রহণ করার প্রস্তাব আছে কিনা এবং থাকলে সেই ঋণ বা সাহায্যের পরিমাণ কত এবং তার শর্তগুলি কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, বিগত ৫ বছরে বিশ্ব ব্যাঙ্ক বা আন্তর্জাতিক কোনও সংস্থার কাছ থেকে কোনও ঋণের প্রস্তাব অনুমোদিত হয়নি। দ্বিতীয় হচ্ছে এখন বিবেচনাধীন আছে, জাপানি একটা সংস্থার তাদের কাছ থেকে ঋণ পাবার, সেটা চূড়ান্ত হয়নি, খুঁটি-নাটি পরীক্ষা নিরীক্ষা চলছে। তার পরিমাণ হচ্ছে ৩৮০ কোটি টাকা। সেটা কলকাতার রাস্তা-ঘাট সংস্কার, উন্নয়ন এবং কয়েকটি ফ্লাই ওভার করার ব্যাপারে। এ ছাড়া বাস কেনার জন্য স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নেওয়া আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বিগত ৫ বছরের হিসাব দিলেন। বামফ্রন্ট রাজত্বে ওয়ার্ল্ড ব্যাঙ্ক বা এইরকম বিদেশি আন্তর্জাতিক সংস্থার কাছ থেকে ইতিপূর্বে পরিবহন দপ্তর কি পরিমাণ ঋণ নিয়েছে এবং সেই ঋণের বা সাহায্যের শর্ত কি সেটা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** বিগত ৫ বছরে কোনও ঋণ পাইনি বা নেইনি। আমাদের প্রস্তাবিত যে ঋণের প্রস্তাব আছে কলকাতার রাস্তা-ঘাট সংস্কার, ফ্লাই ওভার নির্মাণের সেটা এখনও চূড়ান্ত হয়নি, চূড়ান্ত হওয়ার দিকে যাচ্ছে, সেটার পরিমাণ ৩৮০ কোটি টাকা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বোধ হয় শুনতে পাননি। আমি জানতে চাচ্ছি যে, বামফ্রন্ট রাজত্বে ৫ বছর আগে বিশ্ব ব্যাঙ্ক বা আন্তর্জাতিক সংস্থা থেকে পরিবহন দপ্তর ঋণ নিয়েছিল কিনা, নিলে কি শর্তে সেটা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আপনি জানেন যে আমি এই দপ্তরের নুতন ভারপ্রাপ্ত হয়েছি। সেজন্য আমি বলছি যে সম্ভবত পরিবহন দপ্তর সরাসরি কোনও ঋণ নেয়নি। এটা সি.এম.ডি.এ বা অন্য কোনও কর্তৃপক্ষ এই দায়িত্ব নিয়েছিল। বিশ্বব্যাঙ্কের ঋণ নিয়ে কাজ করার সঙ্গে পরিবহনের ব্যাপার যুক্ত থাকতে পারে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী কতগুলো ফ্লাই ওভার করবার কথা বলেছেন। বাসের গতি বাড়াবার ব্যাপারে এটা করা প্রয়োজন। ফ্লাই ওভারের এই প্রয়োজনীয়তার কথা চিন্তা করে বাগুইহাটি-ভি.আই.পি. রোডের সংযোগ স্থলে ফ্লাই ওভার করবার ব্যাপারটা আপনার চিন্তার মধ্যে আছে কিনা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মূল প্রশ্নের পরিপ্রেক্ষিতে আপনার প্রশ্নটা প্রাসঙ্গিক নয়, তবুও বলছি যে, ঠিকই, বাগুইহাটি খুবই ঘন বসতিপূর্ণ অঞ্চল হয়ে উঠেছে এবং তারফলে সেখানে যেভাবে সারাদিন ধরে, বিশেষ করে অফিসের সময়, যানবাহন চলাচল করে তারজন্য এ-ব্যাপারে অবশ্যই চেষ্টা করা দরকার। আমি যেহেতু সংশ্লিষ্ট এলাকার সঙ্গে যুক্ত রয়েছি তাই জানি যে, ওখানে একটি ফ্লাই ওভার করবার প্রস্তাব রয়েছে। তবে সেটা আমাদের দপ্তর করছে না, জেলা কর্তৃপক্ষ পি.ডব্লু.ডিকে দিয়ে সেটা করাচ্ছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ মন্ডল, প্রশ্নটা ছিল পরিবহনের ঋণ সংক্রান্ত ব্যাপারে, কিন্তু আপনি চলে গেলেন ফ্লাই ওভারের ব্যাপারে।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ফ্লাই ওভারের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হয়ে গেছে কিনা এবং সেটা হয়ে গিয়ে থাকলে ফ্লাই ওভারগুলি কোন কোন ক্রসিংয়ে হচ্ছে এবং কাজটা কবে নাগাদ শেষ হতে পারে?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** না, না, এটা হয় না।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** আপনি বলেছেন যে, ঋণ নিয়ে কলকাতা শহরে রাস্তাঘাট করবেন। ওদের আমলে সি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি. এবং এন.বি.এস.টি.সির কিছু বাস থাকলেও বামফ্রন্ট সরকারের আমলে এ-ব্যাপারে আমরা সাফল্য লাভ করেছি। কিন্তু আমার প্রশ্ন, এই ঋণ নিয়ে জেলা শহরগুলোতে বাস টার্মিনাস করবার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** ইতিমধ্যে দেখেছেন যে, বিভিন্ন জেলাতেই নয়, মহকুমা শহর এবং বড় গঞ্জগুলোতেও বাস টার্মিনাস তৈরি হয়েছে। এটা আমাদের পরিকল্পনার মধ্যেই রয়েছে।

**শ্রী তপন হোড় ঃ** ঋণ আপনি নেবার চেষ্টা করছেন বলেছেন এবং তা নিয়ে পরিবহনকে আরও বেশি অ্যাকটিভাইস করবার কথা বলেছেন। কিন্তু কথা হচ্ছে, আমাদের রাজ্যে এর ইনফ্রাষ্ট্রাকচারকে আরও স্ট্রেনদেন্ করতে যে যে দপ্তরগুলোর উপর জোর দেওয়া হয়েছে তারমধ্যে পরিবহন একটি দপ্তর। পরিবহন হল একটি অন্যতম ইনফ্রাষ্ট্রাকচার শিল্পের উন্নতি ঘটাতে এবং রাজ্যের উন্নতি করবার ক্ষেত্রে। আমার প্রশ্ন, এক্ষেত্রে টোটাল পরিবহন ব্যবস্থাকে ঢেলে সাজাবার যেমন ধরুন ট্রাম, তার যে অবস্থা হয়ে রয়েছে কোনও টোটাল পরিকল্পনা আছে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** বিভিন্ন ক্ষেত্রে এবং বিভিন্ন পর্যায়ে রাজ্য সরকারের নিজস্ব এবং রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কিছু পরিকল্পনা প্রস্তাব আকারে রেখে এগুলো ইতিমধ্যে করবার চেষ্টা করছি, তবে এর খুব পুঙ্খানুপুঙ্খ, কনসেপ্ট প্ল্যান বলতে যা বোঝায় এখনও সেভাবে রূপায়িত হয়নি। আমি মাননীয় বিধায়ককে ধন্যবাদ এবং অভিনন্দন জানাবো তিনি মৌলিক বিষয়টার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন বলে। রাজ্যের সামগ্রিক ট্রান্সপোর্ট প্ল্যান কি হবে সেটা নিয়ে আমরা গুরুত্ব দিয়ে ভাববো এবং দ্রুত এ-বিষয়ে সিদ্ধান্ত নেব।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের কাছে একটি সাপ্লিমেন্টারি কোশ্চেন রাখছি। আপনি জানেন, স্যার, দক্ষিণ চব্বিশ পরগনা জেলার একটিমাত্র গেটওয়ে ডায়মন্ডহারবার রোড। আমাদের পশ্চিমবঙ্গে শিল্পায়ন হচ্ছে। হলদিয়া এবং মৎস্য বন্দর ডায়মন্ডহারবার রোডের দু'দিকে আছে, এখানে শিল্প গড়ে উঠছে। এই ব্যাপারে তারাতলা মোড় দিয়ে শিল্পপতিরা আসবে যাবে। কিন্তু তারাতলা মোড়ের ক্রসিং রোডে নিত্য যে যানজট হচ্ছে, এটাকে সুরাহা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কোনও ফ্লাই ওভার ওখানে নির্মাণের পরিকল্পনা আছে কিনা?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্রশ্নটি হচ্ছে পরিবহনের উপরে ঋণের ব্যাপারে। সুতরাং ফ্লাই ওভারের উপরে কোনও প্রশ্ন করা যাবে না।

**শ্রী জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, স্টেট কো-অপারেটিভ 'এর কাছ থেকে ঋণ নেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, সেই ঋণের পরিমাণ কত এবং কোন কোন খাতে ব্যয় করা হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটি নিয়ে আপনি নির্দিষ্ট একটি প্রশ্ন করবেন, আমি বলে দেব। আপনার প্রশ্নের উত্তরটা এই মুহূর্তে আমার কাছে নেই।

**শ্রী সুনীল ঘোষ ঃ** কৃষ্ণনগরে, নদীয়া জেলায় একটি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ডিপো এবং গ্যারেজ করার পরিকল্পনা দীর্ঘদিন থেকেই চলছে। আমরা এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের ওখানে একটি সভাও করেছিলাম এবং আমরা জায়গাও

দেখে দিয়েছি। এটি অনেক দীর্ঘয়িত হচ্ছে। এর কারণ কি, এই বিষয়ে যদি একটু আলোকপাত করেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটিও একটি নির্দিষ্ট প্রশ্ন। আমি সেইভাবে প্রস্তুত নই। বিবেচনা সরকারের নিশ্চয়ই আছে। আমি আপনাকে পরে জানাবো।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** এখানে পরিবহনের উপরে বিভিন্ন বিষয়ে আলোচনা হচ্ছে। আমাদের সার্ফেস ট্রান্সপোর্ট ভূতল পরিবহন যেটি আছে, তার অনেক সম্ভাবনা আছে। আজকে আমরা একদিকে যেমন বালিঘাট থেকে বাবুঘাট পর্যন্ত আসতে পারছি, সেইরকম সার্ফেস ট্রান্সপোর্টকে সুন্দরবনের দিকে এবং অন্যদিকে আমাদের মুর্শিদাবাদের দিকে সম্প্রসারিত করার জন্য আপনি কোনও ঋণ গ্রহণ করবেন কিনা, বা ঋণ না গ্রহণ করে কি করে এই ব্যবস্থা করবেন তা জানাবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের সামগ্রিক পরিকল্পনার মধ্যে এই পরিকল্পনাটিও আছে। তারজন্য ঋণ লাগবে কি লাগবে না তা আমরা অবস্থার পরিপ্রেক্ষিতে ঠিক করবো।

**শ্রী পরেশনাথ দাস ঃ** গ্রামের মানুষের সঙ্গে কলকাতার যোগাযোগকে সুদৃঢ় করে গড়ে তোলার জন্য প্রতিটি ব্লক হেড কোয়ার্টারে কলকাতার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার কোনও পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহাশয়ের আছে কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** স্বাভাবিক ভাবেই এটি থাকবে এবং আছে। তবে এটিকে বাস্তবায়িত করতে দীর্ঘ সময় লাগবে। এখন যা আছে তা দ্রুত যান ব্যবস্থা নয়। সমস্ত শহর এবং গ্রাম গঞ্জের সঙ্গে এই যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে অগ্রগতির একটি প্রাথমিক শর্ত। এদিকে সরকার নিশ্চয়ই দৃষ্টি দেবে।

## হাইকোর্টে বিচারকের শূন্য পদ

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা হাইকোর্টে বহুসংখ্যক বিচারকের পদ শূন্য আছে; এবং

(খ) সত্যি হলে, শূন্য পদগুলি পূরণের জন্য কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

**শ্রী নিশীথ অধিকারি ঃ**

(ক) হ্যাঁ, কিছু বিচারকের পদ শূন্য আছে।

(খ) শূন্য পদগুলি পূরণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। রাজ্য সরকারের করনীয় কিছু নেই। শূন্য পদগুলি পূরণের জন্য হাইকোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে নাম সুপারিশ করেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কলকাতা হাইকোর্টে বহুসংখ্যক বিচারকের পদ শূন্য আছে কিনা আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চেয়েছিলাম এবং তিনি তার উত্তরে সংখ্যাটা না

বলে বললেন কিছু সংখ্যক বিচারকের পদ খালি আছে। আমি সংখ্যাটা তো আমার প্রশ্নের মধ্যেই জানতে চেয়েছিলাম, এরজন্য আপনি আবার সাপ্লিমেন্টারি করতে বললেন কেন? আমার প্রশ্ন হচ্ছে যে, কতজন বিচারকের পদ শূন্য আছে?

**শ্রী নিশীথ অধিকারি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে জানাতে চাইছি যে বর্তমানে ৮টি বিচারকের পদ হাইকোর্টে শূন্য আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এতদিন ধরে যত সংখ্যক বিচারকের পদ শূন্য আছে, তারজন্য রাজ্য সরকারের তরফ থেকে যে প্যানেল করে গভর্নরের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়, সেক্ষেত্রে কি কোনও বিলম্ব বা দীর্ঘসূত্রতার জন্য ওই পদগুলো শূন্য আছে এবং যদি পাঠানোই হয়ে থাকে কতদিন আগে পাঠানো হয়েছে?

**শ্রী নিশীথ অধিকারি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি আবার স্মরণ করিয়ে দিতে চাই যে, এই প্যানেল পশ্চিমবঙ্গ সরকার করে পাঠান এই কথাটা ঠিক নয় বা সত্য নয়, এর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এই প্যানেল তৈরি করেন হাইকোর্টের প্রধান বিচারপতি, তিনি প্যানেল করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি আইনজ্ঞ দীর্ঘদিন যাবত হাইকোর্টে প্রাকটিশ করছেন, অতিতের মন্ত্রীও আইনজ্ঞ ছিলেন এবং হাইকোর্টে প্রাকটিশ করেন, সেই হিসাবে আমার প্রশ্ন হচ্ছে যে, আমাদের ১৭টি জেলা আছে এবং তাতে ১৭ জন ডিস্ট্রিক্ট জাজ রয়েছেন। কেন্দ্রীয় সরকার ওই ১৭ জন ডিস্ট্রিক্ট জাজের পদ তদারকি করার জন্যে এখানে ৫০ জন হাইকোর্টের জাজ বসিয়েছেন, যাদের টাকা দিতে হয় রাজ্য সরকারকে। সেখানে রাজ্য সরকারের এই মাথাভারি ব্যবস্থাকে কমাবার জন্যে মাননীয় বিচারমন্ত্রী কোনও সুপারিশ বা প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে করেছেন কি?

**ডেপুটি স্পিকার ঃ** এইরকম প্রশ্ন হয়না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই যে বিচারকের পদগুলো শূন্য আছে এবং এই শূন্য থাকার ফলে কলকাতা হাইকোর্টে কতগুলো মামলা এরজন্য নিষ্পত্তি হয়নি বা বিচারের অপেক্ষায় রয়েছে তার সংখ্যাটা একটু জানাবেন কি?

**শ্রী নিশীথ অধিকারি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনাকে জানাচ্ছি যে, আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তর দিতে গেলে আমাকে আবার খবর নিতে হবে, সুতরাং আপনি নোটিশ দেবেন উত্তর দেব।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে, আপনি কি নিশ্চিত নিরপেক্ষভাবে হাইকোর্ট বিচারপতিদের তালিকা পাঠিয়ে দিয়ে থাকে, কারণ হচ্ছে, আমাদের যেটুকু জানাশোনা আছে, কংগ্রেস আমলে কংগ্রেস পন্থীরা বিচারপতি হন, বামফ্রন্টের আমলে প্রগতিশীল লোকেরা বিচারপতি হন, এই ব্যাপারে কিছু বলবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এটার উত্তর দিতে হবে না।

**ভারত অপথ্যালমিক গ্লাস**

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯) **শ্রী তপন হোড় ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, "ভারত অপথ্যালমিক গ্লাস" সংস্থাকে বি.আই.এফ.আর. লিকুইডেশনে পাঠাবার সিদ্ধান্ত নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, এর ফলে কতজন কর্মচারী কর্মচ্যুত হবেন?

**শ্রী মৃনাল ব্যানার্জি ঃ**

(ক) হ্যাঁ, বি.আই.এফ.আর. ৯.২.৯৬ তারিখের আদেশে কোম্পানিকে সিকা, '৮৫ এর ২০ ধারা অনুযায়ী লিক্যুইডেশনে পাঠাবার আদেশ দিয়েছেন। উক্ত কোম্পানি এবং পাঁচটি শ্রমিক ইউনিয়ন এই আদেশের বিরুদ্ধে এ.এ.আই.এফ.আর কর্তৃপক্ষের নিকট আপিল করেছেন এবং আপিল গৃহিত হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারও এই আপিল সমর্থন করেছেন।

(খ) কোম্পানিটি লিক্যুইডেশনে গেলে প্রায় ৫৮০ জন কর্মচারী ক্ষতিগ্রস্ত হবেন।

**শ্রী তপন হোড় ঃ** আমরা সবাই জানি ভারত অপথালমিক গ্লাস এই সংস্থাটি একটা সময় সুনামের সঙ্গে কাজ করেছে এবং এখন আমরা দেখতে পাচ্ছি বি.আই.এফ.আর.এর মাধ্যমে সেটা লিক্যুইডেশনে চলে গেছে। এটা খুবই দুঃখজনক ঘটনা ৬০০-র মতো কর্মচারী সেখানে কাজ করেন। তার সঙ্গে আরও অ্যালায়েড ইন্ডাস্ট্রি আছে, এখন যে অবস্থা ঘটেছে, এখন এর কি পজিশন বা সিচুয়েশন সেটা যদি বলেন তাহলে ভাল হয়।

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** এই কারখানা লিক্যুইডেশনে যাবার পরে, ওখানে ৫টি ইউনিয়ন, কংগ্রেস এর ২টি ইউনিয়ন, ইউ.টি.ইউ.সি. লেনিন সরনি, এবং সি.আই.টি.ইউ. এবং এ.আই.টি.ইউ.সি. কোম্পানি ম্যানেজমেন্ট অ্যাপিলেট অথরিটির কাছে অ্যাপিল করেছে, এ.আই.এফ.আর.-এ যেটা আছে এবং সেখানে অ্যাপিল করার পরে তারা স্টে অর্ডার পেয়েছে। আমাদের সরকারের পক্ষ থেকেও কেন্দ্রীয় সরকারকে আমরা আবেদন জানিয়েছি যাতে এই ব্যাপারে তারা হস্তক্ষেপ করেন। বর্তমান অবস্থা হচ্ছে, এ.আই.এফ.আর., বি.আই.এফ.আর.কে এটা আবার তাদেরকে জানিয়েছে ব্যাপারটা, তারপরে আর নূতন করে কোনও মিটিং এই বিষয়ে হয়নি। আমরা সরকারের পক্ষ থেকে যে সমস্ত কনসেসনগুলি দেওয়ার প্যাকেজ রয়েছে সেইগুলি আমরা দেব, এই কথা আমরা সরকারকে জানিয়েছি, বি.আই.এফ.আর.কে জানিয়েছি, কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। ৫।৬ দিন আগে, ২৬ তারিখে আমি ব্যক্তিগতভাবে দিল্লিতে গিয়েছিলাম আমাদের অন্যান্য যে সমস্ত শিল্পগুলি সিক হয়ে আছে সেইগুলির সম্বন্ধে এবং অপথালমিক সম্পর্কে কথা বলার জন্য। বর্তমানে আমাদের যিনি কেন্দ্রীয় মন্ত্রী আছেন মিঃ মারাঙ্গ তার সঙ্গে আমি দেখা করেছি, তিনি আমাদের বলেছেন, অন্যান্য যে বিষয়গুলি আছে সেইগুলি এখানে প্রাসঙ্গিক নয়, এই বিষয় নিয়ে কয়েকদিনের মধ্যে তার সেক্রেটারিয়েট

এরসঙ্গে মিটিং করবেন, করার পরে কি অবস্থা দাঁড়ায়, কতটা কি করতে পারছেন সেটা আবার আমাদের জানাবেন এবং দিল্লিতে আমাদের নিয়ে আবার একটা মিটিংও করবেন।

**শ্রী তপন হোড় ঃ** রাজ্য সরকারের পক্ষ থেকে যে যে প্রস্তাবগুলো নেওয়ার কথা বলছেন, কিন্তু কথা হচ্ছে আমরা যতটুকু জানি, বি.আই.এফ.আর কেন্দ্রীয় সরকার যা করেছিলেন, সেটা একটা জল্লাদের ভূমিকা পালন করত, কোনও রুগ্নশিল্পই ওদের হাতে গেলে রেহাই পাইনি। মূলধনী বিনিয়োগের যে প্রশ্ন আছে, সেখানে রাজ্য সরকার কোনও বিনিয়োগের কথা ভাবছেন কি, এই ধরনের কোনও বিনিয়োগের কথাবার্তা এসেছে কি?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** রাজ্য সরকারের যে সীমিত ক্ষমতা এবং যে ইন্ডাস্ট্রিগুলো রাজ্য সরকারের হাতে এখন আছে এবং যে ধরনের আরও রুগ্নশিল্পগুলো আছে সেই অবস্থায় ভারত অপথালমিকে বিনিয়োগ করতে গেলে যে ধরনের অর্থের প্রয়োজন, এই মুহূর্তে রাজ্য সরকারের সেই ধরনের ক্ষমতা নেই। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করে বলেছে, বি.আই.এফ.আরের ক্ষেত্রে কেন্দ্রীয় ইউনিটগুলোর সিদ্ধান্ত নেওয়ার অধিকার কেন্দ্রীয় সরকারের। কাজেই কেন্দ্রীয় ইউনিটগুলো যা আছে তার মালিক কেন্দ্রীয় সরকার, সেইগুলো সম্পর্কে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারকেই নিতে হবে, এই দাবি আমরা করেছি। তবে এই দাবি তারা মেনেছেন বলছি না, আগামী দিনে তারা মিটিং করবেন। আর কোনও লগ্নী করার সিদ্ধান্ত বা ক্ষমতা আমাদের নেই, ভবিষ্যতে সেইরকম কোনও অবস্থা যদি থাকে সেটা ভবিষ্যতের কথা।

**শ্রী তপন হোড় ঃ** অবস্থাটা যখন এইখানে দাঁড়িয়েছে, আমাদের রাজ্য সরকারের পক্ষে ঐখানে ইনভেস্ট করা অসুবিধা হবে। রাজ্য সরকারের পক্ষ থেকে এইরকম কি কোনও প্রস্তাব আছে বিদেশি বা দেশি কোনও প্রতিষ্ঠান যদি এই ভারত অপথালমিকে ইনভেস্টমেন্ট করতে চান, তাহলে এই রুগ্নশিল্পটাকে বাঁচানো যায়?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** একে বাঁচানোর জন্য সর্বতোভাবে চেষ্টা চলছে। সেই বিষয়ে গভীরভাবে আমাদের সরকারের পক্ষ থেকে আমরা চেষ্টা করছি। কিন্তু যেহেতু, এটা অ্যাপিলেট অথরিটির আন্ডারে আছে, সেখানে এখনো পুরোপুরি সিদ্ধান্ত হয়নি। কাজেই এই প্রস্তাব নিয়ে প্রচেষ্টা চালানোটা সঠিক হবেনা বলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এটা নিয়ে আবেদন করি, দাবি করি, বা তাদের ইনভলভড করার চেষ্টা করছি।

**লালবাগে আধুনিক পর্যটন কেন্দ্র**

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৮) **শ্রী মোজাম্মেল হক ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> এটা কি সত্যি যে, রাজ্য সরকার মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থান লালবাগে একটি আধুনিক পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ**

> না, কিন্তু এই ধরনের কিছু প্রস্তাব দপ্তরে বিবেচনাধীন আছে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** আপনি প্রশ্নের উত্তরে বললেন, প্রস্তাব আছে। সেই প্রস্তাবগুলো কি ধরনের এবং এই প্রস্তাব কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আপনার জ্ঞাতার্থে জানাই, আমাদের প্রস্তাবগুলো হচ্ছে, -

(ক) উচ্চবিত্ত পর্যটকদের জন্য একটি তারকাখচিত ৩২ কক্ষবিশিষ্ট হেরিটেজ হোটেল।

(খ) স্বল্পবিত্ত পর্যটকদের জন্য বিপননকেন্দ্র সহ একটি পর্যটক আবাস।

(গ) একটি মীনাবাজার (স্থানীয় হস্তশিল্প সামগ্রির এবং বিশেষ রকমের স্থানীয় খাদ্যবস্তুর বিক্রয় কেন্দ্র।)

(ঘ) মুক্ত মঞ্চ।

(ঙ) নবাবি আমলের ঐতিহাসিক ঘটনাবলি "আলো ও ধ্বনির" সাহায্যে প্রদর্শন।

(চ) জলক্রীড়াকেন্দ্র।

(ছ) ঐ কেন্দ্রের জন্য আলো, জল ও রাস্তা ইত্যাদির পরিকাঠামো করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই পুরো প্রকল্পটির জন্য প্রায় ১৪ কোটি টাকা বিনিয়োগ করা দরকার।

[11-30 — 11-40 A.M.]

**শ্রী মোজাম্মেল হক ঃ** এই ধরনের মুর্শিদাবাদ বা রাজ্যের অন্য যে সমস্ত ঐতিহাসিক জায়গা আছে। যেমন পলাশি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** অন্য জায়গা হবে না মুর্শিদাবাদ নিয়েই বলতে হবে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** আচ্ছা মুর্শিদাবাদ নিয়েই বলছি। মুর্শিদাবাদ জেলার আর অন্য কোনও এই ধরনের পর্যটন কেন্দ্র গড়ে তোলার সরকারের কাছে কোনও প্রস্তাব আছে কিনা?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** বিভিন্ন প্রস্তাব আমাদের দপ্তরে বিবেচনাধীন থাকে কিন্তু সামগ্রিকভাবে পশ্চিমবাংলার পর্যটনের ভবিষ্যত পরিকল্পনা রচনা করার জন্য। আমরা দপ্তর থেকে সিদ্ধান্ত নিয়েছি যে প্রতিটি জেলা, জেলা কর্তৃপক্ষ, জেলার অন্যান্য যে সমস্ত সংস্থাগুলো আছে, তাদের কাছ থেকে আমরা প্রস্তাব চেয়েছি যদি তাদের জেলাতে ভবিষ্যত পর্যটন কেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে তাদের নিজস্ব পরিকল্পনা কি প্রস্তাব থাকে সেই প্রস্তাবগুলো আমাদের কাছে আসে তার উপর ভিত্তি করে গোটা পশ্চিমবাংলার জন্য একটা ভবিয্যত পরিকল্পনা রচনার ইচ্ছা আমাদের আছে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** প্রশ্ন হচ্ছে লালবাগের যে প্রস্তাবগুলো মাননীয় মন্ত্রীর দপ্তরে বিবেচনাধীন আছে প্রস্তাব আকারে যার মোটামুটি ভ্যালুয়েশন বলেছেন ১৪ কোটি টাকা। এই টাকা কি শুধু অর্থনৈতিক কারণে বিবেচনা করতে গিয়ে আটকাচ্ছে, নাকি বিবেচনার স্তরে আছে?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আমাদের বিবেচনার প্রক্রিয়াতে আটকায় নি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, এই ধরনের পর্যটন কেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে কোন কোন ক্রাইটেরিয়া গুলো বিবেচনা করা হয়?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** লালবাগের ক্ষেত্রে পরিকল্পনার পিছনে আমাদের সামনে যে প্রধান কারণটা ছিল সেটা একটা ঐতিহাসিক কারণ। তাছাড়া, আমাদের ভারত সরকারের পুরাতত্ত্ব বিভাগের হিসাব অনুযায়ী প্রতি বছর প্রায় ৪ লক্ষের উপর পর্যটক হাজারদুয়ারি এবং আশেপাশের অঞ্চলে যায়। ফলত এই সংখ্যাটা আমাদের কিছুটা উৎসাহিত করেছে লালবাগকে পর্যটন কেন্দ্র হিসাবে বেছে নিতে আমাদের উৎসাহিত করেছে।

**শ্রী পুর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে জানতে চাইছি যে আপনি বললেন জেলার বিভিন্ন স্থানে পর্যটন কেন্দ্র গড়ে তোলবার জন্য যদি কোনও সুপারিশ আসে তাহলে বিবেচনা করবেন। আমাদের মেদিনীপুর জেলা থেকে এইরকম কোনও সুপারিশ আপনার কাছে এসেছে কিনা আর দিঘায় যে পর্যটন কেন্দ্র আছে সেটাকে আকর্ষণীয় করে গড়ে তোলবার জন্য কি পরিকল্পনা নিয়েছেন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** কেবল একটা জেলা না আমরা ১৮টা জেলা সেখানকার জেলা পরিষদ, সেখানকার জেলা কর্তৃপক্ষ এর কাছ থেকে আমরা প্রস্তাব চেয়েছি যেটার উপর ভিত্তি করে আমরা একটা ভবিষ্যত পরিকল্পনা করতে পারি। কাজেই আমাদের কাছে প্রস্তাব আসলেই করবো এরকম না। আমরাই প্রস্তাব চেয়েছি ভবিষ্যত পরিকল্পনা রচনার জন্য। ফলত বাস্তবায়িত হবে কি হবে না, সে প্রশ্নটা উঠছে না।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, মুর্শিদাবাদ জেলার লালবাগ এবং হাজার দুয়ারি বাইরের পর্যটকদের আকর্ষণ করার জন্য কলকাতায় যে পর্যটনকেন্দ্রগুলি আছে, সেইসব জায়গাকে আকর্ষণীয় করে তোলার জন্য দপ্তরের কোনও পরিকল্পনা আছে কিনা সেটা বলুন। আমি বিশেষভাবে বলছি যে, আমাদের এখানে ভিকটোরিয়া মেমোরিয়ালেও ঐতিহাসিক অংশ আছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে মুর্শিদাবাদ জেলা ছাড়া হবে না।

### রুগ্ন শিল্প ইউনিটকে আর্থিক সাহায্য

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৩) **শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** শিল্প ও পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ রাজ্যের কোনও রুগ্ন শিল্প ইউনিটকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, এ ধরনের মোট কতগুলি শিল্প ইউনিটকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে; এবং

(গ) মোট আর্থিক সাহায্যের পরিমাণ কত?

**শ্রী মৃনাল ব্যানার্জি ঃ**

(ক) হ্যাঁ

(খ) বিগত বছরে (১৯৯৫-৯৬) পশ্চিমবঙ্গ সরকার সরাসরি মোট ৫ (পাঁচ)টি রুগ্ন

সংস্থাকে বি.আই.এফ.আর. কর্তৃক অনুমোদিত প্যাকেজ অনুযায়ী আর্থিক সাহায্য দিয়েছেন।

(গ) মোট আর্থিক সাহায্যের পরিমাণ - ২৩,৪০,৫৩,৬০২ টাকা।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আমার প্রশ্নোত্তরে বলেছেন যে, ৫টি সংস্থাকে বি আই এফ আর কর্তৃক অনুমোদিত প্যাকেজ অনুযায়ী সাহায্য করা হয়েছে। এই সংস্থাগুলির নাম কি?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** এই সংস্থাগুলি হচ্ছে বেঙ্গল কেমিক্যালস অ্যান্ড ফার্মাসিউটিক্যাল লিমিটেড, স্মিথ স্টেন স্ট্রিট, টিটাগড় পেপার মিলস, নিউ সেন্ট্রাল জুটমিল এবং কাঁকিনাড়া জুটমিল।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, এগুলি ছাড়াও ওয়েস্ট বেঙ্গল ইনটেনসিভ স্কীম অনুযায়ী এই সমস্ত রুগ্ন শিল্পসংস্থাকে বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে কিনা এবং যদি দেওয়া হয়ে থাকে সেই সুবিধাগুলি কি কি?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** এগুলিতে সেলস ট্যাক্স ডিপার্টমেন্টে যেটা দেওয়া আছে। তাছাড়া প্যাকেজের ক্ষেত্রে যে ট্যাক্স, সেই ট্যাক্স রিলিফ দেওয়া হচ্ছে। তাছাড়াও যে প্যাকেজ আছে, সেই প্যাকেজ সংক্রান্ত যা কিছু রিলিফ, সেগুলি দেওয়া আছে। মোটামুটি ইনসেনটিভ স্কীমে সেলস ট্যাক্স এবং পাওয়ার ট্যারিফের ক্ষেত্রে যে ট্যাক্স সেগুলি রিলিফ দেওয়া হচ্ছে।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** প্যাকেজ যেটা বললেন, এই অনুযায়ী ত্রাণ এবং সাহায্যের যে প্যাকেজ আছে, এতে বিশেষ উল্লেখযোগ্য কি কি বিষয় আছে, তা যদি উল্লেখ করেন তাহলে ভালো হয়।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** প্যাকেজের ডিটেলস আমার কাছে নেই। এটা পরে জানাতে পারি। এই ধরনের স্পেসিফিক প্রশ্ন হলে পরে উত্তর দেব। আর যদি ব্যক্তিগত ভাবে জানালে হয়, তাহলে ব্যক্তিগত ভাবে জানিয়ে দেব।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, টিটাগড় এবং কাঁকিনাড়ার জন্য যে টাকাটা বি.আই.এফ.আরে দেওয়া হয়েছে সেই টাকা দিয়ে পুনরায় মিল চালু হবে বলে মনে করেন?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** টিটাগড় পেপার মিলে যে সাহায্য দেওয়া হয়েছে সেটা কিছুটা গ্র্যান্ট হিসেবে দেওয়া হয়েছে। তাছাড়া প্যাকেজের অনুযায়ী তাদের প্ল্যানটেশনের জন্য জমি ইত্যাদির ক্ষেত্রে বি.আই.এফ.আরে প্যাকেজের যে শর্তগুলো ছিল সেগুলোতে সরকারের পক্ষ থেকে প্যাকেজের অংশ হিসেবে তাদের দেওয়া হয়েছে। তবুও তাদের কিছু দাবি রয়েছে। তাদের রিলিফের ক্ষেত্রে, অনুন্নত অঞ্চলে ইন্ডাস্ট্রি খুললে যে ধরনের সাহায্য দেওয়া উচিত সেটা দিতে হবে। এব্যাপারে কিছুটা সমস্যা রয়ে গেছে। গ্র্যান্ট কোথাও একটু বেশিও দেওয়া হয়েছে। টিটাগড় পেপার মিলে সরকারের পক্ষ থেকে যে যে সাহায্য দেওয়া হয়েছে সেটা

কতটা অ্যাফেকটিভলি চলবে, কি চলবে না সেই ব্যাপারে সরকার পক্ষ থেকে এখনও কোনও স্টাডি নেই। সরকারের কাছে খবর আছে টিটাগড় পেপার মিল চলার দিকে এগোচ্ছে। কিন্তু মেশিনারির ইন্সটল এখনও সেভাবে হচ্ছে না। যে ক্যাপাসিটিতে তাদের উৎপাদন করার কথা কতকগুলো রেনোভেশন এবং আপডেটিং করার কথা ফার্ণেশ ইত্যাদির ক্ষেত্রে, সেগুলো এখনও হয়নি। উৎপাদন ক্যাপাসিটির অনেক নিচে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** ১৯৯৫-৯৬ আর্থিক বছরে কয়েকটি রুগ্ন শিল্প ইউনিটকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। বেলুড় সংলগ্ন ন্যাশনাল আয়রন অ্যান্ড স্টিল ন্যাশনালাইজড ফ্যাক্টরি এবং বি-গার্ডেনের কাছে শালিমার ওয়ার্কস লিমিটেড এই ২টি সংস্থা পশ্চিমবঙ্গ সরকারের অধিগৃহিত। মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি বর্তমান আর্থিক বছরে এই ২টি রুগ্নশিল্প ইউনিটকে আর্থিক সাহায্য করার জন্য আপনারা কিছু চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** এই দুটো পশ্চিমবঙ্গ সরকারের অধীনে রয়েছে। এগুলো চালু আছে, এখানকার শ্রমিকরা বেতন পাচ্ছেন। তার মডার্নাইজেশন বা তার রি-ভ্যামপিং করার পর্যায় এখনও আসে নি। সেটা নিয়ে সরকার চিন্তা-ভাবনা করছেন। ইসকো কারখানায় একটা রোলিং মিল হয়েছে, কিন্তু একটা মিস-মেস রয়েছে বলে সেটা এখনও কার্যকর হয়নি। শালিমারের কিছু অর্ডার হাতে আছে, বহু টাকা বাইরে পড়ে আছে, এগুলোর সমস্যা আছে। কিন্তু টিটাগড় পেপার মিলকে যে অর্থে সাহায্য করা, সেই অর্থে এই দুটো কারখানাকে সাহায্য করার ব্যাপারটা আসে না। কারণ এই দুটো কারখানা পশ্চিমবঙ্গ সরকারের অধীন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** এই ৫টা রুগ্ন শিল্পকে বাঁচানো হচ্ছে তারমধ্যে টিটাগড় পেপার মিলের কাজ সবে শুরু হয়েছে। আর ৪টে শিল্পের অবস্থা কি? সেটা মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** অন্য ৪টে কারখানা চলছে, তারাও চালু করেছে। বেঙ্গল কেমিক্যাল ইত্যাদির ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের যে ধরনের আরও ইমপ্লিমেন্ট করার কথা সেইসব বিষয়গুলো একটা স্লো-প্রগ্রেসে আছে। ২৬ তারিখে যখন আমরা ইন্ডাস্ট্রি মিনিস্টারের সঙ্গে দেখা করতে গিয়েছিলাম, তখন এই বিষয়গুলো তুলে ধরা হয়েছে। যেগুলো চালু রয়েছে, সেইগুলোর ইমপ্লিমেন্টেশন কিছুটা স্লো পদ্ধতিতে হচ্ছে, সেটা তরান্বিত করার কথা বলেছি। হ্যাঁ, আপনার প্রশ্নের জবাব, এইগুলো চালু আছে।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, যেসব রুগ্ন শিল্পকে রিভাইব করার জন্য আর্থিক সাহায্য দেওয়া হল, সেই সাহায্য পাওয়ার পর যে সেইগুলো ভবিষ্যতে চলবে, তার কোনও গ্যারান্টি আছে? বা, কি ভিত্তির উপর যাচাই করে ঐসব শিল্পগুলোকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** বি.আই.এফ.আর.-এর প্যাকেজ অনুযায়ী এই আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। ভবিষ্যতে এইগুলো চলবে কি চলবে না, এই গ্যারান্টি বোধ হয় কেউ দিতে পারবে না। একটা কারখানা, যেটা আজ প্রফিটে আছে, কাল সেটা সিক হয়ে যাবে না, এই গ্যারান্টি মনে হয় কেউ দেবে না। কাজেই, যে কারখানাগুলোকে সাহায্য করা হয়েছে, সেইগুলো ভবিষ্যতে চলবে কি চলবে না, এটা ভবিষ্যতই বলবে। কিন্তু এই সাহায্যগুলো দেওয়া হয়েছে

বি.আই.এফ.আর.-এর প্যাকেজ অনুযায়ী, শর্ত মোতাবেক দেওয়া হয়েছে।

**হলদিয়া বন্দরে নদীতে তেলদূষণ**

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৭) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি হলদিয়া বন্দরে দাঁড়িয়ে থাকা একটি বার্জ থেকে কত পরিমাণ ডিজেল নদীতে উপচে পড়েছে; এবং

(খ) এর ফলে নদীর জল দূষিত হয়ে থাকলে বন্দর কর্তৃপক্ষ দূষণ নিয়ন্ত্রণ করতে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ**

(ক) ৩৫৮ কিলোমিটার অর্থাৎ ২৫০ মেট্রিক টন ডিজেল।

(খ) জল থেকে যথাসম্ভব তেল তুলে নেওয়া হয়েছে এবং ডিসপারসেন্ট দিয়ে ভাসমান তৈলকনার চাদরকে ডুবিয়ে দেবার ব্যবস্থা হয়েছে। স্থানীয় অধিবাসিদের সাবধান করা হয়েছে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, কি কারণে এত তেল হলদিয়া বন্দরে নষ্ট হল?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** ওখানকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে যে রিপোর্ট পেয়েছি, তা হল একটা বার্জ তেল ভরবার সময় একজন অপারেটর ঘুমিয়ে পড়েছিল, সেইজন্য এই পরিমাণ তেল উপচে নদীতে পড়ে যায়।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** এই যে এত পরিমাণ তেল নদীতে পড়ল, এর ফলে নদী এবং সমুদ্রে যেসব প্রাণী বসবাস করে, তাদের কি পরিমাণ জীবনহানি বা নষ্ট হয়েছে, এরকম কোনও রিপোর্ট আছে কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** না, এরকম কোনও রিপোর্ট আমাদের কাছে নেই।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** যাতে এরকম ঘটনার পুনরাবৃত্তি না ঘটে, সেইজন্য কর্তৃপক্ষ থেকে রাজ্য সরকারের কাছে কোনও সতর্কবানী দেওয়া হয়েছে কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আইন অনুযায়ী তাকে সো-কজ করা হয়েছে এবং তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

**কলকাতা-ঢাকা বাস চলাচল**

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা থেকে ঢাকা পর্যন্ত সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) পরিকল্পনা আছে।

(খ) এই ব্যাপারে এখনই কিছু বলা সম্ভব নয়।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, সম্প্রতি বাংলাদেশে নতুন সরকার হয়েছে। আপনার পক্ষ থেকে এই নতুন সরকারের সঙ্গে আলোচনা করে ঢাকা পর্যন্ত বাস চালানোর ব্যাপারে কোনও নতুন উদ্যোগ নেওয়া হয়েছে কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** পদ্ধতি মোতাবেক আমরা সরাসরি এই আলোচনা করতে পারি না। আগে যে প্রস্তাব আমরা পাঠিয়েছিলাম তা ভারত সরকারের বৈদেশিক দপ্তরের মাধ্যমে। আমাদের বৈদেশিক দপ্তরকে ওরা জানিয়েছিলেন যে, বাংলাদেশ সরকারের এবিষয়ে ঢাকা-কলকাতা বাস চালানোর ব্যাপারে আগ্রহ ছিলনা। কিন্তু এখন পরিস্থিতির অনেক পরিবর্তন হয়েছে। ও দেশের রাজনৈতিক ভারসাম্য বদল হয়েছে এবং দিল্লিরও রাজনৈতিক পরিস্থিতির বদল হয়েছে। আমরা আবার বিষয়টি নিয়ে দিল্লি সরকারের কাছে যাব যাতে ভারত সরকার বাংলাদেশ সরকারের সঙ্গে এনিয়ে উদ্যোগি হয়।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, কলকাতা থেকে ঢাকা পর্যন্ত যাতায়াতের কথা এখানে বলা হয়েছে। এটা বাংলাদেশের উপর দিয়ে করতে হবে। কিন্তু স্যার, ত্রিপুরা থেকে কলকাতা যাতায়াতের ব্যাপারে খুবই অসুবিধা হয়েছে। প্লেনে বাংলাদেশের উপর দিয়ে যেতে হলে খুবই ব্যায় সাপেক্ষ হয় এবং ট্রেনেও অনেক ঘুরে যেতে হয়। এ ব্যাপারে সরকারের কাছে কোনও প্রস্তাব দেবেন কিনা? ওখানকার লোকের কি চিকিৎসার জন্য বলুন, কি অন্যান্য কাজের জন্য বলুন এখানে আসতে হয়। স্যার, আমরা ত্রিপুরা গিয়েছিলাম, আমরা দেখেছি কি ভয়ঙ্কর ব্যাপার। এব্যাপারে কোনও প্রস্তাব আছে কিনা বা না থাকলে এইরকম কোনও প্রস্তাব দেবেন কিনা দয়া করে জানাবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** বিষয়টা আন্ত-রাজ্য সম্পর্কে খুবই গুরুত্বপূর্ণ। ত্রিপুরার সঙ্গে আমাদের যে যোগাযোগ ব্যবস্থা তা বিমানে। ট্রেনের ক্ষেত্রে অনেক ঘুরে আছে। সবই ব্যায়-বহুল। আপনি যে প্রস্তাব করছেন, বাংলাদেশের ভেতর দিয়ে চালানোর এবং এটা চালালে ত্রিপুরা এবং বাংলার মানুষের উপকার হবে। এতদিন এটা ভাববার মতো অবকাশ ছিল না। কিন্তু বর্তমানে সেই রাজনৈতিক পট-পরিবর্তণ হয়েছে এবং তার আলোকে তারা বিবেচনা করবেন যে এই ধরনের ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা যেতে পারি কিনা, বাংলাদেশের স্থলভূমি ব্যবহার করে ত্রিপুরার সঙ্গে যোগাযোগ করা যায় কিনা।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, উনি বললেন, কলকাতা-ঢাকা বাস চালানোর পরিকল্পনা সরকার চিন্তা-ভাবনা করছেন। বর্তমানে বাংলাদেশে একটা রাজনৈতিক পরিবর্তন হয়েছে এবং দিল্লিতে-ও হয়েছে। ত্রিপুরা থেকে বাংলাদেশে যাবার বিভিন্ন রাস্তা আছে। কলকাতা থেকেও বেনাপোল হয়ে, যশোর হয়ে

কৃষ্ণনগর হয়ে, গেদে হয়ে বাস রাস্তা আছে। বাস চললে কোন কোন রুটে চলবে বা দু-তিনটে রুটে চলবে কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আগে প্রস্তাব অনুমোদিত হোক তারপরে কি হবে না হবে সেটা বিবেচনা করা যাবে।

*১৮০ নট কল্ড।

*১৮১ নট কল্ড।

*১৮২ নট কল্ড।

*১৮৩ নট কল্ড।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বিধানসভায় বিভিন্ন প্রশ্ন করার জন্য আমাদের অ্যালাউ করেন, তাই আমরা প্রশ্ন করি এবং এখানে দেখছি মন্ত্রী মহাশয় এ ব্যাপারে উৎসাহিত কিন্তু এমন একটা পরিবেশের সৃষ্টি হচ্ছে, আপনি আমাদের বলতে দিচ্ছেন না। আমরা বলতে গিয়ে বসে পড়ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্রভঞ্জনবাবু আপনি শিক্ষক মানুষ, আপনি ছাত্রদের টু দি পয়েন্ট আনসার দেখে নম্বর দেন। এখানে আপনি যদি ভুল কোশ্চেন করেন তাহলে কি হয় বলুনতো।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### Forged No Objection Certificate

*170. (Admitted Question No. *794) **Shri Saugata Roy & Shri Sudip Bandyopadhyay :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state—

(a) Whether the West Bengal Pollution Control Board has received report(s) of some industrial units in West Bengal producing forged "No Objection Certificates" of the Board to get clearance for importing hazardous scrap;

(b) if so—

(i) the brief outlines of the report(s) received by the Board;

(ii) the number of cases in which F.I.R.s were lodged during last six months with the Police by the Board; and

(iii) the steps taken by the Police in such cases?

**Minister-in-charge of the Environment Department :**

(a) M/s. S.K. Metals & Allays is the only factory situated at 4, Munshi Zuller Rahim Lane, Howrah - 711 106 which is said to have imporated hazardous substances forging the consent of the State Board.

(b) West Bengal Pollution Control Board come to know when Ms. S. Kumar, Asstt. Commissioner of Custome (Appraising Group I), Custome House, 15/1, Strand Road, Calcutta-1 come to the Board office to discuss about the procedure of the authorisation in respect of importing Hazardous substances from abroad in the month of September, 1995. During discussion, Assistant Commissioner of Custome, Ms. S Kumar produced a copy of letter of authorization issued by the West Bengal Pollution Control Board in favour of M/s. S K Metal & Alloyes 15/2, Bhairab Dutta Lane, Howrah 711 106. W B Pollution Control Board Scrutinized the authorization letter and come to the conclusion that it was a forged document. The matter was immediately brought to the notice of the visiting Assistant Commissioner of Customs and subsequently a FIR was lodged in Golabari Police Station on 27.09.95.

(i) FIR in connection with this aforementioned incident was lodged with Golabari Police Station on 27.09.95. Since then no such forged consent for importing hazardous scrap has been detected.

(ii) The matter is under investigation by the police.

বারাসাত স্টেডিয়াম

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৯) **শ্রী অশোক মুখার্জি ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বারাসাত স্টেডিয়ামের অসমাপ্ত কাজ কতদিনে সমাপ্ত হবে বলে আশা করা যায়;

(খ) একথা কি সত্যি যে, স্টেডিয়ামের সামনের ফাঁকা জায়গায় মার্কেট কমপ্লেক্স তৈরি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) সত্যি হলে, এর ফলে স্টেডিয়ামকে ঘিরে প্রস্তাবিত স্পোর্টস কমপ্লেক্স-এর পরিকাঠামো বাধাপ্রাপ্ত হবে না কি?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) স্টেডিয়ামের কাজ সমাপ্ত হওয়ার বিষয়টি কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং স্থানীয় জনসাধারণের অনুদানের উপর নির্ভরশীল বলিয়া সঠিক সময় বলা সম্ভব নয়।

(খ) বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন।

(গ) স্টেডিয়ামের কাজ বাধাপ্রাপ্ত হয় এমন কোনও সিদ্ধান্ত নেওয়া হবে না।

**পরিবহন কর্মীদের পেনসন**

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৫) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় কর্মীদের জন্য পেনসন প্রথা চালু আছে কি না; এবং

(খ) থাকলে, কর্মীরা এই পেনসন অবসর গ্রহণের কতদিনের মধ্যে পেয়ে থাকেন?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় পেনসন প্রকল্প অনুমোদন করা হয়েছিল। কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় এই প্রকল্প চালু হয়েছে। দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় কর্মচারীদের সম্মতিপত্র না পাওয়ায় এই পেনসন প্রকল্প এখনও কার্যকর হয়নি।

(খ) পরবর্তীকালে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বেশিরভাগ কর্মচারী সম্মতিপত্র না দেওয়ায় এবং কলিকাতা উচ্চ আদালতে মামলা হওয়ায় বেশিরভাগ কর্মচারী পেনসনের সুযোগ পাচ্ছেন না।

**হাওড়া-গাদিয়ারা রুটে বাস**

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫২) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া-গাদিয়ারা রুটে কতগুলি এল-বাসের পারমিট দেওয়া হয়েছে;

(খ) তন্মধ্যে গড়ে কতগুলি বাস প্রতিদিন চলে;

(গ) উক্ত রুটে এল-বাসের সংখ্যা বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(ঘ) এটা কি সত্যি যে, পারমিট পাওয়া সত্ত্বেও কিছু ব্যক্তি উক্ত রুটে বাস চালাচ্ছে না; এবং

(ঙ) সত্যি হলে, এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে স্থায়ী পারমিট ১৭টি এবং অস্থায়ী পারমিট ৩টি দেওয়া হইয়াছে।

(খ) গড়ে প্রতিদিন ১৫।১৬টি বাস চলে।

(গ) দীর্ঘ রুটের চলার উপযোগি বাস মালিকদের নিকট হইতে দরখাস্ত পাইলে আর.টি.এ. বিবেচনা করিতে পারেন।

(ঘ) এমন খবর আর.টি.এ.-র জানা নেই।

(ঙ) প্রশ্ন ওঠে না।

**কৃষ্ণনগর আদালতে বাংলা ভাষা ব্যবহার**

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬২) **শ্রী শিবদাস মুখার্জি :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগরে জজকোর্টে ও ফৌজদারি কোর্টে বাংলা ভাষা চালু করার প্রচেষ্টা অব্যাহত আছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ইহার অগ্রগতি কিরূপ?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) নদীয়া জেলার নিম্ন আদালতগুলিতে অর্থাৎ মুনসেফ আদালত এবং প্রধান বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের, মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের এবং অন্যান্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতের কাজ বাংলা ভাষায় চালু করা হয়েছে। কিন্তু নদীয়া জেলার কৃষ্ণনগর জজ কোর্টে বাংলা ভাষা চালু করার কোনও প্রস্তাব এখনও পর্যন্ত নাই।

(খ) যে সব আদালতে বাংলা চালু হয়েছে, কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে।

**আসানসোল শহরে স্টেডিয়াম নির্মাণ**

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৮) **শ্রী তাপস ব্যানার্জি :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল শহরে স্টেডিয়াম করার জন্য সরকার কোনও টাকা দিয়েছেন কি না;

(খ) দিলে কত টাকা দিয়েছেন;

(গ) এই স্টেডিয়াম তৈরি কতদিনের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়;

(ঘ) এই স্টেডিয়াম তৈরি করার জন্য কেন্দ্রীয় সরকার কোনও টাকা দিয়েছেন কি না; এবং

(ঙ) দিলে কত টাকা দিয়েছেন?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) প্রতিরক্ষা বিভাগ থেকে জমি কেনার দরুন ২৫,৮৪,৪৯৫ টাকা এবং ষ্টেডিয়াম নির্মাণের জন্য কুড়ি লক্ষ টাকা।

(গ) স্টেডিয়ামের কাজ সমাপ্ত হওয়ার বিষয়টি কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং স্থানীয় জনসাধারণের অনুদানের উপর নির্ভরশীল বলিয়া সঠিক সময় বলা সম্ভব নয়।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

## Absence of Government Lawyers at High Court

*181. (Admitted Question No. *1383) **Shri Akbar Ali Khandakar & Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether the State Government is aware that Government cases are often not being deferded or conducted properly because of absence of Government Panel Lawyers in Calcutta High Court dealing with writ matters;

(b) if so—

(i) the major reasons thereof; and

(ii) the steps taken/proposed ?

**Minister-in-charge of the Judicial Department :**

(a) It is not correct that Government cases are not often being defended or conducted propariy because of absence of Government Panel Lawyers in Calcutta High Court in writ matters. However, on some occasions Government Advocates failed to appear before some Courts in writ metters.

(b)

(i) Due to pre-occupations some lawyers failed to represent the Government in some cases on some occasions. However, effective measures are always taken to safeguard the interest of the Government by initiating proper measures in those cases.

(ii) Though all the panel lawyers have been representing the State Government in different Courts, there is a contemplation for introduction of a scheme for effecting better representation of the state Government in different Courts.

**Position of B.I.F.R.**

*182. (Admitted Question No. *1387) **Shri Tushar Kanti Mondal & Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

the position of cases reported to the Board of Industrial and Financial Reconstruction (as on 31st May, 1996) ?

**Minister-in-charge of the Industrial Reconstruction Departments.**

Total 178 Sick Companies were referred to BIFR as on 31.5.96. Out of the above 178 Companies, package approved for 55 Companies.

**Tariff of Catamaran Services**

*183. (Admitted Question No. *1390) **Shri Biplab Roychowdhury & Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) whether the State Government is aware of the Tariff fixed by M/s. Development Consultants Ltd. for its Sillverjet Catamaran river transport service between Calcutta and Haldia;

(b) if so—

(1) the details of the Tariff;

(2) whether it has been approved by the State Government; and

(3) the contemplation of the State Government regarding introducing Low Cost River Transit System between Haldia and Calcutta for the benefit of the people belonging to low and middle income groups ?

**Minister-in-charge of the Transport Department.**

(a) Yes

(b)

(1) Economy : Rs.400/-

Business : Rs.500/-

First Class Rs.1000/-

(2) No.

(3) Conventional Vessels having far less speed and greater

draught will require more Journey time compared to road and rail and will not be Patronized.

## Calling Attention

**Mr. Dy. Speaker :** Today I have received one notice of Calling Attention from Shri Nirmal Mukherjee, Shri Tapan Hore and Shri Deba Prasad Sarkar on the subject of Reported murder of two taxi-drivers at Behala.

As there is no other notice of Calling Attention, I have selected the notice of Shri Nirmal Mukherjee and Shri Tapan Hore and Shri Deba Prasad Sarkar.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 9th July, 1996.

[12-00 — 12-10 P.M.]

## MENTION CASES

**শ্রী ইদ মহম্মদ ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী মোজাম্মেল হক্ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যেটা আমরা লক্ষ করছি যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলে এই ১৯ বছরের মধ্যে যেভাবে অন্যান্য ক্ষেত্রে উন্নতি হয়েছে, কিন্তু শিক্ষা ক্ষেত্রে একই অবস্থা। সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের সকলেই দাবি করছেন গ্রামে বিদ্যুৎ চাই, শিক্ষা চাই। আমার প্রত্যন্ত এলাকা হরিহরপাড়ায় ১৪টি হাইস্কুল এবং মাদ্রাসা স্কুল মিলিয়ে আছে, সেখানে প্রতি বছর মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করে ৩০০ থেকে ৪০০ জন ছাত্রছাত্রি। সেখানে দুটি উচ্চমাধ্যমিক স্কুল আছে, আরও দুটি উচ্চমাধ্যমিক স্কুল করা দরকার। সেখানকার শিক্ষানুরাগি, অভিভাবক এবং ছাত্রছাত্রিরা মিলে একটি কলেজ তৈরি করার উদ্যোগ গ্রহণ করেছে এবং ৯ বিঘা জমি ইতিমধ্যেই ঠিক হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত কলেজটির নির্মাণকার্য শুরু হয়নি, ফলে সেখানকার ছাত্রছাত্রিদের অন্যত্র পড়তে যেতে হচ্ছে। নওদাতে যাচ্ছে কিন্তু নওদা কলেজে সেখানকার ছাত্রছাত্রিরাই ভর্তি হতে পারছে না, এবং ভর্তি হতে না পেরে বহু ছাত্রছাত্রি লেখাপড়া ছাড়তে বাধ্য হচ্ছে। বহরমপুর কলেজেও একই অবস্থা হয়েছে। ফলে বর্তমান পরিস্থিতিতে সেখানে এই মুহূর্তে একটা কলেজ খুবই প্রয়োজন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি অবিলম্বে সেখানে একটা নুতন কলেজ স্থাপনের ব্যবস্থা করুন।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আবার নতুন কায়দায় খুন শুরু হয়েছে। আমার বিধানসভা এলাকায়, নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার সীমান্তবর্তী গ্রাম বিজয়গুরে গত বুধবার রাতে ডাকাতির নাম করে দুর্বৃত্তরা ক্লাশ নাইনের ছাত্র আশুতোষ বিশ্বাসকে খুন করেছে। ছেলেটি বাবা-মায়ের একমাত্র ছেলে এবং ক্লাশ এইট থেকে ক্লাশ নাইনে ওঠার

সময়ে অঙ্কে ১০০-র মধ্যে ১০০ পেয়ে প্রথম হয়েছিল। তাকে যখন খুন করা হয় তখন তার বাবা-মা দুর্বৃত্তদের হাতে চাবি তুলে দিয়ে ছেলেটিকে প্রাণে না মেরে ঘরের সমস্ত কিছু ডাকাতি করে নিয়ে যেতে বলেছিল। তারা সে কথা না শুনে সে বাড়ি থেকে কোনও জিনিস ডাকাতি না করে শুধু মাত্র ছেলেটিকে বাবা-মায়ের চোখের সামনে কুপিয়ে কুপিয়ে খুন করে চলে যায়। ডাকাতি করার নামে যে দুর্বৃত্তরা সেখানে গিয়েছিল তারা কোনও জিনিস না নিয়ে শুধু মাত্র বাবা-মায়ের একমাত্র ছেলেটিকে খুন করে চলে যায়। ছেলেটির অপরাধ, সে এস.এফ.আই. করত এবং বিগত নির্বাচনে বামফ্রন্টের জয়ে সে উল্লাস প্রকাশ করেছিল। দুর্বৃত্তদের, খুনিদের কিছু নাম পাওয়া সত্ত্বেও আমি এখানে তা উল্লেখ করতে চাই না। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি অবিলম্বে এ বিষয়ে যথাযথ তদন্ত করে প্রয়োজনে সি.আই.ডি.-কে দিয়ে তদন্ত করিয়ে প্রকৃত খুনিদের ধরা হোক। ১৪ বছরের নিরীহ কিশোর, ক্লাশ নাইনের ফার্স্ট বয়ের খুনের ঘটনার প্রতি আমি ধিক্কার জানাচ্ছি এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি, অবিলম্বে খুনিদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বহুজাতিক সিগারেট কোম্পানিগুলো প্রাক্তন কেন্দ্রীয় কংগ্রেসি সরকারের কাছ থেকে আমাদের দেশে মিনি সিগারেট তৈরি করার লাইসেন্স আদায় করে নিয়েছে এবং সিগারেটের ওপর একসাইস ডিউটি ২১০ টাকা থেকে কমিয়ে ৬০ টাকা করে নিয়েছে। এরফলে মিনি সিগারেট ভারতবর্ষের বিড়ির বাজারে ব্যাপকভাবে হামলা চালাচ্ছে। যেখানে প্রতিদিন ৯০ কোটি টাকার বিড়ি বিক্রি হত, ৮০ লক্ষ শ্রমিক যেখানে কাজ করত সেখানে মিনি সিগারেটের জন্য তা মার খাচ্ছে; বিড়ির চাহিদা কমে গেছে। ইতিমধ্যেই কেরালা, পশ্চিমবঙ্গ-সহ ভারতবর্ষের অন্যান্য অনেক রাজ্যে বিড়ি উৎপাদন কমে গেছে। ফলে ৮০ লক্ষ বিড়ি শ্রমিকের রুজি-রোজগার সঙ্কটের সম্মুখীন। সেজন্য আমি কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকারের কাছে দাবি করছি —ইতিপূর্বে মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলোকে মিনি সিগারেট তৈরির যে লাইসেন্স দেওয়া হয়েছিল, অবিলম্বে তা বাতিল করা হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপুর্ন বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশকিছু বছর হল আমাদের বোলপুরে একটা ১৬৩ কে.ভি. সাব-স্টেশন তৈরির কাজ শুরু হয়েছিল। সামান্য কিছু কাজের পর দীর্ঘদিন ধরে তা বন্ধ আছে। বোলপুরে বিদ্যুতের ফ্রিকোয়েন্সি এবং লো-ভোল্টেজের ভয়ঙ্কর প্রবলেমের জন্য ওখানে একটা সাব-স্টেশনের বিশেষ প্রয়োজনের জন্যই ঐ সাব-স্টেশনটি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। সাঁইথিয়া সাব-স্টেশন থেকে চ্যানেলাইজ হয়ে ওখানে বর্তমানে বিদ্যুৎ আসে। সাঁইথিয়া সাব-স্টেশনটি ৫০-এর দশকে তৈরি হয়েছিল। আজকে ওখানে ডিমান্ড বেড়ে যাওয়ায় একটা নতুন সাব-স্টেশনের বিশেষ প্রয়োজন দেখা দিয়েছে। সাব-স্টেশনের অভাবে বোলপুর মহকুমার চারটে থানা বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে আগামী দিনে বিপর্যস্ত হবে। সেই কারণে এই বিদ্যুৎ স্টেশনটি হওয়ার কথা। কিন্তু দেখা যাচ্ছে, কিছুটা হয়ে বাকিটা অসম্পূর্ণ অবস্থায় পড়ে আছে। কাজেই আমি আপনার মাধ্যমে বলতে চাই, বিদ্যুতের এই সাবস্টেশনটি অত্যন্ত প্রয়োজন। এটা শুধু বোলপুর মহকুমার ব্যাপার নয়, বোলপুর শান্তিনিকেতন আন্তর্জাতিক

শহরের বিষয়। আন্তর্জাতিক ক্ষেত্রে এই শহরের গুরুত্ব আছে। সেই গুরুত্বের কথা বিবেচনা করে এটা করা অত্যন্ত দরকার। কারণ দেশ-বিদেশের বহু ছাত্র-ছাত্রি এখানে আসে এবং পড়াশুনার ব্যাপারে এখানে আলাদা ইনফ্রাস্ট্রাকচার আছে। সেক্ষেত্রে খুব ক্ষতি হচ্ছে। সেই ক্ষতির দিকে দৃষ্টি রেখে এবং পাশাপাশি এলাকার বিধায়ক হিসাবে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে অনুরোধ করবো যেন অবিলম্বে এই কাজটা শুরু করা হয় এবং শুরু করে শেষ করা হয়। ধন্যবাদ।

**শ্রী মহঃ হান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রামপুরহাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রামপুরহাট মহকুমা শহর বৃটিশ আমলে তৈরি। এই শহরে একটি পুরানো রামপুরহাট থানা আছে। সেই থানায় যে ঘর আছে সেই ঘরের মধ্যে ৭ জনের মধ্যে ৪ জন সাব-ইন্সপেক্টর এবং ৩ জন অ্যাসিসটান্ট সাব-ইসপেক্টর বসে। সাধারণ মানুষ সেই থানায় কোনও অভিযোগ করতে গেলে সাধারণ মানুষ এবং পুলিশ কর্মচারীদের যে ভিড় ঐ ঘরের মধ্যে হয় তারফলে কাজকর্ম করতে অসুবিধা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে ঐ থানাটি সংস্কার করে যাতে নতুন ঘর রামপুরহাট থানার জন্য আরও তৈরি করা যায় তারজন্য আমি অনুরোধ করছি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের অধীন পঞ্চায়েত সমিতি কংগ্রেস-আইয়ের দখলে যায়। অধিকাংশ পঞ্চায়েতগুলি কংগ্রেসের দখলে। এইরকম মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের প্রধান কংগ্রেস-আই এর মনোনিত প্রার্থি হিসাবে নির্বাচিত হয়েছে। সেখানে রেশন কার্ড বিলি বন্দোবস্ত যেভাবে করা হচ্ছে তাতে দেখা যাচ্ছে, প্রতিটি রেশন কার্ড পিছু ১০ টাকা থেকে ৫০ টাকা করে সাধারণের কাছ থেকে নেওয়া হচ্ছে। এরফলে এলাকার মানুষ বীতশ্রদ্ধ ক্ষুব্ধ হচ্ছে। তারা প্রধানের কাছে অভিযোগ নিয়ে যাচ্ছে যে কেন তাদের কাছ থেকে টাকা নেওয়া হচ্ছে। এই ১০ টাকা থেকে ৫০ টাকা কার্ড পিছু দেওয়া তাদেরপক্ষে সম্ভব নয়। নতুন কার্ড বিনা পয়সায় দেওয়া উচিত। বামফ্রন্ট সরকার এই কার্ড দিচ্ছে। তাই বলছি, দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে মনিগ্রাম গ্রাম পঞ্চায়েত। আমি সাধারণ মানুষের স্বাক্ষর সম্বলিত দরখাস্ত এনেছি। সেই দরখাস্ত আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে পৌঁছে দিতে চাই এবং অবিলম্বে এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা এবং দোষিদের উপযুক্ত শাস্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমাদের বাঁকুড়া জেলায় প্রায় বেশিরভাগ অঞ্চলে কম বেশি বিদ্যুতের সমস্যা রয়েই গেছে। বড়জোরাব্লকের ঘুটগড়িয়া অঞ্চলে জয়সিংপুর, সীতারামপুর, পল্লিশ্রী, টিকরগ্রাম প্রভৃতি অঞ্চলে বিদ্যুতের সমস্যা রয়েছে। এই সমস্ত অঞ্চলের কাছে তারাসিংহের সাব-সেন্টারটি রয়েছে। এই গ্রামগুলি অবিলম্বে যাতে বিদ্যুৎ পায় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

[12-10 — 12-20 P.M.]

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে

মাননীয় পূর্তমন্ত্রীর একটি জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের কানকি গোঁয়াগা পাকা রাস্তার কাজ বামফ্রন্ট সরকারের তদানিন্তন পূর্তমন্ত্রী ৮২ সালে আরম্ভ করেন। কিন্তু দীর্ঘ ১৪ বছর ধরে ৩০ কিলোমিটার রাস্তার মধ্যে মাত্র অর্ধেক রাস্তা হয়েছে। বাকি রাস্তা কখন হবে সেটা বোঝা যাচ্ছে না এবং যেভাবে রাস্তার কাজ হচ্ছে তাতে মনে হয় আরও ১৫/২০ বছর লাগবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই, এই আর্থিক বছরেই যাতে কানকি গোঁয়াগা রাস্তার কাজ শেষ করা যায়, তার ব্যবস্থা করবেন, এই অনুরোধ রাখছি।

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার রায়পুর থানাতে একটা ঘটনা ঘটেছে, পুলিশ সেখানে কতখানি করিতকর্মা তার একটা উদাহরণ দিচ্ছি এবং পুলিশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জগদীশ মাহাতো নামে একজন প্রাথমিক শিক্ষক যখন রাস্তা দিয়ে মোটর সাইকেলে করে যাচ্ছিল, তখন সে ঐ রাস্তায় কিছু ছিন্তাইকারিদের হাতে পড়ে। তার মোটর সাইকেলকে একটা খালের মধ্যে ফেলে দেয় এবং মারধোর করে তার টাকা পয়সা ছিন্তাই করে নেবার পর তাকে আটকে রাখে। তারপর ঐ রাস্তায় পরপর দুটি বাসে ঐ ছিন্তাইকারিরা ছিন্তাই করে। সেই সময় রায়পুর থানার গাড়ি ঐ রাস্তায় আসে। কিন্তু তারা গাড়ির আলো নিভিয়ে দাঁড়িয়ে থাকে। তারপর ছিন্তাইকারিরা যেদিকে পালিয়ে যায়, সেদিকে ধাওয়া না করে উল্টো দিকে গাড়ি চালিয়ে যায়। তারপর ঐ প্রাথমিক শিক্ষককে থানায় ধরে নিয়ে গিয়ে তার নামে কেস লিখিয়ে দেয়। এই ঘটনায় স্থানীয় মানুষ অত্যন্ত ক্ষুব্ধ। গত ২৮/৬/৯৬ তারিখে তারা ডি.এম.এর কাছে ডেপুটেশন দিয়েছে। আসলে ছিন্তাইকারিদের না ধরে নিরীহ একজন প্রাথমিক শিক্ষককে ছিন্তাইকারি হিসাবে কেস দিয়ে দেওয়া হল। এর ফলে জেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের কাছে স্থানীয় জনসাধারণ বিচারের দাবি করেছে। আমি পুলিশমন্ত্রীর কাছে বলবো এইরকম অবাঞ্ছিত ঘটনা যাতে ভবিষ্যতে না ঘটে এবং এলাকায় যাতে অসন্তোষ সৃষ্টি না হয়, সেই বিষয়ে দৃষ্টি দেবেন। এবং বর্তমানে দোষি ব্যক্তিদের ধরার ব্যবস্থা করুন।

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জলপাইগুড়ি জেলার নির্বাচনি কেন্দ্র বীরপাড়ায় একটা স্টেট জেনারেল হসপিটাল আছে। তার চারপাশে ৩৫/৪০টা চা বাগান আছে এবং ঐ এলাকা ট্রাইব্যাল এলাকা। ঐ স্টেট জেনারেল হসপিটালে ২২ জন ডাক্তার থাকার কথা, কিন্তু ওখানে মাত্র ছয়জন ডাক্তার আছে। কোনও মেশিন পত্র নেই। রোগিদের ব্যবহারের জন্য মশারি নেই, যা মেশিন আছে সেইগুলো সব খারাপ হয়ে পড়ে আছে, বেডশিট পর্যন্ত ওখানে দেওয়া হয়না। আমি সেদিন গিয়ে দেখলাম অত্যন্ত নিম্নমানের খাদ্য দেওয়া হচ্ছে রোগিদের। অ্যাডমিশন ডায়েট গত একবছর ধরে দেওয়া হচ্ছে না। ঐ এলাকায় ট্রাইব্যাল অসুস্থ রোগিকে ঐ হাসপাতাল থেকে চিকিৎসার সুযোগ না দেওয়ায় জলপাইগুড়ি এবং আলিপুর দুয়ার হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যেতে হচ্ছে। অনেক সময় দেখা গেছে রোগি গাড়িতেই মারা যাচ্ছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করবো, এই স্টেট জেনারেল হাসপাতাল যাতে ভালভাবে চালু করা হয় এবং মেশিন পত্র এবং ডাক্তার রাখার ব্যবস্থা করা হয়, সেই ব্যবস্থা তিনি করুন।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি যে এলাকা থেকে নির্বাচিত সেটা সীমান্ত এলাকা। ঐ এলাকায় কৃষ্ণনগর-শিকারপুর রাস্তাটি একশো কিঃমিঃ দীর্ঘ। এই রাস্তাটিই সীমান্তে একমাত্র যাত্রী এবং মাল পরিবহনের রাস্তা। এই রাস্তার দুধারে ২।।/৩ লক্ষ লোকের বাস। এখানে ৫টি ব্লক এবং তিনটি থানা। এই রাস্তাটি দীর্ঘদিন ধরেই অচল হয়ে ছিল। বামফ্রন্ট সরকার উদ্যোগি হয়ে এই রাস্তাটি মেরামতের কাজ শুরু করেছেন। এর ৮০ ভাগ কাজ শেষও হয়েছে কিন্তু আমার নির্বাচনি ক্ষেত্রে করিমপুরের এক এবং দু নং ব্লক এলাকায় এখনও পর্যন্ত রাস্তাটির মেরামতির কাজ শুরু হয়নি। এর ফলে রাস্তাটি বন্ধ হয়ে পড়ে আছে। এই রাস্তাটি বন্ধ থাকার ফলে ঐ এলাকার মানুষের কৃষ্ণনগর আসা বা কলকাতায় আসা দুরূহ হয়ে পড়ছে। এই গুরুত্বপূর্ণ রাস্তাটির মেরামতের কাজ যে ২০ পারসেন্ট অংশে বন্ধ হয়ে আছে তা অবিলম্বে শেষ করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। তা ছাড়া এই রাস্তাটির সঙ্গে সংযোগকারি কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তা — মহিষবাথান থেকে থানারপাড়া, মহিষবাথান থেকে মরুটিয়া, করিমপুর, গোপালপুর ঘাট, ঘোড়াদহ ইত্যাদি রাস্তাগুলির অবিলম্বে মেরামত কাজ শুরু করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এই রাস্তাগুলির মেরামতের কাজ শেষ হলে ঐ এলাকার মানুষদের যাতায়াত এবং মাল পরিবহনের খুবই সুবিধা হবে। অবিলম্বে এদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সেখ জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি কেন্দ্র ডেবরা কংসাবতি নদী দ্বারা বেষ্টিত আমার জেলার কেন্দ্র থেকে ত্রিলোচনপুর যাবার জন্য ৪০ কিঃমিঃ রাস্তার মধ্যেই এই কংসাবতি নদী পড়ছে। এখানে কয়েকটি রুটে ১৫টি বাস চলে। এই রুটগুলি হচ্ছে—পাঁশকুড়া-ত্রিলোচনপুর, দিঘা-ত্রিলোচনপুর, মেদিনীপুর-ত্রিলোচনপুর। কিন্তু এই বাসগুলি বর্ষাকালে নদীতে জল বেশি থাকার জন্য লোয়াদায় এসে থেমে যায়, নদী পেরিয়ে যেতে পারে না। মেদিনীপুর জেলা আর.টি.এ. থেকে কিছু বাসের পারমিট দেওয়া হয়েছে ত্রিলোচনপুর পর্যন্ত যাবার জন্য কিন্তু বছরের ৬ মাস এই বাসগুলি নদী পেরিয়ে যেতে পারে না বলে নদীর অপর পারেই রয়ে যায়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবি, অবিলম্বে ওখানে নদীর উপর একটি সেতু নির্মাণ করা হোক।

[12-20 — 12-30 P.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, আমরা সকলেই জানি যে ১লা জুলাই অর্থাৎ আজকের দিনটি হচ্ছে ডাঃ বিধানচন্দ্র রায়ের জন্মদিন এবং মৃত্যুদিন। এই দিনটির একটি তাৎপর্য আছে বিশেষ করে স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যারা যুক্ত সেই ডাক্তার, নার্স এবং অন্যান্য কর্মীদের কাছে এই দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। স্যার, আপনি জানেন, গত শুক্রবার এই সভাতে হেলথ বাজেট পাশ হয়েছে। সেই সময় একটা কথা উঠেছে যে Prevention is Better than cure. অর্থাৎ হেলথ এডুকেশনটা স্প্রেড করানো দরকার। আমাদের চিরকালের ধারনা এবং অভ্যাস যে পেশেন্টরা হাসপাতালে আসবেন। এখন বোধহয় কনসেপ্টটা চেঞ্জ হচ্ছে, wheth-er patient will go to the hospital or Hospital will come to the patient.

এই জায়গায় দাঁড়াচ্ছে। আমরা চাচ্ছি হসপিটাল শুড রিচ টু দি পেশেন্টস। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, আমাদের সরকারের তরফ থেকে একটা উদ্যোগ গ্রহণ করা হোক যাতে করে এই হেলথ এডুকেশনকে স্প্রেড করা যায়। ডাঃ বিধানচন্দ্র রায়কে সামনে রেখে আমরা অনেক ব্যবস্থা গ্রহণ করেছি, অনেক মণিষীর অনেক ব্যবস্থা গ্রহণ করেছি। ডাঃ বিধানচন্দ্র রায়কে সামনে রেখে এই হেলথ এডুকেশনকে স্প্রেড করার ব্যবস্থা করা হোক। স্যার, দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, এই স্বাস্থ্য পরিসেবা মূলক কাজ একটা গুরুত্বপূর্ণ কাজ, এটা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে। গতকাল শুনলাম যে, এস.এস.কে.এস হসপিটালে ওয়ান পেশেন্ট ওয়াজ ব্রট ফ্রম বর্ধমান। বাট হি ওয়াজ রিফিউসড। দেন দি পেশেন্ট ওয়াজ সেন্ট টু এন.আর.এস হসপিটাল। এইরকম একটা মানসিকতা সেখানে কাজ করছে। যারা ডাঃ বিধানচন্দ্র রায়ের আদর্শে উদ্বুদ্ধ হয়েছে, সেই ডাক্তারদের মধ্যে কিছু কিছু ডাক্তারের জন্য আজকে অবস্থা এইরকম একটা জায়গায় চলে যাচ্ছে। এই যদি হয় তাহলে আমরা দাঁড়াবো কোথায়? সেজন্য আমার বক্তব্য হচ্ছে, হেলথ এডুকেশনকে শুধু মাত্র গ্রামাঞ্চলে দিলেই হবেনা, হেলথের এথিক্স যেটা, সেই পরিসেবামূলক কাজ যেটা সেটাও তাদের কাছে পৌঁছে দিতে হবে ইন দি নেম অব ডাঃ বিধানচন্দ্র রায়। থ্যাঙ্ক ইউ।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার মেদিনীপুর জেলার বিশেষ করে পাশকুড়া এক এবং দুই এবং তারসঙ্গে দাসপুরে যে সমস্ত ফুল চাষি রয়েছে, ফুল চাষের উপরে নির্ভর করে তাদের জীবনযাপন করতে হয়। কিন্তু মাঝখানে এক শ্রেণীর মিডিলম্যানরা তাদের কাছ থেকে ফুল কেনে এবং সেই ফুল বাজারে নিয়ে যায়। তার ফলে ফুল চাষিরা প্রকৃত ফুলের মূল্য পায়না। তারা দিনের পর দিন এইভাবে বঞ্চিত হচ্ছে। এই ফুল ভারতবর্ষের বিভিন্ন কেন্দ্রে পাঠানো হয়। কিন্তু অন্যান্য দপ্তরের মতো এই ফুল চাষিরা সমবায়ের কোনও সুযোগ-সুবিধা পায়না। কাজেই আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যাতে ওখানে একটা ফ্লাওয়ার গ্রোয়ারস কো-অপারেটিভ করা হয় যাতে ফুল চাষিরা তাদের ফুলের ন্যায্যমূল্য পেতে পারে এবং সমবায়ের সুযোগ-সুবিধা পেতে পারে। তাই আমি বিষয়টি সম্পর্কে সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উদ্বাস্তু ত্রাণ পুনর্বাসন দপ্তরের মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়ার ধুবুলিয়ায় জনবহুল এলাকায় একটা থানা আছে। বর্তমানে সেখানে স্থান সঙ্কুলান না হবার জন্য ঐ থানাটিকে অপসরণ করার চেষ্টা হচ্ছে। এতে ঐ এলাকার সাধারণ মানুষ থেকে আরম্ভ করে ব্যবসায়ী সম্প্রদায়, তারা খুব সাংঘাতিকভাবে ক্ষোভ প্রকাশ করেছেন, কারণ থানাটি ঐ জায়গায় থাকায় সেখানে শান্তি-শৃঙ্খলা রক্ষিত হচ্ছে। থানাটি যে বাড়িটিতে রয়েছে সেটা উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের। ওখানে আরও ঘর পড়ে রয়েছে এবং ঘরগুলো কোনও কাজে ব্যবহৃত হচ্ছে না। ঐ ঘরগুলো যদি থানাকে দিয়ে দেওয়া হয় তাহলে অনায়াসে ঐ বাড়িতেই থানাটি থাকতে পারে। তাই থানাটি যাতে স্থানান্তরিত না করা হয় এবং খালি ঘরগুলো যাতে থানাকে দিয়ে দেওয়া হয় তারজন্য উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন দপ্তর এবং স্বরাষ্ট্র দপ্তর যৌথভাবে যাতে হস্তক্ষেপ করে তারজন্য আমি দপ্তর দুটির

মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রে বহু হিন্দিভাষি মানুষ বসবাস করেন, কিন্তু উত্তরপাড়া, ভদ্রকালি, হিন্দমোটর, কোন্নগর, রঘুনাথপুর, ডানকুনি এই বিস্তির্ণ এলাকায় কোনও হিন্দি মিডিয়াম হাইস্কুল নেই। শুধুমাত্র দু'একটি হিন্দি জুনিয়র হাইস্কুল রয়েছে। তারফলে ঐসব অঞ্চলের হিন্দিভাষি ছাত্রছাত্রিদের প্রচন্ড অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। অধিকাংশ ছাত্রছাত্রিকে রিষড়ার হিন্দি হাইস্কুলে গিয়ে পড়াশুনা করতে হয়। কিন্তু ওখানে হিন্দমোটর-ভদ্রকালি বিদ্যালয় বলে একটি হিন্দি জুনিয়র হাইস্কুল ১৯৮২ সালে অনুমোদন পেয়েছে এবং ঐ স্কুলে প্রয়োজনীয় পরিকাঠামোও রয়েছে। ঐ স্কুলটিকে যদি অবিলম্বে আপগ্রেড করে মাধ্যমিক পর্যন্ত উন্নতি করা যায় তাহলে বিশেষ করে হুগলি জেলার হিন্দিভাষি ছাত্রছাত্রিরা উপকৃত হতে পারে। তারজন্য আমি আপনার মাধ্যমে বিষয়টার প্রতি মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার এবং সংবাদপত্রে রিপোর্টারদের দৃষ্টি আকর্ষণ করে মাননীয় পরিবহন মন্ত্রীর মাধ্যমে বিষয়টার প্রতি কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, সুবারবোর্ন রেলওয়ে প্যাসেঞ্জারস' কনফেডারেশন, হাওড়া ডিভিশন এবং শিয়ালদা ডিভিশন এবং তার একটা অ্যাপেকস বডি রয়েছে যারা সুবারবোর্ন রেলওয়ে প্যাসেঞ্জারস' কনফেডারেশন অন্তর্ভুক্ত বিভিন্ন যাত্রি সাধারণের সুযোগ-সুবিধা নিয়ে আন্দোলন করে থাকে। আমি হাওড়া ডিভিশনের ওয়ার্কিং প্রেসিডেন্ট হিসাবে গত ৫ই জুন বর্তমান রেলমন্ত্রীকে একটি ফ্যাকসবার্তা পাঠিয়েছিলাম। আপনার অনুমতি নিয়ে সেই ফ্যাকসবার্তাটি সংক্ষিপ্ত আকারে এখানে উপস্থাপিত করছি ঃ Congratulation on your being appointed as Railway Minister and assuring of no discrimination among the States. Perpetual negligence against Calcuttans. Pray sanction of additional rakes for Sealdah and Howrah Divisions. Order for replacement of overhead electric wires and equipments... ১০ই জুলাই এর পর ১৬ই জুলাই রেল বাজেট পেশ হবে। ইতিমধ্যে দেখলাম, মাননীয় রেলমন্ত্রী পশ্চিমবঙ্গের সাংসদদের ডাকলেন তারসঙ্গে আলোচনা করবার জন্য। কিন্তু দুর্ভাগ্যের হলেও সত্য যে, পশ্চিমবঙ্গ থেকে কংগ্রেসের যে ৯ জন এম.পি. নির্বাচিত হয়েছেন, তারা সেই গুরুত্বপূর্ণ সভায় হাজির হন নি। অথচ বামফ্রন্টের সমস্ত এম.পিরা সেখানে রেলমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন। আলোচনার বিষয়বস্তুটা ছিল, পশ্চিমবঙ্গের যে বকেয়া রেল প্রজেক্টগুলো আছে, সেগুলোর কিভাবে সমাধান করা যায়। সুবারবর্নি প্যাসেঞ্জার্স কনফেডারেশনের যে অভাব অভিযোগ আছে, বিশেষ করে এই মুহূর্তে আমাদের যে অভাব অভিযোগ আছে তা হল, ওভারহেডের তার ছিঁড়ে যাওয়ায়, প্যান্টোগ্রাফ ভেঙে যাওয়ায় এবং রেকের অভাবে লক্ষ লক্ষ যাত্রি তারা বিভিন্ন জায়গা থেকে কলকাতার দিকে, বা কলকাতা থেকে অন্যদিকে যেতে বাধ্য হচ্ছেন। সুতরাং এই প্যান্টোগ্রাফকে সারানো এবং ওভারহেডের যে তার ছিঁড়ে যায় তা অবিলম্বে রিপ্লেস করার জন্য এবং নতুন রেকের ব্যবস্থা করতে

আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। এর কারণ হল এই যে, এই সমস্ত কারণে আমরা যারা নিত্যযাত্রি, আমাদের দুর্ভোগ হয়। শিয়ালদহ ডিভিসনের সুবারর্বান রেলওয়ে প্যাসেঞ্জার্স কনফেডারেশনের কনভেনর, বিনয় মিত্র মহাশয় আমাকে টেলিফোনে এই জরুরি বিষয়টি হাওড়া ডিভিসন এবং শিয়ালদহ ডিভিসনের কমিউটারদের বিষয়টি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে তুলে ধরার জন্য জানিয়েছেন। আমি সকল মাননীয় সদস্যদের এই বিষয়টির ব্যাপারে তাদেরও দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ঘোষ ঃ** (অনুপস্থিত ছিলেন)

**শ্রী আনন্দকুমার বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি এবং ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, দক্ষিণ ২৪ পরগনা জেলার বিষ্ণুপুর (পূর্ব) - ১১০ বিধানসভা কেন্দ্রে ১৩টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৯টি গ্রাম পঞ্চায়েত এলাকায় পানীয় জলের তীব্র সঙ্কট দেখা দিয়েছে। অবিলম্বে ঐ এলাকায় পানীয় জলের সমস্যার সমাধানের জন্য নলকূপ বসানোর ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখন ওখানে যে পরিস্থিতি, তাতে ৯০০।১০০০।১১০০ ফুট পাইপ বসালে তবেই পানীয় জল পাওয়া যায়। এই সমস্যার দিকে লক্ষ রেখে ঐ বিধানসভা কেন্দ্রে দুটি এলাকায়, দৌলতাবাদ এবং গাববেড়িয়াতে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের উদ্যোগে পাইপ লাইনের মাধ্যমে ৯টি এলাকায় জল সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয়, দৌলতাবাদে যে কেন্দ্রটি হয়েছিল, সেখানে ঘরবাড়ি সহ সমস্ত ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়েছিল এবং পাইপের সাহায্যে গ্রামের মানুষকে মাত্র ৭-৮ মাস জল সরবরাহ করার পর গত ১৯৭৯ সাল থেকে জল সরবরাহ বন্ধ আছে। সেখানে বেশ কিছু এমপ্লয়িও থাকেন এবং তারা মাসের পর মাস, বছরের পর বছর ধরে সরকারি পয়সা নিয়ে যাচ্ছেন। কিন্তু গ্রামের মানুষ জল পাচ্ছে না। আরও একটি জায়গায় জল দেবার ব্যবস্থা হয়েছিল, সেটি হচ্ছে গৌরিপুর এলাকায়। বর্তমানে সেটিও বন্ধ হয়ে রয়েছে। সেখানে ড্রিলিং হয়েছে এবং গ্রামে পাইপও সাপ্লাই করা হয়েছে। কিন্তু তারপরে অনির্দিষ্ট কালের জন্য সেটিও বন্ধ হয়ে আছে। পরবর্তীকালে আবার অন্য একটি জায়গাতে ড্রিলিং করা হয়েছে। সেটিকে আজ এক বছর যাবত সিল করে রাখা হয়েছে। মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে ঐ এলাকায় পানীয় জলের যে তীব্র সঙ্কট চলছে তার সমাধানের জন্য জরুরি ভিত্তিতে যাতে কিছু নলকূপ বসানো যায় এবং পাশাপাশি, যে দুটি প্রকল্পের জন্য মানুষের স্বার্থে জল সরবরাহের জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করে ব্যবস্থা নেওয়া হয়েছিল, যেইটি বর্তমানে বন্ধ আছে, তা যাতে চালু করা যায়, তারজন্য বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি রাখছি। ধন্যবাদ।

**শ্রী এম আনসারুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেক শেষে হলেও আপনি যে আমাকে বলার সুযোগ দিয়েছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এবং সঙ্গে সঙ্গে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ১লা জুলাই, আমাদের জাতীয় জীবনে এই দিনটি একটি স্মরণীয় দিন, কারণ চিকিৎসা জগতের প্রাণপুরুষ ডাঃ বিধানচন্দ্র রায়ের আজকের দিনে জন্মদিন এবং সেই হিসাবে চিকিৎসা জগতে এই দিনটিকে শ্রদ্ধার সঙ্গে পালন করা হয়। কিন্তু আমার কেন্দ্রে এবং সঙ্গে সঙ্গে

আমার বন্ধু পদ্মনিধি ধরের কেন্দ্র হাওড়া জেলা এবং ডোমজুড় থানার হাসপাতালটি রুর‍্যাল হাসপাতাল হিসাবে গন্য হয়েছে। রুরাল হাসপাতাল ঘোষিত হওয়ার পর ৫টা বেড বাড়ার কথা কিন্তু পূর্বের ২০টি বেডই রয়ে গেছে, বাড়েনি তার সংখ্যা। তারপরে মেডিক্যাল অফিসার থাকার কথা ৪ জন, সেখানে আছে মাত্র ২ জন। বৃষ্টির সময়ে সমস্ত ছাদ দিয়ে জল পড়ে, রোগি রাখা যায় না, স্টোর রুম জলে ভেসে যায়, প্রতি বর্ষাতেই ওষুধ নষ্ট হয়ে যায়। আউট ডোরের জন্য কোনও বিল্ডিং নেই, একটি স্টাফ কোয়াটারে আউটডোর করা হয়। কুকুরে কামড়ানোর অর্থাৎ জলাতঙ্ক রোগের প্রতিষেধক অ্যান্টি র‍্যাবিসভ্যাকসিন প্রায়ই থাকে না। অ্যাম্বুলেন্স নেই, ডোমজুড়ের নামে একটি ইউনিসেফের গাড়ি দেওয়া হয়েছিল সেটাও নিয়ে চলে গেছে, টেলিফোন নেই যা খুবই প্রয়োজনীয়। এক্স-রে বিল্ডিং জেলা পরিষদ বানিয়ে দেয় কিন্তু ইলেকট্রিফিকেশনের জন্য পড়ে নষ্ট হচ্ছে। বিল্ডিংটিতে ইলেকট্রিফিকেশন হয়নি এবং এক্স-রে অপারেট করার টেকনিশিয়ান না থাকার ফলে ওই মেশিনটি বসানো হয়নি। ডোমজুড় ব্লকে জনসংখ্যা প্রায় ২ লক্ষ ২২ হাজার। ৫ হাজার জনসংখ্যা প্রতি ১টা এই হিসাবে ৫১টি সাব সেন্টার হবার কথা কিন্তু অনুমোদিত সাব সেন্টার মাত্র ৩২টা। ফলে গ্রামের বেশকিছু এলাকায় কোনও স্বাস্থ্যকর্মি নেই, গ্রামীণ মহিলা স্বাস্থ্যকর্মি (হেলথ অ্যাসিসটেন্ট) আছে মাত্র ৩২ জন। ফলে জগৎবল্লভপুর এবং ডোমজুড় এই দুটি কেন্দ্র স্বাস্থ্য পরিষেবার থেকে বঞ্চিত হচ্ছে, সেই কারণে আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি ওই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যেন চিন্তা ভাবনা করেন।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রতনবাবুর ঘাট যেটা দিয়ে বালি এবং হাওড়ার ভূতল পরিবহনের লঞ্চ চলে, ওই লঞ্চে অনেক লোক যাতায়াত করে। সেখানে কাশিপুর এবং বরাহনগরের যে জেটি আছে সেটি না থাকার ফলে ওখানকার লোকেদের নৌকা করে পারাপার করতে হয়। বর্ষাকালে বিশেষ করে মেয়েদের এবং বাচ্চাদের চলাফেরা করার খুব অসুবিধা হয়ে পড়ে, সুতরাং অবিলম্বে ওই জেটি তৈরি করা জরুরি হয়ে পড়েছে।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী শিবপ্রসাদ দোলুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি এলাকা খন্ডকোষ ১৪টি গ্রাম পঞ্চায়েত নিয়ে, সেখানে ১৯৮২ সালে একটি বিদ্যুতের খুঁটি পোঁতা হয়েছিল কিন্তু বিদ্যুৎ সংযোগ হওয়ার আগেই তার চুরি করে কেটে নেওয়া হয়েছিল। তারপর থেকে আজ অবধি আর কোন অগ্রগতি হয়নি। মাননীয় মন্ত্রীর কাছে গোটা জেলার নির্বাচনি এলাকা সমেত একটি স্কীম তৈরি করে বিদ্যুৎ ভবনে জমাও দেওয়া হয়েছিল কিন্তু আজ অবধি কোনও সেটা কার্যকর হয়নি। আমার নির্বাচনি কেন্দ্রটি তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত এলাকা। বামফ্রন্ট সরকারের আমলে তাদের আর্থিক উন্নতি ঘটেছে, সামাজিক মর্যাদা বেড়েছে, সাথে সাথে বিদ্যুৎ এর চাহিদা বেড়েছে এবং দাবিও উঠেছে বিভিন্ন জায়গায় ক্ষোভ হচ্ছে। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন করতে চাই, অবিলম্বে সেখানে বিদ্যুৎ দেবেন, জমি পড়ে আছে, সেই এলাকাতে সামগ্রিকভাবে বিদ্যুৎ এর উন্নতির জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী মাজেদ আলি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার পান্ডুয়া ব্লকের ওখানে এন.এইচ.২ রাস্তা চলে গিয়েছে। '৭৩ সালে ওখানে ৪০ হাজার গ্যালন একটা রিজারভার করে জল সরবরাহ করা হয়, কিন্তু সামগ্রিকভাবে ওখানে জনসংখ্যা হচ্ছে ৩০ হাজার, এর এক তৃতীয়াংশকে জল দেওয়া হচ্ছে। '৯৪ সালের জুন মাসে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এর একজিকিউটিভ ইঞ্জিনিয়ার সেখানে প্ল্যান করে, ৫ কাঠা ১১ ছটাক জায়গাও দেওয়া হয়েছে, কিন্তু দুঃখের বিষয় ওখানে ওয়াটার সাপ্লাই পাইপ বসাচ্ছে না, জলের ব্যবস্থাও হচ্ছে না। আমি আপনার মাধ্যমে পি.এইচ.ই. বিভাগের মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি পান্ডুয়ার মতো জায়গায় যেখানে এন.এইচ.২ গিয়েছে, হাওড়া বর্ধমান মেইন লাইনের একটা মেন স্টেশন সেখানে যাতে পাইপ লাইনে তাড়াতাড়ি জলের এই দুরাবস্থা দূর হয় তার ব্যবস্থা করার জন্য এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিপাল বিধানসভা কেন্দ্রে-১৬টি দশম শ্রেণীর বিদ্যালয় আছে, ২টি উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে, গত কয়েক বছর ধরে আমার বিধানসভা কেন্দ্রে একাদশ এবং দ্বাদশ শ্রেণীতে ছাত্রদের ভর্তির ব্যাপারে প্রচন্ড সমস্যা দেখা দিয়েছে ১৬টি স্কুল থেকে যত ছেলে পাস করে বেরুচ্ছে তাদের একটা ভাল অংশ বিভিন্ন জায়গায় ছোটাছুটি করছে। ওখানে ২টি উচ্চমাধ্যমিক স্কুল তাতে স্থান সংকুলান হচ্ছে না। স্বাভাবিকভাবে শিক্ষালব্ধতার কারণে গত ৩ বছর আগে বাইখন্ড গিরিশ ইন্সটিটিউশনকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করার ব্যাপারে ইন্সপেকশন করে পরামর্শ দেন, ইন্সপেকশন রিপোর্টও খুবই ভাল, ইন্সপেকশন টিম তারা টপ মোস্ট প্রায়রিটি দিয়ে ঐ ইন্সটিটিউশনকে উচ্চ মাধ্যমিক করার সুপারিশ করেছেন। জেলা পরিষদও একই কারণে সুপারিশ করে রাজ্য শিক্ষা পর্ষদে পাঠিয়েছেন। কিন্তু জানিনা কেন এখনও স্কুলটিকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হল না। স্যার, গত পরশুদিন মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে, আবারও সেই সমস্যা দেখা দেবে, বিশৃঙ্খলা দেখা দেবে। তাই আমি আপনার মাধ্যমে মাধ্যমিক দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এই অ্যাকাডেমিক ইয়ারে বাইখন্ড গিরিশ ইন্সটিটিউশনকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী শকুন্তলা পাইক** : (নট প্রেজেন্ট)

**শ্রী ঈদ মহম্মদ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার ভরতপুরে সেখানে ৭ দিন ধরে বিদ্যুৎ নেই। সেখানকার মানুষ খুবই কষ্টের মধ্যে আছে। আমি বেশ কয়েকদিন আমার এলাকায় ছিলাম, সারাদিনই ভরতপুরে কাটিয়েছি, কিন্তু বিদ্যুৎ সেখানে নেই, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যাতে ভরতপুর বিদ্যুৎ সরবরাহ হয়।

ওখানে বিদ্যুৎ সাপ্লাইয়ের ব্যবস্থা করলেই হবেনা, ওখানকার মানুষের দাবি ঐখানে একটি ৩৩ কে.ভি. সাবস্টেশন করার। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেখানে পাওয়ার সাপ্লাই তৈরি করা যায় এবং বিদ্যুৎ মানুষ ঠিকমতো পায় তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এবং ভর্তির ব্যাপারে বেশ কয়েকজন সদস্য বলেছেন। ছাত্র ভর্তি সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে, যদিও এবার পাসের হার গতবারের থেকে কম। ৬৫ শতাংশ পাস করেছে। কিন্তু তা সত্ত্বেও রাজ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলো আছে সেখানে স্থান সঙ্কুলান হবে না। বিশেষ করে মফঃস্বল এলাকায় কোনও জায়গায় প্রতি ব্লকে একটিও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নেই, আবার কোথাও দু-তিনটি আছে। অ-পরিকল্পিতভাবে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়গুলো হয়েছিল। আমার ওখানে যে দুটি উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে তাতে আসন সংখ্যা পূরণ হয়ে যাবে। কিন্তু মেয়েদের হাইস্কুলে অত আসন নেই, নেওয়া যাবেনা। সেখানকার অভিভাবকরা প্রচন্ড সমস্যার মধ্যে পড়ে গিয়েছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সংবাদপত্রে দেখলাম বে-সরকারি উদ্যোগে বিদ্যালয় খোলার ব্যাপারে। স্থানীয় মানুষরা যদি উদ্যোগ নিয়ে বিদ্যালয় খোলেন তাহলে ভালো হয়, অগনিত অভিভাবক তারা একটা স্বস্তির নিঃশ্বাস ফেলবে। এই ব্যাপারে যাতে শিক্ষামন্ত্রী একটা স্টেটমেন্ট করেন তার জন্য দাবি জানাচ্ছি।

## ZERO HOUR

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার কৃষ্ণনগরে একটা চক্র গজিয়ে উঠেছে। তারা বিভিন্ন শহরের জমিগুলো জাল পাওয়ার অফ অ্যাটর্নি করে দখল করছে। তারা আমাদের রাজ্যে রেজিস্ট্রি না করে দিল্লিতে গিয়ে রেজিস্ট্রি করছে এবং মানুষকে হয়রানি করছে। আমার ওখানে একজন সরকারি কর্মচারী শ্রী বীরেন্দ্রনাথ সরকার, তিনি অনেক কষ্ট করে জমি কিনেছেন একটি বাড়ি সমেত। কিন্তু সেই চক্রটা আমাদের রাজ্য থেকে রেজিস্ট্রি না করে দিল্লি থেকে রেজিস্ট্রি করে সেই জাল পাওয়ার অফ অ্যাটর্নি করে সেই জমির দখল নেওয়ার চেষ্টা করছে। ঐ ভদ্রলোক অসহায়ভাবে এস.পি, থানার ও.সি এবং সি.আই.ডি-কে জানিয়েছে। ঐ চক্রটা একটি বিশেষ রাজনৈতিক দলের লোক এবং তিনি ঐ জেলার যুব কংগ্রেস সভাপতির আত্মীয়। তারা অস্ত্র দেখিয়ে সেখান থেকে উচ্ছেদ করার চেষ্টা করছে। আমি এই ব্যাপারে পূর্ণ তদন্তের দাবি জানাচ্ছি এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী, পরিবহনমন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সাগরদিঘি নির্বাচন কেন্দ্র। সেখানে সাগরদিঘি থেকে জঙ্গীপুর এবং সাগরদিঘি থেকে বহরমপুর সাব ডিভিশনের এই সংযোগকারি রাস্তাটি কিছুদিন আগে, বর্ষার দিন ১৫ আগে সেখানে রাস্তার দু-পাশে মাটি ফেলা হয়েছিল। এখন বৃষ্টিতে সেই মাটি রাস্তার এমন অবস্থা সৃষ্টি করেছে যে সেখান দিয়ে কোনও পরিবহন যেতে পারছে না। সাধারণ মানুষ চিকিৎসার জন্যই হোক বা শিক্ষার জন্যই হোক শহরের সঙ্গে তারা যোগাযোগ করতে পারছেন না। সেখানে পরিবহন ব্যবস্থা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আমি দাবি জানাচ্ছি।

[12-50 — 2-00 P.M. (Including adjournment)]

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৭ তারিখে একটা ঘটনা আমরা খবরের কাগজে দেখলাম এবং পরবর্তীকালে কংগ্রেস আই দলের পক্ষ থেকে তালিকায় দিয়েছে যে হরিহরপাড়া থানার আজমঠ শেখ তাকে খুন করেছে। সে নাকি কংগ্রেসের কর্মী। এখন চোর ডাকাত, ছিনতাই, রাহাজানি এই সমস্ত কাজ যারা করে তারাই কংগ্রেসের লোক বলে চিহ্নিত। আর সেদিন হয়েছে তাদের পারিবারিক ব্যাপার। তাদের ভায়ে ভায়ে খুন। তিন বছর আগে তার কাকাতো ভাইকে খুন করেছিল তারই দায় বদলা হিসাবে বদলা নিয়েছে। গত ২৯ তারিখে আমাদের সি.পি.এম পার্টির প্রাক্তন পঞ্চায়েত সদস্য এবং পার্টি কর্মি ঐ থানারই রায়পুর অঞ্চলের গোবিন্দপুর গ্রামের তাকে দিনের বেলা সকাল ১০ টার সময়ে কিডন্যাপ করে নিয়ে যায়, বিশাল বাহিনি নিয়ে, ম্যাসকট নিয়ে মাঠের মধ্যে। তারপর তার মাকে সংবাদ দেয় এবং ১০ হাজার টাকা পন দাবি করে। তার মা ঘরবাড়ি, অস্থাবর যা কিছু ছিল তাই বন্ধক দিয়ে বিভিন্ন লোকের কাছ থেকে টাকা নিয়ে যায়। এই অবস্থা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সমস্ত সমাজবিরোধী দমনের জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভায় আসার পর সম্মার্গের চিফ রিপোটার রাজেন্দ্র প্রসাদ উপাধ্যায় একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা এই সভায় উল্লেখ করতে বলেছেন। উনি ২৪.৬.৯৬ তারিখে অমৃতসর এক্সপ্রেস, কোচ নম্বর এস থ্রি, বার্থ নম্বর ১২ তাতে যখন জার্নি করছিলেন তখন অনেক টাকার ফিক্সড ডিপোজিটের সার্টিফিকেট, দুটো ব্যাঙ্কের পাস বই এবং ১৪ হাজার ক্যাশ মানি, ৯ জোড়া গার্মেন্টস এই সমস্ত পুলিশ গার্ডের চোখের সামনে ছিনতাই করে নিয়ে গেল। অথচ হাওড়া ষ্টেশনে যখন উনি জি.আর.পি.তে ডায়েরি করতে গেলেন তখন ডায়েরি না নিয়ে তাকে শেওড়াফুলিতে যেতে বলা হল। আমি পুলিশমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে এর প্রতিকার করা হোক।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ভরতপুর বিধানসভা কেন্দ্রের আমাদের দলের উপপ্রধান মোসলেম আহম্মদকে ৯৩ সালের ৫ই সেপ্টেম্বর, বাংলা ৯ই ভাদ্র ১৪০০ সাল পুলিশ ধরে পিটিয়ে মারে। এর বিরুদ্ধে খুব বিক্ষোভ হলে তখন এস.পি. সেই পুলিশ অফিসার — প্রদীপ দাম তার নাম, সালার থানার প্রাক্তন ও.সি এবং সেখানকার একজন সাব ইন্সপেক্টর উদয়চন্দ্র দে, এই দুজনকে সেই মাসের জন্য সাসপেন্ড করেন। তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ না করার ফলে তাদের বিরুদ্ধে কেস করা হল। কোর্টে তাদের বিরুদ্ধে সাক্ষ্য দেখে এবং পোস্টমরটেম রিপোর্ট দেখে মাননীয় জাজ তাদের অ্যারেস্ট করার ওয়ারেন্ট ইস্যু করেন এবং বলে দেওয়া হয় যে ২৭.১২.৯৫ এর মধ্যে তাদের অ্যারেস্ট করতে হবে। আজ জুন মাস শেষ হতে চলেছে। আট নয় মাস হয়ে গেল এখনও পর্যন্ত সেই অফিসারদের গ্রেপ্তার করা হল না। মাননীয় পুলিশমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে এদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নরঘাট বিধানসভা এবং তমলুক মহকুমার মধ্যে যে

মেচেদা এবং ট্যাংরাখালি, মেচেদা পুর্সাঘাট বাসরুট আছে, সেটার প্রায় ৯ কিলোমিটার রাস্তা বন্ধ আছে। রাস্তাটি খুবই খারাপ এবং কিছুটা সারানো হলেও প্রায় ৮ কিলোমিটার রাস্তা বাস চলাচলের অযোগ্য। তাই পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ যে, গুরুত্ব দিয়ে আপাতত বাসরুটগুলি যাতে বাস চালানোর মতো সারিয়ে দেন এবং পুজোর পর যদি পিচ দিয়ে সারানোর ব্যবস্থা হয় তাহলে ভালো হয়।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের কাছে একটি প্রস্তাব তুলে ধরবার জন্য এই সভার কাছে অনুরোধ করছি। আজকে নতুন কেন্দ্রীয় সরকার হয়েছে এবং নতুন মন্ত্রীও হয়েছেন এবং আমরা লক্ষ করলাম যে, আমাদের রাজ্যের যে রেল প্রকল্পগুলি এবং রেলের যে ব্যবস্থা তাকে উন্নত করবার জন্য সরকার সহানুভূতিশীল এবং ইতিবাচক দিক লক্ষ্য করেছি। কিন্তু যাত্রি পরিষেবার ক্ষেত্রে এখানে যে রেল স্টেশনগুলি আছে, সেখানে চরম দুরবস্থা। যেমন উত্তরপাড়া রেল স্টেশনের কথা বলছি। সেখানে প্রায় প্রতিদিন ২০ হাজারের মতো যাত্রি আসেন। তারমধ্যে প্রচুর মান্থলি টিকিট হোল্ডার। অথচ এই স্টেশনে কোনও পানীয় জলের ব্যবস্থা নেই, আলোর পর্যাপ্ত ব্যবস্থা নেই। মাথার উপর আচ্ছাদন অত্যন্ত সীমিত রয়েছে। সেটাকেও বাড়ানো দরকার। তাই আমি আপনার মারফত এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে পূর্ত দপ্তরের মন্ত্রী আছেন, আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, বকখালি একটা প্রসিদ্ধ টুরিস্ট সেন্টার হিসাবে গড়ে উঠেছে। মৎস দপ্তর শঙ্করপুরের কাছে একটা বড় মৎস বন্দর করেছে। আবার ফ্রেজারগঞ্জে একটা ফিশিং হারবার করা হয়েছে। সেখানে প্রায় প্রত্যেকদিন ৪ থেকে ৫ হাজার ট্রলার ফিশ লোড করে এবং আনলোড করে। মাননীয় মুখ্যমন্ত্রী ঐটার উদ্বোধন করেছেন। আমি আর একটা ব্যাপারে বলছি যে, হাতানিয়া, দোয়ানিয়া যে নদী আছে, নামখানা ক্রশ করার জন্য সেখানে মাননীয় অর্থমন্ত্রী বার্জের উদ্বোধন করেছিলেন। কিন্তু বার্জ না ফিট করার জন্য সেখান দিয়ে যাতায়াত করা যাচ্ছে না। সঙ্গে সঙ্গে ২৭ কিলোমিটার যে রাস্তা নামখানা থেকে বকখালি পর্যন্ত, সেটার স্ট্রেনদেনিং এবং ওয়াইদেনিং করে দেবেন বলে পাবলিক মিটিং এ অর্থমন্ত্রী কমিট করেছিলেন। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, এটার ওয়াইদেনিং এবং স্ট্রেনদেনিং যেন দ্রুত হয়।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি আমরা আবার মিলিত হব বেলা ২টার সময়।

(At this stage the House was adjourned till 2.00 P.M.)

[2-00 — 2-10 P.M.] (After recess)

## LEGISLATION

### The West Bengal Finance Bill, 1996.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 1996. be taken into consideration.

[2-10 — 2-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ঘাটতি কমাবার জন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেটে অতিরিক্ত ৮০ কোটি টাকার কর চাপানোর প্রস্তাব এনেছেন। নতুন কর এবং সেই প্রস্তাব এই হাউস থেকে অনুমোদন করিয়ে নেওয়ার জন্য তিনি আজকে যে ফিনান্স বিল, ১৯৯৬, এখানে প্লেস করেছেন আমি তার উত্থাপিত এই ফিনান্স বিলের বিরোধিতা করছি। কারণ এই ফিনান্স বিলে যে অতিরিক্ত ৮০ কোটি টাকার কর চাপানোর প্রস্তাব আছে তার সিংহ-ভাগ বহন করতে হবে এই রাজ্যের সাধারণ মানুষকে। এখানে তিনি একমাত্র কয়লার উপর থেকে ৪০ কোটি টাকার সেস আদায় করার প্রস্তাব এনেছেন। এরফলে এই রাজ্যের মধ্যবিত্ত সাধারণ মানুষ, কয়লা যাদের কার্যত একমাত্র জ্বালানি, তাদের উপর বাড়তি আর্থিক বোঝা চাপবে। এছাড়া ব্যাপক অংশের শিল্প-কারখানায় যেখানে কয়লা জ্বালানি হিসাবে ব্যবহৃত হয়, সেস বৃদ্ধির ফলে স্বভাবতঃই সেই সমস্ত শিল্পজাত দ্রব্যের উৎপাদন ব্যয় বাড়বে, এরফলে অন্যান্য জিনিসেরও দাম বাড়বে। এই আঘাত সাধারণ মানুষের উপরেই নেমে আসবে। সিগারেট, পান মসলা, তামাক প্রভৃতি জিনিসের উপর কর বসিয়েছেন, তার প্রভাব সাধারণ মানুষের উপর পড়বে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন নয়া অর্থনীতি, গ্যাট চুক্তি, কর বৃদ্ধি, দর বৃদ্ধির চাপে সাধারণ মানুষের নাভিশ্বাস উঠছে, সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত হয়ে উঠছে, তখন জনমুখি দৃষ্টিভঙ্গি নিয়ে এই কর প্রস্তাব উত্থাপন করা উচিত ছিল, যাতে এই সমস্ত সাধারণ মানুষকে কর বৃদ্ধি, দর বৃদ্ধির হাত থেকে রেহাই দেওয়া যায়। সরকারি রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে সমাজে যারা অপেক্ষাকৃত বিত্তবান, গ্রামীণ পুঁজিপতি, অতিরিক্ত কর বহন করবার ক্ষমতা যাদের আছে, সেখানে এই প্রক্রিয়া, এই আয়ের যে বৈষম্য, তাকে খানিকটা কমিয়ে আনা, এই দৃষ্টিভঙ্গী থেকে কর প্রস্তাব করা উচিত ছিল। কিন্তু আমরা অত্যন্ত আশ্চর্যের সাথে লক্ষ করছি যে, বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী তার কর প্রস্তাবের মধ্যে দিয়ে ঠিক তার বিপরীত দৃষ্টিভঙ্গী প্রতিফলিত করেছেন। এবং তিনি যে বিল এনেছেন, তাতে শিল্পপতি, অপেক্ষাকৃত বিত্তবান গ্রামীণ ধনিক শ্রেণী, তাদের কর ছাড়ের ব্যবস্থা করা হয়েছে। অতিরিক্ত কর যা চাপালেন, তার লায়নস শেয়ারটা এই রাজ্যের সাধারণ মানুষ, যারা করভারে ন্যুব্জ, তাদেরই বহন করতে হবে। তাই আমি এই বিলের বিরোধিতা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনি কিছু ছাড়-টার-এর কথা বললেন ছাত্রদের দিকে তাকিয়ে। আমি জানি না তিনি কোন রাজ্যে বাস করেন। অপেক্ষাকৃত কম সচ্ছল পরিবারগুলোর ছাত্রদের দিকে তাকিয়ে, তাদের সুবিধার জন্য নাকি বায়নোকুলার, টেলিস্কোপ, এসবের উপর বিক্রয় কর কমিয়েছেন। তা, আমাদের দেশে কত পার্সেন্ট ছাত্র টেলিস্কোপ, বায়নোকুলার ব্যবহার করেন আমি জানি না।

স্যার, আজকে ছেলেদের বই জোটেনা, হোমে গিয়ে, লাইব্রেরিতে গিয়ে পড়াশোনা করতে হয়। বাইনোকুলার, টেলিস্কোপ কটা লোক ব্যবহার করে জানিনা। আপনি পেজারের উপর

বিক্রয়কর কমিয়েছেন কার স্বার্থে? দ্বিতীয় কথা হচ্ছে, এই অতিরিক্ত কর বসানোর প্রয়োজন ছিল কিনা? আসলে রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে, কর সংগ্রহের ক্ষেত্রে সরকারি প্রশাসনের যে দক্ষতা, যে ততপরতা সেটা দুর্নীতিমুক্ত প্রশাসন করে দেখা উচিত ছিল। দেখা যাচ্ছে গত ১৯৯৫-৯৬ সালে ১০০ কোটি টাকা বিক্রয়কর ইভেড হয়েছে। এইভাবে বিভিন্ন ক্ষেত্রে হয়েছে। ফলে কর সংগ্রহের পরিমাণ যাতে বাড়ে, ধার্য-কর যেটা শিল্প-পতি, ব্যবসায়ি ফাঁকি দিচ্ছে, যাতে তার দৃঢ়ভাবে মোকাবিলা করা যায়, শক্তহাতে মোকাবিলা করা যায় এবং কর সংগ্রহের ক্ষেত্রে যে দুর্নীতি প্রশাসনের মধ্যে আছে সেগুলো যাতে বন্ধ করা যায় সেটা দেখা দরকার এবং তাহলে এই করের বাড়তি কর আর বসাবার দরকার হত না। স্যার, গতবার আমরা হাউসে উল্লেখ করেছি এবং রাজস্ব বা রেভিনিউ লসের ব্যাপারে। যে চেকপোস্ট বিভিন্ন জায়গায় রয়েছে সেগুলোতে দিনের পর দিন চুরি হচ্ছে, দুর্নীতি হচ্ছে। সেখানে যারা পোস্টিং রয়েছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দরকার। এছাড়াও কিছু আন-গার্ডেড চেকপোস্ট রয়েছে। এরফলে কয়েক কোটি টাকার কর সংগ্রহ হতে পারছে না, এবিষয়ে আমি গত বছরও বলেছিলাম। এটা সংগ্রহ করা গেলে অতিরিক্ত কর আর বসাতে হত না। এইভাবে আজকে যখন মানুষ দর-মূল্য বৃদ্ধি, গ্যাট-চুক্তির ফলে বিপর্যস্ত তখন আরও বাড়তি করের বোঝা জনগণের উপর চাপানো হচ্ছে, যদিও এটার প্রয়োজন হত না, এটা খানিকটা ক্রিয়েটিভ। আর যদি নিতান্তই কর বসানোর প্রয়োজন হয় তাহলে যারা প্রকৃতপক্ষে বিত্তবান তাদের উপর চাপ দেবার চেষ্টা করুন। কিন্তু আজকে যাদের ইনকামটা স্যাচুরেটেড পয়েন্টে চলে গেছে তাদের উপর বাড়তি কর চাপানোটা তাদের উপর একটা চরম আঘাত। তাই স্যার, আপনাকে ধন্যবাদ জানিয়ে এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে মাননীয় অর্থমন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল ফিন্যান্স বিল, ১৯৯৬' এনেছেন আমি তার সমর্থনে কয়েকটা কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এই হাউসে একদিকে বিভিন্ন অভিযোগের কথা জানাব কখনও রাস্তা-ঘাটের সমস্যার কথা, কখনও স্বাস্থ্যের সমস্যার কথা বা পানীয় জলের সমস্যার কথা, বিদ্যুতের সমস্যার কথা এবং এরজন্য কি কি উদ্যোগ নিতে হবে বা কাজ করা অত্যন্ত জরুরি এইসব দাবি জানাব আবার অন্যদিকে রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে বিরোধিতা করব, এই দুটো জিনিস একসঙ্গে চলতে পারেনা। এই সরকার জনগণের কাছে দায়বদ্ধ, জনগণের আশা-আকাঙ্খা পূরণের ক্ষেত্রে আমাদের সরকার তার সমস্ত সাধ্যমতো চেষ্টা করে যাচ্ছে এবং যেখানে এই রাজস্ব সংগ্রহের সামান্যতম সুযোগ আছে সেখানেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী চেষ্টা করে যাচ্ছেন, সেখানে সম্পদ সংগ্রহ করে রাজ্যের অর্থ ভান্ডারকে আরও পুষ্ট করতে। যা দিয়ে আমরা আশু সমস্যাগুলিকে মোকাবিলা করতে পারবো। সম্প্রতি এই বিলের মাধ্যমে তিনি বিভিন্ন কর কাঠামোর যে পুনর্বিন্যাস করতে চেয়েছেন, বেশ কিছু ক্ষেত্রে কর ছাড় দিয়েছেন, কোথাও করের মাত্রা বৃদ্ধি করা হয়েছে যেগুলি না করে উপায় ছিল না। অনেক ক্ষেত্রেই দেখা গেছে যে বিভিন্ন রাজ্যে যে কর কাঠামো চালু আছে তারসঙ্গে সঙ্গতি রাখতে গিয়ে এই সমস্ত করের হার কোথাও বাড়ানো হয়েছে, কোথাও কমানো হয়েছে। যেখানে অসঙ্গতি মনে হয়েছে সেখানে সেই মতো ব্যবস্থা নেওয়া হয়েছে। মোটের উপর একটা

জিনিস মাথায় রাখা দরকার চিন্তার মধ্যে রাখা দরকার যে এই কর আরোপের ক্ষেত্রে আপনার করের পরিমাণ বাড়ানোর ক্ষেত্রে তার বোঝা যেন সাধারণ মধ্যবিত্তের উপর না পড়ে। মাননীয় অর্থমন্ত্রী সেদিকে সজাগ দৃষ্টি রেখেছেন। কোথাও সাধারণ মানুষের ঘাড়ের উপর এই বোঝা চাপিয়ে দেওয়ার চেষ্টা করেননি। কয়েকটি ক্ষেত্রে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, স্ট্যাম্প ডিউটির ব্যাপারে। জমি রেজিস্ট্রি করার জন্য যে স্টাম্প ডিউটি দিতে হত শতকরা ১০ ভাগ সেটা কমিয়ে শতকরা ৫ ভাগ করেছেন, এটা সকলেই সাধুবাদ জানিয়েছে। বিভিন্ন প্রয়োজনে যাদের জমি হস্তান্তর করতে হয় বা জমি নিতে হয় তাদের ক্ষেত্রে একটা সমস্যা দেখা দিয়েছে। জমির দাম নির্ধারণের ক্ষেত্রে যে ভাবে জমির দাম ঠিক কবা হচ্ছে শহরাঞ্চলে যে সমস্ত জমি হস্তান্তর হচ্ছে সেখানে প্রতি ডেসিমেল জমির দাম হয় ২০ হাজার টাকা সেখানে বাজার দর কম করে দেখানো হচ্ছে, সেখানে দেখানো হচ্ছে ১৫ হাজার টাকা। কিন্তু গ্রামাঞ্চলে ঠিক তার উল্টো হচ্ছে, সেখানে এক ডেসিমেল জমির দাম যেখানে ২ হাজার টাকা সেখানে রেজিস্ট্রার তার দাম ধার্য করছেন ৪ কিংবা ৫ হাজার টাকা অর্থাৎ মোর দ্যান ডাবল। সেখানে স্ট্যাম্প ডিউটি এমন লাগছে যে তা জমির দামের সমান সমান হয়ে যাচ্ছে। অনেক জায়গায় জমি কেনা বন্ধ হয়ে গেছে। এইভাবে স্ট্যাম্প ডিউটির হারটা কমিয়ে দেওয়া হয়েছে কিন্তু জমির মূল্য নির্দ্ধারণের ক্ষেত্রে যে বৈষম্য হচ্ছে সেটা কি করে দূর করা যায় সেটা ভেবে দেখতে আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করবো। এটাকে শুধু এককভাবে ল্যান্ড রেজিস্ট্রারের হাতে না রেখে, একটা কমিটি করে তাদের উপর জমির মূল্য নির্দ্ধারণের ভার দেওয়া হয় তাহলে আমার মনে হয় যুক্তি সঙ্গত মূল্যায়ন পাওয়া যাবে। প্রফেশনাল ট্যাক্সের ক্ষেত্রে পুনর্বিন্যাস করা হয়েছে। কর ছাড়ের সীমা বাড়ানো হয়েছে। ইল পেড বা পুওর পেড এমপ্লয়িরা এর থেকে রেহাই পেয়েছেন। কিন্তু একটা জিনিস আছে এই মেশিনারিগুলির ক্ষেত্রে সেটা অত্যন্ত দুর্বল। বিভিন্ন জেলা শহরে যে প্রফেশনাল ট্যাক্স অফিস আছে তাদের অফিস অত্যন্ত ছোট এবং কর্মচারী কম তাই সব কাজ করে উঠতে পারেন না। আমি একজন স্কুল টিচার, প্রফেশনাল ট্যাক্স এবং রিটার্নের টাকা মাসে মাসে জমা দিতে হয় কিন্তু তারা ভেরিফাই করেন না, মনে হয় সময় পান না, তারা একসঙ্গে ১০ বছরের জমা দেওয়া ট্যাক্স হিসাব করেন। আমাদের স্কুলের একজন টিচার তিনি ৬০ টাকা কম দিয়েছিলেন, সেটা সুদ সহ ৫১০ টাকা হিসাব করে পাঠিয়ে দিয়েছিলেন। কিন্তু ট্যাক্স না দেওয়া অভিপ্রায় আমাদের কারোরই নেই। আমার কথা হচ্ছে যে ট্যাক্স দেওয়া হল তার পরই যেন তাকে জানিয়ে দেওয়া হয় যে কম দেওয়া হয়েছে বা বেশি দেওয়া হয়েছে, তাহলে এই সুদের বোঝা আর চাপবে না। তাই প্রতি বছর যে ট্যাক্স জমা পড়লো তার হিসাব যেন সেরে ফেলা হয়, পড়ে না থাকে। আমি আশা করব তিনি এটা ঠিক করে দেখবেন। আর একটা বিষয় আমার নজরে এসেছে মাননীয় অর্থমন্ত্রী এবারে বেশকিছু নিত্য প্রয়োজনীয় জিনিস-পত্রের ক্ষেত্রে হয় কর ছাড় দিয়েছেন, না হয় কমিয়ে দিয়েছেন। এই প্রসঙ্গে আমি একটা প্রস্তাব তার কাছে রাখছি। বর্তমানে আমাদের রাজ্যে বিস্কুটের ওপর ১৩% কর আদায় কবা হচ্ছে। অথচ এটা এমন কিছু মহামূল্যবান সামগ্রি নয়। প্রতিদিনই আমাদের রাজ্যের সাধারণ মানুষরা চা-এর সঙ্গে অন্তত দু'খানি বিস্কুট খান। আমার মনে হয় বিস্কুটের ওপর যে ১৩% কর আরোপ করা আছে, সেটা অনেক বেশি। আমি খোঁজ নিয়ে জেনেছি, আমাদের রাজ্যে প্রায় ১২০টা ছোট বড় বিস্কুটের কারখানা আছে এবং তারমধ্যে ৩০/৪০ টা বিস্কুট

কারখানা রুগ্ন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় হাতে তৈরি বিস্কুটের ক্ষেত্রে কর ছাড় দেয়ার প্রস্তাব করেছেন। কিন্তু এ সমস্ত ক্ষেত্রে কর হার যা আছে তা আমার মনে হয় একটু বেশি যদি এই হারটা একটু কমানো যায় তাহলে বিস্কুট কারখানাগুলি, বিশেষ করে যেগুলি রুগ্ন হয়ে আছে এবং বন্ধ হওয়ার উপক্রম হয়েছে সেগুলি রক্ষা পায়। এই বিষয়গুলি আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করতে অনুরোধ করছি। আর অন্যান্য ক্ষেত্রে তিনি যে ব্যবস্থা নিচ্ছেন, বিশেষ করে রাজস্ব সংগ্রহের জন্য কোল এরিয়ায় শিক্ষা সেস বা রুরাল এমপ্লয়মেন্ট সেস, যেগুলি বাড়িয়েছেন সেগুলি তিনি যথা-যোগ্যভাবে হিসাব-নিকাশ করেই করেছেন। আমাদের যাতে রাজস্ব বাড়ে তারজন্য তার এই উদ্যোগকে আমি স্বাগত জানিয়ে, মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 P.M.]

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সাধারণভাবে বাজেটে যে প্রস্তাবগুলো রেখেছিলাম সে প্রস্তাবগুলোকে করের ক্ষেত্রে নির্দিষ্টকরণ করার জন্য এই ফিনান্স বিল উত্থাপন করি। একটা সাধারণ নীতির ভিত্তিতে করের পরিমাণের ক্ষেত্রে, কর কাঠামোর পরিবর্তনের ক্ষেত্রে, কর হারগুলো পরিবর্তনের ক্ষেত্রে আমি প্রস্তাব রেখেছি। এর মূল নীতিই হল আমাদের রাজ্যে উৎপাদন, বিশেষ করে শিল্প উৎপাদন এবং বানিজ্যের প্রসারে উৎসাহ দান। শিল্প উৎপাদন এবং বানিজ্যে উৎসাহ দিয়ে আমরা উৎপাদন বৃদ্ধি করে কর্ম সংস্থান বৃদ্ধি করতে চাই। অর্থাৎ শিল্পে উৎসাহ দান এবং কর্মসংস্থান বৃদ্ধি, এটাই মূল লক্ষ এই সমস্ত প্রস্তাবগুলোর পেছনে। তাই আমরা চার ধরনের পদক্ষেপ নিয়েছি। প্রথম হল কর কাঠামোর সরলীকরণ। যাতে শিল্প বানিজ্য, বিশেষ করে ছোট শিল্প উদ্যোগি, ছোট ব্যবসায়িরা উৎসাহ বোধ করেন, তাদের কম হয়রানি হয়। দুই, একই সঙ্গে আবার যে বক্তব্যের মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু উত্থাপন করলেন কর ফাঁকি বন্ধ করার বিশেষ উদ্যোগ গ্রহণ। তিন, কর হার একটু ঝুঁকি নিয়েই আমরা ব্যাপকভাবে কমিয়েছি যাতে শিল্প বানিজ্য অন্য রাজ্যে চলে না যায়, আমাদের রাজ্যে যাতে শিল্প বানিজ্যের প্রসার হয়, বিকাশ হয়। আমরা আশা করছি কর হার কমালেও শিল্প-বানিজ্যের বিকাশের মধ্যে দিয়ে উৎপাদন বৃদ্ধির ফলে মোট কর সংগ্রহের পরিমাণ বৃদ্ধি পাবে। তা ছাড়া নির্দিষ্ট কতগুলো ক্ষেত্রে কর বৃদ্ধির প্রস্তাব এনেছি সেটা আমি শেষে বলব। কর কাঠামোর ক্ষেত্রে প্রথমত আমরা কতগুলো পরীক্ষা নিরীক্ষার উদ্যোগ নিয়েছি—ভ্যাল্যু অ্যাডেজ ট্যাক্সের ক্ষেত্রে ফার্স্ট পয়েন্ট একটা হারে কর রেখে পরের পর্যায় থেকে কমাবার প্রস্তাব করেছি। এটা বিশেষ করে রঙ এবং বার্নিশের ক্ষেত্রে। লোহা, ইস্পাত এবং অ্যালুমিনিয়ামের আসবাবপত্রের ক্ষেত্রেও এই প্রস্তাব করেছি। রঙ এবং বার্নিশের ক্ষেত্রে প্রথমে ১২ শতাংশ এবং পরে ৩ শতাংশ হারে করের প্রস্তাব করেছি। আর আসবাব-পত্রের ক্ষেত্রে প্রথমে ১৫ শতাংশ এবং পরের পর্যায়গুলোয় ৪ শতাংশ করের প্রস্তাব করেছি। এগুলি আমার এই বিলে ক্লজ ৯ এর সাব-ক্লজ ৪, ১২, ২৩ এবং ২৭তে আছে। এরপরে কোনও ক্ষেত্রে সরলিকরণের উদ্যোগ নিয়েছি। মাল্টিপয়েন্ট ট্যাক্সকে সিঙ্গল পয়েন্ট ট্যাক্সে এনেছি বিশেষ করে বৈদ্যুতিক পাখা ইত্যাদির ক্ষেত্রে। আমাদের ক্লজ ৯ এর সাব-ক্লজ ২১, ২২ তে এগুলি আছে। ছোট ব্যবসায়ী এবং ছোট শিল্পদ্যোগিদের সুবিধা দেবার জন্য নথিভুক্তকরণের যে সীমা ছিল সেটার ছাড় তুলে নেওয়া হয়েছে। এর বিস্তৃত বর্ণনা বাজেটে আছে। উৎপাদন

কর যেটা ৫০ হাজার সেটা ১ লক্ষ টাকা করা হয়েছে। আর বাইরের থেকে, অন্য রাজ্য থেকে যে সমস্ত ব্যবসায়ী আমদানি করেন তাদের নথিভুক্তকরণ বছরে ২০ হাজার থেকে ৩০ হাজার টাকা রাখা হয়েছে টার্নওভার। পুনঃ বিক্রয়কারিদের ক্ষেত্রে, রিঃসেলার্সদের ক্ষেত্রে ২ লক্ষ টাকা থেকে ৫ লক্ষ টাকা করা হয়েছে। এই প্রস্তাবগুলি আছে ক্লজ-৯ এর সাব-ক্লজ ২ এবং ৭। রিটার্ন দাখিল করার ক্ষেত্রে কতকগুলি সরলিকরণ বিশেষ করে ১ পাতায় রিটার্ন ফর্ম বা ডিক্লারেশন ফর্ম যাতে তাড়াতাড়ি পেতে পারেন তারজন্য রুলে অ্যামেন্ডমেন্ট করা হবে, বিলে রাখিনি। ছোট ব্যবসায়িদের কর মুক্ত করে দেবার ক্ষেত্রে আগে যেটা কলকাতার জন্য ৩ হাজার টাকা ছিল সেটা ৫ হাজার টাকা করা হচ্ছে আর কলকাতার বাইরে যেটা ৫ হাজার টাকা ছিল সেটা ৭ হাজার টাকা বছরে করা হয়েছে। এটার রুল অ্যামেন্ড করা হয়েছে। আর কর আদায় করার পর শতকরা ৯০ ভাগ কর ফেরত দিয়ে দিচ্ছি। এটা একটা অভিনব প্রকল্প নিয়েছি। ৯০ পারসেন্ট সেলস ট্যাক্স রিফান্ড চালু থাকছে। ছোট শিল্পের ক্ষেত্রে, যেমন ড্রাইসেল ব্যাটারি ইত্যাদির ক্ষেত্রে আরও সম্প্রসারিত করা হল। এর পর কর ছাড়ের ক্ষেত্রে আমরা কতকগুলি সিদ্ধান্তের ভিত্তিতে করেছি। সাধারণ ক্রেতাকে সুবিধা দেবার জন্য জনস্বাস্থ্য বিষয়ক ক্ষেত্রে কর শূন্য করে দেওয়া হয়েছে। বিশেষ করে রোগিরা যেগুলি ব্যবহার করে এইসব কতকগুলির ক্ষেত্রে প্রস্তাবগুলি ক্লজ ৯ এর সাব-ক্লজ ১৯ এর বিভিন্ন ধারায়, উপধারায় আছে। শস্তার চটি, পি.ভি.সি স্যান্ডেল ইত্যাদির ক্ষেত্রে করের হার কমানো হয়েছে। এই প্রস্তাব ক্লজ ৯ এর সাব-ক্লজ ২৪ এবং ২৬ আছে। ছাত্রদের ব্যবহারের জন্য ক্যালকুলেটার-এর উপর করের হার ১২ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। বীক্ষনাগারে যে যন্ত্রপাতি ছাত্ররা ব্যবহার করে উচ্চমাধ্যমিক স্তরের পর থেকেই ব্যবহার করতে শুরু করে তার প্রস্তাব ক্লজ ৯ এর সাব-ক্লজ ২৪তে আছে। এই সুযোগে বলে রাখি মুদ্রন শিল্পেও ছাড় দিয়েছি। কলেজের বই, খাতা এই সমস্ত ছাত্ররাই ব্যবহার করেন। এইসব ছাত্ররা এর থেকে সুবিধা পাবেন। খেলাধূলার ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে, ১২ থেকে ৫ শতাংশ। এটা ক্লজ ৯ এর সাব-ক্লজ ২৬ আছে। আর.ডি.বি পাম অয়েল, ভোজ্যতেলের ক্ষেত্রেও করের হার কমিয়ে দেওয়া হয়েছে ২০ থেকে ৭ শতাংশ। এরজন্য নোটিফিকেশন হবে। সাধারণ খেলাধূলার ক্ষেত্রে ১২ থেকে কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। এই প্রস্তাবগুলির উল্লেখ ৯ এর সাব-ক্লজ ২৬ আছে। সাধারণভাবে ছোট ব্যবসায়িদের রিলিফ দেবার জন্য রি-সেলিং পুনঃ বিক্রয়কারিদের সারচার্জ ১০ শতাংশ থেকে কমিয়ে শূন্য করে দেওয়া হল। শিল্পদ্যোগিদের উৎসাহিত করার জন্য কাঁচামালের উপর যে সারচার্জ ১০ শতাংশ ছিল সেটা তুলে নেওয়া হল। এই প্রস্তাবের উল্লেখ আছে ক্লজ ৯ এর সাব-ক্লজ ৩এ। এর পরে শিল্পের ক্ষেত্রে কয়ার শিল্পের ক্ষেত্রে ১২ শতাংশ থেকে ৪ শতাংশ হারে কমিয়ে দেওয়া হল। এর উল্লেখ আছে ক্লজ-৯ এর সাব-ক্লজ ২৫। পরিবেশ দূষণ রোধ করার ক্ষেত্রে বিক্রয় কর কমানো হল। এরজন্য একটা ক্লজ আছে। উৎপাদনের ইনটারমিডিয়েট গুডস শিল্পে বিনিয়োগ করার জন্য ১২ থেকে ৫ শতাংশ হারে কমানো হল। কেমিক্যাল আমাদের রাজ্যের মৌলিক শিল্প, রাসায়নিক শিল্প। সেখানে ১২ থেকে ৫ শতাংশ একটা ব্যাপক বিক্রয় কর কমালাম। এর প্রভাব পড়বেই। ইতিমধ্যে উৎসাহিদের কথা শুনতে পাচ্ছি। অন্য রাজ্যে যাতে না চলে যায় শিল্প এবং বানিজ্য, তাই আর কোনও কারণ নয়, নির্দিষ্ট কতগুলো ক্ষেত্রে করের হার উঁচু করেছিলাম। যেমন এয়ার কনডিশনে করেছিলাম ২০ পারসেন্ট ও সঙ্গে সারচার্জ, সেটা ১৫

শতাংশ করেছিলাম যাতে এর থেকে কর্ম সংস্থান সাধারণ মানুষ পায়, সেইজন্য করেছিলাম। আন্তঃ রাজ্য বিক্রয় করের ক্ষেত্রে একইভাবে শিল্প বানিজ্য করের হার কমানো হয়েছে। যেটা নোটিফিকেশনের মাধ্যমে হবে। চা শিল্পের ক্ষেত্রে আয় কর ৭০ থেকে ৫০ শতাংশ করেছিলাম, এটা ক্লজ ফোরের সাব ক্লজ টুতে আছে। পুনর্বিক্রয় এবং কাঁচা মালের উপর থেকে সারচার্জ তুলে দেওয়া হয়েছে। প্রফেশনাল ট্যাক্সের রিটার্নের সীমার ক্ষেত্রে ছাড় দিয়েছিলাম। প্রফেশনাল ট্যাক্স সম্পর্কে ক্লজ ফোরে বিভিন্ন উপধারায় আছে। সুভাষ বাবু যা বক্তব্য রাখলেন বিশেষ করে বিদ্যালয়গুলোর ক্ষেত্রে, তাই আমি বাজেট প্রস্তাবে নির্দিষ্ট একটা প্রস্তাব রেখেছি, প্রতি মাসে রিটার্ন দিতে হবে যাতে বকেয়াগুলো শেষ করতে পারে। তাতে কিছুটা রিলিফ আসবে। প্রফেশনাল ট্যাক্স সম্পর্কে ক্লজ ফোরের বিভিন্ন উপধারায় এই সম্পর্কে আছে। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে এই বিধানসভাতে কনসিডারেশন মানির, অন্যান্য রাজ্যের বাজার মূল্যের উপর স্ট্যাম্প ডিউটি ধার্য করার সিদ্ধান্ত নিই, কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে মহামান্য সুপ্রিম কোর্টের একটা জাজমেন্ট আছে। কি ধরনের জমি, তাতে যে স্থানীয় সাব রেজিষ্ট্রার, তাকে সিদ্ধান্ত নেবার কথা বলা হয়েছে, এই নির্দেশটা আছে। সেখান থেকে আপনি যেটা বললেন, এবার রুল পরিবর্তন করা দরকার। আমরা বাজেট প্রস্তাবে বলেছি, স্থানীয় যে পঞ্চায়েত বা পৌরসভা তাদের মতামত গ্রহণ করে এটা ইতিমধ্যে আনছি, যাতে ডবল চেকিং হয়, উত্তর হিসাবে আমি বলে দিলাম। কর হার বৃদ্ধির ক্ষেত্রে দেব প্রসাদ বাবু বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, আমরা সিগারেটের উপর নুতন করে কর প্রস্তাব আনছি। এটা ঠিক নয়। আমরা লাকসারি ট্যাক্স বসিয়েছি জামা কাপড়ের ক্ষেত্রে যারা ধনী মানুষ যে জামা কাপড় পরে তার উপর। তার সহমত আমি আশা করবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোনও সেসের ক্ষেত্রে গত দশ বছরে যেটুকু বৃদ্ধি করলাম, তাতে কে.জি. প্রতি তিন পয়সা বৃদ্ধি পাবে। দেব প্রসাদ বাবু জানেন, গত পাঁচ বছরে কেন্দ্রীয় সরকার ছয় বারে দশ গুণ কয়লার দাম বৃদ্ধি করেছে। আমরা কিন্তু বৃদ্ধি করেছি মাত্র তিন পয়সা কিলো প্রতি। এটা গোটা রাজ্যে ছড়িয়ে যাবার পরে সাধারণ মানুষের উপর কোনও চাপ পড়বে না, পড়লেও পড়বে ভগ্নাংশের ভগ্নাংশ। কোল রয়্যালটি যদি আমরা ৯০০ কোটি টাকার একটা অংশ পেতাম তাহলে এটা বসাতে হত না। এইরকম একটা অবস্থার মুখোমুখি দাঁড়িয়ে এটা করতে হয়েছে। আর ছোট গাড়ি, যেটা উচ্চ বিত্তের মানুষ ব্যবহার করেন, তার উপর মোটর যান কর বসানো হয়েছে, যেটা পরিবহনমন্ত্রী আনছেন। মাদক দ্রব্যের উপর কর বসানো হচ্ছে। সর্বশেষ বলি, যেটা নুতন আইনে আনবো, সম্পত্তি [illegible] কমানোর পরে, এটা ঘটনা আমাদের রাজ্যে বিশেষ করে শহরাঞ্চলের খুব ধনী মানুষ তারা রেজিষ্ট্রেশন করছে না। যে কালো টাকার অংশটা শহরাঞ্চলে হচ্ছে, সেটা ধরার জন্য আমরা নুতন আইন আনতে চলেছি।

আপনি বললেন, প্রশাসনকে আরও একটু শক্ত করে নেওয়ার কথা। আপনার শুনতে ভাল লাগবে যে ৯ম অর্থ কমিশন সমস্ত রাজ্যগুলি সম্বন্ধে যে রিপোর্ট দিয়েছেন, আমার মনে আছে, তার ১১১-র পাতায় তারা বলেছেন, ২৭টি রাজ্যের মধ্যে নিজের পায়ে দাঁড়িয়ে রাজস্ব বৃদ্ধির রেকর্ডে নম্রতার সঙ্গে বলছি পশ্চিমবঙ্গের স্থান প্রথম। সমস্ত রাজ্যের চেয়ে বেশি কাজেই আপনি যেটা চাইছেন সেটাই তো হয়ে আছে। কাজেই এ ক্ষেত্রে আপনার সহমত আমি চাইবো। এরপরেও কিন্তু আমরা মনে করছি যে আমাদের বাড়তি কিছু কাজ করার আছে। তাই যেরকম কর হার আমরা কমিয়েছি একই সঙ্গে যারা কর দিতে দেরি করবেন

তাদের ক্ষেত্রে একটা জিনিস করেছি। পেনাল রেট অব ইনটারেস্ট যেটাকে বলি, মাসে যেটা আগে দুই শতাংশ ছিল সেটাকে বাড়িয়ে ৩ শতাংশ করেছি। প্রস্তাব আকারে এটা এনেছি, ক্লজ ৯, সাব ক্লজ ৮, ৯, ১০-এ এটা আছে। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে নতুন আইনের কথা আমি বলেছি। এবারে ইলেকট্রিসিটির কথাটা বলি। ইলেকট্রিসিটির ডিউটির হারের কোনও পরিবর্তন নয়, যে এজেন্সিগুলি কালেক্ট করে বিদ্যুৎ সংস্থানগুলি কালেক্ট করে, তারা যাতে সাধারণ মানুষের কাছ থেকে যেটা কালেক্ট করছেন সেটা সরকারকে ঠিক সময় দেন সেটাই বলা হয়েছে। মাঝে মাঝে যদি না দেন তারজন্য আমরা খুব কড়া পদক্ষেপ নেব আইনগতভাবে। এটা করলাম এই সমস্ত এজেন্সিগুলির ক্ষেত্রে, সাধারণ মানুষকে এটা স্পর্শ করবে না, তাদের ধারে কাছেও এটা আসবেনা। আপনি চেক পোস্টের কথাটা তুলে ভাল করেছেন। আপনি বললেন বলে আমিও কয়েকটি কথা বলার সুযোগ পেলাম। এই বিক্রয়কর ঠিক মতোন আদায় করার জন্য আমরা একেবারে নতুন একটা দৃষ্টিভঙ্গি নিচ্ছি। বিক্রয়কর তো বিক্রয়ের উপর। কোনও একটা বছরের বিক্রয়কর মানে কি? তার মানে হচ্ছে, সেই বছরে রাজ্যের মধ্যে যেটা উৎপাদন আর সেই বছরে যা আগে থেকে জমা ছিল গো-ডাউনে, অতিরিক্ত যেটা বার করেছে বিক্রি করার জন্য এবং অন্য রাজ্য থেকে বিক্রির জন্য এখানে যা এসেছে। এর প্রত্যেকটি তথ্য উৎপাদন সংস্থাগুলি থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সমন্বয় করে নেবার জন্য আমরা যোগাযোগ করছি। গো-ডাউন চেকিং এবং ঐ চেক পোস্ট হচ্ছে অন্য রাজ্য থেকে কি জিনিস আসছে। আগে এটা আমরা করি নি। এখানে কমপিউটার সিসটেমে কোনও মানুষের কর্ম বিনাশ হবে না, শুধু তাই নয়, কর্ম বৃদ্ধি হারেরও কোনও তফাত হবে না। যেই মাত্র একটি ট্রাক ঢুকলো নৈবিত্তিকভাবে সেই ট্রাকটি কোথায় যাচ্ছে, তার নাম্বার, কি কি জিনিস আছে সেটা চেক করে কমপিউটারে আমরা আনছি। এটা স্যাটেলাইট লিংকের মাধ্যমে ততক্ষনাত কিন্তু কলকাতায় চলে আসছে। একটি ট্রাকের তার নির্দিষ্ট জায়গায় যেতে হয়ত ১/১।। দিন সময় লাগবে, তাই আমাদের এখানে প্রত্যেকটি যে চার্জ আছে তারও নিচের স্তরে, যেটাকে আমরা বলি ইউনিট, হয়ত তারসঙ্গে তিনটি কি চারটি [illegible] যুক্ত আছে সেখানে প্রত্যেকটি দোকানদার কি বিক্রি করলেন, কোথা থেকে আসছে—এই [illegible] ব্যাপারটার উপর চেকিং আমরা করছি। শুধু মাত্র ঐ ক্যাশমেমো কি দিলেন, না দিলেন তার উপর আমরা নির্ভর করছি না। ভারতবর্ষের কোথাও কেউ আগে এইভাবে করেছেন বলে আমার জানা নেই। এরফলে প্রত্যেকটি বিক্রয়- উৎপাদন থেকে, অন্য রাজ্য থেকে আসা থেকে এবং তার নিজের আগের ইনভেন্টরি ডি-অ্যাকুমুলেট করার জন্য যে কিছু আমরা ধরতে পারবো। তাই যে কথা আপনি বললেন সেগুলি আমরা করেছি। আইনের জটিলতার জন্য আপনি হয়ত ঠিক ঠিক পড়ে উঠতে পারেন নি। যাইহোক, যে কথাগুলি আপনি তুলেছেন তার প্রতিটির জবাব আমি দিলাম। এই বলে বিলটিকে আবার সমর্থন করে শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Finance Bill, 1996 be taken into consideration was then put and agreed to.

## Clauses 1 - 6

The question that Clauses 1 - 6 do stand part of the Bill was then put and agreed to.

## Clause - 7

**Mr. Speaker :** There is one amendment to Clause-7 by Shri Rabindranath Mondal. I request Mr. Mondal to move his amendment.

**Shri Rabindranath Mondal :** Sir, I beg to move that in Clause 7, in sub-clause (2), in the first line, for the word "inserted", the word "added" be substituted.

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত :** স্যার এটা কোনও সাবসটেনসিয়াল পরিবর্তন নয়। ইনসারেটের জায়গায় অ্যাডেড কথাটা এসেছে। এটা আমি গ্রহণ করলাম।

[2-40 — 2-50 P.M.]

The motion of Shri Rabindra Nath Mandal that in clause 7, in sub-clause (2), in the first line, for the word "inserted," the word "added" be substituted, was then put and agreed to.

The question that clause 7, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 8

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 9

**Mr. Deputy Speaker :** There are amendments to clause 9 by Shri Rabindra Nath Mandal, being amendment Nos.2 & 3. The amendments are in order. Now I request Shri Mandal to move his amendments.

**Shri Rabindra Nath Mondal :** Sir, I beg to move that in clause 9, in sub-clause (4), for item (b) the following item be substituted, namely :—

(b) in sub-section (2),—

(i) in clause (a), in sub-clause (ii), for item, (j), the following item shall be substituted :—

"(J) goods specified in Schedule VIIIA,';

(ii) clause (i) shall be omitted;

(iii) in the first proviso, for the words, letter and brackets "the provisions of clause (a)", the words, letters, figure and brackets "except such sales referred to in sub-clause (i) of clause (a) as may be prescribed, the provisions of clause (a)", shall be substituted;

(iv) in the second proviso, for the words, letter and brackets "the provisions of clause (b)", the words, letters, figure and brackets "except such sales referred to in sub-clause (i) of clause (b) as may be prescribed, the provisions of clause (b)", shall be substituted;

(v) the third proviso shall be omitted';

I also beg to move that —

3. in sub-clause (12), in the eleven line for the words "deferment of payment", the word "remission" be substituted.

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা কোনও সাবসটেনসিয়াল পরিবর্তন নয়, কোনও কর হার বৃদ্ধি বা কর হার কমানোর প্রস্তাব নয়। এর প্রথম অংশটা হচ্ছে যেটা আই, ডাবল আই, ট্রিপল আই এবং ফোর আইস-এ বলা হয়েছে সেটা রি-নাম্বারিং। যে কথাগুলি বলার চেষ্টা করা হয়েছে সেটা একটা টেবল আকারে বলাই ভাল। এটা একটা স্টাইলিষ্ট প্রেজেনট্রেশন। সেজন্য এটা আমি গ্রহণ করছি।

আর পরেরটা বলতে পারেন যে এডিটিং ইমপ্রুভমেন্ট। এটা লেখা উচিত ছিল। এখানে যে কথাটা আছে, ডেফারমেন্টের জায়গায় অন্য অংশে যেটা রেমিশন লেখা উচিত, এটা কনসিসটেন্ট উইথ আদার পার্টস, সেইরকমই একটা লিগ্যাল অ্যাডভাইস এবং এটা একেবারে এডিটিং ইমপ্রুভমেন্ট, এর বাইরে কিছু নয়। অন্যসবগুলির সঙ্গে এটা কনসিসটেন্ট। তাই, আমি সরকারি অ্যামেন্ডমেন্টগুলি গ্রহণ করছি।

The motions of Shri Rabindra Nath Mandal that in clause 9, in sub-clause (4), for item (b) the following item be substituted, namely:—

(b) in sub-section (2),—

(i) in clause (a), in sub-clause (ii), for item (J), the following item shall be substituted :—

"(J) goods specified in Schedule VIIIA,';

(ii) clause (i) shall be omitted;

(iii) in the first proviso, for the words, letter and brackets "the provisions of clause (a)", the words, letters, figure and brackets "except such sales referred to in sub-clause (i) of clause (a) as may be prescribed, the provisions of clause (a)", shall be substituted;

(iv) in the second proviso, for the words, letter and brackets "the provisions of clause (b)", the words, letters, figure and brackets "except such sales referred to in sub-clause (i) of clause (b) as may be prescribed, the provisions of

clause (b)" shall be substituted,

(v) the third proviso shall be omitted';

3. in sub-clause (12), in the eleven line, for the words "deferment of payment", the word "remission" be substituted.

was then put and agreed to.

The question that clause 9, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Finance Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## VOTING ON DEMAND FOR GRANTS

**Mr. Deputy Speaker :** Now, discussion on Demand Nos. 12, 77, 78, 80 and 81 There is one cut motion on Demand No.12 which is on order. But the moved, Shri Sultan Ahmed is not Present so the cut motion not moved. There is also one cut motion on Demand No.80 The motion is in order Shri Deba Prasad Sarkar may move the cut motion

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs.100/-

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহনমন্ত্রী তার যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তার আমি বিরোধিতা করে এবং আমার কাট মোশনের সমর্থনে বাজেট সম্পর্কে আমার প্রতিক্রিয়া আমি রাখবো।

[3-00 — 3-10 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে পরিবহন-ব্যবস্থায় যে সঙ্কট এবং তারজন্য জনজীবনে যে চূড়ান্ত সমস্যা, সেই সমস্যার গুরুত্ব কোনও জনমুখি সরকার উপেক্ষা করতে পারেন না। কিন্তু পশ্চিমবঙ্গে বাস্তব যা চিত্র সড়ক পরিবহনে যাত্রি বহনের ক্ষেত্রে সেখানে দেখতে পাচ্ছি, যাত্রিসাধারণের মাত্র এক-চতুর্থাংশ সরকারি পরিবহনের অন্তর্ভুক্ত, বাকি তিন-চতুর্থাংশ যাত্রি প্রাইভেট বাস-মালিকদের অধীনে। তারফলে আজকে পশ্চিমবঙ্গের একটা বিরাট সংখ্যক জনগণ প্রাইভেট বাস-মালিকদের দৌরাত্ম, তাদের খামখেয়ালিপনা এবং তাদের মুনাফা লুন্ঠনের শিকার। তারই জন্য আজকে যাত্রি সাধারণের স্বার্থে সড়ক পরিবহনের ক্ষেত্রে সরকারের

এগিয়ে আসা উচিত। এই সরকারি পরিবহন-ব্যবস্থা যা যাত্রি সাধারণের মাত্র এক-চতুর্থাংশ বহন করে সেটা আরও সম্প্রসারিত করা উচিত, কারণ তাহলেই কেবল বেসরকারি বাস মালিকদের অবাধে মুনাফা লুন্ঠন এবং খেয়ালখুশিপনার শিকার হয়ে রয়েছেন তারা মুক্ত হতে পারেন। অবশ্য এ-ব্যাপার নিয়ে আমি ভূতপূর্ব এবং বর্তমান পরিবহন মন্ত্রীর সঙ্গে আলোচনা করে দেখেছি, তাদের দৃষ্টিভঙ্গি হল অর্থাভাবের জন্য সরকারি পরিবহন-ব্যবস্থা আর খুব একটা সম্প্রসারিত করা যাচ্ছে না, তারা এগোতে পারছেন না, ভরতুকি দিয়ে পরিবহন-ব্যবস্থা চালানো সরকারের পক্ষে সমস্যা হয়ে উঠেছে। তাদের সঙ্গে আলোচনায় এসব কথাগুলো উঠে এসেছে। কিন্তু কথাগুলো বোধ হয় সত্য নয়। হ্যাঁ, সরকারি পরিবহন-ব্যবস্থা ভরতুকি-নির্ভর এটা ঠিকই, কিন্তু এই ভরতুকি-নির্ভরতা কি কমানো যায় না; এবং সেটা যাত্রি সাধারণের উপর বাড়তি ভাড়া না চাপিয়ে করা যায় না? সেটা করা যায়, কারণ সরকারি পরিবহন ব্যবস্থায় চলছে শ্রমশক্তির অপচয় এবং অর্থের অপচয়। আজকে এই বিষয়টার উপর সরকারের বিশেষ গুরুত্ব দেওয়া দরকার। ইট মাস্ট বি স্টপড। এটা মানতে হবে যে সরকারি পরিবহন ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধি এবং পরিবহন ব্যবস্থা লাভজনক না হলেও অন্ততপক্ষে ভর্তুকি নির্ভর হতে হবে না, এইরকম জায়গায় যদি আনতে হয়, আমি সেই উদ্দেশ্যেই বলছি যে, আপনি দেখুন, আপনার স্টাফ বেশিও, অর্থাৎ বাস প্রতি কর্মীসংখ্যা কিরকম? আপনি দেখুন, সেই কর্মীদের সংখ্যা অতিরিক্ত হওয়ার জন্য শ্রমশক্তির কিভাবে অপচয় হচ্ছে, কিভাবে তাদের বসিয়ে বসিয়ে মাইনে দিতে হচ্ছে। আপনারই দেওয়া স্ট্যাটিসটিক্স - এন.বি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি., সি.এস.টি.সি.তে কি অবস্থা। ডব্লু.বি.এস.টি.সি.তে ১৯৯৪-৯৫ সালে বাস প্রতি কর্মী সংখ্যা যেখানে ৪.০৮, সেখানে এস.বি.এস.টি.তে ৪.৮৩, হোয়ার অ্যাজ সি-এস-টি-সি.তে ১১.৯১, অর্থাৎ প্রায় ১২ জন। এন.বি.এস.টি.সি.তে ৮.২৩ এবং সিটিসি-তে ৭.৯৪। তাহলে দেখুন, অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? প্রাইভেট বাসগুলো যেখানে কত অল্পসংখ্যক কর্মী দিয়ে তারা বাস চালাচ্ছে, সেখানে সরকারি বাস আপনি চালাচ্ছেন ৪.০৮ জনকে দিয়ে, সিএসটিসিতে প্রায় ১২ জনকে দিয়ে চালাচ্ছেন। ফলে এই যে শ্রমশক্তির অপচয় হচ্ছে, কর্মীদের বসিয়ে বসিয়ে মাইনে দিতে হচ্ছে, এতে প্রপার ইউটিলাইজেশন হচ্ছে না। আমি ছাঁটাই করার কথা বলবো না, কিন্তু আমি বলবো, আপনি ফ্লিক স্ট্রেংথ বাড়ান যাতে তাদের বসিয়ে বসিয়ে মাইনে না দিতে হয়। তাহলে এই যে ওয়েস্টেজ, যে শ্রমশক্তির অপচয় হচ্ছে সেটা হবে না এবং সংস্থাটি ইকনোমিক্যালি ভায়াবল হবে। তাছাড়া আমি বিশেষভাবে বলবো, ম্যানেজমেন্টে সুপারভিশনের ক্ষেত্রে চূড়ান্ত অব্যবস্থা চলছে। বেশিরভাগ ডিপোতে, বিশেষ করে এস-বি-এস-টি-সির বেহালা ডিপোর কথা বলছি সেখানে বেশিরভাগ বাস বসে থাকে অতি তুচ্ছ কারণে। কারণটা কি, না পেটি স্পেয়ার পার্টস না থাকায় রিপেয়ারের অভাবে নাম্বার অব বাসেস বসে থাকে। তারফলে প্রতিদিন বাসের হাজার হাজার টাকা আয় কমে যাচ্ছে। অথচ এটা কি খুব বিরাট একটা ব্যাপার? সমস্ত ডিপোগুলোতে এই সমস্ত মিনিমাম স্পেয়ার পার্টস কেন রেডিলি অ্যাভেলেবল থাকবে না, বিশেষ করে যেগুলো মিনিমাম এসেনসিয়াল স্পেয়ার পার্টস। স্টোর বলুন যেগুলো আছে, সেখানে যে সমস্ত যন্ত্রপাতি কাজে লাগে না, অকেজো যন্ত্রপাতিতে ভর্তি থাকে। কিন্তু যেগুলো এসেনসিয়াল স্পেয়ার পার্টস, যেগুলোর জন্য বাস প্লাই করছে না, সেগুলোর অভাবে বাস বন্ধ হয়ে যাচ্ছে। ফলে আরও বেশি বাসকর্মী বসে থাকছে। এমনিতে যেখানে একসেস স্টাফ, যারফলে হাজার হাজার টাকার অপচয় হচ্ছে,

তার উপরে এইভাবে আরও ক্ষতি হচ্ছে। তাহলে কিসের ম্যানেজমেন্ট? এছাড়া রয়েছে থেফট, পিলফারেজ, নানারকম দুর্নীতি। আপনি জানেন, এই সমস্ত অভিযোগ রয়েছে। তাছাড়া আরও কি হচ্ছে, না কতকগুলো মাথাভারি প্রশাসন, ম্যানেজেরিয়াল স্টাফ, অফিসিয়াল স্টাফ, এগুলো বাড়ছে। আপনি প্রাইভেট বাস এবং সরকারি পরিবহন ব্যবস্থার সঙ্গে যদি তুলনা করে দেখেন, তাহলে দেখবেন যে অবস্থাটা কোথায় দাঁড়িয়ে গেছে। এই মাথাভারি প্রশাসনকে কমিয়ে শ্রমশক্তির অপচয় রোধ করতে হবে এবং দক্ষতা বৃদ্ধি করতে হবে। এগুলো করতে পারলে এবং দুর্নীতি রোধ করতে পারলে এবং বর্তমানে এটা যে ভর্তুকি নির্ভরতা নিয়ে চলছে তা অনেকাংশে দূর হতে পারে। এগুলো করতে পারলে বর্তমানে স্টেট বাসে যে লস হচ্ছে সেটা অনেকখানি কমিয়ে আনা যেতে পারে। তাছাড়া এটা কখনো একটা দৃষ্টিভঙ্গি হতে পারে যে এই সমস্ত কল্যাণমূলক পরিষেবা বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি নিয়ে চলবে, এগুলো জনসেবামূলক দৃষ্টিভঙ্গি নিয়েই চলবে। সেখানে ওটা ভরতুকি নির্ভর শ্বেত হস্তির মতো চলবে আর প্রাইভেট বাস মালিকরা ফুলে ফেঁপে উঠবে এতে আর সন্দেহ কি আছে। মাননীয় মন্ত্রী যদি ওই সমস্ত ক্রটিগুলো দূর করতে পারেন তবেই একটা বিশেষ জায়গায় নিয়ে আসতে পারবেন। মাননীয় পরিবহনমন্ত্রী নতুন দপ্তর পেয়ে একটি নতুন খবর দিয়েছেন, কয়েকদিন আগে কাগজেও দেখলাম যে, তিনি বলেছেন যে ৩ বছরের মধ্যে কলকাতা শহরের ট্রাফিক থেকে লরি মুক্ত করবেন। এবং এরজন্য ৩টে ট্যার্মিনালও তৈরি হবে। তার একটি হবে হাওড়ার কোনাতে, উত্তর শহরতলির দক্ষিণেশ্বর এবং উত্তর ২৪ পরগনার বারাসাতে। সেখানে কলকাতাগামি সমস্ত লরি মাল আনলোড করে দেবে এবং ওখান থেকে ম্যাটাডোর ভ্যানে করে কলকাতায় মাল আসবে। তার যে সংকল্প, এটি বাজেট ভাষণে দেখলাম না, হয়তো আফটার থট হতে পারে। এই প্রসঙ্গে বলছি যে, কলকাতার রাস্তাঘাটে ট্রাক বা লরি প্রভৃতি ভারি যানবাহন চলাচলের ফলে ক্ষতি হচ্ছে এবং শুধু তাই নয়, জনজীবনও একটা মারাত্মক আকার রূপ নিয়েছে। রাস্তার যানবাহনের সংখ্যা অনেক বেশি এবং তারমধ্যে আবার ট্রাক, লরি একটা মারাত্মক অবস্থার সৃষ্টি করেছে। আমি এই প্রসঙ্গে আরেকটু স্মরণ করিয়ে দিতে চাই যে, যানজটের সুবিধার জন্যে একটা সরকারি নির্দেশ আছে যে, নির্দিষ্ট কতগুলো জায়গায় নির্দিষ্ট সময়ের মধ্যে কোনও ট্রাক বা লরি যাতায়াত করবে না। সরকারি এই নিষেধাজ্ঞা জারি করা সত্ত্বেও আমরা আমাদের বাস্তব অভিজ্ঞতায় দেখছি যে, ওই নির্দেশ থাকা সত্ত্বেও ট্রাফিক পুলিশকে ঘুষ দিয়ে ট্রাক ড্রাইভাররা ওই নির্দেশ ভায়োলেট করছে। এটা সর্বজনবিদিত এবং খবরের কাগজে এর ছবিও বেরিয়েছিল যে, প্রকাশ্য দিবালোকে ট্রাফিক কন্ট্রোল পুলিশ ঘুষ নিচ্ছে। সুতরাং ট্রাক এবং লরি চলাফেরার ব্যাপারে সরকারি নির্দেশ থাকা সত্ত্বেও সেগুলো কার্যকর হচ্ছে না। তাছাড়া যে সিদ্ধান্তের কথা মাননীয় মন্ত্রী বলেছেন যে ট্রাক এবং লরির টার্মিনাল হবে, এই সিদ্ধান্ত অনেকদিন আগেই করা হয়েছিল এবং তারজন্য বহু জায়গায় জমি অধিগ্রহণও করা হয়েছিল। কিন্তু বিষয়টি সরকারি সিদ্ধান্তে থাকলেও করা যায়নি। কারণ এরসঙ্গে অন্তরালে ব্যবসায়িদের চাপ কাজ করছে, ফলে দেখা যাচ্ছে যে ফাইল ধামা চাপা পড়ে যাচ্ছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী একটু দৃষ্টি দেবেন। তৃতীয়ত বিদ্যাসাগর সেতু অর্থাৎ দ্বিতীয় হুগলি ব্রিজ যেটি কয়েক শো কোটি টাকা দিয়ে তৈরি হয়েছে, এটি আমাদের জাতীয় সম্পদ এবং এটা আমাদের সকলের কাছেই একটা গর্বের বিষয়। বিদ্যাসাগর সেতু যে পারপাসে হয়েছিল সেই পারপাস ফেল হতে চলেছে। চলাচলের সুবিধার জন্য এটা

করা হয়েছিল এবং প্রোজেকশন রিপোর্ট যা বের হয় তাতে বলা হয়েছিল যে প্রথম দিকে প্রায় ৮৫ হাজার গাড়ি যাতায়াত করবে। কিন্তু আজকে আমরা রাফলি বলতে পারি যে, মাত্র ৫ হাজার গাড়ি যাতায়াত করে কিনা সন্দেহ। আজকে যে ওই গাড়িগুলো যাতায়াত করে না তার কারণ হচ্ছে অ্যাপ্রোচ রোড যেগুলো হাওড়া এবং কলকাতার সংযোগকারি রাস্তা সেগুলো আজও তৈরি হয়নি। নগর উন্নয়ন দপ্তরের হাতে ছিল এই হুগলি ব্রিজ, এখন আপনার দপ্তরে গত '৯৩ সাল থেকে ট্রান্সফার করা হয়েছে। আপনার দপ্তর তিন বছর নিয়েছে। কিন্তু এখনও পর্যন্ত, এই মিনিমাম যে অ্যাপ্রোচ রোডগুলি সেইগুলি কমপ্লিট করা গেল না। যারফলে যে কথা ছিল গাড়ি যাবে যে পরিমাণে তারজন্য যে টোল আদায় হবে, সেই টোল আদায় থেকে যে বিরাট পরিমাণ লোন সেটা পরিশোধ করা হবে। অথচ ৮৫ হাজার গাড়ি গেলে যে আয় হতে পারতো এতদিনে তাতে অনেক টাকা শোধ হয়ে যেতে পারতো। তাহলেই ভেবে দেখুন এরমধ্যে কত টাকা ক্ষয় ক্ষতি হয়ে গেছে। এই জিনিসগুলি যদি দ্রুত কার্যকর না করা যায় তাহলে অনেক লোকসান হয়ে যাবে। তাই এই বিষয়টি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। আর একটি জিনিস যেটা বলব সেটা হচ্ছে, দূষণ নিয়ন্ত্রণের বিষয়ে। কলকাতার দূষণ নিয়ন্ত্রণ এর ব্যাপারে আমরা সবাই বলি, স্বাস্থ্য সুরক্ষার বিষয়েও বলি, সেখানে পেট্রোল এবং ডিজেল চালিত যে গাড়িগুলি চলছে তাতে একটা ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি হচ্ছে। সেখানে বিদ্যুৎ চালিত যান ট্রাম সহ এই ব্যবস্থাটা যাতে চালানো যায় সেইজন্য অনুরোধ করবো। বিশ্বের জনবহুল শহরগুলিতে বিদ্যুৎ চালিত যানবাহন এর সম্প্রসারণ করা হচ্ছে। আপনার পুস্তিকাতে দেখলাম, ট্রামের যে পরিকাঠামো, সেখানে ইলেকট্রিক ট্রলি বাস চালাবার কথা আপনি চিন্তা-ভাবনা করছেন। আবার শুনলাম, উত্তর ও মধ্য কলকাতা থেকে ট্রামকে তুলে দেওয়ার জন্য আপনার দপ্তরে নাকি ডেপুটেশনও দেওয়া হয়েছে। আমি বলব, যে ট্রাম চালু আছে, সেটা যাতে দ্রুতগতিতে চলতে পারে তারজন্য ব্যবস্থা নেওয়া দরকার। তারজন্য যে অন্তরায় সেটা দূর করুন। পরিবেশ দূষণের কথা চিন্তা করে কলকাতার মতো যানবাহনবহুল শহরে যাতে এই ব্যবস্থাকে বজায় রাখা যায় তারজন্য আবেদন জানিয়ে আমার কাটমোশনকে সমর্থন করে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 P.M.]

**শ্রী শ্যামাপ্রসাদ বসু :** মাননীয় চেয়ারম্যান স্যার, পরিবহন দপ্তরের মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে আমি সমর্থন করছি। বিরোধীদের পক্ষ থেকে যে কাটমোশন নিয়ে আসা হয়েছে তার বিরোধিতা আমি করছি। পশ্চিমবাংলার ক্ষেত্রে রাজ্য সরকারের পরিবহন দপ্তরের পক্ষ থেকে ৫টি সংস্থার মধ্যে দিয়ে যাত্রি পরিবহনের কাজ করতে হয়। এই কথা নির্দ্বিধায় আমরা সরকারের পক্ষ থেকে বলেছি। ১।৪ ভাগ যাত্রি পরিবহন আমরা করতে পারি, ৩।৪ ভাগ আমরা করতে পারি না, এটা ব্যক্তি মালিকানাধীন আছে। তার পাশাপাশি যে পন্য পরিবহন ব্যবস্থা এই পন্য পরিবহন ব্যবস্থা বেসরকারি মালিকানাধীন। যাত্রি সাধারণের ক্ষেত্রে যে ৫টি সংস্থা আছে, এই বিধানসভার যারা বিধায়ক আছেন তারা জানেন। সবচেয়ে পুরনো যে সংস্থা সি.এস.টি.সি. এটা যেমন আছে, সবচেয়ে নূতন যে সংস্থা ডাব্লিউ.বি.এস.টি.সি এই ৫টি সংস্থা মিলে বিগত কয়েক বছরে-যে সমস্ত ব্যয় বরাদ্দ সেই ব্যয় বরাদ্দ অনুযায়ী তারা সাফল্যজনকভাবে কাজ করতে সক্ষম হয়েছে। আমরা

এইকথা কখনোই বলিনা আমরা সর্বক্ষেত্রে সুষ্ঠভাবে কাজ করতে পারছি। মাননীয় দেবপ্রসাদবাবু চলে যাচ্ছেন তাকে আমি জিজ্ঞাসা করতে চাই, এই পরিবহন দপ্তরেরই আরেকটি সংস্থা এন.বি.এস.টি.সি ১৯৯৪ সালে ভারত সরকারের পক্ষ থেকে একটি পুরস্কার পেয়েছেন সবচেয়ে ভালো একটি সংস্থা হিসাবে কাজ করার জন্য। এটা নিশ্চয় আপনার মনে আছে। স্বাভাবিকভাবেই অর্থাভাব আছে আমাদের সীমিত সামর্থ আছে, তবে এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়েই যতটুকু করা যায় ততটুকু করবার আমরা চেষ্টা করছি। ল্যাকুনা নিশ্চয় আছে, ঘাটতি নিশ্চয় আছে, ত্রুটি নিশ্চয় আছে আমাদের কোনও কোনও জায়গায়। মাননীয় দেবপ্রসাদ বাবু বললেন লোকসান হচ্ছে। আমি অত্যন্ত বিনীতভাবে বিনম্রভাবে দেবপ্রসাদবাবুকে জিজ্ঞাসা করতে চাই, পৃথিবীতে এমন কোনও দেশ আছে, যে দেশে রাষ্ট্রায়ত্ত পরিবহন সংস্থা ভরতুকি ছাড়া চলছে, লোকসান হয়না। আমি যতদূর জানি পৃথিবীতে দুটো দেশ আছে যেখানে লোকসান হয়না, তাছাড়া সর্বত্র লোকসান হয়। আমাদের নিজের দেশ ভারতবর্ষ সেখানে দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশনে গত কয়েক বছর আগে একটা রিপোর্ট বেরিয়েছিল, এক বছরে তাদের ৮৫ কোটি টাকা লোকসান হয়েছে। স্বাভাবিকভাবে যে পরিবহন ব্যবস্থাগুলো পরিচালিত হয় পরিসেবা হিসাবে, সমাজের কল্যাণের জন্য সেখানে লোকসান নিয়ে আমরা কাজ করতে বাধ্য হই। এটাই হচ্ছে আমাদের সরকারের নীতি বা লক্ষ্য। আমি দেবপ্রসাদ বাবুকে জিজ্ঞাসা করতে চাই, তিনি তো আসল শত্রুকে চিহ্নিত করেননি। বিগত কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের জন্য কোনও জাতীয় পরিবহন নীতি গ্রহণ করেননি। ভারতবর্ষের সবচেয়ে বড় পরিবহন ব্যবস্থা যে সেই রেলের পক্ষ থেকে বলা হয়েছে, এটা আমার রিপোর্ট নয়, এটা সরকারের রিপোর্ট, ৩১.৩.৯৬ তারিখ ইন্ডিয়া টুডে পত্রিকায় বলছে, .....The Railways Finance Commissioner says that gross subsidy has been an integral part of Indian Railway. We cannot afford to a high passenger fare due to social obligation আবার ঐ ইন্ডিয়া টুডে পত্রিকাতেই বলেছে Asian Institute for Transport Railways use freight traffic to subsidised passenger traffic... তারা বলছেন, বিভিন্ন মাসুল থেকে যাত্রি পরিবহনের লোকসান পূরণ করতে হচ্ছে। আর দেবপ্রসাদ বাবু বলছেন, লোকসান হচ্ছে কেন এটা দেখতে হবে। রেলওয়ে যেমনভাবে কেন্দ্রীয় সরকার চালায়, আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা লাভ করার জন্য মানুষের উপর বেশি বোঝা আমরা চাপাতে পারব না। এটাই হচ্ছে আমাদের নীতি। রেল যাত্রি পরিসেবা করতেন প্রতিদিন ১৯৫০-৫১ সালে ৭৪.২, ১৯৮০-৮১ সালে ৩৭.২। ১৯৮৮-৮৯ সালে ২২.৬। আর এর চাপ পড়ছে আমাদের উপর। যাত্রি পরিসেবা রেল উঠিয়ে দিচ্ছে, কমিয়ে দিচ্ছে, আর তার চাপ পড়ছে আমাদের সড়ক পরিবহনের উপর, তারজন্য আমাদের এখানকার সড়কগুলোর অবস্থা খারাপ। অর্থমন্ত্রী আগের দিন বলেছেন উত্তরবঙ্গে যে সমস্ত ন্যাশনাল হাইওয়েগুলো ভেঙে পড়েছে তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের ৯১ কোটি টাকা পাওনা, সেই টাকা বিগত কংগ্রেস সরকারের পক্ষ থেকে দেওয়া হয়নি।

স্বাভাবিকভাবে এই এন্টার অ্যাসপেক্ট ধরে সামগ্রিকভাবে এই বিষয়গুলোকে ধরে আমাদের যে পরিবহন ব্যবস্থা চলছে আমাদের রাজ্যে, তা বিবেচনা করা উচিত ছিল। আমার বক্তব্য শেষ করার পূর্বে আমি একটা সুপারিশ মাননীয় মন্ত্রীর কাছে করতে চাই। আমরা গত বছর সাবজেক্ট কমিটির ট্যুরে গিয়েছিলাম ত্রিপুরাতে ত্রিপুরার মানুষের কাছে গেছি, কংগ্রেসের

আই.এন.টি.ইউ.সি অফিসে গেছি, সিটুর অফিসে গেছি। মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বলেছি। আমরা দেখেছি সেই রাজ্য প্রাকৃতিক সম্পদে সম্পদশালী। ত্রিপুরা রাবার উৎপাদনে দ্বিতীয় স্থান অর্জন করেছে। কেরালার পরে তার স্থান। আনারস চাষ কমলালেবু চাষের ক্ষেত্রে তারা প্রথম স্থানে গেছে। কিন্তু ওই সমস্ত জিনিস আমাদের এখানে, কলকাতায় আসার কোনও সুযোগ নেই। অন্তত পক্ষে একটা সুপারিশ আমি আপনার কাছে করছি। আন্তর্জাতিক চুক্তি আপনাকে করতে হবে ভূটানের সঙ্গে যেমন করেছেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে নতুন একটা অবস্থার সৃষ্টি হয়েছে, কেন্দ্রে একটা সরকারের পরিবর্তন হয়েছে। নতুন একটা অবস্থার সৃষ্টি হয়েছে, সেই অবস্থাকে কাজে লাগিয়ে আমাদের প্রতিবেশি রাজ্য ত্রিপুরার মানুষকে, অন্তত পক্ষে তারা যে সম্পদ সৃষ্টি করছে, সেই সম্পদ সৃষ্টি করে তারা যাতে মার্কেটিং করতে পারে তার ব্যবস্থা করবেন। এই আশা রেখে আবার আমাদের বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় চেয়ারম্যান, মাননীয় পরিবহন মন্ত্রী ৯৬-৯৭ সালের যে ব্যয়বরাদ্দ উপস্থাপন করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, যেখানে প্রতি বছর সরকারি বাস চালিয়ে লোকসান করছে। সেখানে বেসরকারি বাস চালিয়ে লাভ করছে। সরকারি বাসের জন্য সারা শহরে ভরতুকি বাড়ছে। প্রত্যেককে এ দায়িত্ব বহন করতে হবে। কারণ আমরা দেখছি ২৪০টা বাস রাস্তায় নামবে। সি.এস.টি.সি'র বাসগুলোকে ভরতুকি দিয়ে চালালে ঘাটতি আরও বাড়বে। যদি বিকল্প পরিকল্পনা সৃষ্টি না করা যায় তাহলে ঘাটতির পরিমাণ বেড়ে যাবে। আমাদের রাজ্যের আন্তঃরাজ্য যে বাসগুলো চলে তার যে বাস টার্মিনাস ধর্মতলায় আছে তার অবস্থা অত্যন্ত খারাপ। বৃষ্টি হলে টার্মিনাস ডুবে যায়। পানীয় জলের ব্যবস্থা থাকে না, পাখার ব্যবস্থা থাকে না এই গরমে মানুষ ছটফট করে। এগুলো দেখা দরকার। তাছাড়া বাসের দেখভালের ব্যবস্থা থাকা দরকার। বাসের সিট ছেঁড়া, জানলা ভাঙা, ভিতরে আবর্জনা। বাস পরিষেবার ক্ষেত্রে আমাদের দায়িত্ব নেওয়া দরকার। তাছাড়া যাত্রিদের নিরাপত্তার কথাটাও আমাদের দূরপাল্লার বাসগুলোতে দেখা যাচ্ছে বেশির ভাগ ক্ষেত্রে ডাকাতি হচ্ছে। ডাকাতি বন্ধ করার জন্য ব্যবস্থা নেওয়া দরকার। ট্রেনের ভাড়া বাড়ার জন্য আজকে যেভাবে বাসে যাত্রি বাড়ছে সে ক্ষেত্রে বাসের নিরাপত্তার ব্যবস্থা যদি না করা যায় তাহলে যাত্রি কমবে। তাছাড়া বাসে যিনি ড্রাইভার থাকবেন তার ন্যুনতম মেকানিক হওয়া দরকার। বাস যদি অকেজো হয়ে যায়, বাসে যদি কোনও ফল্ট হয় তাহলে তিনি যদি মেকানিক হন, তার যদি যন্ত্রপাতি থাকে তাহলে বাস চলতে পারে। প্রত্যেকটি জেলাতে বাস ডিপো থাকা দরকার। কলকাতা এবং তার আশেপাশেও বাস ডিপো থাকা দরকার। আমরা কলকাতা মহানগরিতে দেখেছি যে, বাসে একটি দরজা থাকে। বাস কন্ডাকটারও থাকেন। টিকিট কাটতে পারেন না। কিন্তু দিল্লিতে দেখেছি যে, পিছনের দিকে কন্ডাকটার থাকে এবং যাত্রি পিছনের দিক দিয়ে উঠে, টিকিট কেটে সামনের দিকে চলে আসে এবং সামনের দিক দিয়ে নামে। আমার মনে হয় বাসের পিছনের দিকে এবং সামনের দিকে দরজা লাগালে কলকাতা মহানগরিতে রেভিনিউ বেশি আদায় হবে। এছাড়া বাস চেকিং এর ব্যবস্থা করলে ভালো হয়। দুরপাল্লা এবং কলকাতা শহরে এটা করলে আরও ভালো হয়। এটা না করা হলে বাসে বিনা পয়সার যাত্রি সংখ্যা বাড়ছে। এছাড়াও গড় বিক্রির উপর একটা বোনাস দেওয়ার ব্যবস্থা করা হয়। যত বেশি বিক্রি হয়, তত বেশি বোনাস দেওয়া হয় এবং কম

বিক্রি করলে ছাঁটাই এর ব্যবস্থা করা হয়। এতে রেভিনিউ বেশি আদায় হবে। এছাড়া গ্যারেজে পড়ে থাকা বাসগুলির তাড়াতাড়ি সেল করার ব্যবস্থা করলে ভালো হয়। এছাড়া দূষণ নিয়ন্ত্রণ করা দরকার এবং দূষণ নিয়ন্ত্রণের জন্য অফিস খোলা দরকার। অফিস খোলা দরকার এই কারণে যে, মানুষ সেখানে যাতে অভিযোগ করতে পারেন এবং সেই অভিযোগগুলির ভিত্তিতে তদন্ত করার ব্যবস্থা নেওয়া দরকার। এছাড়া বাসের লাইসেন্স করার ক্ষেত্রে কিছু কড়াকড়ি করতে হবে। লাইসেন্স রিনিউ হয়ে যায় এবং বাসের পারমিটও হয়ে যায়। এই ব্যাপারে সরকারি নিয়ন্ত্রণ থাকা দরকার। এছাড়া এস টি আই এবং আর টি আই এর মধ্যে সমন্বয় থাকা দরকার। শেষে আপনি বলেছেন যে, আরামবাগে এস বি এস টি সির টার্মিনাস করার কথা ছিল। আমি মনেকরি টার্মিনাস করা হোক এবং আরামবাগে বাস ডিপোর যে প্রস্তাব ছিল সেটাও শুরু করা হোক এবং কামারপুকুরে বাস টার্মিনাসের আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি শিবরাম চক্রবর্তীর একটা বই পড়েছিলাম। সেই বইটাব নাম হচ্ছে চক্রবর্তীরা কঞ্জুস হয়। কিন্তু আমার অভিজ্ঞতা অনুযায়ী চক্রবর্তীরা ভালো মন্ত্রীই হন। যতীন চক্রবর্তী, শ্যামল চক্রবর্তী, সুভাষ চক্রবর্তীর দপ্তর ইতিপূর্বেই সাফল্য অর্জন করেছে এবং তাদের নতুন দপ্তরও সাফল্য অর্জন করবেন, এই শুভেচ্ছা জানিয়ে আমি কয়েকটি কথা বলছি। এখানে বিবৃতির মধ্যে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, সেই পরিসংখ্যানে উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ, কলকাতা পরিবহন, অন্তঃরাজ্য পরিবহনে কংগ্রেস আমলের থেকে তুলনামূলকভাবে অনেক বাস বেড়েছে। এতে মানুষ উপকৃতও হয়েছে। কিন্তু পরিবহন সমস্যা এত তীব্র যে, এখন শহর, গঞ্জে সর্বত্রই মানুষকে বাদুড় ঝোলা হয়ে বাসে উঠতে হয়। এখানে দেবিপ্রসাদ বসু বলে একজন সদস্য ছিল তিনি হাউসে বলেছিলেন যে, আমরা যখন বাসে উঠি তখন পরিপাটি হয়ে, উত্তমকুমার হয়ে, চলতে চলতে হয়ে যাই গৌর নিতাই এবং তৈলঙ্গ স্বামী হয়ে নামি। এত বাস বেড়েছে তা সত্ত্বেও এখনও বাসের এরকম অবস্থা থেকে গেছে। সেজন্য বলছি ওকে বাসের ব্যাপারে আরও ভাবতে হবে। শুধু সরকারি বাসের মধ্যে দিয়ে সমস্যার সমাধান করা যায় কিনা, বেসবকারি উদ্যোগ গ্রহণ করা যায় কিনা এগুলো চিন্তা করবেন। আপনার উদ্ভাবনি শক্তি আছে আপনি বাসের ব্যাপারে এগুলো চিন্তা করবেন। এখানে কতকগুলো এয়ার-কন্ডিশন বাস চালান। চীন দেশে যখন পরিবহনের সমস্যা ব্যাপক ছিল তখন সেখানে পরিবহনের প্রাথমিক সমস্যা সমাধানের জন্য সাইকেলের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল। আমাদের এখানে পরিবহনের সমস্যা এত তীব্র যে এখানে পরিবহনের প্রাথমিক সমস্যা মেটানোর উপর গুরুত্ব দিতে হবে। এয়ার কন্ডিশন বাস থাকুক বিদেশি অতিথিদের জন্য। পরিবহন সমস্যার তীব্রতার জন্য এয়ার কন্ডিশন বাসের ব্যাপারে ভাবতে হবে। রাজ্যের আর্থিক অবস্থা ভাল নয়, মধ্যবিত্ত, নিম্নবিত্ত মানুষের সংখ্যা বেশি। সুতরাং এইরকম পরিস্থিতিতে শুধু উচ্চবিত্তদের প্রাথমিক সমস্যার সমাধান হলেই চলবে না। মধ্যবিত্ত, নিম্নবিত্তদের কথাও ভাবতে হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রীকে বলছি একটা সময় ছিল যখন ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ বাঙালি বৈমানিক ছিলেন। আমি প্রাদেশিকতার কথা বলছি না। কিন্তু এখন ভারতবর্ষের বৈমানিকের মধ্যে শতকরা ৮ জনও বাঙালি আছেন

কিনা সন্দেহ। বেহালাতে রাজ্য সরকারের একটা বৈমানিক প্রশিক্ষণ কেন্দ্র ছিল। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর ১৪ বছর ধরে বেহালার ঐ বৈমানিক প্রশিক্ষণ কেন্দ্রটি বন্ধ আছে। এটা খোলার কোনও চেষ্টা হচ্ছে না। এটা খোলার ব্যাপারে আপনারা রিপোর্টে লিখেছেন প্রশিক্ষক পাওয়া যাচ্ছে না। আজ বাঙালি ছেলেরা নানারকম পেশায়, বহুদিকে অগ্রসর হচ্ছেন। সেখানে আপনারা একটা সুযোগ তৈরি করে দেবেন। আমি আশা করব, আপনারা বেহালার বৈমানিক প্রশিক্ষণ কেন্দ্রটি খুলে সেখানে প্রশিক্ষণ বাড়ানোর সুযোগ করে দেবেন। আমরা অনেক সময় দেখেছি আমাদের রাজ্যের বাইরে, বহু রাজ্য, পর্যটকদের জন্য ছাত্র-ছাত্রি, নানা ধরনের মানুষ নানা বৃত্তির মানুষের জন্য কনডাকটেড ট্যুরের ব্যবস্থা করেছেন। দিল্লি, হরিয়ানা, গোয়ায় এই কনডাকটেড ট্যুরের ব্যবস্থা আছে। অবশ্য ট্যুরিজম হচ্ছে গোয়া রাজ্যের আয়ের প্রধান উৎস্য। কিন্তু আমাদের রাজ্যে কনডাকটেড ট্যুরের ব্যবস্থা নেই। আমাদের রাজ্যের মানুষ ভ্রমণ পিপাসু। যারা তাদের আর্থিক ক্ষমতা কম থাকার জন্য বাইরে যেতে পারছেন না তাদের জন্য কনডাকটেড ট্যুরের ব্যবস্থা করলে ভাল হয়। কনডাকটেড ট্যুরের মাধ্যমে তারা সারাদিন ধরে একটা অংশ দেখে আসতে পারেন। এ ব্যাপারে উদ্যোগ নিলে আপনারা বহু মানুষের আশির্বাদ পাবেন। এতে নিম্ন আয়ের মানুষরা বেড়ানোর সুযোগ পাবেন। এটা একটা ইতিবাচক কাজ হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কিছু সাজেশন রাখছি। সরকারি বাসের মধ্যে দিয়ে সমস্যার সমাধান সম্ভব না। এভাবে বাস পরিচালনা করতে পারবেন না। তার উপর ভর্তুকির ব্যাপার আছে। ভর্তুকি কর্মচারীদের জন্য চলে যাচ্ছে। ভর্তুকি দিয়ে বাস চালাতে হবে। কারণ পরিবহন একটা সেবামূলক কাজ। লস দিয়ে চালাতে হবে। তার সঙ্গে সঙ্গে আমরা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় দেখেছি যুবক-তরুণরা উদ্যোগ নিয়ে কোথাও ট্রেকার, কোথাও অটো-রিক্সা করেছেন, এসব পরিচালনা করছেন। কর্মসংস্থানের সুযোগ না পেয়ে তারা বিভিন্ন ধরনের কাজ করছেন। আমি জঙ্গীপুর সাব-ডিভিশনে দেখেছি সেখানে অসংখ্য ট্রেকার চলছে। সেই জায়গায় যুবক ছেলেদের কর্মসংস্থান হচ্ছে, পরিবহন ব্যবস্থারও উন্নতি হচ্ছে। অটো রিক্সা, ট্রেকার আরও বাড়াবার ব্যবস্থা করুন। এরজন্য ব্যাঙ্ক, ফিনান্সের সাথে কথা বলুন। এতে একদিকে যেমন তরুণ ছেলেদের সুযোগ হবে, অন্যদিকে পরিবহন ব্যবস্থারও উন্নতি ঘটবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরও কতগুলো দিক দেখতে হবে। পরিসংখ্যান দিয়েছেন কতগুলো বাস চলছে, চালু হয়েছে। চালু করলেন, কিন্তু মাঝখানে স্যাংশান্ড রুট বন্ধ হয়ে গেল, সেইগুলো চালু করার জন্য কি করলেন? প্রশ্নত্তোরের সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন, যেখানে যেখানে চালু হয়েছে, সেগুলো চালাবেন। কিন্তু বাস্তবে দেখছি, ৮০ থেকে ৮৪ একটানা বাস চলার পর প্রত্যন্ত গ্রামাঞ্চলে বন্ধ হয়ে গেল, নর্থবেঙ্গলে হল। এস.বি.এস.টি.সি., সি.এস.টি.সি বন্ধ হয়ে গেল। গ্রামাঞ্চল, মফস্বল শহরের সঙ্গে যোগসূত্র রক্ষার জন্য রেল কানেকটিং বাস চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে, এদিকে দৃষ্টি দেবেন। একথা স্বীকার করতে বাধা নেই যে, গণিখান চৌধুরী রেলমন্ত্রী থাকার সময় আমরা এই প্রস্তাব নিয়ে গিয়েছিলাম, সেটা তিনি গ্রহণ করেছিলেন। কিন্তু বাস মালিকরা যোগসাজস করে টেন্ডার গ্রহণ করে নি। কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেলে সরকারি বাসও চালাতে হবে। আর.টি.এ. ঠুটো জগন্নাথ হয়ে আছে, তাদের ক্ষমতা নেই, যদিও একটা স্ট্যাটুটরি বডি আছে, তারা কিছুই করতে পারে না, নিয়ন্ত্রণ করতে পারে না, শুধু একটু পেনাল্টি করলেই হয় না। আর.টি.এ.কে ঢেলে সাজাতে হবে। শুধু নাম কা ওয়াস্তে

রাখলে হবে না, আর.টি.এ.র বডি বড় করুন, মালিকদের হাতে ক্ষমতা দিন। দূরবর্তী বাসগুলোকে অনুমোদন দিন। এই যে পর্বত প্রমাণ পরিবহন সমস্যা, এই সমস্যা দূর করার জন্য সরকারি এবং বেসরকারি উদ্যোগ নিতে হবে। অর্থাৎ, যেভাবে চলছে, এতে একটু পেরেস্ত্রৈইকা, গ্লাস্তনস্ত করুন না তাতে তো মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। আমরা যা করছি, আমাদের করতে হবে। আপনি পারবেন, আমরা আপনার পেছনে আছি। এই পরিবহন সমস্যার সমাধান হবে, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 P.M.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, প্রথমে নতুন মাননীয় পরিবহনমন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানাই। আমরা আশা করব, আমাদের পরিবহন দপ্তরের নতুন ভারপ্রাপ্ত মন্ত্রী আমাদের জনগণকে পরিবহন ব্যবস্থায় কিছুটা স্বাচ্ছন্দ দিতে পারবেন। স্যার, এই বাজেটের মধ্যে কলকাতার বিভিন্ন ধরনের পরিকল্পনার কথা বলা হয়েছে। উড়াল-পুল, সিগন্যাল ইত্যাদির কথা বলা হয়েছে। স্যার, এবিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে মফস্বলের দিকে নজর দিতে বলব। যদিও এতে মফস্বলের দিকে বিভিন্ন বাস স্ট্যান্ড নির্মাণের কথা বলা হয়েছে। কিন্তু আমি জানি আমাদের জেলা মেদিনীপুরের মেচেদা, খড়গপুর কাঁথি প্রভৃতি জায়গার বিভিন্ন কাজ, বিভিন্ন উন্নয়নমূলক কাজ করার ক্ষেত্রে একটা অব্যবস্থা দেখা যায়। খড়গপুরেও এইরকম অবস্থা দেখা যাচ্ছে। সেখানে মিউনিসিপ্যালিটি বলছে পি.ডব্লু.ডি. করবে, পি.ডব্লু.ডি. বলছে রেল করবে। এইরকম একে অন্যকে দেখিয়ে দিচ্ছে। কাজ হচ্ছেনা।

স্যার, কলকাতায় যে ট্রাম কোম্পানি আছে, বলা হচ্ছে, এটা নাকি উঠে যাচ্ছে। অথচ আমি বাজেট বই পড়ে তার কিছুই বুঝতে পারলাম না। এটাকে রাখা হবে কি হবেনা তা বুঝতে পারলাম না। আমার মনে হয়, কলকাতা শহরে বহু বৃদ্ধ বা পঙ্গু যারা যাতায়াত করেন তাদের ক্ষেত্রে ট্রামে ভ্রমণ স্বাচ্ছন্দ দিয়ে থাকে। এছাড়াও ট্রাম অন্যান্য গাড়ির থেকে পরিবেশ দূষণ কম করে এবং শব্দ দূষণও কম করে। তাই ট্রামকে কলকাতার বুকে রাখার প্রয়োজনীয়তা রয়েছে।

স্যার, ট্যাক্সি চালকদের জন্য জীবন-বিমা পরিকল্পনার কথা বলা হয়েছে। আমাদের দেশে সরকারি এবং বে-সরকারি দু-ধরনের পরিবহন ব্যবস্থা রয়েছে এবং কর্মচারী রয়েছে। কিন্তু বে-সরকারি শ্রমিকরা মালিকদের দ্বারা শোষিত হচ্ছে। তাদের কোনও অ্যাপয়েন্টমেন্ট লেটার দেওয়া হয়না। তাদের গ্রাচ্যুইটি বা পেনসনেরও কোনও ব্যবস্থা নেই। এমনকি তাদের জন্য কোনও বিমার ব্যবস্থা নেই। সম্পূর্ণভাবে তারা মালিকদের দয়ার উপর বেঁচে রয়েছে। আমরা আর.টি.এ.-কে বলেছি, আপনারা পার্মিট দেবার সময় এই শর্ত পালন করা হচ্ছে কিনা সেটা দেখুন। প্রতিটি বাসে যে পাঁচজন করে স্টাফ থাকে তাদের স্বার্থ রক্ষা করার জন্য আমাদের নতুন মন্ত্রীর কাছে আবেদন করব। এছাড়া আমাদের উত্তর-বঙ্গ এবং দক্ষিণ-বঙ্গে যে সমস্ত সরকারি পরিবহন কর্মী রয়েছে। তাদের মধ্যে কিছু কিছু কর্মী এখনও টেম্পোরারি বা ক্যাজুয়াল হিসাবে কাজ করে। যেহেতু বেসরকারি মালিকরা কর্মচারীদের নো-ওয়ার্ক, নো-পে প্রথায় কাজ করান সুতরাং যতদিন কাজ করান বেশি বেশি পয়সা দেন। কিন্তু এখানে কাজ করলেও তারা যেহেতু ভবিষ্যতে পেনসন, পাননা তাই আবার বেসরকারি মালিকদের কাছে চলে যান।

এটা আমার জেলাতেও দেখছি। এব্যাপারে নতুন মন্ত্রীকে দৃষ্টি দিতে বলব। বে-সরকারি কর্মচারী এবং দক্ষিণ-বঙ্গে বা উত্তর-বঙ্গে যে সমস্ত কর্মচারীরা টেম্পোরারি প্রথায় কাজ করছেন তারা যাতে সুযোগ-সুবিধা পায় সেটা দেখা দরকার। কারণ আমাদের বামফ্রন্ট সরকারের লক্ষ হচ্ছে বঞ্চিত, পেছিয়ে পড়া মানুষের স্বার্থ রক্ষা করা। একথা অস্বীকার করে লাভ নেই, ৫০ দশকে মেদিনীপুরের বিভিন্ন প্রত্যন্ত গ্রামে যেতে গেলে পায়ে হেঁটে যেতে হত। কিন্তু এখন এই বামফ্রন্ট সরকার এসে সেইসব স্থানে বে-সরকারি বাসের সংখ্যা বেড়েছে, সরকারি বাসের সংখ্যা বেড়েছে। আমাদের জেলা-স্তরের সঙ্গে মহকুমা শহরের এবং রাজধানির যোগাযোগ আরও ভালো হয়েছে।

এখন আমাদের গ্রামের মানুষের মানষিকতার পরিবর্তন হয়েছে। এখন তারা দ্রুতগামি বাসে উঠতে চায়, তাই তারা ট্রলি করে যাতায়াত করে। সুতরাং আমাদের ছোট ছোট বাইলেন যেগুলি রয়েছে সেখানে বাস চালাবার চেষ্টা করতে হবে। সেইসঙ্গে আমি জয়ন্তবাবুর সাথে একমত যে পশ্চিমবাংলার বাঙালি ভ্রমণ বিলাসি, বিভিন্ন রাজ্যে তারা ভ্রমণ করতে চায়। সেখানে সরকার থেকে বিভিন্ন কনডাকটেড ট্যুর বিভিন্ন রাজ্যের পর্যটন দপ্তরের সহযোগিতায় আপনারা যদি বাসের সাহায্যে এই ব্যবস্থা করতে পারেন তাহলে সরকারের একটা আয় হতে পারে। সুতরাং মাননীয় পরিবহনমন্ত্রীকে এদিকে একটু চিন্তা-ভাবনা করতে বলবো। আরেকটি কথা হচ্ছে আমাদের বিভিন্ন জায়গায় যে সমস্যা রয়েছে আর.টি.এ. বা এস.টি.এ. দের যে কাজকর্ম সেটা জনসাধারণের সামনে সব সময় ধরা পড়ে না, ফলে তারা সমালোচনা মুখর হয়ে ওঠে। আমি বলবো এদের কাজ কর্মের দিকটা একটু খতিয়ে দেখতে। বিশেষ করে তারা বেসরকারি বাস মালিকদের স্বার্থ দেখেন। সরকারি বাসের টাইমিংসে গন্ডোগোল থাকে। আমরা দেখেছি সরকারি বাস ছাড়ছে তখন ঠিক একই সময়ে বেসরকারি বাসগুলিও ছাড়ছে। যাত্রিরা বেসরকারি বাসকে ঘিরে ধরলে সরকারি বাস তারা ওই সমস্ত দেখে পাশ কাটিয়ে চলে যান, অনেক সময় নির্দিষ্ট সময় দাঁড়িয়েও যাত্রিরা বাস পান না। এটাতে গুরুত্ব দেওয়া দরকার। একথা ঠিক যে আমাদের ভরতুকি দিতে হচ্ছে, ক্রমশ ক্রমশ সেই ভরতুকি আমাদের কমিয়ে আনতে হবে, কিন্তু আমরা এখন পর্যন্ত সেই মানষিকতায় যেতে পারি নি। আরেকটি জিনিস আমরা দেখেছি সরকারি বাস চলতে চলতে হঠাৎ বিকল হয়ে গেলে যাত্রিদের রাস্তায় নেমে দাঁড়িয়ে থাকতে হয়, যাদের পকেটে পয়সা থাকে তারা আবার একটা অন্য বাস ধরে চলে যান, কিন্তু যাদের পকেটে পয়সা থাকে না, তারা আরেকটি সরকারি বাস না আশা পর্যন্ত অপেক্ষা করতে থাকেন। এই নিয়মটা খারাপ। সুতরাং এই সমস্যাগুলি খতিয়ে দেখার দরকার এবং একটা নতুন দৃষ্টিভঙ্গি গ্রহণ করে আমাদের পশ্চিমবাংলার মানুষের জীবনে যাতে স্বাচ্ছন্দ্য আনা যায় তারজন্য ভাবা দরকার, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**श्री लगनदेव सिंह :** माननीय डिप्टी सर, सबसे पहले ट्रान्सपोर्ट मिनिस्टर द्वारा जो प्रस्तुत जा बजट है उसका समर्थन कर रहा हूँ और समर्थन करते हुए संक्षेप में दो-चार बात कहना चाहता हूँ। सर, इसमें पहले हमारे अन्य ट्रान्सपोर्ट द्वारा संचालित कारपोरेशन हैं, ट्रामवेज कम्पनी, नोर्थ बंगाल स्टेट ट्रान्सपोर्ट है इन सब पर विस्तार से वक्तव्य रखे हैं मै संक्षेप में कहना चाहता हूँ। आज जितने भी ट्रान्सपोर्ट कारपोरशन द्वारा चलाई

जा रही है वामफ्रन्ट सरकार इसे जनहित में सुचारू रूप से ला रही है और लोगों को हर प्रकार की सुविधा मुहैया करा रही हैं। मगर लगातार कोशिश हो रहा है घाटे के इस मेन रेसिओ को कमाया जा सके और कम करने के लिए चेष्टा कर रही हैं। और इस संवंध मे हमारे नए परिवहन मंत्री ने ट्रान्सपोर्ट प्रोग्राम मे आपलोगो की सुविधा के लिए भरपूर कोशिश किए हैं। मगर एक वात की ओर परिवहन मंत्री का ध्यान दिलाना चाहता हूँ। आज भी जितने भी इन्टर स्टेट और यहां से विभिन्न जिलो को जाने वाली वसे विना परमिट के आ जा रही हैं। वहुत वड़ा हिस्सा हैं जो विना परमिट के पुलिस के साथ उसके सहयोग से आ-जा रही हैं। और ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट इसके उपर अंकुश नही लगा पा रही हैं। इससे ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट को वहुत वड़ा रेभेन्यू लोस हो रहा हैं और ट्रान्सपोर्ट डिपार्टमेन्ट सही ढंग से अंकुश नही लगा पा रही हैं। जवकि हावड़ा से पुरी जा रही हैं। हावड़ा से रांची जा रही हैं, कलकत्ता से दार्जिलिंग जा रही हैं और यह आम बात हो गयी हैं रांकेट वसे भी विना परमिट द्वारा चलाई जा रही हैं, डिपार्टमेन्ट को भी जानकारी हैं। में माननीय मंत्री को सलाह देना चाहूँ कि जिस तरह कि व्यवस्था दिल्ली वगैरह जगहो मे हैं जहां प्राइवेट वसो पर अंकुश लगाकर उसे अपने नियंत्रण मे रखो हैं, इससे प्राइभेट वसो द्वारा गलत काम पर काफी हद तक रूकावह पैदा होता हैं। इस पुजीवादी युग मे हम अंग राज्य मे काम कर रहे हैं जहाँ ट्रान्सपोर्ट पर इतना अधिक पैसा खर्च किया जा रहा हैं। जवकि स्वास्थ्य हैं वहुत से स्वास्थयकेन्द्र हैं वहाँ पूरी तरह से दवाइयां नही हैं। स्कुल की व्यवस्था किया जाए। प्राइवेट वसो की हालत काफी अच्छा हैं। में वैसे नही कह रहा हूँ कि प्राइवेट वसो को वढावा दिया जाए। लेकिन देखा जा रहा हैं कि सरकारी वसो की हालत खास्ता हैं और प्राइवेट वसो को जो आपरेटर चला रहे हैं वह एक दो महीने में या दो-तीन वर्ष मे देखा जाता हैं कि वह दुसरी वस करलेते हैं। जककि हमारी सरकारी वसो की हालत खास्ता हो चुकी हैं। इन्टर ट्रान्सपोर्ट वसो को अपने हाथो मे नियंत्रन रखकर सरकार दिल्ली वाली नीति अपनाए तो मै समझता हूँ इससे आमलोगो को अधिक से अधिक वस सुविधा भी मुहैया करा सकते हैं और साथ-ही-साथ गवर्नमेन्ट रेभेन्यू भी वढाया जा सकेगा और इससे गवर्नमेन्ट को लाभ भी होगा।

[3-40 — 3-50 P.M.]

दुसरा जो परिवहन की व्यवस्था हैं वह हैं वाटर ट्रान्सपोर्ट की। इससे सरकार सहयोग कर रही हैं और यह सुचारूरूप से चल रही हैं। वाटर ट्रान्सपोर्ट इसके वारे मे थोड़ा प्रकाश डालना चाहुँगा। 1977 में जव वामफ्रन्ट सरकार आई जो उसने इसपर विशेश जोड़ दिया और आज इसका नतीजा किसी से छिपा नही हैं। लोगो की सेवा मे तत्पर हैं। आज

लाखो यात्री नदी के इस पार से उस पार जाते हैं फेरी सर्विस के जरिए। आज हुगली नदी जलपथ परिवहन समवाय समिति और वेस्ट बंगाल वाटर सरफेस् ट्रान्सपोर्ट कारपोरेशन ने पूरे पश्चिम बंगाल मे एक अलग पहचान वना ली हैं। दक्षिणेश्वर, नूरपूर तक पानी के अन्दर लगता हैं जैसे फेरी सर्विस का जाल बिछा दिया गया हैं और कभी-कभी तो ऐसी स्थिति आती हैं कि पानी के अन्दर भी ट्राफिक जाम हो जाता हैं। आज लोगो को वसो से भी अधिक सुविधा है और राज्य सरकार जल परिवहन को बढ़ावा दे रही हैं। जो कि काविले तारिफ हैं। लेकिन यहाँ भी कुछ गौर करने की वात हैं। आज वाटर ट्रान्सपोर्ट परिवहन के अन्दर कुछ आंरगनाइजेशन हैं जिसमे की कम्पीटिसन हो गया हैं जो कि गलत वात हैं।

जो वेस्ट वंगाल वाटर सरपेस ट्रान्सपोर्ट के जरिए रूरल इलाको ग्रामीन इलाकोमें जो लोग रहते हैं मुहैया कराया जाएगा। जहाँ के लोग इकानाकि रूप से पिछड़े हुए हैं। सरफेस ट्रान्सपोर्ट के तहत सागर और नामखाना उन इलाको मे अधिक-से अधिक दिया जाएगा। ऐसा देखा जा रहा हैं रूरल इलाका आज भी उपेक्षित हैं। 16 भेसल मे॥ भेसल शहरो मे है जवकि पांच-छ: भेसल वहां चलाया जा रहा हैं। मै माननीय मंत्री महोदय से कहना चाहता हूँ कि नामखाना, काकदीप इलाको में 20 लाख–22 लाख लोग रहते हैं तथा वहां ट्रान्सपोर्ट सही करना हैं तो वाटर ट्रान्सपोट पर विशेष जोड़ देना होगा और वहाँ भेसल मुहैया कराना होगा। और अधिक-से-अधिक उस लोगों को सुविधा प्रदान कराना होगा। पिछले दिनी आप लोगो ने देखा भुटभुटिया जो नदी मे चलते हैं सीमा से अधिक लोगो को वैठा लेते है और इससे दुर्घटना घट जाती हैं। सागर इस ओर नजर दे और सागर के तरफ अधिक से अधिक ऐसी व्यवस्था हो जिससे दुर्घटना को रोका जा सके ऐसा इन्फ्रास्ट्रक्चर को करना होगा। समय कम हैं।

मै माननीय मंत्री को नजर दिलाना चाहता हूँ। पिछले दिनी नादिरगंज मे जेटी दुर्घटना हो गयी थी। इसमे कांफी लोगो की मौत हो गयी थी। इसके वाद गवर्नमेन्ट ने यह फैसला लिया कि जो संस्था जेटी का व्यवहार कर रहे हैं उनको मेन्टेन्से कराना होगा रिपेयरिंग कराना होगा। मै इस अम्र ध्यान दिला चाहूँगा रिपेयरिंग के लिए जो टेकनीकल मशीन की आवश्यकता होती हैं वह आज गवर्नमेन्ट के पास भी नही हें शिवा सी०पी०टी० को छोड़कर। यह काम वड़ा मुश्किल हैं। इसकी पूरी व्यवस्था गवर्नमेन्ट करे और उनका रिपेयरिंग भी अपने से करे। गवर्नमेन्ट रिपेयरिंग करती हैं तो यह सर्विस को चालू रखा जा सकता हैं और आने वाली दिनो मे एक मिशाल कायम करेगा। अगर गवर्नमेन्ट मेन्टनेन्स करती हैं तो फेरी सर्विस को और आगे वढाया जा सकेगा। और ट्रान्सपोर्ट के क्षेत्र मे

सरकार को लोगों की सेवा करने मे काफी मद्दगार सिद्ध होगा। इन्ही शब्दो के साथ अपनी बात खत्म करता हूँ।

[3-50 — 4-00 P.M.]

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার অধিবেশনে আমাদের পরিবহন দপ্তরের পক্ষ থেকে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করা হয়েছিল সেই দাবির উপর এ পর্যন্ত ৬ জন মাননীয় সদস্য আলোচনার অংশ গ্রহণ করেছেন। যে ৬ জন সদস্য আলোচনায় অংশ গ্রহণ করেছেন তারমধ্যে কংগ্রেসহীন অধিবেশনে এস.ইউ.সির মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়ই মূল বিরোধিতার দায়িত্ব কাঁধে তুলে নিয়ে বক্তব্য রেখেছেন। তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বিরোধিতার কথা বললেও তার বক্তব্যের মধ্যে তীব্রতার প্রকাশ পায়নি। মূলত তিনি তাঁর অভিজ্ঞতার ভিত্তিতে কিছু পরামর্শ উপস্থিত করেছেন। আমি তার আনা কাট-মোশনের বিরোধিতা করছি এবং তিনি যে বক্তব্য এখানে পরামর্শ আকারে হাজির করেছেন তারমধ্যে যেগুলি গঠনমূলক তা নিশ্চয়ই আমাদের দপ্তরের ভাবনা-চিন্তার মধ্যে থাকবে। বাকি ৫ জন সরকারপক্ষের সদস্যরা বক্তব্য রেখেছেন। তারা তাদের অভিজ্ঞতার কথা এখানে তুলে ধরেছেন। আমি তারজন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি। একথা সকলের অবগতির মধ্যে আছে যে, জনজীবনের গুরুত্বপূর্ণ সমস্যা গুলির একটি হল পরিবহন সমস্যা। একথা আমরা অবগতির মধ্যে রেখে এবং আমাদের বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কিভাবে এই সমস্যার সমাধান করা যায় তারজন্য পরিপূর্ণ ব্যবস্থা করা এই ব্যবস্থাপনার মধ্যে সম্ভব নয় এটা আমরা জানি। তাসত্ত্বেও আমাদের সীমাবদ্ধতার মধ্যে আমাদের সরকার পক্ষ থেকে সেই চেষ্টা এখনো করা হচ্ছে। এর বাস্তব প্রতিফলন আমরা উপলব্ধি করতে পারি যে বিগতদিন পরিবহনের ক্ষেত্রে যে সমস্যা ছিল সেই সমস্যা আজকে আর ঠিক সেই জায়গায় নেই, তার কিছুটা অগ্রগতি হয়েছে। এটা ঠিকই, প্রয়োজনের তুলনায় এই অগ্রগতি হয়তো কম, কিন্তু যে অবস্থার মধ্য দিয়ে আমাদের রাজ্য সরকারকে চলতে হয়, যে আর্থিক ক্ষেত্রে সীমাবদ্ধতা একথা যদি আমরা স্মরণে রাখি তাহলে নিশ্চয়ই আমরা আমাদের অভিজ্ঞতাকে মিলিয়ে নিতে পারবো যে, আগেকার চেয়ে যে পরিবর্তন সেই পরিবর্তন সরকারের আন্তরিক প্রচেষ্টার মধ্য দিয়ে সংগঠিত হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় এখনো তিন-চতুর্থাংশ পরিবহন ব্যবস্থা বেসরকারি ব্যবস্থার উপর নির্ভরশীল, কিন্তু তার পাশাপাশি সরকারি ব্যবস্থাকে জোরদার করার ক্ষেত্রে বিগত বছরগুলিতে আমাদের পরিবহনের ক্ষেত্রে যে সংস্থাগুলি আছে, যেমন, উত্তরবঙ্গ পরিবহন সংস্থা থেকে শুরু করে দক্ষিণ বঙ্গ পরিবহন সংস্থা এবং কলিকাতা পরিবহন সংস্থা এগুলিকে কি করে শক্তিশালি করা যায় তারজন্য প্রচেষ্টা আমাদের সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে। তাছাড়াও সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের মধ্য দিয়ে আরও নতুন এলাকায় যাতে পরিবহনের সুযোগ পৌঁছে দিতে পারি তারও প্রচেষ্টা গ্রহণ করেছি। এ ছাড়া এ প্রচেষ্টাও আমরা নিয়েছি, যাতে কখনও বেসরকারি বাস মালিকরা পরিবহনের গোটা ব্যবস্থাটাকে কুক্ষিগত করে নিয়ে মানুষের উপর তাদের যে ইচ্ছা সেই ইচ্ছার বাস্তব প্রতিফলন ঘটাতে না পারে তারজন্য পাশাপাশি সরকারি ব্যবস্থাপনাও জোরদার করার চেষ্টা করেছি। বিগতদিনে এই পরিবহনের অবস্থান কোনও জায়গায় ছিল, বিগত বছরগুলি থেকে কার্যক্রমের মধ্যে পরিবর্তন

কতখানি হয়েছে তা আমাদের বাজেটে যে বক্তব্য আছে সেই বক্তব্যের মধ্য দিয়ে উল্লেখ করা আছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই তা দেখেছেন। নিশ্চয়ই মাননীয় সদস্যরা লক্ষ করেছেন সরকারি বাসের কর্পোরেশনগুলোর কোথায় অবস্থান। সেইসব সংস্থার কর্মচারীদের নানা সমস্যা রয়েছে। বামফ্রন্ট সরকার আসার পর আমাদের যে সরকারি কর্পোরেশনগুলো, সেইগুলো আরও অনেক বেশি মজবুত করতে পেরেছি, এই কথা বলবো না, কিন্তু বামফ্রন্ট সরকার আসার আগে যে অবস্থায় ছিল, তার থেকে অনেক অগ্রগতি ঘটাতে পেরেছি। যেমন উত্তরবঙ্গ পরিবহন সংস্থা, দক্ষিণ বঙ্গ পরিবহন সংস্থা, এইগুলো নিশ্চয়ই উল্লেখযোগ্য। সাম্প্রতিক কালে কলকাতায় যান জটের যে অসুবিধা, তাকে দূর করার জন্য কলকাতায় আমাদের সি.টি.সি.'র তরফ থেকে যে বাস চালানোর পরিকল্পনা, সি.টি.সি সেই সংস্থার কর্মচারীদের নিয়ে নতুন বাস চালাচ্ছে, মানুষের সুবিধার জন্য পরিবহনের যে কার্যক্রম তা শুরু করেছে এবং তার সুফল কলকাতা এবং কলকাতা সংলগ্ন শহরতলির মানুষ তা পেয়েছে। তবে আমাদের নানা সমস্যা আছে। কলকাতার যান জটের কথা আমাদের মাননীয় মন্ত্রী সুভাষবাবু বলবেন। এইসব সমস্যার একদিনে সমাধান হয়ে যাবে, সেইরকম যন্ত্র আমাদের নেই, যে যন্ত্রে সুইচ টিপে যান জটের সমস্যার সমাধান করে দেওয়া যায়। এরজন্য আমাদের সুদূর প্রসারি পরিকল্পনার প্রয়োজন। সেই পরিকল্পনা আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে। আপনারা শুনেছেন কলকাতার এই অবস্থার পরিবর্তন করার জন্য, যানজট সমস্যার সমাধানের জন্য মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরের সময়ে বলেছেন এবং আজকেও বাজেটের জবাবি ভাষণে বলবেন কিভাবে আমরা কলকাতার অবস্থার পরিবর্তন করতে পারবো। কলকাতাকে যানজট মুক্ত না করতে পারলে কলকাতার উন্নতি অসম্ভব। মাননীয় সরকারি সদস্যরা আমাদের জেলাগুলোর আর.টি.এ. গুলোকে আরও ক্ষমতা দেবার কথা বলেছেন। কিন্তু দিল্লির সরকারের যে আইন, তার দ্বারা তাদের ক্ষমতা সংকুচিত হয়ে রয়েছে, তারজন্যই নানা অসুবিধার সম্মুখীন হতে হয়। আমাদের রাষ্ট্রায়ত্ব সংস্থাগুলো, এইগুলোর ক্ষেত্রেও তাদের তীব্র বিরোধিতা ছিল, এইগুলো ভর্তুকি দিয়ে যেন না চলে। কিন্তু আমাদের নীতি হচ্ছে, আমাদের রাজ্যের মানুষের সুবিধা দেবার জন্য লাভ ক্ষতি দেখলে চলবে না। এইজন্য ভর্তুকির দায় ভার আমাদের বহন করতে হয়েছে। আমরা সাধারণ মানুষের অসুবিধার কথা মনে রেখে কলকাতা সহ ১৮টি জেলার মানুষের, গ্রামের মানুষদের পরিবহনের ন্যূনতম সুযোগ দিতে হচ্ছে। বাজেট বক্তব্যে বলা হয়েছে এস.টি.এ.'র পক্ষ থেকে কতকগুলো নুতন রুট চালু করা হয়েছে। সেখানে কতকগুলো নুতন বাস আমরা মানুষের জন্য আরও দিতে পেরেছি। এইরকম ভাবে আর.টি.এ.'র একদম ক্ষমতা নেই এটা বলবো না। আমি মেদিনীপুর জেলার পরিবহনের সঙ্গে যুক্ত হওয়ার সুবাদে জানি, সেখানে আমরা ন্যূনতম সুফল পেয়েছি, সেই কথা আমি বলতে পারি। সুতরাং আমার বক্তব্য আর দীর্ঘায়িত করবো না, মাননীয় মন্ত্রী সুভাষবাবু বলবেন। এই ব্যয় বরাদ্দের উপর মাননীয় সদস্য যারা বক্তব্য রেখেছেন সরকারি পক্ষ এবং বিরোধী পক্ষের, সেইসব সদস্যদের ধন্যবাদ জানিয়ে এবং কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 P.M.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন দপ্তরের ব্যয়বরাদ্দ সম্পর্কে

যে বাজেট বক্তৃতা আমি উপস্থিত করেছি তাতে যারা আলোচনায় অংশ গ্রহণ করেছেন তাদের সকলকেই আমি ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। স্যার, এই বিধানসভায় আমি যতদিন আছি এই পরিবহন দপ্তরের ব্যয়বরাদ্দ সম্পর্কে আলোচনায় আমি বলতে পারি এত সুবিন্যস্ত এবং গঠনমূলক আলোচনা ইতিপূর্বে কখনও এইভাবে হয়নি। যদিও তার একটা প্রধান কারণ আমাদের কংগ্রেস দলের বিধায়কদের অনুপস্থিতি। আমাদের বামফ্রন্টের যারা আছেন তারা ইতিবাচক কথার উপরই গুরুত্ব দিয়েছেন। একথা ঠিকই যে প্রয়োজনের তুলনায় আমাদের সঙ্গতির অভাব আছে। এই কলকাতা শহর শুধুমাত্র আমাদের রাজ্যেরই প্রাণ কেন্দ্র নয়, গোটা ভারতবর্ষের পূর্বাঞ্চলেরও প্রাণকেন্দ্র। সামগ্রিকভাবে বলতে গেলে বলতে হয় গোটা দেশের পূর্বাঞ্চলের প্রাণকেন্দ্র হচ্ছে এই কলকাতা শহর। ঐতিহাসিক কারণে এবং প্রয়োজনে কলকাতা শহর গড়ে উঠেছে যে প্রক্রিয়া এবং যেভাবে নানান ঘাত-প্রতিঘাত, দ্বন্দ্ব সংঘর্ষ, রাজনৈতিক নানান পট পরিবর্তন, দেশ বিভাগ-এর দায়দায়িত্ব কলকাতা শহরকে বহন করতে হয়েছে তা সকলেই জানেন। যেভাবে কল্পনায় এক সময় ইংরাজ এই শহর গড়ে তুলেছিল তাতে ১০ লক্ষ মানুষ বাস করবে বলে তারা ভেবেছিল, এখন সেখানে ৬০ লক্ষের বেশি মানুষ স্থায়ীভাবে কলকাতায় বাস করছে এবং ৩০ লক্ষের বেশি মানুষ প্রতিদিন পাশ্ববর্তী অঞ্চল থেকে কলকাতা শহরে এসে আবার ফিরে যাচ্ছে। কলকাতার মতোন বিচিত্র সমস্যা সম্ভবত পৃথিবীর খুব কম বড় শহরেই আছে। এখানে শুধু পরিবহনের সমস্যাই নয়, এখানকার পানীয় জলের সমস্যা, জঞ্জাল অপসারণের সমস্যা, নানান ক্ষেত্রে পরিষেবা দেবার নানান জটিল সমস্যার মুখোমুখি এই কলকাতা শহর দাঁড়িয়ে রয়েছে। আমাদের দেশে বম্বের হয়ত এরকম কিছুটা আছে। অত্যন্ত গভীর এবং ব্যাপক সমস্যার চাপ প্রতিদিন, প্রতিক্ষণ কলকাতার উপর পড়ছে। এটা অন্য কোথাও নেই। বাস্তবের সঙ্গে সঙ্গতি রেখে, চাহিদা এবং প্রয়োজন-এর তাগিদে, যুগ এবং কালের গতির সঙ্গে সঙ্গতি রেখে এখানে পরিবহনের ব্যবস্থা করা খুবই কঠিন কাজ এবং খুবই ব্যয়বহুল। এরজন্য খুব ধৈর্যশীল প্রচেষ্টার প্রয়োজন। কলকাতার পরিবহন মানে সারা রাজ্যের পরিবহন। তার কারণ এর আশেপাশের জেলাগুলিতে প্রায় ২।। কোটি লোকের বাস। এটা প্রায় তাদের দৈনন্দিনের কর্মক্ষেত্র। ২০ বছর আগে কলকাতার পাশ্ববর্তী অঞ্চল থেকে যে পরিমাণ লোক তাদের প্রয়োজনে তাগিদে শহরে আসতেন এখন তার চেয়ে অনেক বেশি মানুষ এখানে আসছেন। এই তো বারাসাত, বসিরহাট, হিঙ্গলগঞ্জ, বনগাঁ, বাগদা থেকে ৯ মাসে ৬ মাসে বা পূজার সময় একবার যারা কাপড় কিনতে কলকাতায় আসতেন আজকে সেই মানুষরাই অন্তত দুশোবার কলকাতায় আসেন। হাসপাতালে চিকিৎসার প্রয়োজনে, শিক্ষার তাগিদে, অন্য প্রয়োজনে তাকে বারবার কলকাতায় আসতে হচ্ছে। আপনারা জানেন যে এখানে বামফ্রন্ট সরকার থাকার ফলে কর্মতৎপরতা, কর্মকান্ড অন্য জায়গার তুলনায় লক্ষ্যমাত্রা হিসাবে অনেক বেশি বৃদ্ধি পেয়েছে। তারফলে যান চলাচলের যে তাগিদ প্রয়োজনও বাড়ছে। সেইসঙ্গে আধুনিকতার প্রশ্ন, সময় সংক্ষেপে যাতায়াতের বিষয়টিও মানুষকে ভাবায়িত করেছে। সব মিলিয়ে পরিবহন সমস্যা সমাধান করার মতো একটা গুরুত্বপূর্ণ ব্যাপার আমাদের সরকারের সামনে এসেছে। এটা শুধু পরিবহন দপ্তরের একটা সমস্যা নয়। আজকে আমাদের রাজ্যের সামগ্রিক যে উন্নয়ন, কলকাতার সচলতার গতি বৃদ্ধি, রাজ্যের নানা যে কর্মকান্ড, তার প্রধান পরিকাঠামো হচ্ছে পরিবহন। রাজ্যের জীবন্ত অবস্থাকে রক্ষা করা, তার প্রাণ চাঞ্চল্যকে রক্ষা করাকেই এটাতে সরকার অগ্রাধিকার দিয়েছে।

তার কতকগুলি ছাপ গত কয়েক বছরে লক্ষ্যনীয়ভাবে পড়েছে। তবে একটা কথা নিশ্চয়ই এই প্রসঙ্গে এসে যায় লাভ, অলাভ, ভরতুকি দেওয়া, ভরতুকি না দেবার ব্যাপার। নিশ্চয়ই লাগামহীন ভাবে ভরতুকি দেবার ব্যাপারে কেউ একমত হবেন না। এটা পৃথিবীর সর্বত্রই স্বীকৃত যে, একটা কল্যাণ রাষ্ট্রের কিছু অতিরিক্ত দায়িত্ব আছে। সমাজকে কর্মচাঞ্চল্য রাখা, তার আর্থিক কর্মকান্ডের যে গতি, সেই গতিকে গতিশীল করে রাখা, তাকে সঠিকভাবে চালু রাখার প্রশ্নে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার উভয় সরকারের একটা বড় দায়িত্ব আছে। সেইসঙ্গে লাগামহীন ব্যয় বৃদ্ধি করাও সম্ভব নয়। এমন কি মার্কিন যুক্তরাষ্ট্রের যে প্রধান শহর নিউ ইয়র্ক, সেখানেও যেসিটি ট্রান্সপোর্ট আছে তাও চলছে সাবসিডাইসড রেটে। মেকসিকো বলুন, লন্ডন বলুন, আর নিউ ইয়র্কই বলুন, পৃথিবীর সর্বত্র বড় শহরে সরকারকে ভরতুকি দিতে হয় যানবাহন চলাচলের ক্ষেত্রে, এটাই বাস্তব। এটা এই নয় যে দার্শনিক দৃষ্টি থেকে গরিব মানুষের সেবা করছি। সামগ্রিক উৎপাদন প্রক্রিয়া, অর্থনৈতিক কর্মকান্ডকে রক্ষা করতে গেলে শহরের প্রাণ কেন্দ্র, বানিজ্য কেন্দ্র থেকে উৎপাদনের মূল জায়গায় যাতায়াতের ব্যাপারটি যাতে সব সময়ে সচল থাকে সেটা দেখার প্রয়োজনীয়তা আছে। এতে শুধু মাত্র যে ব্যক্তিগত যাত্রিরাই লাভবান হয় তা নয়, সামগ্রিকভাবে সরকার এবং সমাজও উপকৃত হয়। এরফলে সরকারের ট্যাক্স বাড়ে এবং সমাজে সুস্থিতি বেশি আসে। সেই পথকে সামনে রেখে আমাদের সরকার ৬টি কর্পোরেশনের সাহায্যে আমাদের মূল শহর কলকাতা এবং তাকে ঘিরে যে পরিবহন ব্যবস্থা, তাকে রক্ষা করা, অব্যাহত রাখার চেষ্টা আমরা করছি। আর একটা কথা হচ্ছে, পরম্পরার মধ্যে দিয়ে ব্যক্তিগত মালিকানাধীন যে সংস্থাগুলি আছে তাকে দূরে সরিয়ে দেইনি। তার গুরুত্ব আমাদের রাজ্যে ইতিপূর্বে কম ছিলনা, বরং বেশিই ছিল। এটার গুরুত্ব কমেনি, এর গুরুত্ব আছে। স্বাভাবিকভাবে এই দুটো ব্যবস্থার সমন্বয়ের মধ্যে দিয়ে চলতে গেলে কেন্দ্রের যে আইন, এই রাজ্যের রুলস করার যে ক্ষমতা, আর.টি.এ, কোর্ট কাছারি, সব মিলিয়ে যে অবস্থা আছে তার সমন্বয় করে সমস্যা সমাধান করা খুবই জটিল। তা নিয়ে আমাদের রাজ্য সরকার ভাবিত। তবে আমরা পিছু হটবোনা। এই সমস্যা সমাধানে আমরা দৃঢ় সংকল্পবদ্ধ। এই বাজেট বইতে যে কথা আমি উল্লেখ করেছি, তাকে ঘিরে আমার বক্তব্যে আসছি। এখানে এর চেয়ে বেশি কিছু বলার নেই। তবে এটা ঠিক যে আমাদের বেশি কাজ করতে হবে। এখানে ভরতুকির প্রশ্ন উঠেছে, কিন্তু পরিবহনে ভরতুকি আমাদের দিতেই হবে, উপায় নেই, কারণ সিটি ট্রান্সপোর্টের দায়-দায়িত্বটা বেসরকারি মালিকদের হাতে তুলে দিতে পারি না আমরা তাছাড়া বেসরকারি মালিকদের খেয়াল-খুশির উপর পরিবহন ব্যবস্থাটা চলে যাক সেটা কোনও দায়িত্বশীল সরকার অনুমোদন করতে পারে না। তবে এখানে দেবপ্রসাদবাবু যা বলেছেন সেটা গুরুত্ব দিয়ে বিবেচনা করবো। তিনি শ্রমশক্তি এবং পরিকাঠামোর পূর্ণমাত্রায় সদ্ব্যবহার সংক্রান্ত যে পরামর্শ দিয়েছেন সেটা নিশ্চয়ই আমরা সংযোজিত করবার চেষ্টা করবো এবং কলকাতার সামগ্রিক চাহিদা পরিপূর্ণ করবার জন্য বিভিন্ন ধরনের যেসব পরামর্শ দিয়েছেন সেসবও বিবেচনা করবো, কিন্তু এখনই চূড়ান্ত কোনও কথা বলতে পারছি না এবং সেটা বলা উচিতও হবে না। তবে কলকাতার জন্য যাই করুন না কেন, গাড়ির গতি বৃদ্ধি করতেই হবে। এখন গতির হার যা সেটা ডবল যদি করা না যায় তাহলে সমস্যার সুরাহা হবে না। গতি না বাড়িয়ে বাসের সংখ্যা বাড়িয়ে কিছু হবে না, কিন্তু গতি বাড়াতে পারলে একটি বাস একটি ট্রিপের জায়গায় দুই-তিনটা ট্রিপ দিতে পারবে। সেজন্য বাসের গতি বৃদ্ধির

উপর আমরা জোর দিচ্ছি। এবং কয়েকটি দীর্ঘমেয়াদি ব্যবস্থার মধ্যে দিয়ে এই গতি বৃদ্ধি করা সম্ভব। তারমধ্যে বড় ব্যাপারটা হচ্ছে, জনসাধারণের মধ্যে পথ চলার ক্ষেত্রে রুল মেনে চলা সম্পর্কে অভ্যাসটা সম্প্রসারিত করা যাতে গাড়িগুলো রাস্তায় ঠিকভাবে চলতে পারে। সেক্ষেত্রে ট্রাফিক রুল অনুযায়ী চলতে গেলে তাদের ফুটপাথ দিয়ে চলতে হবে, কিন্তু বহু রাস্তায় ফুটপাথ নেই। কিন্তু যেসব রাস্তায় ফুটপাথ রয়েছে সেগুলো সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। এটা প্রাথমিক দরকার বলে আমার মনে হয় এবং এই কাজে জনসাধারণেরও সহযোগিতা প্রয়োজন রয়েছে। এটা করতে গিয়ে আমরা নিশ্চয়ই গায়ের জোরে কোনও ব্যবস্থা নেব না, কিন্তু জাতীয় স্বার্থে এবং নগরের স্বার্থে পর্যায়ক্রমে আমাদের কিছু ব্যবস্থা নিতেই হবে যারফলে কিছু লোক সাময়িকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন; তবে তারফলে লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষ প্রতিদিনের দুর্দশার হাত থেকে রক্ষা পাবেন এবং লক্ষ লক্ষ শ্রমদিবস প্রতিদিন যেভাবে নষ্ট হচ্ছে তার হাত থেকে আমরা রক্ষা পাবো এবং পরিবহন-ব্যবস্থাও শক্তিশালি হবে। এখন থেকে ১০ বছর আগে কলকাতা শহরে যে পরিমাণ গাড়ি চলাচল করতো, এখন তার তিনগুন গাড়ি রাস্তায় চলাচল করছে এবং আগামী ৫ বছরে সংখ্যাটা এর দ্বিগুণ হবে। কিন্তু তারজন্য এই শহরে রাস্তা বাড়াবার কোনও উপায় নেই, অথচ গাড়ির সংখ্যা বাড়বে। সেক্ষেত্রে নিয়ন্ত্রণটা কিভাবে হবে ভবিষ্যতে? সেটা ভেবে আমাদের পূর্বতন পরিবহন মন্ত্রী কিছু বিধি-ব্যবস্থা নিয়েছিলেন এবং আমাদের অফিসাররাও দিল্লি গিয়েছিলেন। সে সম্পর্কে এখানে ঘোষণা না করা হলেও কেন্দ্রীয় সরকারের মধ্যস্থতায় কলকাতা শহরের পরিবহনের উন্নতির স্বার্থে আমাদের সরকার এবং জাপান সরকারের একটি কনসালটেন্সি সংস্থার মধ্যে যৌথ স্বাক্ষর সম্পাদিত হয়েছে। এখন কেন্দ্রে নতুন সরকার এসেছেন, সেক্ষেত্রে অন্য কোনও বিপত্তি না হলে আগামী মার্চ মাস থেকে কলকাতা শহরের রাস্তার শ্রীবৃদ্ধি এবং ৬টি ফ্লাই ওভার নির্মাণের কাজ শুরু করতে পারবো। সেটা ঠিক ঠিক করতে পারলে এবং সে কাজ সকলের সাহায্য সহযোগিতা পেলে এই শতাব্দীর মধ্যেই কলকাতাকে নতুন রূপ দিতে আমরা সক্ষম হব। সেইসঙ্গে কলকাতা শহরে ভিড় কমাবার উদ্যোগও আমরা নিয়েছি, কিন্তু বাজেট বক্তৃতায় তার উল্লেখ রাখিনি, কারণ এখনও বলে দেবার মতো জায়গায় আমরা আসিনি। দেবপ্রসাদবাবু ঠিকভাবেই উল্লেখ করেছেন যে, তিন বছরের মধ্যে ট্রাক টার্মিনালগুলো হবে কিনা। তিনি এখানে যে প্রস্তাবগুলো করেছেন, আমরা দেখবো যে, সে সম্বন্ধে কতটা কি করা যায়।

[4-10 — 4-20 P.M.]

আমরা ৩টি জায়গায় ট্রাক টার্মিন্যাল করবো। আরও করতে হবে দক্ষিণ ২৪ পরগনায় করতে হবে, হাওড়ায় বোম্বে রোডের উপরে করতে হবে। কারণ প্রতিদিন কলকাতা শহরে পন্য সরবরাহ এবং আদানপ্রদানের জন্য প্রায় ১৪ হাজার বড় গাড়ি-১০ টন থেকে ১৪ টনের গাড়িগুলো ঢোকে। এর একটা বড় অংশকে, কিছু আছে, তাদের ঢুকতে দিতে হবে। যেমন, পেট্রোলের গাড়ি, দুধের গাড়ি এগুলোকে ঢুকতে দিতে হবে। এগুলোতে যে জিনিস থাকে, সেগুলো এক জায়গায় নামিয়ে আবার ছোট গাড়িতে করে আনা সম্ভব নয়। এইগুলো ছাড়া অন্য যেগুলো পন্য পরিবহন করে, তাদের আমরা শহর থেকে দূরে রাখতে চাই। সেগুলোকে ৩-৪ টনের ছোট গাড়ি করে বিভিন্ন স্থান থেকে নিয়ে আসবো। তারজন্য একটা বিন্যাস আলাদাভাবে করা হবে যাতে কলকাতার বুকে যানবাহনের চাপ কমানো যায়। আমি

একটা প্রাথমিক হিসাব করে দেখেছি, এই টার্মিন্যাল ফেসিলিটিসকে ঘিরে যে কর্মকান্ড হবে এবং এই ১৪ হাজার গাড়ির জন্য যে বিধি ব্যবস্থা বিভিন্ন জায়গায় রাখা হবে, এতে কমপক্ষে ৫ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। এবং এই ৫ লক্ষ হবে সমাজের খুব সাধারণ স্তরের মানুষ শিক্ষাদীক্ষা থেকে শুরু করে নানা ব্যাপারে যারা কায়িক পরিশ্রমের মানুষ সেইরকম সাড়ে চার লক্ষ থেকে পাঁচ লক্ষ লোকের কর্মসংস্থান হবে। এটা আমরা ৩ বছরে করতে চাইছি বলে মুখের কথায় যেটা বলছি, এটা তিন বছরের জায়গায় চার বছরও লেগে যেতে পারে। এই ব্যাপারে সমস্ত বিষয়টা নিয়ে সমস্ত পরিকল্পনাটা সুনির্দিষ্টভাবে করার জন্য আমি পরে আসবো। ইতিমধ্যে আমাদের সরকার কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে সেকেন্ড হুগলি ব্রিজ, বিদ্যাসাগর সেতু করেছেন। বিদ্যাসাগর সেতু কলকাতায় একটি নতুন ব্যবস্থা। তার আউটলেট, তার শ্বাস প্রশ্বাসকে শক্তিশালি করার কাজ করা হয়েছে। কিন্তু হাওড়ার যে অবস্থা, সেখানে যে রাস্তাগুলো আছে, সেগুলো ঠিকমতো হয়নি। এটা দিয়ে শুধুমাত্র মেদিনীপুর নয়, হাওড়া নয়, দক্ষিণ ভারতের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা, এমনকি উত্তর ভারতের সঙ্গে যোগাযোগ ব্যবস্থার কাজটা আমরা তৈরি করতে চাই। এগুলো সব হয়ে যাবে। একটা রাস্তার কাজ এগিয়েছে। এইরকম আরও কয়েকটি রাস্তা আছে। আমাদের হুগলি নদীর রিভার কমিশন, তারা কাজগুলো তত্ত্বাবধান করবে। এগুলো হয়ে গেলে আমরা কলকাতায় ঢুকতে পারবো। প্রায় ৪০০ কোটি টাকা ব্যয় করে ব্রিজটি তৈরি হয়েছিল। আমাদের লক্ষ্য ছিল দিনে ১০ লক্ষ টাকা সংগ্রহ হবে। এখন আমাদের তিন লক্ষ টাকার বেশি কালেকশন হচ্ছে, যেটা টাকার অঙ্কে কম নয়। কিন্তু আমাদের যে লক্ষ ছিল ১০ লক্ষ টাকা সেটা সম্ভব হবে যদি রাস্তার বিন্যাস ঠিকমতো হয় এবং আমরা আরও গাড়ি চলাচলের জন্য অনুমতি দিতে পারি। এমনিতে হাওড়ায় যে যানজট সেটা ভয়াবহ। তারসঙ্গে এই চাপ ঢুকলে অবস্থা আরও ভয়াবহ হবে। সেইজন্য আগে রাস্তা বিন্যাসের কাজটা ঠিকমতো করতে হবে। এখানে বেহালার ফ্লাইং ক্লাবের ব্যাপারে জয়ন্তবাবু বলেছেন। এই ফ্লাইং ক্লাবটি দীর্ঘদিনের। আমাদের সরকারি ব্যবস্থায় সর্বোচ্চ যে মাইনে দিতে পারি, আজকে সর্বভারতীয় পাইলটরা যে কাজ করেন এবং তাদের যে দাবি, যে চাহিদা, তাতে আজকাল কাউকে পাওয়া যাচ্ছে না। তাই আমরা সরকারি ভাবে হোক বা বেসরকারি ভাবে হোক, আমরা একটা ব্যবস্থা নেব। আমরা এটা স্থির করেছি। ইতিমধ্যে ডব্লু.বি.আই.ডি.সি.র কাছে এই ব্যাপারে বহু প্রস্তাব এসেছে। ডব্লু.বি.আই.ডি.সি.র চেয়ারম্যান, শ্রী সোমনাথ চট্টোপাধ্যায় এরজন্য উদ্যোগ নিয়েছেন। শুধু ফ্লাইং ক্লাব চালু করা নয়, এরসঙ্গে সারা পশ্চিমবাংলায় যে বিমানঘাটিগুলো আছে, যে রানওয়ে আছে আমি দেখেছি ১৪টি আছে সবগুলোকে নিয়ে পশ্চিমবাংলায় এই ব্যাপারে একটা নেট ওয়ার্কের মধ্যে আনতে চাই। সোমনাথ চট্টোপাধ্যায় মহাশয় নিজে উদ্যোগ নিয়েছেন। এই মাসের মধ্যে এই ব্যাপারে একটা মিটিংও হবে। আমি বলতে পারি যে, মাননীয় মুখ্যমন্ত্রী এই বিষয়ে আগ্রহ দেখিয়েছেন। আমাদের আশা এবং ভরসা, তার শুভেচ্ছা এবং সমর্থনে এটা আমরা দ্রুত তরান্বিত করতে পারবো। আমাদের বিশ্বাস যে এটা আমরা দ্রুত করে উঠতে পারবো। আমি অন্য আর বেশি কিছু বলছি না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** হোয়াট অ্যাবাউট সুন্দরবন এরিয়া, দেয়ার ইজ নো মেনশেন অফ ইট।

[1st July, 1996]

**শ্রী সুভাষ চক্রবর্তী :** সুন্দরবন এরিয়া সম্পর্কে লগন দেও সিং বলেছেন, আমি আবার বলছি যে, জলপথ সম্প্রসারণ এবং হুগলি নদীর ব্যবহারকে সম্প্রসারিত করার মধ্যে দিয়ে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে পারব, সেটা ঘোষণার অপেক্ষায় আছে। এইকথা বলে ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে, আমার ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No.12**

**Mr. Dy. Speaker :** There is one cut motion to Demand No.12 by Shri Sultan Ahmed. The cut motion is in order, As the concerned member is not present the cut motion is not moved.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.4,91,75,000 also be granted for expenditure under Demand No.12, Major Head: "2041-Taxes on Vehicles" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.1,64,00,000 only already voted on account in February, 1966.)

was then put and agreed to.

**Demand No.77**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.1,45,00,000 only be granted for expenditure under Demand No.77, Major Head: "3051-Ports and Lighhouses" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.49,00,000 only already voted on account in February, 1996.)

was then put and agreed to

**Demand No.78**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.36,72,000 only be granted for the expenditure under Demand No.78, Major Head: "3053-Civil Aviation" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.13,00,000 only already voted on account in February, 1996.)

was then put and agreed to.

**Demand No.80**

The motion of Shri Deba Prasad Sarkar (cut motion no.6) that the Amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.147,28,35,000 only be granted for expenditure under Demand No.80, Major Heads: "3055-Road Transport, 3056-Inland Water Transport, 5055-Capital Outlay on Road Transport, 5056-Capital Outlay on Inland Water Transport and 7055-Loans for Road Transport during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.49,10,00,000 only already voted on account in February, 1996.)

was then put and agreed to.

**Demand No.81**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.22,40,00,000 only be granted for expenditure under Demand No.81, Major Head: 7075-Loans for Other Transport Services" during the current financial year.

(This is inclusive of a sum of Rs.7,47,00,000 only already voted on account in February, 1996.)

was then put and agreed to.

**Mr. Speaker** : Now the Hon'ble Chief Minister will make a statement.

## STATEMENT UNDER RULE 346

**Shri Jyoti Basu** : With your permission I rise to made the following statement.

On the 1st September, 1995 I instructed the then Secretary, Judicial Department, to enquire into some complaints about the functioning of the erstwhile Wakf Board and to submit a report to the Government within a month. The then Judicial Secretary was elevated to the Bench of the High Court in the last week of September, 1995. His successor submitted his report in December, 1995.

I have carefully gone through the Report and after considering all the aspects of the matter, I find that the said Report appears to suffer from the following infirmities and, as such, no positive action can be taken. thereon :—

1) The Report is in conflict with the judgment and order of the Calcutta High Court dated 20th January, 1995. The

Judgment of the High Court dealt with different aspects of the management of the Wakf properties in the State. It appears that the author of the Report has sat on judgment and misinterpreted the decision of the Court on certain material points.

2) It also appears that the Report is not based on any material or documentary evidence or facts and, in some cases, it is even contradictory to official documents and, as such, it appears to be misleading untenable.

3) It also appears that the elementary principles of natural justice and the rule of law have not been adhered to, in as much as, neither the complainants nor the persons and authorities against whom the diverse allegations have been made were given any opportunity to tender either oral or documentary evidence, to support or controvert the contents of the complaints. On the contrary, sweeping generalisations and undue aspersions against a few individuals and authorities have been made without any basis or material what so ever.

4) It also appears that the report is vague, perfunctory, inconsistent and self-contradictory on material aspects and, as such, it does not warrant any action on the part of the Government.

However, in order to allay any misapprehension that might have arisen in the minds of some of the Hon'ble Members of the House, the Government have decided to lay the Report along with the copy of the judgment of the Calcutta High Court delivered on 20th January, 1995, in Civil Order No.9242(W) of 1992 (Kutubuddin Ahmed & Anr. -vs- the Board of Wakfs, West Bengal & Ors.) for discussion and deliberation.

**Mr. Speaker** : The same will be laid on the Table.

## VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand NO. 36

**Mr. Speaker** : Now discussions under Demand No. 36. There are cut motions to Demand No. 36. The motions are in order. I request the Honourable Members to move the motions.

(Not called)

The cut motions are not moved. I call upon Shri Prabodh Purkait.

[4-20 — 4-30 P.M.]

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আবাসন বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী এখানে যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন এবং তিনি যে বাজেট ভাষণ এখানে রেখেছেন আমি এর বিরোধিতা করে কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। আমাদের পশ্চিমবঙ্গে লোকসংখ্যা ক্রমাগত বৃদ্ধি হচ্ছে এবং শহর ও শহরতলি এলাকায় নূতন নূতন কর্মসংস্থান গড়ে উঠছে ফলে সাধারণ মানুষ যারা বিভিন্ন কর্মক্ষেত্রে যাতায়াত করছেন তাদের মধ্যে একটা শহরমুখি প্রবণতা এবং শহরে বিভিন্ন কাজের উপলক্ষে থাকার ফলে শহরে ভিড় বাড়ছে, এইজন্য স্বাভাবিকভাবে গৃহ সমস্যা বা আবাসন সমস্যা দেখা দিচ্ছে। দিন দিন এটা বৃদ্ধি পাচ্ছে। এই আবাসন সমস্যার সমাধানের জন্য সরকারের একটা গুরুত্বপূর্ণ দিক থেকে সেক্ষেত্রে মাননীয় মন্ত্রী তিনি কতকগুলি ব্যবস্থা গ্রহণের কথা এখানে জানিয়েছেন। এই গৃহ সমস্যা একটা গুরুত্বপূর্ণ সমস্যা ঠিকই, কিন্তু সেইক্ষেত্রে সরকারের পক্ষ থেকে সর্ব প্রথম যে বিষয়টি গুরুত্ব দেওয়া দরকার নিম্ন আয় বা মধ্য আয় ব্যক্তিদের আবাসন সমস্যার দিকে। কিন্তু এখানে নিম্ন ও মধ্যবিত্ত আয়ের ব্যক্তিদের আবাসন প্রকল্পের জন্য যে অর্থ বরাদ্দর কথা বলেছেন সেটা খুবই সামান্য। অবশ্য তিনি বলেছেন কতগুলো প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং তারজন্য অর্থ বরাদ্দ করেছেন এবং কিছু কিছু কাজ শুরু করেছেন। সেটা ঠিকই, কিন্তু যেটা নজর দেওয়া দরকার, সেই নিম্ন মধ্যবিত্ত বা নিম্ন আয়ের লোকেদের প্রয়োজনীয়তার দিকে লক্ষ রেখে প্রকল্প রচনা করা এবং তাকে গুরুত্ব দেওয়া। কিন্তু সেখানে ঠিকমতো গুরুত্ব দেওয়া হয়না। সেদিকটাতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি একটা কথা বলেছেন, গৃহ নির্মাণ প্রকল্পের জন্য জায়গার প্রয়োজন এবং সেই জায়গা সংগ্রহ করবার জন্য তিনি একটা কমিটি নিয়োগ করেছেন এবং সেই কমিটি কাজ করছে। অনেক জায়গায় সরকারি খাস জমি আছে, সেখানে এই গৃহনির্মাণ প্রকল্প গড়ে তোলা যায় সেই কথা আপনি বলেছেন। কিন্তু আমাদের একটা প্রস্তাব ঐ খাস জমি অধিগ্রহণের ক্ষেত্রে নানারকম মামলা মোকদ্দমা আছে এবং আদালতে দীর্ঘদিন ধরে সেই মামলা চলে, ফলে এটা কার্যকর করতে পারা যায়না। জমির মালিকের সঙ্গে যোগাযোগ করে বাজার মূল্য দিয়ে যদি জমি সংগ্রহন করা যায় তাহলে আপনি জায়গা পেতে পারেন। জমির মালিকের সঙ্গে আলাপ-আলোচনা করে তাদের টাকা দিয়ে সেখানে আবাসন প্রকল্প আপনি গড়ে তুলতে পারেন কিনা এটা দেখবেন। আপনি বড় বড় শহরে আবাসন প্রকল্পগুলো করবেন বলেছেন, বিভিন্ন জেলাতেও আপনার কিছু প্রস্তাব আছে বলে বলেছেন। বিভিন্ন জেলাতে আপনার এই আবাসন প্রকল্পকে ছড়িয়ে দিন। সেখানে জমি পাওয়ার ক্ষেত্রে খুব একটা অসুবিধা হবেনা বলে আমার মনে হয়। শহর থেকে একটু দূরে এই প্রকল্পগুলো করার প্রয়োজন আছে বলে আমরা মনেকরি। আজকের দিনে সরকারি গৃহ নির্মাণ প্রকল্পে বেশি অর্থ বরাদ্দ করা দরকার। নইলে এই সুযোগটা প্রোমোটাররা নিচ্ছে। আপনি আপনার বাজেট বক্তৃতার মধ্যেও উল্লেখ করেছেন প্রোমোটাররা অর্থ মূল্যে জায়গা সংগ্রহ করছে এবং তারা গৃহ নির্মাণ করে বিক্রি করছে। এই করে তারা লাভবান হচ্ছে। এই ব্যাপারে আপনার দপ্তরের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া দরকার।

[4-30 — 4-40 P.M.]

সেখানে যতই যা হোক না কেন প্রোমোটারদের শক্তি বেশি। প্রোমোটাররা যে সমস্ত ঘর করেছেন বহু জায়গায় কেলেঙ্কারির ঘটনা বেড়েই চলেছে। অনেক জায়গায় বিল্ডিং ভেঙে যাচ্ছে। অনেক ঘটনা আমরা দেখছি। প্রোমোটারদের যদি ঠেকাতে হয় তাহলে সরকারকে, আপনার দপ্তরকে আরও বেশি করে গৃহনির্মাণের জায়গায় হাত দিতে হবে। প্রোমোটারদের লম্বা হাতটি বন্ধ করবার বিষয়ে। আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এখানে উল্লেখ করেছেন যে যারা বাহিরের লোক, জেলার বিভিন্ন এলাকা থেকে এসে নানা কাজে শহরে থাকতে হয়, শহরে তাদের জায়গার অভাব ঘটে। এটা তো সত্যিই যে আজকের মানুষের কর্মমুখি জীবন তাদের শহরে না এসে উপায় নেই। সে ক্ষেত্রে, বাহিরের লোক এসে শহরে অবস্থানের দরকার হয়। তাদের থাকবার দরকার হয় এই ক্ষেত্রে আপনি বলেছেন তাদের জন্য কিছু ঘর তৈরি করবেন। এখনও সেখানে আপনি পজিটিভ কোনও ব্যবস্থায় যান নি। সেটা দ্রুত মিট আপ করা দরকার। এটা একটা গুরুত্বপূর্ণ সমস্যা। এটার ব্যাপারে আপনাদের সুনির্দিষ্ট পদক্ষেপ এবং শহরে এইরকম আবাসন প্রকল্প গড়ে তোলার পর তারা সাহায্য নিতে পারে।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আবাসন মন্ত্রী তার বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন। স্বভাবতই তাকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। আপনি জানেন যে আমাদের দেশে আবাসন সম্পর্কিত কোনও আলোচনা জাতীয় স্তরে বিশেষ কিছু হয়নি। এই ৪৮।৪৯ বছরের মধ্যে ৬৪ সালে চন্ডিগড়ে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে বিভিন্ন রাজ্যের আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীদের নিয়ে দু দিন ধরে একটা সম্মেলন হয়েছিল। অনেক কথা আলোচিত হয়েছিল, সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। তারমধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ছিল যে যদিও আবাসন রাজ্যের বিষয় স্টেট'স সাবজেক্ট তা সত্ত্বেও কেন্দ্রের আর্থিক সাহায্য ছাড়া কোনও রাজ্যে আবাসন প্রকল্প রূপায়ণ তাদের পক্ষে সম্ভব না। সেই কারণে একটা সিদ্ধান্ত ছিল The investment for housing should be stepped up both by the central and state Governments. আরও সিদ্ধান্ত ছিল সেন্ট্রাল হাউসিং বোর্ড গঠন করা হবে। এই সেন্ট্রাল হাউসিং বোর্ড কেন্দ্রীয় আবাসন পর্যদ। তারা বিভিন্ন রাজ্য আবাসন পর্যদের সঙ্গে যোগাযোগ রাখবে, তাকে আরও আর্থিক সাহায্যের ব্যবস্থা করবে। কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রে আবাসন পর্যদ গড়ে ওঠেনি। বিশেষ করে পশ্চিমবাংলায়। আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে জাতীয় আবাসন নীতি সম্ভব হয়নি। ফলে বিভিন্ন রাজ্যে বিশেষ করে আমাদের পশ্চিমবাংলায় যেখানে সমস্যা একটু ভিন্নতর দেশ বিভাগের পর ওপার বাংলা থেকে বহু মানুষ এখানে এসেছিলেন। তাদের গৃহ নির্মাণের সমস্যা এখনও আছে। গোটা ভারতবর্ষে ২৫টা রাজ্য আছে। এই ২৫টা রাজ্যের যা আয়তন তার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের যা আয়তন, তার তুলনায় লোকসংখ্যা বেশি। স্বভাবতই আবাসনের সমস্যা এখনও এখানে জড়িয়ে আছে। স্বভাবতই আবাসন সমস্যা জড়িয়ে আছে এবং শুধু তাই নয়, আমাদের এখানে আর্থিক সাহায্য দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কতগুলি স্কীম রয়েছে। সেখানে দেখা গেছে যে, পশ্চিমবঙ্গে তারা এইসব স্কীমগুলিতে আর্থিক সাহায্য কিছুই দেননি। এখানে তারা বিমাতৃসুলভ আচরণ করছে। ১৯৯১ সালে কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যে আর্থিক সাহায্য

দেওয়ার জন্য নাইট সেল্টার স্কীম তৈরি করেছেন। বিভিন্ন রাজ্যে এই স্কীমে দেড়শ থেকে দুশো লক্ষ টাকা আর্থিক সাহায্য দিয়েছেন। এই সাহায্য কেবল দেননি পশ্চিমবঙ্গে। মহারাষ্ট্রে, মাদ্রাজে ১৫-২২টা নাইট সেল্টার স্কীম স্যাংশন করেছেন, কিন্তু পশ্চিমবাংলায় একটাও হয়নি। কেন্দ্রীয় সরকার হাডকোর মাধ্যমে বড় বড় শহরগুলিতে অর্থ বরাদ্দ করে। মোম্বাই শহরের পরেই কলকাতা সব থেকে জনাকীর্ণ শহরে হওয়া সত্ত্বেও মাদ্রাজের থেকেও এখানে ৩১ শতাংশ কম দিয়েছে। মাননীয় মন্ত্রী আজ এই ৬২ কোটি টাকা নিয়ে কি করে বিরাট আবাসন প্রকল্প গড়ে তুলবেন যদি কেন্দ্রীয় সরকার এইরকম অপ্রতুল সাহায্য দেয়? তারমধ্যেও আমি বলব যে, মাননীয় মন্ত্রী বা বর্তমান সরকার এই আবাসন প্রকল্পের প্রতি অন্যভাবে দৃষ্টি দিয়েছেন। মাননীয় প্রবোধ বাবু যা বললেন আপনি পড়ে দেখুন যে, শুধু কলকাতায় নয় বা শহরতলিতেই নয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতেই এই আবাসন প্রকল্প গড়ে উঠছে। কোন কোন জায়গায় এই আবাসন প্রকল্প শেষ হয়েছে। কর্মরতা মহিলাদের আবাসন প্রকল্পের জন্য এই সল্টলেকে কিছুদিন আগে ফ্ল্যাট করা হয়েছে। হসপিটাল ইত্যাদি করা হয়েছে। এই আবাসন প্রকল্প শুধু কলকাতাতেই নয়, এর বাইরেও তৈরি করা হয়েছে। নানারকম বাধা বিঘ্ন, আর্থিক সঙ্কটের মধ্যেও রাজারহাটে যে নতুন উপনগরি, সেটা উদ্বোধিত হয়ে গেছে। মাননীয় মন্ত্রী, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ল্যান্ড অ্যাকুজিশনে বা জমি সংগ্রহের জন্য উদ্যোগ গ্রহণ করেছেন। ল্যান্ড অ্যাকুজিশনের একটা বিরাট সমস্যা আছে। ল্যান্ড অ্যাকুজিশন ঠিকমতো না করা গেলে আবাসন প্রকল্প গৃহ নির্মাণ, শহর গড়ে তোলা এগুলি সবই বিলম্বিত হবে। এইজন্য ল্যান্ড পারচেজিং কমিটি গঠন করা হয়েছে। এটা করা যুক্তিযুক্ত হয়েছে। জমি সংগ্রহ করতে দেরি হলে আবাসন দপ্তরের আরও অনেক বেশি খরচা পড়ে যাবে, জমির দাম বেড়ে যায়, অনেকে আবার জমির মামলা করে। এইসব হাত থেকে কিছুটা রেহাই পাওয়ার জন্য ল্যান্ড পারচেজিং কমিটি ঠিকই হয়েছে। মাননীয় মন্ত্রী প্রোমোটার, ডেভেলপারদের যে কথা উল্লেখ করেছেন, সেই ব্যাপারে আমিও একমত। এই সম্পর্কে আইন তৈরি করা হয়েছে। আবাসন প্রকল্প ঠিক ঠিক ভাবে গড়ে তোলবার ব্যাপারে প্রোমোটাররা বাধার সৃষ্টি করছেন। তারা জমির দাম দারুণভাবে বাড়িয়ে দিচ্ছেন। অনেক দাম দিয়ে তারা জমি কিনছেন। তারা লাভ করছেন, কারণ তারা সেখানে বাড়ি তৈরি করে বিক্রি করছেন। কিন্তু সরকার তো এইভাবে চলতে পারে না। এই আইনে যেটা উনি উল্লেখ করেছেন ক্যালকাটা কর্পোরেশন এটাকে রূপ দিচ্ছেন। এটা সর্বত্র ছড়িয়ে দেওয়ার দরকার। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কিছু সাজেশন রাখতে চাই। আমার মনে হয় এখনও জেলাশহর, কলকাতা শহর এবং শহরতলিতে বিভিন্ন জায়গায় আবাসন প্রকল্প ছড়িয়ে দেওয়ার দরকার। এব্যাপারে আরেকটু ভাবতে হবে। আমাদের রাজ্যের বহু মানুষ আছেন যারা দারিদ্রসীমার নিচে বাস করেন। তারা অনেকে রাস্তায়, অনেকে সরকারি জমিতে, অনেকে অপরের জমিতে বাস করেন। তারা যেসব জায়গায় বাস করেন সেখানকার পরিবেশ ভাল নয়। অনেকে সেখানে পশুর মত তাদের জীবন-যাপন করেন। তারা অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে কোনওরকমে টিনের চাল দিয়ে বাড়ি তৈরি করে বাস করেন। বর্ষার সময়ে জল পড়ে তাদের বাড়ির অবস্থা অত্যন্ত খারাপ হয়। এব্যাপারে আমাদের অভিজ্ঞতা আছে। সেই সময় তাদের অনেকের ত্রিপলের দরকার হয়। লক্ষ লক্ষ টাকার ত্রিপল দরকার হয়। এম.এল.এ. হিসেবেও আমরা কিছু করতে পারি না। সুতরাং এইসব মানুষদের কথা ভাবতে হবে। দিনমজুর, রিক্সা চালক,

শ্রমিকদের কথা ভাবতে হবে। এদের কোনও অর্থনৈতিক সংস্থা, সে হাডকো হোক বা কোনও সমবায় সংস্থা হোক, তাদের কাছ থেকে ঋণ নেওয়ার ব্যবস্থা করতে হবে এবং এদের শেয়ারের অংশটা আবাসন বিভাগ থেকে দিতে হবে। এতে দারিদ্রসীমার নিচে যারা বাস করছেন তারা আবাসনের ব্যাপারে উপকৃত হবেন। এর সঙ্গে সঙ্গে শুধু আবাসনের ব্যবস্থা করলেই চলবে না তারসঙ্গে রাস্তাঘাটের উন্নতি করতে হবে, পানীয় জলের সুযোগ-সুবিধা ইত্যাদি নানা পরিকাঠামোর ব্যবস্থা করতে হবে। এছাড়া পয়ঃপ্রণালীর ব্যবস্থা করতে হবে। এটা স্বাস্থ্য সম্মত, বিজ্ঞানসম্মত। আবাসন দপ্তর থেকে এটা করা যায় কিনা সেটা ভেবে দেখতে বলব। এছাড়া আবাসন দপ্তরের অধীনে যে সমস্ত বাড়ি-ঘর আছে সেগুলোর ঠিক ঠিক মেইনটেনান্স করা দরকার। এগুলোর সংস্কার করা দরকার। শুধু বাড়ি করলেই হবে না, সেগুলোর সংস্কারের ব্যবস্থা করাও দরকার। আমাদের অভিজ্ঞতা আছে, মহকুমা শাসক, জেলাশাসক, বিভিন্ন অফিসারদের কোয়ার্টার্সগুলো বিশাল বিশাল জমি নিয়ে তৈরি হয়েছে। সেখান থেকে কিছু কিছু জমি নিয়ে আবাসনের ব্যবস্থা করতে পারেন। এতে আবাসন সমস্যা কিছুটা কমবে। এগুলো আপনি ভেবে দেখবেন, এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের বাজেটের বিষয়ে প্রবোধবাবু বললেন, তিনি সমর্থন করছেন না। কিন্তু তার বক্তৃতা শুনে, তিনি এই বাজেটের খুব একটা বিরোধিতা করছেন বলে মনে হল না। উনি এবং আমাদের সরকার পক্ষের বিধায়ক অনেকগুলো সাজেশন দিলেন। আমি বলতে পারি দুজনের স্বল্প সময়ের বিতর্ক হল। দুজনেই বক্তব্য রাখলেন—একজন সরকার পক্ষের, আরেকজন সরকার পক্ষের নন। আপনাদের সাজেশনগুলোর কোনওটাকেই খারাপ বলা মুশকিল। এগুলো কার্যকর করাই উচিত। আমরা জমি অধিগ্রহণের ব্যবস্থা করে রাজারহাটে নতুন টাউনশিপের কাজ শুরু করেছি। প্রায় ১২ কোটি টাকা খরচা করে ওখানে সেতুটা তৈরি হচ্ছে। যে সেতু দিয়ে একসাথে ৬টা গাড়ি যেতে পারে। তার কাজ অনেকটা এগিয়ে গেছে। আরও কতগুলো পুলিশ আউট স্টেশানের কাজ শুরু হয়েছে। আমরা অফিস শুরু করে দিয়েছি। এই যে ২৭ হাজার বিঘা জমি, সল্ট লেকের তিনগুণ এই জমিটা আমাদের নিতে হবে, কিন্তু আস্তে আস্তে নিতে হবে, এক্যুইজিশন করতে হবে কিভাবে আমরা করার চেষ্টা করি। এটা প্রধানত দুবছর ধরে হচ্ছে। আগের গভর্নমেন্টের কাজটা কন্টিনিউ করছি। এরজন্য একটা ল্যান্ড পারচেজ কমিটি করতে হয়েছে, সরকারি সর্বোচ্চ স্তরে আলোচনা করে। এর আগে মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয়ের সঙ্গে মিটিং করেছি, অফিসারদের সঙ্গে মিটিং করেছি, এল.এ.-র প্রসিডিংসও চলেছে জমি নেওয়ার জন্য। প্রসিডিংসে এত গন্ডগোল, কোর্ট কেস, এসব আছে, কবে হবে জানি না। বললেন যে, সরাসরি চাষিদের কাছ থেকে সরকার কিনবে। আমরা বললাম, তা কেনা যায় না, কোটি কোটি টাকা দরকার। আমরা পরীক্ষামূলক ভাবে বলে দিয়েছি, দুশো একর জমি কেনার জন্য ব্যবস্থা করেছি। আর বাকি এল.এ. প্রসিডিংস চলছে। আমরা আশা করি আরও কিছু দিনের মধ্যে আরও কিছু জমি কিনে নিতে পারব। আজ ১লা জুলাই, ৭৫ বিঘা জমির মাপজোপ চলছে। জেলায় জেলায় ছড়িয়ে দেওয়ার কথা যে বললেন, এতে আপত্তি করার কিছু নেই। আমরা চেষ্টা

করছি সরকারি কর্মচারীদের ক্ষেত্রে, অন্য ক্ষেত্রেও। সেটা তো আছেই, অন্যান্য প্রোগ্রামও চলছে জেলা সদর, মহকুমা শহরে। হাউজিং বোর্ড, যার কলকাতা ছাড়া আর কোথাও একটিভিটিস ছিল না, সেটা আমরা অন্যান্য জায়গায় করছি। নর্থ বেঙ্গলে এই কাজ করার জন্য শিলিগুড়িতে একটি বিরাট অফিস নিয়েছি, অফিসার পাঠিয়ে দিয়েছি। শিলিগুড়িতে একটি বড় প্রকল্প, ৪৫ বিঘা জমির কাজ মাঝামাঝি জায়গায় চলে গেছে, আগামী দু বছরে শেষ করতে পারব। ওখান থেকে কিছুটা মালদা, কিছুটা জলপাইগুড়িতে করতে পারব। আর, আসানসোলে আমাদের বিরাট জায়গা, সেখানে আমাদের আড্ডা আছে। আসানসোল দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি আমাদের বংশবাবু যার চেয়ারম্যানও বটে সেখানে জমি নিয়েছি যাতে কাজ করতে পারি। হাউজিং একটা বিরাট ব্যাপার। এখানে সি.এম.ডি.এ., সি.আই.টি. আড্ডা আছে। ওখানে আসানসোল, জলপাইগুড়িতে অনেক সংস্থা মিলে কাজ করে। যেমন গ্রাম দেশে রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, পঞ্চায়েত ডিপার্টমেন্ট বাড়ি বানাচ্ছে, বাড়ির জন্য লোন দিচ্ছে ইন্দিরা বিকাশ যোজনা হিসাবে। কিন্তু হাউজিং ডিপার্টমেন্ট একটা নোডাল ডিপার্টমেন্ট হিসাবে কাজ করছে।

[4-50 — 5-00 P.M.]

প্রমোটারদের সম্বন্ধে জানেন, আপনিও ছিলেন, আমিও ছিলাম গত বিধানসভায় আমরা যেটা প্রথম আইন করেছিলাম, সেটা শুরু পশ্চিমবাংলায় নয়, সারা দেশে প্রথম। কিন্তু সেই আইনটা চালু করার আগেই ভোট এসে গিয়েছিল। এবারে ভালো ভাবে চালু হবে, ইতিমধ্যে চালু হয়েও গেছে। প্রোমোটারদের রেজিস্ট্রেশন করাতে হবে। অনেকে প্রমোটার দেখছি কাগজপত্র জমা দিয়েছে, রেজিস্ট্রেশনও শুরু হয়ে গেছে। এখন তো নতুন গভর্নমেন্ট হয়ে গেছে, এখন আরও ভালো ভাবে সকলের দৃষ্টি আকর্ষণ করতে হবে কাগজে, রেডিও, টি.ভি.তে বিজ্ঞাপন দিতে হবে। বৃহত্তর কলকাতায় চালু করেছি। মানুষকে বারবার বলতে হবে, কোনও পাড়ায় বড় বাড়ি হচ্ছে, দেখুন, শুধু কলকাতা কর্পোরেশনের বিল্ডিং প্ল্যান পাস হলেই হবে না, তাহলেই বাড়ি বানাতে পারবে না, সেই প্রমোটারের রেজিস্ট্রেশন থাকতে হবে সেই রেজিস্ট্রেশনের কাগজ দেখুন। আমরা অফিসার বসিয়ে দিয়েছি। কিন্তু তাদের একার পক্ষে এটা সম্ভব নয়। স্থানীয় এম.এল.এ. আছেন, কাউন্সিলর আছেন, রেডিও, টি.ভি.তে বলে দিচ্ছি, স্কুল-কলেজে বলে দেব, এরকম বেআইনি জিনিস আমাদের নজরে আনুন, আমাদের লোক চলে যাবে। শুধু বাড়ি নয়, কি কি এগ্রিমেন্ট করেছে সেটা, কর্পোরেশনের বিল্ডিং প্ল্যান পাস হয়েছে কিনা, সেখানে তারা বায়ার্সকে ঠকাচ্ছে কিনা, জমিটা কোনও আরবান ল্যান্ড সিলিং-অ্যাক্ট-কে ফাঁকি দিয়ে করেছে কিনা, অনেকগুলি বিষয় আছে। কোথা থেকে টাকা নিয়ে বাড়ি বানাচ্ছেন? কতটা ব্ল্যাক মানি? আপনি ইন্সিওর করলেন কিনা, বাড়ি যদি ভেঙে পড়ে ২ বছর বাদে। এই সমস্তগুলো আইনের মধ্যে আছে। ইন্সিওরের কাগজ দেখাতে হবে। কর্পোরেশন থেকে বিল্ডিং প্ল্যান পাশ করালেই বাড়ি তৈরি করতে পারবেন না। নিজের বাড়ি তৈরি করতে পারবেন কিন্তু যে বাড়ি বা দোকান ঘর বিক্রির জন্য করবেন সেগুলো করতে পারবেন না। কিন্তু মানুষ অনেকে জানেন না। যাইহোক এটা চালু করেছি। অনেকে রেজিস্ট্রেশনের জন্য আসছেন। এবিষয়ে খুব বেশি ক্যাম্পেইন করতে হবে। এনিয়ে পুলিশের সঙ্গে মিটিং ও করা হয়েছে। আর যেটা আপনি এবং নারায়ণবাবু বললেন, দেখবেন সেবিষয়েও লিখেছি যে, নাইট

সেন্টার ডিস্ট্রিক্ট হেড কোয়াটার কলকাতায়ও করতে হবে। সাব-ডিভিশনাল হেড-কোয়াটার এক রাত ভাড়া দিয়ে থাকার জন্য বা দু-রাত-এর জন্য, ৫ টাকা ভাড়া দিয়ে, তলায় চিপ ক্যান্টিন থাকবে বা যুবকদের জন্য ইয়ুথ হোস্টেল আছে কিন্তু এইরকম ছাত্রদের রাত্রিবাসের জন্য, কিছু রাত্রিকালীন সেন্টার করা হবে। মহিলাদের জন্যও সল্ট লেকে খুব বিরাট আকারে একটা কমপ্লেক্স করার কাজ শুরু করা হয়েছিল। প্রথম একটা পার্টের কাজ শুরু হয়েছে আরেকটা আগামী মাসে চালু করব। দ্বিতীয় ফেজের কাজ শুরু হচ্ছে। মহিলাদের জন্য এইরকম ক্যাম্প পশ্চিমবঙ্গে আর কোথাও নেই বা অন্য কোথাও নেই। ওয়ার্কিং ওম্যানদের জন্য এইরকম আরও করতে হবে। যেমন বছর দেড়েক আগে সাহাপুরে একটা এবং সল্টলেকেরটা ভোটের ৪।৫ মাস আগে শুরু করেছি। ফলে নাইট সেন্টার, ওয়ার্কিং ওম্যানদের জন্য করা শুরু হয়েছে। আর যেটা এখনও একটাও করা হয়নি সেটা হচ্ছে ওল্ড এজ হোম। খুব বৃদ্ধ মানুষদের থাকার জন্য সরকার থেকে কোনও ব্যবস্থা নেই। একটা এক্সপেরিমেন্টালি হিসাবে আমরা ভি.আই.পি রোডের একটা জায়গা ঠিক করেছি সেখানে তাদের জন্য বাড়ি তৈরি করতে চাই। তারপর কাকে দিয়ে চালাব, এন.জি.ও.-কে দেব কিনা সেটা পরে ভাবা যাবে। কিন্তু এই কাজগুলো আমরা আগামী দিনে বাড়াতে চাই। সেইজন্যই এবারের বাজেটে গতবারের থেকে কিছু বেশি টাকা ধরা হয়েছে। আর আমাদের ৩০ হাজার ভাড়া ফ্ল্যাট আছে। এর অর্ধেক গভর্নমেন্ট এমপ্লয়িদের জন্য। আর অর্ধেক সাধারণ পাবলিকদের জন্য। এতে গভর্নমেন্টের খরচ হয় বছরে ১১ কোটি টাকা। বিশেষ করে, আমাদের এল.আই.জি. এবং এম.আই.জি.-তে। আর যেটা আমরা বলছি পাবলিক থাকার জন্য, গভর্নমেন্ট এমপ্লয়ি তারাতো রিটায়ার করার পর তাদের ফ্ল্যাট ছেড়ে দিতে হবে। ২।১০ দিনের মধ্যে ফ্ল্যাট না ছাড়লে পুলিশ দিয়ে সরিয়ে দেওয়া হবে। কিন্তু পাবলিক ফ্ল্যাটের লোকেরা যুগ যুগ ধরে থাকতে পারবেন। কিন্তু দেখা যাচ্ছে, এটা চালাতে খরচ হচ্ছে সাড়ে ১০ কোটি টাকা থেকে ১১ কোটি টাকা আর গভর্নমেন্টের আয় হচ্ছে ১ কোটি ৬০।৭০ লক্ষ টাকা। এটা অসম্ভব ব্যাপার। তাই আমরা ভাড়া-বাড়ি তৈরি বন্ধ করে দিয়েছি। অথচ কলকাতা শহরের উপর যে পরিসংখ্যান দেখা যাচ্ছে তাতে বছরে যত লোক থাকে তার ৮২ পারসেন্ট লোকই ভাড়ায় থাকে এবং মাত্র ১৮ ভাগ লোকের নিজের বাড়ি রয়েছে অর্থাৎ কিনা বাড়ির মালিক। এই ১৮ ভাগের মধ্যে আবার ৪০ ভাগ স্ট্যান্ডার্ড বাড়ি আছে বাকি ৬০ ভাগ সেমি-পার্মানেন্ট। এরমধ্যে বস্তি বাড়ি রয়েছে। ৮২ ভাগ ভাড়াটে রয়েছে। কিন্তু এটা ঠিক যে, পাবলিকের জন্য ভাড়া-বাড়ি বন্ধ করে দিয়েছি। এটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যখন হাউজিং ডিপার্টমেন্টের চার্জে ছিলেন কিছুদিনের জন্য তখন সিদ্ধান্ত করা হয়েছিল। তিনি যখন সিদ্ধান্ত নিয়েছিলেন তখন নিশ্চয় দেখে শুনে, ভেবে-চিন্তেই সিদ্ধান্ত নিয়েছিলেন যে, ১১ কোটি টাকা খরচ আর দেড় কোটি টাকা আয়। তাও যদি গরিব লোকেরা থাকতো তো একটা কথা ছিল। তা তো নয়। তারা মারুতি গাড়িতে ঘুরে বেড়াচ্ছে। মানিকতলা, গড়িয়াহাটের মতো সরকারি ফ্ল্যাট যেগুলো ২০০।২৫০ টাকায় ভাড়া দেওয়া হয়েছে তারা মারুতি করে ঘোরা-ফেরা করছে। অথচ ১১ কোটি টাকা সরকারের খরচ আর আয় দেড় কোটি টাকা। ঐসব ফ্ল্যাটের জন্য সরকারকে ৯ কোটি সাড়ে ৯ কোটি টাকা সাব-সিডি দিতে হচ্ছে। যদিও তাদের সকলে গরিব নয়। আগামী কয়েক মাসের মধ্যে আমরা ঐসব বাড়ির ভাড়া বাড়িয়ে দেবার ব্যবস্থা করব। আশাকরি কিছুদিনের মধ্যেই এবিষয়ে ঘোষণা করতে পারব। এটা ডবল হোক, বেশি হোক

পুরোটা করা যাবে না। এবিষয়ে একটা কমিটি করা হয়েছে। সেই কমিটির রিপোর্ট আসছে। কিন্তু যে বাড়ির ভাড়া ২৫০ টাকা তাদের তো আর একসাথে ১ হাজার বা ২ হাজার টাকা ভাড়া করা যাবে না। তবে এটা বাড়াতে হবে। এটা করতে হবে সাবসিডি কমানোর জন্য নয়, ভাড়ার বাড়ি আমাদের বাড়াতে হবে। আমি নিজে এনিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। কারণ উনি থেকেই বন্ধ করেছিলেন। আমি তো দেখি আমার কাছে শতকরা ৯৫ ভাগ লোকই আসে ভাড়া-বাড়ির জন্য। আর বাকি ৫ ভাগ লোক আসে বাড়ি কেনার জন্য। ভাড়া বাড়ি আমাদের বানাতে হবে, বাড়ি করার জন্য রাসবিহারি কানেকটারে আমরা ব্যবস্থা করছি, পাবলিকের সাথে কথা বলেছি, সাধারণ মানুষের সাথে কথা হয়েছে, তারা বলছেন তিনশো, চারশো, পাঁচশো পর্যন্ত টাকা নিন কিন্তু ভাড়া বাড়ি দিন, এক লক্ষ চাইলে আমরা দিতে পারবো না। তাই বলছি এটা সরকারের প্রফিট করবার কোনও ব্যাপার নয়। গত বছর প্রথম ১৫০টি ভাড়া বাড়ি চালু করেছি কিন্তু এই বাড়ি ভাড়া বাড়তে হবে। ল্যান্ডের কথা বলছি। ল্যান্ড আমাদের কিনতে হবে এবং একুইজিশন করতে হবে। প্রোমোটাররা থাকবে, আমার সাধ্য নেই ওদের ওঠানো, তবে তাদের নিয়ম মেনেই চলতে হবে। পৃথিবীতে এখন সব ব্যাপারেই প্রাইভেট বিজনেস হচ্ছে, তাই এদের তুলে দেওয়া সম্ভব নয়। কিন্তু দায়িত্ব জ্ঞানহীনভাবে কালো টাকার দাপাদাপি এরা শুরু করেছেন, আবার কিছু লোক আছেন তারা এদের বাজার ছেড়ে দেওয়ার পক্ষপাতি। গরিব মানুষ আর হাওড়া, কলকাতায় থাকতে পারবে না, যদি না আমরা এদের আটকাতে পারি। এই আনস্ক্রুপুলাস প্রোমোটার এরা ১০০ টাকার মধ্যে ৯৫ টাকাই কালো টাকা আর ৫ টাকা হচ্ছে সাদা টাকা দিয়ে জমি কিনছে। আমি বলেছি আমি সেই জমিগুলিই একুইজিশন করবো, দরকার হলে হাইকোর্ট, সুপ্রিমকোর্টে যাবো, অনেক কেস হাইকোর্টে পড়ে আছে। এইরকম বহু জমি আমরা খান্ডেলকর, পোদ্দারদের কাছ থেকে একুইজিশন করেছি। এদের ব্যাগভর্তি কালো টাকা আছে বলেই এরা একে-ওকে টাকা দিয়ে জমি নিয়ে নিচ্ছেন, এটা চলতে পারে না। ওরা যদি কালো টাকার জোরে বেশি করে ওদের টাকা দেন তাহলে ওরা কেন গভর্নমেন্টকে জমি দেবে? প্রোমোটাররা ব্যবসা করুন, কিন্তু নিয়ম-কানুন মেনে ব্যবসা করুন। আমরা নিজেরা দুটি জয়েন্ট সেক্টর কোম্পানি করেছি। টাটা-বিড়লা থেকে শুরু করে সবাই এতে অ্যাপ্লাই করছেন। বোম্বাই, দিল্লি, মাদ্রাজ থেকে অ্যাপ্লাই করছেন, রেল ডিপার্টমেন্ট থেকে অ্যাপ্লাই করছেন, মোদি থেকে অ্যাপ্লাই করছেন, তারা আমাদের সাথে বাড়ি করতে চান। আরও কয়েকটা জয়েন্ট সেক্টর কোম্পানি আমাদের সাথে কাজ করতে চান। এই মুহূর্তে ভি.আই.পি. রোডে, বাইপাসে কাজ শুরু হয়েছে। বাজেটে হাউজিং বোর্ডের সত্তর কোটি আর হাউজিং ডিপার্টমেন্টের সাতাশ কোটি, এই দুটো মিলে প্রায় একশো কোটি টাকা হচ্ছে, এটা দিয়ে কি করতে পারি দেখি। সেইজন্য জয়েন্ট সেক্টর কোম্পানি নামাতে হবে। এর প্রথম কথা হচ্ছে এক হাজার বাড়ি বানাবেন, তার মধ্যে পাঁচশো থেকে সাতশো বাড়ি গরিব মানুষের জন্য বানাবেন। বাড়ি বানাতে গিয়ে যদি খরচ পড়ে এক লক্ষ টাকা তবে সেই বাড়ি এক লক্ষ টাকাতেই বিক্রি হবে, যদি বানাতে গিয়ে খরচ পড়ে সাড়ে তিন লক্ষ টাকা তবে সেই বাড়ি সাড়ে তিন লক্ষ টাকাতেই বিক্রি হবে গরিব মানুষদের জন্য। কিন্তু বাড়ি বানাতে যদি ছয় লক্ষ টাকা খরচ হয় তাহলে বড়লোকদের কাছে সেটা আট লক্ষ টাকায় বিক্রি করা হবে। কলকাতা এবং তার আশে-পাশে যাতে সাধারণ মানুষ থাকতে পারে আমরা তারজন্য সাবসিডি দেব। এই বাড়িগুলি লটারি করে

সাধারণ মানুষদের মধ্যে ডিস্ট্রিবিউট করবো। এই কোম্পানিগুলিতে গভর্নমেন্টই হবে মেজর শেয়ার হোল্ডার।

[5-00 — 5-10 P.M.]

আমাদের মাস্টার মশাইরা, প্রাথমিক শিক্ষকরা, পৌর কর্মচারীরা এবং আরও অনেকে সরকারি কর্মচারীদের মতো বা ব্যাঙ্ক কর্মীদের মতো বাড়ি তৈরি করার জন্য কোনও লোন পান না। আমি খুশি যে, এ বিষয়ে হাউসিং বোর্ডের মাধ্যমে আমরা একটা ব্যবস্থা করতে পেরেছি। দিল্লির বিভিন্ন সংগঠনের কাছ থেকে টাকা এনে তাদেরও আমরা ধার দিতে পারব। লোন সেল করার জন্য অনেকগুলো নতুন পোস্টের দরকার ছিল। ফিনান্স ডিপার্টমেন্ট সে পোস্টের অনুমোদন দিয়েছে। সুতরাং ওটা হয়ে গেছে, কিছু দিনের মধ্যেই আমরা ওটা চালু করতে পারব।

আর আমি কথা বাড়াতে চাই না। আমরা এই কাজগুলো শুরু করেছি এবং বিভিন্ন দিক দিয়েই এগিয়ে যাচ্ছি। আশাকরি আপনাদের সমর্থন নিয়ে এগুলো যথা সময়ে শেষ করতে পারব।

নারায়ণবাবু একটা সাজেশন দিয়েছেন। গরিব মানুষরা নিজেরাই যাতে সংগঠিত হয়ে কো-অপারেটিভ থেকে টাকা নিয়ে বা এন.জি.ও.-দের সাহায্য নিয়ে বা হাডকো থেকে লোন নিয়ে নিজেদের আবাসন নির্মাণ করতে পারেন তারজন্য তাদের সরকারের পক্ষ থেকে কিছু মদত দেওয়া যায় কিনা তা ভেবে দেখতে বলেছেন। এটা খুবই ভাল প্রস্তাব। সার্ভিস কমিশন করে সিড মানি হিসাবে কিছু টাকা পয়সা দিয়ে তাদের সাহায্য করা যায় কিনা, এটা নিয়ে আমরা আলোচনা করে আগামী দিনে বলতে পারব। এই কথা বলে বাজেটকে সমর্থনের সকলের কাছে অনুরোধ রেখে, কাট মোশন যারা দিয়েছেন তারা বাইরে আছেন, তাদের সে কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.62,74,93,000 only be granted for expenditure under Demand NO. 36, Major Heads: "2216-Housing, 4216-Capital Outlay on Housing and 6216-Loans for Housing" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.20,93,00,000 only already voted on account in February, 1996.) was then put and agreed to.

## Demand No. 35

**Deputy Speaker** : There are ten cut motions. All the cut motions are in order. I request the Members to move their cut motions.

**Shri Deba Prasad Sarkar** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

[5-10 — 5-20 P.M.]

**শ্রী প্রবোধ পুরকাইত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী গৌতমবাবু তার বিভাগের বাজেট পেশ করেছেন। এ কথা ঠিক যে, গৌতমবাবু এই দপ্তরের দায়িত্ব নেবার পর এই দপ্তরে কিছুটা গতিশীলতা এসেছে। তিনি গ্রাম এবং শহরের সর্বত্র পানীয় জল মানুষের কাছে পৌঁছে দেবার চেষ্টা করছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এটা জানেন যে, জলের অপর নাম জীবন। আমাদের স্বাধীনতার অর্ধ শতাব্দী হতে চলল এবং বামফ্রন্ট সরকার ২০ বছর ধরে পশ্চিমবাংলার দায়িত্বে আছেন। ওরা সাধারণ মানুষের দাবি-দাওয়া মানার কথা, সাধারণ মানুষদের বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়ার কথা বলেন। অথচ বামফ্রন্ট সরকার এ রাজ্যে ২০ বছর ধরে ক্ষমতায় থাকার পর আজও আমাদের শুনতে হয় যে, গ্রামে পানীয় জলের অভাব! আজও আমাদের চোখের সামনে আমরা দেখি যে, মানুষকে একটু পানীয় জলের জন্য বহু দূর দূরান্তে যেতে হয় টিউবওয়েল বা নলবাহি জলের কলের সামনে গিয়ে লাইন দিতে হয়। এই দৃশ্য আমরা দেখি। এবারের নির্বাচনে সরকার পক্ষের এবং বিরোধীপক্ষের সদস্যরা যারা নির্বাচিত হয়ে এসেছেন গ্রাম থেকে তাদের সকলেরই অভিজ্ঞতা আছে, এই নির্বাচনের সময়ে গ্রামের সাধারণ মানুষ পানীয় জলের নলকূপের কথা আমাদের কাছে বলেছে। এটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়ে আছে যে এখনও গ্রামে পানীয় জলের অভাব অনেক জায়গায় দেখা গেছে। অনেক গ্রাম এখনও বিচ্ছিন্ন অবস্থায় আছে। সেখানে দেখা গেছে নলকূপ নেই। যেখানে নলকূপ বসানো হয়েছে জলের অভাবে দেখা গেছে কয়েক বছরের মধ্যে নলকূপগুলি নষ্ট হয়ে যাচ্ছে, বিকল হয়ে যাচ্ছে। সেগুলি মেরামতির ব্যবস্থা নেই। এগুলি পঞ্চায়েতের মাধ্যমে মেরামত করার কথা। সরকার জেলা পরিষদের কাছে টাকা দেন। জেলা পরিষদ পঞ্চায়েত সমিতিকে টাকা দেন। তারপর গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে সেগুলি মেরামতি করবার কথা। মাননীয় মন্ত্রী মহাশয় তার ভাষণে একথা বলেছেন যে, নতুন নলকূপ এবং মেরামতির জন্য তিনি জেলা পরিষদকে টাকা দিয়েছেন। কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে, গ্রামে যে নলকূপগুলি বসানো হয়েছিল সেই নলকূপগুলি বহু জায়গায় অকেজো হয়ে গেছে, সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। কোনও কোনও জায়গা থেকে অবশ্য সামান্য জল উঠছে। বিশেষ করে গ্রীষ্মের সময়ে পানীয় জলের সঙ্কট চরম আকার ধারণ করে। একদিকে খাল-বিল, নদী-নালা শুকিয়ে গেছে এবং যারা হাই-ইয়েলডিং চাষ করে তারা ঐ খালের পুকুরের জল চাষের জন্য নেবার ফলে সমস্ত কিছু শুকিয়ে যায়। ফলে গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব দেখা দেয়। এখন এই জলের অভাবের জন্য গ্রামের নলকূপ ব্যবহার করতে গিয়ে গ্রামবাসিরা নিজেদের মধ্যে মারপিট করে। এরফলে সেখানে আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দিয়েছে। এইরকম সমস্যা সামনে আসছে। সুতরাং অগ্রাধিকারের ভিত্তিতে, মানুষের যেটা ন্যুনতম প্রয়োজন, জলের যে অপর নাম জীবন সেটা আজ পর্যন্ত গ্রামের মানুষের কাছে পৌঁছে দিতে পারলাম না। এটা একটা বামপন্থী সরকারের, যারা আজকে প্রগতিশীল, জনমুখি কর্মসূচি গ্রহণ করে বলে দাবি করেন তাদের একটা লজ্জা। এরা আজ ২০ বছর ক্ষমতায় থেকে গ্রামে পানীয় জলের সমস্যা মেটাতে পারলেন না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, পানীয় জলের এই যে অসুবিধা এই অসুবিধাটা গুরুত্বপূর্ণ সহকারে বিবেচনা করুন এবং এ ব্যাপারে নজর দিন। একটা সময়সীমা নির্দ্ধারণ করে দিন। এখানে আপনি নলকূপহীন গ্রামের, পাড়ার সংখ্যার কথা বলেছেন এবং ইতিমধ্যেই আপনি বেশ কিছু পাড়া কভার করেছেন, কিন্তু এখনও বাকি আছে। আপনার এই তথ্য সঠিক কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। এই যে আপনি পাড়াগুলির হিসাব করেছেন এটা কোনও

পরিসংখ্যান থেকে তথ্যটা বের করেছেন? ঐ সংখ্যাটা সঠিক নয়। যে সংগঠন এই পরিসংখ্যান চালিয়েছিলেন সেই সংগঠনের কাজকর্ম আমাদের নজরে পড়েনি। সেইজন্য বলছি, সঠিকভাবে তথ্য নির্দ্ধারণ করা দরকার। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে গ্রাস-রুট লেভেল থেকে তথ্য নিলে সঠিক চিত্র বেরিয়ে আসবে কোন পাড়াগুলিতে পানীয় জলের অভাব আছে। যেখানে নলকূপ বসানো হয়েছিল সেগুলিও নষ্ট হয়ে গেছে। সুতরাং ৬ হাজার ১৭৮টি পাড়াকে জল সরবরাহহীন পাড়া বলে চিহ্নিত করে যে ফিগার দিয়েছেন সেটা সঠিক নয় বলে আমার মনে হয়। নতুন নতুন নলকূপ গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে, পঞ্চায়েত সমিতির মাধ্যমে কিছু হচ্ছে। কিন্তু সেই সংখ্যাটা খুব বেশি নয়। আমি জানি এখানে অনেক সদস্য আমার সঙ্গে একমত হবেন যে পঞ্চায়েত সমিতিতে হয়তো ১০টা গ্রাম পঞ্চায়েত আছে। দেখা যাচ্ছে বছরে দশটা নলকূপের জন্য স্যাংশন হয়েছে এবং নলকূপ বসাতে গিয়ে নির্দিষ্ট পরিমাণ মিটার ভিত্তিতে করতে গিয়ে দেখা গেল আরও বেশি পাইপ লাগবে, কিন্তু দেখা যাচ্ছে অনেক মৌজায় যে পরিমাণ পাইপ ওখানে নির্ধারণ করে দেওয়া হল, তার থেকে বেশি পরিমাণ পাইপ বেশি দিতে হচ্ছে। ফলে প্রয়োজন মিটছে না। অপরদিকে দেখা যাচ্ছে যেখানে বছরে দশটা নলকূপ বসানো হয়েছে, সেখানে প্রতি বছর ১৫/২০টা নষ্ট হয়ে যাচ্ছে। কারণ আমরা দেখছি ৩০ বছর আগে যে নলকূপ বসানো হয়েছিল, সেইগুলো ঠিক ভাবে ফাংশন করছে। বর্তমানে যেগুলো বসানো হয়েছে সেইগুলো এক দেড় বছরের মধ্যেই নষ্ট হয়ে যাচ্ছে। সুতরাং মন্ত্রী মহাশয় যে তথ্যটা এই বিষয়ে দিয়েছেন সেটা সঠিক কি না বিবেচনা করবেন। সেইজন্য নতুন নতুন নলকূপ দিলেও দেখা যাচ্ছে সরবরাহহীন পাড়ার সংখ্যা ক্রমাগত বাড়ছে। পাইপের যে কোয়ালিটি দেওয়া হচ্ছে সেটা জেলা পরিষদ টেন্ডার করে নেন, সেটার কোয়ালিটি সঠিক কি না মন্ত্রী মহাশয় সেটা দেখবেন। আজকে দেখা যাচ্ছে নলবাহিত অনেক প্রকল্প, যেগুলো আছে সেইগুলো অনেকদিন ধরে সংযোগের অভাবে পড়ে রয়েছে, ফাংশনিং করছে না, অনেক জায়গায় ডিফান্ড হয়ে যাচ্ছে। আমি আমার নির্বাচনি কেন্দ্র জয়নগর মিউনিসিপ্যালিটির মথুরাপুর এবং রায়দিঘির এইরকম একটা সমস্যায় পড়ে রয়েছে। সুতরাং মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, এইরকম নল বাহিত কতগুলো প্রকল্পের কাজ শুরু হয়েছে এবং কতগুলো কার্যকর আছে, আর কতগুলো নেই, এই তথ্য আমি জানতে চাই। এতগুলো নলবাহিত প্রকল্প চালু করেছেন, এত গ্যালন জল প্রতিদিন উঠছে, এতে কত মানুষ বেনিফিটেড হচ্ছে, এইভাবে যদি একটা প্রকৃত তথ্য দিতেন তাহলে ব্যাপারটা অনেক অনুধাবন যোগ্য হত। আশাকরি সেই তথ্যটা এখানে দেবেন। তারপর বিগত কয়েক বছর ধরে দেখা যাচ্ছে যে ভূগর্ভস্থ জলে বেশকিছু জায়গায় প্রবল আর্সেনিক দূষণ ঘটছে। সুদূর উত্তরবঙ্গ থেকে বারুইপুরের দক্ষিণ পর্যন্ত একটা রেঞ্জ ধরে দেখা যাচ্ছে ভূগর্ভস্থ জলে আর্সেনিকের দূষণ ঘটছে। পানীয় জলের অভাবে বাধ্য হয়ে মানুষ সেই দুষিত জলই পান করছে তারফলে তারা দুরারোগ্য ব্যাধিতে ভুগছে। এ নিয়ে কাগজেও অনেক লেখালেখি হয়েছে, বিধানসভাতেও আলোচনা হয়েছে। আপনি বলেছেন যে কেন্দ্রীয় সরকারের সাহায্য এখানে আর্সেনিক দূষণমুক্ত পানীয় জল দেবার জন্য প্রকল্প গ্রহণ করেছেন। আমাদের বারুইপুর রেঞ্জ, ক্যানিং রেঞ্জ, ভাঙর রেঞ্জে আর্সেনিকের প্রকাশ ঘটেছে। এ সম্পর্কে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন আশাকরি সেটা বলবেন। এ ক্ষেত্রে নর্থ বেঙ্গলে কতকগুলি প্রকল্প নেবার কথা আপনি বলেছেন কিন্তু দক্ষিণবঙ্গের বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনাতে এই আর্সেনিকের ব্যাপারে কি ব্যবস্থা বা পদক্ষেপ নিচ্ছেন

আশাকরি জবাবি ভাষণের সময় তা বলবেন। আমরা জানি যে এরজন্য একটি বিশেষজ্ঞ কমিটি হয়েছিল এবং সেই বিশেষজ্ঞ কমিটি তাদের প্রতিবেদন পেশ করেছেন, এ ক্ষেত্রে কি পদক্ষেপ নিয়েছেন সেটা জানালে আমরা খুশি হব। শহরাঞ্চলে আপনি পানীয় জল সরবরাহ করার জন্য হাডকো এবং জীবনবিমা নিগম থেকে দেখা যাচ্ছে ঋণ গ্রহণ করছেন। সেই ঋণের ভিত্তিতে কতকগুলি প্রকল্পও গ্রহণ করছেন। কিন্তু অনেক জায়গায় দেখা যাচ্ছে যে নির্দিষ্ট সময়ের মধ্যে সেই প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে না ফলে এগুলির ব্যয় বেড়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার নিবেদন, যে প্রকল্পগুলি গ্রহণ করা হচ্ছে এবং বাস্তবায়িত হচ্ছে তা যাতে নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন হয় তা অবশ্যই দেখা দরকার। অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে যে একটা প্রকল্প চলছে তো চলছেই, সময়ে শেষ হচ্ছে না ফলে তার বরাদ্দ টাকার মধ্যে হচ্ছে না, টাকার অভাব পড়ে যাচ্ছে, এটা যাতে না হয় সেটা দেখবেন। নির্দিষ্ট সময়সীমা আপনি নির্দিষ্ট করে দিন প্রতিটি প্রকল্পের ক্ষেত্রে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পি.এইচ.ই. দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি আজ এই সভায় পেশ করেছেন তা সম্পূর্ণরূপে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমাদের এই পশ্চিমবাংলায় আর পাঁচটা দপ্তরের থেকে এই দপ্তর অনেক বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলেই আমি মনেকরি। তার কারণ হচ্ছে, আমরা দেখেছি যে ১৯৭৭ সালের আগে দূষিত জল পান করার ফলে গ্রামে বিভিন্নরকম জল বাহিত রোগ যেমন আন্ত্রিক, আমাশয়, ওলাওঠা ইত্যাদি হত। এরফলে গ্রামের পর গ্রাম মানুষ নিশ্চিহ্ন হয়ে যেত এবং এক গ্রাম থেকে মানুষ অন্য গ্রামে চলে যেতে বাধ্য হত। গ্রামের মানুষ মনে করত যে গ্রাম দেবতা রুষ্ট হয়েছেন। সেজন্য তারা শিতলা মায়ের পূজা দিতেন, গাঁয়ে শীতলা যষ্ঠীর ব্রত পালন করতো। আজকে আপনারা দেখাতে পারবেন যে এই সমস্ত মহামারির জন্য গ্রাম ছেড়ে মানুষ চলে যাচ্ছে? আগামী দুই হাজার সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য এই শ্লোগান দেওয়া হয়েছে। এই শ্লোগান আন্তর্জাতিক শ্লোগান। বামফ্রন্ট সরকারও এই শ্লোগানের সঙ্গে একমত। সেইদিকে লক্ষ রেখে আমাদের পি.এইচ.ই. দপ্তর যেভাবে কর্মসূচি পরিচালনা করার চেষ্টা করেছেন সেটা নিশ্চয়ই প্রশংসার দাবি রাখে। আমরা দেখেছি যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার জন্য এই দপ্তর যে ভূমিকা পালন করছে তাতে করে নলকূপের মাধ্যমে বেশির ভাগ মানুষকে এই আওতায় আনা সম্ভব হয়েছে। বলা যেতে পারে যে গ্রামে-গঞ্জের প্রায় ৮০ ভাগ মানুষকে এই বিশুদ্ধ পানীয় জল সরবরাহের আওতায় আনতে পারা গেছে এই সময়ের মধ্যে। আমার আগে মাননীয় সদস্য প্রবোধ পুরকায়েত মহাশয় কিছু সমালোচনা করেছেন। কিন্তু আমরা দেখেছি যে বিভিন্ন জায়গায় যে সমস্ত টিউবওয়েল আছে নাশকতা মূলকভাবে আমাদের বিরোধী পক্ষের যারা আছেন, তারা টিউবওয়েলগুলিকে বন্ধ করে দিয়েছেন বিশেষ করে ভোট পাবার জন্য। আমরা দেখছি যে পঞ্চায়েত এলাকায় টিউবওয়েলগুলিতে কম দামের পার্টস, কম দামের অন্যান্য জিনিসপত্র, কম দামের মেকানিক দেওয়া হচ্ছে এবং সেই কারণে টিউবওয়েলগুলি কিছু দিনের মধ্যে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই এই বিষয়ে মন্ত্রী মহাশয়কে আরও গুরুত্ব দিয়ে ভাবতে বলবো এবং ব্যবস্থা নিতে বলবো যাতে পানীয় জলের যে উৎস সেটাকে কেউ নাশকতা মূলক কাজের মধ্যে দিয়ে

বন্ধ করতে না পারে। পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীমে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে পৌর এলাকা আছে, যে শহর এলাকা আছে সেখানে অপেক্ষাকৃত ভালভাবে চলার চেষ্টা করা হচ্ছে। কিন্তু আমরা দেখছি যে অনেকগুলি স্কীম অনুমোদন হয়েছে, কাজও শুরু হয়েছে কিন্তু এখন পর্যন্ত জল সাপ্লাই করতে পারছে না। আমার জঙ্গীপুরের কথা বলছি, সেখানে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম এখন পর্যন্ত চালু করতে পারলো না। রঘুনাথগঞ্জে কেবল মাত্র ওয়াটার ট্যাঙ্ক হয়েছে, আর কোনও কাজ এগোয়নি। এগুলি যাতে তাড়াতাড়ি হয় সেজন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। এই সময়ের মধ্যে গ্রামের দিকে যে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম শুরু করা হয়েছে তাতে আমরা দেখছি যে সাগরদিঘিতে ৮।১০ বছর আগে স্কীম গ্রহণ করা হয়েছে কিন্তু এখনও ফুল ফ্রেজে কাজ করতে পারলো না। এর ফলে যে ক্ষয়-ক্ষতি হচ্ছে সেটা যাতে আগামীদিনে না হয় সেটা মন্ত্রী মহাশয়কে গুরুত্ব দিয়ে ভাবতে হবে এবং যাতে ফুল ফ্রেজে প্রকল্পের কাজ শুরু করা যায় সেটাও দেখতে হবে। দ্বিতীয় বিষয়, আপনি জানেন যে, মালদা থেকে আরম্ভ করে উত্তর ২৪-পরগনা পর্যন্ত আর্সেনিক কবলিত এলাকা। আমাদের মুর্শিদাবাদ জেলার ৩টি ব্লক জলঙ্গী, ডোমকল এবং রানিনগর আর্সেনিকের কবলে পড়েছে। সেখানে আর্সেনিক আক্রান্ত হয়ে কিছু মানুষ মারা গেছেন এবং বহু মানুষ চিকিৎসাধীন। এই আর্সেনিক দূর করবার জন্য কিছু কিছু পদক্ষেপও বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন। কিন্তু বামফ্রন্ট সরকারের আপনার দপ্তর এক্ষেত্রে যতখানি ততপরতা নিয়ে কাজ করছে তার সিকিভাগ ততপরতা নিয়েও যদি এক্ষেত্রে কাজ করতো তাহলে আমরা আরও অনেক এরিয়া আর্সেনিক মুক্ত করতে পারতাম। এই বাজেট ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি, আর্সেনিক মুক্ত করবার জন্য প্রয়োজনীয় অর্থের ৭৫ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার দেবেন বলেছেন। আমার বক্তব্য হল, আর্সেনিক মুক্ত করবার জন্য প্রয়োজনীয় অর্থের পুরোটাই কেন্দ্রীয় সরকারকে দিতে হবে, কারণ মাটির তলার সমস্ত জিনিসের অধিকারি হচ্ছেন কেন্দ্রীয় সরকার। মাটির তলার কয়লা, তেল এবং খনিজ দ্রব্য সমস্ত কিছুর অধিকার কেন্দ্রীয় সরকার নিজের হাতে রেখেছেন। সেক্ষেত্রে মাটির তলার জল সম্পদ ব্যবহার করবার পর যখন মানুষের অসুখটা হচ্ছে তখন তার দায়-দায়িত্বটাও কেন্দ্রীয় সরকারকেই গ্রহণ করতে হবে। এ-ব্যাপারে সর্বদলীয় একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবার জন্য আমি হাউসের কাছে অনুরোধ করছি।

[5-30 — 5-40 P.M.]

এরপর আমি যে বিষয়ে বলতে চাই সেটা হচ্ছে, স্যানিটেশনের কথা যা বলা হয়েছে, এই স্যানিটেশনের কাজটা শহরাঞ্চল এবং পুরসভার মধ্যেই খানিকটা ততপরতার সঙ্গে করা হয় মাত্র। এ-ব্যাপারে নিশ্চয়ই আমাদের ঘাটতি রয়েছে। আজকে যতখানি গুরুত্ব দিয়ে গ্রামাঞ্চলের ক্ষেত্রে স্যানিটেশনের দিকটা দেখা দরকার ছিল সেটা দেখা হচ্ছে না। এক্ষেত্রে ব্যয়-বরাদ্দও ধরা হয়েছে মাত্র ৩৩ লক্ষ টাকা। গ্রামাঞ্চলে পঞ্চায়েত এলাকায় তিন-চারটি গ্রাম নিয়ে এক একটি গঞ্জ গড়ে উঠেছে। এই গঞ্জগুলোতে আজকে স্যানিটেশনের গুরুত্ব যদি না দেওয়া হয় তাহলে এক্ষেত্রে যতখানি প্রশংসা নিয়ে কাজ করেছেন, আবার ততখানি দুর্নাম নিয়ে চলে যেতে হবে। তারজন্য স্যানিটেশনের ব্যাপারে আরও বেশি অর্থ বাড়াবার জন্য বলছি। আমার কনষ্টিটিউয়েন্সি সাগরদিঘিতে নোংরা জল নালাগুলোর মধ্যে ঢুকে যাচ্ছে বর্ষার সময়। অন্য সময়েও ড্রেন থেকে সেই জল বের করা যায় না। এই স্যানিটেশনের কাজে একমাত্র

মুর্শিদাবাদ জেলার জন্যই প্রয়োজন মোটামুটিভাবে ১৫ লক্ষ টাকা, অথচ মাত্র ৩৩ লক্ষ টাকার এস্টিমেট এক্ষেত্রে দেখতে পাচ্ছি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, যাতে স্যানিটেশনের জন্য আরও বরাদ্দ বাড়ানো যায় তারজন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করুন। এর সঙ্গে সঙ্গে আরও বলতে চাই জল থেকে কি কি রোগ হতে পারে, পানীয় জল কিভাবে আমরা পেতে পারি, পানীয় জলের অপচয়ে আমাদের কি ক্ষতি হতে পারে, ইত্যাদি বিষয়গুলো নিয়ে পঞ্চায়েত এবং বিধানসভার প্রতিনিধিদের নিয়ে সেমিনারের ব্যবস্থা করা দরকার। কিন্তু সেমিনার করে এ-ব্যাপারে প্রচারের দিকটা গুরুত্ব কম পাচ্ছে। সেজন্য নির্বিচারে মাটির তলার জল তুলে নেওয়া হচ্ছে কৃষি উৎপাদন বাড়াবার জন্য। কিন্তু যেখানে সার্ফেস ওয়াটার বা রেনফল ওয়াটার ব্যবহার করবার সুযোগ রয়েছে সেখানে মাটির তলার জল নির্বিচারে ব্যবহার করা হবে কেন? আমার মনে হয় কোথায় যেন একটা সমন্বয়ের অভাব আছে। কৃষি দপ্তর, ইঞ্জিনিয়ারিং দপ্তর এবং তারসঙ্গে সঙ্গে পি.এইচ.ই. দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করে নির্বিচারে যাতে জল নষ্ট না হতে পারে তারজন্য এই সময়ের মধ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার। পি.এইচ.ই. দপ্তর যে কাজ করে চলেছে তা নিশ্চয়ই প্রশংসার যোগ্য। আমি আশা করব, আগামী দিনে বিভিন্ন দিকে লক্ষ করে যাতে আরও ভাল ভাবে দু'হাজার সালের মধ্যে সমস্ত মানুষকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে পারি কোনও জায়গায় টিউবওয়েলের মাধ্যমে, কোনও জায়গায় পাইপ লাইনের মাধ্যমে বা কোনও জায়গায় মাটির নিচের জল ব্যবহার করে তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। আপনি দেখেছেন যে বিভিন্ন জায়গায়, কি ব্যক্তিগতভাবে, কি পঞ্চায়েতের ক্ষেত্রে, এই পলি পাইপ ব্যাপকভাবে ব্যবহার করা হচ্ছে। এটার ব্যবহার কতখানি স্বাস্থ্যসম্মত কিনা তা দেখা দরকার। যদি দেখা যায় যে তা স্বাস্থ্যসম্মত, তাহলে এই পলি পাইপ দিয়ে অপেক্ষাকৃত কম খরচে সরকারি দপ্তরে ডিপ টিউবওয়েল, টিউবওয়েল এবং অন্যান্য পাইপ লাইনের ক্ষেত্রে এটা ব্যবহার করা যেতে পারে। আর যদি এর ব্যবহার স্বাস্থ্যসম্মত না হয়, তাহলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই কথা বলে আমি আর একবার এই বাজেট বরাদ্দ যা এখানে উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 P.M.]

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহোদয় যে বাজেট প্রস্তাব পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে সংক্ষেপে কিছু আলোচনা আমি রাখছি। মাননীয় মন্ত্রী মহোদয় খুব সুন্দরভাবে তার এই বক্তৃতায় পানীয় জলে বিশেষ করে আর্সেনিকের বিষয়টি সারা রাজ্যে, কয়েকটি জেলা থেকে সর্বত্র ছড়িয়ে পড়ছে, সে সম্পর্কে আমাদের সরকারের চিন্তা ভাবনা এবং আগামী দিনে এর হাত থেকে পানীয় জলকে কিভাবে মুক্ত করা যায় তারজন্য কিছু নির্দিষ্ট প্রস্তাব রেখেছেন। তারজন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। আর একটি বিষয় মাননীয় মন্ত্রী মহোদয় তার বক্তব্যে রেখেছেন। ১৯৯৪ সালে রাজীব গান্ধী জাতীয় পানীয় জল মিশনের একটি রিপোর্ট তিনি উল্লেখ করেছেন। খুবই সঙ্গতভাবে তিনি পুঙ্খানুপুঙ্খভাবে দেখাতে চেয়েছেন, আমাদের পানীয় জলের অগ্রাধিকার 'এর বিষয়টি চিহ্নিত করেছেন। প্রায় দু'বছরে, ১৯৯৪-৯৫ সালে এবং ১৯৯৫-৯৬ সালের হিসাব দিয়েছেন। ১৯৯৪ সালে তিনি বলেছেন, আংশিক জলপাড়া এবং

পূর্ণভাবে জল না থাকা পাড়া ছিল ৩৭,৩৯৩টি, তাতে ১৯৯৫-৯৬ সালে দুটি অংশে জল সরবরাহ করেছেন ৬,৪৯০টি পাড়াতে, যেটি আংশিক জল ছিল না এমন এবং পূর্ণভাবে জল ছিল না এমন পাড়া। ১৯৯৬-৯৭ সালে এইরকম পাড়াতে তার টার্গেট আছে ৪,৭১১টি পাড়ায় জল সরবরাহ করবেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো আপনার টার্গেট কমে গেল কেন? টার্গেট যেখানে ৩৭,৩৯৩টি পাড়ার উল্লেখ ছিল, সেই তুলনায় কমে গেল কেন? আমাদের এই টার্গেটটা যাতে বাড়ানো যায় সেদিকে লক্ষ রাখতে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ জানাচ্ছি। দু'বছরে ১১ হাজারের মতো পাড়াতে জল সরবরাহ করা হবে, এই টার্গেট যদি করা যায়, যে পাড়াগুলো জল বিহীন বা যে পাড়াগুলোতে আংশিকভাবে ব্যবস্থা আছে, সেখানে সম্পূর্ণ করতে পাঁচ ছয় বছর লেগে যেতে পারে। আর একটি সঙ্গত বিষয় এখানে উল্লেখ থাকলে ভাল হত। একদিকে যেমন মাননীয় মন্ত্রী মহোদয় দপ্তর পাওয়ার পর থেকে সমস্যাকে গভীর ভাবে উপলব্ধি করে মোকাবিলা করার চেষ্টা করছেন। অন্যদিকে এই সমস্যার যে গভিরতা সেটা প্রবোধ বাবু উপলব্ধি করেছেন বলেই বললেন যে প্রতি বছর কোথাও না কোথাও বহু সংখ্যক নলকূপ নষ্ট হয়ে যাচ্ছে। এবং এর হয়তো অনুসন্ধান করলে আমরা দেখতে পাচ্ছি যে, হয়তো কোথাও ফিলটার ঠিকমতো দিচ্ছে না বা পাইপ যে কোম্পানি দিয়েছে সেটা ঠিকমতো সাপ্লাই দিচ্ছে না ইত্যাদি। এই প্রসঙ্গে আমার স্মরণ আছে যে, গতবারে ক্ষুদ্র এবং সেচ দপ্তরের মন্ত্রী খুব জোরে হুঁশিয়ারি করে দিয়েছিলেন যে সামুদ্রিক জোন ধরে উড়িষ্যা, মেদিনীপুর, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনায় ভূগর্ভস্থ জল এত চাষের কাজে এবং অন্য কাজে লাগছে যে আগামী একদিন হয়তো আসবে যেদিন পানীয় জলের সঙ্কট তীব্রতর হবে এটা মনে রেখেই সুন্দর বনের জন্য বিকল্প প্রস্তাব রেখেছেন এবং সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেনও। ভূপৃষ্ঠস্থ জল ধরে রেখে নলবাহি প্রকল্পের মাধ্যমে কিভাবে ব্যবহার করা যাবে উত্তর ২৪ পরগনাতে এবং দক্ষিণ ২৪ পরগনাতে তার উপরে বিশেষ গুরুত্ব দিয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার জন্য অনুমোদনও নিয়ে এসেছেন, এরজন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। অন্যদিকে কিছু কিছু জায়গা আছে যেখানে পাহাড়ি এলাকা, সেখানে ওয়াটার সাপ্লাই করা খুবই কঠিন এবং দুরূহ কাজ। দার্জিলিং শহরে প্রায় হাজার হাজার লক্ষ লক্ষ পর্যটক যান যাদের জলের অসুবিধার জন্যে বেশি পয়সা দিয়ে জল কিনতে হয়। সেখানে যদি ওয়াটার স্টোর বা জমা জল ধরে রাখার জন্য নলবাহি ব্যবস্থার মাধ্যমে পরিবেশন করা যায় তাহলে সরকারের খরচ প্রতি বছর কম হতে পারে এবং পাহাড়ি এলাকার লোকেদেরও সুবিধা হতে পারে। তারপরে জলপাইগুড়ির ঐতিহাসিক বক্সা দুয়ারের আদিবাসি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষের বাস, সেখানে জলের অভাবে তারা চাল সেদ্ধ না করে ভেজে খেতে অভ্যস্ত হয়েছে এখন হয়তো কিছু কিছু সুবিধা তাদের দেওয়া হয়েছে কিন্তু এইভাবেই তারা চাল ভাজা খেতে অভ্যস্ত ছিল। পাহাড়ি এলাকায় এই জল স্টোর করার যদি ব্যবস্থা করা হয় তাহলে অনেক সুবিধা পাওয়া যাবে এবং সরকারি খরচও কমে আসতে পারবে। আরেকটি বিষয়ে বলছি তার সমন্বয়ের ভীষণ অভাব আছে এইদিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এবং মেকানিক্যাল সেকশন এই দুটো উইংসকে একইসঙ্গে সমন্বয় করলে পরে ওয়াটার সাপ্লাইয়ের ক্ষেত্রে আরও বেশি করে জল পাওয়া যেতে পারে। ওয়াটার সাপ্লাই প্রজেক্টের মেশিন হয়তো কোথাও নষ্ট হয়ে গেছে বা মেশিন কাজ করছে না বা ফাংশন করছে না এবং জল সরবরাহের ক্ষেত্রে যেখানে ৮ ঘন্টার থেকে

১০ ঘন্টা জল দেওয়ার কথা, সেখানে মাত্র ৩ ঘন্টা থেকে ৪ ঘন্টা জল দিচ্ছে, সেখানে পি এইচ ই দপ্তরকে বলতে গেলে তারা বলছেন যে এটা আমাদের দায়িত্ব নয়, মেকানিক্যালে চলে যান। আর ওদের সঙ্গে যোগাযোগ খুব কমই হয়। ফলে কাজ কিছু হয় না। তারপরে পঞ্চায়েত সমিতি এলাকায় ব্লক লেভেলে ইঞ্জিনিয়ার যারা আছেন, তারা রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রজেক্টের সম্পর্কে কোনও খবর রাখেন না। ওই রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট ২-৩-৪টে ব্লক মিলিয়ে, সেখানে ইঞ্জিনিয়াররা থাকেন এবং এস এ ই একজন কবে থাকেন কিন্তু তাদের চিহ্নিত করা খুব অসুবিধা হয়ে যায়। সেইজন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি জল সরবরাহ ব্যবস্থাটাকে গুরুত্ব দিয়ে দেখছেন সেই হিসাবে তাকে বলছি প্রতি বছরে একবার করে জেলা পরিষদের সঙ্গে এবং পঞ্চায়েত সমিতির সভাপতিদের সঙ্গে আমরা যে জনপ্রতিনিধি তাদের একটা বসানোর ব্যবস্থা করা হোক। তাহলে আমরা আমাদের অসুবিধার কথা বলতে পারব এবং সবাইকে চিহ্নিত করতে পারব।

তাহলে যে পরিমাণ টাকা বা বরাদ্দকৃত টাকা গ্রামীণ জলসরবরাহ ক্ষেত্রে রেখেছেন বা অন্যান্য ভাবে জলের জন্য যে ব্যবস্থা রেখেছেন সেটা অন্তত সুরাহা করা যেতে পারে বা আমরা ওয়াকিবহাল হতে পারি। পানীয় জলের যে জায়গাটায় আমরা একটা সময় ছিলাম সেই জায়গা থেকে আমরা অনেক বেশি পেয়েছি, তবে ক্রটিটা বেড়েছে। যেখানে একটা গ্রামে একটা নলকূপ আমরা হয়ত পেতে পারতাম, সেখানে পাড়া ভিত্তিক আমরা পাচ্ছি, এটা অনস্বীকার্য। এটা পেতে গিয়ে আমাদের আর একটা জিনিস স্বীকার করা দরকার স্বেচ্ছাসেবি সংগঠনদের একটা সাংঘাতিক ভূমিকা আছে, তারা গ্রামে অনেক নলকূপ এইরকম বসান। একটা সময় আমাদের অনেকে ছড়া কেটে পরিহাস করে বলতো, সেই পরিহাসের জায়গাটা এখন আর নেই। সেটা হচ্ছে, ওয়াটার, ওয়াটার এভ্রিহোয়ার, বাট নট এ ড্রপ টু ড্রিঙ্ক। এই জায়গা থেকে আমরা অনেকটাই সরে এসেছি। মাননীয় মন্ত্রী তিনি সুন্দরবন থেকে নির্বাচিত, তিনি জানেন সেখানে কি কষ্ট ছিল, সর্বত্র পানীয় জল যেত না, সেই জায়গায় দাঁড়িয়ে তিনি যে পদক্ষেপটি নিতে পেরেছেন, তারজন্য এই বাজেট প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী '৯৬-৯৭ সালের যে বাজেট উপস্থাপন করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। স্যার, এটা খুবই জলের মতো পরিষ্কার আমাদের বামফ্রন্ট সরকার আসার আগে এই পানীয় জলের যে সমস্যা সেটা যে কতটা প্রকোপ ছিল সেটা আমরা যারা গ্রামে বাস করি তারা দেখেছি, আগে কতিপয় বিত্তশালি লোকের বাড়িতে কিছু টিউবওয়েল ছিল সেখান থেকে লাইন দিয়ে জল নিয়ে আসতে হত তা থেকে খাবার জলটা পাওয়া যেত। বেশির ভাগ গ্রামেই পুকুরের জলকে ফুটিয়ে খেতেন। সেই সময় টিউবওয়েল এর পরিমাণ খুবই কম ছিল। সেই অবস্থা থেকে একটা নূতন আবহাওয়ার পরিবেশ এই বামফ্রন্ট সরকারের সময় গ্রামে গঞ্জে দিতে পেরেছি, এটা আমাদের সরকারের কৃতিত্ব। সর্বপরি আমরা যেটা জানি, "জলং চ শীতলং স্বচ্ছং, নিত্যং সুদ্ধং মনোহরম।।" অন্তত এই কথাগুলি আমরা বলতে পারি যে পানীয় জলের যে প্রকল্পগুলি গড়ে উঠেছে সেখানে কিছু ব্যতিক্রম আছে নিশ্চয় যেগুলি ইঞ্জিনিয়ারিং সেল এর ক্রটিবিচ্যুতি আছে সেইগুলি সারানো দরকার। কিন্তু

বেশিরভাগ যে জল প্রকল্পগুলি হয়েছে তাতে সেই জল পান করে তৃষ্ণা নিবারণ করা যাচ্ছে। এটা আজকে পরিষ্কার জলের জন্য মানুষকে সেইভাবে হাপিত্যেশ করতে হয়না। বৈদ্যুতিক সংযোগ এখন অনেকাংশে বেড়েছে আগের চেয়ে, এই কানেকশনগুলি না থাকলে অনেক সময় ইঞ্জিনিয়ারিং সেল এর কাজ করতে অসুবিধা হত। যদিও সেই ব্যাপারে এখনও কিছু সমস্যা থেকে গিয়েছে, কিন্তু সম্পূর্ণভাবে বলতে গেলে পানীয় জলের যে সমস্যা, সেই সমস্যা থেকে আমরা পুরো সরে এসেছি। সেই সমস্যা আমরা অনেকখানি কাটিয়েছি। গ্রামে জল সরবরাহ যেটা নলকূপের মাধ্যমে হয়, আমার মনে হয় প্রত্যেকটি ব্লকে একটি করে লগ বুক থাকা উচিত। সেই ব্লক কতকগুলি টিউবওয়েল আছে, কত ফিট নিচে আছে, তার পাইপগুলি কি ধরনের পাইপ ব্যবহার করা হয়েছে, সেখানে যদি রেকর্ড থাকে তারা সেটা এক নজরে বুঝতে পারবেন। আমাদের পঞ্চায়েত এলাকায় বুঝতে পারিনা হয়ত তিন মাস আগে বসেছে অথচ জল উঠছে না, খারাপ হয়ে গেছে। এটা কেন হচ্ছে? কেন উঠছে না, আমি তার যথাযথ উত্তর দিতে পারিনি। তাই এইরকম প্রত্যেকটি ব্লক বা অঞ্চলগুলিতে কতগুলো নলকূপ আছে, প্রত্যেকটি ব্লকে তার এইভাবে যদি পরিসংখ্যান থাকে, ভূগর্ভস্থ কতদূর পাইপ গেছে, কি পরিমাণ পাইপ ব্যবহার করা হয়েছে, তার গুনগত মান কি, তাহলে মনে হয় জল সরবরাহ ব্যবস্থার উন্নতি হবে। যেখানে আমরা নলকূপ করতে পারছি না, যেখানে আমাদের অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে, সেইভাবে জায়গাতে ইঞ্জিনিয়ারিং সেলকে দেখতে হবে, অনেক জায়গায় কূপ খনন করে জল পাওয়া সম্ভব কিনা এটা দেখতে হবে। জেলা পরিষদের হাতে নলবাহিত জল প্রকল্পগুলো তুলে দেওয়া সঠিক পদক্ষেপ। কারণ এর দ্বারা কাজের গতি আরও ত্বরান্বিত হবে। আরও কয়েকটি সমস্যার কথা আমি বলছি, ভূগর্ভস্থ পানীয় জলে আর্সেনিকের দূষণের জন্য, একটা বিশেষজ্ঞ কমিটি করে তাদের পরামর্শ নিয়ে যে কাজটা আপনি করতে চাইছেন, এটা খুবই আশাব্যঞ্জক। কিছুদিন পর আমাদের আর ঐ সমস্যার সম্মুখীন হতে হবেনা। মেদিনীপুরের কয়েকটি কথা আমি বলছি, মহিষাদল এক নম্বর ব্লক, দক্ষিণ কোমাইতে যে পানীয় জল প্রকল্প আছে তার একটা টিউবওয়েল বহুদিন ধরে নষ্ট হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের গোচরে এনেছিলাম, কিন্তু ঐ কাজ এখনও হয়নি। এটা না হওয়ার ফলে একটা হাসপাতালে জল পাওয়া যাচ্ছে না, দক্ষিণ দামোদরে যে স্বাস্থ্য কেন্দ্রটি, সেই স্বাস্থ্যকেন্দ্রটি পানীয় জল থেকে বঞ্চিত আছে। রাজনগরে যে জল প্রকল্প আছে আমরা দেখছি সেখানে লাল জল বেরোচ্ছে এবং লোকে সেই জল খেতে বাধ্য হচ্ছে। বরদা জল প্রকল্প, শীতলপুর জল প্রকল্প, এইসব জলপ্রকল্পের জলগুলো নোনা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, যে সমস্ত জল প্রকল্পগুলো আগে ভালো ছিল, কেন সেগুলোর এইরকম দশা হচ্ছে, তার রিপোর্ট উনি সংগ্রহ করুন ঐসব জায়গা থেকে। আমার মনে হয় যেসব জায়গায় ভালো জল উঠত, তার আশেপাশে কিছু ডিপ টিউবওয়েল, কিছু স্যালো টিউবওয়েল বসেছে। আপনার দপ্তরের পক্ষ থেকে একটা আইন করুন, আপনার দপ্তরের পারমিশন ছাড়া সেই প্রকল্পের কাছাকাছি যেন ডিপ বা স্যালো টিউবওয়েল কেউ না করতে পারে। নন্দীগ্রাম তিন নম্বর ব্লকে, যে অ্যাড়াশোল পানীয় জল প্রকল্প আছে, সেখানে বিদ্যুৎ ছিলনা বলে আপনাকে অনুরোধ করায় আপনি একটা জেনারেটার পাঠিয়েছিলেন। সেখানে এখন বিদ্যুৎ এসেছে, কিন্তু বিদ্যুৎ নেই বললেই চলে। আপনি দয়া করে জেনারেটারটা সেখান থেকে শিফট করবেন না। আপনার দপ্তরের অফিসাররা সেখানে যাচ্ছেন, জেনারেটারটা নিয়ে আসার জন্য।

আমরা বি.ডি.ও বা সভাপতিরা আমরা এটা আনতে দিইনি। রেপাড়া সাব-স্টেশান চালু হওয়ার আগে পর্যন্ত সেই জেনারেটার সেটটা যাতে সেখানে থাকে দয়া করে আপনি সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 P.M.]

**শ্রী গৌতম দেব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, এই বাজেটে সকলে সমর্থন করে বক্তব্য রেখেছেন। যেমন আমার আগের বক্তা ওনার এলাকার যে সমস্যা সেটা তুলে ধরলেন। একটা বিধানসভা এলাকার কি সমস্যা সেটা এখানে এই সময় বললে মুশকিল। তা নাহলে অন্যান্য সাধারণ সমস্যার প্রতি অনেকে দৃষ্টি আকর্ষণ করেছেন, পরামর্শ দিয়েছেন। আমার বইতে যা লেখা হয়েছে, যেটা প্রতিবেদনে উপস্থিত করা হয়েছে, এই সেশনের প্রশ্নোত্তরের সময়ও আমি বলেছিলাম, আবার গভর্নর স্পিচেও আছে, আগামী পাঁচ বছর গভর্নমেন্ট ওয়াটার সাপ্লাইয়ের ক্ষেত্রে কি করবে। পাইপ ওয়াটার সাপ্লাই এবং টিউবওয়েলের মাধ্যমে মানুষ যাতে জল পান সেটা আমরা দেখব। একটা সময় ছিল, যখন টিউবওয়েল দেওয়াই ছিল আমাদের প্রাইওরিটি। প্রবোধ বাবু যেটা বললেন, সুন্দরবনে পাঁচটা গ্রামে দুর থেকে জল আনতে হয়। ওনার ওখানে হয়ত সেইরকম একটা জায়গা থাকতে পারে, কিন্তু সংখ্যাটা সব সময় ঠিক মেলে তা নয়।

এক লক্ষ পঁচাত্তর হাজার টিউবওয়েল আছে পি.এইচ.ই'র। পাম্প করে জল খায়। পশ্চিমবাংলায় গ্রাম হচ্ছে ৩৮ হাজার। গ্রাম পিছু ভাগ করলে ৩।৪।৫টা করে হয়ে যাবে কিন্তু তাতো সব সময়ে হয় না। আর পি.এইচ.ই'র টিউবওয়েল মানে মানুষের নিজের টিউবওয়েল আছে, পঞ্চায়েতের টিউবওয়েল আছে। এমন কোনও গ্রাম খুঁজে পাওয়া মুশকিল যে গ্রামে এখন ৮।১০।২০টা টিউবওয়েল নেই। যারজন্য এখন আর গ্রাম ধরে হিসেব হয় না, ভারত সরকারও করছেন না আর আমরাও করছি না। এখন হিসেবের ভিত্তি হচ্ছে হ্যাবিটেশন। পাড়া আমাদের ৩৮ হাজার গ্রামে। গ্রামকে ৮০ হাজার পাড়াতে ভাগ করা হয়েছে। আর ৮০ হাজার পাড়ার মধ্যে ২ হাজার ৯শো সামথিং, ৩ হাজারের কিছু কম পাড়া আমরা পাচ্ছি যেখানে আমরা যে জল দেওয়ার কথা তা দিতে পারি নি এখনও পর্যন্ত। যেটা বেশ কিছুটা ছিল। যেটা গত বছর কাটিয়ে ফেলেছি। যারজন্য এই বছর আমাদের ফার্স্ট টার্গেট হচ্ছে সেইভাবে আমরা বাজেটটা করেছি এই যে ২ হাজার ৯শো হ্যাবিটেশন যেখানে সেফ-ওয়াটার যায় নি তার মানে তারা কি জল না খেয়ে আছে? কিন্তু আমরা যেটাকে সেফ ওয়াটার বলি, যার একটা ভিত্তি হচ্ছে আড়াইশো জন পিছু একটা টিউবওয়েল অন্তত থাকবে। একটা ওয়াটার সোর্স। কোথাও যদি টিউবওয়েল না হয় একটা ভালো ইদারা। বা কিছু একটা সোর্স থাকবে। সেখানকার জলটার কোয়ালিটি মোটামুটি এইরকম হবে। এইরকম একটা ধরে সেটাকে সেফ ওয়াটার বলা হচ্ছে। এই কভারেজের মধ্যে পশ্চিমবাংলা নেই। ২ হাজার ৯শো হ্যাবিটেশন। এই যে বাজেট পেশ করেছি, আশা করছি আপনারাও সমর্থন করবেন। বছরের শেষে এই বাজেট যখন আমরা গুটিয়ে নেব আমি আশাকরি লেখা সম্ভব হবে। এই বছর যেমন লিখতে পেরেছি। আমাদের টার্গেট ছিল সাড়ে ৪ হাজারের মতো হ্যাবিটেশন। ৬ হাজারের বেশি আমরা করেছি। এই বছরও আমরা টার্গেট ফুলফিল করবোই। কিন্তু পশ্চিমবাংলায় একটাও হ্যাবিটেশন থাকবে না। নট কভারড এই যে কথাটা লিখে

পাঠাতে হয়। এখনও লিখতে, দিল্লিতে পাঠাতে হয়। আপনাদের কাছে দিতে হয়। আগামী দিনে নিশ্চয়ই থাকবে না। তার সাথে কি হবে। পার্টলি কভারড যেটা লেখা আছে যেটাকে ফুললি কভারড করতে হবে সেইটা কিন্তু এই বছরে শেষ হবে না। সেটা দেখবেন ফিগার আমরা দিয়েছি। এই বছর একটা বাল্ক দিয়েছি। এটা আরও কয়েক বছর লাগবে। অর্থাৎ নট ইয়েট বিন কভারড একটাও হ্যাবিটেশন থাকবে না এ বছর। আর পার্টলি কভারড ফুললি কভারডে যাবে সেটা হয়তো আরও কয়েক বছর সময় লাগবে। পার্টলি থেকে ফুললি কভারডে যেতে। এর সাথে আমরা পাইপড ওয়াটারের উপর জোর দেব। যেটা আমি বলছি আপনাদের সামনে, আপনাদের নিজেদেরও অভিজ্ঞতা আছে। একটা পাইপড ওয়াটার ছিল না। নল জুড়ে দিলুম আর জল বেরোলো। সারা পশ্চিমবাংলায় গ্রামে এইরকম ব্যবস্থা একটা ছিল না। কার্যত গভর্নমেন্ট আসবার আগে। ট্যাপের জল মানে কলকাতার লোক খাবে, ট্যাপের জল মানে দু একটা বড় শহরের লোক খাবে। ০.০৫ এই হচ্ছে পার্সেন্টেজ। পশ্চিমবাংলার ৩৮ হাজার গ্রামের মধ্যে ০.০৫ পার্সেন্ট লোক ট্যাপের জল খেত। সেটাকে বাড়াতে বাড়াতে প্রায় ২০ পার্সেন্ট গ্রামের লোক ট্যাপের জল খায়। ভালো করে চেক করলে হয়তো একটা কমতে পারে বা বাড়তে পারে কিন্তু আদারওয়াইজ এটা কুড়ি। একটা হিসেব তো আছেই। আর পাইপড ওয়াটার সিস্টেম চালু হয়ে বন্ধ হয়ে আছে এইরকম কম হয়। হলে আমরা সেটা ব্যবস্থা করতে পারি। এই ২০টাকে আমরা অতি দ্রুত ৮ম পঞ্চবার্ষিকি পরিকল্পনায় আমাদের ছিল সেটাতে হয়তো এক বছর লাগবে এটাকে ২৪, তারপরে ৩০ এইভাবে এখন আমরা পাইপড ওয়াটার সাপ্লাই এর উপর জোর দিচ্ছি। কিন্তু অনেক পয়সা বেশি লাগবে। প্রায় প্রত্যেক এম.এল.এ'র অভিজ্ঞতা আছে। প্রত্যেক ব্লক ধরে ধরে এটা কি করে আমরা আস্তে আস্তে বাড়াচ্ছি। নেক্সট হচ্ছে ক্রিটিক্যাল এরিয়া যেগুলো যেটা আমাদের সুন্দরবনের এম.এল.এ সুভাষ বাবু বলেছেন। সুন্দরবনের সমস্যা একরকম। ডুয়ার্সে কিছুটা ঠিক বলেছেন। আমি নিজে ডুয়ার্সে গিয়েছিলাম। ডুয়ার্সের সমস্যাটা আমার জানা ছিল না। সুন্দরবনেরটা আমার জানা ছিল না। যে কষ্ট ডুয়ার্সে। সমস্ত পাথুরে মাটি। মাটির তলায় জলই নেই। এক একটা টিউবওয়েল করতে ৬০ থেকে ৭০ হাজার টাকা খরচ হয়। কয়েকটি জায়গায় টিউবওয়েল করা যায় না। যাইহোক আমাদের অফিসাররা ছিলেন, ইঞ্জিনিয়াররা ছিলেন ডুয়ার্সে এক একটা প্রায় ৫০।৬০ টাকা হাজার খরচ হয়। ঐ মিটিংয়ে আমি বলেছিলাম করে দিন। আরও করতে হবে ডুয়ার্সে। একটু আগে আমাদের মন্ত্রী, পি ডব্লু ডির যিনি মন্ত্রী স্টেট মিনিস্টার আছেন, শ্রী মনোহর তিরকি মহাশয় বলছিলেন যে, আপনাকে ভুটান থেকে জল আনতে হবে, তা নাহলে কিন্তু এই গ্রামটাকে জলদিতে পারব না। এইরকম কিছু জায়গা আছে, যে পাহাড়টা ভুটানে। ওই ঝোরাটা যদি অ্যারেস্ট না করতে পারি, এদিকের গ্রামটায় জল দিতে পারব না। ফলে ডুয়ার্সের কিছু আলাদা প্রবলেম আছে, সুন্দরবনের কিছু আলাদা প্রবলেম আছে, আমাদের কাঁথি বেল্ট যেখানে স্যালাইন ও ওয়াটার আছে, সেখানে আলাদা প্রবলেম আছে। এগুলি অবশ্য আমরা আলাদাভাবে ডিল করার চেষ্টা করছি। এটার আপনারা কিছুটা জানেন। সুন্দরবনের একটা টিউবওয়েল করতে অনেক বেশি খরচ হয়। এইসব দিকে নদীয়াতে, কি ২৪ পরগনাতে কিংবা অন্য জায়গাতে পাঁচ হাজার টাকার একটা টিউবওয়েল যদি হয়ে যায়, সেখানে ওই জায়গাতে একটা টিউবওয়েল করতে ৪০ - ৫০ হাজার টাকা লাগবে। কিন্তু বিশেষ ক্ষেত্রে যদি দরকার হয়, তাহলে আমাকে করতে হবে। সেইরকম যদি

কোনও বিশেষ সমস্যা থাকে, তাহলে আপনারা আমার দৃষ্টিতে আনবেন। এই ব্যাপারে অফিসারদের দৃষ্টিতেও আনবেন। যদিও আমরা সাধারণভাবে জেলা পরিষদ পঞ্চায়েতের মাধ্যমে এটা করছি, কিন্তু আমি বলেছি বিধানসভাতে, তা সত্ত্বেও এম এল এ রা যদি তার এলাকার একটা বা দুটো দেখান,' আমি দেখেছি যে, একটা পার্লামেন্টের মেম্বার এসেছেন আমার কাছে যে, একটা টিউবওয়েল করতে হবে। পঞ্চায়েতের হাতে আমরা ক্ষমতা দিয়ে দিয়েছি। এগারো কোটি, বারো কোটি টাকা দিয়েছি। আমরা গতবার জেলা পরিষদকে বলেছিলাম যে, আপনারা টিউবওয়েল করুন। এখন টিউবওয়েল পঞ্চায়েতের মাধ্যমে হয়। একটা এম পি ঘুরেই বেড়াচ্ছেন এবং বলছেন যে, তিনি একটা টিউবওয়েল করতে পারছেন না। এখানে যাচ্ছেন, সেখানে যাচ্ছেন। তার কথা শুনছে না হয়ত। যাক আমরা মুখ্যমন্ত্রীর সাথে কথা বলেই বলেছি যে, এটাতে হয় না একজন এম এল এ যদি বলেন টিউবওয়েল হবে না, তাহলে একজন এম পি টিউবওয়েল করতে পারবেন না। এটা কি করে হবে? তা যাইহোক পঞ্চায়েত যা আছে, খুবই ভালোই আছে। পঞ্চায়েতের মাধ্যমে আমরা করব, এটাই করা উচিত। কিন্তু সেইরকম বিশেষ ক্ষেত্রে কোনও এম এল এ যদি একটা বলেন, কি এম পি যদি বলেন করতে হবে, সে দুই একটা সেইরকম ভাবে হয়ত আমি গতবার করেও দিয়েছি। এর সাথে দার্জিলিংটা আপনি বললেন। দার্জিলিং এর ব্যাপারে একটা স্কীম হয়েছে ৩৫ কোটি টাকার। আমরা ৩৫ কোটি টাকার একটা স্কীম করেছি। সেটা আলোচনা হয়েছে। সুভাষ ঘিসিং এর সাথে মিটিংও হয়েছে। সেটার প্ল্যানিং হয়েছে সব কিছুই হয়েছে। আমরা বলেছি যে, আমরা ১০ কোটি টাকা দেব। ওটা আমাদের করা উচিত নয়। ওটা রাজ্যের মধ্যে কিন্তু ওটা ডি জি এইচ সি সাবজেক্ট। ওটা দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের সাবজেক্ট। ওর মধ্যে আমরা করতে পারি না। তাও সুভাষ ঘিসিং বলেছেন, আমরা দার্জিলিং এর সমস্যা জানতে পারছি। আমরা গেছি সেখানে। আমাদের ইঞ্জিনিয়ার সেই প্ল্যাস করেছেন। দার্জিলিং এর পাহাড়ের তলা থেকে জল পাম্প করে তোলা হবে। ওই ছয় হাজার ফিট উঁচুতে। তিনটি স্টেজে পাম্পিং হবে। তারপর সেটা ঠিকঠাক করে জলটা সাপ্লাই হবে। ৩৫ কোটি টাকার প্রজেক্ট। আমরা বলেছি যে আমরা ১০ কোটি টাকা দেব। আপনি ১০ কোটি টাকা ধার নিন। আমরা বলেছি ব্যবস্থা আমরা করে দেব, গ্যারান্টার আমরা থাকব। আপনারা ডি জি এইচ সি মিউনিসিপ্যালিটি তার থেকে পাঁচ কোটি টাকা দিন আর ১০ কোটি টাকা দিল্লির কাছে বলুক। দার্জিলিং এর বিষয় সবার বিষয়। এইভাবে আমাদের স্কীমটা করতে হবে। সুভাষ ঘিসিং রাজি হয়েছেন, রাজি হয়েছি আমরা। এখনও দিল্লির সাথে কথা হচ্ছে। সেটা ফাইনাল হলে জানা যাবে এবং এই আর্সেনিকের বিষয় তো বারবারই আলোচনা হচ্ছে। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এতবড় জায়গা জুড়ে আর্সেনিক পৃথিবীর কোথাও আছে কিনা সন্দেহ দেখা দিচ্ছে। মালদা হয়ে পাহাড় থেকে শুরু করে একেবারে বারুইপুর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা ইত্যাদি জায়গায় মাটির তলায় আর্সেনিক বিপজ্জনক মাত্রায় পৌঁছেছে। এটা একটা কঠিন জিনিস। সারফেস ওয়াটার তো বললেই হল জল তুলুন, ভাল করে দিয়ে দিন। পঞ্চাশ কোটি, ষাট কোটি টাকা খরচ। কাগজে নোট ছাপাতে হবে, তাহলে আমরা দক্ষিণ ২৪ পরগনার যে স্কীম তৈরি করেছি, আশাকরি আমরা চালু করতে পারব ওই দেবপ্রসাদ বাবুর বিধানসভার এলাকার কিছুটা, বারুইপুর এর দিকে, সোনারপুর এইসব নিয়ে ভাঙ্গড় পর্যন্ত। বজবজের ওখানে গঙ্গা থেকে জল তোলা হবে। সেই জল ট্রিটমেন্ট করে তারপর সেই জল বজবজ, বুড়ুল, বিষ্ণুপুর

হয়ে সোনারপুর, বারুইপুর হয়ে ভাঙ্গড় পর্যন্ত আসবে। ২২৬ কোটি টাকা খরচ হবে। কিন্তু আমরা সেটা দিল্লির সাথে কথাবার্তা বলে স্টো করতে পেরেছি।

[6-00 — 6-10 P.M.]

এখন কাজটা আমাদের শুরু করতে হবে। মুর্শিদাবাদ ও নদীয়ার জন্য বিরাট প্রকল্প নেওয়া হচ্ছে। এখন নতুন গভর্নমেন্ট হয়েছে। আমরা মোট সাড়ে সাতশো ৫০ কোটি টাকার প্রজেক্ট জমা দিয়েছি। তার ১০০ কোটি টাকা আমরা আগেই পেয়ে গেছি। মালদার টাকা অন্য টাকা। তারমধ্যে আমরা দিয়েছি ২৫ পারসেন্ট টাকা এবং দিল্লি দিয়েছে ৭৫ পারসেন্ট টাকা। ১০০ কোটি টাকার প্রজেক্ট চলছে। ৬৫০ কোটি টাকার প্রজেক্ট আমরা জমা দিয়েছি ফর আর্সেনিক। আগে দিল্লিতে কংগ্রেসের যিনি মন্ত্রী ছিলেন সেই জগন্নাথ মিশ্রের সঙ্গে দিল্লিতে আমাদের মিটিং হয়েছিল। এখন সেখানে কংগ্রেসের গভর্নমেন্ট নেই। সেই মিটিং-এ অফিসাররা ছিলেন, আমাদের অফিসাররা, ইঞ্জিনিয়াররা গিয়েছিলেন। সেখানে সব মিলিয়ে ২২৬ কোটি টাকার প্রজেক্টের কথা হয়েছিল এবং তাতে ভারত সরকার সম্মতি জানিয়েছেন। এখন ডিটেইলিং হচ্ছে এবং যার ভিত্তিতে আমরা কাজটা শুরু করব। আমি আশা করছি যে মুর্শিদাবাদ, মালদা এই সমস্ত জায়গায় যে সমস্যাগুলো আছে সেগুলোর আমরা সমাধান করতে পারব। ভারত সরকারকে, যেটা পরেশবাবু বলেছেন, ঠিকই বলেছেন এবং ভারত সরকারকে এটাই আমারা বার বার বলেছি যে ৭৫-২৫ করছেন কেন? এটা ১০০ পারসেন্ট করছেন না কেন? এম.এন.পি., এ.আর.পি.তে ৫০ পারসেন্ট-৫০ পারসেন্ট করছেন সেটা ঠিক আছে। এবারে তো আমরা ৪৫ কোটি টাকা জলের জন্য খরচা করব। দিল্লি ৪৫ কোটি টাকা দেবে। আমাদের প্রোগ্রামের নাম এম.এন.পি., আর দিল্লির প্রোগ্রামের নাম এ.আর.পি.। এতে টাকা আছে ৫০-৫০ করে। কিন্তু ৪৫ কি ৪৭ আপনারা আর্সেনিকে এসব ঢোকাচ্ছেন কেন? কারণ আমাদের গুলো কাগজে বেরোয়, আর অন্যগুলো বেরোয় না তা আমি বলছি না। মধ্যপ্রদেশ, দক্ষিণ-ভারতের কতকগুলো জায়গায় মাটির তলায় জলেতে যে গিনি-ওয়ার্ম এবং অন্যান্য জিনিস যা আছে তাতে যে পরিমাণ মানুষের ক্ষতি হচ্ছে, মানুষ, তাদের হাড়গুলো আস্তে আস্তে পাউডারের মতো গুঁড়ো হয়ে যাচ্ছে। এই জিনিস সেখানে জলের মধ্যে রয়ে গেছে। তারজন্য দিল্লির যে প্রজেক্ট ছিল তার ১০০ পারসেন্ট গ্র্যান্ট এবং আমাদের ক্ষেত্রে হচ্ছে ৭৫-২৫। আমরা বলেছি, আগের গভর্নমেন্টকেও বলেছি তো ৭৫-২৫ বলেছেন, আমরা কি তাতে না বলব না। এই বাজেটের মধ্যে থেকে টাকার ব্যবস্থা করতে হচ্ছে এবং এব্যাপারে নতুন গভর্নমেন্টের সাথে আমরা কথা বলব এবং এই সবটা মিলিয়ে যে কথাটা সকলে বলেছেন এবং দেখবেন এবারে বাজেট বক্তৃতায় যেটা নতুন কথা যুক্ত করেছি ওয়াটার ম্যানেজমেন্ট প্রোগ্রাম। এটা এই না যে খবরের কাগজগুলোর কাছে আমরা বিজ্ঞাপন দেব, বিজ্ঞাপনের রেটটা বেড়ে যাবে। এর মানে এই যে, হ্যাঁ, টাকার অঙ্কে একটা বড় টাকা আমাদের খরচা করতে হবে। আমাদের উপায় নেই। তবে যেটা আপনারা ঠিকই বলেছেন, আমরা নিজেরাও বুঝতে পারছি, যে পরিমাণ জল ওয়েস্টেজ হচ্ছে, রানিগঞ্জ, আসানসোল থেকে শুরু করে কঠিন কঠিন জায়গায়, লক্ষ লক্ষ টাকার বিদ্যুৎ পুড়িয়ে আর.সি.এফ. থেকে জল তৈরি করে সেই জল পড়েই যাচ্ছে, পড়েই যাচ্ছে। এই সমস্ত জায়গাতেও ৭২টি মিউনিসিপ্যালিটিতে জল দেবার দায়িত্ব পি.এইচ.ই.র। ৭২টি নন-সি.এম.ডি.এ.-সেখানে এই অ্যাওয়ারনেস ক্যামপেন

আমাদের গড়তে হবে, ওয়াটার কোয়ালিটির ব্যাপারে অ্যাওয়ারনেস ক্যামপেন আমাদের গড়তে হবে। যেটা পঞ্চায়েতকে আমরা বলেছি। পঞ্চায়েত তো খুবই ভাল কাজ করে। কিন্তু অনেক সময় কি হয়, এই ১২ কোটি টাকা আমরা জেলা পরিষদকে টিউবওয়েল করার জন্য দিলাম তারমধ্যে পি.এইচ.ই. ঢোকে না। জেলা পরিষদ কি করে? তারা ব্লককে ভাগ করে দেয়। ব্লক কি করে? তারা পঞ্চায়েতকে ভাগ করে দেয়। একটা গ্রামপঞ্চায়েতে টাকা গেল, সেই টাকাতো যেভাবে আমরা টিউবওয়েল করতে বলেছি তাতে ২টি করে টিউবওয়েল হয়। কারণ পি.এইচ.ই. সব সময় বলবে, এত গভীরতার মধ্যে টিউবওয়েল কর। কিন্তু পঞ্চায়েত যে মানুষ দেখেন, তিনি জানেন তার চাইতে উপরেও জল পাওয়া যায়, ২টোকে ভেঙে ৪টে করে দিলেন। দেখা গেল গরমকালে জল পেল না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি সভার অনুমতি নিয়ে আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

**শ্রী গৌতম দেব ঃ** সেজন্য কোয়ালিটির ব্যাপারে সেখানে আমাদের মনিটরিং করতে হবে। এই ক্যামপেনটাতে স্কুল, কলেজকে যুক্ত করতে হবে। টিউবওয়েলটা ঠিকমতো ডেপথে পোঁতা হচ্ছে কিনা সেটা দেখার জন্য দরকার হলে আমরা ছেলে-মেয়েদের কিছু প্রাইজ দেব। জল হয়তো সারা বছর পাবেন, কিন্তু জলটার কোয়ালিটি ভাল নয়। আসলে জলে ব্যাকটেরিয়া আছে এমন জায়গা থেকে জল তুলছেন, সেখানে টয়লেটের লেভেল চলে আসছে। তাহলে টিউবওয়েল গভীরে পুঁতবেন। মিস-ইউজ যাতে না হয় সেটা দেখতে হবে। পুলিশ দিয়ে এটা হয় না। আর্সেনিক নিয়ে আপনারা ভয় পাইয়ে দিলেন। ভয় পাইয়ে দিয়ে কি হবে? এটা ঝগড়া ঝাটির ব্যাপার নয়। এত বড় একটা জায়গায় মাটির তলায় আর্সেনিক আছে। দুষলে কি হবে? কাকে কে দুষবেন? সবাই মিলে কেউতো কোনওদিন করলেন না। আমি আগেও যেটা বলেছি, এটা তো এমন নয় যে জ্যোতি বসু মুখ্যমন্ত্রী হলেন আর মাটির তলায় আর্সেনিক ঢুকে গেল। শত শত বছর ধরে মাটির তলায় আর্সেনিক আছে। আমি বড় বড় বিজ্ঞানিদের জিজ্ঞাসা করেছি যে, এই আর্সেনিকের জলটা কবে থেকে খাচ্ছেন। যেদিন থেকে টিউবওয়েলের জল তোলা হচ্ছে সেদিন থেকে খাচ্ছি। কেউ দেখেনি, কেউ খোঁজ করেনি, আমরা করছি, খুঁজে বার করছি কোথায় কোথায় আর্সেনিক আছে, ম্যাপ করছি। যদি বলেন কালকেই মিটবে? তা মিটবে না। সাড়ে সাতশ কোটি টাকার প্রজেক্ট নিয়েছি, সময় লাগবে। মানুষের মধ্যে অ্যাওয়ারনেস আনতে হবে। কোনও জায়গায় আর্সেনিক কম, এক্ষুনি অসুবিধা নেই, কোথাও এত বেশি আছে যে, এক্ষুনি ব্যবস্থা করতে হবে। এই ব্যাপারে আমরা অফিসার, ইঞ্জিনিয়ার নিয়ে কাজ শুরু করেছি, আশাকরি করতে পারব।

আর একটা সুখবর আছে। বোলপুর, রঘুনাথপুর, এই দুটো জায়গা নিয়ে জার্মানের সাথে বাইল্যাটারাল প্রজেক্ট ১০০ কোটি টাকার আছে। এটা বিদেশি টাকা, ভায়া গভর্নমেন্ট অফ ইন্ডিয়া। এই প্রজেক্ট রাজস্থানে, মধ্যপ্রদেশে অ্যাপ্রুভ হয়ে গেছে। জার্মানরা বার বার আগের কংগ্রেস সরকার ফ্যাকড়া তুলেছিল। এখন নতুন গভর্নমেন্ট হয়ে গেছে, আমাদের অফিসাররা গিয়েছেন, দু-একদিন হল জানিয়েছেন ভারত সরকারের আপত্তি নেই। আশা করছি দু-একদিনের মধ্যে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করতে পারব। এই যে প্রোগ্রামগুলো নিয়েছি, এই যে প্রাওরিটি ফিক্স করেছি, আপনারা জনপ্রতিনিধি আছেন যারা, সেইভাবে আমাদের সমর্থন করছেন। অন্য জায়গায় যে সমস্যা আছে, সেইগুলোও আলোচনা করতে হবে, কোনও

বিশেষ ক্রটি থাকলেও আলোচনা করতে হবে। কোনও জায়গায় স্কীম চালু হয়েছে, অফিসার পাওয়া যাচ্ছে না, কোথাও কিছু ঘাটতি থাকলে আমরা দেখব। এই কথা বলে, কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There are 10 cut motions to Demand No.35. All the cut motions are in order but only one cut motion i.e. No.2 has been moved.

The motion of Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.167,76,07,000 only be granted for expenditure under Demand No.35, Major Heads: "2215-Water Supply and Sanitation (Excluding & Prevention of Air and Water Pollution" and 6215-Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" (This is inclusive of a total sum of Rs.83,88,00,000 only already voted on account in February, 1996, was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6.10 p.m. till 11 a.m. on Tuesday, the 2nd July, 1996 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 2nd July, 1996 at 11.00 A.M.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the chair 17 Ministers, 6 Ministers of State and 94 Members.

[11-00 — 11-10 A.M.]

**Mr. Suniti Chattaraj :** [**]

**Mr. Speaker :** What Mr. Chattaraj said will not go on record.....

## Starred Questions

### (To which oral answers were given)

### নেতাজী আদর্শ গ্রাম

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৬।) **শ্রী আব্দুল মান্নান :** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, নেতাজী জন্মশতবর্ষ উপলক্ষে নিয়ন্ত্রিত বাজার এলাকার মধ্যে 'নেতাজী আদর্শ গ্রাম' তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, ঐরূপ কতগুলি গ্রাম তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(গ) উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :**

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ পর্যায়ে এই ধরনের একটি প্রস্তাব বিবেচনাধীন আছে। অবশ্য পরবর্তী পর্যায়ে বিপণন পর্ষদ তথা সরকারি মহলে এ সম্পর্কে কোনও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

---

Note : **Not recorded as ordered by the chair.

(গ) এখনই বলা যাচ্ছে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় কি অবগত আছেন যে, নেতাজী জন্ম শতবর্ষ উপলক্ষে নিয়ন্ত্রিত বাজার এলাকার মধ্যে 'নেতাজী আদর্শ গ্রাম' তৈরির পরিকল্পনা নেবার জন্য মহাকরণের রোটান্ডা হলে কিছু বিধায়কদের নিয়ে একটা সভা ডাকা হয়েছিল। তখন আপনার পূর্বসুরি ছিলেন। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি? থাকলে এর আলোচনার বিষয়বস্তু জানাবেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** নেতাজী জন্ম শতবর্ষ উপলক্ষে নিয়ন্ত্রিত বাজার এলাকার মধ্যে 'নেতাজী আদর্শ গ্রাম' তৈরির একটি প্রস্তাব পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদের বিবেচনাধীন থাকায় প্রাথমিক পর্যায়ে বিভিন্ন অঞ্চলের জন প্রতিনিধি ও সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে এ সম্পর্কে আলাপ আলোচনা করা হয় কিন্তু পরবর্তী পর্যায়ে বিপণন পর্ষদ তথা সরকারি মহলে প্রকল্পটির রূপায়ন সম্পর্কে কোনও সিদ্ধান্ত না হওয়ায় প্রকল্পের চূড়ান্ত রূপরেখা নির্ধারণ করা যায় নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় স্পেসিফিক বলবেন কি — যেমন সামসির ব্যাপারে একটা প্ল্যান ছিল। রোটান্ডার মিটিং-এ তৎকালীন মাননীয় মন্ত্রী বিধায়কদের কাছে প্রস্তাব চেয়ে পাঠিয়েছিলেন যে, নিয়ন্ত্রিত বাজার এলাকায় কোন কোন গ্রামকে 'নেতাজী আদর্শ গ্রাম' করা যাবে এবং নেতাজী জন্ম শতবর্ষে মাননীয় মন্ত্রী মহাশয়ও প্রকাশ্যে ঘোষণা করেছেন যে, এটা করা হবে। তার পর নেতাজী জন্ম শতবর্ষ উৎসবও করা হয়। বিধায়কদের কাছ থেকে প্রস্তাব চাওয়া হয়, তাতে সি.পি.আই.এম.-এর সদস্যরা দিয়েছিলেন আমরাও দিয়েছিলাম। কিন্তু ঐ প্রস্তাবের কতগুলো বিবেচনাধীন আছে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** 'নেতাজী জন্ম শতবর্ষ'-তে এই রকম করার একটা পরিকল্পনা হয়েছে। এটা নিয়ে আলোচনা হয়েছে, তা লিপিবদ্ধ আছে। সে সম্পর্কে অর্থ এবং অন্যান্য সমস্ত বিষয় সংগ্রহ করা শুরু হবে। এটা নেতাজী বর্ষ। সরকারি ভাবে তা আগামী বছরও চলবে। কাজেই এর মধ্যে আবার সবাইকে ডেকে এ বিষয়ে বিবেচনা করা হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এ রকম কতগুলি প্রস্তাব বিবেচনাধীন আছে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কতগুলি প্রস্তাব মানে কি বলতে চাইছেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কিছু এম.এল.এ. তখন লিখিত ভাবে দিয়েছিলেন এবং আপনিও তখন বিধায়ক হিসাবে দিয়েছিলেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** প্রত্যেক নিয়ন্ত্রিত বাজারে একটি করে আদর্শ গ্রাম গঠন করার কথা চিন্তা করা হয়েছে। এখন পর্যন্ত কোনওটাই বিচার বিবেচনা করা হয় নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই আদর্শ গ্রাম তৈরির জন্য আপনার দপ্তর কত টাকা বরাদ্দ করেছে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আপনাকে আগেই বলেছি, এখনও কোনও অর্থ বরাদ্দ করা হয় নি, প্রাথমিক আলোচনা চলছে। কোনও স্থির সিদ্ধান্ত হয় নি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** এই আদর্শ গ্রাম তৈরি করার জন্য কি কি বিষয় কন্সিডারের মধ্যে আসবে ফর অ্যান আইডিয়াল ভিলেজ?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** চাষীদের উপকারের জন্য রাস্তা, জল সরবরাহ ইত্যাদি বিষয়গুলি এই আদর্শ গ্রামের মধ্যে থাকবে, এবং মনীষীদের নামে যে গ্রাম হয়েছে গান্ধী জয়ন্তীতে বিশেষ করে চাষীদের সব রকম সুযোগ সুবিধা যাতে দেওয়া যায় সে কথা বিবেচনা করা হবে। এটা সম্পূর্ণ ভাবে আলোচনার পর্যায়ে রয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, যে তাঁর পূর্বসুরি বিগত বিধানসভা চলা কালীন রোটান্ডায় একটি মিটিং করে সেখানে সিদ্ধান্ত নিয়েছিলেন যে নেতাজী আদর্শ গ্রাম তৈরি করবেন নেতাজীর জন্ম শতবর্ষে, কিন্তু এখনও পর্যন্ত কোনও টাকা তিনি বরাদ্দ করেন নি। এটা কি নির্বাচনে গিমিক দেওয়ার জন্য করেছিলেন?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** নির্বাচন আসার জন্যই এই বিষয়টাকে স্থগিত রাখা হয়েছে। প্রাথমিক পর্যায়ে আলোচনা হয়েছে এবং নির্বাচনের জন্য এটাকে পূর্ণ রূপ দেওয়া হয় নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** একটা পরিকল্পনা গ্রহণ করেছিলেন সেটা ইমপ্লিমেন্ট করতে পারলেন না, নির্বাচনের জন্যই কি বাধা হয়েছিল, সেখানে কি কারণে থামিয়ে রাখলেন?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** নির্বাচনের জন্যই এটা স্থির সিদ্ধান্ত করা যায় নি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি বলতে চাই যে নেতাজী জন্ম শতবর্ষে আদর্শ গ্রাম করার পরিকল্পনা করা হয়েছিল। আমি সেই মিটিং-এ ছিলাম, রোটান্ডায় হয়েছিল। নেতাজীর জন্ম শতবর্ষ সারা দেশ পালন করবে। আপনি কত দিনের মধ্যে এই পরিকল্পনার কাজ শেষ হবে এটা জানাবেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই বাজেটের পরে এই বিষয় নিয়ে আমরা আলোচনা করব। ১৯৯৭ সালে সরকারি ভাবে নেতাজীর জন্ম শতবর্ষ পালন করার ব্যাপারে সিদ্ধান্ত হবে।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, নেতাজী জন্ম শতবর্ষ উপলক্ষে সরকার 'নেতাজী আদর্শ গ্রাম' নামে একটা পরিকল্পনা গ্রহণ করছেন, অথচ সে পরিকল্পনার মধ্যে কি কি থাকবে, না থাকবে সে বিষয়ে আপনি বিধানসভায় মাননীয় সদস্যদের প্রশ্নের উত্তরে সুস্পষ্ট কোনও কথা বলতে পারছেন না। এ বিষয়ে সরকারের কি নির্দিষ্ট পরিকল্পনা আছে তা আমি আপনার কাছে জানতে চাইছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমি আগেই বলেছি যে, বিষয়টি এখনও প্রাথমিক আলোচনার পর্যায়ে আছে। পরিকল্পনার কোনও রূপরেখা এখনও তৈরি হয় নি। চাষীদের স্বার্থ রক্ষা করার কথা বিবেচনা করে একটা আদর্শ গ্রামের জন্য যা যা করা দরকার সেগুলো বিবেচনা করেই পরিকল্পনার রূপরেখা প্রস্তুত করা হবে। আমাদের সীমিত ক্ষমতার মধ্যে থেকে সেইভাবে পরিকল্পনা রচনা করে, তা আমরা রূপায়িত করবার চেষ্টা করব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কথা বার্তায় বোঝা যাচ্ছে — পরি উড়ে গেছে, কল্পনা আছে। আমি জানতে চাইছি এই পরিকল্পনার জন্য কোনও নির্দিষ্ট অর্থ কি বরাদ্দ করা হয়েছে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এখনও কোনও অর্থ বরাদ্দ হয় নি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, এটা প্রাথমিক পর্যায় আছে। তাহলে এটা মাধ্যমিক পর্যায়ে বা উচ্চ মাধ্যমিক পর্যায়ে বা ফাইনাল পর্যায়ে কবে যাবে তা কি মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ফাইনাল যখন হবে, তখন আপনি তা জানতে পারবেন।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন — নিয়ন্ত্রিত বাজার এলাকার মধ্যে 'নেতাজী আদর্শ গ্রাম' হবে এবং পরিকল্পনাটি এখনও পর্যন্ত প্রাথমিক পর্যায়ে আছে। আমার প্রশ্ন হচ্ছে, আমাদের রাজ্যে এ ধরণের নিয়ন্ত্রিত বাজার কটা আছে এবং নিয়ন্ত্রিত বাজারগুলোকে কি কি ক্রাইটেরিয়ার মধ্যে নিয়ন্ত্রণ করেন?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** যদিও মূল প্রশ্ন থেকে এটা আসে না, তবুও আমি বলছি, ৪২-টি নিয়ন্ত্রিত বাজার আছে এবং সেগুলোর মধ্যেই এটা রূপায়িত হবে।

## বৃদ্ধাবাস

***১৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪।) **শ্রী আবু আয়েস মন্ডল ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে বর্তমানে সহায়-সম্বলহীন বৃদ্ধা ও অক্ষম ব্যক্তিদের জন্য কোনও কল্যাণ আবাস আছে কি না;

(খ) থাকলে, এই ধরনের আবাসের সংখ্যা কত; এবং

(গ) এগুলি কোথায় কোথায় অবস্থিত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) বর্তমানে রাজ্যে সহায় সম্বলহীন বৃদ্ধা ও অক্ষম ব্যক্তিদের জন্য মোট ৩০ (তিরিশ)টি কল্যাণ আবাস আছে। যথা —

(১) সরকারি আবাস — ৩টি।

(অ) বিপ্লবী নিকেতন।

(প্রাক্তন স্বাধীনতা সংগ্রামীদের জন্য)।

(আ) শান্তিনীড়।

(বৃদ্ধাদের জন্য)।

(ই) শান্তিনীড়।

(বৃদ্ধদের জন্য)।

(২) বে-সরকারি আবাস — ২৭টি।

(কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালিত)।

**মোট — ৩০টি।**

(গ) কল্যাণ আবাস সমূহের জেলাভিত্তিক অবস্থান এইরূপ ঃ—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) কলিকাতা | — ৩ | | (২) হাওড়া | — | ২ |
| (৩) হুগলি | — ১ | | (৪) নদীয়া | — | ২ |
| (৫) মালদা | — ১ | | (৬) বীরভূম | — | ১ |
| (৭) মেদিনীপুর | — ১৫ | | (৮) উত্তর ২৪ পরগনা | — | ১ |
| (৯) দক্ষিণ ২৪ পরগনা | — ৪ | | | | |

**শ্রী আবু আয়েস মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন মোট ৩০টি কল্যাণ আবাস চালু আছে। তার মধ্যে ৩টি সরকারি। আমি জানতে চাইছি, সরকারি ৩টি কল্যাণ আবাস কোন সময়ে স্থাপন করা হয়েছে এবং প্রতিটি আবাসভিত্তিক কতজন থাকতে পারেন তার সংখ্যাটা অনুগ্রহ করে বলবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** অনেক দিন আগে থেকেই শুরু হয়েছে। এক একটি জায়গায় এক এক রকম থাকে। কোনও জায়গায় ২৫ জন থাকে।

**(ভয়েস : কংগ্রেস আমলে শুরু হয়েছে)**

বৃদ্ধদের জন্য আবাস বামফ্রন্ট আমলেই শুরু হয়েছে। কোনও জায়গায় ২৫ জন থাকেন আবার কোনও জায়গায় ২৭ জনও থাকতে পারেন।

**শ্রী আবু আয়েস মন্ডল :** (গ) প্রশ্নের উত্তর আপনি যা বললেন তাতে দেখা যাচ্ছে, রাজ্যের ৯টি জেলায় এই সরকারি এবং বে-সরকারি কল্যাণ আবাস পরিচালিত হচ্ছে। আমি জানতে চাইছি, আমাদের রাজ্যে বাকি জেলাগুলিতে সরকারি উদ্যোগে পরিচালনা করবার জন্য এই ধরণের কল্যাণ আবাস স্থাপন করার কোনও পরিকল্পনা আছে কিনা এবং থাকলে তা কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** সরকারি ভাবে করা সম্ভব নয়। কারণ হচ্ছে, এইসব করতে গেলে যে আর্থিক ব্যয় বরাদ্দের দরকার সেটা পাওয়া সব সময়ে সম্ভব হয়ে ওঠে না। কাজেই মূলত বে-সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে করবার চেষ্টা করি। সেইজন্য বিভিন্ন জেলায় জেলায় বিভিন্ন যে সমস্ত পঞ্চায়েত আছে, পৌরসভা আছে, বিভিন্ন জায়গায় যেসব সমাজ সেবামূলক প্রতিষ্ঠান আছে তাদের নিয়ে বিভিন্ন জেলায় জেলায় মিটিং করেছি। সেই সমস্ত সংস্থার পক্ষ থেকে যারা রেজিস্টার্ড অরগানাইজেশন রয়েছে, যাদের কাজ করার দক্ষতা আছে, তারা যদি প্রোপোজাল দেন তাহলে আমরা সাধ্যমত করবার চেষ্টা করব।

**শ্রী আবু আয়েস মন্ডল :** আপনি বৃদ্ধ, অক্ষম ব্যক্তিদের জন্য কল্যাণ আবাসের কথা বললেন। এ ছাড়াও রাজ্যে যে সমস্ত বৃদ্ধ, অক্ষম ব্যক্তিরা আছেন তাদের জন্য অক্ষম ভাতা কোনও প্রকল্প চালু রেখেছেন কিনা এবং যদি চালু থাকে এ পর্যন্ত কতজন এই ভাতার আওতায় পড়েছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** হ্যাঁ সেটা আছে। আমাদের বার্দ্ধক্য ভাতা এবং বৈধব্য ও অক্ষম ভাতা চালু আছে।

**শ্রী গৌতম চক্রবর্তী :** যেসব আবাসগুলি চালু আছে, সেইসব আবাসে একজনের এগেনস্টে আপনি পার ডে কত করে খাবারের জন্য অ্যালটমেন্ট করেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** যেগুলি সরকারি ভাবে আছে তাদের জন্য ৪০০ টাকা করা হয়েছে এর আগেই। প্রতি মাসে ৪০০ টাকা করে ব্যয় করে থাকি।

**শ্রী গৌতম চক্রবর্তী :** খাদ্য বাবদ প্রতি দিন কত করে দিচ্ছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** আমার কাছে প্রতি মাসের হিসাব আছে। যেগুলি সরকারি আবাস সেখানে ৪০০ টাকা করে দিয়ে থাকি আর যে সমস্ত বে-সরকারি প্রতিষ্ঠান আছে সেখানে খাবারের জন্য ৩০০ টাকা এবং অন্যান্য খরচের জন্য ১০০ টাকা আছে।

**শ্রী তপন হোড় :** আপনার দিবা কালীন পরিষেবা কেন্দ্র আছে কিনা এবং থাকলে কোন কোন জেলায় কতগুলি আছে?

[11-20 — 11-30 A.M.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** চালু এই সব কেন্দ্রের সংখ্যা ৪২।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আপনি বলেছেন যে সরকার তিনটি মাত্র চালায়। কিন্তু বারুইপুরে একটা স্বাধীনতা সংগ্রামীদের জন্য বৃদ্ধাবাস আছে। এতে সরকার থেকে আর্থিক সাহায্য কতটুকু পায়, কারণ এটা এক্সটেন্সিভলি ফর দি ফ্রিডম ফাইটার্স, এখানে সরকারের সহযোগিতা কী ধরণের তারা পায়।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** সরকার পক্ষ থেকে যে তিনটি চালানো হয়, তার সমস্তটা সরকার পক্ষ বহন করে। বে-সরকারি যে সব সংস্থাগুলো হোম চালায়, সেখানেও সরকার থেকে সাহায্য দেওয়া হয় এবং সেই সব বে-সরকারি সংস্থা ১০ পার্সেন্ট খরচ তারা নিজেরা বহন করে এবং অন্যান্য হোম যেগুলো আছে ওখানে পুরো টাকা আমরা দিয়ে থাকি।

**শ্রী ননীগোপাল চৌধুরি :** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, বে-সরকারি যে সংস্থাগুলো আছে, সেইগুলোকে নিয়ন্ত্রণের জন্য সরকারের তরফ থেকে কোনও সদস্য ঐ সব কমিটিতে আছে কী না, কারণ সরকার থেকে টাকা দেওয়া হয়ে থাকে, এর পুরো দেখভাল করে কে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** আমাদের কিছু কিছু জায়গায় কমিটি করা আছে। বাকি জায়গায় কমিটি করার চেষ্টা করছি। বে-সরকারি হোম যে সমস্ত জায়গায় আছে সেইগুলো নিয়ন্ত্রণের জন্য তাদের প্রতি মাসে আমাদের কাছে রিপোর্ট, রিটার্ন দাখিল করতে হয়। আমাদের একজন অফিসার রিপোর্ট পরীক্ষা এবং এনকোয়ারি করার পর যদি তিনি স্যাটিসফায়েড হন, তাহলে সেইগুলো কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়।

**শ্রী সুভাষ গোস্বামি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমাজে অনেক বৃদ্ধ এবং

অক্ষম ব্যক্তি আছেন, যাদের অর্থনৈতিক দিক দিয়ে কোনও অসুবিধা নেই, এই সব বৃদ্ধদের জন্য কোনও আবাস তৈরি করার কথা ভাবছেন কী?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি তো আগেই বলেছি, মানুষের যা অবস্থা তাতে হোমের সংখ্যা বাড়ানো দরকার। কিন্তু সমস্ত জেলা থেকে যদি সমাজ সেবা মূলক প্রতিষ্ঠানের কাছ থেকে যদি কোনও প্রস্তাব আসে তাহলে আমরা চেষ্টা করব কিছু করার।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি বলেছেন ২৭টা বে-সরকারি সংস্থা আছে, সেখানে আমার কাছে খবর আছে যে ঐ আবাসনে থাকতে হলে এক কালীন ৩০ থেকে ৫০ হাজার টাকা দিতে হয় এবং এছাড়াও সরকার থেকে তারা সাহায্য নেয়।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই জিনিস আমার নোটিশে নেই।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আমি যদি আপনাকে কোনও স্পেসিফিক ইনফরমেশন দিই, তাহলে সেই সংস্থার বিরুদ্ধে ব্যবস্থা নেবেন কী?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আপনি দিতে পারলে আমি আইনগত ব্যবস্থা নেব।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** যারা পয়সা দিয়ে হোমে থাকতে চায়, তাদের থাকার মতো কোনও ওয়েল ফেয়ার হোম তৈরি করার চিন্তা ভাবনা আছে কী না?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** সরকারের যে সমস্ত জায়গা আছে, সেখানে থাকতে পারে, কিন্তু স্পেসিফিক ঐ রকম কোনও হোম করার পরিকল্পনা নেই।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কী, বিকলাঙ্গদের জন্য আপনি কী কোনও আবাসনের কথা ভাবছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** কিছু কিছু জায়গায় আমাদের আবাসন আছে বিকলাঙ্গদের জন্য, তাছাড়া আমরা আরও চিন্তা ভাবনা করছি বিকলাঙ্গদের জন্য কোনও আবাসন করা যায় কী না।

### অকেজো রিভার লিফট

***১৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৬০০।) **শ্রী তপন হোড় ঃ** জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ইছামতী নদীতে নোনা জল ঢুকে পড়ায় নদীতে বসানো রিভার লিফটগুলি অকেজো হয়ে পড়েছে;

(খ) সত্যি হলে, উক্ত নদীর তীরে কত একর জমি সেচের জল পাচ্ছে না; এবং

(গ) উক্ত বিষয়ে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ইছামতী নদীতে কতগুলি রিভার লিফট ইরিগেশন আছে এবং কত পরিমাণ জমি এর থেকে সেচের সুবিধা পাচ্ছে?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** ৬৫টি রিভার লিফট আছে এবং ১৯৯৪/৯৫ সালের বোরো মরশুমে নোনা জলের আধিক্যে সেচ আংশিক ভাবে ব্যহত হয়েছে সেই সময়।

. **শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ৬৫টি রিভার লিফট থেকে কত পরিমাণ জমি সেচের সুবিধা পায়?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** এই মূহুর্তে সেটা বলা যাবে না, নোটিশ পেলে বলতে পারব।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ১৯৯৪/৯৫ সালে সেচ ব্যহত হয়েছিল আংশিক ভাবে। কি কারণে আংশিক সেচ দিতে পারেন নি জানাবেন কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** আমি আগেই বলেছি যে সেচ ব্যহত হয়েছিল ঐ বোরো মরশুমে নোনা জলের আধিক্যে। তাব জন্য ঐ সময় আংশিক ভাবে সেচ ব্যহত হয়েছিল।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ১৯৯৫/৯৬ সালের অবস্থাটা কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** ১৯৯৫/৯৬ সালে নোনা জল বোরো মরশুমের একেবারে শেষের দিকে নদীতে ঢোকে। তাতে চাষের কোনও ক্ষতি হয় নি এবং কোনও ক্ষেত্রেই নোনা জলের প্রভাবে কোনও স্কীম একেবারে অকেজো হয়ে পড়ে নি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** ইন্টারফেস অব ওয়াটার, অর্থাৎ সমুদ্রের কাছাকাছি অঞ্চল যেমন কাঁথির কথা ধরুন এবং একটু পেছনের দিকের অঞ্চল — পেছনের দিকের অঞ্চল মানে

যেখানে মিষ্টি জল এবং সমুদ্রের যে নোনা জল, এর মধ্যে একটা কনস্ট্যান্ট ফাইট আছে, ফলে কোন কোন ক্ষেত্রে সেই ইন্টারফেস ডিসটার্ব হচ্ছে। এই ইন্টারফেস অব ওয়াটার ডিসটার্ব হলে আমাদের চাষবাসের ক্ষতি হবে। এই ইন্টারফেস অব ওয়াটার যাতে ডিসটার্ব না হয় তার জন্য একটা কমিটি করেছিলেন। সেই কমিটির রিপোর্টটা কি জানাবেন কি?

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** আপনার অতিরিক্ত প্রশ্নটি মূল প্রশ্নের সঙ্গে প্রাসঙ্গিক নয়। কমিটির রিপোর্টটি যদি জানতে চান তাহলে আলাদা ভাবে নোটিশ দেবেন। আলাদা ভাবে নোটিশ দিলে সেই রিপোর্টটি উপস্থিত করা যেতে পারে।

**শ্রী সুভাষ নস্কর ঃ** এই নদীটি মিষ্টি জলের নদী। এর মধ্যে কখনও কখনও নোনা জল ঢুকে পড়ছে এবং চাষের কাজ ব্যহত হচ্ছে। এটা নিয়ন্ত্রণ করার কোনও ব্যবস্থা করেছেন কি?

[11-30 — 11-40 A.M.]

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** এটা অনেকটা বৃহত্তর আলোচনা। নিশ্চয়ই এই যে প্রশ্ন উত্থাপিত হয়েছে, তার সঙ্গে প্রাসঙ্গিক নয়।

**Comprehensive Crop Insurance Scheme**

***188.** (Admitted Question No. *347) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state —

(a) The salient features of the Comprehensive Crop Insurance Scheme (CCIS); and

(b) The progress in the implementation of the above scheme in West Bengal up to 31st January, 1996 ?

**Shri Narendra Nath Dey :**

(a) The West Bengal Comprehensive Crop Insurance Scheme was formed with the main object of providing a measure for financial support to those farmers of West Bengal who are under the scheme, in the event of Crop failure as a result of draught, flood etc. The scheme operates in defined areas. 'Block' is treated as unit for defined areas. Rice, Wheat, Millets, Oilseeds and pulses are covered under the

scheme. Compensation is paid if production is less than the average yield. Out of the total compensation, the State Govt. pays one-third and the remaining two-thirds are paid by the Govt. of India through the General Insurance Corporation of India.

(b) The scheme covered 1,68,845 farmers and 81,539 hectares of land during Rabi season 1994-95 and 3,48,999 farmers and 1,82,882 hectares of land under Kharif season, 1995 (upto 31.9.95) Assesment for Rabi 1995-96 is going on.

**Shri Sultan Ahmed :** Sir, the Minister has replied, this is the Central Government Project — Crop Insurance Scheme — in which the Central Government is providing 2/3rd of the total compensation and 1/3rd is being provided by the State Government. Will the Minister be pleased to state in the year 1993-94, 1994-95 and 1995-96 compensation in the amount of Rupees how much, i.e., in what amount the compensation was paid to the farmers for the flood and draught ?

**Shri Narendra Nath Dey :** As I have already said — the State Government's share of compensation is 1/3rd of the total compensation and the rest 2/3rd is paid by the Government of India. Now for the year 1992-93, the State Government paid for Rabi 1990-91, 1991-92 paid during the year 1992-93 Rs. 13,91,675.41. Now in the year 1993-94 insurance claim for Kharif 1992, Rabi 1991-92 and Rabi 1992-93, paid during the year 1993-94; it was Rs. 18,76,192.45. Now in the year 1994-95, insurance claim for Kharif 1993 paid during the year 1994-95, the total amount was Rs. 38,68,729.56.

Now, in the year 1995-96. Insurance claim for Rabi paid during 1995-96 is Rs. 40,99,847.64.

**Shri Sultan Ahmed :** Will the Hon'ble Minister kindly state the name of the agency which is verifying the claims ?

**Shri Narendra Nath Dey :** It is the General Insurance Corporation.

**Shri Suniti Chattaraj :** Will the Hon'ble Minister be able to give the districtwise break-up of compensation ?

**Shri Narendra Nath Dey :** No, I cannot, because the districtwise break-up is not readily available with me. If the Hon'ble Member gives notice, I will be pleased to answer.

**শ্রী শৈলজাকুমার দাস :** ক্রপ ইন্স্যুরেন্সের মাধ্যমে কমপেনসেশনের সুযোগ যা চাষীদের দেওয়া হচ্ছে তার এলাকা ঠিক করা হচ্ছে কিভাবে; গ্রাম পঞ্চায়েত ভিত্তিতে, অঞ্চল ভিত্তিতে, নাকি ব্লক ভিত্তিতে, সেটা জানাবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** এর আগেও আমি বলেছি যে, কোনও এলাকার গত পাঁচ বছরের যা গড় উৎপাদন তার ৮০ পার্সেন্ট কম উৎপাদন হলে সেই এলাকার চাষীরা ক্রপ ইন্স্যুরেন্স স্কীমে কমপেনসেশনের সুযোগটা পাবেন এবং সেক্ষেত্রে মিনিমাম ইউনিট হিসাবে ব্লককে ধরা হয়।

## West Bengal Board of Wakf

***190.** (Admitted Question No. *786) **Shri Sudip Bandyopadhyay** and **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Home (Wakf) Department be pleased to state —

(a) Whether the State Government has reviewed/enquired into the performance of the West Bengal Board of Wakf; and

(b) If so,

(i) The findings thereof; and

(ii) The steps taken/proposed to be taken by the State Government ?

**Shri Md. Amin :**

(a) Chief Minister has already made a statement in this House on 1st July, 1996 which has covered the question.

More over, similar question was answered on 25.6.96.

(b) (i) & (ii) The question does not arise.

**Shri Sudip Bandyopadhyay :** Will the Hon'ble Minister please state whether the Government proposed to punish Shri P.K.Sengupta for

submitting a vague report to the Government as stated by the Chief Minister on the floor of the House ?

**Shri Md. Amin :** Government has proposed a debate on this subject. At that time the Hon'ble Member will get opportunity to know all aspects on the functioning of the Wakf.

**Shri Sudip Bandyopadhyay :** Sir, I want to know straight way whether the Government proposes to punish the State Judicial Secretary Shri P.K.Sengupta for submitting such a vague and contradictory report to the State Government ?

[11-40 — 11-50 A.M.]

**Shri Md. Amin :** This is not under contempletion at this stage.

**Shri Sudip Bandyopadhyay :** Sir, my next question is as to whether the Government proposes for any further departmental enquiry including CBI enquiry into the alleged Wakf scandal ?

**Shri Md. Amin :** All that you have said that news are not clear. More enquiry may be necessary.

**Shri Sudip Bandyopadhyay :** What your Government is thinking with regard to this matter ? Whether it will be sent for CBI enquiry or not ?

**Shri Md. Amin :** No.

**Shri Sudip Bandyopadhyay :** I have a supplementary question. Specific allegations are there, against a member of the Board, Mr. Hamidul Huda. Whether the Government proposes to initiates any sort of punishment against those members, on the basis of the allegations made in the report of Mr. P.K.Sengupta ?

**Shri Md. Amin :** It is a matter of opinion. We do not agree with the Hon'ble Members.

**Shri Sudip Bandyopadhyay :** You may not agree with me. I want to know whether you agree with P.K.Sengupta's report or not ?

That is may question. You may not agree with me. I have not asked you to agree with me. I put my specific question. Allegations have been made against Mr. Hamidul Huda in the report. Whether you are proceeding for any punishment or not ?

**Shri Md. Amin :** On the basis of this report, no action can be taken.

**Shri Sultan Ahmed :** I want to know whether the Minister has received any report from the administration of Wakf Board against those who were indulged in the corruption and scam.

**Shri Md. Amin :** We have not received any such report.

**Shri Pankaj Banerjee :** On the last day the Minister said that in the report there is a positive complaint against a Congress Office at 33, Shakespeare Sarani. Is there any such report in Sengupta's report ? Whether there is such report in Mr. P.K.Sengupta's report or not ?

**Mr. Md. Amin :** What I stated that day was not a part of the Mr. P.K.Sengupta's report. It was a separate allegation.

**শ্রী তপন হোড় ঃ** এই যে ওয়াকফ বোর্ড,. এখানে আমরা এখন যে নমিনেটেড বোর্ডের কথা শুনছি, এই বোর্ডের নির্বাচনের ব্যবস্থা হচ্ছে কিনা, এবং হলে কবে হবে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** নূতন যে আইন হয়েছে, সেই আইনটা অনারেবল মেম্বার পড়ে নেবেন, তাতে কয়েকটি কথা বলা হয়েছে। একটা হচ্ছে পশ্চিমবাংলায় যে ওয়াকফ প্রপার্টি আছে, তার একটা সার্ভে করা দরকার। কত আছে, কি অবস্থায় আছে, — সেই কাজটা শুরু হয়েছে। দ্বিতীয়ত, আইনে পার্মানেন্ট ট্রাইবুন্যাল গঠনের কথা বলা হয়েছে। এটা একাধিক হতে পারে। ট্রাইবুন্যাল থাকলে, কোনও কমপ্লেন থাকলে সেখানে সে যেতে পারে, হি ক্যান গো টু দি ট্রাইবুন্যাল। সেই ট্রাইবুন্যাল গঠন করার সমস্ত ব্যবস্থা আমরা করছি। এর পরে আমাদের হাইকোর্টকে লিখতে হবে। একটা জায়গা ঠিক করে জাজকে চেয়ারম্যান করে তারপরে ট্রাইবুন্যালের কাজটা শুরু হবে। এছাড়া নূতন ওয়াকফ যে বোর্ড হবে, তার মধ্যে কিছু এম.এল.এ., কিন্তু এম.পি. থাকবেন এবং বার কাউন্সিলের নির্বাচিত সদস্য থাকবেন। এছাড়া মতোয়ালী যাদের ইনকাম ১ লক্ষ টাকার উপরে, তাঁদের মধ্যে থেকে দুজন নির্বাচিত হবেন এবং চেয়ারম্যান নমিনেটেড হবেন। এই তিনটি কাজ হলে পরে ওয়াকফ বোর্ডের কাজটি ইমপ্রুভ হতে পারে।

**শ্রী তপন হোড় ঃ** কতদিনের মধ্যে

**শ্রী মহম্মদ আমিন ঃ** আমার মনে হয়, দুতিন মাসের মধ্যে হতে পারে।

**শ্রী সৌগত রায় ঃ** পি.কে.সেনগুপ্তের রিপোর্টে বলা হয়েছে যে, ১৬০টি ওয়াকফ প্রপার্টির ব্যাপারে অভিযোগ পাওয়া গেছে যে তার বিলি বন্টনের ক্ষেত্রে পক্ষপাতদুষ্ট এবং দুর্নীতির অব্যবস্থা প্রমাণিত হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে তিনি এর সঙ্গে একমত না, এটা ভেক, সেলফ কন্ট্রাডিক্টরি, লোককে আত্মপক্ষ সমর্থনের সুযোগ পর্যন্ত দেওয়া হয় নি। এখন আমার প্রশ্ন হচ্ছে যে, এই ওয়াকফ বোর্ডের অডিট করা হয় নি এবং সেখানে যে ১৬০টি প্রপার্টির অভিযোগ এসেছে, সেই সম্পত্তির মূল্যের পরিমাণ কত এই বিষয়ে সরকার কোনও অ্যাসেসমেন্ট করেছেন কিনা বা পি.কে.সেনগুপ্তের রিপোর্টে যে ১৬০ টি সম্পত্তির উপরে অভিযোগ যে পাওয়া গেছে সেই সম্পত্তি মোট মূল্যের পরিমাণ কত সেই বিষয়ে সরকার নিজের থেকে কোনও অ্যাসেসমেন্ট করেছেন কিনা এবং করলে তার পরিমাণ কত?

**শ্রী মহঃ আমিন ঃ** না, এইরকম অ্যাসেসমেন্ট করা হয় নি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** ওয়াকফ সম্পত্তির বিষয় নিয়ে গতকাল অনারেবেল চিফ মিনিস্টার স্টেটমেন্ট করেছেন। আগামীকাল এই নিয়ে ইউ হ্যাভ কাইন্ডলি অ্যালাউ টু ডিসকাস দি ম্যাটার, সেই হিসাবে আমার প্রশ্ন হচ্ছে যে, মাননীয় মন্ত্রী জানাবেন কি, আন্ডার দি প্রভিশন অফ ল আইনের কোনও প্রভিশন আছে কিনা যে ইফ অ্যানিবডি ফাউন্ড ইনভলভ ইন দি ম্যাটার সেই ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে কোনও আইনানুগ ব্যবস্থা নেওয়ার ক্ষমতা সরকারের আছে কিনা আন্ডার দি প্রভিশন অফ ল?

**শ্রী মহঃ আমিন ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তাতে এখনও পর্যন্ত কি আইনের কিছু দুর্বলতা আছে, তার বিভিন্ন দিক দেখা হচ্ছে। আইনটার কিছু ব্যবস্থা করতে পারলে ভাল হবে, এই বিষয়ে মাননীয় সদস্যর কিছু সাজেশন থাকলে দিয়ে দেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে, ওয়াকফ সম্পত্তির বিষয় নিয়ে অভিযোগ ওঠার পরিপ্রেক্ষিতে গতকাল মাননীয় চিফ মিনিস্টারের রিপোর্ট থেকে পেলাম যে গত সেপ্টেম্বর মাসে উনি সমস্ত বিষয়টা তদন্ত করে দেখার জন্যে বিচার বিভাগীয় সেক্রেটারিকে বলেছিলেন। কিন্তু সেই তদন্তের রিপোর্ট যা বেরোয় তা মুখ্যমন্ত্রীর অভিমত অনুযায়ী সেলফ কন্ট্রাডিক্টারি, এবং কোনও অ্যাকশন নেওয়া হচ্ছে না। এইকথা বলেছেন। এখন আমার জিজ্ঞাস্য যে, এই রিপোর্টের উপরে সরকার অ্যাকশান নিচ্ছেন না কিন্তু যখন অভিযোগের প্রাইমাফেসি সত্যতা খানিকটা আছে বলে মুখ্যমন্ত্রী এনকোয়ারি করার কথা বলেছিলেন তাহলে সেখানে অব্যবস্থা এখনও স্টিল স্ট্যান্ডে। সরকার পি.কে.সেনগুপ্তের রিপোর্টের উপরে অ্যাকশন নিচ্ছেন না, তাহলে সরকার পূর্ববর্তী স্ট্যান্ডের ভিত্তিতে এই যে সমস্ত অভিযোগ এসেছে তার ফারদার কোর্স অফ অ্যাকশন কি সেটা সুনির্দিষ্ট ভাবে জানাবেন কি?

**শ্রী মহঃ আমিন :** এই বিষয়ে চিফ মিনিস্টার যা বলেছেন তার উপরে আমার কিছু বলার নেই।

**(নয়েজ)**

[11-50 — 12-00 Noon]

ওয়াকফ নিয়ে যে পরিস্থিতিটা সৃষ্টি হয়েছে এটা সন্তোষ জনক নয় এবং আমাদের সরকারেরও ইচ্ছা, আমি মনে করি অনারেবল মেম্বাররাও একমত হবেন, ওয়াকফ প্রপার্টি ঠিক যে কাজে ব্যবহৃত হওয়া উচিত যার জন্য এই ওয়াকফ করা হয়েছে, সেখানে নিয়ম বর্হিভূত কাজ হলে পরে সেটা বন্ধ করার জন্য সরকারও চেষ্টা করবেন এবং অনারেবল মেম্বারদেরও সহযোগিতা প্রয়োজন আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** এটা তো জেনারেল হল, স্পেসিফিক কি স্টেপ নিচ্ছেন?

**শ্রী মহঃ আমিন :** আমি এটা কতবার বলব, এটা স্পেসিফিক অ্যাকশন নেওয়ার প্রশ্ন এখন নেই, We are prepared to discuss everything.

**শ্রী রবীন দেব :** মাননীয় মন্ত্রী গত ২৫ তারিখে এখানে যে একটি বিষয় উল্লেখ করেছিলেন, সেই বিষয়টা হচ্ছে, ৩৩ নম্বর সেক্সপিয়ার সরণীতে ওয়াকফ প্রপার্টি দখল করে অফিস করা হয়েছে, এই বিষয়ে আপনি কোনও ব্যবস্থা গ্রহণের কথা ভেবেছেন কিনা এই বিষয়ে আপনার দপ্তরের ভূমিকা কি?

**শ্রী মহঃ আমিন :** আমি যা বলেছি,—

We stand by that we have documentary evidence.

দরকার হলে প্রমাণ করে দেব, কি ব্যবস্থা নেওয়া হবে সেটা এখন বলছি না।

**(গোলমাল)**

**বন্যা**

***১৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৩।) **শ্রী অঙ্গদ বাউরি :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

১৯৯৫ সালের সেপ্টেম্বর মাসে রাজ্যে বন্যার জন্য কত টাকা ব্যয় করা হয়েছে (জেলাওয়ারি হিসাব)?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :**

১৯৯৫ সালের সেপ্টেম্বর মাসে এ রাজ্যে বন্যার জন্য রাজ্য সরকারের ত্রাণ বিভাগ থেকে মোট ৩২,৬৪,৭৫,৮৪৪ (বত্রিশ কোটি চৌষট্টি লক্ষ পঁচাত্তর হাজার আটশত চুয়াল্লিশ) টাকা বন্য দুর্গত জেলায় ত্রাণ বাবদ ব্যয় করা হয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য, বন্যা পরবর্তী সংস্কার পুর্নগঠনের কাজে বিভিন্ন দপ্তরকে ১৫,৩৪,৬০,০০০ (পনের কোটি চৌত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা ত্রাণ বিভাগের মাধ্যমে আবন্টন করা হয়েছে।

উক্ত বন্যার জন্য ত্রাণ বাবদ ব্যয় করা অর্থের জেলাওয়ারি হিসাব নিচে দেওয়া হল।

| ক্রমিক নং | জেলার নাম | পরিমাণ |
|---|---|---|
| ১। | বাঁকুড়া | ৭০,৫৬,৫৭৫ টাকা |
| ২। | বীরভূম | ৩,৮৫,৪২,২৮৮ টাকা |
| ৩। | বর্দ্ধমান | ১,৪৭,০৩,৩৫০ টাকা |
| ৪। | হুগলি | ২,৪৫,৪১,৭০১ টাকা |
| ৫। | হাওড়া | ৫৮,৭০,৮০০ টাকা |
| ৬। | মালদহ | ৫,৯৩,৯৯,৯০০ টাকা |
| ৭। | মুর্শিদাবাদ | ৪,৫৬,৮৫,৩২৫ টাকা |
| ৮। | নদীয়া | ১,৮১,১২,৩৫০ টাকা |
| ৯। | উত্তর দিনাজপুর | ৪,০৮,৮২,৩৫০ টাকা |
| ১০। | দক্ষিণ দিনাজপুর | ৭,১৬,৮১,৫০৫ টাকা |
| **১০টি জেলা** | মোট | ৩২,৬৪৭৫,৮৪৪ টাকা |

**শ্রী অঙ্গদ বাউরি :** আপনি বলেছেন বাঁকুড়া জেলার জন্য ৭০,৫৬,৫৭৫ টাকা দেওয়া হয়েছে, এই টাকা আপনি নগদে কত দিয়েছেন এবং মেটিরিয়াল অনুযায়ী কত দিয়েছেন?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :** আমি ৭০ লক্ষ ৫৬ হাজার ৫৭৫ টাকার কথা বলেছি এবং ঐ টাকা বাঁকুড়া জেলায় বিশেষ খয়রাতি হিসাবে দেওয়া হয়েছে, ৭৫ মেট্রিক টন গমের মূল্য ৪,১৯,৯০০ টাকা, ৭৫ মেট্রিক টন চালের মূল্য ৪,৩২,৭৫০ টাকা, এককালীন অনুদান ৬০,০০০ টাকা, আনুসঙ্গিক ২,৭০,০০০ টাকা, এবং গৃহ নির্মাণের জন্য ৪০ লক্ষ টাকা। তাছাড়া ৩৫০০টি ত্রিপলের জন্য ১৪,৫৭,৭৫০ টাকা ও ৪,০০০টি ধুতির জন্য ১,৩৭,৬০০ টাকা।

**শ্রী অঙ্গদ বাউরি ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাবটা দিলেন তাতে দেখা যাচ্ছে বন্যা যখন হয় সেই সময় এই টাকার সামগ্রী দেওয়া হয়েছে। ১৯৯৫ সালের বন্যার সময় আমার মেজিয়া ব্লকে ৩৯টি বাড়ি ধ্বংস হয়ে যায়। সেই ঘরগুলোর মেরামতির টাকা বা অনুদান তারা এখনও পায় নি। এই ব্যাপারে আপনার কাছে তথ্য থাকলে জানাবেন।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** এখনও পর্যন্ত ঐ রকম কোনও অভিযোগ আমাদের কাছে আসে নি।

**শ্রী অঙ্গদ বাউরি ঃ** আবার বর্ষা এসে গেছে, এই বন্যা নিয়ন্ত্রণের জন্য আপনি কিছু চিন্তা করছেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** বর্ষার প্রারম্ভে ত্রাণ দপ্তর বিভিন্ন জায়গায় বিশেষ করে মালদহ এবং বর্ধমান জেলায় আমরা ত্রাণ দপ্তর এবং ব্লক ডেভেলপমেন্ট অফিসারের সঙ্গে আলাপ আলোচনা করেছি। বন্যার আগে বিভিন্ন জেলাতে ত্রাণ সামগ্রী অবিলম্বে পৌঁছে দেওয়া যায় তার ব্যবস্থা নেওয়া হচ্ছে। আগামী কয়েক দিনের মধ্যেই আমরা আবার বসব।

**শ্রী অঙ্গদ বাউরি ঃ** যে সব এলাকাতে বন্যা হচ্ছে, সেইসব এলাকাতে বন্যা রোধ করার জন্য স্থায়ী কোনও প্রকল্প গ্রহণ করা হয়েছে কিনা?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** বন্যা নিয়ন্ত্রণের স্থায়ী ব্যবস্থা নেওয়া প্রয়োজন। কিন্তু বন্যা কিভাবে হচ্ছে এটা বলা সম্ভব নয়, এটা প্রকৃতির উপর নির্ভর করে। পুরুলিয়া জেলায় কোনওদিন বন্যা হয় না, কিন্তু গত ৯২ সালে সেখানে বন্যা হয়েছিল।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** বিগত বন্যার সময় বিভিন্ন জেলাতে ক্ষতিগ্রস্থ মানুষদের আপনি কিছু কিছু হাউস বিল্ডিং-এর জন্য টাকা দিয়েছেন। কিন্তু মালদহ জেলাতে এখনও পর্যন্ত হাউস বিল্ডিয়ের কোনও টাকা ডিস্ট্রিবিউশন হয় নি। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মালদহ জেলাতে বাড়ি নির্মাণের জন্য ১৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

**শ্রী আনন্দ বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি গত বর্ষায় যখন বন্যা হয়েছিল — তার মধ্যে বীরভূম জেলা বলেছেন, বীরভূম ত্রাণ সামগ্রী পৌঁছে দিয়েছেন। কিন্তু আমার যেটা প্রশ্ন, এই ভয়াবহ বন্যায় যে সমস্ত মানুষরা বিপদের মুখে পড়েছেন, উদ্ধারকার্য করতে গিয়ে দেখা গেছে বহু মানুষের প্রাণহানি হয়েছে। তাদের সাংসারিক ব্যাপারটা দেখবার কি ব্যবস্থা করেছেন?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আমাদের ত্রাণ দপ্তর বিভিন্ন সময়ে সাহায্য দিয়ে থাকে। প্রাণহানির ক্ষেত্রে সেভাবেই দেওয়া হয়ে থাকে প্রাণহানির বিষয়ে ত্রাণ সামগ্রী দেওয়ার কথা এই ভাবেই চিন্তা ভাবনা করা হচ্ছে।

## Starred Questions

### (To which written answers were laid on the Table)

### সরকারের অর্থানুকূল্যে কাহিনীচিত্র

***১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪।) শ্রী সুকুমার দাস ঃ** তথ্য ও সংস্কৃতিক-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্য সরকারের অর্থানুকূল্যে মোট কতগুলি কাহিনীচিত্র প্রয়োজিত হয়েছে; এবং

(খ) কাহিনীকারসহ চিত্রগুলির নাম কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকারের অর্থানুকূল্যে ৩০টি পূর্ণ দৈর্ঘ্যের কাহিনী চিত্র প্রযোজিত হয়েছে।

(খ) কাহিনীকার-সহ চিত্রগুলির নামের তালিকা নিচে দেওয়া হল ঃ—

| ছবির নাম | কাহিনীকার |
|---|---|
| ১। পথের পাঁচালী | বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। |
| ২। সোনার কেল্লা | সত্যজিৎ রায়। |
| ৩। গণ দেবতা | তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। |
| ৪। পরশুরাম | মোহিত চট্টোপাধ্যায়। |
| ৫। ঝড় | উৎপল দত্ত। |
| ৬। হীরক রাজার দেশে | সত্যজিৎ রায়। |
| ৭। নাগপাশ | সাধন চট্টোপাধ্যায়। |
| ৮। দখল | সুশীল জানা। |
| ৯। মহাপৃথিবী | সুনীল গঙ্গোপাধ্যায়। |
| ১০। ছোট বকুলপুরের যাত্রী | মানিক বন্দ্যোপাধ্যায়। |
| ১১। প্রাগৈতিহাসিক | ঐ। |
| ১২। যাকে ঘুম দিতে হয় | ঐ। |

| ছবির নাম | কাহিনীকার |
|---|---|
| ১৩। আরোহন | পঞ্চায়েতের উপর অশোক মিত্রের রিপোর্টের ভিত্তিতে নির্মিত। |
| ১৪। দেবী গর্জন | বিজন ভট্টাচার্য। |
| ১৫। মধুবন | গৌরচন্দ্র চক্রবর্তী। |
| ১৬। কোনি | মতি নন্দী। |
| ১৭। গৃহযুদ্ধ | দিব্যেন্দু পালিত। |
| ১৮। চোখ | উৎপলেন্দু চক্রবর্তী। |
| ১৯। গুপী বাঘা ফিরে এলো | সত্যজিৎ রায়। |
| ২০। যুক্তি তক্কো আর গপ্পো | ঋত্বিক ঘটক। |
| ২১। বেনারসী | বিমল মিত্র। |
| ২২। ঘুম ভাঙ্গার গান | উৎপল দত্ত। |
| ২৩। পদ্মা নদীর মাঝি | মানিক বন্দ্যোপাধ্যায়। |
| ২৪। শিল্পী | মানিক বন্দ্যোপাধ্যায়। |
| ২৫। নয়ন তারা | বিমল কর। |
| ২৬। তিতাস একটি নদীর নাম | ঋত্বিক ঘটক। |
| ২৭। মেঘ | উৎপল দত্ত। |
| ২৮। রবিবার | রবীন্দ্রনাথ ঠাকুর। |
| ২৯। পঞ্চসর | সুবোধ ঘোষ। |
| ৩০। হিমঘর | অঞ্জন বন্দ্যোপাধ্যায়। |

## গ্রামীণ কর্মসংস্থান

***১৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৮১৯।) **শ্রী ইউনুস সরকার ঃ** প্রাণী সম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রাণী সম্পদ-বিকাশ দপ্তর থেকে গ্রামীণ কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কিভাবে তা করা হবে?

**প্রাণী সম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, একথা সত্যি যে এই রাজ্যে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে গ্রামীণ কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে এবং তাকে আগে প্রসারিত করা হচ্ছে।

(খ) রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দপ্তর তরল ও হিমায়িত গোবীজ ব্যবহার করে কৃত্রিম গো-প্রজনণের মাধ্যমে দেশি গরুর সংকরায়ণ ঘটিয়ে রাজ্যের দুধ উৎপাদন বাড়ানোর পাশাপাশি গ্রামীণ অর্থনীতিকে সুদৃঢ় করার প্রচেষ্টা নিয়েছে। এই পরিকল্পনাকে বাস্তবায়িত করতে প্রত্যক্ষ ভাবে গ্রামীণ কর্মসংস্থানের লক্ষ্যে রাজ্যের এই দপ্তর কাস্টম সার্ভিস বয়েসদের মাধ্যমে কৃত্রিম গো-প্রজনণ প্রকল্প নিয়েছেন। এর দ্বারা প্রায় ৬৪০ জনের প্রত্যক্ষ কর্মসংস্থান হয়েছে তাহারা গড়ে ১২০০ টাকার মতো মাসিক আয় করেন। এছাড়া তাঁদের প্রাণী সম্পদ বিকাশের অন্যান্য কাজেও যুক্ত করা হচ্ছে যেমন, হাঁস মুরগী বিতরণ, টিকা দেওয়া ইত্যাদি। এছাড়াও ১৪৫০ টি সমবায় সমিতির মাধ্যমে প্রায় ৮৭০০ কৃষক পরিবারকে দুগ্ধ প্রকল্পে আনা হয়েছে যাঁরা প্রত্যক্ষ ভাবে প্রাণী সম্পদ বিভাগের কাজের সঙ্গে যুক্ত এই সমিতিগুলির ১৪৫০টি সচিব ও ২৮৬টি এ. আই. কর্মী আছেন।

পরোক্ষ ভাবে এই দপ্তরের পরিকল্পনাগুলির মাধ্যমে দেশের সমস্ত গ্রামবাসী বা বেকার শহরবাসীকে দুগ্ধ উৎপাদন, সবুজ প্রাণী খাদ্য উৎপাদন বা হাঁস, মুরগী, ছাগল, ভেড়া, খরগোস ইত্যাদির পালন প্রকল্পের মাধ্যমে স্ব-নির্ভর করা সম্ভব। সেই ধরনের পরিকল্পনা নেওয়ার জন্য প্রশাসনিক ব্যবস্থার আমূল পরিবর্তন করা হচ্ছে যাতে প্রতি গ্রামবাসী বা শহরবাসীর কাছে আধুনিক প্রাণী পালন প্রযুক্তি পৌঁছানো যায়। এছাড়াও বিভিন্ন মাধ্যম থেকে ঋণ, ভর্তুকি, উন্নত প্রজাতির প্রাণী ও অন্যান্য সাহায্য যথাযথ ভাবে আগ্রহী মানুষের কাছে পৌঁছে দেবার জন্য সমন্বয়িত উদ্যোগ নেওয়া হচ্ছে।

**ধর্ষণের ঘটনা**

*১৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৮।) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৫ এবং ১৯৯৬-এর মার্চ মাস অবধি রাজ্যে কতগুলি ধর্ষণের ঘটনা ঘটেছে; এবং

(খ) তন্মধ্যে কতগুলিতে প্রশাসন চার্জশিট দিতে সক্ষম হয়েছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৯৬৯টি (নয় শত উনসত্তরটি)।

(খ) ৪৫৮টিতে।

**সংখ্যালঘু সম্প্রদায়**

***১৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪৫।) **শ্রী পরেশনাথ দাস** এবং **শ্রী মোজাম্মেল হক ঃ** সংখ্যা লঘু-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যের কোন কোন সংখ্যা লঘু সম্প্রদায় সংখ্যা লঘু-বিষয়ক বিভাগের অন্তর্ভুক্ত?

**সংখ্যা লঘু-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রজ্ঞাপিত ধর্মীয় সংখ্যা লঘু সম্প্রদায়গুলি যেমন মুসলিম, খ্রীস্টান, বৌদ্ধ শিখ, জরাথুস্ট্রবাদীগণ (পার্সি) এবং এলাহাবাদে অবস্থিত ভারতীয় ভাষা সংক্রান্ত সংখ্যা লঘু কমিশনারের প্রতিবেদনে উল্লেখিত এ রাজ্যের ভাষাগত সংখ্যা লঘু সম্প্রদায়, যাঁরা সাঁওতালী, উর্দু, হিন্দী, নেপালি অথবা গোর্খালি ভাষায় কথা বলেন — এই সব সম্প্রদায়ই সংখ্যা লঘু বিষয়ক বিভাগের অন্তর্ভুক্ত।

**আই. সি. ডি. এস. প্রকল্প**

***১৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৫।) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে কতগুলি ব্লকে আই. সি. ডি. এস. প্রকল্প চালু আছে;

(খ) রাজ্যে মোট অঙ্গনওয়াড়ি ও সহায়িকা মহিলা কর্মীর সংখ্যা কত;

(গ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এই প্রকল্পে মোট কত টাকা ব্যয় হয়েছে; এবং

(ঘ) এর মধ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ কত?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৩-৯৪ সাল পর্যন্ত মোট অনুমোদিত ২৭৫টি প্রকল্পের মধ্যে ২০০টি প্রকল্পে আই. সি. ডি. এস. প্রকল্প চালু আছে। চালু ২০০টি প্রকল্পের মধ্যে ১৭৯টি ব্লকে অবস্থিত। বাকি ২১টি শহরাঞ্চলে অবস্থিত।

(খ) বর্তমানে কর্মরত পদে আসীন কর্মী সংখ্যা ঃ—

| | | |
|---|---|---|
| অঙ্গনওয়াড়ি কর্মী | — | ৩৩৫০০। |
| সহায়িকা | — | ৩১৮০০। |

(গ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এই প্রকল্পে মোট ৫৬৩২.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(ঘ) এর মধ্যে রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ ২০০২.৭৫ লক্ষ টাকা এবং কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ ৩৬২৯.৪৫ লক্ষ টাকা।

## অশ্লীল পত্র-পত্রিকা

***১৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অশ্লীল, কুরুচিপূর্ণ, অপরাধমূলক বিষয়বস্তুকে উপজীব্য করে বহু পত্র-পত্রিকা অবৈধ ভাবে ছাপানো হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত পত্র-পত্রিকাগুলি বাজেয়াপ্ত করার এবং পত্রিকা কর্তৃপক্ষের বিরুদ্ধে কোনও প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কিছু অভিযোগ আছে।

(খ) দৃষ্টিগোচর হলে পুলিশ আইনানুগ ব্যবস্থা নিয়ে থাকে।

## অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের ভাতা

***১৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫০।) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, সুসংহত শিশুবিকাশ প্রকল্পের অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের সাম্মানিক ভাতা বৃদ্ধির কথা সরকার বিবেচনা করছেন; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত ব্যবস্থা কার্যকর হবে বলে আশা করা যায়?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের সাম্মানিক ভাতা কেবলমাত্র কেন্দ্রীয় সরকার বৃদ্ধি করতে পারেন।

(খ) বলা সম্ভব নয়।

## পুরুলিয়া জেলায় ক্ষুদ্রসেচ প্রকল্প

*১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬০।) **শ্রী নটবর বাগদি ঃ** জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পুরুলিয়া জেলার ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির কাজ ত্বরান্বিত করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(খ) উক্ত জেলার খরা প্রবণ এলাকাগুলিতে ডিপ টিউবওয়েলের সাহায্যে সেচ ব্যবস্থার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় স্থাপিত আর. এল. আই. প্রকল্পগুলির মধ্যে মোট ১২টি প্রকল্পে পাইপ লাইনের সাহায্যে জল বন্টন ব্যবস্থার কাজ সম্পূর্ণ হতে বাকি আছে। এই কাজ উক্ত ১২টি প্রকল্পেই চলছে এবং আশা করা যায় যে ১৯৯৬-৯৭ আর্থিক বছরেই শেষ হবে। এছাড়া ৬টি ভূপৃষ্ঠ জল সেচ প্রকল্পের কাজ চলছে এবং এই কাজগুলি বর্তমান আর্থিক বছরে শেষ করার পরিকল্পনা আছে।

(খ) পুরুলিয়া জেলার খরা প্রবন এলাকাগুলিতে ডিপ টিউবওয়েলের সাহায্যে সেচ ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের নেই।

## বিধবা ভাতা

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৪।) **শ্রী জটু লাহিড়ি ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে দুঃস্থ ও বিধবা ভাতা বাবদ সরকারের কত অর্থ ব্যয় হয়েছে; এবং

(খ) ঐ ভাতা প্রদানের মাপকাঠি কি?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বাবদ ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে যথাক্রমে ১,১৮,৬৩,৯৪৪ টাকা ও ১,৩৮,৬৮,৬১৬ টাকা ব্যয় হয়েছে।

(খ) দুঃস্থ ও নিঃসহায় বিধবা এই ভাতা পেতে পারেন।

এ ভাতা পেতে হলে নিম্নোক্ত শর্তগুলি পূরণ হওয়া আবশ্যিক।

(১) আবেদনকারিনীকে ভারতীয় নাগরিক হিসাবে কম পক্ষে ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাস করতে হবে।

(২) আবেদনকারিনীর পারিবারিক আয় মাসিক ১০০ টাকার বেশি হওয়া চলবে না।

(৩) আত্মীয় স্বজন দ্বারা ঐ বিধবা মহিলার ভরণ পোষণের দায়িত্ব অস্বীকৃত হবে।

## আই. সি. ডি. এস. প্রকল্প

***১৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৬।) **শ্রী ঈদ মহম্মদ ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যের কতগুলি ব্লকে আই. সি. ডি. এস. প্রকল্প গড়ে তোলা সম্ভব হয় নি?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে মোট ৮৬টি ব্লকে আই. সি. ডি. এস. প্রকল্প গড়ে তোলা সম্ভব হয় নি।

## রাজ্যের বাইরে তথ্যকেন্দ্র

***২০০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১।) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) অন্যান্য রাজ্যে পশ্চিমবঙ্গ সরকারের কতগুলি তথ্য কেন্দ্র আছে;

(খ) নূতন কোনও তথ্য কেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি না;

(গ) থাকলে, কোথায় এবং কবে ঐ তথ্য কেন্দ্রগুলি খোলা হবে; এবং

(ঘ) এ বাবদ কত টাকা ব্যয় করা হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) চারটি।

(খ) হ্যাঁ।

(গ) মুম্বাইতে। সময় এখনই বলা যাচ্ছে না।

(ঘ) এখনই বলা যায় না।

[12-00 — 12-10 P. M.]

## Question Of Privileges

**Mr. Speaker :** I have got a notice of Privilege from Shri Saugata Roy against Md. Amin. The notice was filed on 2nd July, 1996 though the notice was issued on 26th June, 1996. The notice relates to answer to a question made on the 25th of June, 1996 and relates to the supplementary regarding 33, Shakespeare Sarani. Shri Saugata Roy wants to say that it is their complaint that Md. Amin did so deliberately to fudge the issue since the report that the Congress has forcibly built a house at 33, Shakespeare Sarani. Then in reply to the same question he gave two different answers. One of which has to be untrue to fudge the issue since the Wakf Sqandal is a major complaint about the Left front Government in which it is reported that the properties worth crores of rupees have been illegally transferred and that CPI(M) big wigs are involved. The minister's deliberate misleading of the House is understandable but not pardonable. Hence it constitutes a breach of privilege, Vide Kaul and Shakhder page 252 and begs to move the matter referred to the Privilege Committee.

I have gone through the notice and I have gone through the answer of Mr. Amin and also the statement made by the Minister on the floor of the House. That was separate information and not that he had based on the P.K.Sengupta Committee Report. As such no question of privilege arise. The notice is rejected.

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day, I have received six Notices of Adjournment Motion. The first one is from Shri Abdul Mannan on the subject of reported clash between supporters of two ruling parties at shoors village under Goghat Police Station, Hooghly district on 30.6.96. The second one is from Shri Suniti Chattaraj on the subject of non-electrification of tribal mouzas in Birbhum district. The third and the fourth ones are from shri Sobhan Deb Chattopadhyay and Shri Kamal Mukherjee on the subject of problem of admission of Madhyamik passed students into class XI. The fifth and the sixth ones are from Shri Sudip Bandyopadhyay and Shri Saugata Roy on the subject of report on irregular transfer of Wakf properties in the State.

The subject matters of the Motion are not such which call for adjournment of the business of the House. The Members may ventilate their grievances in these matters through Calling Attention, Mention etc. and also in the form of Motion under Rule 185.

I, therefore, with hold my consent to all the Motions.

One Member may, however, read out the text of his motion as amended.

**শ্রী কমল মুখার্জি ঃ**

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ—

এ বছর মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীরা উচ্চ মাধ্যমিকে একাদশ শ্রেণীতে ভর্তি হতে গিয়ে দিশেহারা হয়ে পড়েছে। বেশির ভাগ স্কুল বা কলেজ একাদশ শ্রেণীতে ভর্তির যোগ্যতায় যে মাপকাঠি করেছেন তাতে প্রথম বিভাগে পাশ করা ছাত্র-ছাত্রীরাও দুর্ভোগে পড়েছে। সর্বত্র আসন সংখ্যা সীমিত। রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে একাদশ শ্রেণীতে আসন সংখ্যা যত তার কয়েক গুণ ছাত্র-ছাত্রী এবার মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে। ফলে অবস্থা শোচনীয়। অবিলম্বে বিদ্যালয়গুলিতে আসন সংখ্যা বৃদ্ধি করে এবং আরও কিছু মাধ্যমিক বিদ্যালয়ে একাদশ শ্রেণী চালু করে ভর্তির সমস্যা সমাধানের ব্যবস্থা করা হোক।

## Calling Attention To Matters Of Urgent Public Importance

**Mr. Speaker :** To-day, I have received ten notices of Calling Attention, on the following subjects, namely :—

1. Epidemical out break of anteric disease in three Blocks under Contai Police Station, Midnapore. : Shri Chakradhar Maikap.

2. Reported murder of one Shri Ratan Helder at Gobardanga on 1st July, 1996. : Shri Saugata Roy.

3. Alarming flood situation at Khanakul of Hooghly. : Shri Kamal Mukherjee.

4. Alleged arrest of B.M.O.H. of Bepara Primary Health Centre under Kotwali Police Station. : Shri Mrinal Kanti Roy.

5. Alleged murder of two taxi drivers at Behala, Calcutta. : Shri Sailaja Kumar Das.

This notice has already been admitted. The statement will be made on 9/7/96. So the notice is out of order.

6. Delay in sanctioning allotment for waterline connection for Baruipur Municipality. : Shri Sobhan Deb Chattopadhyay.

7. Generation of electricity at Bakraswar Power Plant. : Shri Suniti Chattaraj.

8. Acute problem of admission in Class-XI : Shri Sultan Ahmed.

9. Prolonged closure of J. K. Steel Industry, Rishra, Hooghly. : Shri Abdul Mannan.

10. Alleged serious injury of Shri Lakshmi Kanta Pal, Professor of Champadanga College, Hooghly by some miscreants on 26.6.1996. : Shri Mozamel Haque and Shri Paresh Nath Das.

I have selected the notice of Shri Chakradhar Maikap on the subject of Epidemical Out break of enteric diseases in three blocks under Contai Police Station, Midnapore.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 5th July, 1996.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Agriculture Department will make a statement on the subject of reported import of urea fertilizer of inferior quailty from Romania by Hindustan Lever Company Ltd.

**(Attention called by Shri Tapan Hore on the 25th June, 1996)**

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ**

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

ইউরিয়া সারের বন্টন, দাম, আমদানি প্রভৃতি কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করেন, প্রতিটি কৃষি মরশুমের আগে রাজ্য সরকারের সাথে আলোচনা করে কেন্দ্রীয় সরকার জানিয়ে দেন যে ঐ মরশুমে রাজ্য কতটা ইউরিয়া সার পাবে; তার মধ্যে কতটা ভারতে প্রস্তুত সার থেকে পাওয়া যাবে, কোনও ভারতীয় প্রস্তুতকারক কতটা সার দেবেন এবং কতটা সার বিদেশ থেকে আমদানি করে কেন্দ্রীয় সরকার রাজ্যে পাঠাবেন। কিন্তু বিদেশ থেকে সার কে আনবেন, কোন দেশ থেকে আনবেন, কার মাধ্যমে সার আসবে — এর কোনওটাই রাজ্য সরকার ঠিক করেন না এবং রাজ্য সরকারকে এ ব্যাপারে কিছু জানানোও হয় না। কেন্দ্রীয় সরকার কেবলমাত্র জানান কোন হ্যান্ডলিং এজেন্টের মাধ্যমে বিদেশ থেকে আনা ঐ সার রাজ্যে বিতরণ করা হবে।

১৯৯৬ সালের ২০শে মার্চ তারিখে কোনও একটি গোপন সূত্র থেকে কৃষি দপ্তরে খবর আসে যে হিন্দুস্তান লিভার লিমিটেডের নামে বিদেশ থেকে জাহাজে করে "সাগরে" ইউরিয়া সার এসে পৌঁছেছে এবং ঐ সংস্থা জাহাজ থেকে সার নামিয়ে হলদিয়ায় এবং অন্যান্য গুদামে রাখছেন ও বিলির ব্যবস্থা করছেন। কিন্তু সন্দেহ প্রকাশ করা হয় যে ঐ সার উপযুক্ত মানের নয়। যে জাহাজে করে ঐ সার আসে তার নাম এম. ভি. সি. ভেনাস। এই খবর আসার সাথে সাথে রাজ্য কৃষি দপ্তর ঐ বিষয়টি তদন্ত করার ও সারের নমুনা নিয়ে পরীক্ষা করে দেখার ব্যবস্থা করেন। কৃষি দপ্তরের অনুসন্ধানকারী দল অনুসন্ধানে যায় এবং ঐ সারের নমুনা পরীক্ষা করে দেখা যায় যে যদিও ঐ সারে নাইট্রোজেনের পার্সেন্টেজ আইনানুসারে ঠিকই আছে, কিন্তু সারের দানার মাপ আইন অনুসারে যা থাকার কথা, তা নেই এবং সেই কারণে ঐ সার 'সার নিয়ন্ত্রণ আদেশ — ১৯৮৫' অনুযায়ী বিলির উপযুক্ত নয় এবং ঐ সার, ঐ নিয়ন্ত্রণ আদেশানুসারে 'নন-স্ট্যান্ডার্ড সার'। অনুসন্ধানকারী দল সাগরে জাহাজ থেকে হলদিয়ার জাহাজ ঘাট থেকে এবং হলদিয়ার বিভিন্ন গুদাম থেকে নমুনা সংগ্রহ করেছিলেন। ১৯শে এপ্রিল, ১৯৯৬ তারিখে কৃষি দপ্তর থেকে হিন্দুস্তান লিভারকে জানিয়ে দেওয়া হয় যে এম. ভি. সি. ভেনাস জাহাজে যে ইউরিয়া সার পশ্চিমবঙ্গে বিতরণের জন্য আনা হয়েছে তা আইনানুসারে উপযুক্ত মানের নয়, যেন ঐ সার পশ্চিমবঙ্গে বিলি না করেন। রাজ্যের সারের সকল সেক্টারকেও এই বিষয়টি জানিয়ে দেওয়া হয়। রাজ্য কৃষি দপ্তর থেকে

বলা হয় যাতে ঐ সার এই রাজ্যে বিলি করা না যায়। ১৯শে এপ্রিল থেকে বিলি হয় নি। ভারত সরকারকেও তখন আমরা সমস্ত ব্যাপারটা জানিয়ে হিন্দুস্থান লিভার লিমিটেড রাজ্য সরকারকে জানিয়েছেন যে, ১৪,৬৬৭ টন রাজ্য সরকারের আদেশানুসারে তাদের গুদামে আটকানো আছে এবং তারা কৃষি দপ্তরকে অনুরোধ করেছেন 'সার নিয়ন্ত্রণ আদেশ — ১৯৮৫' অধীনের 'স্ট্যান্ডার্ড সার' ব্যবহারের যে পদ্ধতি নির্দিষ্ট আছে সেই অনুযায়ী ঐ স্ট্যান্ডর্ড সার যেন 'মিশ্র সার' প্রস্তুতকারকদের কাছে বিক্রির জন্য দেওয়া হয়। হিন্দুস্থান লিভার লিমিটেড এই অনুমতি চেয়ে রাজ্য স্তরে যে কাগজপত্র দাখিল করেছেন, তার থেকে দেখা গেছে যে এই ইউরিয়া ন্যাশনাল ফার্টিলাইজার লিমিটেড-এর (একটি কেন্দ্রীয় সংস্থা) মাধ্যমে আনা হয়েছে। আমি একটি ডি. ও. চিঠির মাধ্যমে এই ঘটনা মাননীয় প্রধানমন্ত্রীর গোচরে আনি। রাজ্য কৃষি সচিবও আর একটি চিঠির মাধ্যমে কেন্দ্রীয় রসায়ন ও সার সচিবকে জানিয়েছেন।

হিন্দুস্থান লিভার লিমিটেডকে সার নিয়ন্ত্রণ আদেশ অনুসারে এই মানের সারটি ব্যবহারের অনুমতি দেওয়ার প্রশ্নটি বিবেচনা করার জন্য তথ্য দিতে বলা হয়েছে। ঐ সব তথ্য পাওয়া গেলে ঐ সংস্থার প্রস্তাব করা হবে।

[12-10 — 12-20 P. M.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of Home (jails) Department to make a statement on the subject of reported fasting of Nepalies kept under Berhampore Central Jail Custody.

**(Attention called by Shri Jayanta Kumar Biswas on the 27th June, 1996)**

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ**

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

গত ২৭.৬.৯৬ তারিখে মাননীয় সদস্য শ্রী জয়ন্তকুমার বিশ্বাস দ্বারা আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে আমি জানাতে চাই যে, কোনও নেপালী বন্দী বহরমপুর কেন্দ্রীয় কারায় অনশনরত নেই।

বহরমপুর কেন্দ্রীয় কারায় বর্তমানে ৩৭৫ জন পুরুষ ও ৭৩ জন মহিলা ভুটানী বন্দী আছেন।

এরা জলপাইগুড়ি জিলা কারাগার থেকে ২৪.৩.৯৬, ২৯.৩.৯৬ ও ৬.৪.৯৬-তে বদলী করে বহরমপুর কারাগারে আনা হয়।

এদের বিরুদ্ধে যে মামলা আছে তা মিস. কেস নং ৯।৯৬, ১০।৯৬ ও ১১।৯৬ যাহা জলপাইগুড়ি সদরে একজিকিউটিভ ম্যাজিস্ট্রেটের কোর্টে দাখিল আছে। এদের প্রত্যেকের বিরুদ্ধে সি. আর. পি. সি. ১০৭।১১৬ সি-তে অভিযুক্ত করা হয়েছে।

গত ২৩.৬.৯৬ ও ২৪.৬.৯৬ বহরমপুর কেন্দ্রীয় কারাগারে অবস্থিত ১৪২ জন বন্দী অনশন শুরু করেন। এদের মধ্যে ১৮ জন মহিলা বন্দী আছেন।

তাহাদের অনশন করার কারণ তাহারা জেল সুপারকে দরখাস্তের মাধ্যমে জানিয়েছেন যে,

(ক) তাদের কারাগার থেকে বিনা শর্তে মুক্তি দিতে হবে।

(খ) তাদের নিরাপদে তাহাদের দেশ ভুটানে যেতে দিতে হবে।

অনশনরত বন্দীদের স্বাস্থ্য জেলে কর্তব্যরত চিকিৎসক, জিলা স্বাস্থ্য আধিকারিক, এবং মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও তাহাদের প্রেরিত অফিসারগণ নিয়মিত পরীক্ষা করছেন।

তিন জন মহিলা অনশনকারীকে বহরমপুর সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

অনশনরত বন্দীদের চিকিৎসকদের পরামর্শনুসারে গ্লুকোজ, ইলেক্ট্রাল পাউডার, চা, চিনি, গুড় ইত্যাদি প্রতিদিন দেওয়া হচ্ছে ও তারা তা গ্রহণ করছেন।

তাদের বর্তমান স্বাস্থ্য অবস্থা ভাল। কোনও বিশেষ স্বাস্থ্য সমস্যা দেখা যায় নি।

কিছু কিছু বন্দীর মধ্যে জ্বর ও অন্যান্য সাধারণ উপসর্গ দেখা গিয়াছে তাহা মুখ্য স্বাস্থ্য আধিকারিক প্রেরিত চিকিৎসকগণ পরীক্ষা করছেন ও উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে।

বাকি ভুটানী বন্দীদের জেল কোড অনুযায়ী স্বাভাবিক খাদ্য দেওয়া হচ্ছে।

## Mention Cases

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ কাগজে দেখেছেন, গত কাল হঠাৎ নিউ সেন্ট্রাল জুট মিল অবৈধ ভাবে লক আউট ঘোষণা করে। গত কাল আমি, সুব্রত বাবু, শোভনদেব চট্টোপাধ্যায় এবং আরও কয়েকজন এম. এল. এ. মুখ্যমন্ত্রীর সাথে দেখা করেছিলেন। তিনি আশ্বাস দিয়েছিলেন, বন্ধ হবে না। তা সত্ত্বেও মেন গেট বন্ধ করা হয়েছে। সেখানে ৮ হাজার কর্মী কাজ করেন, তার সাথে এক লাখ ফ্যামিলির সম্পর্ক। দেখলাম চারটে জুট মিলে

২৫ কোটি টাকা লোন দেওয়া হয়েছে, যদি এই জুট মিলে লোন দেওয়া হত, তাহলে এই অবস্থা হত না। বজবজের অবস্থা ভয়াবহ, সেখানে প্রচন্ড গন্ডগোল হচ্ছে, সি. আর. পি. নেমেছে। একজন কর্মীকে এমন মারধোর করা হয়েছে, সে হাসপাতালে ভর্তি আছে। এরকম অবস্থা চললে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। এই বিষয়ে অবিলম্বে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি এবং মিলটি খোলারও দাবি করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ক'দিন ধরে অবিশ্রান্ত বর্ষার ফলে বিদ্যাধরী নদীর ধারে, গুমা ১ নং, ২ নং পঞ্চায়েত জলমগ্ন হয়ে পড়েছে। ফলে এখানে বসবাসকারী বেশির ভাগ মানুষকে বাড়ি ছেড়ে অন্যত্র — আশ্রয়স্থলে গিয়ে আশ্রয় নিতে হয়েছে, তারা বানভাসী হয়ে গেছে। এই ক্ষতিগ্রস্থ মানুষদের দুর্দশা মোচনের জন্য আর্থিক সাহায্য, গৃহ নির্মাণের জন্য সাহায্যের প্রয়োজন। তাদের সাহায্যের জন্য এবং বিদ্যাধরী নদীর সংস্কারের জন্য আবেদন করছি।

**শ্রী আব্দুল মান্নান** ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও আজকে আমাদের দলের দুজন মাননীয় সদস্য কমল মুখার্জি এবং শোভনদেব চট্টোপাধ্যায় মুলতুবি প্রস্তাবের মাধ্যমে প্রসঙ্গটি উত্থাপন করতে চেয়েছিলেন। কয়েক দিন আগে মাধ্যমিক পরীক্ষার ফলাফল বেরিয়েছে। পাশের হার গত বারের চেয়ে কম হলেও, স্কুল এবং কলেজে ১১ ক্লাশে ভর্তি হওয়ার যে সুযোগ আছে, তাতে ঐ সংখ্যক ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারছে না আসন সংখ্যা সীমিত হওয়ার ফলে ফার্স্ট ডিভিশনে পাশ করা ছাত্র-ছাত্রীদেরও দিশেহারা হয়ে ঘুরতে হচ্ছে।

[12-20 — 12-30 P. M.]

ছাত্ররা একটা স্কুল থেকে আরেকটা স্কুলে একটা কলেজ থেকে আরেকটা কলেজে ভর্তির জন্য ঘুরে বেড়াচ্ছে। ভর্তি হতে পারছে না, বঞ্চিত হচ্ছে। স্যার, মফঃস্বলের অবস্থা আরও করুন। সেখানে যারা ভালো ফল করেন তারা শহরে পড়তে এসে এক অসহায় অবস্থার মধ্যে পড়ে। মাননীয় মন্ত্রী মহাশয় আট-টার মতো বিদ্যালয়কে ১১-১২ ক্লাস পড়ানোর সুযোগ দিয়েছেন। কিন্তু তার বেশির ভাগই কলকাতাতে। এছাড়া ২৪ পরগনায় এবং মেদিনীপুরে একটি করে দেওয়া হয়েছে। যে সমস্ত স্কুলগুলো ১১-১২ ক্লাস খোলার জন্য উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ-এর কাছে আবেদন পাঠিয়েছে আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় সেগুলো বিবেচনা করবেন এবং ভর্তির সমস্যার মিমাংসা করবেন। স্যার, এক দিকে যখন ছেলে-মেয়েরা চাকরি পাচ্ছে না তখন আবার অন্য দিকে শিক্ষার জন্য স্কুল-কলেজে যদি ভর্তি হতে না পারে তাহলে ঐ টিন-এজার ছাত্র-ছাত্রীদের মধ্যে একটা হতাশা দেখা দিতে পারে এবং তারা অপরাধ জগতের সাথে যুক্ত হয়ে যেতে পারে। সেই জন্য তাদের লেখা পড়ায় এনগেজ করা খুবই দরকার। এ বিষয়ে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মুরসোলিন মোল্লা ঃ** স্যার, আমার নির্বচনী কেন্দ্র মহেশতলা। এছাড়া বজবজ, গঙ্গারামপুর প্রভৃতি জায়গায় যানবাহন সমস্যার দিকে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওখান দিয়ে যে বাস চলে তাতে অফিস টাইমে যাত্রীরা উঠতে পারে না। সেই জন্য চ্যাটার্জি হাট এবং ডাকঘর অঞ্চল থেকে বেহালা চৌরাস্তা পর্যন্ত সাটেল সার্ভিস চালানোর অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আর্ন্তজাতিক নারী পাচার চক্রর সঙ্গে যুক্ত আসামীরা কি ভাবে থানা-পুলিশের নিষ্ক্রিয়তায় এবং ক্ষেত্র বিশেষে প্রত্যক্ষ সহযোগিতায় নারী পাচারের ব্যবস্থা চালিয়ে যাচ্ছে তার একটা জ্বলন্ত এবং সুনির্দিষ্ট অভিযোগ আপনার সামনে তুলে ধরছি। স্যার, গত ৩রা এপ্রিল ঠাকুরপুকুর থানা এলাকার একজন বিধবার অপরিণীতা কন্যা, বেবী দত্তকে তার মায়ের অনুপস্থিতিতে তাদের বাড়ি থেকে মেটিয়াবুরুজের আব্দুল হালিম মোল্লা চারজন দুস্কৃতিকে সঙ্গে করে এনে তুলে নিয়ে যায়। তিন মাস অতিক্রান্ত হয়ে গেলেও ঠাকুরপুকুর থানা এবং মেটিয়াবুরুজ থানা থেকে কোনও অ্যাকশন নেওয়া হয় নি। তাই স্যার, গত ১৩-ই জুন সারা ভারত মহিলা সাংস্কৃতির কলকাতা শাখার কাছে ঐ বিধবা যান। তখন ঐ সারা ভারত মহিলা সাংস্কৃতি সংগঠনের পক্ষ থেকে দক্ষিণ ২৪ পরগনার অ্যাডিশনাল এস. পি. (ইন্ডাস্ট্রিয়াল)-এর কাছে ডেপুটেশন দেওয়া হয়। তখন তারা আব্দুল হালিম মোল্লাকে গ্রেপ্তার করে ঠাকুরপুকুর থানায় নিয়ে আসে কিন্তু এখনও ঐ মেয়েটির কোনও খোঁজ পাওয়া যায় নি। স্যার, লিগ্যাল সার্ভিস সেন্টারের আইনজীবীরাও এখন ঐ বিধবার পাশে এসে দাঁড়িয়েছেন এবং ঐ কেস যাতে ফাঁস হয়ে যায় তার ব্যবস্থা করা হচ্ছে। আজ নাকি ডিস্ট্রিক্ট জাজের আদালতে মুভ করা হবে। স্যার, তাদের একটা ছবিও আমার কাছে আছে।

**(এই সময় মাননীয় বক্তা উল্লিখিত মা ও মেয়ের একটা ছবি তুলে ধরেন।)**

তাই স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দুস্কৃতিদের ধরে শাস্তিদানের এবং অপহৃতা অপরিণীতা মেয়েটির উদ্ধারের জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রী এবং পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কানোরিয়া জুট মিল বন্ধ। সাড়ে ৪ হাজার শ্রমিক না খেয়ে মারা যাবার মতো অবস্থায় এসেছে এবং অনাহারে তাদের পরিবার মরছে। এক শ্রেণীর মেকি শ্রমিক নেতা সংগ্রাম কমিটির নেতা মালিকের সঙ্গে আঁতাত করে এই মিলটি বন্ধ করে দিয়েছে। শুধু সাড়ে ৪ হাজার শ্রমিকই নয় ওই অঞ্চলের ছোট ছোট ব্যবসায়ী এবং ৮ থেকে ১০ হাজার মানুষ অনাহারে দিন কাটাচ্ছে। এতে পশ্চিমবঙ্গ সরকারের একটা বিরাট দায়িত্ব আছে। এই শ্রমিকরাই এই বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠিত করেছে এবং বার বার তারা এই সরকারকে আনছে। মাননীয় শ্রম মন্ত্রীকে বলুন একটু নড়েচড়ে বসতে, তিনি যেন এই মিলটি খোলার ব্যবস্থা করেন।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রেজারি বেঞ্চ একেবারে ফাঁকা, কোনও মন্ত্রী নেই, তাই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার স্বাস্থ্য কেন্দ্রের বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই ১৯ বছর আগে ১৯৭২-৭৭ সালে যা হয়েছে তার পর এই ১৯ বছরে একটিও নূতন স্বাস্থ্য কেন্দ্র পি. এইচ. সি. ও এস. এইচ. সি. নেই, সদর হাসপাতালে বেড নেই। বর্তমানে বড় চাতুরি পি. এইচ. সি.-তে গত তিন বছর হল সেখানে ওষুধ নেই, ডাক্তার নেই। সমাজ বিরোধী কিছু সি. পি. এম. গুন্ডা, তারা রাতের বেলায় ওখানে সমাজ বিরোধী কাজ করে থাকে। বীরভূম জেলার এই পি. এইচ. সি.গুলি ধ্বংসের মুখে যাচ্ছে। সরকারের দৃষ্টি আকর্ষণ করে কোনও ফল পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাইছি যে আমরা কি শুধু এখানে মেনশন করেই ক্লান্ত হব আর আপনার রুলিং নিয়ে ক্ষান্ত হব। উই ওয়ান্ট সাম জাস্টিজ। আমরা কি শুধু এই ঠান্ডা ঘরে বসেই মেনশন করে যাবো, ফর দ্যাট উই হ্যাভ কাম ইন দি হাউস। আমাদের জনসাধারণ নির্বাচিত করেছে, তাদের উপকারের জন্য আজকে পি. এইচ. সি., এস. এইচ. সি. গুলিতে ডাক্তার পাঠাবার ব্যবস্থা করতে হবে। মানুষ নূতন হেলথ সেন্টার চায় না, তারা আশাও করে না। কিন্তু কংগ্রেস যে গুলি করে গেছে সেগুলি এঁরা ঠিক মতো মেনটেন করুক। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে যেখান থেকে আমি নির্বাচিত হয়েছি সেখানে খটঙ্গা, পতন্ট হেলথ সেন্টার, বড় চাতুরী হেলথ সেন্টার এগুলি মেনশন করছি এবং মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইভা দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র জাঙ্গিপাড়ার একটা অংশ চন্ডীতলা থানার অধীনে আইজ্ঞা, পরশপুর স্বাস্থ্য কেন্দ্রে দীর্ঘ দিন ধরে ডাক্তার নেই, তার ফলে সেখানে জনসাধারণের চিকিৎসার খুবই অসুবিধা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি অবিলম্বে এই অসুবিধা দূর করার ব্যবস্থা করুন।

**শ্রী আকবর আলি খন্দেকার :** উপস্থিত নন।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্কুল মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৭ সাল থেকে এই রাজ্যে এই শিক্ষকরা আন্দোলন করে আসছে।

[12-30 — 12-40 P. M.]

সেই আন্দোলনের ভয়ে ভীত হয়ে রাজ্য সরকার মাঝে রুল ৩(ডি) চালু করে সংগঠিত শিক্ষকদের নিয়োগ না করার ব্যবস্থা করেন। কিন্তু সম্প্রতি হাইকোর্ট রায় দিয়ে ঐ রুল ৩(ডি) বাতিল করে দিয়েছেন এবং বলেছেন, — এ রাজ্যে সংগঠিত শিক্ষকদের অনতিবিলম্বে নিয়োগ করতে হবে এবং যেদিন থেকে তাঁদের পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলি তাঁদের হাত থেকে কেড়ে নেওয়া হয়েছে সেদিন থেকে তাঁদের এফেক্ট দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

একদিন এ রাজ্যে যেসব শিক্ষিত বেকার যুবকরা নিজ উদ্যোগে বিদ্যালয় গড়েছিল — নিজেদের পয়সা খরচ করে, নিজেদের শ্রম দিয়ে বিনা বেতনে রাজ্যের বিভিন্ন গ্রামে ছোট ছোট ছেলে-মেয়েদের শিক্ষা দিয়েছিল তাদের পক্ষে আজকে হাইকোর্ট রায় দিয়েছেন। সুতরাং আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যালয় শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি হাইকোর্টের রায় মেনে নিয়ে তিনি তাকে কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করুন। কার্যকর করার ক্ষেত্রে যাতে কোনও প্রতিবন্ধকতার সৃষ্টি না হয় তাও তিনি লক্ষ্য করুন। আমি আপনার মাধ্যমে দাবি করছি, সংগঠক শিক্ষকদের নিয়োগ করার প্রসঙ্গে হাইকোর্ট যে রায় দিয়েছেন তা মেনে নিয়ে অনতিবিলম্বে পশ্চিমবঙ্গে সংগঠিত প্রাথমিক শিক্ষকদের নিয়োগ করা হোক। হাইকোর্টের রায়কে মান্য করা হোক।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ রাজ্যের মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরপাড়ার রাজা প্যারীমোহন কলেজ হুগলি জেলা তথা আমাদের রাজ্যের একটা ঐতিহ্যপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান। এটি ১১০ বছরের পুরনো কলেজ। কিন্তু এই কলেজটির পুরনো বিল্ডিংটি অত্যন্ত খারাপ অবস্থায় চলে গেছে। এমন অবস্থা হয়েছে, ছাত্র-ছাত্রী, শিক্ষা-কর্মী, অধ্যাপকদের মাথার ওপর জানলা ভেঙ্গে পড়ছে। এই কলেজটির ১১০ বছর বয়স হওয়া সত্ত্বেও ইউ. জি. সি.-র বা অন্য কোনও ক্ষেত্রের সরকারি বিল্ডিং গ্রান্ট পায় না। নন-রেকারিং ক্যাপিটল গ্রান্ট বা অন্য কোনও খাত থেকে কোনও গ্রান্ট অবিলম্বে উত্তরপাড়া প্যারীমোহন কলেজ ভবন সংস্কারের জন্য যাতে দেওয়া হয় তার জন্য আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি। সাথে সাথে আমি আরও বলছি যে, এই কলেজে বোটানি এবং ইংলিশে অনার্স কোর্স চালু করার জন্য ইনস্পেকশন হয়ে গেছে এবং ভাল রিপোর্টও পাওয়া গেছে, কিন্তু আজ পর্যন্ত ইংলিশ এবং বোটানি, এই দুটো সাবজেক্টে অনার্স কোর্স চালু করা হয় নি। ওখানে এই দুটো সাবজেক্টে অনার্স কোর্স চালু করার জন্যও আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মাজেদ আলি ঃ** (অনুপস্থিত।)

**শ্রী ভদ্রেশ্বর মন্ডল ঃ** (অনুপস্থিত।)

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পিংলা বিধানসভা কেন্দ্রের একটা জায়গার নাম হচ্ছে জামনা, সেই জামনা থেকে বারবাটিয়া হয়ে খড়গপুর এবং বীনপুর যাওয়ার রাস্তায় সারা দিনে মাত্র দুটো বাস চলাচল করে। সকালে দুটো বাস যায়, আবার বিকেলে দুটো বাস ফিরে আসে। এ ছাড়া ঐ রাস্তায় আর কোনও সরকারি যানবাহনের ব্যবস্থা নেই। আর দু একটা ট্রেকার চলাচল করে, কিন্তু তার ভাড়া এত বেশি যে ঐ অঞ্চলের গরিব মানুষদের তাতে করে যাতায়াত করা সম্ভব হয় না। এই অবস্থায় পিংলা, সবং, খড়গপুর গ্রামীণ এলাকার সাধারণ মানুষদের প্রতিদিন যোগাযোগের ক্ষেত্রে প্রচন্ড অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। তাই

আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি, জামনা-খড়গপুর ভায়া বারবাটিয়া রাস্তায় বাস বাড়াবার ব্যবস্থা করুন। ২টি বাসের জায়গায় আরও ২টি বাস অন্তত ৪টি বাস যাতে চলাচল করে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। এর ফলে জনসাধারণের দীর্ঘ দিনের যে সমস্যা সেই সমস্যার সমাধান হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, গোটা কলকাতা শহরে সরকারি অনুমোদিত প্রাথমিক স্কুলগুলি উঠে যাবার দাখিল হয়েছে। শুধুমাত্র দক্ষিণ কলকাতার ৩২টি জি. এস. এফ. পি. স্কুল গভর্নমেন্ট সাংশন্ড পেলেও প্রাইমারি স্কুলের দরজা বন্ধ হয়ে গেছে। সেইসব স্কুলে ছাত্র-ছাত্রীরা আসছে না। স্কুলের যারা শিক্ষক-শিক্ষিকা তাঁরা আসছেন, কোনও রকম দায় সারা গোছের সই করছেন এবং বাড়ি চলে যাচ্ছেন। এতগুলি প্রাথমিক স্কুল বন্ধ হয়ে গেছে। এইসব অঞ্চলে শিক্ষার গোটা ব্যবস্থাটা ভেঙ্গে পড়েছে। এর কারণ, প্রাথমিক স্কুলগুলিতে ইংরাজি পড়ানো বন্ধ হয়ে গেছে। নামে মাত্র স্কুলগুলি আছে। অভিভাবক-অভিভাবিকারা তাদের ছেলে-মেয়েদের এইসব সরকারি স্কুলে পাঠানোর প্রয়োজন মনে করেছেন না। ফলে পঠন-পাঠন বন্ধ হয়ে গেছে ছাত্র-ছাত্রীদের অভাবে। এমন কি একজন দরিদ্র রিক্সাওলা তার ছেলেকে আগামী দিনে আরও বড় করার উদ্দেশ্যে, আরও শিক্ষিত করার উদ্দেশ্যে পাশের ইংরাজি স্কুলে প্রাণপাত পরিশ্রম করে বেশি পয়সা খরচ করেও পাঠাচ্ছে। অথচ যেখানে বিনা পয়সায় এইসব সরকারি স্কুলে পড়ানো হয়, বিনা পয়সায় বই দেওয়া হয়। এদিকে সরকার অনমনীয় মনোভাব নিয়ে বসে আছে। প্রাথমিক স্তরে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ শ্রেণীতে ইংরাজি পড়াবেন না। এর ফলে এই সমস্ত অভিভাবকরা তাদের ছেলে-মেয়েদের সরকারি অনুমোদিত স্কুলে না পাঠানোর ফলে গোটা প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ধ্বংসের মুখোমুখি। এ ব্যাপারে আমরা সরকারের কাছে বারে বারে বলেছি যে শিক্ষা পদ্ধতি এবং শিক্ষা নীতির পরিবর্তন করুন, তা না হলে স্কুলগুলি চালাতে পারবেন না। ২তলা আছে, ৩তলা স্কুল বাড়ি আছে, সমস্ত রকমের ইনফ্রাস্ট্রাকচার আছে, কিন্তু ছাত্র-ছাত্রীরা না থাকার ফলে স্কুলগুলি প্রায় বন্ধ হয়ে আছে। এর ফলে ঐ সব স্কুলে ভবঘুরেদের আড্ডাস্থল হয়েছে, সমাজ বিরোধীদের আড্ডার স্থান হয়ে গেছে। ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও পড়াশুনা হচ্ছে না।

**(এই সময়ে মিঃ ডেপুটি স্পিকার পরবর্তী সদস্যকে ডাকায় মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী মহঃ ইয়াকুব :** অনারেবল ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, বাঁকুড়া থেকে শিক্ষা দপ্তরের একজন হেড ক্লার্ককে ট্রান্সফার করা হয় দার্জিলিং জেলায় মাস এডুকেশন ডিপার্টমেন্টের জন্য। কিন্তু ১০-৬-৯৬ তারিখে দার্জিলিং জেলায় তিনি মাস এডুকেশন ডিপার্টমেন্টে জয়েন করতে গেলে তাকে জয়েন করতে দেওয়া হয় না। সেখানে হিল কাউন্সিলের পক্ষ থেকে বলা হয়, এখানে শুধু পাহাড়ী এলাকার মানুষ বিভিন্ন অফিসে কাজ করবে, বাইরের

কোনও কর্মচারীকে এখানকার সরকারি দপ্তরে জয়েন করতে দেওয়া হবে না। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। সেইজন্য আমি আপনার মাধ্যমে পার্বত্য বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে যে সব সরকারি কর্মচারীকে ট্রান্সফার করে দার্জিলিং-এ পাঠানো হচ্ছে বিভিন্ন ডিপার্টমেন্টে জয়েন করার জন্য, সেখানে তাদেরকে জয়েন করতে দিচ্ছেন না। এই অবস্থা চলতে থাকলে বিরোধ বাড়তে পারে এবং মারাত্মক আকার ধারণ করতে পারে। সেইজন্য আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য।

[12-40 — 12-50 P. M.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রী এবং পূর্ত মন্ত্রীর একটি জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার ভরতপুর বিধানসভা কেন্দ্রে কয়েকটি হাসপাতালের জন্য স্পেশাল রিপেয়ারিং গ্রান্ট স্যাংশন হয়। হাসপাতালগুলির নাম, সালার, ভরতপুর, টিয়া, কাদ্রাস, আসনাই। প্রতি হাসপাতালে প্রায় পাঁচ লক্ষ, চার লক্ষ এবং ২.৫ লক্ষ করে টাকা স্যাংশন হয়। পি. ডব্লিউ. ডি. কনস্ট্রাকশন বিভাগের দ্বারা কন্ট্রাক্টার নিয়োগ করা হয় এবং সেই সব কন্ট্রাক্টার মেরামতির কাজ করে। মেরামতির কাজ শেষ হবার পরে এখন বর্ষার সময় দেখা যাচ্ছে ঐ হাসপাতালগুলোর ছাদ দিয়ে জল পড়ছে। কোনও ঘর ফেটে গিয়েছে। সুতরাং আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী ও পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই বিষয়গুলি সরেজমিনে তদন্ত করে বিশেষ ব্যবস্থা গ্রহণ করার জন্য।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর কাঁথি বিধানসভা কেন্দ্রে উড়িষ্যা কোস্ট ক্যানেল এর উপর ধানদালীবাড়-মশাগাঁ সংযোগ স্থলে গঙ্গামেলা মোড়ে কাঠের পুলের জন্য সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। ক্যানেলের পশ্চিম পার্শ্বে একটি হাই স্কুল আছে। ঐ স্কুলে ক্যানেলের পূর্ব পাশ থেকে যে সব ছেলে-মেয়েরা পড়তে আসে, তাদের খুব বিপদের মধ্যে দিয়ে ক্যানেল পেরোতে হয়। কখনও নৌকায়, কখনও দুর্বল কিংবা অত্যন্ত বিপদজনক বাঁধা বাঁশের উপর দিয়ে তাদের ক্যানেল পার হতে হয়, কিংবা স্কুল ছুটির পর বাড়ি ফিরতে হয়। আবার ক্যানেলের অপর পাশে কয়েক হাজার মানুষ কাঁথি শহরে যেতে ঐ একমাত্র পথই হচ্ছে তাদের রাস্তা। রোগী নিয়েও খুব বিপদের মধ্যে শহরে বা হাসপাতালে যেতে হয়। কাঠের পুলটি তৈরি করে এলাকার মানুষের যোগাযোগ ব্যবস্থা সুদৃঢ় করে দেওয়ার জন্য দাবি রাখছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মানিকতলা কেন্দ্রের গুরুদাস কলেজের একটি শাখা কমার্স কলেজ মুরারী পুকুর রোডে তৈরি হবে বলে প্রাক্তন পরিবহন মন্ত্রী দুবার ভোটের আগে শিলান্যাস করেছেন, এবারে শিলান্যাস করেছেন মুখ্যমন্ত্রী। সেই কলেজের শিলান্যাস তিনবার হবার পরে আজকে দেখছি সেই জায়গায় কোনও

ইট পড়ে নি। কমার্স কলেজ হবার কোনও চিহ্ন দেখছি না। সেই জন্য আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ কলেজটি যথা শীঘ্র সম্ভব স্থাপন করা হয়। ওখানে কংগ্রেস জিতেছে বলে যেন ঐ কলেজটি বন্ধ না করে দেওয়া হয়।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর কাছে একটি প্রামান্য নথী পেশ করতে চাই। জনগণের বিশ্বাসকে ওরা বিষে পরিণত করেছে। পদিমা এক নং গ্রাম পঞ্চায়েত — ওখানে ৩৫ হাজার ৮৮ টাকা ৫০ পয়সার একটি স্কীম, তার মধ্যে ১৮ হাজার ৭৯৯ টাকা ২০ পয়সা ওখানে তছরূপ হয়ে গেছে। ঐ পঞ্চায়েতে আরও চারটি স্কীম আছে, তাতে ২০ হাজার ৩৬০ টাকা ধরা হয়েছিল। ২৪/৬/৯৬ তারিখে ওখানে এনকোয়ারি হয়েছিল। কিন্তু ঐ স্কীমগুলো রূপায়ণ করা হয়েছে বলা হয়েছে। কিন্তু তা হয় নি। ১৪/৬/৯৬ তারিখে ডি. পি. ও. বি. ডি. ও.-কে নির্দেশ দেন এই সম্পর্কে এনকোয়ারি করার জন্য। বি. ডি. ও. এবং সভাপতি ১৭/৬/৯৬ তারিখে প্রধানকে নির্দেশ দেন সমস্ত কাজ বন্ধ রাখতে। কিন্তু কাজ বন্ধ রাখা হয় নি। তা সত্ত্বেও কাজগুলো করে যায়। এই বিষয়টি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র নদীয়া জেলার হাঁসখালির বাদকুল্লাতে যে জল সরবরাহ প্রকল্পটি আছে তার জোন টু-তে দীর্ঘ দিন ধরে জল সরবরাহ বন্ধ হয়ে আছে। স্থানীয় সি. পি. এম. প্রধান সেই জায়গায় জল ছাড়তে দিচ্ছেন না। এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ এবং ব্যবস্থা অবলম্বনের দাবি জানাচ্ছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার শালতোড়ার তিলুড়ি পূর্বাঞ্চল সমবায় সমিতির ম্যানেজার কংগ্রেস দলের। দীর্ঘ দিন ধরে ঐ এলাকার মানুষদের রেশন থেকে তিনি বঞ্চিত করছেন। ঐ সমবায় সমিতিটি বন্ধ করে ঐ ম্যানেজারের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা নেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রামপুরহাট বিধানসভা কেন্দ্রের রামপুরহাট এক নং ব্লকের ৯টি অঞ্চলের মধ্যে ৬টি অঞ্চল সেচ সেবিত এলাকার মধ্যে পড়ছে এবং বাকি তিনটি অঞ্চল দীর্ঘ দিন ধরে অসেচ এলাকার মধ্যে রয়েছে। এ ব্যাপারে জেলা পরিষদের মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরকে বলার পর এখনও কোনও কাজ শুরু হয় নি। স্যার, আপনার মাধ্যমে তাই ক্ষুদ্র সেচ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ জানাচ্ছি যে, অবিলম্বে রামপুরহাট এক নং ব্লকের ঐ তিনটি অঞ্চলকে সেচ সেবিত এলাকা করার জন্য ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ২রা জুলাই, আজ নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে মানুষের ঢল নেমেছে। কংগ্রেস যে বন্ধ ডেকেছে তার বিরুদ্ধে আজকে সমাবেশ হচ্ছে। মানুষের ঢল দেখে এরা অর্থাৎ কংগ্রেসিরা বিধানসভা বয়কট তুলে আজকে সভায় এসেছে। ৫ তারিখে কংগ্রেস দল যে অবৈধ বন্ধ ডেকেছে পশ্চিমবঙ্গের মানুষ তার প্রতিবাদ জানাচ্ছেন।

**শ্রী দিবাকান্ত রাউত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে অর্থাৎ বলাগড়ে প্রতি বছর প্রায় ১১ শত হেক্টর জমিতে আলুর চাষ হয়ে থাকে কিন্তু এখানে কোনও হিমঘর নেই। সেখানকার চাষীরা তাদের উৎপাদিত আলু হুগলি জেলা এবং বর্ধমান জেলার বিভিন্ন হিমঘরে সংরক্ষণ করে থাকেন। কিন্তু এবারে আলু সংরক্ষণ করতে গেলে ঐ হিমঘরগুলির মালিকদের এক অংশ চাষীদের সঙ্গে খারাপ ব্যবহার করছেন। সেখানে পঞ্চায়েত প্রধান, সভাপতির নির্দেশ তারা উপেক্ষা করছেন। অবিলম্বে একটি হিমঘর বলাগড়ে স্থাপন করার জন্য আমি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50 — 1-00 P. M.]

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আমার কেন্দ্র হরিহর পাড়া থেকে দুই থানা স্টেট বাস চলে — একটা সি. এস. টি. সি. আর একটা এন. বি. এস. টি. সি.। বিগত ২।।, ৩ বছর হল সেটা বন্ধ হয়ে আছে। আমি ইতিপূর্বে এই বিষয়ে মন্ত্রী মহাশয়কে জানিয়েছি। এবারেও লিখিত ভাবে বলেছি আবার আপনার মাধ্যমে তার দৃষ্টি আকর্ষণ করছি যাতে বাস দুখানি চালু করা হয়। প্রত্যন্ত এলাকা থেকে কলকাতার সঙ্গে যোগাযোগ করার মতো আর কোনও বিকল্প ব্যবস্থা নেই। রেলের ব্যবস্থাও সেখানে নেই। কাজেই অবিলম্বে ঐ বাস দুখানা চালু করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেচ মন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ১৩ তারিখে আমি এই বিধান সভায় দাঁড়িয়ে পদ্মার ভাঙ্গনের ব্যাপারে বলেছি। আজকে পদ্মার জল বাড়ার সঙ্গে সঙ্গে শিবনগর, আলয়পুনর, চর গোপালপুর হইতে চর কুঠিবাড়ি পর্যন্ত প্রায় ১০ কিলো মিটার এলাকা পদ্মার বিধ্বংসী ভাঙ্গনে চলে যাচ্ছে। এর ফলে সেখানকার কয়েক শত মানুষ গৃহহারা হয়েছে, কয়েক শত বাড়িও পদ্মার ভাঙ্গনে চলে যাবার উপক্রম হয়েছে। এর ফলে সেখানকার মানুষের দুঃখ দুর্দশার সীমা নেই। ইতিমধ্যে বৃষ্টি পড়ার সঙ্গে সঙ্গে সেটা আরও বেড়ে যাবে। এই রকম একটা অবস্থায় রাজ্য সরকার চুপচাপ রয়েছে। রাজ্য সরকার থেকে পদ্মার ভাঙ্গন প্রতিরোধ করার জন্য ব্যবস্থা নিচ্ছেন না। কাজেই অবিলম্বে এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হোক এবং তাদের পুর্নবাসন এবং ক্ষতিপূরণের ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আনন্দ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর, মগরাহাট, ডায়মন্ডহারবার, সাগর, পাথর প্রতিম, নামখানা এলাকার মানুষের কলকাতার সাথে যোগাযোগের ব্যবস্থা উন্নত করার জন্য অবিলম্বে জুলপিয়া হইতে চাকদহ রাস্তা তৈরি করার দাবি জানাচ্ছি। এছাড়া কুমোরহাট, ঘটুর মোড়, বারুইপুর, ভায়া কল্যাণপুর এবং পৈলান নেপাল গঞ্জের রাস্তা দ্রুত সংস্কারের দাবি জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর আগে আমি প্রশ্নোত্তরের সময়ে বলেছিলাম যে ওয়াকফ প্রপার্টি কেলেঙ্কারি সি. বি. আই.-কে ইনকোয়ারি করার জন্য দেওয়া হোক। কিন্তু সরকার পক্ষ থেকে সেটা সরাসরি নাকচ করে দেওয়া হয়েছে। আমি এখনও মনে করি যে, এই ১৬০টি সম্পত্তি যা হস্তান্তরিত হয়েছে তার মার্কেট ভ্যালু হচ্ছে প্রায় ১ হাজার থেকে ১।। হাজার কোটি টাকা। একমাত্র সি. বি. আই. ইনকোয়ারি করলে এই সমস্ত ঘটনা কে রিভিল করতে পারে যে এর মধ্যে কি পরিমাণ দুর্নীতি রয়েছে, কারা এর সঙ্গে যুক্ত আছে ইত্যাদি সমস্ত কিছু। তাই আমি আবার দাবি করছি যে সি. বি. আই.-কে দিয়ে ইনকোয়ারি করা হোক। রাজ্য সরকার এগিয়ে এসে এই ব্যাপারে মানুষের সন্দেহ দূর করুন।

**শ্রী চিত্তরঞ্জন মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের দাসপুরে বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে যে সমস্ত ব্যবস্থা আছে সেগুলি যথেষ্ট নয়, অপ্রতুলতা আছে। তাছাড়া যে সব স্বাস্থ্য কেন্দ্র আছে সেখানে বিভিন্ন সমস্যা আছে সেগুলি সমাধান করা একান্ত প্রয়োজন। আমরা দেখেছি যে এক নম্বর ব্লকের যে বি. এইচ. সি. আছে, সেখানে একটা এক্স-রে মেশিন বসেছে। কিন্তু তার কোনও অপারেটর নেই। ফলে এক্স-রে মেশিনে কোনও কাজ হচ্ছে না। কাজেই এই বিষয়টি দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী আঙ্কুরা সারেস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বচনী এলাকা কাঁকশায় একটি ব্রিজ আছে। সেই ব্রিজটি ভেঙ্গে গেছে। তার ফলে সেখানে গরু মানুষ পারাপারে অসুবিধা হচ্ছে। সেদিন একজন যুবক ঐ ভাঙ্গা ব্রিজ দিয়ে সাইকেল নিয়ে পার হতে গিয়ে নিচে পড়ে গিয়ে তার মৃত্যু হয়েছে। এরকম সব ঘটনা সেখানে ঘটেছে। তাই ঐ ব্রিজটি যাতে সত্বর মেরামত করা হয় তার জন্য অনুরোধ রাখছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল শ্রী সুব্রত মুখার্জি, শ্রী অশোক দেব এবং আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম নিউ সেন্ট্রাল জুট মিলের দুরবস্থার কথা জানিয়ে কিছু টাকার দাবি জানাতে। দেখলাম, মুখ্যমন্ত্রী বিষয়টা সম্পর্কে সচেতন, তিনি জানেন ব্যাপারটা। ভারতবর্ষের মধ্যে ওটাই একমাত্র কো-অপারেটিভ জুট মিল। মিলটিতে ৮ হাজার মানুষ কাজ করেন। মুখ্যমন্ত্রীর ঘরে সে সময় শ্রী সুজিত পোদ্দারও উপস্থিত

ছিলেন। আলোচনার পর মুখ্যমন্ত্রী শ্রী পোদ্দারকে বলেছিলেন মিলটা যাতে বন্ধ না হয় সেটা দেখতে। সেখানে তিনি ১ কোটি টাকা দেবার কথা বলেছিলেন এবং সেটা দিয়েছেনও। তা সত্ত্বেও আজ সকাল ৪টার সময় পুলিশ বাহিনী নিয়ে গিয়ে মিলটা লক আউট করে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি যাতে সেটা বন্ধ না হয়।

**শ্রীমতী শকুন্তলা পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মারফৎ আমি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলপি বিধানসভা এলাকায় প্রতি বছর যেভাবে নদী বাঁধ ভাঙ্গছে, যদি অবিলম্বে ব্যবস্থা না নেওয়া হয় তাহলে সেটা ভয়াবহ রূপ নেবে। ইতিমধ্যে হরিনারায়ণপুর, হারা মুকুন্দপুর, রায়তলা ইত্যাদি জায়গার নদী বাঁধগুলি ভেঙ্গে গেছে। যদিও সেখানে কিছু টাকার কাজ হচ্ছে, কিন্তু সেই টাকা দিয়ে নদী বাঁধগুলির মেরামত সম্ভব নয়। যাতে ভাঙ্গন রোধ করা সম্ভব হয় তার জন্য ব্যবস্থা নিতে আমি অনুরোধ করছি। এছাড়া ট্যাংড়া চরে যে কয়েকটি ভেড়ি হয়েছে তার মধ্যে শিকারী ভেড়িটি ইতিমধ্যে ভেঙ্গে গেছে। নদী বাঁধ মেরামত না করলে বাকি ভেড়িগুলিও ভেঙ্গে যাবে। তাই এক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকার একটি জ্বলন্ত সমস্যার প্রতি প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেখা যাচ্ছে যে, মেয়েরা ক্রমাগত ভাবে বিদ্যালয়ে এসে ভীড় করছে। আমার এলাকায় ৩টি জুনিয়র হাই এবং ২টি ক্লাশ টেন মানের স্কুল রয়েছে। ঐ তিনটি জুনিয়র হাইস্কুলকে মেয়েদের জন্য আলাদা স্কুলসহ হাইস্কুলে উন্নীত করবার দাবি করছি। আমার এলাকার একটি স্কুলে ক্লাশ ফাইভে ৪০০ ছাত্র অ্যাডমিশন টেস্ট দিয়েছিল, কিন্তু তাদের মধ্যে ২০০-র বেশি ছাত্রকে নেওয়া যায় নি। তার জন্য পর্যায়ক্রমে স্কুলগুলিকে হাইস্কুলে উন্নীত করবার দাবি করছি।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখানে সমাজ বিরোধী কার্যকলাপের ব্যাপারে আগেও উল্লেখ করেছি। কিন্তু গত ২৯শে জুন বি. জে. পি.-র সমাজ বিরোধী বলে যারা সেখানে পরিচিত তারা আমাদের এক যুবকের চোখ উপড়ে নিয়েছে এবং তাকে নৃশংস ভাবে হত্যা করার চেষ্টা করেছে। ঐ ঘটনায় যুবকটি প্রচন্ড ভাবে আহত হয়ে বর্তমানে পি. জি. হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছে। আমার এলাকায় সমাজ বিরোধী কার্যকলাপ যারা করে তাদের আস্তানা হল লিলুয়ার রেলওয়ে স্ক্র্যাপ অকশন ইয়ার্ড এবং তারা বি. জে. পি. এবং কংগ্রেসের সমাজ বিরোধী বলে পরিচিত। এভাবে কংগ্রেস প্রতিদিন আমাদের উপর আক্রমণ করছে, আবার এখানে তারা বলছেন যে, রাজ্যে সন্ত্রাস হচ্ছে! কিছু দিন পূর্বেই আমার এলাকায় আমাদের এক মিউনিসিপ্যাল কমিশনার সামিম খান খুন হয়েছেন। এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আমি স্বারাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি এবং তার পাশাপাশি লিলুয়া থেকে রেলওয়ে স্ক্র্যাপ অকশ্যান ইয়ার্ডটি সরিয়ে দেবার দাবি জানাচ্ছি।

[1-00 — 1-10 P. M.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আপনি জানেন যে, নির্বাচনের পরবর্তী সময় থেকে সারা পশ্চিমবাংলা জুড়ে সি. পি. এম.-এর যে সন্ত্রাস চলছে তার বিরুদ্ধে কংগ্রেস আন্দোলন শুরু করেছে। গত ১০ দিন ধরে মমতা ব্যানার্জি আলিপুরে ধর্ণা দিচ্ছেন। ৫ই জুলাই প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে বাংলা বন্ধের ডাক দেওয়া হয়েছে। কিন্তু আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি যে, আজকে আমরা কেন আন্দোলন করছি, না আমাদের ৩০ জন কংগ্রেস কর্মী খুন হয়েছে। দুশোর বেশি কর্মী ঘর ছাড়া হয়ে রয়েছে। এইসব নিয়ে প্রশাসনিক কোনও ব্যবস্থা না নিয়ে সি. পি. এম. নেমে গিয়েছে। এই যে বাংলা বন্ধের ডাক দেওয়া হয়েছে, এটাকে বানচাল করতে এস. এস. কে. এম. হসপিটাল থেকে শৈলেন দাশগুপ্ত পার্টি আফিসে গিয়ে প্রেস কনফারেন্স করে বলছেন যে, ঐ দিন সি. পি. এম.-এর ক্যাডাররা রাস্তায় থাকবে। সুভাষ চক্রবর্তী বিবৃতি দিয়ে বলেছেন যে, লোক না থাকলেও বাস চলবে। আমি বলতে চাই, কংগ্রেস কর্মীরা কোনও রকম প্ররোচনায় পা দেবে না। এর পরেও যদি কোনও হিংসাত্মক ঘটনা ঘটে তাহলে তার সমস্ত দায়িত্ব বামফ্রন্টের থাকবে। ওদের বাধা সত্ত্বেও বাংলা বন্‌ধ সফল হবে, এটা আমরা মনে করি।

**শ্রী বিজয় বাগদি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজনগরে কৃষি ভিত্তিক একটি শিশল ফার্ম আছে। তার অবস্থা খুবই করুন। সেখানে ৩-৪শত শ্রমিক কাজ করেন। তাঁরা সকলে কর্মহীন হয়ে পড়ছেন। ফার্মটির যেখানে শিশল শন থেকে দড়ি তৈরি করা হয়, সেই শেডটি ভেঙ্গে পড়েছে। সেখানে বিদ্যুৎ পৌঁছেছে, মোটর আছে। কিন্তু এখনও পর্যন্ত আধুনীকীকরণ করা হয় নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ফার্মটি আধুনিকীকরণের ব্যবস্থা গ্রহণ করেন। ফার্মটিতে ৩-৪শত কর্মী কাজ করেন। তাঁরা যাতে কর্মচ্যুত না হয়ে পড়েন তা যেন তিনি দেখেন।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলা একটা ভাঙ্গনের সম্মুখীন, এর একদিকে পদ্মার ভাঙ্গন, অপর দিকে হচ্ছে ভাগীরথীর ভাঙ্গন। আমার কনস্টিটিউয়েন্সি সাগরদীঘিতে কয়েক বছরের মধ্যে কাবিলপুর, দিয়ার বালাগাছি, দস্তুরহাট এই সমস্ত জায়গায় নদী খুব কাছাকাছি এসে গিয়েছে। কাবিলপুরে গ্রাম পঞ্চায়েত অফিসটি থেকে নদী মাত্র ৫০ মিটার দূরত্বে এসে গিয়েছে। ওখানে ৮০টি পরিবার বাস্তুচ্যুত হয়েছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাই যে, ভাগীরথী নদীতে যাতে ভাঙ্গন না হয় তার জন্য তিনি যেন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী কার্তিক বাগ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আউস গ্রামে জঙ্গল মহল এলাকা তপশিল জাতি এবং তপশিল উপজাতি অধ্যুষিত এলাকা। এখানে সরকারের একটি নূতন হাসপাতাল তৈরি করার

পরিকল্পনা আছে। সেটি যাতে তাড়াতাড়ি করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া, গুসকরা এবং বন-নবগ্রামে দুটি যে হাসপাতাল আছে, সেখানে কোনও ডাক্তার বাবু থাকেন না। ওখানে ডাক্তার যাতে থাকেন তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এছাড়া বিল্লগ্রাম, যেটি ২৫ হাজার জনসংখ্যা বিশিষ্ট এলাকা, সেখানে কোনও সরকারি বা বে-সরকারি ডাক্তার নেই। এই সমস্ত অঞ্চলে যাতে অন্তত একজন করে ডাক্তার থাকেন তার ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। গোটা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে মানুষের চেতনা বৃদ্ধি পেয়েছে। প্রতিটি অঞ্চলে যদি একজন করে ডাক্তার থাকেন তাহলে মানুষ ভুল চিকিৎসা বা বিনা চিকিৎসায় মারা যাবে না। সেজন্য প্রতিটি অঞ্চলে একজন করে ডাক্তার যাতে থাকেন সেই দিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, জেলা আদালতগুলির অবস্থা বড়ই করুণ। আপনি জানেন যে, প্রতিদিন আদালতে শয়ে শয়ে মানুষ আসেন অভিযুক্ত হয়ে। কিন্তু আদালত প্রাঙ্গনে তাঁদের বসবার বা দাঁড়াবার জায়গা নেই। তাঁদের এখানে সেখানে ঘোরাফেরা করে বেড়াতে হয়। আবার আদালত কক্ষগুলিরও একই অবস্থা। এক সঙ্গে অনেক আসামীকে তিন ফুট বাই ছয় ফুট কাঠগড়ায় ঢুকিয়ে দেওয়া হয়। দম বন্ধ অবস্থা হয়, বিশেষ করে বাঁকুড়া উষ্ণ প্রধান এলাকায় অসহ্য অবস্থার মধ্যে কাটাতে হয়। সেই কারণে বিচার বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ যে, এই সমস্ত আসামীদের জন্য একটা প্রতিক্ষালয় করা হোক এবং আদালত কক্ষগুলো শীততাপ নিয়ন্ত্রিত করা হোক।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, আসানসোল কলকাতার পরেই বৃহত্তর শিল্পাঞ্চল হিসাবে গণ্য হয়। এবারও পশ্চিমবঙ্গ সরকার এখান থেকে ৬১০ কোটি টাকার মতো সেস বাবদ পেয়েছেন। সেই আসানসোলে তিন দিন আগে বিদ্যুৎ বিপর্যয়ের ফলে আসানসোল পশ্চিমাঞ্চল ৩০ থেকে ৪৮ ঘন্টা বিদ্যুৎ ছিল না। এর ফলে সমস্ত বিদ্যুৎ ব্যবস্থা ভেঙ্গে পড়েছিল। ট্রান্সফরমার বিকল হয়ে পড়ল। পরে ট্রান্সফর্মার রিপ্লেস করা হল কিন্তু ১২ ঘন্টা পরে সেটাও বিকল হয়ে গেল। গতকাল আবার চালু অবস্থায় ফিরে আসে। সেই কারণে আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর এই ব্যাপারে ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানসিক ভারসাম্যহীন এক রোগী, সিরাজুদ্দিন ঢালী, যার নং হচ্ছে ১১।৮২, ক্যানিং থানার অন্তর্গত, তাকে ১৯৮২ সালে দমদম সেন্ট্রাল জেলে ভর্তি করা হয়েছিল। তারপরে সেখান থেকে ১৯৯৩ সালে লুম্বিনি পার্ক মানসিক হাসপাতালে ভর্তি করা হল, আবার ১৯৯৪ সালে কলকাতা ন্যাশান্যাল মেডিক্যাল কলেজে ভর্তি করল, আর ১৯৯৫ সালে তাঁকে তার বাড়ির লোকেরা গিয়ে খুঁজে পাচ্ছে না। কোথায় কি অবস্থায় আছে এই খবর কেউ দিতে পারছে না। হাসপাতাল বা জেল কর্তৃপক্ষ কেউ খবর দিতে পারছেন না। অথচ ওই রোগীকে আলিপুরের এ. ডি. এম. (জুডিশিয়াল)

ভর্তি করেছিলেন। এখন তার বাড়ির লোকেরা এবং তার স্ত্রী হাসপাতাল এবং জেল সব জায়গায় খুঁজছেন কোথাও খবর পাচ্ছেন না। জেল জানিয়ে দিয়েছে এই নম্বরের কোনও রোগী ভর্তি হয় নি। দ্বিতীয়ত লুম্বিনি পার্ক মানসিক হাসপাতাল তারাও কোন খবর দিতে পারে নি। তাহলে এই রোগীকে খুঁজে বার করার দায়িত্ব কাদের সেটাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী তথা জেল মন্ত্রীর কাছে জানতে চাইছি।

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটের মহিনগরে ১৩০ কে. ভি.-র সাব স্টেশান তৈরি করার কথা হয়েছিল কিন্তু শেষ অবধি কাজ হয় নি, বন্ধ হয়ে গেছে। সেইজন্য আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, দক্ষিণ দিনাজপুর জেলাকে বৈদ্যুতিকরণ করতে হলে পরে ওখানে ১৩০ কে. ভি.-র সাব স্টেশন করা খুবই জরুরি, তার যাতে ব্যবস্থা হয় সেই অনুরোধ আমি রাখছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা কোনও নূতন খবর নয়, তবুও বলছি যে, যখন মেনশন কেস আরম্ভ হয় তখন দেখা যায় যে দু চার জন মন্ত্রী ছাড়া কাউকে দেখা যায় না। বারে বারে বলা সত্ত্বেও কিছু হয় নি। এতগুলো লোক মেনশন করছেন কে শুনবে তাদের কথা? এই ব্যাপারে স্পিকার এবং ডেপুটি স্পিকার মন্ত্রীদের বলা সত্ত্বেও কিছু হয় নি। তারা কর্তব্যের মধ্যেই বিষয়টা আনেন না। যদিও বা দু চার জন মন্ত্রী থাকেন তাদের শোনবার মতো ধৈর্যও থাকে না। সেই কারণে আমি আপনার মাধ্যমে এইটুকু বলতে চাই যে, মেনশন কেসের সময়ে মন্ত্রীরা যদি উপস্থিত না থাকেন অর্থাৎ অন্তত দশ বারো জন মন্ত্রী যদি উপস্থিত না থাকেন তাহলে আমাদের পক্ষ থেকে মেনশন আর করা হবে না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ৪-৫ জন মন্ত্রী তো থাকেন, এখনই তো ৬ জন মন্ত্রী আছেন। আরও যাতে বেশি করে মন্ত্রী থাকে তার জন্য পরিষদীয় মন্ত্রীকে বলব তিনি যাতে এই বিষয়ে মনোযোগ দেবার জন্য তাদের বলেন। তবে এখন ৬ জন মন্ত্রী আছেন।

[1-10 — 1-20 P. M.]

**শ্রী নৃপেণ গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় হিঙ্গলগঞ্জ বিধানসভায় একটি মাত্র সড়ক হাসনাবাদ থেকে হেমনগর পর্যন্ত চলে গেছে। হাসনাবাদ থেকে হিঙ্গলগঞ্জ পর্যন্ত এই রাস্তাটি পি. ডব্লিউ. ডি.-র এটা হেমনগর নেবখালি গিয়েছে, এটা পি. ডব্লিউ. ডি. রোডস, এই রাস্তাটি সংস্কারের অভাবে যাতায়াতের অসুবিধা হচ্ছে, এইটা অবিলম্বে সংস্কার করা দরকার। সাথে সাথে বলব, সুন্দরবন থেকে একটি মাত্র সড়ক যেখান দিয়ে প্রতি দিন শত শত মানুষ ছোটখাট গাড়ি করে, ম্যাটাডোর, রিক্সা ভ্যানে করে যাতায়াত করেন বসিরহাট, হাসনাবাদ, বারাসাত ইত্যাদি শহরে। এই রাস্তাটি যদি সংস্কার করা যায় তাহলে মানুষের সুবিধা হবে। এই রাস্তার মাঝে ২টি নদী আছে, তার মধ্যে একটিতে ব্রিজ হচ্ছে, আর একটিতে বার্জ জেটি

আছে, এছাড়াও সুন্দরবনের শেষ প্রান্তে হেমনগরে ২টি ট্যুরিস্ট লজ করা হয়েছে পঞ্চায়েত সমিতির মাধ্যমে, জেলা পরিষদ সেটার দেখ ভাল করেন, এই সেদিন সেখানে বন মন্ত্রী ঘুরেও এলেন, এই রাস্তাটি অবিলম্বে মেরামত করা দরকার, সেইজন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হুগলি জেলার দাদপুর এবং পান্ডুয়া থানার অন্যতম গুরুত্বপূর্ণ সংযোগকারী রাস্তা হচ্ছে সিনেট আলাসিন রোড, এটি ২৫।৩০ বছর আগে পি. ডব্লিউ. ডি. কর্তৃক নির্মিত হয়েছিল এবং তিনটি গ্রাম পঞ্চায়েতের গোস্বামি মালিপাড়া, সাটিথান, দ্বারবাসিনীর বুক চিড়ে গিয়েছে। প্রায় ৫০ হাজার মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে রাস্তার উপর নির্ভরশীল। কিন্তু রাস্তাটি দীর্ঘদিন সংস্কার না হওয়ার ফলে বর্তমানে যান চলাচলের অযোগ্য হয়ে পড়েছে, মানুষের যাতায়াতের পক্ষেও অযোগ্য। ঐ এলাকার সমস্ত কৃষিজাত দ্রব্যাদি নিয়ে আসার পক্ষেও ভীষণ অসুবিধা হচ্ছে। সেইজন্য রাস্তাটি সংস্কারের জন্য পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আকবর আলি খান্দেকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি বিষয়টি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলায় যে তিনটি খুন হয়েছে রাজবলহাট অঞ্চলে, এই নৃশংস খুনের ঘটনায় সেই এলাকায় মাত্র তিনজন ছোটখাটো লোককে গ্রেপ্তার করেছে পুলিশ। এই রকম নৃশংস খুন কোনও দিন আর হয় নি। বাড়ি ঘরের দরজা ভেঙ্গে, তাদেরকে বের করে, নাক কেটে, চোখ উপড়ে, জিভ কেটে, গায়ে অ্যাসিড ঢেলে যে ভাবে খুন করা হয়েছে তা অবর্ণনীয়। এই ঘটনার সঙ্গে যারা জড়িত তাদেরকে পুলিশ এখনও গ্রেপ্তার করে নি। পুলিশ অন্য জায়গায় চলে গিয়েছে, পুলিশের পায়ে ধরেও কোনও ব্যবস্থা হয় নি। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে যেন সেই আসামীকে গ্রেপ্তার করা হয়।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার তালডাঙ্গা বিধানসভা কেন্দ্র এলাকায় ৯৫-৯৬ সালে একটি ৩৩ কে. ভি. সাব স্টেশন হওয়ার কথা ছিল, সেটি অনুমোদিত হয়েছে, আমি জানি তার কাজ এখনও শুরু হয় নি। বাঁকুড়া জেলার রায়পুরে বিধানসভা এলাকায় সেখানেও এই ধরণের একটি সাব স্টেশন এর কাজ শুরু হয়েছে, এটা কবে শেষ হবে বুঝতে পারছি না। ওখানে একটা নদী আছে, ওখানে ২টি টাওয়ার বসানো দরকার। এটা না হলে ওখানে কানেকশন হবে না, তাই আমি বিষয়টি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হাফিজ আলম সোইরানি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা গত কয়েক দিন ধরে দেখলাম যে আমাদের বিরোধী পক্ষের সদস্যারা ওয়াকফ নিয়ে খুব নাচানাচি করলেন। কিন্তু দেখা গেল তারা শোল

মাছ ধরার চেষ্টা করেছিলেন, কিন্তু তারা টাকি মাছ ধরলেন। আমরা দেখলাম আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যেভাবে এখানে ব্যাপারটাকে রেখেছেন সেই সাহস যদি কংগ্রেস রাখত এবং কেলেঙ্কারি সম্বন্ধে তদন্ত রিপোর্ট রাখার ব্যবস্থা করতেন তাহলে ভালো হত।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তফসিলি জাতি ও আদিবাসী দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি তার হস্তক্ষেপ দাবি করছি। মালদহ জেলার মানিকচক কেন্দ্র থেকে আমি নির্বাচিত হয়েছি। মন্ডল কমিশনের রিপোর্ট অনুসারে পশ্চিমবঙ্গের ১৭৭টি জন জাতি অনুন্নত ও পশ্চাদপদ। এরা চাঁই, গোপ, গোয়ালা, তাঁতি, কুমার কুর্মী, নাপিত, ছুতোর, বারুই, তেলি, মাহিষ্য, রানা, মালাকার, সোনার ইত্যাদি জন গোষ্ঠী, যারা পশ্চিমবাংলার জন-সংখ্যার আর্ধেকের বেশি, এরা মূলত গ্রামাঞ্চলে বসবাস করেন। এরা কৃষি ও হস্ত শিল্পের উপর নির্ভরশীল। চাঁইরা সম্পূর্ণ একক ভাবে বিশেষ অঞ্চলে গোষ্ঠীবদ্ধ ভাবে বাস করার দরুণ এক সম্পূর্ণ আলাদা নিজস্ব ভাষায় সংলাপ করতে পারে। এরা খোট্টাই ভাষায় কথা বলে অনেকে মনে করেন। পশ্চিমবাংলায় এদের সংখ্যা দশ থেকে পনেরো লক্ষ তাতে কোনও সন্দেহ নেই। মুর্শিদাবাদ ও মালদার হাটে ঝাঁকা মাথায় তরিতরকারি নিয়ে এই চাঁই মহিলাদের দেখা মেলে। যাদের দেহ গঠন, মুখশ্রী ও অলঙ্কার এখনও বিহারের আদিবাসী জন জাতিকে মনে করিয়ে দেয়। এরা ভারতে সর্বাধিক অনগ্রসর পশ্চাদপদ শ্রেণী হিসাবে চিহ্নিত। চাঁই সমাজ উন্নয়ন সমিতি, এই সম্প্রদায়ের সার্বিক কল্যাণে উৎসর্গীকৃত, তাদের অন্দোলনের মূল দাবি হল চাঁই সম্প্রদায়কে তফসিলিভুক্ত করা হোক। এই সম্প্রদায়কে তফসিলি জাতি হিসাবে স্বীকৃতির আমি দাবি করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বছরে নেতাজী জন্ম শতবর্ষ। এখনও পর্যন্ত ছয় মাস অতিক্রান্ত হয়ে গেল, কিন্তু বিগত কেন্দ্রীয় সরকার নেতাজী জন্ম শতবর্ষ উদযাপনের জন্য কোনও কর্মসূচি তারা গ্রহণ করেন নি। বর্তমান নূতন কেন্দ্রীয় সরকারকে বলার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যথোচিত মর্যাদা সহকারে নেতাজী জন্ম শতবর্ষ উদযাপনের ব্যবস্থা করা হোক। মহাত্মা গান্ধী, সর্দার বল্লভ ভাই প্যাটেল, জওহরলাল নেহেরু এদের জন্ম শতবর্ষ পালন করা হয়, ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাসে নেতাজীর অনন্য ভূমিকা ভারতবাসী স্মরণ করবে, তার যথোচিত মূল্যায়নের ব্যবস্থা হওয়া উচিত। সঙ্গে সঙ্গে রাজ্য সরকার নেতাজী জন্ম শতবর্ষ পালনের জন্য কর্মসূচি গ্রহণ করা হোক। মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী এখনও এই ব্যাপারে কোনও কর্মসূচি গ্রহণ করেন নি। বিধানসভা চলাকালীন, বিধানসভার ভেতরে সেই কর্মসূচি আমাদের জানানো হোক। এই আবেদন আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, কাটোয়া বিধানসভা কেন্দ্রে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ভর্তির ব্যাপারে এক ভয়ঙ্কর রকমের সমস্যা দেখা দিয়েছে। আমার এলাকায় দীর্ঘ ২০ বছর ধরে নূতন করে কোনও মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত

করা হয় নি। উপরন্তু কাটোয়া কলেজ এর দুটি সেকশনে উচ্চমাধ্যমিক পড়ানো হত তারও একটা সেকশন বন্ধ করে দেওয়া হয়েছে। অবিলম্বে কাটোয়া বিধানসভা এলাকায় কোনও স্কুলকে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়ার রানিবাঁধ কেন্দ্রের রানিবাঁধ থেকে ফুলকুসুমা এই রাস্তাটি দীর্ঘ দিন ধরে জঙ্গলের মধ্যে, কাঁচা অবস্থায় আছে। রাস্তাটি যাতে পাকা করা হয় তার জন্য আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার চাঁচল থানার গ্রামের বেণীবালা মন্ডল যখন বাস ধরার জন্য তার ছোট্ট মেয়েকে নিয়ে চাঁচলে যাচ্ছিল তখন তার প্রাক্তন স্বামী নাম টলমল মন্ডল সে ধারালো অস্ত্র নিয়ে তাকে আক্রমণ করে। দীর্ঘ দিন ধরে খোরপোষের মামলা করে এবং তাদের ডাইভোর্স হয়ে যায়। কোয়াটারলি ৪৫০ টাকা দেওয়ার কথা। প্রথম কিস্তি সে দিয়েছিল। কিন্তু দ্বিতীয় কিস্তি সে দেয় নি। বারবার আবেদন করা সত্ত্বেও দেয় নি। তাই সে মামলা করতে যাচ্ছিল। আজকে ৯ দিন ধরে সে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। থানায় ডায়েরি করা সত্ত্বেও তারা কোনও অ্যাকশন নিচ্ছে না। যাতে দ্রুত অ্যাকশন নেয় তারজন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-20 — 1-30 P. M.]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে আমি ক্যালকাটা ইউনিভার্সিটির কন্ট্রোলার অব একজামিনেশনের দৃষ্টি আকর্ষণ করছি। পাঁচটি মেয়ে আমার কাছে একটি দরখাস্ত দিয়েছে। গত ১৪ই জুন থেকে ২৭শে জুন পর্যন্ত তাদের বি. এড. পরীক্ষা ছিল। ওরা সব পরীক্ষাগুলো দিতে পেরেছে কিন্তু গত ২৭শে জুন তাদের বাংলা পত্রের পরীক্ষা ছিল। দেখা গেছে একটি রাজনৈতিক দলের যা খুশি তাই কর, এই স্লোগান দিয়ে বিনা নোটিশে রেল অবরোধ করে ২৭ তারিখে। এই পাঁচটি মেয়ের নাম হল জলি ঘোষ, শিপ্রা চক্রবর্তী, রঞ্জনা সাহা, বন্দনা সোম এবং প্রতিমা মন্ডল। এরা বিজয়কৃষ্ণ গার্লস কলেজের পরীক্ষার্থী ছিল। তাদের একটা বছর নষ্ট হয়ে যাবে। অবিলম্বে কলকাতা বিশ্ববিদ্যালয় যাতে পুনরায় পরীক্ষা নেওয়ার বন্দোবস্ত করে তার দাবি জানাচ্ছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্কুল শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বসে আছেন আশা করব এর উপর তিনি কিছু বলবেন। উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আজকে অনেক সদস্যই এই সমস্যাটি এনেছেন শাসক দলও তুলেছেন। সেটা হচ্ছে এই যে সম্প্রতি মাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে। ইতিমধ্যেই দেখেছেন খবরের কাগজে বেরিয়েছে সারা রাজ্য জুড়ে ছাত্র-ছাত্রীরা, অভিভাবকরা ভর্তির জন্য

রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। ভর্তি একটা বিরাট সমস্যা। এই ভর্তির সমস্যা সমাধানের জন্য যে সমস্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলি আছে।

**(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়।)**

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় সদস্য পদ্মনিধি ধর মহাশয় একটু আগে যে ব্যাপারে উল্লেখ করলেন, আমি এই ব্যাপারে একমত। কারণ ঐদিন শুধু ৬ জন মহিলাই নন, আমার নলেজে যেটা আছে, সেটা হচ্ছে যে হুগলি থেকে হাওড়ায় প্রায় ১৮-২২ জন মহিলা হাওড়া স্টেশনে পৌঁছে বিভিন্ন ভাবে আকুতি মিনতি করে, কিন্তু তারা পরীক্ষা দিতে যেতে পারেন নি। এই ব্যাপারে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অভিনন্দন জানাচ্ছি, এই কারণে যে আপনি জানেন স্যার, গত শনিবার পূজালিতে পৌর সভার নির্বাচন হয়েছে। সেখানে স্যার যতগুলি আসন, তার মধ্যে একটা আসনেও বিপ্লবী বামপন্থীরা জিততে পারে নি। স্যার, বি. জে. পি.-র পরে ওদের স্থান হয়েছে এবং রায়গঞ্জ মিউনিসিপ্যালিটিতেও নির্বাচন হয়েছে সেখানেও ওরা জিততে পারে নি। ওরা জনগণের প্রতিনিধি বলে দাবি করেন কিন্তু এই নির্বাচনে মানুষ দেখিয়ে দিল। নির্বাচনে এত সন্ত্রাস সৃষ্টি করেও ওরা জিততে পারেন নি। স্যার, হাউস থেকে আমরা পূজালি এবং রায়গঞ্জের মানুষকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, তারা বামপন্থীদের পরাজিত করে একেবারে বিদায় করে দিয়েছে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উলুবেড়িয়ায় মহকুমা হাসপাতাল আছে, তার পাশেই হচ্ছে সাউথ ইস্টার্ন রেলওয়ে এবং ন্যাশন্যাল হাইওয়ে। প্রতিনিয়ত ২০-৫০ জনের অ্যাকসিডেন্ট হচ্ছে। কিন্তু এই হাসপাতালে এক্স-রে মেশিন নেই, অ্যাম্বুলেন্স নেই, স্টাফ ডাক্তার নেই, সার্জিক্যাল ইন্সট্রুমেন্টস নেই, বেড নেই, কুকুরে কামড়াবার ওষুধ নেই। এই ব্যাপারে বারবার বলেছি। তাই এই ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলার বিড়ি শ্রমিকদের একটি সমবায় সমিতি আছে। গত জুন মাসে গভর্নমেন্ট থেকে অর্ডার এসেছে যে ওদেরকে পি. এফ. বাবদ ২৫ লক্ষ টাকা দিতে হবে। কিন্তু এই সমবায় সমিতিতে প্রায় ৪০০ জন শ্রমিক কাজ করে। যদি স্যার, ওদেরকে ২৫ লক্ষ টাকা দিতে হয় তা হলে ওদের সমবায় সমিতি বিকিয়ে যাবে। এই ব্যাপারে মাননীয় শ্রম মন্ত্রীকে পুনর্বিবেচনা করতে অনুরোধ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি হয়ত পত্রিকায় লক্ষ্য করেছেন যে, আগামী ৫ তারিখে প্রদেশ কংগ্রেস কমিটি নির্বাচনোত্তর পরিস্থিতিতে এবং কংগ্রেস

কর্মীদের খুনের প্রতিবাদে বাংলা বন্ধের ডাক দিয়েছে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক পুলিশকে হুমকি দিয়েছেন যে, পুলিশের একাংশ সরকারকে সহযোগিতা না করে, বিরোধিতা করছেন। এই বলে তারা গোটা প্রশাসনকে হুমকি দিয়ে কংগ্রেসের বিরুদ্ধে লেলিয়ে দিয়েছেন।

**(এই সময় মাইক অফ হয়ে যায়।)**

[1-30 — 2-30 P. M.] **(Including Adjournment)**

পুলিশ প্রশাসনকে হুমকি দিয়ে, ৫ তারিখে কংগ্রেস কর্মীদের উপর আক্রমণ করার জন্য প্ররোচনা দিয়েছে। এতে আমার মনে হয় পশ্চিমবঙ্গ থেকে গণতান্ত্রিক রীতিনীতি লুপ্ত হয়ে যাচ্ছে। এই ধরণের চেষ্টা যেন না করা হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েতের মাধ্যমে চাষের জন্য ধান বীজ, গম বীজ দেওয়া হয়। কিন্তু ধান যখন পাকে, কাটা হয়ে যায় সেই টাইমে ধানের বীজ বিতরণ করা হয়। গমের ক্ষেত্রেও ঠিক তাই করা হয়। গম চাষের সময় পেরিয়ে যাওয়ার পর গমের বীজ দেওয়া হয়। পুকুর কাটার জন্য, বর্ষার সময় পুকুর কাটানোর টাকা তছরূপের জন্য, বর্ষার সময় পুকুর কাটানোর ব্যবস্থা করা হয়। বর্ষার সময় কি করে পুকুর কাটানো যাবে? এই ভাবে সাধারণ গরিব মানুষের টাকা কোথায় যাচ্ছে তার কোনও হিসেব নেই। সুতরাং ঠিক সময়মত ধান, গমের বীজ দেওয়ার জন্য এবং বর্ষাকাল বাদ দিয়ে পুকুর কাটানোর জন্য আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে গত কয়েক বছর ধরে, সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে এবং নির্বাচনে জেতার কৌশল হিসেবে মেমোরান্ডাম অফ আন্ডার স্ট্যান্ডিং-এর নাম করে একটা হুজুগ তোলা হয়েছে। কিন্তু কোনও কাজ হচ্ছে না। উলুবেড়িয়া উত্তর কেন্দ্রে, রামজনম মাঝি যেখানকার বিধায়ক সেখানে ৩ বছরের বেশি হল এখনও বাউরিয়া কটন মিল বন্ধ হয়ে আছে। তাছাড়া ফোর্ট-গ্লস্টার, প্রেমচাঁদ, কানোরিয়া জুট মিলগুলো দীর্ঘ দিন ধরে বন্ধ হয়ে আছে। এর ফলে ৪০ হাজার শ্রমিক পরিবার অর্ধাহারে, অনাহারের মধ্যে রয়েছে। এই সব শ্রমিক পরিবারের বহু মানুষ স্টারভেশন ডেথে, আবার কেউ কেউ সুইসাইড কেসে মারা যাচ্ছেন। এখানে কংগ্রেস, কমিউনিস্ট বলে কিছু নেই। প্রতি দিন এইসব শ্রমিক পরিবারের কেউ না কেউ মারা যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি শুনলাম, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে। উত্তরবঙ্গের

অসম বিকাশকে সংহত করে বিকশিত করার জন্য, উন্নয়ন পর্ষদ রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ মন্ত্রী সভায় উত্তরবঙ্গ উন্নয়ন রূপায়ণের জন্য একজন পূর্ণ মন্ত্রী রাখার জন্য আমি পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। কিন্তু ছাত্র-ছাত্রীদের উচ্চমাধ্যমিক স্কুলের অভাবে উচ্চমাধ্যমিকে ভর্তির অসুবিধা হচ্ছে। এ ব্যাপারে আমার আগে অনেক বক্তা মেনশনে এবং জিরো আওয়ারে বলেছেন। আমার বিধানসভা কেন্দ্র আসানসোলেও এই সমস্যা দেখা দিয়েছে! এমন অবস্থা দেখা দিয়েছে যে অনেক উচ্চমাধ্যমিক স্কুল তাদের স্কুল থেকে মাধ্যমিক পাশ করা ছেলে মেয়েদের উচ্চমাধ্যমিকে ভর্তি নিতে পারছে না। অবিলম্বে কিছু মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্কুলে উন্নীত করে সেখানে ছাত্র ছাত্রী ভর্তির ব্যবস্থা করার জন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী সুশীলকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র নদীয়া জেলার কৃষ্ণগঞ্জে ১৯৯৩-৯৪ সালে একটি সাব স্টেশন করার প্রপোজাল করা হয়েছিল। জেলা থেকে সেই প্রস্তাব বিদ্যুৎ ভবনে চলে আসে। আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ঐ সাব স্টেশনটি তাড়াতাড়ি করার জন্য।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামনগর থেকে বহরমপুর, বাস চলাচলের রাস্তা খারাপ হয়ে যাওয়ায় এক সময় বাস চলাচল বন্ধ হয়ে গিয়েছিল। এখন দু-চারটি বাস চলছে। পর্যাপ্ত বাস না চলার জন্য যাত্রী সাধারণকে বিরাট অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। ঐ রাস্তায় পর্যাপ্ত পরিমাণে বাস চলাচলের ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলায় ২৩টির মতো সিনিয়র বেসিক ট্রেনিং স্কুল ছিল, সেইগুলির বন্ধ হয়ে গেছে। একটি রাখা ছিল, সেটাও বন্ধ। শিক্ষকরা রিটায়ার করে গেছে। অন্যান্য জেলার মতো এখানে কল কারখানা নেই। এই সব স্কুল থেকে ছেলেরা ট্রেনিং নিয়ে বিভিন্ন স্কুলে শিক্ষকতার কাজ পেত। তাদের সেই সুযোগও বন্ধ হয়ে গেছে। পুরুলিয়াতে যে ট্রেনিং কলেজ আছে, সেখানে অনেক জায়গা আছে, শিক্ষকও আছে, সেটা চালু করার ব্যবস্থা করলে সুবিধা হয়। ২২।২৩টি স্কুল বন্ধ হয়ে গেছে, নূতন কিছু হচ্ছে না, এমনিতেই পুরুলিয়া পিছিয়ে পড়া জেলা, এই বিষয়ে মাননীয় মন্ত্রী যদি বিবৃতি দেন, তাহলে ভাল হয়।

**(At this stage the House was adjounrned till 2.30 P. M.)**

**(After Adjournment)**

[2-30 — 2-40 P. M.]

**Discussion On Voting On Demands For Grants**

**Demand No. 40**

**Mr. Speaker :** There are three cut motions to Demand No. 40. All the cut motions are in order. I request the members to move their cut motions.

**Shri Shyamadas Banerjee :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Kamal Mukherjee :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Abdul Mannan :** Sir I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ত্রাণ এবং পুর্নবাসন মন্ত্রী তাঁর যে বাজেট ভাষণ পেশ করেছেন আমি কংগ্রেসের তরফ থেকে সেই ভাষণের তীব্র বিরোধিতা করি এবং ভাষণের অসঙ্গতি যা আছে তা বুঝিয়ে দেবার জন্য আমি আমার স্বল্প বুদ্ধি এবং বিবেচনা দিয়ে বলার চেষ্টা করছি। স্যার, বর্তমান ত্রাণ এবং পুর্নবাসন মন্ত্রী তিনি যে হিসাব বিভিন্ন খাতে বিভিন্ন ক্ষেত্রে তার বাজেট ভাষণে দিয়েছেন আর তাঁর আগের ত্রাণ এবং পুনর্বাসন দপ্তরের মন্ত্রী যিনি ছিলেন তিনি গত বছরে তাঁর বাজেটে যে ভাষণ দিয়েছিলেন তার যদি দুটোর সংখ্যা তত্বের বিচার করেন তাহলে দেখবেন তার মধ্যে কোনও মিল নেই, সঙ্গতি নেই। অর্থাৎ কিনা মাননীয় স্পিকার স্যার, যখন যেমন খুশি সংখ্যাতত্ব দিয়ে হাউসকে প্রতারণা করেছেন এবং মিথ্যা তথ্যের জালিয়াতির মাধ্যমে নিজেদের ব্যর্থতা এবং অপদার্থতা ঢাকবার চেষ্টা করেছেন। বিগত ত্রাণ এবং পুর্নবাসন মন্ত্রী মাননীয় প্রশান্ত শূর মহাশয় গতবারের বাজেট ভাষণে মার্চ ৯৫-তে বলেছিলেন ৫০ সনে পশ্চিমবাংলায় উদ্বাস্তুর সংখ্যা ছিল ১২.৮০ লক্ষ। আর এবারকার পুর্নবাসন মন্ত্রী ক্ষমতায় এসে দায়িত্বে বসে বলছেন যে, ১৯৫০ সালে সাড়ে ২৫ লক্ষের উপর শরণার্থী পশ্চিমবাংলায় এসেছেন। গত বারের পুর্নবাসন মন্ত্রী বলেছিলেন, ৫০ সনে পশ্চিমবাংলায় ১২.৮০ লক্ষ উদ্বাস্তু এখানে আশ্রয় গ্রহণ করেছিলেন আর এবারের পুনর্বাসন মন্ত্রী তাঁর ভাষণে বলছেন ৫০ সনে পশ্চিমবাংলায় ২৫.৫০ লক্ষ শরণার্থী আশ্রয় গ্রহণ করেছেন। এর মধ্যে কোনটা সত্য। যদি ১২.৮০ লক্ষ হয় তাহলে তাদের জন্য যে টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন তার একটা হিসাব আছে — আমি সে সম্বন্ধে পরে আসছি। উনি বললেন, ২৫.৫০ লক্ষ শরণার্থী।

আর উনি যেটা বলছেন যে ২৫.৫০ লক্ষ, তাদের জন্য যদি কেন্দ্রীয় সরকার সেই টাকা দিয়ে থাকে, আমরা কোন খতিয়ান নিয়ে আলোচনা করব, কোন টাকা নিয়ে বিবেচনা করব, কোন শরণার্থীর সংখ্যা নিয়ে আপনাদের সমালোচনা করব, এটা আপনার কাছে জিজ্ঞাসা করি? দ্বিতীয়ত দেখুন বর্তমান ত্রাণ ও পুর্নবাসন মন্ত্রী বললেন যে পশ্চিমবাংলায় ৯৯৮টি সরকারি বা বে-সরকারি কলোনীর তালিকা তাঁর কাছে আছে। অথচ গত বছরে প্রাক্তন পুনর্বাসন মন্ত্রী বললেন যে সরকার স্বীকৃত কলোনীর মোট সংখ্যা হয়েছে ২ হাজার ৬১৭টি। তাহলে গত বছর তিনি যখন বাজেট পেশ করলেন তখন বললেন ২ হাজার ৬১৭টি বিভিন্ন শ্রেণীর কলোনী পশ্চিমবাংলায় আছে। আর এবারকার পুনর্বাসন মন্ত্রী বললেন যে ৯৯৮ কলোনীর তালিকা তাঁর কাছে আছে। তৃতীয়ত আরও যে সংখ্যা তত্বের মারপ্যাচ দেখুন, কতটা আমাদের বোকা মনে করছেন এবং কি ভাবে দিনের পর দিন সংখ্যা তত্বের জালিয়াতি দিয়ে ভুল বোঝাচ্ছেন। ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রী বলছিলেন যে জমির দলিল বিতরণের জন্য তাঁদের লক্ষ্য মাত্রা ছিল ১ লক্ষ ৩৪ হাজার, তারা দিয়েছিলেন কত, লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ৩৪৪ হাজার পরিবারকে দেবেন। দিলেন কত? ১ লক্ষ ৯৪ হাজার। স্যার, লক্ষ্যমাত্রা যেখানে ১ লক্ষ ৩৪ হাজার সেখানে সরকার দিয়েছিলেন ১ লক্ষ ৯৪ হাজার, আর এবারকার পুনর্বাসন মন্ত্রী বললেন তাদের দেওয়ার লক্ষ্য হচ্ছে ২ লক্ষ ৩৬ হাজার ১৫৭টি, তারা দিয়েছেন ১ লক্ষ ৯৪ হাজার ২৪২টি। এত আমি সংখ্যা তত্বের মারপ্যাচ বললাম, তার পর তিনি তাঁর অভিভাষণে যা বলেছেন এটা সম্পূর্ণ ভাবে রাজনৈতিক দোষে দুষ্ট। তাঁরা বলেছেন কেন্দ্রীয় সরকার-এর বিমাতৃসুলভ ব্যবহারের জন্যই উদ্বাস্তুদের চরম লাঞ্ছনা। পশ্চিম পাকিস্থান থেকে আসা শরণার্থীদের জন্য অনেক বেশি টাকা দেওয়া হয়েছে। পূর্ব বাংলা থেকে উদ্বাস্তুদের জন্য কত টাকা দেওয়া হয়েছে? মাননীয় কান্তি বিশ্বাস মহাশয় তাঁর ভাষণের একটা লাইনে বলেছেন পূর্ব পাকিস্থান থেকে আগত ৫৮ লক্ষ শরণার্থীর জন্য খরচ করা হল মাত্র ৮৫ কোটি টাকা, তার পরের লাইনে বলেছেন তখন থেকে পরবর্তী ২০ বছর সময়কালে পুনর্বাসন খাতে ভারত সরকার এই রাজ্যকে যে মোট টাকা দিয়েছেন তা সাকুল্যে ৮০ কোটি টাকা হয় না। একবার বলছেন ৮৫ কোটি টাকা তার পরে লাইনে বলছেন ৮০ কোটি টাকা। কত কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন? তাঁরা বলছেন যে পশ্চিম পাকিস্তান থেকে আসা উদ্বাস্তুদের জন্য কেন্দ্রীয় সরকার অনেক বেশি টাকা দিয়েছেন। প্রাসঙ্গিক ভাবে আমি বলে রাখি আমি একজন পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তু পরিবারের মানুষ। যদিও আমি উদ্বাস্তু নই, আমার জন্ম এপার বাংলায় হয়েছে। কিন্তু মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের মহান পার্টি তদানীন্তন অবিভক্ত কমিউনিস্ট পার্টি, পরবর্তী বিভক্ত কমিউনিস্ট পার্টি এবং সি. পি. এম. এবং সি. পি. আই. এম. তাঁদের দয়ায়, তাঁদের করুণায়, তাঁদের সেবার ফলে দ্বিতীয় জেনারেশনের মানুষ আপনাদের পশ্চিমবাংলায় জন্মগ্রহণ করা সত্ত্বেও উদ্বাস্তু নামের নামাবলী আমার গায়ে জোর করে চাপিয়ে রাখতে বাধ্য হয়েছিল। স্যার, যারা পশ্চিম পাকিস্তান থেকে এসেছিল, কেন্দ্রীয় সরকার তখন যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছিলেন পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুরা সেই পরিকল্পনা মাফিক এক পা এক পা করে এগিয়ে ভারতবর্ষের মূল স্রোতের সঙ্গে তারা মিশে গেছে। আমি উত্তরপ্রদেশ, দিল্লি, হরিয়ানা সহ মধ্য ভারত-এর প্রত্যেকটি জায়গায় গিয়ে সেখানকার পশ্চিম পাকিস্তানাগত উদ্বাস্তু পরিসংখ্যান নেওয়ার চেষ্টা করেছি।

আমি গত ৩০ বছর উদ্বাস্তু সংগঠন নিয়ে আন্দোলন করি, তাতে আমি দেখেছি দিল্লি, হরিয়ানা, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশে উদ্বাস্তু মানুষ আর নেই। অথচ আপনি জানবেন আজকে দিল্লি, হরিয়ানা, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ সবচেয়ে বেশি প্রতিষ্ঠিত, সবচেয়ে বেশি শিক্ষিত, সবচেয়ে বেশি অর্থনৈতিক ভারসাম্য যারা এনেছেন তারা হচ্ছেন তদানীন্তন পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তু। পশ্চিমবাংলার দিকে তাকিয়ে দেখুন একটা রেল লাইনের দুপাশে দেখবেন যারা ঝুপড়িতে অমানুষের মতো জীবন যাপন করছে স্বাধীনতার ৪৮ বছর পরেও, তারা পূর্ববঙ্গগত উদ্বাস্তু।

[2-40 — 2-50 P. M.]

কিন্তু স্যার, এরকম হল, তার কারণ পশ্চিম পাকিস্থান থেকে আসা উদ্বাস্তুদের জন্য তৎকালীন কেন্দ্রীয় সরকার যে যে পরিকল্পনা গ্রহণ করেছিলেন — দুর্ভাগ্য আমাদের, সৌভাগ্য ওদের যে ওখানে কমিউনিস্ট পার্টি বলে কোনও পার্টি ছিল না — যে সে পরিকল্পনার মাধ্যমে ওরা এগিয়ে গেছে। আর এখানে, আজকে চেয়ারে বসা মুখ্যমন্ত্রী জ্যোতি বসু কেন্দ্রীয় সরকারের প্রত্যেকটা পরিকল্পনাকে বানচাল করার জন্য এগিয়ে গিয়েছিলেন। তিনি এবং তাঁর পার্টি যে কাজ করেছিল, উদ্বাস্তুদের এগিয়ে যাবার পথে তাঁরা বাধার সৃষ্টি করেছিলেন। কারণ কি? সেদিন তাঁরা এই সভায় মাত্র দুজন সদস্য ছিলেন। বিরোধী দলের মর্যাদাও তাঁদের ছিল না। এখানে তখন রতনলাল ব্রাহ্মণ আর জ্যোতি বসু বসতেন। তাঁরা নিজেদের সংখ্যা বাড়াবার জন্য উদ্বাস্তুদের ছোট ক্ষতকে খুঁচিয়ে খুঁচিয়ে দগদগে করে ভোট ব্যাঙ্ক তৈরি করেছিলেন। কেন্দ্রীয় সরকার উদ্বাস্তুদের দন্ডকারণ্যে পুনর্বাসনের ব্যবস্থা করতে চাইলেন, ওঁরা বাধা দিলেন। ডাঃ বিধানচন্দ্র রায় বলেছিলেন, 'উদ্বাস্তু সমস্যা পশ্চিমবাংলার একার সমস্যা নয়, এটা জাতীয় সমস্যা। উদ্বাস্তু সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে চিহ্নিত করতে হবে'। তৎকালীন প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরু উদ্বাস্তু সমস্যাকে জাতীয় সমস্যার স্বীকৃতি দিয়ে দন্ডকারণ্য পরিকল্পনা করেছিলেন। দন্ডকারণ্যের একদিকে, মধ্যপ্রদেশ, একদিকে উড়িষ্যা, একদিকে অন্ধ্রপ্রদেশ। তিন প্রদেশের মাঝখানে বিরাট দন্ডাকারণ্য, সেখানে উদ্বাস্তুদের পুর্নবাসনের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, এখান থেকে উদ্বাস্তুদের সেখানে পাঠাবার ব্যবস্থা করা হয়েছিল। আজকের মুখ্যমন্ত্রী, সেদিনের বিরোধী দলের নেতা কমরেড জ্যোতি বসু হাওড়া স্টেশনে গিয়ে সে কাজে বাধা দিয়েছিলেন। জ্যোতি বসু সেদিন উদ্বাস্তুদের গিয়ে বলেছিলেন, — তোমরা বাঙালী, তোমরা বাংলার উদ্বাস্তুরা বাংলার বাইরে যাবে না। আমরা তোমাদের বাংলার বাইরে যেতে দেব না। সেদিন পশ্চিমবাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় বলেছিলেন, "বাংলার উদ্বাস্তুরা আন্দামান, নিকোবর-এ চলুন, সেখানে আর একটা বাংলা তৈরি হবে। সেখানে বাংলার সংস্কৃতির বিকাশ ঘটবে, সেখানে বাঙালী রবীন্দ্র সঙ্গীত গাইবে। সেখানকার মাটির সঙ্গে পূর্ব বাংলার মাটির সাদৃশ্য আছে। সেখানে বাঙালীরা চাষবাস করতে পারবে। তাদের উন্নতি হবে"। আজকের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সেদিন উদ্বাস্তুদের বলেছিলেন, "তোমাদের সাগর পার করে কালাপানীতে পাঠাবার ব্যবস্থা করা হচ্ছে। তোমরা কখনওই সেখানে যাবে না। সেখানে কয়েদীরা থাকে, আসামীরা থাকে। তোমরা কি কয়েদী যে তোমরা আন্দামানে যাবে?

তোমরা ওখানে গেলে তোমাদের পরিবার কয়েদী পরিবারে রূপান্তরিত হয়ে যাবে"। সুতরাং উদ্বাস্তুদের আন্দামানে যাওয়া বন্ধ হয়ে গেল। ডাঃ বিধানচন্দ্র রায় উদ্বাস্তুদের দন্ডকারণ্যে পাঠাবার ব্যবস্থা করলেন। জ্যোতি বাবু হাওড়া স্টেশনে গিয়ে উদ্বাস্তুদের বললেন, "দন্ডকারণ্য থেকে সীতাকে চুরি করে রাবণ নিয়ে গিয়েছিল, সুতরাং তোমরা কখনই দন্ডাকারণ্য যাবে না, সেখানে গেলে তোমাদের ঘরের সীতারা হরণ হয়ে যাবে"। এই ভাবে তিনি উদ্বাস্তুদের দন্ডকারণ্যে যাওয়া বন্ধ করেছিলেন। মেহের চাঁদ খান্না পশ্চিম পাকিস্তানের লোক ছিলেন, কিন্তু তিনি যে পরিকল্পনা নিয়েছিলেন তা ভারত সরকারের পরিকল্পনা। সেই পরিকল্পনা রূপায়ণের জন্য এখানেও টাকা পাঠানো হয়েছিল। সেদিন আপনারা সেই পরিকল্পনা রূপায়ণে সরকারকে সাহায্য করেন নি, বরঞ্চ তা বানচাল করে দেবার জন্য সর্ব প্রকার প্রচেষ্টা চালিয়েছিলেন। আপনারা দন্ডাকারণ্যে পাঠাতে দেন নি, আন্দামানে পাঠাতে দেন নি। শুধু ডোল দিয়েছেন। ডোল দিয়ে ডোল দিয়ে বাঙালীর মেরুদন্ড নুব্জ, কুব্জ করে দিয়েছেন। বাঙালী উদ্বাস্তুদের সমাজ বিরোধী করে দিয়েছেন। ডোল পাওয়া মানুষ কখনও পরিশ্রম করতে পারে না। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ওঁরা এখানে মিথ্যা কথা বলছেন। ওঁরা বলছেন, ক্ষমতায় থাকা অবস্থায়ও ওঁরা উদ্বাস্তুদের জন্য লড়ছেন, ক্ষমতায় যখন ছিলেন না তখনও লড়েছেন। এটা সম্পূর্ণ মিথ্যা কথা। ওঁরা ক্ষমতায় যখন ছিলেন না তখন দন্ডকারণ্য, আন্দামান পরিকল্পনাকে বানচাল করে দিয়েছিলেন, তার বিরোধিতা করেছিলেন। আর ক্ষমতায় এসে ওঁদের মন্ত্রী মরিচঝাঁপিতে কি করেছিলেন তা তো আপনি জানেন। আপনি জানেন উদ্বাস্তুদের মরিচঝাঁপিতে কারা নিয়ে এসেছিল। ওঁদের মন্ত্রী রাম চ্যাটার্জি ১৯৭৭ সালে মন্ত্রী হয়ে দন্ডকারণ্যে গিয়ে উদ্বাস্তুদের বলেছিলেন, 'কেন তোমরা এখানে থাকবে, তোমরা এখানে থাকবে না, তোমরা চলে এস। তোমরা বাঙালী, বাংলার নরম মাটিতে তোমাদের জায়গা করে দেব'। তারা তাদের স্থাবর, অস্থাবর সম্পত্তি বিক্রি করে চলে এসেছিল। রাম চ্যাটার্জি তাদের গিয়ে বলেছিলেন, 'আমরা পশ্চিমবাংলায় সরকার দখল করেছি, তোমাদের আর বিদেশ বিভূয়ে পড়ে থাকতে হবে না। তোমরা বাংলায় চলে এস'। তারা তাঁর কথা বিশ্বাস করে হালের বলদ ২০ টাকায় বিক্রি করে দিয়ে, ঘরের চালা ১০ টাকায় বিক্রি করে দিয়ে সুন্দরবনের নোনা জলে অবগাহন করতে এলেন। পশ্চিমবাংলার রাজ্য মন্ত্রী সভার অন্যতম সদস্য তাদের নিয়ে এসেছিলেন। তারা নিজেরা আসে নি। পশ্চিমবাংলায় এসে তারা বিগ্রেড প্যারেড গ্রাউন্ড দখল করে নি বা হিন্দুস্থান পার্কে গিয়ে জ্যোতি বাবুর দরবার কক্ষও তারা দখল করে নি। তারা তাদের পরিবার পরিজন নিয়ে এই শহরের বুকেও তাঁবু খাটিয়ে বসে নি। জলে কুমির, ডাঙ্গায় বাঘ, এমন পরিবেশের মধ্যে গিয়ে তারা বসতি স্থাপন করেছিল।

কি ব্যবস্থা করেছিলেন? আপনারা বলছেন, ক্ষমতায় থাকাকালীন উদ্বাস্তুদের দেখছেন আর যখন ক্ষমতায় ছিলেন না তখনও উদ্বাস্তুদের দেখতেন। কিন্তু এই সমস্ত উদ্বাস্তু মানুষগুলিকে অর্থনৈতিক অবরোধ করে রাখা হয়েছিল। পানীয় জলের জন্য তারা নৌকা করে ১৮ কিলোমিটার দূরে কুমিরঝাঁপি থেকে জল নিয়ে আসত মরিচঝাঁপিতে। মরিচঝাঁপিতে পানীয় জলের কোনও ব্যবস্থা ছিল না। সেখানে চাল এল না, ডাল এল না। এমন কি বাঁচবার জন্য পানীয় জলও আনতে দেওয়া হল না। মানুষগুলি না খেতে পেয়ে কুঁকড়ে কুঁকড়ে মারা যেতে

লাগল। তাদের মধ্যে যারা একটু কর্মক্ষম মানুষ ছিলেন তারা ঘর থেকে বাইরে বেরুতে গেলেই সি. পি. এম.-এর ক্যাডার বাহিনী এবং পুলিশ বাহিনী বেরুতে দিত না। তাদের ঐ হোগলার ঘরগুলিতে ঘিরে রাখল। অনেক বাচ্চা তাদের মায়ের দুধ খেতে না পেয়ে দিনের পর দিন কেঁদে কেঁদে কুঁকড়ে কুঁকড়ে সেখানেই মারা গেল। তার মা ঘর থেকে বেরুতে পারছে না, কারণ বাইরে পুলিশ আর সি. পি. এম.-এর ক্যাডার বাহিনী পাহারা দিচ্ছে। তাই শত ছিন্ন মাদুর যাতে বসে আছে তার একটা কোনা কেটে নিয়ে সেই মাদুরের মধ্যে সদ্য মৃত বাচ্চাকে ঘরের ভিতর খুন্তি দিয়ে মাটি খুঁড়ে গর্ত করে সেই গর্তের মধ্যে মরা বাচ্চাকে চাপা দিয়ে দিল। সেই মা কাঁদবার চেষ্টা করেছিলেন কিন্তু তার চোখের জল শুকিয়ে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তুদের কান্না, মায়ের কান্না কাকে বলে তা কি এরা জানেন? এরপর যাদের গায়ে একটু জোর ছিল তারা যখন জোর করে বেরুতে গিয়েছিল তখন সি. পি. এম.-এর পুলিশ বাহিনী আর ক্যাডার বাহিনী তাদের ধরে জোর করে মাতলা নদীতে ফেলে দিয়েছিল। সেই মানুষগুলো মাতলা নদীর কামোট আর কুমীরের খাদ্য হয়ে গেল। তাদের সেই সমস্ত হোগলার ঘরগুলিকে পেট্রোল দিয়ে জ্বালিয়ে দেওয়া হল। এই হচ্ছে সি. পি. এম.-এর উদ্বাস্তু প্রেম, উদ্বাস্তু প্রীতির নজির। পশ্চিমবাংলার উদ্বাস্তুদের দিনের পর দিন না খেতে দিয়ে তিল তিল করে নিঃশেষ করে দিয়েছেন। কয়েক হাজার বাঙালী পরিবার চিরদিনের মতো বাংলার মাটি থেকে, ভারতবর্ষের মাটি থেকে মুছে গেছে। কেন এই পাপ? এই লজ্জা আমরা কোথায় লুকিয়ে রাখব? তাই বলছি, এই ইতিহাস ক্লেদাক্ত ইতিহাস। আর আজকে শান্তি বাবু বলছেন বাইরে থেকে সাহায্য করেছি, ভিতর থেকেও সাহায্য করেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তুদের জমির দলিল দেবার ক্ষেত্রে — আমরা ১৯৭২ সালে যখন ক্ষমতায় এলাম, ১৯৭৪ সালে জমির দলিল দেবার চেষ্টা করলাম এবং এই ব্যাপারে আমরা কেন্দ্রীয় সরকারকে লিখেছিলাম। কিন্তু কতকগুলি আপত্তি জনক বিষয় দলিলে দেওয়ার কথা বললে আমরা সেই দলিল বন্ধ করে দিয়েছিলাম। ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এলেন। ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত উদ্বাস্তুদের ব্যাপারে একটি কথাও বললেন না। ১৯৮২ সালে যখন নির্বাচন এল তখন আপনারা উদ্বাস্তু প্রশ্নে নাড়াচাড়া শুরু করেছিলেন। ১৯৮৪ সালে ঘৃণ্য শর্ত, কন্টকিত চরম উদ্বাস্তু স্বার্থ বিরোধী লিজ দলিল উদ্বাস্তু মানুষের বাড়িতে বাড়িতে গিয়ে বললেন তোমাদের জন্য এই দলিল নিয়ে এসেছি। তোমাদের আমরা চিরদিনই বিনা শর্তে জমির মালিকানা দিতে চাই, কিন্তু কি করব? কেন্দ্রীয় সরকার এর বেশি কিছু দিচ্ছে না। এই সি. পি. এম. কেন্দ্রীয় সরকারের বিমাতৃ সুলভ আচরণের জন্য মনুমেন্টের তলায় মিটিং করেন, জনতাকে সমবেত করে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন, কেন্দ্রীয় সরকারের বাপ-বাপান্ত না করে জল স্পর্শ করেন না। অথচ এইরকম ঘৃণ্য শর্ত, কন্টকিত উদ্বাস্তু স্বার্থ বিরোধী লিজ দলিল উদ্বাস্তুদের বাড়িতে বাড়িতে ফেরিওয়ালার মতোন দিয়ে গছিয়ে দেবার চেষ্টা করলেন। কিন্তু আমরা বাংলার মানুষকে বলেছিলাম, আপনারা এই ঘৃণ্য দলিল নেবেন না। আপনারা অপেক্ষা করুন, আমরা আপনাদের জন্য লড়াই করব। দেখবেন, বিনা শর্তে আপনাদের দলিল নিয়ে আসব। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় অসত্য ভাষণ দিয়েছেন। কোথায়ও লেখেন নি দলিল বিতরণ করেছেন। দলিল আকাশ থেকে পড়েছে না কি? আলিমুদ্দিন স্ট্রিট থেকে এসেছে কিংবা মসকো থেকে এসেছে, নাকি ভিয়েন-আন-মেন

স্কোয়ার থেকে দলিল এসেছে? এই ঘৃণ্য লিজ দলিল যেদিন তদানীন্তন পুর্নবাসন মন্ত্রী বাড়িতে বাড়িতে ফেরি করে দিচ্ছিলেন সেদিন আমি পশ্চিমবঙ্গ উদ্বাস্তু সংহতির সভাপতি হিসাবে বলেছিলাম, এই দলিল নিলে তোমরা উৎখাত হয়ে যাবে। সেই দলিলে কি লেখা ছিল? সাবমার্সিভ অ্যাকটিভিটি হলে সরকার তোমার জমি কেড়ে নিয়ে যাবে। যদি অস্বাস্থ্যকর পরিবেশ, আন-হাইজেনিক অ্যাটমোসফেয়ার সৃষ্টি করে তাহলে সরকার তোমার জমি দখল নেবে। শান্তিপূর্ণ ভাবে পিসফুলি তুমি তোমার জমি সরকারকে হ্যান্ডওভার করে দেবে। তোমার চৌহদ্দির সীমারেখা যদি অতিক্রম কর তাহলে সরকার তোমার দলিল নিয়ে যাবে। শান্তিপূর্ণ ভাবে তোমার দলিল সরকারের হাতে দিয়ে দিতে হবে।

[2-50 — 3-00 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই শর্তগুলো কী উদ্বাস্তুদের স্বার্থের অনুকূল? সাবমার্সিভ অ্যাকটিভিটিজ কাকে বলে বুঝুন। আজকে তো দেখছি পুলিশ এবং প্রশাসনের চেহারা। আজকে আমাকে মনে করলে খুনী, রাত বারোটার সময় আমাকে ধরে নিয়ে গেল। খুন হল বাড়ির সামনে, প্রকৃত খুনীকে গ্রেপ্তার না করে আমাকে ধরল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমার বাড়ির সামনে একজন মন্ত্রী থাকেন, গত নির্বাচনে সি. পি. এম. দল থেকে তাঁকে টিকিট দেওয়া হয় নি, সেই মন্ত্রীর বাড়ির কুড়ি গজের মধ্যে, থানা হচ্ছে ৫০ গজের মধ্যে, সেখানে খুন হয়ে গেল, সেখানে খুনী গ্রেপ্তার হচ্ছে না। আমি বারো ঘন্টা অপেক্ষা করলাম পুলিশ প্রশাসন কী করে তা দেখার জন্য, কিন্তু দুর্ভাগ্য বশত কাউকে গ্রেপ্তার করা হল না। কারণ খুনী জনৈক তদানিন্তন মন্ত্রীর পুত্র। আমি দাবি তুলেছিলাম খুনীকে গ্রেপ্তার করতে হবে। সাবমার্সিভ অ্যাকটিভিটি কাকে বলে সি. পি. এম.-এর রাজত্বে তা দেখুন। পুলিশের কাছে ডেপুটেশন দিয়েছি, ডেমন্সট্রেশন করেছি, কিন্তু রাত দুটোর সময় আমার বাড়িতে বর্গীর হামলা হল। পুলিশ গিয়ে আমার দারওয়ানের বুকে রিভলভার ঠেকিয়ে কলিং বেল টিপল। আমার বাড়িতে কলিং বেল প্রায় সময়ই বাজে। কারণ কারোর রক্ত দরকার তার ব্যবস্থা করতে হবে, কেউ হাসপাতালে ভর্তি হতে পারে নি, ভর্তি করতে হবে, কেউ হাসপাতালে জায়গা পায় নি, জায়গা করে দিতে হবে। কেউ পুড়ে গেছে তার চিকিৎসার ব্যবস্থা করতে হবে। রাত দুটোর সময় পুলিশ হুড়মুড় করে আমার ঘরে ঢুকল, আমাকে গ্রেপ্তার করল। আমি জিজ্ঞাসা করলাম অ্যারেস্ট ওয়ারেন্ট কোথায়? সেই সব নেই। সাবমার্সিভ অ্যাকটিভিটি বলছেন, এই হচ্ছে তার নমুনা। যে কোনও সময় যাকে হোক গ্রেপ্তার করিয়ে দেওয়া যায় এই জমানায়। এই রকম শর্ত সাপেক্ষ দলিল উদ্বাস্তুদের দিয়েছেন, আবার বলেছেন আন-হাইজিনিক অ্যাটমসফিয়ারের কথা। কোনও সি. পি. এম.-এর কাড্যার যদি অভিযোগ করেন যে এখানে আন-হাইজিনিক অ্যাটমসফিয়ার আছে, তাহলে কান্তি বাবুর দপ্তর তাকে জমি থেকে উচ্ছেদ করে সি. পি. এম. পার্টির সেই ক্যাডারকে দিয়ে দেবেন। আর একটা শর্ত হচ্ছে সীমা উল্লঙ্ঘনের ব্যাপারে। আমি জমিতে রয়েছি, গরিব মানুষ বেড়া দিতে পারছে না। আমার পাশের বাড়ির কোনও দুষ্ট লোক যদি গাছ লাগিয়ে বলে এটা আমার জমি তাহলে আমাকে উচ্ছেদ করে দিয়ে সি. পি. এম. ক্যাডারকে দিয়ে দেওয়া হবে। আমরা

এই জন্য এই শর্ত সাপেক্ষ দলিলের বিরোধিতা করেছি পশ্চিমবঙ্গ উদ্বাস্তু সংগঠনের পক্ষ থেকে। আমরা বলেছি আপনারা অপেক্ষা করুন, আপনাদের আমরা নিঃশর্ত দলিল এনে দেব। তাই তো ৮৪ সালে যখন তরুণ প্রধানমন্ত্রী দায়িত্ব ভার গ্রহণ করেছিলেন, তার ১০ দিনের মধ্যে তাঁর কাছে গিয়ে সমস্ত বিষয়টা তুলে ধরলাম। তারপর তিনি ঘোষণা করেছিলেন পশ্চিমবঙ্গের সমস্ত উদ্বাস্তুদের জমির মালিকানা নিঃশর্ত ভাবে দিয়ে দেওয়া হবে। তদানীন্তন প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের রাজভবনে বসে ৮৬ সালে ঘোষণা করেছিলেন যে নিঃশর্ত দলিল দেওয়া হবে। যেহেতু কেন্দ্রীয় সরকারের ত্রাণ ও পুনর্বাসন দপ্তর নেই, সেই জন্য পশ্চিমবাংলার উদ্বাস্তু ত্রাণ ও পুর্নবাসন দপ্তরের উপর এই নিঃশর্ত জমির দলিল দেবার দায়িত্ব বর্তালো।

উদ্বাস্তু দপ্তরের উপর, রাজ্য সরকারের উপর দায়িত্ব বর্তালো। কি করলেন স্যার, এরা দেখুন। এদের যা হিসাব আসলে কারচুপিটা সেখানেই। কান্তি বাবু বলছেন যে আমরা ১ লক্ষ ৯৪ হাজার বন্টন করেছি, ২ লক্ষ ৩৬ হাজারকে দিতে হবে। আসলে এসব কোনও ঘটনাই নয়। এর অর্ধেক দলিলও এরা এখনও দিতে পারেন নি। কি করেছেন এরা? এটা নিয়ে সামাজিক বিরোধ ছড়িয়ে দিয়েছেন। সি. পি. এম.-এর মাননীয় সদস্যদের বলি, সব কথার সমালোচনা করতে হবে তার দরকার নেই ভাই। দু ভাই-এর মধ্যে বিরোধ। এক ভাই দেখল আর এক ভাইকে তাড়াতে হবে অতএব সে গিয়ে শাসক দলের সদস্য হয়ে গেল। শাসক দলের সদস্য হয়ে বললে যে আমার ঐ ভাইটা কংগ্রেস করে অতএব ওকে তাড়াতে হবে। লোকাল কমিটি বললো ঠিক আছে, বড় ভাইকে তাড়িয়ে দিয়ে ছোট ভাইকে সমস্ত জমিটা দিয়ে দাও! স্যার, এরকম হাজার হাজার ঘটনা ঘটছে। আমার কাছে রোজ এরকম নালিশ আসছে। মাননীয় কান্তি বাবু দায়িত্ব নেবার পর আমি তাকে বলেছি, তিনি বলেছেন, জুলাই মাসে আমার সঙ্গে আলোচনা করবেন এ নিয়ে। এমনও ঘটনা হয়েছে — একজনের ৪।। কাঠা জমি আছে, তিনি ৪৯ সাল থেকে সেই জমি দখল করে আছেন, আর. আর. ডিপার্টমেন্ট থেকে ফতোয়া গেল যে তোমার জমি থেকে দু কাঠা জমি কেটে শিবাজী ঘোষকে দিয়ে দাও। শিবাজী ঘোষকে তা দিয়ে দেওয়া হল। আমার বাড়ি, আমার ঘর, আমার জায়গা, ৪৯ সাল থেকে ৯৪ সাল পর্যন্ত রক্ষা করে এসেছি, এখন বলা হচ্ছে তার অর্ধেকটা কেটে আর একজন কে দিয়ে দাও এবং তা দিয়ে দেওয়া হচ্ছে এমন একজনকে যে কোনওদিন সেই অঞ্চলে ছিল না। শুধু তাই নয়, এই দলিল দেবার নাম করে ঐ ইউ. সি. আর. সি. এবং ১০ নং ক্যামাক স্ট্রিটের দপ্তরের কিছু বাস্তু ঘুঘু আঁতাত করে নিয়েছে। কি হচ্ছে জানেন? উদ্বাস্তু পরিবারকে দলিল দেওয়া হয়েছে, সে সেই দলিল মারোয়াড়ি ব্যবসায়ীকে দিয়ে দিয়েছে এবং সেখানে ১০ তলা বাড়ি তৈরি হয়ে যাচ্ছে। সেই উদ্বাস্তু আবার উদ্বাস্তু হয়ে যাচ্ছে। সেখানে তাকে রক্ষা করার জন্য কোনও চেষ্টা হচ্ছে না। আবার অন্য দিকে কি করছেন? মিউনিসিপ্যাল অ্যাক্ট সংশোধন করেছেন। সেই মিউনিসিপ্যাল অ্যাক্ট সংশোধন করে বলেছেন যে উদ্বাস্তু এলাকায় বাড়ি করতে গেলে কলকাতা কর্পোরেশনের আইন অনুযায়ী বাড়ি করতে হবে, আগে এটা ছিল না। কলকাতা কর্পোরেশনের নূতন যে আইন হয়েছে তাতে উদ্বাস্তু এলাকায় বাড়ি তৈরি করতে গেলে কলকাতা কর্পোরেশনের বিল্ডিং আইন সেখানে পালন করতে হবে। এরা তো জানেই না উদ্বাস্থ পরিবারের ডেফিনেশন। বাবা দু

কাঠা জমি জবর দখল করেছিল ৪৯ সালে। তারা তিন/চার কি পাঁচ ভাই, সকলেই সেখানে আছেন, পাঁচ ভাই বড় হয়েছে, তাদের সংসার হয়েছে এবারে সেই বাড়িটা ভাগ করে পাঁচ ভাই ছোট ছোট ঘর করে থাকতে চান। এখন এই অবস্থায় দু কাঠা বা ২।। কাঠা জমিতে শহরের উপর কলকাতা কর্পোরেশনের ম্যাপ অনুযায়ী, প্ল্যান অনুযায়ী যদি বাড়ি করতে হয় তাহলে তো তারা কেউ বাড়ি করতে পারবে না। ১০ ফুট করে পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণে ছাড়তে হবে। এই করে বাড়ি করতে গেলে কি করে তাহলে পাঁচ ভাই সেখানে বাড়ি করবে? তাহলে ৪/৫ ভাই তো সেখানে বাড়ি করতে পারবে না। আপনারা তো দেখেছেন যে কলকাতা শহরে এখন কতটা করে জায়গা ছেড়ে বাড়ি করতে হচ্ছে। আজকে উদ্বাস্তু অঞ্চলে যদি এই আইন চালু করা হয় তাহলে তো ৪/৫ ভাই মিলে সেখানে বাড়ি করতে পারবে না। তাহলে তারা কি করবে? যখন দেখবে কেউ থাকতে পারছে না তখন তারা বিক্রি করে দেবে। ফলটা কি হল? ৫০ বছর ধরে তারা কলকাতায় থাকল, বামফ্রন্ট সরকার ২০ বছর ধরে এখানে ক্ষমতায় থাকলেন এবং সেই সরকারের বদান্যতায় তারা আর বাড়ি করতে পারল না, মাথা গোঁজার ঠাঁই করতে পারল না। তারা বিয়ে করেছে, সংসার হয়েছে, তা বড় হয়েছে অতএব বাড়ি বিক্রি করে দিয়ে হয় ডায়মন্ডহারবার বা ফলতার দিকে চলে যাবে এবং ২/৪/৫ হাজার টাকা কাঠায় জমি কিনে থাকবে। এইভাবে শহর কলকাতা থেকে উদ্বাস্তুদের উৎখাত করার প্ল্যান তৈরি হয়ে গেল। এখন এই জমিগুলি কারা কিনবে? এগুলি কিনবে ব্যবসায়ীরা। এগুলি আজকে প্রাইম ল্যান্ড হয়ে গিয়েছে। কলোনীর এইসব প্রাইম ল্যান্ডে ব্যবসায়ীরা বড় বড় বাড়ি করবে, সি. পি. এম.-এর পার্টি তহবিলে টাকা আসবে, ক্যাডার সাপ্লাই হবে এবং উদ্বাস্তুদের দফা-রফা হবে। আর এই সরকার তা বসে বসে দেখবেন, মন্ত্রীরা মাহিনা নেবেন, গাড়ি চাপবেন, হুইপ দেবেন, শাসন করবেন, শোষণ করবেন এবং উদ্বাস্তুরা শোষিত হবে, বঞ্চিত হবে। স্যার, কতদিন আর এই পাপ আমরা মুখ বুজে সহ্য করব? কান্তি বাবু নূতন দায়িত্ব নিয়েছেন এই দপ্তরের, তাকে বলি, আজকে এই উদ্বাস্তু দপ্তরটা বাস্তু ঘুঘুর বাসা হয়ে দাঁড়িয়েছে। কান্তি বাবুকে বলি, কান্তি বাবু, আপনার বাড়িটা কালকেই আমার নামে করে নেওয়া যেতে পারে এমন অবস্থা এই উদ্বাস্তু দপ্তরের হয়ে গিয়েছে। যে কোনও উদ্বাস্তু পরিবারকে যে কোনও সময় উৎখাত করে দিচ্ছে। এখান থেকে নোটিশ যাচ্ছে, থানায় নোটিশের কপি দেওয়া হচ্ছে, লোকাল কমিটির অফিসে নোটিশ যাচ্ছে, লোকাল কমিটি থানাকে ডাকছে — থানা, লোকাল কামটি এবং যাকে জমি দেওয়া হয়েছে সে — এই এ্যহস্পর্শ গিলে নিচ্ছে জমি। হাজার হাজার পরিবার আজকে এর ফলে উৎখাত হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। ভাই-এ ভাই-এ বিরোধ বাঁধিয়ে দিয়ে পারিবারিক অশান্তির, সামাজিক অশান্তির বীজ এই ভাবে বপন করে দেওয়া হচ্ছে। এই দলিল নিয়ে একটা নিও-কলোনিয়ালিজিম শুরু হচ্ছে। এর প্রতি সদা জাগ্রত দৃষ্টি রাখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[3-00 — 3-10 P. M.]

মাননীয় মন্ত্রী মহাশয়ের উপরে আমি আস্থা রাখি। কারণ তিনি গরিব ঘর থেকে লড়াই করে, জীবনে সংগ্রামের মুখোমুখী দাঁড়িয়ে আজকে রাজনীতির আঙ্গিনায় এসেছেন। কিন্তু তাঁকে

স্মরণ করিয়ে দিতে চাই যে তাঁর দপ্তর একটি বাস্তু ঘুঘুর জায়গা। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন এবং আপনারাও শুনেছেন যে কলকাতায় যোধপুর পার্ক বলে একটা জায়গা আছে। সেই জায়গার এক কাঠা জমি দাম ১০ লক্ষ টাকা। সেখানে উদ্বাস্তু কলোনীও আছে। সেই জমি অ্যাকুইজিশন করা হয়েছে রাম বাবুর কাছ থেকে এবং কমপেনসেশনও দেওয়া হয়েছে। সেই জায়গায় তখনও উদ্বাস্তুরা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় সেই জায়গা রিলিজ করে প্রোমোটারদের কাছে দিয়ে দিয়েছেন। এই ভাবে কায়েমী স্বার্থের হাতে সেই জমি তুলে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে তাঁর বিবৃতিতে একদিকে সংখ্যা তত্বের কথা বলে হাউসকে বিভ্রান্ত করেছেন, অন্য দিকে পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের উৎখাত করার জন্য একটা ভিন্ন ষড়যন্ত্র করেছেন। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে রি-কনসিডার করার জন্য আমার বক্তব্য পৌঁছে দেবার ব্যর্থ চেষ্টা করে, আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ। বন্দে মাতরম।

**শ্রী দেবব্রত ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শরণার্থী, ত্রাণ এবং পুর্নবাসন দপ্তরের মন্ত্রী মহাশয় ১৯৯৬-৯৭ সালের যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে আমি পূর্ণ ভাবে সমর্থন জানাচ্ছি এবং সেই সঙ্গে এই প্রসঙ্গে দু চারটি কথার অবতারনা করছি। এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, গোটা ভারতবর্ষের মানুষের অজানা নেই, যে সমস্যা এক সময়ে সৃষ্টি হয়েছিল ভারতের পূর্ব এবং পশ্চিম প্রান্তে, তা ছিল একটা গভীর মানবিক সমস্যা। তদানীন্তন কেন্দ্রীয় সরকারের রাজনৈতিক সিদ্ধান্ত থেকে এটা উদ্ভুত হয়েছিল, তা সকলেই জানে। বিষয়টা কিন্তু সেখানে নয়। আমাদের দেখতে হবে যে, সেই সময়ে আমাদের দেশের কেন্দ্রীয় সরকার সেই সমস্ত উদ্বাস্তু সম্পর্কে কি দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছিলেন। এরা স্বাধীনতা আন্দোলন সংগ্রামের বলি এই হিসাবে যদি বিষয়টাকে দেখি তাহলে অবশ্য যে দৃষ্টিভঙ্গি আমরা গ্রহণ করব, ভিন্ন ভাবে বিচার করলে অবশ্য দৃষ্টিভঙ্গি ভিন্ন হতে বাধ্য। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, ভারতবর্ষে উদ্বাস্তু আগমন পূর্ব এবং পশ্চিমে একই সময়ে হয়েছিল। তদানীন্তন কেন্দ্রীয় সরকার এবং পুনর্বাসন মন্ত্রী মেহেরচাঁদ খান্না মহাশয় দুটো বিপরীত দৃষ্টিভঙ্গি থেকে গোটা সমস্যার কথা ভেবেছিলেন। মাননীয় বিরোধী দলের সদস্য এখানে উল্লেখ করেছেন। কিন্তু তিনি উল্লেখ করতে ভুলে গেছেন যে পশ্চিম পাকিস্থান, পশ্চিম পাঞ্জাবে এবং পূর্ব পাঞ্জাব-এর মধ্যে সম্পত্তি বিনিময় সম্পর্কে যে কথা ছিল, পূর্ব পাকিস্তানের ক্ষেত্রে সেটা ঘটে নি। এটা সমাধানের ক্ষেত্রে একটা প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছিল। মাননীয় সদস্য যে কথা বলেছেন, তার সঙ্গে আমি এক মত যে দিল্লি, হরিয়ানা, রাজস্থান বিভিন্ন এলাকায় গেলে দেখা যায় যে পশ্চিম পাকিস্তান থেকে আগত উদ্বাস্তু ব্যবসা-বাণিজ্য, নানা বিধ কার্যকলাপ সেখানে তারা করেছেন।

অথচ সম্পূর্ণ বিপরীত চিত্র পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের ক্ষেত্রে ঘটল? এটা কোনও রাজনৈতিক তর্ক-বিতর্কের বিষয় হতে পারে না। আমরা গর্ব বোধ করি, পশ্চিমবঙ্গ বিধানসভা ১৯৯২ সালে সর্বদলীয় প্রতিনিধি দলকে দিল্লি পাঠিয়েছিলেন এই মানবিক সমস্যার সমাধান কল্পে। কিন্তু সত্যকে বিকৃত করে সঠিক জায়গায় উপনীত হওয়া যাবে? মেহের চাঁদ

খান্না মহাশয় পশ্চিম পাকিস্তান সরকারের সঙ্গে বসে যে চুক্তি করেছিলেন তাতে বলা হয়েছিল যে, উভয় দেশের উদ্বাস্তুদের সম্পত্তি বিনিময়ের মধ্যে দিয়ে যথার্থ অর্থে ছিন্নমূল উদ্বাস্তু তাদের হতে হবে না। সেই নীতি পূর্ব বাংলার উদ্বাস্তুদের ক্ষেত্রে কেন গ্রহণ করা হয় নি সেটা যদি কংগ্রেসি বন্ধু একটু বলেন তাহলে বাধিত হব। উনি বলেছেন যে, দীর্ঘ ৩০ বছর ধরে তিনি উদ্বাস্তু আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন। ঐ একই সময় ধরে আমি নিজেও কিন্তু উদ্বাস্তু আন্দোলনের সঙ্গে যুক্ত রয়েছি। কিন্তু আমার আগের প্রশ্নের জবাব তো আপনারা কখনও দিতে পারেন নি! স্বাধীনতা উত্তরকালে যখন উদ্বাস্তু আগমন অনিবার্য হয়ে উঠেছিল, আমার বিরোধী বন্ধুকে আবার জিজ্ঞাসা করছি, সে সময় পার্লামেন্টে দাঁড়িয়ে জওহরলাল নেহেরুর দেওয়া উক্তিটি কি আপনি ভুলে গেছেন? সেখানে তিনি বলেছিলেন, — 'দেশবিভাগ জনিত কারণে যে সমস্ত মানুষ ছিন্নমূল হয়ে ভারতবর্ষে আসবেন তারা আমাদের অতিথী হিসাবে আসবেন, তাদের আমরা স্বাগত জানাবো, তাদের সমস্ত দায় দায়িত্ব আমরা গ্রহণ করব'। পার্লামেন্টের প্রসিডিংসের মধ্যে জওহরলাল নেহেরুর এই উক্তিটি রয়েছে, কিন্তু আপনি ৩০ বছর উদ্বাস্তুদের জন্য আন্দোলন করে সেকথা ভুলে গেছেন। তাদের কিন্তু এখানে স্বাগত জানানো হয় নি। তিনি সঠিক ভাবেই বলেছেন যে, ক্যানাল বা রেল লাইনের ধারে ধারে এক শ্রেণীর মনুষ্য জাতির খোঁজ পাওয়া যাবে, একটু খোঁজ নিলে বোঝা যাবে যে, তারা সবাই পূর্ব বাংলার উদ্বাস্তু। মন্ত্রী মহাশয় তাঁর রিপোর্টে সঠিক ভাবেই উল্লেখ করেছেন এক্ষেত্রে বৈষম্যের কথা, কারণ তাঁদের জন্য পুনর্বাসন পরিকল্পনা রচনার ক্ষেত্রে অতি সামান্য টাকা ব্যয় করা হয়েছে। পাঞ্জাবে আগত উদ্বাস্তুদের জন্য নির্মিত ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, হাউসিং এস্টেট গড়ে তোলা বা উদ্বাস্তুদের স্বনির্ভর করার জন্য যে টাকা প্রয়োজন সেসব প্রয়োজনীয়তা কি ঐ টাকায় মেটানো যেত? এর দ্বারা কি বাঙালী উদ্বাস্তুদের প্রতি কেন্দ্রীয় সরকারের সদিচ্ছার ঘাটতি প্রমাণ হয় না? এটা একটা জাতীয় সমস্যা, কিন্তু জাতীয় সমস্যা হিসাবে একে স্বীকৃতি দেওয়া হয় নি। আবার কংগ্রেসি বন্ধুকে জিজ্ঞাসা করতে চাই নিশ্চয়ই আপনার স্মরণ রয়েছে যে, নরসীমা রাও সরকারের শেষ ভাগে উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ তুলে দেওয়া হয়েছিল — পূর্ব বাংলার উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য যদি সত্যি আপনাদের ঐকান্তিক ইচ্ছা থাকত তাহলে সেই সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত ঐ দপ্তর কি করে তুলে দেওয়া হল? এটা কি তাদের প্রতি সদিচ্ছার প্রকাশ? এখানে কংগ্রেসি বন্ধু বলেছেন যে, উদ্বাস্তুদের জন্য কলোনীসহ বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছিল। কিন্তু তথ্য ও নথি দেখলে বোঝা যাবে যে, সেগুলো ছিল অসম্পূর্ণ সব প্রস্তাব, তার বেশি কিছু নয়। বামপন্থীরাই উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করেছিলেন, কলোনী গঠন থেকে শুরু করে সমস্ত কিছুই তারা করেছিলেন কেন্দ্রের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে এবং তারই জন্য আজকে তারা পায়ের নিচে মাটি খুঁজে পেয়েছেন। এর জন্য অবশ্যই বামপন্থীরা গর্ব অনুভব করতে পারেন। আমরা সরকারে থাকি বা না থাকি, আমরা সব সময় উদ্বাস্তুদের সঙ্গে থাকব।

[3-10 — 3-20 P. M.]

এই সত্যকে অস্বীকার করার কি অর্থ হতে পারে? আমাদের বিরোধী বন্ধু তাঁর

বক্তব্যের সময়ে বলেছেন যে তিনি তৃতীয় জেনারেশনের উদ্বাস্তু। তিনি সঠিক ভাবেই উল্লেখ করেছেন। কিন্তু আমি বলতে চাই, প্রথম জেনারেশনের যাঁরা উদ্বাস্তু ছিলেন, এমতাবস্থায় কংগ্রেস আমলে যে দলিলের কথা আমার বন্ধু উল্লেখ করেছেন, সেখানে তিনি সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি বিষয় উল্লেখ করতে ভুলে গিয়েছেন।

**(এই সময়ে লাল আলো জ্বলতে দেখা যায়।)**

দলিলের (খ) ধারায় উল্লেখিত হয়েছে যে, হস্তান্তরিত জমির ......।

**(এই সময়ে মাইক অফ হয়ে যায় এবং পরবর্তী বক্তাকে বলার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ডাকেন।)**

**শ্রী নীরদ রায়চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে উদ্বাস্তু খাতে মাননীয় ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় ১৯৯৬-৯৭ সালের জন্য যে বাজেট প্রস্তাব — ৪১ কোটি ৪২ লক্ষ ৩০ হাজার টাকার — যে ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য রেখেছেন, আমি সেই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি। এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি যদি তাঁর বলার সময়ে দয়া করে বলেন যে, এই টাকার কত অংশ উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য এবং তাঁদের ডেভেলপমেন্টের জন্য খরচ হবে, এবং কত অংশ কর্মচারিদের মাইনে, ঘর বাড়ি ও অন্যান্য অংশে খরচ হবে, তাহলে আমরা উপকৃত হব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যয় বরাদ্দের উপরে আলোচনা করতে গিয়ে আমার একটু পিছনের দিকের কথা মনে পড়ছে। এখন আমার বয়স ৬৫ বছর। আমি সেই সময়ে বেশ স্বজ্ঞানে ছিলাম। আমি তখন স্কুলে পড়াশোনা করতাম। আমার পরিষ্কার মনে আছে, ১৯৪৭ সালে স্বাধীনোত্তরকালে ভারতবর্ষের তদানীন্তন প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরু দিল্লির লালকেল্লায় যখন পতাকা উড্ডীন করছিলেন, তখন ভারতবাসীর কাছে অনেক কথা বলেছিলেন। তার মধ্যে তিনি উদ্বাস্তু সমস্যার কথা বলেছিলেন। তিনি বলেছিলেন যে, স্বাধীনতা এল, তার মধ্যে থেকে একটি নূতন সমস্যার সৃষ্টি হল। পূর্ববঙ্গ থেকে যেসব উদ্বাস্তু আসবে, তাদের জন্য আমি সমুচিত ব্যবস্থা করব। তিনি বলেছিলেন যেসব উদ্বাস্তু আসবে, তাদের ঘর বাড়ির ব্যবস্থা করা হবে, চাকুরির ব্যবস্থা হবে এবং যারা কৃষি পরিবারের তাদের কৃষি জমি দেওয়া হবে — সমস্ত ব্যবস্থা তাদের জন্য করা হবে। এমন কি একটি দুটি স্টিমারও পাঠানো হয়েছিল এই উদ্বাস্তুদের নিয়ে আসার জন্য। কিন্তু কি ঘটল? অত্যন্ত পরিতাপের এবং লজ্জার বিষয়, আমরা দেখলাম, হাজার হাজার উদ্বাস্তু আসতে শুরু করলেন। ১৯৫০ সালে প্রায় ৫০ হাজার উদ্বাস্তু এসেছিলেন। এই যে উদ্বাস্তু সেদিন এসেছিলেন তাঁদের জন্য কিছুই চিন্তা ভাবনা করা হল না। আমরা দেখলাম, ১৯৫০ সালে যখন উদ্বাস্তুদের স্রোত বইছে, উদ্বাস্তুরা এদেশে আসছে, তাদের জন্য কোনও ব্যবস্থা হচ্ছে না। তারা ওই শিয়ালদহ এবং হাওড়ার স্টেশনের বিভিন্ন রাস্তা ঘাটে পড়ে আছে এই যখন অবস্থা তারই মধ্যে আরেকটি ঘটনা ঘটে গেল। ১৯৫০ সালে লিয়াকৎ চুক্তি সাক্ষরিত হল। ১৯৫০ সালে

লিয়াকৎ চুক্তি সাক্ষরিত হওয়ার মধ্যে দিয়ে মূল সুর যেটা বলা হয়েছিল সেটা জওহরলাল নেহেরুর বক্তব্যের মধ্যে দিয়ে প্রতিফলিত হল যে, উদ্বাস্তুদের আবার পূর্ববঙ্গে প্রত্যাবর্তন করতে হবে। এটাই হচ্ছে উদ্বাস্তুদের উপরে সাংঘাতিকতম সর্বনাশ। তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী লিয়াকৎ আলির সঙ্গে সাক্ষর দিলেন যে উদ্বাস্তুরা প্রত্যাবর্তন করবেন। কিন্তু আসলে আমরা কি দেখলাম — একটা উদ্বাস্তুও পূর্ববাংলায় প্রত্যাবর্তন করলেন না এবং তাদের সুষ্ঠ পুনর্বাসনের পরিবর্তে বেহাল অবস্থা হতে লাগল। তাদের দায় দায়িত্ব নেবার কথা তো দূরে থাকুক ওই উদ্বাস্তুদের উপরে অন্যায় অত্যাচার হতে শুরু করল। এই চুক্তির ফলে উদ্বাস্তু চলে যাবে, তারা আসবে না এইকথা ছিল কিন্তু দেখলাম যে ১৯৭৩ সালে ৫৮ লক্ষের উপরে উদ্বাস্তু ভারতবর্ষে এসে গেল। যে উদ্বাস্তু পশ্চিমবঙ্গে এলেন তারা মোট জনসংখ্যার অর্দ্ধেকের কিছু কম সংখ্যক এলেন। উদ্বাস্তুদের উপরে যে অন্যায় এবং অত্যাচার হয়েছে তার আরেকটা প্রমাণ আমি দেব — ১৯৭৩ সালে পশ্চিম পাকিস্তান থেকে ৪৭.৪০ শরণার্থী এ দেশে চলে আসে এবং যাদের জন্য কেন্দ্রীয় সরকার ৪৫৬ কোটি টাকা খরচ করেছিলেন, অথচ পূর্ববাংলার থেকে যে ৫৮ লক্ষ উদ্বাস্তু বা শরণার্থী এদেশে এল তাদের জন্য কেন্দ্রীয় সরকার মাত্র ২৫ কোটি টাকা খরচ করেছিলেন, এটা কি লজ্জার বিষয় নয়? পশ্চিমবঙ্গ সরকার তখন ওই উদ্বাস্তুদের জন্য একটা আর আর কমিটি গঠন করেন, ওই আর আর কমিটি পশ্চিম বাংলায় ঘুরে .....

(এমন সময়ে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার ব্যয় বরাদ্দের দাবি সমর্থন করে কয়েকটি কথা এই সভায় বিনয়ের সাথে নিবেদন করতে চাই। আমি প্রথমেই বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন এসেছে বা ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করছি, এইজন্য বিরোধিতা করছি যে, প্রথম যে ছাঁটাই প্রস্তাব মাননীয় সদস্য শ্রী শ্যামাদাস বন্দ্যোপাধ্যায় রেখেছেন যে, হীরাপুর সহ আসানসোল মহকুমার বিভিন্ন অঞ্চলে ধ্বস রোধ করতে ও ধ্বসে ক্ষতিগ্রস্থ মানুষদের পুনর্বাসনের ব্যবস্থা করতে রাজ্য সরকারের ব্যর্থতা। তিনি যে কথাটি রেখেছেন তাতে বলছি যে, খনি অঞ্চলের দায়িত্ব উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের নয় এবং এই জন্যই ছাঁটাই প্রস্তাবটি অপ্রাসঙ্গিক এবং স্বাভাবিক ভাবেই আমি এর বিরোধিতা করছি।

[3-20 — 3-30 P. M.]

২ নম্বরে যেটা কমল মুখার্জি মহাশয় এনেছেন, উদ্বাস্তুদের জমির পাট্টা বিতরণে রাজ্য সরকারের ব্যর্থতা। ৮৫ শতাংশ পাট্টা ইতিমধ্যে বিতরণ হয়েছে, জটিলতা আছে, পঙ্কজ বাবু জানেন, জমির পাট্টা দেওয়া কত জটিলতা, কত আইনগত ঝামেলা আছে, আদালত ইত্যাদি আছে। সেইজন্য ৮৫ শতাংশে যে জমির পাট্টা দিয়েছি এটা আমাদের সাফল্যের নজির, ব্যর্থতার কোনও প্রশ্ন উঠে না। সেইজন্য আমি এই ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। আব্দুল মান্নান সাহেব যেটা এনেছেন, রাজ্যে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যাপারে উপযুক্ত পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতা। অন্তত পঙ্কজ বাবু জানেন, যথাযথ ভাবে পরিকল্পনা দিল্লিতে পাঠিয়েছি।

দুইবার এখানকার সর্ব দলীয় প্রতিনিধি দল দিল্লিতে গিয়েছে, শীলা করের সঙ্গে তারা দেখা করেছেন, প্রধামন্ত্রীর সঙ্গে দেখা করেছেন, ডেপুটি চেয়ারম্যান প্ল্যানিং কমিশনের সঙ্গে — প্রণব বাবুর সঙ্গে — দেখা করেছেন। সর্বশেষ ১৭৫০ কোটি টাকার একটা প্যাকেজিং-এর প্রোগ্রাম আমরা দিয়েছি দিল্লিতে, সেইজন্য আমার বিশ্বাস মাননীয় সদস্য পঙ্কজ বাবু তিনিও অন্তত বুঝবেন প্যাকেজিং-এর কোনও অভাব নেই। সেইজন্য এই ছাঁটাই প্রস্তাবের আমি স্বাভাবিক ভাবে বিরোধিতা করছি। আর দ্বিতীয় কথা মাননীয় সদস্য পঙ্কজ বাবু এখানে বলেছেন যে বাজেট প্রস্তাবের মধ্যে অসঙ্গতি আছে। আমার মনে হয়, পঙ্কজ বাবু বিভিন্ন কাজের মধ্যে ব্যস্ত থাকার জন্য বোধ হয় ঠিকমতো পড়ে উঠতে পারেন নি, বা দেখতে পারেন নি। আমি পঙ্কজ বাবুর দৃষ্টি আকর্ষণ করছি, দেখুন প্রশান্ত বাবু গতবার যে বাজেট বিবৃতি দিয়েছিলেন, তার দুই নম্বর পৃষ্ঠায় তিনি বলেছেন, ৩.২ অনুচ্ছেদে, তারপর ৫০ সালে অবস্থার অবনতি এতটাই ঘটল যে আরও ১২ লক্ষ গৃহহীন মানুষ এই রাজ্যে চলে এলেন। এটা প্রশান্ত বাবুর কথা। আমি কি বলেছি, ৫০ সালের মধ্যে সাড়ে পঁচিশ লক্ষের ওপর শরণার্থী পশ্চিমবাংলায় চলে আসেন। অসঙ্গতি কোথায়? প্রশান্ত বাবু বলেছিলেন, অবস্থার অবনতি ঘটার ফলে ৫০ সালের পরে আরও ১২ লক্ষ মানুষ আসেন। আমি বলেছিলাম ৫০ সাল পর্যন্ত সাড়ে ২৫ লক্ষ মানুষ এসেছেন, আর ৫০ সালের পরে আরও ১২ লক্ষ, এখানে তো কোনও অসঙ্গতি নেই। দ্বিতীয়ত পঙ্কজ বাবু একটি কথা বলেছেন, এই দিকে যদি একটু খানি দৃষ্টি দেন, বাজেট বক্তৃতায় প্রথম পৃষ্ঠায় ৫ নম্বর অনুচ্ছেদে আমি বলেছি, ৭৩ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিম পাকিস্তান থেকে আগত ৪৭ লক্ষ ৪০ হাজার শরণার্থীর সরাসরি পুনর্বাসনের জন্য ৪৫৬ কোটি টাকা খরচ হয়েছিল। অথচ পূর্ব পাকিস্তান থেকে আগত ৫৮ লক্ষ শরণার্থীর জন্য খরচ করা হল মাত্র ৮৫ কোটি টাকা। তাহলে ৭৩ সালের জুলাই মাস পর্যন্ত এই সময়ে পূর্ব পাকিস্তানের আগত শরণার্থীদের জন্য ৮৫ কোটি টাকা ব্যয় হল, তারপরে কি বলেছে, ২০ বছর পরে ভারত সরকার এই রাজ্যকে যে টাকা দিয়েছে সেটা তখন থেকে পুনর্বাসনের খাতে ৮০ কোটি টাকাও নয়, অসঙ্গতি কোথায়? ৭৩ সাল পর্যন্ত ৮৫ কোটি টাকা, তারপরে যে টাকা দিয়েছেন সাকুল্যে ৮০ কোটি টাকাও নয়। কোনও অসঙ্গতি নেই, পরিষ্কার। আপনার বিদ্যাবুদ্ধির প্রতি যথেষ্ট আস্থা আছে, হয়ত ব্যস্ততার জন্য সবটা পড়তে পারেন নি, সেইজন্য এই অসঙ্গতি থাকতে পারে। সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি যে বিষয়গুলি উল্লেখ করেছেন, জমির দলিল, কেন্দ্রীয় সরকার প্রথম লিজ দলিল দিতে চায়। আমরা তার প্রচন্ড বিরোধিতা করি। অবশেষে আমাদের সরকার, আমাদের জমিতে যখন ফ্রি হোল্ড টাইটেল দিতে আরম্ভ করেছে, — যখন দিতে আরম্ভ করে — তখন পরবর্তী সময়ে কেন্দ্রীয় সরকার রাজি হয়। এইজন্য কেন্দ্রীয় সরকারকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তারা প্রথমে দিতে চান নি। আমাদের রাজ্য সরকারের যে জমি, সেই জমিতে যখন দিতে শুরু করলাম, তারপরে কেন্দ্রীয় সরকার আমাদের এই প্রস্তাবে রাজি হলেন, সেইজন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি। এর জন্য আমাদের অনেক পরিশ্রম করতে হয়েছে, এই প্রস্তাবে রাজি করানোর জন্য। আপনি একটি কথা উল্লেখ করেছেন কর্পোরেশনের ব্যাপারে। হ্যাঁ, আমরা জানি, আমি তো কলকাতার অধিবাসী নই, মন্ত্রী হওয়ার পরে কলকাতায় অধিবাসী হয়েছি। আপনি কলকাতার অধিবাসী। আমরা জানি কলকাতায় বিভিন্ন প্রকার বে-

আইনি বাড়ি ঘর তৈরি হয়েছে তার জন্য কলকাতা পৌরসভার বিভিন্ন আইন তৈরি করতে হয়েছে। উদ্বাস্তুদের যে সামান্য জমি, সেই জমিতে কলকাতা কর্পোরেশনের আওতায় বাড়ি তৈরি করতে হয়েছে। উদ্বাস্তুদের যে সামান্য জমি, সেই জমিতে কলকাতা কর্পোরেশনের আওতায় বাড়ি তৈরি করবার আইনকে বজায় রেখে বাড়ি তৈরি করা অত্যন্ত কঠিন। এই প্রসঙ্গে কোনও সন্দেহ নেই। আমি এই ব্যাপারে আপনার সঙ্গে সম্পূর্ণ একমত। কিন্তু আপনি এটাও জানেন, পঞ্চান্ন গ্রাম থেকে আরম্ভ করে যেখানে উদ্বাস্তুরা বাড়ি করছে, সরকারের সাহায্য নিয়ে, সেখানে কলকাতা কর্পোরেশনের আওতায় বাড়ি করবার যে নিয়ম কানুন তাকে শিথিল করা হয়েছে বলা হচ্ছে, এই নিয়মকানুন সেখানে খাটবে না। উদ্বাস্তুদের তরফে পশ্চিমবঙ্গ সরকার এবং কলকাতা কর্পোরেশন তাদের সুবিধার জন্য এই ব্যবস্থা করেছে। আপনি যোধপুরকে সাইড-রে কথা বলেছেন, যোধপুরকে সাইড আমার থেকে আপনি কম জানেন এটা আমি মনে করি না। সেখানে পস এলাকা, জমির দাম অত্যন্ত বেশি। সেখানে ইতিমধ্যে ২২টি দলিল আমরা দিয়েছি, কিন্তু জটিলতা আছে।

উদ্বাস্তুদের জমি বিতরণ করা, বিভিন্ন এলাকা ঠিক করা, ম্যাপ তৈরি করা, তার নকশা তৈরি করা, পজেশন দেওয়া কি দূরহ কাজ, সেটা উদ্বাস্তু অঞ্চলের সঙ্গে যারা যুক্ত তারা এটা জানেন। সেই কাজ আমরা করছি। উদ্বাস্তুদের প্রতি আপনাদের দরদ আছে সেই ব্যাপারে মাননীয় সদস্যদের সাহায্য চাইব এই অসুবিধা দূর করবার চেষ্টা করব, তবে সবটা দূর করব এটা সম্ভব নয়, তবে আমরা এই সমস্যার সমাধানের চেষ্টা করব। আপনি আপনার আলোচনায় দন্ডকারণ্যের কথা বলেছেন। দন্ডাকারণ্যে আপনি গেছেন কিনা জানি না, উদ্বাস্তুদের সঙ্গে আমরা জড়িত আমি দন্ডাকারণ্যে গেছি। সেখানে যারা বসবাস করেন — আপনারা বুকে হাত দিয়ে বলুন তো — সেই উদ্বাস্তু মানুষের শিক্ষা, সংস্কৃতি, বসবাসের সুযোগ দন্ডাকারণ্যে কতটুকু আছে? আমাদের নিজেদেরই প্রশ্ন জাগে, যে অবস্থায় আমরা তাদের রেখেছি, একটা ভয় ভীতি, সন্ত্রাসের মধ্যে আছি, তাদের ভবিষ্যত কি হবে। এই অসুবিধার মধ্যেই তাদের বসবাস করতে হচ্ছে। এটা কোনও রাজনৈতিক ব্যাপার নয়, মানবিক দৃষ্টিকোণ থেকে এটা ভাবতে হবে। যে উদ্বাস্তুরা আছেন, তাদের সাধারণ পুনর্বাসনের ব্যবস্থা আমাদের করতে হবে। আপনার একটা কথার আমি প্রতিবাদ করছি, আপনি শেষ বাক্যে বললেন ব্যর্থ প্রয়াস। আপনার প্রয়াস ব্যর্থ হবে কেন, আমি সব শুনেছি। পরবর্তী কথাটা বলতে চাই, উদ্বাস্তু সমস্যা, শরণার্থী সমস্যা আজকে আমাদের এখানে হচ্ছে। যে অঞ্চলের মানুষ স্বাধীনতা সংগ্রামের জন্য কম ত্যাগ স্বীকার করে নি তাদের পুর্বপুরুষের ভিটে মাটি ছেড়ে আসতে হল। তাদের আজকে অনিশ্চিত জীবন যাবন করতে হচ্ছে। এই দায়িত্ব আজকে জাতীয় দায়িত্ব, কিন্তু কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিল পূর্ববঙ্গের শরণার্থী সমস্যা কোনও সমস্যা নয়, যেটুকু কাজ বাকি আছে সেটা রেসিডুয়ারি প্রবলেম, ২২ কোটি টাকাতেই এই সমস্যার সমাধান হয়ে যাবে। উদ্বাস্তুদের প্রতি যাদের দরদ আছে তারাও কেন্দ্রীয় সরকারের এই ঘোষণাকে সানন্দে গ্রহণ করতে পারে নি। তারাও এই ঘোষণার প্রতিবাদ করেছেন এবং করা উচিত বলেই আমি মনে করি। আজকে উদ্বাস্তু সমস্যা মধ্যপ্রাচ্যে নেই, দক্ষিণ আমেরিকায় নেই, ইউরোপে নেই, এই উদ্বাস্তু সমস্যা আজকে সব জায়গাতেই আছে এবং তারা জাতি সংঘ থেকে সাহায্য

পাচ্ছে। কিন্তু আমরা কিছুই পাই নি। আমাদের এখানকার হতভাগ্য উদ্বাস্তুরা সেই সাহায্য থেকে বঞ্চিত। এই বেদনা ও ক্ষোভ আমাদের মনে যেমন আছে, পশ্চিমবাংলার প্রতিটি মানুষের মধ্যে সেটা থাকা উচিত। আমি শুধু এটুকু বলতে চাই, কেন্দ্রীয় সরকারের কাছে আমরা আবার অর্থের দাবি করব। তাদের পুনর্বাসনের দায়িত্ব, তাদের জীবন যাপনের সমস্যা আছে, পি. এল. ক্যাম্প, নানা ক্যাম্প এলাকার উদ্বাস্তুরা যেভাবে জীবন যাপন করছেন তার দায়িত্ব নেওয়ার ক্ষমতা রাজ্য সরকারের একার পক্ষে সম্ভব নয়। আমরা দুবার এই বিধানসভা থেকে দিল্লি গিয়েছি এবং আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাব, কেন্দ্রে নূতন সরকার এসেছে, তাদের কাছে ভারতবর্ষের মানুষের আশা আকাঙ্খা অনেক বেশি, তারা যাতে এই মানবিক দিকটির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন, উদ্বাস্তুদের পুনর্বাসনের প্রতি ব্যবস্থা নেবেন এই আশা আমরা যুক্তফ্রন্ট সরকারের কাছে কামনা করব। বিরোধী দলের বন্ধুদের কাছে আমি আবেদন জানাব এই বাজেটকে আপনারা সমর্থন জানাবেন এবং সর্বাধিক গঠনমূলক আলোচনা করে আমাদের হাত শক্ত করবেন। আমি পুনরায় ছাঁটাই প্রস্তাবগুলোর বিরোধিতা করে, এই বাজেট গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**Demand No. 40**

There are cut motions of Shri Shyamadas Banerjee, Shri Kamal Mukherjee and Shri Abdul Mannan that the amount of Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 41,42,30,000 be granted for expenditure under Demand No. 40, **Major Heads : "2235 — Social Security and Welfare (Rehabilitation) and 6235 — Loans for Social Security and Welfare (Rehabilitation)"** during the current financial year. (This is inclusive of a total sum of Rs. 13,82,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

**Mr. Deputy Sepeaker :** Now discussion on Demand Nos. 47, 48, 55, 58. There are four cut motions on Demand No. 47, two cut motions on Demand No. 48 and there are on cut motions on Demand No. 55 and 58. All the cut motions are in order.

**Demand No. 47**

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Shri Shyamadas Banerjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Shri Nirmal Ghosh :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**Demand No. 48**

**Shri Kamal Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

[3-30 — 3-40 P. M.]

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে বাজেট বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন সেই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের তরফ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলো এসেছে সেগুলোকে সমর্থন করছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়, প্রথমেই তাঁর ভাষণের মধ্যে গতবারের বন্যার কথা উল্লেখ করেছেন। তিনি বলেছেন যে রাজ্যে বন্যা জনিত পরিস্থিতির কারণে ধান, ডাল, খারিফ শস্য নষ্ট হয়ে গেছে। ৮০৯.২৮ কোটি টাকার ফসল হানি হয়েছে। স্যার আপনি জানেন এই ব্যাপক বন্যার ফলে যে বিরাট ক্ষতি হয়েছে অনেকগুলো জেলাতে — আমি যে জেলা থেকে আসছি, মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমা সেখানে ব্যাপক ক্ষতি হয়েছে। দুর্ভাগ্যের বিষয় চাষীদের তো কোনও রকম ক্ষতিপূরণ তো দেওয়াই হয় নি উপরন্তু আমি বলতে বাধ্য হচ্ছি এই বছর আবার বর্ষা এসে গেল, বন্যার সময় এসে গেল, বাঁধগুলো পর্যন্ত মেরামত করা হয় নি। তাদের ঋণ দিয়ে যাতে করে তারা আবার চাষ করতে পারে তার সময় অতিক্রান্ত। স্যার, কি করে এই অবস্থার মধ্যে বন্যা ক্লিষ্ট মানুষগুলো নূতন করে এই বছর বীজ বপন করে, নূতন করে ধান তুলবে এটা আমার কাছে বোধগম্য হচ্ছে না। যদিও মন্ত্রী মহাশয় বলেছেন চাষীদের ২০০ কোটি টাকা ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই ঋণ কে পেয়েছে? এই ঋণ এখনও পর্যন্ত চাষীরা পান নি। সত্যিকারের ২০০ কোটি টাকা ঋণের ব্যবস্থা করা হয়েছে? কতখানি সত্যিকারের বিতরণ করা হয়েছে কতজন চাষীদের বিতরণ করা হয়েছে? স্যার, এটা দুর্ভাগ্যজনক। ৮০৯ কোটি টাকার ফসলহানি হয়েছে আর কৃষি ঋণের ব্যবস্থা করেছেন ২০০ কোটি টাকা।

তা হলে বুঝতেই পারা যাচ্ছে যে, ৬০০ কোটি টাকার ফসল চাষীদের নষ্ট হল, তা কি করে পূরণ হবে তার কোনও ব্যবস্থা নেই। বাঁধগুলি ভেঙ্গে গেছে, সেগুলি এখনও মেরামত হয় নি। যে জমিদারী বাঁধগুলি আছে, মন্ত্রী মহাশয় শুনবেন যদিও এটা আপনার দপ্তর নয়, তবুও এটা একটা জ্বলন্ত সমস্যা। সেই জমিদারী বাঁধগুলির দায়িত্ব কেউ নিচ্ছে না।

ইরিগেশন দপ্তর বলছে এই বাঁধ মেরামত করবে না। পঞ্চায়েতের পক্ষে এই বাঁধ মেরামত করা সম্ভব নয়, কারণ টাকা নেই। জেলা পরিষদের তরফেও কেউ কোনও উৎসাহ দেখাচ্ছে না এবং সেই জমিদারী বাঁধগুলি ছাড়াও বড় বড় বাঁধগুলি ইরিগেশন দপ্তর করে এবং তা ছাড়াও ছোট ছোট যে বাঁধগুলি আছে বিভিন্ন জায়গায়, সেই বাঁধগুলি গত বন্যাতে ভেঙ্গে যাওয়ার জন্য আজকে চাষীরা উদ্বেগ জনক অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে। তারা চিন্তা করছে যে, তারা ফসল বুনতে পারবে কি পারবে না। কারণ একটু বৃষ্টি হলেই জল সেই ভাঙ্গা জায়গা দিয়ে চলে আসে এবং প্লাবিত করে দেবে এবং তারা ফসল পাবে না। সুতরাং আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, জামিদারী বাঁধগুলি আগে একটা দপ্তর ছিল — এল. আর দপ্তর, তারাই দেখত। কিন্তু গত ৪-৫ বছর ধরে এই বাঁধগুলি কোনও দপ্তরের দায়িত্বের মধ্যে পড়ছে না। যাকেই আমরা বলছি, তারাই সম্পূর্ণ দায়িত্ব ঝেড়ে ফেলছেন এবং তার ফলে চাষীরা মার খাচ্ছেন। হাজার হাজার একর জমি, অথচ চাষীরা ফসল বুনতে পারবেন কি পারবেন না এই ব্যাপারে হতাশ হয়ে দাঁড়িয়ে থাকতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, যদিও তাঁর এটা নিজস্ব দপ্তর নয়, তবুও কৃষি দপ্তরের মন্ত্রী হিসাবে নিশ্চয়ই এটা যে কোনও দপ্তরই হোক বা আপনি মন্ত্রিসভাতে আলোচনা করে যাতে এই বাঁধগুলির দায়িত্ব কোনও একটা দপ্তর নেয়, সরকার থেকে এই বাঁধগুলি মেরামত করা হয়, তার ব্যবস্থা করবেন। এই ব্যবস্থা না করলে কৃষি উৎপাদন ভীষণ ভাবে ব্যহত হবে। এই বছর আপনারা যে লক্ষ্যমাত্রা ১৩১ লক্ষ মেট্রিক টন ধরেছেন, তার কাছাকছিও পৌঁছাতে পারবেন না। সুতরাং এই ব্যাপারে বিশেষ ভাবে দৃষ্টি দিতে হবে। দ্বিতীয় পয়েন্ট — যে ব্যাপারে আমি বলতে চাইছি, সেটা হচ্ছে যে, রাজ্যপালের ভাষণ থেকে আরম্ভ করে মাননীয় অর্থমন্ত্রীর ভাযণ, যে কোনও ভাষণ বলুন, সব জায়গাতেই দেখছি যে, ভূমি সংস্কারের ফলেই পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন ভীষণ ভাবে বেড়ে গেছে এবং মাননীয় মন্ত্রীকে এর জন্য ধন্যবাদ জানাই এই কারণে যে, তাঁর এই ভাষণে তিনি ভূমি সংস্কারের কথা উল্লেখ করেন নি। তিনি ভূমি সংস্কারের কথা উল্লেখ করেন নি, তার কারণ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমি বারবারই এই হাউসে বলেছি যে, ভূমি সংস্কার যা হয়েছে তা ১৯৭৭-৮৯ সালেই হয়েছে। তারপর থেকে পশ্চিমবাংলায় ভূমি সংস্কার হচ্ছে না। ভূমি সংস্কার বন্ধ হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই কারণে ধন্যবাদ জানাচ্ছি যে, তিনি ভূমি সংস্কারের কারণেই যে খাদ্য উৎপাদন বেড়ে গেছে, তা তাঁর ভাষণের মধ্যে উল্লেখ করেন নি। স্যার, আমরা জানি যে, পশ্চিমবাংলায় কৃষি উৎপাদন প্রকৃতি নির্ভরশীল। যদিও আপনারা বলছেন যে শতকরা ৫০ ভাগ জমিকে সেচের আওতার মধ্যে আনা হয়েছে। তবুও আমার মনে হয় যে সরকারি যে জমি আছে পশ্চিমবাংলায়, ১ কোটি ৩১ লক্ষ কি ৩২ লক্ষ একর জমি, তার শতকরা ৫০ ভাগ সেচের আওতায় এসেছে, কি আসে নি এই বিষয়ে আমার সন্দেহ আছে। তাই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, যেগুলি চাষীরা নিজের খরচে স্যালো টিউবওয়েল বসিয়েছে, সেগুলিকে বাদ দিয়ে সরকারি যেগুলি ডিপ টিউবওয়েল বা স্যালো রিভার লিফট বা ডি. ভি. সি.-র মতো প্রকল্প আছে, সেগুলির মাধ্যমে পশ্চিমবঙ্গে

১ কোটি ৩১ লক্ষ একর জমির মধ্যে কতখানি জমি সেচসেবিত হয়েছে, তা একটা অনুসন্ধান কমিটি করে বের করুন। মাননীয় রাজ্যপাল, মাননীয় অর্থমন্ত্রীও তাঁদের ভাষণে বলেছেন যে তারা নাকি এই ৫ বছরের মধ্যে এই সেচসেবিত এলাকার পরিমাণ ৫০ থেকে ৭০ ভাগ নিয়ে যাবেন।

[3-40 — 3-50 P. M.]

কিন্তু আমি এর সঙ্গে একটা প্রশ্ন আপনাদের করতে চাই, এক দিকে আপনারা জানেন মাটির তলার জল শেষ হয়ে যাচ্ছে, চাষীরা কানেকশন পাচ্ছেন না। আপনারা এখন প্রত্যেক জেলায় জিওলজিক্যাল সার্ভের একজন অফিসারকে রেখেছেন। তিনি পার্মিশন না দিলে ইলেকট্রিক কানেকশন চাষীরা পাচ্ছেন না। এক দিকে জল নেই আর অন্য দিকে বলছেন সেচের পরিমাণ ৫ বছরের মধ্যে ৫০ ভাগের থেকে ৭০ ভাগে নিয়ে যাবেন। এর জন্য কোনও পরিকল্পনা নেই। তাহলে কি করে ৭০ ভাগে নিয়ে যাবেন? একমাত্র তিস্তা প্রকল্প ছাড়া আর কোনও পরিকল্পনা আপনাদের হাতে নেই। তাহলে আপনারা কি ভাবে সেচসেবিত এলাকাকে ৫০ ভাগ থেকে ৭০ ভাগে নিয়ে যাবেন? মাটির তলার জল শেষ হয়ে যাচ্ছে। গ্রীষ্মের সময় মানুষ জল পাচ্ছেন না। অথচ আপনারা বলছেন বোরো ধানের চাষ করে। যেহেতু বন্যায় ক্ষতি হয়েছে সেজন্য বোরো ধানের চাষ করার কথা বলছেন। বোরো ধানের চাষ করতে করতে তলাকার জল শেষ হয়ে যাচ্ছে। যেটুকু জল আসছে তার মধ্যে আর্সেনিক রয়েছে। এ সম্পর্কে অনুসন্ধান করে সত্যিকারের পরিকল্পনা আপনাদের গ্রহণ করা উচিত। কতখানি জল পশ্চিমবঙ্গের মাটির তলায় আছে, তার মধ্যে কতটা জল তোলা উচিত, কতটা জল সেচের আওতায় আনা যাবে সে ব্যাপারে সুষ্ঠু পরিকল্পনা নিন। যে হারে জল তোলা হচ্ছে তার কোথায় পরিসমাপ্তি আছে সেটা চিন্তা করতে হবে। ১৯৯৫ সালে ১৯শে এপ্রিল প্রশ্ন-উত্তরের সময় জল সম্পদ উন্নয়ন মন্ত্রীকে প্রশ্ন করেছিলেন — (ক) ভূগর্ভস্থ জলের অপরিকল্পিত ব্যবহারের ফলে রাজ্যের প্রতি জেলার প্রতি ব্লকে জল স্তর নেমে গেছে কিনা? (খ) যদি এটা সত্যি হয় তাহলে কতটা নেমে গেছে? মন্ত্রী মহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছিলেন 'না' এবং (খ) প্রশ্নের উত্তরে বলেছিলেন প্রযোজ্য নয়। যেহেতু ১৯৯৫ সালে তিনি একথা বলেছিলেন সেজন্য তিনি এখন স্বীকার করছেন না যে, ভূগর্ভস্থ জল অপরিকল্পিত ভাবে ব্যবহারের ফলে রাজ্যের প্রতি জেলার প্রতিটি ব্লকে জলের স্তর নিচে নেমে গেছে। কিন্তু বাস্তবে তাই হয়েছে। এই দপ্তরের নূতন মন্ত্রী নন্দগোপাল বাবু মন্ত্রিত্ব গ্রহণ করার পরেই বিবৃতি দিয়ে বলেছেন মাটির তলার জল অপরিকল্পিত ভাবে, অনিয়ন্ত্রিত ভাবে ব্যবহার করার ফলে জলের স্তর নিচে নেমে গেছে। গ্রীষ্মের সময় খাবার জলের অভাব দেখা দেয়। যেটুকু জল পাওয়া যায় তাতে কেমিক্যালস উঠে আসে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই এ ব্যাপারে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করুন। মাটির তলার জল কতটা ব্যবহার করা যায় সেটা দেখা দরকার। একদিকে আপনারা বোরো চাষ করতে বলছেন আর অন্যদিকে বন্যায় চাষীদের ক্ষতি হয়েছে। চাষীরা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে অথবা কেউ কেউ ঘটি বাটি বন্ধক দিয়ে চাষ করছেন। ফসল উঠবার সময় ডিসেম্বর মাস। তখন তাঁরা

জল পাচ্ছেন না। চাষীদের স্যালো টিউবওয়েল ২০-২৫ ফুট নিচে বসাতে হচ্ছে। অনেক চাষী মাটি চাপা পড়ে মারা যাচ্ছেন। এ সম্বন্ধে সুষ্ঠু পরিকল্পনার দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই চাষীদের জন্য যে স্যালো টিউবওয়েল বসাতে হয়েছে তার সংখ্যা কত? সরকারি তরফে যে স্যালো টিউবওয়েলগুলো বসানো হয়েছে ১৯৯৩-৯৪ সালের হিসাব অনুযায়ী তার সংখ্যা ৪ হাজার ৮৩৭, এটা ১৯৯৩-৯৪ সালের স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডিক্সের ১০০ পাতায় আছে। কিন্তু বে-সরকারি হিসেবে স্যালো টিউবওয়েলের সংখ্যা আপনারা দেন নি। তবে আমাদের অনুমান ১৯৯২-৯৩ সাল পর্যন্ত চাষীরা নিজেদের খরচায় স্যালো টিউবওয়েল বসিয়েছেন প্রায় ৫ লক্ষের উপর।

তাহলে আপনারা বুঝতে পারছেন, সেচের ব্যাপারে সরকারের অবদানের চেয়ে ব্যক্তিগত অবদান অনেক গুণ বেশি। এবং যেটুকু ফসল বেশি হচ্ছে, — আমি একটু পরে তার পরিসংখ্যান দেব — তার কৃতিত্ব সরকারের নয়, কৃতিত্ব চাষীদের। সরকার স্যালো টিউবওয়েল বসাতে পারছে না। ডিপ টিউবওয়েলের আগের যা সংখ্যা — ৩,০৩৯, তার মধ্যেই সীমাবদ্ধ আছে, তার বেশি বসছে না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের স্কীম যা ছিল, তা শেষ হয়ে গেছে। একটা, দুটো যা বসছে, তা ধর্তব্যের মধ্যে নয়। রিভার লিফট আর বসছে না। মিনি ডিপ টিউবওয়েল সরকারের থেকে কিছু বসানো হচ্ছে — ৭৮২টি আছে। সেচ ব্যবস্থার সম্প্রসারণের জন্য সরকারের তরফ থেকে এমন কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নি, যার থেকে সরকার বলতে পারেন, এই সেচের ব্যবস্থার উন্নতির জন্যই আজ পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন বেড়েছে। যেটুকু বেড়েছে, তার পরিসংখ্যান পরে দেব। আমি বলব চাষীরা নিজেদের মাথার ঘাম পায়ে ফলে, নিজেদের সংসার প্রতিপালন করবার জন্য ব্যাঙ্ক থেকে বা যেখান থেকে হোক ঋণ করে এবং নিজেদের ঘটি, বাটি থালা বন্ধক দিয়ে, যে ভাবে হোক টাকা সংগ্রহ করে একটা মাঠ থেকে দু-তিনটে ফসল ফলাবার চেষ্টা করছে। কাজেই, তারা যাতে সরকারের তরফ থেকে সাহায্য প্রাপ্ত হতে পারে তার জন্য কতগুলো কনস্ট্রাকটিভ সাজেশন সময় থাকলে নিশ্চয় দেব।

এর পরে আমি একটি গুরুত্বপূর্ণ পয়েন্টে আসতে চাইছি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। আমরা দেখছি বাজেট বরাদ্দ কমে যাচ্ছে। ৯২-৯৩ সালে যেখানে ৪৭, ৪৮ এবং ৫৫ খাতে বরাদ্দ ছিল ১৫৬ কোটি টাকা; ৯৩-৯৪ সালে সেটা কমে হল ১৪৭ কোটি টাকা; ৯৪-৯৫ সালে আরও কমে হল ১৪০ কোটি টাকা। এই বছর ৪৭, ৪৮ এবং ৫৫, এই তিনটে খাতে বাজেটে বরাদ্দ চেয়েছেন ১৪১ কোটি টাকা। চার বছর বাদে বাজেট বরাদ্দ প্রায় ১৬ কোটি টাকা কমে গেল!

আর, প্ল্যানের টাকা কি রকম কমছে? ৯২-৯৩ সালে স্টেট প্ল্যানে ধরা ছিল ৩৫.৫৫ কোটি টাকা। ৯৩-৯৪ সালে ধরা ছিল ২৫ কোটি টাকা। ৯৪-৯৫ সালে সেটা বেড়ে দাঁড়াল ২৭.৫০ কোটি টাকাতে। তাহলে ৯২-৯৩ এর তুলনায় ৯৪-৯৫-তে প্রায় ৮ কোটি টাকা কমে গেল। স্টেট প্ল্যানের এই ২৭ কোটি ৫০ লক্ষ টাকার মধ্যে প্রায় ২০ কোটি টাকা মাইনে দিতেই চলে যায়, থাকে মাত্র ৭, সাড়ে ৭ কোটি টাকা। তা দিয়ে কৃষির কি উন্নতি করতে পারবেন জানি না। নন প্ল্যান বাজেটে যে বরাদ্দ, তাও বছরের পর বছর কমে যাচ্ছে।

টিউবওয়েল বাড়াতে পারছেন না। মিনি কিটের সংখ্যাও বাড়ছে না। অথচ বলছেন খাদ্য উৎপাদন বাড়িয়ে বাড়িয়ে অনেক দূর নিয়ে গিয়েছেন, কৃতিত্ব দাবি করছেন সরকারের। এর মধ্যে কি করে সমন্বয় সাধন করবেন বুঝতে পারছি না। তাই আমরা বলব এই ব্যাপারে চিন্তা ভাবনা করুন এবং কৃষিতে যাতে আরও বরাদ্দ করা যায়, তার জন্য মন্ত্রী মহাশয়কে বলব আপনি যুদ্ধ করুন, আমরা সঙ্গে আছি। আমি চাইব কৃষিতে যাতে আরও উন্নতি সাধন করা যায়।

[3-50 — 4-00 P. M.]

তার জন্য আপনি যদি মন্ত্রিসভার কাছে যান বা মন্ত্রিসভার সঙ্গে ফাইট করেন তাহলে আমরা কংগ্রেস দলের পক্ষ থেকে সমর্থন জানাব। এই কমে যাওয়া নিশ্চই বন্ধ করবেন। আগামী দিনে নূতন নূতন পরিকল্পনা গ্রহণ করে যাতে কৃষিতে একটা বিপ্লব করা যায় তার জন্য নিশ্চই চেষ্টা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ইকোনোমিক রিভিউ সম্বন্ধে কিছু বলতে চাই। ইকোনোমিক রিভিউ নিয়ে অনেক আলোচনা এবং কৃর্তিত্বের দাবি করা হয়েছে। কিন্তু আপনারা স্ট্যাটিস্টিক্যাল অ্যাপেন্ডিক্স যেটা দিচ্ছেন তাতে ভারতবর্ষের টোট্যাল এভারেজ কত হয়েছে — ধান, গম এবং অন্যান্য তৈলবীজ, পাট ইত্যাদি — আপনারা ভারতবর্ষের গড় হিসাব দিচ্ছেন কিন্তু রাজ্যওয়ারি গড় দিচ্ছেন না। হরিয়ানা, পাঞ্জাব, অন্ধ্রপ্রদেশ-এর হিসাব দিচ্ছেন না, রাজ্যওয়ারি দিচ্ছেন না। ১৯৯০।৯১ সালের পাওয়া যাচ্ছে কিন্তু তার পরের পাওয়া যাচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯২।৯৩ সালের আমরা যে স্ট্যাটাস্টিক্যাল অ্যাপেন্ডিক্স দেখতে পাচ্ছি তাতে পশ্চিমবাংলায় ধান উৎপাদন ইকোনোমিক রিভিউ অনুযায়ী ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় যা হয় তাতে স্থান হচ্ছে পঞ্চম। পশ্চিমবাংলা ১৯৯০।৯১ সালের হিসাব দিচ্ছেন কিন্তু ১৯৯২।৯৩ সালের স্ট্যাটাস্টিক্যাল অ্যাপেন্ডিক্সে দেখা যাচ্ছে ২০.৯ কুইন্টাল পার হেক্টরে রাইস উৎপাদন হয়েছে। এই হিসাবে হরিয়ানা, পাঞ্জাব, অন্ধ্র, তামিলনাড়ুর পরে আপনি রয়েছেন, পঞ্চম স্থানে। আর গমে আছেন চতুর্থ স্থানে। হরিয়ানা, পাঞ্জাব, রাজস্থানের পরে। অথচ অর্থমন্ত্রী সেদিন বললেন, ওনারা নাকি সব বিষয়ে প্রথম। এটা একটা মিথ্যা ছাড়া আর কিছু নয়। রাজ্যওয়ারি গড় দিন — অন্ধ্রপ্রদেশ, হরিয়ানা, গুজরাট, পাঞ্জাবে ইকোনোমিক রিভিউ অনুযায়ী কত আর পশ্চিমবঙ্গে ইকোনোমিক রিভিউ অনুযায়ী কত — তাহলে বোঝা যাবে। ভারতবর্ষের ইন্ডরেটের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করলে চলবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, ওনারা বারবার বলেন, চাল উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম। আমি আগের বারও প্রমাণ করে দিয়েছিলাম। ১৯৭৬।৭৭ সালের স্ট্যাটাস্টিক্যাল অ্যাপেন্ডিক্স অনুযায়ী পশ্চিমবাংলার চাল উৎপাদনে বরাবরই প্রথম। তার কারণ পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি জমিতে ধান উৎপাদন হয়। আপনি যদি স্ট্যাটিস্টিক দেখেন তাহলে দেখবেন, অন্ধ্রপ্রদেশে ৩১.২৩ লক্ষ হেক্টর জমিতে, বিহারে ৫০.৭৯ লক্ষ হেক্টর জমিতে, ওড়িষ্যাতে ৪০.৪৬ লক্ষ হেক্টর জমিতে, ইউ. পি.-তে ৪৫.৮৫ লক্ষ হেক্টর জমিতে আর পশ্চিমবঙ্গে ৫৪.৭৬ লক্ষ হেক্টর জমিতে ধান হয়। তার কারণ বাংলার মানুষ ভাত খেতে ভালোবাসে এবং সেই জন্য বেশি জমিতে এখানে ধান চাষ হয়। আর বাংলা

ধান উৎপাদনে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মধ্যে প্রথম হয়েছে ১৯৭৭।৭৮ সাল থেকে নয় ১৯৫৪।৫৫ সাল থেকে।

**(এই সময় নীলবাতি জ্বলে ওঠে।)**

আরেকটা ব্যাপারে বলতে চাই, আমাদের একজন মাননীয় সদস্য শ্রী আব্দুল করিম চৌধুরি — আপনারা যারা আগের বার বিধানসভার সদস্য ছিলেন তাঁরা জানেন — উনি মাথায় ফেট্টী বেঁধে প্রতিবাদ স্বরূপ আসেন, উনি আমাকে বলতে বলছেন তাই বলছি, ওনার এলাকা ইসলামপুর এবং চোপড়া থানাতে কৃষি জমিগুলো চা-বাগানে পরিণত হয়ে যাচ্ছে। কৃষি জমি চা-বাগানে পরিণত হচ্ছে এবং মাল্টি ন্যাশনাল, যারা কোটি কোটি টাকার মালিক তারা ঐ সমস্ত ধানের জমিকে, কৃষি জমিকে কব্জা করে, কৃষি জমির মালিকদের উৎখাত করে চা-বাগানে পরিণত করছেন। এটা অত্যন্ত অন্যায়, ১৫ হাজার একর ৪৫ হাজার বিঘা এই জমিতে চোপড়া ইসলামপুর থানা সেখানে ১২০টি চা বাগান হয়েছে। তখন বিনয় বাবু মন্ত্রী ছিলেন, তখন তিনি প্রতিশ্রুতি দিয়ে ছিলেন যে কৃষি জমি চা বাগানে পরিণত হবে না, কিন্তু এই প্রসেস বন্ধ হয় নি। এখনও চলছে এবং তারই প্রতিবাদ স্বরূপ আমাদের মাননীয় একজন সদস্য মাথায় ফেট্টি বেঁধে আসছেন। যাতে তাঁকে মাথায় ফেট্টি বেঁধে না আসতে হয়, যাতে কৃষি জমি সেটা কৃষি জমিই থাকে, সেখানে যাতে ধান, গম চাষীরা চাষ করতে পারেন এবং মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলি যাতে সেখানে চা বাগান করতে না পারে সেটা আমি অনুরোধ করছি আপনি একটু দেখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উৎপাদন বৃদ্ধির হারে দেখুন কি রয়েছে, যা নিয়ে আপনারা অনেক কথা, অনেক গর্ব করে থাকেন। কিন্তু যদি পরিসংখ্যান দেখেন তাহলে দেখবেন আমাদের ৫ বছরে যে উৎপাদন বৃদ্ধির হার ছিল, আপনাদের এই ২০ বছরে সেই বৃদ্ধির হার একই আছে। আপনারা লং-জাম্প দিতে পারেন নি। আমি একটা পরিসংখ্যান দিয়ে পয়েন্ট আউট করছি। আমার এই পরিসংখ্যান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট থেকে নেওয়া। ১৯৭০-৭১ সালে পশ্চিমবঙ্গে খাদ্য উৎপাদন হয়েছিল ৭১ লক্ষ টন এবং ১৯৭৫-৭৬ সালে ৮২ লক্ষ টন। আমাদের ৫ বছরে ১১ লক্ষ টন বাড়ল, বৃদ্ধির হার ২.২ লক্ষ টন। আপনাদের ১৯৯৫-৯৬ সালে ১২৭ লক্ষ টন ধরে আপনাদের ২০ বছরে ১২৭ লক্ষ টন। ১৯৭৫-৭৬ সালে ৮২ লক্ষ টন, এর মধ্যে শুধু ৪৫ লক্ষ টন বাড়ল। ৪৫ লক্ষ টনকে ২০ দিয়ে ভাগ দেন তাহলে দেখবেন ২.২ লক্ষ টন আপনারা বিপ্লব করে পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন বাড়িয়েছেন, এটা ঠিক নয়। আমাদের ৫ বছরে যা বেড়েছে, আপনাদেরও সেই রেটেই বেড়েছে বলে এটা করা সম্ভব হয়েছে এই জন্য যে আমাদের সময় তখন প্রথম শুরু হয় হাই-ইয়েল্ডিং ভেরাইটিজ বীজ। এই হাই-ইয়েল্ডিং ভেরাইটিজ সিড সর্ম্পকে চাষীরা তখন অজ্ঞ ছিল। একটা জমিতে ৪০ মন ধান উৎপাদন করা যায় এই ধারণা চাষীদের মধ্যে ছিল না। আমরা বলেছিলাম হায়ার রেটে চাষ করে এ ক্ষেত্রে ৩০ থেকে ৪০ মন পর্যন্ত ধান পাবে। যখন তারা হাতে কলমে দেখল সেটা সম্ভব তখন তারা উৎসাহিত হয়ে করতে লাগল। এটা সম্ভব হয়েছে হাই-ইয়েল্ডিং ভেরাইটিজ সিড এবং তার জন্য বিশেষ ধরণের সারের ব্যবহারের জন্যই। এটা এখনও আপনাদের সময়েও চলছে, কিন্তু

রেট বাড়ানো উচিত ছিল কিন্তু সেই অনুপাতে রেট বাড়ে নি যে অনুপাতে জনসংখ্যা বেড়ে যাচ্ছে। আমরা যদি একটা স্ট্যাটিস্টিক্স দেখি তাহলে দেখবেন যে পশ্চিমবাংলায় একজন লোকের অর্থাৎ মাথাপিছু লোকের খাদ্য লাগে ০.১৭ লক্ষ টন। আমাদের পশ্চিমবাংলায় সাড়ে ৭ কোটি মানুষ আছে, তাহলে আমাদের এখানে পশ্চিমবাংলায় টোটাল যে খাদ্য চাহিদা সেটা হচ্ছে ১২৫.৫ লক্ষ টন। আপনারা বলছেন আপনারাই করেছেন। ১৩১ লক্ষ টন আপনাদের হিসাব অনুযায়ী এবং মানুষের যে চাহিদা মাথাপিছু সেই অনুপাতে আপনাদের এখন ৮, ৯ লক্ষ টন বেশি উৎপাদন হচ্ছে। তবুও পশ্চিমবাংলার মানুষকে এ কথা বলবেন না যে কেন্দ্রীয় সরকারের সাহায্যের উপর নির্ভর করতে হয়, এটা আশ্চর্যের ব্যাপার। অথচ কেন্দ্রীয় তহবিলে আপনাদের যে ধান দেওয়ার কথা ২ লক্ষ টন, সেটা আপনারা দিতে পারছেন না। এই অবস্থার পরিবর্তন হওয়ার দরকার আছে। আপনারা এক দিকে বলছেন আপনারা খাদ্যে স্বয়ম্ভর হয়েছেন, পশ্চিমবাংলার মানুষের যা প্রয়োজন তার চেয়ে বেশি খাদ্য উৎপাদন করছেন, অথচ লেভি ব্যবহার করে সেই খাদ্য সংগ্রহ করতে পারছেন না।

[4-00 — 4-10 P. M.]

স্ট্যাটিউটরি রেশনিং এরিয়ায় এবং মর্ডিফায়েড রেশনিং এরিয়ায় বন্টন করার জন্য কেন্দ্রীয় সরকারকে চাল, গম দিতে হচ্ছে। এ অবস্থা চিরকাল চলতে পারে না আপনারা নিশ্চয়ই চেষ্টা করবেন যাতে নিজেদের পায়ে দাঁড়াতে পারেন। নীতিগত ভাবে আপনারা সর্ব ক্ষেত্রে স্বয়ম্ভর হবার কথা বলেন। ভারতবর্ষকে স্বয়ম্ভর হবার পরামর্শ দেন। বিদেশি জিনিস আমদানী না করার জ্ঞানগর্ভ ভাষণ দেন। তাহলে চাল গমের ব্যাপারেও আপনারা কেন স্বয়ম্ভর হবেন না? কেন কেন্দ্র চিরকাল চাল গম পাঠাবে? এটা চিরকালের জন্য কাম্য নয়। আমি আশা করব এ ব্যাপারে নিশ্চয়ই একটু নজর দিয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের যে প্রকল্পগুলি এখানে আছে সে প্রকল্পগুলির টাকা এখানে সদ্ব্যবহার হচ্ছে না। উদাহরণ হিসাবে আমি এখানে বলছি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার এন. ডব্লু. ডি. পি. আর. এ. (ন্যাশনাল ওয়াটার সিড ডেভেলপমেন্ট প্রোজেক্ট ইন রেন সিড এরিয়া) ১৯৯১-৯২ সাল থেকে ১৯৯৩-৯৪ সাল পর্যন্ত সাড়ে ১৩ কোটি টাকা দিয়েছে; কিন্তু ব্যবহৃত হয়েছে, ইউটিলাইজড হয়েছে মাত্র ৪ কোটি টাকা। বাকি টাকা কেন ইউটিলাইজ হচ্ছে না? কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে অথচ এন. ডব্লি. ডি. পি. আর. এ.-এর টাকা ইউটিলাইজ হচ্ছে না! এটা মাননীয় মন্ত্রী মহাশয়ের বা এই মন্ত্রিসভার কৃতিত্বের কথা নয়। তারপর স্পেশাল্ জুট ডেভেলপমেন্ট প্রোজেক্টে কেন্দ্র আড়াই কোটি টাকা দিয়েছিল, কিন্তু খরচ হয়েছে মাত্র ১ কোটি ১২ লক্ষ টাকা। এ রকম বিভিন্ন প্রকল্প আছে — প্লাস-এর ব্যাপারে আছে, তৈলবীজের ব্যাপারে আছে, হর্টিকালচারের ব্যাপার আছে। এইভাবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে টাকা ঠিকভাবে ব্যবহৃত হচ্ছে না। আমি আশা করব এ ব্যাপারেও নিশ্চয়ই মন্ত্রী মহাশয় নজর দেবেন এবং ঠিক মতো টাকার সদ্ব্যবহার হয়ে উৎপাদন যাতে বাড়ে তা দেখবেন। সরকারি কৃষি খামারগুলি ভালভাবে চলছে না। সেগুলির অবস্থা খুবই সঙ্গীন। এমন

কি কৃষি বিশ্ববিদ্যালয়েরও সঙ্গীন অবস্থা। এগুলির অবস্থার উন্নতি ঘটিয়ে রাজ্যে কৃষি উৎপাদন যাতে বাড়ে সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে নজর দেবার অনুরোধ জানিয়ে, এই বাজেটের বিরোধিতা করে, আমাদের তরফের কাট মোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। সাথে সাথে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। আজকে বিরোধী দলের নেতা মাননীয় অতীশ চন্দ্র সিনহা মহাশয় এই ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা করলেন। বিরোধিতা করে খুবই স্বাভাবিক ভাবে তিনি সারা পশ্চিমবাংলার কৃষির সাফল্যকে খুবই খাটো করে দেখাবার চেষ্টা করলেন। এমন কি কিছু তথ্য উত্থাপন করে পশ্চিমবাংলার কৃষি উৎপাদনের প্রকৃত চিত্রটাকে তিনি অস্বীকার করবার চেষ্টা পর্যন্ত করলেন! এখানে এই ব্যয় বরাদ্দের বিরোধিতায় তিনি প্রকৃত চিত্র অস্বীকার করতে পারেন; কিন্তু আমরা, যারা গ্রামাঞ্চল থেকে এসেছি তারা গ্রামাঞ্চলের মানুষ হিসাবে লক্ষ্য করছি বামফ্রন্ট সরকারের গৃহীত কৃষি নীতির ফলে পশ্চিমবঙ্গে কৃষি উৎপাদন ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে। এই বৃদ্ধির প্রধান কারণই হল ভূমি সংস্কার। ভূমি সংস্কারের অগ্রগতির ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান সবার উপরে। ভূমি সংস্কারে ভারতবর্ষে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের মধ্যে দিয়ে গ্রামীণ ভূমিহীন কৃষকদের হাতে ভূমি তুলে দিয়েছেন। গ্রামের যারা পিছিয়ে পড়া খেটে খাওয়া মানুষ তারা অতীতে জমিতে খেটে যে ফসল উৎপাদন করত তা তারা — আপনারা যাদের প্রতিনিধিত্ব করেন — জমিদারদের বাড়িতে তুলে দিতে আসত। নিজেরা খেতে পেত না। আজকে বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গী এবং কর্মসূচি রূপায়ণের মধ্যে দিয়ে অবস্থার পরিবর্তন ঘটেছে। যারা প্রকৃত কৃষক, যারা খেটে খায়, যারা নিজেরা জমি চাষ করে তাদের হাতে জমি তুলে দেওয়া হয়েছে। তার ফলেই আজকে উৎপাদন বাড়ছে। আজকে আমরা খাদ্য শস্য উৎপাদনে ভারতবর্ষে প্রথম স্থান অধিকার করেছি। আপনারা যদি গ্রামে যান তাহলেই দেখতে পাবেন অবস্থার কি পরিবর্তন ঘটেছে। আপনাদের জমানায় মাঠের পর মাঠ খালি পড়ে থাকত, গরু চরত, ভেড়া চরত। আজকে সারা পশ্চিমবাংলার যেদিকেই তাকাবেন সেইদিকেই ফসল। এটা এমনি এমনি হয় নি, আমরা ভূমি সংস্কার করেছি সেইজন্যই এটা সম্ভব হয়েছে। বামফ্রন্ট সরকার কৃষকদের পাশে ঋণ নিয়ে দাঁড়িয়েছে, সেচের সুযোগ করে দিয়েছে। কংগ্রেসি আমলে সেচের সুযোগ কতটুকু হয়েছে? স্বাধীনতার পর থেকে আপনাদের আমলের শেষ পর্যন্ত ৩০ শতাংশ জমি সেচসেবিত হয়েছে আর আজকে ৫০ শতাংশ জমি সেচ পাচ্ছে। যার ফলে আজকে গ্রামের যেদিকেই তাকাবেন সেদিকেই দেখবেন সব সবুজ। দেশে ভূমি সংস্কার হয়েছে, সেচের সুযোগ করে দেওয়া হয়েছে, সার বীজ, মিনিকিট দেওয়া হয়েছে। দেশে আজকে ফসলের উৎপাদন বেড়েছে। ধান, গম, তৈলবীজ, দানা শস্য সব কিছুরই উৎপাদন বেড়েছে। আজকে আলুর উৎপাদনে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একটা উল্লেখযোগ্য স্থানে এসে পৌঁছেছে। খাদ্য শস্যের উৎপাদন ১৩২ লক্ষ মেট্রিক টন থেকে ১৩৫ লক্ষ মেট্রিক টন হয়েছে। আজকে সারের

ব্যবহার বেড়েছে। বামফ্রন্ট সরকার কৃষকদের পাশে এসে দাঁড়িয়েছে বলেই ফসলের উৎপাদন বৃদ্ধি হয়েছে। গ্রামের কৃষকরা ভাবতে পারে নি যে এইরকম সাজসরঞ্জাম তাদের আসবে এবং ভরতুকি দেওয়া হবে। কিন্তু দুঃখের বিষয়, পূর্বতন কংগ্রেস-আই দলের কেন্দ্রীয় সরকারের যে নীতি সেই নীতির ফলে সব থেকে বেশি আঘাত হানল কৃষকদের উপর। সেটা হল গ্যাট চুক্তি। এই গ্যাট চুক্তির ফলে পাট চাষীদের সর্বনাশ করেছে, মজুর শ্রমিকদের সর্বনাশ করেছে। বামফ্রন্ট সরকার এই সমস্ত পাট চাষীদের পাশে এসে দাঁড়ানোর ফলে আজকে তাই পাটের উৎপাদন বেড়েছে, সারের ব্যবহার বেড়েছে। কংগ্রেসের অনুসৃত নীতির ফলে কৃষকেরা সারের ব্যবহার কমিয়ে দিয়েছিল। সারের মূল্য বৃদ্ধি এবং ভরতুকি কমিয়ে দিল কেন্দ্রীয় সরকার গ্যাট চুক্তির ফলে। এর ফলে সারা ভারতবর্ষের কৃষকদের উপর আঘাত আনল। কৃষকদের স্বাধীনতা কেড়ে নেবার চেষ্টা করেছিল পূর্বতন কংগ্রেস আই সরকার। বামফ্রন্ট সরকার-এর কৃষি দপ্তর কৃষকদের পাশে এসে দাঁড়িয়েছে যাতে চাষীরা বেশি করে ফসল ফলাতে পারে। আজকে সেইজন্য সব্জির ফলন বেড়েছে। এখন নূতন ধরণের চাষ হচ্ছে। কৃষকদের প্রশিক্ষণ দেবার ব্যবস্থা হয়েছে। এটা একটা নজির বিহীন ঘটনা। কৃষি দপ্তর চাইছে, কি ভাবে ফসলের উৎপাদন বাড়ানো যায়। এই জিনিস আপনাদের আমলে ভাবা গিয়েছিল? আজকে কৃষকদের জন্য কৃষি খামারের উন্নতি বিধান হচ্ছে। কৃষি গবেষণা কেন্দ্র থেকে উন্নত মানের বীজ বেরুচ্ছে। সেই বীজ চাষীদের দেওয়ার ফলে ফসলের উৎপাদন বেড়েছে। কংগ্রেস আমলে চাষীদের ঋণ দিত না। আজকে ব্যাঙ্ক এবং সমবায়গুলির মাধ্যমে কৃষকদের ঋণ দেওয়া হচ্ছে। কংগ্রেসিরা তো মহাজনী ঋণের কারবার করতেন। ঐ চাষীদের জমি শেষ পর্যন্ত আপনাদের ঘরেই চলে যেত। জমিদার শ্রেণীর হাতে কৃষকরা বাধ্য হয়ে জমি তুলে দিত। আজকে গ্রামের মানুষ পেট ভরে খেতে পাচ্ছে। খাবারের জন্য এখন আর গ্রাম থেকে মানুষ শহরে আসে না। ভুট্টা-মাইলো খাচ্ছে না। সেইজন্য কংগ্রেসিদের হচ্ছে গাত্রদাহ। দীর্ঘদিন ধরে কংগ্রেস ক্ষমতায় থাকলেও খাদ্যের উৎপাদন বাড়ে নি। আজকে বামফ্রন্ট সরকারের আমলে দেশে খাদ্যের উৎপাদন বেড়েছে। মানুষ খেতে পাচ্ছে। কিন্তু ওদের আমলে খেতে পেত না। খাবে কি করে? উৎপাদনই হত না। তাই আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে দু একটি কথা বলছি, আজকে কৃষি পেনসন এবং শস্য বিমার উন্নতি সাধন করা দরকার।

[4-10 — 4-20 P. M.]

শস্য বিমার ক্ষেত্রে উন্নতি বিধান করা দরকার, মাটি পরীক্ষার বিশেষ ব্যবস্থা করা দরকার এবং শস্য বিমা যেটা ব্লক ভিত্তিক আছে সেটা মৌজা ভিত্তিক করা দরকার। বাইরে থেকে হাই ব্রিজ বীজ আমাদের চাষীদের কাছে পৌঁছে দেওয়া দরকার। সুতরাং আমার সময় শেষ হয়ে গেছে, আমি আমার বক্তব্য না বাড়িয়ে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দ হাউসে প্লেস করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে

কাট মোশনগুলো আনা হয়েছে সেইগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মন্ত্রী মহাশয় নূতন এসেছেন, আপনাকে বিনীত ভাবে অনুরোধ করব, আপনি নিশ্চয়ই বিলেত থেকে অর্থনীতি পড়ে আসেন নি, আমাদের সরকার পক্ষের সদস্য রতন বাবু বলছেন এবং বামফ্রন্টের মন্ত্রীরাও বলছেন যে পশ্চিমবঙ্গ চাল উৎপাদনে নাকি ঢেউ তুলেছেন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ইকনমিক রিভিউ, ৯৪-৯৫টা একটু পড়ে দেখুন। আমাদের পার্সেন্টেজ অব ওয়েস্ট বেঙ্গল টু অল ইন্ডিয়া প্রডাকশন ৯২-৯৩ সালে ছিল ১৫.৭। আর ৯৩-৯৪ সালে হয়েছে রাইসে ১৫.১। এই বইটা একটু দেখুন। আমি এই কথা বলতে চাই, পশ্চিমবাংলায় ধানের উৎপাদন বেড়েছে এই কথা সত্য। কিন্তু এই কথাও সত্য যে কেবল মাত্র পশ্চিমবাংলায় বাড়ে নি। ৬০-এর দশকের সবুজ বিপ্লবের ফলে সারা ভারতবর্ষের উৎপাদন বেড়েছে বলে আমরা এত চাল উৎপাদন, রেকর্ড উৎপাদন করতে পেরেছি। অল ইন্ডিয়া প্রডাকশন পার্সেন্টেজ ১৫.৭ থেকে কমে ১৫.১ হয়েছে। দয়া করে মন্ত্রী মহাশয় এটা মনে রাখবেন। এই বই এর ৭১ পৃষ্ঠায় দেখুন, আপনার দপ্তরের ভাববার সময় এসেছে, আপনাদের কত চাষ যোগ্য জমি ধীরে ধীরে কমে যাচ্ছে এই বইতে আছে নেট এরিয়া শোন, ৮০-৮১ সালে ৬৩.৪ পার্সেন্ট। তারপর ৮৮-৮৯ সালে ৬০৩ পার্সেন্ট। তারপর ৮৮-৮৯ সালে ৬০.৩ পার্সেন্ট আর ৯৩-৯৪ সালে ৬১.৫ পার্সেন্ট। এই হচ্ছে ইউটিলাইজেশন অব ল্যান্ড ইন ওয়েস্ট বেঙ্গল। এরপর উত্তরবঙ্গের চা শিল্পের প্রভাব এবং শিল্পের নামে শুধু হাউজিং তৈরি করার জন্য পশ্চিম বাংলার কত কৃষি জমি সরে যাচ্ছে, চলে যাচ্ছে, লস হচ্ছে, আপনি দয়া করে সেই ব্যাপারটা ভেবে দেখবেন। আজকে ভাববার সময় এসেছে, গম, প্রডাকশন অব অল ইন্ডিয়া অ্যাভারেজ ৯১-৯৩-তে ১ পার্সেন্ট, আর পার্সেন্টেজ টু ওয়েস্ট বেঙ্গল ইন অল ইন্ডিয়া প্রডাকশন — গম ওয়ান পার্সেন্ট, বাড়ে নি। প্লাসেস ৯১-৯২-তে ছিল ১.৬ পার্সেন্ট আর ৯২-৯৩-তে ১.৩ পার্সেন্ট, আমরা অল ইন্ডিয়ার ধারে কাছে যাচ্ছি না। আমাদের অর্থমন্ত্রী যখন কেবল পশ্চিম বাংলার কথা বলেন, তখন অল ইন্ডিয়া অ্যাভারেজটা বলেন না। শুধু তিনি বলেন এখানে পার হেক্টার কত কেজি উৎপাদন হচ্ছে। পশ্চিমবাংলায় কত, পাঞ্জাবে কত, হরিয়ানায় কত, এই সবের অল ইন্ডিয়া অ্যাভারেজ কিন্তু বলেন নি। আপনি অবশ্য কথা বলেছেন, আপনার আত্মতুষ্টির কোনও কারণ নেই। আমি আপনাকে বলছি, আপনি তথ্যগুলো দেখবেন। আমরা সব উৎপাদনের সেরা এটা ঠিক নয়।

এই বামফ্রন্টের আমলে পশ্চিমবাংলার আরও একটি অর্থকরী ফসল যা সম্পূর্ণরূপে অবহেলিত হয়েছে তার নাম পান। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তব্য রেখেছেন এবং কৃষি মন্ত্রী মহাশয় তার দপ্তরের ব্যয় বরাদ্দের উপর যে বক্তব্য রেখেছেন তাতে কোথাও পান সম্বন্ধে উল্লেখ নেই। এসব দেখে আমার মনে হচ্ছে, পশ্চিমবঙ্গে এমন একজন ব্যক্তির কৃষি মন্ত্রী হওয়া উচিত যিনি পান খান। স্যার, ভারতে মোট ৮০ রকমের পান চাষ হয়, তার মধ্যে পশ্চিমবাংলায় চাষ হয় ৩০ রকমের। সারা ভারতবর্ষে ৮০/৮৫ হাজার একর জমিতে পান চাষ হয় আর পশ্চিমবঙ্গে পান চাষ হয় ৫৫ হাজার একর জমিতে। এর মধ্যে ৬০ পার্সেন্টই হচ্ছে মেদিনীপুর জেলাতে। আপনি একবার হাওড়ার বাগনান বা মেদিনীপুরে গেলেই দেখবেন যে পান চাষের উপর লক্ষ লক্ষ মানুষ নির্ভরশীল। আপনার দপ্তর তথা পশ্চিমবঙ্গের

বামফ্রন্ট সরকার কিন্তু কোনও দিন এই পান চাষীদের জন্য একটি কথাও বলেন নি। তা ছাড়া আপনারা এই পান চাষকে কৃষি পণ্য হিসাবে ঘোষণা করারও ব্যবস্থা করেন নি। এই প্রসঙ্গে আপনার অবগতির জন্য জানাই, বছরে ৫৫০ কোটি টাকার পান বিদেশে রপ্তানি হয়। কাজেই এর মাধ্যমে আরও অনেক বিদেশি মুদ্রা অর্জন করা যেতে পারে। পশ্চিমবাংলার ভেঙ্গে পড়া অর্থনীতিকে কিন্তু কিছুটা চাঙ্গা করতে পারা যায় যদি আপনার কৃষি দপ্তর ইনিসিয়েটিভ নিয়ে দায়িত্ব নিয়ে এই পান চাষ বৃদ্ধির দিকে নজর দেন। পান চাষের জন্য প্রয়োজনীয় সার, ঔষুধ কিছুই পান চাষীরা পান না। সবচেয়ে বড় কথা, এই পান চাষের উপর কোন গবেষণা আজ পর্যন্ত আমাদের রাজ্যে হয় নি। চাষীরা তাদের অভিজ্ঞতালব্ধ জ্ঞান থেকেই দীর্ঘ দিন ধরে পান চাষ করে যাচ্ছে। বাগনান দিয়ে যদি কোনও দিন যান দেখবেন মাঠে ডাঁই হয়ে পান পড়ে আছে আর জল পড়ছে। পান সংরক্ষণের উপযুক্ত কোনও ব্যবস্থাই এখানে নেই। পানকে কৃষি পণ্য হিসাবে ধরে এর প্রসেসিং, সংরক্ষণ ইত্যাদির ব্যবস্থা করা এবং আরও উন্নত ভাবে যাতে পান চাষ হয় তার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সঙ্গে সঙ্গে পান নিয়ে গবেষণা, এর জন্য উপযুক্ত সার সরবরাহ করা এবং মাটি টেস্ট করে উন্নত ধরণের পান চাষের ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি। তারপর আমি পাটের কথা বলব। পশ্চিমবঙ্গের শিল্পে পাট এখনও সূর্যোদয় ঘটাতে পারে। পাশ্চাত্য দেশগুলিতে দূষণ বিরোধী আন্দোলন যা হচ্ছে সে কথা সকলেই জানেন। সেখানে লোকরা বলছে প্রাকৃতিক তন্তুর দিকে ফের, মানে পাটের দিকে ফের। মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে প্যাকেজিং শিল্পের উপকরণ হিসাবে আজকাল পাটের চাহিদা বাড়ছে। এর জন্য তারা আইনও করেছে। আমাদের অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রী বাইরে থেকে শিল্পপতি ধরে এনে এখানে কৃত্রিম তন্তু তৈরি করার ব্যবস্থা করছেন আর অপর দিকে সমগ্র পৃথিবী ভাবছে প্রাকৃতিক তন্তুর কথা। আমি মনে করি প্রাকৃতিক তন্তু ব্যবহার করার ব্যাপারে আমাদের দেশের মানুষকেও অবহিত করা দরকার। স্যার, পশ্চিমবঙ্গের দুর্ভাগ্য, আমাদেরও দুর্ভাগ্য যে বিদেশে অর্থনীতি পড়া একজনকে এখানে অর্থমন্ত্রী করা হয়েছে ফলে এখানে কৃষির উপর সেই ভাবে নজর দেওয়া হয় নি। আমাদের দলের নেতা অতীশ বাবু বলেছেন যে আপনারা টাকা খরচ করতে পারেন নি। প্ল্যানের জন্য আপনি কত টাকা খরচ করেছেন?

[4-20 — 4-30 P. M.]

আগের বছর ছিল ৬ লক্ষ টাকা। আপনারা ৫ লক্ষ টাকা খরচ করেছেন। কাজেই এটা ভেবে দেখবেন। আমি বলব যে, সরকার এবং মালিকের যদি আন্তরিকতা থাকে তাহলে আমাদের দেশে পাট চাষ একটা জায়গায় যেতে পারে। আমি ৪টি জিনিস এখানে উল্লেখ করতে চাই। প্রথম কথা হচ্ছে, উৎপাদনের বৈচিত্র সাধন করা। দ্বিতীয়ত কারখানার প্রাচীন যন্ত্রপাতির বার্ধক্য জনিত যে রোগে আক্রান্ত হয়েছে সেগুলির অপসারণ করা দরকার। তৃতীয়ত কাঁচা পাটের দরের অস্থির বিচরণকে রোধ করা দরকার। চতুর্থত পাট চাষীরা যাতে পাটের ন্যায্য দাম থেকে বঞ্চিত না হয় সেটা আপনাদের ইনিসিয়েটিভ নিয়ে করতে হবে। এই চারটি জিনিস যদি করতে পারেন তাহলে আমাদের ঘুমিয়ে পড়া অর্থনীতির প্রাণ সঞ্চার

হবে এবং চাষীদেরও উন্নতি হবে। আপনারা বিধানসভায় ১৯৯৪-৯৫ সালের যে রিপোর্ট দিয়েছেন, এই ব্যাপারে আপনারা লক্ষ্য রাখবেন। আর একটা কথা বলতে চাই যে, আমাদের দেশে কৃত্রিম সার প্রয়োগের ফলে আমাদের মাটির উৎপাদনশীলতা ধীরে ধীরে কমে যাচ্ছে। আপনারা পারবেন কিনা সেটা চিন্তা করে দেখবেন। আমার প্রস্তাব হচ্ছে জৈব সার মিনিকিট হিসাবে চাষীদের কাছে পৌঁছে দেওয়া যায় কিনা। যে ভাবে বীজ হিসাবে মিনিকিট ব্যবহার করা হয় সেই ভাবে যদি এটা ব্যবহার করা যায় তাহলে আমার মনে হয় উৎপাদনশীলতা একটা জায়গায় নিয়ে যাওয়া যাবে। আজকে যে ভাবে কৃত্রিম সার প্রয়োগ করা হচ্ছে, রাসায়নিক সার ব্যবহার করা হচ্ছে তাতে চাষ যোগ্য মাটিকে নষ্ট করে ফেলা হচ্ছে। জৈব সারকে মিনিকিট হিসাবে তৈরি করে, একটা প্যাকেজ হিসাবে গরিব চাষীদের কাছে দিলে তাদের উপকার হবে। চাষীদের জন্য কতকগুলি বক্তৃতা দেওয়া ছাড়া আর কোনও গঠন মূলক দৃষ্টিভঙ্গী কিছু দেখছি না। সেজন্য এই বাজেটকে বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে দেওয়া কাট মোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, কৃষি মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এই হাউসে রেখেছেন, আমি তাকে সম্পূর্ণ ভাবে করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এখানে রাখছি। আমাদের বিরোধী সদস্যরা এখানে বক্তৃতায় বললেন যে, ১৯৬০ সালে সবুজ বিপ্লবের মাধ্যমে কৃষিতে বিপ্লব এসেছিল এবং তার জন্য পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে খাদ্য শস্যের উৎপাদন বেড়ে গেছে। আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৬০ সালে পি. সি. সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন খাদ্য আন্দোলন হয়েছিল। তখন তিনি রেগে গিয়ে বলেছিলেন যে, পশ্চিমবঙ্গের লোক কাঁচাকলা খাক, মাইলো খাক। সেই আন্দোলনের ফলে কংগ্রেসের গদি চলে গিয়েছিল। এই কথাটা তাদের স্মরণ রাখা উচিত। আমি এর পরে যে কথাটা বলতে চাই যে আমাদের বিরোধী পক্ষের নেতা, তিনি স্বীকার করেছেন যে খাদ্য শস্যের উৎপাদন বেড়েছে এবং ঐ উৎপাদনের মধ্যে সরকারের কতটুকু অবদান আছে সেই ব্যাপারেও সন্দেহ প্রকাশ করেছেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, পশ্চিমবঙ্গের জনসংখ্যা হচ্ছে ৭ কোটি। পশ্চিমবঙ্গের এই ৭ কোটি মানুষের মুখে খাদ্য তুলে দিতে কত খাদ্য উৎপাদন করতে হবে, তার জন্য কত জমি লাগবে সেটা আমাদের ঠিক করার প্রয়োজনীয়তা আছে। যদি আমরা এটা ঠিক করতে না পারি, শুধু এখনকার কথা চিন্তা করে নয়, আমাদের জনসংখ্যা যেভাবে বাড়ছে সে কথা মাথায় রেখে কৃষি জমির পরিমাণ নির্ধারণ না করি, তাহলে নিশ্চিত ভাবে ফসল উৎপাদনের যে কৃতিত্ব বামফ্রন্ট সরকার অর্জন করেছেন সেটা টিকিয়ে রাখা সম্ভব হবে না। তার জন্য রাজ্যে রাজ্যের কৃষি জমির পরিমাণ নির্ধারণ করতে হবে।

এটাও ঠিক যে, বামফন্ট সরকারের সাহায্য ও সহযোগিতায় কৃষকরা ফসলের ন্যায্য মূল্য পান বলেই পশ্চিমবঙ্গে ফসলের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এটা অস্বীকার করবার কোনও উপায় নেই। তবে এই উৎপাদন বৃদ্ধির জন্য আমাদের আরও কিছু ব্যবস্থা গ্রহণ করতে হবে।

তার জন্য মিনিকিট, ভরতুকিতে সার ইত্যাদি যা তাদের দেওয়া হয় সেটা ঠিক চাষের মরশুমে তাদের কাছে পৌঁছাচ্ছে কিনা সেটা দেখতে হবে। আর এই বিতরণ ব্যবস্থার মধ্যে যদি কোনও দোষ ত্রুটি থেকে থাকে সেটা সংশোধন করবার জন্য সময় সীমা নির্ধারণ করে দিতে হবে। যেমন বলে দিতে হবে — গমের মিনিকিট এই সময়ের মধ্যে দিতে হবে, তারপর আর দেওয়া যাবে না। সেই সময়ের মধ্যে যদি সেটা বিতরণ করা না হয় তাহলে তার জন্য যিনি দায়ী হবেন তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। জমির প্রকৃতি জানবার জন্য এখন উপগ্রহের মাধ্যমে আমরা ম্যাপ তৈরি করতে পারি এবং তার মাধ্যমে আমরা জমির প্রকৃতি জানতে পারি। আজকে কৃষি খামারগুলোতে যদি One window system করতে পারি তাহলে সেখান থেকে কৃষকরা প্রয়োজনমতো মাটি পরীক্ষা করাতে পারেন এবং সারের প্রয়োজনীয়তার কথাও জানতে পারেন। চাষীরা তাদের জমিতে কি ধরণের বীজ প্রয়োগ করবেন সেটা জানবার জন্যও প্রতিটি কৃষি খামারে One Window System চালু করা দরকার। তার সঙ্গে সঙ্গে এরকম কোনও পরিকল্পনার কথা ভাবা যায় কিনা যে, নাবার্ড ব্যাঙ্ক থেকে টাকা দিয়ে কৃষি খামারগুলোতে — সেখানে কর্মচারীরা আছেন, জমি আছে — উৎপাদন করে নিজেদের মাহিনা নিজেরাই চালাবেন। আজকে নাবার্ড ব্যাঙ্ক থেকে ঋণ দিয়ে খামারগুলোকে স্বয়ং সম্পূর্ণ করা যায় কিনা চিন্তা করতে হবে। দেখা যাচ্ছে যে, এগ্রিকালচার (মার্কেটিং) দপ্তরের যে সমস্ত রেগুলেটেড মার্কেট কমপ্লেক্স রয়েছে সেখানে কোনও রকম পরিকল্পনা নেই। শুধুমাত্র জনতার চাপে কোথায়ও রাস্তা, কোথায়ও বা দুটি টিউবওয়েল করে দেওয়া হয়েছে। কিন্তু আমি মনে করি, রেগুলেটেড মার্কেট কমপ্লেক্সগুলোর ক্ষেত্রে একটা পরিকল্পনা থাকা দরকার যে পরিকল্পনার মাধ্যমে সেখানে উন্নয়নমূলক কাজগুলো হবে। রাজ্য জুড়ে দেখা যাচ্ছে, কৃষকরা রাসায়নিক সার ব্যবহার করছেন সেক্ষেত্রে পরিসংখ্যানে দেখা যাচ্ছে, জমিতে নাইট্রোজেনের ব্যবহার বেড়েছে, ফসফেট ও পটাশের ব্যবহার কমেছে।

[4-30 — 4-40 P. M.]

তারপরে কি হচ্ছে? মাটির যে উর্বরতা ক্ষমতা তা আস্তে আস্তে কমে যাচ্ছে এবং এই উর্বরতা ক্ষমতা কমে যাওয়ার ফলে এই রকম অবস্থা দেখা দিতে পারে যে জমির উৎপাদনশীলতা বন্ধ্যা হয়ে যেতে পারে। জমির উৎপাদনশীলতাকে বজায় রাখার জন্য মাটি পরীক্ষার ব্যবস্থা যেটা আছে, তাকে আরও সচল করতে হবে। আমাদের দেখতে হবে, কি পরিমাণ রাসায়নিক সার আমরা ব্যবহার করতে পারব। আমাদের বিভিন্ন দপ্তর যেগুলি আছে, কৃষির সাথে বিশেষ করে যেগুলি যুক্ত, যেমন,·ক্ষুদ্রসেচ এবং কৃষি বিপণন ব্যবস্থা, তার সঙ্গে আছে প্রসেসিং ব্যবস্থা। এই দপ্তরগুলির মধ্যে সমন্বয়ের বিশেষ অভাব আছে। আমি তার একটা উদাহরণ দিই। কিছু দিন আগে পুরুলিয়াতে চাষীরা বাদাম চাষ করেছিল। কিন্তু সেখানকার কৃষকরা যখন দেখল যে প্রচুর বাদাম উৎপাদন করা সত্ত্বেও তার বাজার পাওয়া গেল না — এই বাদামকে ফুড প্রসেসিংয়ের মাধ্যমে তেল উৎপাদনের ব্যবস্থা যদি করা যেতে পারত, তাহলে চাষীরা উৎসাহিত হতে পারত এবং তারা বেশি বেশি করে বাদাম চাষ করত, কিন্তু যেহেতু তাদের উৎপাদিত পণ্যের বাজার পেল না — তখন তারা বাদাম চাষ করা

বন্ধ করে দিল। কাজেই এই যে দপ্তরগুলির মধ্যে সমন্বয়ের অভাব আছে, এদিকে আমাদের চিন্তা করতে হবে। সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গে কৃষকদের বিষয়টি একটি ব্যাতিক্রম বিষয়। এখানে শতকরা ৮০ ভাগ জমির মালিক হচ্ছে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকরা। এর ফলে জোতের পরিমাণ এমন কমে গেছে যে এই সমস্ত চাষীদের পক্ষে আধুনিক প্রযুক্তি ও আধুনিক ব্যবস্থায় চাষ করা সম্ভব নয়। কো-অপারেটিভ ফার্মিংয়ের মাধ্যমে যাতে এই সমস্ত প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের আনা যায় তার ব্যবস্থা মন্ত্রী মহাশয় করবেন বলে আশা রাখি। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে কৃষি মন্ত্রী শ্রী নরেন্দ্রনাথ দে মহাশয় ১৯৯৬-৯৭ সালের জন্য ৪৭, ৪৮ এবং ৫৫ নম্বর যে দাবি উত্থাপন করেছেন এবং তাঁর সাথে কৃষিজ বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় যে দাবি উত্থাপন করেছেন, আমি এই দাবিগুলির বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে গুটি কয়েক কথা বলতে চাই। একথা অনস্বীকার্য, গোটা রাজ্যে, বিশেষ করে পশ্চিমবাংলার মতো কৃষি নির্ভরশীল রাজ্যে ৫০ ভাগের বেশি রেভিনিউ কৃষির উপরে নির্ভর করে। এই কৃষি পণ্যের উপরে নির্ভর করে যে রাজ্য, সেখানে কৃষিতে আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি? মাননীয় অর্থমন্ত্রীর সাধারণ বাজেট থেকে শুরু করে নরেন্দ্রনাথ দে মহাশয়ের কৃষি বাজেট পর্যন্ত প্রতিটি ছত্রে ঘুরে ফিরে বলবার চেষ্টা করা হয়েছে যে, ভূমি সংস্কারের সফল রূপান্তরের মধ্যে দিয়ে কৃষিজাত পণ্যের উৎপাদন বেড়েছে যা রেকর্ড সৃষ্টি করতে পেরেছে।

আমাদের প্রথম বক্তা এবং আমাদের নেতা মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় যে কথা বললেন আমিও সেই একই কথা বলছি যে, বামফ্রন্ট আমলে চালের উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম নয়, অতীতেও বহু দূরের অতীত হলেও দেখা গেছে যে এই রাজ্যে যতটা চাল উৎপাদন হয়েছে তা অন্য রাজ্যে হয় নি এবং সেটা আন্তরিক ভাবেই প্রথম থেকে চাল উৎপাদন এখানে বেশি করে হয়েছে। আমার আগের বক্তা, ট্রেজারি বেঞ্চের, তিনি বললেন, অতীতে কংগ্রেস আমলে নাকি মাইলো ইত্যাদি খাওয়ানো হত এবং চালের উৎপাদন ঠিকমতো হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ যখন স্বাধীনতা লাভ করে তখন থেকে ৩৭ কোটি মানুষের জন্য স্বাধীন ভারতের যাত্রা শুরু হয়েছিল। সেই সময়ে কানাডা থেকে ৪৮০ পি. এল. — গম আনার ব্যাপারে বিরোধীপক্ষ থেকে বহু নিন্দা করা হয়েছে এবং বলা হয়েছিল যে সাম্রাজ্যবাদীদের হাতে দায়িত্ব ছেড়ে দেওয়া হয়েছে। আমরা তখন জানিয়েছিলাম যে কংগ্রেস সরকার তার পরিকল্পিত অর্থনীতির মধ্যে আছে এবং ভারতবর্ষে খাদ্য মজুত আছে। আমরা আজকে সেখানে দেখছি কি — অন্ধ্রের থেকে পশ্চিমবঙ্গকে প্রতি বছর ২ লক্ষ টন খাদ্য সংগ্রহ করতে হচ্ছে, তা না হলে চলছে না। এই রাজ্যে নাকি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ. তাহলে কেন্দ্রের মজুত ভান্ডার থেকে প্রতি বছর ১ কোটি ৩৫ লক্ষ মেট্রিক টন চাল এই রাজ্যে আসছে কেন? আপনাদের আমলে তো অনেকগুলো কৃষিতে খামার হয়েছে সেগুলো কি সাফল্য লাভ করেছে? আপনাদের তো সরকারি পরিচালনায় খামার আছে, সেই

খামারগুলো কি লাভে চলছে? আপনারা সেখানে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। আমি মেদিনীপুরের মানুষ, আমার জেলায় দিঘাতে প্রায় একশো একর জায়গা নিয়ে খামার তৈরি করা হয় কাজু বাদাম চাষ করার জন্যে, কিন্তু সেখানে ১ কে.জি. কাজুও কি আপনারা উৎপাদন করতে পেরেছেন? কোনও কাজু বাদাম উৎপাদন হয় নি। আপনারা ভূমি সংস্কার নিয়ে খুব কথা বলেন, কিন্তু আমাদের রচিত ভূমি সংস্কার আইনের মধ্যে দিয়ে কৃষকদের জমি বিলি করে আপনারা বাহবা নেবার চেষ্টা করছেন। আজকে কৃষিতে যে উন্নতি তা শুধু সম্ভব হয়েছে কৃষিজীবি মানুষের নিজের চেষ্টার জন্য এবং বলিষ্ঠ পদক্ষেপের জন্যে, সেখানে বরং বামফ্রন্ট সরকার তাদের প্রতিবন্ধকতার সৃষ্টি করে চলেছে। তাদের ক্রমাগত যে ধরণের বীজ এবং সার দেওয়া হচ্ছে তা অত্যন্ত নিম্নে মানের। উন্নত মানের বীজ এবং সার পেলে পরে তারা আরও বেশি ফসল ফলাতে পারত। তারপরে আপনারা জল চাষে দেওয়ার ব্যাপারে ওয়ার্ল্ড ব্যাঙ্ক যখন সাহায্য করতে এসেছিল তখন অনেক সমালোচনা করেছিলেন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক সারা ভারতবর্ষে ক্ষুদ্র সেচের মাধ্যমে যখন সেচের ব্যবস্থা করছিলেন তখন আপনারা তাদের কে ঘৃণার সঙ্গে প্রত্যাখান করেছিলেন। অথচ শেষকালে সাম্রাজ্যবাদীর অনুপ্রবেশ এই রাজ্যেও ঘটেছে। আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাহায্যে পশ্চিমবঙ্গের সারা রাজ্যে ক্ষুদ্র সেচের মাধ্যমে জল সরবরাহ করতে পেরেছেন, তার ফলে উৎপাদন কিছুটা বাড়তে পেরেছে। তারপরে আজকে যে কৃষিতে সাফল্য নিয়ে খুব গর্ব করা হচ্ছে কোথায় সাফল্য — আপনি বাজারে যান দেখবেন যে কলাটি আপনি কিনছেন, সেই কলাটি মাদ্রাজ থেকে আসছে, আজকে সব জিনিসপত্র বিভিন্ন রাজ্য থেকে আসছে। তাহলে আপনার সার্থকতাটা কোথায়। তারও পরে আপনারা কিভাবে ধাপ্পা দিচ্ছেন দেখুন — আপনারা বলছেন যে ১৯৯০ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত ৬১.৮১ লক্ষ হেক্টর জমি চাষ হয়েছে।

[4-40 — 4-50 P. M.]

সেখানে সরকার বলছে ১১০ লক্ষ মেট্রিক টন চাল উৎপাদন হয়েছে, সেখানে সার ব্যবহার করা হয়েছে ৭.৩ লক্ষ মেট্রিক টন। ৯২-৯৩ সালে সেখানে জমি চাষ করা হয়েছে ৭.৪৬ হেক্টর, সেখানে উৎপাদন করা হয়েছে ১২১ লক্ষ মেট্রিক টন, সেখানে সার ব্যবহার করা হয়েছে ৭.৩১। ৯৩-৯৪ সালে সেখানে জমি চাষ করা হয়েছে ১২.৪ এবং ৭.৫ লক্ষ মেট্রিক টন সার ব্যবহার করা হয়েছে ৯৪-৯৫ সালে ৬১.৬৬ হেক্টর জমিতে চাষ করা হয়েছে, ১৩১ লক্ষ টন সার ব্যবহার হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ক্রমান্বয়ে প্রতি বছরে সার উৎপাদনের ক্ষেত্র কমে যাচ্ছে। অথচ আপনি কি করে বললেন আপনার উৎপাদন প্রতি বছরে বাড়ছে? আমার মনে হয়েছে, উৎপাদনের যা হিসাব, স্ট্যাটিস্টিক্স এটা অতি রঞ্জিত, সেখানে প্রতারণার আশ্রয় নেওয়া হয়েছে। ছলনার আশ্রয় নেওয়া হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, ৯৩-৯৪ সালে অন্ধ্রতে ১৫.৪৩ লক্ষ টন সার ব্যবহার করা হয়েছে। এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি, অন্ধ্র গুজরাট, ইউ. পি. মহারাষ্ট্র, পাঞ্জাবে যে অবস্থা সেখানে পশ্চিমবঙ্গ সবার নিচে, ওয়ান পার্সেন্ট সার ব্যবহার করা হয়েছে। তাই আমি মনে করি এটা অতি রঞ্জিত, এটা কাল্পনিক। এর দ্বারা সারা রাজ্যের মানুষকে প্রতারণার চেষ্টা হয়েছে। গত ২০

বছরে অন্যান্য রাজ্য যেখানে ২টি বিষয়ে এগিয়েছে, সেখানে আমরা একটিতেও এগুতে পারি নি। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি :** মিঃ চেয়ারম্যান স্যার, গতকাল মুখ্যমন্ত্রী এই হাউসে একটা স্টেটমেন্ট করেছিলেন, সেই স্টেটমেন্ট-এর কপির অ্যানেক্সচার সমেত দেওয়ার কথা, সারা দিন আমরা অপেক্ষা করছি, অথচ এখন প্রায় ৫টা বাজতে চলল, সেই কপি আমরা পেলাম না। বি. এ. কমিটির মিটিংয়ের আগে এটা পেলে ভাল হত। কি এমন মহাভারত লিখতে হচ্ছে যে এতক্ষণ পর্যন্ত সারা দিন বসে থেকেও পেলাম না। আপনি বলুন, আপনার অফিস যদি এতই অপদার্থ হয় তাহলে এই অফিস থাকা আর না থাকা দুই সমান।

**মিঃ চেয়ারম্যান :** আমরা দেখছি, অনেক কপি করতে হচ্ছে, তাই সময় লাগছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি একটা খবর দিচ্ছি। পয়েন্ট অফ ইনফর্মেশন। গত প্রায় ১৪ দিন ধরে আমাদের দক্ষিণ কলকাতার সাংসদ আলিপুরের কোর্টের সামনে ধর্ণা দিচ্ছিলেন। তিনি বলেছিলেন জেলা প্রশাসনের থেকে কেউ এসে তাকে অ্যাসিওর না করলে ধর্ণা চালিয়ে যাবেন। সরকার থেকে বলেছিল, বুদ্ধদেব বাবু বলেছিলেন কোনও প্রশাসনের লোক ধর্ণা মঞ্চে যাবেন না। কিন্তু অবশেষে যেটা ১৪ দিন ধরে করেন নি, সেটাই করলেন দক্ষিণ ২৪ পরগনার এ. ডি. এম. আলাপন বন্দ্যোপাধ্যায় ধর্ণা মঞ্চে গিয়ে কথা বলেছেন, তিনি বলেছেন আপনারা প্রতিনিধি পাঠান, আমরা অভিযোগ শুনব। সেই মতো আমি আর আকবর আলি খন্দেকার আমরা গিয়ে জেলা শাসকের সঙ্গে কথা বলেছি। আমি আশা করব ধর্ণা উঠে যাবে। ১৪ দিন ধরে বুদ্ধদেব বাবু যে জিদ দেখালেন, এটা না করলেই ভাল হত। দেরিতে হলেও আপনাদের জ্ঞান উন্মেষ হয়েছে, এটা না দেখালেই ভাল হত।

**শ্রী খারা সোরেন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি ও কৃষি বিপণন শাখার ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দর দাবি উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং কংগ্রেসি বন্ধুদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে ওনারা বিরোধিতা করেছেন, কিন্তু গ্রামে একটা প্রচলিত কথা আছে, হাঁস পাড়ে ডিম, আর খায় দারোগা বাবু। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে ১৪ লক্ষেরও বেশি বর্গাদারের নাম আমরা রেকর্ড করেছি। তাদের রক্ত শোষণ করে, তাদের রক্ত জল করা সমস্ত কিছু ভোগ করবে ঐ দারোগা বাবুরা, আজকে কৃষিতে উন্নতি হয়েছে, সবুজ বিপ্লব হয়েছে। পশ্চিমবাংলায় সবুজ বিপ্লব ঘটিয়েছে এই বামফ্রন্ট সরকার। তাই আজকে ১৪ লক্ষ বর্গাদার এই বামফ্রন্টকে রক্ষা করার চেষ্টা করছে। বামফ্রন্ট সরকার আজকে কৃষিতে উন্নতি করার যে পরিকল্পনা নিয়েছেন তাতে বেশি ফসল ফলছে। তবে আমাদের প্রশাসনিক ঘাটতি থাকার ফলে কিছু অসুবিধা দেখা দিচ্ছে। যেমন কৃষিতে উন্নতি করতে গেলে বিদ্যুৎটা ঠিক দিতে হবে, সার ঠিকমতো দিতে হবে, সেচ ঠিকমতো দিতে হবে। তাছাড়া কৃষকদের স্বার্থে আরও একটা জিনিস করতে হবে, আজকে গ্রামীণ রাস্তাঘাটের প্রয়োজন আছে এবং সেই দিকে আমাদের

ভাবতে হবে। আজকে আমরা লক্ষ্য করছি স্যালো টিউবওয়েলে জলের স্তর নেমে যাচ্ছে। এই দিকটা ভেবে দেখা দরকার। আমাদের সরকারের পক্ষ থেকে আমরা বার বার বলার চেষ্টা করেছি পানীয় জলের একটা সঙ্কট দেখা দিয়েছে। সুইস বলে একটা সংস্থা আছে তাদের অনুমোদন না নিয়ে সরকারি পক্ষ থেকে স্যালো টিউবওয়েল বসাবার চেষ্টা চলছে এবং বে-সরকারি ভাবেও স্যালো টিউবওয়েল বসাবার চেষ্টা চলছে। ফলে জলের স্তর নেমে যাচ্ছে। সেখানে পানীয় জলের সঙ্কট দেখা দিচ্ছে। কয়েকটি অঞ্চলে ব্যাপক ভাবে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। আগামী ২০ বছরে যদি এইভাবে চলে তাহলে আগামী দিনে সেখানে পানীয় জলের সঙ্কট দেখা দেবে, জল পাওয়া যাবে কিনা সেই ব্যাপারে সংশয় দেখা দিতে পারে। কৃষিতে আরও উন্নত ধরণের চাষ দিতে গেলে উত্তরবঙ্গের তিস্তা প্রকল্পের কাজ ত্বরান্বিত করতে হবে এবং উপরিভাগের জলের স্তরকে ব্যবহার করতে হবে। যেমন অনেক খাঁড়ি আছে, নদী আছে, পুকুর আছে, সেগুলোকে সংস্কার করে উপরিভাগের জলকে যদি আমরা ব্যবহার করতে পারি তাহলে কৃষিতে একটা পরিবর্তন আনা সম্ভব হবে।

তার পর কৃষি মন্ত্রীকে এইটুকু বলব যে আজকে রাসায়নিক সার আমরা ব্যবহার করছি। যার মধ্যে দিয়ে জমির শক্তি হারিয়ে যাচ্ছে। আজকে নূতন করে জৈব সারের উপর বেশি করে জোর দেওয়া দরকার। আমরা এমন ভাবে রাসায়নিক সার, কীটনাশক ব্যবহার করে ফেলছি, যাতে ফসল রক্ষাকারী পতঙ্গ কেঁচো সহ আজকে বিনষ্ট হয়ে যাচ্ছে। আজকে মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করব যে আজকে কৃষি বিজ্ঞানীদের ভাবতে হবে, মানুষ যেমন কবিরাজী, অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি ঔষধ ব্যবহার করে সে রকম ভাবে কৃষি ক্ষেত্রে আমরা ভেষজ ব্যবহার করতে পারি কিনা? গ্রামে গঞ্জে নিম গাছ আছে, সেই গাছ থেকে যে ফল হয় সেই ফলের তেল কৃষকরা আলু চাষে ব্যবহার করে ফলে সেখানে উঁই পোকা হতে পারে না। আজকে কৃষি বিজ্ঞানীরা সমীক্ষা করে, পরীক্ষা নিরীক্ষা করে কীটনাশক উপহার দিতে পারে। তাহলে আগামী দিনে কীটনাশক ঔষধের মধ্যে দিয়ে ব্যাঙ, অন্যান্য ফসল রক্ষাকারী পতঙ্গরা রক্ষা পেতে পারে। আমরা দেখি বিভিন্ন জেলায় ব্যাপক আলু চাষ হয়। যেখানে হিমঘর নেই সেখানে —

**(এই সময় মাইক অফ হয়ে যায়।)**

[4-50 — 5-00 P. M.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি কৃষিজীবী নই। গ্রামের মানুষও নই, তবুও কৃষি আমাদের জীবনকে অ্যাফেক্ট করে। সে জন্য কৃষির উপর কখনও কখনও আলোচনার দরকার হয়। আমাদের দেশের গ্রস ন্যাশনাল প্রোডাক্ট এখনও ৮০ শতাংশ আসে কৃষি থেকে যেখানে আমেরিকার মতো অ্যাডভান্স দেশে ২০ শতাংশ কৃষিতে। সুতরাং কৃষির উন্নতির সাথে আমাদের অর্থনীতি অঙ্গাঙ্গি ভাবে জড়িত, সে বিষয়ে সন্দেহ নেই। আমার বন্ধু শৈলজা দাস কিছুক্ষণ আগেই বললেন যে পশ্চিমবাংলায় যে .কৃষিতে সাফল্য দাবি করা হচ্ছে, তার কৃতিত্ব বামফ্রন্ট সরকার দাবি করতে পারেন না তার কারণ কৃষিতে কয়েকটি জিনিস লাগে যার

কোনওটাই বামফ্রন্ট সরকার ব্যবস্থা করতে পারেন নি। গ্রামে সেচের জল দরকার। কত পার্সেন্ট জমি এখনও সেচের আওতায় এসেছে? মাত্র ৫০ পার্সেন্ট। মাত্র পঞ্চাশ শতাংশ সেচের আওতায় এসেছে। এখন বলছে আগামী ২০ বছরে ২০ পার্সেন্ট মানে বছরে এক পার্সেন্ট জমি সেচের আওতায় আসছে। এখন বলছে ৫ বছরে ২০ পার্সেন্ট বাড়াবে। তাহলে আপনারা সেচের ব্যবস্থা করতে পারেন নি।

স্যার, এখনও সব গ্রামে বিদ্যুৎ যায় নি। এনারজাইজড টিউবওয়েল, বিদ্যুৎ চালিত টিউবওয়েল যেখানে আছে, সেখানে কংগ্রেস আমলের পর সেগুলির সংখ্যা কমেছে। কংগ্রেস আমলে যে সমস্ত জায়গায় ডিপ ডিউবওয়েল তৈরি হয়েছিল, সেখানে ঘর ভাঙ্গা, সেখানে মোটর চুরি হয়ে যাচ্ছে, তার চুরি হয়ে যাচ্ছে। তাহলে আপনি বলবেন যে, কৃষি উৎপাদন বাড়ছে কি করে? হ্যাঁ, এটা বাড়ছে কৃষকদের দ্বারা। তারা ব্ল্যাকে ডিজেল কিনে পাম্প চালাচ্ছে। লুধিয়ানায় এগ্রিকালচারাল ইউনিভার্সিটি যে সিড বের করেছে, সেই সিড তারা কর্পোরেশনের কাছ থেকে কিনছে। কৃষির ক্ষেত্রে যে উন্নতি হচ্ছে, সেটা ব্যক্তিগত প্রচেষ্টাতেই হচ্ছে। সেখানে যে ইনফ্রাস্ট্রাকচারাল সাপোর্ট দেওয়ার দরকার ছিল রাজ্য সরকারের, তা অনেক ক্ষেত্রে ব্যর্থ হয়েছে। কালেকটিভাইজেসানে কৃষির উন্নতি হয় নি। দেখা গেছে যে, একজন কৃষক তার যে প্রচেষ্টা সেটা সফল করা দরকার এবং সেখানে চাষীদের যে ব্যক্তিগত উদ্যোগ যেটা রয়েছে, সেখানে সেই চাষীকে বিদ্যুৎ, কীটনাশক ঔষুধ, মার্কেটিং ইনফ্রাস্ট্রাকচার তার যা দরকার ছিল, সেটা এখনও সরকার যথেষ্ট দিতে পারে নি। রাজ্য সরকার পঞ্চায়েতের মাধ্যমে যে মিনিকিট ডিস্ট্রিবিউশন করেন, সেখানে দলবাজি হয়েছে এবং আমাদের প্রোডাকটিভ প্রোটেনশিয়ালিটি রিয়ালাইজড হয় নি। এটা ঠিক যে, এখানে এটা প্রমাণ হচ্ছে যে এগ্রিকালচার প্রোডাকশন ইজ ইনডিপেন্ডেন্ট অফ ইকনমিক স্কেল। আগে বলত যে, বড় জমিতে বেশি ফলন হবে। এখন কৃষি প্রযুক্তি এমন জায়গায় পৌঁছেছে যে, ছোট জমিতেও ভালো ফলন হতে পারে। বর্গাদারদের ছোট জমি বিতরণের জন্য নাম লিখেছেন, কিন্তু তাদের প্রয়োজনীয় জিনিস কি দিতে পেরেছেন? আপনারা বলেছেন যে, ভূমি সংস্কারের সুফলের ফলেই কৃষি উৎপাদন বেড়েছে। পাঞ্জাবে কোনও ভূমি সংস্কার হয় নি। সফল হয় নি। কিন্তু সেখানে কৃষি উৎপাদন বেড়েছিল। সুতরাং এটা রিলেটেড নয়। ভূমি সংস্কার হচ্ছে ডিস্ট্রিবিউটিভ জাস্টিস। আমি এই কথা বলছি যে, প্রোডাকশন যেটা বেড়েছে, সেটা ইনডিভিজুয়াল ফার্মারেই বেড়েছে। ব্যক্তিগত উদ্যোগে, তারা আধুনিক প্রযুক্তি গ্রহণ, করেছে এবং তাদের আধুনিক মানের জন্যই বেড়েছে। এর জন্য সরকারের ভূমিকা সীমাবদ্ধ। এক্ষেত্রে সরকারের ভূমিকা একেবারেই নেই বলব না, সরকারের বড় ইনফ্রাস্ট্রাকচার আছে, এগ্রিকালচার ইউনিভার্সিটি আছে, কয়েকটা সিড ফার্ম আছে। কিন্তু এটা যথেষ্ট নয়। ইনফ্রাস্ট্রাকচারলি পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে। দ্বিতীয়, আমি আপনাদের কাছে যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, কৃষি মানেই শুধু ধান নয়, ধানে আমরা ফলন বাড়িয়েছি ঠিকই, কিন্তু এখন নরেন বাবু এগ্রিকালচার মন্ত্রী হয়েছেন, উনি আগে ফুড মিনিস্টার ছিলেন, প্রতি বছরই রেশনের জন্য চাল গম ৩৮ লক্ষ টন আনতে হয়। এরপরেও আপনি বলছেন যে, কৃষিতে ফার্স্ট? ভিখারী কেন? ভারতবর্ষের অন্যান্য রাজ্যে রেশন তুলে দিয়েছে, বোম্বেতে রেশন তুলে দিয়েছে। সেখানে আপনাদের রেশন ব্যবস্থাকে বাঁচিয়ে রাখার

জন্য সেন্ট্রাল পুল থেকে প্রোকিওর করতে হচ্ছে। সুতরাং আপনারা সেলফ সাফিসিয়েন্ট নন। আপনারা দুটো জিনিসে ভালো করেছেন। এটা হচ্ছে ধান এবং আলু। আলুতে আমি পরে আসছি। কিন্তু আপনারা গম উৎপাদনে কি করেছেন? না গম উৎপাদন পড়ে গেছে এবং যেটা অন্যান্য রাজ্যে ম্যাসিভলি হয়েছে, সেটা আপনারা করতে পারেন নি। মহারাষ্ট্রে শুধু ৩০০ কোটি টাকার ফল এক্সপোর্ট হয় বিদেশে। ইউরোপের যে কোনও ব্রেকফাস্টের টেবিলে বারামতির আঙুর থাকে। আপনারা ফলে উৎপাদন বাড়াতে পেরেছেন?

[5-00 — 5-10 P. M.]

হর্টিকালচার, ফ্লোরিকালচার আজকে সারা পৃথিবীতে সবচেয়ে প্রফিটেবল, কিন্তু আমরা সেগুলো ডেভেলপ করি না। শুধু কোলাঘাটে পাঁশকুড়ার চাষীরা কিছু ফুল ফলায়, সেগুলো হাওড়া ব্রিজের নিচে এসে বিক্রি হয়। ভারতবর্ষের অন্য জায়গা থেকে — আমস্টারডাম, যেটা সবচেয়ে বড় ফুলের মার্কেট, এখানে প্রতিদিন এক হাজার কোটি টাকার ফুলে ব্যবসা হয়। সেখানে ওরা পাঠাচ্ছে আধুনিক যে সব ফুল গ্ল্যাডিউলি, ক্রিসেনথিমাম ইত্যাদি। এইসবে আপনি ডেভেলপ করতে পারেন নি। মাননীয় বিধায়ক শ্রী শৈলজাকুমার দাস মহাশয় উল্লেখ করেছেন এখন সর্ষের তেল বাঙালী খায় না। অয়েল সিডে সেলফ সাফিসিয়েন্ট করতে পারলেন না। গ্রাউন্ড নাট সবটাই ইউ. পি. থেকে আসে। গ্রাউন্ড নাটে সেলফ সাফিসিয়েন্ট হতে পারলেন না। ফ্রুটসে সেলফ সাফিসিয়েন্ট হতে পারলেন না। তাহলে আপনার কৃষির নেট রেজাল্ট কি? নেট রেজাল্ট হল — এই রাজ্যের যা চাহিদা সেটা মেটাতে পারছেন না। ধান এবং আলুর বাইরে আর কিছুতে সেলফ সাফিসিয়েন্ট হতে পারলেন না। আপনাদের মার্কেটিং ইনফ্রাস্ট্রাকচারের অভাব দেখা যাবে পাটে। গতবারে ভীষণ র-জুটে অনেক স্কেয়ারসিটি হয়েছিল। অনেক জুট মিলের মালিকরা বলেছেন তাঁরা জুট মিল বন্ধ করে দেবেন। বিকজ, জুলাইয়ের ১৫ তারিখে পাট উঠতে শুরু করবে। অনেক মিলের র-জুটের স্টক ফুরিয়ে গিয়েছে। কিন্তু গতবারে দামটা অল টাইম রেকর্ড, ১৯০০ টাকা পর্যন্ত উঠে ছিল। তার ফলে এবারে কৃষক বেশি পাট রোপন করেছেন। এবারে রেকর্ড পাট উৎপাদন হবে। কিন্তু কি হবে? একদিকে কেন্দ্রের জুট কর্পোরেশন তারা পাট কেনা প্রায় বন্ধ করে দিয়েছে, আর অন্যদিকে রাজ্য অনেক আওয়াজ দিয়েছে। মাঝে মাঝে বাজেট স্পিচে দেখি 'আমরা জুট কর্পোরেশন করব'। কিন্তু পাট কেনার ইনফ্রাস্ট্রাকচার করতে পারেন নি। তার ফলে আবার এবছর বাম্পার জুট ক্রপ সত্ত্বেও পুরো জুট ক্রাইসিসটা ক্র্যাস করবে। এই অবস্থার জন্য জুটের মালিকরা বসে আছে যে, সস্তায় তারা কবে কিনবে। স্যার, আমি যেটা নিয়ে মেইনলি বলতে চাই সেটা হচ্ছে আলুর কি অবস্থা? সেখানে কৃষি মন্ত্রী হচ্ছেন নিরব দর্শক। কি হচ্ছে আলু নিয়ে? ফরওয়ার্ড ব্লক পার্টি আপনারা চালাতে চান চালান। কিন্তু পশ্চিমবঙ্গে আপনি শুধু আলুর উপর দিয়ে একটা পার্টি চালাবেন। আমি একটা হিসাব দিচ্ছি। পশ্চিমবঙ্গে ৬০ লক্ষ টন আলু হয়। মাননীয় ইয়াকুব সাহেব উত্তর দেবেন আপনারা। আমাদের কনজামশন ৩০ লক্ষ টন। তাহলে আর কোথায় পশ্চিমবঙ্গে আলুতে সারপ্লাস। আমাদের আলুর দাম পড়া উচিত। এখন চন্দ্রমুখী আলু বিক্রি হচ্ছে বাজারে ৭ টাকা করে। এটাই পুজোর সময়

বেড়ে দাঁড়াবে ১৪ টাকায় এবং এটা, যখন নভেম্বরের থার্ড উইকে যখন কোল্ড স্টোরেজগুলো খালি হয় তখন বেড়ে দাঁড়াবে ১৪ টাকায়। এ বছরে ১৪ টাকায় আলুর দাম আপনারা নিয়ে যাচ্ছেন। কেন এটা হচ্ছে? তার কারণ, কোল্ড স্টোরেজের মালিকদের সাথে ফরওয়ার্ড ব্লক নেতৃত্ব, এগ্রিকালচার মার্কেটিং ডিপার্টমেন্টের ২টো লোক — গুরুপদ হালদার এবং টিবরেওয়াল — এই ২টো লোক এই ৭ হাজার কোটি টাকার আলুর মার্কেট কন্ট্রোল করে। কটা কোল্ড স্টোরেজ আছে? ২৭২টা কোল্ড স্টোরেজ আছে। এই রাজ্যে। এই ২৭২টা কোল্ড স্টোরেজের মোট স্টক ২৫ লক্ষ টন। ৬০ লক্ষ টন আলুর প্রোডাকশন। এরা বে-আইনি ভাবে ১০ লক্ষ টন আরও রাখে। এই কোল্ড স্টোরেজে। আলুর দাম আর্টিফিসিয়ালি তারা বাড়াচ্ছে। কিরকম ভাবে বাড়াচ্ছে? সেটা হচ্ছে — এই রাজ্যের ১৯৫৯ সালের একটা অর্ডার আছে যে, পশ্চিমবঙ্গের আলু বাইরের স্টেটে পাঠানো যাবে না — এটা গভর্নমেন্টের অর্ডার। কিন্তু তা সত্ত্বেও এই রাজ্যের আলু বিহার, উড়িষ্যা এবং ব্যাপক ভাবে বাংলাদেশে চলে যাচ্ছে। সেজন্য আলুতে আমাদের সারপ্লাস হয়। আমাদের আলুর দাম বাড়ছে। বাঙালীকে ৯ টাকা, ১০ টাকা, ১৪ টাকায় আলু কিনতে হচ্ছে। এরপর আপনারা কি করেছিলেন? যখন কলিমউদ্দিন সামস এগ্রিকালচারাল মার্কেটিং ডিপার্টমেন্টে ছিলেন তখন একটা আশ্চর্য ব্যাপার হয়। দেখা গেল এগ্রিকালচারাল সেক্রেটারির সাথে মন্ত্রীর ঝগড়া হচ্ছে। তখন একটা ইউনিক কাজ হল। এগ্রিকালচারাল সেক্রেটারির ক্ষমতা কেড়ে নেওয়া হল — রুলস অফ বিজনেসের বিরুদ্ধে গিয়ে বলা হল। একজন স্পেশাল সেক্রেটারি নিয়োগ করা হল। হি ওয়াজ গিভন টোটাল পাওয়ার ইন দি এগ্রিকালচারাল মার্কেটিং ডিপার্টমেন্ট এগেইনস্ট দি রুল অফ বিজনেস। এগ্রিকালচারাল সেক্রেটারি একজন লাইসেন্সিং অথরিটি। এখন আসল যিনি কোল্ড স্টোরেজের লাইসেন্সিং অথরিটি নিয়োগ করেন — আগে যিনি লাইসেন্সিং অথরিটি ছিলেন, ডাইরেক্টর অফ এগ্রিকালচার, সেই লাইসেন্সিং অথরিটি চেঞ্জ করা হল এবং তার ফলে কি হচ্ছে? তার ফলে আজকে, একটা লাইসেন্সিং অথরিটি ২ বছর বাদ বাদ লাইসেন্স দেন সেখানে একটা লাইসেন্স রিনিউ করতে দেড় লক্ষ টাকা দিতে হচ্ছে — দিস ইজ দা প্রাইস টুডে। ২৭২ টি কোল্ড স্টোরেজ থেকে কত টাকা ওঠে আপনি ভাবুন। এখানে লাইসেন্স অথরিটি যদি কাজ করত, তাহলে হাঁড়িতে আলু পচে যেত না। হাঁড়িতে আলু পচে গিয়ে হেলথ হ্যাজার্ড সৃষ্টি হয়ে গেল কেন আজকে? নিয়ম হচ্ছে কোল্ড স্টোরেজে জেনারেটারের ব্যবস্থা রাখতে হবে। কেন এটা হচ্ছে না? তার একটা কারণ, ঐ দেড় লক্ষ থেকে দু লক্ষ টাকা হাত এক্সচেঞ্জ করছে। নরেন বাবু নূতন মন্ত্রী হয়েছেন, তিনি এটা রেস্টোর করুন। আপনার দপ্তর — যে বে-আইনি অর্ডার — এগ্রিকালচার সেক্রেটারি থাকতে একজন স্পেশাল সেক্রেটারি তাকে সমস্ত পাওয়ার দিয়েছেন — সেই পাওয়ার কেড়ে নিন। এটাই হচ্ছে রুলস অফ বিজনেস, আপনি আবার এটাকে এস্ট্যাবলিশ করুন। আমি একটা হিসেব দেখছিলাম, বীরেন বাবু বলছেন, আলুর দাম কমে গেলে কৃষক মার খাবে। কিন্তু কৃষকরা ৮০ পয়সার বেশি পায় না। আলুর বন্ড বিক্রি করে, সি. পি. এম.-এর সঙ্গে আঁতাত করে আলুগুলো নিয়ে নিচ্ছে। নিয়ম হচ্ছে ৭৫ পার্সেন্ট আলু রেন্টাল কোল্ড স্টোরেজে রাখতে হবে, আর ১৫ পার্সেন্ট ট্রেডিং অ্যাকাউন্টে রাখতে পারবে। সেখানে স্মল অ্যান্ড মার্জিনাল ফার্মারদের কাছ থেকে কিনে সেইগুলো ট্রেডিং অ্যাকাউন্টে নিয়ে যাচ্ছে, আর হালদার এবং টিবরেওয়ালারা

হাজার হাজার কোটি টাকা মারছে ঐ মন্ত্রীর সহায়তায়। আর মুখ্যমন্ত্রী আগের এগ্রিকালচার সেক্রেটারিকে ব্যাক করেছিলেন। পরে কি কথা হয়েছিল অশোক ঘোষের সাথে, পরে মুখ্যমন্ত্রী তার সিদ্ধান্ত পরিবর্তন করলেন। আমরা দেখলাম, এক কেজি আলু উৎপাদন করতে ১ টাকা ৬১ পয়সা খরচ পড়ে, আর আলু বিক্রি হবে ৭ টাকাতে। কে এই লুঠ করছে, ডাকাতি করছে? গত বছর দুশো কোটি টাকা আলুর বাজারে হাত এক্সচেঞ্জ হয়েছে। সবটাই ফরোয়ার্ড ব্লকে যায় নি, আরও কেউ পেয়েছে। কলিমুদ্দিন সামসকে নলহাটিতে দাঁড় করানো হল, কবিতীর্থে হেরে যাবে বলে। কেন না, ও না হলে পার্টি চলবে না। এই ডাকাতি চলতে পারে না। পশ্চিমবাংলায় আলুর নামে ডাকাতি হচ্ছে, কোল্ড স্টোরেজের মালিকরা লুটে খাচ্ছে, গরিব কৃষক মারা যাচ্ছে, এটা চলতে পারে না। আলু নিয়ে ডাকাতি বন্ধ হওয়া উচিত। দিস ডেকয়েটি মাস্ট স্টপ।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

**শ্রী কিরিটি বাগদি :** মাননীয় চেয়ারম্যান স্যার, কৃষিজ বিপণন মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে পূণ সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। বাজেটে কয়েকটা জায়গায় দেখলাম হাট এবং বাজারগুলো ব্যক্তিগত মালিকানায় গ্রহণ করেছে। যারা এই হাট এবং বাজারগুলো দখল করে রেখেছে, তারা আজ পর্যন্ত বসার জায়গা বা ছাউনি থেকে আরম্ভ করে পানীয় জল, রাস্তাঘাটের কোন ব্যবস্থাই করে নি। এইগুলো যাতে করে, তার ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। বাজেটে দেখলাম অনুগ্রহ পত্র প্রদান সম্পর্কে, এটা আরও একটু দৃঢ় করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। মন্ত্রী মহাশয় বলেছেন, আমাদের ৬০ লক্ষ টন আলু উৎপাদন হচ্ছে, কিন্তু কোল্ড স্টোরেজে মাত্র ২৬ লক্ষ টন রাখার মতো জায়গা আছে। এই কোল্ড স্টোরেজ যাতে আরও বাড়ানো যায়, শুধু আলু নয়, কপি, টমেটো প্রভৃতি সব্জীও যাতে রাখার ব্যবস্থা করা যায়, তার ব্যবস্থা করুন। তা না হলে চাষীরা লাভের জন্য যা উৎপাদন করে থাকে, তার থেকে তারা বঞ্চিত হচ্ছে। ফসল রাখতে পারছে না, কম দামে বিক্রি করতে বাধ্য হচ্ছে।

[5-10 — 5-20 P. M.]

কম দামে বিক্রি করতে বাধ্য হয়। সেইজন্য আপনার কাছে অনুরোধ করব, কিছু স্টোরের সংখ্যা বাড়িয়ে দিন যাতে চাষীদের উপকার করা যায়। আশা করি সেটা আপনি নিশ্চয় দেখবেন। আরেকটা বিষয় সম্বন্ধে বলব, সেটা হচ্ছে, চাষীদের আলু রাখার বন্ড-এর ব্যাপারে। আপনারা ঐ বন্ড পঞ্চায়েতের মাধ্যমে দেবার ব্যবস্থা করেছেন, এটা ঠিকই আছে। কিন্তু কিছু অসাধু লোক সেই বন্ড বিভিন্ন কায়দায় হস্তগত করে চাষীদের বেকায়দায় ফেলার চেষ্টা করছেন। আমার মনে হয়, এ বিষয়ে যদি বেনিফিসিয়ারি কমিটির ব্যবস্থা করা যায় তাহলে চাষীদের উপকার হবে। স্যার, বর্তমানে চাষের খরচ বৃদ্ধি পেয়েছে এবং উন্নত মানের বীজেরও প্রয়োজন হয়ে পড়েছে। কিন্তু তৎকালীন যাঁরা সরকারে ছিলেন তাঁরা গ্যাট-চুক্তি-টুক্তি

করলেও ভালো হাইব্রিড ব্রিজের কোনও ব্যবস্থা করেন নি বা তাঁদের জন্য খামার ইত্যাদির ব্যবস্থা কিছু করা হয় নি। এবার স্যার, আমি কোল্ড স্টোরেজ সম্বন্ধে বলব। মেদিনীপুর জেলার সদরে চাঁদ এবং ধর্মাতে কোল্ড স্টোরেজ করার দরকার আছে এবং বাঁকুড়ার ২ নম্বর ব্লকেও কোল্ড স্টোরেজ করা দরকার স্যার, বাঁকুড়াতে স্টোর আছে। কিন্তু উৎপাদন হচ্ছে গ্রামাঞ্চলে। সেই উৎপাদিত সামগ্রী এনে স্টোর করতে অসুবিধা হয়। সেই জন্য আমি মনে করি, গঞ্জের বিভিন্ন জায়গায় — আজকাল সেখানে রাস্তা হয়ে গেছে — স্টোর করা যেতে পারে, চাষীদের এতে উপকার হবে। এগুলো বিবেচনার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং যে কাট মোশনগুলো আনা হয়েছে আমাদের দলের তরফ থেকে তার সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, আজকে মাননীয় কৃষি মন্ত্রী তাঁর ব্যয় বরাদ্দ বরাবরের মতো এবারেও রেখেছেন। তিনি দাবি করেছেন, কৃষি উৎপাদনে তিনি নাকি ভারতবর্ষে প্রথম হয়েছেন। কিন্তু কৃষি উৎপাদনের ক্ষেত্রে এই যে তথ্য, এটা আদৌ নির্ভরযোগ্য নয়। কারণ কৃষি উৎপাদনের যে পরিসংখ্যান সেটা কৃষি দপ্তরে ধরা থাকে না। এটার ভিত্তি হচ্ছে, ব্লকে ব্লকে যে এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার, কৃষি উন্নয়ন আধিকারিক রয়েছেন তাঁরা ব্লক ভিত্তিক সেই তথ্য মহাকুমা কৃষি উন্নয়ন আধিকারিকের কাছে পাঠান এবং মহাকুমা কৃষি উন্নয়ন আধিকারিক, জেলা কৃষি উন্নয়ন আধিকারিকের কাছ হয়ে রাজ্য কৃষি উন্নয়ন দপ্তর সেটা সংগ্রহ করে। এটা সর্বজনবিদিত যে ব্লকে ব্লকে যে এ. ডি. ও. আছে তাদের এমন কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই, পরিকাঠামো নেই যার সাহায্যে তারা ব্লক ভিত্তিক এই কৃষি উৎপাদনের তথ্য সংগ্রহ করতে পারেন। অর্থাৎ সরকারের এই কৃষি উৎপাদনের যে তথ্য তার ভিত্তি হচ্ছে এ. ডি. ও.। তাই তথ্য করতে গেলে এ. ডি. ও.-কে তাঁর অফিসে বসে একটা মনোমতো তথ্য পাঠাতে হচ্ছে, হয়ত দু একটি জায়গায় গিয়ে সাবজেকটিভ একটা তথ্য পাঠানো হচ্ছে এবং এই অভিযোগ শুধু আমারই নয় আপনাদের সরকারের দেওয়া মুখার্জি - বন্দ্যোপাধ্যায় কমিটির যে রিপোর্ট তাতে ২৬ পাতায় বলছে — ইকোনমিক রিভিউতে বলা হচ্ছে ৯ বছরে উৎপাদন ডাবল হয়েছে।

In plain language the Agricultural Production doubled in 9 years. This is obviously a good news. But how the figures arrived at is a mystry considering that no one knows the crop acreage system. The statistical base of crop acreage is a guess work in the absence of crop recording system.

ফলে এটা গ্রেস ওয়ার্ক এবং তার উপর এই পরিসংখ্যান যেটা দেওয়া সেটা নির্ভরযোগ্য নয়, তার উপর ভিত্তি করে আপনার দপ্তর বলছেন ভারতবর্ষে আপনারাই উৎপাদনে বেশি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে পশ্চিমবাংলায় কৃষিযোগ্য জমি যে

ভাবে মেছো ভেড়িতে, বে-আইনি চা বাগানে রূপায়িত হয়ে যাচ্ছে যা আগামী দিনে পশ্চিম বাংলায় ধান চাষ বা অন্যান্য চাষ ঠিক ঠিক মতো হবে কি না সেটা উদ্বেগের বিষয়। আমাদের সুন্দরবন অঞ্চলে হাজার হাজার বিঘা জমি সেখানে কৃষি জমিতে চারদিকে মাটি দিয়ে উঁচু করে নোনা জল ঢুকিয়ে মাছ চাষ হচ্ছে বিশেষ করে চিংড়ি মাছের চাষ হচ্ছে, যার সঙ্গে মাল্টি-ন্যাশানালরা যুক্ত আছে। গোটা সুন্দরবন অঞ্চল যেমন হিঙ্গল, বাসন্তী, পাথরপ্রতিমা, কাকদ্বীপ, ক্যানিং এই বিস্তর অঞ্চল জড়িত। এটা যদি আপনি বন্ধ করতে না পারেন তাহলে আগামী দিনে যে সুন্দরবন অঞ্চল গ্রানারি অফ প্যাডি প্রোডাকশন সেটা আর থাকবে না। সেই অঞ্চল মেছো ভেড়িতে পরিণত হবে এবং মাল্টি ন্যাশানালরা যারা যুক্ত আছে তারা লাভবান হবেন, তাঁরা উপকৃত হবেন। কিন্তু পশ্চিমবাংলায় অন্ধকার ঘনিয়ে আসবে। পশ্চিম বাংলায় হাজার হাজার কৃষিযোগ্য জমি সেখানে বে-আইনি চা বাগানে রূপায়িত হয়েছে। তিস্তা সেচ প্রকল্পে হাজার হাজার চাষের জমি সেখানে বে-আইনি ভাবে চা বাগান হয়েছে, সেগুলি চেক করতে পারলেন না। খাস জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা দরকার সেটা চা বাগনে কনভার্ট হয়ে যাচ্ছে। আমি এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন কৃষির জন্য সরকার সমস্ত রকম সাহায্য ও সহযোগিতা করছেন। কিন্তু আমরা সেখানে কি দেখছি, দেখছি কৃষিতে যে উন্নত প্রযুক্তি, যে বিজ্ঞান ভিত্তিক প্রযুক্তি বা বৈজ্ঞানিক প্রযুক্তি, আধুনিক প্রযুক্তি, আধুনিক কৃষি বিজ্ঞানের সুফল তারা পাচ্ছে না। এটা চাষীদের কাছে পৌঁচাচ্ছে না। এই সুফলগুলি যাঁরা পৌঁছে দেবেন সেই এ. ডি. ও.-দের নিয়োগ গত ৫ বছর ধরে পশ্চিমবাংলায় বন্ধ আছে। ৩৪১ টি ব্লকের মধ্যে ২০০ টি ব্লকে এ. ডি. ও. আছেন, বাকিগুলিতে নেই। একজন এ. ডি. ও.-কে একাধিক ব্লক দেখা শোনা করতে হয়। এ. ডি. ও.-র কাজ কি — কি করে চাষের উর্বরতা বাড়াতে হবে, কোন মুরশুমে কোন চাষ করতে হবে, কোন কীটনাশক কি ভাবে ব্যবহার করতে হবে, মিনিকিট বিতরণ করা, চাষীদের চাষের পরামর্শ দেওয়া ইত্যাদি ইত্যাদি। এক কথায় জুতো সেলাই থেকে চন্ডী পাঠ পর্যন্ত সব দেখতে হয়।

[5-20 — 5-30 P. M.]

কার্যত তারা সার্ভিস দিতে পারছে না, ফলে অবৈজ্ঞানিক প্রথায় চাষ হচ্ছে। তাই কোথাও বেশি সার পড়ে জমির উর্বরা শক্তি কমে যাচ্ছে, কোথাও কম সার দেওয়ার ফলে উৎপাদন কম হচ্ছে। আপনি তাহলে কৃষকদের কি সাহায্য করছেন? কৃষি উৎপাদনের একটা গুরুত্বপূর্ণ জিনিস হচ্ছে মাটি পরীক্ষা। সেই মাটি পরীক্ষার ক্ষেত্রে কৃষি দপ্তর ড্যাম ফেলিয়র। কোন জমিতে কোনও মরশুমে কি চাষ করা উচিত, মাটির চরিত্র অনুযায়ী কোথায় কি চাষ করা উচিত, কি সার ব্যবহার করা উচিত, আবহাওয়ার পরিবর্তনের সঙ্গে সঙ্গে কোথায় মাটির কি চারিত্রিক পরিবর্তন ঘটছে ইত্যাদি জানা বিশেষ প্রয়োজন এবং তার জন্যই মাটি পরীক্ষা করতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্যের কৃষকরা আপনার দপ্তর থেকে মাটি পরীক্ষার কোনও সুযোগই পাচ্ছে না। ইতিপূর্বে রাজ্যের ১৮টি জেলার মধ্যে মাত্র ১১টি জেলায় মাটি পরীক্ষাগার ছিল। তার মধ্যে ৯টি এখন আর নেই। যে দুটি আছে সে দুটির

অবস্থাও খুবই খারাপ। ফলে কৃষকরা মাটি পরীক্ষার কোনও সুযোগ পাচ্ছে না। দ্বিতীয়ত কৃষি উৎপাদনের ক্ষেত্রে নিশ্চয়ই অনেক উন্নত প্রযুক্তি এসেছে। যার ফলে খুবই স্বাভাবিক ভাবে মান্ধাতার আমলের চেয়ে কৃষি উৎপাদন এখন বেড়েছে। কিন্তু এতে সরকারের কোনও কৃতিত্ব নেই। আমরা দেখছি সরকার কৃষককে কৃষি উপকরণ দিয়ে সাহায্য করতে পারছে না। সেদিক দিয়ে কৃষকরা অ্যাকচ্যুয়ালি হেল্পলেস। এমন কি কৃষকরা ফসলের ন্যায্য দাম পর্যন্ত পাচ্ছে না। গোটা রাজ্যে প্রায় ৪০ লক্ষ পাট চাষী অর্থকরী ফসল পাটের ওপর নির্ভরশীল। অথচ তারা পাট চাষ করে পাটের ন্যায্য দাম পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়, এদের জন্য আপনি কি ব্যবস্থা করেছেন? আমরা দেখছি আলু চাষ ক্রমাগত বাড়ছে, কিন্তু চাষীদের ন্যায্য মূল্য পাওয়ার ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা করেছেন? পাট এবং আলু চাষীরা অভাবী বিক্রি করতে বাধ্য হচ্ছে। লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা বিনিয়োগ করে হিম ঘর মালিকরা চাষীদের কাছ থেকে অন্যায্য দামে আলু কিনে নিচ্ছে। পরে হিম ঘর মালিকরা এবং ফোড়েরা মুনাফা লুঠছে। পাট চাষের ক্ষেত্রেও কৃষকরা বেনিফিট পাচ্ছে না, ফোড়েরা অভাবী বিক্রির সুযোগ নিচ্ছে। এগুলো মাননীয় মন্ত্রী মহাশয়ের দেখা দরকার। এ ছাড়া এ বছর হিম ঘরগুলোয় যে মারাত্মক অবস্থার সৃষ্টি হয়েছে, তাতে এ বছর রাজ্যে আলু বীজের সমস্যা দেখা দেবে। আমাদের রাজ্যে শতকরা ২০ ভাগ আলু বীজ হিম ঘর থেকে পাওয়া যায়। এ বছর যে হিম ঘর কেলেঙ্কারি হয়ে গেল — শুধু পুরশুয়াতেই নয়, বেশ কয়েকটি হিম ঘরে — তাতে আগামী দিনে আলু বীজ পেতে চাষীদের যে কি দুরবস্থার মধ্যে পড়তে হবে তা আমরা সকলেই বুঝতে পারছি। সরকারি বীজ খামারগুলোর কাছে চেয়েও বীজ পাওয়া যায় না। এই দুরবস্থায় সরকার যদি চাষীদের উদ্ধার করতে এগিয়ে না আসে তাহলে চাষীদের পাঞ্জাবের বীজের ওপর নির্ভর করতে হবে। অসাধু ব্যবসায়ীরা সুযোগটা গ্রহণ করবে। গতবার পাঞ্জাবের আলু বীজের ৮০ কে.জি.-র প্যাকেট ১০০০ টাকা দামে বিক্রি হয়েছে। এ বছর আরও মারাত্মক সুযোগ নেবে। সুতরাং আগামী দিনের আলু চাষী এবং আলু উৎপাদনের দিকে তাকিয়ে সরকারকে নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে হবে। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমার সময় অতিক্রান্ত হয়ে যাওয়ার জন্য কথা আর না বাড়িয়ে, এই বাজেটের বিরোধিতা করে আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিকুঞ্জ পাইক :** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় কৃষি মন্ত্রী কৃষি ক্ষেত্রে উন্নয়নের জন্য যে সর্বাঙ্গীন সুন্দর বাজেট প্লেস করেছেন তাকে আমি সমর্থন জানাই এবং বিরোধী দলের পক্ষ থেকে ও এস. ইউ. সি. আই. দলের পক্ষ থেকে যে কাট মোশন দিয়েছেন তার বিরোধিতা করে গুটি কয়েক কথা বলতে চাই। ছলের যুক্তির অভাব থাকে না। সেই ছলেরা আজকে যুক্তি দেখাচ্ছেন। এখন এই যুক্তি দেখাতে দেখাতে শুধু পশ্চিমবাংলার মানুষকে নয়, গোটা ভারতবর্ষের মানুষকে এতই যুক্তি দেখিয়েছেন যার ফলে ওরা আজ মুন্ডহীন দেহ নিয়ে ঘুরে বেড়াচ্ছেন অর্থাৎ কবন্ধ হয়েছেন। কিন্তু ওরা আজকে ঐতিহাসিক সত্যকে চেপে রাখতে পারেন না। মাননীয় বিরোধী দলের নেতা, শ্রী অতীশচন্দ্র সিংহ মহাশয় এখানে সত্য কথা বলেছেন। তিনি বলেছেন, পশ্চিমবঙ্গে কৃষিতে উন্নতি হয়েছে। কিন্তু আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, পি. সি. সরকারের ম্যাজিক দেখিয়ে এই উন্নতি ঘটানো যায় নি। নীতির পরিবর্তন

করার ফলেই এটা সম্ভব হয়েছে। কারণ বামফ্রন্ট সরকার আসার আগে নিশ্চয়ই মাননীয় কংগ্রেস সদস্যদের মনে আছে, ওনারা কৃষিতে বিপ্লব ঘটিয়েছেন বলে চিৎকার করেছিলেন। কিন্তু এই কলকাতার বুকে খাদ্যের জন্য ৮০ জন মানুষ গুলি খেয়ে মরে গিয়েছিল। সে কথা নিশ্চয়ই কংগ্রেস দলের সদস্যদের স্মরণে আছে। এই ঐতিহাসিক ঘটনাটা ওনাদের স্মরণে রেখে দিলেই ভাল হয়। এখানে ৭ কোটি মানুষের পরিসংখ্যান দিয়েছেন। কিন্তু তখন ছিল কত? তখন মানুষ খেতে পেত না (কংগ্রেসি আমলে)। এখন আর মানুষের হা-অন্ন, হা-ভাতের ব্যাপার নেই। এখন মানুষ পেট পুরে খেতে পাচ্ছে কৃষি ব্যবস্থার উন্নয়নের জন্য। আজকে কৃষি ব্যবস্থার উন্নয়নের সাথে সাথে সেচের ব্যবস্থার উন্নয়ন হয়েছে। সেইজন্য আজকে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। আজকে কৃষি ব্যবস্থার উন্নয়নের জন্য বিভিন্ন রকম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মিডিয়াম ডিপ টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, স্যালো, নদীর জল তুলে চাষ করা, ব্যাক ফিডিং ওয়াটার, জলাধার তৈরি করে বৃষ্টির জল ধরে রেখে চাষ করার বন্দোবস্ত করা হয়েছে। এই সমস্ত প্রজেক্ট সরকার গ্রহণ করেছেন। এরজন্য আমি সরকারকে অভিনন্দন জানাই। এর সাথে সাথে আমি বিনয়ের সাথে আবেদন করতে চাই, আমার এলাকা দক্ষিণ-২৪পরগনা জেলার সুন্দরবন এলাকা। যদি এই এলাকার দিকে একটু বিশেষ ভাবে লক্ষ্য দেওয়া যায় তাহলে সুন্দরবনকে আমরা অনেকখানি সাহায্যকারী এলাকা হিসাবে চিহ্নিত করতে পারব। কারণ এই এলাকার মাটি ভাল। এটা আমরা পরীক্ষা করে দেখেছি এবং আমাদের কৃষি বিজ্ঞানীদের দিয়েও পরীক্ষা করিয়েছি। তাই সেখানে সুন্দরবন ডিপার্টমেন্ট থেকে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে নূতন নূতন স্লোজার তৈরি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

[5-30 — 5-40 P. M.]

আজকে নূতন নূতন স্লোজার তৈরি করে হাজা মজা নদীগুলোকে সংস্কার করে চাষের ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে। যেমন উদাহরণ হচ্ছে বাগমারি স্লোজার, দক্ষিণ-২৪পরগনা জেলায়। আর একটা হচ্ছে আসানসোল এই রকম স্লোজার করা হয়েছে এবং সেখানে আজকে চাষ হচ্ছে। যে সমস্ত জমিগুলো কংগ্রেসি আমলে অনাবাদী পড়ে থাকত, আজকে গ্রীষ্মকালে সেখানে চাষ হচ্ছে। যেমন, মগরাহাট, ফলতা ইত্যাদি তার উদাহরণ। আজকে গ্রামের মানুষ বন্যার ফলে কলকাতায় ভেসে আসে না, মেদিনীপুর জেলার মানুষ আগে বন্যার পর কলকাতায় ভিক্ষা চাইতে আসত, আজকে কিন্তু সেই রকম ঘটনা ঘটে না। এরপর আমি হর্টিকালচার সম্পর্কে কিছু বলতে চাই। আমার এলাকা আমতলা, বারুইপুর এলাকায় একদিকে ফলের চাষ হয়, আর এক দিকে ফুলের চাষ হয়। এটাকে যদি বিস্তীর্ণ করে এলাকা চিহ্নিত করা যায় তাহলে আরও সুন্দর ভাবে পশ্চিমবাংলাকে গড়ে তোলা যাবে। এই কথা বলে কাট মোশনের বিরোধিতা করে, কৃষি মন্ত্রীর আনা বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**সেখ দৌলত আলি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে সভায় কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, আমি তা কয়েকটি কারণে বিরোধিতা করি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট মোশন আনা হয়েছে, তা আমি সমর্থন করি। আমার শাসক দলের বন্ধুরা যে ভাবে বললেন, তাতে রবীন্দ্রনাথের কবিতাটা মনে পড়ছিল। "আমরা চাষ করি আনন্দে" — সেই আনন্দটা কী চাষীরা করতে পারে? আপনাদের কৃষি নীতির কথা কিছু বললেন না, শুধু আপনারা অতীতের খাদ্য আন্দোলনের কথা টেনে আনলেন। কিন্তু আপনারা কেন স্মরণে আনতে পারলেন না যে নদীয়া জেলায় চাষীরা যখন চাষ করার জন্য জল চাইতে গিয়েছিল, তখন আপনাদের সরকার তাদের বুলেট দিয়েছিল। আজকে কৃষি নীতি বলতে আপনারা কী বোঝাতে চাইছেন? শুধু বর্গাদারদের পাট্টা দেওয়া — আপনারা বলতে চাইছেন ভূমি সংস্কার আপনারা করেছেন। কিন্তু আসলে ভূমি সংস্কার আইন আমাদের আমলে পাশ করা হয়েছিল। আপনারা আজকে সেই আইনের বলে একজন বর্গাদারকে উচ্ছেদ করে আর একজন বর্গাদারকে বসাচ্ছেন, এই হচ্ছে আপনাদের নীতি। এটাই আপনারা প্রবর্তন করেছেন। কয়েকজন শাসক দলের বন্ধু মাইলো মাইলো করে কী সুন্দর ভাবে ক্রন্দন করলেন। আমি বলতে চাই ঐ সময় মাইলোর প্রয়োজন ছিল আপনাদের কোনও কৃষি নীতি নেই। আজকে এখানে বলা হচ্ছে কৃষকরা না কি কৃষি ঋণ পাচ্ছে, কজন কৃষককে আপনারা ঋণ দেন? আজকে কৃষি সমবায় সমিতি থেকে কজনকে ঋণ দেওয়া হয়েছে? কজন কৃষক সেখান থেকে সার, বীজ ইত্যাদি ঋণ হিসাবে পায়? ঐ সার, বীজ কী আপনারা প্রপার চাষীদের হাতে তুলে দিতে পেরেছেন আমাদের সময়ে হয়ত মহাজন প্রথা ছিল, কিন্তু আজকে যে ধরণের মহাজনের সৃষ্টি হয়েছে, তারা কারা? এই বাস্তব সত্য আপনারা জানেন। সুতরাং আজকে আপনাদের মুখে এই কথা শোভা পায় না। আজকে আপনারা জোর গলায় বলছেন, সবচেয়ে বেশি ফসল উৎপাদন আপনারা করছেন। কিন্তু চালের কে.জি. কত টাকা হয়েছে?

আপনারা জোর গলায় বলছেন যে গ্রামের চাষীরা আজকে পেট পুরে খেতে পায়। সত্যিই কি তাই? আজকে এম. আর. ডিলারদের আপনারা কতটুকু চাল, গম, চিনি দেন? তাই যদি হবে তাহলে আজকে এরকম হাড়হাভাতে অবস্থা কেন? খোলা বাজারে আজকে চালের দর কোথায় গিয়েছে তা কি আপনারা জানেন না? কৃষি মন্ত্রী এখানে আছেন, কৃষির উন্নতির জন্য ডিমান্ড নং ৪৭/৪৮/৫৫-তে যেখানে বরাদ্দ আরও বৃদ্ধি করা উচিত ছিল সেখানে সেটা হয় নি কেন? আজকে কেন কয়েক কোটি টাকা রয়ে যাচ্ছে? এই কি আপনাদের কৃষি উন্নয়নের নমুনা? কৃষির উন্নয়ন করতে গেলে জলের দরকার। এ নিয়ে আপনারা অনেক চিৎকার করেন, বলেন যে লিফট ইরিগেশন করেছেন? কোথায় করেছেন — কুলপিতে করেছেন? ডায়মন্ডহারবারে করেছেন? সব অসত্য কথা। চাষীদের ভাঁওতা দেবার জন্য আপনারা এসব বলছেন। লিফট ইরিগেশন হলে দুটি করে ফসল হতে পারত কিন্তু তা আপনারা করতে পারেন নি। ঐ বর্ধমান থেকে ডাল আসবে এই বলে আপনারা বগল বাজাচ্ছেন। তিস্তার কথা আপনারা অনেক বলেন, কিন্তু সেই তিস্তাও তো দেখছি কাগজে কলমে রয়ে গিয়েছে। কবে এটা সফল হবে আমরা জানি না। আমি কৃষি বাজেটের বিরোধিতা করছি এবং আপনাদের কথার মধ্যে যেসব অসঙ্গতি রয়েছে তা দুর করার জন্য

মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চাষীদের আপনারা এইভাবে আর ধোঁকা দেবেন না। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী মহাবুবুল হক ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তা সমর্থন করতে পারলে আমি খুশি হতাম কিন্তু তথ্যের কারচুপিতে ভরা বাজেট ভাষণ রাখার জন্য আমি তা সমর্থন করতে পারলাম না। আমি আমাদের দলের তরফ থেকে কাট মোশন যেগুলি আনা হয়েছে সেগুলি সমর্থন করছি। কেন বাজেট সমর্থন করতে পারছি না সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। আমাদের পশ্চিমবাংলা হচ্ছে কৃষি প্রধান রাজ্য। আমাদের গরিব চাষীদের কথা বলতে গিয়ে উনি সংখ্যাতত্ত্ব দিয়ে বুঝিয়েছেন যে আমরা নাকি ধান, পাট উৎপাদনে ভারতের মধ্যে সর্বশ্রেষ্ঠ স্থানে আছি। কিন্তু স্যার আমাদের রাজ্যের চাষের উন্নতি করতে গেলে পরিকাঠামোর উন্নয়ন যেটা দরকার বামফ্রন্ট তা করতে পারেন নি। এখানে কৃষির পরিকাঠামো যেটুকু হয়েছে তা হয়েছে কংগ্রেসের আমলেই। কৃষির উন্নতির জন্য ভাল বীজ দরকার, সেচ দরকার, সার দরকার, বন্যা প্রতিরোধের ব্যবস্থা থাকা দরকার, বিদ্যুতের দরকার, পরিবহনের জন্য রাস্তাঘাটের দরকার। তার সঙ্গে সঙ্গে ব্যাঙ্কের সহযোগিতা দরকার অর্থের যোগানের জন্য। স্যার, আপনার নিশ্চয় স্মরণে আছে যে ১৯৭২ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন দেশে সবুজ বিপ্লবের ডাক দিয়েছিলেন তখন তা বাস্তবে রূপায়িত করার জন্য সারা দেশে পরিকাঠামো গড়ে তোলার দিকে নজর দিয়েছিলেন। সেই সময় পশ্চিমবাংলায় কংগ্রেস সরকার সেটাকে বাস্তবায়িত করার জন্য যেভাবে এগিয়ে গিয়েছিলেন সেটা কি আপনারা আজকে অস্বীকার করতে পারেন?

[5-40 — 5-50 P. M.]

ব্যাঙ্কে রাষ্ট্রীয়করণ করা হয়েছিল অর্থ যোগানের জন্য, সেটা কি অস্বীকার করতে পারেন? আজকে কৃষি খাতে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তাকে বিরোধিতা করছি। আমার খরা এলাকায় মালদা জেলায় ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত জলসেচের জন্য ২০টি ডিপ টিউবওয়েল করা হয়েছিল। আজকে ২০ বছরে আমরা দেখছি যে এই সরকারের পরিচালনায় মাত্র [illegible]টি ডিপ টিউবওয়েল হয়েছে। সেই ২০টি ডিপ টিউবওয়েলের মধ্যে ৮।৯টি অকেজো অবস্থায় বন্ধ হয়ে আছে। ঐ সময়ে প্রত্যেক ব্লকে স্যালো টিউবওয়েল বসানোর ব্যবস্থা হয়েছিল। আজকে ২০ বছরে নূতন ভাবে কোন স্যালো টিউবওয়েল বসানোর ব্যবস্থা করা হয় নি। আজকে চাষীরা তাদের ফসল ফলাবার জন্য তারা নিজেদের স্বার্থে নিজেরাই এলোমেলো ভাবে স্যালো টিউবওয়েল, মিনি টিউবওয়েল বসিয়েছে। এই টিউবওয়েল বসাবার পরে তারা সেখানে বিদ্যুতের সংযোগ পাচ্ছে না। বিদ্যুতের অভাবে তারা পাম্প সেট দিয়ে বলানোর চেষ্টা করছে। আর আজকে বলা হচ্ছে যে সরকার তাদের সাহায্য করেছে বলে উন্নতি হয়েছে। কিন্তু আসল ঘটনা তা নয়। কৃষকরা নিজেদের স্বার্থে নিজেরা পরিকল্পনা নিয়ে এই ভাবে এগিয়ে গেছে। আমি সমস্ত কিছু পরিসংখ্যার ভিত্তিতে বলতে পারি কিন্তু আমার সময় কম বলে আমি সেদিকে যাচ্ছি না। আমাদের দলের

মাননীয় সদস্য সঞ্জীব দাস মহাশয় যখন পান চাষের কথা বলছিলেন তখন সরকার পক্ষের একজন সদস্য কটাক্ষ করে বলেছিলেন সুপারী চাষের কথা। আমি তাকে এই কথা বলব যে, নিশ্চয়ই সুপারী চাষও একটি অর্থকরী ফসল। কৃষির উন্নতির জন্য আমি এখানে কয়েকটি সাজেশন রাখতে চাই।

(১) চাষযোগ্য জমি রক্ষা করতে হবে। ভাঙ্গনরোধ করতে হবে। চাষের জমি বে-আইনি ভাবে চা বাগানে পরিণত হয়ে যাচ্ছে, সেটাকে রক্ষা করতে হবে।

(২) কৃষি কলেজ বা মহাবিদ্যালয় স্থাপন করতে হবে। আপনারা এই ২০ বছরে কয়টা কৃষি কলেজ এবং মহাবিদ্যালয় স্থাপন করেছেন? মালদায় একটা কৃষি কলেজ যাতে স্থাপন করা যায় তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(৩) যে যে জেলাগুলিতে যে ফসল বেশি উৎপন্ন হয় সেখানে সেই বিষয়ে গবেষণা কেন্দ্র ও ট্রেনিংয়ের ব্যবস্থা যাতে করা যায় সেই দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বেকার যুবক যারা কৃষি কাজের সঙ্গে যুক্ত তাদের সরকারি খরচে ট্রেনিংয়ের ব্যবস্থা করতে হবে। জেলায় জেলায় কৃষি উন্নয়নের জন্য সমন্বয় কমিটি করতে হবে।

(৪) গত বন্যায় ও অতি বর্ষণে ক্ষতিগ্রস্থ চাষীদের কৃষি ঋণ মকুব করতে হবে। সেই সঙ্গে আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি করতে হবে।

(৫) সেচের এলাকা বৃদ্ধি করতে হবে। আজকাল পত্রিকায় একটা আর্টিকেল বেরিয়েছে 'কৃষকের ওয়ার্ক কালচার' নাম দিয়ে। সেখানে কৃষিতে সাফল্যের বিষয়ে অমর সরকার বলছেন যে ৫০ শতাংশ। আর 'আশা আলো আষাঢ়ে' নাম দিয়ে অশোক চৌধুরি বলছেন যে কৃষিতে সাফল্য ৪৮.৩ শতাংশ। আজকে বাজেটের দিনই এই তথ্য দেওয়া হয়েছে। কাজেই আমার মনে হয়। সেচের এলাকা সম্পর্কে যে তথ্য দেওয়া হয়েছে তাতে অসঙ্গতি রয়েছে।

(৬) আইন-শৃঙ্খলার উন্নতি করতে হবে এবং বিদ্যুতের অ্যাসিওরেন্স দিতে হবে। চাষের কাজে চাষীরা যাতে বিদ্যুৎ পায় সে বিষয়ে বিশেষ দৃষ্টি দিতে হবে।

(৭) কেন্দ্রে আখ চাষের ব্যাপারে যে রকম লবি আছে, সেই রকম পাট চাষের জন্য লবি করতে হবে। পাট চাষের সঙ্গে যে সমস্ত কৃষকরা যুক্ত তারা ক্ষতিগ্রস্থ হচ্ছে, পাট চাষ ধ্বংস হয়ে যাচ্ছে। কাজেই তাদের রক্ষা করার জন্য লবি করতে হবে।

(৮) কৃষি পণ্য পরিবহনের জন্য রাস্তা নির্মাণ করতে হবে।

মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি তাকে অনুরোধ করব যে মালদায় প্রচুর আম হয়, টমেটো হয়। এগুলি এখানে প্রসেসিং করার জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করব।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের কৃষি পরিস্থিতি, কৃষি পরিকল্পনা এবং প্রযুক্তিকে বিভিন্ন প্রকল্পে অর্ন্তভুক্ত করে মাননীয় কৃষি মন্ত্রী ১৯৯৬-৯৭ সালের জন্য যে কৃষি বরাদ্দ ঘোষণা করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। আমি মনে করি, এই কৃষি বাজেট ১৯৭৭ সাল থেকে অর্থাৎ বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠার সময় থেকে বিভিন্ন ক্ষেত্রে যে বৈপ্লবিক পদক্ষেপ নিয়ে পশ্চিমবঙ্গ জুড়ে যে বিরাট পরিকল্পনা রূপায়িত করা হচ্ছে সেই বৈপ্লবিক ভাবধারা পুরোপুরি বজায় রাখা হয়েছে কৃষি বাজেটের মধ্যে। নানা রকম প্রতিকূল আবহাওয়া, অনিয়মিত বৃষ্টিপাত, খরা, বন্যা ইত্যাদি সত্ত্বেও নানাবিধ পরিকল্পনার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ যে নজির সৃষ্টি করেছে সেটা ভারতবর্ষে একটা নজির বিশেষ। বিশেষ করে খাদ্য উৎপাদনে পশ্চিমবঙ্গ বারবার নজির সৃষ্টি করেছে। এই খাদ্য উৎপাদনের একটা ধারবাহিক তালিকা আমি এখানে তুলে ধরছি। আমাদের এই রাজ্যে ১৯৯৩-৯৪ খাদ্য উৎপাদন যেখানে হয়েছিল ১৩১.০ লক্ষ টন, সেখানে পরের বছর অর্থাৎ ১৯৯৪-৯৫ সালে ১৩২.৭৯ লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছে এবং এই খাদ্য উৎপাদনে পশ্চিমবঙ্গ বারবার ৮ বার ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান লাভ করতে পেরেছে। এই যে হিসেব, এটা আমাদের তৈরি কোনও হিসেব নয়, হিসেবটা আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছি। সেই হিসাবে আমরা দেখতে পাচ্ছি, আলু উৎপাদন ১৯৯৩-৯৪ সালে যেখানে ৫১.৭২ লক্ষ টন হয়েছিল, সেখানে পরের বছর অর্থাৎ ১৯৯৪-৯৫ সালে তা বৃদ্ধি পেয়ে ৫৫.৫৯ লক্ষ টনে দাঁড়িয়েছে। তৈল বীজ — সরিষা, তিশি, সূর্যমুখী — চাষের ক্ষেত্রেও যে পশ্চিমবঙ্গ সরকার একের পর এক সাফল্যের নজির রাখতে পেরেছে সেটা আমরা বলতে পারি। কিন্তু এই সাফল্যকে বিরোধী দলের বন্ধুরা নানা ভাবে ছোট করবার চেষ্টা করেছেন। কিন্তু আমি বলতে চাই, মাননীয় অতীশ বাবু এক সময় তুলনা করে বলেছিলেন যে, তাদের সময় যে খাদ্য উৎপাদন হত সেই ভাবধারা প্রায় নাকি চলে আসছে। কিন্তু তাদের সময় যে খাদ্য অন্দোলন হত, ১৯৫৯ সালে যে খাদ্য আন্দোলন হয়েছিল তাতে তাদের শ্লোগান ছিল — খাদ্য চাই, মাইলো চাই, এবং সেখানে পুলিশের গুলিতে ৮০ জনকে প্রাণ দিতে হয়েছিল। আজকে কিন্তু সেই খাদ্য আন্দোলন আর হয় না, কারণ রাজ্যে এখন ধারাবাহিক ভাবে খাদ্য উৎপাদন বাড়ছে। আমরা দেখতে পাচ্ছি, মাটির নমুনা পরীক্ষা, বৈজ্ঞানিক উপকরণ — স্প্রেয়ার, প্যাডি ক্র্যাশার এবং বিভিন্ন রকম যন্ত্রপাতি ঠিকমতো যোগান দেওয়া হচ্ছে। আমরা দেখেছি, পশ্চিমবঙ্গ বীজ নিগম ভাল ভূমিকা পালন করেছে এবং গ্রামীণ ব্যাঙ্ক থেকে কৃষি ঋণ দেবার ব্যাপারেও ভাল সাফল্য এসেছে। পশ্চিমবঙ্গের কৃষি ক্ষেত্রকে মাটির প্রকৃতি এবং তার জন্য উৎপাদন বিভিন্নতার বিচারে তিন ভাগে ভাগ করা হয়েছিল।

[5-50 — 6-00 P. M.]

একদিকে আমরা দেখতে পাই যে হিমালয়ের দিকে একটি অঞ্চলে এবং দ্বিতীয় ভাগে আমরা দেখতে পাই নূতন গাঙ্গেয় যে এলাকা, এর সাথে আর একটি দিকে আছে মালভূমি অঞ্চল। এই তিনটি অঞ্চলে ভাগ করে এবং এই তিনটি অঞ্চলকে আবার ৬টি ভাগে ভাগ করার ফলে কৃষির উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে। শুধু তাই নয়, আজকে আমরা কৃষির

উৎপাদনে যে রেকর্ড করেছি তা বজায় রাখতে সক্ষম হয়েছি। তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে এই সভায় মাননীয় কৃষি মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন কৃষির উপরে, তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমরা এতক্ষণ ধরে দেখলাম আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা কৃষিতে কোনও উন্নতি বা অগ্রগতি কিছু লক্ষ্য করতে পারেন নি বলে উল্লেখ করলেন। তাঁরা একটি কথা বলেছেন যে, সবই তাঁরা করেছিলেন, আমরা কিছু করতে পারি নি। আমি আপনাদের সঙ্গে বলতে চাই যে এই ১৯-২০ বছরে বামফ্রন্টের ব্যবস্থাপনায় কৃষির যথেষ্ট উন্নতি হয়েছে। সেই সঙ্গে সঙ্গে খাদ্য শস্যের উৎপাদন বেড়েছে, অন্যান্য সমস্ত ফসলের উৎপাদনও বেড়েছে। প্রাকৃতিক যেসব বাধা বিপত্তি আছে মাটির যেসব বাধা বিপত্তি আছে, সেটা আমাদের বিজ্ঞানীরা, আমাদের কৃষি মন্ত্রী এবং বিভাগীয় কর্মচারীরা পরিকল্পিত ভাবে মোকাবিলা করার জন্য, আজকে যে প্রচেষ্টা চলছে তার মধ্যে দিয়ে, বন্যা বা খরা আসলেও কৃষি উৎপাদন ব্যহত হচ্ছে না। এটি একটি উল্লেখযোগ্য দিক। এই কৃষি কাজের জন্য যেসব ব্যবস্থাগুলো জরুরি, যেমন, প্রথমত ভূমি সংস্কার, যেটি ভারতবর্ষের কোনও রাজ্যে হয় নি। পশ্চিমবাংলাই একমাত্র রাজ্য যেখানে ভূমি সংস্কার হয়েছে এবং মোট জমির ৭৫ ভাগ ছোট কৃষকদের হাতে, বর্গাদারদের হাতে পাট্টা বিলির মাধ্যমে গেছে। এর বিরুদ্ধে কোনও ব্যবস্থাই নেওয়া হয় নি বলে এতক্ষণ ধরে বিরোধী পক্ষের বন্ধুরা বললেন। আমি এটা বিশ্বাস করি না। আজকে সেচ ব্যবস্থার যে উন্নতি ঘটেছে, গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে তার যে সুযোগ কৃষকরা পাচ্ছে, তার ফলে কৃষির উৎপাদন বেড়েছে। কৃষকেরাই উৎপাদন বাড়িয়েছে, আপনাদের সঙ্গে এই ব্যাপারে আমরা একমত। কিন্তু এর সঙ্গে সঙ্গে পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে সামগ্রিক ব্যবস্থায় এক সঙ্গে কাজ করার যে মানসিকতা নূতন ভাবে তৈরি হয়েছে, তার ফলে আজকে কৃষকরা উৎসাহিত হয়েছে এবং উৎপাদন সেইজন্যই বৃদ্ধি পেয়েছে। আজকে আমরা যেটা দেখতে পাচ্ছি, আপনারা জানেন যে কৃষকদের জন্য যে পেনসনের ব্যবস্থা আছে তা ভারতবর্ষের আর কোনও জায়গায় আছে বলে আপনারা শোনেন নি। আজকে আমাদের আর্থিক দুরবস্থার মধ্যেও কৃষকদের পেনসন ১০০ টাকার জায়গায় ২০০ টাকা করলেন আমাদের রাজ্য সরকার।

আজকে গ্রামাঞ্চলে ক্ষেতমজুর, কৃষক শ্রেণী অর্থাৎ দুর্বলতর শ্রেণী তাদের পি. এফ. পাবেন। এই সমস্ত পরিকল্পনার মধ্যে দিয়ে কৃষকদের উৎসাহিত করা হচ্ছে। আজকে মিনিকিট বিতরণ নিয়ে নানা দুর্নীতির কথা বলেছেন তাহলে ওই মিনিকিটগুলো যাচ্ছে কোথায় আপনারা বলুন। আজকে মিনিকিট পাচ্ছে বলেই কৃষকরা তাদের উৎপাদন বাড়াতে সক্ষম হচ্ছে, একথা তো অস্বীকার করা যাবে না। তবে এখানে একটা কথা মাননীয় মন্ত্রীকে বলার আছে সেটা হচ্ছে যে, এইগুলো যাতে সময় মতো কৃষকরা পায় তার ব্যবস্থা করছেন, কারণ অনেক সময়ে পাওয়া যায় না। এগুলো কৃষি বিভাগকে দেখতে হবে, যথাযথ সময়ে যাতে মিনিকিটগুলো কৃষকদের হাতে পৌছায় তার ব্যবস্থা করতে হবে। তারপরে দ্বিতীয়ত কৃষি ঋণের অনেক কথা বলেছেন, কৃষি ঋণ তো সমবায় ব্যাঙ্কগুলোর মাধ্যমে দেওয়া হয়। আমাদের গ্রামাঞ্চলে

যে সমবায় সমিতিগুলো আছে তারা ব্যাঙ্কের মাধ্যমে ঋণ দেবার ব্যবস্থা করে। আজকে শুধু সমবায় ব্যাঙ্ক নয়, কর্মাসিয়াল ব্যাঙ্কগুলোও কৃষকদের ঋণ দিচ্ছে। এমন কি সরকারি পক্ষ থেকেও কৃষকদের ঋণ দেওয়া হচ্ছে এবং তারা টাকা পাচ্ছে। আজকে তাইজন্যই না কৃষকরা উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছে। আজকে আমরা কৃষকদের উৎসাহিত করতে পেরেছি, সুতরাং বামফ্রন্ট সরকারের কোনও অবদান নেই বলছেন কি করে? তারপরে আর একটি বিষয়ে উল্লেখ করতে চাই, যে কৃষি বিজ্ঞান এবং প্রযুক্তিকে আমরা ব্যবহার করতে সক্ষম হয়েছি। আপনারা বারে বারে সবুজ বিপ্লবের কথা বলেন এবং ১৯৬৬ সালের কথা বলেন। আপনারা সবুজ বিপ্লব সারা ভারতবর্ষে ঘটাতে পারেন নি। পাঞ্জাব এবং হরিয়ানার নির্দিষ্ট কয়েকটা অঞ্চল টেস্ট করতে গিয়েছিলেন, আজকে সেখানে কৃষকদের কি অবস্থা ছোট ছোট কৃষকদের সব জমি বড় বড় কৃষকদের হাতে জমা হয়ে গেছে। সুতরাং সবুজ বিপ্লবের কথা আপনারা বলবেন না। আমরা ওটাকে বিশ্বাস করি না। আপনাদের সময়ে পি. এল. ৪৮০ গম কিনতে হত, খাদ্য শস্য কোনও উৎপাদন হয় নি। এর ফলে ষাটের দশকে দুর্ভিক্ষ এবং অনাহারে গ্রামের লোকেরা নেংটি পরে কলকাতা শহরমুখী হয়েছিল। অনেকে আবার না খেয়ে জীবন পর্যন্ত বিসর্জন দিয়েছেন। আপনারা খাদ্যের অভাবে ভুট্টা মাইলো পর্যন্ত খাওয়াতে বাধ্য করেছিলেন। আপনাদের বাইরের থেকে ভুট্টা, মাইলো আমদানি করতে হয়েছিল। আজকে অন্তত সেই অবস্থা নেই, এখন কৃষকরা পেট ভরে খেয়ে বেঁচে আছে এবং তারা মজুরিও ঠিকমতো পাচ্ছে। আমি এই প্রসঙ্গে দু একটি কথা বলতে চাই, আমি বিপণন বিভাগ, মার্কেটিং বিভাগ সম্পর্কে বলতে চাই। এই বিপণন বিভাগে নূতন মন্ত্রী এসেছেন, তাঁকে স্বাগত জানাচ্ছি। আপনি যে মার্কেটিং কমিটি করেছেন .....

**(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়।)**

**শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিষয়টা ছোট, বক্তব্যও সংক্ষেপ। বাগান চাষের ব্যাপারে মাননীয় সঞ্জীব বাবু পান চাষের কথা বলেছেন, মাননীয় শৈলজা বাবু কাজু বাদাম চাষের কথা বলেছেন, মাননীয় মহববুল হক সাহেব আম চাষের কথা বলেছেন। ওঁনারা ঠিক ঠিক ভাবে বলেছেন আমিও ঠিক ঠিক ভাবে করব। মাননীয় সৌগত বাবু খুব সুন্দর ভাবে ফুল এবং ফলের কথা বললেন। বিশেষ করে ফুল চাষের কথা খুব সুন্দর ভাবে বলেছেন।

[6-00 — 6-10 P. M.]

এর বাণিজ্যিক সম্ভবনা যা আছে তার ক্ষুদ্রাংশও আমরা করতে পারি নি। কিন্তু উনি যে ভাবে চেয়েছেন হাইজাম্প দিতে, সেটা পারব না, লং জাম্পও পারব না, তবে লম্বা পা ফেলতে পারব। যেটুকু আছে সেটুকু আপনাদের অবগতির জন্য জানিয়ে রাখি আমাদের এই রাজ্যে এখন ফলের চাষ হয় ১২ লক্ষ মেট্রিক টন, এটা আমরা বাড়াব। আমাদের রাজ্যে

এখন ফুলের চাষ হয় ১২ হাজার হেক্টরে, এটা আমরা বাড়াব। আরও আরও হচ্ছে, সারা ভারতবর্ষে যে ফুলের চাষ হয় তার ১০.৬ ভাগ হত আমাদের রাজ্যে এবং গত বছরে এই ফুল, ফল, সব্জি, চারা, বীজ ইত্যাদি দেওয়ার জন্য আমাদের রাজ্য সরকার খরচ করেছে ৩ কোটির মতো টাকা। এটা আরও বাড়বে। উনি যেটা বলেছেন, আমাদের রাজ্যের যেটা ফুল হয়, তার মধ্যে আমাদের কালিম্পঙের অর্কিড, অর্নামেন্টাল প্ল্যান্ট, শিলিগুড়ির আনারস, মালদার আম, মুর্শিদাবাদ এর পেঁপে এবং নিচে হুগলিতে কলা, আরও একটি নিচে যাব, শেষ পর্যন্ত যাব, সুন্দবনে গিয়ে দেখবেন লঙ্কা, লঙ্কার আচারও হয়। আমাদের এই যে ফল চাষ বেড়েছে, বাণিজ্যিক ভিত্তিতে বলছি, এটা যাতে ভাল ভাবে করা যায় সেটা দেখতে হবে। ফল, সব্জি, মশলা ইত্যাদি যা আছে, এটা রপ্তানি হচ্ছে, রপ্তানিটা বাড়ানো যায় কিনা সেটা দেখতে হবে। এর জন্য ৪টি জায়গা ঠিক হয়েছে, একটা হচ্ছে, পাহাড় এর তরাই অঞ্চল, আর একটা হচ্ছে, শুষ্ক অনুর্বর, আর একটা হচ্ছে কোস্টাল অঞ্চল, এখানে জমি আছে। এখানে জমি আছে, চাষের সম্ভবনাও আছে, বিষয়গুলি খতিয়ে দেখলে ভাল করে করা যাবে। প্রথম হচ্ছে, ভাল জাতের বীজ, ভাল জাতের চারা, ভাল প্রযুক্তি, এটা যদি চাষীর কাছে পৌছে দেওয়া যায়, আমাদের শিক্ষিত বেকার যে ছেলেরা আছে, এদের হাতেও যদি পৌছে দেওয়া যায় তাহলে আকর্ষণ বাড়বে। এখানে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি করা যাবে। এই গ্যারান্টি আমরা দিচ্ছি। আমাদের দেশের সাধারণ মানুষ যারা ফল খেতে পায় না, এরা যাতে খেতে পায় তার উপর জোর দেওয়া হবে। বাকিটা ১ বছর পরে ফিরে এসে, সুন্দরভাবে করে দেখাব। এই কথা কয়টি বলে কাট মোশনের বিরোধিতা করে, আমার ব্যয় বরাদ্দকে সমর্থন জানানোর দাবি রেখে বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সর্বপ্রথমে মাননীয় বিরোধী দলের সদস্যবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছি। তারা আমার এই ছোট্ট বাজেটের বিরোধিতা করে কোনও ছাঁটাই প্রস্তাব আনেন নি। আমার ছোট্ট বরাদ্দ যেটুকু আছে তার দ্বারা সব চাষীর কাজ করা যাবে না এটা আমি স্বীকার করে নিচ্ছি। আমি স্বয়ং সম্পূর্ণ নই, আপনারা যদি বেশি অর্থ দেন তাহলে আমি নিশ্চয় কাজ করব। সৌগত বাবু বাজার গরম করার জন্য কথাবার্তা বললেন। তার মাটির সঙ্গে যোগ নেই, বীজের সঙ্গে যোগ নেই, তিনি যদি গ্রামে গিয়ে কথাবার্তা বলেন তাহলে দেখবেন ৮০ পয়সাই আলু উৎপাদন করা যায় না। তিনি বললেন দেড় লক্ষ টাকা লাগে একটা লাইসেন্স রিনিউ করতে। এটা যদি উনি প্রমাণ না করতে পারেন এবং অতীতেও যদি হয়ে থাকে তাহলে আমি পদত্যাগ করতে রাজি আছি। আপনি সহজেই এই কথা বলে দিলেন, কারণ এই হাউসে সব কথা বলায় বলা যায়, কোনও মামলা করা যায় না, তাই উনি বলে দিলেন। আমাদের ২৮০টি কোল্ড স্টোরেজ আছে, তার মধ্যে ৩৩টি হচ্ছে কো-অপারেটিভ, ১২টি উইদাউট লাইসেন্স এবং ৫০টির কেস পেন্ডিং আছে। উনি একথা কেমন করে বললেন আমি জানি না। ওর কাছে স্টোর মালিকরা

শত্রু হতে পারে, কিন্তু স্টোর মালিকদের আমরা বন্ধু বলে মনে করি। স্টোর মালিকদের আমরা কৃষকের বন্ধু বলে মনে করি। আজকে যদি স্টোর না থাকত তাহলে কৃষকরা তাদের মাল রাখতে পারত না। কয়েক দিন আগে আমি উত্তরবঙ্গে গিয়েছিলাম, সেখানকার লোকেদের বলেছি, আপনারা একটা স্টোর করুন। উত্তরবঙ্গে ফসল রাখার জন্য একটা হিম ঘর করা দরকার। একটা হিম ঘর করতে যে অর্থ লাগছে, ব্যাঙ্কের থেকে লোন নিয়ে, সুদ দিয়ে তাদের পোষাচ্ছে না। আমরা বিশেষজ্ঞদের নিয়ে একটা কমিটি করেছি, ভবিষ্যতে কি করা যাবে এবং যে স্টোরগুলো আছে সেই স্টোরগুলো ঠিকমতো কাজ করছে কিনা এটা আমাদের দেখতে হবে। আজকে স্টোর না থাকলে চাষীরা তাদের ফসলের দাম পেত না। সৌগত বাবু কনজিউমারদের কথা ভাবছেন। কলকাতায় দাঁড়িয়ে তিন টাকায় আলু খাওয়ালে ওনাকে ভালো হয়। কিন্তু আমাদের চাষীদের কথা ভাবতে হবে, তাদের কল্যাণের কথা ভাবতে হবে। আমরা দেখলাম একটা খবরের কাগজে আমার বিবৃতিকে অন্য ভাবে বলা হয়েছে, আমি বলেছিলাম ৫.০৫ পয়সা পর্যন্ত আলুর দাম আমাদের মেনে নিতে হবে এবং এটা আমি হিসাব করে দেখিয়ে দিতে পারি। কিন্তু ওরা খবরটাকে অন্য ভাবে দিয়েছিল। সৌগত বাবু বললেন বাইরে কেন আলু যাচ্ছে? বিহারে কেন আলু যাচ্ছে?

[6-10 — 6-20 P. M.]

উনি বললেন, বাইরে কেন আলু যাচ্ছে? বিহারে কেন যাচ্ছে, উড়িষ্যাতে কেন যাচ্ছে? আলু তো যাবেই। উনি একটা আইনের কথা বললেন যে, ১৯৫৯ সালের একটা আইন আছে বাইরে আলু যাবে না। সেই আইনটা উনি পড়েছেন, না আইনটা উনি দেখেছেন? সেই সময়ে আলুতে একটা অসুখ হয়েছিল। সেই ব্যারামটা যাতে সারা ভারতবর্ষে ছড়িয়ে না পড়ে সেজন্য সেই আইনটা করা হয়েছিল। আলুর চালান বন্ধ করার জন্য নয়। আজকে যদি ইউ. পি. থেকে সরষে না আসে, ডাল না আসে তাহলে কি পশ্চিমবাংলার লোক খেতে পাবে? আমরা আলু চাষীরা আলু উৎপাদন বাড়াতে চাই। চাষীকে উপযুক্ত মূল্য দিতে চাই। আমরা বাংলাদেশে আলু যাওয়া কন্ট্রোল করতে চাই। বাংলাদেশে আলু যাচ্ছে আমরা শুনেছি। আমরা জেলায় জেলায় মিটিং করব। আমরা বি. এস. এফ.-এর সঙ্গে কথা বলব। আমরা ডি. এম.-এর সঙ্গে কথা বলব। বাংলাদেশে আলু যাওয়া আমরা চাই না। কিন্তু বিহারে যাবে না কেন? আমরা চাইছি চাষী তার উপযুক্ত দাম পাক। সব জায়গায় আলু যাবে এটা তো আমাদের গর্বের কথা। আমরা তো আগে বাইরে থেকে আলু আনছিলাম। সেজন্য এটা তো আমাদের গর্বের কথা। আজকে ওরা যা বললেন, আমি যে কথাটা বলছিলাম, আমাদের চাষীর কথা ভাবতে হবে। আমাদের বিভাগের কাজ হচ্ছে চাষীর মাল যাতে বাজারে ঠিকমতো

আসে, তারা যাতে ন্যায্য দাম পায় এবং ঠিক মতো ওজনে বিক্রি হয়, এটা দেখাই আমাদের বিভাগের কাজ। মাননীয় দেবপ্রসাদ সরকার একটা কথা বলেছেন যে, আলু পচে গেছে। আমাদের আলুর বীজ পাওয়া যাবে না। কিন্তু আমি বলছি, আমাদের আলু যা ছিল তার মধ্যে ১ লাখ ৩৭ হাজার কুইন্টাল আলু পচেছে। যে আলু আমাদের স্টকে আছে, তার পাঁচ পার্সেন্ট আলু পচেছে। তবে এটাও দুঃখের কথা, পচাবেই বা কেন? তার কারণটা আমি পরে বলছি। তবে আলুর বীজ পশ্চিমবঙ্গে যা দরকার হবে তা আমাদের যথেষ্ট আছে। তার কোনও অভাব হবে না। আমি আপনাকে এই কথা বলতে চাই, আশঙ্কার কোনও কারণ নেই। তাছাড়া উনি বলেছেন যে, হিম ঘরগুলোর উপর কন্ট্রোল বাড়ানো দরকার। আমিও মনে করি, কিছু কিছু ক্ষেত্রে আমাদের কন্ট্রোল বাড়ানো দরকার। সেজন্য আইন কি করে সংশোধন করা যায়, সে কথাও ভাবছি। একটা এক্সপার্ট কমিটি তৈরি করেছি। তার রিপোর্ট এলে পরে আমরা সেটি নিয়ে আপনাদের কাছে আসব। ইনফ্রাস্ট্রাকচার আমাদের কিছু কমতি আছে, সেটাও আমরা বাড়াব। একটু আগেও আপনাদের কাছে বলেছি যে, ২৮০টা হিম ঘর দেখবার জন্য আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার আছে সেটাকে আমাদের জোরদার করতে হবে। আর ওই যে বললেন, লাইসেন্স রিনিউ হয় নি, তা ঠিক নয়। লাইসেন্স রিনিউ আমাদের সবগুলো হয়েছে। ৫০টা আমাদের কাছে পেন্ডিং আছে। ১২টা উইদাউট লাইসেন্সে চলছে। আরেকটা কথা কীর্তি বাগদি মহাশয় বলেছেন, ব্যক্তিগত মালিকানার কথা। আমি তো আমার বক্তৃতায় বলেছি, বর্তমানে পশ্চিমবাংলায় ২৯০০টা বৃহৎ ও ক্ষুদ্র গ্রামীণ প্রাথমিক বাজার আছে। দু হাজারটা হাট-বাজার নিয়ন্ত্রণ আছে। কিন্তু আমাদের হাতে ১৩২টা আছে। এইগুলোকে অধিগ্রহণ করার অর্থ আমাদের নেই, আর দ্বিতীয়ত আইনে যে ফ্যাকড়া আছে, আমরা এটা ভাবছি, কি করে করা যায়। আমরা চেষ্টা করছি। যে যার ইচ্ছা টাকা তুলছে, কিন্তু কোনও অ্যামেনিটিস দিচ্ছে না। সেই অ্যামেনিটিস দেওয়ার জন্য আমরা অনুজ্ঞাপত্র দেওয়ার একটা ব্যবস্থা জোরদার করার চেষ্টা করছি। সেই কথাটা আমি আপনাদের বলতে চাই।

সেই কথাই আমি আপনাদের বলতে চাইছি। চাষীদের সাহায্য করব না এটা হতে পারে না। আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওঁর সঙ্গে একমত যে, কমিটিগুলি হওয়া দরকার এবং এই কমিটিগুলি যাতে তাড়াতাড়ি হয়ে যায় তার জন্য চেষ্টা করব। আশা করি ৩-৪ মাসের মধ্যে এই কমিটিগুলি হয়ে যাবে। এই ব্যাপারে বিরোধীদের সাহায্য চাইছি। এই বাজেটকে সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি দপ্তরের যে ব্যয় বরাদ্দ এখানে রাখা হয়েছে, তাকে ধনী ভোটে গ্রহণ করার জন্য আবেদন জানিয়ে দু একটি কথা বলছি। এখনও দেড় দু মাস হয় নি, আমি এই দপ্তরের দায়িত্বে এসেছি। আজকে এই বির্তকের

শুরুতে আমি ভাবছিলাম যে, বিরোধী পক্ষের বক্তারা বোধহয় তাঁদের সুচিন্তিত মতামত এখানে পেশ করবেন। কিন্তু আমি এই কথা বলতে চাই যে, বিরোধদের বক্তব্য শুনে আমি হতাশ হয়েছি। তাঁরা যে সমস্ত কাট মোশনগুলি রেখেছেন, সেগুলি চিন্তা প্রসূত নয়, তথ্য ভিত্তিক নয় এবং রাখতে হয়, তাই রেখেছেন। তাই আমি এর বিরোধিতা করছি এবং এর যথার্থ কারণ আছে বলেই আমি এই কাট মোশনগুলির বিরোধিতা করছি। আমাদের পশ্চিমবঙ্গে জনসংখ্যা বাড়ছে, এখানে জনসংখ্যা কমানোর চেষ্টা হচ্ছে। পশ্চিমের দেশগুলির কোনও কোনও জায়গায় জনসংখ্যার গ্রোথ রেট জিরো হয়েছে, আবার কোথাও কোথাও এক। কিন্তু তৃতীয় বিশ্বের দেশগুলির কোনও কোনও জায়গায় এখনও ২.২ আছে। আমাদের দেশেই ২.১ হারে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে। তার উপর পশ্চিমবঙ্গ এমন একটা রাজ্য, যেখানকার আইন শৃঙ্খলা সারা দেশের অন্যান্য রাজ্যের মানুষের নজর কাড়ে। এখানে আশপাশের রাজ্য থেকে বহু মানুষ এসে বসবাস করছেন। বাংলাদেশ থেকে অনুপ্রবেশ হচ্ছে। অনুপ্রবেশ রোখার জন্য যে দপ্তর দায়িত্বে আছেন, তারাই করবেন। কিন্তু যারা আসছে, তাদের তো না খাইয়ে রাখার চেষ্টা হবে না। তাই এই জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে, খাদ্য শস্যের বৃদ্ধি এটা আমাদের কাছে একটা চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ গ্রহণ করার জন্য রাজ্যের কৃষি দপ্তর সমস্ত রকম ভাবে প্রস্তুত। আমরা এটা জানি যে, আমাদের জমির পরিমাণ বৃদ্ধি করা তেমন সম্ভব নয়। কিন্তু কৃষি উৎপাদন বৃদ্ধি করতে গেলে সেচ ব্যবস্থা আরও সম্প্রসারিত করা দরকার। আমাদের ভালো বীজ যাতে বেশি উৎপন্ন হয় এবং সেই দিকে লক্ষ্য রাখতে হবে এবং সেই বীজ সরবরাহ করতে হবে। উপযুক্ত পরিমাণে, নির্দিষ্ট পরিমাণে সার ব্যবহার করতে হবে। কৃষি গবেষণাকে আরও বেশি কাজে লাগাতে হবে। আমাদের সেচ ব্যবস্থায় এখানে তথ্যগত ভুল আছে বলে, অনেক বিরোধী দলের মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন। কিন্তু যেখানে সারা ভারতবর্ষের চাষযোগ্য জমির শতকরা ৩৩ ভাগ সেচের আওতায় এসেছে, সেখানে আমাদের রাজ্যে শতকরা ৫০ ভাগ চাষযোগ্য জমিকে সেচের আওতায় আনা সম্ভব হয়েছে।

[6-20 — 6-30 P. M.]

আগামী দিনের পরিকল্পনা ইতিমধ্যে ঘোষণা করা হয়েছে এবং যার ফলে আমরা দেখেছি গত বছরে বোরো চাষ যা হয়েছিল, এ বছরের বোরো চাষ তার চেয়ে অনেক বেশি হয়েছে। গত বছরে ১০ লক্ষ ৪৩ হাজার হেক্টর জমিতে বোরো চাষ হয়েছিল, কিন্তু এবারে তা বৃদ্ধি পেয়েছে। এ বছর ১০ লক্ষ ৮৩ হাজার হেক্টর জমিতে বোরো চাষ হয়েছে। এই তথ্য প্রমাণ করে যে, আমাদের সেচ এলাকা বেড়েছে। বীজ সম্পর্কে আমাদের গবেষণাগারে যাঁরা দিন রাত করছেন, তাঁরা অনেকগুলো নূতন নূতন বীজ আবিষ্কার করেছেন। সেই বীজের মধ্যে, ধানের ক্ষেত্রে হাই-ব্রীড-চীনসুরা-৩ সারা ভারতবর্ষের মানুষের প্রশংসা কুড়িয়েছে। এই

বীজ ঠিকমতো চাষ করলে ধানের উৎপাদন দ্বিগুণ হবে। তবে একথা ঠিক এই বীজ তৈরির ক্ষেত্রে বিশেষ প্রযুক্তির দরকার এবং গত বছর আমরা এই বীজ আড়াই টন উৎপাদন করতে সক্ষম হয়েছিলাম। এ বছর আমাদের টার্গেট আছে ৬০ টোন বীজ তৈরি করার। এই বীজ চাষ করা হলে ধানের উৎপাদন অনেক অনেক বেড়ে যাবে। আলুর বীজের ক্ষেত্রেও গবেষণা হচ্ছে। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যেখানে এক হেক্টর জমিতে আলু বীজ প্রায় আড়াই টন লাগত, সেই জায়গায় এখন নূতন যে আলু বীজ — ট্রু পটেটো সিড আবিষ্কৃত হয়েছে তা ওই একই পরিমাণ জমিতে আড়াই টনের পরিবর্তে লাগবে মাত্র ১০০ গ্রাম। এই আলু বীজ তৈরির ক্ষেত্রে যে প্রযুক্তির দরকার সেই প্রযুক্তি ভীষণ কমপ্লিকেটেড। এই ট্রু পটেটো সিড কৃষি ক্ষেত্রে যদি ব্যবহার করা যায় তাহলে আলুর ফলন অনেক বেড়ে যাবে। এবার সারের ব্যাপারে আসছি। সারের ক্ষেত্রে, আপনারা জানেন, মাটিতে র‍্যান্ডাম সার ব্যবহার করা মাটির পক্ষে ক্ষতিকারক। তার জন্য আমরা সয়েল টেস্টিং-এর উপর বিশেষ ভাবে গুরুত্ব দিচ্ছি। আমরা আমাদের সদ্য সমাপ্ত একটি-সভায় ঠিক করেছি — নির্দিষ্ট সংখ্যক মাটিকে প্রতি মাসে পরীক্ষা করতে হবে এবং সেই পরীক্ষালব্ধ ফল অনুযায়ী কোন মাটিতে কোনও সার কত প্রোপরশনে দিতে হবে সেটা বিশেষজ্ঞরা বলে দেবেন। বিশেষজ্ঞরা যা বলবেন সেই অনুযায়ী সার, কৃষকরা যাতে ব্যবহার করেন তার জন্য আমাদের অফিসাররা উদ্যোগ গ্রহণ করবেন। কৃষিক্ষেত্রে সার হিসেবে নাইট্রোজেন, ফসফেট ও পটাশ ব্যবহার হয়। একথা বললে অবিশ্বাস করতে ইচ্ছা হবে — এটা সত্যি তথ্য যে গত ৩ বছর ধরে নাইট্রোজেন বাদে ফসফেট ও পটাশের দাম শতকরা ১৩৩ ভাগ বেড়ে গেছে। ফলে কৃষকরা জমিতে বেশি করে নাইট্রোজেন ব্যবহার করছেন, ফসফেট ও পটাশ কম ব্যবহার করছেন। এতে জমি নষ্ট হতে পারে, যার জন্য সয়েল টেস্টিং-এর উপর জোর দিচ্ছি। এর জন্য কে পি. এস. আছে, ল্যাবরেটরি আছে, সয়েল টেস্টিং ল্যাবরেটরি আছে, মোবাইল ভ্যান আছে এবং এদের সংখ্যা আরও বাড়বে। কৃষি প্রযুক্তি সহায়কদের নির্দেশ দেওয়া হয়েছে যে কত সংখ্যক মাটির নমুনা প্রতি মাসে সংগ্রহ করা হবে এবং তার পরীক্ষা করা হবে, সে ব্যাপারে নির্দেশ দেওয়া হয়েছে। বীজের কথা বলেছেন, এখানে কাট মোশনেও আছে। আমরা ধানের ক্ষেত্রে — হাই-ইল্ডিং-এর ক্ষেত্রে ২৫ হাজার টনের জন্য ১৫.১৫ টন বীজ দিয়েছি, যেটা অল ইন্ডিয়া নর্মসে আছে মোটামুটি ১২ পার্সেন্ট।

আমরা ১৫.১৫ পার্সেন্ট চেঞ্জ করেছি। এর জন্য আমাদের ভর্তুকি দিতে হয়েছে ২ কোটি ২০ লক্ষ টাকা। তবুও বলবেন কৃষি দপ্তর কিছু করছে না, বীজ সরবরাহ করা হচ্ছে না? গমের ক্ষেত্রেও — যেখানে ৯ হাজার টন গম বীজ দরকার, সেক্ষেত্রে ৭ হাজার টন কৃষি দপ্তর থেকে দেওয়া হয়েছে এবং এর জন্য আমাদের ১ কোটি ৭৫ লক্ষ টাকা ভর্তুকি দিতে হয়েছে। তবুও বলবেন রাজ্য কৃষি দপ্তরে কিছু হচ্ছে না। উৎপাদন বাড়ছে, আপনি

আপনি উৎপাদন বাড়ছে? যাদু মন্ত্রে বাড়ছে? অদ্ভুত ব্যাপার। আমাদের বিজ্ঞানকে আমরা যথেষ্ট কাজে লাগাচ্ছি। আগেও বলেছি, আমাদের গবেষণাগারে নূতন নূতন বীজ আবিষ্কার হচ্ছে। খেসারির ডাল খেলে অসুখ হয়, সেইজন্য কেন্দ্রীয় সরকার-ভারত সরকার-এর পক্ষ থেকে ব্যান্ড করে দেওয়া হয়েছে। এখন, পশ্চিমবঙ্গের গবেষণাগারে খেসারির ডালের নমুনা আবিষ্কার হয়েছে — নাম দেওয়া হয়েছে 'নির্মল'। ভারত সরকার স্বীকার করেছেন, এই নির্মল ভ্যারাইটিতে ঐ অসুখের সম্ভাবনা নেই। সারা রাজ্যে নির্মল ভ্যারাইটি চাষের জন্য ভারত সরকার বলেছে। কীটনাশক ওষুধের র‍্যান্ডাম ব্যবহার করতে বলছি না আমরা। গবেষণালব্ধ ফল এলাকা ভিত্তিক ছোট ছোট স্কুল করে কৃষকদের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। কোনটা বন্ধু পোকা, কোনটা শত্রু পোকা, রাজ্য কৃষি দপ্তরের পক্ষ থেকে সেটা বোঝানো হচ্ছে। আমরা জানি, কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হলে সার, বীজ, আধুনিক বিজ্ঞান এবং প্রযুক্তিকে কৃষকের দরজার গোড়ায় পৌঁছে দিতে হবে। সারা ভারতবর্ষের মানুষ যেখানে স্বীকার করছেন, ভূমি সংস্কার একটি রাজ্যেই হয়েছে — পশ্চিমবঙ্গে, সেখানে অনেক মাননীয় বিরোধী সদস্য এই ভূমি সংস্কার নিয়ে কটাক্ষ করেছেন, তথ্যগুলো সম্পর্কেও কটাক্ষ করেছেন। তথ্যের দরকার নেই, বাস্তব জীবনে ফিরে আসুন। ৬০-এর দশকে, ৭০-এর দশকে কি দেখা যায়? দলে দলে গ্রামের মানুষ বিভিন্ন স্টেশনে স্টেশনে ভীড় করছে, অন্নের সংস্থানের জন্য ভিক্ষা-বৃত্তি অবলম্বন করত। এখন সেটা খুঁজে পাবেন? এটা কি যাদু স্পর্শে হচ্ছে? ওটা যদি না হত, তাহলে সম্ভব হচ্ছে কি করে? আমি তথ্যের কথায় যাচ্ছি না, কোন স্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্টের স্ট্যাটিস্টিক্স দিয়েছে, তাও বলছি না, বাস্তব জীবনের অভিজ্ঞতার দিকে তাকিয়ে দেখুন, তাহলেই বুঝতে পারবেন, কৃষিতে উন্নতি হয়েছে কি না। চাল উৎপাদন নিয়ে অনেকে বলেছেন, জমি বেশি, তাই উৎপাদন বেশি। আমি বলছি, না — আগেও প্রথম ছিল, এখনও প্রথম। প্রোডাকটিভিটি দেখুন, প্রোডাকটিভিটি অনেক বেড়ে গেছে। চাল উৎপাদনের ক্ষেত্রে আমাদের উৎপাদনশীলতা বেড়েছে। তার উপরেই জোর দিচ্ছি, টোটাল প্রোডাকশনের উপর জোর দিচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি আরও ১০ মিনিট সময় বাড়িয়ে নিলাম, আশা করি আপনাদের আপত্তি নেই।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** উৎপাদনশীলতা — ৮৫-৮৬ সালে ১ হেক্টর জমিতে ১৫৭৩ কে.জি. ধান উৎপাদন হত।

[6-30 — 6-41 P. M.]

১৯৯৪-৯৫ সালে এসে হেক্টর প্রতি ২১২০ কে. জি. ধান হয়েছিল। উৎপাদনশীলতা

বেড়েছে এবং শুধু তাই নয় জমি কি ভাবে বাড়ানো হয়েছে সেটা একটু দেখুন। যেখানে ৫৫ লক্ষ হেক্টর জমি আমাদের চাষযোগ্য সেখানে চাষ হয়েছিল ৭৮ লক্ষ হেক্টর জমিতে। কি করে হয়েছিল? একই জমিকে বারবার ব্যবহার করা হয়েছিল। এগুলো কি সম্পূর্ণ আপনা-আপনি হয়েছিল? কৃষি দপ্তর তুলে দিলে কি এই কাজ হবে? এগুলো একটু ডিপলি চিন্তা করুন। ১৯৯৫-৯৬ সালে আমরা আশা করছি, ১৩৬ লক্ষ টন খাদ্য শস্য উৎপাদন হবে। যাই হোক, আমি বক্তব্য আর দীর্ঘায়িত করব না। আমাদের কয়েকটা স্কীমের কাজ চলছে। মাননীয় বিরোধী দল নেতা অতীশ সিংহ মহাশয় এখানে একটা কথা বলেছেন, আমাদের যে এন. ডব্লু. ডি. পি. আর. এ. স্কীম চলছে তাতে আমরা নাকি ৪ কোটি টাকা খরচ করেছি। উনি এখন এখানে উপস্থিত নেই, থাকলে ভালো হত। যাই হোক উনি যাদের কাছে বলেছিলেন, তাঁদের অবগতির জন্য বলছি, আমরা ইতিমধ্যে ঐ স্কীমে ১৫ কোটি টাকা খরচ করেছি এবং খরচ করতে পেরেছি বলেই কেন্দ্রীয় সরকার আরও ৯ কোটি টাকা দিয়েছেন। আমাদের যে তরাই ডেভেলপমেন্ট প্রোজেক্ট হচ্ছে তাতে ফার্স্ট স্টেজে এটা দেড় কোটি টাকার প্রোজেক্ট ছিল। সেটার কাজ ভালো হওয়ায় বর্তমানে আবার ১৪ কোটি টাকা পাওয়া গেছে এবং আরও ৩০ কোটি টাকার প্রোজেক্ট থার্ড ফেজে নেওয়া হয়েছে। সারা ভারতবর্ষ শুধু নয় পৃথিবীতে ডাচদের সঙ্গে যৌথ উদ্যোগে যে ডেভেলপমেন্টের কাজ চলছে তার মধ্যে নর্থ বেঙ্গলের তরাই ডেভেলপমেন্ট প্রোজেক্ট এক নম্বর, এটা স্বীকৃত। এছাড়া আমরা আরেকটা প্রোজেক্ট — সুন্দরবন অঞ্চলে যারা আছেন, হাওড়া এবং মেদিনীপুর অঞ্চলে, উত্তর ২৪ পরগণা অঞ্চলে যারা আছেন তাদের কাছে এটা একটা সুখবর, যদিও ফাইনাল স্টেজে যায় নি — আমরা জাপান গভর্নমেন্টের সঙ্গে একটা যৌথ প্রোজেক্ট তৈরি করছি। এটা হচ্ছে ৩০০ কোটি টাকার ৫ বছরের প্রোজেক্ট। এই প্রোজেক্টটা হলে আমাদের আশা, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, হাওড়া, মেদিনীপুর এবং কোস্টাল বেল্টের প্রভূত উন্নতি হবে। সেখানকার ড্রেনেজ সিস্টেম, সেখানকার ইরিগেশন সেখানকার মানুষের জীবন যাত্রার মান, কৃষি, সমস্ত ক্ষেত্রে উন্নতির সম্ভবনা আছে। এই ৩০০ কোটি টাকার প্রোজেক্টটা পাঠানো হয়েছিল, আমরা আশা করছি, এটা শীঘ্র স্যাংশন হয়ে যাবে।

এবারে আমি পাট নিয়ে কিছু বলব। জে. সি. আই.-এর জেলা থেকে পাট কেনার কথা। কিন্তু গত দু বছর ধরে তারা পাট কিনছে না। আমাদের এখানে ৭৫ ভাগ পাট তৈরি হয় এবং আপনাদের নিশ্চয় অতীত ইতিহাস জানা আছে — যখন ভারতবর্ষ দ্বিখন্ডিত হল তখন আমাদের বলা হল পাট চাষ করতে। কিন্তু আজকে কৃষকদের পাট কেনবার কোনও উদ্যোগ কেন্দ্রীয় সরকার নিচ্ছেন না। সারা ভারতবর্ষের হিসাবে পশ্চিমবঙ্গের মোট জমির মাত্র ২.৫ ভাগ জমিতে চাষ হয়। কিন্তু আমাদের উৎপাদন হচ্ছে ৮.৫ ভাগ। টোয়েন্টি-ফার্স্ট সেঞ্চুরির দ্বার দেশে পৌঁছে এটা আমাদের কাছে একটা চ্যালেঞ্জ। আর এই চ্যালেঞ্জের

মোকাবিলা করার জন্য পশ্চিমবঙ্গের কৃষি দপ্তর সমস্ত রকম ভাবে প্রস্তুত আছে। আজকে আমাদের কৃষি দপ্তরের যে বিরাট কর্মকান্ড তার তুলনায় এই বাজেট বরাদ্দ বেশি নয়। তাই এই বাজেট বরাদ্দকে আপনারা সকলে সর্বান্তকরণে গ্রহণ করবেন এবং সমস্ত কাট মোশনের বিরোধিতা করবেন এই বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, আমরা একবিংশ শতাব্দীতে পদার্পণ করতে চলেছি। কিন্তু স্যার, এই বিংশ শতাব্দীতে এই কংগ্রেস দলের এ দিকে বসা আর হল না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আপনি হাউসে বলেছেন কোনও ডিসকাশন শেষ না হওয়া পর্যন্ত অন্য কাউকে বক্তব্য রাখতে দেবেন না। কিন্তু এই যে বাজেট ডিসকাশন হচ্ছে, মন্ত্রী মহাশয় রিপ্লাই দিচ্ছেন, তার মাঝে এই যে কংগ্রেসকে গালাগালি দিয়ে উনি বক্তব্য রাখলেন, এটা কোন রুলে হয়েছে। আমি স্যার, আপনাকে রিকোয়েস্ট করছি এই রকম নজির যদি হয় তাহলে আমরাও এই রকম বলব যে প্রভঞ্জন বাবু সাগরে কি করেছেন সেগুলি বলব।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা যখন পয়েন্ট অফ ইনফরমেশান বলব বলে রিকোয়েস্ট করেন এবং বলতে গিয়ে অন্য সব কথা বলেন, আমি কি করব। এটা একটা নিয়ম করুন যে আপনারাই বলবেন না, তাহলে আমি কাউকেই টাইম দেব না।

**Demand No. 47**

The motions of Shri Deba Prasad Sarker, Shri Shyamadas Banerjee, Shri Abdul Mannan and Shri Nirmal Ghosh that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 93,60,30,000 be granted for expenditure under Demand No. 47, **Major Heads : "2401 — Crop Husbandry, 4401 — Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and 6401 — Loans for Crop Husbandry (Excluding Public Undertakings)"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 31,21,00,000 already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 48**

The motions of Shri Kamal Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 16,77,36,000 be granted for expenditure under Demand No. 48, **Major Heads : "2402 — Soil and Water Conservation, and 4402 — Capital Outlay on Soil and Water Conservation"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 5,60,00,000 already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 55**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 32,63,55,000 be granted for expenditure under Demand No. 55, **Major Heads : "2415 — Agricultural Research and Education, and 4415 — Capital Outlay on Agricultural Research and Education (Excluding Public Undertakings)"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 10,94,00,000 already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 58**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 10,68,35,000 be granted for expenditure under Demand No. 58, **Major Heads : "2435 — Other Agricultural Programmes, and 4435 — Capital Outlay on Other Agricultural Programmes"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 03,57,00,000 already voted on account in February, 1996.), was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6.41 P.M. till 11 A.M. on Wednesday, the 3rd July, 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 3rd July, 1996 at 11.00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 5 Ministers of State and 170 Members.

[11-00—11-10 A.M.]

### Starred Questions

### (to which oral answers were given)

**জেলা শহরের মহাবিদ্যালয়ে স্নাতকোত্তর পঠন-পাঠন**

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কয়েকটি জেলা শহরের মহাবিদ্যালয়ে স্নাতকোত্তর পঠন-পাঠন-এর সিদ্ধান্ত হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কোন কোন জেলায় এবং কোন কোন মহাবিদ্যালয়ে ঐরূপ পঠন-পাঠনের ব্যবস্থা হবে?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** (ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নটি ওঠে বলেই আমি জিজ্ঞাসা করেছি। এই সভায় আপনার আগে যিনি উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী ছিলেন তিনি বারবার ঘোষণা করেছেন বহরমপুর এবং কৃষ্ণনগরে স্নাতকোত্তর পঠন-পাঠন হবে এবং আইন পড়ানো হবে। সেইজন্য আমার এই প্রশ্ন। আমার ধারণা ছিল এ ব্যাপারে অনেক দূর অগ্রগতি ঘটেছে। আমি জিজ্ঞাসা করছি, কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে প্রচন্ড চাপ—অনেক অ্যাফিলিয়েটেড কলেজ আছে—সেই কারণে একটু বিকেন্দ্রীকরণের জন্য যেটা বারবার আপনারা ঘোষণা করেন—এরপর আমি অ্যাসিওরেন্স কমিটিতে পাঠাব—সেইজন্য অদূর ভবিষ্যতে এব্যাপারে কোনও পরিকল্পনা বিবেচনাধীন আছে কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য প্রশ্নটি করেছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর যে চাপ পড়ছে স্নাতকোত্তর পর্যায়ে পড়াশুনার ব্যাপারে, সেই ব্যাপারে অন্যান্য জেলায় পোস্ট-গ্র্যাজুয়েট পড়াবার কোনও পরিকল্পনা আছে কি না? প্রশ্নটি হচ্ছে, এ ব্যাপারে কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছি কিনা? আমি তার উত্তরে বলেছি, না, এইরকম সিদ্ধান্ত গ্রহণ করিনি। আমরা ইতিমধ্যে যে যে বিষয়ে সাধারণতঃ অনার্স পাওয়ার পর পোস্ট গ্র্যাজুয়েট পড়তে যারা আগ্রহী হন, তাঁদের নেওয়া হয়। যে যে বিষয়ের উপর চাপ পড়ছে আমরা সেই বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট পড়াবার বন্দোবস্ত করেছি। যেমন, প্রেসিডেন্সি কলেজে ফিজিক্স এবং জুওলজি পোস্ট গ্র্যাজুয়েট পড়ার বন্দোবস্ত করা হয়েছে। এই দু-এক বছরের মধ্যে আমরা যখন দেখলাম অনেক ছাত্র ফার্স্ট ক্লাশ অনার্স পেয়েছে—তাদের ভর্তি হবার অসুবিধা আছে, তখন প্রেসিডেন্সি কলেজে পোস্ট গ্র্যাজুয়েট খুলে দেবার অনুমতি দিয়েছি এবং সেটা চালু হয়েছে। অন্যান্য কোনও কলেজে যে পোস্ট গ্র্যাজুয়েট পড়ানোর ব্যবস্থা নেই তা নয়। যেমন হুগলি মহসিন কলেজ, সেখানে রাষ্ট্র বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর শ্রেণীতে পড়ানো হয়, দুর্গাপুর গভর্নমেন্ট কলেজে জিওলজি পড়ানো হয়, দার্জিলিং গভর্নমেন্ট কলেজে জিওলজি পোস্ট গ্র্যাজুয়েট পড়ানোর ব্যবস্থা আছে। এই রকম কিছু কিছু জায়গায় স্নাতকোত্তর শ্রেণীতে পড়ানোর বন্দোবস্ত করেছি। আগামী দিনে যদি দেখা যায় ছাত্ররা ভাল ফল করে পোস্ট গ্র্যাজুয়েটে উচ্চ শিক্ষার জন্য ভর্তি হতে পারছে না, তখন আমরা নিশ্চয়ই তাদের ভর্তি হওয়ার জন্য চিন্তা ভাবনা করে ব্যবস্থা করব। তখনই এই প্রশ্নটা আসবে যে কোন জেলাতে কোন কলেজকে বেছে নিয়ে করব কি না। সুতরাং চিন্তাভাবনা নেই এই কথা বলছি না। যখন প্রশ্নটা সামনে দেখা দেবে, যখন দেখা যাবে ভাল ফল করে পোস্ট গ্র্যাজুয়েটে পড়তে পারছে না, তখনই ব্যবস্থা করব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমাদের পূর্বতন যিনি শিক্ষামন্ত্রী ছিলেন, শম্ভু ঘোষ মহাশয়, তিনি একাধিকবার এই বিধানসভায় কমিটমেন্ট করেছিলেন যে পার্টিকুলারলি কৃষ্ণনগর এবং বহরমপুরে স্নাতকোত্তর পঠন পাঠনের ব্যবস্থা হবে। তিনি যেটা বলেছিলেন সেটার প্রতি বর্তমান সরকারের কোনও দায়বদ্ধতা আছে কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যেটা বলেছেন, এটা আমি তাঁকে কথা দিচ্ছি ভাল করে দেখে নেব, তিনি সঠিক কি বলেছিলেন। পূর্বতন সরকারের কেউ যদি কিছু বলে থাকেন তার প্রতি একটা দায়বদ্ধতা থাকেই, তবে আপনি জানেন অবস্থা পাল্টে গেলে, সেই অনুযায়ী আমাদের চলতে হয়। যেমন প্রেসিডেন্সি কলেজে আমরা এই ধরনের ব্যবস্থা করেছি। আপনি যেটা বললেন, আমাদের চিন্তাভাবনার মধ্যে নেই, এটা বলছি না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পূর্বতন উচ্চ শিক্ষামন্ত্রী শম্ভু ঘোষ মহাশয়, তিনি আর একটা বলেছিলেন এই হাউসে যে শুধু তাই নয়, স্নাতকোত্তর আইন পড়ানোর ক্ষেত্রে উত্তরবঙ্গের কুচবিহার কলেজ এবং বহরমপুর, কৃষ্ণনগর কলেজে আইন পড়ানোর ব্যবস্থা করা হবে। উনি হাউসে যখন এই কমিটমেন্ট করেছিলেন, তাঁর এই বক্তব্য হাউসে প্রপার্টি হয়ে গেল। এই

সব দেখার জন্য আমাদের অ্যাসিয়োরেন্স কমিটি রয়েছে। আপনি একজন তৎপর মানুষ, আপনি কি এটা অনুগ্রহ করে দেখবেন, এবং এই ধরনের কমিটমেন্ট হয়ে থাকলে তার ব্যবস্থা নেবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় সদস্য যেটা বলছেন, নিশ্চয়ই সেটা দেখব। দেখে, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা কি করতে চাই সেটা অবশ্যই হাউসকে জানাব এবং বিশেষ করে আপনাকে আমি চিঠি লিখে জানাব।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে প্রশ্ন এসেছে, এটার সঙ্গে শিক্ষার মান, এই প্রশ্নটা খুব গুরুত্বপূর্ণভাবে জড়িয়ে আছে। আমার সেই জন্য মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য, স্নাতকোত্তর পঠন-পাঠনের যে ব্যবস্থা, যেটা এতকাল বিশ্ববিদ্যালয়ের মধ্যে সীমাবদ্ধ আছে, তার ফলে পঠন পাঠনের যে মান বিশ্ববিদ্যালয়গুলোতে আছে, সেই মান, তা যে বিষয়েই হোক, আপনি যদি সেই পঠন-পাঠনের ব্যবস্থা অন্যান্য কলেজ, মহাবিদ্যালয়ে করেন তাহলে বিশ্ববিদ্যালয়ের সেই মান সেখানে সুনিশ্চিত হবে কি না? কারণ এই প্রসঙ্গে দেখা যাচ্ছে, প্রেসিডেন্সি কলেজ সম্পর্কে যা বললেন, প্রেসিডেন্সি কলেজের শিক্ষার যে মান, তার যে দীর্ঘদিনের ঐতিহ্য সেটা নষ্ট হতে যাচ্ছে, প্রেসিডেন্সি কলেজকে আর অন্যান্য পাঁচটা সাধারণ কলেজের মধ্যে নিয়ে এসে। সেখানে আবার বৃত্তিমূলক শিক্ষাও নিয়ে আসছেন। এতে সাধারণ শিক্ষার যে মান সেই মান লঙ্ঘিত হবে। এটা খুব উদ্বেগের বিষয়। শিক্ষার মানের দিকটা চিন্তা করে আমি বলছি, আপনি স্নাতকোত্তর বিষয়ে পড়াশুনা, অন্যান্য মহাবিদ্যালয়ে করলে, এটা সুনিশ্চিত করার জন্য আপনার কি চিন্তা ভাবনা আছে?

[11-10—11-20 A.M.]

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাই তিনি উচ্চশিক্ষার মানের কথাটা বলেছেন বলে। আমিও এই সভায় বারবার বলেছি যে, উচ্চশিক্ষার মানটা খুব গুরুত্বপূর্ণ এবং সেই মান রক্ষা করবার জন্যই আপনারা দেখেছেন যে ইতিমধ্যেই পর্যায়ক্রমে কতকগুলি ব্যবস্থা আমরা নিয়েছি। যেমন আজকে কলেজে পড়াতে গেলে স্লেট বা নেট পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ে ৫৫ ভাগ নম্বর পেলেই হবে না। সেই পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যারা যোগ্য বলে বিবেচিত হবেন তারপর তাদের ইন্টারভিউ নিয়ে সিলেক্ট করা হয়। দু' নং বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে দেখেছেন, ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন যে যোগ্যতা পাঠিয়ে দিয়েছেন আমরা সেগুলি পুরোপুরি অনুসরণ করছি। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিলেবাসেরও আমরা অনেক পরিবর্তন ঘটিয়েছি স্নাতকোত্তর পর্যায়ে। তা ছাড়া ইউ.জি.সি. এবং বর্তমানে যে হায়ার এডুকেশন কাউন্সিল হয়েছে সেখানে আমরা অবিরত আলোচনা করছি এবং দেখছি উচ্চশিক্ষার মান যাতে আরও উন্নত করা যায়। মাননীয় সদস্য একথা শুনে খুশি হবেন যে, সর্বভারতীয় যে পরীক্ষাগুলি হয় নেট বা গেট ইত্যাদি তাতে আমাদের বিশ্ববিদ্যালয়ের বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েরা খুব ভাল ফল

করেন। আমরা এটা আরও উন্নত করতে চাই। প্রেসিডেন্সি কলেজের মান নেমে গিয়েছে বলে বলা হয়। এটা মনে করার কিন্তু কোনও কারণ নেই। আমরা অনেকগুলি ব্যবস্থা নিয়েছি। ইতিমধ্যে আমরা সরকারি কলেজে প্রফেসার র‍্যাঙ্কের যারা, পি.এস.সি. তাদের সিলেক্ট করে পাঠিয়েছেন, যেখানে পোস্ট গ্র্যাজুয়েট পড়ানো হয় সেখানে তাদের পাঠানো হচ্ছে। তারমধ্যে প্রেসিডেন্সি কলেজ আছে। অভিজ্ঞ যারা তারা প্রফেসার র‍্যাঙ্কের শিক্ষক হবেন। এখানে বৃত্তিমূলক শিক্ষা সম্পর্কে কাগজে যেটা বেরিয়েছে সে সম্পর্কে বলি, আমাদের সরকারি তরফ থেকে এখনও পর্যন্ত এরকম কোনও উদ্যোগ আমরা গ্রহণ করি নি। তবে কেউ কেউ হয়ত চিন্তাভাবনা করছেন এটা হতে পারে। সরকারি তরফ থেকে এখনই উদ্যোগ গ্রহণ করি নি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রেসিডেন্সি কলেজের কথা বলেছেন এবং বিভিন্ন জেলায় স্নাতকোত্তর পঠন-পাঠনের কথা বলেছেন। আপনি নদীয়া জেলা থেকে নির্বাচিত এবং মন্ত্রী সভার সদস্য। কৃষ্ণনগর সরকারি কলেজে স্নাতকোত্তর পঠন-পাঠনের ব্যবস্থা আগে ছিল এবং আইন-বিদ্যাও সেখানে পড়ানো হত। কিন্তু এখন সেখানে সব বন্ধ। আপনি প্রেসিডেন্সি কলেজের কথা বলেছেন কিন্তু কৃষ্ণনগর সরকারি কলেজের কথা আপনার উত্তরের মধ্যে পেলাম না। আমার প্রশ্ন, কৃষ্ণনগর সরকারি কলেজে স্নাতকোত্তর পর্যায়ে কোনও সাবজেক্ট পঠন-পাঠনের ব্যবস্থা করেছেন কি বা করবার কথা চিন্তাভাবনা করছেন কি? সঙ্গে সঙ্গে সেখানে আইন বিদ্যা পড়ানোর কথাও চিন্তা করবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যেটা জানতে চেয়েছেন তার উত্তরে বলি, আমি কিন্তু কোনও জায়গায় বলি নি কোনটা হবে না বা বলি নি কোনটা হবে। এর থেকে যদি সিদ্ধান্ত করেন কৃষ্ণনগর সরকারি কলেজ সম্পর্কে চিন্তা করছি না তাহলে বলব, তা কিন্তু নয়। আগে চিন্তা করতে হবে যে কোন কোন কলেজে পরিকাঠামো আছে। সঙ্গে সঙ্গে খতিয়ে দেখতে হবে কোন কোন বিষয়ের প্রয়োজনীয়তা আছে। এগুলি চিন্তা করে প্রয়োজন হলে আমরা ব্যবস্থা নিই, সেই কলেজ সম্পর্কে ভাবি। তা থেকে কৃষ্ণনগর বাদ যাবে এটা ভাববার কারণ নেই। আর আমি নদীয়া জেলা থেকে নির্বাচিত বলেই এটা অন্তর্ভুক্ত হবে তা নয়। নির্বাচিত হবার পর আমি পশ্চিমবঙ্গের মন্ত্রী, আমাকে গোটা রাজ্যের কথা ভাবতে হবে। সেজন্য যেখানে যেখানে সম্ভব আগামী দিনে যদি প্রয়োজন হয় আমরা এটা করব। আইন পড়ার ব্যাপারে আপনি বলেছেন। আমরা অনেক জায়গায় আইন পড়ার জন্য নতুন ব্যবস্থা করেছি। আর কিছু কিছু দাবি এসেছে সেগুলি আমরা চিন্তা-ভাবনা করছি। কিন্তু ইতিমধ্যে অনেকগুলি নতুন জায়গায় আইন পড়ার ব্যবস্থা করা হয়েছে।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি দেখেছেন যে এবারে মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট মফস্বল শহরে বা গ্রামাঞ্চলে ভাল হয়েছে। কিন্তু যেটা দুঃখের বিষয় সেটা হচ্ছে, পড়াশুনাটা কলকাতা কেন্দ্রিক। মডার্ণ যেসমস্ত স্টাডিস আছে, আধুনিক কোর্স আছে, সেই

কোর্স পড়ার সুযোগ জেলাগুলিতে নেই, শহরাঞ্চলে আছে। আমি আপনাকে বিনয়ের সঙ্গে বলতে চাই, বিজনেস ম্যানেজমেন্ট, হোটেল ম্যানেজমেন্ট, জার্ণালিজম—এই ধরনের যে কোর্স আছে আজকের দিনে সভ্যতার বিকাশ হচ্ছে, ছাত্র-ছাত্রীরা নানা বিষয়ে পড়তে চাচ্ছে জীবনের প্রশ্নে, এই ধরনের কোর্সগুলি বিভিন্ন জেলাগুলিতে চালু করার ব্যাপারে আপনি কি বিবেচনা করবেন বা করছেন কিনা সেটা জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, এই হাউসে আমি বলেছি যে গত ২ বছরে আমরা মফস্বল কলেজগুলিতে অনেক আধুনিক বিষয় পড়বার সুযোগ করে দিয়েছি এবং গত ২ বছরে সোয়া তিন শত বিভিন্ন কলেজকে পড়ার সুযোগ করে দিয়েছি সেগুলির অধিকাংশ মফস্বল জেলাগুলিতে। মাননীয় সদস্য যেটা জানতে চেয়েছেন, আমি একথা বলছি যে নতুন নতুন বিষয় ভোকেশন্যাল সাবজেক্ট, এগুলি কিন্তু আমরা জেলা কলেজগুলিকে পড়ার সুযোগ করে দিয়েছি, যেমন কম্পিউটার সায়েন্স, ইলেকট্রোনিক্স, এগুলি করে দিয়েছি। আমি বলেছিলাম যে, মেদিনীপুরের একটি কলেজে সিড টেকনোলজি পড়াবার বন্দোবস্ত করে দেওয়া হয়েছে। মেদিনীপুরের আর একটি কলেজে—হিজলী কলেজে—আমরা নতুন কতকগুলি ভোকেশন্যাল সাবজেক্ট নিয়ে আরম্ভ করেছি। এই বছর আমরা জেলা কলেজগুলিতে ভোকেশন্যাল সাবজেক্ট দেব এবং আমরা কলেজের প্রিন্সিপালদের সঙ্গে ইতিমধ্যে কথা বলেছি। আমরা তাদের বলেছি যে, আপনাবা আপনাদের চিন্তা-ভাবনা করে প্রস্তাবগুলি আমাদের কাছে পাঠান। বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপাচার্যদের বলেছি যে, আপনারা নিজেরা চিন্তা-ভাবনা করে জেলাগুলিতে যাতে ভোকেশন্যাল সাবজেক্ট দেওয়া যায় সেই ভাবে আমাদের কাছে প্রস্তাব পাঠান যাতে আগামী শিক্ষা বর্ষ থেকে নানা বিষয়ে এবং মাননীয় সদস্য যে বিষয়ের কথা বলেছেন, সেগুলি অন্তর্ভুক্ত করতে পারি। আর একটি কথা হল যেহেতু জেলা কলেজগুলি সম্পর্কে বলেছেন, আমরা আলোচনা করে কাজ শুরু করেছি। প্রত্যেক জেলায় যাতে একটা কলেজকে দিয়ে এমন করতে পারি যাতে সমস্ত বিষয়ে অনার্স পড়ার সুযোগ পায়, সেই জেলায় বিভিন্ন বিষয়ে অনার্স পড়ার সুযোগ পায়। এই রকম পরিকল্পনা করে গত ২ বছর ধরে শুরু করেছি, এই বছরও সেটা অব্যাহত আছে।

[11-20—11-30 A.M.]

**শ্রী অশোক ঘোষ ঃ** বজবজ বিধানসভা কেন্দ্রে একটিমাত্র কলেজ আছে, তবে সেখানে অনেকগুলো স্কুল রয়েছে। সেখান থেকে যেসব ছাত্র-ছাত্রী মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশ করছে তাদের অনেকে কলেজে পড়বার সুযোগ পাচ্ছে না, কারণ কলেজটিতে আসন সংখ্যা কম এবং অনেক বিষয়ে অনার্স নেই। কলকাতায় এসেও তারা ভর্তির সুযোগ পায় না। ঐ দুটি পরীক্ষায় যারা পাশ করেছে বা ভবিষ্যতে পাশ করবে তাদের কিভাবে কলেজে অ্যাডমিশন দেওয়া যাবে সে ব্যাপারে চিন্তা-ভাবনা করেছেন কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য বজবজ কলেজ সম্পর্কে যে প্রশ্ন করলেন

আপনি জানেন ঐ কলেজে কতগুলো নতুন বিষয় পড়াবার সুযোগ সেখানে করে দেওয়া হয়েছে। কয়েকদিন আগে ঐ কলেজের মাননীয় অধ্যক্ষ আমার কাছে এসেছিলেন এবং আমার সঙ্গে তাঁর কথাও হয়েছে। ঐ কলেজে আরও কতগুলো নতুন বিষয় সম্পর্কে তিনি আমাদের কাছে আবেদন করেছেন। আমি তাঁকে বলেছি, ওগুলো বিচার-বিবেচনা করে আমরা সিদ্ধান্ত নেব। তার কারণ, একটি কলেজে একবারে অনেকগুলো বিষয় দিতে পারি না, তারজন্য আস্তে আস্তে পরিকাঠামো তৈরি করবার বিষয়টা রয়েছে। তাঁর সঙ্গে কথা বলেই বাকি বিষয়গুলো সম্পর্কে সিদ্ধান্ত নেব।

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** মূল প্রশ্নের কাছাকাছি এসে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আমাদের দেশের অন্যতম ঐতিহ্যমন্ডিত শিক্ষা-প্রতিষ্ঠান কলকাতায় সংস্কৃত কলেজকে ডীমড্ ইউনিভার্সিটি হিসাবে ঘোষণা করবার সিদ্ধান্ত রাজ্য সরকার নিয়েছেন। মাননীয় মন্ত্রী এই কক্ষে সেকথা আমাদের জানিয়েছেন। ঐ সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কলকাতার সংস্কৃত কলেজের স্নাতকোত্তর পঠন-পাঠনের ব্যবস্থা করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, এটা ঠিক, কলকাতার সংস্কৃত কলেজকে ডীমড্ ইউনিভার্সিটি করবার কথা বলেছিলাম। এ-সম্পর্কে ভবেশ দত্ত কমিশনেরও সুপারিশ রয়েছে। এ-সম্পর্কে ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশনের কাছে আমরা আবেদন করেছিলাম এবং তাদের সঙ্গে আমাদের বিষয়টা নিয়ে কথাবার্তাও হয়েছে। তৎকালীন মানব সম্পদ উন্নয়ন মন্ত্রীর সঙ্গে দেখা করেও এ-সম্পর্কে তাঁর সঙ্গে কথা বলেছি। ডীমড্ ইউনিভার্সিটি করার আগে ওঁরা আমাদের পরামর্শ দিয়েছেন ঐ কলেজের পরিকাঠামোগত পরিবর্তনের ব্যাপারে। কিন্তু তারজন্য একটু সময় লাগবে। ইতিমধ্যে সেই কাজটা আমরা শুরু করেছি। সেখানে আমাদের আজও কিছু প্রফেসর র‍্যাঙ্কে নিয়োগ করতে হবে। লাইব্রেরির কথাও তাঁরা বলেছেন। এগুলো সবই সময় সাপেক্ষ। এগুলো করতে পারলে আবার ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশনের সঙ্গে দেখা করব। এই কাজটা চলছে। তারপর আমরা ডীমড্ ইউনিভার্সিটি করবার ব্যাপারে অগ্রসর হব। তবে ইতিমধ্যে সেখানে স্নাতকোত্তর বিষয়ে পড়াবার ব্যবস্থা হয়েছে, তবে ডীমড্ ইউনিভার্সিটি হলে এক্ষেত্রে পড়াশুনার সুযোগ বাড়বে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** যদি কোনও মহাবিদ্যালয় তাদের প্রয়োজনীয় পরিকাঠামো থাকায় সেখানে স্নাতকোত্তর পঠন-পাঠনের জন্য অনুমোদন চায়, দেবেন কি না? যেমন দীনবন্ধু অ্যান্ড্রুজ কলেজ, যেটি দক্ষিণ ২৪-পরগনার এক প্রান্তে অবস্থিত, আমিও ঐ কলেজে পড়াশুনা করেছি; ঐ কলেজের অধ্যক্ষ আপনার কাছে বারবার করে লিখেছেন যে, সেখানে এ-সম্পর্কিত ইনফ্রাস্ট্রাকচার রয়েছে, আমিও সেটাই মনে করি, কাজেই সেখানে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স যাতে চালু করা যায় তারজন্য অনুমোদন দেওয়া হোক। আমার প্রশ্ন, দাবিটা অনুমোদন করবেন, কি করবেন না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, এ-সম্পর্কিত বিষয়ে বিশ্ববিদ্যালয় অনুসন্ধান করে আমাদের কাছে যদি সুপারিশ করেন তাহলেই কেবল আমরা সেগুলো বিচার-বিবেচনা করি। আপনি যে কলেজের কথা বললেন, তাঁরা এ-ব্যাপারে সরকারের কাছে চিঠি দিয়েছেন—যে আমরা কোথায় কোথায় পোস্ট গ্র্যাজুয়েট পড়ার বন্দোবস্ত করব। আমরা বলছি আমাদের আগামী দিনে অবস্থার পরিপ্রেক্ষিতে যদি করতে হয় তখন আমরা বিভিন্ন দিক বিবেচনা করব। বিভিন্ন দিক করতে হবে, যেমন দূরবর্তী স্থান কলকাতার কাছাকাছি হবে কিনা এই সমস্ত জিনিসগুলি বিচার করব। বিশ্ববিদ্যালয়ের যাঁরা নাকি অ্যাকাডেমিক কাউন্সিলে আছেন, পোস্ট গ্র্যাজুয়েট কাউন্সিলে আছেন তাঁরা এই সমস্ত বিচার করবেন। তারপর সরকার বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কথাবার্তা বলে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

## Setting up of Industries

***203.** (Admitted Question No.*451) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-Charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the salient features of West Bengal Small Industries Corporations programme for setting up an Integrated Garment Complex at Garden Reach;

(b) the assistance received and/or likely to be received from the Banks and other financial institutions; and

(c) the progress so far?

**Shri Pralay Talukdar :** (a) With a view to developing and promoting Textiles and Garments Industries in Calcutta, West Bengal Small Industries Corpn. has come forward with the infrastructural and technological support base to set-up a Integrated Garment Complex at Santoshpur Kalinagar (Garden Reach), P.S. Maheshtala on a plot of land measuring 16.50 acres. In this complex the entrepreneurs will get all the ancillary facilities under one umbrella. The Corpn. will provide building space/sheds/plots of land to the Garment Units. This project will expose the entrepreneurs on the whole to the world market to compete for marketing their products to be manufactured with sophisticated automatic machines with semi mechanised and also with traditional machines having immense skills.

(b) As the detailed plan and programmes are being worked out. Banks and other financial Institutions have not been approached at this stage.

(c) The question does not arise.

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ১৬.৫০ হেক্টরে গারমেন্ট কমপ্লেক্সের কাজ আরম্ভ হয়েছে ২ বছর আগে, আর কত সময় লাগবে এই কমপ্লেক্স চালু হতে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** এই কমপ্লেক্স ২ বছর আগে আরম্ভ হয় নি। এই কমপ্লেক্সটি অতীতে ক্যাটেল সেটেলমেন্ট করার জন্য করা হয়েছিল। সেই অনুযায়ীই এখানে ২ বছর আগে এটা হয়েছিল। তারপর সেটা হল না। খাটাল অন্য জায়গায় চলে গেল, কলকাতা থেকে সরিয়ে অন্য জায়গায় নিয়ে যাওয়া হল। এই ল্যান্ডটা সি.এম.ডি.এ খাটাল ইত্যাদি করার জন্য তৈরি করেছিল, ক্যাটেল ডেয়ারি সেন্টার তৈরি করেছিল। তারপর এটা সেই স্ট্রাকচারসহ আমাদের দপ্তরে হস্তান্তরিত হয় ১৯৯৬ সালের ফেব্রুয়ারি মাসে। একটা নিউক্লিয়াস ফর্মে এটা হবে, এই গারমেন্ট কমপ্লেক্স হবে এটা ঠিক হয়। চিফ মিনিস্টার এটার শিলান্যাস করে ২ বছর আগে নয় ১৯৯৬ সালের ফেব্রুয়ারি মাসে। অর্থাৎ আজকে ৩রা জুলাই, সেই কারণে এটা এখনও ২ বছর হয় নি। সমস্ত জমিটা নিয়ে কিভাবে কাজ করা হবে, স্কিল্ড দরজী যারা আছেন তাঁদের কিভাবে কাজে লাগানো যায়, গারমেন্ট কমপ্লেক্সের সঙ্গে যুক্ত যে সমস্ত ব্যক্তি আছেন তাদের নিয়ে একটা মিটিং ইত্যাদি করেছি। তাঁরা যে খরচ চেয়েছে সেই খরচে হবে কিনা জানি না। ব্যাঙ্কের ফাইন্যান্স আছে, সব মিলিয়ে ডেভেলপমেন্ট কনসালটেন্ট লিমিটেড বলে একটা কোম্পানি আছে তাদের ফিজিবিলিটি রিপোর্ট তৈরি করার জন্য দিয়েছি।

[11-30—11-40 A.M.]

সেই ফিজিবিলিটি রিপোর্ট এলে আমরা গারমেন্ট কমপ্লেক্সের সঙ্গে যুক্ত যেসব শিল্প আছে, তাদের কাছে রাখব। কত খরচ হবে, খরচ বাড়বে কি বাড়বে না তা তখন ঠিক হবে। তবে এটা ঠিক যে ঐ এলাকাটি বহু দিনের একটি দর্জি শিল্প এলাকা। ওখানে কয়েক লক্ষ দর্জি আছে যারা দেশে বিদেশে গারমেন্ট সাপ্লাই করে। সেজন্য স্কিল্ড লোকের অভাব নেই। এরমধ্যে দু-তিনবার ওদের সঙ্গে আমাদের মিটিং হয়েছে। ওদের কেউ কেউ বলেছেন যে কলকাতায় করতে হবে। আমরা কলকাতায় করতে রাজি নই। যেখানে দর্জি আছে, আমরা সেখানেই করতে চাইছি। সেজন্য আমরা ডেভেলপিং অ্যান্ড কনসালটেন্সী এজেন্সীকে দায়িত্ব দিয়েছি ফিজিবিলিটি রিপোর্ট তৈরি করার জন্য। সেই রিপোর্টটি আসার পরে এ সম্বন্ধে আমরা ডিটেল্ড প্লান প্রোগ্রাম তৈরি করব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, ওখানে যে খাটাল ছিল, সেখানে গারমেন্ট কমপ্লেক্স করা হবে। এখনও পর্যন্ত প্রোজেক্ট রিপোর্ট আসেনি। আমার প্রশ্ন হচ্ছে, এটা কি জয়েন্ট সেক্টরে টোডি, ফতেপুরিয়াকে সঙ্গে নিয়ে বা সাধন দত্তকে নিয়ে করবেন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** না, এটিতে টোড্রি ফতেপুরিয়া, সাধন দত্ত বা সুলতান আহমেদকে দেওয়া হচ্ছে না। আমাদের কাছে ঐ রিপোর্টটি আসলে আমরা সকলের সঙ্গে আলোচনা করে ঠিক করব কারা ইন্টারেস্টেড। আমরা চাইছি এটি একটি নিউক্লিয়ার সেট-আপ হোক, পার্টিকুলার এই ইন্ডাস্ট্রি নয় ওখানে ১৪ একর যে জমি আছে তা কম নয়, ওখানে কয়েকশো কমপ্লেক্স হতে পারে। ফিজিবিলিটি রিপোর্ট পাওয়ার পরে আপনি যোগাযোগ করতে পারেন, আমরাও যোগযোগ করতে পারি। এটি একটি ভায়াবল্ ইউনিট হবে। সেজন্য লোক্যাল এম.এল.এ.-র সহযোগিতা ছাড়া এটি হবে না। তাতে সাধন দত্ত আসুক বা অন্য কেউ আসুক, প্রশ্ন সেটি নয়। প্রশ্ন হচ্ছে গারমেন্ট ইন্ডাস্ট্রি ওখানে করা হবে। তারজন্য আমরা টেকনিক্যাল হেল্প যা করার দরকার হবে তা দেব, এক্সপোর্টের ব্যাপারে হেল্প দেব, মার্কেট অ্যাসিসট্যান্স দেব এবং ব্যাঙ্কের সাথে লিয়াজো করব। ব্যাঙ্ক সব সময়েই নেগেটিভ। তবে আমরা সকলে মিলে চেষ্টা করছি ব্যাঙ্কের এই দিকটাকে সজীব করতে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** আমার প্রশ্ন ছিল, এই যে কমপ্লেক্স করছেন, এটা কি সরকার নিজে করছেন না জয়েন্ট সেক্টরে করছেন? এরজন্য এবারের বাজেটে কত টাকা রাখা হয়েছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** বাজেট যখন পেশ করব তখন ডিটেল্ড পাবেন। এটা এখনই জয়েন্ট সেক্টরে হবে, কি গভর্নমেন্ট নিজে করবে তা ঐ কনসালটেন্সী রিপোর্টটা না পাওয়া পর্যন্ত বলতে পারছি না। রিপোর্টটা আসার পরে তবেই আমরা সিদ্ধান্ত নিতে পারব।

**নির্মল দাস ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, এর আগেও আপনি বলেছিলেন যে বিভিন্ন ফিনান্সিয়াল ইনস্টিটিউশনগুলো এবং ব্যাঙ্কগুলোও আছে, তারা ক্ষুদ্র শিল্পে যারা উদ্যোগ নেন, তাদের সাংঘাতিক ভাবে হয়রান করে। আমার প্রশ্ন হল, আপনি গার্ডেনরিচে যে গারমেন্ট কমপ্লেক্স করতে চাইছেন, অনুরূপভাবে রাজ্যের অন্যত্র করার কোনও পরিকল্পনা আছে কি না? সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীমে যাঁরা কিছু করতে চান, তাঁদের ব্যাঙ্কগুলো যে টাকা দিচ্ছে না, তারজন্য কি রক্ষা কবজের ব্যবস্থা করছেন, সেটা যদি আপনি দয়া করে একটু বলেন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** অন্যান্য জেলাতেও কিছু কিছু পরিকল্পনা রয়েছে। তবে এ সম্বন্ধে নির্দিষ্ট পরিকল্পনা সম্বন্ধে যদি প্রশ্ন আসে তাহলে আমি উত্তর দিতে পারি। ব্যাঙ্ক সর্বক্ষেত্রেই স্বাভাবিকভাবে যে দেয় রেশিও সেটা মেনটেন করছে না। আমরা তো ব্যাঙ্কের কাছ থেকে জোর করে আদায় করতে পারি না। আমাদের এন্টারপ্রেনারস যাতে টাকা পায় তার চেষ্টা আমরা করতে পারি, ব্যাঙ্কের কাছে তদ্বির করতে পারি যাতে শিল্পোদ্যোগীরা ব্যবসা করতে পারে। আমরা প্রত্যেকটি কেস পারস্যু করছি শিল্পোদ্যোগীদের সাহায্য করার জন্য, এরজন্য আমাদের ডি আই সি এবং ডাইরেক্টরেট আছে, আমি নিজে যথাসাধ্য চেষ্টা করেছি।

**নির্মল দাস ঃ** ব্যাঙ্কের অসহযোগিতার জন্য করতে পারেনি এইরকম শিল্পোদ্যোগীর

সংখ্যা কত?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** ব্যাঙ্কের অসহযোগিতার জন্যে বসে গেছে এই রকম বহু শিল্পোদ্যোগী আছেন। ব্যাঙ্ক দুরকমভাবে অসহযোগিতা করছে প্রথমত কিছু কিছু স্কীম নিয়ে ফেলে রেখে দিয়েছে এবং ফেলে রেখে দিয়ে বাতিল করে দিয়েছে। আবার কোন কোন ইউনিট ৫ লক্ষ টাকা দেবার কথা, সেখানে মাত্র ৫০ হাজার টাকা দিয়ে দিলেন, তারপরে আর টাকা দিলেন না, ডিলে করতে লাগল ব্যাঙ্ক। এবং ৩ বছর পরে ওই ৫০ হাজার টাকার ডিভ্যালুয়েশন হয়ে যাচ্ছে, সুতরাং ডিলেড ফিন্যান্স ইজ নো ফিন্যান্স। আমরা ব্যাঙ্কের সঙ্গে প্রত্যেকটি ক্ষেত্রে আলোচনা করার চেষ্টা করি যাতে টাকা ঠিক সময়ে তারা পায়। আবার ব্যাঙ্ক সময়মতো স্যাংশন করলেও ডিসবার্সমেন্ট সময়মতো করে না। কোন কোন শিল্পক্ষেত্রে মার্জিন মানিও দেয় না। আমরা নিজেরা মার্জিন দিয়ে দিচ্ছি কিন্তু তারপরেও ব্যাঙ্ক ডিলেড করছে। প্রাইমমিনিস্টার রোজগার যোজনার ক্ষেত্রেও ব্যাঙ্ক নানা রকম হয়রানি করছে। এরজন্য আমরা ডি আই সি লেবেলে কথাও বলেছি। আমি নিজে ব্যক্তিগতভাবে ব্যাঙ্কের চেয়ারম্যানের সঙ্গে কথা বলেছি, ওদের সঙ্গে যতটা পারছি যোগাযোগ রাখছি।

**শ্রী বুদ্ধদেব ভক্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন হচ্ছে যে, ঝাড়গ্রামে ক্ষুদ্র কুটির শিল্প স্থাপন করার জন্য আদিবাসী সম্প্রদায়কে লোন দেওয়ার কথা ছিল কিন্তু পরবর্তী সময়ে ওই প্রস্তাব বাস্তবায়িত হয় নি। ওই অঞ্চলের আদিবাসীদের ক্ষেত্রে লোনের টাকা পাওয়ার ব্যাপারে আপনি কোনও ব্যবস্থা করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এটা অনুমোদন হল না, এই প্রশ্ন ওঠে না। এটা হচ্ছে গার্ডেন রিচ গারমেন্ট কমপ্লেক্স সংক্রান্ত প্রশ্ন, সেখানে অন্য জায়গার প্রশ্ন করলে তো চলবে না, সারা রাজ্যের প্রশ্ন করলে তো হবে না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন হচ্ছে যে, গার্ডেনরিচ গারমেন্ট কমপ্লেক্স, যেটা ওই এলাকা নিয়ে জড়িত এবং শোনা যাচ্ছে যে, এশিয়ার বৃহত্তম গারমেন্ট কমপ্লেক্স হচ্ছে। সেখানে ভারতের বোম্বাই শুধু নয়, এখনকার দিনে যাকে মুম্বাই বলে পরিচিত, সেটা শুধু নয়, ভারতবর্ষের বাইরের থেকেও আসছে।

[11-40—11-50 A.M.]

বিভিন্ন জায়গা থেকে তারা এখানে আসছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি পেপারে দেখেছি একটা গার্মেন্ট মার্কেট কমপ্লেক্স উদ্বোধন করলেন, এখন সেটার কি অবস্থা আছে, তার কতদূর কি অবস্থা সেটা মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আমি তো গারমেন্ট কমপ্লেক্স সম্বন্ধে বলতে পারব, অন্য প্রশ্ন থাকলে পরে প্রশ্ন করবেন, উত্তর দেব।

**গঙ্গা ও পদ্মা নদীর ভাঙ্গন**

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৭) **শ্রী ইউনুস সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় গঙ্গা ও পদ্মা নদী ভাঙ্গনের ফলে বহু এলাকা ক্ষতিগ্রস্ত হতে শুরু করেছে; এবং

(খ) সত্যি হলে, রাজ্য সরকার তা প্রতিরোধের জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ সত্যি। আবহমান কাল থেকে নিরন্তর পাড় ভেঙে অবর্ণনীয় ক্ষতিসাধন করার চরিত্রের জন্য ভারতবর্ষের নদীগুলির মধ্যে একমাত্র পদ্মাকেই কীর্তিনাশা নামে অভিহিত করা হয়। সেই ভাঙ্গন এখনও চলেছে। তবে নদীর পাড়ে জনসংখ্যার বহুল বৃদ্ধির জন্য সামান্য ভাঙ্গনও এখন গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

(খ) হ্যাঁ, করা হয়েছে। গঙ্গা পদ্মার ভাঙ্গন এত ব্যাপক যে রাজ্য সরকারের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে তার প্রতিবিধান করা অসম্ভব। এজন্য কেন্দ্রীয় সরকারের কাছে মালদা এবং মুর্শিদাবাদ জেলা মিলিয়ে মোট ১০২.৪০ কোটি টাকার একটি প্রকল্প ১৯৯৫ সালে পেশ করা হয়েছে। যার মধ্যে শুধু গঙ্গা-পদ্মা ভাঙ্গন রোধে মুর্শিদাবাদ জেলার জন্য ৬৫.৫৩ কোটি টাকা ধরা আছে। তবে রাজ্য সরকারও সাধ্যমতো চেষ্টা করে চলেছে। গতবছরও মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী, নলবোনা, আখেরীগঞ্জ ইত্যাদি জায়গায় ভাঙ্গন প্রতিরোধে ১৭.৮১ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, এই ভাঙন রোধের পরিকল্পনা রাজ্য সরকারের একার পক্ষে সম্ভব নয়। তারজন্য কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। আমার নির্দিষ্ট প্রশ্ন হচ্ছে, গতবারে যে কাজটি রাজ্য সরকার এবং জেলা পরিষদ মিলে ১১টি ব্লক এর ভাঙনের ব্যাপারে মুর্শিদাবাদ জেলার ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত তার মধ্যে ভগবানগোলা, রানীনগর এবং জলঙ্গী ৩/৪টি জায়গায় কাজ হয়েছিল লালগোলা সহ। এবারে যে কাজটি দরকার, রানীনগর নলবোনা, রাজানগর, সেই কাজটি জলঙ্গীর আপ এবং ডাউন এর ১১ কোটি টাকার বাঁধকে যদি টিকিয়ে রাখতে হয় তাহলে, এই মুহূর্তে আপ এবং ডাউন এর কাজ করা দরকার। ইতিমধ্যে আপনি শুনেছেন মুরাদপুরে ১৫টি বাড়ি ভেঙেছে, গতকালকে রাজানগরে বাড়ি ভাঙতে শুরু হয়েছে। এই ব্যাপারে আপনার সঙ্গে যোগাযোগ করা হয়েছিল আপনি অসুস্থ ছিলেন বলে পাওয়া যায় নি, অফিসারদেরও পাওয়া যায়নি। এই যে ঘোষণাটা করলেন, রিপেয়ার কাজটা কবে থেকে শুরু হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জলঙ্গীর উজানে এবং ভাটাতে আমাদের কাজ শুরু হচ্ছে।

অবিলম্বে ২টি জায়গাতেই হবে। আমি আর একটু খুলে বলি, প্রশ্নটার উত্তরটা, এই ব্যাপারে অন্যান্য বিধায়করা প্রশ্ন করবেন তাতে সুবিধা হয়ে যাবে। মোট ১০২ কোটি টাকার পরিকল্পনা আমরা দিয়েছিলাম, প্রায় ১৭টি জায়গায় কাজ করার জন্য। মালদা এবং মুর্শিদাবাদে বড় আকারে। এছাড়া আরও অনেক কাজ ছোট আকারের রয়েছে। আমরা এখনও পর্যন্ত মাত্র ১০ কোটি টাকা পেয়েছি। কেন্দ্রীয় সরকারের ফিন্যান্স কমিশনের কাছ থেকে পাবার একটা কথা আছে, এখন পর্যন্ত সেটা পাইনি। কিন্তু বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট প্রোজেক্ট পরিকল্পনার নামে যেটা পরিচিত, তাতে মাত্র ১০ কোটি টাকা পেয়েছি, তার মধ্যে মালদার ক্ষেত্রে ৪ কোটি টাকা এবং মুর্শিদাবাদ এর ক্ষেত্রে ৫ কোটি টাকা খরচ করা হয়েছে। ৯ কোটি টাকা আমাদের হাতে ছিল রাজ্য সরকারের সেচ দপ্তরের যে অর্থ সেটা মিলিয়ে ১৭ কোটি টাকা গতবারে মুর্শিদাবাদ জেলার জন্য খরচ করা হয়েছে। তা সত্ত্বেও দেখা যাচ্ছে আরও ১৩টি জায়গায় ভাঙ্গন দেখা দিয়েছে। কমলপুর, গুরীপাড়া, শেখালীপুর, মহেশপুর, তারানগর জলঙ্গীর উজানে এবং লালগোলার ভাটিতে। কমলপুর, গড়িপাড়া, শেফালীপুর এই তিনটি জায়গায় ৫২ লক্ষ টাকা খরচ করব। যে কাজগুলোর কথা মাননীয় বিধায়ক বলেছেন, সেখানে বর্ষার পরে নলবোনা উজানে ৩ কোটি ৭০ লক্ষ টাকার কাজ করব।

**শ্রী ইউনুস সরকার ঃ** আপনি বললেন এখানে কাজ শুরু করা হবে। রাজনগরে ফারাক্কা চীফ ইঞ্জিনিয়ার, এক্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ার কেউ সেখানে নেই, আপনি অসুস্থ। এই মুহূর্তে রিপেয়ারের কাজ করা দরকার, পাথর ওখানে যা জড়ো করা আছে তা দিয়ে রক্ষা করার কোনও নির্দিষ্ট পরিকল্পনা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এখনই নির্দেশ দেওয়া হবে।

**শ্রী ইউনুস সরকার ঃ** রাজ্য সরকারের যা অবস্থা তাতে রাজ্য সরকারের একার পক্ষে পরিকল্পনা বাস্তবায়িত করা কঠিন। এই পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো এবং পারসুয়েশন করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের কাছে যাওয়ার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এটা ঠিক সময় ঘোষণা করব। মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে দিন পনেরো আগে এই ব্যাপারে কথা বলেছেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আমরা এই বিধানসভা থেকে গেছি গঙ্গা-পদ্মা ভাঙ্গনের প্রশ্নে। আপনি এই রকম একটা ভাবনা-চিন্তা করতে পারেন কি, কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী এবং উচ্চ পর্যায়ের আমলাদের দল বিষয়টা সরেজমিনে পরিদর্শন করতে পারেন এই রকম কোনও প্রস্তাব রাজ্য সরকার ভাবছেন কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** গত বছর কেন্দ্রীয় জল সম্পদ উন্নয়ন মন্ত্রী বিদ্যাচরণ শুক্লার কাছে আমরা সকলে মিলে গিয়েছিলাম এবং তিনি আসবেন বলেছিলেন, কিন্তু অসুবিধা

থাকার জন্য তিনি আসতে পারেন নি। তবে অফিসাররা ঘুরে গিয়েছেন। বর্তমান কেন্দ্রীয় জল সম্পদ মন্ত্রীকে আনার জন্য আমরা চেষ্টা করব।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ফারাক্কা ব্যারেজ এবং ন্যাশনাল হাইওয়ে এটা সেন্ট্রাল গভর্নমেন্টের প্রপার্টি। একটা সময় অভিযোগ ছিল এই ন্যাশনাল প্রপার্টি রক্ষা করার জন্য দেয় টাকা এবং পেপারস্ রাজ্য সরকারের তরফ থেকে তৈরি করা দরকার। সেই ব্যাপারে রাজ্য সরকারের কিছু ঘাটতি আছে। ফারাক্কা ব্যারেজ এবং ন্যাশনাল হাইওয়ে রক্ষা করার জন্য কোনও দাবিপত্র কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** একটা সময় কাগজপত্র কমছিল। এখন সময় মতো কাগজ পত্র গেছে।

[11-50—12-00 Noon]

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন এই যে ইতিমধ্যে আপনি সভায় জানালেন যে জলঙ্গীর জন্য রিপেয়ারের ব্যবস্থা হয়েছে। আগামী বছর করা হবে। ভগবানগোলার কথা বলেন নি। ভগবানগোলায় ব্যাপক আকারে ভাঙন দেখা দিয়েছে। আপনি কিভাবে এই ভাঙন প্রতিরোধের ব্যবস্থা নিয়েছেন এবং ভবিষ্যতে কেন্দ্রীয় টিমকে এনে স্থানীয়ভাবে ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় বিধায়ক, আপনি জানেন যে ভগবানগোলার ভাঙনটা আজ থেকে হচ্ছে না প্রায় কয়েক বছর প্রায় একটা দশক ধরে চলছে। আমরা বারবার চেষ্টা করেছি। কয়েকবার সফল হয়েছি, কয়েকবার ব্যর্থ হয়েছি, কয়েকবার আংশিক সফল হয়েছি। সেজন্য বিশেষ যারা টেকনিক্যাল অ্যাডভাইসরি কমিটি ছোট ছোট কাজ করে টাকা নষ্ট করতে চান না তাদের একটা স্কীম রয়েছে ২৫ কোটি টাকার। স্বভাবতই স্কীমের এই ২৫ কোটি টাকা রাজ্য সরকারের পক্ষে একা বহন করা সম্ভব না। তা সত্ত্বেও আমরা আশা করছি, ২৫ কোটি টাকার আগে আখরিগঞ্জে গুরুত্বপূর্ণ কিছু প্যালিয়েটিভ ওয়ার্ক আমরা শুরু করব।

**শ্রী মোস্তাফা বিন কাশেম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গঙ্গা এবং পদ্মার ভাঙন ভয়ঙ্কর সে বিষয়ে সন্দেহ নেই কিন্তু আরও অন্যান্য জায়গায় আমাদের রাজ্য যেখানে নদী আছে সেখানকার মানুষের এটাই সমস্যা। এইরকম আমাদের বসিরহাট, বারাসাত মহকুমায় ইছামতী নদীর ভাঙন। যে সমস্ত রাজ্য জুড়ে এটা হচ্ছে, এর একটা সার্বিক সমীক্ষা সেচ দপ্তরের পক্ষে শুরু করা হয়েছে কিনা? এই সার্বিক সমস্যাকে সমাধান করার জন্য রাজ্যস্তরে কোনও স্বল্প ও দীর্ঘমেয়াদী কমপ্রিহেনসিভ প্রোগ্রাম, কোনও টোটাল প্ল্যানিং আছে কি না?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** বছর দুয়েক আগে পদ্মা, গঙ্গা, ভাগীরথী আরও ২/৩টি

নদী নিয়ে প্রায় সাড়ে তিনশো কোটি টাকা এখন সেই ভ্যালুয়েশন অনেক বেড়ে গেছে, এইরকম একটা পরিকল্পনা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছিলাম। তখন প্রধানমন্ত্রী ছিলেন নরসীমা রাও। সে সম্পর্কে কোনও পজিটিভ রেসপন্স আমরা পাই নি। তবু আপনি যেটা বলেছেন খতিয়ে নিশ্চয় দেখা হবে। টুকরো টুকরো কিছু পরিকল্পনা বিভিন্ন এক্সপার্ট কমিটি বসে করা হয়েছে, আমরা সেগুলো জড়ো করে করবার চেষ্টা করব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, মুর্শিদাবাদের এই গঙ্গা পদ্মার ভাঙন এর যে প্রকোপ এটা আরও বেশি করে পড়ে গেছে ফরাক্কা ব্যারেজ নির্মাণের পর। ফলে ফরাক্কা ব্যারেজের কাছে আমরা উপকার যেমন পেয়েছি, তার কতগুলো হ্যাজার্ডসও আমাদের বহন করতে হচ্ছে। এটা ন্যাশনাল প্রপার্টি। ফলে এর হ্যাজার্ডস যেগুলো আমাদের রাজ্যের উপর এসে পড়েছে তার দায়িত্বের ব্যাপারটাতো শুধু রাজ্য সরকারের হতে পারে না তো কেন্দ্রীয় সরকারের কাছে বিষয়টা তুলে ধরার এবং ফরাক্কা ব্যারেজের জন্য আমরা কতখানি ক্ষতিগ্রস্ত হচ্ছি তার কোনও সুনির্দিষ্ট রিপোর্ট, কোনও ফাইন্ডিংস আপনার দপ্তরে আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কয়েক বছর পূর্বে আমরা প্রায় ২-৩ বার গিয়েছিলাম এবং একবার এই প্রশ্ন নিয়ে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রীর চেম্বারে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী এবং অফিসারদের সঙ্গে আমাদের তুমুল বিতর্ক হয়েছিল। আমাদের ইঞ্জিনিয়ারদের স্পষ্ট ধারণা যে যদিও ফরাক্কা ব্যারেজ কমিশন করার পর থেকে বেড়েছে, তবুও সেটাই একমাত্র কারণ নয়। তবে সেটা বহুলাংশে দায়ী এবং আমরা সেটা বলবার চেষ্টা করেছি, কিন্তু কেন্দ্রীয় সরকারের ইঞ্জিনিয়ার এবং আধিকারিকরা এই যুক্তি মানতে প্রস্তুত নন। এই প্রশ্ন তুললে তাঁরা অ্যালার্জিক হয়ে পড়েন। সেজন্য আমরা অনেক সময় চেষ্টা করি সেই প্রশ্নের মধ্যে না গিয়ে টাকা-পয়সার ব্যাপারে কিছু করা যায় কিনা। দেবেশ মুখার্জি ফরাক্কা ব্যারেজ অথরিটির চীফ ইঞ্জিনিয়ার ছিলেন। সেই সময় কেন্দ্রের মন্ত্রী ছিলেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ডঃ কে.এল. রায়। সেই সময় দেবেশ মুখার্জির সঙ্গে তুমুল বিতর্ক হয়েছিল। পশ্চিমবঙ্গে দেবেশ মুখার্জি এই ডিপার্টমেন্টে ছিলেন, সকলেই তাঁর নাম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং যিনি কোনও ব্যাপারে প্রায় শেষ কথা বলতেন সেই তিনি ছিলেন ডঃ রামবল্লভ চক্রবর্তী তাঁর সঙ্গেও তুমুল বিতর্ক হয়। তাঁর সুস্পষ্ট যুক্তি ছিল—ফরাক্কা ব্যারেজ যেভাবে তৈরি করা যায় সেটা ভবিষ্যতে লালগোলা, ভগবানগোলা, সূতী, আওরঙ্গাবাদ এবং আরও নিচে জলঙ্গীর দিকের ভয়ানক কারণ হয়ে দাঁড়াবে, এর সঙ্গে আখরিগঞ্জের বিরাট বিপদ হয়েছিল। তখন এব্যাপারে রামবল্লভ চক্রবর্তীকে দিয়ে এনকোয়ারির চেষ্টা করা হয়েছিল, কিন্তু তিনি রাজি হন নি। তিনি বলেছিলেন আমার বক্তব্য আমি আগেই জানিয়েছি, ভুল আগেই হয়েছে, এখন ফল ভোগ করতে হবে। কাজেই এই ব্যাপারটা নিয়ে তুমুল তর্ক হয়েছে ইঞ্জিনিয়ারদের মধ্যে। আমাদের ইঞ্জিনিয়ারদের মধ্যে সর্বাংশের না হলেও অনেকের মত যে, কমিশনের ফলে রেকারেন্স বেড়ে চলেছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, মুর্শিদাবাদে পদ্মা, গঙ্গার ভাঙনের কথা বললেন। ফরাক্কা থেকে যে অংশ পর্যন্ত ভেঙেছে সেখানে প্রতি বছর কিছু কিছু কাজ হচ্ছে। কেবলমাত্র বন্যার সময় যেটুকু কাজ হচ্ছে তাতে কোনও কাজ না হয়ে প্রকৃতপক্ষে সমস্ত পাথরের টাকা চলে যাচ্ছে। খরার সময় এখানে কাজ করার কোনও পরিকল্পনা নিচ্ছেন কিনা অনুগ্রহ করে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** একথা আংশিক সত্য। তবে মাননীয় বিধায়ক জানেন যে কংগ্রেস আমল থেকে এই আমল পর্যন্ত সেচ বিভাগের সবচেয়ে বেশি কাজ, রেকর্ড পরিমাণ কাজ হয়েছে গতবছরে ১৭ কোটি টাকা এবং মালদায় হয়েছে ৮ কোটি টাকার কাজ। এই মোট ২৫ কোটি টাকার কাজ হয়েছে। কাজটা বর্ষার আগে হয়েছিল। তা সত্ত্বেও টাকার সংস্থান না থাকায় এবং জনসাধারণের চাপে কিছু প্যালিয়েটিভ ওয়ার্ক সেখানে করতে হয় এবং এটা আপনাদের চাপা-চাপির ফলেই করতে হয়েছে।

**নির্মল দাস ঃ** বাংলাদেশে নতুন সরকার এসেছে। ফরাক্কা নিয়ে অতীতে অনেক আন্দোলন, সংগ্রাম হয়েছে, ভুল বোঝাবুঝি হয়েছে। কেন্দ্রে যুক্ত সরকার আছে, বাংলাদেশে আওয়ামী লিগ সরকারে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, সরকার জল বিতরণের ব্যাপারে এবং গঙ্গা-পদ্মা ভাঙনের রোধ করে জল সংরক্ষণের ব্যাপারে কোনও উদ্যোগ নিয়েছেন কি? এব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাথে বাংলাদেশ সরকারের আলোচনা করার পরিকল্পনা নেওয়ার পাশাপাশি ভূটান এবং উত্তরবঙ্গের সঙ্গেও যে আংশিক প্রবলেম আছে সে ব্যাপারেও কোনও উদ্যোগ নিয়েছেন কিনা, মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন।

[12-00—12-10 P.M.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমার কাছে সব জিনিসগুলো সাধারণভাবে গোপন রাখতে হয়। বর্তমানে যিনি এখানে বিরোধী দলের নেতা, অতীশ সিংহ মহাশয় গত বছর আমার কাছে খুব গোপনে যে খবর দিয়েছিলেন, সেটা আমরা অনুসন্ধান করেছিলাম জয়েন্ট রিভার কমিশনের মাধ্যমে। ইতিমধ্যে আমাদের কাছে কিছু খবর আছে, সেইগুলো আমরা বুধবার চেষ্টা করছি, জানবার চেষ্টা করছি। মুখ্যমন্ত্রীও এইগুলো নিয়ে অনুসন্ধান করছেন। এই সভাতে এর থেকে বেশি বলা সম্ভব নয়।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### প্রাথমিক বিদ্যালয়ে শৌচাগার ও টিউবওয়েল

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯।) **শ্রী সুকুমার দাস ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিতে শৌচাগার ও টিউবওয়েল করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, (১) কাজ শুরু হয়েছে কি; এবং

(২) কয়টি স্কুলে চালু হয়েছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিতে পানীয় জলের ব্যবস্থা করার পরিকল্পনা সরকারের আছে।

(খ) (১) না।

(২) প্রশ্ন ওঠে না।

### শিক্ষা ক্ষেত্রে ও.বি.সি.ভুক্তদের আসন সংরক্ষণ

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৮।) **শ্রী অশোক কুমার দেব ঃ** তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ ও অন্যান্য অনগ্রসর শ্রেণী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ও.বি.সি. ছেলে-মেয়ে ভর্তির জন্য আসন সংরক্ষণের কোনও ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকলে, তার শতকরা সংখ্যা কত?

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ ও অন্যান্য অনগ্রসর শ্রেণী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### স্পিনিং মিল

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট স্পিনিং মিলের সংখ্যা কত;

(খ) সেগুলি কোথায় কোথায় রয়েছে; এবং

(গ) উক্ত স্পিনিং মিলগুলিতে গড়ে মাসিক উৎপাদনের পরিমাণ কত?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ** (ক) ৬টি।

(খ) (১) শ্রীরামপুর—হুগলি

(২) রাঙ্গামাটি—মেদিনীপুর

(৩) বড়জোড়া—বাঁকুড়া

(৪) কর্ণজোড়া—উত্তর দিনাজপুর

(৫) কল্যাণী স্পিনিং মিলের ১নং ইউনিট কল্যাণী নদীয়া এবং ২নং ইউনিট হাবড়া, অশোকনগর উত্তর ২৪ পরগনা

(৬) পাঁচড়া, বীরভূম

(গ) ৬৪৫.২৩ হাজার কেজি।

**জলঙ্গী নদীর ভাঙ্গন রোধ**

*২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৩।) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের ঘূর্ণীর বিভিন্ন এলাকায় জলঙ্গী নদীর ভাঙ্গন রোধের জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ।

***208—Held Over.**

**ভীমেশ্বরী জুনিয়ার বালিকা বিদ্যালয়**

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৭।) **শ্রী অজিত খাঁড়া ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভগবানপুর ১ নং ব্লকে ভীমেশ্বরী জুনিয়ার বালিকা বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয়ে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) উক্ত বিদ্যালয়ে অতিরিক্ত কোনও শিক্ষিকার পদ সৃষ্টি করার পরিকল্পনা সরকারের আছে কি?

**শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আপাতত এ-ধরনের কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**ভৈরব নদীর ভাঙ্গন প্রতিরোধ**

***২১০।** (অনুমোদিত প্রশ্ন নং*৭৪৮।) **শ্রী মোজাম্মেল হক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার দৌলতাবাদ থানার অধীন নিধিনগর গ্রামটিকে ভৈরব নদীর ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা সরকার গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পটির কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা গেলে আগামী ১৯৯৬-৯৭ সালের কাজের মরশুমে (যা ১৯৯৬ সালের বর্ষার পরে শুরু হবে) কাজটি সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যায়।

**শিক্ষক নিয়োগে সুপ্রিম কোর্টের আদেশ**

***২১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৫২) **শ্রীমহবুবুল হক ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে সুপ্রিম কোর্ট সাম্প্রতিককালে কোনও আদেশ দিয়েছে কি না; এবং

(খ) দিয়ে থাকলে, এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা নিচ্ছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৫ই ডিসেম্বর. ১৯৯৫ সুপ্রিম কোর্ট কর্মনিয়োগ কেন্দ্র থেকে পূর্বে পাওয়া প্রার্থীদের মধ্য থেকে মালদা জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য নূতন প্যানেল তৈরি করার নির্দেশ দিয়েছিলেন।

(খ) সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী মালদা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

**নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন**

***২১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২৮) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চলতি আর্থিক বছরে এই রাজ্যে নতুন কোনও প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি না?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ, আছে।

**বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প**

***২১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৪) **শ্রী গৌতম চক্রবর্তী ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(১) মালদহ জেলায় ভবিষ্যতে বন্যা নিয়ন্ত্রণকল্পে কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে; এবং

(২) উক্ত প্রকল্পে কি পরিমাণ অর্থ ব্যয় হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** মালদহ জেলার মানিকচক থানায় ধরমপুর থেকে আশ্বিনতলা পর্যন্ত গঙ্গার বাম পাড় বরাবর প্রায় ৬ কিলোমিটার বাঁধ নির্মাণ এবং চরভূমি দিয়ারাতে নন্দীতলায় গঙ্গার পাড়ে প্রায় ২ কিলোমিটার বাঁধ নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও ১০ নং ও ২৪ নং পাড়ের মেরামতির কাজ আরম্ভ করা হয়েছে। ৯নং এবং ১০ নং স্পার এর মধ্যে একটি রিটায়ার্ড এমব্যাঙ্কমেন্ট নির্মাণ করার জন্য দরপত্র নেওয়া হয়েছে।

এই প্রকল্পগুলি রূপায়ণ করতে মোট ৯.৫৭ কোটি টাকা ব্যয় হবে। ৬ কিলোমিটার বাঁধটির জন্য ব্যয় হবে ৭ কোটি ২০ লক্ষ টাকা এবং ২ কিলোমিটার বাঁধটির জন্য প্রয়োজন হবে ৮০ লক্ষ টাকা। ১০ নং এবং ২৪ নং স্পারের মেরামতির জন্য ব্যয় হবে ১ কোটি ৩৪ লক্ষ টাকা। ৯ নং এবং ১০ নং স্পার এর মধ্যবর্তী রিটায়ার্ড এমব্যাঙ্কমেন্ট-এর কাজটির আনুমানিক ব্যয় ১৭ লক্ষ টাকা।

**দামোদর নদের উপর সেতু নির্মাণ**

***২১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১১২৪) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার শ্যামপুর ১ নং ব্লকের দামোদর নদের উপর আলামপুর মৌজায় সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের কাছে কি না; এবং

(খ) থাকলে, কতদিনের মধ্যে উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না, নেই।

প্রযোজ্য নয়।

### শিক্ষাস্তরে সমতা বিধান

***২১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৩) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাস্তরের মধ্যে সমতা বিধানের জন্য সরকার কোনও বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে কি না?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ।

### নূতন প্রাথমিক বিদ্যালয়

***২১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৬) **শ্রী নটবর বাগদী ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

রাজ্যে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকা কি?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার ক্ষেত্রে রাজ্য সরকার সম্ভাব্য বিদ্যালয়ের সংখ্যা ঠিক করে। শিক্ষক নিয়োগের পদ্ধতি অনুযায়ী প্যানেল হয়ে থাকলে তা অনুমোদন করে এবং প্রাথমিক বিদ্যালয়ের জন্য নির্দ্ধারিত আর্থিক দায়িত্ব বহন করে।

### বিনামূল্যে পাঠ্যপুস্তক বণ্টন

***২১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৮) **শ্রী সুকুমার দাস ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রাথমিক স্তরে শিক্ষায় কতগুলি ভাষায় পাঠ্যপুস্তক বিনামূল্যে বণ্টন করা হয়;

(খ) কোন কোন শ্রেণীর ছাত্র-ছাত্রীদের উক্ত পাঠ্যপুস্তক দেওয়া হয় ; এবং

(গ) কোন কোন বিষয়ের পাঠ্যপুস্তক বণ্টন করা হয়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্যে প্রাথমিক স্তরে শিক্ষায় পাঁচটি ভাষায় পাঠ্যপুস্তক বিনামূল্যে বন্টন করা হয়।

(খ) প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের উক্ত পাঠ্যপুস্তক দেওয়া হয়।

(গ) সাহিত্য, গণিত, ইতিহাস, ভূগোল প্রকৃতি-বিজ্ঞান ও ইংরাজির পাঠ্যপুস্তক বণ্টন করা হয়।

### আইন পঠন-পাঠনের কতিপয় কলেজ নির্বাচন

***২১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪০) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্য যে, কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ, বহরমপুর কৃষ্ণনাথ কলেজ এবং উত্তরবঙ্গের কয়েকটি কলেজে রাজ্য সরকার আইন (এল.এল.বি.ডিগ্রি) পঠন-পাঠনের সিদ্ধান্ত নিয়েছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না।

### Shifting of Small Scale Industries

***219.** (Admitted Question No. *454) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-Charge of the Cottage and Small Scale Industries Department be pleased to State—

(a) the number of small scale Industrial Units in Calcutta and Suburbs required to be shifted to other places to prevent environmental pollution;

(b) the number of them have been shifted so far; and

(c) the programme of the State Government in this regard?

**Minister-in-Charge of the Cottage and Small Scale Industries :**

(a) Six.

(b) One.

(c) the State Government is offering land shed to the S.S.I. Units for Shifting in different Industrial Estates situated outside Calcutta subject to availability of the land & shed.

### প্রাথমিক শিক্ষক নিয়োগ প্যানেল

***২২০।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০৫) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে রাজ্য সরকার কোনও প্যানেল তৈরির সিদ্ধান্ত গ্রহণ করেছে; এবং

(খ) হ্যাঁ হলে, কবে নাগাদ উক্ত সিদ্ধান্ত কার্যকর হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) কোনও জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য কোনও প্যানেল সরকারের শিক্ষা বিভাগ করে না—প্যানেলের অনুমোদন দেয় মাত্র।

(খ) প্রশ্ন ওঠে না।

**শিক্ষা ব্যবস্থায় শরীর চর্চার গুরুত্ব**

*২২১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী সুকুমার দাস ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় খেলাধূলা ও শরীর চর্চার বিষয়ের উপর গুরুত্ব হ্রাস করা হয়েছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** সত্য নয়।

বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ভারত সরকার গঠিত টেক্‌নিক্যাল কমিটির কাছে রাজ্যের কয়টি বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প পেশ করা হয়েছে এবং সেগুলি কি কি; এবং

(খ) তন্মধ্যে কয়টি মঞ্জুরি লাভ করেছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) প্রশ্নে ভারত সরকার গঠিত টেক্‌নিক্যাল কমিটি বলে প্রশ্নকর্তা যা বোঝাতে চেয়েছেন সেটি কোনও কমিটি নয়, কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা যার পুরো নাম গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন। এই কমিশনের দপ্তর বিহারের পাটনায়, গঙ্গা অববাহিকা, বন্যা নিয়ন্ত্রণ, ভাঙ্গন প্রতিরোধ এবং জল নিষ্কাশন সম্পর্কিত রাজ্যের যে সমস্ত প্রকল্পের অনুমিত ব্যয় ১ কোটি টাকার বেশি হয়, সেইগুলি উক্ত কমিশনের নিকট মঞ্জুরির জন্য পাঠানো হয়।

১৯৭৯ সাল থেকে সাম্প্রতিক সময় পর্যন্ত নিম্নলিখিত ২৩টি প্রকল্প উক্ত কমিশনের নিকট পেশ করা হয়েছে।

**রাজ্যের বার্ষিক যোজনায় অন্তর্ভূক্তি এবং বিনিয়োগের অনুমতি চেয়ে যে সমস্ত প্রকল্পগুলিকে GFCC থেকে যোজনা কমিশনে পাঠানো হয়েছে ঃ** (1) Karalia-Nagertala Basin Drainage Scheme in the dist. of 24-Parganas (South)—Estd. Cost. 650 lakhs (1980).

(2) Beel Balli Drainage Scheme in the dist. of 24-Parganas-Estd. Cost: Rs. 214.00 lakhs (1979).

(3) Scheme for improvement of Beliaghata & Circular Canal with a part of New Cut Canal from Chitpur Lock (Ch.0.00) to Dhapa Lock (Ch.267.00) at Dhapa in Calcutta-Estd.Cost Rs.144.68 lakhs (1982).

**যে সমস্ত প্রকল্পগুলিকে রাজ্য সরকারের কাছে মন্তব্য সহ GFCC ফেরৎ পাঠিয়েছেন ঃ**

(1) Ghea Kunti Drainage Scheme in the dist. of Hooghly & Burdwan revised estimate(1989)-Estd. Cost. Rs.2850.00 lakhs.

(2) Gungir Khal-Baidyabati Khal Basin Drainage Scheme in the dist. of Hooghly (1990)-Estd. Cost: Rs.214.00 lakhs.

(3) Haroagong-Kultigong Basin Drainage Scheme (Nonagong Basin), Phase-II in the dist. of 24-Parganas (1990)-Estd. Cost.Rs.500.00 lakhs.

(4) Revised East Mograhat Basin Drainage Scheme in the dist. of 24-Parganas (3rd revision) (1979)-Estd.Cost: Rs.1487.004 lakhs.

(5) Goragongi Khal Drainage Scheme in P.S. Hanskhali, dist. Nadia (1988)-Estd. Cost: Rs.266.78 lakhs.

(6) Comprehensive Flood Control Scheme for protection of Area from flooding of river Jalangi, Bhairab & Sealmari in the dist. of Murshidabad & Nadia (1991)- Estd. Cost: Rs.490.70 lakhs.

(7) Kandi Area Flood Protection and Drainage Scheme in the dist. of Murshidabad & Birbhum (1992)-Estd. Cost: Rs.700.00 lakhs.

(8) Scheme for protection to the right bank of river Ganga Padma at Village Sekhalipur & Chintamony in P.S. Boira & Moya in the dist. of Murshidabad (1992)-Estd. Cost: Rs.305.29 lakhs.

(9) Re-excavation of river Baramasia including Sarju & Mara-Mahananda for improvement of Drainage congestion of Harishchandrapur, Khorba and Ratua in the dist. of Malda (1990)-Estd. Cost: Rs. 673.00 lakhs.

(10) Adiganga Basin Drainage Scheme in P.S. Baruipur, 24-Parganas (1989)-Estd. Cost: Rs.290.73 lakhs.

(11) Protection against out Flanking to upstream of Spur No.24

(Damaged by the flood of 1994) in P.S. Kaliachak, dist. Malda (1995)-Estd. Cost: Rs.203.50 lakhs.

(12) Renovation of Spur No.10 at Ch.386 of Farakka Barrage on the left bank of the river Ganga in P.S. Kaliachak, Dist. Malda (1995)-Estd. Cost: Rs.149.22 lakhs.

(13) Protection to the right bank of river Ganga Padma in Village Nalbona, Mouza Shibnagar, P.O. Raninagar, dist. Murshidabad (1995)-Estd. Cost : Rs.483.44 lakhs.

(14) Scheme for protection of the right bank of river Ganga down-stream of Farakka Barrage in Mouza Sankopara-Paranpara, Durgapur and Bajitpur in the dist. of Murshidabad(1995)-Estd. Cost: Rs.2471.54 lakhs.

(15) Scheme for protection to the right bank of river Ganga Padma at upstream of Sekhalipur Bed bar in Mouza Sekhalipur, P.S. Lalgola, dist. Murshidabad(1995)-Estd. Cost: Rs.131.50 lakhs.

(16) Reconstruction of solid spur No.21 near 28th Km of the marginal embankment at Golaktala Area to prevent avulsion of river Ganga into river Pagla in P.S. Kaliachak, dist. Malda (1995)-Estd. Cost: Rs.287.16 lakhs.

(17) Construction of the proposed 5th retired embankment on the left bank of the river Ganga in P.S. Manikchak and Kaliachak, dist. Malda (from Domhat to Jahirtola)(1995)-Estd. Cost:Rs.663.34 lakhs.

(18) Construction of the proposed 5th retired embankment on the left bank of the river Ganga in P.S. Manikchak and Kaliachak, dist. Malda(from Aswintola to Jahirtola) (1995)-Estd. Cost: Rs.327.06 lakhs.

(19) Construction of solid spur No.27 at km. 15 on the down-stream of Manikchak Ghat on the left bank, on the river Ganga, Up-stream of Farakka Barrage in the dist. of Malda(1994)-Estd. Cost : Rs.494.27 lakhs.

(20) Kaliaghye-Kapaleshwari-Baghai Basin Drainage Scheme, phase-I in the dist. of Midnapore(1995)-Estd. Cost:Rs.2067.33 lakhs.

(খ) 'ক' প্রশ্নের উত্তরে বর্ণিত 'A'-এর অন্তর্গত ১,২ এবং ৩-এই তিনটি প্রকল্প

GFCC দ্বারা অনুমোদিত হয়েছে। এবং ২ এর প্রকল্প দুটি অর্থের অভাবে যোজনা কমিশনের মঞ্জুরি লাভ করেনি। ৩এর প্রকল্পটিকে যোজনা কমিশন কিছু রদবদল করে পেশ করতে বলেছেন।

'B' এর অন্তর্গত এবং ৪-এর প্রকল্প দুটির রূপায়ণ চলছে। ঐগুলির সংশোধিত ব্যয় বর্তমানে গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন এর বিচারাধীন রয়েছে।

## Breach of Privileges

**Mr. Speaker :** I have received a notice of breach of privilege from Shri Shiba Prasad Malik relating to alleged misbehaviour and insult towards him by the S.D.P.O., Arambagh, Hooghly.

I have gone through the notice and I found that the member went to the S.D.P.O. not in connection with any parliamentary function as such.

Under the rules, a breach of privilege can only take place if something happens during discharging parliamentary function of a member of this House. That has not happened in this case. As such no breach of privilege takes place. As such the notice of breach of privilege is rejected.

At the same time I would request the parliamentary Affairs Minister .to draw the attention of the Government that the Government should issue instructions to the District Magistrates, superintendent of police and other government officers that when they behave with the elected representatives they must behave in proper manner and give respect to them which ordinary courtesy requires and they should not misbehave with them. An intimation to this effect should be sent to all concern.

I have received another notice of breach of privilege from Shri Rabin Deb against a report appeared in the Asian Age. The report relates to a news published in the daily Asian Age dt. 2.7.96 under the heading "Report reveals illegal transfers" in page 9 and continued to page 11 the Eastern Age section which is as follows :-

"In his report Mr. Sengupta clearly mentioned that Mr. Huda because of his close connection to Mr. Hashim Abdul Halim enjoys extra authoritarian power. According to the report Huda's family enjoyed more

than three prime properties in the city which were actually wakf properties."

It is known to you that the Chief Minister made a statement and laid in the House the "Report on wakf properties" by Shri P.K. Sengupta but the news published in the said newspaper is not at par with Mr. P.K. Sengupta's report and it is a deliberately distorted reporting of the proceedings of the House and thus it is a breach of privilege of the House committed by Shri Dibyojyoti Basu, Shri M.J. Akbar, the reporter and the editor of the Asian Age respectively.

Now Mr. Deb, please move your motion.

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পহেলা জুলাই মাননীয় মুখ্যমন্ত্রী এখানে একটি স্টেটমেন্ট উপস্থিত করেছেন, তার সাথে রিপোর্ট অন ওয়াকফ প্রপার্টি এবং পি.কে. সেনগুপ্তের জাজমেন্ট লে করেছেন। গত ২-রা জুলাই এশিয়ান এজ পত্রিকায় যে রিপোর্ট এখানে উপস্থাপিত হয়েছে, সেই সম্পর্কে রিপোর্ট করতে গিয়ে একটা যে নিউজ প্রকাশিত হয়েছে এশিয়ান ইস্টার্ন এজ-এর ৯ পাতায়, শুরু হয়েছে—আন্ডার হেডিং রিপোর্ট রিভিলস্ ইল্লিগাল ট্রান্সফারস্ তার কন্টিনিউয়েশন ১১নং পেজে আছে, সেখানে যে পোরশনটা উল্লেখ করা হয়েছে—"In his report Mr. Sengupta clearly mentioned that Mr.Huda because of his close connection to Mr. Hashim Abdul Halim enjoys extra authoritarian power . According to the report Huda's family enjoyed more than three prime properties in the city which were actually wakf properties."

**Mr. Speaker :** Take your seat. No debate on this. Now I have gone through the notice. No debate—no debate on this. I find that prima face case is made out. But before sending it to the privilege committee. I like to send to the concerned people, asking for their explanation. In this case, secretary will send a letter to the concerned people calling for an explanation. After we receive that we will deal with this matter.

## POINT OF INFORMATION

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা খবরের কাগজ মারফৎ জানতে পারলাম যে, কেন্দ্রীয় সরকার কয়েকদিনের মধ্যে বাজেট পেশ করবেন কিন্তু তার আগে প্রশাসনিক আদেশ বলে পেট্রোল, ডিজেল রান্নার গ্যাস এবং অন্যান্য পেট্রোলজাত দ্রব্য-এর দাম ২৫ পারসেন্ট থেকে ৩০ পারসেন্ট বাড়িয়েছেন। এই ধরনের দাম বৃদ্ধি অতীত ইতিহাসে কোনও সময় কোনও সরকার করেন নি। এই সরকার নতুন এসে

যেভাবে পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাসের এবং অন্যান্য পেট্রোলজাত সামগ্রীর দাম বাড়িয়েছেন তাতে আমরা আমাদের দলের তরফ থেকে তীব্র বিরোধিতা করছি এবং আমরা আশা করব সরকার পক্ষের সদস্যরাও এর বিরোধিতা করবেন। আমি স্যার, আপনার কাছে অনুরোধ করব এই ব্যাপারে একটা সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করে প্রতিবাদ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক। এটা যেন অবিলম্বে বন্ধ করা হয়, না হলে সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হবে। স্যার, এর ফলে বাস, ট্যাক্সির ভাড়া বেড়ে যাবে। এই দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে আমাদের দলের পক্ষ থেকে এই অ্যাডমিনিস্ট্রেটিভ পাওয়ারে দাম বাড়ানোর জন্য কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত বিরোধিতা করছি এবং আপনার মাধ্যমে অনুরোধ করছি, এই হাউস থেকে একটা সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য একটা মোশন এনে কেন্দ্রীয় সরকারের উপর সর্বরকম চাপ সৃষ্টি করা হোক এবং ঐ দাম বৃদ্ধির অপপ্রয়াস বন্ধ করা হোক।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার মধ্যরাত্রিতে নজিরবিহীনভাবে পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাসের দাম বাড়িয়েছেন। একটা নজিরবিহীন দৃষ্টান্ত তাঁরা সৃষ্টি করেছেন। এর ফলে সমস্ত জিনিসের মূল্য বৃদ্ধি, দর-বৃদ্ধি আবার নতুন করে দেখা দেবে এবং স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হবে। স্যার, আমি আমাদের দলের পক্ষ থেকে এর তীব্র বিরোধিতা করছি।

[12-10—12-20 P.M.]

এই ঘটনা আরেকবার প্রমাণ করল যে কেন্দ্রে কংগ্রেস এবং বাম সমর্থিত যুক্তফ্রন্ট সরকার জনসাধারণের স্বার্থকে বিসর্জন দিয়ে আজকে নগ্নভাবে শিল্পপতিদের সেবাদাসে পর্যবসিত হয়েছে। আমরা প্রস্তাব করছি এই হাউজ থেকে এই বাড়তি দর বৃদ্ধির প্রস্তাব প্রত্যাখ্যান করার জন্য একটি প্রস্তাব গঠন করা হোক এবং মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সর্বদলীয় একটি কমিটি কেন্দ্রীয় সরকারের সঙ্গে অবিলম্বে দেখা করে অবিলম্বে যাতে এই প্রস্তাব প্রত্যাখান করা হয় তার দাবি জানাচ্ছি। বিশেষ করে ১০ জুলাই সংসদ যখন খুলবে এবং বাজেট যখন পেশ হয়নি তখন সংসদকে এড়িয়ে গিয়ে পার্লামেন্টকে এড়িয়ে গিয়ে অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার দিয়ে এই ভাবে দাম বাড়ানোর তীব্র প্রতিবাদ করছি। এই মূল্যবৃদ্ধির ফলে সাধারণ মানুষ বিপর্যস্ত হবে, তাই এর প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী বরেণ বসু ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে সংবাদপত্রে দেখলাম যে গতকাল মধ্য রাত্রে কেন্দ্রীয় সরকার অর্ডিন্যান্স জারি করে এইভাবে পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাসের দাম বৃদ্ধির জন্য আমাদের প্রতিক্রিয়া হচ্ছে যে, পঙ্গু অর্থনীতির দায় বিগত কেন্দ্রীয় সরকারের উপর, সেই দায় কাঁধে নিয়ে নতুন যুক্তফ্রন্ট সরকার চলেছে। এই সরকার নির্বাচনের আগে কেন্দ্রীয় সরকার তাঁদের সিদ্ধান্তের কথা নির্বাচনকে সামনে রেখে পেট্রোল, ডিজেলের দাম তাঁরা বাড়ালেন না। সাধারণ নির্বাচনে বিরূপ প্রতিক্রিয়ার ভয়ে ভূতপূর্ব কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত তাঁরা কার্যকর করলেন না, ফলে নতুন সরকার এই সিদ্ধান্ত কার্যকর করলেন। এ

সম্পর্কে উদ্বেগ প্রকাশ না করে ভিন্ন কোনও মত প্রকাশের পথ নেই। বাস্তব বুদ্ধি যাঁদের আছে তাঁরা করবেন আশা করি। আমি একথা বলতে চাই এই সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার পুনর্বিবেচনা করুন, পর্যালোচনা করুন। আমাদের দেশের প্রস্তাব হচ্ছে যেহেতু ডিজেলের দাম বৃদ্ধি হল এবং তার সঙ্গে আমাদের তৃতীয় জনপরিবহন ওতোপ্রোতোভাবে যুক্ত এবং একই সঙ্গে সেচের প্রশ্নও যুক্ত তাই পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেম এবং এগ্রিকালচারাল প্রোডাক্ট-এর উপর পড়বে। তাই আমরা চাই এই ডিজেলের দাম বৃদ্ধির প্রস্তাব বাতিল করা হোক। আমরা সেই সঙ্গে এই সরকারের সুনির্দিষ্ট যে প্রস্তাব কেরোসিনের দাম বৃদ্ধি না করার যে প্রস্তাব নিয়েছেন তাকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। আমরা চাই অ্যাডিকোয়েট সাপ্লাই অফ্ কেরোসিন গ্রামে সত্বর ব্যবস্থা করুন। এই সুনির্দিষ্ট প্রস্তাব যা সংবাদপত্রে কেন্দ্রীয় সরকারের দাম বৃদ্ধির ব্যাপারে আমার প্রতিক্রিয়া আপনার মাধ্যমে রাখলাম।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাগজে দেখলাম হঠাৎ পেট্রোল, ডিজেল, গ্যাসের দামগুলি বাড়তে বাড়তে একটি সীমার বাইরে চলে যাচ্ছে। এই পেট্রোল, ডিজেল গ্রামের ক্ষেতমজুর, দিনমজুরদের কাজে লাগে চাষ করতে গিয়ে এবং বাস, লরি, যে সমস্ত যান আছে তার উপর প্রভাব পড়বে ফলে বাসের ভাড়া বাড়বে। দীর্ঘদিন ধরেই এইভাবে পেট্রোল, ডিজেলের দাম বাড়ানো হচ্ছে। পশ্চিমবাংলায় জনগণ বারবার বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠিত করছে। গরিব অত্যাচারিত, বঞ্চিত মানুষরা এই সরকারকে প্রতিষ্ঠিত করছে। সে সমস্ত মানুষদের মুখের দিকে চেয়ে, তাদের স্বার্থে পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধির আদেশ প্রত্যাহারের ব্যবস্থা করতে হবে। এখান থেকে সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে পাঠিয়ে, দিল্লির সরকারের ওপর চাপসৃষ্টি করতে হবে। বর্তমানে কেন্দ্রে যে সরকার হয়েছে তাকে কংগ্রেসিরাও সাহায্য করছে; বিপদে পড়ে তারাও ওখানে আত্ম-সমর্পণ করেছে। সুতরাং ওদের অত অট্টহাসি হাসবার কিছু নেই। হ্যাঁ, নিশ্চয়ই আমরাও ঐ সরকারের পেছনে আছি। তাই আমাদের সকলকেই জনগণের স্বার্থে প্রতিবাদ করতে হবে। আমি ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে এবং বামফ্রন্টের পক্ষ থেকে মূল্য বৃদ্ধির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আজ অন্যান্য সকলের মতো উদ্বেগের সঙ্গে সংবাদপত্রে দেখলাম যে, পেট্রোল, ডিজেল এবং গ্যাসের ২৫ থেকে ৩০ শতাংশ মূল্য বৃদ্ধি করা হয়েছে। আমরা এটা জানি একটা ক্ষয়িষ্ণু পুঁজিবাদী অর্থনৈতিক কাঠামোর মধ্যে বারবার জিনিস পত্রের দাম বেড়েছে, বাড়ছে এবং বাড়বে। যখন কংগ্রেস শাসন ছিল তখনও বেড়েছে, এখনও বাড়ছে। এবারে যে মূল্য বৃদ্ধি ঘটল এর ফল অর্থনীতির ক্ষেত্রে সুদূর প্রসারী এবং তীব্র হবে বলেই আমার মনে হচ্ছে। এবারে গ্যাসের মূল্য বৃদ্ধির মধ্যে দিয়ে গৃহস্থের রান্না ঘরে হামলা হয়েছে। ডিজেলের দাম বাড়ানোর ফলে কোনও সন্দেহ নেই, জিনিস-পত্রের দাম বাড়বে—শুধু যান চলাচলেরই নয়, সমস্ত রকম জিনিস-পত্রেরই দাম বাড়বে। আমাদের কাছে এমন কোনও খবর নেই যে, আরব দেশগুলির সাথে আমাদের যে চুক্তি হয়েছে তার ফলে আমাদের পেট্রোল, ডিজেলের মূল্য বৃদ্ধি করতে হচ্ছে। সে জন্য হঠাৎ

করে কেন দাম বাড়াতে হল, এই প্রশ্নটা বিবেচনা করা দরকার। আমি বলছি, যেহেতু এই মূল্য বৃদ্ধি জনস্বার্থ বিরোধী হয়ে যাচ্ছে—এর ফলে বিশেষ করে আমাদের দেশের মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত মানুষের ওপর চাপ সৃষ্টি হবে। এর ফলে আমাদের পচা-গলা অর্থনীতি একদম ভেঙে পড়বে। বিদেশি বাণিজ্যকে অবাধ করে দিয়ে নরসিমা রাও ইতিপূর্বে যে চুক্তি করে গেছে, তার ফল অনিবার্য হলেও আমি এই জনস্বার্থ বিরোধী মূল্য বৃদ্ধির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। দেশে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, বর্তমানে জনস্বার্থে বেশ কিছু জিনিসের দাম কিভাবে কমানো যায় তা আমাদের ভেবে দেখা দরকার। এই অবস্থায় জনস্বার্থ বিরোধী এই মূল্য বৃদ্ধি ঘটল। এর বিরুদ্ধে আমাদের রাজ্য সরকারের তরফ থেকে একটা অগ্রণী ভূমিকা গ্রহণ করা দরকার—জনস্বার্থে ওখানে যে বন্ধু সরকার রয়েছে, সে সরকারকে বন্ধু সরকার বলতে এখানে এস.ইউ.সি. ছাড়া আর কারও অসুবিধা হবার কথা নয়, আমরা সকলেই যুক্ত। সুতরাং নিন্দা করে কোনও লাভ নেই। সমবেতভাবে প্রতিবাদ করতে হবে। জনস্বার্থে আমাদের তা করতে হবে, কারণ তাঁদের এই সিদ্ধান্ত ভারতবর্ষের জনগণের বিরুদ্ধে যাচ্ছে।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গতকাল গভীর রাতে প্রশাসনিক নির্দেশে পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধি ঘটান হয়েছে। এই ঘটনার দুটি দিক আছে। আমি খুশি যে, লীডার অফ দি অপোজিশন প্রথমে বিষয়টি এখানে উল্লেখ করেছেন। দুটো দিকের প্রথম দিকটা হচ্ছে, আমরা এই সভায় সংসদীয় ব্যবস্থার মধ্যে বসে আছি। আর কয়েক দিন বাদেই ভারতবর্ষের সংসদের বাজেট অধিবেশন শুরু হতে যাচ্ছে। ঠিক এই মুহূর্তে সংসদকে এড়িয়ে প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ করে মূল্য বৃদ্ধি ঘটানো হল। এটা আমাদের দেশের একটা চিরকেলে কংগ্রেসি কালচার। দুর্ভাগ্যবশত আজকে কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকারও এই কাজ করলেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি। আমি আশা করব কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার ভবিষ্যতে আর সেই ধরনের কাজ করবেন না। সংসদকে এড়িয়ে, গণতন্ত্রকে অস্বীকার করে কোনও কাজ করবেন না। গণতন্ত্রের মর্যাদা তাঁরা রক্ষা করবেন। দ্বিতীয়ত এই কাজের ফল হচ্ছে সর্বক্ষেত্রে মূল্য বৃদ্ধি অনিবার্য। এটা মধ্যবিত্ত, নিম্নবিত্ত এবং খেটে খাওয়া মানুষের ওপর হামলা। সুতরাং অবিলম্বে আমি এই মূল্য বৃদ্ধি প্রত্যাহার করার দাবি জানাচ্ছি।

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Shyamadas Banerjee on the subject of modernisation of ISCO at Barnpur. The second one is from Shri Ajit Khanra on the subject of alleged malpractices obtained by Midnapur District Primary School Council in recruitment of teachers. The Third one is from Shri Sudip Bandyopadhyay on the subject of

increase in prices of Petrol, Diesel and Cooking Gas.

The subject matters of the motions are not such which call for Adjournment of the business of the House. Moreover, the Members may ventilate their grievances in these matters through calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Members may, however, read out the text his motion as amended.

[12-20—12-30 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল ঃ

সংসদে বাজেট অধিবেশন বসার মুখেই পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের দাম প্রচুর পরিমাণে বাড়িয়ে দেওয়ার সিদ্ধান্তকে তীব্র ভাষায় নিন্দা করছি। পেট্রোলের ক্ষেত্রে ২৫ শতাংশ এবং রান্নার গ্যাস ও হাইস্পীড ডিজেলের ক্ষেত্রে দাম বাড়ানো হয়েছে ৩০ শতাংশ। এই অস্বাভাবিক হারে মূল্য বৃদ্ধির ফলে জনগণের মনে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে ও পরিবহন ব্যবস্থায় ভাড়া বৃদ্ধির দাবি ইতিমধ্যেই উত্থাপিত হয়েছে। কেন্দ্রীয় সরকারের কাছে অবিলম্বে এই অস্বাভাবিক মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

**Calling Attention Notices on Urgent Public Importance**

**Mr. Speaker :** To-day, I have received ten notices of calling Attention on the following subjects, namely :-

| Subject | Name |
|---|---|
| 1. Constitution of Managing Board of West Bengal Council of Higher Secondary Education by nominated members. | : Shri Ashok Kumar Deb |
| 2. Closure of Phulia Co-operative cold storage at Santipur, Nadia. | : Shri Ajoy De |
| 3. Reported trace of dead-body of one woman from a physician's chamber at Santaldihi on 2.7.96. | : Shri Id Mahammad |

| | |
|---|---|
| 4. Closure of New Central Jute Mill | : Shri Nirmal Das |
| 5. Deplorable condition of transport in Asansol. | : Shri Tapas Banerjee |
| 6. Non-installation of R.L.I. scheme in Birbhum district. | : Shri Suniti Chattaraj |
| 7. Increase of road accidents on B.T. Road for setting up of divider. | : Shri Nirmal Ghosh |
| 8. Alarming flood situation in Malda district | : Shri Gautam Chakravartty |
| 9. Drinking water problem in Hirapur Assembly constituency. | : Shri Shyamadas Banerjee |
| 10. Increase in prices of petrol and diesel. | : Shri Saugata Roy |

I have selected the notice of Shri Shyamadas Banerjee on the subject of Drinking water problem in Hirapur Assembly constituency.

The Minister-in-Charge may please make a statement to-day. If possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The Statement will be made on 11th July, 1996.

## Presentation of Report

## Sixth Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 6th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended revised programme of business for 9th July, 1996.

9.7.96, Tuesday : Discussion on the Statement made by the Chief Minister under rule 346 on the 1st July, 1996 on the Wakf report...4 hours

Programme of Business from 4th to 8th July, 1996 remains unchanged.

**Mr. Speaker :** Now I request Hon'ble Minister-in-Charge of

Parliamentary Affairs Deptt. to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 6th Report of the Business Advisory Committee as presented today be agreed to by the House.

The motion was then put and agreed to.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের চীফ্ হুইপ, শ্রী আব্দুল মান্নান আপনাকে একটি চিঠি এবং তার মধ্যে একটা মোশন দিয়েছেন। সেই মোশনে তিনি বলেছেন যে, আমরা যখন হাউস বয়কট করেছিলাম তখন এখানে অর্থাৎ এই হাউসে যে দুটি ডিমান্ড পাস হয়েছে....

**মিঃ স্পিকার ঃ** পরে হবে। সময় হলে রুলিং দেব। আপনাদের বন্ধ হয়ে যাবার পর দেব।

## MENTION CASES

**শ্রী অনয়গোপাল সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ইন্ডাস্ট্রি মিনিস্টারের একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় যে জুটমিলগুলো বন্ধ হয়ে যাচ্ছে—তিনটি জুটমিল মেঘনা জুটমিল, রিলায়েন্স জুটমিল, অ্যালায়েন্স জুটমিল, এই তিনটে জুট মিল বন্ধ হয়ে রয়েছে। এছাড়াও পশ্চিমবাংলার অনেক জুটমিল বন্ধ হয়ে গেছে। কয়েক বছর আগে নিউ সেন্ট্রাল জুটমিল বন্ধ হয়ে গেছে। এই সব জুটমিলের হাজার হাজার শ্রমিক তারা কাজের অভাবে অনাহারে দিন কাটাচ্ছে। এই জুটমিলগুলো খোলার ব্যবস্থা কি করছেন, আমাদের জানান। ঐ যে জুটমিলগুলো বন্ধ হয়ে রয়েছে তার শ্রমিকদের সংসার চালাতে খুব অসুবিধা হচ্ছে। সুতরাং অবিলম্বে এই জুটমিলগুলো খোলার ব্যবস্থা করার জন্য দাবি জানাচ্ছি।

(Mr. Dy. Speaker took the chair)

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** অনারেবল ডেপুটি স্পিকার, আপনার মাধ্যমে আমি ভারপ্রাপ্ত শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে দে গঙ্গা ব্লকের অন্তর্গত কার্তিকপুর দেগঙ্গা হাই স্কুলে গত তিন বছর ধরে ছয় জন শিক্ষক নেই, অবসর গ্রহণের পর সেই শূণ্য পদে আজও কোনও শিক্ষক নিয়োগ করা হয়নি। ফলে বারো শত ছাত্রের লেখাপড়ার দিক থেকে ভীষণ অসুবিধা হচ্ছে। সেই জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রীর কাছে আমার আবেদন যে কার্তিকপুর দেগঙ্গা হাই স্কুলে অবিলম্বে ছয়জন শিক্ষক নিয়োগের ব্যবস্থা করুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এর আগেও বিষয়টা এখানে উত্থাপন করেছিলাম এবং বিষয়টা কোনও রাজনৈতিক বিশেষ দলের নয়, এমন কি যদি দলেরও হয়, মূলত এখন যারা সরকারি দলে রয়েছেন, তাদের বন্ধু সরকার যখন রয়েছে, স্বভাবতই ব্যাপারটা তাদের। বিষয়টি হচ্ছে প্রসার ভারতী বিল ১৯৯০ সালের ৩০শে আগস্ট লোকসভায় আইন হিসাবে পাস হয় সর্বসম্মতিক্রমে। তার চারদিন পরে রাজ্যসভায় ঐ একই বিল অনুমোদিত হয় এবং পাস হয়। তারপর মাত্র সাত দিনের মধ্যে ১১ই সেপ্টেম্বর রাষ্ট্রপতি এই আইনটা অনুমোদন করে দেন। কিন্তু আজকে ছয় বছর হয়ে গেল, এখানে আমি রিপিটেডলি বলেছি, মেনশন করেছি, কিন্তু কিছু হয়নি। আজকে যখন দিল্লিতে চীফ মিনিস্টারদের কনফারেন্স হচ্ছে, আমাদের চীফ মিনিস্টার এখন দিল্লিতে আছেন, আপনি এক্ষুণি তাঁকে ফ্যাক্স করে এই প্রসার ভারতী বিল কার্যকর করতে বলুন। ৯১ সাল থেকে ৯৬ সাল হয়ে গেল, কিন্তু এই প্রসার ভারতী বিল কার্যকর হল না। ৯৬ সালে যে লোকসভা নির্বাচন হয়ে গেল, তাতে সব কটা রাজনৈতিক দল বলেছেন তাদের নির্বাচনী ইস্তাহারে, কংগ্রেস থেকে আরম্ভ করে সব রাজনৈতিক দল বলেছিলেন, ক্ষমতায় এলে এই প্রসার ভারতী বিল তারা ইমপ্লিমেন্ট করবেন। কিন্তু এখনও সেটা ডিলে করা হচ্ছে। একটার পর একটা কমিটি করা হচ্ছে এই সরকার এসে একটা কমিটি করেছেন, নীতিশ সেনগুপ্তের নেতৃত্বে। তারাও ডিলেড প্রসেসে কাজ করছেন। ১৭ই জুলাই ৯৫ সালে হাইকোর্টের মাননীয় বিচারপতি শ্যামলকুমার সেন তাঁর ঐতিহাসিক রায় দিয়েছিলেন, তিনি ৩১শে ডিসেম্বরের মধ্যে এই আইন কার্যকর করার জন্য নির্দেশ দিয়েছিলেন। কিন্তু হাইকোর্টের সেই নির্দেশকেও মানা হচ্ছে না। এটা একটা নজির বিহীন ঘটনা ঘটেছে। ঐ মামলায় আবেদনকারীদের মধ্যে ছিলেন, অরুণা আসফ আলি, বিচারপতি ভি.এম. তারকুন্ডে, খুশবন্ত সিং, কুলদীপ নায়ার, মৃনাল সেন, শ্যাম বেনেগাল, সৈয়দ জাফরী এবং আরও অনেকে।

[12-30—12-40 P.M.]

তাদেরই আবেদনের পরিপ্রেক্ষিতে মাননীয় বিচারপতি এই আদেশ দেন। গত ২৬শে জুলাই আবার বিধানসভায় সর্বসম্মতিক্রমে এ সম্বন্ধে প্রস্তাব পাস করা হয়। মাননীয় মুখ্যমন্ত্রী এবং বুদ্ধদেববাবুর সঙ্গে কথা বলে আমি বার বার চেষ্টা করেছিলাম যাতে এটা কার্যকর হয় কিন্তু এখনও পর্যন্ত এটা হয়নি। স্যার, আপনি তো আইন জানেন, আপনি দেখুন, এরকম কোনও নজির নেই। এখনই যদি সরকার এটা না করেন তাহলে আর কোনও কালে হবে বলে মনে হয় না। ৪ এবং ৫ তারিখে দিল্লিতে মুখ্যমন্ত্রী সম্মেলন আছে, আপনি স্যার, এখনই মুখ্যমন্ত্রীকে সংবাদ দিন যাতে তিনি প্রসারভারতী বিল কার্যকর করার জন্য বিশেষ ব্যবস্থা নেন। কেন্দ্রীয় মন্ত্রী সভায় এখন সি.পি.আই.নেতা হোম মিনিস্ট্রির দায়িত্বে আছেন। স্বভাবতই এখনই যদি বিষয়টি না হয় তাহলে সেটা একটা দুর্ভাগ্যজনক ব্যাপার হবে। প্রসারভারতী বিল রূপায়ণ এটা কোনও ব্যক্তি বা রাজনৈতিক দলের ব্যাপার নয়, এটা সমস্ত কোর্ট এবং সমস্ত রাজনৈতিক দলের সর্বসম্মত দাবি। মাননীয় মুখ্যমন্ত্রী আগামী ৪/৫ তারিখে

দিল্লিতে মুখ্যমন্ত্রী সম্মেলন বিষয়টি উত্থাপন করুন এবং অবিলম্বে যাতে প্রসারভারতী বিল কার্যকর হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দারুণ বর্ষার ফলে রাস্তাঘাটের অবস্থা খারাপ। উলুবেড়িয়া থেকে শ্যামপুর, বাতাপাড়া, গড়চুমুক, বোথালিয়া, আমতা, বাগনান ইত্যাদি রাস্তাগুলির অবস্থা খুবই খারাপ। রাস্তাগুলির দু'ধারে গর্ত হয়ে গিয়েছে। যে কোনও সময় বাস অ্যাক্সিডেন্ট হয়ে যাত্রীদের জীবনহানি হতে পারে। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ, অবিলম্বে এই রাস্তাগুলির সংস্কারের ব্যবস্থা করুন।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বজবজ বিধানসভা কেন্দ্রের মধ্যে বজবজ এবং মহেশতলাতে দুটি থানা আছে কিন্তু সেখানে দিনের পর দিন জনসংখ্যা বাড়লেও পুলিশ এবং অফিসারদের সংখ্যা বাড়ানো হচ্ছে না, তা অত্যন্ত কম। আমার দাবি, অবিলম্বে এই দুটি থানার মধ্যে আরও একটি নতুন থানা করা হোক। এমনিতে তো সন্ত্রাস আরম্ভ হয়েছে তার উপর সমাজবিরোধীরা যখন কোনও অপরাধ করে দেখা যায় পুলিশ আসতে আসতে দু'ঘন্টা পার হয়ে যায় ফলে হয়ত খুন হয়ে যায়, না হলে ঘর জ্বালিয়ে দেওয়া হয়। স্যার, এই প্রসঙ্গে আপনাকে জানাই যে, মহেশতলা থানা থেকে চটা এবং আসুতি এক ও দুই -এর দূরত্ব অনেক বেশি। সেখানে যেতেই দু'ঘন্টা সময় লেগে যায়। পুলিশ যেতে যেতে অনেক অপরাধ সংগঠিত হয়ে যায়। কাজেই আমার দাবি, সেখানে অবিলম্বে আর একটি নতুন থানা তৈরি করা হোক। তা ছাড়া মহিষাগেটে যে ব্রিজের শিলান্যাস হয়েছে তার কাজ অবিলম্বে শুরু করা হোক।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় ত্রাণ মন্ত্রীর দৃষ্টির আকর্ষণ করছি। বন্যাপ্রবণ আলিপুরদুয়ার কুচবিহারে বন্যায় ত্রাণের জন্য দরকার ত্রাণ শিবির এবং পর্যাপ্ত পরিমাণে ত্রাণসামগ্রী। ১৯৯৩ সালে বন্যায় দেখা গেছে যে ত্রাণভান্ডার দূরত্বে থাকায় সেখানকার মানুষেরা ৫ দিন পরে ত্রাণের সরকারি সাহায্য গেছে। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের দপ্তরে গিয়ে আলোচনা করেছিলাম। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের কাছে আমার সুনির্দিষ্ট আবেদন যে, শিলিগুড়ি এবং মালদার অনুরূপ একটা ত্রাণ ভান্ডার যেন আলিপুরদুয়ারে গড়ে তোলা হয় এবং উদ্ধার করার জন্য আধুনিক সাজ-সরঞ্জামের ব্যবস্থা করা হয়। এখানে মন্ত্রী মহাশয় আছেন, তিনি যদি এই বিষয়ে কিছু বলেন।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য উত্তরবঙ্গের যে কথা বললেন, আমি তাকে একথা বলতে চাই যে আমাদের ত্রাণ দপ্তরের দুটি গুদাম আছে।

একটা হচ্ছে শিলিগুড়িতে, আর একটা হচ্ছে মালদায়। এই দুটি গুদামে আমাদের রিলিফের জিনিস পত্র রয়েছে। উনি আমাকে একটা প্রস্তাব দিয়েছেন। আমি কথা দিচ্ছি যে এই দুটি জায়গা থেকে ত্রাণ সামগ্রী পৌঁছাতে যদি অসুবিধা হয় তাহলে নিশ্চয়ই সেটা পরীক্ষা করে ঐ এলাকায় ব্যবস্থা নেব।

**শ্রী আব্দুল সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিয়াগঞ্জে আই.সি.জি.সি. প্রোজেক্ট ইনটেগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট স্কীম ১৯৮৬ সাল থেকে চালু আছে। ব্লকের জনসংখ্যা ২ লক্ষ ৬০ হাজার। আমাদের ওখানে ২৬০টি আই.সি.ডি.এস. কেন্দ্র চালু হওয়ার কথা। কিন্তু সেখানে এখন পর্যন্ত ২১২টি সেন্টার আছে। এখনও ৪৮টি সেন্টার দরকার। এই সেন্টারের অভাবে শিশুরা মার খাচ্ছে। আমি সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে আমাদের কালিয়াগঞ্জে যে ৪৮টা সেন্টারের অভাব আছে সেটা চালু করা হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি বিশ্বভারতীর মিউজিক বোর্ডের এক নির্দেশে রবীন্দ্র সংগীতের শিল্পীদের উপরে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। সেই নির্দেশে বলা আছে যে আকাশবাণীর বি-হাই-এর শিল্পী ছাড়া আর কোনও শিল্পী রবীন্দ্র সঙ্গীতের অনুষ্ঠান বা ক্যাসেট করতে পারবেন না। এর ফলে পীযুষ সরকার, ইন্দ্রনীল সেন, পল্লব কীর্তনীয়া প্রমুখ শিল্পীরা রবীন্দ্র সঙ্গীতের অনুষ্ঠান বা ক্যাসেট করতে পারবেন না। ইতিপূর্বেও আমরা দেখেছি যে শ্রদ্ধেয় দেবব্রত বিশ্বাস, যিনি রবীন্দ্র সঙ্গীতের একজন প্রবাদ পুরুষ, তার কন্ঠ রোধ করার চেষ্টা হয়েছিল। কাজেই আজকে রবীন্দ্র সঙ্গীতের ক্ষেত্রে যদি একইরকম একটা অবস্থার সৃষ্টি হয় তাহলে কেউ রবীন্দ্র সঙ্গীতের অনুষ্ঠান করতে পারবেন না বা ক্যাসেট করতে পারবেন না। পাশাপাশি এই ধরনের নির্দেশনামায় একটা বিতর্কের সৃষ্টি হয়েছে। এটা ঠিক যে রবীন্দ্র সঙ্গীতের বাজার করতে দেওয়া ঠিক হবে না। কাজেই তথ্য এবং সংস্কৃতি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আপনি বিষয়টা আলোচনা করুন। রবীন্দ্র সঙ্গীতকে জনমুখি করার যে প্রচেষ্টা সেটা যেন ব্যাহত না হয় সেটা দেখার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দিল্লির সরকার যে পেট্রোল, ডিজেল এবং গ্যাসের দাম বৃদ্ধি করেছেন, সেই বিষয়ে আমাদের বিরোধী দলের নেতা বলেছেন এবং দাম বৃদ্ধির ফলে সাধারণ মানুষের যে অসুবিধা হবে সেই ব্যাপারে গভীর উদ্বেগের প্রকাশ করেছেন। এখানে বিভিন্ন সদস্যারাও এই বিষয়ে তাদের বক্তব্য রেখেছেন। আমি আশা করেছিলাম যে সরকারি দলের চীফ হুইপ রবীন মন্ডল এবং মাননীয় সদস্য রবীন দেব এখানে এই বিষয়ে কিছু বলবেন, কিন্তু তারা কিছু বললেন না। আমরা আগে

দেখেছি যে দিল্লির কংগ্রেস সরকার কিছু করলেই তারা এই বিধানসভায় দাঁড়িয়ে তোলপাড় করতেন। দিল্লির সেই মন্ত্রীর কোর্ট মার্শাল হোক, এসব কথা বলতেন। কিন্তু আজকে তারা এই ব্যাপারে একেবারে চুপচাপ। তারা কি সুবিধাবাদী রাজনীতি করছেন? কংগ্রেসের সময়ে দাম বাড়ালে যদি মানুষের উপরে আঘাত আসে, তাহলে আজকে এই দাম বৃদ্ধির ফলে কি সেই আঘাত আসবে না? আজকে কেন তারা প্রতিবাদ করবেন না? আজকে তারা এই সরকারের অংশীদার বলেই কি এটা তারা মেনে নিলেন?

[12-40—12-50 P.M.]

আমি আশা করেছিলাম, যে রবীন দেব এবং রবীন মন্ডল আগে কংগ্রেস এ-ধরনের কিছু করলেই চেঁচাতেন। তাঁরা জনদরদী হলে এই মূল্য বৃদ্ধির সম্পর্কে এখনকার কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলতেন। তাই আমি আশা করব, তাঁরা কিছু বলবেন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষের মাননীয় চিফ হুইপ শ্রী আব্দুল মান্নান এইমাত্র যে বিষয় সম্পর্কে বললেন সেটা হল কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পেট্রোল ডিজেলের মূল্যবৃদ্ধি সম্পর্কিত। এই মূল্যবৃদ্ধির বিরুদ্ধে আমাদের মাননীয় বিরোধী দলনেতা অতীশ সিংহ মহাশয় বক্তব্য রেখেছেন। কিন্তু আপনারা এখানে প্রমাণ করে দিলেন যে, আপনাদের মধ্যে বিরোধ রয়েছে, কারণ আপনি বলেছেন, আবার অতীশবাবুও বলেছেন। আজকে যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন তার বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানিয়েছি এবং সিদ্ধান্তটা পুনর্বিবেচনার জন্য আবেদন করেছি। তবে যে পরিস্থিতি তৈরি হয়েছে তাতেও স্বাভাবিক জীবনযাত্রা অব্যাহত রাখার সিদ্ধান্ত আমরা নিয়েছি। মাননীয় বিরোধী সদস্যরা বিধানসভা বয়কটের সিদ্ধান্ত প্রত্যাহার করেছেন এবং আর একজন যিনি আলিপুরে ধর্না দিচ্ছিলেন সেটা প্রত্যাহার করেছেন। আগামী ৫ তারিখে পশ্চিমবঙ্গকে সচল রাখবার জন্য বন্‌ধ-এর সিদ্ধান্ত প্রত্যাহার করুন এটাই আমার দাবি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হীরাপুর বিধানসভা কেন্দ্রে প্রতি বছর কয়েক হাজার ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক পাশ করে, কিন্তু ঐ কেন্দ্রে কোনও কলেজ নেই। তারফলে ১৫-১৬ কিলোমিটার দূরে আসানসোল বা কুলটিতে গিয়ে তাদের পড়াশুনা করতে হয়। তারজন্য অবিলম্বে হীরাপুরে একটি কলেজ স্থাপন করা হোক।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্ত এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ সংলগ্ন জাতীয় সড়ক ভাকুড়ি থেকে কৃষ্ণনগর ভায়া হরিহরপাড়া, নওদা, তেহট্ট এবং চাপড়া, ঐ অংশে রাস্তাটা খুবই সংক্ষিপ্ত। ঐ রাস্তায় রাধানগরঘাটে ভৈরব নদীর উপর একটি সেতু দরকার। সেতুটি হলে কৃষ্ণনগর থেকে বহরমপুরের দূরত্ব কমবে এবং উত্তরবঙ্গ থেকে কলকাতায় আসারও সুবিধা হবে, যানবাহনের চাপও কমবে। অন্যদিক থেকে নদীয়া জেলার উত্তর-পূর্বাঞ্চল থেকে বহরমপুর

যাতায়াত করার ক্ষেত্রে রাস্তাঘাট সম্প্রসারিত না করার জন্য যোগাযোগ ব্যাহত হচ্ছে। এ-ব্যাপারে আমি মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিংহ ঃ** সরকারী পক্ষ এবং আমাদের পক্ষ, উভয় পক্ষ থেকে পেট্রোলের এই অস্বাভাবিক মূল্যবৃদ্ধি করা হয়েছে তার প্রতিবাদ করা হয়েছে। কিন্তু স্যার, আমাদের যে মূল দাবিটা ছিল—আজকে বিধানসভাতে সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে এই মূল্যবৃদ্ধির প্রতিবাদ জানানো হোক যাতে তাঁরা সেটা প্রত্যাহার করেন। সে বিষয়ে কিন্তু কোনও ডিবেট সরকার পক্ষ বা আপনার তরফ থেকে করা হল না। এটা দুর্ভাগ্যজনক। আমি আশা করেছিলাম, এ-ধরনের একটা সিদ্ধান্ত এখানে নেওয়া হবে, কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, আগে কংগ্রেস সরকার এরকম একটা কিছু যখন করেছেন তখনই বামফ্রন্টের বন্ধুরা সোচ্চার হয়েছেন, কিন্তু আজকে কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার সেই কাজ করবার পরও কিছু বলছেন না। আজকে রাজনীতির কথা বাদ দিলেও এর বিরুদ্ধে প্রতিবাদ পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁছে দেওয়া জরুরি। সেই জন্য একটা নির্দিষ্ট প্রস্তাব আপনার তরফ থেকে, সরকারের তরফ থেকে আসুক যে কবে এই ধরনের সিদ্ধান্ত গ্রহণ করবেন যেটা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে পারি। স্যার, আপনি এই ব্যাপারে রুলিং দিন, এই দাবি আমরা জানাচ্ছি। তা না হলে আমরা সভা কক্ষ ত্যাগ করব।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই ব্যাপারে আলোচনা করে পরে জানাব।

(গোলমাল)

(এই সময় কংগ্রেস দলের সকল সদস্য সভাকক্ষ ত্যাগ করেন।)

**শ্রীমতী শকুন্তলা পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। লক্ষ্মীকান্তপুর থেকে জুমাই—নস্কর পর্যন্ত যে বাসরুট আছে সেই বাসরুট যান-বাহন চলার অযোগ্য হয়ে গেছে। কারণ পোলের হাট থেকে ঢোলা যে ১০ কি.মি. রাস্তা আছে তার মধ্যে আড়াই কি.মি. রাস্তা অর্থাৎ সিদ্ধিবেড়িয়া থেকে পাথর রোড পর্যন্ত যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। আবার ঢোলা থেকে সিমুল রোড এই ৩ কি.মি. রাস্তার হাল একই, যানবাহন চলাচলের অযোগ্য হয়ে গেছে। এই ব্যাপারে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে তাড়াতাড়ি এই রাস্তাগুলি মেরামত করা হয়।

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ সভাকক্ষে প্রবেশ করেন।)

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র ইংলিশ বাজারে মালদা জেলার সদর হাসপাতালে অবস্থিত। এই হাসপাতালের দূরবস্থার কথা আপনার মাধ্যমে তুলে ধরার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাসপাতালের এক্স-রে মেশিন খারাপ,

কোনও রেডিওলজিস্ট নেই, ঔষধ নেই, বাউন্ডারি ওয়াল নেই। হাসপাতালের মধ্যে শুয়োর ঘোরাফেরা করছে যে শুয়োরের মাধ্যমে এনকেফেলাইটিস রোগ ছড়িয়ে পড়ে। এই হাসপাতালে রোগীদের জন্য যত বেড আছে তার তিন ডবল রোগী ভর্তি আছে। বাউন্ডারি ওয়াল না থাকার ফলে গরু থেকে আরম্ভ করে মহিষ কুকুর সমস্ত ওয়ার্ডে ওয়ার্ডে ঘুরে বেড়াচ্ছে। স্যার, গতকালের একটি ঘটনার কথা বলি। সেই হাসপাতালে একটা মুমুর্যু রোগী ভর্তি হয়েছে, তাকে অক্সিজেন দেওয়া হচ্ছে, একটা কুকুর সেই নল ছিঁড়ে ফেলে দিয়েছে। আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি অবিলম্বে এই হাসপাতালে ঔষধ সরবরাহ করা হোক এবং সুষ্ঠু ভাবে হাসপাতাল চালানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী বিমল মিস্ত্রি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে নতুন মহকুমা গুলি করা হল এই মহকুমাগুলির প্রশাসনিক কাজকর্ম চালানোর জন্য অর্থ বরাদ্দ করা দরকার। মহকুমা করবার উদ্দেশ্য হল লোককে সুবিধা দেওয়ার জন্য এবং প্রশাসনিক কাজকর্ম যাতে ভাল ভাবে চলতে পারে তারজন্য। সেইজন্য মহকুমার জন্য তাড়াতাড়ি অর্থ বরাদ্দ করার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50—1-00 P.M.]

আর বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্র ক্যানিং, সেটি এখন মহকুমা শহর। সেখানে মহকুমা শাসক বসছেন ঠিকই, কিন্তু তাঁর কাজ করার জন্য যে অর্থ বরাদ্দ করা দরকার তা বরাদ্দ করার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দৌলত আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আপনি নিশ্চয়ই শুনেছেন যে, ডায়মন্ডহারবারে রায়চক বলে একটা জায়গা আছে। সেখানে ১৯৭৩ সালে পশ্চিমবাংলায় প্রথম মৎস্য কেন্দ্র স্থাপন করা হয়। তারপরে আমরা দেখলাম যে, আমাদের মৎস্যমন্ত্রী তাঁর এই রায়চক জায়গাটি পছন্দ না বলে—একটা ষড়যন্ত্র হচ্ছে—তিনি সেটিকে সরিয়ে নিয়ে শংকরপুরে নিয়ে চলে গেলেন। ১৫১ বিঘা জমি নিয়ে ১৯৭৩ সালে এই মৎস্য বন্দরটি তৈরি হয়েছিল। সেখানে আইস প্লান্ট থেকে শুরু করে ফিশ প্রসেসিং সেন্টার তৈরি হয়েছিল এবং সমস্ত মেশিনগুলি চালু হয়েছিল। ট্রলার দিয়ে সমুদ্র থেকে মাছ ধরাও শুরু হয়ে গিয়েছিল। ট্রলারে করে মাছ ধরার জন্য দু' লক্ষ করে টাকা খরচ পড়ত এবং সেই মাছ আট লক্ষ টাকায় বিক্রি হত। আমি জানি না, কেন সেই মৎস্য বন্দরটি উপেক্ষিত। জ্যোতিবাবুকে দিয়ে এটির উদ্বোধন করা হয়েছিল।

**শ্রী নিকুঞ্জ পাইক ঃ** (অনুপস্থিত ছিলেন।)

**শ্রী আনন্দকুমার বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বিষ্ণুপুর বিধানসভা এলাকায় ৫টি উপস্বাস্থ্য কেন্দ্র এবং একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কোনও ওষুধ

পাওয়া যায় না এবং ডাক্তাররা একেবারেই অনিয়মিত এবং স্বাস্থ্যকর্মীরা আসে না বললেই চলে। ফলে সংশ্লিষ্ট এলাকার মানুষকে চরম দুর্ভোগের মধ্যে পড়তে হয়, বিশেষ করে চন্ডী দৌলতাবাদে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে এবং সেখানে অন্য যে ৫টি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে, সেখানে কখনও কখনও প্রসূতি যখন ভর্তি হয়, আমরা দেখেছি, সেই প্রসূতিদের সঙ্গে কুকুর বিড়াল থাকে। এই রকম একটা অবস্থা সেখানে চলছে। অবিলম্বে যাতে এই অবস্থার প্রতিকার হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আগামী ৫ই জুলাই বাংলা বন্ধ। জ্যোতি বাবু কালকে বলেছেন যে বন্‌ধ হচ্ছে আউটকাম অফ ফ্রাকশন্যাল রাইভ্যালরি। আমি মুখ্যমন্ত্রীর এই মতামতের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এটা আমাদের ফ্রাকশন্যাল রাইভ্যালরি নয়। পশ্চিমবাংলায় সন্ত্রাস হচ্ছে। বিমানবাবু এবং জ্যোতিবাবুর মধ্যে নির্বাচনোত্তর সংঘর্ষে মৃত্যুর যে তালিকা, তা নিয়ে ডিফারেন্স আছে। সরকার বিধানসভায় সত্য গোপন করছে, মৃত্যুর সঠিক সংখ্যার কথা বলছে না। আজকে পশ্চিমবাংলায় দুর্নীতি গগনচুম্বী। আগামী ৫ই জুলাই বাংলা বন্‌ধ হবে। সরকারকে নতি স্বীকার করতে হচ্ছে, নতি স্বীকার করতে হবে। ১৪ দিন ধরে অবস্থান ধর্নার পরে তা প্রত্যাহার করে নেওয়া হয়েছে। বুদ্ধদেববাবু গোঁয়ারতুমি করে এই আন্দোলনকে বাড়াতে দিলেন। আমরা প্রথম দিনই বলেছিলাম, একজন প্রতিনিধি পাঠালে ওটা প্রত্যাহার করে নেওয়া যেত। আমি বলি, বেটার লেট দ্যান নেভার। তাঁর শুভ বুদ্ধির উদয় হয়েছে। কংগ্রেস ঐক্যবদ্ধ। সিপিএম এর বিরুদ্ধে লড়াইতে কংগ্রেস ঐক্যবদ্ধ। উই আর ইউনাইটেড।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি আগেই বিধানসভায় ইনফরমেশন হিসাবে দিয়েছি এবং একবার মেনশন হিসাবে উল্লেখও হয়েছে। বিষয়টি হল—গত ২৭ তারিখে যুব কংগ্রেস নেত্রী যা খুশি কর্মসূচির জন্য সাধারণ বি.এ. এবং বি.এড্ পরীক্ষার্থীরা হ্যাকল্ড হয়েছে। আজকে তাদের ভবিষ্যত অন্ধকারে, তারা পরীক্ষা দিতে পারে নি। আজকে যুব কংগ্রেস নেত্রী কান্ডজ্ঞানহীন কর্মসূচির জন্যে সাধারণ ছাত্রছাত্রীরা ভুগছেন, তাদের ভবিষ্যতে আজকে অন্ধকার হয়ে পড়েছে। আমি এই ব্যাপারে উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি তিনি যেন একটা বিবৃতি দেন যে আজকে যাদের ভবিষাত অন্ধকার তাদের ক্ষেত্রে তিনি কি ব্যবস্থা নিতে পারবেন। ওরা কান্ডজ্ঞানহীন কাজ করলেও বামফ্রন্ট সরকার তো আর কান্ডজ্ঞানহীন নয়, সুতরাং ওইসব ছাত্র-ছাত্রীদের বাঁচাতে কি ব্যবস্থা নেবেন তারজন্য তিনি বিবৃতি এখানে দিন।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা চাই না যে, কোনও ছাত্র-ছাত্রী যারা সারা বছর ধরে পরীক্ষার জন্য প্রস্তুত হচ্ছে তাদের সেখানে কোনও বিঘ্ন ঘটে এবং সেক্ষেত্রে তাদের স্বার্থ দেখা উচিত। আমি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যোগাযোগ করে সমস্যাটা সমাধানের জন্য উদ্যোগ নেব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় স্পিকার স্যার, এই হাউসে আগেও রবীন দেব বলেছে

যে বাংলা বন্‌ধ প্রত্যাহার করা উচিত, এখনও বলছেন। আমি তাকে হাউসে জানাচ্ছি যে, শত্রুর মুখে ছাই দিয়ে বাংলা বন্‌ধ সফল হবে। কিন্তু আমরা যেটা আশ্চর্য হয়ে গেছি সেটা হচ্ছে যে, বাংলা বন্‌ধকে ভাঙ্গবার জন্যে ৮২ বছরের বৃদ্ধ মুখ্যমন্ত্রীকে মাঠে নামতে হয়েছে। নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে মিটিং করেছেন। যেখানে বিমান বসুর সঙ্গে তার যে মতভেদ সেটা কত খুন হয়েছে তার সংখ্যা বলতে গিয়ে প্রকাশিত হয়ে গেছে। [**] তারপরে আবার বাংলা বন্‌ধের জন্যে সি.পি.এম ক্যাডার রাস্তায় নামবেন বলেছেন। ওই সিপিএম ক্যাডার রাস্তায় থাকবে কি গন্ডগোল করবার জন্যে? আমি বলছি আপনারা ওইসব প্ররোচনায় যাবেন না, ওখান থেকে আপনারা বিরত থাকুন। মমতার ব্যাপারে আপনাদের মাথা নোয়াতে হয়েছে, ওয়াকফের ব্যাপারে মাথা নোয়াতে হয়েছে, সুতরাং বাংলা বন্‌ধের দিনে যদি গন্ডোগোল করেন তাহলে রক্ত গঙ্গা বইয়ে দেব এবং তার দায়িত্বে আপনি থাকবেন। আমরা শান্তিপূর্ণভাবে বাংলা বন্‌ধ করব, সিপিএম ক্যাডার নামাবেন না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** শৈলেন দাশগুপ্তের নামটা বাদ যাবে।

**শ্রী নটবর বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গভীর রাতে সব কিছু ঘটে। গভীর রাতে জরুরি অবস্থা জারি করা হয়েছিল। আবার ওঁদেরই নেত্রী [**] আন্দোলন করলেন আর একবার ডাকলেই খাব এই মনোভাব নিয়ে উনি বললেন যে, অফিসার গেলেই আন্দোলন তুলে নেবেন। সুতরাং ওদের কাজের কিছু ঠিক নেই। যাইহোক আমার বিষয় হচ্ছে আমার নির্বাচনী এলাকায়...

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মমতা বন্দ্যোপাধ্যায় নামটা বাদ যাবে।

(Noise and interruption)

I appeal to the members not to behave in such a manner. The Hon'ble members should behave properly. Why you are shouting in such a manner. I am trying to accommodate everybody to make his submission. Please sit down.

[1-00—1-10 P.M.]

**শ্রী নটবর বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কারুর নাম উল্লেখ করিনি। সৌগত বাবু একবার মন্ত্রী হয়েছিলেন বলে উনি ভেবেছেন, উনি বিরাট পার্লামেন্টেরিয়ান। আমিও ৪ বার নির্বাচিত হয়েছি, আমিও নিয়ম কানুন জানি, এখানে নাম বলতে নেই। আমি যা বলতে চাইছিলাম সেটা হচ্ছে, আমাদের দেশে যা কিছু দুষ্কর্ম ঘটেছে সেগুলি গভীর রাত্রেই

Note : **Expunged as ordered by the chair.

ঘটেছে। আমাদের দেশে জরুরি অবস্থা জারি করেছিল কংগ্রেস, সেটাও গভীর রাত্রে করেছিল, আমরা তার বিরোধিতা করেছিলাম। গতকালকে জিনিসপত্রের যে দাম বেড়েছে—যদিও আমরা ওদেরকে সমর্থন করি—সংসদকে এড়িয়ে এইভাবে সংসদকে এড়ানোর তীব্র প্রতিবাদ করছি, এতে সংসদীয় প্রতিনিধিদের ক্ষমতাকে খর্ব করা হয়েছে, এটা একটা প্রতিবাদ করা দরকার, তাই আমি এটা দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিল্প পুনর্গঠন এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কৃষ্ণনগর নবদ্বীপ রোড এস.টি.এম.(২) তে কারখানাটি অবস্থিত, সেই কারখানা বিগত ৪ বছর ধরে বন্ধ থাকার ফলে সেখানে ৭ জন শ্রমিক কর্মচারী মারা যান, কিন্তু এই সরকারের পক্ষ থেকে সেই কারখানা খোলার জন্য এবং শ্রমমন্ত্রী ও শিল্পপুনর্গঠন মন্ত্রী কোনও প্রচেষ্টা করছেন না। এই কারখানার মালিক কলকাতা থেকে কৃষ্ণনগর রাতের অন্ধকারে গিয়ে এস.টি.এম.(২) কারখানা খুলে তার যন্ত্রাংশগুলি পুলিশের সহায়তায় তুলে নিয়ে এসেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যেখানে পশ্চিমবাংলায় শিল্পায়নের কথা বলা হচ্ছে, নতুন নতুন শিল্প হবে, বেকারত্ব দূর হবে, অথচ সেখানে কৃষ্ণনগর ইঞ্জিনিয়ারিং শিল্পের কারখানায় যে জিনিস উৎপাদিত হত ভারতবর্ষের বাইরে রপ্তানি হত এবং বৈদেশিক মুদ্রা উপার্জন হত, সেই কারখানা সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে মালিকের স্বেচ্ছাচারিতার ফলে। সেখানে সিটুর একজন কর্মচারী দুখিরাম প্রামাণিক মারা গিয়েছে, আমি এই ব্যাপারটি দেখার জন্য আপনার হস্তক্ষেপ এর দাবি করছি।

**শ্রী নিকুঞ্জ পাইক :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার কাছে এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন করছি, আমার এলাকার মন্দির বাজার বিধানসভা কেন্দ্রে বিদ্যুৎ প্রতিটি মৌজায় যায়নি। এর জন্য আমি আবেদন জানাচ্ছি, এলাকার উন্নয়নের স্বার্থে প্রতিটি মৌজায় যাতে বিদ্যুৎ যায় তার জন্য আমি আবেদন রাখছি আমার এলাকার পক্ষ থেকে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মেনশনের বিষয়ে যাওয়ার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা লক্ষ্য করছি কোন কোন মাননীয় সদস্য বা সদস্যা মেনশন করার আগে সংশ্লিষ্ট মন্ত্রীর সাথে আলোচনা করে তাকে সভায় রেখে তাৎক্ষণিক উত্তর রেখে তারা এই সভাকে বিব্রত করার চেষ্টা করছেন। এবং তার মিথ্যা প্রশ্নের উত্তর দিয়ে সভাকে মিথ্যাভাবে প্রভাবিত করার চেষ্টা করছে, এই প্রবণতাটাকে বন্ধ করা দরকার। কলকাতা কর্পোরেশনের তরফ থেকে আবার পানীয় জলের উপর কর বসানোর ব্যবস্থা করা হয়েছে। কলকাতা কর্পোরেশন কলকাতার মানুষের কাছ থেকে যে টাকা ট্যাক্স হিসাবে আদায় করেন তা দলের ক্যাডারদের পৃষ্ঠপোষকতা করতে খরচ হয়, কিন্তু কলকাতা কর্পোরেশন থেকে মানুষ কোনও পরিষেবা পাচ্ছেন না। আজকে পৌরসভার রাস্তাগুলোর অবস্থা খারাপ, রাস্তায় কোনও লাইট জ্বলেনা, একটু বৃষ্টি হলেই এক কোমর জল, পৌরস্বাস্থ্য ব্যবস্থা আজকে বন্ধ হয়ে গিয়েছে, পৌর বিদ্যালয় ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। তার উপর আজকে পানীয় জলের

মতো একটা জিনিস যেটা ন্যূনতম প্রয়োজন তার উপর আবার ট্যাক্স চাপানো হচ্ছে, কলকাতার নাগরিকদের উপর আবার ট্যাক্স চাপানো হচ্ছে।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্র পুরুলিয়া জেলায় দারুল-ওলুম-খওসিয়া বলে একটি মাদ্রাসা স্কুল আছে। এই স্কুলটি ১৯৭৭ সাল থেকে চলে আসছে এবং সেখানে ১২০০ ছাত্র আছে। সেই মাদ্রাসা স্কুলটি ১৯৮৬ সালে ইন্সপেকশান হয়ে গেছে, সেখানে সমস্ত পরিকাঠামো বজায় আছে, তা সত্ত্বেও এখনও সেই স্কুলটি অনুমোদন পাইনি। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী তথা রাজ্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে এই মাদ্রাসা স্কুলটি অনুমোদনের প্রয়োজন। ঐ এলাকার সমস্ত মুসলিম সম্প্রদায়ের মানুষ তাদের শিক্ষার বিষয়ে সাহায্য পাবে।

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিষয়টি এর আগেও হাউসে আলোচিত হয়েছে, আমাদের বিরোধীদল নেতা অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় বলেছেন, আজকে রাজ্যের মানুষ অতি বিস্ময়ের সঙ্গে দেখলাম কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ওরা একটা কথাও বলল না। অন্য সময় হলে ওরা সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করার জন্য চিৎকার করতেন, কিন্তু তারা এখন পলায়মান। আমাদের পক্ষ থেকে আমরা দাবি করছি, এই হাউস থেকে একটা সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করে, কেন্দ্রীয় সরকারের কাছে এখনই রাজ্য সরকার গিয়ে আলোচনা করুন। রাতের অন্ধকারে যেমনভাবে দাম বাড়িয়ে দেওয়া হয়েছে আমরা তার প্রতিবাদ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার জেলার একটি জরুরি বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে বাঁকুড়া ক্রিশ্চান কলেজ অবস্থিত, যেটা গোটা রাজ্যের কলেজ এবং একটি পুরাতন কলেজ এবং এখানে অনেক ছাত্র অধ্যায়ন করেন। কিন্তু সমস্যা হচ্ছে পোস্ট গ্র্যাজুয়েট পড়ার সুযোগ সেখানে নেই। সেখানকার ছাত্রদের বর্ধমান বা মেদিনীপুর বিশ্ববিদ্যালয়ে পড়তে আসতে হয়। কিন্তু বর্তমানে মেদিনীপুরে যে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় আছে, সেখানে তারা ফর মেদিনীপুর এই রকম একটা নীতি নিয়ে চলছে। ফলে সেখানে অসুবিধা দেখা দিয়েছে। ফলে তারা উচ্চ শিক্ষা লাভে বঞ্চিত হচ্ছে, সুয়োগ পাচ্ছে না। এই ব্যাপারে আমি উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি বাঁকুড়া ক্রিশ্চান কলেজে পোস্ট গ্র্যাজুয়েট পড়ানোর ব্যবস্থা করা যায় তার চেষ্টা করুন।

[1-10—1-20 P.M.]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি উচ্চতর শিক্ষামন্ত্রীর কাছে এই প্রসঙ্গটি রাখতে চাই। আসানসোলের মানুষের দীর্ঘ দিনের দাবি একটি বি.এড কলেজের। আমার আগে যাঁরা এখানে এসেছেন তাঁরা কি বলেছেন আমি জানি না তবে দেওয়ালের লিখন আমরা দেখলাম। এখানে মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন আমি আশা করব আমার মতো একজন নবীন সদস্যকে মিনিমাম সম্মান জানাবার জন্য আমার এই

সামান্য প্রশ্নের উত্তর তিনি দেবেন।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী তথা জ্যোতি বসুর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। একটি গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি। আমাদের বাঁকুড়াতে বি.পি. আর রেল লাইনটি দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে গেছে। সেটি পুনরায় চালু করার জন্য এবং রেল সংক্রান্ত সমস্ত অসুবিধাগুলো দূর করার জন্য রাজ্য সরকারের কাছ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করার জন্য অনুরোধ রাখছি।

**শ্রী রামজনম মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি উলুবেড়িয়া উত্তর আমার নির্বাচনী কেন্দ্র। সেখানে, আপনারা জানেন, ঐ এলাকার বিভিন্ন কাঠের ব্রিজ ও স্লুইস গেট আছে। সেই কাঠের ব্রিজ ও স্লুইস গেটগুলি ভেঙে গেছে বৃষ্টি হওয়ার পর। সমস্ত জলনিকাশি রাস্তা বন্ধ হয়ে গেছে। তাই জনগণের যোগাযোগ বন্ধ হয়ে গেছে। জনগণ কষ্ট পাচ্ছে। তাই আমি বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি করছি ঐ এলাকায় অবিলম্বে কাঠের ব্রিজ ও স্লুইস গেট সারানো হোক।

**শ্রী কিরীটি বাগদী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমার বিধানসভা কেন্দ্র ইন্দপুরের কয়েকটি রাস্তা এবং বাস যোগাযোগের ব্যাপারে আমি পূর্তমন্ত্রী ও পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খাতরা সুপুর থেকে হীরাবান, মুশিয়ারা চাপাসোল, মুলিয়ান, জুনবেদা ফুলকুসুমা শালতিয়া কলেজ পর্যন্ত এবং ইন্দপুর বাংলা হইতে মুলিয়া পর্যন্ত রাস্তাটি অবিলম্বে মেরামত করা দরকার। বাস চলে না। বাস যোগাযোগের ব্যবস্থা করতে পারলে বহু মানুষ উপকৃত হবে। বাস যোগাযোগের ব্যবস্থা এবং রাস্তাটি অবিলম্বে মেরামত করার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## Zero Hour

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা হাউসে, এদের বন্ধু সরকারের, গ্যাস, পেট্রোল ও ডিজেলের দাম বৃদ্ধির কথা বলেছি। মাননীয় বিধায়ক শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় মহাশয় জলকরের কথা বলেছেন। মধ্যবিত্ত ও নিম্নবিত্তকে শেষ করার চক্রান্ত বামফ্রন্ট সরকার করেছেন। গোয়েঙ্কাদের লভ্যাংশ বৃদ্ধি করার জন্য সি.ই.এস.সি. বিদ্যুতের উপর পার ইউনিট ৪০ পয়সা সার-চার্জ বৃদ্ধি করার পরিকল্পনা করেছেন এবং প্রোবাবলি গভর্নমেন্ট হ্যাজ এগ্রিড। আমি আপনার মাধ্যমে, মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে প্রশ্ন রাখছি, আজকে যদি ৪০ পয়সা পার ইউনিট করে বিদ্যুতের দাম বৃদ্ধি পায় তাহলে এতে টাটা-বিড়লাদের ক্ষতি হবে না, কিন্তু মধ্যবিত্তদের উপর দারুণ চাপ বাড়বে। তাঁদের মাইনে বাড়ছে না, একই টাকায় সংসার চালাতে হয়। বিদ্যুতের দাম যাতে ৪০ পয়সা পার ইউনিট না বৃদ্ধি পায় তার জন্য আমি আপনার মাধ্যমে, পশ্চিমবঙ্গের স্বার্থে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী

মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ৬০ বছরে অবসর হওয়ার পর বহু শিক্ষক অবসর নিয়েছেন। অবসরের পর পশ্চিমবঙ্গের বহু প্রাইমারী স্কুল শিক্ষক শূণ্য হয়ে গেছে। নদীয়া জেলার এমন অবস্থা যে সেখানে প্রায় ৭০ টি স্কুল টীচার লেস হয়ে গেছে এবং নদীয়ায় ১৫১ টি ওয়ান টীচার স্কুল আছে। এই স্কুলগুলো কি করে চলবে সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কি চিন্তাভাবনা করেছেন? এগুলো কি করে চলবে সেটা নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন। এছাড়া কলকাতার বুকে ৩টি স্কুল আছে যেখানে কোনও ছাত্র-ছাত্রী নেই। শুধু শিক্ষকরা মাইনে নিচ্ছেন। এই স্কুলগুলোর নাম বলছি ঃ—

নাম ঃ—ব্রজমোহন ইউ.পি.স্কুল, ঠিকানা-গোপাল ডাক্তার রোড, কলি—২৩, প্রধান শিক্ষক-শ্রী নির্মল সিংহ রায়, কোনও ছাত্র-ছাত্রী নেই। ৩ জন শিক্ষক কাজ করছেন।

(২) নাম—কবিতীর্থ বিদ্যালয় (দিবা), ঠিকানা-২৬/১, জয়কৃষ্ণ পাল রোড, কলি-২৩, প্রধান শিক্ষিকা-শ্রীমতী কুমকুম মুখার্জি, ৩ জন শিক্ষিকা, ১৪ জন ছাত্র-ছাত্রী(খাতাকলমে)।

(৩) নেতাজী প্রাথমিক বিদ্যালয়, ঠিকানা-দুর্গাপুর কলোনি, নিউআলিপুর, কলি-৫৩, প্রধান শিক্ষিকা-শ্রীমতী জ্যোৎস্না সাহা, একজন শিক্ষিকা, দীর্ঘ প্রায় ৪ বছর স্কুল চালাচ্ছেন।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার ডিজেল, পেট্রোল এবং রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধি করেছেন। এর ফলে জনজীবনে তীব্র আঘাত নেমে আসবে। বিশেষ করে ডিজেলের দাম বৃদ্ধির ফলে কৃষির উপর চরম আঘাত আসবে। এছাড়া বাসের ভাড়ার বৃদ্ধি হবে। এর ফলে জিনিসপত্রের মূল্য বৃদ্ধি হবে। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে মাধ্যমিক শিক্ষাপর্ষদ প্রকাশিত বই, পাঠ্যপুস্তক নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে তাতে ছাত্র-ছাত্রী, অভিভাবক সকলে নাকাল হচ্ছেন। এপ্রিলে নতুন শিক্ষাবর্ষ শুরু হয়েছে। কিন্তু ছাত্র-ছাত্রীরা মধ্যশিক্ষা পর্ষদের প্রকাশিত বই পাচ্ছে না। এই বইগুলো মানে বই সহ কলেজ স্ট্রিট পাড়ায় বিক্রি হচ্ছে। বইগুলো ১৮ টাকা থেকে ৫৫ টাকায় প্রত্যেকটা বিক্রি হচ্ছে। আমি এবিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি মধ্যশিক্ষা পর্ষদের প্রকাশনা বিভাগের সঙ্গে কালোবাজারিদের অসাধু ব্যবসা, অশুভ আঁতাত আছে।

[1-20—1-30 P.M.]

আমি সরকারের কাছে দাবি করছি—পাঠ্যপুস্তক বিতরণ নিয়ে যে ত্রুটি এবং কালোবাজারি ব্যবসা তার তদন্ত করুন এবং অবিলম্বে দোষীদের চিহ্নিত করে শাস্তি দেওয়ার ব্যবস্থা করুন। পাঠ্য পুস্তক নিয়ে পশ্চিমবঙ্গের মানুষ খুব উদ্বিগ্ন, তাদের উদ্বেগ দূর করুন।

**শ্রী বংশীবদন মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি। আগামী ৫-ই জুলাই কংগ্রেস আই বন্ধ ডেকেছে। ঐ দিন ১১ ক্লাশে ভর্তির লাস্ট ডেট। বিশ্ব-বিদ্যালয় এবং অনেক জায়গায় পরীক্ষা আছে। কংগ্রেস(আই) বলছে, সন্ত্রাসের বিরুদ্ধে বন্ধ ডেকেছে, অথচ অনেক জ্যান্ত মানুষকে তারা মৃত বলে ঘোষণা করেছেন। এটা তাদের গোষ্ঠী দ্বন্দ্ব, কোন দল বড়, সেই দ্বন্দ্ব, এটা সাধারণ মানুষের উপর চাপিয়ে দিতে চাইছে। এই বন্ধ উদ্দেশ্যমূলক এবং সন্ত্রাসের বিরুদ্ধে নয়। আমরা জানি, কংগ্রেস(আই) দল ৫-ই জুলাই দিনটিকে গুন্ডামির দিন হিসাবে ঠিক করেছেন। ১৯৮৩ সালের ৬-এপ্রিল কংগ্রেস(আই) দল যে বন্ধ ডেকেছিল, সেদিন ককটেল বোমা এই কলকাতায় বর্ষণ করেছিল এবং তা বহু নর-নারী, শিশু, মহিলাকে হত্যা করেছিল। সেইজন্য আমি মাননীয় স্বরাষ্ট্র এবং শিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ করছি, কংগ্রেস(আই) উদ্দেশ্যমূলকভাবে যে বন্ধ ডেকেছেন, তা সম্পূর্ণ ভাবে ব্যর্থ করবেন। স্বরাষ্ট্র দপ্তরকে এই ব্যাপারে ব্যবস্থা নিতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত আমাদের রাজ্যের বিদ্যুৎ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত চন্ডীতলা ২নং পঞ্চায়েত সমিতির ডানকুনি মৌজায় বিদ্যুৎ নেই। ৯৩-৯৪ সালে বিদ্যুৎ দপ্তর থেকে ইন্সপেকশন অনুমোদন হয়ে গেছে, ওয়ার্ক অর্ডার হয়ে গেছে। কিন্তু সেখানে খড়িয়াল, চাকুন্দি, ডানকুনি পুরো বিদ্যুৎ নেই। এই ব্যাপারে দৃষ্টি দেবেন।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। আমার বিধানসভা কেন্দ্র হাঁসখালি এলাকায় চলাচলের প্রায় সমস্ত পাকা রাস্তাগুলো নষ্ট হয়ে গেছে। সামনে বর্ষা। রাস্তাগুলো অবিলম্বে মেরামত করা প্রয়োজন। বিননগর-আরামঘাটা, বোগলা-নোনাগঞ্জ, খামার শিমুলিয়া থেকে কুলগাছি ভায়া চিত্রশালী, এই পরিত্যক্ত রাস্তা সংস্কার না করলে যানবাহন চলাচলের যেমন অসুবিধা হচ্ছে, তেমনি সাধারণ মানুষেরও যাতায়াতের অসুবিধা হচ্ছে। এছাড়া হাঁসখালি ব্রিজের অ্যাপ্রোচ রোড ভেঙে পড়েছে, যে কোনও সময় যাত্রীবাহী বাস পড়ে যেতে পারে। এই ব্যাপারে মাননীয় পূর্ত মন্ত্রীর যথাসম্ভব শীঘ্র ব্যবস্থা নেবেন, এই অনুরোধ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, এতক্ষণ ধরে বক্তৃতা শুনলাম। কংগ্রেসিরা কুম্ভিরাশ্রু বর্ষণ করছেন। আমার নির্দিষ্ট প্রস্তাব হচ্ছে যে কেন্দ্রীয় সরকার গত রাতে যে অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে পেট্রোল, ডিজেলের দাম বাড়িয়েছেন, এটা প্রত্যাহার করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী অবিলম্বে, আজকেই প্রধানমন্ত্রীর কাছে ফ্যাক্স বার্তা পাঠান, যাতে এটা স্থগিত থাকে এবং আলোচনা হয়। এটা পার্লামেন্টে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া দরকার। অতীতেও আমরা বিরোধিতা করেছি, অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে যাতে কোনওক্রমেই জিনিসপত্রের দাম না বাড়ে।

স্যার, পেট্রোল, ডিজেলের এই দাম যদি বহাল থাকে তাহলে সর্বনাশ হয়ে যাবে এবং

কৃষিজীবী প্রধানমন্ত্রী তাঁর প্রতিশ্রুতি রক্ষা করতে পারবেন না। সেইজন্য তাঁকে স্মরণ করিয়ে দেওয়া দরকার যে অবিলম্বে পেট্রোল-ডিজেলের দাম কমানোর ব্যবস্থা করুন না হলে রাজ্যবাসী আন্দোলনে নামবে।

**Shri Md. Abdul Karim Chowdhury :** Mr. Deputy Speaker Sir, I like to draw the kind attention of the Relief Minister. Sir, in this last devastative cyclonic storm there are so many families affected badly and this Government has sent the financial assistance for these families, who were affected by the storm. But in the 500 office we have seen on the identification of the CPM pradhan. Money were given to the fake persons and not to the definite affected people. In this case, Islampur and Goalpukur and the people of the affected villages are deprived from getting the Government's Relief. In this way, the people have gharaoed BDO office because of this injustice are being done by the CPM pradhan and the staff of the Block. That is why, I want intervention in this matter so that the BDO office can be checked from doing such behaviour to the general people of that areas. Thank you, Sir.

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** স্যার, বর্তমানে বর্ষা এসে গেছে নদীয়া জেলায় ম্যালেরিয়া এবং এনকেফ্লাইটিসের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ওখানকার জেলা হাসপাতালে ৩৩জন রোগী ভর্তি হয়েছে এবং তাদের কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। বর্ষায় নদীয়া এবং বর্ধমান জেলাতে এর প্রকোপ খুব বেশি। এক শ্রেণীর মশার কামড় থেকে এটা হচ্ছে। গতবারে এই রোগে নদীয়া জেলায় খুব ক্ষতি হয়েছিল। তাই স্যার, এবিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহবুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদার চাঁচোলে স্টেট বাসের ডিপো আছে। প্রায়ই দেখা যায়, বাসগুলো যখন যাত্রী পরিবহন করে তখন রাস্তার মধ্যে খারাপ হয়ে থাকে। তাই আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ রাস্তায়, ঐ ডিপোতে নতুন বাস দেওয়া হয়, চাঁচোল-কলকাতা রকেট সার্ভিস চালু করা হয় এবং চাঁচোল-বালুরঘাট নতুন সার্ভিস চালু করা হয়।

**শ্রী ইউনুস সরকার ঃ** স্যার, মুর্শিদাবাদ জেলার বহরমপুরে মানুষের চলাচলের একটা সমস্যা দেখা দিয়েছে। গোটা জেলার গাড়ি-ঘোড়া বহরমপুরের রাস্তা দিয়ে চলে। এখানে একটা রেল-লাইন আছে কিন্তু সেখানে কোনও ওভার-ব্রিজ নেই। ফলে সেখানে ঘন্টার পর ঘন্টা জ্যাম হয়ে যায়। স্যার, এ সম্বন্ধে আমি বহুবার বলেছি। পরিবহন মন্ত্রীর কাছে দাবি করছি, কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের সঙ্গে যোগাযোগ করে ওখানে যাতে একটা ওভার-ব্রিজ করা

যায় তাঁর ব্যবস্থা করুন।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার ম[illegible]ীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র বারাবনিতে যতগুলো স্বাস্থ্যকেন্দ্র, উপ-স্বাস্থ্য কেন্দ্র আছে সেই স্বাস্থ্য, উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলোতে কোনও ডাক্তার নেই, ওষুধ নেই, অ্যাম্বুলেন্স নেই। ১৯৭৩/৭৪ সালের কংগ্রেস আমলের পর গরিবের স্বার্থে গত ১৯ বছরে বামফ্রন্ট সরকার কিছুই করেন নি। কতগুলো স্পেশ্যাল সেন্টার ট্যোটালি ড্যামেজ হয়ে গেছে। তাই আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐসব স্বাস্থ্য কেন্দ্র, উপ-স্বাস্থ্য কেন্দ্রে ওষুধ ডাক্তার, অ্যাম্বুলেন্স এবং অন্যান্য সমস্যার সমাধান করা হয়।

[1-30—1-40 P.M.]

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র রামপুরহাট, সেখানে রামপুরহাট মহকুমা সদরে যে জেল হাজতটি আছে তার অবস্থা খুব খারাপ। সেখানে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা নেই, সেখানে ফিমেল ওয়ার্ড-এ যে ঘরটি আছে সেটা ছোট, ওখানে বন্দিদের রান্নাঘরের কোনও ব্যবস্থা নেই। তাছাড়া জেল রক্ষীরা যে ঘরে থাকে সেই ঘরটি ভেঙে পড়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি যে এই আর্থিক বছরে ওই মহকুমা জেলটির সংস্কারের ব্যবস্থা হোক।

**শ্রী বুদ্ধদেব ভকত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র ঝাড়গ্রামের জামদানি ব্লকে গত ৩০-৬-৯৬ তারিখে কংগ্রেস এবং ঝাড়খন্ড পার্টির গুন্ডা-বাহিনী তীর-ধনুক নিয়ে আক্রমণ করে এবং তাদের আক্রমণে ৬ জন আক্রান্ত হয় তার মধ্যে ২ জন পি.জি হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এখানে কংগ্রেস বলছে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য ৫ তারিখে তাঁরা হরতাল করে মানুষের রক্তের গঙ্গায় চান করতে চায়।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামবাগ মোড় থেকে হাবাসপুর হাসপাতাল পর্যন্ত এই ১৫ কিঃমিঃ রাস্তাটি মানুষ চলাচলের অনুপযুক্ত হয়ে পড়েছে। কোথাও কোথাও হাঁটু জল দাঁড়িয়ে যায়, এই রাস্তাটি দিয়ে দৈনিক ৫০ হাজার লোক চলাচল করে। এখানে গাড়ি তো দূরের কথা খালি পায়ে হেঁটে যাওয়া দুসাধ্য হয়ে পড়েছে। রাস্তাটি যাতে পুনর্নির্মাণ করা হয় তারজন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হরিপাল। হরিপাল ব্লক থেকে চন্দনপুরের যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন। গত ৭ বছর আগে ওখানে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য সরকার সিদ্ধান্ত নেয় এবং স্বাস্থ্যকেন্দ্রের বাড়িটি সম্পূর্ণ হয়ে গেছে। অবিলম্বে যাতে

সেখানে চিকিৎসক নিয়োগ করা হয় তারজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ওখানে মানিকচকে ২০ বেডের একটি রুর‍্যাল হসপিটাল আছে, সেখানে ডেন্টাল সার্জন নেই। ডেন্টাল সার্জন নিয়োগের জন্য অনুরোধ করছি। ওই হাসপাতালটির বাউন্ডারি ওয়াল নেই। বাউন্ডারি না থাকার ফলে সমস্ত হাসপাতাটির পরিবেশ নষ্ট হচ্ছে, এটা অবিলম্বে দেখা দরকার।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উদ্বেগের সঙ্গে বলছি যে পেট্রোল, ডিজেল, গ্যাসের দাম একটা অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার দিয়ে বৃদ্ধি করা হয়েছে। আমরা এই বিধানসভাতে দাঁড়িয়ে নীতিগতভাবে বারে বারে বলেছি যে পার্লামেন্ট চলার আগে, বাজেট প্লেস করার আগে এইভাবে অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার পাস করে এইভাবে পেট্রোল, ডিজেল, গ্যাসের দাম বাড়ানো উচিত নয়। এটা ঘটেছে কিন্তু এটা খুবই দুঃখজনক। এটা কংগ্রেস রাজত্বেও বিগত দিনে হয়েছিল আমরা এর প্রতিবাদ করছি। কংগ্রেস এই নিয়ে এখানে চেচাঁমেচি করছে, কিন্তু তার সাথে একটা লাইন যোগ করে দিন যে ওঁরা এরজন্য অনুতপ্ত।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চিরকাল আমরা জানি এক ঘন্টা মেনশনের পর জিরো আওয়ার। কিন্তু আমি আজকে লক্ষ্য করছি প্রায় দু'ঘন্টা ধরে মেনশন হচ্ছে। এটা কেন হচ্ছে? এ বিষয়ে হোয়াট ইজ ইয়োর রুলিং? হোয়াট ইজ দি ডিফারেন্স বিটুইন দি মেনশন অ্যান্ড জিরো আওয়ার? আপনি যদি মনে করেন জিরো আওয়ার তুলে দিয়ে দু'ঘন্টা ধরেই মেনশন হবে, দেন ইউ অ্যালাও ইট অফিসিয়ালি থ্রু বি.এ. কমিটি। কিন্তু এখন যা হচ্ছে, ইট ইজ অ্যাবসোল্যুটলি মকারি—আপনি বলছেন, 'ক্যামাখ্যা ঘোষ,' তারপরই বলছেন, 'বোস'। এটা কি হচ্ছে একজন বলতে, না বলতে আর একজনের নাম ডেকে দিচ্ছেন। রবীনবাবু আপনাকে গিয়ে বলছেন, 'একে ডাকুন ওকে ডাকুন।' তারপর এক একজনকে গিয়ে পয়েন্ট ডিক্টেট করছেন। এটা ঠিক হচ্ছে না। হয় আপনি জিরো আওয়ার তুলে দিয়ে দু'ঘন্টা মেনশনের জন্য নির্দিষ্ট করুন তা না হলে সঠিক নিয়ম মেনে চলুন। হাস্যকরভাবে হাউস চালাবার কোনও অর্থ হয় না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সুব্রতবাবু ঠিকই বলেছেন। আমরা মেম্বাররা মুড়ি মুড়কি, সব এক করে দিচ্ছি। জিরো আওয়ারে যেসব সাবজেক্ট আসছে তা জিরো আওয়ারে আসার যোগ্য নয়। আবার অনেক গুরুত্বপূর্ণ ব্যাপার জিরো আওয়ারে না দিয়ে মেনশনে দেওয়া হচ্ছে। সুতরাং আমি সিনিয়ার মেম্বারদের বলছি নতুন মেম্বারদের একটু শিখিয়ে পড়িয়ে দেবেন। কোনটা মেনশন করা যায়, কোনটা করা যায় না, এগুলো একটু বলে দেবেন। আমাদের নিয়ম হচ্ছে অর্ডিনারি মেনশন-এর জন্য এক ঘন্টা সময়। তারপর ১৫ মিনিট, কি আধ ঘন্টার জন্য জিরো আওয়ার। এটা সুব্রতবাবু ঠিকই বলেছেন। এবিষয়ে ইতিপূর্বে আমি বলেছি, স্পিকার সাহেবও বলেছেন মেনশনে রাজনৈতিক কথাবার্তা বলা হচ্ছে, যার সঙ্গে

সদস্যের কনস্টিটিউয়েন্সির কোনও সম্পর্ক নেই। এই ভাবে আপনারা মেনশন দেবেন না। এখন বিরতি, আমরা আবার মিলিত হব ২টো ৩০ মিনিটে।

(এই সময় সভার কাজ ২'৩০ মিনিট পর্যন্ত মূলতুবি ঘোষিত হয়।)

**(After Recess)**

[2-30—2-40 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা সিরিয়াস পয়েন্ট অফ ইনফরমেশন দিতে চাইছি। ৭০০ ভূটানিকে জেলে আটকে রেখে দিয়েছে। তার মধ্যে ১ জন মারা গেছে। মরবার আগে সে বলেছিল, তার দেহটা যেন ভূটানে নিয়ে গিয়ে সৎকার করা হয়। এই ৭০০ ভূটানিজকে অ্যাপ্রিহেনশন অফ ব্রিচ অফ পিস এই অজুহাতে আটকে রেখে দিয়েছে। এটা হিউম্যান রাইটস-এর প্রশ্ন। জলপাইগুড়িতে আটকে রেখে দিয়ে তাদের উপর অত্যাচার হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, এখনই ম্যাসেজ পাঠান জলপাইগুড়িতে। তিনি যেন চিফ সেক্রেটারিকে বলেন, যে ৭০০ ভূটানিজকে আটকে রেখে দেওয়া হয়েছে তাদের যেন বিনা শর্তে এখনই ছেড়ে দেয় এবং তাদের মধ্যে যে একজন মারা গেছে তার ডেড বডিটা যাতে ভূটানে নিয়ে গিয়ে সৎকার করতে পারে তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা যেন গ্রহণ করেন। এটা কোয়েশ্চেন অফ হিউম্যান রাইটস।

## DISCUSSION ON DEMAND NO. 66, 67 & 68

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে ২টি বিভাগের ডিমান্ড আছে। একটা হচ্ছে ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজ আর একটা হচ্ছে ওয়াটার ইনভেস্টিগেশন এবং ডেভেলপমেন্টের বিষয়। দুটি একসঙ্গে আলোচনা হবে এবং ৪ ঘন্টা আলোচনা হবে।

### Demand No. 66

**Mr. Deputy Speaker :** There are 7 cut motions to Demand No. 66. All the cut motions are in order and moved as follows.

Shri Deba Prasad Sarkar (1-2)
Shri Abdul Mannan (3)
Shri Shyamadas Banerjee (4)
Shri Ajoy De (5)
Shri Sultan Ahmed (6-7)

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Demand No. 67**

**Mr. Deputy Speaker :** There are 4 cut motions to Demand No. 67. All the cut motions are in order and moved as follows.

| | |
|---|---|
| Shri Deba Prasad Sarkar (1) | Sir, I beg to move that |
| Shri Abdul Mannan (2) | the amount of the Demand |
| Shri Ajoy De (3) | be reduced by Rs.100/- |
| Shri Sultan Ahmed (6-7) | |

**Demand No. 68**

**Mr. Deputy Speaker :** There are 5 cut motions to Demand No. 68. All the cut motions are in order and moved as follows.

| | |
|---|---|
| Shri Sultan Ahmed (1) | Sir, I beg to move that |
| Shri Deba Prasad Sarkar (2) | the amount of the Demand |
| Shri Anoy Gopal Sinha (3) | be reduced by Rs.100/- |
| Shri Kamal Mukherjee (4) | |
| Shri Rabindranath Chatterjee (5) | |

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ডিমান্ড নাম্বার ৬৬, ৬৭ এবং ৬৮ খাতে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করা হয়েছে তার তীব্র বিরোধিতা করছি এবং এখানে যে সমস্ত কাট-মোশন আমাদের তরফ থেকে আনা হয়েছে তার পূর্ণ সমর্থন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন। প্রবাদ আছে তিনি সৎ, কিন্তু ভিতরটা আমি জানি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আপনার ডিপার্টমেন্ট—ইট ইজ এ কনট্রাক্টরস প্যারাডাইস। আপনি জানেন কিনা জানি না, তবে আমি আস্তে আস্তে সেটা প্রমাণ দেবার চেষ্টা করব। মেজর ইরিগেশনের মেইন ফাংশন হচ্ছে সেচ এবং এরিয়া ইরিগেটেড কভার করা। কতটা এরিয়া ইরিগেটেড হয়েছে—এটাই ডিপার্টমেন্টের ব্যর্থতা বা স্বার্থকতা তখনই প্রমাণিত হবে যখনই এরিয়া ইরিগেটেড কম হবে, আর এরিয়া ইরিগেটেড বেশি হবে। নেক্সট হচ্ছে ফ্লাড কন্ট্রোল। এখানে সেচ, জলকর আর রাজস্ব এই ৩টি ভাগে ভাগ করা হয়েছে। এই ৩টি দিকেই ব্যর্থতা। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, এটা আমার কথা নয়, আমার কথায় পরে আসব। ইকনমিক রিভিউর পেজ নাম্বার ৯৫ আপনি নিশ্চয়ই দেখেছেন বা নিশ্চয়ই আলোচনা করেছেন ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ারদের সঙ্গে যে, কেন এই হাল হল। ১৯৮০-৮১ সাল থেকে ১৯৯৪-৯৫ সালের কমপ্যারিজন ড্র করছি। আপনি জানেন, বর্ধমান হচ্ছে গ্রানারী অফ ওয়েস্ট বেঙ্গল। সেখানে ১৯৮০-৮১ সালে ৩ লক্ষ ১৯ হাজার ৩৮৪ হেক্টর এরিয়া ইরিগেটেড হয়েছিল, ৯৪-৯৫ সালে এটা ডব্‌ল হওয়া উচিত ছিল, ছয় লক্ষ হওয়া উচিত ছিল কিন্তু

সেই জায়গায় ৩ লক্ষ ১৬ হাজার ৯০০ হেক্টর হল, সুতরাং ২ হাজার ৪৮৮ হেক্টর এরিয়া কম কভার হল। এবার আমি আসছি আমার জেলা বীরভূম সম্পর্কে—আমি ইকনমিক রিভিউ থেকে বলছি ১৯৮০-৮১ সালে সেখানে ১ লক্ষ ৫১ হাজার ৫৮৮ হেক্টর জমি ইরিগেটেড হয়েছে, ৯৪-৯৫ সালে সেটা ডব্‌ল হল না, কমে হল ১ লক্ষ ৬৫ হাজার ২৫০ হেক্টর, অর্থাৎ ২৬ হাজার ২৩৮ হেক্টর কম জমিতে সেচ হল। মুর্শিদাবাদেও সেমথিং, ৮০-৮১ সালে ৯৮ হাজার ৩৭৪ হেক্টর এরিয়া ইরিগেটেড হল, আর ৯৪-৯৫ সালে ইনক্রিজ হল না, ডিক্রিজ হয়েছে। অর্থাৎ ৮৫ হাজার ৪২৬ হেক্টর এরিয়া ইরিগেটেড হয়েছে, অর্থাৎ ১২ হাজার ৯৫২ হেক্টর কম জমিতে ইরিগেটেড হল। ডিস্ট্রিক্ট ওয়াইজ একজাম্পল আর দিলাম না। ইরিগেটেড কম হওয়ার কারণ কি সেটা মন্ত্রী মহাশয় বেটার নোজ দ্যান মি, বিকজ দেয়ার ইজ নো মাস্টার প্ল্যান। গতানুগতিক ভাবে যে রকম জীবন চলে এই ডিপার্টমেন্টও সেই রকম ভাবে চলছে। কোনও ইনক্রিজ নেই, কোনও ইমপ্রুভমেন্ট নেই। আমি দুটো বিষয় বলছি। এরিয়া ইরিগেট এটা তো কমে গেল গ্রাজুয়ালি। কিন্তু যে সমস্ত জেলায় এখনও ক্যানেল ওয়াটারের মাধ্যমে ইরিগেট করতে পারেন নি গত ১৯ বছরে, তার কারণ হল আপনাদের কোনও মাস্টার প্ল্যান নেই। একটা অর্ডিনারী প্ল্যান করে আপনারা কাজ চালাচ্ছেন। আজকে ওয়েস্ট দিনাজপুর, মালদহে কোনও ক্যানেল এর দ্বারা ইরিগেশনের ব্যবস্থা করতে পারেন নি। কাল্টিভেটারদের গত ১৯ বছর এই ক্যানেল ওয়াটার সৌভাগ্য হয়নি। ক্যানেল ওয়াটার দিয়েছেন—নিল্। আপনি বলবেন ঐ সব এলাকায় মাইনর ইরিগেশন করেছেন, সাকসেসফুল হয়েছেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে বিনয়ের সঙ্গে বলছি এর মূল কারণ আপনাদের অফিসাররা , যেমন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, যারা বেস্ লেভেলে কাজ করে, তারা সব জেলা পরিষদের তাঁবেদার হয়ে গেছে। সেই জন্য এই ডিপার্টমেন্টের কোনও মাস্টার প্ল্যান নেই, দেয়ার ইজ নো মাস্টার প্ল্যান অ্যান্ড প্রোগ্রাম। তারা শুধু বাজেটটা পাস করিয়ে নিচ্ছে এবং ৭০ পারসেন্ট মানি তারা শুধু ফ্লাড কন্ট্রোলের জন্য পাস করায়। আর বাকি ৩০ পারসেন্ট কন্ট্রাক্টারদের হাতে চলে যায়। তারা বর্ষা এলে মাটি ফেলার কাজ আরম্ভ করে, তারপর বৃষ্টিতে সব ধুয়ে যায়। আজকে আমার সময় অল্প সেইজন্য ডিটেলে বলতে পারছি না। আপনি বলবেন যে কেন এরিয়া ইরিগেটেড কম হয়েছে, কারণ যে জলাধার তৈরি করেছেন কোন কোন জায়গায়, সেখানে জমি অধিগ্রহণে বাধা আসছে, মিনিস্টার মেন্ট দ্যাট, সেইজন্য মাস্টার প্ল্যান তৈরি হচ্ছে না। নতুন জলাধার না হলে ক্যানেল ওয়াটারের সাহায্যে এরিয়া ইরিগেট করা যাবে না। আমি বলছি, গত ১৯ বছরে বামফ্রন্ট সরকার অনেক কিছু করেছেন, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট ৯৪ সালে একটা অ্যামেন্ডমেন্ট করলেন, কি ভাবে অধিগ্রহণ করে কাল্টিভেটারদের এগ্রিকালচারের জন্য জল কি করে দেওয়া যায়। কিন্তু অধিগ্রহণের পর কমপেনসেশনের একটা প্রশ্ন উঠেছে, কমপেনসেশন আপনারা দিতে পারছেন না এবং সেখানে করাপশন আছে এবং সেখানে একটা লং ড্রন প্রসেস চলছে। ব্যারেজের জন্য যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে জমির মালিকরা হাইকোর্ট, সুপ্রিম কোর্ট করতে ছোটে অধিগ্রহণের বিরুদ্ধে।

[2-40—2-50 P.M.]

কারণ কমপেনসেশনের টাকা তাদের কাছে ঠিকমতন ঠিক সময় পৌছায় না। এর ফলে সেই সমস্ত চাষী যাদের জমি গিয়েছে তারা ডিপ্রাইভড হয়। আমি তাই বলব, ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট করে যারা জমি দিয়েছে সেই চাষীদের স্বার্থে একটা কিছু করুন। আমি বীরভূম জেলার ছেলে, বীরভূমের কথা কিছু বলব, এতে আমি রাজনীতির কথা কিছু বলব না। ১৯৭২/৭৭ সালে হিংলো প্রকল্প লাস্ট সেখানে হয়েছিল কংগ্রেস আমলে। তারপর নো আদার প্রকল্প ইন বীরভূম। কিন্তু সেই হিংলো সেচ প্রকল্প হলেও তারপরে সেটা রিয়েলি মেনটেন্ড হচ্ছে না। সেখানে সিল্ট ক্লিয়ার করা হচ্ছে না, ক্যানেল সিস্টেমগুলি ঠিকমতন করা হচ্ছে না। ফলে ক্যানেলের অভাবে কভার্ড এরিয়া যা ছিল তা টোট্যালি কভার্ড হচ্ছে না এবং ইরিগেটেড এরিয়া ক্রমশ কমে যাচ্ছে। আমি তাই আপনাকে বলব, এ ক্ষেত্রে ক্যানেলগুলি ঠিক করুন, সিল্ট ক্লিয়ার করুন এবং চাষীদের কাছে জল পৌছে দিন। এরজন্য আপনার দপ্তরের ইঞ্জিনিয়ারদের সঙ্গে বসুন, প্লিজ সিট উইথ দেম, নট উইথ কমরেডস। আপনার দপ্তরের সুপারইনটেন্ডিং ইঞ্জিনিয়ার, অন্যান্য ইঞ্জিনিয়ার এবং অফিসারদের সঙ্গে বসুন এবং একটা মাস্টার প্ল্যান তৈরি করে কাজ করুন। তা না করে যদি বছরের পর বছর শুধু এই বাজেট পাস করাতেই থাকেন তাহলে কোনও কাজই হবে না। এই বাজেটও আপনি আশ্বাস দিয়েছেন যে সিদ্ধেশ্বরী প্রকল্প আপনাদের চিন্তার মধ্যে আছে। এই চিন্তার কথা তো ১৯ বছর ধরেই আমরা শুনছি। সিদ্ধেশ্বরী প্রকল্প হলে বীরভূম জেলার একটা লার্জ এরিয়া এবং মুর্শিদাবাদ জেলার একটা বিশেষ অংশ ইরিগেটেড হবে। কিন্তু আপনার কোনও পরিকল্পনাও নেই, চিন্তাও নেই। এই বাজেটে আমরা আশা করেছিলাম আপনি এই প্রকল্প সম্বন্ধে সদর্থক কিছু বলবেন কিন্তু দেখলাম বলছেন, এই প্রকল্পের কাজ বিভিন্ন ধরনের জরিপ অনুসন্ধান ও পরিকল্পনার স্তরে রয়েছে। আমি আপনাকে বলছি, আমি জানি এখানে জরিপের কাজ কমপ্লিট। এখনও যদি এটা পরিকল্পনার স্তরে থাকে তাহলে কবে এটা কমপ্লিট হবে বুঝতে পারছি না। আপনি আপনার বাজেট ভাষণে বলেছেন, বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী জলাধার প্রকল্প, বীরভূম জেলার ও মুর্শিদাবাদ জেলার সিদ্ধেশ্বরী নুনবিল জলাধার প্রকল্প, বাঁকুড়া জেলার কংসাবতীর উর্ধ্ব অববাহিকা প্রকল্প, উত্তর দিনাজপুর প্রকল্প, বাঁকুড়া জেলার কংসাবতী উর্ধ্ব অববাহিকা প্রকল্প, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদা জেলায় তিস্তা বাঁধ প্রকল্প ইত্যাদি প্রকল্পগুলি জরিপ অনুসন্ধান এবং পরিকল্পনার স্তরে আছে। আপনাকে বলছি, অবিলম্বে চাষীদের স্বার্থে এগুলি রূপায়িত করুন। তবে উইথ ডিউ রিগার্ড মিনিস্টারকে বলছি, এই যে বর্ষার সময় কন্ট্রাক্টরদের কোটি কোটি টাকা দিচ্ছেন, স্টপ দিস। আপনি ডিপার্টমেন্টাল ওয়ার্ক করুন। আপনার দপ্তরে এক্সপার্ট ইঞ্জিনিয়াররা আছেন এবং আমাদের এই রাজ্যে প্রচুর বেকার যুবক রয়েছেন, তাদের মাধ্যমে আপনি ডিপার্টমেন্টাল ওয়ার্ক করুন। বেকার যুবকরা কাজ করুক, আপনার ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়াররা সুপারভাইজ করুক। জেলাপরিষদ নয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আমরা এম.এল.এ হিসাবে যারা নির্বাচিত হয়ে এসেছি তাদের কাজ করার সুযোগ দিন। আপনি বলেছেন, কিছু কিছু প্রকল্পের কাজ

জওহর রোজগার যোজনার অন্তর্ভুক্ত করে ডিপার্টমেন্টাল ওয়ার্ক করবেন। আমার সাজেশন হল, জেলাপরিষদ নয়, লোক্যাল এম.এল.এ-র সঙ্গে আলোচনা করে একটা অ্যাডভাইসারি কমিটি করুন এবং এম.এল.এ.দের কাজ করার সুযোগ দিন। তা যদি হয় তাহলে আমার মনে হয় আপনার ইরিগেশনের অফিসার যারা আছেন তারা কাজ করতে সমর্থ হবেন এবং এ্যাকচুয়ালি একজিকিউশনের ক্ষমতা পাবেন। এবারে আমি ফ্ল্যাড কন্ট্রোলের ব্যাপারে আসি। এ ব্যাপারেও আপনি সম্পূর্ণ ব্যর্থ। অ্যাকচুয়ালি এখানেও আপনার কোনও মাস্টার প্ল্যান নেই। সুন্দরবনে ৩ হাজার কিঃমিঃ এমব্যাঙ্কমেন্ট আছে, সেগুলি প্রপারলি মেনটেন করা হয় না। বাংলাদেশে যান, দেখবেন সেখানে কি সুন্দরভাবে তারা এমব্যাঙ্কমেন্টগুলি মেনটেন করছেন। আমার যাবার সৌভাগ্য হয় নি সেখানে তবে সত্যবাবুর কাছে সে সম্বন্ধে শুনেছি। বাংলাদেশে এমব্যাঙ্কমেন্টগুলি ন্যাশনাল হাইওয়ের মতন, তার উপর দিয়ে গাড়ি যায় আর আমাদের এমব্যাঙ্কমেন্টগুলি দিয়ে মানুষ হাঁটতেও পারে না। কাজেই আমাদের এমব্যাঙ্কমেন্টগুলি যাতে প্রপারলি মেনটেন করা হয় সে ব্যবস্থা করুন। আমার সাজেশন, বর্ষার সময় নয়, বর্ষার আগেই একটা মাস্টার প্ল্যান করে এমব্যাঙ্কমেন্ট মেনটেন করার ব্যবস্থা করুন। ৩২ কোটি টাকা আপনি চেয়েছেন বন্যা নিয়ন্ত্রণের জন্য। বন্যা নিয়ন্ত্রণের টাকা নিন কিন্তু আপনি দেখুন সেটা যাতে প্রপারলি ইউটিলাইজড হয়। আমরা দেখছি যে বর্ষার সময়ে মাঠে লোক নেমে গেল, কাজ ঠিকমতো হল না, কন্ট্রাক্টরের পকেটে ৭০ পারসেন্ট টাকা ঢুকে গেল। আমি আবার বলছি, আমার ডেফিনিট ইমপ্রেশন দ্যাট ইউ আর এ অনেস্ট মিনিস্টার। কিন্তু আপনার ডিপার্টমেন্টটা কন্ট্রাক্টর প্যারাডাইস হয়ে গেছে। কাজেই এটা চেঞ্জ করার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি। বর্ষার আগে যে কয় মাস সময় পাবেন সেই সময়ে এমব্যাঙ্কমেন্টগুলি যাতে প্রপারলি মেনটেন হয় সেটা আপনি দেখবেন। সুন্দরবনের কোনও জায়গায় ১ হাত আমাদের জেলায় কোনও জায়গায় আধ হাত, কোনও জায়গায় নেই। কাজেই এই এমব্যাঙ্কমেন্টগুলি যাতে প্রপারলি মেনটেন হয় সেটা দেখতে হবে। আপনি কোনও জায়গায় ব্লক পিচিং করুন, আর কোনও জায়গায় ব্রিক পিচিং করুন, আপনি উপযুক্ত মাস্টার প্ল্যান করে করুন। আপনি কোনও একটা জেলা ধরুন এবং বাজেটে যে টাকা পাচ্ছেন সেই জেলার জন্য কাজ করুন। তাহলে একটা জেলা বাঁচবে ফ্লাড থেকে। ইউ টেক দিস আইডিয়া। টোটাল টাকা দিয়ে সেই জেলায় ব্লক পিচিং করুন, আর ব্রিক পিচিং করুন, আপনি কংক্রিট করুন। আপনি বাংলাদেশের রাস্তার মতো করে দিন তাহলে ভাঙ্গবার কোনও সুযোগ থাকে না। আর একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই। মুর্শিদাবাদ জেলায় জমিদারি এমব্যাঙ্কমেন্ট আছে। সেই জমিদারি এমব্যাঙ্কমেন্টের বাঁধগুলি ভেঙ্গে গেছে। জমিদারি এমব্যাঙ্কমেন্টগুলি কিছু কিছু প্রটেক্ট করত। এই জমিদারী এমব্যাঙ্কমেন্টগুলি এখন ল্যান্ড অ্যাকুইজিশন ডিপার্টমেন্টের হাতে আছে। সেটা এখন আপনার জুরিসডিকশনে নেই। কিন্তু ল্যান্ড অ্যাকুইজিশন ডিপার্টমেন্টের এই এমব্যাঙ্কমেন্টগুলি মেনটেন করার পয়সা নেই। আমরা দেখছি যে বন্যার সময়ে জল ঢুকে ফসল নষ্ট হয়ে যায়। এই এমব্যাঙ্কমেন্টগুলি যদি রক্ষা করা যায় তাহলে ফ্লাডের হাত থেকে রক্ষা পাওয়া যায় এবং ফসলও রক্ষা পায়। কাজেই

এই জমিদারি এমব্যাঙ্কমেন্টগুলি কিভাবে রক্ষা করা যায় সেটা আপনি চিন্তা-ভাবনা করুন এবং এগুলি যাতে প্রপারলি মেনটেন হয় তার ব্যবস্থা করুন। আমরা তিস্তা, মহানন্দা প্রকল্প যেটা মালদায় করেছিলাম সেটাও প্রপারলি মেনটেন হচ্ছে না। আমরা কংগ্রেস আমলে যেটুকু করেছি সেটাও আজকে প্রপারলি মেনটেন হচ্ছে না। ইউ জাস্ট গো অ্যান্ড ভিজিট। আপনি টাকা অ্যালট করবেন আর এখানে বসে থাকবেন। দিস ইজ নট দি প্রপার ওয়ে। মাননীয় মন্ত্রী মহাশয়কে মেন যেটা বলতে চাই, আপনি ইরিগেশনে টোট্যালি ফ্লপ, বন্যা নিয়ন্ত্রণেও টোট্যালি ফ্লপ। ৪ হাজার কয়েক কোটি টাকা গ্রান্ট পাস করবেন, ইঞ্জিনিয়ারদের বোঝাতে পারবেন না, আলোচনা করবেন না, মাস্টার প্লান করবেন না, দেন হোয়াট ইজ দি সলিউশন? নেক্সট রাজস্বের ক্ষেত্রে আসছি। ইরিগেশন ডিপার্টমেন্ট ক্যানেলের জল কাল্টিভেটরদের দেবেন। কাল্টিভেটররা রাজি আছে জল কর দিতে টু মেনটেন দি এমব্যাঙ্কমেন্ট। কিন্তু তারা ক্যানেল এরিয়াতে জল পাচ্ছে না। আমরা অনেক চাষীর সঙ্গে কথা বলেছি। তারা বলছে, আমরা ক্যানেলের জল পাচ্ছি না, আমরা কেন জল কর দেব? আপনার রাজস্ব আদায়ের ইনফ্রাস্ট্রাকচার পশ্চিমবাংলার ইরিগেশন ডিপার্টমেন্টে নেই। ১০ টাকা বাজেটে ধরা হয়েছে কিন্তু দেয়ার ইজ নো ইনফ্রাস্ট্রাকচার। আপনি হাউসে হিসাব দিয়ে বলতে পারবেন যে গত ১৯ বছরে ক্যানেল ট্যাক্স কত আদায় হয়েছে? আপনি বলতে পারবেন না। ক্যানেল ট্যাক্স আদায় হচ্ছে না। কারণ ইনফ্রাস্ট্রাকচার ঠিকমতো নেই। আগে এটা ঠিক করুন। আর একটা কথা আপনাকে বলতে চাই। আপনি এম.এল.এ-দের নিয়ে একটা অ্যাডভাইসরী কমিটি করুন। তাদের কাজের মধ্যে ইনভলভ করুন। দে উইল কনভিন্স দি কাল্টিভেটরস। আপনি পঞ্চায়েত বা জেলা পরিষদের উপরে নির্ভর না করে এম.এল.এ-দের অ্যাডভাইসরী কমিটিতে রাখুন। দে উলি সি দি ম্যাটারস। এম.এল.এ.রা রিপ্রেজেন্ট করে ফর দি পিপল। কাজেই যাতে এরিয়ার সিল্ট ক্লিয়ারেন্স হয়, চাষীরা চাষের জল পায়, যাতে ফ্লাড কন্ট্রোল হয়, এগুলি তারা দেখতে পারেন। আমাদের এখানে অনেক সিনসিয়ার এম.এল.এ আছেন, তাদের আপনি অ্যাডভাইসরী কমিটিতে নিন। আগামী দিনে এই ডিপার্টমেন্ট যাতে কন্ট্রাক্টরস প্যারাডাইস না হয়, এই ডিপার্টমেন্ট যাতে উপযুক্ত কাজ করতে পারে, সেটা আপনি দেখুন। আজকে এরিয়া ইরিগেশনের যে কথা বলছেন, ইকনমিক রিভিউতে যেটা আছে তাতে দেখা যাচ্ছে ক্রমশ কমে যাচ্ছে। ১৯৮০ সালে যেটা ছিল, ১৯৯৫ সালে সেটা কমে আসছে। এটা ইনক্রিজ না করে কেন কমে যাচ্ছে, সেটা ইউ নো বেটার দ্যান মি।

[2-50—3-00 P.M.]

স্যার, মেজর ইরিগেশন প্রকল্পের স্বার্থে লাস্ট ১৯৭৭ পর্যন্ত আর.এল.আই. এবং শ্যালো টিউব-ওয়েল এনার্জাইসড করা হয়েছিল এবং সেটা চাষীদের স্বার্থে হয়েছিল। আমার প্রশ্ন, গত ১৯ বছরে পশ্চিমবঙ্গে ক'টি আর. এল.আই. হয়েছে? নতুনভাবে কোনও শ্যালো টিউবওয়েল এনার্জাইসড হয়েছে কি? নতুনভাবে কোনও ডিপ টিউবওয়েল হয়েছে? একটিও লিফট ইরিগেশন স্কীম হয়েছে? কোনও কিছু হয়েছে বলে আমার জানা নেই। ১৯ বছরে

এক্ষেত্রে পারফর্মেন্স নিল্। সাহাপুর লিফ্ট ইরিগেশন স্কীম, সেখানে উপযুক্ত মেনটেনেন্সের অভাব। ক্যানেলে জল ছাড়া হচ্ছে না। এ-ব্যাপার নিয়ে আমি অফিসারদের সঙ্গে কথা বলেছিলাম। রবি ক্রপে জল ছাড়ার কোনও সিস্টেম নেই, কোনও টাইম পিরিওড নেই। এদিকে জনসাধারণ জলের ব্যাপারে ডেপুটেশন দিচ্ছেন। কিন্তু সাহাপুর লিফ্ট ইরিগেশন স্কীম থেকে চাষের মরশুমে ঠিকমতো জল দিতে পারছে না। এর ফলে দু'ভাবে লস হচ্ছে; এগ্রিকালচারে ক্রপ প্রডাকশন কম হচ্ছে, ফলে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন এবং আপনারাও ট্যাক্স পাচ্ছেন না। ঈশ্বরের কৃপায় আমি একবার মন্ত্রী হয়েছিলাম। তখন যা হয়েছিল, কাথুরিয়া-২ স্কীম হয়েছিল, তারপর গত ১৯ বছরে আমার নির্বাচন কেন্দ্রে নতুনভাবে আর কোনও আর.এল.আই. হয়নি। আমার জেলার রাজনগরের সিদ্ধেশ্বরী প্রকল্প করতে পারছেন না, গারুলিয়া-দুবরাজপুর ক্যানেল সিস্টেম জল দিতে পারছেন না। সেখানে ডিপ টিউবওয়েল করেও চাষীদের জল দিতে পারতেন। আর বিদ্যুৎ? এক্ষেত্রেও আপনাদের একটা কম্যুনিকেশন গ্যাপ রয়েছে। আজকে অনেক জায়গায় বলা হচ্ছে যে, যেহেতু চাষীদের ট্যাক্স বাকি রয়েছে তারজন্য লাইন কেটে দেওয়া হবে। অথচ দেখা যাচ্ছে, বিদ্যুতের অভাবে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তারই জন্য বলছি, এক্ষেত্রে একটা কম্যুনিকেশন গ্যাপ রয়েছে। দেয়ার শ্যুড বি এ টোটাল কম্যুনিকেশন বিটুইন ইওর ডিপার্টমেন্ট অ্যান্ড পাওয়ার ডিপার্টমেন্ট, তাহলে আপনাদের অফিসারদের গাফিলতির কারণে সেখানে ডিএনার্জাইসড হলে চাষীরা ক্ষতিগ্রস্ত হবেন। তাই আমি অনুরোধ করছি, যেগুলো আছে সেগুলো যাতে ধ্বংস না হয় তারজন্য চেষ্টা করুন এবং সেগুলোকে প্রপারলি মেনটেন করুন। আমি নতুন কোনও ডিপ টিউবওয়েল বা আর.এল.আই. চাই না, কিন্তু কংগ্রেস আমলে যেগুলো করে যাওয়া হয়েছিল সেগুলোর প্রপারলি মেনটেন করুন এবং তাহলেই ইরিগেটেড এরিয়া ইনক্রিজ হবে ডে বাই ডে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আমার সিউড়ি অঞ্চলে যেসব আর.এল.আই. এবং ডিপ টিউবওয়েল আপনার ডিপার্টমেন্টের আন্ডারে রয়েছে সেখানে এস.এ.ই.-দের ইনভল্‌ভ করুন, কারণ অনেক সময় সেখানকার কমান্ড এরিয়ার গন্ডগোল লেগে যাচ্ছে চাষীরা জল পাচ্ছে না বলে। প্রয়োজন এক্ষত্রে অ্যাডভাইসরী কমিটি তৈরি করুন। সেটা না করা হলে পশ্চিমবঙ্গের ইকোনমি যেভাবে ধ্বংসের মুখে যাচ্ছে, ইরিগেশন, পাওয়ার এবং ইন্ডাস্ট্রি যেভাবে ধ্বংসের মুখে যেতে বসেছে, তার থেকে পশ্চিমবঙ্গ সারভাইভ করবে কি করে? এ-সম্পর্কে ইকোনোমিক রিভিউ যা বলছে তাতে দেখা যাচ্ছে, পশ্চিমবঙ্গ ডে বাই ডে এটা ডিক্রিজ করছে। আমার অনুরোধ, পশ্চিমবঙ্গকে আর পিছিয়ে দেবেন না, যেগুলো আছে সেগুলো মেনটেন করবার চেষ্টা করুন। ইরিগেশনে যদিও কন্ট্রাক্টরদের কোনও স্কোপ নেই, তবুও আর.এল.আই. রিপেয়ারের জন্য যেসব পার্টস সাপ্লাই দেওয়া হয় সেগুলো যেন অ্যাকচুয়াল পার্টস হয়। ইউ প্লিজ ইনস্ট্রাক্ট ইওর অফিসারস ইন দিস রিগার্ড। কারণ অনেক সময় দেখা যাচ্ছে, সেখানে পুরাতন মেশিন পাল্টাবার পর দুদিন যেতে না যেতেই সেগুলো খারাপ হয়ে যাচ্ছে। কিন্তু বিলের টাকাটা ডিপার্টমেন্টে উঠে গেল। আমি আবার বলছি, আর.এল.আই. এই সরকারের কাছ থেকে পাব না জানি, নতুন করে ডিপ টিউবওয়েল পাব না এই সরকারের কাছ থেকে, যেগুলি আছে,

Try to maintain it with proper parts with proper extra mechanics. ইঞ্জিনিয়ারস, দে গুড ভিজিট অফ দিস স্পট। কেউ ভিজিট করতে যায় না। আবার দেখেছি যে অফিসার মাথা উঁচু করে কাজ করতে যায়, প্রপার রিপোর্ট দিতে যায়, আমাদের কাছে খবর আছে তাকে ট্রান্সফার করে দেওয়া হয় অন্য জায়গায়। কিছু ক্যাডার কিছু জেলাপরিষদের মেম্বারকে তোয়াজ করতে গিয়ে অফিসাররা অলসের দিকে চলে গেছে। আমি মেজর ডিপার্টমেন্টের ব্যাপারে যে কথা বলেছি মাইনর ডিপার্টমেন্টের ক্ষেত্রে একই কথা বলছি যে একটা অ্যাডভাইসরী কমিটি করুন, এম.এল.এ-দের সঙ্গে অফিসারদের ট্যাগ করে দিন। এম.এল.এ-রা যেখান থেকে নির্বাচিত হয়েছেন সেখানকার মানুষ বুঝতে পারবে যে আমাদের জনপ্রতিনিধি সিনসিয়ার, মাই রিপ্রেজেনটেটিভ ইজ ভেরি সিনসিয়ার। আমরা যদি অফিসারদের সঙ্গে যোগাযোগ করে এই কাজগুলি করতে পারি তাহলে আই থিঙ্ক দিস উইল বি মেনটেন। আমাদের এই পশ্চিমবাংলায় মেজর ইরিগেশন এবং মাইনর ইরিগেশনের যে দুটি ডিপার্টমেন্ট আছে তার যে ডিভিসনগুলি আছে সেই ব্যাপারে আমার কতকগুলি কংক্রিট সাজেশন আছে। বোরো বাঁধ যেগুলি আছে এবং মেজর এ্যমব্যাঙ্কমেন্ট যেখানে যেখানে আছে সেইগুলিকে প্রপার মেনটেন করার জন্য, এক, ডিপার্টমেন্টাল ইঞ্জিনিয়ারদের দিয়ে অথবা কন্ট্রাক্টর যদি আপনাকে নিয়োগ করতেই হয় তাহলে কন্ট্রাক্টরদের দিয়ে বর্ষার আগে, নট এট দি টাইম অফ মনশুসুন কাজগুলি করুন। দ্বিতীয় হচ্ছে, বন্যা নিয়ন্ত্রণের জন্য যে টাকা আসছে—আপনি একটা ক্লেম করেছেন কেন্দ্রের কাছ থেকে ৩১ কোটি টাকা—সেই টাকা প্রপারলি ইউটিলাইজ করুন এবং প্রপারলি সুপারভাইজ করুন। কিছু কিছু অফিসার কন্ট্রাক্টরদের খেলার পুতুল হয়ে গেছে। পুরানো কন্ট্রাক্টররা তো বাস্তুঘুঘু, সেই বাস্তুঘুঘুর বাসা ভাঙার চেষ্টা করুন। বর্ষার সময় কাজ করতে গিয়ে কোটি কোটি টাকা ধ্বংস হয়ে যাচ্ছে। When I was in the Department by the praise of God. আমি বাস্তুঘুঘুর বাসা ভাঙবার চেষ্টা করেছিলাম। বর্ধমানে আমি একজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে স্পট সাসপেন্ড করেছিলাম, দ্যাট ইজ ইন দি রেকর্ড। তলায় কাঁচা ইঁট তার উপর কাঁচা মাটি উপরে পাকা। বিল হয়ে গেল পাকা। আমি সেখানে স্পট ইনকোয়ারী করি এবং আই সাসপেন্ডেড একজিকিউটিভ ইঞ্জিনিয়ার। আপনাকে আবার বলি মেজর ইরিগেশনের ক্ষেত্রে যে এ্যমব্যাঙ্কমেন্টগুলি রক্ষা করা দরকার সেইগুলিকে রক্ষা করার জন্য আপনি একটা মাস্টার প্ল্যান তৈরি করুন। এটা তৈরি করার ব্যাপারে ইউ নো বেটার দ্যান মি। আর আপনি সমস্ত জিনিস কন্ট্রাক্টরদের উপর ছেড়ে দেবেন না। আপনি সৎ লোক, এই উদাহরণ আমাদের কাছে আছে, আপনাকে অনুরোধ করব আপনি অফিসারদের প্রপার ইনস্ট্রাকশন দিন ডিউ টু টাইম বর্ষার সময় কাজ বন্ধ করে দিন। টাকা বানের জলে ভেসে যাবে না, টাকা মাটি, মাটি টাকা হবে না। বর্ষার সময় কোনও কাজ হবে না এটা বলে দিন। সমস্ত কাজ বর্ষার আগে শেষ করতে হবে। সুবর্ণরেখা এবং তিস্তার ব্যাপারে এবারের আপনি আশ্বাস দিচ্ছেন। ১৯৯৭ সালের মধ্যে এই হাউসে আপনি অ্যাসিয়োর করুন তিস্তার কাজ সম্পূর্ণ করবেন। তাতে নর্থ বেঙ্গলের বিশাল এলাকা উপকৃত হবে। এই ব্যাপারে মেক এ কমিটমেন্ট। প্রতিটি বাজেট স্পীচে তিস্তা বাঁধ নিয়ে চিন্তা করছেন বলছেন।

[3-00—3-10 P.M.]

দিস ইজ নট প্রপার উইথ ইওর অফিসার মেক এ মাস্টার প্ল্যান। আপনি একটাও শেষ করতে পারবেন? আপনি লিখেছেন, '৯৭'এর খরিপ মরশুমে একটি বৃহৎ অঞ্চলকে সেচ সামর্থের আওতাভুক্ত করা যাবে। তিস্তা বাঁধ প্রকল্প শেষ হওয়ার মুখে। আজকে সেখানে কোনও অ্যাসিস্ট্যান্স দিচ্ছেন না যাতে সেটিকে শেষ করা যেতে পারে। বাঁকুড়া এবং পুরুলিয়ায় আপনি মাঝারি সেচ প্রকল্প ছাড়া বৃহৎ সেচ প্রকল্প করতে পারছেন না। বাঁকুড়া এবং পুরুলিয়ায় ১৮টি মাঝারি সেচ প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। কোনওটাই সেখানে ফিনিশড হয়নি। এগুলোকে এক্সপিডাইট করা দরকার। পুরুলিয়া এবং বাঁকুড়ার স্বার্থে আপনি ন্যাবাডের কাছ থেকে টাকা নিয়ে এগুলো করবেন বলেছেন। বাজেটের মধ্যে আপনি সেই বক্তব্য রেখেছেন। আপনি টাকা নিন, যোগাড় করুন। কিন্তু এই মাঝারি প্রকল্পের মাধ্যমে আপনি যে এক্সট্রা এরিয়া করবেন বলে উল্লেখ করেছেন, আপনার প্রকল্পের কাজ যদি যথা সময়ে শেষ না হয়, প্রকল্প যদি সেইভাবে না থাকে, তাহলে আপনি এটা করবেন কি করে? আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বিনয়ের সঙ্গে বলছি, আপনার এত কোটি টাকা লাগবে না, আপনি যদি ক্যানেল ওয়াটার সিস্টেম থেকে রাজস্ব সংগ্রহ করতে পারেন। আপনি যদি ক্যানেল ওয়াটার সিস্টেম থেকে একশো কোটি টাকা সংগ্রহ করতে পারেন তাহলে আপনার এত কোটি টাকা লাগবে না। আগামীদিনে আপনি এটা করতে পারবেন এই আশা রেখে এবং এম.এল.এ-দের টোটাল ইনভলভ করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে সেচ ও জল সম্পদ বিকাশ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং কংগ্রেসের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। কিছুক্ষণ আগে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য বললেন, এই সেচের জন্য পশ্চিমবাংলায় কিছু হয় নি। সবই নাকি কংগ্রেস করে গেছে। হ্যাঁ, আমরা স্বীকার করি যে কংগ্রেস কিছু করেছে। কিন্তু তা কি রকম? আমাদের পশ্চিমবাংলার অবস্থাটা তখন কি রকম ছিল? আমরা ঐ যুক্তিতে যদি ধরি যে কংগ্রেস বিরাট কিছু করে গেছে, তাহলে আমাদের এই যুক্তিটা মানতে হয়, এটা বোধহয় সবাই জানেন এবং এটাই বোধহয় হবে যে, বৃটিশরা ১৮৫৪ সালে আমাদের দেশে যখন রেল লাইন তৈরি করেছিল, তখন তারা এই উদ্দেশ্যে সেটা করেনি যে ভারতবর্ষের মানুষ সবাই গোটা দেশে ঘুরে বেড়াবেন। আমাদের দেশে যে কাঁচামাল এবং খনিজ সম্পদ ছিল সেগুলোকে লুঠ করবে বলে করেছিল। বৃটিশরা আমাদের দেশে শিক্ষা ব্যবস্থা চালু করেছিল। দেশের মানুষ শিক্ষা লাভ করে উন্নতি করবে এইজন্য কি তারা আমাদের দেশে শিক্ষা ব্যবস্থা চালু করেছিল? না, তারজন্য করেনি। সেজন্য এটা আমাদের বুঝতে হবে। আমি বিরোধী দলের মাননীয় সদস্যদের অনুরোধ করব, এই যে প্রকল্পগুলো তৈরি হয়েছিল—কংসাবতী প্রকল্প, ময়ূরাক্ষী প্রকল্প—তখন পশ্চিমবাংলার অবস্থা কি ছিল আর বর্তমানে কি পরিবর্তন হয়েছে? একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় অঙ্গরাজ্যে দাঁড়িয়ে

সীমাবদ্ধ ক্ষমতাকে ব্যবহার করে পশ্চিমবাংলার সেচ ব্যবস্থার যে উন্নতি বামফ্রন্ট সরকার করতে পেরেছে, গোটা ভারতবর্ষের ক্ষেত্রে তা একটা নজিরবিহীন ঘটনা। পরিসংখ্যান সেই কথাই বলে। পরিসংখ্যান এই কথা বলে যে গোটা ভারতবর্ষে চাষযোগ্য জমির শতকরা ৩৩ ভাগ জমিতে সেচের ব্যবস্থা আছে। সেখানে পশ্চিমবাংলায় ৫০ ভাগের বেশি জমিতে সেচের ব্যবস্থা আছে। এটা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তৈরি করেছেন। আমার কাছে জেলাওয়ারি হিসাবও আছে। আমরা দেখছি, আমাদের বাঁকুড়া জেলা, যেটিকে বলা হয় পিছিয়ে পড়া জেলা। এই জেলা কংগ্রেস আমলে কংসাবতীর থেকে জল পেত ২ হাজার ৫০০ হেক্টর এরিয়া, এখন সেখানে বাঁকুড়া জেলাতে ৯৩ হাজার ৪০০ হেক্টর জমিতে জল দেওয়া সম্ভব হচ্ছে। বাঁকুড়াতে ক্ষুদ্র সেচের মাধ্যমে যেখানে ১০ হাজার হেক্টর জমিতে জল দেওয়ার ব্যবস্থা ছিল আজকে সেখানে ৪০ হাজার হেক্টর জমিতে জলসেচের ব্যবস্থা করা সম্ভব হয়েছে। সেখানে সরকারের যে মূল দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গির ফলে পশ্চিমবঙ্গে উন্নয়নের কাজ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গে কংগ্রেস আমলে ৪টি বৃহত্তর সেচ ব্যবস্থা ছিল, এই সরকার সেগুলোর সংস্কার সাধন করেছে। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে কাজ করা সম্ভব হয়েছে। তারপরে অনেক এম.এল.এ. ওদের পক্ষের বললেন যে, কিছু জানতে পারেন না ওই সব বিষয়ে আমি তাদের বলি এখন তো সাবজেক্ট কমিটি হয়েছে, সেখানে এম.এল.এ.রা তো সব বিষয়ে জানতে পারবেন। আজকে পশ্চিমবঙ্গে বামফ্রন্টের আমলে সেচ বিভাগের সঙ্গে জেলার যোগাযোগ সম্ভব হয়েছে এবং তাই পরিকল্পনা রূপায়ণ করা গেছে। সেখানে জেলা পরিষদের মাধ্যমে বিভিন্ন খাতে টাকা দেওয়া হচ্ছে এবং সেচ ব্যবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব হয়েছে। আজকে সেচব্যবস্থার ক্ষেত্রে একটা বিরাট পরিবর্তন ঘটেছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলোতে সেচের যে পরিবর্তন ঘটেছে তার তুলনায় এখানে অনেক পরিবর্তন ঘটেছে এবং মানুষের আর্থিক উন্নতি ঘটেছে। সেখানে পাঞ্জাব এবং হরিয়ানার কি অবস্থা—ফুড অ্যান্ড এগ্রিকালচার অরগ্যানাইজেশন একটা হিসাব দিয়েছেন, তাতে দেখা গেছে যে, পাঞ্জাবের সেচের যে অবস্থা তাতে কৃষকরা অপুষ্টিজনিত হারে ভুগছে এবং যেটা ২৬ ছিল সেটা এখন ৩০ এসে দাঁড়িয়েছে। আজকে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচের মাধ্যমে বেশি করে জমি হাতে এসেছে। কংগ্রেস আমলে যেখানে ৫০ জন জমিতে শতকরা থাকত, এখন সেখানে শতকরা ৭০ ভাগ মানুষ জমিতে আছে। কংগ্রেস আমলে ৩০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল আজকে সেখানে ৫০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। ফলে পশ্চিমবঙ্গে অর্থনৈতিক উন্নতি হয়েছে এবং কৃষিতে উৎপাদন অনেক বেড়েছে। তারপরে কংগ্রেস আমলে সব মিলিয়ে খাদ্যশস্য উৎপাদন হত ৭৫ লক্ষ মেট্রিক টন, আজকে সেখানে গত বছরে বন্যা হওয়া সত্ত্বেও ১ কোটি ৩০ লক্ষ মেট্রিক টন উৎপাদন হয়েছে। এখন অগ্রগতি অনেক ঘটেছে, পশ্চিমবঙ্গে সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে অগ্রগতি ঘটেছে। তবে আমাদের সরকারের ব্যবস্থাপনার মধ্যে কিছু ত্রুটি আছে। আজকে কংসাবতী, ময়ূরাক্ষী এবং তিস্তার দ্বারা ৮০ হাজার একর জমিতে জল দেওয়া সম্ভব হয়েছে এবং সেই জল কৃষকরা পেয়েছে। ১৯৯৫-৯৬ সালে ৪টি প্রকল্পের মধ্যে তিস্তা, কংসাবতী, ময়ূরাক্ষী এবং ডিভিসির দ্বারা ১০ লক্ষ ২০ হাজার ২০ হেক্টর জমিতে জলসেচের ব্যবস্থা

করা গেছে। সেখানে ওয়াটার ট্যাক্স আদায় করা দরকার কিন্তু সেখানে কিছুটা ঘাটতি আছে, ডিপার্টমেন্টের অফিসারদের এই বিষয়টা দেখার দরকার। রোটান্ডার এবং রাইটার্স বিল্ডিংসে মিটিং করার পরে জেলায় মিটিং করে অফিসাররা ছেড়ে দিচ্ছেন। সারা বছরে বোরো, খরিপ, রবি চাষ হচ্ছে, ওই ৩টি চাষ থেকে ওয়াটার ট্যাক্স কালেক্ট করা সম্ভব। এই বিষয়গুলো দেখলে ক্ষুদ্র সেচের ক্ষেত্রে অভূতপূর্ব পরিবর্তন ঘটবে। পশ্চিমবঙ্গে বছরে ২৯ লক্ষ হেক্টর জমিতে ক্ষুদ্র সেচের মাধ্যমে সেচ ব্যবস্থা করা হয়েছে।

[3-10—3-20 P.M.]

এবারে বাজেটে মন্ত্রী মহাশয় বলছেন প্রায় ৪০ লক্ষ হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করা হবে, এটা ঠিক নয় যে কোনও আর.এল.আই.তে বিদ্যুৎ এর সংযোগ দেওয়া হয় নি; অনেক জায়গায় বিদ্যুৎ এর সংযোগ দেওয়া হয়েছে। আমি দীর্ঘদিন সভাপতি ছিলাম, আমার ব্লক এলাকায় ৪/৫টি আর.এল.আই.তে বিদ্যুৎ এর সংযোগ দেওয়া হয়েছে। আরও অনেক আর.এল.আইতে বিদ্যুৎ এর সংযোগ করলে সেচের ব্যবস্থা বেড়ে যাবে। সেইজন্য আমি মনে করছি, আমাদের এই যে ব্যবস্থাপনা, এই ব্যবস্থাপনায় কাজের উৎকর্ষতা বাড়াতে হবে। কংগ্রেসিরা চেঁচামেচির মধ্যে দিয়ে কিছু করতে পারবে না। আমরা কাজের অভিজ্ঞতা দিয়ে বুঝেছি, কোথায় আমাদের ত্রুটি আছে, সেই অবস্থার পরিবর্তন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীরা উদ্যোগ নেবেন। আর একবার এই বাজেটকে সমর্থন করে, ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**श्री मो० अब्दुल करीम चौधरी** : मिस्टर डिपुटी स्पिकार सर, मै आपके माध्यम से यहाँ पर सिचाई विभाग के बजट पेश किया गया है उसपर दो-चार शब्द बोलने के लिए खाड़ा हुआ हैं । हमारे एरिगेशन एण्ड वाटरवेज के मंत्री श्री देवब्रत बन्द्योपाध्याय ने जो डिमाण्ड 66 और 68 और हमारे वाटर इन्भेस्टीगेशन एण्ड डभलपमेन्ट डिपार्टमेन्ट के मंत्री श्री नन्दगोपाल भट्टाचार्य ने डिमाण्ड न० 67 को आज यहाँ पर पास कराने के लिए पेश किए है इसकी विरोधिता करते हुए और हमारी पार्टी की और से जो छटाई प्रस्ताव रखा गया है उसका समर्थन करते हुए हम अपना भाषण रखा रहे हैं। सर, सबसे पहेली बात मै माइनर एरीगेशन के बारे मे कहना चाहूँगा हमारे नन्दगोपाल भट्टाचार्य जी से कहना चाहूँगा नए आए हैं, इस डिपार्टमेन्ट को देखे हैं। देखिए इस माइनर एरीगेशन डिपार्टमेन्ट मे आज किस तरह की धांधली हो रही हैं। मै आपसे आशा करता हूँ इस और नजर देंगे। मेरे पहले हमारे बन्धुगण बहुत से बात रखे हैं। कहने के लिए बहुत से डभलपमेन्ट प्रोग्राम लाए हैं। बहुत ही प्रोग्राम हैं। लेकिन क्या कारगर ढंग से काम हो पाता हैं, आम आदमी को, कृषक को इसका कोई लाभ मिल पाता हैं। आज हम यहाँ

[3-20 – 3-30 P.M.]

पर देखते हैं पानी की एहितियात सुविधा के लिए 3 हजार स्कीम यहाँ पर लिए हैं। रिभर लिप्ट एरीगेशन 3170 करोड़ रुपया जौ की स्कीम 9171 करोड़ रुपया मोटर पम्प सेट एवं अन्य मदो मे खर्च की जाएगी। आपलोग पैसा को सिर्फ पानी की तरह बहा देते हैं। काम नही होता हैं। समान चला जाएगा लेकिन सुमान की सुरक्षा करने बाला कोई नही हैं। मै दायित्व लेकर कहता हैं, आपके एक भी कर्मचारी काम नही करते हैं। आपरेटर रखे हैं, एसीसटेन्ट आपरेटर हैं और नाइट गार्ड हैं। मै जानना चाहता हूँ कि एक दिन भी पम्प सेट चलता हैं, नही चलता हैं।

मिस्टर डिप्टी स्पीकर सर, मै जहाँ का प्रतिनिधी हूँ हमारे इस्लामपुर मे, उत्तर बंगाल के दक्षिण दिनाजपूर मे पड़ता हैं। सर, वहाँ मै देखता हूँ बहुत से पम्प सेट पड़ा हुआ हैं, खराव है या अच्छी हालत मे है कोई देखने बाला नही हैं। सर, सिफ इस्लामपूर सव-डिविजन ही नही सभी जगह का एक ही हाल हैं। आपको पता हैं रिवर लिप्ट एरीगेशन की बात करते हैं, मै भी इसका समर्थन करता है, डिपार्टमेन्ट मे जो बहाल है वह देखने तक नही जाते हैं, और समान चोरी हो जाता हैं, लाग कुछ समान को खोलकर चले जाते हैं। आप नीति किसके लिए वनाते हैं गरीव किसानो के लिए, नही आप गरीवो को चूसते हैं। आपका बजट चाय वगान के मालिको के हित मे होगा न कि गरीव किसानो के हित मे। किसानो को तो आपलोगो ने तवाह कर दिया हैं। इस्लामपूर मे आप कहते हैं कि हमारी कि सिचाई व्यवस्था है कृषि योग्य उपजाउ भूमि हैं और ये जमीन सब बड़े-बड़े चाय बगान के मालिक दखल कर हो रहे हैं। कृषि योग्य भूमि चाय वगान के अन्दर चला गया, सरकार की तरफ से कोई प्रतिबाद नही हुआ। वहाँ के लोग जब इसके विरुद्ध आन्दोलन करते हैं तो सरकार की ओर से दमनकारी नीति अपनाया जाता हैं। एस० डी० ओ० आफिस से लेकर एग्रीकलचर डिपार्टमेन्ट और एरीगेशन डिपार्टमेन्ट के डी० सी० हेड क्याटर सभी जगह भाग बना हुआ हैं, गलत काम ही होता हैं यहाँ पर। चोपड़ा और करनदीघी मे यही सब व्यवस्था हैं। यह बात हमारे नये मंत्री महोदय जानते हैं, यहां कोई भी स्कीम बिना दलाली के पास नही होता हैं। यहाँ कर्मचारी और दलाल लूट रहे है किसानो को कोई फायदा नही हैं।

हमारे इस्लामपूर सब-डिविजन हमेशा सै ही उपेक्षा काा शिकार रहा हैं। यहाँ पर कुछ स्लोव टयूववेल हैं, यहाँ पर डीप टयूववेल की बहुत जरुरत हैं। आपके डिपार्टमेन्ट

यहाँ उत्पादन बढ़ाने के लिए कोई भी कदम उठाए हैं। सिर्फ पैसा को पानी की तरह बहा दिया जाता हैं। कुछ लोगों को फायदा होता हैं जो पार्टी से जूड़े हुए हैं जिनका नाम मार्क्सवादी कम्युनिस्ट पार्टी भेजती हैं। आज आफिस का संचालन तो वही करती हैं डिपार्टमेन्ट की स्थिति हास्यास्पद हैं। सर, आज नोर्थ बंगाल और खासकर इस्लामपूर की क्या स्थिति हो गयी हैं। उपजाए भूमि पर आपके इसारेपर चाय बगान लगाया जा रहा हैं। आप क्या कर रहे है, इसके परिणाम के बारे मे कभी सोचे हैं। कल उन किसानो का क्या होगा। उनके बाल बच्चे कहाँ जाएगे। एक शुरु से ही नोर्थबंगाल, इस्लामपूर उपेक्षा का शिकार रहा हैं। चाय बगान होने के बाद बिहार, आसाम बगेरह से मजदूर आएगें और यहाँ के लोगों को हरियाणा और पंजाब की ओर जाकर गुजर बसर करना होगा क्योकि इनको तो काम नही मिलेगा। आप बजट बढ़ा रहे हैं मै इसका विरोध नही करता हूँ लेकिन इसका उपयोग होता हैं। पैसा पानी की तरह बहा दिया जाता हैं। देखा जाता हैं जिस समय बाट आ चुकी होती हैं उस समय आप बांध का मरम्मत कराने को सोचते हैं और काम शुरु होता हैं। क्या काम हुआ कितना काम हुआ कोई देखने बाला नही होता हैं। आपके डिपार्टमेन्ट के लोगो को यह मालूम नही की कहाॅ डीप टयुवल होगा और कहाँ श्रलोव टयूववेल होना चाहिए।

मै देवब्रत वन्दोपाध्याय महोदय को अनुरोध करता हूँ कि आप हमारे यहाँ चले देखेंगे आफिस सी० पी० एम० के नेता असीम घोस दस्तीदार के इसारे पर चलती हैं। तमाम काम उनके इच्छानुसार होता हैं। कौन इन्जीनीयर कौन सा काम करेंगे एवं कौन किस इलाके को देखेंगे। सरकारी अनुदान हो य अन्य स्कीम जिसे चाहते हैं देते हैं। आपके डिपार्टमेन्ट उस नेता को हस्तक्षेप करने से रोक पाएगी। इस्लामपूर के दोनो डिविजनो मे जो भी काम होता हैं 50 हजार 60 हजार से लेकर एक लाख २ लाख का काम जो भी काम होता हैं। उसमे सबका हिस्सा बना हुआ हैं। सबका परसेन्टेज बना हुआ हैं। वहाँ से असीसटेन्ट इन्जीनियर करोड़ो रुपये ले जा रहे हैं।

आपलोग न जाने तिस्ता प्रोजेक्ट को कब तक जनता के सामने उपयोग के लिए तैयार कर पाएगे। सिर्फ केन्द्र सरकार की आलोचना और समालोचना से तो काम नही हो जाएगा। कहने को तो बहुत कुछ था न जाने क्यो डिस्टी स्पीकर साहब हमारा समय काट लिए, अन्त मे यही कहकर किसानो को उसका उचित हक देगे। अपके डिपार्टमेन्ट

मे जो व्याप्त भ्रष्टाचार हैं उसपर अंकशु लगाए, यही कहते हुए इस बजट का विरोध करते हुए अपनी बात समाप्त करता हूँ।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জল-সম্পদ উন্নয়ন বিভাগের ১৯৯৬-৯৭ সালের যে বাজেট সেটাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আরেকটি কথা বলতে চাই বিরোধী পক্ষের একজন প্রাক্তনমন্ত্রী মাননীয় সুনীতিবাবু যখন বক্তব্য রাখলেন তখন আমি ভেবেছিলাম উনি বিগতদিনের এক্সপিরিয়েন্স বলবেন এবং আগামী দিনে পশ্চিমবঙ্গের সেচ ব্যবস্থা কিভাবে চলবে সে ব্যাপারে সাজেশন রাখবেন। কিন্তু তাঁর বক্তব্য শুনে মনে হল তিনি সঠিকভাবে পড়াশোনা করে আসেন নি। তিনি যেভাবে বক্তব্য রাখলেন সেটা সঠিক কি বেঠিক তা পরবর্তীকালে জানা যাবে। সেচ বিভাগ একটা গুরুত্বপূর্ণ বিভাগ। গোটা ভারতবর্ষের কৃষি অর্থনীতি সেচ ব্যবস্থার উপর নির্ভরশীল। সেই সেচ ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য যদি কেন্দ্র ও রাজ্য সরকার যৌথভাবে উদ্যোগ না নেন তাহলে দেশে কৃষি সম্পদ উৎপাদন হবে না। কৃষি উৎপাদন না হলে আমাদের দেশের অর্থনীতি ভেঙে পড়বে। স্বাভাবিক ভাবে এই দপ্তরকে যে গুরুত্ব দেওয়ার দরকার, কেন্দ্রীয় সরকার থেকে এই দপ্তরকে সেভাবে গুরুত্ব দেওয়া হয় নি। যার পরিণতি হিসাবে দেশের অর্থনৈতিক পরিস্থিতি এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে, আই.এম.এফ. বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে দেশ ঋণে জর্জরিত হয়ে আছে। যাই হোক, সুনীতিবাবু যে প্রস্তাবগুলো দিলেন সেই প্রস্তাবগুলো সলভ করা যায় কিনা দেখি। এই প্রস্তাবগুলো সল্‌ভ করা যায় যদি অর্থ থাকে। কিন্তু রাজ্য সরকারের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে ইরিগেশন এবং ক্ষুদ্র সেচকে আরও বেশি করে মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় নি। গত ৫ বছরে বিশ্বব্যাঙ্কের সহযোগিতায় ক্ষুদ্র সেচের ব্যাপারে যে পরিকল্পনা গ্রহণ হয়েছে সেটার তথ্য দিচ্ছি—গভীর নলকূপ হয়েছে ১৪০০, শ্যালো টিউবওয়েল হয়েছে ৮ হাজার ৫০০ টি, রিভার লিফ্‌ট ইরিগেশন হয়েছে ৭০টি। আমরা সি.এল.ডি.পি.-এর পক্ষ থেকে দীর্ঘমেয়াদী লোনের ব্যবস্থার মধ্যে দিয়ে শ্যালো টিউবওয়েল দিয়েছি। পঞ্চায়েত ব্যবস্থায় ইরিগেশন, সেচ, কূয়ো, পুষ্করিণী যা করা হয়েছে তা ১৯৭৭-৭৮ সালে দেখা যায় যেখানে ৩০ পারসেন্ট হয়েছিল, সেখানে এই বাজেটে সেটা ৫০ পারসেন্টের বেশি করা হয়েছে। কিন্তু কোন তথ্যের ভিত্তিতে ৫০ পারসেন্ট সেচ হয়েছে বললেন সেটা জানি না। পঞ্চায়েতে সীমিত পরিকল্পনার মাধ্যমে ইরিগেশন, মাইনর ইরিগেশন গঙ্গার মিষ্টি জলে দক্ষিণ-২৪ পরগনা, হাওড়া ও মেদিনীপুরের বিরাট অংশে সেচ হয়। সমস্ত ইরিগেশনের স্কোপ তুললে ৫০ ভাগের বেশি হবে। আপনারা এই তথ্য ৫০ ভাগ দিয়েছেন কি করে জানি না। এই ডিপার্টমেন্ট সম্পর্কে আমরা বলেছি, অর্থ থাকলে ক্যানেল সিস্টেমের ফলে আরও জল দেওয়া যায়। আপনারা শুনুন ১৯৭২-৭৩ সালের বাজেটে পশ্চিমবঙ্গের তৎকালীন মন্ত্রী এ.বি.এ. গনিখান. চৌধুরি কি বলেছিলেন—সেচ বাজেটে, পেজ—১০৫০—কোনও বন্যা প্রতিরোধে, বন্যা নিয়ন্ত্রণে, বন্যার জল নিরসন খুবই কঠিন। এই সমস্যার সমাধান করতে ৩০০ কোটি টাকার দরকার। কিন্তু আমরা বরাদ্দ টাকার ১০ কোটি ৫০ লক্ষ টাকা পাই। কেন্দ্রের সাহায্য ছাড়া এই কাজ

করা সম্ভব নয়। সুনীতিবাবু শুনুন, মাননীয় অজয় মুখার্জি মহাশয় এই কথাকে সমর্থন করে কি বলেছিলেন—"১১ বছরের অভিজ্ঞতার মধ্যে দিয়ে জানাই, এই বিভাগের জন্য যে টাকার দরকার তার ১০ ভাগও পাওয়া যায় না। তাই সুষ্ঠুভাবে কাজ করা অসম্ভব। এই টাকা কোথা থেকে আসবে, কে দেবে, দেবে কিনা জানি না। তাই প্রতি বছর বর্ষার সময় এই বিভাগের খরচা বাড়বে।" ইরিগেশন এবং ওয়াটার ওয়েজ ডিপার্টমেন্টকে পশ্চিমবঙ্গে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। তার মধ্যে দিয়ে সেচের ব্যবস্থা বিশেষ করে ধান ও আলুর ক্ষেত্রে এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট সেচ ছাড়া সম্ভব নয়।

[3-30—3-40 P.M.]

স্বভাবতই আমরা সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে গ্রামের মানুষের, চাষীদের ভূমি বন্টনের মধ্যে দিয়ে একটা বিরাট পরিবর্তন করার চেষ্টা করছি। পরিকল্পনাগুলো দুটো ক্ষেত্রে সময়সীমা নির্দ্ধারণ করা দরকার। একটা স্কীম ৫ বছর হবে, না ৭ বছর হবে, এটা ঠিক না করলে দেখা যাচ্ছে একটা স্কীম ২০/২৫ বছরও চলে যাচ্ছে। স্বভাবতই প্রোজেক্ট কস্টও এমনভাবে বাড়ছে, পরবর্তীকালে নতুন কোনও পরিকল্পনা গ্রহণ করতে পারছে না। এদিকে বামফ্রন্ট সরকারের নজর দেওয়া দরকার। ৮০ পারসেন্ট টাকা দিয়ে আমরা জমির কাজ করতাম। সমস্ত টাকা শোধ করে তবে নতুন কাজ করতে হবে। এক্ট -১, এর ক্ষেত্রে জমির কম্পেনসেশন পেতে নোটিশ দিতে হয়, গেজেট নোটিফিকেশন করাতে হয়,—সেই দীর্ঘমেয়াদী ধারায় স্কীম করা যায় না। এই ব্যবস্থার সরলীকরণ করা দরকার। অ্যাক্ট-১ অনুযায়ী ডিপার্টমেন্ট ঐ জমিগুলি নোটিশ করে ভ্যালুয়েশন ঠিক করে কি না, সেটা সমস্যা, এটা সরকারের বিচার-বিবেচনা করা দরকার। আমাদের ঠিকাদার প্রথা যেটা আছে, তাকে টেন্ডার দেওয়া হয়। টেন্ডার পেয়ে যদি কাজ না করেন, সেই অ্যাকশন হবে মারাত্মক। তিন মাস পরে ঠিকাদার একজন ইঞ্জিনিয়ারকে যা খুশি করতে পারে। অনেক ঠিকাদার কাজ না করে আরবিট্রেশন করে ডিপার্টমেন্টের হাজার হাজার টাকা আত্মসাৎ করে। এই ব্যাপারটা সঠিকভাবে দেখা দরকার। পয়সা থাকলে যে ক্যানেলগুলো আছে, সেইগুলো সিমেন্টিং করে জল অনেক দূর পর্যন্ত নিয়ে যাওয়া সম্ভব হয়। এটাও বিচার-বিবেচনা করা দরকার। সেচ বিভাগের যে যেখানে পোস্টিং, বর্ষার সিজনে তারা যেন সেখানে থাকেন, এই গ্যারান্টি ডিপার্টমেন্ট থেকে করা দরকার। ক্ষুদ্র সেচের কথা বলি—স্লুইসের দ্বারা উত্তরবঙ্গ, কলকাতা, হাওড়া, হুগলি এবং আমাদের পুরুলিয়া তিন রকম জায়গায় তিন রকম সেচের ব্যবস্থা করা সম্ভব। ওয়াটার লেবেল সার্ভে ব্লক লেভেলে আছে, মৌজায় নেই, ফলে কোনও চাষী যদি ডিপ টিউবওয়েল করতে চায়, তার কোনও সার্ভে রিপোর্ট থাকে না। মৌজা ওয়াইজ এই ব্যবস্থা থাকলে ব্যক্তিগতভাবে ডিপ টিউবওয়েল বসাবার ব্যবস্থা গ্রহণ করতে পারে। মৌজা ওয়াইজ ওয়াটার লেভেল সার্ভে করার জন্য আপনাকে অনুরোধ করব। যে প্রকল্পগুলি আছে, সেইগুলির প্রতিটিতে, প্রকল্প ওয়াইজ একজন, দুজন সরকারি ওভারশিয়ার নিয়ে কমিটি করা যায় কিনা দেখবেন। বেনিফিসিয়ারি, ইরিগেশন, এগ্রিকালচার ডিপার্টমেন্ট এবং পঞ্চায়েত, এসব কে নিয়ে যদি বেনিফিসিয়ারি

ইরিগেশন স্কীম কমিটি করা যায়, তাহলে এই কমিটি ট্যাক্সগুলো আদায় করতে পারে। এবং জল বিলি-বন্টনের ক্ষেত্রে এদিক না ওদিক নানারকম যে সমস্যা দেখা যায়, সেইগুলোরও সমাধান করা যেতে পারে। আর, ইরিগেশন সেস্ কমিটি মাইনর ইরিগেশন, এগ্রিকালচার ডিপার্টমেন্ট এবং পঞ্চায়েতকে যুক্ত করে একটি পরিকল্পনা গ্রহণ করার প্রস্তাব রাখছি। যদি আপনারা মনে করেন, করবেন। আমাদের জেলাতে বলছে জল নিচে নেমে যাচ্ছে। কিন্তু সেখানে ডিপ টিউবওয়েল করে ইরিগেশনের সুযোগ আছে কিনা পরীক্ষা করে দেখা দরকার। কংগ্রেস আমলে বলেছিল, পুরুলিয়া জেলাতে কোনও ডিপ টিউবওয়েল হবে না, পানীয় জল পাবে না। পরে ৭৫ সালে দুটো রিগ করেছিল রামকৃষ্ণ মিশন এবং পুরুলিয়া সৈনিক স্কুল, দেখা গেছে ব্যাপক জল আছে। ডিপ টিউবওয়েল করে পুরুলিয়া, মেদিনীপুর অঞ্চলে জল সেচ করা যায় কি না পরীক্ষা-নিরীক্ষা করা দরকার। সব শেষে বলব মিডিয়াম স্কীমের কথা। বড় বড় স্কীম, যেমন তিস্তা, এসব সেন্ট্রাল এইডেড স্কীম, সেখানেই টাকা দিয়ে দেন সেন্ট্রালের টাকা পাওয়ার জন্য। কিন্তু দেখা যায় সব টাকা খরচ হয় নি। যত দিন ধরে পরিকল্পনা করছেন, তাতে চাষীরা সঠিকভাবে উপকৃত হয় নি। আমি মন্ত্রী মহাশয়কে বলব মিডিয়াম স্কীমগুলি গুরুত্ব সহকারে ধরুন, তাতে কম টাকার বেশি ইরিগেশন হবে। পশ্চিমবঙ্গে যে সব ছোট ছোট জলবাঁধ আছে, তাতে বৃষ্টির জল ধরে রাখতে হবে। ধরে রেখে ব্যবহার করতে হবে। যদি নদীর জল ব্যবহার করা হয় তাহলে সমস্যা দেখা দেবে। সেই সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে আজকে যৌথভাবে পরিকল্পনার মাধ্যমে ইরিগেশনকে গুরুত্ব দিতে হবে। এটা করতে পারলে আগামী দিনে পশ্চিমবঙ্গ ভারতের অর্থনীতির ক্ষেত্রে এবং কৃষিক্ষেত্রে এগিয়ে যাবে। সেই ভরসা রেখে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের সেচ এবং জলপথ দপ্তরের ৬৬ এবং ৬৮ নম্বর দাবির উত্থাপন প্রসঙ্গে এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং কংগ্রেস দলের বিভিন্ন সদস্যদের আনা কাট-মোশনের সমর্থন করে আমি এই বাজেটকে সুন্দরবনের অবহেলিত এলাকার প্রতিনিধি হিসাবে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী মাননীয় দেবব্রতবাবু তাঁর বাজেট ভাষণে পশ্চিমবাংলার সেচ ব্যবস্থার উন্নয়নের জন্য একটা সার্বিক পরিকল্পনার রূপ-রেখা এমনভাবে উপস্থাপিত করেছেন—ব্যক্তিগতভাবে আমি শুনেছি, উনি খুবই সজ্জন ব্যক্তি, সৎ ব্যক্তি, ওনার সাধ্যাতীত প্রতিশ্রুতি দিয়ে উনি ১৯৯২ সাল থেকে বিভিন্ন বক্তব্য রেখেছেন। তখন আমি এই বিধানসভার সদস্য হিসাবে না থাকলেও পরে তা জেনেছি তাতে মনে হয়েছে, উনি কাজ করতে চান। কিন্তু ঠিকাদারদের স্বর্গরাজ্যে বসবাস করে সেচমন্ত্রী কতটা কাজ করতে পেরেছেন তা তাঁকে একবার ক্ষতিয়ে দেখতে বলি। তিনি পশ্চিমবাংলার সেচ-ব্যবস্থার কথা বলতে গিয়ে উত্তরবঙ্গের অবহেলিত অঞ্চলের কথা, তিস্তা প্রকল্পের কথা বারবার বলেছেন। অতীত দিনের বাজেটে ভাষণের পুনরাবৃত্তি করেছেন। কিন্তু তিস্তা প্রকল্প পূর্ণাঙ্গ রূপায়িত হয়নি। উত্তরবঙ্গে কৃষকদের সমস্যার সমাধান হয়নি, সমস্যা সমস্যাই রয়ে গেছে। আপনি শুধু মাত্র কেন্দ্র বিরোধী কথা

আর নতুন পরিকল্পনার গাঁথা দিয়েই বাজেট বক্তৃতা পেশ করবার চেষ্টা করেছেন। স্যার, আমি বাজেট বক্তৃতার একটা জায়গা দেখে অবাক হলাম, আমি জানি না সেচ দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী আমাদের জেলার প্রতিনিধি এবং সুন্দরবনের প্রতিনিধি থাকতেও মাননীয় দেবব্রতবাবু এমন একটা বাজেট রচনা করলেন কি করে। দক্ষিণ ২৪-পরগনায় সবচেয়ে বেশি অবহেলিত জায়গা সুন্দরবন। গত ১৯ বছরে সেচ-ব্যবস্থার কি উন্নতি সেখানে হয়েছে? যদিও তিনি আমাদের মেদিনীপুর এলাকার দক্ষিণ ২৪-পরগনার সমুদ্র উপকূলবর্তী এলাকার কথা বলেছেন, ঘূর্ণিঝড় বিধ্বস্ত এলাকার মানুষের উল্লেখ করেছেন, তাঁর বক্তব্যের মধ্যে বন্যা প্রতিরোধের জন্য বঙ্গোপসাগরের মধ্যে আশ্রিত অঞ্চলকে রক্ষা করার কথা ভেবেছেন। কিন্তু ভাবলেও আমি দেখেছি—যখন অর্থনৈতিক দিক থেকে বরাদ্দ রক্ষা করা হয়েছে, বিশেষ করে বন্যা সংরক্ষণের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ করেছেন মোট টাকার ৪৬ কোটি ৯২ না ৯৩ লক্ষ ৪২ হাজার টাকা ফ্লাড কন্ট্রোলের জন্য উল্লেখ করেছেন। সমুদ্রের ঝড়ের বিরুদ্ধে থেকে তিনি দক্ষিণ ২৪-পরগনা এবং মেদিনীপুরের উপকূলবর্তী অঞ্চল বাঁচাতে চেয়েছেন। অর্থাৎ ডিটেইল রিপোর্টটা দেখলাম সমুদ্রবায়ু রোধের জন্য একটাও টাকার কথা মোশনে উল্লেখ নেই। ফ্লাড কন্ট্রোলের ব্যাপারেও কিছুই উল্লেখ নেই। উনি বলেছেন, লাল-পাথরের মোরাম দিয়ে নাকি নদীবাঁধ বেঁধে দেবেন। আজকে রাঙ্গাবেলিয়ার নদী-বাঁধ ভেঙ্গে যাচ্ছে লোকালয় নষ্ট হয়ে যাচ্ছে। আজকে মাননীয় গণেশবাবু বলুন তো, এই বাজেট থেকে ঐ স্কীমের জন্য একটাও টাকা দেওয়া হল না কেন?

[3-40—3-50 P.M.]

আজকে বলছেন সমুদ্র ক্ষয় থেকে আপনারা এলাকাকে রক্ষা করবেন। সমুদ্র সৈকতে আমাদের বকখালিতে মুখ্যমন্ত্রী নন্দন কয়েক কিঃমিঃ দূরেই চিংড়ি চাষ করেন ফেজারগঞ্জে, সেই বকখালি আজকে সমুদ্রগর্ভে চলে যাবে। এটা শুধু রাজ্য সরকারের বাজেটের মাধ্যমেই হবে না, কেন্দ্রীয় সরকারের সহায়তা দরকার। কিন্তু সেই সমুদ্রের ক্ষয় থেকে রক্ষা করবার জন্য কি পরিকল্পনা, কত টাকা এই খাতে বরাদ্দ আছে সেই সম্পর্কে নির্দিষ্ট কোনও উল্লেখ নেই। পাশাপাশি যে গোবর্ধনপুর হওয়ার কথা মন্ত্রী মহাশয়ের বাজেটে তার উল্লেখ নেই। সীতারামপুর সেচ দপ্তরের প্রতি দিনের হেডেক। গত কয়েক দিন আগে আমি গণেশবাবুর সঙ্গে দেখা করি, মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করে সুন্দরবনের নদী বাঁধের কথা বলেছি। আজকে বঙ্গোপসাগরে আছড়ে পড়ছে, সেখানে তটরেখাকে বাঁচাবার জন্য কিছু কাজ নিশ্চয় করেছে সেচ দপ্তর। ঠিকাদারদের সাম্রাজ্য হলেও, সুন্দরবন বঞ্চিত থাকলেও, নদী বাঁধ সংস্কার সঠিক না হলেও, টাকা মাঝ পথে আটকে থাকলেও কিছু কিছু কাজ নিশ্চয় হয়েছে, এটা আমি অস্বীকার করি না। কিন্তু এত কম যে সেখানকার মানুষদের বাঁচানো যাবে কি না, পশ্চিমবাংলার মানচিত্রে সেই ভূখন্ডটি থাকবে কি না সেটা নিয়েই সংশয় দেখা দিচ্ছে। মানচিত্র দেখে বলা যাবে যে বঙ্গোপসাগরের কাছে সীতারামপুর, বুড়োবুড়ির তট নামে একটা জায়গা ছিল। আমরা দেখতে পাচ্ছি যে ০৭০০ হেড তে দক্ষিণ ২৪-পরগনায় বন্যা নিয়ন্ত্রণের

ক্ষেত্রে ২৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ডায়মন্ডহারবারে ফ্রী ট্রেড জোন ফলতায় ২৯০০ হেড়ে ১২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। সেখানে ৬০ লক্ষ ৭৫ হাজার মূল বরাদ্দ সেখানে ৩৬ লক্ষ টাকা দক্ষিণ ২৪ পরগনায় খরচের উল্লেখ আছে। মাননীয় মন্ত্রী যে বাজেট বক্তব্য রেখেছেন—আমি ঠিকাদারদের সাম্রাজ্য বলছি, অনেকে হয়তো বলতে পারেন যে আমি বাজেট বক্তব্যকে কটাক্ষ করে এ কথা বলছি। আমার এলাকায় সংবাদপত্র আলিপুর বার্তায় একটা সংবাদ প্রকাশিত হয়েছে যে ৮০ লক্ষ টাকা সেচ দপ্তর জয়নগর সাবডিভিসনের সুন্দরবন অঞ্চলের নদী বাঁধ সংস্কারের জন্য খরচ করেছে বলে দাবি করছে, যার মধ্যে আমার পাথর প্রতিমায় ২০ লক্ষ টাকা খরচ হয়েছে বলছেন। এই ৮০ লক্ষ টাকা কোথায় খরচ হয়েছে জানি না। উন্নয়নের কথা বলে কয়েক শত কোটি টাকা বরাদ্দের কথা বলেছেন। ৮০ লক্ষ টাকা খরচ হয়েছে অথচ পাথরপ্রতিমায় যেন নদী বাঁধ সংস্কার হয় নি, কয়েক ঝুড়ি মাটিও পড়ে নি। ইঞ্জিনিয়ার আর ঠিকাদারদের মধ্যে হিসাব নিকাশ হয়ে ৮০ লক্ষ টাকা চুরি হয়ে গেছে। আমি মনে করি না মন্ত্রী সে টাকার ভাগ পেয়েছেন। কিন্তু মানুষ এটা মনে করতে পারে। সেজন্য খুবই স্বাভাবিক কারণে মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই, সুন্দরবনকে যদি বাঁচাতে হয়, সুন্দরবনকে যদি রক্ষা করতে হয় তাহলে এখনও সময় আছে যুদ্ধকালীন জরুরি ভিত্তিতে ওখানে কাজ শুরু করুন। মাননীয় মন্ত্রী মহাশয় কিছু আইন সংশোধনের কথা বলেছেন। সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের প্রয়োজনে আইন সংশোধন করুন। শুধু বাজেট বিবৃতির মধ্যে সমস্ত কিছু সীমাবদ্ধ রেখে নিজেদের দায়-দায়িত্ব শেষ করবেন না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি, আমাদের সুন্দরবন এলাকায় সেচ ব্যবস্থার কি উন্নতি হয়েছে? ক'টা নতুন খাল খনন করা হয়েছে? আমরা তো দেখছি চাষীরা বোরো ধান চাষের সময় সেচের জল পায় না। ওখানে কবে একটা ডাঃ বিধানচন্দ্র রায় 'উত্তর-ভাগ পাম্প সেট' তৈরি করেছিলেন; তারপর আর কিছু হয় নি। আজকে ঐ অঞ্চলে সিপিএম-এর ক্যাডাররা জমিতে নোনা জল ঢুকিয়ে ভাগে ভাগে মাছের চাষ করছে। চাষীরা চাষের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। দক্ষিণ ২৪-পরগনা বিস্তীর্ণ অঞ্চলে ফসলের জমিতে নোনা জল ঢুকিয়ে দেওয়া হচ্ছে। ওখানকার একফসলা জমিকে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে দু'ফসলায় রূপান্তরিত করার চেষ্টা হয়েছিল। তারপর আর কিছু হয় নি। ১৯ বছর ধরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় বসে থেকে বিভিন্ন ক্ষেত্রে বাহবা কুড়াবার চেষ্টা করছে। বামফ্রন্ট সরকারের সেচমন্ত্রীও তার অংশীদার। কিন্তু এই ১৯ বছরে আমাদের জেলায় তেমনভাবে সেচের কোনও উন্নতি হয় নি। আমি পুরুলিয়া, বাঁকুড়ার কথা বলব না। ওখানকার সদস্যরা তা বলবেন। আমাদের দক্ষিণ ২৪-পরগনায় সেচের কোনও উন্নতি হয় নি। আমি দক্ষিণ ২৪-পরগনার পাথর প্রতিমার বিধায়ক। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে একটা পাম্প সেট্ বসাবার কাজ শুরু হয়েছিল—বহু দিন আগে ডিপ টিউবওয়েল বসানো হয়েছে, কিন্তু বিগত চার বছর ধরে সেটা পড়ে আছে। এখন পর্যন্ত ওখান থেকে জল সরবরাহ করার কোনও ব্যবস্থা করা হয় নি। এই যদি অবস্থা হয় তাহলে কি করে এক ফসলা জমিতে দুটো করে ফসলের চাষ হবে? কি কৃষক সেচ পরিষেবা পাবে? অনুরূপভাবে জয়নগর, কুলতলী এলাকায় সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলের যে পাম্প সেট্

গুলির মাধ্যমে জল সেচের ব্যবস্থা হয়েছিল, আজ বহুদিন যাবৎ সেগুলো বিকল হয়ে পড়ে আছে। সেগুলি সংস্কারের কোনও ব্যবস্থা নেই। ফলে ওখানে এখন জল সেচের কোনও ব্যবস্থা নেই। এই অবস্থায় অবহেলিত সুন্দরবন অঞ্চলকে বাঁধ মেরামতের মধ্যে দিয়ে, খাল খননের মধ্যে দিয়ে, ডিপ টিউবওয়েল করার মধ্যে দিয়ে বাঁচাবার চেষ্টা করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রেখে, এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট্ মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ৬৬ নং এবং ৬৮ নং দাবির অধীন যে বাজেট মাননীয় সেচমন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় এই সভায় পেশ করেছেন তাকে সমর্থন করে অল্প সময়ের মধ্যে কিছু কথা বলতে চাই। আমাদের বিরোধী বন্ধুদের কথা শুনে আমার ইতিহাস-সিদ্ধ একটা কথা মনে পড়ে গেল। এককালে মিশরীয় সভ্যতাকে নীল-নদের দান বলা হত। সেই দৃষ্টান্ত অনুযায়ী বলতে হয় যে, নদী আমাদের কাছে একদিকে যেমন আশীর্বাদ, তেমন অন্যদিকে আবার অভিশাপ। বিরোধী বন্ধুরা ১৯ বছরের কথা বলছেন। কিন্তু তার আগেও তো এই দপ্তর ছিল, এখানে ওঁদের সরকার ছিল এবং কেন্দ্রেও ওঁরাই ছিলেন; তখন অবস্থা কি রকম ছিল? এখানে মাননীয় সদস্য নিশিকান্তবাবু এই মাত্র তৎকালীন মন্ত্রীর বক্তব্য পাঠ করে শোনালেন। আজকে আমরা আধুনিক বিজ্ঞানের সাহায্যে নদীতে বাঁধ দিয়ে নদীকে আমাদের কাজে লাগাচ্ছ। জনগণের স্বার্থে, জনগণের পরিষেবায় লাগাচ্ছি। নদী বাঁধের সাহায্যে আমাদের যে বড় এবং মাঝারি সেচ প্রকল্পগুলি গড়ে উঠেছে সেই প্রকল্পগুলির সাহায্য নিয়ে আজকে পশ্চিমবাংলায় যে শস্য উৎপাদন হচ্ছে তাতে খাদ্য শস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে শীর্ষ স্থান অধিকার করেছে। এ কথা আজকে অনস্বীকার্য যে, আজকে আমরা খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে স্বয়ম্ভর হবার দিকে এগিয়ে চলেছি। আজকে আর পশ্চিমবাংলার কোনও চাষী কখনও বসে থাকে না। কোটি কোটি চাষী সারা বছর প্রায় উৎপাদনের সঙ্গে যুক্ত হয়ে রয়েছে। এই অবস্থায় আজকে আর আমাদের রাজ্যের মানুষদের শাবলা, শালুক, মাইলো, ভুট্টার ওপর নির্ভর করে বাঁচতে হচ্ছে না। আজকে আর পশ্চিমবাংলার কোনও চাষী তার জমিতে একটা মাত্র ফসল উৎপাদন করছে না, একাধিক ফসল উৎপাদন করছে। বেশীরভাগ জমিকেই দো-ফসলা, বহু ফসলায় রূপান্তরিত করা সম্ভব হয়েছে। আজ আর চাষীকে বলতে হয় না আল্লা মেঘ দে, পানি দে। গোটা রাজ্য শস্য শ্যামল হয়ে উঠেছে।

[3-50—4-00 P.M.]

এবং সেই উৎপাদিত ফসলের জন্য আমাদের রাজ্যের স্থান ভারতবর্ষের কাছে গর্বের। এর সাথে সাথে অভিশাপ অস্বীকার করা যায় না। নদীর গতিপথকে যতই বেঁধে কাজে লাগাবার চেষ্টা করি বিজ্ঞান এবং প্রযুক্তির মাধ্যমে, সেই হিমালয় থেকে নদীর যে উদ্ভব এবং সমুদ্রে যার বিলীন তার গতিপথকে আমরা যতই স্তব্ধ করার চেষ্টা করি—কিছুদিন আমাদের কাজে লাগে, একটা জায়গায় আমরা উপকার যেমন পাই—কিন্তু তার অপরদিকে আমাদের

বাঁধ ভেঙে আমাদের সর্বনাশ ডেকে আনে। সুতরাং অভিশাপ হল আমাদের মূল্যবান জমি, আমাদের সম্পদ, আমাদের ফসল, আমাদের জীবন, আমাদের শস্যের ক্ষতি এবং তার পাশাপাশি লোনা নদী, সমুদ্র উপকূলবর্তী এলাকায় শুধু জীবন সম্পত্তি আর ফসল নয়, সভ্যতার বিলোপ আস্তে আস্তে ঘটে যাচ্ছে। দিনের পর দিন, বছরের পর বছর সেখান থেকে মনুষ্য বসতিকে সরে যেতে হচ্ছে। এটাই হচ্ছে ইতিহাস। তাই বলছি, নদী তার পথ খুঁজে নিচ্ছে। সেইজন্য এর পাশাপাশি যে বড় বড় প্রকল্পগুলি নেওয়া হয়েছে—গঙ্গা, পদ্মার বড় বড় বাঁধগুলি যেগুলি ভেঙে যাচ্ছে সেই বাঁধগুলিকে সংরক্ষণের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেই গঙ্গা, ভাগিরথী, পদ্মার নুড়ি, বালি কিন্তু বিলীন হচ্ছে বঙ্গোপসাগরের উপকূলে যে খাড়ি নদী আছে সেই খাড়িগুলি ভরাট হয়ে যাচ্ছে। সেইজন্য একটা সুনির্দিষ্ট পরিকল্পনা করা দরকার। এই জায়গাটা আমাদের খুঁজে বের করতে হবে। আমরা বার বার শুনি, রাজ্য বাজেটে অর্থের পথ সুগম নয়, প্রকৃতির সাথে যুদ্ধ করে পরাজয় হচ্ছে, জয়ও হচ্ছে। এক্ষেত্রে সুনির্দিষ্ট কিছু প্রস্তাব আমাদের গ্রহণ করা দরকার। (১) ভাঙনের কূল যেমন দীর্ঘদিন স্থায়ীভাবে রক্ষা করা যাচ্ছে না, লক্ষ লক্ষ কোটি কোটি টাকা বছরের পর বছর ব্যয় করে ম্যাট্রেসিং, প্রোকোপাইলিং, ডাম্পিং, বোল্ডারিং এই সমস্ত করেও আমরা রক্ষা করতে পারছি না, সেইজন্য আমাদের বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেই ব্যবস্থার মধ্যে আমি বলতে পারি, এখানে উল্লেখ আছে, হাজার হাজার বিঘা জমি যেমন একদিকে ভেঙে যাচ্ছে তেমনি আর একদিকে পুনর্বাসনের প্রশ্নও দেখা দিচ্ছে। এই সব মানুষগুলির পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। এখানে উল্লেখ আছে, ৩৭ হাজার ৬৬০ বর্গ কিলোমিটার বন্যা-প্রবণ এলাকা। সুতরাং এগুলিকে আগাম চিহ্নিত করে মানুষকে সরিয়ে নিয়ে গিয়ে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। অন্যদিকে জেগে ওঠা স্থানে নতুন বসতি স্থাপন করতে হবে। এর সাথে সাথে যে কথাটা বলা দরকার সেটা হচ্ছে, বর্ষার আগে বাজেটের কাজ হওয়া সম্ভব নয়। কারণ আমাদের বাজেট যখন শেষ হয় তখন মে মাস এসে যায়। সুতরাং এই বাজেটে টাকা ধরে রেখে বর্ষার আগে কাজ করা সম্ভব নয়। আমি আর একটি অনুরোধ রাখব, আপনি সেচের ক্ষেত্রে যেভাবে টাকা বরাদ্দ করেছেন, সমুদ্র-উপকূলবর্তী এলাকার বন্যা-নিয়ন্ত্রণের জন্য মাত্র ১ কোটি ৩৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। এই টাকার ক্ষেত্রটা বিবেচনা করার জন্য অনুরোধ রেখে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত খাঁড়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচ মন্ত্রী, শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় জলসেচ ও বন্যা নিয়ন্ত্রণের উপর যে বাজেট ভাষণ রেখেছেন তার বিরোধিতা করি এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট-মোশন দিয়েছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলব। এখানে আমাদের শাসকদলের অনেক বক্তা সুন্দর মামুলি কথা বলে আমাদের প্রতি কটাক্ষ করে সরকারি কৃতিত্বের জন্য উৎসাহজনক কথাবার্তা বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে সজ্জন ব্যক্তি অনেকেই বলেছেন। কিন্তু সজ্জন হলেও বিপদ হয়ে যায়। উনি এক সময়ে পঞ্চায়েতের মন্ত্রী ছিলেন। পঞ্চায়েতের হিসাব মেলেনি বলে উনি হুমকি দিয়েছিলেন। সেইজন্য ৬ মাস পঞ্চায়েত দপ্তরের ভার চলে গিয়েছিল ওনার হাত থেকে। ফলে ছয় মাস

পরেই পঞ্চায়েত মন্ত্রকের ভার চলে গিয়েছিল আপনার হাত থেকে। ঠিক সেইভাবে আজকে সেচ দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর, এই সব কথা অনেকেই বলছেন, যে সেচ দপ্তরের উন্নতি না করলে, বন্যা নিয়ন্ত্রণ না করলে আর্থিক উন্নয়ন হয় না, কথাটা যখন ঠিকই, আপনার ভাষণের মধ্যে আছে যে আপনি কোনও প্রকল্প এখন পর্যন্ত শেষ করতে পেরেছেন যে এতদিনের মধ্যে তিস্তা প্রকল্পের কাজ প্রায় শেষ হতে চলেছে, এছাড়া আপনি কিছুদিন আগে, ভোটের আগে বিনয় বাবু আমাদের মেদিনীপুরে সুবর্ণরেখার ভিত্তি প্রস্তর স্থাপন করতে গিয়েছিলেন। ভোটের পরেই আপনি গিয়েছিলেন, গিয়ে বাস্তব কথা বলে এসেছেন যে ১৫ বছরেও এই সুবর্ণরেখা প্রকল্প শেষ করা যাবে না। আমি আমার মেদিনীপুর জেলার উদাহরণ দিয়ে বলছি, বাঁকুড়ার এক ভদ্রলোক বললেন যে কংগ্রেস আমলে ১০ হাজার হেক্টর জমিতে জল পেয়েছিল, এখন আমাদের আমলে ২০/৪০ হাজার হেক্টর জমিতে সেচের জল পাচ্ছে। খুবই প্রশংসার কথা। কিন্তু আমার বাচ্চা বয়সে ওজন ছিল ২৫ কেজি, এখন আমার বয়স ৪০ বছর এক বয়স্ক যুবক, আমার ওজন এখন ৫৫ কেজি, এটা কি তুলনা হিসাবে ঠিক হল? আজকে ২০ বছর শুধু নয়, যুক্ত ফ্রন্টের আমলটা যুক্ত করলে বয়সটা কম হয়ে যায় নি। এই সময়ের মধ্যে আর্থিক উন্নয়ন এবং কেন্দ্রীয় সরকারের যে সব আর্থিক সাহায্য পাওয়া গেছে, তার পরিমাণের কথাটা যদি পাশাপাশি বলতেন তাহলে তুলনা করতে সুবিধা হত যে কতটা কৃতিত্ব তাদের পাওনা আছে। আজকে আমি আমার মেদিনীপুর জেলার উদাহরণ দিয়ে বলছি, কংসাবতী প্রকল্প এখনও শেষ হয় নি। আর যত জমি সেচের আওতায় বলা হয়, আমরা যদি এই সভা থেকে একটা কমিটি করে দিই, সেই কমিটি বিভিন্ন জেলায় গিয়ে দেখব যে কত জমি প্রকৃত জল পাচ্ছে, কতটা জমিতে বোরো চাষ হচ্ছে, সেচ হিসাবে ঘোষিত যে সব জমি, তা কি সেচের আওতায় আছে? অসেচ জমিকেও সেচ হিসাবে ধরা হয়েছে, পরিসংখ্যানে দেখানো হয়েছে। আজকে আমাদের মেদিনীপুর জেলায় ভগবান মাস্টার প্ল্যান, নন্দীগ্রাম মাস্টার প্ল্যান, আজও কার্যকর হল না। যার ফলে বিস্তীর্ণ এলাকা বর্ষায় জল জমে থাকে, জল নিকাশি হয় না। পটাশপুর, সবং ভগবানপুর, নন্দীগ্রাম, নরঘাট, এই বিস্তীর্ণ এলাকায় কেলেঘাই সংস্কার না হওয়ার ফলে বর্ষায় জল জমে থাকে চাষ হয় না। আর বর্ষা যখন উত্তীর্ণ হয়ে যায় তখন ইলেকট্রিকের অভাবে এবং মাঝারি সেচ প্রকল্প না থাকার ফলে শীতের সময়েও চাষ হয় না। ক্ষুদ্র সেচ প্রকল্পে চাষীরা নিজেদের উদ্যোগে যে সব জায়গায় শ্যালো ডিজেল দিয়ে চালায়, সেই সেই জায়গায় ফসল ওঠে, মানুষ খেতে পায় না বলে চাষীরা নিজস্ব উদ্যোগের উপর নির্ভর করে চাষ করছে। তারজন্য সব কৃতিত্বের ভাগিদার হয়ে যাবে বামফ্রন্ট সরকার, কেমন করে তা আমরা মানব? আমরা বিরোধী পক্ষের লোকেরা শুধু বিরোধিতা করছি তা নয়, নদী বাঁধ ভেঙে যাচ্ছে, তাতে মানুষ ভেসে যাচ্ছে। পশ্চিমবাংলা নদীমাতৃক দেশ, এই নদীমাতৃক রাজ্য, সেখানে গঙ্গা যমুনা, পদ্মার ভাঙন রোধ করা যাচ্ছে না। কংসাবতীর ভাঙন রোধ করা যাচ্ছে না, কপালেশ্বরী, কেলেঘাই নদীর ভাঙন রোধ করা যাচ্ছে না, তাহলে কোনটায় কৃতিত্ব অর্জন করেছেন, সেটা আমাদের কাছে পরিষ্কার করতে হবে। আমরা সমালোচনা করলেই হবে না, আমরা চাই সরকার পক্ষের কাছে

যে সমালোচনা করতে দেবার সুযোগ যাতে না থাকে, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ প্রকল্পের ক্ষেত্রে সেই রকম কাজ করে প্রকৃত আর্থিক উন্নয়নের ক্ষেত্রে তারা কাজে লাগুক, এই ভাবে পশ্চিমবাংলার উন্নয়ন হোক, এটাই আমাদের বক্তব্য।

[4-00—4-10 P.M.]

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, ডিমান্ড নং ৬৬, ৬৭, ৬৮-এর অধীন দুই দপ্তরের মাননীয় মন্ত্রীরা যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তা সমর্থন করছি। যেহেতু আমার সময় কম সেইহেতু আমি আমার বক্তব্য ৬৬ এবং ৬৮ নং দাবির মধ্যেই সীমাবদ্ধ রাখব। আমি প্রথমেই অভিনন্দন জানাই মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে এই কারণে যে এবারে তিনি যোজনার ব্যয়বরাদ্দ ৩৮ কোটি ৭৫ লক্ষ টাকা বাড়াতে পেরেছেন। কিন্তু এই প্রসঙ্গে আমি একটা কথা বলব, স্টেট এক্সচেকার থেকে তিনি এ বছর যে টাকাটা আদায় করতে পেরেছেন তা কিন্তু গতবারের চেয়ে ২৫ লক্ষ কম। যে ৩৮ কোটি ৭৫ লক্ষ টাকা একসেস তিনি এবারে আদায় করতে পেরেছেন টোট্যাল ১৯০ কোটি ৭৫ লক্ষ টাকার মধ্যে তারমধ্যে ন্যাবার্ড থেকে ৩৫ কোটি এবং টেন্থ ফাইন্যান্স কমিশন থেকে ৪ কোটি এই মোট ৩৯ কোটি টাকা তিনি একসেস ধরেছেন। আমি তাকে অভিনন্দন জানাই টোট্যালটা তিনি বাড়াতে পেরেছেন বলে। এবারে অ্যানুয়াল প্ল্যানে ১০ পারসেন্টের অনেক বেশিই তিনি বাড়াতে পেরেছেন, মোর দ্যান ২৫ পারসেন্ট। এটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। আরও বেশি যাতে বাড়াতে পারেন তারজন্য আমি তাকে অনুরোধ করব। এরপর আমি ইকনমিক রিভিউ-এর টেবিল নং ৫.১৩-র প্রতি দৃষ্টি আকর্ষণ করব। আমার সময় খুব অল্প তাই আমি বিস্তৃত ব্যাখ্যায় যাব না। সেখানে দেখা যাচ্ছে যে ক্যানেল ইরিগেশনে ১০ বছর ধরে প্রায় স্টাটিক হয়ে আছে। এর মূল কারণ যে কখনও কখনও কম বৃষ্টিপাতের জন্য জলাধারগুলিতে জল কম থাকে সুতরাং জল সরবরাহ করা যায় না তা নয়, এর মূল কারণ হচ্ছে, আমরা গত কয়েক বছর ধরেই দেখছি, যেটা আমাদের বৃহৎ সেচ দপ্তরের নজর এড়িয়ে গিয়েছে, জলাধারগুলি সিলটেড হয়ে গিয়েছে। সামগ্রিকভাবে সেগুলির জল ধারণের ক্ষমতা কমে গিয়েছে। সুতরাং এখানে টপ মোস্ট প্রায়রিটি যেটাতে থাকা দরকার সেটা হচ্ছে এই জলাধারগুলির সিল্ট ক্লিয়ারেন্স ব্যবস্থা করা। আমাদের আট আট-টা পরিকল্পনা শেষ হয়ে গিয়েছে কিন্তু কখনও এই ডিপার্টমেন্টের পক্ষ থেকে শুনিনি যে এই জলাধারগুলির সিল্ট ক্লিয়ারেন্সের ব্যাপারে আমাদের প্রায়রিটি দিতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, ৯-ম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে এই জলাধারগুলির সিল্ট ক্লিয়ারেন্সকে যথাযথ গুরুত্ব দিন। এর পর আমি যে বিষয়টি নিয়ে বলতে চাই সেটা নিয়ে এর আগেও অনেকবার বলেছি। ইয়ার বিফোর লাস্টেও এ প্রসঙ্গে বলেছি। বিষয়টি হচ্ছে সুবর্ণরেখা প্রকল্প। প্রথম যখন এতে টাকা বরাদ্দের প্রশ্ন ওঠে তখন আমি বলেছিলাম যে এই সুবর্ণরেখা প্রকল্প হওয়া উচিত। আমাদের মেদিনীপুর জেলা পশ্চিমবঙ্গের বৃহত্তম জেলা। আমাদের এখানে একটাও কোনও ইরিগেশন প্রোজেক্ট নেই। আমি বলেছিলাম এ নিয়ে কিন্তু ছেলেখেলা করা উচিত

নয়। আপনি দু'বছর ধরে বাজেট বরাদ্দ করছেন প্রায় ৭/৮ কোটি টাকার মতন কিন্তু এ দিয়ে কি হবে? ২২৬ কোটি টাকার যেখানে স্কীম সেখানে তো এইভাবে টাকা বরাদ্দ হলে ১০/১২/২৫ বছরেও এই স্কীম শেষ হবে না। এ দিকে আমাদের রিসোর্সেস লিমিটেড। এই অবস্থাতে এখানে যদি এই ফাইট-টা না তোলা যায় নতুন করে যে—কোনও যুক্তিতে পাঞ্জাবের এনটায়ার ইরিগেশন সেন্ট্রাল গভর্নমেন্ট করে দিচ্ছে, এক নয়া পয়সাও স্টেট গভর্নমেন্টকে খরচ করতে হয় না, সেখানে কেন পশ্চিমবঙ্গে একটা অন্তত মেজর ইরিগেশন প্রোজেক্ট সেন্ট্রাল গভর্নমেন্ট করবে না? আপনার পক্ষ থেকে এবং দপ্তর থেকে এই দাবি ওঠা উচিত। অ্যাট দি সেম টাইম সেন্ট্রাল গভর্নমেন্ট যে অর্থ দেন সেটা হচ্ছে ইরিগেশনের ক্ষেত্রে। ড্রেনেজ এবং ফ্লাড কন্ট্রোলের ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্ট কোনও রাজ্যকে কিছু দেবেন না। তথাকথিত এই যে একটা ফিলোজফি কেন্দ্রের ইরিগেশন ডিপার্টমেন্ট ধরে রেখেছেন যে ড্রেনেজ এবং ফ্লাড কন্ট্রোলের ব্যাপারে স্টেটগুলিকে কোনও এ্যাসিস্টেন্স দেবার দরকার নেই এটা একটা রং ফিলোজফি। গত ৫০ বছর ধরে কংগ্রেস গভর্নমেন্ট এটা চালিয়ে এসেছেন। That must be fought out with all our effects. আমি ডিপার্টমেন্টকে বলব, এই জিনিসটা সিরিয়সলি কেন্দ্রের নজরে আনা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তরের কাজের অগ্রগতি সামগ্রিকভাবে ভাল হলেও কয়েকটি ক্ষেত্রে গ্রস লুপহোলস কিন্তু রয়ে গিয়েছে যেগুলি নিশ্চয় ওভারকাম করতে হবে। বামফ্রন্টের পক্ষ থেকেই একজন বক্তা বললেন যে, বর্ষার আগে কাজ শুরু করা যায় না। আমি তার সঙ্গে সহমত পোষণ করি না। ইরিগেশন ডিপার্টমেন্টের একমাত্র ইমিডিয়েট ফ্লাড ফাইটিং-এর যে কাজ সেটা ফ্লাডের সময় করতে হবে ঠিকই কিন্তু তার আগে এনটায়ার কাজগুলি বর্ষার আগেই শেষ করা উচিত। অতীতেও এটা ছিল। মে মাসের আগেই সমস্ত কাজ শেষ করতে হত। ডিপার্টমেন্টকে তো ক্যাশ পেমেন্ট করতে হয় না, ডিপার্টমেন্ট তো ধারেই কাজ করান ঠিকাদারদের মাধ্যমে। ধারে যখন কাজ করাতে পারেন তখন তা মে মাসের মধ্যে কেন করাতে পারবেন না তার কোনও জাস্টিফিকেশন খুঁজে পাচ্ছি না। এটার সুযোগ নিয়েই কিন্তু বর্ষার সময় কাজ করে ঐ মাটি, জল, টাকা সব একাকার হয়ে যায়। এই জিনিসটার প্রতি যথাযথ নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর অনেক ক্ষেত্রে দেখা যায় যে প্রশাসনিক সিদ্ধান্ত নেবার ব্যাপারে ডিপার্টমেন্টের দৃঢ়তা এবং বিচক্ষণতার অভাব থাকছে। আমার সময় অল্প বলে আমি মাত্র একটি রেফারেন্স দেব। স্যার, বামফ্রন্টের পলিসি হচ্ছে জনমুখি প্রশাসন অর্থাৎ জনগণের মধ্যে থেকে প্রশাসন করা। কিন্তু অনেক নিচের স্তরের প্রশাসনিক অফিস যেগুলি সেগুলি জনগন থেকে অনেক দূরে। আপনি জানেন, মেদিনীপুরে 4নং মেনটেনেন্স সাব ডিভিসন যায় হেড কোয়ার্টার মেদিনীপুরে সেটা সবং-এ শিফ্ট করার ক্ষেত্রে আপনার রাজি হতে হতে ২ বছর সময় লেগেছে এবং সেটা আজও কার্যকর করতে পারা যায়নি। এগুলি কিন্তু ওভারকাম করতে হবে। অনেকেই বলেছেন, আমিও বলছি, এই দপ্তরের অনেক ভাল কাজ থাকলেও একটা কলঙ্ক কিন্তু রয়ে গিয়েছে এবং সেটা সত্যিকারের কলঙ্ক। এই দপ্তরকে বহু জায়গায় বহু ক্ষেত্রে ঠিকাদারদের একটা দুষ্ট চক্র ঘিরে রয়েছে। ব্যক্তিগতভাবে দেবব্রত ব্যানার্জি, আপনি

অত্যন্ত সৎ মানুষ। আপনার দপ্তরে অনেক ভাল দক্ষ ইঞ্জিনিয়ার আছেন কিন্তু দীর্ঘ কয়েক দশক ধরে—সেই কংগ্রেসি আমল থেকেই এটা চলছে যে ঠিকাদারদের একটা ভয়ঙ্কর দুষ্টচক্র এই দপ্তরের বহু লক্ষ লক্ষ কোটি কোটি টাকা নয়ছয় করছে। এই জিনিসটা কেন ঘটবে আমি বুঝতে পারি না। আমি জানি না দেবব্রতরা চিরকালই এরকম সৎ এবং অসহায় হন কিনা, আমি জানি না চিরকাল দেবব্রতরা এরকম নীতিনিষ্ঠ এবং দুর্বল হন কিনা। আপনাকে দেখে এবং আপনার প্রশাসনকে দেখে বারবার আমার মনে পড়ে মহাভারতের একটা কথা। যেখানে যুধিষ্ঠির প্রশ্ন করেছিলেন আর এক দেবব্রতকে যে আপনার চারধারে কেন দুর্যোধন, দুঃশাসনরা ঘিরে রয়েছে? মহাভারতের সেই দেবব্রত ভীষ্ম উত্তরে বলেছিলেন, অর্থস দাস সর্বে অর্থ দাস ন কস্চচিৎ। আমার টাইম শেষ হয়ে গিয়েছে, পরিশেষে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আপনার প্রশাসনের পরিচ্ছন্নতাকে আরও উন্নত করার চেষ্টা করুন। আপনার কাছে একটিই মাত্র আবেদন, 'ক্ষুদ্রম প্রশাসন দৌবল্যং তক্তোতিষ্ঠ দেবব্রত।' ধন্যবাদ।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, ১৯৯৬-৯৭ সালের সেচ এবং জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এবং জল সম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলি আনা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা এখানে বলতে চাই। আমাদের প্রথম বক্তা শ্রী সুনীতি চট্টরাজ মহাশয় পুঙ্খানুপুঙ্খভাবে গত ২০ বছরে এই রাজ্যের সেচ ব্যবস্থার কিভাবে অবনতি হয়েছে, নদী এবং সমুদ্রের বাঁধগুলি তৈরি করতে গিয়ে কি ব্যর্থতা হয়েছে সেটা বলেছেন। এখানে পুরুলিয়ার একজন বক্তা বললেন যে উত্তরবঙ্গে বিশেষ করে তিস্তার প্রতি বেশি দরদ দেখাতে গিয়ে, বেশি অর্থ খরচ করতে গিয়ে সারা রাজ্যের মানুষ বঞ্চিত হয়েছে। আমি তার সুরে সুর মিলিয়ে মাননীয় সেচ মন্ত্রীকে একথা বলতে চাই যে, এই তিস্তার সাইন বোর্ড দেখিয়ে আর কতদিন সারা রাজ্যের মানুষকে বঞ্চিত করবেন? গত ২০ বছরে তিস্তার কি অবস্থা হয়েছে? গত ২০ বছরে কয়েক শত কোটি টাকা ব্যয় করেও এখনও পর্যন্ত তিস্তা প্রকল্পের যে টার্গেট ফিক্সড আপ করা হয়েছিল সেই টার্গেট পৌছাতে অনেক পথ পরিক্রম করতে হবে। সেখানে ৮২ হাজার একর জমিতেও জল সেচ করতে পারেন নি। মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে উনি বলবেন যে টাকার অভাব। কিন্তু একথা সকলেই জানে যে সেচ দপ্তর, এটা ঠিক রাজ্যের সাবজেক্ট, এটা যৌথ তালিকায় নেই। কিন্তু তা হলেও যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দাঁড়িয়ে তিস্তা প্রকল্পে কতটা সাহায্য করা যায় সেটা কেন্দ্রীয় সরকার করছেন। আমি একথা উল্লেখ করতে চাই যে, রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের জবাবি ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী এই হাউসে বিভ্রান্তিকর কথা বলেছেন। তিনি বলেছিলেন যে কেন্দ্রীয় সরকার মাত্র ২৫ কোটি টাকা এই তিস্তা প্রকল্পে দিয়েছে। আপনি জবাবি ভাষণে এটা আমাদের বলবেন। আমি যতদূর জানি সেটা ২৫ কোটি নয়, ১২৩ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা দপ্তর থেকে দিয়েছে এবং ১৫০ কোটি টাকা দেবার প্রতিশ্রুতি আছে। তিস্তা

দেখিয়ে সারা দক্ষিণবঙ্গ এবং অন্য জেলাগুলিকে সেচ দপ্তর কিভাবে বঞ্চিত করছে, আমি একটার পর একটা সেই বিষয়ে যাব। মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে যেকথা আমাদের বন্ধু করিম চৌধুরি সাহেব বলেছেন, তিনি প্রতিবাদও করেছেন। বলা হয়েছে যে তিস্তা কম্যান্ড এরিয়ার মধ্যে কোনও চা বাগান হবে না। কিন্তু আমরা দেখছি যে সেই চা বাগানের জমিগুলি বড়বড় অর্থশালী ব্যক্তিদের হাতে চলে যাচ্ছে। সেই জমি কৃষকদের দিলে তারা সেখানে ধান চাষ করতে পারত।

[4-10—4-20 P.M.]

গত বছর ৮২ হাজার একর জমিতে জল দিতে পেরেছেন এবং সেখানে বর্গাদারদের স্বার্থ রক্ষা করেছেন। তারই জন্য আমি এই হাউসে বারবার বলেছি যে, তিস্তা প্রকল্পের চিফ ইঞ্জিনিয়ারকে স্পটে থাকতে হবে, ব্রেবোর্ণ রোডে বসে থেকে তিস্তা প্রকল্পের কাজ সম্পূর্ণভাবে রূপায়ণ করা যাবে না। আমি নিজে বিধানসভার এস্টিমেট কমিটির মেম্বার ছিলাম। আমি বুঝতে পারিনি, যেখানে সারা ভারতবর্ষে সেচের ক্ষেত্রে বাজেটের ১৭ পারসেন্ট টাকা খরচ করা হয়, সেখানে এই রাজ্যে সেটা ১০ পারসেন্টের নিচে খরচ করা হয় কেন। পার্লামেন্টারি সিস্টেম আপনারা মানেন কিনা জানি না, পার্লামেন্টের রিপোর্টকে গুরুত্ব দেন কিনা জানি না; গত পাঁচ বছর ধরে সাবজেক্ট কমিটির 'পক্ষ থেকে আমরা বারবার বলেছি এ-বিষয়ে। নির্মলবাবু ব্যস্ত মানুষ, কিন্তু প্রতিমন্ত্রী গনেশবাবু, এক্ষেত্রে টাকার প্রতিবন্ধকতার কথা বলেছেন। তবে সম্প্রতি সেখানে আর একজন চিফ ইঞ্জিনিয়ার-টু বলুন বা চিফ ইঞ্জিনিয়ার (কনস্ট্রাকশন) বলুন নিয়োগ করা হয়েছে। কিন্তু সাবজেক্ট কমিটি সেখানে গিয়ে দেখেছেন যে, তাঁর বসবার জায়গা পর্যন্ত নেই এবং ঠিকাদাররা সেখানে সবকিছু গ্রাস করে ফেলেছে। ওখানে এখনও গ্রেভিয়ারের সমস্যা মেটেনি। ফলে পরিবেশ দপ্তর ছাড়পত্র দেবার পরও কাজের ক্ষেত্রে এগোতে পারছেন না। আজকে মেদিনীপুর জেলার দুটি বড় প্রকল্পর মধ্যে একটি হচ্ছে সুবর্ণরেখা বাঁধ প্রকল্প। আগের অধিবেশনে বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকারের পরিবেশ দপ্তর ছাড়পত্র দিচ্ছেন না বলে এক্ষেত্রে কাজ করা সম্ভব হচ্ছে না। কিন্তু আমাদের খবর, বহুদিন হল কেন্দ্রের পরিবেশ মন্ত্রী সেই ছাড়পত্র দিয়ে দিয়েছেন। আগের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে, সুবর্ণরেখা বাঁধ প্রকল্পে ১৩০ হাজার হেক্টর জমিতে আনুমানিক ২২৬.৮২ কোটি টাকা ব্যয়ে সেচ-সামর্থ সৃষ্টির প্রয়াস গ্রহণ করেছেন, তবে তহবিলের অর্থের অপ্রতুলতার কারণে প্রকল্পের কাজ পূর্ণ মাত্রায় আরম্ভ করা যাচ্ছে না। এবং প্রতিবার এরজন্য কয়েক কোটি টাকা ধার্য করছেন, তারপর বছরের শেষে সেই টাকা অন্য খাতে নিয়ে যাচ্ছে। আমরা সুস্পষ্টভাবে জানতে চাই, এই সুবর্ণরেখা বাঁধ প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হচ্ছে সেটা সুনির্দিষ্টভাবে বলবেন। এটা আজকের জবাবি ভাষণে বলতে হবে। আজকে মেদিনীপুর জেলার অভিশপ্ত দুটি নদী—কেলেঘাই এবং কপালেশ্বরী-বর্ষার সময় দু'কুল ছাপিয়ে সমস্ত চাষের জমি নষ্ট করে দিচ্ছে। তারজন্য ঐ প্রকল্পের কাজ দ্রুত রূপায়ণের জন্য মেদিনীপুর জেলার বিধায়কদের ডেকে এক মিটিংয়ে আশ্বাস দিয়েছিলেন। আমরা সুস্পষ্ট জানতে চাই, ঐ প্রকল্পের অবস্থা কি,

কতদিনের মধ্যে শুরু করা সম্ভব হবে? আজকে ভগবানপুরের বিধায়ক বলছিলেন যে, ভগবানপুর-নন্দীগ্রাম নিকাশি প্রকল্পের মাস্টার প্ল্যানের কাজ কিছুদিন আগে শুরু হয়েছে, কিন্তু কাজ শেষ হচ্ছে না, কারণ টাকা নেই। আজকে আপনারা সেচ সেবিত এলাকার কথা বলেছেন। আজকে মেদিনীপুর জেলায় সব থেকে সেচ এলাকায় সেচের জল দেয় মেদিনীপুর ক্যানেল। আজকে সেখানে কি অবস্থা জানেন? মেদিনীপুর ক্যানেলে পলি মাটি জমতে জমতে জল আর যায় না, সেচ আর হয় না। এই তো অবস্থা দাঁড়িয়েছে। শুধু তাই নয় আজকে বোরো বাঁধ, গঙ্গা ভাঙনের বাঁধ এবং সমুদ্র পাড়ের দিঘার একটা বিশাল এলাকায় যে বাঁধ সেইগুলি কি অবস্থায় আছে। দিঘার যেখানে মাছ ধরে, কয়েক দিনের মধ্যেই ময়না প্রায় শেষ হয়ে যাবে নিশ্চিহ্ন হয়ে যাবে, আজকে ময়নার কি অবস্থা। আপনারা বলছেন ৫০ পারসেন্ট এখন পর্যন্ত সেচের ব্যবস্থা করা গেছে। ১৯৭৭ সালে আমরা যখন এই রাজ্যের শাসন ক্ষমতা ছেড়ে চলে যাই সেই সময় ৩০ ভাগ জমিতে আমরা সেচের ব্যবস্থা করে গিয়েছিলাম। আর আপনারা এই ২০ বছরে ২০ ভাগ জমিতে সেচের জল পৌঁছে দিতে পেরেছেন। এটা আপনাদের ব্যর্থতা এটা আমি বলতে চাই। আজকে আমি এখানে স্পষ্ট ভাবে আপনার কাছে জবাব চাইছি, পুরানো যে সমস্ত স্কীমগুলি ছিল, কনটাই ফেজ(২) ঘাটাল মাস্টার প্ল্যান কোথায় গেল? এই প্রকল্পগুলির কাজ অতীতে শুরু হয়েছিল শেষ হচ্ছে না। শুধু তিস্তা দেখিয়ে এই সমস্তগুলি পাশ কাটিয়ে চলে যাবেন? এই ব্যাপারে আপনাকে সমর্থন করা যায় না। এর সাথে ক্ষুদ্র সেচ আছে। আজকে ক্ষুদ্র সেচের অবস্থা কি? মাননীয় মন্ত্রী মহাশয় বোরো বাঁধগুলির কথা উল্লেখ করেছেন। বোরো বাঁধগুলির জন্য টাকা দেন। কখন টাকা দিচ্ছেন? যখন বাঁধগুলি শেষ হয়ে যাচ্ছে তখন টাকা যাচ্ছে। কোনও কাজ হচ্ছে না। আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্টগুলির কি অবস্থা। বহু দিন গড়িমসির পর আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিলেন, ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়ে ক্ষুদ্র সেচের কাজ করবেন না বলেছিলেন, কারণ সাম্রাজ্যবাদ ঢুকে যাবে। তারপর ক্ষুদ্র সেচের জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিলেন। তারপর আপনাদের কি রকম অপদার্থতা দেখুন, সময়মতো আপনারা কাজগুলি করতে পারলেন না, টাইম বাড়াতে হচ্ছে। সেই জন্য টাকা দেওয়া বন্ধ হয়ে গেল। আজকে ক্ষুদ্র সেচের অবস্থান এই জায়গায়। আজকে সব চেয়ে পুরানো মাইনর ইরিগেশন কর্পোরেশনের কি অবস্থা। মাইনর ইরিগেশন কর্পোরেশনের যতগুলি ডিপ টিউবওয়েল ছিল তার প্রায় ৯০ শতাংশ ডিপ টিউবওয়েল খারাপ হয়ে গেছে। মাইনর ইরিগেশন দপ্তর বলে তাদের টাকা নেই, তাদেরকে বাঁচিয়ে রাখার মতো টাকা নেই। আপনারা বলেন ৫০ শতাংশ জমি সেচ সেবিত হয়েছে। তার মানে এই সমস্ত ডিপ টিউবওয়েল ধরে আপনারা এই সংখ্যা তথ্যটা হাজির করছেন যেখানে আসলে সেচের জল পাওয়া যায় না। ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্টে যে সমস্ত ডিপ টিউবওয়েল, স্যালো ডিপ টিউবওয়েল, মিনি ডিপ টিউবওয়েল বসানো হয়েছিল তার বেশির ভাগ বসে গিয়েছে, জল পাওয়া যাচ্ছে না। তার উপর কিছু জায়গায় বহু দিন বিদ্যুৎ নেই, সেখানে এই সমস্ত টিউবওয়েলগুলির সাজ-সরঞ্জাম চুরি হয়ে গিয়েছে। গত অধিবেশনে ডঃ ওমর আলি মহাশয় মন্ত্রী ছিলেন তিনি আমাদের বলেছিলেন আগামী দিনে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে টাকা

পাওয়া যাবে না, ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্টের মাধ্যমে ক্ষুদ্র সেচের ব্যবস্থা করা যাবে না। জার্মানের সাহায্যের ব্যাপারে বলা হয়েছিল, জার্মান থেকে টাকা পাওয়া যাচ্ছে কিনা বলবেন। হল্যাণ্ডের সঙ্গে কথাবার্তা চলছে উত্তরবঙ্গের জেলাগুলিতে ক্ষুদ্র সেচের ব্যবস্থা করার ব্যাপারে। সেই ব্যাপারে কতটা কি হল বলবেন। সর্বশেষে আমি বলি আমাদের এই রাজ্যে ৬০টি ব্লক আছে, মেদিনীপুর, উত্তর এবং দক্ষিণ ২৪-পরগনায় যেগুলি স্যালাইন বেল্ট। সেখানে স্যালো টিউবওয়েল, ডিপটিউবওয়েল এই সমস্ত কিছুর ব্যবস্থা করা যায়নি। এই ব্যাপারে 'সুইড'-এর রিপোর্ট কি বলছেন বলবেন।

[4-20—4-30 P.M.]

আমার তাই দাবি, আজকে এই সমস্ত এলাকায় একটিমাত্র ফসলের উপরে তাদের নির্ভর করতে হয়, এই ৭টি ব্লকের মানুষকে এই যে অবস্থাটা ভোগ করতে হয়, এদের জন্য কি ব্যবস্থা করছেন? আপনার দপ্তরের নাম জল অনুসন্ধান দপ্তর বলে রেখেছেন। তাই আপনার কাছে আমার দাবি, আপনি অনুসন্ধান করে দেখুন ক্ষুদ্র সেচের কি অবস্থা? আজকে ডিপ টিউবওয়েলগুলো খারাপ হয়ে আছে। রিভার লিফট ইরিগেশনের যেগুলো থেকে জলের যোগান দিয়েছিলেন, সেগুলোর অবস্থা কি? আপনারা শতকরা ৫০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা আছে বলে যে হিসাব দিয়েছেন, তা হচ্ছে কাগজ কলমের হিসাব। কাগজে কলমে হিসাবটা ঠিক থাকতে পারে। কিন্তু বাস্তবে তা নয়। আপনার কাছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা, ন্যাবার্ডের টাকা এসে পৌঁছেছে। সেই টাকা দিয়ে বিশেষ করে ক্ষুদ্র সেচের মাধ্যমেই পশ্চিমবাংলায় আরও কৃষি জমি সেচ সেবিত হয়ে যেতে পারে। কিন্তু আপনাদের অকর্মণ্যতার জন্য আজকে আমরা এই জায়গায় দাঁড়িয়ে আছি। তাই আমি এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই সভায় আমাদের পশ্চিমবঙ্গের সেচ ও জল সম্পদ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি দু'একটি কথা বলতে চাই। আমি বলতে চাই এই কারণে যে, আমি প্রথম থেকে বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য খুব মন দিয়ে শুনেছি। সব জবাব আমি দিতে পারব না, তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয় আছেন। আমার সময় খুব কম। সৌভাগ্যের বিষয়, বিরোধী পক্ষের বেঞ্চ থেকে যখন প্রথম বক্তা বলতে শুরু করলেন, তিনি আমার জেলা থেকে নির্বাচিত বিধায়ক, মাননীয় সুনীতিবাবু, তিনি এমনভাবে বক্তব্য রাখতে শুরু করলেন এবং শেষ করলেন বিরোধিতা করে, আমি বুঝতে পারলাম না, তিনি বিরোধিতা করলেন কি করে? বলার সময় তিনি বলে গেলেন, বীরভূম জেলায় যে সেচ প্রকল্পগুলো মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করেছেন তা অভিনন্দনযোগ্য। সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে যে সেচ প্রকল্প গ্রহণ করেছেন তা অভিনন্দনযোগ্য। বলার সময়ে তিনি কোনও আমলে মন্ত্রী ছিলেন, সেই আমলে—কংগ্রেস

আমলে—কিছু কাজ হয়েছে বলে, সেগুলোকে সামনে রেখে, অবশেষে বিরোধিতা করে বসে গেলেন। আমি তাঁর কাছ থেকে জানতে চাই—কংগ্রেস আমলে ময়ূরাক্ষী থেকে শুরু করে, তিস্তা থেকে শুরু করে পশ্চিমবাংলায় যে সেচ প্রকল্প আছে, সেগুলো কংগ্রেস আমলে করেছিলেন। এটা অস্বীকার করা যাবে না। এই কথা তো ঠিক। কিন্তু তিনি কি অস্বীকার করতে পারবেন যে সেই প্রকল্পগুলো আস্তে আস্তে পলি পড়ে নষ্ট হয়ে যাচ্ছে? ভারতবর্ষের বুকে যেমনভাবে কংগ্রেস পচে যাচ্ছে, তেমনি ওদের আমলে যেগুলো তৈরি হয়েছিল সেগুলোতে পরবর্তীকালে ওরা নজর দেন নি। সেন্ট্রাল থেকে কংগ্রেসের মত মুছে যাচ্ছে। ওরা বলছেন সেচ ব্যবস্থার উন্নতি হয়নি, যতটা বাড়া উচিত ছিল তা বাড়েনি। আমি জিজ্ঞাসা করতে চাই, এটার মাপকাঠি কি? কংগ্রেস আমলে পশ্চিমবঙ্গে ধান উৎপাদন হয়েছে মাত্র ৪৭ লক্ষ টন, সেখানে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১ কোটি ৩৫ লক্ষ টন উৎপাদনের জন্য সেচের ব্যবস্থা করতে পেরেছেন। এতেও কি সেচ ব্যবস্থা বাড়েনি? আজকে জল না পেলে ধান, আলু প্রভৃতি ফসল হল কি করে? আকাশ থেকে হয়েছে? কংগ্রেসিরা এই প্রশ্নের জবাব দেবেন। আমি এই বিধানসভাতে চারবার নির্বাচিত হয়ে এসেছি, আমরা বারে বারে কেন্দ্রীয় সরকারের কাছে কৃষকদের জন্য বলেছি। আজকে কংগ্রেস মাথা ঘামাচ্ছেন, দরদ দেখাচ্ছেন, অতীতে এসব কোথায় ছিল? আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলেই তিস্তা প্রকল্প থেকে শুরু করে কান্দি মাস্টার প্ল্যান শুরু হয়েছিল। ওই আমলে প্ল্যান হয়েছিল কিন্তু কার্যকর তারা করেন নি। তারা করেন নি ওই প্ল্যানগুলো কারণ তারা জমিদার জোতদারদের দালাল হিসাবে থাকতেন আর গরিব কৃষকদের কষ্ট দিতেন। তারা জমিদারদের হাতে জমি রেখে দিতেন। ফলে তখন ধানের ফলন কত হত? বছরে মাত্র ৩ থেকে ৪ মণ। আজকে সেখানে কৃষকরা দশ থেকে বারো মণ ফসল ফলাতে সক্ষম হয়েছে। আবার এক বিঘা জমি থাকলে ৩০ থেকে ৪৫ মণ ধান ফলাচ্ছে, এর উত্তর কংগ্রেসিরা দেবেন। এখন পশ্চিমবঙ্গের কৃষকদের মনে অনেক আশা জেগেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে, বীরভূম জেলার বেশ কিছু প্রকল্প তিনি গ্রহণ করেছেন এবং আরও কিছু প্রকল্প আছে, সেগুলোও যদি গ্রহণ করেন সেচের ক্ষেত্রে উপকার হবে। আমাদের জেলায় অজয় নদীর বিরাট সমস্যা আছে, বর্ষার সময় বীরভূম এবং বাঁকুড়ার একটা অংশের কোথাও জল পায় আর কোথাও পায় না। ওই অজয় নদীর প্রকল্প যদি রূপায়িত করতে পারেন তাহলে কৃষকদের ভাবনা চিন্তা দুর হবে। ওই এলাকাগুলো যদি ওই নদীর জল পায় তাহলে ফসল অনেক বেশি ফলাতে পারবে। অন্যদিকে কান্দি মাস্টার প্ল্যান নিয়ে আমি বিস্তারিত বলতে চাইছি না। তবে আমার জেলায় বক্রেশ্বরে যে কান্দি প্রকল্প আছে সেটা যদি গ্রহণ করেন তাহলে খুব উপকার হবে। তাছাড়া আমার জেলায় ছোট বড় প্রায় ১৩০ টি কাদর আছে, ওই কাদর সংস্কার করে যদি কৃষকদের জল পৌঁছে দিতে পারেন তাহলে পশ্চিমবঙ্গের কৃষকদের কাছ থেকে আপনি আশীর্বাদ পাবেন এবং মানুষদের কাছ থেকেও আশীর্বাদ পাবেন। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে বিরোধিদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ ও জল সম্পদ দপ্তরের মন্ত্রী যে বাজেট ভাষণ এখানে উপস্থাপিত করেছেন তার বিরুদ্ধে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে কাট মোশন এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ নদী বহুল এলাকা—গঙ্গা, ভাগীরথী, পদ্মা এইসব নদী রয়েছে।

[4-30—4-40 P.M.]

তাছাড়া আমাদের মেদিনীপুর এবং সুন্দরবন এর বিস্তীর্ণ সমুদ্রতট এলাকায় যে নদী বাঁধগুলি রয়েছে সেখানে আমরা দেখছি, প্রাকৃতিক নিয়মে নদী বাঁধগুলি ভাঙছে, সমুদ্রের ধারগুলি ভাঙছে, নদী ভেঙে গ্রাম ভাঙছে, ঘর বাড়ি ভাঙছে, চাষের জমি নষ্ট হচ্ছে, এই রকম একটা সমস্যা হচ্ছে। এই সেচের ফলে আমাদের কৃষির উন্নয়ন, আমাদের অর্থনীতি কৃষি নির্ভর, সেই কৃষি নির্ভর অর্থনীতির একটা গুরুত্বপূর্ণ ভূমিকা হচ্ছে সেচ। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার যে দাবি সেচের উন্নয়ন একদিকে ভূমিক্ষয়, কৃষি জমির রক্ষণাবেক্ষণ, নদী বাঁধ মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং বন্যা নিয়ন্ত্রণ এই রকম একটা গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্বে আপনি আছেন। সমস্যাও আমাদের প্রচুর। প্রতি বছর ঘূর্ণি ঝড়, বন্যায় আমাদের নদীগুলি ভাসছে, ব্যারেজগুলি থেকে জল ছাড়া হচ্ছে, জল ছাড়ার ফলে হাজার হাজার গ্রাম ভাসছে, এই রকম সমস্যা সৃষ্টি হচ্ছে। লোকেদের ঘরবাড়ি সম্পত্তি বিনষ্ট হচ্ছে। এই বহুমুখি সমস্যার সমাধান করতে গেলে যে অর্থ বরাদ্দের প্রয়োজন, সেখানে আমরা দেখছি, এই রকম একটা দপ্তরের সমস্যাকে মোকাবিলা করতে গেলে যে অর্থের প্রয়োজন, সেই অর্থ আপনার বাজেটে বিশেষ রাখতে পারেন নি। এটা আমার মনে হয় আপনার চূড়ান্ত ব্যর্থতা। প্রত্যেক বছরে আপনার বাজেটে কতকগুলি নতুন নতুন প্রকল্পের কথা বলেন, বন্যা নিয়ন্ত্রণের কথা বলেন, ভূমিক্ষয়, সেচ এর উন্নয়ন এর কথা বলেন, কিন্তু কার্যকর করার ক্ষেত্রে দেখছি সেই প্রকল্পগুলি আজও রূপায়িত হল না। যেমন আপনি দেখবেন, মেদিনীপুর জেলায় কেলেঘাই, কপালেশ্বরী, বাঘাই, এই যে অঞ্চলগুলি এখানে যখন বর্ষার জল ছাড়া হয়, ব্যারেজের জল ছাড়া হয় তখন হাজার হাজার জমি নষ্ট হয়, ফসল পচে যায়, এর জন্য আপনি কি পরিকল্পনা গ্রহণ করেছেন? এখানে আপনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য, ভারত সরকারের অনুমোদনের জন্য গঙ্গা, বন্যা নিয়ন্ত্রণ আয়োগের কাছে পরীক্ষিত অপেক্ষায় আছে। কেলেঘাই নদীতে বন্যা প্রতি বছর হয়, এখন সেই বন্যা প্রতিরোধের জন্য যখন তাদেরকে নিয়ে আমি আপনাদের কাছে গিয়েছিলাম তখন আপনি সহানুভূতির সঙ্গে বলেছিলেন কেলেঘাই নদীর পরিকল্পনা নিয়ে আপনি এগুচ্ছেন, চিন্তা-ভাবনা করছেন, সেই সময় বলেছিলেন সমস্ত কিছু তৈরি করে ভারত সরকারের কাছে পাঠিয়েছেন। সেদিনও শুনেছিলাম, আজও সেই কথা শুনতে হচ্ছে। ভারত সরকারের কাছে এই প্রকল্প আটকে আছে। কেন এটা ত্বরান্বিত হচ্ছে না। বছর বছর যদি এইভাবে চলতে থাকে তাহলে আপনার দপ্তরের যে ব্যর্থতা সেটাই প্রমাণ করে। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে এটা জানতে চাই, ভারত সরকারের কাছে অনুমোদনের জন্য এই যে প্রকল্পগুলি আপনি পাঠিয়েছেন সেইগুলি আটকে আছে কেন?

এইগুলি দ্রুততার সঙ্গে কেন অনুমোদন লাভ করছে না। তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে আপনি প্রকল্পগুলি কেন চালু করতে পারছেন না। এটার ঠিক সময়টা না থাকা ফলে আপনি যে অর্থ ব্যয় ধরেছেন, যে সময়টা ধরেছেন তারপরে বহু বছর পরে যখন সেটা কার্যকর করতে যাচ্ছেন তখন অর্থের সংস্থান হচ্ছে না। এটা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম। সুন্দরবন এলাকার মাননীয় মন্ত্রী গণেশবাবু আছেন, তার এলাকার মধ্যে যেগুলি পড়ে সেটা হচ্ছে, গোসাবা, পাথরপ্রতিমা, মথুরাপুর, কুলতলি, বাসন্তি এই এলাকায় নদী বাঁধগুলি প্রতি বছর ভাঙছে, ভেঙে জমিতে জল ঢুকছে, হাজার হাজার বিঘা জমি নষ্ট হচ্ছে, অথচ দীর্ঘদিন ধরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন, সুন্দরবনের এই নদী বাঁধগুলি তাহলে কেন সেই উচ্চতায় করে স্থায়ী করা হচ্ছে না? আমরা দেখতে পাচ্ছি নদী বাঁধ মেরামতির কাজ ঠিক এই বর্ষার সময় শুরু হয়। বর্ষার আগে যাতে নদী বাঁধকে মেরামতি করা যায় সেদিকটা দেখতে হবে। আর একদল ঠিকাদার আছে তারা এমনভাবে কাজ করে যে টাকা জলে যাচ্ছে। আপনি চলে যান মাতলা নদীর দুধারে, সেখানে কৈখালি ভেঙ্গে যাচ্ছে, কোনও ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন পাথরপ্রতিমার অবস্থা কি ভয়াবহ। বহুদিন থেকে এখানে নজর দেওয়া হচ্ছে না, আপনি এদিকটায় নজর দিন, এখানে হাজার বিঘা জমি নষ্ট হয়ে যাচ্ছে, এখানে কোনও ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের জবাবী ভাষনে আমি জানতে চাই মাতলা, গোবর্ধনপুর, সীতারামপুর-এর যে অবস্থা সেইখানে কাজ শুরু হয়েছে কিনা বলবেন। ঠিকাদার সম্পর্কে অনেক মাননীয় সদস্য বলেছেন, এই ঠিকাদাররা বাস্তুঘুঘু। আর এদের সঙ্গে একদল চীফ ইঞ্জিনিয়ারও আছে, এরা তাদের সঙ্গে আঁতাত করে তারা এলাকার কাজগুলো বন্ধ করে দিচ্ছেন, ঠিকমতো কাজ হচ্ছে না। নদীবাঁধ মেরামতির কাজ যাতে ঠিকমতো হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি মেদিনীপুর জেলার খেজুরি থানার কয়েকটি সমস্যার বিষয়ে বলব। জল সেচ বিভাগের যে প্রস্তাবগুলো এখানে আনা হয়েছে সেগুলোকে পূর্ণ সমর্থন করে কয়েকটি প্রস্তাব এখানে উত্থাপন করছি। আমরা লক্ষ্য করছি জল সেচ বিভাগের ২৬৬ কোটি টাকা সর্বমোট যে বরাদ্দ হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমরা এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট পলিসি যদি চাই তাহলে সেখানে ইরিগেশন হ্যাজ দি মোস্ট ইম্পর্টেন্ট অ্যান্ড পিভোটাল রোল টু প্লে। এই ইরিগেশন ছাড়া শস্য উৎপাদন ও এগ্রিকালচারাল প্রোডাকশন বাড়ানো সম্ভব নয়। সেইজন্য এর উপর অধিকতর গুরুত্ব দেওয়া উচিত। আমি কয়েকটি জিনিস জানতে চাই ও বলতে চাই। ইরিগেশন সার্ভে অ্যান্ড ইনভেস্টিগেশনের উপর বিশেষ গুরুত্ব দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। আমাদের ওয়াটার রিসোর্স যেটা আছে সেটাকে ভালভাবে কাজে লাগানোর জন্য একটা ইউটিলাইজেশন পলিসি করা উচিত। আমাদের সারফেস ওয়াটার এবং আন্ডারগ্রাউন্ড ওয়াটার আছে। আমরা ক্যানেলের মাধ্যমে সারফেস ওয়াটারের জল পাচ্ছি। ক্যাচমেন্ট এরিয়া যেগুলো আছে সেখানে ওয়াটার শেড টেকনিককে ভালভাবে কাজে লাগিয়ে ওয়াটার রিজার্ভারের যেসব জায়গা আছে

সেগুলোকে আরও উন্নত করা দরকার।

[4-40—4-50 P.M.]

এইজন্য আমি মনে করি সরকারের যে যে ব্যবস্থাগুলো এখন আছে তাতে আমার মনে হয় একটা সেল তৈরি করা উচিত। এই যে আমাদের নদীর ভাঙনকে রোধ করা যাচ্ছে না, আমাদের যে জলটা সেই জলটাকে যে আমরা কাজে লাগাতে পারছি না এই জিনিসগুলোকে নিয়ে আমরা একটা টাস্ক ফোর্স করার জন্য অনুরোধ করছি এবং এটা একটা স্পেশ্যাল কমিটি, একটা হাই পাওয়ার কমিটি প্রয়োজন হয়ে পড়েছে ইনক্লুডিং দি এগ্রিকালচারাল, ইরিগেশন অ্যান্ড অ্যালায়েড সাবজেক্টস যার সঙ্গে এটা জড়িত সেইটা নিয়ে একটা ইনভেস্টিগেট করা যাক। কেন আমরা এই জায়গায় পিছিয়ে আছি এত কোটি টাকা খরচ করেও। আমরা সেটার উন্নতি করতে পারছি না। ইরিগেশনের সঙ্গে ড্রেনেজও আছে। ইরিগেশনের সঙ্গে আমাদের ড্রেনেজ স্কীমটা ভাল না থাকাতে অনেক অসুবিধার সৃষ্টি হয়েছে। সে সম্পর্কে আমাদের ভাল করে লক্ষ্য দেওয়া প্রয়োজন হয়ে পড়েছে। আমাদের যে নদীর ভাঙন হচ্ছে তার মধ্যে আমি তিনটে পয়েন্ট বলতে পারি। একটা হচ্ছে লোকেশন স্পেসিফিক ডেভেলপমেন্ট প্রোগ্রাম গভর্নমেন্ট যদি না নেয়, শুধু এক রকম প্রোগ্রাম নিলে সব জায়গায় হয় না। যেমন আমাদের জায়গাটা স্যালাইন বেল্ট। স্যালাইন বেল্টে যে আন্ডারগ্রাউন্ড ওয়াটার আছে সেই ওয়াটারকে কিভাবে ইউটিলাইজ করা যায় সেভাবে যেমন করা দরকার তেমনি স্যালাইন বেল্টে যে ন্যাচারাল ভেজিটেশন দিয়ে যেমন করে ম্যানগ্রোভ কাল্টিভেশন সেই সব করে আমাদের নদীর কোর্সটাকে সেখানে বন্ধ করা যায়। যেখানে ওয়াটার সোর্স বা কোর্সটা আসছে তাকে বন্ধ করার জন্য ডাইক সিস্টেম অথবা যেসব জায়গায় বাঁধ তৈরি করা হচ্ছে সেই বাঁধগুলোতে লাইনিং করে বিভিন্ন ধরনের প্রক্রিয়ায় একটা ইনভেস্টিগেশন স্কীম এবং ইনভেস্টিগেশন প্রোগ্রাম এবং সেজন্য একটা রিসার্চ অ্যান্ড টেকনিকাল সেলটা যেন ভালভাবে গড়ে ওঠে। তাহলে আমার মনে হয় অন্য সমস্যার সমাধান হবে। ধন্যবাদ।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের সেচ জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি। আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। বাজেটে বলা হয়েছে যে ৫০ শতাংশ জমিকে সেচের আওতায় আনা হয়েছে বর্তমানে কিভাবে পশ্চিমবঙ্গে ৫০ শতাংশ জমি সেচের আওতায় আছে? খুবই দুর্ভাগ্যের বিষয় কংগ্রেসের জমানায় ৩০ শতাংশ জমিকে সেচের আওতায় আনা হয়েছিল তাহলে কি এই ১৯ বছরে মাত্র ২০ শতাংশ জমিকে আওতায় আনা হয়েছে? এই কি বামফ্রন্ট সরকারের সাফল্যের নমুনা? শুধু তাই নয় প্রতি বছর গতানুগতিকভাবে বাম সরকার সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় বাজেট পেশ করে থাকেন। গত বছর সেচ দপ্তরে ১০৫ কোটি টাকা দেখানো হয়েছিল। বন্যা নিয়ন্ত্রণে দেখানো হয়েছিল ৪৭ কোটি টাকা। এই বছর বাজেটে দেখানো হয়েছে সেচ দপ্তরে ১২৪ কোটি এবং

বাঁধ বন্যা নিয়ন্ত্রণে, নদী ভাঙনে দেখানো হয়েছে ৩০.৮৭ কোটি। বন্যা নিয়ন্ত্রণে ৯৫-৯৬ তে দেখানো হয়েছে ৪৭ কোটি টাকা এবং এই বছর দেখানো হয়েছে ৬৬.৭৫ কোটি টাকা। আমার মালদহ জেলা তথা মাণিকচক থানা এলাকায় সেচের যে অবস্থা আপনাদের সামনে তুলে ধরার চেষ্টা করছি। আপনারা জানেন মালদহ জেলায় গঙ্গার ভাঙনে মাণিকচক থানায় শয়ে শয়ে গ্রামবাসী কিভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। অনেকগুলো ডিপ-টিউবওয়েল গঙ্গার ভাঙনে নষ্ট হয়ে গেছে, কিন্তু তার কোনও মেরামতির ব্যবস্থা হয় নি। তাহলে কেমন করে এই সরকার দাবি রাখে। কংগ্রেস জমানায় মাঠে মাঠে ইলেকট্রিক মোটরের সাহায্যে সেচ ব্যবস্থা করা হয়েছিল। বর্তমানে বামফ্রন্ট সরকারের জমানায় সমস্ত মাঠের ইলেকট্রিক লাইন চুরি হয়ে গেছে। শুধু তাই নয় আমাদের মানিকচক থানার অন্তর্গত ভুতনীচরে ৬০ থেকে ৭০ হাজার মানুষ বসবাস করেন। তাঁদের ৯৯ পারসেন্ট হচ্ছেন কৃষিজীবী। সেই কৃষিজীবী মানুষের উন্নয়নের জন্য কংগ্রেস জমানায় নদীর ভিতর দিয়ে বিদ্যুতের লাইন দেওয়া হয়েছিল, যাতে সেখানকার কৃষিজীবী মানুষ ইলেকট্রিক মোটরের সাহায্যে কম খরচে নিজের থেকে সেচের সুযোগ পেতে পারেন। কিন্তু বামফ্রন্ট সরকারের জমানায় নদীর ভিতর দিয়ে যে তার দেওয়া হয়েছিল সেটা চুরি হয়ে গেল। আজ ১৯-২০ বছর হল কিন্তু সেখানে কোনও ইলেকট্রিক তারের ব্যবস্থা করা হল না। ভুতনীর ৬০-৭০ হাজার মানুষ সেচ ব্যবস্থা থেকে বঞ্চিত। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি ভুতনী চরের কৃষকদের জন্য ডিপ-টিউবওয়েলের ব্যবস্থা করুন। প্রতি বছর বাজেটে টাকা ধরা সত্ত্বেও দীর্ঘদিন ধরে বাঁধ মেরামতের অভাবে বাঁধ ভেঙে ভুতনীচরের মানুষদের বন্যায় প্রচুর ক্ষতি হয়ে গেছে। কৃষকদের ফসল, বাড়ি ঘর নষ্ট হয়ে গেছে। বাঁধ মেরামতের জন্য বাজেটে টাকা ধরা হয় অথচ মেরামত করা হয় না। তাহলে টাকাগুলো কি হয়? মাণিকচকের উর্বর জমি থাকা সত্ত্বেও সরকারের ডিপ-টিউবওয়েলের সাহায্যে সেচ ব্যবস্থা নগণ্য। ডিপ-টিউবওয়েলের মাধ্যমে সরকারি সেচ ব্যবস্থার প্রয়োজন। ওখানে ভাল সেচ ব্যবস্থা থাকলে বছরে ৩টি ফসল উৎপাদন করা যায়। বর্তমানে সেখানে সেচের যে ব্যবস্থা আছে সেগুলোর সবই কৃষকদের ব্যক্তিগত ডিজেল পাম্প সেটের মাধ্যমে হয়। গঙ্গার ভাঙনের জন্য বাজেটে অনেক টাকা ধরা হয়েছিল। এর আগেও বাজেটে অনেক টাকা ধরা হয়েছিল। কিন্তু কয়েক বছর ধরে দেখতে পাচ্ছি, আমার এলাকায় গঙ্গার ভাঙনে বিপজ্জনক অবস্থার সৃষ্টি হয়েছে। হাজার হাজার বাড়ি গঙ্গার ভাঙনে বিলীন হয়ে গেছে। কিন্তু তার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নি। বর্ষার সময় ইরিগেশন ডিপার্টমেন্ট কন্ট্রাক্টরদের কোটি কোটি টাকা পাইয়ে দেওয়ার জন্য পারসেন্টেজ হিসাবে কিছু কাজ দেয়। কিন্তু এই কাজ যদি খরার মরশুমে দেওয়া হয় তাহলে মানুষ উপকৃত হয়। খরার মরশুমে কাজ হলে গঙ্গার ভাঙনকে রোধ করা যাবে এবং সেচ ব্যবস্থার উন্নতি হবে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নর্মদা চন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ ও জলসম্পদ বিভাগের মন্ত্রী এবং জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন মন্ত্রীদ্বয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থিত

করেছেন আমি তাকে সমর্থন করছি। আমার সময় অত্যন্ত কম সেজন্য শুধু জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের উপর কয়েকটি বিষয় উপস্থিত করছি। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি সেটাকে সমর্থন করে বলছি যে, ইকোনমিক রিভিউ থেকে জানা যাচ্ছে যে গতবছরে এই বাজেটে যে টাকা ধরা হয়েছিল তার থেকে কি টার্গেট ছিল, কতটা সফল করা হয়েছে ইত্যাদি। এই রাজ্যের বাজেটে ক্ষুদ্র সেচের গুরুত্ব অপরিসীম। প্রায় ৮০ ভাগ চাষী, মাঝারি চাষী ও প্রান্তিক চাষী এই সেচের আওতাভুক্ত।

[4-50—5-00 P.M.]

স্বাভাবিক ভাবেই এই সেচের গুরুত্ব যে অপরিসীম সেটা বোঝার উপায় নেই ইকনমিক স্ট্যাটিসটিক্স থেকে। বোঝার উপায় নেই কি টার্গেট ছিল, সেটা কত সফল ভাবে রূপায়িত হয়েছে। আপনাদের দপ্তরে দুটো বিভাগ, দুটো সংস্থা আছে—জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন। এই দুটো আজকে সাইন বোর্ডে পরিণত হয়েছে। ভূগর্ভস্থ জলের উপর চাপ পড়ার ফলে জল নিচে নেমে যাচ্ছে। কোনও কোনও দিক থেকে আর্সেনিক পাওয়া যাচ্ছে, পানীয় জলের অসুবিধা হচ্ছে। বৃষ্টিপাতের জল জলাশয়ে ধরে রাখার যে অনুসন্ধান এবং পরিকল্পনা, সেখানে দেখা যাচ্ছে একমাত্র জেলা পরিষদই ব্যাঙ্ক থেকে লোন নিয়ে জলাশয়ের মাধ্যমে, স্যালো টিউবওয়েল পাম্প সেটের মধ্যে দিয়ে করার চেষ্টা করছে। সুষ্ঠ পরিকল্পনার অভাবে প্রাকৃতিক জল, যা বন্যা এবং ধ্বংসের কারণ হয়, সেইগুলোকে বাঁধ দিয়ে বা জলাশয় সৃষ্টি করে ভূ-পৃষ্ঠের জল সেচের কাজে লাগানোর পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে না। নদী সেচ প্রকল্পগুলির ক্ষেত্রে নদী মজে যাওয়ার ফলে সেই সেচসেবিত এলাকার জল দেওয়া সম্ভব হচ্ছে না। সেইগুলো নষ্ট হয়ে যাচ্ছে। মেশিন নষ্ট হয়ে যাচ্ছে, সেইগুলো সারাবার নাম নেই। এই অবস্থা থেকে পরিত্রাণের জন্য আবেদন করব। আগামী এক বছরের মধ্যে গভীর এবং অগভীর নলকূপগুলি মেরামত করে এবং বৈদ্যুতিকরণ করে জল দেওয়ার কথা বলছি। আর একটা কথা বলছি—বীরভূম, বর্ধমান, হুগলি, ২৪ পরগনা, নদীয়া, পুরুলিয়া, মেদিনীপুর, এই সাতটি জেলা নিজেদের উদ্যোগে, বেসরকারিভাবে ব্যাঙ্কের লোন নিয়ে ভূগর্ভস্থ জল সেচের কাজে লাগাচ্ছে। অথচ আপনারা বলছেন, জল সম্পদ বিভাগের অনুমোদন নিয়ে এই প্রকল্প গ্রহণ করতে হবে। এটা কোনদেশি গণতন্ত্র বুঝতে পারলাম না। এই সাতটি জেলার ক্ষেত্রে কৃষকরা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে নিজস্ব উদ্যোগে জলসেচের ব্যবস্থা করছেন, সেখানে জল সম্পদ বিভাগের অনুমোদন নিতে হবে? ভূগর্ভস্থ জলের উপর চাপ বেশি পড়ছে, সেই চাপ কমানোর জন্য ভূ-পৃষ্ঠের জল সেচের ক্ষেত্রে লাগানোর পরিকল্পনা গ্রহণের জন্য তারা বলেছেন। আশা করি মন্ত্রী মহাশয় ক্ষুদ্র সেচের প্রতি গুরুত্ব দেবেন। এ থেকে কৃষিক্ষেত্রে ৮০ ভাগের বেশি মানুষ উপকৃত হবেন এই ক্ষুদ্র সেচ থেকে। আজকে দুজন মন্ত্রী আছেন, আপনাদের বলছি, পশ্চিমবঙ্গের বর্ডার এলাকায়, যেখানে বর্ডারের রাস্তা আছে, সেখানে জল নিষ্কাশণের জন্য ড্রেন না থাকায় শত শত একর জমি জলমগ্ন হয়ে থাকে। সেখানে ক্যানেল খনন করে জল নিষ্কাশণের ব্যবস্থা করবেন। এই কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য

শেষ করছি।

**শ্রী শেখ দৌলত আলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের এই সভায় পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগ এবং তার সাথে জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়নের মন্ত্রী মহোদয়গণ যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করি। কারণটা হল এই, আপনাদের শব্দ যেটা একটু আগে শুনলাম বললেন, আজকে আল্লা মেঘ দে পানি দে স্লোগান নেই। উনি কোন বঙ্গে বসবাস করেন আমি জানি না, তবে আমি দক্ষিণ বঙ্গের ডায়মন্ড হারবারের অধিবাসী, ওখানকার বিধায়ক, আমি জানি এই অবস্থা। অবশ্য ওরা চাষ করেন কিনা জানি না। জোতদারদের কথা ওদের মুখে ভালো লাগে। বর্গাদার বলতে কি বোঝেন, তার সুষ্ঠ ব্যাখ্যা হয়ত ওদের কাছে জানতে পারবেন না। তবুও আমি বলি, আল্লা মেঘ দে পানি দে-এই অবস্থার মধ্যে আমরা আছি।

মাননীয় সেচ মন্ত্রী মহোদয় আপনি কি জানেন, সেচের ব্যবস্থাপনার আমাদের মহকুমা ধার-ধারে না। আমাদের যে বড় বড় অফিস ডায়মন্ড হারবারে আছে তারা কোনও কাজ কর্ম করে না। আমি আপনাদের দেওয়া এই বই থেকে দেখলাম ডায়মন্ডহারবারের নৈনান থেকে ভবানীপুর পর্যন্ত ২ কি.মি. হুগলি নদী বাঁধ জলে যাওয়ার উপক্রম হয়েছে। কিন্তু দেখলাম সেজন্য কোনও টাকা-পয়সা বরাদ্দ আপনার এই বইতে নেই। আপনি আমাদের ডায়মন্ড হারবার বাদ দিয়ে বরাদ্দ চেয়েছেন এবং পাবেনও যেহেতু আপনাদের আশে-পাশে যারা আছেন সংখ্যায় তাঁরা বেশি। কিন্তু আজকে আমরা দুঃখের মধ্যে আছি। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কি জানেন, দক্ষিণ ২৪-পরগনার হাল-হকিকৎ? এখানে স্টেট মিনিস্টারও আছেন। আপনারা কি জানেন, সপ্তনদী কোথায়, জম্বু দ্বীপ কোথায়? আমাদের সাগর, পাথর, নামখানা কোথায় কোথায়? ওখানে ভয়ঙ্কর বিধ্বংসী ঘুর্ণিঝড়ে অনেক টাকা বিলিন হয়ে গেছে, আজও খরচ হচ্ছে। এখানে একজন সদস্য বক্তৃতা করার সময় বলছেন, আপনাদের সময় যে ঠিকাদাররা কাজ করতেন তারা আজকে বে-ঠিক অবস্থায় রয়েছে। আপনি কি জানেন, আপনাদের সময় যেসব নদীবাঁধের কাজ হয়েছিল তার অনেক জায়গায় ভেঙ্গে যাওয়ার ফলে আগেকার পার্মানেন্ট সিস্টেম ঠিকাদাররা এস.ডি.ও., ইরিগেশন একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের মাধ্যমে তারা কাজ করেন না। তাঁরা এমন ভাবে কাজ করেন যাতে আমাদের ব্লক পিচিং নেই, নেট পিচিং নেই। আই টুক চ্যালেঞ্জ ইট। আর এখন আপনার দপ্তর কি ভাবে কাজ করেন? বড় বড় রাস্তায় ইট তুলে নদীর ধারে পৌঁছে দেয়। আমাদের ডায়মন্ডহারবারে আপনাদের আমি এটা দেখাতে পারি। এখানে আল্লা মেঘ দে, পানি দের কথা হল। আগে কংগ্রেস আমলে নাকি এটা হয়েছে। আর যে ড্যাম হয়েছে, বাঁধ হয়েছে, প্রকল্প হয়েছে—সব তাতে নাকি পলি জমেছে এবং সেই জন্য নাকি ওদের দুরাবস্থা। মাননীয় বন্ধু ঠিকই বলেছেন। পলি জমেছে। পলি না জমলে উর্বরতা বাড়ে না। আর সেজন্যই আজকে আমরা ৪২ থেকে ৮২-তে পৌঁছেছি। মাননীয় মন্ত্রী মহাশয় সত্যি কথাই বলে ফেলেছেন, কি রকম পলি পড়েছে দেখুন। উনি বলেছেন যে, নিয়ন্ত্রিত এলাকায় ডি.ভি.সি-র সেচ ব্যবস্থায় ৭২ হাজার ৬০০ হেক্টর জমিতে

বোরো এবং ২০ হাজার ২৩৫ হেক্টর জমিতে রবির চাষ সাফল্যের সঙ্গে করা হয়েছিল। অথচ ১৯৯৫ সালের জানুয়ারি টু এপ্রিল মাস পর্যন্ত বোরো এবং রবি মরশুমে দেখা যাচ্ছে জলের অভাবে শস্য নষ্ট হয়ে যাচ্ছে। কারণ কি? না মাইথন, পাঞ্চেত জলাধার থেকে প্রয়োজনীয় জল সরবরাহ করা যায় নি। শেষ পর্যন্ত ডি.ভি.সি-র তেনুরঘাট জলাধার থেকে জল ক্রয় করে ফসল বাঁচানো সম্ভব হয়েছিল। আপনাদের জলাধারের শক্তি যে কমেছে সেটা কিন্তু আপনারা বললেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে একজন বন্ধু বললেন, মাননীয় মন্ত্রী মহাশয়ও শুনুন—আমরা সুজলা-সুফলা শস্য শ্যামলা পশ্চিমবাংলা তৈরি করব ভেবেছিলাম"—উনি কি বঙ্কিমচন্দ্রের আগের যুগের মানুষ? উনি লিখেছিলেন সুজলা সুফলা মলয়জ শীতলম, শস্য শ্যামলাং।" সুতরাং তাঁর পূর্বসূরী হিসাবে অথবা তাঁর উত্তরসূরী হিসাবে আমি ওনাকে কোন জায়গায় রাখব? বিধায়ক হিসাবে এসেছেন বলে কি আজকে তিনি বঙ্কিমচন্দ্রের পূর্বসূরী হতে চেয়েছেন? কিন্তু লজ্জা পাচ্ছে।

[5-00—5-10 P.M.]

এখানে একজন কেউ বলেছেন এত ধান পাচ্ছেন সেই ধান কেবলমাত্র জলের জন্য, আমাদের সিস্টার বিধায়ক চিৎকার করে বলেছেন, এত ধান ফললো শুধু কি জলের জন্য? এই জল না পেলে কি এত ধান হয়? তাহলে আজকে জল সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে চিৎকার করে বলছেন এই পশ্চিমবাংলা ধানে প্রথম হচ্ছে, চালে প্রথম হয়েছে, তাহলে কি আর কোনও রকম রিসোর্স ছিল না, শুধু কি জল সম্পদের জন্যই হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই আমার এলাকায় সেচ বলে কোনও কিছু নেই। সেখানে অতিরিক্ত জল আসে, আল্লা মেঘ দে, পানি দে এই কথাটা বার বার শুনতে চাই, আমাদের ফসল নষ্ট হয় কেন না আমাদের ফলতা—ডায়মন্ড হারবারে একটা বিরাট ক্যানেল আছে, সেই ক্যানেল সব সময় স্বচ্ছ অবস্থায় থাকে না, এটা বজবজ থেকে কন্ট্রোল হয়ে থাকে। দেখুন কি অবস্থায় আমরা থাকি, যে ড্রেনেজ সিস্টেম আছে তার গাফিলতির জন্য আপনার দপ্তরের গাফিলতির জন্য যেখানে এত বৃষ্টি হয় যে আমরা যারা চাষী তাদের ঘর পোড়ে। দক্ষিণ ২৪-পরগনায় সাগরের সেই ঝড়ে ছোট ছোট চাষীদের ছোট্ট কুঁড়ে ঘরগুলি ভেঙে যায়। প্রভঞ্জন বাবু এখন হাউসে নেই, প্রভঞ্জন মানেই তো বাতাস। আপনারা সাগরের ঢেউ দেখেছেন? অবশ্য আপনাদের অনেকেই যান সাগরে পাপ মোচন করতে, তবে আপনাদের অনেকেই পাপে বিশ্বাস করেন না। যদিও সংস্কৃত শ্লোক ও মহাভারত থেকে উদ্ধৃতি দেন। তারা কেউ ভাবেন যে জল প্রবাহিত হয় যখন তখন ওখানকার চাষীদের ছোট্ট কুঁড়ে ঘরের চাল উড়ে যায়! আপনারা নদী পাড়ের আশীর্বাদের কথা বলেন যখন ঝড় ওঠে সাগরে নদীতে ঢেউ দোলা দেয় যখন চাষীর ঘরের চাল উড়ে যায় তখন আশীর্বাদ তাদের জীবনে অভিশাপ হয়ে নেমে আসে। মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন কেন প্রতি বছরই একই জায়গাতে কেন কেলেঘাই কাঁদে, কেন মাতলা আবার মেতে ওঠে, কেন সুবর্ণরেখায় এই রকম অবস্থার সৃষ্টি হয়। সুন্দরবনের কথা বলছি না, লাল মাটির দেশ বীরভূম জেলা, বাঁকুড়া

জেলার কথা বলছি সেখানে কতটা সেচের ব্যবস্থা করতে পেরেছেন? তাই বলছি কেবলমাত্র আমরা এই ১৯ বছরে প্রচুর ধান পেয়েছি এই বলে চিৎকার করে কি হবে। খবরের কাগজে বেরিয়েছে ভূগর্ভস্থ জলে আর্সেনিক আছে, এখানে যাঁরা চিৎকার করছেন তাঁরা ওই জল খেলেই ঠান্ডা হয়ে যাবেন। আর এই আর্সেনিক ভরা জল যদি আমরা চাষে দিই তাহলে কি রকম ধান আমরা পাব। জলের অপর নাম জীবন, তেমনি জলও অনেক সময় মৃত্যুর কারণ হয়ে ওঠে। আপনারা লিফট ইরিগেশনের ব্যবস্থা করতে পেরেছেন? আপনাদের দপ্তর কি আমাদের খবর দিতে পারে প্রভঞ্জন বাবুর সাগর থেকে আরম্ভ করে ডায়মন্ড হারবারে কতগুলি স্যালো টিউবওয়েল করতে পেরেছেন, ডিপ্ টিউবওয়েল করার কাজ কতখানি হয়েছে? ফর ইয়োর ইন্‌ফরমেশন বলতে পারি ডিপ্ টিউবওয়েল একটাও করতে পারেন নি, স্যালো টিউবওয়েলের কাজ হয় নি। স্যালো টিউবওয়েল ডায়মন্ড হারবারের আশে পাশে নেই। একমাত্র হতে পেরেছে বারুইপুর জোনে, যেখানে গঙ্গা নদী মজে গেছে সেখানে স্যালো টিউবওয়েল বসানো সম্ভব হয়েছে। কিন্তু ফলতা থেকে বাকি বিস্তীর্ণ অঞ্চলের চাষীদের আজও বৃষ্টির মুখ চেয়ে বসে থাকতে হয়—আল্লা মেঘ দে, পানি দে বলে চিৎকার করতে হয়, হা-হুতাশ করতে হয়। তারপর যখন বর্ষা আসে তখন চোখের জল, আর বৃষ্টির জল মিলে জল আরও বেড়ে যায়। অনেকে বলেছেন, আমরা নাকি এখানে সাংঘাতিকভাবে আলু চাষ করেছি। সত্যিই এখানে আলু চাষে কিছু সেচ লাগে এবং সেটা আমাদের এই সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে চাষীরা পান। আমরা দক্ষিণ ২৪-পরগনায় যে সেচ ব্যবস্থার মধ্যে রয়েছি তাতে আমরা কি ধরনের আলুর চাষ করতে পারি? এটা তাঁদের কাছে আমার প্রশ্ন। যাই হোক আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে দু'জন সেচ মন্ত্রী মহোদয়ের কাছে এই কথা বলব যে, রাজ্যের সেচ ব্যবস্থাকে উন্নত করার জন্য যে বিভিন্ন গালভরা সেচ প্রকল্পের কথা এখানে তাঁরা উল্লেখ করেছেন সেগুলো আজও আমাদের চোখের সামনে উপস্থিত না হওয়ায় আমি তাঁদের বাজেট বরাদ্দের দাবির তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ, জলপথ এবং জল সম্পদ অনুসন্ধান বিভাগের যে ব্যয় বরাদ্দের দাবি আজকে এই সভায় পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যে কাট্ মোশন আনা হয়েছে তার বিরোধিতা করছি। এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা এখানে বলতে চাই। আমি প্রথমেই বিরোধী দলের বন্ধুদের বলব যে, শিয়ালকে কুমির ছানা দেখিয়ে লাভ নেই—ঐ ডি.ভি.সি. দেখিয়ে আপনারা বার বার ঢক্কা নিনাদ করছেন। আমি আপনাদের কাছে প্রশ্ন করছি, ফরাক্কা থেকে সুন্দরবন পর্যন্ত মাস্টার প্ল্যান কেন এত দিন পর্যন্ত হয় নি? কেন কংসাবতী প্রকল্পের উন্নয়নের চেষ্টা বিগত ১০ বছর ধরে হয় নি? কেন সুবর্ণরেখা ব্যারেজ আজ পর্যন্ত হল না? যে উড়িষ্যা কোস্ট ক্যানেল সংস্কার করলে এবং সেখানে রিজার্ভার করলে লক্ষ চাষী উপকৃত হত তা আজ পর্যন্ত হল না। কংগ্রেসি বন্ধুরা কি বললেন, কেন কেন্দ্রীয় সরকার এ রাজ্যে সেচের জন্য, তিস্তা প্রকল্পের জন্য টাকা বরাদ্দ করেন নি? আজকে

আমরা পশ্চিম বাংলার যে কোনও স্থানে রেলপথে বা বাসে করে যাবার সময় কি দেখছি, না মার্চ এপ্রিল মাসেও সব মাঠ সোনার বোরো ফসল ভরে রয়েছে? অবশ্যই পশ্চিমবাংলায় খাদ্যশস্যের উৎপাদন বেড়েছে। এই প্রসঙ্গে আমি ক্ষুদ্র সেচ দপ্তরের কথা বলতে চাই—এই দপ্তরের বয়স খুব বেশি নয়, ৭০-এর দশকে এই দপ্তর স্থাপন করা হয়েছে। আগে বড় দপ্তরের সঙ্গে এক সঙ্গে ছিল। মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় বলেছেন, ১৯ বছরে একটাও আর.এল.আই. হয় নি। তথ্য না জেনে উনি ঐ বক্তব্য উপস্থাপন করলেন। গোটা পশ্চিমবাংলায় এখন পর্যন্ত ৩১৭২-টি আর.এল.আই. রয়েছে এবং আমাদের মেদিনীপুর জেলায় ৩৮৭-টি আর.এল.আই. রয়েছে। এ তথ্য আমাদের আর্থিক সমীক্ষার মধ্যেই রয়েছে। উনি হয়ত ওটা পড়েন নি, তাই ঐসব কথা বললেন। আর একজন কংগ্রেসি সদস্য ন্যাবার্ড এবং জার্মানী থেকে ক্ষুদ্র সেচ দপ্তরের লোন নেওয়ার প্রসঙ্গ উত্থাপন করলেন। স্যার, আপনি জানেন ঐ সমস্ত লোনের সাহায্যে আমাদের ক্ষুদ্র সেচ দপ্তর তার অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করবার চেষ্টা করছে। আমাদের ক্ষুদ্র সেচ দপ্তরের বিরাট কর্ম-কান্ডের ফলেই আজকে পশ্চিমবাংলার প্রায় ৫০ শতাংশ জমিকে সেচসেবিত করা সম্ভব হয়েছে। ১৯৭৭-৭৮ সালে যখন কংগ্রেসিরা এই রাজ্যের ক্ষমতা থেকে চলে যান তখন কত জমি সেচ এলাকাভুক্ত ছিল? আর্থিক সমীক্ষার মধ্যে এই হিসাব পরিষ্কার দেওয়া আছে। আমি মাননীয় সদস্যদের তা একটু দেখে নিতে অনুরোধ করছি। ২০ থেকে ২২ শতাংশ নতুন জমিকে আমাদের এই রাজত্বকালের মধ্যে সেচের আওতায় আনা সম্ভব হয়েছে। সে জন্যই আজকে ৫০ শতাংশের কথা বলা হচ্ছে। এটা ঠিক রাতারাতি আলাদিনের আশ্চর্য প্রদীপের মতো সমস্ত চাষীদের জল দেওয়া সম্ভব নয়। এখন পর্যন্ত আমরা তা পারিও নি। কিন্তু আমরা যা পেরেছি তাও কম নয়। আমাদের পশ্চিমবাংলা নদী-মাতৃক দেশ। এখানে নদীর ভাঙ্গন আছে, বন্যা আছে, নদী মজে যাচ্ছে। কংগ্রেসিরা বিগত ৪৫ বছর এক তরফাভাবে কেন্দ্রে সরকার পরিচালনা করেছেন এবং এরাজ্যেও দীর্ঘদিন রাজত্ব করেছেন। অথচ তাঁরা পশ্চিমবাংলার কোনও সেচ প্রকল্পের জন্য কখনও টাকা বরাদ্দ করেন নি।

[5-10—5-20 P.M.]

সুতরাং সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে ক্ষুদ্র সেচ দপ্তরই বলুন আর বড় সেচ দপ্তরই বলুন, তারা পরিকল্পনা করে চাষীদের জন্য সেচের ব্যবস্থা করতে পেরেছে বলেই আজকে পশ্চিমবঙ্গ সরকার গর্বের সঙ্গে এই কথা বলতে পারে। আপনারা বললেন, পাঞ্জাব, হরিয়ানা সবুজ বিপ্লব করেছেন। কিন্তু তা সত্ত্বেও ওখানে খালিস্তানি আন্দোলন হয়, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হয়। কিন্তু এখানে সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে আমরা সেচ ব্যবস্থার উন্নয়ন করে সমগ্র চাষীদের কল্যাণ করে ধান উৎপাদনে প্রথম স্থানে গিয়েছি বলে আপনাদের চোখ টাটাচ্ছে। চোখে ঠুলি পড়েছে। তাই গোটা পশ্চিমবাংলা ঘুরে বেড়িয়েও ক্ষমতা থেকে দূরে আছেন। আপনারা স্বপ্ন দেখেছিলেন কি করে আবার পশ্চিমবাংলাকে শ্মশানে পরিণত করে দেওয়া যায়। কিন্তু পশ্চিমবাংলার খেটে-খাওয়া মেহনতি মানুষ আপনাদের সেই আশা পূরণ

করেনি এবং ভবিষ্যতেও করবে না। ধন্যবাদ।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৯৯৬-৯৭ সালের সেচ ও জলপথ দপ্তরের বাজেট বরাদ্দে ১৬ জন মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন। যাঁরা অংশ গ্রহণ করেছেন তাদের সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। তাঁরা অনেকেই সমালোচনা করেছেন, গঠনমূলক অনেকেই পরামর্শ দিয়েছেন যেগুলি দপ্তর পরিচালনার ক্ষেত্রে অনেক সহায়ক হবে বলে মনে করি। আমি প্রথমেই শুরু করছি সুন্দরবন দিয়ে। কারণ আমাদের এই বঙ্গের বিস্তীর্ণ এলাকা সুন্দরবন বলে চিহ্নিত এবং সেখানকার বিশেষ সমস্যার কথা সকলেরই জানা আছে। সেখানে যে নদী পথের সমস্যা আছে সেটা অনেকেরই জানা। সুতরাং সেই নদী পথ সম্পর্কে কয়েকজন মাননীয় সদস্য প্রশ্ন করেছেন। যেমন, মাননীয় সদস্য, শ্রী প্রবোধ পুরকাইত, মাননীয় সদস্য শ্রী গোপাল দে, মাননীয় সদস্য শ্রী দৌলত আলি, মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর এনারা এই বিষয়ে বক্তব্য রেখেছেন। এর উত্তরে আমি বলতে চাই, পুরো বাজেট বইতে আমাদের এই এলাকার জন্য বরাদ্দ টাকা বিস্তারিত দেওয়া আছে। মাননীয় সদস্য শ্রী গোপাল দে মহাশয় বোধহয় দেখেন নি, তাই তিনি বাজেট বক্তব্যের একটা অংশ মাত্র উদ্ধৃতি দিয়েছেন। কিন্তু এ বছরে সুন্দরবন এরিয়া ডেভেলপমেন্টের জন্য যে টাকা আছে সেই টাকার মধ্য থেকে ৫ কোটি টাকা দিয়ে আমরা আগামীবার এই বাঁধগুলিকে বিশেষ ধরনের মজবুত ব্যবস্থা গড়ে তুলব। যেমন, বেশি করে মাটি দেওয়া, ব্লক ট্রেসিং করা, পিচিং করা, ইটের ট্রেসিং করা এইসব পরিকল্পনা আমাদের আছে। মাননীয় সদস্য শ্রী গোপাল দে এবং মাননীয় সদস্য শ্রী প্রবোধ পুরকাইত মহাশয় বললেন সীতারামপুর এবং গোবর্ধনপুরে কোনও কাজ হয়নি। আমার মনে হয় ঐ দুইজন সদস্যের কেউই ঐ এলাকায় ইদানীং যান নি। সীতারামপুরের যে অংশ সেই অংশে পাকা ব্লক করার কাজ পূজার সময়ে হয়েছে এবং ইতিমধ্যে সেই কাজ শেষও হয়ে গেছে। সীতারামপুর সাগরের ঐদিকটা। আর একটা গোবর্ধনপুরের কথা বলেছেন। সেই গোবর্ধনপুরে একটা অংশে পাকা ব্লক করে সেটাকে শক্তিশালী করেছি। আর একটা অংশ এখনও করতে পারিনি। আমাদের পরিকল্পনার মধ্যে এটা আছে। এরপর মাননীয় সদস্য, শ্রী গোপাল দে মহাশয় বললেন, রাঙাবেলিয়ার কথা। উনি রাঙাবেলিয়ায় কালেভদ্রে যান, কিন্তু আমি দুইবেলা যাই, এই পরশুদিনও সেখানে ছিলাম। সেখানে সমস্যা হচ্ছে, নদী দুইদিক থেকে ভাঙছে এবং একটা জায়গা খুবই সংকীর্ণ হয়ে আসছে। এর মধ্যে আমরা ঐ জায়গায় ১ কোটি টাকার মতন খরচ করেছি এবং নানা পরিকল্পনা করেছি। তাতে কিছু ফল পাওয়া গেছে, তবে পুরো ফল পাওয়া যায় নি। সেই জন্য এই বছর যাতে করে বেশি ক্ষতিগ্রস্ত না হয় তার জন্য আমরা মে মাসে কাজের কথা বলেছি এবং সেখানে কাজ চলছে। মাননীয় সদস্য দৌলত আলি বললেন যে ওঁর এলাকায় নাকি সেচ দপ্তরের কোনও কাজকর্ম উনি দেখতে পান না। তিনি অনেকগুলো নদীর নাম বললেন এবং আমাদের একজন মাননীয় সদস্য সম্পর্কে বললেন। তিনি কোথায় থাকেন জানি না, কিন্তু মাননীয় সদস্য ডায়মন্ড হারবারে থাকেন, ওটা সুন্দরবন নয়। আমরা এখানে যাঁরা

আছি, সুন্দরবনের অভ্যন্তরে বাস করি। সুতরাং সুন্দরবন সম্পর্কে আমাদের কিছু বলবেন না, আমরা সব জানি। দৌলত আলি কিছু কথা আমাকে বলেছিলেন আমি তারপর খোঁজ নেবার চেষ্টা করেছি। আমি তারপর তাঁকে বলেছিলাম, আপনি পার্টিকুলারলি কোন জায়গার কথা বলছেন বলুন। কিন্তু ডায়মন্ড হারবারে স্লুইস গেট আছে, উনি দেখতে পান না। দক্ষিণ ২৪-পরগনার কৃষ্ণপুর থেকে কুলপী পর্যন্ত গ্রীষ্মকালে বোরো ধানে ভরে যায়। এবং গ্রীষ্মকালে ২৪ পরগনায় বোরো ধান প্রচুর পরিমাণে উৎপাদন হয়। যদি আমার দপ্তরের কাজ ওখানে না থাকে তাহলে কি করে এত ফলন হয়? শুধু সার, কীটনাশক ওষুধ, বীজ দিলেই ফসল উৎপাদন হয় না। সেইজন্য আমরা নিশ্চয় আমাদের দপ্তর থেকে জল সরবরাহের ব্যবস্থা করেছি এবং করছি। যদিও এটা ঠিক ওখানে অনেক নিচু জায়গা আছে, যেগুলো জলে ভরে যায়। সেইজন্য একটা স্কীম করে সেই জল বার করে দেওয়া দরকার। গোপালবাবু কোথা থেকে কি পড়লেন জানি না, উনি বললেন ৮০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কোন জায়গায় ৮০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, কোন স্কীমে ব্যয় হয়েছে, তিনি বলতে পারলেন না। কারণ ঐ এলাকায় অনেক টাকা ব্যয় হয়েছে, তার যথার্থ প্রামাণ্য তথ্য কিছু দিতে পারলেন না। কোন স্কীমে টাকা ব্যয় হয়েছে বলতে পারলেন না। সুতরাং ওঁরা যা বললেন, সেইগুলো ঠিক নয়। এবার আমি অন্য একটা প্রসঙ্গে আসছি। পুরুলিয়ায় সেচ দপ্তর থেকে ৩৪টি স্কীমের কাজ ধরা হয়েছে। তার মধ্যে ১৬টি স্কীম শেষ হয়ে গেছে। বাকিগুলো ৯৭ সালের জুন, জুলাই মাসে শেষ হয়ে যাবে। এবারে পুরুলিয়া জেলায় ৫০ হাজার একর জমি, তার মধ্যে ৮ হাজার একর জমিতে গ্রীষ্ম কালে বোরো ধানের জন্য জল দেওয়া হয়েছে। আপনাদের সময় আর যাই হোক পুরুলিয়ায় কোনও সেচের ব্যবস্থা করতে পারেননি। আমি এই বাজেটকে সমর্থন করছি এবং বিরোধিদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বাজেট বরাদ্দ পেশ করেছি, তার উপর আমাদের সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের ১৬ জন সদস্য অংশ গ্রহণ করেছেন। আমি প্রথমে সকলকে ধন্যবাদ দিচ্ছি এই জন্য বিশেষ করে বিরোধী দলের সদস্য, তাঁরা সকলে যে একেবারে কোনও রকম গঠনমূলক আলোচনা সমালোচনা করেননি, সেই কথা বলব না। ..........

[5-20—5-30 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, দেবব্রতবাবু একজন সিনিয়র মিনিস্টার, নন্দবাবু জুনিয়র মিনিস্টার। জুনিয়র মিনিস্টার আগে বলবেন এবং সব শেষে সিনিয়র মিনিস্টার বলবেন এটাই তো স্বাভাবিক এবং হওয়া উচিত। এখন দেখছি দেবব্রতবাবু আগে বলছেন, নন্দবাবু পরে বলবেন, এটা কি ব্যাপার?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা হেড ওয়াইজ ডিসকাশন হচ্ছে তো। একটা হেডের

বাজেটে দুজন মন্ত্রী আছেন, তারা তাদের বক্তব্য কমপ্লিট করছেন। এখানে জুনিয়র, সিনিয়রের রেখেই একই হেডের দুজন মন্ত্রীর বক্তব্য কমপ্লিট করা হচ্ছে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, প্রথমে যখন আলাদা ভাবে আজকের বাজেটটা রাখা হয়েছিল তখন সময় ধরা হয়েছিল এক ঘন্টা এবং তিন ঘন্টা। শুরুতেই মান্নান সাহেব এসে বললেন স্পিকার মহাশয়ের কাছে গিয়ে যে দুটি বাজেট একসঙ্গে করা হোক। সেটাই আমরা অ্যাকসেপ্ট করে সেইভাবে করা হচ্ছে। এখন মেজর ইরিগেশনের পার্টে যেহেতু একজন মন্ত্রী আগে বলেছেন সেইহেতু নন্দবাবু এবং দেবব্রতবাবু কথা বলে এটাই ঠিক করেন যে মেজর ইরিগেশনের পার্টের ব্যাপারে অ্যানসারগুলি দেওয়া হয়ে যাক, তারপর মাইনর ইরিগেশনটা ধরা হবে। এটা কথা বলে আন্ডারস্ট্যান্ডিং এর ভিত্তিতেই হয়েছে, এরমধ্যে অযৌক্তিক বা অসঙ্গত কিছু নেই।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৬ জন বক্তা যারা এই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করেছেন তাদের আমি সাদর অভিনন্দন জানাচ্ছি। বিশেষ করে অভিনন্দন জানাচ্ছি কংগ্রেস পক্ষের যারা বলেছেন তাদের। তাদের অনেকে গঠনমূলক আলোচনা করেছেন, সাজেশনস দিয়েছেন। তাদের অনেকগুলি সাজেশনস আমরা গ্রহণ করছি। কোন কোনটা করছি তা আমার বক্তব্যের শেষের দিকে জানিয়ে দেব। প্রথম কথা যেটা, একই ধরনের টেপ আপনারাও বাজিয়ে যাবেন এবং আমিও বাজিয়ে যাব এতে কোনও লাভ হয় না। আমার নিজের ধারণা, পশ্চিমবঙ্গের সবচেয়ে দুরূহ দপ্তর হচ্ছে আমার দপ্তর। দুরূহ দপ্তর মানে যদি পশ্চিমবঙ্গের উপরই আমি নির্ভর করে থাকতাম—শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র আমাকে ভীষ্মের শর-শয্যায় আরও বলিষ্ঠ ভূমিকা নেবার কথা বলেছেন। এই বলিষ্ঠ ভূমিকা আমার জীবনে অনেক জায়গায় আপনারা পেয়েছেন। যাইহোক, যে কথাটা বলছিলাম, আমরা পশ্চিমবঙ্গের উপরই শুধু নির্ভরশীল নই। পশ্চিমবঙ্গের সেচ ব্যবস্থা, বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা, জলনিকাশি ব্যবস্থা অন্যরাজ্যের ভূমিকা আছে, এটা বিশেষ, করে বিরোধী দলের মাননীয় সদস্যদের বোঝার জন্য বলছি। সেইজন্য আমি আশা করেছিলাম, তথ্যমূলক আলোচনা হবে। কিন্তু আবেগ একটু বেশি যুক্তির একটু ঘাটতি এক্ষেত্রে রয়েছে বলেই আমার মনে হল। তবে আমার খুবই ভাল লাগল দৌলত আলি সাহেবের বাচনভঙ্গি। এক্ষেত্রেও আবেগের সঙ্গে যুক্তি মিশ্রিত হলে আমি বেশি খুশি হতাম। বিরোধীপক্ষ জানেন না একথা বলার ধৃষ্টতা আমার নেই, তারা জানেন, তবুও বলছি, আমাদের পশ্চিমবাংলার অবস্থানটা ঠিক কোন জায়গায়। এক এক ধরনের প্রবলেম এক এক জায়গায়। সুন্দরবনের প্রবলেম কোথা থেকে উদ্ভুত সেটা আপনারা সকলেই জানেন। মুর্শিদাবাদ, নদীয়া, মালদহ জেলার প্রবলেম কোথা থেকে উদ্ভুত তাও আপনারা জানেন। এটা Independence of happening in Murshidabad, Malda and Nadia. বিশেষ করে উত্তরভারতে যখন প্রবল তুষারপাত হয়, বৃষ্টিপাত হয় তখন অবধারিতভাবে রাজমহল দিয়ে তা গঙ্গা, পদ্মায় নামে। সেখানে ভাসিয়ে নিয়ে চলে যায় মালদা, মুর্শিদাবাদ এবং তার এফেক্ট এসে নদীয়ায় পৌছায়। কাজেই

এক একটা বেসিন ধরে আমাদের যদি ধারণা না থাকে, আমাদের যদি উত্তরবঙ্গের ধারণা না থাকে, তিস্তার অববাবিহকা কোন দিকে, কি তার এফেক্ট আছে, দিনাজপুরে বিশেষ করে ৩/৪টি নদী আত্রেয়ী, ট্যাঙ্গন, পুনর্ভবা, সরস্বতী, এরা কোথা থেকে এসেছে, কোথায় যাচ্ছে, যদি তার জ্ঞান না থাকে এটা পশ্চিমবঙ্গের উপরে নির্ভরশীল নয়, প্রত্যেকটি জেলার ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে যদি জ্ঞান থাকে তাহলে আমরা একটা রাইট জায়গায় এসে পৌঁছাতে পারি। আমি সেজন্য প্রথমে আমাদের ডিপার্টমেন্টের অসুবিধা কোথায় তার একটা পয়েন্ট বললাম। দ্বিতীয় কথা মনে রাখতে হবে যে, একটা ছোট জায়গা তার লেঙ্থ অব দি এমব্যাঙ্কমেন্ট এক আধ কিলোমিটার নয়, এক আধ হাজার কিলোমিটার নয়, ৩৩ হাজার কিলোমিটার রয়েছে এবং তার মেনটেনেন্স ফান্ড কত? আপনারা নিশ্চয়ই সেটা সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। আপনারা সকলেই চান এবং অনেকে খুব সঙ্গত ভাবেই বলেছেন। আমি নিজে চেষ্টা করে যে পরিকল্পনা মেদিনীপুরবাসীর জন্য করেছি—কেলেঘাই, কপালেশ্বরী স্কীম, সেটা কেন পড়ে আছে জি.এফ.সি.সি-তে? জয়ন্ত বিশ্বাসের একটা প্রশ্ন ছিল। কিন্তু আজকে প্রশ্নটা আসেনি। সেটা এলে আমি দেখাতাম যে ৩৩টি প্রকল্প বর্তমানে দিল্লিতে জি.এফ.সি.সি.র হেফাজতে পড়ে আছে এবং এক একটা প্রকল্প ৫ বছর, ৬ বছর, ৭ বছর রয়ে গেছে এবং এটা বারবার চাওয়া সত্ত্বেও তার কোনও হদিশ হচ্ছে না। কি করে হদিশ হতে পারে সে ব্যাপারে পরে সাজেশন রাখব। যেমন ধরুন তিস্তা আগে কম এগোতো, কিন্তু হালে বেশি এগিয়ে যাচ্ছে কেন? এটা নিশ্চয়ই বিশ্লেষণ করবেন। আপনারা সকলে জানেন যে, তিস্তার প্রথম উপ-পর্যায় প্রকল্পে ৬৯৫ কোটি টাকা রয়েছে। তার এখন পর্যন্ত ৫৯৫ কোটি টাকা খরচ করা হয়েছে। আপনারা যেকথা বলেছেন, ঠিকই বলেছেন। আপনারা কি আমার সঙ্গে সহমত হবেন না যে, তুঙ্গভদ্রা প্রোজেক্টের পিছনে যদি কেন্দ্রীয় সরকার টাকা দিতে পারেন, ভাকরা নাঙ্গালের ক্ষেত্রে যদি টাকা দিতে পারেন তাহলে তিস্তার ক্ষেত্রে সেই হাতটা সংকুচিত হয়ে যাবে কেন, কেন সেটা প্রসারিত হবে না—কেন, কেন? ৫১৭ কোটি টাকার মধ্যে ১১৯ কোটি টাকা পেলাম কেন? এটা আমরা সকলে মিলে ভাববো না? আজকে আপনাদের এটা ভাবতে আমি অনুরোধ করছি। এই ধরনের অনেকগুলি সমস্যা রয়েছে। তিস্তা সম্পর্কে প্রথমে বলি যে, তিস্তায় যে পরিমাণ জল পৌঁছানো প্রয়োজন ছিল সেটা আমি পারিনি বা আমার দপ্তর পারেনি। এই না পারার কারণ কি? এটার চেষ্টা করা হয়েছে। আমার দপ্তরের একজন চীফ ইঞ্জিনিয়ারকে ওখানে সারাক্ষণ রেখে দেওয়া হয়েছে। কিন্তু আসল জায়গা কোথায় সেটা নিশিকান্ত খানিকটা বলেছেন। আপনারা নিশ্চয়ই উপলব্ধি করেছেন। আজকে একটা জিনিস আমাদের সকলকে মিলে ভাবতে হবে। সেটা হচ্ছে, অ্যাক্ট-১ আসার পরে জমি অধিগ্রহণ করা প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। আমিও একজাসপ্যারেটেড হয়ে সম্প্রতি মেদিনীপুরে সেমিনারে বলেছি যে, আমার ইচ্ছা ৭ বছরের মধ্যে শেষ করা সুবর্ণরেখা, কঠিনও নয়, কিন্তু ৭ বছর কেন, ১৫ বছরেও পারা যাবে না বিশেষ করে জমির আইন এত জটিল এবং এত টাইম কনজিউমিং যে আমি কেন, কোনও মন্ত্রীর পক্ষেই তা সম্ভব নয়, যদি না এই আইনের আগা-পাছতলা ধরে এর সরলীকরণ না করা যায়। এটা

যদি আমরা সকলে মিলে না করতে পারি তাহলে তিস্তাও এগোবে না, সুবর্ণরেখাও এগোবে না, অন্য প্রকল্পও এগোবে না। এটা কোনও দপ্তরকে ছোট করা নয়। তিস্তা প্রকল্প ৩ বছরে শেষ করে দেব, আমি সুনীতি চট্টরাজকে বলে দিচ্ছি, আপনারা এই ব্যাপারে আমার সঙ্গে সহযোগিতা করুন। জমির আইনের সরলীকরণ করার চেষ্টা করুন।

[5-30—5-40 P.M.]

৩নং, ঠিকই কারেক্ট, একেবারে টাইম বাউন্ড প্রোগ্রাম, বিরোধী দলের সদস্যরা সেখানে গিয়ে দেখে আসার চেষ্টা করুন, দেখবেন—১৩ কোটি টাকার যে কাজটা সেখানে শুরু করেছিলাম সেটা দেড় বছরের মধ্যে আমরা শেষ করতে চলেছি যেটা টেকনিক্যাল একসেলেন্সের কাজ। চাঁচল পরিকল্পনাও ৩ বছরের মধ্যে শেষ করেছি। সিংলা, ধরনার ১২টি স্ট্রাকচারও ৩ বছরের মধ্যে শেষ করেছি। কিন্তু বিশেষ করে খাল, উপখাল এবং শাখাখাল যদি কাটতে না পারি তাহলে জল যাবে কি করে? তবে জমির আইনটা নিশ্চয়ই চাষীদের কথা ভেবেই করেছে, কিন্তু তারফলে এখন কিন্তু সেটা বুমেরাং হয়ে প্রকল্পগুলির ক্ষতিসাধন করছে। তবে আপনারা সবাই আমাকে খুব ভালবাসেন যারজন্য আমার সমালোচনা হলেও সেটা তীব্র হয় না। এখানে মালদা, মুর্শিদাবাদের এম.এল.এরা রয়েছেন, দেখবেন-জলঙ্গী, নলবোনা, হাসানে বেশি কাজ হয়েছে, মালদার ৮, ১০, ১৮, ২০, ২৪শের রিনোভেশনের কাজ শেষ হয়েছে। আই অলওয়েজ স্ট্যান্ড বাই ফ্যাক্টস, আমি মিথ্যা কথা বলতে অভ্যস্ত নই। দেখবেন, এ-ধরনের কাজগুলো এগিয়ে চলেছে। তা সত্ত্বেও এখনও অনেক কাজ বাকি রয়েছে। শ্রী সুনীতি চট্টোরাজ যে প্রস্তাব দিয়েছেন সেই হিংলার কাজ এই বছরের মধ্যে শেষ করব, নাবার্ডের টাকা নিয়ে সেটা শেষ করব। পুরুলিয়া সম্বন্ধে অল্পই বলেছেন। তবে আমি নিজেকে ভাগ্যবান বলে মনে করি সবচেয়ে গরিব জেলার ক্ষেত্রে আমাদের দপ্তর হাত দিয়েছে বলে। গত ১০ বছরের মধ্যে সবচেয়ে বেশি কাজ হয়েছে পুরুলিয়া জেলায়। এই বছরের মধ্যে সেখানে ১৯ কোটি টাকার ১১টি প্রকল্পের কাজ শেষ হয়ে যাচ্ছে নাবার্ডের টাকা দিয়ে। মুর্শিদাবাদ জেলার কান্দির দিকটা যাতে উপকৃত হয় সেই কাজে শ্রী পান্নালাল দাশগুপ্ত—তাঁকে আমি ভয়ঙ্কর শ্রদ্ধা করি—এবং তিমির ভাদুড়ী মহাশয়, এই দুজন আমাকে সাহায্য করেছেন। সে কাজটা সম্পন্ন করতে পারলে মুর্শিদাবাদের পূর্বদিকের তটরেখার চেহারাই পাল্টে যাবে। সিদ্ধেশ্বরী নুনবিল প্রকল্পের সার্ভে হয়ে গেছে। এখন সেটা শেষের পর্যায়ে চলে এসেছে। এবার ঐ কাজে হাত দেব। তবে এটা নিয়ে দিল্লির সঙ্গে কথা বলতে হবে এবং বিহারের মুখ্যমন্ত্রীর সঙ্গেও কথা বলতে হবে। তারপর সুনীতি চট্টোরাজ এবং ভক্তিভূষণ মহাশয়দ্বয়ের সঙ্গে কথা বলে ঐ প্রকল্পের কাজটা যাতে আরম্ভ করতে পারি তার চেষ্টা করব। কান্দি মাস্টার প্ল্যান তৈরি করতে আমরা অনেক চেষ্টা করেছি এবং সে কাজে সেন্ট্রাল গভর্নমেন্টের রিভার রিসার্চ ইনস্টিটিউট, পুনা, খুব খেটেছে। পুনায় ম্যাথামেটিক্যাল মডেলে করেছে এবং তারা সাংঘাতিক পরিশ্রম করেছে। বর্তমানে সেই রিপোর্ট জি.এফ.সি.তে এসেছে। আমি নিজে পাটনায় গিয়ে হাজির হয়েছিলাম। এই রিপোর্ট যদি তাড়াতাড়ি বার করতে পারি তাহলে কান্দির বেশ কিছু

এলাকার জন্য ১৩ কোটি টাকার প্রোজেক্ট তাড়াতাড়ি হাত দিতে পারি। বিশেষ করে আমার বাজেটের উপর যাঁরা বক্তব্য রেখেছেন, আলোচনা করেছেন, আমি আশা করি আমার এই বক্তব্যগুলি তাঁরা হৃদয়ঙ্গম করবেন। নিশ্চয়ই বিরোধী বেঞ্চে যখন বসে আছেন, বিরোধিতা করবেন, কিন্তু অতীতে যেমন আমার সঙ্গে হাত মিলিয়ে সহযোগিতার হাত প্রসারিত করেছেন আগামী দিনেও আবার করবেন। আসুন আর একবার সকলে মিলে বিশেষ করে গঙ্গা পদ্মা ভাঙনের ব্যাপার নিয়ে কিছু করা যায় কিনা দেখি। কিছু দিন আগে বলেছিলাম, আসুন সকলে মিলে আর একবার সাড়ে তিনশো কোটি টাকার পরিকল্পনা নিয়ে যাই। শুধু গঙ্গা-পদ্মা নয় ভাগীরথীর একেবারে নিচ থেকে উপর পর্যন্ত ৭০০ কোটি টাকার পরিকল্পনা নিয়ে যাই। আমি আশা করব বিরোধী নেতা অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় এবং চিফ হুইপ রবীন মন্ডল মহাশয় মিলিত ভাবে আলোচনা করে এই অধিবেশনের শেষে সকলে মিলে গিয়ে অন্তত তিনটি বারনিং ইস্যু সেখানে তুলে ধরতে পারি। মুর্শিদাবাদ মালদা গঙ্গা ভাঙনের সঙ্গে সঙ্গে চাপা পড়ে যায় মুর্শিদাবাদ মালদা নিয়ে আলোচনা করতে গিয়ে সেটা হল বলাগড়। আজকে বলাগড় কম বিপদাপন্ন নয়। বলাগড় কোনও অংশে কম বিপদাপন্ন নয়, শানমেলেরচর কম বিপদাপন্ন নয়, জগৎখালির বাঁধ কম বিপদাপন্ন নয়, নদীয়া জেলার মায়াপুরের বিস্তীর্ণ এলাকা ভয়ঙ্কর বিপদজনক অবস্থায় রয়েছে। আমরা সেখানে এইগুলি নিয়ে আলোচনা করব। সঙ্গে সঙ্গে বিশেষ করে কেলেঘাই পরিকল্পনা যেটা আমরা নিয়েছি, আমরা টাকা বরাদ্দ করে রেখেছি, যাতে ক্লিয়ারেন্স পাওয়া যায়, সেই কাজগুলি যাতে করতে পারি সেটা দেখতে হবে। আশা করি আমার এই প্রস্তাব আপনারা গ্রহণ করবেন। এমনিতেই আমার মন খুব খারাপ ছিল, এবারে মন্ত্রী হবার সময় আমার মন খুব ভাল ছিল না। ফ্রাঙ্কলি বলি, সবচেয়ে বড় বিপদের মধ্যে আমি রয়েছি। ঐ আসে ঐ অতি ভৈরব হরসে সাংঘাতিক মুখবাদন করে আমার দিকে এগিয়ে আসছে আখরীগঞ্জকে গ্রাস করতে, ভগবানগোলাকে গ্রাস করতে, শেখালিপুরকে গ্রাস করতে, মালদাকে গ্রাস করতে। আমার ভাল লাগে না আমি মন্ত্রী থাকলাম, আমার চোখের সামনে যদি ভেসে যায় সেটা খুবই খারাপ লাগে। সেইজন্য এই বিষয়ে রাজনীতি না করে আসুন আমরা সকলে মিলে কেন্দ্রের সহযোগিতা নিয়ে সমস্ত কাজ করি। উই শ্যাল ওভার কাম, উই শ্যাল ওভার কাম সাম ডে। আমি আশা করি আপনারা আমার বাজেটকে সমর্থন করবেন। আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমার বাজেট বরাদ্দের উপর ১৬ জন বক্তা বক্তব্য রেখেছেন। আমি প্রত্যাশা করেছিলাম যে বর্তমান সময়ে পশ্চিমবাংলায় ক্ষুদ্র সেচ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে সেই দিকে দৃষ্টি রেখে মাননীয় সদস্যবা এই সম্পর্কে গঠনমূলক সমালোচনা করবেন এবং প্রয়োজন মতো পরামর্শ দেবেন আগামী দিনে এই কাজকে কি করে আরও বিস্তারিত করা যায় তরান্বিত করা যায়। তাঁরা তাদের বিভিন্ন দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করে কিছু মূল্যবান পরামর্শ দেবেন এই ছিল আমার

প্রত্যাশা। কিন্তু দেখলাম একজন দুজন ছাড়া কেউই ক্ষুদ্র সেচ সম্পর্কে কোনও আলোচনা করলেন না। বাজে ` বিতর্কে যদি বিতর্কটাই না হল তাহলে জবাব দেওয়ার ব্যাপারটা খুব বেশি জমে না।

[5-40—5-50 P.M.]

আমি এই কথা বলছিলাম সেই কারণে। সেই অবস্থা থেকে আমি কিছু বক্তব্য আপনাদের সামনে উপস্থিত করব। আমি আপনাদের সামনে আমার বাজেট ভাষণে আমাদের দপ্তরের কাজ অতীতে কি করেছি এবং আগামী দিনে কি কাজ আমরা করতে চাই, কি অবস্থার মধ্যে পশ্চিমবাংলায় সেচ ব্যবস্থা ছিল, এখন কোথায় এসে দাঁড়িয়েছে, এই সমস্ত আমি তথ্য ও পরিসংখ্যান দিয়ে বিস্তারিত ভাবে উপস্থিত করেছি। আমি আবার আপনাদের সামনে সেই বক্তব্যগুলির পুনরাবৃত্তি করে চর্বিত চর্বন করতে চাই না। এখানে যে কথাগুলি উঠেছে, দু'তিন জন যে কথা বলেছেন, তুলেছেন, সেগুলো সম্পর্কে আমি বলব। কিন্তু তার আগে আমি বলব যে, পশ্চিমবাংলায় কৃষকদের অধিকাংশই হচ্ছে ক্ষুদ্র এবং প্রান্তির চাষী, এবং শতকরা ৮০ ভাগ জমি তারমধ্যে তপসিল জাতি এবং তপসিল উপজাতি সম্প্রদায়ভুক্ত। আমরা আমাদের দপ্তর থেকে এই যে গরিব চাষী, যারা নিজেদের পকেট থেকে পয়সা খরচা করে সেচ ব্যবস্থা করতে পারে না, সেই সেচের ব্যবস্থা করলে, আমাদের রাজ্যের যে জমি তার অধিকাংশ জমি ছোট ছোট খন্ডিত জমি, সেই খন্ডিত জমিতে নিজেরা চাষের ব্যবস্থা করে লাভ জনক অবস্থায় যেতে পারে না। সেই জন্য আমরা সরকারের তরফ থেকে বিশেষভাবে এই যে ছোট ছোট চাষী, ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী, সমস্ত চাষীদের জন্য এবং সারা পশ্চিমবাংলা ব্যাপী বিভিন্ন জেলার বাস্তব পরিস্থিতি অনুযায়ী বিভিন্ন ধরনের পরিকল্পনা গ্রহণ করেছি এবং তাকে কার্যকর করেছি। আগামী দিনের জন্য আমরা পরিকল্পনা নিয়েছি যে, ১৯৯৬-৯৭ এই আর্থিক বছরের মধ্যে আমরা কতকগুলো কাজ হাতে নিয়েছি। যে কাজের কথা আমি বলব, সেই কাজগুলো এই সময়ের মধ্যে—সমস্তটাই করতে চাই। আমরা আশা করি যে এই সময়ের মধ্যে সেগুলোকে আমরা সম্পূর্ণ করে উঠতে পারব। এখানে কথা উঠেছে যে ১৯ বছরে কোনও আর.এল.আই. হয় নি। সুনীতিবাবু, মাননীয় বিধায়ক এই কথা বলেছেন। আর একজন বলেছেন যে ১৯ বছরে আর.এল.আই. ডিপ টিউবওয়েল কিছু হয়নি। আর একজন ডিপ টিউবওয়েলের কথা বলেছেন। আমি বলছি, যেমন এই ডিপ টিউবওয়েল, ১৪০০ ডিপ টিউবওয়েল, শ্যালো ৮,৫০০ এর মতো, আর ৩৭০ হচ্ছে আর.এল.আই.। কথা হচ্ছে, এই যেগুলো হয়েছে, এগুলো আপনাদের জমানার পরে হয়েছে। সুতরাং যে হয় নি, যেকথাটি এখানে উপস্থিত করা হয়েছে প্রকৃতক্ষেত্রে সেটা নয়। আমাদের দপ্তর থেকে এই নিয়ে অনেক আলোচনা করেছে। আমি সবিনয়ে উপলব্ধি করার জন্য বলছি কংগ্রেস আমলে এই ক্ষুদ্র সেচ দপ্তর ছিল না। বামফ্রন্ট সরকার এই ক্ষুদ্র সেচের উপরে অনেক বেশি গুরুত্ব দিয়ে এই কাজকে সারা পশ্চিমবঙ্গে পরিচালনার জন্য এই দপ্তরকে স্থাপন করেছেন। তারই মাধ্যমে আমরা বন্যা এলাকায় এই ক্ষুদ্র সেচের কাজ আমরা পরিচালনা করেছি। এখানে বিভিন্ন বক্তা

বলেছেন, যেমন একজন বললেন, কুলপীতে ডিপ টিউবওয়েল নেই, কিন্তু কুলপীতে ডিপ টিউবেল বসানোর সংরক্ষণ তথ্য না জেনেই সত্যকে বিভ্রান্ত করার এইরকম কথা বলা ঠিক নয়। আমি আমার বাজেট ভাষণে বলেছি, যে 'সুইডের' পক্ষ থেকে বিভিন্ন জেলায় ধরে টিউবওয়েল বসানোর পক্ষে উপযুক্ত কিনা অনুসন্ধান করা হচ্ছে এবং অনুসন্ধান করে তার ভিত্তিতে সেই জায়গায় আমরা টিউবওয়েল বসানোর কাজ করছি। সুতরাং বরঞ্চ আমরা উল্টো দিক ভাবছি যে, মাটির তলার জলের স্তর নেমে যাবার জন্যে মাটির তলার জল যথার্থভাবে ব্যবহার না করা হয় তারজন্য কতগুলো বাধা নিষেধ আরোপ করার কথা আমাদের ডিপার্টমেন্টের থেকে ভাবছি। সেইজন্য আমরা একটা বিলের খসড়াও তৈরি করেছি এবং আগামী দিনে সেই বিল বিধানসভায় নিয়ে আসব। সুতরাং যত্রতত্র যদি টিউবওয়েল বসানো হত তাহলে আমাদের অনুসন্ধানের কাজও করতে হত না। এবং এই বিল আনার জন্যে যে প্রচেষ্টা সেটাও আমাদের করতে হত না। সুতরাং মাটির তলার জলের সংরক্ষণের কথা মনে রেখেই আমরা যত্রতত্র টিউবওয়েল বসাতে দেব না। যারজন্য কথা উঠেছে যে, আমরা ১৯ বছরের মধ্যে বামফ্রন্ট সরকারের কোনও অগ্রগতি হয়নি। এখন কথা উঠেছে বলেই আমি আপনাদের সামনে তুলে ধরতে চাই কতগুলো তথ্য—আপনারা দেখুন ১৯৯৪-৯৫ সালে শস্যক্ষেতের পরিমাণ দাঁড়িয়েছিল ৮৭ লক্ষ হেক্টর এবং সেচ সেবিত এলাকা ৪২ লক্ষ হেক্টর, অর্থাৎ সাড়ে আটচল্লিশ শতাংশ। ১৯৯৫-৯৬ সালে এটা দাঁড়িয়েছে সাড়ে সাতাশি লক্ষ হেক্টর আর সেচ সেবিত এলাকা ৪৪ লক্ষ হেক্টর অর্থাৎ টোটাল সেচে এটা হয়েছে ৫০ শতাংশের বেশি। এরমধ্যে ক্ষুদ্র সেচের আওতায় ছিল ২৮.৯৩ হেক্টর এবং ১৯৯৫-৯৬ সালে হয়েছে ২৯.৮৯ লক্ষ হেক্টর আমরা পৌছতে পেরেছি এবং চূড়ান্ত সেচ সম্ভাব্যের পরিমাণ এবং আমাদের লক্ষ্য যেটা পৌছতে চাই তা হল ৪৪ লক্ষ হেক্টর, অর্থাৎ আরও ১৪ লক্ষ হেক্টর পৌছতে বাকি আছে।

[5-50—6-00 P.M.]

অগ্রগতির একটা চিত্র এর মধ্যে দিয়ে নিশ্চয় পাওয়া যাবে। ৭৭-৭৮ সালে মোট শস্যক্ষেত্র ছিল ৭৬.৩ লক্ষ হেক্টর, আর ঐ বছরে সম্ভাব্য সেচ সেবিত এলাকা ছিল ২২.৯০ লক্ষ হেক্টর মানে ৩০ শতাংশ। এর মধ্যে ক্ষুদ্র সেচের সম্ভাব্য এলাকা ছিল ১৩ লক্ষ হেক্টর। মাননীয় সদস্য বলেছেন, কোনও অগ্রগতি হয়নি। এই পরিসংখ্যানগুলি যথেষ্ট পরিমাণে প্রমাণ করবে যে, যথেষ্ট পরিমাণে অগ্রগতি হয়েছে। আজকে অগ্রগতির ফলে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে দোফসলি, তিনফসলি জমিতে চাষ হচ্ছে। এটা যে বাস্তব অবস্থা, এই অবস্থা সৃষ্টি করতে সমর্থ হয়েছি। এখানে একটা কাটমোশন এসেছে সেখানে বলা হয়েছে, রাজ্যের রবি মরশুমে কৃষি জমিতে পর্যাপ্ত সেচ ব্যবস্থা করতে সরকার ব্যর্থ হয়েছে। আর একটি কথা বলা হয়েছে তা হচ্ছে, গভর্নমেন্ট অ্যাজ এ হোল এ মাইনর ইরিগেশন প্রোজেক্ট এই ব্যাপারে টোটালি ফেল করেছে। এই যে অগ্রগতির পরিসংখ্যানগুলি দিলাম, এতেই প্রমাণ করে ফেল করেছে কি করেনি। আর এই যে রবি শস্যর ব্যাপারে বলেছি, রবি শস্য মানে আমরা এটাই

বোঝাতে চেয়েছি যে সুখা মরশুমে আমরা সেচের জলের ব্যবস্থা করতে পারি কি পারি না, এটা বোধহয় বুঝতে চেয়েছেন, তার কারণ এই রবি শস্য এবং বোরো ধান এই দুটো ফলনই সুখা মরশুমের। দুটো মিলিয়ে যদি ধরা যায় তাহলে দেখবেন ৮৩-৮৪ সালে মোট রবি শস্য ৮.৫০ লক্ষ হেক্টর জমিতে হয়েছে। আর বোরো ধান ৫.২০ লক্ষ হেক্টর জমিতে হয়েছে। মোট ১৩.৭০ হেক্টর জমি। আর ৯৪-৯৫ সালে ১০.৮৯ লক্ষ হেক্টর, আর ঐ রবি শস্য বোরো ধান ১০.৩৪ লক্ষ হেক্টর। মোট ২১.৩২ লক্ষ হেক্টর চাষ বেড়েছে। তার মানে ২.৪০ লক্ষ হেক্টর আর মোট বেড়েছে ৭.৬৫ লক্ষ হেক্টর জমিতে। সুতরাং এর মধ্যে দিয়ে এটা প্রমাণ হয়ে যাচ্ছে অগ্রগতি হয়েছে কি হয় নি। এটা প্রমাণিত। নিশ্চয় সুনীতি বাবু বিরক্ত হচ্ছেন, আরও অনেকে, এই দিকে সময়ও কমে আসছে, আর একটি কথা কাটমোশনে বলা হয়েছে। মানিকনগর এবং মেধিয়া আর.এল.আই প্রকল্পগুলোর ব্যাপারে যে কথা বলা হয়েছে আমি সেই ব্যাপারে বলতে চাই। শান্তিপুর ব্লকে এই প্রকল্প দুটো অবস্থিত। হাই টেনশন লাইন টানার সময় গ্রামের মানুষের কাছ থেকে বিদ্যুৎ বিভাগ বাধা প্রাপ্ত হয়। সমস্ত কিছু মিলে এই প্রকল্পটা চালু করা যায় নি। হাইকোর্টে কেসও চলছিল। তবে আমরা আশা প্রকাশ করছি আগামী তিন চার মাসের মধ্যে এই প্রকল্পটা আমরা চালু করতে পারব। যদি বিদ্যুৎ সংযোগ না করা যায়, তবে আমরা ডিজেল ইঞ্জিন দিয়ে চালু করে দেব। সময় থাকলে আমি আরও কথা বলতাম। সুতরাং আমি আপনাদের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। আমি আপনাদের কাছে অনুরোধ করি, বিশেষভাবে বিরোধী সদস্যদের কাছে, সেচের কাজকে রাজনীতি থেকে পৃথক করে আসুন, সবাই মিলে সহযোগিতার মধ্যে দিয়ে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাকে সম্প্রসারণ করার জন্য আমরা সবাই মিলে কাজ করি, এগিয়ে নিয়ে যাই। এই কথা বলে আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমি যখন বক্তব্য রাখছিলাম তখন মন্ত্রী মহাশয় বোধহয় ঠিকাদারদের চিন্তা করছিলেন কিনা জানি না। আমি বলেছি, বীরভূমে কাখুরিয়া আর.এল.আই. টু এর পর আর কোনও আর.এল.আই. প্রকল্প ওখানে হয়নি।

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** মাননীয় সুনীতি বাবু অবশ্য কয়েক ঘন্টার মধ্যেই তার বক্তব্য পরিবর্তন করে ফেললেন। আপনি বলেছেন আপনার বিভাগে কন্ট্রাক্টরদের কোনও প্রবলেম নেই। এখন আবার বলতে উঠে বললেন আমি কন্ট্রাক্টরদের চিন্তা করছিলাম কিনা। এটা ঠিক সহযোগিতার মনোভাব নয়। আপনি বলেছিলেন ১৯ বছরে আর.এল.আই. প্রকল্পের কোনও অগ্রগতি হয় নি।

## Demand No. 66

The motions of Shri Deba Prasad Sarkar, Shri Abdul Mannan, Shri Shyamadas Banerjee, Shri Ajoy Dey and Shri Sultan Ahmed that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost

The motion of Dr.Asim Kumar Dasgupta that a sum of Rs.3,45,48,84,000 be granted for expenditure under Demand No.66, Major Heads : "2701—Major and Medium Irrigation and 4701 Capital outlay on Major and Medium Irrigation."

(This is inclusive of a total sum of Rs.1,15,17,00,000 already voted on account on February, 1996) was then put and agreed to.

[6-00—6-02 P.M.]

**Demand No. 68**

The motions of Shri Sultan Ahmed, Shri Deba Prasad Sarkar, Shri Anoy Gopal Sinha, Shri Kamal Mukherjee and Shri Rabindranath Chatterjee that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.113,55,16,000 be granted for expenditure under Demand No. 68 Major Heads : "2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.37,86,00,000 already voted on account in February, 1996), was then put and agreed to.

**Demand No. 67**

The motion of Shri Deba Prasad Sarkar, Shri Shyamadas Banerjee, Shri Ajoy De and Shri Sultan Ahmed that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that s sum of Rs.173,73,22,000 be granted for expenditure under Demand No.67, Major Heads : "2702—Minor Irrigation, 2705-Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705 Capital Outlay on Command Area Development" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs.86,87,00,000 only already voted on account in February, 1996), was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 6-02 P.M. till 11 a.m. on Thursday, the 4th July, 1996 in the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 4th July, 1996 at 11-00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 10 Ministers of State and 125 Members.

[11-00 — 11-10 A.M.]

### Starred Question
### (to which Oral Answers were given)

**গ্রামোন্নয়নের পরিকল্পনা**

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫।) **শ্রী আব্দুল মান্নান ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪-৯৫ আর্থিক বছরে গ্রামোন্নয়নের জন্য পরিকল্পনা খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল ; এবং

(খ) উক্ত অর্থের কত শতাংশ অর্থ সংশ্লিষ্ট দপ্তরকে দেওয়া হয়েছে?

**শ্রী সূর্যকান্ত মিশ্র ঃ**

(ক) পরিকল্পনা খাতে ১৯৯৪-৯৫ আর্থিক বছরে গ্রামোন্নয়নের জন্য পরিকল্পনা খাতে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ঃ

(১) জওহর রোজগার যোজনা ঃ ৩০৮ কোটি ৮৩ লক্ষ ২৯ হাজার টাকা

(২) সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্প ঃ ৯২ কোটি ৭৬ লক্ষ ৯৮ হাজার টাকা।

(৩) সমষ্টি উন্নয়ন ও প্রশিক্ষণ ঃ ১২ কোটি ২৬ লক্ষ ৫০ হাজার টাকা।

(৪) নিযুক্তি নিশ্চিতকরণ প্রকল্প ঃ ৯৭ কোটি ২৫ লক্ষ টাকা।

(খ) উক্ত পরিকল্পনা খাতে বরাদ্দ অর্থ জেলাগুলিকে দেওয়া হয়ে থাকে।

(১) জওহর রোজগার যোজনা ঃ ৩০৯ কোটি ৭১ লক্ষ ৭২ হাজার টাকা

(২) সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্প ঃ ৬২ কোটি ৩৯ লক্ষ ৯৮ হাজার টাকা।

(৩) সমষ্টি উন্নয়ন ও প্রশিক্ষণ ঃ ৯০ লক্ষ ৯ হাজার টাকা।

(৪) নিযুক্তি নিশ্চিতকরণ প্রকল্প ঃ ৮৭ কোটি ২৬ লক্ষ টাকা।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পরিকল্পনা খাতে সমষ্টি উন্নয়ন, প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১২ কোটি ২৬ লক্ষ ৫০ হাজার টাকা। কিন্তু দেখা যাচ্ছে, টাকা দেওয়া হয়েছে মাত্র ৯০ লক্ষ ৯ হাজার টাকা। পুরো ১ কোটি টাকাও দেওয়া হয় নি। শুধু জওহর রোজগার যোজনা ছাড়া অন্য সব কিছুতেই টাকা কিছু কিছু কম আছে। আপনারা বরাদ্দকৃত অর্থের ১০ পারসেন্টও দিতে পারেন নি, এর কারণ কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মাপ চেয়ে নিচ্ছি। লিখিত উত্তরে টাইপের একটা মিসটেক হয়েছে। ওটা ১২ কোটির জায়গায় ১ কোটি হবে। তাহলে কি হয় দেখুন। ওটা কারেকশন করে নিতে হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ৩০৯ কোটি ৭১ লক্ষ ৭২ হাজার টাকা খরচ করে কত শ্রমদিবস তৈরি হয়েছে? এই টাকার কতটা কেন্দ্রীয় সরকার দিয়েছেন আর কতটা রাজ্য সরকার দিয়েছেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** ১৯৯৪-৯৫ সালের হিসাবের ব্যাপারে বলি জওহর রোজগার যোজনার বিভিন্ন খাত ধরে ধরে বলতে হবে, এতে সময় লাগবে। আপনারা সবাই জানেন, কেন্দ্রীয় সরকার দেয় শতকরা ৮০ ভাগ অর্থ এবং রাজ্য সরকার দেয় শতকরা ২০ ভাগ অর্থ। শ্রম দিবসের হিসাব আমি বলছি। ৯৪-৯৫ সালে মোট শ্রমদিবস তৈরি হয়েছে জওহর রোজগার যোজনার প্রথম ধারায় ৪ কোটি ৮৯ লক্ষ ৩৭ হাজার। দ্বিতীয় ধারায় ৯১ লক্ষ ৪৫ হাজার। তৃতীয় ধারায় ১৯ লক্ষ ৫৮ হাজার।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই টাকা গুলো প্রধানত জেলা পরিষদের মাধ্যমেই ডিস্ট্রিবিউট করা হয়। জেলা পরিষদকে দেওয়া হয়, তারা ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয়। মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, প্রতিটি জেলা থেকে এই ইউটিলাইজেশন সার্টিফিকেট পেয়েছেন কি? যদি না পেয়ে থাকেন তাহলেও জানাবেন।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমরা সমস্ত জেলা পরিষদ থেকেই ইউটিলাইজেশন সার্টিফিকেট পেয়েছি। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকারের কাছেও পাঠাই। কেননা, অডিট রিপোর্ট দেওয়ার পরই দ্বিতীয় কিস্তি পাওয়া যায়, নাহলে দ্বিতীয় কিস্তি পাওয়া যায় না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ৯৪-৯৫ আর্থিক বছরে যে টাকা দিয়েছেন, তার ইউটিলাইজেশন সার্টিফিকেটগুলো পেয়েছেন কি না, জানতে চাইছি। যদিও আপনার বক্তব্য অনুযায়ী মনে হচ্ছে সব পেয়েছেন। এটা বলছি, কেননা, আগেও দেখেছি পি এইচ ই তে, প্রবীর বাবু যখন মন্ত্রী ছিলেন, বলেছিলেন পাওয়া যায় নি। জেলা পরিষদগুলোকে বারবার ডেকেছেন, সভাধিপতিদের মিটিং ডেকেছেন, অফিসারদের কড়া নোট দিয়েছেন, তারপরও ইউটিলাইজেশন সার্টিফিকেট পান নি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমি দায়িত্ব নিয়েই বলছি, ৯৪-৯৫ সালে যে সমস্ত পরিকল্পনা খাতে বরাদ্দের কথা বললাম, সেইগুলোর ইউটিলাইজেশন সার্টিফিকেট সমস্ত জেলা থেকেই পেয়েছি। তার ভিত্তিতেই খরচ হয়েছে, হিসেব দিয়েছি। তার সঙ্গে যোগ করছি, যদি এই ইউটিলাইজেশন সার্টিফিকেট দিল্লিতে না দিতাম, তাহলে পরের কিস্তি, অর্থাৎ দ্বিতীয় কিস্তির বরাদ্দ পেতাম না। এটাই নিয়ম। সেইজন্য দায়িত্ব নিয়েই বলেছি, সব জায়গা থেকেই পেয়েছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মন্ত্রী মহাশয়, ৭৭ সালে পর্যন্ত একটা লাইন টানুন। তার আগেও ক্ষেত মজুর ছিল। গরিব মানুষের আর্থিক সাহায্য করার জন্য, আপলিফমেন্ট করার জন্য এই টাকা। সেই সময় ক্ষেত মজুরের পারসেন্টেজ কত ছিল আর ৯৪-৯৫ এ সেটা কত পারসেন্টেজে দাঁড়িয়েছে? পশ্চিমবঙ্গ এখন উন্নয়নের কোন জায়গায় দাঁড়িয়ে আছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** কি পরিবর্তন সেটা আমি সাধারণ ভাবে বলতে পারি। ক্ষেত মজুরদের সংখ্যা বিচার করে একটা সেনসাস রিপোর্ট আছে, সেটা যদি দেখেন ৮০-৮১ এবং ৯০-৯১ সালের জনগণনার তুলনামূলক চিত্র বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে ক্ষেত মজুরদের সংখ্যা অন্যান্য রাজ্যের মতো এখানেও বেড়েছে। ক্ষেত মজুরদের যে অনুপাত, শতাংশ হারে, সেটা কমছে এখানে, যেখানে ভারতবর্ষের ক্ষেত্রে বেড়েছে। শুধু কমছে, তাই নয়, সর্বোচ্চ হারে কমেছে, অন্যান্য জায়গায় এই বৃদ্ধির হার অব্যাহত আছে। পশ্চিমবঙ্গে যারা ভূমিহীন ক্ষেতমজুর ছিল, তাদের একটু আধটু জমি হয়েছে। এই উল্টো প্রক্রিয়া বিগত ১০ বছরের জন গণনার তুলনামূলক চিত্র থেকে বোঝা যায়।

[11-10 —11-20 A.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, টাকা জেলা পরিষদ খরচ করে পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে। কিন্তু পঞ্চায়েতের ক্ষেত্রে যে অ্যাপারেটরস যে পরিকাঠামো আছে তাতে একজন সেক্রেটারি এবং জব-অ্যাসিসটেন্ট নিয়ে কাজ করতে হয়। অথচ আপনার দপ্তর প্রচুর টাকা পাচ্ছে এবং খরচও করছে। কিন্তু স্টাফ বাড়ানোর ক্ষেত্রে—অ্যাকাউন্টের টাইপের কাজের লোক বাড়ানোর ক্ষেত্রে—কিছু ভাবছেন কিনা?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমি ইতিপূর্বেই অ্যাসেম্বলিতে বলেছি। ওখানে আমাদের লোক বাড়ানো খুব দরকার, কাজের চাপ বাড়ছে। কিন্তু আমাদের লোক নেই। নতুন পদ সৃষ্টি করব কিনা সে বিষয়ে পরিকল্পনা অতীতেও করে দেখেছি যে, কিছু জায়গায় লোক কম, কাজ বেশি, আবার কিছু জায়গায় কাজের তুলনায় লোক বেশি রয়েছে। এর একটা পুনর্বিন্যাস করা দরকার। এর হিসাব চলছে। এছাড়া হাইকোর্টে মামলা থাকায় কিছু কাজ করা যাচ্ছে না। মাননীয় সদস্য হয়তো জানেন, মাননীয় অর্থমন্ত্রী যখন বাজেট পেশ করেছিলেন তখন বলেছিলেন, রাজ্য অর্থ কামশন তার রেকমেন্ডেশন সরকারের কাছে জমা দিয়েছেন এবং এটা হয়তো বিধানসভায় পেশ করা হবে। হলে, তখন তার সুপারিশ দেখে সামগ্রিকভাবে সিদ্ধান্ত নেওয়া যাবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, প্রতি জেলা পরিষদের থেকে হিসাব পেয়ে গেছেন, ইউটিলাইজেশন সার্টিফিকেট পেয়ে গেছেন। এর মধ্যে কটা কম্পিটেন্ট অথরিটির দ্বারা অডিট করানো হয়েছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** সবগুলোই করা হয়েছে। অডিট রিপোর্ট জমা না দিলে আগেও মান্নান সাহেবের প্রশ্নের উত্তর দেবার সময় বলেছি—সেকেন্ড ইনস্টলমেন্টের টাকা পাওয়া যায়না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্যার, গ্রামোন্নয়নের পরিকল্পনার ভেতর দিয়ে গভর্নমেন্টে অর্ডার করেছিল যে, প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একটা করে আদর্শ গ্রাম তৈরি করা হবে এবং সেই সব গ্রাম-পঞ্চায়েতগুলো নির্দিষ্ট গ্রাম বিভিন্ন জেলায় চিহ্নিত করবে কিন্তু কটা তা বলা হয়নি। আমার জিজ্ঞাসা এব্যাপারে কি আর্থিক অসঙ্গতি হয়েছে? নাকি পরবর্তী সময়ে অর্থ-বরাদ্দ করা হবে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আদর্শ গ্রাম এক-আধটা বলে নয়। আর চিহ্নিত করা গেলেও এটা আমাদের নীতির মধ্যে পড়ছে না। আমরা আগেও বলেছি—আমাদের নীতি হচ্ছে, সব গ্রামকেই আদর্শ গ্রাম হিসাবে গড়ে তোলা। কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিলেন, গান্ধী গ্রাম ইত্যাদি করার কথা। তাতে কিছু কিছু জায়গায় ৪/৫টা বা পশ্চিমবংলার ক্ষেত্রে হয়তো বেশি গ্রামকে ঐরকম গ্রামে পরিণত করার কথা ভাবা হয়েছিল। কিন্তু আমরা বলেছি, এটা আমাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। তাছাড়া ওরা এম পি, ইত্যাদির সঙ্গে পরামর্শ করে এবং কথাবার্তা বলে দেখেছেন, আদর্শ গ্রাম না হলেও যে টাকা-পয়সা পাওয়া যাচ্ছে তাতে সব গ্রামের জন্য করলে কিছু অসুবিধা নেই। আর নীতিগতভাবে কয়েকটাকে আলাদাভাবে চিহ্নিত করার সঙ্গে আমরা সহমত পোষণ করি না।

**মহঃ ইয়াকুব ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, উত্তর ২৪ পরগনা জেলার গ্রামোন্নয়নে, ১৯৯৪-৯৫ সালে কত বরাদ্দ হয়েছিল এবং কত ব্যয় হয়েছিল?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্য যেটা বললেন, আমার কাছে সব আছে। জেলা ভিত্তিক দিয়ে দিতে পারি। কিন্তু সময় লাগবে।

**মিঃ স্পিকার ঃ** টেবিলে লে করে দিন।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** হ্যাঁ, টেবিলে লে করে দেব।

**দমকল ব্যবস্থার সম্প্রসারণ**

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতাসহ রাজ্যের সর্বত্র বিশেষ করে জেলা-শহর, মহকুমা শহরের 'দমকল' ব্যবস্থা গড়ে উঠেছে কিনা ; এবং

(খ) ব্লক-স্তর পর্যন্ত দমকল ব্যবস্থা সম্প্রসারণের জন্য কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) কলকাতাসহ রাজ্যের সমস্ত জেলা শহরে এবং বেশ কয়েকটি মহকুমা শহরে দমকল ব্যবস্থা আছে। কিন্তু সব মহকুমা শহরে এখনও দমকল ব্যবস্থা গড়ে ওঠে নি।

(খ) সাধারণভাবে ব্লকস্তর পর্যন্ত দমকল ব্যবস্থা সম্প্রসারণের কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই। তবে বিভিন্ন স্থানের গুরুত্ব অনুযায়ী দমকল কেন্দ্র স্থাপনের কাজ পর্যায়ক্রমে চলছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** নতুন করে যে সব জায়গায় দমকল করা হবে বা যে প্রস্তাবগুলি আছে বা বিবেচনাধীন আছে তার মধ্যে উল্লেখযোগ্য জায়গাগুলি যদি একটু বলেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** নতুনভাবে দমকল কেন্দ্র করার জন্য ২৪টি জায়গায় প্রস্তাব বিবেচনাধীন আছে, তার মধ্যে অনেকগুলি কেন্দ্রের নির্মাণের কাজ চলছে, যেমন বিজনবাড়ি, গঙ্গারামপুর, ধুলিয়ান, কালনা, বৈষ্ণবঘাটা পাটুলি, বিধাননগর। ২৪টির মধ্যে ৭টির নির্মাণের কাজ শুরু হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় আপনি জানেন গ্রামাঞ্চলে অনেক সময় গরিব অধ্যুষিত অঞ্চলে আগুন লেগে যায় এবং তাতে ক্ষয়-ক্ষতি হয়, আগুন নেভাবার ব্যবস্থা কিছু না থাকায় যেমন হ্যান্ড ট্রলার, পাম্প ট্রলার যেগুলি আগে ব্যবহৃত হত, সেগুলি পুনরুজ্জীবিত করে গ্রামাঞ্চলে বড় আকারে না হলেও ছোট আকারে করা যায় কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ফায়ার সার্ভিসে যে নতুন আইন হয়েছে তার মধ্যে অগজিলিয়ারি ফায়ার সার্ভিসের একটা কথা আছে। সব জায়গাতে করতে পারব না, গ্রামে পঞ্চায়েতের মাধ্যমে স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে, বা এন জি ওর মাধ্যমে তারা যদি প্রশিক্ষণ নিতে চায় আমাদের কাছ থেকে, তাহলে সাময়িকভাবে বা প্রাথমিকভাবে আগুন নেভাবার কিছু যন্ত্রপাতি আমরা দিতে পারি। এই রকম প্রস্তাব যদি আমাদের কাছে আসে আমরা বিবেচনা করতে পারি। এই রকম একটা সংস্থান আমাদের সংশোধীত আইনের মধ্যে রেখেছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি যে সমস্ত উল্লেখযোগ্য জায়গায় নাম বলেছেন বৈষ্ণবঘাটা পাটলি, ধুলিয়ান, সল্টলেক এবং উত্তর বঙ্গের কথা বলেছেন যে সমস্ত নোটিফায়েড এরিয়া যেগুলি পৌরসভা হতে যাচ্ছে তাতে শহরতলি গড়ে উঠেছে সেই সব জায়গাকে বিবেচনা করবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সব নোটিফায়েড এরিয়া অর্থরিটি সব মহকুমা পর্যায়ে মিউনিসিপ্যালিটি বা ব্লক স্তরে দমকল কেন্দ্র তৈরি করতে পারিনি সেগুলি বিবেচনার মধ্যে আছে। এই ২৪টি নেওয়া হয়েছে এবং তার উপরই জোর দেব। একটা নীতি গ্রহণ করেছি যে জেলাগুলিতে কম দমকলকেন্দ্র আছে যেমন মুর্শিদাবাদ দক্ষিণ ২৪ পরগনা, মালদা দক্ষিণ

দিনাজপুর এই সমস্ত জেলাতে দু একটি দমকলকেন্দ্র আছে, সেখানে প্রাধান্য দিতে চাইছি এবং যে গুলির নির্মাণ কাজ শুরু হয়েছে সেগুলি শেষ করতে চাইছি।

[11-20 — 11-30 P.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** স্যার, সেদিন একজন মন্ত্রী এই 'দমকল' সংক্রান্ত প্রশ্নের উত্তরে জানালেন যে, শহর নয়, কিন্তু বড় বড় গঞ্জ যেগুলো গড়ে উঠেছে, যেমন কাকদ্বীপ, ডায়মন্ডহারবার ইত্যাদি, সেসব জায়গা সরকারের 'দমকল' কেন্দ্র গড়ে তোলার কোনও পরিকল্পনা নেই। আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন হচ্ছে, ঐসব এলাকায় 'দমকল' কেন্দ্র না থাকার ফলে খুবই অসুবিধা দেখা দিচ্ছে, কাকদ্বীপ, ডায়মন্ডহারবার মতো গঞ্জ এলাকায় 'দমকল' কেন্দ্র গড়ে তোলার ব্যাপারটা সরকার কি বিবেচনা করে দেখবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য :** দক্ষিণ ২৪ পরগনার বাবুইপুরে 'দমকল' কেন্দ্র চালু করার কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। ডায়মন্ডহারবারে জায়গা পেলেই কাজ শুরু হবে। আর কাকদ্বীপের জন্য এখনও পর্যন্ত কোনও পরিকল্পনা নেই। তবে দক্ষিণ ২৪ পরগনায় জনসংখ্যার অনুপাতে 'দমকল' কেন্দ্রর সংখ্যা কম।

**মিঃ স্পিকার :** মিঃ ভট্টাচার্য, গ্রামীণ বেঙ্গলে বা রুরাল বেঙ্গলের সর্বত্র 'দমকল' কেন্দ্র করা সম্ভব নয়। সুতরাং আপনারা পঞ্চায়েত এলাকায় এমন কোনও স্কীম নিতে পারেন কি— গ্রামের যুবকদের ফায়ার ফাইটিং ট্রেনিং দিয়ে—আগুন লাগলে তারা যাতে ফায়ার ফাইটিং করতে পারে তার জন্য ব্লক অফিসে বা পঞ্চায়েত অফিসে সাবসিডাইজড ফিনান্স করে ব্যবস্থা করতে পারেন কি? নট পেড, ভলান্টারি সার্ভিস যাতে গ্রামের ছেলেরা দেয় তার জন্য তাদের ট্রেনিং দিয়ে বাহিনী তৈরি করতে পারেন কি? এরকম কোনও স্কীম দিতে পারেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য :** স্যার, আমরা অকজিলারি ফায়ার সার্ভিস নামে নতুন একটু ফায়ার সার্ভিস স্কীম করতে চাইছি। এই স্কীম অনুযায়ী পঞ্চায়েত, পৌরসভা এবং বিভিন্ন ভলান্টারি অর্গানাইজেশনের কাছে কিছু কিছু ইকুইপমেন্ট দিয়ে দেব এবং কিছু প্রয়োজনীয় ট্রেনিং-এর ব্যবস্থাও করব। এর জন্য কয়েকটা ট্রেনিং ইনস্টিটিউট করে সর্ট টার্ম কোর্স-এ ট্রেনিং দেওয়া হবে। আমাদের অফিসাররাও গ্রামে গিয়ে ট্রেনিং দেবেন। এই ব্যবস্থার মধ্যে দিয়ে যদি প্রাথমিকভাবে আগুন নেভানো যায়, তাহলে আর বড় সার্ভিসের প্রয়োজন হয় না। এই জন্যই আমরা এটা করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন কলকাতা শহর এমনিতেই টাওয়ার ইন ফার্নো, জতুগৃহের মতো হয়ে আছে। সুতরাং এখানে শুধু 'দমকল' সার্ভিস চালু থাকলেই চলবে না, ব্যবস্থা থাকাও প্রয়োজন। কলকাতা শহরে মাঝে মাঝে বাজারে আগুন লাগে, দমকল ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট নিয়ে যায়, কিন্তু জলের অভাবে কাজ করতে পারে না। 'দমকল' বিভাগের পক্ষ থেকে আন্ডার গ্রাউন্ড ওয়াটার রিজার্ভার বিভিন্ন এলাকায়, বিশেষ করে বাজার এলাকায় করার কোনও পরিকল্পনা আছে কি? ইতিপূর্বে বড়বাজারে যে ঘটনা ঘটে গেল তারপর বিভিন্ন জনবহুল স্থানে আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার করার কোনও প্ল্যান আউটলের ভাবনা-চিন্তা রাজ্য সরকারের আছে কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এরকম একটা ভাবনা-চিন্তা আমরা করছি। অবশ্যই এটা করতে হবে এবং এ কাজকে আমরা অগ্রাধিকার দিতে চাই। আগুন নেভাবার ক্ষেত্রে মাঝে মাঝেই জলের অভাব হচ্ছে। কলকাতা এবং হাওড়ার মতো জনবহুল শহরে এ জিনিস সব চেয়ে বেশি হচ্ছে। এ বিষয়ে আমরা কিছু কিছু জায়গাকে চিহ্নিত করেছি আন্ডার গ্রাউন্ড রিজার্ভার নির্মাণের জন্য। এর সাথে সাথে হাই ড্রেনগুলোকেও সংস্কার করতে হবে। এর জন্য নতুন স্পাউট করতে হবে। কতগুলো পুকুরকেও রক্ষা করার ব্যবস্থা করা হবে। সেজন্য কিছু প্ল্যান এস্টিমেট করেছি। এখন আমাদের কিছু অতিরিক্ত অর্থের প্রয়োজন। ১০-ম অর্থ কমিশন রেকমেন্ডেশনেও করেছে সমস্ত রাজ্যের দমকল উন্নয়ন খাতে ১০০ কোটি টাকা। স্ট্রেনদেনিং-এর জন্য ১০০ কোটি টাকা রেকমেন্ডেশন করেছেন। কেন্দ্রীয় সরকার সেটা গ্রহণ করেছেন। ৮ কোটি টাকা আগামী ৪ বছরে পাওয়ার কথা। এই ৮ কোটি টাকার মধ্যে ২ কোটি টাকা যদিও প্রয়োজনের তুলনায় কম—আপাতত ২ কোটি টাকা দিয়ে বিভিন্ন জায়গায় এইরকম আন্ডারগ্রাউন্ড রিজার্ভার, হাই-ড্রেন সংস্কার বা কিছু জলের ব্যবস্থা করার জন্য রিজার্ভারের জন্য রাখছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১০০ কোটি টাকা দশম অর্থ কমিশনে বরাদ্দ হয়েছে। কলকাতার পূর্ব দিক থেকে এখন অনেক প্রকল্প তৈরি হচ্ছে, ই সি টি পি, ইস্টার্ন বাইপাশ, কসবা, তিলজলা থানা এলাকায় এবং ঐদিকে ভাঙড় পর্যন্ত। মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা, ঐ এলাকায় দমকল কেন্দ্র স্থাপনের নির্দিষ্ট পরিকল্পনা আছে কিনা? আমি শুনেছিলাম মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে গত ১ মাসের মধ্যে দু-একটি ঘটনায় ঐদিকে যেতে হয়েছিল। ঐসব এলাকায় বসতি হচ্ছে, কলকারখানা আছে, লেদার ট্যানারি রয়েছে। এখন ঐ জায়গায় সিলেক্ট করা হয়েছে কিনা এবং হয়ে থাকলে তা কার্যকর করার জন্য নির্দিষ্ট সময়সীমা নির্ধারিত হয়েছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এমনিতেই কলকাতার পূর্বদিকে ট্যাংরা অঞ্চলে দমকল কেন্দ্র নির্মাণের প্রস্তাব বিবেচনার মধ্যে আছে। কলকাতার বাগবাজার, বেলগাছিয়া এবং সল্টলেকে দমকল কেন্দ্র নির্মাণের চিন্তা-ভাবনা আমাদের প্রস্তাবের মধ্যে আছে।

**শ্রী অশোক কুমার দেব ঃ** বজবজের পূজালি নতুন পৌরসভার নির্বাচন হয়ে গেল এবং এই নির্বাচনে কংগ্রেস জয়লাভ করেছে। এই পৌরসভায় নতুন দমকল সার্ভিসের ব্যবস্থা সরকারের আছে কিনা এবং যদি থাকে তাহলে কতদূর পর্যন্ত এগিয়েছে তা জানাবেন কি? এর সাথে সাথে যেহেতু আপনি এই দপ্তরের মন্ত্রী তাই জিজ্ঞাসা করছি, পৌরসভার জলের কোনও ব্যবস্থা আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** বজবজে ২টি দমকল কেন্দ্র অছে। আপাতত পূজালিতে নতুন দমকল কেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনার মধ্যে নেই।

**শ্রী মুর্সালিন মোল্লা ঃ** মহেশতলা পৌরসভা পশ্চিমবাংলার মধ্যে সর্ববৃহৎ পৌরসভা। এই পৌরসভার ২ বছর বয়স হয়ে গেছে। সুতরাং দমকল কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মহেশতলা এলাকায় দমকল কেন্দ্র নির্মাণের প্রস্তাব বিবেচনার মধ্যে নেই।

**শ্রী নরেন হাঁসদা ঃ** ঝাড়গ্রাম মহকুমা আদিবাসী অধ্যুষিত এলাকা এবং এটা পশ্চিমবাংলার মধ্যে অন্তর্ভুক্ত সেখানে প্রত্যেক বছর কয়েকশো ঘরবাড়ি পুড়ে যায়। কাছাকাছি যে দমকল কেন্দ্র আছে সেটি হচ্ছে খড়গপুরে। সুদূর খড়গপুর কেন্দ্র থেকে এসে গ্রামে আগুন নেভানো সম্ভব হচ্ছে না। আপনি বললেন, ২৪টি দমকল কেন্দ্র স্থাপনের কথা। তারমধ্যে ঝাড়গ্রাম আছে কিনা এবং যদি থাকে তাহলে কতদিনের মধ্যে কার্যকর হবে বলে আশা করা যায়?

[11-30 — 11-40 P.M.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** ঝাড়গ্রামে একটা দমকল কেন্দ্র নির্মাণ করা হবে। এর জন্য জমি চিহ্নিত করণ করা হয়েছে। আমরা আশা করছি চলতি বছরে এর কাজ শুরু করতে পারব।

**শ্রী বুদ্ধদেব ভক্ত ঃ** আমি যে প্রশ্নটা করতে চেয়েছিলাম, সেই প্রশ্নটা নরেন হাঁসদা মহাশয় করে দিয়েছেন। সুতারং আমার আর কোনও প্রশ্ন নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনি বলেছেন ডায়মন্ডহারবারে জমি দিতে পারেনি সেই জন্য অসুবিধা হয়েছে। আমি আপনাকে এতদূর কাকদ্বীপে যাবার কথা বলছি না, জয়নগর পৌরসভা থেকে ওরা জমি দেবার প্রস্তাব দিয়েছিল। সুতরাং জয়নগরে ফায়ার ব্রিগেড স্থাপন করার ব্যাপারে কোনও চিন্তা-ভাবনা করে দেখবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আপাতত কোনও সম্ভাবনা দেখছি না যে জয়নগরে দমকল সেন্টার স্থাপিত করা হবে।

### জলে আর্সেনিক

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন কোন জেলায় পানীয় জলে আর্সেনিক দূষণ পাওয়া গেছে ;

(খ) উক্ত জেলাগুলিতে আর্সেনিক আক্রান্তের সংখ্যা কত ; এবং

(গ) প্রতিকারের জন্য সর্বশেষ কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী গৌতম দেব ঃ**

(ক) সেপ্টেম্বর, ১৯৯৫ পর্যন্ত মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, বর্ধমান, মালদা এই ৭টি জেলায় আর্সেনিক দূষণ পাওয়া গেছে।

(খ) মোট আক্রান্তের সংখ্যা এই দপ্তরের পক্ষে বলা সম্ভব নয়। স্বাস্থ্য সম্পর্কিত তথ্যাদি স্বাস্থ্য দপ্তর থেকে প্রাপ্ত।

(গ) (১) প্রচুর সংখ্যক স্পট সোর্সের পুনর্নির্মাণ, পুনস্থাপন (২) ৮টি বড় ব্যাসযুক্ত নলকূপ পুনর্নির্মাণ (৩) নতুন নলবাহিত জল সরবরাহ (৪) আর্সেনিক বিতাড়নের ২টি পরিক্ষাধীন প্রকল্প (৫) ২৪৮টি স্বাস্থ্য—সুরক্ষিত রিং-ওয়েল (৬) পরীক্ষামূলক তথা—উৎপাদন নলকূপ (৭) ভূতল স্থিত জলের নলবাহী জল সরবরাহ প্রকল্প (মালদা এবং দক্ষিণ ও উত্তর ২৪ পরগনা জেলার জন্য) ইত্যাদি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এর মধ্যে আপনি যে কটা পরিকল্পনার কথা বলেছেন ভূতল নলবাহী জল প্রকল্প এইগুলো দীর্ঘ মেয়াদি পরিকল্পনা। আশু পরিকল্পনা হিসাবে আপনি যেগুলো নিচ্ছেন, যেগুলো বলছেন আর্সেনিক দ্বারা দূষণ, আর্সেনিক দূষণ মুক্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে যে পরিকল্পনা নিচ্ছেন সেটা কি যথেষ্ট? যদি যথেষ্ট না হয় তাহলে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে আরও কি করছেন? কারণ দীর্ঘ মেয়াদি পরিকল্পনার কথা আগে বলেছিলেন, যেগুলো মাস্টার প্ল্যান। যাই হোক সেটা কি পর্যায়ে আছে জানি না। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা কোনগুলো সেটা কি জানাবেন?

**শ্রী গৌতম দেব ঃ** আপনার প্রশ্নের মধ্যে 'গ'-তে আপনি জানতে চেয়েছিলেন, 'প্রতিকারের জন্য সর্বশেষ কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?' তাতে ৭টি বিষয়ের কথা বলেছি এবং দেখবেন তার বেশিরভাগই হচ্ছে ইমিডিয়েট রিলিফ যাতে পায়। আর কতকগুলি আছে যেটা সময় সাপেক্ষ বা দীর্ঘমেয়াদি। যেমন ধরুন, ৫ হাজার ছোট টিউবওয়েলের জলে আর্সেনিক পাওয়া গিয়েছে, তার মানে ঐ ৫ হাজার টিউবওয়েলের বন্ধ করে দিয়ে আরও গভীরে টিউবওয়েল করা। সেটা ১০ দিন বা একমাস, দুমাস করা সম্ভব। অথবা ডিপ টিউবওয়েল করে সেখানে পাইপড ওয়াটার দাও। এই প্রকল্পগুলি যে অনেক সময়সাপেক্ষ তা কিন্তু নয়। এই রকম আমাদের ফার্স্ট ফেজের অ্যাকশন প্ল্যানে ১১ কোটি টাকার প্রজেক্ট আমরা পাঠিয়েছিলাম। সেখানে ৯ কোটি টাকার প্রকল্প নেওয়া হয়েছে এবং সেটা অলমোস্ট শেষ হয়ে গিয়েছে। আর দীর্ঘমেয়াদি যেটা সেটা হচ্ছে, নদী থেকে জল তুলে ট্রিটমেন্ট করে সেটা দেওয়া। যে বড় প্রকল্প নেওয়া হয়েছে তাতে ৭।। শো কোটি টাকার প্রকল্প নিয়ে দিল্লির সাথে আমরা আলোচনা করেছি। কাজেই সে দিকে থেকে ইমিডিয়েট রিলিফের ব্যবস্থা নিশ্চয় আছে, তবে যদি বলেন পর্যাপ্ত হচ্ছে কিনা তাহলে বলব, সেটা বলা মুশকিল।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ৭।। শো কোটি টাকার দীর্ঘমেয়াদি প্রকল্প নেবার কথা যেটা বললেন এবং সে ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা হয়েছে যেটা বললেন সেই প্রকল্প রূপায়ণের জন্য কেন্দ্র নতুন সরকার আসার পর কোনও রকম যোগাযোগ করেছেন কিনা এবং নতুন সরকারের কাছ থেকে আপনি বাড়তি কোনও অ্যাসিওরেন্স এ ব্যাপারে কিছু পেয়েছেন কিনা, পেলে সেটা কি?

**শ্রী গৌতম দেব ঃ** জয়নগর আপনার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে কিনা জানি না, তবে আপনি জেনে খুশি হবেন যে জয়নগরের ব্যাপারটা আছে। অরিজিন্যালি যে স্কীম আমরা নিয়েছিলাম সেটা হচ্ছে ২২৮ কোটি টাকার এবং সেটা দিল্লিতে পাঠিয়েছিলাম। এটাতে ততকালীন কেন্দ্রীয় কংগ্রেসি সরকার নীতিগত ভাবে রাজি হয়েছিলেন। তবে সেই সঙ্গে তারা কতকগুলি জিনিস দেখতে বলেছিলেন যে এর বিকল্প কিছু আছে কিনা, কম পয়সায় কিছু

করা যায় কিনা। ওরা যা বলেছিলেন তার ভিত্তিতে আমরা ফেজ ওয়ান, টু করে নতুনভাবে স্কীম পাঠিয়েছি এবং তাতে আরও ব্লক যুক্ত করেছি। এরমধ্যে জয়নগরও আছে। এটা গতকাল পাঠিয়েছি। এরমধ্যে ফেজ ওয়ানে গ্রামগুলি আছে এবং সেটা হচ্ছে আনুমানিক ১৪৪ কোটি টাকার এবং ফেজ টুতে মিউনিসিপ্যালিটিগুলি আছে, সেটা হচ্ছে আনুমানিক ১২৩ কোটি টাকার। দিল্লির নতুন সরকারের সঙ্গে আমাদের কথা হয়েছে, আশা করছি, কিছুদিনের মধ্যে কাজ শুরু করতে পারব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আর্সেনিকের দূষণের সমস্যার ব্যাপারটা আগে রাজ্যে ছিল না, আমরা সেইভাবে শুনিনি, দেখিনি। ইদানিংকালে এই সমস্যাটা কিন্তু অত্যন্ত প্রকট হয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এর কারণ অনুসন্ধান করেছেন কি এবং করলে তা নিরাময়ের জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী গৌতম দেব ঃ** পৃথিবীতে এমন অনেক কিছুই আছে যা আগে শোনেননি, দেখেন নি কিন্তু এখন দেখছেন, শুনছেন। আমি একথা আগে বহুবার বলেছি, আবার বলছি, পশ্চিমবাংলার বা ভারতবর্ষের মাটির তলায় আর্সেনিক ঢুকলো কবে? এটা কি জ্যোতি বসু মহাশয় যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হলেন তখন পশ্চিমবঙ্গের মাটির তলায় আর্সেনিক ঢুকে গেল? না, তা তো নয়। শত শত বছর ধরেই এই আর্সেনিক ডিপোজিট আছে। নর্মালি আমার এ ক্ষেত্রে প্রশ্ন ছিল, মানুষ এখানে আর্সেনিক খাচ্ছে কবে থেকে? বৈজ্ঞানিক এবং ইঞ্জিনিয়াররা বলেছেন যে দিন থেকে মানুষ টিউবওয়েল-এর জল খাচ্ছেন সেই দিন থেকে। তবে এতদিন মানুষ সেইভাবে খেয়াল করেন নি, দেখেন নি তাই বুঝতে পারেন নি, এখন পারছেন। এটা ৮০-র দশক থেকে ধরা পড়তে শুরু করে। ওয়াটারের কোয়ালিটি সম্বন্ধে আগে এতো অ্যাওয়ারনেস ছিল না, এখন সেই অ্যাওয়ারনেস অনেক বেড়েছে। এখন এর পেছনে অন্য কোনও কারণ আছে কিনা সেটা আমি বৈজ্ঞানিকদের খতিয়ে দেখতে বলেছিলাম। সঙ্গে সঙ্গে এর জন্য আমি ট্যাস্কফোর্সও করেছিলাম। এতে ভারত সরকারের বিভিন্ন সংস্থা সাহায্য করেছেন, বাইরের অনেক সংস্থা সাহায্য করেছে। তারা বলেছেন, This is geohydrological. মাটির তলায় ঐ মালদহের উল্টো দিকে বিহারের রাজমহলের তলায় আর্সেনিকের ডিপোজিট বহু যুগ ধরে আছে এবং সেটা লিক্ট করতে করতে আসছে গঙ্গার পূর্ব দিকে। পশ্চিমদিকে নয়, তবে বাংলাদেশও হতে পারে। গঙ্গার পূর্ব দিক বরাবর আর্সেনিক আছে। এই হচ্ছে তাদের ফাইন্ডিংস।

[11-40 — 11-50 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, টিউবওয়েলের জলে আর্সেনিকের প্রবলেম যেটা সেটা থাকছে। এটার অল্টারনেট সলিউশন হিসেবে আমরা সারফেস ওয়াটার ব্যবহার করতে পারি কিনা সেটা চিন্তা করার সময় এসেছে। আমাদের সারফেস ওয়াটার প্রচুর নষ্ট হয়। মাটির তলা থেকে ভবিষ্যতে টিউবওয়েলের মাধ্যমে জল তোলার সমস্যা কমিয়ে সারফেস ওয়াটার কিভাবে ব্যবহার করে পানীয় জলের সঙ্কট নিরসন করা যায়, সেই সম্পর্কে সরকার কোনও চিন্তা-ভাবনা করছেন কি অদূর ভবিষ্যতে?

**শ্রী গৌতম দেব ঃ** আপনার যে ৬টি ব্লক, সেই ৬টি ব্লকের মানুষকে জল খাওয়াতে খরচ হওয়ার কথা ২০ লক্ষ টাকা। তার জন্য ২।। শত কোটি টাকার প্রোজেক্ট নেওয়া হয়েছে। এটা চালাতে বছরে খরচ হবে ১০ লক্ষ টাকা। যে দেশে আমরা আছি, এখানকার একটা "সানডে পত্রিকায়" লিখছে, মধ্যপ্রদেশের বস্তারে আর্সেনিক নয়, সেখানে ৬০ লক্ষ লোক ফ্লোরাইড মিশ্রিত জল খাচ্ছে। এতে মানুষের দেহের হাড় বেকে যায়, হাড় গুড়ো গুড়ো হয়ে যায়, মানুষ মারাও যায়। আমাদের মাটির তলার জলে ফ্লোরাইড নেই, আর্সেনিক আছে। এই ফ্লোরাইড দূরীভূত করার জন্য ওখানে কেন্দ্রীয় সরকার একটা মিশন তৈরি করেছিলেন এবং তাতে ২৩২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। কিন্তু কাজ সেই রকম কিছু হয়নি। ৬০ লক্ষ লোক বস্তারের ৫টি জেলায় আক্রান্ত হয়েছে ৬ মাস আগে। দিল্লির সঙ্গে এই ব্যাপারে আলোচনা হচ্ছে। পৃথিবীর মধ্যে এতবেশি আর্সেনিক প্রবলেম আর কোথাও নেই। আমরা নানা রকম পদ্ধতির সংমিশ্রণ করে এটা ট্যাকেল করার চেষ্টা করছি। পার্মানেন্টলি রিজলভ করতে গেলে সারফেস ওয়াটারের জন্য এত টাকা দরকার যেটা একসাথে করা মুশকিল।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আগের প্রশ্নের উত্তরে বলেছেন যে, লোককে খাওয়াতে গেলে ২০ লক্ষ টাকা দরকার। তারজন্য ২।। শত কোটি টাকার প্রোজেক্ট জমা দিয়েছেন। এখন রুরাল ওয়াটার সাপ্লাই—পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমে শুধু মাত্র গরিব মানুষ বললেই হবে না, কিছু মধ্যবিত্ত, কিছু উচ্চবিত্ত মানুষও আছে, যারা পয়সা দিয়ে জল নিতে চায়। তাদের আপনি কানেকশন দেবেন কিনা এবং জলের উপরে ট্যাক্স আদায় করবেন কিনা?

**শ্রী গৌতম দেব ঃ** জলের কোনও ট্যাক্স বা এই জাতীয় জিনিস সেগুলি পৌরসভা হলে মিউনিসিপ্যালিটি, আর পঞ্চায়েত হলে কি প্রভিশন আছে সেটা আমাকে দেখতে হবে। তবে পি এইচ ই ট্যাক্স নেবার কোনও সংগঠন নয়। আমরা প্রোজেক্ট তৈরি করে দেই। ৩/৪টি বড় বড় মিউনিসিপ্যালিটিতে স্কীম করা হয়েছে। শিলিগুড়িতেও এটা হয়েছে। উনি তখন চেয়ারম্যান ছিলেন। আমি বলেছিলাম যে এই প্রোজেক্টে স্টেট গভর্নমেন্ট টাকা দেবে কিন্তু মিউনিসিপ্যালিটিকে টাকা দিতে হবে। খড়গপুরে আছে, তারা কন্ট্রিবিউশন করছে। আমি বলেছি যে তিস্তা থেকে জল তুলে ২০/২২ কিলোমিটার দূরে সেই জল পরিষ্কার করে শিলিগুড়িতে ৫ তলা বাড়ির উপরে তারা স্নান করবে, আর টাকা দেবেনা, এটা হতে পারে না। আমি বলেছি যে স্কীম নিয়ে ১০টি স্ট্যান্ড পয়েন্ট করে দিন গরিব মানুষকে ফ্রি অব কস্ট জল দেবার জন্য। কিন্তু মিউনিসিপ্যালিটিকে টাকা দিতে হবে। তারা টাকা দিতে রাজি হয়েছে তবে স্কীম অ্যাপ্রুভ হয়েছে।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী বলেছেন, সেপ্টেম্বর ১৯৯৫ থেকে ৭টি জেলা আর্সেনিক দূষিত হয়েছে এবং তারমধ্যে নদীয়া জেলার নামও বলেছেন। আমার জিজ্ঞাসা. নদীয়া জেলার কোন কোন ব্লক এবং শহর আর্সেনিক দ্বারা দূষিত হয়েছে? আক্রান্ত রোগীর সংখ্যা বলতে পারছেন না, এব্যাপারে স্বাস্থ্য বিভাগকে জিজ্ঞাসা করতে বলেছেন। আমার জিজ্ঞাসা. নদীয়া জেলার যে সমস্ত জায়গায় আর্সেনিক দূষণ ঘটেছে সেই ব্লকগুলো থেকে আর্সেনিক দূর করার জন্য কি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং প্রতিকারের কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী গৌতম দেব ঃ** আগেই তো বললাম, আবারও বলছি, এ ব্যাপারে আমরা লাগাতার

সার্ভে করছি এবং তাতে গত মাস পর্যন্ত আমাদের কাছে রিপোর্ট হল, ৬১টি ব্লক আর্সেনিক অ্যাফেক্টেড হয়েছে। কিন্তু তিন বছর আগে অ্যাফেকটেড ব্লকের সংখ্যা ছিল ৩৫। অ্যাফেক্টেড ব্লকগুলোর মধ্যে নদীয়ার করিমপুর ব্লক ওয়ান অ্যান্ড টু, নাকাসি পাড়া, হাঁসখালি, নবগ্রাম, চোপড়া, তেহট্ট, কালিগঞ্জ, কৃষ্ণগঞ্জ, শান্তিপুর ইত্যাদি ব্লকগুলো রয়েছে। পশ্চিমবঙ্গের এই ৬১টি ব্লকে ৪৪ লক্ষ মানুষ বাস করেন। কিন্তু একটি খুব ভালো সংস্থা—অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ, তারা নিজেরা সার্ভে করে বলেছেন যে, অ্যাফেকটেড ব্লকগুলোর সবাই যে আর্সেনিক যুক্ত জল খাচ্ছেন তা নয়। কাজেই ঐ ৬১টি ব্লকের ৪৪ লক্ষ মানুষের মধ্যে ২০ লক্ষ হতে পারে, আবার ১৩ লক্ষও হতে পারে, যাদের আর্সেনিক যুক্ত জল খেতে হচ্ছে। আর আক্রান্তদের মধ্যে ১০ জন বা ২০ জন হাসপাতালে থাকতে পারেন, কিন্তু সংখ্যাটা আমি বলতে পারছি না।

**শ্রী বীরেন ঘোষ ঃ** ঐ সাতটি জেলার মধ্যে বর্ধমান জেলার কোনও কোনও ব্লক, সম্ভবত পূর্বস্থলী-ওয়ান এবং পূর্বস্থলী-টু এই ব্লক দুটি আর্সেনিক দূষণে ক্ষতি হয়েছে। এক্ষেত্রে কি ধরনের প্রতিরোধ ব্যবস্থা নেওয়া হয়েছে জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** ব্লক ধরে বলতে পারছি না, তবে পূর্বস্থলীতে ৩২টি টিউবওয়েল আর্সেনিক অ্যাফেকটেড হয়েছে। ঐ ৩২টি টিউবওয়েলকে সিল করে দিয়ে নতুন টিউবওয়েল করবার জন্য টাকা দেবার, কোনও ডিপ টিউবওয়েল যদি অ্যাফেকটেড হয়ে থাকে সেটা বন্ধ করে দিয়ে হাফ কিলোমিটার দূরে ৫ লক্ষ দিয়ে প্রয়োজনে আর একটি টিউবওয়েল করার মধ্যে দিয়ে আমরা সেখানে জল দেবার ব্যবস্থা করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একদল বিশেষজ্ঞ বৈজ্ঞানিক, তারা স্বতপ্রবিত্ত হয়ে দক্ষিণ ২৪ পরগনায় আর্সেনিক দূষণের ব্যাপারে আপনাদের কতগুলো সুস্পষ্ট সুপারিশ আকারে প্রপোজাল দিয়েছিলেন, কিন্তু আপনি তার কোনটাই গ্রহণ করেননি, বরং এক্ষেত্রে তাদের কাজ করবার পরিবেশ বিঘ্নিত করেছেন। এটা কেন?

**শ্রী গৌতম দেব ঃ** এরকম কোনও কিছু আমার জানা নেই। নির্দিষ্টভাবে কিছু থাকলে জানাবেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** তারা যাতে কাজটা করতে না পারেন তার ব্যবস্থা করেছিলেন। এটা কেন করেছিলেন?

**শ্রী গৌতম দেব ঃ** আপনি কাগজের রিপোর্টের ভিত্তিতে কথা বলছেন। যার কথা বলছেন তিনি টাস্কফোর্সের মেম্বার এবং এক্সপার্ট হিসাবে তিনি এখনও পর্যন্ত বামফ্রন্ট সরকার যে দুটো কমিটি করেছেন তার মেম্বার। কিন্তু আমাদের যদি সবাই বলেন যে, তিনিই একমাত্র আর্সেনিক দূষণ সম্পর্কে পন্ডিত তাহলে সেটা আমরা মানতে রাজি নই, পশ্চিমবঙ্গ এবং ভারতবর্ষে আরও দুই একজন পন্ডিত রয়েছেন এ বিষয়ে। আই ওয়ান্ট টু সি অল দিজ এক্সপার্ট সিট টুগেদার।

[11-50 — 12-00 Noon]

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে উত্তর ২৪ পরগনায় এবং দক্ষিণ ২৪-পরগনায় আর্সেনিকের সন্ধান পাওয়া গিয়েছে। আমরা দেখতে পাচ্ছি দক্ষিণ ২৪ পরগনা কয়েকটি ব্লকে যেমন জয়নগর ইত্যাদি ব্লকে আর্সেনিকের সন্ধান পাওয়া গিয়েছে। আমার জিজ্ঞাস্য হল উত্তর ২৪ পরগনায় সুন্দরবন এলাকায় যে ৬টি ব্লক আছে সেই ৬টি ব্লকের মধ্যে কোন কোন ব্লকে আর্সেনিকের সন্ধান পাওয়া গিয়েছে? বাকি এলাকায় পরীক্ষা হয়েছে কিনা এবং যদি পরীক্ষা না হয়ে থাকে তাহলে পরীক্ষা করার কথা মন্ত্রী মহাশয় ভাবছেন কিনা?

**শ্রী গৌতম দেব ঃ** আপনার বিধানসভা এলাকায় আর্সেনিক পাওয়া যায় নি। এখন পর্যন্ত যেখানে পাওয়া গিয়েছে তা হল হাবড়া (১) এবং (২), বারাসত (১) এবং (২), গাইঘাটা, দেগঙ্গা (২) স্বরূপনগর সন্দেশখালি (২) বাদুরিয়া, পয়েন্ট অফ রাজারহাট, আমডাঙ্গা এবং বাগদা। আপনার সুন্দরবনের মধ্যে এক মাত্র সন্দেশখালি (২) আছে।

**শ্রী সৌগত রায় ঃ** মন্ত্রী মহাশয় কয়েকটি জেলার কথা বলেছেন, কলিকাতার কথা বলেন নি। কিন্তু কাগজে বেরিয়েছে যে কলিকাতার মধ্যে লেকটাউনে যেখানে আমি থাকি সেখানে টিউবওয়েলের জলে আর্সেনিক পাওয়া যাচ্ছে। আশা করি মন্ত্রী মহাশয় এই ব্যাপারে কিছু বলবেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই, ৭টি জেলার মধ্যে আপনি মাত্র সারফেস ওয়াটার প্রকল্প ২টি করেছেন, একটা হচ্ছে মালদা যেটা নির্বাচনের আগে উদ্বোধন করলেন, আর একটা হচ্ছে বজবজ এলাকায় নতুন ওয়াটার সাপ্লাই স্কীম করছেন বারুইপুরকে নিয়ে, অথচ যে কটি জেলায় আর্সেনিক দূষণ আছে তার সব কটি জেলা দিয়েই গঙ্গা গিয়েছে, তার মানে সারফেস ওয়াটারে অ্যাভেলেবেলিটি আছে, মন্ত্রী মহাশয় বাকি জেলাগুলিতে সারফেস ওয়াটার ব্যবহার করছেন না কেন? তার কারণ সম্ভাবনা সব সময় থাকছে। আপনি টিউবওয়েল আরও একটু ডিপ করলেন, আবার সেখানে আর্সেনিক নেমে যেতে পারে। সব কটা জেলাতে সারফেস ওয়াটার ব্যবহার করছেন না কেন?

**শ্রী গৌতম দেব ঃ** রুলস অফ বিজনেস অনুযায়ী সি এম ডি এ এলাকায় পানীয় জল সরবরাহের দায়িত্ব পি এইচ ই-র নয়, পি এইচ ই-র দায়িত্ব সি এম ডি এ-র বাইরে ৭২টি পৌরসভা এলাকায় এবং সারা পশ্চিমবাংলার গ্রামে পানীয় জল দেওয়া। সেই জন্য কলিকাতার মাটির তলায় আর্সেনিক হোক দমদমের মাটির তলায় আর্সেনিক হোক সেটা সি এম ডি এ করবে। আমি দায়িত্ব কারও ঘাড়ে চাপাচ্ছি না, এটা কিভাবে করতে হবে নিশ্চয়ই সেটা তারা বলবেন। যদিও আমাদের মধ্যে সেই কো-অর্ডিনেশন আছে যার জন্য দেখবেন বারুইপুর এবং সোনারপুর এই দুটি মিউনিসিপ্যালিটিকে যুক্ত করে নতুন স্কীম করতে যাচ্ছি। সেখানে শুধু সি এম ডি এ এই কথা বলছি না। কারণ সারা গ্রামের জন্য স্কীম আমি বানাবো আর মাঝখানে দুটি মিউনিসিপ্যালিটি বাদ থাকবে, এটা হয় না। দ্বিতীয় কথা হচ্ছে, আমরা সাড়ে সাত শো কোটি টাকার একটা স্কীম পাঠিয়েছি। তাতে মুর্শিদাবাদের বেলডাঙ্গা বাদে নদীয়ায় একটা স্কীম আছে, উত্তর ২৪- পরগনায় একটা স্কীম আছে। উত্তরের টা বড়, দক্ষিণেরটা বড়, মুর্শিদাবাদ এবং নদীয়ার ছোট হলেও দুটি স্কীম আছে।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ১৬১টি ব্লকে আর্সেনিক পাওয়া গিয়েছে। যে সমস্ত ব্লকের কথা বললেন তার মধ্যে উত্তরদিনাজপুরের কোনও ব্লকে আর্সেনিক পাওয়া গেছে কিনা বলবেন?

**শ্রী গৌতম দেব ঃ** নানা, এই সব জায়গায় আর্সেনিক পাওয়া যায় নি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** আমি মন্ত্রী মহাশয়কে প্রথমে বলি, সংবাদপত্র পড়ে প্রশ্ন করলে রেগে গেলে চলবে না, সংবাদপত্র পড়ে কিছু প্রশ্ন আমাদের করতে হয়। আমি আপনার কাছে প্রশ্ন করছি এই আর্সেনিক দূষণ নিয়ে জাতীয় মানবাধিকার কমিশন রাজ্য সরকারের কাছে কোনও রিপোর্ট তলব করেছেন কিনা জানাবেন? জলের মধ্যে আর্সেনিক আসছে, আর্সেনিক ডিজিজে স্কীন ডিজিজ হচ্ছে। তার জন্য হিউম্যান রাইট কমিশনের কাছ থেকে কোনও রিপোর্ট পেয়েছেন কিনা বলুন।

**শ্রী গৌতম দেব ঃ** চেয়েছেন এবং আমরাও দিয়েছি। কিন্তু ওরা এসব নিয়ে চাননি— মধ্যপ্রদেশে ফ্লোরাইডে ৬০ লক্ষ লোক আক্রান্ত সেখানে ওরা চান নি। গিনি ওয়ার্মে হরিয়ানায় বহু লোক আক্রান্ত হয়েছে, সেখানে হিউম্যান রাইটস কমিশন চান নি। দেশের আকাশে বাতাসে কত জায়গায় কত পলিউশন, সেখানে চান নি। যাইহোক, এটা নিয়ে ওরা আলোচনা করেছেন সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে। সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টের চিফ সেক্রেটারি ছিলেন, আমাদের চিফ সেক্রোটারি গিয়েছিলেন, পি এইচ ই-র সেক্রেটারি গিয়েছিলেন। সেখানে আলোচনা হয়েছে। ওরা ভারত সরকারের কাছে ইনস্ট্রাকশন দিয়েছেন, তাতে আমাদের সুবিধা হয়েছে। ওরা আমাদের কাছে চেয়েছেন, আমরাও দিয়েছি।

**শ্রী ননীগোপাল চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি জিনিস জানবার আছে। এই যে আন্ত্রিক আন্ত্রিক করে আস্তে আস্তে একটা নতুন অবস্থা সৃষ্টি হয়েছে—পঞ্চায়েত এলাকায় আন্ত্রিক রোগ হলে ছোট এক রকমের ক্যাপসুল আবিষ্কৃত হয়েছে যেটা জলের মধ্যে ফেলে দিলে ৪৮ ঘন্টার মধ্যে বোঝা যাবে সেই জল দূষিত কিনা। আন্ত্রিকের ক্ষেত্রে এটা হয়েছে, বোঝা যাচ্ছে। এখন আমার প্রশ্ন হল, এই রকম কিছু আবিষ্কৃত হয়েছে কিনা যার সাহায্যে বোঝা যাবে আর্সেনিক কিনা? এই রকম কিছু আছে কিনা?

**শ্রী গৌতম দেব ঃ** এই রকম কিছু থাকলে তো তাড়াতাড়ি মিটিয়ে দেওয়া যেত না, এই রকম কিছু নেই।

## রাজ্যে নতুন শিল্প

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৭।) **শ্রী তপন হোড় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কতগুলি নতুন শিল্প প্রকল্পের কাজ চলছে ; এবং

(খ) উক্ত প্রকল্পগুলিতে বিনিয়োগের পরিমাণ কত?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

(ক) বর্তমানে রাজ্যে ৮০ (আশি)টি নতুন শিল্প প্রকল্পের কাজ চলছে।

(খ) উক্ত প্রকল্পগুলিতে বিনিয়োগের মোট পরিমাণ ২২৪০.১৭ কোটি টাকা।

**শ্রী তপন হোড় ঃ** ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত কতগুলো শিল্প স্থাপনের প্রস্তাব রাজ্য সরকার পেয়েছে এটা যদি আপনি একটু বলেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত আমরা ১২৩৯টি প্রস্তাব পেয়েছি। এর ভিতরে এন আর আই, এম জি আই-এর ১০,৭১২.৫১ কোটি টাকা। এই যে ফিগারটি আমি বললাম, এর ভিতরে হলদিয়া পেট্রোকেমিক্যালটা ধরা হয়নি। এটা হচ্ছে আই এম ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রিনিয়ার মেমোরেন্ডাম—১৯৯১ সালে ১৮১টি, ১৯৯৩ সালে ১৩৯টি, ১৯৯৪ সালে ১৫৬টি, ১৯৯৫ সালে ৩২৫টি এবং ১৯৯৬ সালের ১৮/৪/৯৬ পর্যন্ত ৭৪টি আছে। এই নিয়ে আমরা মোট ১২৩৯টি প্রকল্পের প্রস্তাব পেয়েছি। এর বিনিয়োগের পরিমাণ হচ্ছে ২৭,৭৪১.৫২ কোটি টাকা। ১০,৭১২.৫১ কোটি হচ্ছে এন আব আই, এফ ডি আই ইত্যাদি এবং হলদিয়া পেট্রোকেমিক্যালসের ৫ হাজার কোটি টাকা হচ্ছে অতিরিক্ত, যা এই প্রকল্পের মধ্যে ধরা হয়নি।

**শ্রী তপন হোড় ঃ** রাজ্য সরকার এবং রাজ্য সরকারের অধীনস্থ যে সংস্থাগুলো আছে, সেইসব বিভিন্ন দেশি-বিদেশি সংস্থা থেকে কতগুলো মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং 'মৌ' স্বাক্ষরিত হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মোট ৫৫টি। ডবলু বি আই ভি সি এবং ডবলু বি ই আই ডি সি এবং স্টেট গভর্নমেন্ট এবং আরও দু একটি সংগঠনের সাথে মিলে মোট ৫৫টি মেমোরেন্ডাম অফ আন্ডারস্টান্ডিং সই হয়েছে।

[12-00 — 12-10 P.M.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোন কোন প্রকল্প আপনার এখন নির্মাণ পর্যায়ে অর্থাৎ তৈরি করতে যাচ্ছেন বা তৈরি করতে শুরু করেছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** স্যার, আমার এটা বলতে অনেক সময় লাগবে। আমি পরে বলে দেব।

**মিঃ স্পিকার ঃ** আপনি টেবিলে লে করে দিন।

**শ্রী সুনীতি চট্টারাজ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, এই 'মৌ'-এর ব্যাপারে জেলাওয়ারি আপনার কোনও হিসাব আছে কিনা, ক্যালকাটা এবং আরবান অঞ্চলের কোনও হিসাব আছে কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** জেলাওয়ারি বার করা যায় কিন্তু সমস্ত প্রোজেক্টটা তো 'মৌ'

ভিত্তিক মাত্র ৫৫টি করা হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** ৫৩কি ৫৫ হয়েছে, এটা কোন জেলায় কত হয়েছে এটা জেলাওয়ারি ব্রেক আপ দেবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** জেলা ভিত্তিক এবং প্রকল্প ভিত্তিক করা হবে।

**মিঃ স্পিকার ঃ** আপনি এটা লে করে দেবেন।

## Starred Question

(to which written answers were laid on the Table)

### ওয়াটার অ্যাগ্‌মেনটেশন স্কীম

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সিউড়ি পৌরসভা রাজ্য সরকারের কাছে নতুন কোনও ওয়াটার অ্যাগ্‌মেনটেশন স্কিমের প্রস্তাব জমা দিয়েছেন কি না ; এবং

(খ) দিয়ে থাকলে,

(১) কত টাকার স্কীম ; এবং

(২) উক্ত টাকা কবে নাগাদ বরাদ্দ করা হবে বলে আশা করা যায়?

**জনস্বাস্থ্য কারিগরি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) (১) ৭.১৬ লক্ষ টাকার স্কীম

(২) ৫.০০ লক্ষ টাকা প্রথম কিস্তি হিসাবে ১৯৯৫-৯৬ সালে বরাদ্দ করা হয়েছে।

### আরামবাগে শিল্প

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৭।) **শ্রী শিবপ্রসাদ মালিকঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আরামবাগ মহকুমায় শিল্প স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ।

### শিল্পে বৈদেশিক বিনিয়োগ

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রী সুকুমার দাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নতুন শিল্প স্থাপনে রাজ্যে ১৯৯১ থেকে ১৯৯৫ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বৈদেশিক বিনিয়োগের পরিমাণ কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উক্ত সময়কালে NRI/FDI-এর মাধ্যমে আনুমানিক ৯৫৬৬.৯ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে।

### শ্যামপুরে জল কষ্ট

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১১২১।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্যামপুর ব্লকের বালি চাতর মাঝি পাড়া এলাকায় পানীয় জল সরবরাহের কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, তা কি?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বালি চাতুরি ও মাঝিপাড়া এলাকায় হস্ত প্রোথিত নলকূপ এর সাহায্যে জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

### Fixed Capital Investments

*231. (Admitted Question No. *353) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) the growth of Fixed Capital Investments in the organised sector industries in West Bengal during the periods 1993-94, 1994-95 and 1995-96 ; and

(b) the corresponding growth of Fixed Capital Investments in the organised sector industries in India during the periods mentioned above?

**Minister-in-charge of the Commerce & Industries Department :**

(a) & (b) Central Statistical Organisation, Govt. of India has not so far completed the data for the year 1993-94, 94-95 and 95-96.

### বজবজে শিল্প

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৭।) **শ্রী অশোক কুমার দেব ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ তাপ-বিদ্যুৎ কেন্দ্র গড়ে ওঠার সাথে ডাউন-স্ট্রিমে কোনও শিল্প গড়ে ওঠার সম্ভাবনা আছে কি না ; এবং

(খ) থাকলে, এইসব সম্ভাব্য শিল্প স্থাপনে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

### পুরুলিয়ায় শিল্প

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৩।) **শ্রী নটবর বাগদি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নতুন শিল্পনীতি ঘোষণার পর শিল্পে অনুন্নত পুরুলিয়া জেলায় শিল্প গঠনের জন্য কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পুরুলিয়া জেলায় শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকার বিভিন্ন রকম উদ্যোগ গ্রহণ করেছেন, যথা— জেলায় কি ধরনের শিল্পের সম্ভাবনা আছে সে সম্পর্কে সমীক্ষা করে একটি প্রতিবেদন তৈরি করা হয়েছে এবং আগ্রহী শিল্পোদ্যোগীর প্রকল্প প্রণয়ন ও রূপায়ণের লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ ও সম্ভাব্য সর্বপ্রকার সহায়তার ব্যবস্থা করা হয়েছে।

এই অনুসারে একটি সিমেন্ট প্রকল্পের জন্য জমি চিহ্নিত করা হয়েছে। উক্ত সিমেন্ট প্রকল্প ছাড়াও একটি গ্রানাইট শিল্প এবং একটি ইস্পাত শিল্প রূপায়ণের প্রস্তাব চূড়ান্ত পর্যায়ে আছে।

এছাড়া জেলার রুগ্ন শিল্পগুলিকে পুনর্জীবিত করার জন্য সার্বিক উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

এছাড়া খনিজ সম্পদ ও কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার জন্য সম্ভাব্য **সকল** প্রকার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে।

**পানীয় জলের সঙ্কট**

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩০।) **শ্রী মোজাম্মেল হক ও শ্রী পরেশনাথ দাস ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে খরার ফলে বিভিন্ন জেলায় পানীয় জলের সঙ্কট সৃষ্টি হয়েছে, এ বিষয়ে সরকার অবগত আছেন কি না ; এবং

(খ) থাকলে,

(১) কোন কোন জেলায় ; এবং

(২) উক্ত সঙ্কট মোকাবিলায় কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কোনও জেলাতেই জলস্তরের তেমন অবনমন ঘটেনি যার জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

**পেট্রোরসায়ন প্রকল্প**

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২১।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হলদিয়া পেট্রোরসায়ন প্রকল্পের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

জমি অধিগ্রহণ, পুনর্বাসন, এলাকা প্রস্তুতকরণ, সমস্ত রকমের পরিকাঠামোগত সুযোগ সুবিধা, বৈদ্যুতিক শক্তি, জল, রাস্তা, গুদাম ইত্যাদি সম্পূর্ণ হয়েছে।

সমস্ত প্রকার প্রযুক্তি নির্বাচন করা হয়েছে। লাইসেন্সের অফিসে সমস্ত ইউনিটগুলির জন্য প্রক্রিয়াকরণ (Processing) এবং প্রাথমিক নক্সার কাজ এগিয়ে চলেছে। সমস্ত রকম সরকারি অনুমোদন পাওয়া গেছে।

'ইকুইটি' ও অন্যান্য আর্থিক বিষয় মঞ্জুর হয়েছে।

### অধিগৃহীত খাসজমি

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৯৬-এর ৩১শে মার্চ পর্যন্ত অধিগৃহীত খাসজমির পরিমাণ কত ;

(খ) এ পর্যন্ত অধিগৃহীত খাসজমি কত জন ভূমিহীন কৃষকের মধ্যে বিলি-বণ্টন করা হয়েছে ; এবং

(গ) হাইকোর্টে বিচারাধীন খাসজমির পরিমাণ সম্পর্কে সরকারের কাছে কোনও তথ্য আছে কি না?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩.৪১ লক্ষ একর।

(খ) ২৩.১১ লক্ষ ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি বণ্টন করা হয়েছে।

(গ) এ পর্যন্ত ১.৮৫ লক্ষ একর খাস জমি হাইকোর্টের নিষেধাজ্ঞায় আবদ্ধ আছে।

### "ইনসেন্টিভ স্কীম"

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬।) **শ্রী সুকুমার দাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে 'ইনসেন্টিভ স্কীম' চালু হওয়ার পর কোন কোন জেলায় কি কি ধরনের শিল্প গড়ে উঠেছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

রাজ্যে ইনসেনটিভ স্কীম চালু হওয়ায় বিভিন্ন জেলায় যে সমস্ত উল্লেখযোগ্য বৃহৎ ও মাঝারি শিল্প গড়ে উঠেছে, তা নিম্নরূপ :-

| জেলার নাম | | শিল্পের নাম |
|---|---|---|
| কলকাতা | : | কমপিউটার, সফটওয়ার, ইলেকট্রিক ডিসচার্জ ল্যাম্প, নিউজপেপার, ট্রান্সমিশন অ্যাপারাটার্স, প্রিন্টিং, টুলরুম, স্টিল ফাউন্ড্রি, গিয়ার বক্স, টিভি সেট ইত্যাদি। |
| দক্ষিণ ২৪ পরগনা | : | জুয়েলারি, ফ্লোর কাভারিংস, সিগারেট ফিল্টার রডস, টেক্সটাইল ন্যারোওভেন ইলাসটিক |

| | | |
|---|---|---|
| | | টেপ, ইন্ডাস্ট্রিয়াল সেরামিক্স, সিন্থেটিক ফেরিক অক্সাইড, ব্লিচড অ্যান্ড জুট ফাইবার, টেক্সটাইল, রাবার, থার্মো প্লাস্টিক, স্টিল ইত্যাদি। |
| উত্তর ২৪ পরগনা | ঃ | কমপিউটার সফটওয়ার, ফিল্ম রিবন ফর ইলেকট্রনিক টাইপরাইটার, সুগার ক্রাসার, ইয়ার্ন আদারদ্যান সুইং থ্রেড অব সিন্থেটিক স্টাপন ফাইবার আয়রণ কাস্টিংস, চবণপ্রাশ, প্রসেসড মিল্ক ইয়ার্ন ফ্রম উল, ফ্যাব্রিক ডায়েড ব্লিচড সোলার সেল, কেমিক্যালস, রাবার, প্লাস্টিক পেপার ইত্যাদি। |
| হাওড়া | ঃ | স্পেশাল অ্যান্ড অ্যালয় স্টিল, ফ্লাট রোলড আয়রণ প্রোডাক্ট, আলুমিনিয়াম প্লেটস, গ্রাস শেল, গ্যাস, ইত্যাদি। |
| হুগলি | ঃ | কটন ইয়ার্ন, ফ্লাটস ইয়ার্ন, ফ্যাব্রিক্স মেড ফ্রম কটন অ্যান্ড সিন্থেটিক অ্যান্ড অ্যান্টি জোনান্ট রাবার কেমিকেলস, ফ্লাই অ্যাশ ব্রিকস, কমড, উল, গ্লাস, বটলস, কোল্ড স্টোরেড, পেপার, অয়েল, স্টিল, হুইট প্রোডাক্টস, সফট ড্রিংকস ইত্যাদি। |
| বর্ধমান | ঃ | মর্ডানাইজেশন অব দুর্গাপুর, স্টিল, প্ল্যান্ট, কার্বন ব্ল্যাক, সিন্থেটিক সিরাপ, কোল্ড স্টোরেজ, হোটেল, অয়েল ইত্যাদি। |
| মেদিনীপুর | ঃ | রাইটিং অ্যান্ড প্রিন্টিং পেপার, অ্যাক্রিলিক ফাইবার, কমপ্লেক্স সিলিকেট, ফাউন্ড্রি পিগ আয়রণ, মেটালার্জিকাল কোক, সিলিকেট ডেটারজেন্ট, কোল্ড স্টোরেজ, হোটেল ইত্যাদি। |
| নদীয়া | ঃ | অগথ্যালিক অ্যাসিড, টাইটানিয়াম ডাই-অক্সসাইড, প্রফেশনাল গ্রেড সফট্ ফেরেটি, রেকারস ইস্ট, পেপার, ল্যাম্প-ফিলামেন্ট, কেবল, গ্যাস, অ্যালয় স্টিল ইত্যাদি। |
| বাঁকুড়া | ঃ | হোসিয়ারি, প্লাস্টিক, কোল্ড স্টোরেজ, ফার্টিলাইজার, পি ভি সি পাইপ, রিফ্রাক্টরিস |

| | |
|---|---|
| | ইত্যাদি। |
| বীরভূম | ঃ এম এস ইনগট্, হোটেল, এক্সপ্লোসিভস ইত্যাদি। |
| পুরুলিয়া | ঃ এণ এস ইনগট, স্লাগ সিমেন্ট ইত্যাদি। |
| মালদহ | ঃ স্পান সিল্ক, গ্যাস, হুইট প্রোডাক্ট, রেলওয়ে স্লিপার ইত্যাদি। |
| উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর | ঃ হুইট প্রোডাক্টস, পেপার ইত্যাদি। |
| কুচবিহার | ঃ হুইট প্রোডাক্টস, ডুপ্লেকস বোর্ড, পেপার ইত্যাদি। |
| জলপাইগুড়ি | ঃ হুইট প্রোডাক্টস, টয়লেট সোপ, সিন্থেটিক ডিটারজেন্ট, স্টিল পাইপস, অ্যান্ড টিউবস, সিঙ্গল সুপার ফসফেট, টি ব্ল্যাক, বিম, চ্যানেলস, পিলারস, প্লাইউড, অক্সিজেন গ্যাস, ক্যাটল ফিড, ফার্টিলাইজার, পিভিসি পাইপ, এল পি জি সিলিন্ডার, প্রসেসড্ ফ্রুট ও ভেজিটেবলস ইত্যাদি। |
| দার্জিলিং | ঃ হোটেল, অ্যালকোহল, নার্সিং হোম, পেপার ইত্যাদি। |

### জেলায় বিমান যোগাযোগ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে শিল্পায়ন তরান্বিত করতে বিভিন্ন জেলার মধ্যে বিমান যোগাযোগ ব্যবস্থা স্থাপনের জন্য রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নিচ্ছেন ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে রাজ্য সরকারের সুনির্দিষ্ট পরিকল্পনা কি এবং উক্ত পরিকল্পনা রূপায়ণের বিষয়টি বর্তমানে কোন পর্যায় রয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্যের শিল্পায়ণের স্বার্থে পরিকাঠামোগত উন্নতির জন্য রাজ্য সরকার কলকাতাও রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ শিল্প নগরীর মধ্যে বিমান যোগাযোগ ব্যবস্থা স্থাপন

প্রয়াস নিচ্ছেন এই উদ্যোগ অনুসারে বেঙ্গল এয়ার সার্ভিস লিমিটেড নামে একটি বেসরকারি সংস্থা রাজ্য সরকারের কাছে একটি প্রকল্প রূপায়ণের আগ্রহ প্রকাশ করেছেন। প্রকল্পটি বর্তমানে রূপায়ণের চূড়ান্ত পর্যায়ে আছে।

**বিচারাধীন খাসজমি**

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাইকোর্টের বিচারাধীন খাসজমি সংক্রান্ত দীর্ঘ মেয়াদি মামলায় দ্রুত নিষ্পত্তির জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি না ; এবং

(খ) করে ... থাকলে তা কি?

**ভূমি ও ভূমি-সংস্কা...র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সরকারের তরফে প্রতি ক্ষেত্রে উকিল নিয়োগ করে, মামলার দ্রুত নিষ্পত্তির প্রচেষ্টা করা হয়।

**"ইন্ডাস্ট্রিয়াল এ...স্টেট"**

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭।) **শ্রী সুকুম...র ...দাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এ পর্যন্ত রাজ্যের কোন কোন জেলায় "ইন্ডাস্ট্রিয়াল এস্টেট" তৈরি হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনে...র পরিচালনায় প্রধানত বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য ঐ রাজ্যের হাওড়া, নদীয়া, ... দক্ষিণ ২৪ পরগনা, মেদিনীপুর, জলপাইগুড়ি, কুচবিহার, মালদা ও বাঁকুড়া জেলায় শিল্প বিকাশ কেন্দ্র গড়ে তোলা হয়েছে।

এছাড়া ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের তত্ত্বাবধানে প্রধানত ইলেকট্রনিক্স শিল্পের জন্য কলকাতার সল্ট লেক ও তারাতলায় ইলেকট্রনিক্স কমপ্লেক্স গড়ে তোলা হয়েছে।

তাছাড়া, ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিস, কর্পোরেশনের পরিচালনায় প্রধানত ক্ষুদ্র শিল্পের জন্য কলকাতা, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, নদীয়া ও জলপাইগুলিতে শিল্প উপনগরী স্থাপন করা হয়েছে।

**Unstarred Question**
**(to which written answers were laid on the Table).**

**জন্মশতবর্ষে নেতাজি ভবন নির্মাণের পরিকল্পনা**

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২।) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নেতাজি জন্মশতবর্ষে জেলা/ব্লক স্তরে এবং পুরসভাগুলিতে নেতাজি ভবন নির্মাণ কোনও সরকারি প্রকল্প আছে কি না?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

**Bus Terminus at Fultala**

26. (Admitted Question No. 141) **Shri Sobhan Deb :hattopadhyay :** Will the Minister-in-charge of the Transport Department e pleased to state—

The latest position of construction of a bus terminus at Fultala under Baruipur P.S., South 24-Parganas ?

**Minister-in-charge of Transport Department :**

At present there is no such proposal for construction of a bus terminus at Fultala under Baruipur P.S., South 24 Parganas.

**শ্মশান ঘাট সংরক্ষণ**

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২।) **শ্রী অজয় দে ঃ** সেচ ও জল পথ বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে ভাগীরথীর ভাঙ্গনে শান্তিপুর পৌর শ্মশান ঘাটটি বিলীন হতে চলেছে ;

(খ) সত্যি হলে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য পৌরসভা হতে কোনও আবেদন সরকারের কাছে এসেছে কিনা ; এবং

(গ) এসে থাকলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শান্তিপুরের পৌর শ্মশান ঘাটটি ভাগীরথীর বাম তীর ভাঙ্গনে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত

হচ্ছে। নদীর ভাঙ্গন তীর বরাবর প্রায় ১ কিলোমিটার ধরে এগিয়ে চলেছে। সমস্ত এলাকাটি বেশির ভাগই চাষের জমির মধ্যে পড়েছে। পৌর শ্মশান ঘাটটি নদী বরাবর ৩০০ ফিট দৈর্ঘ্য জুড়ে আছে।

ভাঙ্গনের বর্তমান অবস্থা যদি চলতে থাকে তবে অদূর ভবিষ্যতে শ্মশান ঘাটটির বিলীন হয়ে যাওয়ার সম্ভাবনা আছে। শ্মশানের মধ্যে অবস্থিত শ্মশানযাত্রীদের বিশ্রামাগারটি বর্তমানে নদী তীরের ৩০ ফুটের মধ্যে এসে পৌঁছেছে।

(খ) হ্যাঁ, পৌরসভার আবেদন এসেছে।

(গ) যেহেতু পৌর শ্মশান ঘাটটি ভাগীরথী নদীর বামদিকে নদীর পুরোনো পরিত্যক্ত খাতে খোলা অঞ্চলের (বাম তীরে নদীর স্পিল এরিয়ার) মধ্যে অবস্থিত তাই ভাঙ্গন প্রতিরোধের জন্য কোনও পরিকল্পনা রচনার কাজ এতদিন করা হয় নি।

এখন পৌর শ্মশান ঘাটটি বিলীন হয়ে যাওয়ার আশঙ্কার গুরুত্ব বিচার করে অবস্থার মোকাবিলার জন্য পর্যবেক্ষণ ও অনুসন্ধানের কাজ চলছে।

## রাজ্যে ক্ষুদ্র শিল্পের সংখ্যা

২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮।) **শ্রী সুকুমার দাস ঃ** ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এ রাজ্যে জেলাওয়ারি নথিভুক্ত ক্ষুদ্র শিল্পের সংখ্যা কত?

**ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

জেলাওয়ারি নথিভুক্ত ক্ষুদ্র শিল্পের সংখ্যা নিম্নরূপ ঃ-

| জেলা | সংখ্যা |
|---|---|
| ১। বাঁকুড়া | ১৫,৩৪৭ |
| ২। বীরভূম | ১৫,৫৮৮ |
| ৩। বর্ধমান | ৪০,১৮৫ |
| ৪। কলিকাতা | ৫৭,৩৮৬ |
| ৫। কুচবিহার | ৭,১৬০ |
| ৬। দার্জিলিং | ১৩,৫৪৬ |
| ৭। উত্তর দিনাজপুর | ৭,৫৩২ |
| ৮। হুগলি | ২৫,৮৬৯ |

| | |
|---|---|
| ৯। হাওড়া | ৪৯,৫৩৭ |
| ১০। জলপাইগুড়ি | ২০,৩৭১ |
| ১১। মালদহ | ১২,১৪৮ |
| ১৩। মেদিনীপুর | ৪৩,৯২৩ |
| ১৩। মুর্শিদাবাদ | ২২,৯৫২ |
| ১৪। নদীয়া | ২২,৪৯৪ |
| ১৫। দক্ষিণ ২৪ পরগনা | ৩৫,৪৩৬ |
| ১৬। পুরুলিয়া | ১৩,৯১২ |
| ১৭। উত্তর ২৪ পরগনা | ৫৮,৭৩৩ |
| ১৮। দক্ষিণ দিনাজপুর | ৩,২৫৮ |

**Expenditure on the different Rural Development Schemes**

29. (Admitted Question No. 327) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Rural Development Department be pleased to state—

(a) the approved outlays and actual expenditure on the different Rural Development Schemes during the 8th Plan Period (1990-95) and

(b) Schemewise break-up of (a) above

**Minister-in-charge of Panchayats & Rural Development Department :**

Schemewise break up of approved outlay and expenditure of different Rural Development Schemes are laid on the Library Table.

**The breakdown and accident by CSTC**

*30 (Admitted Question No. 328) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

The breakdown and accident rates involving CSTC buses during the year 1993-94. 1994-95 and 1995-96.

**Minister-in-charge of Transport Department :**

| | | 1993-94 | 1994-95 | 1995-96 |
|---|---|---|---|---|
| (a) Breakdown rate | | | | |
| (i) In terms of percentage | City Serviece | 17.93% | 21.36% | 19.59% |
| | Long Distance Service | 10.08% | 9.31% | 7.88% |
| | Overall CSTC | 15.54% | 17.07% | 15.60% |
| (i) In terms of per 10,000 effective Kilometres | City Service | 21.91 | 26.79 | 23.75 |
| | Long Distance Service | 3.83 | 3.33 | 2.92 |
| | Overall CSTC | 15.51 | 15.25 | 13.89 |
| (b) Accident rate per 1,00,000 gross Kilometres | | | | |
| (i) Fatal | | 0.06 | 0.05 | 0.07 |
| (ii) Major | | 0.12 | 0.15 | 0.18 |
| (iii) Minor | | 0.48 | 0.45 | 0.55 |
| (iv) Insignificant | | 0.04 | 0.02 | 0.03 |
| Overall CSTC | | 0.70 | 0.67 | 0.83 |

**Cinema Halls in West Bengal**

31. (Admitted Question No. 329) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

Total No. of Cinema Halls in West Bengal up to 31st January, 1996 ? (Districtwise break-up)

**Minister-in-charge of Information and Cultural Affairs Department :**

Total number of Cinema Halls in West Bengal up to 31st January, 1996 is 747 (Seven hundred and forty-seven)

A Statement showing the districtwise break-up of the halls is given below :-

**Position of Cinema Halls in West Bengal**
**No. of Cinema Halls. As in 1996**

| Sl. No. | Name of the Distict | Permanent | Temporary |
|---|---|---|---|
| 1. | Coohbehar | 6 | 7 |
| 2. | Darjeeling | 10 | 8 |
| 3. | Uttar Dinajpur | 3 | 17 |

| | | | |
|---|---|---|---|
| 4. | Dakshin Dinajpur | 2 | 20 |
| 5. | Malda | 6 | 20 |
| 6. | Jalpaiguri | 19 | Nil |
| 7. | Murshidabad | 17 | 24 |
| 8. | Nadia | 25 | 12 |
| 9. | North 24 Parganas | 79 | 19 |
| 10. | South 24 Parganas | 45 | 19 |
| 11. | Calcutta | 78 | 1 |
| 12. | Howrah | 48 | 7 |
| 13. | Hooghly | 53 | 13 |
| 14. | Burdwan | 46 | 13 |
| 15. | Birbhum | 8 | 5 |
| 16. | Bankura | 10 | 22 |
| 17. | Purulia | 5 | 4 |
| 18. | Midnapore | 18 | 58 |
| | Total : | 478 | 269 |

**অ্যাপ্রেন্টিসেস অ্যাক্টে সংখ্যালঘু প্রতিনিধিত্ব**

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৬।) **শ্রী সুলতান আমেদঃ** কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসেস অ্যাক্টের বিধান অনুসারে ১৯৯৪ এবং ১৯৯৫ সালে রাজ্য সরকারের এবং ব্যক্তি মালিকানাধীন সংস্থার কত জন সংখ্যালঘু সম্প্রদায়ের অ্যাপ্রেন্টিস হিসাবে নির্বাচিত হয়েছে?

**কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসেস অ্যাক্টের বিধান অনুসারে ১৯৯৪ এবং ১৯৯৫ সালে রাজ্য সরকারের এবং ব্যক্তি মালিকানাধীন সংস্থায় সংখ্যালঘু সম্প্রদায়ের যথাক্রমে ১৫০ জন এবং ১৮৮ জন নির্বাচিত হয়েছেন।

**রাষ্ট্রীয় পরিবহনে মেডিক্যাল ভাতা**

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৩।) **শ্রী সুনীতি চট্টরাজঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কর্মচারিরা মেডিক্যাল ভাতা পান কি না ; এবং

(খ) পেয়ে থাকলে, উক্ত ভাতার পরিমাণ কত?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, কলিকাতা ট্রামওয়েজ কোং ব্যতিরেকে রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কর্মীরা মেডিক্যাল ভাতা পান। কলিকাতা ট্রামওয়েজ কোং-এর কর্মচারিদের চিকিৎসার ব্যয়ভার কোম্পানি বহন করে।

(খ) কলিকাতা ট্রামওয়েজ কোং ব্যতিরেকে অন্য সংস্থার কর্মচারিরা মাসিক ১৬ টাকা ৭০ পয়সা হিসাবে পান।

**উলুবেড়িয়া স্টেডিয়াম**

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৭।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া স্টেডিয়ামটির উন্নতির জন্য কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে তার সংক্ষিপ্ত রূপরেখা কি?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এইরূপ কোনও প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে দুধের চাহিদা**

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৪।) **শ্রী তপন হোড় ঃ** প্রাণিসম্পদ-বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে দুধের (ডোমেস্টিক পারপাস) চাহিদা কত ; এবং

(খ) সরকার পরিচালিত ডেয়ারিগুলি থেকে বর্তমানে কত পরিমাণ দুধ উৎপাদিত হয়?

**প্রাণিসম্পদ-বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বছরে ৫২ লক্ষ মেট্রিক টন।

(খ) গড়ে ২,০৪,০০০ লিটার প্রতিদিন।

**Number of film show viewers at Nandan**

36. (Admitted Question No. 770) **Shri Saugata Roy:** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) Number of people who saw film shows at Nandan in 1994- 95 and 1995-96 up to 31st March ; and

(b) Total value of tickets sold in these two years ?

**Minister-in-charge of Information and Cultural Affairs Department :**

(a) The estimated No. of people who saw films at Nandan :

During 1994-95 : 5,53,320
1995-96 : 6,46,400

(b) Total value of tickets sold in these two years :

In 1994-95 : Rs. 36,44,663/-
1995-96 : Rs. 38,86,000/-

**নতুন আই সি ডি এস প্রকল্প**

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৬।) **শ্রী ইউনুস সরকার ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ এবং ১৯৯৪-৯৫ সালে কতগুলি নতুন আই সি ডি এস প্রকল্প চালু করা হয়েছে ; এবং

(খ) প্রকল্পগুলি পরিচালনার ক্ষেত্রে সরকারি গাইড লাইন কি?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৩-৯৪ সালে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে ৪৫টি নতুন আই সি ডি এস প্রকল্প চালু করার অনুমোদন দিয়েছেন। ঐ সংক্রান্ত রাজ্য সরকারের আদেশনামা ২৯-৯-৯৫ তারিখে প্রকাশ করা হয়েছে।

১৯৯৪-৯৫ সালে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে ১৭টি নতুন আই সি ডি এস প্রকল্প চালু করার অনুমোদন দিয়েছেন। বিষয়টি বর্তমানে রাজ্যের অর্থ বিভাগের বিবেচনাধীন।

(খ) কেন্দ্রীয় সরকার প্রথমে কোন কোন ব্লকে নতুন সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প চালু হবে তার অনুমোদন দেন। তার কিছুদিন পর ঐ প্রকল্পগুলির বিভিন্ন পদের অনুমোদন দেন। পদগুলির অনুমোদন পাবার বিষয়টি রাজ্য সরকারের অর্থ দপ্তরের অনুমোদনের জন্য পাঠানো হয়। অর্থ দপ্তরের অনুমোদন পাবার পর তা মন্ত্রী সভার অনুমোদন পাওয়ার পর সরকারি আদেশনামা প্রকাশ করা হয়।

সরকারি আদেশনামা প্রকাশের পর প্রকল্পের অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্বাচন বিভিন্ন

কমিটি গঠন, অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা নির্বাচন প্রভৃতি কাজকর্ম সম্পাদন করতে হয়। কেন্দ্রের অনুমোদন পাওয়ার পর থেকে এ সমস্ত কাজ সম্পূর্ণ করতে প্রায় ১২-১৮ মাস সময় লাগে।

স্থানীয় মাধ্যমিক পাশ মহিলাদের থেকে অঙ্গনওয়াড়ি কর্মী এবং অষ্টম শ্রেণী পর্যন্ত পড়াশুনা করা মহিলাদের মধ্য থেকে সহায়িকা নির্বাচন করা হয়। কোনও প্রয়োজনীয় মাধ্যমিক পাশ অঙ্গনওয়াড়ি কর্মী না পাওয়া গেলে ঐ এলাকার অষ্টম শ্রেণী পাশ করা মহিলাদের মধ্যে থেকে অঙ্গনওয়াড়ি কর্মী নিযুক্ত করা হয়।

শতকরা ৫ ভাগ অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকা পদ 'হোম এবং অন্যান্য' কোটা থেকে পূরণ করা হয়। স্নাতক মহিলারা অঙ্গনওয়াড়ি কর্মী পদের জন্য আবেদন করতে পারেন না। অঙ্গনওয়াড়ি কর্মীদের কাজে যোগদানের পর ৩ মাসের প্রশিক্ষণ দেওয়া হয়।

### কুচবিহার জেলায় বৈদ্যুতিকরণ

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৬।) **শ্রী মিহির গোস্বামি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত কুচবিহার জেলার কয়টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ হয়েছে ; এবং

(খ) কত দিনের মধ্যে জেলার সমস্ত মৌজার বৈদ্যুতিকরণের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত কুচবিহার জেলায় মোট গ্রামীণ ১,১৩৯টি মৌজার মধ্যে ১,১১৮টি গ্রামীণ ভারজিন মৌজা বিদ্যুতায়িত হয়েছে।

(খ) অবশিষ্ট মৌজাগুলি প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে আগামী পঞ্চ বার্ষিকী পরিকল্পনার মধ্যে করার প্রচেষ্টা নেওয়া হয়েছে।

### কোচবিহার জেলায় ক্ষুদ্র সেচের জমির পরিমাণ

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৭।) **শ্রী মিহির গোস্বামি ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬ আর্থিক বর্ষে কোচবিহার জেলার কত পরিমাণ জমি ক্ষুদ্র সেচের আওতায় আনা হয়েছে ; এবং

(খ) আগামী পাঁচ বছরের মধ্যে আরও কত পরিমাণ জমি ক্ষুদ্র সেচের আওতায় আনার পরিকল্পনা আছে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯৫-৯৬ আর্থিক বর্ষে কোচবিহার জেলায় জলসম্পদ উন্নয়ন অধিকারের অন্তর্গত ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে ১,১৪০ হেক্টর জমি সেচের আওতায় আনা হয়েছে।

(খ) আগামী পাঁচ বছরের মধ্যে জলসম্পদ উন্নয়ন অধিকারের অন্তর্গত বিভিন্ন প্রকার ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে যে পরিমাণ জমি ক্ষুদ্র সেচের আওতায় আনার পরিকল্পনা সরকারের আছে তার বিবরণ নিচে দেওয়া হল।

(১) অসমাপ্ত প্রকল্পগুলি সমাপ্ত করার দরুন—১৪,২০০ হেক্টর।

(২) প্রস্তাবিত বিদেশি আর্থিক সহায়তায় প্রকল্প গ্রহণের দরুন—৩১,২০০ হেক্টর।

**ইংলিশবাজার পঞ্চায়েত এলাকার রাস্তা**

৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫।) **শ্রী গৌতম চক্রবর্তী ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইংলিশবাজার ব্লকে মোট কত কি.মি. রাস্তা পঞ্চায়েতের অধীনে ;

(খ) এর মধ্যে পাকা রাস্তা কত কি.মি. ; এবং

(গ) সারা বছর চলাচলের উপযোগী করার জন্য কাঁচা রাস্তাগুলি সংস্কারের জন্য কোনও ব্যবস্থা সরকার করেছে কি?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ ব্লকে মোট ২৮৮ কি.মি. রাস্তা পঞ্চায়েতের অধীনে।

(খ) এর মধ্যে পাকা রাস্তা ১৩৯ কি.মি.।

(গ) জওহর রোজগার যোজনার মাধ্যমে ধীরে ধীরে কাঁচা রাস্তাগুলিকে সারা বছর চলাচল করার উপযোগী করার প্রচেষ্টা পঞ্চায়েতের তরফ থেকে করা হচ্ছে।

**দেগঙ্গায় গভীর নলকূপ বসাবার পরিকল্পনা**

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮২।) **শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর ২৪-পরগনা জেলার দেগঙ্গার অন্তর্গত বিভিন্ন অঞ্চলে গভীর নলকূপ বসানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উত্তর ২৪-পরগনা জেলার দেগঙ্গার অন্তর্গত বিভিন্ন অঞ্চলে গভীর নলকূপ বসানোর পরিকল্পনা বর্তমানে নেই।

**পশ্চিমবাংলার খেলাধূলার মান উন্নয়ন**

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৩।) **শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবাংলার খেলাধূলার মান উন্নয়ন করার জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছে কি না?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

খেলাধূলার পরিকাঠামো সমৃদ্ধ করার জন্য রাজ্যের প্রতিটি জেলায় ও মহকুমা সদরে কমপক্ষে একটি করে স্টেডিয়াম। সুইমিং পুল। জিমনাসিয়াম নির্মাণের প্রকল্প আছে।

এছাড়া পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ জেলা ক্রীড়া পর্ষদসমূহ ও জেলা ক্রীড়া সমিতির মতো সহায়ক সংগঠনগুলির মাধ্যমে গ্রামাঞ্চলে খেলাধূলার উন্নতিকল্পে নানাবিধ প্রকল্প রচনা করেন। কলকাতায় তিনটি স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র—(১) ক্ষুদিরাম অনুশীলনকেন্দ্র (২) কলকাতা ময়দান (৩) সুভাষ সরোবর সুইমিংপুল চালু আছে। উল্লিখিত কার্যাবলি ছাড়াও পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদ ক্রীড়া দক্ষতার মান উন্নয়ন ঘটাতে তৃণমূলস্তরে প্রতিভার বিকাশের জন্য একটি বিশেষ প্রকল্প "দীর্ঘ মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণ প্রকল্প" চালু করেছেন। বিভিন্ন জেলার ৩৩টি বিদ্যালয়কে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। প্রতিটি বিদ্যালয়ের ১০-১৪ বছর বয়ঃসীমার মধ্যে ৩০ জন করে ছাত্র বিশিষ্ট ক্রীড়াবিদদের তত্ত্বাবধানে সুপরিকল্পিতভাবে প্রশিক্ষণ লাভ করছে।

**বেকার যুবক-যুবতী কর্মসংস্থান**

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৪।) **শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** শ্রম (কর্ম বিনিয়োগ কেন্দ্র) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না?

**শ্রম (কর্ম বিনিয়োগ কেন্দ্র) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ, পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## Refugee Colonies in West Bengal

44. (Admitted Question No. 1051) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) the total number of Refugee Colonies in the State ;

(b) how many of them are regularised ; and

(c) total number of families given Right & Title Deeds ?

**Minister-in-charge of the Refugee and Rehabilitation Department :**

(a) Total number of refugee colonies are 3207 for the present which have been recorded so far.

(b) Both the 1602 colonies and 607 Group of colonies have been regularised by the Government of India and list of 998 colonies is being sent to Government of India for necessary action.

(c) Total free-hold Title Deeds distriduted so far are 1,91,242.

## আসাম থেকে আগত উদ্বাস্তুদের ত্রাণ

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৯।) **শ্রী নির্মল দাস ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় আসাম থেকে আগত শরনার্থীদের জন্য রাজ্য সরকার কত অর্থ মঞ্জুর করেছেন?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আসাম থেকে আগত শরনার্থীদের জন্য বর্তমান বৎসরে ত্রাণ বাবদ রাজ্য সরকারের ত্রাণ বিভাগ থেকে এ পর্যন্ত ১,০০,০০০ (এক লক্ষ) টাকা মঞ্জুর করা হয়েছে। ত্রাণ বাবদ উক্ত অর্থ জলপাইগুড়ি জেলা শাসককে আবণ্টন করা হয়েছে।

## বারাসাতে রবীন্দ্রভবন নির্মাণ

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫০।) **শ্রী অশোক মুখার্জি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

বারাসাত রবীন্দ্রভবনের নির্মাণ কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পরিত্যক্ত পুরানো রবীন্দ্রভবনটি ভেঙ্গে ফেলা হয়েছে। নতুন রবীন্দ্রভবন নির্মাণের উদ্দেশ্যে নকশা চূড়ান্ত করা হয়েছে। আশা করা যায় নির্মাণ কাজ শীঘ্রই শুরু করা যাবে।

**ফলতায় ফ্রি ট্রেড জোন**

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৫।) **শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ফলতায় ফ্রি ট্রেড জোনে এ পর্যন্ত কত জন লেটার অফ ইনটেন্ট পেয়েছেন ;

(খ) তার মধ্যে কতগুলি ক্ষেত্রে কাজ শুরু করেছে ; এবং

(গ) মোট কি পরিমাণ অর্থ ৬-৫-৯৬ পর্যন্ত বিনিয়োগ করা হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৬৩টা ইউনিট অনুমোদন পেয়েছে।

(খ) ৩০টি ইউনিট।

(গ) ১৬০ কোটি টাকা।

**রাজ্যে আদালত ভবনের সংস্কার**

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৬।) **শ্রী অশোক দেব ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রায় সমস্ত আদালত ভবনের সংস্কার ও আইনজীবীদের সুষ্ঠুভাবে বসার ব্যবস্থা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) এই ব্যাপারে বর্তমান (১৯৯৬-৯৭) আর্থিক বছরে কোনও অর্থ বরাদ্দ করা হয়েছিল কি? এবং

(গ) না হলে বিষয়টি সরকারি বিবেচনাধীন কি না?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের যে সমস্ত আদালত ভবন সংস্কারের প্রয়োজন তা সংস্কারের পরিকল্পনা সরকারের আছে। রাজ্যের আদালত ভবনগুলিতে আইনজীবীদের বসবার জায়গা স্থির করার দায়িত্ব সংশ্লিষ্ট আদালতের প্রধানদের।

(খ) হ্যাঁ, এখনও পর্যন্ত ৪,৯৬,০৪০ টাকা আদালতের ভবন ইত্যাদি সংস্কারের জন্য বরাদ্দ হয়েছে।

(গ) প্রশ্ন উঠে না।

**বজবজ এলাকায় সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জল ও শৌচাগারের ব্যবস্থা**

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৯।) **শ্রী অশোক দেব ঃ** গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার বজবজ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জল এবং শৌচাগারের ব্যবস্থা করার বিষয়ে কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, উক্ত প্রকল্প রূপায়ণের জন্য মোট কত টাকা ধার্য করা হয়েছে?

**গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গ্রামাঞ্চলে পানীয় জল ও শৌচাগারের ব্যবস্থার সম্প্রসারণ সরকারের গ্রামোন্নয়নমূলক সাধারণ কর্মসূচির অন্তর্গত। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে এই সব ব্যবস্থা করা হয় এবং সেই ব্যবস্থার অঙ্গ হিসাবে গ্রামাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলিতে পানীয় জল ও শৌচাগারের ব্যবস্থা করা যায়। এতাবৎকাল পর্যন্ত গ্রামীণ স্বাস্থ্যবিধি প্রকল্প অনুযায়ী এই জাতীয় উন্নয়নমূলক কাজ করা হত। সম্প্রতি প্রাথমিক বিদ্যালয়গুলির জন্যে এই প্রকল্পটিই সামান্য সম্প্রসারিত হয়েছে। জেলা পরিষদগুলিকে অনুরোধ করা হয়েছে যাতে গ্রামের পানীয় জল ও শৌচাগারবিহীন প্রাথমিক বিদ্যালয়গুলিতে এই সুবিধাগুলি তৈরি করানোর জন্যে প্রাক্কলন করানো হয়। এই সম্প্রসারিত প্রকল্প অনুযায়ী যে সব প্রাথমিক বিদ্যালয়ে দুটি—একটি মেয়েদের জন্যে একটি ছেলেদের জন্যে শৌচাগার করা যাবে। যেখানে একটি মাত্র শৌচাগার আছে সেখানে আরও একটি শৌচাগার তৈরি করা যাবে। যদি এইসব কাজ কোনও বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে করা হয় তাহলে কাপার্ট পুরো টাকাটাই এইসব মনোনীত স্বেচ্ছাসেবী সংস্থার কাছে পৌঁছে দেবেন। আর যদি কাজগুলো সরকারি উদ্যোগে হয় তাহলে খরচটা আধাআধি ভাগ হবে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের মধ্যে।

এই সম্প্রসারিত গ্রামীণ স্বাস্থ্যবিধি প্রকল্পের কাজ হবে জেলাভিত্তিক। বজবজসহ কোনও বিধানসভা কেন্দ্রের জন্যে আলাদা করে কিছু করা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে বন্ধ ও রুগ্ন কলকারখানার সংখ্যা**

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫।) **শ্রী মোজাম্মেল হক ঃ** শিল্প পুনর্গঠন দপ্তরের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-১৯৯৫ সালের মধ্যে এ রাজ্যে বন্ধ ও রুগ্ন কারখানার সংখ্যা কত ;

(খ) উক্ত কারখানাগুলি বন্ধ হওয়ার ফলে কতজন শ্রমিক বেকার হয়েছেন ; এবং

(গ) কি কি কারণে কারখানাগুলি বন্ধ ও রুগ্ন হয়েছে?

**শিল্প পুনর্গঠন ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৫-এর ৩০শে মে পর্যন্ত এই রাজ্যে বন্ধ শিল্পের সংখ্যা ১০৬ এবং ১৭৮টি রুগ্ন শিল্প সংস্থা বি আই আর-এ নথিভুক্ত হয়েছে।

(খ) ১০৬টি বন্ধ কারখানার শ্রমিক সংখ্যা ৩৭,৯১৬ জন।

(গ) কারখানাগুলি বন্ধ ও রুগ্ন হওয়ার অনেক কারণের মধ্যে বিশেষ কতগুলি হল কার্যকর মূলধনের অভাব, পুরানো ও অপ্রচলিত যন্ত্রপাতির ব্যবহার, পরিচালন কর্তৃপক্ষের অদূরদর্শিতা, কেন্দ্রীয় সরকারের শিল্পনীতি, শ্রমিক-ধর্মঘট, মালিক কর্তৃক বন্‌ধ ঘোষণা ইত্যাদি।

**চন্দননগরে শহীদ কানাইলাল স্টেডিয়াম**

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৭।) **শ্রী কমল মুখার্জি ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় চন্দননগরে শহীদ কানাইলাল স্টেডিয়াম নির্মাণের কাজ কোন সালে শুরু হয়েছিল ;

(খ) ১৯৯৬ সালের এপ্রিল মাস পর্যন্ত স্টেডিয়াম নির্মাণের কাজ কতটুকু সম্পূর্ণ হয়েছে ; এবং

(গ) উক্ত স্টেডিয়াম নির্মাণে ঐ সময় পর্যন্ত কত টাকা খরচ হয়েছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি জেলার চন্দননগরের কুঠির মাঠে স্টেডিয়ামের ভিত্তিপ্রস্তর ২১-১২-৮০ তারিখে স্থাপিত হয়।

(খ) ঐ তারিখ পর্যন্ত স্টেডিয়ামের কাজ আংশিক সম্পন্ন হয়েছে।

(গ) দপ্তরের নথি-পত্র অনুযায়ী উক্ত স্টেডিয়াম নির্মাণে উক্ত সময় পর্যন্ত ১৫ লক্ষ টাকা সরকারি অনুদান দেওয়া হয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Saugata Roy on the subject of recent hike of

Petroleum and Diesel prices.

This matter was raised in the House by several Members yesterday. Moreover, the Member may ventilate his grievance through Calling Attention, Mention, etc.

I, therefore, withhold my consent to the Motion.

Shri Roy may, however, readout the text of his Motion as amended.

**Shri Saugata Roy :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence namely, the hike in petroleum and diesel prices to the extent of 25 per cent and 30 per cent by an administrative decision of the Central Government has created a genuine crisis in industry and transport. This is the highest price rise in these products and have caused protest from all political parties and trade unions and there has been a call for bus strike from next Monday as well as a call for strike by taxi operators. The Chief Minister who is now in Delhi should take up the issue with the Prime Minister so that this very unfair decision to increase the prices is immediately reversed.

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** To-day, I have received five notices of Calling Attention on the following subjects, namely :-

| | | |
|---|---|---|
| 1. Accident death on only daughter of Shri Nirmal Sinha, M.L.A. near Chhayani village under Baruipur P.S on 27.5.96. | : | Shri Subhas Naskar and Shri Tapan Hore |
| 2. Demand for house to house water line connection in Baruipur Municipality area. | : | Shri Sobhan Deb Chattopadhyay |
| 3. Alleged death of 10 supporters of Major Ruling Party in post-poll violence in Nadia district. | : | Shri Sushil Biswas |
| 4. Threatened strike by Private Bus, Mini Bus and Taxi owners from 8th July, 1996 for rise in prices of Petrol and Diesel. | : | Shri Ajoy De and Shri Adbul Mannan |
| 5. Scarcity of School Text Books published by the W.B.B.S.E. and D.S.E., West Bengal. | : | Shri Deba Prasad Sarkar |

**Mr. Speaker :** I have selected the notice of Shri Deba Prasad Sarkar on the subject of Scarcity of School Text Books Published by the W.B.B.S.E. and D.S.E., West Bengal.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 10th July, 1996.

## MENTION CASES

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এই হাউসের প্রতিবাদ জানানোর জন্য রাজ্য সরকারের নিকট আবেদন জানাচ্ছি। কারণ গত পরশুদিন যে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছে তার পরে ইতিমধ্যে পেট্রলের দাম ২৫ শাতংশ বৃদ্ধি হয়েছে, ডিজেলের দাম ৩০ শতাংশ বৃদ্ধি হয়েছে, রান্নার গ্যাসের দাম ১০৭ টাকা থেকে ১৩৬.৯৫ পয়সা হয়ে গেছে। এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি। কারণ ইতিমধ্যে দেখেছেন এই সিদ্ধান্তের ফলে, পেট্রল, ডিজেল এর দাম বৃদ্ধির ফলে যানবাহন ব্যবস্থা বিপর্যস্ত হয়ে যাচ্ছে। ট্যাক্সি বাস তারাও এই ব্যাপারে প্রতিবাদ জানিয়েছে এবং তারা ধর্মঘটের ডাক দেওয়ার জন্য আহ্বান জানিয়েছে। তাই আমরা এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি, কারণ এটা জনস্বার্থের সঙ্গে জড়িত। বিশেষ করে ডিজেল এর দাম বৃদ্ধির ফলে গ্রামাঞ্চলে যে সেচ ব্যবস্থা সেটাও বিপর্যস্ত হবে, তাদের কষ্ট বেড়ে যাবে। পাশাপাশি এটাও জানাচ্ছি, যারা এর বিরোধিতা করছেন, তারা ভালভাবেই জানেন, এই ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে—এই অবস্থায় দাঁড় করিয়ে দেওয়ার কারণ হচ্ছে আমদানি ক্ষেত্রে ঘাটতি ছিল বিগত সরকারের। তারাই এই অবস্থা তৈরি করে গিয়েছিল, এটা আমরা জানি। এই দাম বৃদ্ধির ফলে মানুষের উপর বোঝা চাপবে, তাই আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি বিরোধীদের কাছে দাবি জানাচ্ছি, আপনারাও এর বিরুদ্ধে বললেন, একটু আগে সৌগত বাবু একটা প্রস্তাবও পেশ করলেন, আগামীকাল আপনারা বন্ধ করছেন, ঐ বন্ধটা তাহলে বন্ধ রাখুন, তাহলেই বোঝা যাবে আপনারা সত্যিকারের মানুষের পাশে আছেন। আপনারা যদি এই বন্ধ পালন করেন তাহলে সেটা হবে জনগণের স্বার্থ বিরোধী, আপনারা এই বন্ধ যদি না করেন তাহলে জনগণের কথা যে চিন্তা করছেন সেটা বোঝা যাবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পিকার স্যার, রবীন বাবুকে ধন্যবাদ চিঁচি আওয়াজ করে তিনি প্রতিবাদটা করেছেন। আমরা একটা সর্বদলীয় প্রস্তাব আনার জন্য বলেছি, বি এ কমিটির মিটিংয়ে কালকে। কেন্দ্রীয় সরকারকে নিন্দা জানিয়ে আমরা প্রস্তাবটা আনবো, আপনারাও সমর্থন করবেন। এই মূল্যবৃদ্ধির ফলে, কালকে যে বন্‌ধ আমরা ডেকেছি তাতে তার ইস্যু দিয়েছি। এই বন্‌ধ প্রত্যাহার করার জন্য বুদ্ধদেব বাবু প্রস্তাব দিয়েছেন, আমরা সেটা প্রত্যাখ্যান করেছি। তিনি পুলিশ মন্ত্রী, একদিকে তিনি পুলিশকে ব্যবহার করছেন, আবার বলছেন বন্ধ প্রত্যাহার করা উচিত। পুলিশ মন্ত্রী বলছেন বন্‌ধ প্রত্যাহার করা উচিত, আবার তাদের দলের

নেতা, সি পি এম পার্টির সম্পাদক তিনি ক্যাডার বাহিনী, পুলিশ বাহিনী নামানোর হুমকি দিচ্ছে। আমরা বলছি, আপনারা ক্যাডার নামিয়ে, আগুন নিয়ে খেলার চেষ্টা করবেন না। যদি কালকে একজনও কংগ্রেস কর্মী খুন হয়, কিম্বা আপনারা সন্ত্রাসের চেষ্টা করেন তাহলে জানবেন সোমবারও বাংলা বন্ধ ডাকব। কালকে মানুষ শান্তিপূর্ণভাবে বন্ধ পালন করবেন, সেখানে আপনারা ক্যাডার বাহিনীকে সামলাবেন, আমি পুলিশ মন্ত্রীকে অনুরোধ করব, আপনারা বন্ধ ডাকলে যেভাবে বন্ধ পালন হয়, লক আউট ঘোষণা করলে যেভাবে বন্ধ ডাকেন, সেখানে সরকারি দল যে ভূমিকা পালন করেন, আমরা বিরোধী দল হিসাবে আশা করি আপনারা সেই ভূমিকা পালন করবেন। যতবার আপনারা বন্ধ ডেকেছেন, সেখানে রাজ্য সরকার যে ভূমিকা পালন করে, আশা করব সেই ভূমিকাই পালন করবেন। যদি সন্ত্রাস সৃষ্টি করেন তাহলে আগামী সোমবারও বাংলা বন্ধ ডাকব।

[12-10 — 12-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এই বিধানসভায় এবং সারা দেশে যুক্তফ্রন্ট সরকার এই যে পেট্রল, ডিজেলের দাম বাড়িয়েছেন, রান্নার গ্যাস-এর দাম বাড়িয়েছেন, ২৫ শতাংশ, ৩০ শতাংশ, এটা নজিরবিহীনভাবে বেড়েছে। তার ফলে সাধারণ মানুষের উপর যে আঘাত নেমে আসছে তাতে সকলে এই ব্যাপারে তীব্র প্রতিবাদ জানিয়েছে। আরেক দিকে আমরা দেখতে পাচ্ছি এই অবস্থার মধ্যে এই রাজ্য বাস, ট্যাক্সি, মিনিবাস তারা ভাড়া বাড়ানোর জন্য স্ট্রাইক ডাকবার হুমকি দিয়েছেন। এইরকম অবস্থায় ব্যাপারটা গুরুতর বিষয় হিসাবে নেওয়ার জন্য আমি আপনাদের কাছে দাবি জানাচ্ছি। কেন্দ্রীয় সরকার যখন একদিকে মূল্যস্তর স্থিতিশীল রাখার প্রতিশ্রুতি দিয়েছিল, অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি তারা পেট্রল, ডিজেল, রান্নার গ্যাসের দাম বাড়িয়ে দিলেন। আন-রিয়েলাইজড ট্যাক্স যেটা বকেয়া পড়ে আছে সেটা আদায় করার ব্যবস্থা করুন, যারা সঙ্গতি সম্পন্ন তাদের উপর ট্যাক্স বসালে ভাল হয়। সাধারণ মানুষের উপর এই মারাত্মক আক্রমণ তারা করেছে এর তীব্র প্রতিবাদ করছি। আমাদের এই হাউসের থেকে একটা সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করা উচিত এবং আমি এই প্রস্তাবের খসড়াটা তৈরি করেছি সকলের বিবেচনার জন্য। এই হাউস থেকে একটা অলপার্টি ডেলিগেশন দিল্লিতে গিয়ে আলোচনা করে যাতে প্রাইস ঠিক থাকে তার ব্যবস্থা করা দরকার।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একজন বিরোধী পক্ষ বলেছিলেন এটা কলকাতা, এখানে কিছু করলে দেখে নেব। আর এখন মান্নান সাহেব বললেন এবং গব্বর সিংয়ের ভাষায় কথা বললেন, শান্তিপূর্ণভাবে বন্ধ হলে ভালো কথা। কারণ গণতান্ত্রিক পদ্ধতিতে তারা ধর্মঘট ডাকতে পারেন, কিন্তু তিনি প্ররোচনা ছড়াচ্ছেন কেন? তিনি প্ররোচনা ছড়াচ্ছেন যাতে পশ্চিমবাংলা জুড়ে একটা অরাজকতা তৈরি হয়। কিন্তু পশ্চিমবাংলায় অরাজকতা তৈরি হবে না, পশ্চিমবাংলার মানুষ শান্তিপূর্ণভাবে এই বন্ধ প্রতিরোধ করবে। এই ২০ বছর ধরে পশ্চিমবাংলার মানুষ ওদের ঘৃণার চোখে দেখেছে, তাই ওদের বিরোধী পক্ষের আসনেই বসতে হচ্ছে। এবারে কিছু আসন ওদের বেড়েছে, কিন্তু তার জন্য ওদের এত তড়বড় করার কিছু নেই।

**শ্রী কমলকান্তি গুহঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রসঙ্গ যেটা উঠেছে, সেটা সুকৌশলে সরকার পক্ষ ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছে। আজকে কথাটা উঠেছে, পেট্রল, ডিজেল এবং গ্যাসের দাম বাড়ার ফলে জনজীবনে যে একটা বিপর্যয় নেমে এসেছে তার থেকে আমরা কি করে বাঁচতে পারি। আমরা কাগজে দেখলাম সোমবার থেকে ট্যাক্সি অ্যাসোসিয়েশন, বাস অ্যাসোসিয়েশন তারা আন্দোলনে নামছেন, ধর্মঘট করছেন। ভাড়া বাড়াবার তারা একটা এক তরফা সিদ্ধান্ত নিয়েছে। সেখানে আমাদের পরিবহনমন্ত্রী সরকার পক্ষ তাদের ডেকে কতখানি ভাড়া বাড়ানো যায়, কি ব্যাপার সেই ধরনের কোনও ব্যবস্থা তারা নিচ্ছেন না। কাগজে আমরা দেখলাম কংগ্রেসের পক্ষ থেকে বলেছে, আগামীকাল তারা যে বন্‌ধ ডেকেছে, তার সাথে তারা পেট্রল, ডিজেল এবং গ্যাসের দাম বাড়ানোর ব্যাপারটাও যুক্ত করেছেন। কংগ্রেস যেটা ডেকেছেন, আজকে সবাইকেই এই দ্রব্যমূল্যবৃদ্ধির প্রতিবাদে এই বন্‌ধ সমর্থন করা উচিত এবং বন্‌ধ ডেকে এর তীব্র প্রতিবাদ করা উচিত।

আমি আশা করব ওরা মর্যাদার লড়াইতে না গিয়ে কংগ্রেস যে ইস্যুতে ডেকেছেন সেটাকে ওরা সমর্থন করছেন না বলেই দিয়েছেন। কিন্তু কংগ্রেস আরেকটা ইস্যুতেও ডেকেছেন সেটা হচ্ছে পেট্রল, ডিজেল, গ্যাসের দাম বৃদ্ধির প্রতিবাদে। আমি বলি সেটাকে সমর্থন করার আগে তারাও বলুন বন্‌ধ আমরাও ডেকেছি এই দাবিতে। এটা আমরা সবাই মিলে করতে পারি কিনা দেখি।

**শ্রী নিশিকান্ত মেহতাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রশ্নটা আমাদের সভায় উথাপিত হয়েছে সেটা নিয়ে কেন্দ্রীয় সরকার লোকসভায় অধিবেশন চলার আগেই অ্যাডমিনিস্ট্রেটিভ ভাবে পেট্রল, ডিজেল, গ্যাসের দাম বাড়াবার ফলে সতিাই গোটা ভারতবর্ষে, পশ্চিমবাংলার মানুষের এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে আগামী দিনে দ্রব্যমূল্য বাড়বে, সমস্ত জিনিসপত্রে দাম বাড়বে। পেট্রল, ডিজেল, গ্যাসের দাম বাড়লে সমস্ত কিছুর দাম বাড়বে। তাই এটা আমি কেন্দ্রীয় সরকারকে পুনর্বিবেচনা করার জন্য দাবি জানাচ্ছি। যে বন্‌ধ কংগ্রেস ডেকেছে এবং বিধানসভায় নতুন কিছু সদস্য যেভাবে আমাদের বলতে শুরু করেছে যে আগামী দিনে খুন খারাপি হবে। যেসব কথাবার্তা এরা বলছেন সেটা ঠিক না। গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা বিশ্বাস করি। আপনারা ইমার্জেন্সি করেছিলেন। আমরা আপনাদের গণতান্ত্রিক অধিকার দিয়েছি। আপনারা ৮২টা জিতেছেন গণতান্ত্রিক পদ্ধতিতে। আপনারা আন্দোলন করুন, লড়াই করুন, আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু খুন খারাপির রাজনীতি আপনারা করবেন না কারণ আপনাদের চেয়ে আমরা কোনও অংশে কম নই। আমরা সরকারে আছি বলেই আপনারা ভাববেন নিরামিষ হয়ে চুপচাপ বসে থাকবো তা থাকবো না। একজন সদস্য বললেন একটা মারলে আমরা ৪টে মারবো। স্যার, আমার সামনে ওই তাপস বলে ছেলেটা উনি বললেন কালকে তো আমরা রাস্তায় থাকবো, একটা মারলে ৪টে মারবো। স্যার, আমাদের এক সদস্যকে বললেন। আমরা গ্রামের লোক, আমরাও লড়াই করতে জানি। লড়াই করে করেই এখানে এসেছি। তাই ওরা যদি ভাবেন কলকাতা ওদের তাহলে ওরা ভুল করবেন। পশ্চিমবাংলার গ্রামাঞ্চল থেকে আমরা এসেছি, লড়াই আমরা কারও থেকে কম জানি না। তাই গণতান্ত্রিক পদ্ধতিতে আন্দোলন করুন, সমালোচনা করুন আমাদের কিছু বলার নেই। এই বলে আমি স্যার, আমার বক্তব্য শেষ করছি।

(At his stage Shri Tapas Roy rose to speak)

(noise)

## Laying of Rules

### The West Bengal Panchayat (Recruitment and Conditions of Service of Gram Panchayat Karmee) Rules, 1995

**Shri Surya Kanta Mishra :** Sir, I beg to lay the West Bengal Panchayat (Recruitment and Conditions of Service of Gram Panchayat Karmee) Rules, 1995 published under the Department's notifications No. 2528/PN/O/I/3R-1/95 dated 13th November, 1995.

(noise)

[12-20 — 12-30 P.M.]

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। মাননীয় স্পিকার স্যার, আপনি হাউসে ডিগনিটি বজায় রাখার জন্য অনেক কিছু উপদেশ দেন। আপনি সরকার পক্ষ ও বিরোধী পক্ষের সব সদস্যকেই উপদেশ দেন। আমরা মেনে নিই। এর আগে বহুবার বলেছেন। বিরোধী পক্ষের একার দায়িত্ব নয়। একজন মাননীয় সদস্য শ্রী নিশিকান্ত মেহতা, একজন নতুন সদস্য সম্বন্ধে বললেন "ঐ ছেলেটা তাপস।" এটা কোনও সৌজন্যতা? সৌজন্যতার পাঠশালায় ভর্তি করুন। তাপসকে পারসোনাল এক্সপ্লানেশন দিতে দিন। তাপসের নাম করে কিছু অভিযোগ হল, সেটি রেকর্ড হল। আপনি হয় ওটা এক্সপাঞ্জ করুন, নয়, তাপসকে বলতে দিন। আজকে বিরোধী পক্ষের সদস্য কেউ যদি বলেন ঐ সূর্য দাঁড়িয়ে আছে, বা ঐ গৌতম দাঁড়িয়ে আছে, সেটা কিরকম শুনতে লাগবে! ওদের বলতে শেখান। তাপসকে বলতে দিন। মিনিমাম 'ঐ' কথাটা এক্সপাঞ্জ করুন।

(গোলমাল)

**মিঃ স্পিকার :** ভাল, মার্জনার কথা বলা হয়েছে। আশা করি এটা সবাই মানবেন। কিন্তু আমি লক্ষ্য করি যে, দলের নেতা যখন কথা বলেন, তার মধ্যে ওই দলের অন্য মেম্বাররা কথা বলেন। মার্জনা কথার মানে হচ্ছে কিছু নিয়মনীতি মানা। এটাই ডেকোরামস, এটাই ডিসিপ্লিন। এর মানে তাই—মানে—লিডার যখন বলেন সবাই তখন শোনেন। লিডার বলার পর অন্য কেউ বলেন না। লিডার হচ্ছেন কনসেনসাস অফ দি পার্টি। তিনি কনসেনসাস হবেন।

(গোলমাল)

একটু আগে মার্জনার কথা বললেন। এই তো মার্জনা করা—কনসেনসাস থ্রু দি লিডার। একজন বলবেন সবার কথা। এখানে সবার কথা সবাই বলেন। এটা চলতে পারে না।

অনেক সময় এই অবস্থার মধ্যে আমাদের ইগনোর করতে হয়। ইগনোর কথার ছাড়া উপায় থাকে না। ইট ইজ নট পসিবল টু কমপ্লাই। মনে রাখতে হবে এই কথাটা কমপ্লাইয়েন্সের একটা পরিবেশ সৃষ্টি করুন। নয়তো চেয়ারকে কি করে কমপ্লাই করবেন? যদি কমপ্লাইয়েন্সের পরিবেশ না থাকে তখন চেয়ারকে অধিকাংশ সময় ইগনোর করতে হবে। যদি কমপ্লাইয়েন্সের পরিবেশ না থাকে তবে চেয়ারকে ইগনোর করতে হয়। তার মানে যেটা দাঁড়ায় তা হল কিছু নিয়ম মানা। ইফ দেয়ার ইজ নো কমপ্লাইয়েন্স সেখানে চেয়ার উইল ইগনোর। দি হাউস উইল কনটিনিউ। কোনও সদস্যকে অন্য কোনও সদস্যের ব্যাপারে কোনও অসভ্য, অশালীন কোনও উচ্চারণ, অঙ্গভঙ্গি করা উচিত নয়। সব সময় মাননীয় সদস্যকে মাননীয় সদস্য বলে সম্বোধন করতে হয়। "ঐ ছেলেটা" এটা খারাপ কথা। কেন বললেন? "ঐ" কথাটা ঠিক নয়। যারা এখানে আসেন, তারা মানুষের ভোট পেয়ে এসেছেন। মনে রাখবেন এক একজন আছেন যারা তাদের কেন্দ্র থেকে দেড় লক্ষের বেশি মানুষের, কেউ বা দুই লক্ষের বেশি, কেউ বা তিন লক্ষের বেশি মানুষের ভোট পেয়েছেন। এটা মনে রাখবেন আপনারা কিউমুলেটিভ কনসেনসাস। এত মানুষের একটা মত। আপনারাও এখানে জিতে এসেছেন। বিরোধীরাও ভোট পেয়েছেন—কেউ ৪৬ পারসেন্ট, কেউ ৫১ পারসেন্ট ভোট পেয়েছেন। ভোট পেয়েছে তাই নয়, ইট হ্যাজ টু বি রেকগনাইজড। হাউস একটা কম্পোজিট, এখানে অপোজিশনের সদস্য আছেন, রুলিং পার্টির সদস্য আছেন। এটা বারবার বলা হয়, হাউস ইজ নট গভর্নমেন্ট। এটা একটা পার্লামেন্ট এখানে সবার সমান অধিকার, সমান মর্যাদা। একজন সদস্য যদি থাকে, ওরও বলার অধিকার আছে। কারও দুশো মেম্বার আছে, কারও একটা মেম্বার আছে, সকলেরই সমান অধিকার। এটা আমি অল পার্টি মিটিংয়েও বলেছি। টাইম অ্যালটমেন্টের কথাও বলা হয়েছে, কারও একজন থাকতে পারে, কারও দুজন থাকতে পারে, তবুও বক্তৃতার সময় ১ মিনিট, ২ মিনিট, ৩ মিনিট নয়, মিনিমাম ৮টি মিনিট তাকে বলার সুযোগ দিতে হবে। সে বিরোধীতে থাকতে পারে, কিন্তু তাকে উপযুক্ত সময় দিতে হবে, যাতে সে বক্তৃতা দিতে পারে। আর, নিজেদের মধ্যে যদি ভালো ব্যবহার, ভালো আচরণ না করেন, তাহলে হাউস চলতে পারে না, এখানে সবাইকে নিয়ে চলতে হবে। আমি প্রসিডিংস দেখব, যদি এরকম কোনও কথা থাকে আমি বাদ দিয়ে দেব।

(গোলমাল)

(এই সময় মাননীয় সদস্য তাপস রায় দাঁড়িয়ে উঠে চিৎকার করে কিছু বলতে থাকেন এবং মিঃ স্পিকার তাকে বারবার তার সিটে বসতে বলেন।)

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি বসেছিলাম এখানে তখন উনি যেভাবে অঙ্গভঙ্গি করে, যেভাবে কথা বলছিলেন, তাতে আমি একটু উত্তেজিত হয়ে 'ঐ ছেলেটা' বলে বলেছিলাম, এটা স্লিপ অফ দা টাঙ হয়েছিল, এর জন্য আমি দুঃখিত।

(গোলমাল)

(এই সময় আবার মাননীয় সদস্য তাপস রায় উঠে দাঁড়িয়ে চিৎকার করে কিছু বলতে থাকেন এবং মিঃ স্পিকার আবার তাঁকে তাঁর সিটে বারবার বসতে বলেন।)

## VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NO. 90, 37 & 26

**Mr. Speaker:** Now discussion on Demand No.90, 37 and 26. These are 5 cut motions on Demand No.26 and no cut motion on Demand No.90 and 4 cut motions on Demand No.37 the motions are in order and moved as follows.

**Shri Sultan Ahmed** :
**Shri Deba Prasad Sarkar** :
**Shri Abdul Mannan** : Sir, I beg to move that the amount
**Shri Saugata Roy** : of Demand be reduced
**Shri Gyan Singh Sohanpal** : by Rs.100/-.

[12-30 — 12-40 P.M.]

### Demand No. 37

**Shri Deba Prasad Sarkar** :
**Shri Abdul Mannan** : Sir, I beg to move that the amount
**Shri Ajoy De** : of Demand be reduced
**Shri Kamal Mukherjee** : by Rs.100/-.

**শ্রী পঙ্কজ ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য ৯৬-৯৭ সালের ৯০ নং দাবি সম্পর্কে ৩৭ এবং ২৬ সহ পশ্চিমবঙ্গ সরকারের পৌর বিষয়ক নগর উন্নয়ন এবং টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং বিভাগের তরফ থেকে যে বাজেট ভাষণ দিয়েছেন, আমি তার তীব্র বিরোধিতা করে এবং আমাদের সদস্য কর্তৃক আনীত কাট মোশনকে সমর্থন করে অমার বক্তব্য পেশ করছি।

মাননীয় মন্ত্রী মহাশয় যখন বাজেট ভাষণ লিখেছিলেন, তখন তার যে দায়িত্ব ছিল, আজকেও তার সেই দায়িত্ব আছে কিনা আমরা জানি না। মাননীয় মন্ত্রীরা নিজেদের দপ্তর নিয়ে ক্রমাগত ঝগড়া করে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্যের হাত থেকে রাজারহাট উপনগরী অন্য মন্ত্রীকে দিয়ে দেওয়া হয়েছে। বিদ্যাসাগর সেতুর দেখভালের দায়িত্ব কার উপর আছে আমরা জানি না। একজন মন্ত্রী বলছেন, আমার দায়িত্ব আরেকজন মন্ত্রী বলছেন, না এটার দায়িত্ব আমাকে দিয়ে দেওয়া হয়েছে। তাই যে মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তব্য নিয়ে আলোচনা করব সেই মন্ত্রী মহাশয়ের কার্যের পরিধি সম্পর্কে কনফিউশন রয়েছে, কনফিউশন নিজেদের ভেতর, কনফিউশন মন্ত্রী সভার ভেতর, কনফিউশন রাইটার্স বিল্ডিংয়ের ভেতর, কনফিউশন প্রশাসনে এবং স্বভাবতই অ্যাজ এ মেম্বার অফ পাবলিক আমাদেরও কনফিউশন হবে? তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি যখন তার বক্তব্য পেশ

করবেন তখন কোন কোন ডিপার্টমেন্ট কোন কোন এলাকায় তার হাতে রয়েছে এবং কোন কোন গুলো কেটে নেওয়া হয়েছে, কতটা কর্তৃত্ব ফিরিয়ে দিয়েছেন তা আমাদের জানিয়ে দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয়,ভাষণের শুরুতেই সেই গতানুগতিক কথা বলেছেন—"সাতাত্তর সালের পূর্ব পর্যন্ত, আপনারা অবগত আছেন, এ-দেশের পৌর প্রশাসন কি গভীর এক নৈরাজ্যের অন্ধকারে নিমজ্জিত ছিল," তা আপনারা এই দেশকে কোন আলোকবর্তীকায় বয়ে নিয়ে গিয়েছেন? আমি কলকাতা কর্পোরেশনের নজির দিয়ে শুরু করছি। কলকাতা কর্পোরেশনে ১০০ ওয়ার্ড ছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট মন্ত্রিসভা ক্ষমতায় এসে ডি-লিমিটেশন করার নামে যাদবপুর বিধানসভা কেন্দ্র, বেহালা পূর্ব এবং পশ্চিম বিধানসভা এবং গার্ডেনরিচকে কলকাতা পৌরসভার অ্যাডেড এরিয়া হিসাবে যুক্ত করে ৪১টা আসন সম্বলিত করলেন। কলকাতার একটা বিধানসভাকেন্দ্র আলিপুর। সেই আলিপুরে কলকাতা কর্পোরেশনের ৪টে ওয়ার্ড। ৪টে ওয়ার্ড নিয়ে কর্পোরেশনের আলিপুর। কেন না, কারণ হচ্ছে আলিপুর থেকে কংগ্রেস জিতে এসেছে। যে বিধানসভায় কংগ্রেস জিতবে বা কংগ্রেস প্রভাবিত বিধানসভা হবে তার আসন সংখ্যা হবে ৪টে আর যাদবপুর থেকে পুলিশ মন্ত্রী মহাশয় জিতেছেন তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের অবগতির জন্য আপনার মাধ্যমে জানাচ্ছি—আলিপুরের ক্ষেত্রে ৪টে কর্পোরেশন ওয়ার্ড হলেও যাদবপুরের ক্ষেত্রে ১৪টা কর্পোরেশন ওয়ার্ড। অর্থাৎ একটা বিধানসভা তা যদি মাকর্সবাদী কমিউনিস্ট পার্টির হয় তবে সেই অঞ্চল থেকে ১৪টা কর্পোরেশন ওয়ার্ডে তারা জিতে আসবেন। আবার বেহালা পূর্ব এবং পশ্চিমে মোট আসন সংখ্যা ১২। গাডের্নরিচে মিলিয়ে ১৬ অর্থাৎ ৪১। ৪টে বিধানসভা মিলিয়ে ৪১ আর কলকাতার ২১-টা বিধানসভা নিয়ে একটা আসন? এই কারচুপি করে অ্যাডেড এরিয়ার নামে ৪১-টা কর্পোরেশন ওয়ার্ড যুক্ত করা হল। আপনারা কলকাতা কর্পোরেশনের ক্ষমতায় বারবার কাদের নিয়ে এসেছেন? ঐ ঝুনু, আনসারি ওদের সংখ্যায় সংখ্যাগরিষ্ঠতা নিয়ে কলকাতা কর্পোরেশনের মেয়র ছড়ি ঘুরিয়েছেন পিছনের দরজা দিয়ে। আজকে টালিগঞ্জে ওয়ার্ডের সংখ্যা ৬, রাসবিহারী কর্পোরেশনে ৬, চৌরঙ্গি কর্পোরেশনে ওয়ার্ড ৫টা, আলিপুর কর্পোরেশনে ওয়ার্ড ৪-টা। কিন্তু সেখানে যাদবপুর কর্পোরেশনে ওয়ার্ডের সংখ্যা ১৪। এইভাবে, এই পদ্ধতিতে আপনারা কর্পোরেশন-এর ক্ষমতা দখল করেছেন। আপনারা আবার আজকে বলছেন, ১৯৭৭ সালের পরে নাকি পৌরসভাগুলোতে নতুন করে নির্বাচন করে গণতান্ত্রিক বিচার ব্যবস্থা চালু করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, মাননীয় সদস্য শ্রী তাপস রায় একটু উত্তেজিত ছিলেন। এখানে কি রকম গণতান্ত্রিক নির্বাচন হয় সেটা শুনুন। যে তাপস রায় সাড়ে ১০ হাজার ভোটে জিতেছেন গতবার তাকে আপনারা কারচুপি করে সাড়ে ৭ হাজার ভোটে হারিয়ে দিলেন। এটা কোনও প্রিন্সিপ্যালে করলেন? এখানে মাননীয় সদস্য রবীন দেব মহাশয় আছে তিনি জানেন কি করে বিধানসভা নির্বাচনে কলকাতায় কারচুপি করা হয়। এইভাবেই তিনি বালিগঞ্জে উপ-নির্বাচন এবং নির্বাচনে জিতেছেন। এবং এর মাধ্যমেই প্রমাণ করে দিয়েছেন কলকাতা কর্পোরেশনের নির্বাচনকে আপনারা কোথায় নিয়ে দাঁড় করিয়েছেন। তার পর কংগ্রেস মিউনিসিপ্যালিটিগুলি দখল করেছে, কর্পোরেশন গুলি দখল করেছে, সেখানকার মানুষ যারা তাদের ভোট দিয়ে নির্বাচিত করে পাঠিয়েছেন, দায়িত্ব দিয়েছেন—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বহরমপুরের কথা জানেন, বহরমপুরে নির্বাচিত যে বোর্ড ছিল তাকে রাইটার্স বিল্ডিংস থেকে একটি কলমের খোচায় নস্যাৎ করে দেওয়া হয়েছিল। একটা নির্বাচিত

মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে দায়িত্ব নিয়ে তারা মানুষের সেবা করছিলেন তখন বুদ্ধদেব বাবু পৌরমন্ত্রী ছিলেন তার সহ্য হল না, তাই অর্থনৈতিক প্রতিবন্ধকতা সৃষ্টি করলেন, তা সত্ত্বেও কিছু করতে পারলেন না, তখন রাইটার্স বিল্ডিংস থেকে একটি কলমের খোঁচায় সেখানে তাদের খারিজ করে দিলেন। সেখানকার মানুষ হাইকোর্টের শরণাপন্ন হলেন, হাইকোর্ট সমস্ত বক্তব্য শুনে বললেন সরকারের এই সিদ্ধান্ত অগণতান্ত্রিক, ফ্যাসিস্ট, তারা নিজেদের দোষে দুষ্ট। এই দাবি মানতে তারা রাজি নন, আবার পৌরসভায় ফিরে এলেন। আবার নির্বাচন হল তৃতীয় দফার জন্য ক্ষমতায় ফিরে এলেন। এখন কি চলছে সেখানে? এখন যে অনুদান, তাদের যে প্রাপ্য টাকা, তা তাদের দেওয়া হচ্ছে না। তাদের উন্নয়নের কাজকে বন্ধ করে দেওয়া হচ্ছে। কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটিতে পর পর তিন বার মানুষ ভোট দিয়ে আমাদের সেখানে দায়িত্ব দিয়েছে, আমরা দায়িত্ব পেয়ে কাজ নেবার চেষ্টা করছি। আজকে সেখানে কোনও কাজ করতে দেওয়া হচ্ছে না। টাকা দেওয়া হচ্ছে না। কতগুলি বানানো অভিযোগ নিয়ে এসে বাধার সৃষ্টি করা হচ্ছে। সেখানকার মানুষের স্বাস্থ্য ভালো নয়। পৌরচাহিদা যেগুলি মানুষের প্রাপ্য সেগুলি বন্ধ হয়ে গেছে, সেখানে জনজীবন অচল হয়ে যাচ্ছে। রায়গঞ্জ মিউনিসিপ্যালিটিতে আবার নির্বাচন হয়েছে। সেখানে এক খাতের টাকা অন্য খাতে খরচ করছে, যদিও আমি এটা সমর্থন করি না। কিন্তু ছোট ছোট মিউনিসিপ্যালিটিগুলি তারা তাদের টাকা পাচ্ছে না। তারা এক একটা পরিকল্পনা খাতে কমিটেড মানি না পাওয়ায় কাজ শুরু করতে পারছে না, অনেক জায়গায় কাজ শুরু করে দিয়েছে কিন্তু সেই কাজের জন্য বা আংশিক কাজের জন্য টাকা দিতে পারছে না। ফলে সেখানে কাজ বন্ধ হয়ে গেছে। কর্মচারিরা কাজ বন্ধ করে দিয়েছে, তাদের স্ত্রী, পুত্র ধর্না দিচ্ছে, চেয়ারম্যানের বাড়ি ঘেরাও করে আছেন। তাদের শূন্য হাঁড়িতে তারা চাল জোগাড়ের ব্যবস্থা করবেন, না পরিকল্পনা মাফিক কাজ করবেন। কর্মচারিরা মাহিনা পাচ্ছেন না। এই সরকারের অগণতান্ত্রিক রীতির ফলেই এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করেছেন, অথচ সি পি এম পরিচালিত পৌরসভাগুলিতেও একই ভাবে কাজ হচ্ছে, সেখানে কিন্তু সরকার চোখে দেখতে পাচ্ছেন না। সরকার চোখ বন্ধ করে বসে আছে; সে দিকে নজর দিচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আমি কলকাতা পৌরসভার কথায় আসি, কলকাতা পৌরসভা চলছে, লোকের কাছ থেকে কর আদায় করে আমলাদের মাহিনা দেওয়া হয়েছে, কর্পোরেশনে মাহিনা হয়েছে। জঞ্জালের স্তূপ জমে উঠেছে, সেখানে ঝাড়ুদারকে ব্রাশ কেনার টাকা দেওয়া যাচ্ছে না। সেখানে এম আই সি তৈরি হয়েছে, তাদের টিকি পাওয়া যায় না। একটার পর একটা বাজার প্রোমোটারদের হাতে দেওয়া হয়েছে, নিউআলিপুরের বাজার এক প্রোমোটারের হাতে দেওয়া হয়েছে। আজকে সেখানে ৯ বছর ধরে বাজার হচ্ছে না। যারা বাজারে বসে বা বাজার করতে যায় তাদের নোংরা জলের মধ্যে কাদার মধ্যে দিয়ে যাতায়াত করতে হচ্ছে। প্রোমোটাররা বাড়ি তৈরি করছে আর মুনাফা নিয়ে যাচ্ছে, অথচ সেখানে কমিটমেন্ট ফুলফিল হচ্ছে না। সেখানে ব্যবস্থা নেওয়া হচ্ছে না। তার উপর গোদের উপর বিষ ফোঁড়া, কলকাতার মানুষের উপর জল কর বসেছে। মানুষের জন্য রাস্তা পরিষ্কার হচ্ছে না, পয়ঃপ্রণালী পরিষ্কার হচ্ছে না, বস্তিতে জল যাচ্ছে না, রাস্তা পরিষ্কার হচ্ছে না। সেখানে পায়খানার সংস্কার করা হচ্ছে না, সেখানে নরক গুলজার হয়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এখানে শত শত কোটি টাকা খরচ করেছেন এবং আরও কয়েক শো কোটি টাকা খরচ করবেন বলে অঙ্গীকার করেছেন ; তথাপি আজও কলকাতা

শহরের খাটা-পায়খানা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অবস্থাটা আপনি একটু ভাবুন! এই কলকাতা শহরের আলিপুর অঞ্চলের ৮১নং ওয়ার্ডে এখনও খাটা-পায়খানা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় বিবৃতি দিয়ে বলেছেন, 'কয়েক বছরের মধ্যে গোটা রাজ্য থেকে খাটা-পায়খানা তুলে দেব।' অথচ তিনি এখনও কলকাতা শহরের খাটা-পায়খানা পরিষ্কার করতে পারেন নি। প্রদীপের অন্ধকার। কলকাতা শহরে রাইটার্স

[12-40 — 12-50 P.M.]

বিল্ডিং, সেখানে বসে মন্ত্রী মহাশয় গোটা রাজ্য পরিচালনা করছেন। অথচ তিনি কলকাতা শহরের নাগরিক জীবনের ন্যূনতম প্রয়োজন মেটাতে পারছেন না। এখন তিনি কলকাতা শহরের নাগরিকদের ওপর 'জল কর' বসাতে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এবিষয়ে হয়ত বলবেন, বিশ্বব্যাঙ্ক 'জল কর' বসাতে বলেছে, তানাহলে তারা টাকা দেবে না। সুতরাং আমরা বাধ্য হয়ে বসাচ্ছি। আমি আশ্চর্য হয়ে লক্ষ্য করছি, এদের যখন যেমন রূপ, তখন তেমন কথা বলেন। আবার যা বলেন, তা করেন না। যা করেন, তা বলেন না। ইন্দিরা গান্ধীর আমলে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে কলকাতা উন্নয়নের কথা বলা হয়েছিল তখন সিপিএম, ডি ওয়াই এফ, এস এফ আই তাতে বাধা দিয়েছিল। তারা বলেছিন, 'বিশ্বব্যাঙ্কের চেয়ারম্যানকে কলকাতায় নামতে দেব না।' তখন বিশ্বব্যাঙ্কে ফিরিয়ে দেওয়া হয়েছিল, আর এখন বিশ্বব্যাঙ্কের কাছ থেকে টাকা আনা হচ্ছে। হ্যাঁ, আনা হচ্ছে ঠিকই হচ্ছে। কারণ আমরা জানি রাজ্যের হাতে টাকা নেই এবং কেন্দ্রের সমস্ত টাকা দেবার ক্ষমতা নেই। ঠিক আছে, আপনারা আনুন বিশ্বব্যাঙ্কের টাকা। কিন্তু বিশ্বব্যাঙ্ক টাকা দেবে না, এই অজুহাত দিয়ে কলকাতায় 'জল কর' বসাবেন? বিশ্বব্যাঙ্ক বলেছে, কলকাতার নাগরিকদের দৈনিক মাথা পিছু নূন্যতম ৪০ লিটার জল দিতে হবে। আপনারা মোট কত গ্যালন জল সরবরাহ করেন? মাননীয় মন্ত্রী মহাশয় বলুন—কলকাতার নাগরিকরা দৈনিক মাথাপিছু ১০ লিটারের বেশি পান না, তাদের আপনারা দেন না। বিশ্বব্যাঙ্ক বলেছে, 'দৈনিক মাথা পিছু ৪০ লিটার জল দিলে নিশ্চয়ই ট্যাক্স চাপবে।' অথচ সে পরিমাণ জল না দিয়েই মন্ত্রী ট্যাক্স চাপিয়ে দিচ্ছেন। নাগরিকরা যখন জিজ্ঞাসা করছেন, 'জল পাচ্ছিনা, কেন আমাদের ওপর ট্যাক্স চাপানো হচ্ছে?' তখন কি বলা হচ্ছে বলা হচ্ছে—বিশ্বব্যাঙ্ক বলে দিয়েছে ট্যাক্স না চাপালে আগামী দিনে তারা জলের জন্য, উন্নয়নের জন্য টাকা দেবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতার বস্তিগুলোর উন্নয়নের জন্য এক সঙ্গে অনেকগুলির সংস্থা কাজ করছে, কিন্তু কারও সঙ্গে কারও কোনও সমন্বয় নেই। সি এম ডি এ, সি এম ডাবলু এস টি, সি আই টি, সি এফ টি ও, ক্যালকাটা কর্পোরেশন ইত্যাদি সংস্থাগুলোর মধ্যে কোনও সমন্বয় নেই। অথচ সবাই বলছে, আমরা কাজ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি আই টি-র কি কাজ এখন? সি আই টি-র এখন কাজ হচ্ছে জমিদারির কাজ। তাদের কিছু জমি আছে, সেগুলো তারা বিক্রি করছে। কাদের কাছে বিক্রি করছে? কোথাও ৯ কাঠা জায়গা, কোথাও ১০ কাঠা জায়গা কো-অপারেটিভকে বিক্রি করছে। এই কো-অপারেটিভগুলো কি রকম কো-অপারেটিভ? এই সব কো-অপারেটিভ-এর পেছনে একজন করে সিপিএম-এর এম এল এ বা এম পি আছেন। একজন এম এল এ বা একজন এম পি আরও ১০জনকে যোগাড় করে ১১ জনে মিলে একটা করে কো-অপারেটিভ করে ফেলেছেন। সেই কো-অপারেটিভ সি আই টি-র কাছ

থেকে জমি কিনে নিচ্ছে। সি আই টি-র প্রাইম ল্যান্ড অর্ডিনারি বাজার দরে তারা কিনে নিয়ে তার ওপর ৩০/৪০টা ফ্ল্যাট প্রোমটারকে দিয়ে বানিয়ে নিয়ে ৮০০০ টাকা, ৯০০০ টাকা, ১০,০০০ টাকা, ১১,০০০ টাকা, ১২,০০০ টাকা স্কোয়ার ফুট দরে ফ্ল্যাট বিক্রি করছে এবং কোটি কোটি টাকা মুনাফা করছে। কো-অপারেটিভ-এর নামে কোটি কোটি টাকার মুনাফা করা হচ্ছে। এখন সি আই টি-র জমি বিক্রি করা ছাড়া আর কোনও কাজ নেই। তাদের আজ আর অন্য কোনও ভূমিকা নেই। কলকাতা শহরের কোনও উন্নয়ন কাজের সঙ্গে আজকে আর তারা যুক্ত নেই। জমি বিক্রি করে টাকা নিচ্ছে এবং সেই জমি রাজনৈতিক নেতৃবৃন্দের হাত ঘুরে প্রোমোটারদের কাছে যাচ্ছে। এইভাবে কোটি কোটি টাকা পাইয়ে দেওয়ার ব্যবস্থা হয়েছে। আর বস্তিগুলোর অবস্থা কি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়? আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি আমার সঙ্গে চলুন, তাকে আমি কলকাতা শহরের ভেতরে রেল লাইনের দুপাশের বস্তিগুলো দেখাবো, তিনি দেখবেন কি অবস্থা। বালিগঞ্জ, টালিগঞ্জ, রাসবিহারী, আলিপুর বিধানসভা কেন্দ্রের ভেতর দিয়ে রেল লাইন গিয়েছে—অন্যান্য জায়গার কথা আমি আর তুলছিনা, ঐ রেল লাইনের দুপাশের বস্তিগুলোর চেহারা একটু দেখবেন চলুন। বস্তিগুলোর এমনই অবস্থা যে, সেখানে মানুষ কেন চারপেয়ে পশুরাও বসবাস করতে পারে না। সেখানে এক বিন্দু পানীয় জল নেই, আলো ঢোকবার ব্যবস্থা নেই, পয়ঃপ্রণালীর কোনও ব্যবস্থা নেই। একটু বৃষ্টি হলেই সেখানে এক কোমর জল। একটু গরম পড়লেই আন্ত্রিক আর কলেরার মহামারি। অথচ কলকাতার বস্তি উন্নয়নের জন্য আপনারা কোটি কোটি টাকা খরচ করছেন। এর জন্য আপনাদের দপ্তর আছে, শহরে ড্রেনেজ সিস্টেম আছে এবং একজন এম আই সি ও আছেন, তিনি ঘুরে ক্লান্ত হয়ে পড়ছেন। অথচ বস্তিগুলোর এমন অবস্থা হয়েছে যে, গরিব মানুষগুলো সেখানে তারা মাথা গুঁজে থাকতে পারছেনা। এবং প্রত্যেক বছর যেমন, দুর্গাপূজা সেপ্টেম্বর, অক্টোবর মাসে হয়, সরস্বতী পূজা ডিসেম্বর, জানুয়ারি মাসে হয়, ঠিক তেমনি মে, জুন মাসে বস্তিগুলিতে কলেরা এপিডেমিক হিসাবে দেখা দিচ্ছে বছরের পর বছর। প্রতি বছর এপ্রিল-মে-জুন এই ৩ মাসে আন্ত্রিকে বস্তিগুলির লোক মারা যাচ্ছে? কলকাতার যারা বিরাট বড়লোক তারা মারা যায়নি, বস্তির গরিব শিশু যারা ম্যাল-নিউট্রেশনে ভোগে, যাদের উপাদেয় খাদ্য জোটেনা, যাদের পথ্য জোটেনা, যাদের অধিকাংশই পচা জল খেতে বাধ্য হয়, কারণ ওখানে পানীয় জলের ব্যবস্থা নেই, ঐ চুঁইয়ে চুঁইয়ে নল দিয়ে জল পড়ে, তাও টিউবগুলি ফাটা, পাশের নর্দমা বা জমে থাকা পুঁতিগন্ধ ময়লাজল ঐ ফাটা টিউব দিয়ে ঢোকে, সেই জল একটা প্ল্যাস্টিক লাগিয়ে দু হাত গর্ত খুঁড়ে ২/৩/৪ ফুট তলা থেকে জল নিতে হয়, যেহেতু জলের কোনও প্রেসার নেই। ওখানে নলবাহিত জল আসে না। এখানে গৌতমবাবু বলছিলেন, গোটা পশ্চিমবাংলার গ্রামে গ্রামে নলবাহিত জল পৌঁছে দেবার ব্যবস্থা করেছেন। ৭৫ শতাংশ গ্রামে নাকি নলবাহিত জল পৌঁছে দেবেন। কিন্তু কলকাতায় নলবাহিত জল আসে না। দুই-তিন ফুট গর্ত খুঁড়ে তার তলায় বালতি পেতে তবেই জল নিতে হয় এবং সেই জল অপরিশ্রুত, আন-ফিল্টার্ড ওয়াটার, বিষাক্ত, জল চুঁইয়ে চুঁইয়ে বালতিতে ভর্তি হয়। সেই জল বস্তির মানুষ খায়। প্রত্যেক বছর মার্চ, এপ্রিল, মে, জুন এই ৪ মাসে বস্তি এলাকায় আন্ত্রিক দেখা যায়। কেন আপনারা এর সুরাহা করেননি? এমন নয় যে আপনি নতুন এসেছেন, সেইজন্য জানেন না, এমন নয় আপনি বস্তিবাসীদের জন্য কাজ শুরু করেছেন, কিন্তু ফল এখনও পাওয়া যায়নি, আপনারা ১৯ বছর ধরে ক্ষমতায় আছেন, ১৯টা বছর

পেরিয়ে গেল, ৩ বার কলকাতা কর্পোরেশনের নির্বাচন হয়ে গেল। দীর্ঘদিন ধরে কলকাতা পৌরসভার প্রতিনিধি হয়ে আপনারা আছেন। বারবার এম আই সি বদল করা হয়েছে। এ দলকে সরিয়ে দিয়ে সামনের বার আর একটি দলের লোককে এম আই সি করা হয়েছে। কোটাতে এম আই সি দেওয়া যায়, কোটাতে আর এস পি কিম্বা ফরওয়ার্ড ব্লকের সদস্যকে এম আই সি করে টাকা লুঠপাট করা যায় এবং তা আপনারা করছেন। কিন্তু কর্পোরেশন বস্তির মানুষের দুর্দশা দূর করছে না। আজ পর্যন্ত কলকাতা কর্পোরেশন ট্যাক্স আদায়কারী যন্ত্র হিসাবে ব্যবহৃত হয়েছে আর অ্যাডেড এরিয়ায় অত্যাচার হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাই, যাদবপুরে একটা খোলার বাড়ি, বেড়ার ঘর, মাটির দেওয়াল তার ট্যাক্স ধরা হয়েছে ৩০০ টাকা। আর তার পাশে ৩ তলা আগাগোড়া মোজাইক করা বাড়ি, তার ট্যাক্স ধরা হয়েছে ১২০ টাকা। কারণ কি জানেন? ঐ বেড়ার ঘর, খোলার বাড়ির মালিক যেহেতু কংগ্রেস করেন সেহেতু ৩০০ টাকা ট্যাক্স তাকে দিতে হবে আর তার পাশে প্রাসাদোপম ৩ তলা মার্বেল দিয়ে তৈরি বাড়ি, আগাগোড়া মোজাইক করা, তাকে ১২০ টাকা দিতে হবে, যেহেতু তিনি সিপিএমের মাতব্বর। কোনও ব্যবস্থা নেই, কোনও নিয়ম নেই, কোনও পদ্ধতি নেই, কোনও প্রসিডিওর নেই, বিচার পাবার বা দেবার কোনও ব্যবস্থা নেই। কংগ্রেস করা বাড়ির মানুষের কাছে কেন ৩০০ টাকা ট্যাক্স চান? ঐ ভদ্রলোক জানতে গিয়েছিলেন, কেন আমার এই বাড়ির জন্য ৩০০ টাকা ট্যাক্স ধার্য করেছেন? তাকে বলা হয়েছিল, এই ট্যাক্স না দিলে জল কল বন্ধ করে দেওয়া হবে বলে হুমকি দেওয়া হয়েছে। যাদবপুর, বেহালা , গার্ডেনরিচের অ্যাডেড এরিয়াতে এই অত্যাচার প্রকটভাবে চলছে। টালিগঞ্জ ৯৫/৯৬/৯৭/৯৮/৯৯ এবং ১০০ নম্বর ওয়ার্ডে অনেকগুলি রিফিউজি কলোনি আছে। আগে তাদের ট্যাক্স দিতে হত না, যেহেতু ওনারশিপ ছিল না, তারা কেবল অকুপায়ার ছিল। এখন তাদের জমির দলিল দেওয়া হয়েছে। সেইজন্য তাদের এখন অস্বাভাবিক ট্যাক্স দিতে হচ্ছে। এখন এই নতুন ট্যাক্স চাপাতে গিয়ে কি করেছেন? বেছে বেছে তুমি কংগ্রেস কর বলে তোমার মাটির ঘর হলেও বেশি ট্যাক্স দিতে হবে। আর যারা প্রাসাদোপম বাড়ি, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোক, সেইজন্য তার দিকে তাকিয়ে ট্যাক্স ঠিক করা হবে। এদের জন্য পাঁচ ভাগের এক ভাগ ট্যাক্স ধার্য করা হয়। ১১৩ নম্বর ওয়ার্ডে যাদবপুর বিধানসভা কেন্দ্রের "কংগ্রেস নগর" বলে একটা জায়গা আছে। সেখানে ট্যাক্স ধরা হয়েছে সাড়ে ৪০০ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, যে বাড়ির চাল নেই, বর্ষাকালের জন্য কোনওরকমে একটা ত্রিপল টাঙিয়ে রেখেছে, কারণ তার ঘরে চাল দেবার ক্ষমতা নেই, তার উপর ট্যাক্স চাপিয়ে দেওয়া হয়েছে ৪০০ টাকা। কারণ সে গরিব হলেও কংগ্রেস করে, তাই তাকে কমপেনসেট করতে হবে, তাদের শাস্তি দিতে হবে। কংগ্রেস করে বলে তাই তাকে আর্থিক দন্ড দিতে হবে। অথচ কর্পোরেশনের জল নেই, কল নেই, রাস্তা নেই, ঘাট নেই। স্যার, এখনও ওখানে ধান চাষ হচ্ছে।

[12-50 — 1-00 P.M.]

এখনও ১১৩ নম্বর ওয়ার্ডে ধান চাষ হচ্ছে, একে কলকাতা কর্পোরেশনের মধ্যে ঢুকিয়ে দিয়েছে। ১০৮ নম্বর ওয়ার্ড, যেটা ধাপা অঞ্চল, সেখানেও ধান চাষ হচ্ছে, তাকে কলকাতা কর্পোরেশনের মধ্যে ঢুকিয়ে দিয়েছে। কারণ ধান চাষের জমিতে রাস্তা করতে হবে না, পাইপ

ওয়াটার করতে হবে না, বিটুমিন দিয়ে পাকা রাস্তা করতে হবে না, রাস্তার আলো করার জন্য ল্যাম্প পোস্ট করতে হবে না, এইগুলোকে সব কলকাতা কর্পোরেশনের মধ্যে ঢুকিয়ে দিয়েছে। কারণ কলকাতার ১০০টা ওয়ার্ডে ওরা সংখ্যাগরিষ্ঠ হতে পারবে না বলে ওয়ার্ড বাড়িয়ে নেওয়া হচ্ছে। তারপর ট্যাক্সের অত্যাচার শুরু হয়। ভাত কাপড় দেবার ক্ষমতা নেই, কিল মারার গোঁসাই। ঐ সব অঞ্চলে জল নেই, রাস্তাঘাট নেই, পায়খানা নেই, আলো নেই, কিন্তু ট্যাক্সের বোঝা চাপানো হয়েছে। আর একটা সমান্তরাল অত্যাচার কলকাতার বুকের উপর কলকাতা কর্পোরেশনের মাধ্যমে হচ্ছে। আমি এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। আজকে আর এক উপদ্রপ শুরু হয়েছে। সল্ট লেক এবং বাইপাস অঞ্চলের সমস্ত জমি বেহাত হয়ে যাচ্ছে। কেউ কেউ ইন্ডাস্ট্রি করতে জমি নিচ্ছে, সেখানে বিঘার কোনও হিসাব নেই, কেউ দশ একর জমি, কেউ ১২ একর জমি, কেউ ১৫ একর করে জমি নিচ্ছে ইন্ডাস্ট্রি করবার জন্য তাদেরকে সেই জমি দেওয়া হচ্ছে। ওখানে এক টুকরোও ইঁট পড়বে না, একটাও চিমনি দিয়ে ধোঁয়া উঠবে না। পাঁচ বছর পরে যে সব ব্যবসায়ী জমি নিচ্ছে, তারা বলবে আমরা ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছি না বা ফাইনান্সিয়াল ইনস্টিটিউশন থেকে লোন পাচ্ছি না, আমরা ব্যবসা করতে পারছি না। ব্যবসা করবার জন্য যে প্রোজেক্ট করেছিলাম সেই প্রোজেক্ট কস্ট বেড়ে গেছে। সুতরাং কিছু জমি বিক্রি করে দেবার অনুমতি দেওয়া হোক। ধরুন এক্স অ্যামাউন্টে জায়গা নিয়েছে, পাঁচ বছর পরে সেই জমির কিছু অংশ এক্স ইনটু টেন দরে বিক্রি করে সেই টাকাটা রিয়ালাইজ করে নেবেন এবং সেই টাকাটা সাইফুন করে দেবেন। আজকে এইভাবে কলকাতার প্রাইম ল্যান্ডগুলো, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ইন্ডাস্ট্রিয়াল জোন করার জন্য তাদের হাতে অকারণে জমি মন্ত্রী সভা দান করে দিচ্ছেন। অথচ সেই প্ল্যানের ভায়েবিলিটি আছে কি না তা দেখা হচ্ছে না, প্রোজেক্ট ভায়েবিলিটি আছে কি না তা দেখা হচ্ছে না। প্রোডাক্টের মার্কেট আছে কি না, ইস্টার্ন ইন্ডিয়ায় তার প্রোডাকশন হচ্ছে কি না, প্রোডাকশন হলেও তার ঘাটতি আছে কি না, বাজারে তার জিনিস বিক্রি হবে কি না, সেইগুলো দেখা হচ্ছে না। এই সব করার জন্য কতকগুলো হাউস আছে, যারা টেলার মেথডে প্রোজেক্ট রিপোর্ট করে দেয়, যেমন টেলারদের কাছে কাপড় দিলে আপনার মাপ নিয়ে ট্রাউজার বা শার্ট তৈরি করে দেয়, যেটা আমরা বলি টেলার মেথড। এখানে সেই রকম কতকগুলো কনসালটেটিভ হাউস আছে, কতকগুলো প্রোজেক্ট হাউস আছে, যারা শুধু প্রোজেক্ট তৈরি করে। তাদের কাছে আপনাকে বলে দিতে হবে, আপনার ধান্দা কি ১০ কোটি টাকার প্রোজেক্ট করলে আপনারা ধান্দা যদি বুঝিয়ে দেন তাহলে তারা সেই প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে দেবে। একজন এক্সাপার্ট লোক ছাড়া অন্য কেউ এই জিনিস করতে পারবে না। কোনও আমলা বুঝতে পারবে না, একজন দপ্তরের সচিব, একজন যুগ্ম সচিব, সহ সচিব, একজন হেড ক্লার্ক সেই প্রোজেক্ট রিপোর্টের খুঁটি নাটি ধরতে পারবে না। কোনও সরকারি অফিসারদের ক্ষমতা নেই এটা ধরার। কারণ এমনভাবে জল মেশানো হচ্ছে কেউ সেটা বুঝতে পারে না। আজকে এই রকম করে কতকগুলো সংস্থা ফলস প্রোজেক্ট করছে। আর নগর উন্নয়ন দপ্তর বলছে শহর বাড়ছে, ইন্ডাস্ট্রি বাড়ছে, ইন্ডাস্ট্রি করার জন্য মৌ সই হয়ে গেছে। আর বিদ্যুৎ বাবু বলবেন কংগ্রেসের প্রশ্নের উত্তরে যে, ২৪টায় কাজ চলছে।

মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য মহাশয় যদি চোখ কান খোলা রাখেন তাহলে দেখবেন

আমার অভিযোগের সত্যতা আছে কিনা। ঐ কালোয়ার, ব্যবসায়ীরা আজকে কলকাতার প্রাইম ল্যান্ডগুলি এইভাবে ভোগদখল করছে। এর পর আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করব। স্যার, আপনি জানেন, কলকাতার কলোনিগুলির একটা ইতিহাস আছে। ১৯৪৮/৪৯/৫০ সালে দেশ ভাগের পর ওপার বাংলা থেকে উদ্বাস্তুরা এসে এখানে জমি দখল করে জবরদখল কলোনি করেছিলেন। সাবসিকোয়েন্টলি কেন্দ্রীয় সরকার সেই জমিগুলি অধিগ্রহণ করে তাদের বস্তির দাবি মেনে নিয়ে তাদের অধিকার দিয়েছেন, টাইটেল ডিড দিয়েছেন। এখন ১৯৪৮ সালে এখানে এসে হয়ত তিনভাই মিলে ২/৩ কাঠা জমি দখল করেছিলেন। এতদিন পরে তাদের পরিবারের সদস্য সংখ্যা বেড়ে গিয়েছে এবং তা হয়ত ৩০/৪০-এ পৌঁছেছে, এখন আর যেটুকু আশ্রয় তারা করেছিলেন তাতে সবার মাথা গোঁজার ঠাঁই হচ্ছে না ফলে তারা এখন চেষ্টা করবেন উপরের দিকে ওঠার। তার কারণ ঐটুকু জমিতে তারা তাদের বাড়ি জমিতে আর স্প্রেড করতে পারবেন না, অন দি সয়েল বাড়ি করতে পারবেন না তাই বাধ্য হয়ে পরিবারের সদস্য সংখ্যা বাড়ার ফলে ভ্যাটিকালি রাইজ করার চেষ্টা করবে। পি এফ থেকে টাকা নিয়েই হোক, রিটায়ারমেন্ট বেনিফিট হিসাবে গ্র্যাচুইটি ইত্যাদি টাকা দিয়ে হোক, জমির দলিল ব্যাঙ্কে জমা রেখেই হোক, এল আই সি থেকে লোন নিয়েই হোক বা নিজের জমানো টাকা দিয়েই হোক তারা তাদের বাড়িটা উপরের দিকে বাড়াবার চেষ্টা করবেন। কিন্তু এখানেও তাদের বিরাট বাধার সামনে পড়তে হচ্ছে। এ ক্ষেত্রে এতদিন কলকাতা কর্পোরেশনে প্ল্যান স্যাংশন করার দরকার হত না। কিন্তু এখন কলকাতায় কর্পোরেশনের বিল্ডিং ডিপার্টমেন্টের লেড ডাউন প্রসিডিওর অনুযায়ী জমির মধ্যে বাড়ি করতে গেলে তার চারপাশে জায়গা ছাড়তে হবে এবং এই জমিটি যে রাস্তার উপর সেই রাস্তাটি কত ফুট চওড়া তা দেখে তার উপর বাড়ির প্ল্যান স্যাংশন করা নির্ভর করবে। এখন কলোনিগুলিতে ৪/৫/৬ ফুটের বেশি রাস্তা নেই ফলে এখানে দোতলা বাড়ি বা কোনও পাকা বাড়ি অধিকার দেবার নিয়ম নেই। এখন ঐ পরিবারটি যারা পরিবার বড় হওয়ার দরুন ভ্যাটিকালি রাইজ করার চেষ্টা করছে তারা সেটা করতে পারছে না। সেখানে কলকাতা কর্পোরেশন বলে দিয়েছেন যে ১৯৯৫ সালের ডিসেম্বরের পর কোনও উদ্বাস্তু পরিবার যদি বাড়ি করতে চান তাহলে সেখানে তাদের কলকাতা কর্পোরেশনের অনুমোদন নিয়ে, বাড়ি প্ল্যান স্যাংশন করিয়ে তবে বাড়ি করতে হবে। স্যার, তার মানে হচ্ছে এর ফলে কেউ আর সেখানে বাড়ি করতে পারবেন না। আমি একটি কলোনিতে থাকি। আমরা ৪ ভাই। আমাদের জমির পরিমাণ ২ কাঠা। এখন আমাদের ৪ ভাই-এর ছেলেমেয়ে হয়েছে, পরিবারের সদস্য সংখ্যা বেড়েছে কাজেই এখন ন্যূনতম ৪ জনের ৪টি বাড়ি দরকার। এখন এই ২ কাঠা জমির উপর তো এই শহর কলকাতায় ৪টি বাড়ি করতে পারব না। কলকাতা কর্পোরেশনের অনুমোদনসাপেক্ষে, তাহলে কি করব? তখন তাহলে সিদ্ধান্ত নেব যে আমরা এখানে বস্তি করতে পারব না, এরমধ্যে ভদ্রভাবে, সুস্থভাবে, সুস্থ পরিবেশে বাস করতে পারব না অতএব আমরা এই জমিটা বিক্রি করে দিই। আমাদের এখানে জমি দেওয়া হয়েছে স্থায়ীভাবে বসবাস করার জন্য, পার্মানেন্ট রিহ্যাবিলিটেশনের জন্য, আমরা এখানে পাকাপাকিভাবে থাকতে চাই কারণ ভারতবর্ষে আর কোথাও আমাদের জমি নেই কিন্তু এই সরকারের ফতোয়া অনুযায়ী, কালা কানুন অনুযায়ী আমাদের উতখাত হতে হচ্ছে। এই জমি বিক্রি করে আমাদের ঐ ডায়মন্ডহারবার বা ক্যানিং যাওয়া ছাড়া গত্যন্তর

নেই। কারণ ঐ জমি বিক্রি করে যে টাকা পাব তাতে কলকাতার ২০ কি.মি. মধ্যে জমি কিনে বসবাস করতে পারব না। সুতরাং এর ফলে একথা বলা যায় যে আমরা কলকাতা থেকে বিচ্যুত হয়ে যাব। অশোক ভট্টাচার্য মহাশয়ের দপ্তর থেকে বিল্ডিং তৈরি করার ক্ষেত্রে যে নক্সা লাগে, সেই নক্সার ব্যাপারে যে নতুন ফতোয়া জারি করা হয়েছে তাতে '১৯৯৫ সালের ডিসেম্বর মাসের পরে রিফিউজি কলোনিগুলিতে নতুন করে বাড়ি তৈরি করতে পারবে না।

[1-00 — 1-10 P.M.]

দ্বিতীয় কথা হচ্ছে, আজকে কলকাতার ফুটপাতগুলি জবরদখল হয়ে যাচ্ছে। আমরা দেখছি যে কোনও কোনও রাস্তা হঠাৎ পরিষ্কার করা হচ্ছে। সেদিন জঞ্জাল দপ্তরের কমিশনার কান্তি গাঙ্গুলি মহাশয় আনোয়ার শা রোড পরিষ্কার করার জন্য হাজির হলেন। এই রাস্তা প্রায় ১২০ ফুট চওড়া। তার দুই পাশের ফুটপাথে বস্তি আছে। আমরা ১৯৭২ সালে ক্ষমতায় আসার পরে এই রাস্তা চওড়া করেছিলাম কিন্তু তাতে পাবলিকের কোনও অসুবিধা হয়নি। সেখানে কিছু উদ্বাস্তুদের ঘর আছে, কিছু মুসলমান মানুষ ঘর করে আছে, কিছু দোকান আছে। সেখানে হঠাৎ তাদের তুলে দেবার জন্য ঠিক হয়ে গেল। আপনারা যদি পরিষ্কার করার সিদ্ধান্ত নিয়ে থাকেন তাহলে ব্রাবোর্ন রোড কেন পরিষ্কার করছেন না, কেন রাইটার্স বিল্ডিংয়ের পাশগুলি পরিষ্কার করছেন না, কেন এস এন ব্যানার্জি রোড পরিষ্কার করছেন না, কেন এসপ্লানেড ইস্টের গোটা চত্বরটা পরিষ্কার করছেন না? হঠাৎ মন্ত্রীর মাথায় এল যে আনোয়ার শা রোড পরিষ্কার করতে হবে। তাই, রাত্রি ১১টা থেকে দুটো পর্যন্ত বুলডজার চালিয়ে সমস্ত পরিষ্কার করে দিলেন। উদ্বাস্তুদের ঘর, গরিব মুসলমানদের ঘর, সেগুলি ভেঙ্গে দেওয়া হল। আনোয়ার শা রোড যেভাবে পরিষ্কার করলেন সেইভাবে কেন ব্রাবোর্ন রোড পরিষ্কার হল না, কেন এসপ্লানেড ইস্টের চারিদিকে পরিষ্কার হল না, এস এন ব্যানার্জি রোড কেন পরিষ্কার হল না, কেন রাইটার্স বিল্ডিংয়ের পাশগুলি পরিষ্কার হল না? কারণ আমরা জানি যে ওখান থেকে টু পাইস ইনকাম হয়। ওখানকার থানা অফিসার থেকে আরম্ভ করে অনেকে এর সঙ্গে জড়িত আছেন। আমরা এটাও জানি যে, ওখানকার ফুটপথ ১০ঃ১০ স্কোয়ার ফিট হিসাবে নিলাম হয় এবং তার ভাগ কোথায় কোথয় যায় সেটাও আমরা জানি। আমি সেকথা এখানে বলতে চাই না আপনাদের পরিষ্কার যদি করতে হয় তাহলে সব জায়গা পরিষ্কার করুন। যেখানে টাকার ভাগ কম হলে সেখানে বুলডজার দিয়ে ভেঙ্গে দেবেন, আর যেখানে টাকার ভাগ বেশি হবে সেখানে বুলডজার দিয়ে ভাঙ্গা হবে না, সেখানে তারা থেকে যাবে। আজকে টাকার উপরে নির্ভর করছে যে কোথায় বুলডজার দিয়ে ভাঙ্গা হবে, আর কোথায় ভাঙ্গা হবে না। এই জিনিস চলতে পারে না। কাজেই মন্ত্রী মহাশয়কে বলব যে আপনি এই জিনিসগুলি একটু তলিয়ে দেখার চেষ্টা করুন। বিরোধী পক্ষ থেকে বলছে বলে সেটাকে উড়িয়ে না দিয়ে একটু সময় দিয়ে এই বিষয়গুলি চিন্তা করুন, একটু মাথা খাটান তাহলে অনেক সমস্যার সমাধান করতে পারবেন। তাই একথা বলব যে ভাগাভাগির রাজনীতি বন্ধ করুন, সুস্পষ্ট নীতি নিয়ে কাজ করার জন্য এগিয়ে আসুন তাহলে এই দপ্তরের কাজ ঠিকভাবে চলতে পারবে। এইকথা বলে আপনার বাজেটের বিরোধিতা করে আমাদের ছাঁটাই প্রস্তাবের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী মহাশয়, এখানে যে বাজেট উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধী দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে, তারা বিরোধিতা করে দু চারটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে, আমাদের বিরোধী দলের বন্ধু বাজেটের বিরোধিতা করতে গিয়ে যে সব কথা বলেছেন, সেগুলি ঠিক নয়। সেই সঙ্গে বিরোধী বন্ধু আনোয়ার শা রোডে বে-আইনি উচ্ছেদ করা সম্পর্কে উল্লেখ করতে গিয়ে বারবার মুসলমান কথাটা উল্লেখ করেছেন। স্বাভাবিকভাবে আমি একথার প্রতিবাদ করছি। কারণ এখানে হিন্দু-মুসলমানের কোনও প্রশ্ন নেই। কাজেই বিষয়টাকে নিয়ে উনি হিন্দু-মুসলমান বলে উল্লেখ না করলে ভালো করতেন। স্বাভাবিকভাবে আমি এই বাজেটকে সমর্থন করে বিরোধী বন্ধুদের বলতে চাই যে, ১৯৭৭ সালের আগে কলকাতা, হাওড়া এবং অন্যান্য পুরসভাগুলির অবস্থা কি ছিল এবং আজকেই বাকি হয়েছে, বিশেষ করে যখন ওরা গণতান্ত্রিক অধিকারের কণ্ঠরোধ করেছেন। তারপর পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর রাজ্যে গণতান্ত্রিক পরিবেশ ফিরে এসেছে এবং মানুষের গণতান্ত্রিক অধিকারের সম্প্রসারণ ঘটাতে শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন গঠিত হয়েছে এবং সেখানে নির্বাচিত প্রতিনিধিরা রয়েছেন। আসানসোলও মিউনিসিপ্যাল কর্পোরেশন গঠিত হয়েছে। শুধু তাই নয়, বহু নোটিফাইড এরিয়াকে পৌরসভা করতে সেখানে গণতান্ত্রিক পরিবেশের মধ্যে দিয়ে নির্বাচন হয়েছে। কয়েকদিন আগেই বজবজের পূজালির নোটিফাইড এরিয়ায় নির্বাচন হয়েছে এবং সেটা হয়েছে সাধারণ নির্বাচন হয়ে যাবার এক মাস পর পরই এবং সেখানে বিরোধী বন্ধুরা ক্ষমতায় এসেছেন। এই যে প্রয়াস এটাই বামফ্রন্ট সরকারের গণতান্ত্রিক সদিচ্ছা প্রকাশ এবং তারই জন্য আপনারা এখানে ৪১ থেকে ৮২ হয়েছেন। আমরা রাজ্যে গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে এনেছি এবং তাকে আরও সম্প্রসারিত করতে চাই। তারই জন্য আজকে কলকাতা এবং হাওড়া পুরসভা অঞ্চলে উন্নয়নমূলক সব কাজ চলছে, হ্যাঁ, সেক্ষেত্রে দু একটি অভিযোগ থাকতে পারে, কিন্তু কলকাতা শহরের যে উন্নয়ন ঘটছে এটা অস্বীকার করা যাবে না। যেমন আবর্জনা কালেকশনের ব্যবস্থা আজকে ক্যালকাটা কর্পোরেশন করেছে, কিন্তু একটা এখনও সম্ভব হয়নি। যে পয়েন্টে ভ্যাটগুলো রয়েছে সেখানে একটা আধুনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যাতে আবর্জনাগুলি রাস্তায় ছড়িয়ে ছিটিয়ে থেকে পরিবেশ দূষিত না করে। শহরের রিফিউজ গার্বেজ দিয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে যাতে সার তৈরি করা যায় তার পরিকল্পনা আজকে রাজ্য সরকারের সহযোগিতায় ক্যালকাটা কর্পোরেশন করছে। এই কাজটা শীঘ্রই চালু হবে। এখানে বিরোধী বন্ধুরা পানীয় জলের ব্যাপারে উল্লেখ করেছেন। আমি তাদের জিজ্ঞাসা করব, মুম্বাই মাদ্রাজ, এখন কি রাজধানী দিল্লির মতো শহরে মাথাপিছু কত পরিমাণ জল সাপ্লাই করা হচ্ছে? জলের সেখানে অভাব আছে কিনা সেটা আপনারাই বিচার করে বলুন! তুলনামূলকভাবে কলকাতায় মাথাপিছু জল সরবরাহের পরিমাণ মাদ্রাজ, দিল্লি বা মুম্বাই থেকে বেশি একথা অস্বীকার করতে পারেন না। তবে এখানে জলের পরিমাণটা আরও বাড়ানো দরকার। বর্তমানে এখানে মাথাপিছু যেখানে ৫০ গ্যালোন জল দরকার সেখানে হয়তো ৩৫ বা ৪০ গ্যালোন জল যাচ্ছে। আমাদের গার্ডেনরিচে ওয়াটার সাপ্লাই স্কীম থেকে যেখানে ৬০ মিলিয়ন গ্যালন জল সাপ্লাই হবার কথা সেখানে এখন সাপ্লাই হচ্ছে ২৫-৩০ মিলিয়ন গ্যালন এবং তারফলে স্বাভাবিকভাবেই অভাবটা হচ্ছে। সেজন্য সেখানে আর একটি ওয়াটার সাপ্লাই বেড তৈরি করবার চেষ্টা হচ্ছে এবং কাজটা শীঘ্রই শুরু হবে। সেটা হলে বজবজ,

টালিগঞ্জ, বালিগঞ্জ, বেহালা ইত্যাদি অঞ্চলে জল সরবরাহের পরিমাণ বাড়বে। কিন্তু সাথে সাথে আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, গার্ডেনরিচ ওয়াটার সাপ্লাই স্কীম যার দায়িত্ব সি এম ডি এ, এবং সি এম ডব্লু এস এ-র উপর রয়েছে, চার বছর ধরে আমি উল্লেখ করে আসছি, সেটা ক্যালকাটা মিউনিসিপাল কর্পোরেশনকে হ্যান্ড ওভার করা হোক। ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এটাকে নেবার জন্য প্রস্তুত আছে। কারণ ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনে দক্ষ ইঞ্জিনিয়ার আছে। জলের ডিস্ট্রিবিউশনটা কি পরিমাণ হচ্ছে,

[1-10 — 1-20 P.M.]

কত ফুট জল কি প্রেসারে ডিস্ট্রিবিউট হচ্ছে এবং কি পরিমাণ হওয়ার দরকার সেটা তারা কন্ট্রোল করতে পারে। এটা খুব জরুরি। সি এম ডব্লু এস এ এবং সি এম ডি এ দ্বারা গার্ডেনরিচ ওয়াটার সাপ্লাই সম্ভব হবে না। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই গার্ডেনরিচ ওয়াটার সাপ্লাই ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের কাছে হ্যান্ডওভার করা হোক। সাথে সাথে আমি পয়-প্রণালী সম্পর্কে বলব। জল নিকাশি ব্যবস্থার কথা এখানে উল্লেখ করা হয়েছে। এখানে বিরোধী বন্ধুরা নানা রকম কথা বলেছেন যা বাস্তবের সঙ্গে মিল নেই। হ্যাঁ, কলিকাতা শহরে জল জমে। কলিকাতা শহরে কোথাও ১৮৭৫ সালে কোথাও ১৯০৫ সালে কোথাও ১৯২৬ সালে এই সোয়ারেজ সিস্টেম তৈরি হয়েছিল, এই সব বিগ সোয়ারেজ তৈরি হয়েছিল। আজকে কলিকাতায় জন সংখ্যা বেড়েছে যদিও সেনসাস রিপোর্ট অন্য কথা বলে কিন্তু তা নয়, কলিকাতা শহরে সেনসাস করলে দেখা যাবে অনেক অনেক বেশি জনসংখ্যা বেড়েছে এবং সাথে সাথে হাওড়াতে জনসংখ্যা বেড়েছে এবং পাশাপাশি ২৪ পরগনার মধ্যে বিশেষ করে উত্তর ২৪ পরগনার বারাসাতে জনসংখ্যা বেড়ে যাচ্ছে। জনসংখ্যা বাড়লেই জলের চাহিদা বাড়বে এবং সেই সঙ্গে তার নিকাশি ব্যবস্থার প্রয়োজন হয়ে পড়ে। এই আর্থিক অবস্থার মধ্যেও এই প্রতিকূল অবস্থার মধ্যেও রাজ্য সরকারের পক্ষ থেকে বিভিন্ন পৌরসভার মাধ্যমে সোয়ারেজ সিস্টেম তৈরি করার ব্যাপারে পরিকল্পনা নিয়ে কাজ করছে। এবারে মেগাসিটির মাধ্যমে যে সব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে রাজ্য সরকার এবং পৌরসভা গুলি মিলিতভাবে সেইগুলি যদি কার্যকর করতে পারে তাহলে কলিকাতা শহরে এবং হাওড়া শহরে অনেক জল নিকাশির ব্যবস্থা করতে পারবে। আর একটা বিষয় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। এই ব্যাপারটা মেগাসিটি প্রকল্পতে উল্লেখ করা হয় নি, বাজেট পরিকল্পনার মধ্যেও উল্লেখ করা হয় নি। মমিনপুরের ওয়াটগঞ্জ এলাকা, খিদিরপুর এবং গার্ডেনরিচের একটা অংশ এর সঙ্গে জড়িত আছে। মমিনপুর পাম্পিং স্টেশন ১৯১৮ সালে প্রতিষ্ঠিত হয়। এখানে ৩০ কিউসেকের ২টি পাম্প, ২০ কিউসেকের ২টি পাম্প এবং ১০ কিউসেকের ৪টি পাম্প আছে। এর থেকে যে জলটা বার হচ্ছে সেটা কালিঘাট টালিনালা থেকে সাইফোনে করে বালিগঞ্জে যায়। আমরা দেখতে পাচ্ছি এখানে যে অবস্থা তাতে পাইপ লাইন দিয়ে বিগ সোয়ারেজ দিয়ে সমস্ত এলাকার জল যেতে পারছে না। সেই জন্য অবিলম্বে এখানে যদি কিছু ব্যবস্থা না করা যায় তাহলে অবস্থা খারাপের দিকে যাবে। অর্থাৎ কলিকাতা পোর্টট্রাস্টের আন্ডারে রিমাউন্ড রোডের ধারে টালিনালার কাছে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট করে পাম্পের মাধ্যমে জল নিকাশের ব্যবস্থা না করা যায় তাহলে আগামী ১০ বছরে এই এলাকার জল নিকাশের ব্যবস্থা থাকবে না।

সমস্ত জায়গায় জল জমে থাকতো, একটা অসহনীয় অবস্থার সৃষ্টি হয়েছিল। সেজন্য আমি এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পৌর দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, ৯০, ৩৭ এবং ২৬ নং ব্যয় বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন, আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমার দলের আনা ছাঁটাই প্রস্তাবগুলো সমর্থন করছি। আমাদের পশ্চিমবাংলায়

[1-20 — 1-30 P.M. (Including Adjournment)]

বর্তমানে ১১৭টি পৌরসভা এবং ৫টি কর্পোরেশন চলছে। এর মধ্যে বিশেষ করে পৌরসভাগুলোর দিকে তাকালে যেটা অত্যান্ত পরিষ্কার ভাবে বলা যায়, প্রায়শই এই সরকারের পক্ষ থেকে দাবি করা হয় যে পৌরসভায় কাজের গতি এসেছে। পৌরসভাগুলি স্বয়ংম্ভর হয়েছে এবং নিশ্চিতভাবে ডেভেলপড হয়েছে। পৌর নাগরিকদের সুখ স্বাচ্ছন্দ্য নাকি বেড়েছে। স্যার প্রথমে বলা প্রয়োজন যে, পৌরসভাগুলো আগে থেকেই, দীর্ঘদিন থেকে একাধিক কাজের সঙ্গে যুক্ত ছিল—জলনিকাশি ব্যবস্থা বলুন, পয়ঃপ্রণালী বলুন, জঞ্জাল অপসরণ বলুন, রাস্তাঘাট মেরামতির কাজ আগে যা ছিল তার দুগুণ নয়, চতুর্গুণ বেড়েছে—সেই তুলনায় পৌরসভায় স্টাফ স্ট্রেনথ বা ম্যান পাওয়ার সঙ্কুচিত হয়েছে আজকে এই কথা অস্বীকার করার উপায় নেই, সব ব্যাপারেই পৌরসভাগুলিকে ইনভলভ করা হচ্ছে। আমাদের বিভিন্ন দপ্তরের যে কাজগুলো আছে, সেই কাজগুলো পৌরসভাগুলোর উপরে চাপিয়ে দেওয়া হয়েছে। পৌর নাগরিক সুখ স্বাচ্ছন্দ বিধানের যে সামাজিক কর্তব্যগুলো আছে, নিশ্চয়ই থাকা উচিত, তাতে পৌরসভাগুলোকে ইনভলভ করা হয়েছে। তারমধ্যে যেমন, সাক্ষরতা কর্মসূচি বলুন, সাক্ষরতা অধিকার, যে কর্মসূচি সরকার নিতে চলেছে, এই ধরনের বিভিন্ন যে কাজ তা আজকে পৌরসভাগুলোর কাঁধে এসে পড়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, এরজন্য পৌরসভাগুলোর যে ক্ষমতা আছে তা খর্ব করা হচ্ছে। বোর্ড অব কাউন্সিলারদের নিশ্চিত ভাবে কাজ করবার যে অধিকার আছে তা বাধাপ্রাপ্ত হচ্ছে। কাজ বেড়েছে, কিন্তু লোক বাড়ছে না। স্বাভাবিক ভাবেই পৌরসভার যে মূল কাজ, সেই কাজগুলো ব্যহত হচ্ছে। শুধু তাই নয়, এখানে যে ১১৭টি পৌরসভা আছে, সেখানে কাজের বোঝা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে, নিজেদের কাজের সঙ্গে সঙ্গে অন্যান্য কাজগুলোকে সামাল দিতে গিয়ে হিমহিস খেতে হচ্ছে, সরকার এর যে পদ্ধতির মধ্যে দিয়ে স্বল্প সংখ্যক কর্মী রয়েছে, যা দিয়ে সব কাজগুলোকে সামাল দেওয়া যাচ্ছে না। এর উপরে আবার আর্থিক বোঝাও বাড়ছে। এই কারণে আমি বলতে চাই যে, আজকে সরকারের যে ব্যবস্থা, শুধু মাত্র ডি এ ৮০ পারসেন্ট দেওয়া হচ্ছে। পৌরসভার নিজস্ব ফান্ড থেকে কর্মচারিদের জন্য এটা ব্যয় করতে হচ্ছে। ডি এ-র পারসেন্ট বেসিকের পুরোটাই, হাউস রেন্ট ২৫ পারসেন্ট, ৩১ টাকা মেডিকেল অ্যালাউন্স বাবদ এবং পে কমিশনের যে একশো টাকা রিলিফ ঘোষণা করা হয়েছে, সেই টাকাও পৌরসভার ওন ফান্ড থেকে দিতে হচ্ছে। শুধু তাই নয়, প্রতি বছরে যে পরিমাণ কর্মচারী অবসর নিচ্ছে তাদের আফটার রিটায়ারমেন্ট সমস্ত পাওনা পয়সা কড়ি পৌরসভাকে তার নিজস্ব তহবিল থেকে ব্যয় করতে হচ্ছে। বিভিন্ন কাজগুলোর ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, এই

কাজগুলো করতে গিয়ে পৌরসভার বাইরে যে কাজগুলো আছে সেক্ষেত্রে নিশ্চিতভাবে পৌরসভাগুলো তার দায়বদ্ধ কাজ করছে। এবং সেখানেও কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে যে, আর্থিক যে ব্যয় হচ্ছে লিটারেসি বা ইয়োথ ওয়েলফেয়ার বা হেলথের ক্ষেত্রে সেখানেও সরকার টাকা দিচ্ছে না। স্বাভাবিকভাবেই এতে পৌরসভার উপরে আর্থিক বোঝা এসে দাঁড়িয়েছে। এখন সব কতগুলো পৌরসভা আছে যেখানে আর্থিক সঙ্কট চরমতম, সেখানকার পৌরসভার স্কুলগুলোতে ছেলে মেয়ে ভর্তি হওয়া নিয়েও সমস্যা হচ্ছে টাকা পয়সার অভাবে। পৌরসভার অধীনে যে সব বিদ্যালয়গুলো আছে তার দায় দায়িত্ব পুরোপুরি পৌরসভাগুলোর, সেখানে সরকার কোনও দায়ভার গ্রহণ করে না। আমার পৌরসভা শান্তিপুরে ৫টি বিদ্যালয় পৌরসভার অধীনে আছে, সেখানে সারা বছরে যে খরচ হচ্ছে, সেই টোটাল টাকাটা পৌরসভাগুলো তার ওন ফান্ড থেকে বহন করছে। শুধু মাত্র সরকার দয়া করে ৩ হাজার টাকার মতো গ্রান্ট হিসাবে দেন, কাজেই আজকে এই অবস্থার মধ্যে দিয়ে একটা বোঝা কাঁধে নিয়ে চলতে হচ্ছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আনার জন্যে চেষ্টা করছি। আমার দাবি যে, আজকে যেখানে সরকারি কর্মচারিদের পৌরসভার কর্মচারিদের সমতা আনার চেষ্টা হচ্ছে তাহলে কেন পৌরসভার কর্মচারিদের বেতন রাজ্য সরকার বহন করবেন না? আজকে এটা ভাবতে হবে। পৌরসভাগুলিতে যে কাজের পরিধি বেড়েছে সেই অনুপাতে আর্থিক সাহায্য পাচ্ছে না, ফলে আর্থিক বোঝা বেড়েছে। সেখানে পৌরসভার কর্মচারিদের বেতনের দায়িত্ব রাজ্য সরকারের নেওয়া উচিত। আজকে দুটি পদ্ধতি চলছে—একটা হচ্ছে পঞ্চায়েত এবং আরেকটা হচ্ছে পৌরসভা। পঞ্চায়েত এবং পৌরসভাগুলোর জন্য একটা অ্যালাউন্সের ব্যাপারে ড্রাফট বিল পাবলিকেশন হয়েছে, সেখানে নানা ক্যাটাগরি এ বি, সি ডি হিসাবে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, চেয়ারম্যান ইন কাউন্সিল এদের জন্য অ্যালাউন্সের ব্যবস্থা আছে। কিন্তু প্রথম থেকেই অ্যালাউন্স যেটা দেওয়া হয় পঞ্চায়েতের ক্ষেত্রে, তার টোটাল মানিটাই সরকার বহন করেন। তাহলে পৌরসভাগুলোর ক্ষেত্রে তা হবে না কেন? সুতরাং এই যে আর্থিক বোঝা বাড়ছে তার দায়িত্ব তো দপ্তর থেকে নেওয়া উচিত। আজকে পৌরসভাগুলো যে বিভিন্ন খাতে টাকা খরচ করছে এবং বিভিন্ন যে স্কীমগুলো রয়েছে নগর উন্নয়নের যে স্কীমগুলো রয়েছে, সেগুলো কোন অবস্থার মধ্যে রয়েছে? আজকে আই ডি এস এমটি অর্থাৎ ক্ষুদ্র এবং মাঝারি নগর উন্নয়ন প্রকল্প ক্ষেত্রে দেখা গেছে যে মাঝারিতে এসে সেটা থমকে দাঁড়িয়ে পড়েছে। কেন্দ্রীয় সরকারের বৃহত্তর অংশের টাকা ঠিকমতো ইউটিলাইজ হচ্ছে না, এর কেন্দ্রীয় সরকারও সময় মতো টাকা কেন্দ্রীয় সরকারকে ফেরতও দিচ্ছে না। এই সমস্ত স্কীমগুলো হাফ ডান অবস্থায় পড়ে আছে। ওইসব স্কীমের জন্য ৮০ পারসেন্ট টাকা দিচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট আর ২০ পারসেন্ট দিচ্ছে রাজ্য সরকার। আজকে দেখা যাচ্ছে যে, নেহেরু রোজগার যোজনার যে স্কীম এবং পৌরসভার বিভিন্ন কাজের ক্ষেত্রে ডেভেলপমেন্টাল কাজ সেগুলো টাকার অভাবে করা যাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে, আমি এই ব্যাপারে আগেরবারও বলেছি যে, ২ লক্ষের বেশি লোক রয়েছে এমন সব পৌরসভাগুলোতে নেহেরু রোজগার যোজনার যে ওয়েজ এমপ্লয়মেন্ট স্কীম আছে তার থেকে তারা বঞ্চিত হচ্ছে।

স্যার একটা ব্যাপারে সংখ্যক মানুষ ১ লক্ষ মানুষ যে এলাকায় রয়েছে, সেই এলাকার

যে ডেভেলপমেন্ট, সেটা রাস্তাই হোক, ইলেকট্রিসিটি হোক, সারফেস ড্রেনই হোক, সেই কাজগুলি বন্ধ হতে চলেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আশা করব ১ লক্ষর মতো বসতি যেখানে আছে, নেহেরু রোজগার যোজনা থেকে যে ওয়েজ এমপ্লয়মেন্ট এর সুযোগ সুবিধাগুলি দেওয়া হচ্ছে, সেই সুযোগ থেকে পৌরসভাগুলি বঞ্চিত হচ্ছে, সেইদিকে একটু দৃষ্টি দেবেন। আজকে লো কস্ট স্যানিটেশন, খাটা পায়খানাকে উচ্ছেদ করার যে পরিকল্পনা ৫টি পর্যায়ে আছে, সেখানে আপনি বলেছেন কাজ চলছে। কিন্তু দীর্ঘদিন এর যে পৌরসভাগুলি এখনও কমপ্লিট হয়নি, সেইগুলিকে কেন প্রাধান্য দেওয়া হচ্ছে না? সেইগুলি কোন অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে? এটা মাননীয় মন্ত্রী মহাশয়, তার জবাবি ভাষণে নিশ্চিতভাবে জানাবেন। আজকে পৌরসভা ছাড়া কলকাতার বুকে যে জিনিসগুলি চলছে, মেগাসিটি করে. দীর্ঘদিন ধরে আমরা শুনছি, তিনশত বৎসর অতিক্রান্ত হয়েছে তার উৎসবও কলকাতায় পালিত হয়েছে, কিন্তু এখনও কলকাতায় জলনিকাশি ব্যবস্থা অত্যন্ত শোচনীয় সামান্য বৃষ্টি হলেই মানুষ হাঁটতে পারে না। মেগাসিটি প্রোজেক্ট নিয়ে মাননীয় মন্ত্রী নিশ্চয় বলবেন, সভাকে এই ব্যাপারে আশ্বস্ত করবেন, ১৮০০ কোটি টাকার যে প্রস্তাব দিয়েছেন বাজেট বক্তৃতায় সেই সম্পর্কে আপনি সামান্য উল্লেখ করেছেন। এই ব্যাপারে কেন বিধানসভার সদস্যরা, আমরা জানতে পারব না টোটাল প্রোজেক্টটা কি? এই ব্যাপারে বিরোধী দলের কেন মতামত নেওয়া হচ্ছে না, কেন বিরোধী দলকে ইনভলভ করা হচ্ছে না? মেগাসিটি নিয়ে বিভিন্ন জায়গায় যে প্রোগ্রাম নিয়েছেন সেই ব্যাপারে টোটাল প্রোজেক্টটা বিধানসভায় পেশ করা হোক। এটা আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি করছি। আর টেন্থ ফিনান্স কমিশন এর ক্রাইটেরিয়া কি, কারা এর সঙ্গে যুক্ত হবে, মোটামুটি পৌরসভাগুলিকে তাদের ডেভেলপমেন্ট এর জন্য রাস্তাঘাটের সংস্কার, ইলেকট্রিসিটি বিভিন্ন এলাকার উন্নয়নের জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে, সেখানে আমি আশা করব, টেন্থ ফিনান্স কমিশন কোন কোন পৌরসভার আওতায় আসবে সেটা বলবেন। যে বিষয়টা নিয়ে গোটা পশ্চিমবাংলায় আলোড়ন উঠেছে, মাননীয় অর্থমন্ত্রীও বলেছেন, বিভিন্ন জায়গায় যে বেসরকারি স্কুলগুলি রয়েছে অ্যাফিলিয়েশন দেওয়া আছে, সেই ব্যাপারে আমি বলব কয়েকটি-পৌরসভা আছে যেখানে দীর্ঘদিন ধরে জুনিয়ার হাইস্কুলগুলি চালানো হচ্ছে, আমার ওখানেও আছে, এইগুলি সরকারের তরফ থেকে সরাসরি শিক্ষা দপ্তর চালাতে নারাজ। তাই এই ব্যাপারে পৌরসভা থেকে যে সমস্ত স্কুলগুলি যদি চালানো হয়—সেখানে অনেক আন্ডারএজ ছাত্র-ছাত্রী রয়েছে—সেক্ষেত্রে ভাল হয়, তাই এই ব্যাপারে পৌর দপ্তর থেকে যোগাযোগ করার জন্য আবেদন জানাচ্ছি। এতে ছাত্র-ছাত্রী ভর্তির ব্যাপারে যে সমস্যা আছে তার নিরসনের পক্ষে একটা বিরাট ভূমিকাও নেবে, এই কথা কয়টি বলে বাজেট ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 2-30 P.M.)

**(After Adjournment)**

[2-30 — 2-40 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা কালকে বিধানসভায় আসছি না। কিন্তু দেখলাম রাস্তায় পেট্রল, ডিজেল এবং গ্যাসের দাম বৃদ্ধির প্রতিবাদ সি পি এম

মিছিল করছে। এই জন্য আমি রাস্তায় আসতে বাধা পেয়েছি। তাহলে তারাও আমাদের সমর্থন করছে। আমি আপনাদের বলব আপনারাও এর প্রতিবাদে আগামীকাল আসবেন না। এই দাম বৃদ্ধি অত্যন্ত বে-আইনি। আমি আপনাদের অনুরোধ করব এই পেট্রল ও ডিজেলের দাম বৃদ্ধির বিরুদ্ধে আপনি বিধানসভা বন্ধ করুন।

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী তার ব্যয়-বরাদ্দের দাবি যা অনুমোদন-এর জন্য পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। সঙ্গে সঙ্গে বিরোধী দলের আনীত কাট মোশনের আমি বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি যে কথা বলতে চাই, এই পৌর ও নগরোন্নয়ন দপ্তরের সাফল্য অনেক গত ১৯ বছরে। তবে তার সঙ্গে সঙ্গে নিশ্চয় কিছু সমালোচনাও আছে, কিন্তু সাফল্যটাকে নিশ্চয় চিহ্নিত করতে হবে এবং তার থেকে আমাদের আরও এগিয়ে যাবার পরিকল্পনা পশ্চিমবাংলার স্বার্থে গ্রহণ করতে হবে। আমরা জানি পশ্চিমবাংলার পঞ্চায়েতের সাফল্য আজকে গোটা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছে, কেন্দ্রীয় সরকার তাকে মডেল হিসাবে গোটা ভারতবর্ষে চালু করতে চাইছে। তেমনি পশ্চিমবঙ্গের ভূমি ব্যবস্থাকে ভারতবর্ষে মডেল হিসাবে ব্যবহার করতে চাইছে কেন্দ্রীয় সরকার। গত ১৯ বছর ধরে পশ্চিমবঙ্গের পৌর ও নগরোন্নয়ন ব্যবস্থায় যে অগ্রগতি ঘটেছে তার কয়েকটি দিক আছে, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠাগুলোর মধ্যে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা এবং জনসাধারণের স্বার্থে তার উন্নয়ন সুনিশ্চিত করাই হচ্ছে আমাদের কাজ। সেজন্য নিশ্চিতভাবে পশ্চিমবঙ্গের পৌর দপ্তর এই সাফল্য অর্জন করেছে এবং গোটা ভারতবর্ষের সচেতন মানুষের দৃষ্টি আকর্ষণ করেছে। আমি আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাই ৪৭ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে পৌরসভা এবং নোটিফায়েড এরিয়া কর্পোরেশন এর সংখ্যা ছিল ৮৩ ব্রিটিশ আমলে ছিল ৬৯। সেইটা বেড়েছে ১৪টা, ৪০ বছরে। নিশ্চিত প্রশংসার দাবি রাখে। গত ১৯ বছরে ৮৩ সংখ্যা বৃদ্ধি হয়ে হয়েছে ১২১। সেটা হয়েছে এই আমলে অর্থাৎ ৩৮টা। তার সঙ্গে সঙ্গে একটা কর্পোরেশন ছিল ৫টা মিউনিসিপ্যাল কর্পোরেশন হয়েছে। শুধু এই পাঁচটি হয়েছে তাই নয় কলকাতা কর্পোরেশন, মিউনিসিপ্যাল কর্পোরেশন অন্যান্য মিউনিসিপ্যাল কর্পোরেশন যে আইন হয়েছে, এই রকম গণতন্ত্র সম্মত আইন ভারতবর্ষের অন্য কোনও কর্পোরেশনে নেই। ভারতবর্ষের কর্পোরেশনগুলোর যে সংযুক্ত সংগঠন আছে তাদের যে মেয়ররা আছে তাদের কাছে এটা একটা অননুকরণীয় দৃষ্টান্ত। তার সঙ্গে সঙ্গে আমি এই কথা বলতে চাই যে পশ্চিমবাংলার পৌরসভাগুলো যে আইনে সংশোধন করা হয়েছে সেই আইন সংশোধনের মধ্যে দিয়ে গোটা পশ্চিমবঙ্গের পৌরসভা এলাকাভুক্ত জনসাধারণের মধ্যে একটা চেতনা বৃদ্ধি ঘটেছে। অধিকার বোধকে পশিচমবঙ্গের পৌর দপ্তর বাড়াতে পেরেছেন, এটাই পৌর দপ্তরের সবচেয়ে বড় সাফল্য। এই পৌরসভাগুলো নিয়ম ধরে ধরে নির্বাচনের ব্যবস্থা করেছে। নোটিফায়েড এরিয়াগুলোকে কত তাড়াতাড়ি পৌরসভায় রূপান্তরিত করা যায় তার ব্যবস্থাও তারা করছে। গত এক সপ্তাহের মধ্যে দুটো পৌরসভার নির্বাচন হয়ে গেছে। পূজালি নোটিফায়েড এরিয়া অথরিটি আর রায়গঞ্জ মিউনিসিপ্যালিটি। দুটোই কংগ্রেসের পক্ষে গেছে। একজন বামপন্থী বিধায়ক হিসাবে এটা আমার কাছে খুব আনন্দের বিষয় নয় কিন্তু পশ্চিমবঙ্গে যে .গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত এটা প্রমানিত। এটা চেতনা সম্পন্ন মানুষের কাছে একটা বড় সম্পদ। পশ্চিমবঙ্গে

পৌর ব্যবস্থা এগিয়ে চলেছে, আগামী দিনে এগিয়ে চলবে পৌরসভা পরিষেবা বৃদ্ধি করার জন্য আমি মনে করি রাজ্য সরকারের অনুদান বৃদ্ধির যেমন প্রয়োজন আছে তেমনি প্রয়োজন আছে পৌরসভাকে কতখানি স্বনির্ভর করে গড়ে তোলা যায় এটাও পৌর দপ্তরের দায়িত্বের মধ্যে পড়ে। এই পৌর সভাগুলোকে স্বনির্ভর হতে হবে যাতে রাজ্যের কোষাগার থেকে আর সাহায্য না দিতে হয়। রাজ্য সরকারের যে দায়িত্ব রয়েছে তাকে পালন করতে হবে তার পাশাপাশি অর্থনৈতিক দিক থেকে এগুলো যাতে স্বাবলম্বী হতে পারে তার অ্যাভিনউ খুঁজে বার করতে হবে। তাদের আয় বৃদ্ধির পথে যা অন্তরায় ছিল প্যানেল অ্যাসেসরির মাধ্যমে ভ্যালুয়েশন

[2-40 — 2-50 P.M.]

নির্ধারণ করে যে ব্যবস্থা পরবর্তীকালে স্টেট গভর্নমেন্ট ভ্যালুয়েশন বোর্ডের মাধ্যমে অ্যাসেসমেন্ট করে বৃদ্ধির ব্যবস্থা চালু করা হয়। গোটা পশ্চিমবাংলায় পৌরসভার মধ্যে কলকাতা কর্পোরেশন সম্পত্তির যে আয় বৃদ্ধির যে বিষয় গুলোকে চেপে রেখে দেওয়া হয়, একটা দুর্নীতির বিষয় ছিল। সেগুলো আজ অবলুপ্ত হয় নি। অনেক আয় বৃদ্ধির সুযোগ ঘটেছ। এই ব্যবস্থা পৌরসভা গুলোকে স্বয়ংসম্পূর্ণ হতে নিশ্চিত সাহায্য করেছে বলে আমি মনে করি। নতুন নতুন পৌরসভা হয়েছে, পুরানো পৌরসভা আছে। এই পুরানো ধ্যান-ধারণা ম্যানেজমেন্ট ও পলিসির মধ্যে সকলকে রেখে নতুন দিনের আবহাওয়ার সঙ্গে খাপ খাইয়ে সেই সমস্ত অফিসার ও কর্মচারিদের সেইভাবে সচেতন করে গড়ে তোলার ক্ষেত্রে এই ইলগাস প্রশিক্ষণ কেন্দ্র করা হয়েছে, এটা নিশ্চিত নতুন সংযোজন বলে আমি মনে করি। তার সঙ্গে সঙ্গে আগামীদিনে পশ্চিমবঙ্গে শিল্পের যে সম্ভাবনা সৃষ্টি হয়েছে, শিল্পায়ণের যে সম্ভাবনা সৃষ্টি হয়েছে সেই সম্ভাবনাকে বাস্তবায়িত করার জন্য, তাকে আরও বাস্তব সম্মতভাবে আরও সহায়তা দেওয়ার জন্য এই মুহূর্তে আমি মনে করি পশ্চিমবঙ্গের মাননীয় পৌরমন্ত্রীর দপ্তরের দায়িত্ব অনেক বেড়ে গেছে। তার কারণ পশ্চিমবঙ্গে যে সব শিল্পপতিরা আসবেন তারা যে নগরোন্নয়নের সুযোগ-সুবিধা চাইছেন সেই নগরায়ণ সপুরিকল্পিত ভাবে অতি দ্রুততার সঙ্গে করার জন্য আপনার উপর দায়িত্ব এসেছে। আপনি পশ্চিমবঙ্গের কোন কোন আরবানাইজড সেক্টরগুলোকে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন রূপান্তরিত করবেন বলে, আপনি ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, ক্যালকাটা কে দিয়ে আপনার দপ্তরের যে সার্ভে করেছেন, স্টাডি করেছেন সেটা খুবই সঠিক সিদ্ধান্ত। আপনি মানুষের চিন্তার ভিতর যে জায়গা সেখানে একটা মিউনিসিপ্যালিটি পত্তন করলেন বা এম এল এ বা অঞ্চলে মানুষের পছন্দের জায়গায় মিউনিসিপ্যালিটি করার ব্যাপারে আপনাকে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, ক্যালকাটা, তারা যে পরিকল্পনা চিন্তা-ভাবনা দিয়েছেন তার মধ্যে দিয়ে আপনি এই ব্যবস্থাকে আগামীদিনে এগিয়ে নিয়ে যাবেন। ৩৮টা হয়েছে, আমি মনে করি, আগামী ৫ বছরে আরও কিছু বৃদ্ধি পাবে—পৌরসভা নোটিফায়েড এরিয়া অথরিটি ইত্যাদি। তার সঙ্গে যেটা বলতে চাই সেটা হল আপনার বাজেট বক্তৃতায় আছে নদীয়ার কুপার্স ক্যাম্পকে নোটিফায়েড এরিয়া অথরিটি করার প্রস্তাব আপনার বিবেচনায় আছে। তার সঙ্গে সঙ্গে বলব দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ একটা আরবানাইজড এরিয়া আছে। এটা প্রায় ১১ স্কোয়ার কিলোমিটার। কাকদ্বীপ

শহর এলাকার আরবানাইজড ক্যারেক্টর চিহ্নিত হয়ে গেছে। পঞ্চায়েতের দ্বারা তার দাবিদাওয়া মেটানো যাচ্ছে না। তার সঙ্গে সঙ্গে দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর পূর্ব এবং পশ্চিম এই ২টি বিধানসভা কেন্দ্রের মধ্যবর্তী অঞ্চলে একটা গঞ্জ এলাকা আমতলা। এই আমতলাকে গড়ার একটা প্রস্তাব গঠন করায় আপনার বিবেচনায় রাখা উচিত বলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এর সঙ্গে যে কথা বলছি সেটা হচ্ছে আপনার দপ্তরের কাজ পরিচালনা করার ক্ষেত্রে, আমি কিছু গঠনমূলক প্রস্তাব আপনার বিবেচনায় রাখছি এবং কিছু কিছু ল্যাকুনা আপনার দৃষ্টি গোচরে আনছি। আপনি নতুন যে আইন করেছেন— যে ওয়ার্ড কমিটি সংযোজন করেছেন, সেটা আইনসম্মত। কাউন্সিলারকে সহায়তা করার জন্য ওয়ার্ড কমিটিতে আরও কিছু সচেতন মানুষকে যুক্ত করার জন্য ওয়ার্ড কমিটিকে আইনসিদ্ধ করুন। ওয়ার্ড কমিটির ফাংশন এখনও পর্যন্ত চালু হয় নি। ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনকে যতটা জানি, তাতে সেখানে কিছু অসুবিধা আছে, কিছু রাজনৈতিক বিরোধিতা আছে—আমি এব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আইন করেছেন সেটা পাশ হয়েছে। সেটাকে কার্যকর করতে হবে। তা যদি না হয় তাহলে আইন অসারে পরিণত হবে। আয় বৃদ্ধির ক্ষেত্রেও আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আপনার নগর উন্নয়ন দপ্তরের সঙ্গে সি এম ডি এ, সি আই টি, এইচ আই টি, সি এম ডব্লু এস এ এই যে স্বশাসিত প্রতিষ্ঠানগুলো আছে, এই প্রতিষ্ঠানগুলো গত পাঁচ বছরের প্রতি বছরে কত অঙ্কের কাজ করেছে, আপনার কাছে জানতে চাইছি। এর সঙ্গে জানতে চাইছি, তাদের যে পরিকাঠামো রয়েছে, এস্ট্যাবলিশমেন্ট রয়েছে, তাদের যে গাড়ি-ঘোড়া রয়েছে, সেইগুলোর সঠিক, বিজ্ঞানভিত্তিক ইভ্যালুয়েশন আপনার দপ্তর থেকে করা হয়েছে? আমি মনে করি ইভ্যালুয়েশন করা এই মুহূর্তে একান্ত প্রয়োজন। এটা যদি করা হয়, তাহলে আপনি বুঝতে পারবেন, এই মুহূর্তে এই দপ্তরগুলোর কত অ্যাডমিনিস্ট্রেটিভ বা এস্ট্যাবলিশমেন্ট ব্যয় আপনাকে বহন করতে হচ্ছে। এটা করতে পারলে একটা বেশ সাবস্টেনশিয়াল পোরশান আপনি সাশ্রয় করতে পারবেন এবং এই পৌরসভাগুলো পৌর-পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য আপনার খানিকটা সহায়ক হিসাবে কাজ করতে পারবে বলে আমি মনে করি। তার সঙ্গে সঙ্গে আপনাকে বলব, নতুন যে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন গড়ে তুলেছেন, তাদেরও জনসংখ্যার ভিত্তিতে অনুদান বা সরকারি সাহায্য দেন। তার সাথে আর একটু চিন্তা সংযুক্ত করুন, নতুন এইগুলো যে হয়েছে, শৈশবতা নিয়ে যারা শুরু করল, তাদের সেই শৈশব অবস্থা দুর করার জন্য, নগর উন্নয়ন করার জন্য সেই নতুন নতুন পৌরসভাগুলিকে ১৫ বছর, ২০ বছরে বাড়তি একটা অনুদান, আর্থিক সহায়তা দিতে হবে, যাতে তারা একটা নির্দিষ্ট সময়সীমার মধ্যে একটা জায়গায় পৌঁছাতে পারে, সেই অঞ্চলের মানুষের প্রত্যাশার কাছে পৌঁছাতে পারে। আর একটি প্রস্তাব আপনার বিবেচনার জন্য বলছি। ক্যালকাটা কর্পোরেশনের যে অ্যাডেড ইউনিট আছে—বেহালা, যাদবপুর এবং গার্ডেনরিচ, সেখানে মানুষের প্রত্যাশার মধ্যে কিছু তফাত দেখা যাচ্ছে, এই কারণে মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি হচ্ছে। কোর ক্যালকাটা কর্পোরেশনের যে পরিষেবা, সেটা আর অ্যাডেড ইউনিট বেহালা, যাদবপুর, গার্ডেনরিচে নেই, থাকা সম্ভবও নয়। আপনাকে চিন্তা করতে হবে। একটা নির্দিষ্ট সময় সীমার মধ্যে যতখানি সম্ভব এই অ্যাডেড ইউনিটগুলোর পৌর-পরিষেবা এট পার টু কোর ক্যালকাটা কর্পোরেশন না হলেও নিয়ারার টু কোর ক্যালকাটা কর্পোরেশনে নিয়ে যেতে পারেন। আমি মনে করি না কেবলমাত্র সরকারি কোষাগার

থেকে টাকা দেবেন, আর এইগুলো হয়ে যাবে। তার সঙ্গে সঙ্গে আয় বৃদ্ধির কিছু প্রস্তাব আপনার বিবেচনার জন্য রাখছি। আপনি জানেন মোটর ভেহিক্যালস ট্যাক্স পৌরসভাগুলো পায়। এই ট্যাক্স কি হারে পাবে, এটা একটা মান্ধাতা হিসেব। আজ ২০ বছর পরে গোটা পশ্চিমবঙ্গের শহরগুলোতে বহু গাড়ি-ঘোড়া বৃদ্ধি পেয়েছে। এই বৃদ্ধির সঙ্গে সঙ্গে আয় বৃদ্ধিও ঘটেছে সরকারের। সঙ্গত কারণেই আমি বলব, মোটর ভেহিক্যালস ট্যাক্স-এর ন্যায়সঙ্গত প্রাপ্য পৌরসভাগুলির পক্ষে সুনিশ্চিত করতে হবে। আপনি জানেন, ট্রেড লাইসেন্স এক সময় পৌরসভাগুলো নিজেরাই সংগ্রহ করত। আজকে নিশ্চয় প্রয়োজনের কারণে এই ট্রেড লাইসেন্সের আয়ের ব্যবস্থাটা পরিবর্তিত, এখন অর্থ দপ্তর সরাসরি নিচ্ছে। কেবলমাত্র রিনিউয়ালের জন্য পৌরসভাগুলো কাজ করে। ব্যবসা-বাণিজ্য, শিল্প বৃদ্ধির মধ্যে দিয়ে নির্দিষ্ট পৌরসভার ট্রেড

[2-50 — 3-00 P.M.]

লাইসেন্স বৃদ্ধির মধ্য দিয়ে আয় বৃদ্ধি ঘটে। সেই বৃদ্ধির এখন সম্ভব নয়। তাই বলব, অর্থ দপ্তরের সঙ্গে কথা বলে প্রতি বছর এই ট্রেড লাইসেন্স থেকে যে আয় বৃদ্ধি হচ্ছে, তার প্রো-রাটা প্রতিটি পৌরসভাতে পৌঁছে দিতে হবে, তাদের আয়ের সঙ্গতি হবে এর মধ্যে দিয়ে। তার সঙ্গে সঙ্গে আমি আপনাদের বিবেচনার জন্য বলব যে বিভিন্ন পৌরসভা কলকাতা কর্পোরেশন সকলে দীর্ঘদিন ধরে দাবি করে আসছে পৌরসভা পরিচালিত যে প্রাইমারি স্কুল আছে সেগুলোকে একটা ছাতার নিচে আনা হোক আর তার যদি সম্ভব না হয় তাহলে এক-একটা পৌরসভা যতগুলো প্রাইমারি স্কুল পরিচালনা করছে তাদের যে ব্যয় হচ্ছে সেটা সুনির্দিষ্ট ভাবে সেই পৌরসভাগুলোকে দিয়ে দিতে হবে। আমরা জানি, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে যতগুলো স্কুল আছে প্রায় সাড়ে ৩০০ মতো তাদের জন্য বছরে ৮ থেকে ১০ কোটি টাকা ব্যয় হয়। এই টাকা যদি কেন্দ্রীয় সরকারের শিক্ষা দপ্তর থেকে ব্যয়-এর দায়িত্ব নেওয়া হয় তাহলে ওরা আরও কিছুটা স্বনির্ভর হতে পারত। আপনি জানেন, সেন্ট্রাল ইলেকট্রিসিটি অ্যাক্ট, ইন্ডিয়ান টেলিগ্রাফ অ্যাক্ট-এর কেন্দ্রীয় আইন আছে এবং কলকাতা কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি আইন কি, "আসমান আমার, জমিন আমার এবং মাটির নিচও আমরা"—এই তিনটে সম্পদ যদি আমার হয় তাহলে আমাদের জমির উপর দিয়ে যখন কোনও ইলেকট্রিক সাপ্লাই, মাটির নিচ দিয়ে কেবল ব্যবহার করবে, মাটির উপর দিয়ে টেলিফোন, টেলিগ্রাফ ব্যবহার করবে অথচ মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন টাকা পাবে না এর জন্য—এটা কি করে হয়? আমি আপনাকে বলব দরকার হলে আপনি এই বিধানসভায় একটা প্রস্তাব আনুন, সর্ব-সম্মত ভাবে এই প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া হোক যে, এই টাকা আমাদের দিতে হবে এবং সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবিও করতে হবে, রাজ্যে রাজ্যে যে সেন্ট্রাল গভর্নমেন্ট প্রপার্টিও আছে তার জন্য সার-চার্জ দিতে হবে। কেন না রাজ্য সরকারের যে সম্পদ আছে তার জন্য আমাদের ট্যাক্স দিতে হবে। সেন্ট্রাল গভর্নমেন্ট কোনও সারচার্জ দেয়? কটা বাড়ির প্রকৃত ভ্যালুয়েশনের ভিত্তিতে ট্যাক্স আছে দেখা দরকার। এটা আদায় করতে পারলে এবং সেই দায়িত্ব আজকে গ্রহণ করতে হবে। এতে আশা করি সমস্ত সদস্য সহমত হবেন। আজকে একবিংশ শতাব্দী আমাদের দরজায় টোকা মারছে কিন্তু আপনি যদি আজকে পলিউটেড ওয়াটার-এর ব্যাপারে কিছু চিন্তা শুরু না করেন, গোটা বিশ্বে যে টেকনোলজি অ্যাডভান্সমেন্ট হচ্ছে সেই জায়গায় এই সলিড

ওয়েস্ট ম্যানেজমেন্ট সোয়ারেজ অ্যান্ড ড্রেনেজ পলিউটেড ওয়াটার-এর ব্যাপারে যদি চিন্তা-ভাবনা শুরু করা না যায় বা এই সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট সোয়ারেজ অ্যান্ড ড্রেনেজ পলিউটেড ওয়াটার-এর জন্য যদি বিজ্ঞান সম্মত বিধি-ব্যবস্থা না করতে পারি তাহলে আগামীদিনে এর জন্য আমাদের মূল্য দিতে হবে। এই কথা বলে ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে মাননীয় অশোক ভট্টাচার্য মহাশয় তার দপ্তরের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের এবং বিরোধী দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন আনা হয়েছে তার সমর্থন করে বক্তব্য রাখছি। স্যার, আমি বক্তব্য শুরু করার আগে একটা বিষয় উল্লেখ করতে চাই। এই বাজেট পেশ করার ঠিক আগে দুটো পৌরসভার নির্বাচন হয়ে গেল, একটা পূজালি এবং অপরটা রায়গঞ্জে। পূজালির মানুষ এই সরকারের বিরুদ্ধে, এই সরকারের নীতির বিরুদ্ধে শুধু রায়ই দিয়েছেন বললে ভুল হবে তারা এই সরকারকে সম্পূর্ণ পর্যুদস্ত করে ১৫টা আসনের মধ্যে ১৫টাতেই কংগ্রেসকে জিতিয়েছেন। সেখানে বামফ্রন্ট একটাও আসন পায়নি এবং রায়গঞ্জেও কংগ্রেস জয়ী হয়েছে। আজকে পৌরমন্ত্রী এবং বামফ্রন্ট সরকার যে উন্নয়নের কথা বলেছেন, যে পরিকল্পনার কথা বলছেন এবং মাননীয় সদস্য নির্মলবাবু এখানে দাঁড়িয়ে যে একাডেমিক ডিসকাশন করলেন তাতে আমার বক্তব্য হচ্ছে বামফ্রন্ট সরকার এক দিকে বলছে আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করছি, ক্ষমতা নিম্নস্তর পর্যন্ত পাঠিয়ে দিচ্ছি, কিন্তু পাশাপাশি আমরা দেখতে পাচ্ছি এই উন্নয়নের কথা যেগুলি বলা হচ্ছে সেই উন্নয়নের সঙ্গে রাজ্য শুধু একইভাবে নয় এই পরিকল্পনার অধিকাংশই হচ্ছে কেন্দ্রীয় সরকারের। এই পরিকল্পনা যেগুলি বাস্তবায়িত হচ্ছে তার সাথে সাথে কলকাতা শহরের উন্নয়নের জন্যও ভাবা হচ্ছে, যখন মেগাসিটির কথা হচ্ছে নিউ-ক্যালকাটার কথা ভাবা হচ্ছে তখন আমরা দেখতে পাচ্ছি যে বর্তমান বামফ্রন্ট সরকার নির্বাচিত কংগ্রেস জন প্রতিনিধিদের সাথে কোনও রকম সম্পর্ক রাখার চেষ্টা করছেন না। কলকাতা শহরে নির্বাচন হয়ে গেল যেখানে যেখানে পৌরসভা আছে শহরাঞ্চলের অধিকাংশ জায়গাতে কংগ্রেস জয়লাভ করেছে, এই কলকাতায় বেশি সংখ্যক কংগ্রেস দল পেয়েছে, সেখানে কলকাতাকে ঘিরে যখন পরিকল্পনা হয় তখন এই দলকে ইনভলভড করা হয় নি এবং তার প্রতিনিধিদেরও ইনভলভড করা হয়নি। তারপর নিউ ক্যালকাটা সিটি রাজারহাট যে শহর গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হল সেখানে আমরা দেখছি কংগ্রেস দলের নির্বাচিত প্রতিনিধিদের আলোচনায় অংশগ্রহণের এবং ন্যূনতম মতামত দেওয়ার সুযোগ এই বামফ্রন্ট সরকার দিচ্ছে না। তাই আপনাদের ক্ষমতাকে শেষ বিন্দু পর্যন্ত তৃণমূল স্তর পর্যন্ত পৌঁছে দিতে চাইছেন কিন্তু কংগ্রেস বেশি আসন পেলেও তার সাথে এই পরিকল্পনাকে যুক্ত করতে চাইছেন না আমার অভিযোগ এটাই। এই সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলায় ১১৭টি পৌরসভা আছে এবং ৫টি নোটিফায়েড এরিয়া আছে এবং এই পৌরসভাগুলি নিদারুন অর্থনৈতিক সঙ্কটের মধ্যে চলেছে, যদিও কেন্দ্রীয় সরকারের নানা পরিকল্পনা এখানে কার্যকর আছে। কোথায় কেন্দ্রীয় সরকারের ৫০ পারসেন্ট শেয়ার আর রাজ্য সরকারের ৫০ পারসেন্ট শেয়ার, আবার আই এন সি এস এখানে কেন্দ্রীয় সরকারের

১০০ পারসেন্ট আছে। আবার এন আর ওয়াইতে কেন্দ্রীয় সরকারের ৮০ পারসেন্ট আর রাজ্য সরকারের ২০ পারসেন্ট শেয়ার। একটু আগে নির্মল বাবু বললেন, সমস্ত কৃতিত্বই আপনারা দাবি করছেন। অথচ পরিকল্পনা কার? টাকা দেবে কে? সবই কেন্দ্রীয় সরকার, অথচ হাত তালি পাবে কে, অশোক ভট্টাচার্য। এটাতো হতে পারে না। তাই আপনাকে স্বীকার করতেই হবে এই পরিকল্পনা কেন্দ্রর, আপনারা বাস্তবায়িত করার চেষ্টা করছেন মাত্র, তার জন্য যতটা কৃত্বিত্ত আপনাদের প্রাপ্য, ততটাই নিশ্চয়ই পাবেন। সম্পূর্ণ কৃত্বিত্ত দাবি করলে ভুল হবে। আমি এখানে একটি মাত্র পৌরসভার কথা বলছি সেটা হচ্ছে বারুইপুর। গত বছর অর্থাৎ ১৯৯৫-৯৬ সালের ছোট পৌরসভা, এর বাজেটও অল্প, কিন্তু সেখানে ডিস্ট্রিক্ট প্ল্যানে ১২ লক্ষ টাকা কম দিয়েছিলেন। বারুইপুর পৌরসভার মতো একটা ছোট পৌরসভার ইনকাম হচ্ছে ৪২,৮৩,৮৬৬ টাকা ; আর তার বাজেট হচ্ছে, ১,১১,৪৩,৮৬৮ টাকা। এখানে ১২ লক্ষ টাকা ডিস্ট্রিক্ট প্ল্যানের এবং ৪ লক্ষ টাকা অক্ট্রোয় বা অন্যান্য ট্যাক্স হিসাবে যা আপনারা নিচ্ছেন তার থেকে পৌরসভাকে দিচ্ছেন। এই ক্ষেত্রে ১২ লক্ষ আর ৪ লক্ষ, মোট ১৬ লক্ষ টাকা বারুইপুর পৌরসভার প্রাপ্য, কিন্তু আপনারা তাদের ৪ লক্ষ টাকা কম দিলেন। প্রাপ্য টাকা দিলেন না। তাহলে সেই শহরের উন্নয়নের কাজ চালু থাকবে কি করে? এর সাথে সাথে আপনাদের কাছে অভিযোগ আছে, বারুইপুর পৌরসভার জলে আর্সেনিক আছে। ওখানে পরিস্রুত পানীয় জল সরবরাহের জন্য ১ কোটি ৭০ লক্ষ টাকা স্যাংশন হয়েছে। নির্বাচনের ৩/৪ মাস আগে আমি আপনার সঙ্গে সাক্ষাৎ করেছিলাম। আপনি নিজ মুখে বলেছিলেন, 'টাকা স্যাংশন হয়েছে, কাজ শুরু হবে।' শুধুমাত্র রাজনৈতিক কারণে সে কাজ এখন পর্যন্ত শুরু হয় নি। এক্ষেত্রে আপনাদের বিরুদ্ধে আর একটা গুরুতর অভিযোগ হচ্ছে, পরিষেবামূলক সংস্থাগুলোকেও আপনারা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখেন। এ সমস্ত ক্ষেত্রে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থাকলে পরিষেবামূলক কাজ হবে না। এসব ক্ষেত্রে রাজনীতি থেকে দূরে থাকতে হবে। কেবল মাত্র সামনে নির্বাচন আছে, এই কারণে বারুইপুর পৌরসভাকে আর্সেনিক মুক্ত জলের জন্য স্যাংশন ১ কোটি ৭০ লক্ষ টাকা দিলেন না। আপনি নিজ মুখে বলেছিলেন যে, টাকা স্যাংশন হয়ে গেছে। কিন্তু নির্বাচনকে সামনে রেখে সেই টাকা আপনি দেন নি। অন্য কোথায় সে টাকা আপনি দিয়ে দিয়েছেন, তা আমি জানি না, বারুইপুর পৌরসভা ১ কোটি ৭০ লক্ষ টাকা পায় নি। রাজনৈতিক কারণে তা দেন নি। বারুইপুর পৌসভায় ১৭টি আসনের মধ্যে ১৪টি আসনই কংগ্রেস পেয়েছে। এইভাবে যদি আপনারা রাজনীতি চালান, তাহলে আগামীদিনে আপনারা ঐসব এলাকা থেকে একেবারে বিতাড়িত হবেন, একথা আমি নিশ্চিতভাবে বলতে পারি। এই যদি অবস্থা হয় তাহলে পৌরসভা চলবে কি করে? আপনারা প্ল্যানের টাকার জি ও পাঠাচ্ছেন। সেই টাকা দেওয়া হচ্ছে পৌরসভাকে বিভিন্ন ক্ষেত্রে কাজ করার জন্য। পৌরসভাকে এক্সট্রা ওয়েজ দিয়ে মানুষ নিতে হচ্ছে। বারুইপুর পৌর এলাকায় ৫০,০০০ মানুষের বাস, সেখানে রাস্তা পরিষ্কার করার জন্য বারুইপুর পৌরসভার মাত্র ২১ জন কুলি আছে। এক একটি ওয়ার্ড সপ্তাহে একদিন ৬ জন করে কুলি পায়। তাহলে কি পরিষ্কার হবে? বারুইপুর শহরের সর্বত্র আবর্জনা স্তূপ হয়ে পড়ে আছে। এটা আমি একটা উদাহরণ হিসাবে তুলে ধরলাম। আজকে মফস্বলের পৌরসভাগুলোর কি অবস্থা তা সরকার পক্ষের মাননীয় সদস্যরা সকলেই জানেন। তারা এখানে চিৎকার করে এই বাজেটকে সমর্থন করছেন। অথচ তারাই রোজ মেনশনের সময়

বিভিন্ন পৌরসভার বিভিন্ন সমস্যার কথা এখানে তুলে ধরেন। অদ্ভুত চরিত্র! মেনশনের সময় সমস্যার কথা বলবেন, আবার বাজেটের সময় চিৎকার করে বাজেটকে সমর্থন করবেন! এরপর আসছি কলকাতার কথায়—আজকে গোটা কলকাতা শহর একটা সিমেন্ট, ইট, কাঠের জঙ্গলে পরিণত হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার ক্যাটাগোরিক্যাল প্রশ্ন—কলকাতা শহরে গত ১৯ বছরে ১৯টা বাজার পুড়েছে। আপনি বলুন এই বাজারগুলো পোড়ার ফলে কত টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে? এর পেছনে কি কোনও চক্রান্ত আছে? প্রোমোটাররা কি চক্রান্ত করে কলকাতার এই বাজারগুলো পুড়িয়ে দিয়েছে? আপনি কি এবিষয়ে কোনও এনকোয়ারি, তদন্ত করেছেন? যদি করে থাকেন তাহলে সেই তদন্ত রিপোর্ট বিধানসভায় পেশ করেছেন কি? জনপ্রতিনিধিদের কাছে আপনি সেই রিপোর্ট দিয়েছেন কি? আমি যত দূর জানি এই প্রশ্ন বার বার বিধানসভায় উঠেছে, কিন্তু আপনি হাউসকে সাটিসফাই করতে পারেন নি। ১৯ বছরে ১৯টা বাজার পুড়ে গেল, গোটা কলকাতা শহর জতুগৃহের মতো হয়ে রয়েছে, এই অবস্থায় বাজারগুলোকে রক্ষা করার জন্য আপনি কি প্রিভেনটিভ মেজার দিয়েছেন? কলকাতা শহরকে বাঁচাবার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন? আজকে ডালহৌসি স্কোয়ারের একটা বাড়ির ভেতর ঢুকলে ভয় করে, চারিদিকে হাজার হাজার তার ঝুলছে। বাড়িগুলিতে যদি আগুন লেগে যায় তাকে নেভানোর কি ব্যবস্থা আছে? আজকে কোনও আন্ডারগ্রাউন্ড ট্যাঙ্কের ব্যবস্থা নেই। এই বড়বাজারকে কেন্দ্র করে বা অন্যান্য বিভিন্ন জায়গায় যেখানে ব্যবসা-বাণিজ্য হচ্ছে সেইসব জায়গায় আগুন নেভানোর জন্য আপনার কোনও ব্যবস্থা আছে? কোনও ব্যবস্থা তৈরি করেননি। অথচ কলকাতা শহর চলছে, পৌরসভা আছে, সবই আছে, কিন্তু প্রিভেনটিভ মেজার নেবার কোনও ব্যবস্থা আপনার নেই। এর সাথে সাথে আমি আপনাকে জানাতে চাই, কলকাতা শহরে কতকগুলি বড় বাড়ি ভেঙ্গে পড়ল। কুন্দলিয়া তো বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। আজকে কলকাতা পৌরসভা যারা চালান সেই শাসকগোষ্ঠীর সঙ্গে অসাধু প্রোমোটারের পরিপূর্ণ যোগাযোগ আছে। হাতে হাত মিলিয়ে এই প্রোমোটাররা কলকাতা শহরের সর্বনাশ করছে। বর্তমানে শাসকগোষ্ঠী যারা পৌরসভা পরিচালনা করছেন তারাই এরজন্য দায়ী। একটার পর একটা বাড়ি ভেঙে পড়ে যাচ্ছে—বাঙ্গুরের বাড়ি ভেঙ্গে পড়ল, রিপন স্ট্রিটের বাড়ি ভেঙে গেল, কুন্দলিয়ার বাড়ি ভেঙ্গে পড়ল। কিন্তু এই সরকার একটা আই-ওয়াশ করার জন্য কিছু স্টাফকে চেঞ্জ করে দিলেন। বলে দিলেন, বিল্ডিং ডিপার্টমেন্ট থেকে অন্য ডিপার্টমেন্টে পরিবর্তন করে দিলাম। ব্যাস, সমস্যার সমাধান হয়ে গেল। এই বিধানসভায় দাঁড়িয়ে বুদ্ধদেববাবু এবং অসীমবাবু লাফিয়ে উঠে বলেছিলেন, এদের শাস্তি দেব। কিন্তু কুন্দলিয়াকে কোথায় শাস্তি দিলেন? আজকে বামফ্রন্ট সরকারকে এইসব ব্যবসায়ীরা কিনে রেখে দিয়েছে। আজকে তাই একটার পর একটা বাড়ি ভেঙ্গে গেলেও ক্ষমতা নেই এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করবেন। আজকে সঙ্কট সব জায়গাতেই। কলকাতা শহরে কাজ হচ্ছে। সার্কুলার রোড চওড়া হয়ে গেল। এরফলে মানুষের জন্য পরিষেবা কি করে বৃদ্ধি হল তা বুঝতে পারছি না। আজকে সর্বত্র পানীয় জলের সমস্যা। এই বিধানসভায় মাননীয় সদস্য, শ্রী সুব্রত মুখার্জি ১০ বছর আগে থেকে বলছে, বড়বাজারে জল নিতে গেলে জল পাওয়া যায় না। একটু আগে সরকার পক্ষের একজন সদস্য জলের সমস্যার কথা বললেন। কলকাতা শহরে এখনও পর্যন্ত এমন অনেক অঞ্চল আছে যেখানে গরম কালে ৫ টাকা জলের বালতি কিনতে হয়। কলকাতা শহরের বড়বাজারে এমন অনেক

জায়গা রয়েছে যেখানে ৫ টাকা বালতি জল কিনতে হয়। মাটির নিচে গর্ত খুঁড়ে জল বার করতে হয়। সবচেয়ে বড় কথা, এবারের নির্বাচনে দক্ষিণ কলকাতায় বামফ্রন্টের পৌরসভার যারা প্রার্থী ছিলেন তারা কংগ্রেসের বিরুদ্ধে দোষারোপ করেছেন। তারা বলেছেন, কংগ্রেস কাউন্সিলাররা বাড়িতে বাড়িতে জল দিতে পারে নি। দায়িত্ব কার? আমি দক্ষিণ কলকাতার ভাবানীপুরে থাকি। সেখানে সি পি এমের প্রার্থীরা কংগ্রেসের বিরুদ্ধে প্রচার করেছে যে তারা বাড়িতে বাড়িতে জল দিতে পারেনি। এই জল দেবার দায়িত্ব সামগ্রিকভাবে পৌরসভার। কোনও ব্যক্তি বা কোনও কাউন্সিলারদের দায়িত্ব নয়। তাই বলছি, একদিকে রাজনীতি করবেন আর একদিকে চিৎকার করবেন—এটা চলতে পারে না। এবার আমি পৌরসভার দুর্নীতির কথা একটু বলছি। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে আছেন। আমি জানি, তিনি কিছুই করতে পারবেন না, তবুও বলি, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, সরকারি দল কিভাবে চুরি করছে, টাকা আত্মসাৎ করছে। পৌরসভার গ্যারেজে লরিগুলিকে ফেলে রেখে দিয়ে, সেই লরিগুলিকে না সারিয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বিশেষভাবে অনুরোধ করছি, উনি এই বিষয়ে ক্যাটাগরিক্যালি উত্তর দেবেন— মাসে ৮৫ লক্ষ টাকা খরচা করে লরি ভাড়া করছে এবং এরজন্য বছরে ১০ কোটি ২০ লক্ষ টাকা লাগছে। অথচ ১ কোটি টাকা খরচা করলে নিজস্ব লরিগুলিকে সারিয়ে রাস্তায় নামানো যায়। কিন্তু পরিকল্পনা মাফিক যারা ইঞ্জিনিয়ার আছেন এবং যারা মেকানিক্স আছেন তারা আইডেল বসে থাকছেন, কোনও কাজ করছেন না। একটা রাজনৈতিক চক্র গড়ে উঠেছে। আমি দায়ী করছি, কলকাতা পৌরসভার মেয়র থেকে শুরু করে অফিসারদের একটা বৃহৎ অংশ দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে আছেন। আমি তাদের বিরুদ্ধে তদন্ত করার জন্য এই বিধানসভায় দাবি রেখে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 P.M.]

**শ্রী অমর চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মিউনিলিপ্যাল অ্যাফেয়ার্স এবং আরবান ডেভেলপমেন্ট দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, তাকে আমি সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে দু চারটি কথা বলতে চাই। আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই ৭২ সালে ২২শে মার্চ কলকাতা কর্পোরেশনকে তৎকালীন কংগ্রেসের যে সরকার সিদ্ধার্থশঙ্কর রায়, তিনি সুপারসেশন করেন এবং তারপরে ক্রমাগত ভাবে অন্যান্য পৌরসভাগুলোকে তারা সুপারসিড করেন। তার মধ্যে দিয়ে তারা যে গণতন্ত্রকে হরণ করেছিলেন, সেই অবস্থা থেকে আমরা ৭৭ সালে বামফ্রন্ট সরকার এসে ৮০ সালে অ্যাক্ট সংশোধন করে, নতুন আইন করে তার মধ্যে দিয়ে পৌরসভাগুলোর অধিকার সম্প্রসারিত করেছি। গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে দিয়ে আমরা মেয়র ইন কাউন্সিল করেছি, চেয়ারম্যান ইন কাউন্সিল করে বিভিন্ন জায়গায় ওয়ার্ড কমিটি করে তাকে কার্যকর করার জন্য চেষ্টা করেছি। আমি এই বাজেটকে সমর্থন করে দুচারটি কথা বলব। আমাদের অনেক কাজ হয়েছে, ভালো কাজের কোনও শেষ নেই। নগরায়ন বেড়েছে, তার সঙ্গে সঙ্গে সমস্যাও বেড়েছে। আপনি যে মেগাসিটি প্রকল্পের মধ্যে ছয়টি কর্মসূচি নিয়েছেন, এই সম্পর্কে আপনি বাজেটে বলেছেন। তার মধ্যে প্রথম কর্মসূচি হচ্ছে পানীয় জল। এই পানীয় জল সম্পর্কে বলি, বরানগর, কামারহাটি জল প্রকল্প, এই সম্পর্কে বলব, আপনি জানেন এই প্রকল্প তিনটি ফেজে আছে। সেকেন্ড ফেজের যে জল, সেই জল

অত্যন্ত দূষিত জল। সেটা সঠিক ভাবে পরিশুদ্ধ করার চেষ্টা করা হচ্ছে এবং থার্ড ফেজের যে জল সেই জল ছয়টি পৌরসভাকে দেবার চেষ্টা করা হচ্ছে। তার ফলে হচ্ছে কি, বরানগরের বহু জায়গায় বর্তমানে জল পাওয়া যাচ্ছে না। আর একটা বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনি জানেন, ব্যারাকপুর মহকুমায় অনেক বেশি সংখ্যায় যেমন পৌরসভা আছে, তেমনি এই মহকুমার মধ্যে দিয়ে দুটি সংস্কারী খাল গেছে। একটা হচ্ছে বর্তি বিল, আর একটা হচ্ছে নোয়াই খাল। এই খালগুলোর সংস্কার করতে হবে এবং খড়দহ খালও সংস্কার করতে হবে। আর একটা প্রকল্প নন্দননগর প্রকল্প। এই প্রকল্পকে যদি সুষ্ঠুভাবে সফল করতে চান তাহলে এই প্রকল্পের মধ্যে দিল্লি রোড, যেটা বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ে। এই রোডের মধ্যে বাধা সৃষ্টি করছে এবং জল যাওয়ার সেখানে বাধা হচ্ছে, যে লে আউট করা হয়েছে, যে ওয়াটার আউট করেছে, সেখানে যে হিউম পাইপ বসানো হয়েছে, সেইগুলো বৈজ্ঞানিক ভাবে বসানো হয়নি। জল এদিক থেকে ওদিক হয় না। নন্দননগর প্রোজেক্টকে যদি সফল করতে হয় তাহলে উদয়পুর খালকে সংস্কার করতে হবে, সোনাই খালকে সংস্কার করতে হবে। এবং দিল্লি রোডের পাশ দিয়ে একটা খাল কেটে বাগজোলা খালের সঙ্গে সংযুক্ত করতে হবে। বাগজোলা খালকে আপনি সংস্কার করছেন বটে কিন্তু তার বড় বাধা হচ্ছে রেলওয়ে লাইন। সুতরাং বিদ্যাধরী পরিকল্পনার সঙ্গে বাগজোলা খালের পরিকল্পনা যুক্ত করতে হলে সেখানে ৪/৫টি রেল লাইনের ভেতর দিয়ে যে খাল গিয়েছে সেখানে ৬ ফুট হিউম পাইপের মধ্যে দিয়ে যে জল যায় সেটাকে দু/তিনগুণ করতে হবে। এরজন্য আপনাকে একটা মাস্টার প্ল্যান নিতে হবে। এতে ব্যারাকপুর এবং বারাসত মহকুমার দক্ষিণ অঞ্চল উপকৃত হবে। সোনাই খালের মধ্যে সুতী প্রোজেক্টটা বাতিল হল কেন জানি না, এটা কিন্তু কার্যকর করতে হবে এবং তার সঙ্গে যুক্ত করতে হবে। তা না হলে সেখানকার ১৭/১৮টি পৌরসভা, ৬/৭টি ব্লকের সাধারণ মানুষরা জলনিকাশির সমস্যার হাত থেকে রেহাই পাবেন না। এটা ঠিকমতোন কার্যকর না হলে ঐ এলাকার মানুষের দুর্দশার অন্ত থাকবে না। মেগাসিটি প্রকল্পের মধ্যে বড় মাস্টার প্ল্যান করার জন্য কেন্দ্রের কাছ থেকে অর্থ আদায় করার চেষ্টা করতে হবে। কেন্দ্র যদি সেই টাকা না দেয় তাহলে সাধারণ মানুষের সাহায্য নিয়ে এগিয়ে যেতে হবে। এই অঞ্চলটা বারবার বৃষ্টির জলে ডুবে যায়। এই অঞ্চলটি উদ্বাস্তু প্রধান অঞ্চল এবং কলোনি অঞ্চল। এখানে বিভিন্ন জায়গার মাটি ভরাট করে বিভিন্ন লোক বাড়ি করেছে। কাজেই আমি বলব, সামগ্রিকভাবে ঐ এলাকাটির উন্নয়নের জন্য একটি মাস্টার প্ল্যান করা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে গঙ্গার দুধার জুড়ে যে প্রাচীন শহর গড়ে উঠেছিল সেখানে পরিত্যক্ত অবস্থায় বহু বাড়ি পড়ে আছে। এক সময়ের যৌথ পরিবারের সেই বাড়িগুলি আজকে যৌথ পরিবার ভেঙ্গে যাওয়ার ফলে মেনটেন হচ্ছে না ফলে সেগুলি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। অনেক অসহায় বিধবাও এই রকম বাড়ি নিয়ে সমস্যার মধ্যে আছেন। এখন এইসব পুরানো বাড়ি প্রাইভেট প্রোমোটাররা নেবার জন্য নানান রকমের প্রলোভন তাদের দেখাচ্ছে। ডিপার্টমেন্টের পক্ষ থেকে যদি এইসব পরিত্যক্ত বা জরাজীর্ণ বাড়িগুলি নেবার ব্যবস্থা মাননীয় মন্ত্রী মহাশয়, করতে পারেন তাহলে এখানে আবাসনের সুযোগ সৃষ্টি হতে পারে। সঙ্গে সঙ্গে ঐসব দুস্থ পরিবারগুলি অসহায় অবস্থা থেকে মুক্তি পেতে পারে। আপনি বস্তি উন্নয়নের কথা বলেছেন। এ ক্ষেত্রে আমার অনুরোধ, বস্তি উন্নয়নের সঙ্গে সঙ্গে ব্যারাকপুর মহকুমার উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়নের ব্যাপারটাও

আপনাকে দেখতে হবে এবং সেটাকে এর সঙ্গে যুক্ত করতে হবে একমাত্র আর আর ডিপার্টমেন্টের উপর উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়নের ব্যাপারটা ছেড়ে না দিয়ে আপনার ডিপার্টমেন্টের সঙ্গেও এগুলির উন্নয়নের ব্যাপারটা যুক্ত করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। তা না হলে উদ্বাস্তু কলোনিগুলির সঠিকভাবে উন্নয়ন হবে না। আর আর ডিপার্টমেন্ট নিশ্চয় চেষ্টা করেন, সি এম ডি এ ও এক্ষেত্রে কাজ করেন কিন্তু এ ক্ষেত্রে কিছু আর্থিক দায়দায়িত্ব যদি আপনি নিতে পারেন তাহলে ভাল হয়। এরপরে ফায়ার সার্ভিস সম্পর্কে দু একটি কথা বলতে চাই। আমাদের বরানগরে ২।। লক্ষ লোকের বাস। এটা খুব প্রাচীন শহর, কলকাতা শহরেরও চেয়েও প্রাচীন। এখানে অনেক কলকারখানা আছে। বরানগরে একটা ফায়ার সার্ভিস স্টেশন করতে পারেন কিনা সেটা দেখবেন। শেষে আর একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করব। আমাদের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের সঙ্গে, আমাদের পৌরসভার উন্নয়নের স্বার্থে

[3-20 — 3-30 P.M.]

আমাদের এম এল এ-দের কিভাবে যুক্ত করা যায় সেটা আপনি দেখবেন। আপনি জানেন যে, আজকে পঞ্চায়েত বলুন, আর পৌরসভাই বলুন, আমাদের যে পরিকাঠামো আছে, সেই পরিকাঠামোতে এম এল এ-দের ভূমিকা খুবই কম। সুতরাং উন্নয়ন মূলক কাজে এম এল এ-দের ভূমিকা আরও কার্যকর করা যায় কিনা সেটা দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। আমাদের বরানগরে অনেকদিন থেকে বহু কলকারখানা বন্ধ হয়ে আছে। এর কোনওটা ১০ বছর, কোনওটা ১২ বছর, কোনওটা ১৫ বছর ধরে বন্ধ আছে। এই কলকারখানার বিরাট সম্পদ আছে। এই জমিগুলি নেবার চেষ্টা করুন। এই জমিতে প্রোমোটাররা এসে নিজেদের কালো টাকা ইনভেস্ট করে ফ্ল্যাট তৈরি করছে যেগুলি গরিব মানুষের নাগালের বাইরে। এরা ফ্ল্যাট তৈরি করে বিক্রয় করছে। আপনি এই বন্ধ কলকারখানার জমিগুলি অধিগ্রহণ করুন, এটা করলে আপনি অনেক জমি পাবেন। নগরোন্নয়নের চাহিদা যেভাবে বাড়ছে, এতে আপনি অনেক আবাসন তৈরি করতে পারবেন। আজকে এইসব কারখানার মালিকরা শ্রমিকদের শোষণ করে, তাদের পি এফ-এর টাকা না দিয়ে সেই টাকা ইনভেস্ট করে মুনাফা করছে এবং এই জমিগুলি আটকে রেখে দিয়েছে। এতে সমাজের উন্নয়ন হতে পারে। আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

এরপরে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, শহরাঞ্চল, পৌর অঞ্চল এবং তার পাশাপাশি আজকে আমাদের গ্রামাঞ্চলে সাধারণ মানুষের অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে নগর উন্নয়নের চাহিদাও বাড়ছে। আমার কনস্টিটিউশনের মধ্যে যে গোড়ুই মাঠকল রবীন্দ্র নগর গ্রাম পঞ্চায়েত আছে, এটাকে পৌরসভার সঙ্গে যুক্ত করার জন্য চিন্তা-ভাবনা করার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি। এর একদিকে বরানগর মিউনিসিপ্যালিটি, আর একদিকে দমদম ক্যান্টনমেন্ট সাউথ-এর মাঝখানে যে জায়গাটা, সেটাকে পৌরসভার সঙ্গে যুক্ত করুন যাতে নগর উন্নয়নের সমস্ত সুবিধা ওখানকার মানুষ পায়। এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন করে, বিরোধীদের ছাটাই প্রস্তাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে, আমাদের দলের বন্ধুরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন, তার সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মেগাসিটি কলকাতা কলকাতা-মেগাসিটি বলতে মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে চাচ্ছেন সেটা আজও কলকাতাবাসীর কাছে বোধগম্য নয়। আমরা কলকাতাবাসী কিনা সেটাই বোধগম্য হচ্ছে না। আমরা যারা কলকাতায় থাকি, তাদের কাছে কলকাতা শহর একটা অহঙ্কার, কিন্তু সেই কলকাতা দিনের পর দিন পানীয় জল সরবরাহ থেকে আরম্ভ করে রাস্তাঘাট, পয়ঃপ্রণালী, আবর্জনা পরিষ্কার, বস্তি উন্নয়ন—সমস্ত দিক থেকে সম্পূর্ণভাবে ব্যর্থ হচ্ছে। কলকাতা শহর দিনের পর দিন পিছিয়ে যাচ্ছে, বিশেষ করে উত্তর কলকাতা। দক্ষিণ কলকাতা এবং সল্টলেকে কিছু কিছু উন্নয়নমূলক কাজ হলেও উত্তর কলকাতা সবদিক থেকে বঞ্চিত হচ্ছে। সেখানকার মানুষ পানীয় জল পর্যন্ত পাচ্ছেন না। সেখানকার বস্তি এলাকায় গেলে দেখতে পাবেন, দুই-তিন ফুট গর্ত করে সেখান থেকে বালতি করে জল তুলতে হচ্ছে বস্তিবাসীদের। কাশীপুর বিধানসভা

[3-30 — 3-40 P.M.]

কেন্দ্রের ৬,৭,৮,৯ নং বিভিন্ন ওয়ার্ডের একই অবস্থা। ৬নং ওয়ার্ডে যদি যান, সেটা কলকাতার কোনও ওয়ার্ড কিনা সেটা বিশ্বাস করতে চাইবেন না। ঐ ওয়ার্ডে এখনও সব খোলা ড্রেন, আন্ডার গ্রাউন্ড সোয়ারেজের পর্যন্ত ব্যবস্থা নেই, এখনও সেখানে খাটা পায়খানা, রাস্তাঘাটও হচ্ছে না, অথচ কলকাতার জন্য মেগাসিটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজেই আমি মনে করি, কাশিপুর বিধানসভা কেন্দ্রের ৬নং ওয়ার্ডের উন্নয়নের বিশেষ অগ্রাধিকার দেওয়া দরকার। ঐ ওয়ার্ডের মানুষ যাতে পৌর সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত না হন তারজন্য দৃষ্টি দিতে আমি বিশেষভাবে অনুরোধ করছি। ঐ ওয়ার্ডে সামান্য বৃষ্টি হলেই এক হাঁটুর উপর জল জমে যাচ্ছে এবং তারফলে মানুষজনকে দুর্ভোগ ভুগতে হচ্ছে। করিমবক্স হাউসিং এস্টেট—সেখানে বর্ষাকালে মানুষজন জলবন্দী হয়ে থাকেন। সেখানে কাঁচা ড্রেন থাকায় মানুষজনের চরম দুরবস্থা। সামান্য বৃষ্টি হলেই সেখানে দুই-তিনদিন জল আটকে থাকে যারফলে সেখানকার মানুষজন বিপর্যস্ত। কিন্তু পুরসভা সেদিকে নজর পর্যন্ত দিচ্ছে না। সেখানে শ্যাম পার্ক এবং নরেন দেব পার্ক বলে যে দুটি পার্ক ছিল, মেট্রো রেল তাদের কাজের জন্য পার্ক দুটিকে ব্যবহার করেছিল। মেট্রো রেল কলকাতার যেসব পার্ক দরকারে ব্যবহার করেছিল, সেসব পার্কের সবুজ তারা ফিরিয়ে দিয়েছে, উন্নয়ন ঘটিয়েছে, কিন্তু আজও শ্যাম পার্ক এবং নরেন দেব পার্কের জন্য তারা কিছুই করেনি। ঐ দুটি পার্কে তারা মিকসিং প্ল্যান্ট বসিয়েছে এবং তারফলে সেখানকার মানুষজন দুঃসহ অবস্থার মধ্যে পড়েছেন। ঐ প্ল্যান্টের কারণে সেখানকার মানুষজন তাদের বাড়ির দরজা-জানালা পর্যন্ত খুলে রাখতে পারছেন না। মানুষজন ক্যানসার, টি বি ইত্যাদিতে আক্রান্ত হচ্ছেন। তারফলে সেখানকার মানুষদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। কিন্তু পুরসভা এবং সরকার এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। এই সরকারই আবার পরিবেশ দূষণের বিরুদ্ধে কথা বলেন! মেট্রো রেল এই দূষণ রোধে কলকাতা পুরসভার পক্ষ থেকে যেমন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। কতকগুলি রাস্তা রয়েছে কলকাতায়, কোথায় কলকাতা কর্পোরেশনের রাস্তা কোথায় পোর্ট কমিশনের রাস্তা, কোথায় ইরিগেশন ডিপার্টমেন্টের রাস্তা। ইরিগেশন ডিপার্টমেন্টের রাস্তা হলে পোর্ট কমিশন বলবে

আমার রাস্তা নয়, পোর্ট কমিশনের রাস্তা হলে পৌরসভা বলবে আমার রাস্তা নয়। এই ভাবে যে যার দায়িত্ব এড়িয়ে যায়। যেখান দিয়ে ট্রাম লাইন চলছে, বাগবাজার থেকে ডালহৌসি স্কোয়ার এই ট্রাম লাইনের রাস্তাটি খুব খারাপ অবস্থা। গ্যালিফ স্ট্রিট, প্রাণকৃষ্ণ মুখার্জি রোড, গোপাল মুখার্জি রোড, লকগেট রোড, ঘোষ বাগান রোড এবং কাশীপুর রোড, এই রাস্তা গুলিতে যদি মাননীয় মন্ত্রী মহাশয় যান তাহলে দেখতে পাবেন যে কি বেহাল অবস্থা সেই রাস্তা গুলির। এক হাঁটু জল জমে সেই রাস্তাগুলিতে, মানুষ চলাচল করতে পারে না, যানবাহন চলাচল করতে পারে না। সারা কলকাতা তো এখন পুঁতিগন্ধময় হয়ে উঠেছে। চারিদিকে জঞ্জালে ভর্তি, পরিষ্কার হয় না। তার উপর পৌরসভা একটার পর একটা ট্যাক্স চাপিয়ে যাচ্ছে। জল কর দিতে হবে, জঞ্জাল কর দিতে হবে, পুলিশের লাইসেন্সের জন্য কর দিতে হবে, হেলথ লাইসেন্স-এর জন্য কর দিতে হবে। এই যে একটা হয়রানি, এই হয়রানি বন্ধ করতে হয় তাহলে একটা সমন্বয়ের দরকার আছে। একটা ক্ষুদ্র ব্যবসায়ী যার চায়ের দোকান, সামান্য একটা রেস্টুরেন্ট আছে তার উপর একটার পর একটা কর চাপানো হচ্ছে। একজন সামান্য ব্যবসা করবে তার ট্রেড লাইসেন্স পাওয়ার জন্য একবার পুলিশের কাছে লাইসেন্সের জন্য যেতে হবে একবার কর্পোরেশনের কাছে যেতে হবে। তাকে নানা হয়রানির মধ্যে পড়তে হবে। তার উপর জঞ্জাল কর আছে, হেলথ লাইসেন্স আছে এবং তার উপর জল কর আছে। আজকে মানুষকে একটা দুর্বিসহ যন্ত্রণার মধ্যে ঠেলে দিয়েছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই সব বিষয় নিয়ে চিন্তা-ভাবনা করে মানুষকে যাতে যন্ত্রণার হাত থেকে রেহাই দেওয়া যায় তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। কলকাতা মহানগরীর বুকে একটার পর একটা বড় বাড়ি তৈরি হয়েছে। এখানে তো একটা প্রেমোটার রাজ কায়েম হয়েছে। এই প্রোমোটারদের সাথে সরকার পক্ষের রাজনৈতিক দলের একটা বন্দোবস্ত রয়েছে। যার ফলে আমরা দেখতে পাচ্ছি একটার পর একটা বাড়ি ভেঙে পড়ছে। স্যার আপনি জানেন পৌরসভা এলাকাগুলিতে অগ্নি প্রতিরোধের আইন আছে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই এই যে অগ্নি প্রতিরোধের আইন রয়েছে এই আইন একটা বাড়িও মানে? তাদের তার কোনও সার্টিফিকেট নেই। আমি মনে করি কলিকাতা মহানগরীতে বেশির ভাগ বাড়িগুলি এই আইনের তোয়াক্কাই করে না। সরকার একটার পর একটা আইন করে যাচ্ছে কিন্তু সেই আইন কার্যকর করা হচ্ছে না। আইন একটা প্রহশনে পরিণত হয়েছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত বিধানসভায় তৎকালীন মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় বলেছিলেন—আমরা সংবাদপত্রে পড়েছিলাম—পার্ক প্লাজা, ভিক্টোরিয়া প্লাজা এবং বর্ধন মার্কেট এবং আরও কয়েকটি জায়গায় কথা বলেছিলেন যে বাড়িগুলি বেআইনি ভাবে তৈরি হয়েছে, এবং এই গুলিকে ভেঙে দেওয়া হবে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে রয়েছে বর্তমানে যিনি এর দায়িত্বে রয়েছে তিনি বলুন এই সমস্ত ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? আজ পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি অবিলম্বে এই ব্যাপারে যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়। কর্পোরেশনের প্রাইমারি স্কুল বাড়িগুলির কি দুরবস্থা! মাননীয় মন্ত্রী মহাশয় যদি যান তাহলে দেখবেন কাশীপুর এলাকায় এবং অন্য এলাকায় যে সমস্ত স্কুলগুলি রয়েছে সেখানে ফ্যান নেই, বিদ্যুৎ নেই, শিক্ষার কোনও পরিবেশ নেই,

ছাত্রদের পড়াশোনার কোনও সুযোগ নেই। তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব পৌরসভা পরিচালিত স্কুলগুলির ব্যাপারে যথাযথ ব্যবস্থা নিন। উল্টোডাঙ্গা রেল স্টেশনের মুখে শোভাবাজার থেকে উল্টোডাঙ্গা হয়ে ভি আই পি রোডে আসছে, এটা একটা একমুখো রাস্তা। এই রাস্তাটা ঘন্টার পর ঘন্টা জ্যাম থাকে। এই রাস্তাটি দু-মুখো হওয়ার পরিকল্পনা হয়ে গেছে। কিন্তু আজ পর্যন্ত কোনও কিছু হচ্ছে না।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমাদের তরুণ পৌরমন্ত্রী তার সীমিত অর্থে, কিছু ঋণ, কিছু আর্থিক সহায়তাকে মূলধন করে নাগরিক স্বাচ্ছন্দ সংরক্ষণ এবং তার বিকাশের জন্য যে পূর্ণাঙ্গ পরিকল্পনা আমাদের কাছে এই ব্যয় বরাদ্দের মাধ্যমে উপস্থাপিত করেছেন, তারজন্য তাকে সাধুবাদ জানাচ্ছি। তার প্রস্তাবিত ব্যয় বরাদ্দকে পূর্ণাঙ্গ সমর্থন জানাচ্ছি এবং আমাদের মাননীয় বিরোধী সদস্যদের আনা যে ছাঁটাই প্রস্তাব, তার

[3-40 — 3-50 P.M.]

বিরোধিতা করছি। আমরা জানি, আমাদের কলকাতা এবং হাওড়া, আমাদের দুই চোখের মণি, আমাদের হৃদস্পন্দন, আমাদের কলিজা। তার সর্বাঙ্গীন উন্নতির উপরে নির্ভর করে সারা পশ্চিমবাংলার অগ্রগতি। সেই এলাকার নাগরিক স্বাচ্ছন্দ বিধানের জন্য মাননীয় মন্ত্রী তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে সাধ্যমতো কিছু চেষ্টা করেছেন, কিছু প্রয়াস নিয়েছেন। কিন্তু এই প্রয়াস সত্ত্বেও যারা কলকাতায় না থাকলেও কমবেশি কলকাতার সঙ্গে যুক্ত, সেখানেও অনেক মানুষ আছেন, তাদেরও জলকষ্ট আছে, আছে পথ-সমস্যা, আছে বস্তি সমস্যা। আমরা জানি, আবর্জনার স্তূপ এখানে হয়, যারজন্য পরিকল্পনা নিয়েছেন। আমরা জানি এখানকার মানুষের আরও যেসব নাগরিক পরিষেবা প্রয়োজন সেগুলো আমরা দিতে পারিনি। কিন্তু আমাদের চেষ্টার অভাব নেই, সততার অভাব নেই, আমাদের আন্তরিকতার অভাব নেই। কিন্তু আমি বলব, বাংলা মায়ের যমজ সন্তান, বাংলার নোঙা রাঙা সন্তান, তাদের দিকে তাকান। তাদের মধ্যে আছে ঘাটালে জীবনপুর, বিদ্যাসাগরের জন্মভূমি, আছে ক্ষুদিরামের মেদিনীপুর, মাতঙ্গিনীর তমলুক, আছে ঋষি বঙ্কিমের জন্মভূমি। এইসব মানুষেরও প্রাণ আছে, হৃদয় আছে। তাদেরও জলকষ্টে গলা শুকিয়ে যায়। তাদের পথগুলি অত্যন্ত খারাপ। সেখানকার মানুষের বিদ্যুতের নানা সমস্যা আছে। সেইসবগুলি আমাদের দেখা দরকার। আমরা যদি তাদের আরও একটু উদার সাহায্য, আরও অকৃপন সাহায্য করতে পারি, তাহলে পশ্চিমবাংলার মানুষ শুধু দুহাত ভরে বামফ্রন্টকে সমর্থন জানাবে না, বামফ্রন্টের প্রতি তাদের আস্থা আরও দৃঢ় হবে। আমি বলি, 'স্বরাজ ইজ মাই বার্থ রাইট অ্যান্ড আই স্যাল হ্যাভ ইট।' আমাদের মহামতি তিলকের সেই কথা কিন্তু আজ আমরা দেখছি, সেই স্বরাজ এবং সায়ত্ব শাসনের নামে তথাকথিত অজুহাত দেখিয়ে বহরমপুর এবং কৃষ্ণনগর পৌরসভায় খেয়াল খুশিমতো ক্যাজুয়াল ওয়ার্কারদের নিয়োগ করছেন। জানিনা, এর দ্বারা জনস্বার্থ কিভাবে রক্ষিত হচ্ছে। তাদের দায়িত্ব চাপছে রাজ্য সরকারের উপরে। আমার মনে হয়, সেইভাবে খেয়াল খুশিমতো নিয়োগের ফলে আমাদের পরিকল্পনার যে টাকা, সেই টাকা খরচ হয়ে যাচ্ছে। এর ফলে নাগরিকদের যে স্বাচ্ছন্দ পাওয়ার কথা তা তারা পাচ্ছেন না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের

কাছে আবেদন করব যাতে এইরকম খেয়াল খুশিমতো আচরণ অন্যরা না করতে পারেন তা যেন তিনি দেখেন। আমার একটি কথা মনে পড়ে যায়, 'দাও ফিরায়ে সেই অরন্য, লহ এ নগর।' এই নগর এবং নাগরিক স্বাচ্ছন্দের নামে আমরা নিজেদের সর্বনাশ করছি সবুজায়নের দিকে। আমরা জলাভুমিকে ভরিয়ে দিচ্ছি। আমাদের উদারতার সুযোগ নিয়ে লিজ হোল্ডাররা জমি হস্তান্তর করছে। আর সেই হস্তান্তরিত জমিতে প্রোমোটররা বাড়ি বানাচ্ছে। আমরা প্রতিকারের আশা নিয়ে, একটার পর একটা আশা নিয়ে বেঁচে আছি। আমাদের সর্বনাশ আমাদের মধ্যে এইভাবেই নেমে আসে মৃত্যু। আমি তাই আবেদন জানাব এই কলকাতা এবং হাওড়া সুবজে ভরে উঠুক এবং জলা জমিগুলোর সংরক্ষণের আবেদন জানিয়ে লিজ এর ব্যাপারে উদারতা দেখানোর মধ্যে দিয়ে কি কিছুটা কঠোর এবং সতর্ক থেকে অভয় প্রদানের মধ্যে দিয়ে অন্যান্য বিপদে প্ররোচিত হবেন না। আজকে আমরা দেখছি কাঁথি পৌরসভাগুলো, মেদিনীপুর পৌরসভাগুলো খেয়াল খুশিমতো ডি-লিমিটেশন করছে। আমি নবীন বিধায়ক, ডি-লিমিটেশনের কোনও নীতি আছে কিনা, সেখানে ডি-লিমিটেশনের লক্ষ্য বা দৃষ্টিভঙ্গি জনস্বার্থের উপযোগীর, না কোনও সংকীর্ণ চিন্তাধারার এই আবেদন আমি জানাবো। আমি আপনার কাছে একটা খাড়াপের অর্ডার চাই যাতে না কাঁথি পৌরসভার মতো কেঁচে গন্ডুস অবস্থা হয় এবং সেই আবেদনই আমি আপনার কাছে জানাচ্ছি। আমরা জানি আমরা প্রকৃতির সন্তান, প্রকৃতির থেকে নেওয়া তৃষ্ণার অফুরন্ত জল, বুক ভরা বাতাস নিয়ে আমরা বাঁচতে চাই, কিন্তু সেই তৃষ্ণার জল যেন পর্যাপ্ত হয় সেটা একটু গুরুত্ব দিয়ে দেখবেন। আমি আরেকটা আবেদন করব আমরা বাংলা মায়ের শান্তিপ্রিয় শান্ত ছেলে, আমরা অস্ত্র ধরতে জানিনা, অস্ত্র ধরতে শিখিনি। আমরা পাঁশকুড়ার বাঙালি মায়ের শান্তিপ্রিয় শান্ত ছেলে, এই গোলাকৃতি শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে গত ২০ বছর ধরে ধনিত হয়েছে, প্রতিধনিত হয়েছে আমি জানি না তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের কর্ণগোচরে ঢুকছে কিনা। আমার এলাকার প্রাক্তন বিধায়ক, এম আই সি ডাঃ ওমর আলির কিছু করসপনডিং লেটার আমার কাছে আছে, তাতে আমাদের মন্ত্রিসভা আশ্বাস দিয়েছিলেন যে, পাঁশকুড়াকে কাঁথির ন্যায় পৌরসভা করা হবে। কিন্তু শেষ পর্যন্ত তাদের হতাশ হতে হয়েছে। আমরা পাঁশকুড়ার জনসাধারণ বামফ্রন্টের সঙ্গে নানাভাবে সহযোগিতা করেছি, নির্বাচনের সময়ে তার পাশে দাঁড়িয়েছে এবং সুখের দিনে, দুঃখের দিনে তার পাশে এসে দাঁড়িয়েছে। এবং ভবিষ্যতেও এসে দাঁড়াবে। তাই পাঁশকুড়ার জনগণের ক্রন্দন আজকে প্রতিধ্বনিত হচ্ছে, তা কি মাননীয় পৌরমন্ত্রীর কর্ণগোচরে পৌছচ্ছে না? সেই কারণে আমার অনুরোধ আপনি একটু সহৃদয় হোন, এবং পাঁশকুড়া বাসীর ইচ্ছা পূরণ করুন তাহলে আপনি এদের বুকভরা আশীর্বাদ পাবেন। এবং আপনাকে তারা প্রচুর শুভাশীষ জানাবে। আশা করি এই কাজ অগামীদিনে সফল হবে এই প্রয়াস রেখে আমি আমার শেষ আবেদন রাখছি। আমি এই বাজেটের বইয়ে কালো হরপের বন্ধনীর সম্বন্ধে বলতে চাই। সেখানে যেখানে যেখানে কালো হরফে লেখা সেক্ষেত্রে যে মনে হয় একটু উপেক্ষা করা হয়েছে এবং আমি নতুন হলেও বলব যে এগুলোকে যেন অবহেলা করা হয়েছে। আর যেগুলো লাল অক্ষরের প্রস্তাব সেগুলোকে বেশি মূল্য দেওয়া হয়েছে। এইকথা বলে আমাদের মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে বিরোধীরা নামেই বিরোধিতা করছেন। আপনারা কেন্দ্রের কথা বলছেন আর কেন্দ্রের জয়গানের দাবি করলেও আপনারা ১৯ বছরে নির্বাচন করেন নি, তাই আমি এর তীব্র বিরোধিতা করছি এবং আমার

বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলকান্তি গুহঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই ব্যয় বরাদ্দের উপরে একটা প্রতারণা এবং বঞ্চনার কথা এই হাউসে রাখতে চাই। দেশ বিভাগের পরে লক্ষ লক্ষ মানুষ ওপার থেকে আমাদের এই দেশে এসেছে। বিশেষ করে উত্তরবঙ্গে এইসব মানুষেরা আসে, তাদের বঞ্চনা করেছেন, সে সময়ে প্রশাসনের কোনও পরিকল্পনা ছিল না, পৌরসভাগুলোর পরিকাঠামো ছিল না। ফলে ওরা আসছেন নিজেদের পুনর্বাসনের ব্যবস্থায়, নিজেদের ক্ষমতা অনুসারে করে নিচ্ছেন, ফলে উত্তরবঙ্গের ছোট ছোট শহর, জেলা শহর সবগুলি মানুষের ভারে পীড়িত হয়ে পড়েছে। কিন্তু সেই জনস্রোত থেমে থাকেনি, আজও গ্রাম থেকে হাজার হাজার মানুষ জীবিকার জন্য বেঁচে থাকবার জন্য এইসব পৌরসভা এলাকায় এসে তারা মাথা গুঁজে কোনও মতে বেঁচে আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সমস্ত মানুষ তাদের দুইবেলা অন্ন জুটছে না, তাদের প্রতি মুহূর্তে জীবিকার চিন্তা করতে হয়, ফলে তারা নিজেদের বাসস্থান, নিজেদের পরিবেশ সুন্দর করবার চিন্তা ভাবনা তাদের মাথায় থাকছে

[3-50 — 4-00 P.M.]

না। ফলে এই সব ছোট ছোট শহরগুলি, উত্তরবঙ্গের শহরগুলি ভারাক্রান্ত হয়ে উঠছে, সেখানে রাস্তাঘাট এইসব মানুষগুলি দখল করে নিচ্ছেন, বাধ্য হয়ে এর ফলে রাস্তাঘাট চলাচলের অযোগ্য হয়ে গেছে, জল নিষ্কাশন ব্যবস্থা নষ্ট হয়ে গেছে। সোয়ারেজ ব্যবস্থা নষ্ট হয়ে গেছে। উত্তরবঙ্গের গ্রামাঞ্চলে সেচের ব্যবস্থা নেই, শিল্পের ব্যবস্থা নেই, প্রতিদিন তাই বেকার শ্রমিক, বেকার মানুষ দরিদ্র মানুষ শহরে ছুটে আসছে। এদের ব্যবস্থা না করে আপনি আজকে যে উত্তরবঙ্গ নগর উন্নয়নের কথা বলেছেন, এটা ধাপ্পা দেওয়া আর কিছু নয়। এদের কিভাবে তাদের গ্রাম এলাকায়, তাদের জীবিকার ব্যবস্থা করা যায় সরকারকে তা ভাবতে হবে। আপনি কিছু ওয়ান ওয়ে রাস্তা করলেন, মহানন্দা ব্রিজ করলেন, স্টেডিয়াম করলেন, কিছু মাঠ করলেন শিলিগুড়ি শহরে, কিন্তু আগামী ১০ বছরে দেখবেন, সেই মহানন্দা ব্রিজ মানুষ মাথা গোঁজবার জন্য দখল করে নিয়েছেন। ওয়ান ওয়েগুলি ওয়ান ওয়ে থাকেব না, পার্কগুলি আর পার্ক থাকবে না, এইসব মানুষগুলি সেখানে দখল করে নেবে। এইসব মানুষদের বসবাসের ব্যবস্থা করছেন না, সেইজন্য আজকে উত্তরবঙ্গে আওয়াজ উঠেছে, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ চাই। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ এর দাবি আজকে কেউ প্রকাশ্যে বলছেন, কেউ দলমত নির্বিশেষে বলছেন, আবার কেউ প্রকাশ্যে বলতে পারছেন না, ভেতরে ভেতরে সমর্থন করছেন। সেই ক্ষোভকে চাপা দেবার জন্য আপনি প্রথমে বললেন, আপনার প্রথম যে বিবৃতিটা বেরিয়েছিল উত্তরবঙ্গ উন্নয়নের জন্য একটা বোর্ড করবেন, তারপর বললেন উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ করব, মানুষ খুশি হল বামফ্রন্ট সরকার বোধহয় তাদের এতদিনের যে দাবি সেটা উপলব্ধি করতে পেরেছেন, পরে আপনি সেই অশ্বত্থামা হত, ইতি গজর মতো নগর কথাটা জুড়ে দিলেন, বললেন শুধু নগরের উন্নয়ন করবেন। আপনি একটা সার্বিক পরিকল্পনা নিয়ে উত্তরবঙ্গ নগর উন্নয়ন পর্ষদ করবেন, কিন্তু এই উত্তরবঙ্গ নগর উন্নয়ন পর্ষদ আপনি এটা কি উদ্দেশ্য নিয়ে বলছেন আমি বুঝতে পারলাম না। যদি আপনার অশুভ উদ্দেশ্য না থাকে, মানুষের এই দাবিকে যদি বিভ্রান্ত করবার চেষ্টা না থাকে যদি আন্তরিকতা

থাকে তাহলে শুধু উত্তরবঙ্গ নগর উন্নয়ন পর্ষদ করে আপনার সেই সাফল্য আসবে না। তাই এখানে আগে আপনাকে চিন্তা করতে হবে, বামফ্রন্ট সরকারকে চিন্তা করতে হবে, উত্তরবঙ্গে অর্থনীতিকে যদি আজকে চাঙ্গা করতে হয়, উত্তরবঙ্গকে যদি মানুষের বসবাসের যোগ্য করতে হয়, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ করতে হবে। সেখানকার সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ঘটিয়ে আপনি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গড়ে তুলুন। কিন্তু আপনি তা না করে, গোড়া কেটে আগায় জল ঢালবার ভ্রান্তনীতি গ্রহণ করেছেন। আপনার কাছে আমার অনুরোধ আপনি সি এম ডি এর ধাঁচে উত্তরবঙ্গ নগর উন্নয়ন পর্ষদ করতে যাচ্ছেন এই ব্যাপারে আপনাকে চিন্তা করতে হবে। আপনি উৎসাহী, আপনার কর্মকুশলতা সম্বন্ধে আমাদের সংশয় ছিল না। আমরা খুশি হয়েছিলাম উত্তরবঙ্গের বুকে আপনার মতো একজন তরুণ রাজনৈতিক কর্মীকে পেয়েছি। আপনার কাঁধে বন্দুক রেখে এই বামফ্রন্ট সরকার আপনাকে দিয়ে কতগুলো খারাপ কাজ করাচ্ছেন। আপনাকে দিয়ে ঘোষণা করানো হল জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ হবে না। কিন্তু এই ঘোষণা করার কথা ছিল মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর। আপনাকে দিয়ে ঘোষণা করে আপনাকে আজকে ধিক্কারের পাত্র করে দিয়েছে। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ চাপা দিয়ে উত্তরবঙ্গ নগর উন্নয়ন পর্ষদ করবেন এই কথা আপনাকে দিয়ে আবার বলানো হচ্ছে। আপনি সি এম ডি-র ধাঁচে উত্তরবঙ্গ উন্নয়ন-এর জন্য একটা পরিকল্পনা নিন, সেখানকার মানুষের সার্বিক উন্নয়নের চিন্তা করুন। কিন্তু আপনি তা না করে তাদের বিভ্রান্ত করবার চেষ্টা করছেন, এই পথ আপনি পরিহার করুন, আপনার এই ঘোষণাকে ধিক্কার জানাই। আপনি নগরোন্নয়নের দায়িত্বে আছেন, আপনি কাজ করুন, আমাদের সহযোগিতা পাবেন। কিন্তু গোটা উত্তরবঙ্গের উন্নয়নের বিষয়টাকে নগরোন্নয়ন পর্ষদ নিয়ে যেতে চাইছেন এটা সঠিক সিদ্ধান্ত নয়। আপনার এই বাজেটের আমি তীব্র বিরোধিতা করছি।

**শ্রী মদনমোহন নাথ ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকে পৌরমন্ত্রী পৌর উন্নয়ন বিষয়ক কর্মসূচি প্রকল্পের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি করেছেন আমি সেই দাবি সমর্থন করে এবং বিরোধীদের আনীত সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার দু-চারটি কথা এখানে রাখছি। বিরোধীরা বললেন কোনও উন্নয়নমূলক কাজ হয়নি। কিন্তু সারা দেশের কি অবস্থা। আবার একজন বললেন যদি কিছু হয়েও থাকে তাহলে সেটা কেন্দ্রীয় সরকারের টাকায় হয়েছে। স্বীকার করার ব্যাপারটা করা হয়েছে। আর উন্নয়ন মূলক কাজ সম্বন্ধে বলা হচ্ছে যে কাজ হয় নি। সমস্ত কাজের মধ্যে যে একটা বিপুল কর্মকান্ড চলছে তাতে কোথাও কোথাও বলা হয়েছে যে সব উন্নয়ন মূলক কাজ শেষ করে ফেলা হয়েছে। কাজের গতির সম্বন্ধে একটা তুলনা মূলক আলোচনা নির্মলবাবু করেছেন যে দেশ স্বাধীন হওয়ার পরে ৩০ বছর ধরে পুরসভা গুলো মোটামুটিভাবে বিরোধীদলের যারা সমালোচনা করেছেন, তাদের হাতেই ছিল। আর তার পর ১৯ বছরে ৭৭-এর পর থেকে ফ্রন্টের হাতে আছে এবং সেখানে ফ্রন্টের পুরসভাগুলো যে কাজ করেছে দুটোর মধ্যে যদি তুলনা করা যায় তাহলে সেই পার্থক্যটা কোথায় দাঁড়ায় সেইটা দাঁড় করিয়ে বলুন ১৯ বছরে সারা রাজ্যে যে কর্মকান্ড হয়েছে তার পরিমাণটা কি? এই ১৯ বছরে কাজের যে গতি দেখানো হয়েছে সেইটা কত এবং এটা সেই কারণে আমরা বলছি যে পুর উন্নয়ন এবং কর্ম প্রকল্প যা নেওয়া হয়েছে তা সমর্থন করে আমার কথা গুলো বলছি। আপনাদের কথা যে কথা সবচেয়ে আগে দরকার

ছিল। উন্নয়ন মূলক কাজ করতে গেলে পুরসভায় একটা প্রশাসন, পৌরবোর্ড, প্রশাসনে গণতান্ত্রিক অধিকার মানুষের থাকবে। গণতান্ত্রিকভাবে সেই প্রশাসন চলবে। তাহলেই কেবল সেই পুরসভাগুলে সার্থক ভাবে পুর পরিষেবা দিতে পারবেন। দীর্ঘ ৩০ বছরে ফলটা কোথায়? আর তার হবে ৭৭ সালের ঠিক আগের কথাগুলো বলি সেই সময়ে যেখানে বিরোধী পক্ষরা ছিলেন আজ তারাই সরকার পক্ষ। বিরোধী পক্ষের যে পৌরসভাগুলো ছিল সেই পৌরসভাগুলোকে খারিজ করে দেওয়া হয়েছিল। অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দেওয়া হয়েছিল। ৭৭ সালের পর থেকে পরিবর্তন যেটা হয়েছে সেই পরিবর্তনের পর আপনার কথা যেটা হচ্ছে উন্নয়ন মূলক কাজ, পুর পরিষেবা জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া। জনসাধারণকে যুক্ত করে নির্বাচম প্রক্রিয়াকে নিশ্চিত করা। তো এটা বলা যায় সেই নির্বাচন প্রক্রিয়াকে নিশ্চিত করা হয়েছে। বললেন পূজালিতে জিতেছেন, রায়গঞ্জ জিতেছেন। নির্বাচন প্রক্রিয়াকে যে নিশ্চিত করা হয়েছে তার প্রমান তো এখানে। পুর নির্বাচনে এটা একটা সবচেয়ে বড় পদক্ষেপ। দ্বিতীয় কথা হচ্ছে যে গণতান্ত্রিক অধিকার সম্প্রসারণ করার পর জনসাধারণকে ওই কাজের সঙ্গে যুক্ত করার পর যে কর্মসূচি নেওয়া হয়েছে, সেগুলোয় যদি একটু চোখ

[4-00 — 4-10 P.M.]

বোলাতেন তো বুঝতে পারতেন এই প্রকল্পগুলোর প্রত্যেকটাতেই কতটা অগ্রগতি করা সম্ভব হয়েছে। সি এম ডি এ এবং সি এম ডি এ বহির্ভূত এলাকার প্রকল্পগুলোর কথা বলি। সি এম ডি এ এলাকায় অন্তর্ভুক্ত যে পুরসভাগুলো তার প্রত্যেকটিতে মৌল পুর পরিষেবা অগ্রাধিকার সহ যদি আমরা আলোচনার মধ্যে আনি তাহলে জল সররবাহ তার পর ড্রেন রাস্তাঘাট ইত্যাদি বস্তি উন্নয়ন খাটা পায়খানা অপসারণে এই কয়টা হয়ে গেছে। দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়ে গেছে যে গতিতে তাতে বলতে পারি, উত্তর ব্যারাকপুরের হিসাব বলতে পারি। উত্তর ব্যারাকপুর, টিটাগড় পুরসভা অনেকখানি অগ্রসর হয়েছে। হিসাবগুলো এখানেই আছে। কলকাতার কি অবস্থা, কেন আছে সেগুলো যা বললেন তার কারণ অনুসন্ধান করলে অন্য কারণ বেরোবে। পৌরসভাগুলোর অনেক অগ্রগতি হয়েছে। নতুন পৌরসভা সমস্ত হয়ে গেছে সেই দৃষ্টান্ত এখানে নাম করে বলা যায়। দ্বিতীয়ত রাস্তাঘাট নির্মাণ ও জলের জন্য একটা প্রকল্প নেওয়া হয়েছে। জলের জন্য সবচেয়ে অগ্রাধিকার দেওয়া হয়েছে। সেই প্রকল্পে—সমস্ত পৌরসভা সি এম ডি এ অঞ্চলে যে পৌরসভা আছে, সেই পৌরসভার প্রায় সমস্ত মানুষের কাছে পাইপ ওয়াটার সাপ্লাই করা সম্ভব হয়েছে, যেটা ১৯ বছর আগে কোথাও পুরবোর্ড এবং সরকার এব্যাপারে চিন্তা করতেন না। এখন বিশুদ্ধ জল বাড়ির দোর-গোড়ায় পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি সি এম ডি এ এলাকার যে সব পৌরসভা আছে সেখানে শতকরা ৬০ থেকে ৮০ ভাগ কাজ সম্পূর্ণ হয়ে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এগুলো তথ্যভিত্তিক। ড্রেন, রাস্তাঘাট ইত্যাদি সম্বন্ধে আমরা—১৯৭৮ সালের কথা জানি কলকাতার আশেপাশের সমস্ত অঞ্চল যখন বন্যায় প্লাবিত হল তখন সেখান থেকে সমস্ত গরিব মানুষকে সিফট করে নিয়ে যেতে হল এবং তাদের জন্য লঙ্গরখানা খুলতে হল। কিন্তু এখন আর সেখানে বন্যার সময় কোনও অসুবিধা হবে না। সেটাও আমি দায়িত্ব নিয়ে বলছি সি এম ডি এ এলাকায় বড় নিকাশি ব্যবস্থা করা হয়েছে। ড্রেন করে জল নিষ্কাশনের ব্যবস্থা করা হয়েছে। তথ্যের মাধ্যমে জানা যায় যে কতটা

করা হয়েছে, আর কতটা করা হয় নি। পুরসভাগুলো, পুরবোর্ডের ক্ষেত্রে ব্যয়বরাদ্দ আরও বৃদ্ধি করতে চেয়েছিল। সঙ্গে সঙ্গে রাজ্য সরকারের সম্মতির কথা মনে রেখে তারা কথা বললেন—সেজন্য ব্যয়বরাদ্দ বৃদ্ধির জন্য রাজ্য সরকার পদক্ষেপ নিয়েছেন। সেই পদক্ষেপকে আপনারা সমর্থন করুন। ফিনান্স কমিশনের সুপারিশ গুলো কার্যকর করার চেষ্টা হচ্ছে। দ্বিতীয়ত ভবতোষ দত্ত ফিনান্স কমিশনের রিপোর্টে পৌরসভাগুলোর আয় বৃদ্ধির জন্য সাজেশন আছে। পৌসভার প্রসার করার জন্য দুটি জিনিসের উপর অগ্রাধিকার দেওয়া দরকার। প্রথমত অর্থসংগ্রহ করা, দ্বিতীয়ত পরিচালনা। অর্থ সংগ্রহের ব্যাপারে যে পদক্ষেপ নেওয়া হয়েছে—যে সব পুরবোর্ড পৌরসভা পরিচালনা করেন, সেখানে তারা যদি মানুষের সহযোগিতা পান, তাহলে পৌরসভার অনেক দ্রুত গতিতে কাজ হবে, এবং সেটাই খানিকটা আমরা দেখেছি যে—সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড—রাজ্য সরকারের পক্ষ থেকে বার বার বলা হয়েছে, এবং তার অনুরোধের ফলে শতকরা ৬০ থেকে ৭০ ভাগ পৌরসভাকে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড দিয়ে মূল্যায়ন করা হয়েছে প্রতি পৌরসভায় দ্বিগুণ আয় বৃদ্ধি করা গেছে। দীর্ঘ ৩০ বছর ধরে যেভাবে পৌরসভাগুলো পরিচালিত হয়েছিল তার ফলে সেখানে পুরবোর্ডের সম্পদ করে যা পাওয়া উচিত ছিল, তার এক চতুর্থাংশও পায় নি। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড এখানে ভ্যালুয়েশন করতে এসেছিলেন—আমরা যে পৌরসভার সঙ্গে যুক্ত তাতে জানি—নীতিগত ভাবে আমাদের সঙ্গে একমত বলেই একবারে তিনগুণ বৃদ্ধি করা উচিত নয়। আমার আশেপাশের সি এম ডি এ, মিউনিসিপ্যালিটি থেকে সংগ্রহ অনেক ভাল হয়েছে। তারা নিজেদের অর্থ সংস্থান থেকে কাজকর্ম করতে পারছে।' এই প্রসঙ্গে মাননীয় পুরমন্ত্রীকে অনুরোধ করব, যখন পৌরসভাগুলিকে অর্থ সংস্থান বৃদ্ধি করার কথা বলছেন, তখন সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে একটু তৎপর হয়ে কাজ করার জন্য বলুন। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কাছে পৌরসভাগুলি আবেদন জানিয়ে রেখেছেন কিন্তু তারা দেরি করছে বলে পৌরসভাগুলি আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। যে কথা নির্মলবাবুও বলেছেন কলকাতার আশেপাশে যেসব সেন্ট্রাল প্রপার্টি আছে, সেখান থেকে সার্ভিস চার্জ আদায়ের ক্ষেত্রে পৌরসভাগুলো তিনভাগের এক ভাগ পায়। এই রেট-টা চেঞ্জ করার জন্য বলা হয়েছে। অন্তত শতকরা ৫০ ভাগ প্রপার্টি ট্যাক্স যেন পৌরসভাগুলি পায়। মাননীয় পুরমন্ত্রীর কাছে আবেদন করছি, এই সার্ভিস চার্জগুলোর রেট ঠিক করা হোক, এবং এইগুলো আদায়ের জন্য রাজ্য সরকার আমাদের সহযোগিতা করুন। আমি একটা পৌরসভার কথা বলছি, যেখানে তারা ওয়ার ফোর্স থেকে সার্ভিস চার্জ নেয়, কিন্তু দুটো বিরাট অর্ডন্যান্স ফ্যাক্টরি আছে, তাদের অনেক বড় রেসিডেন্সিয়াল এরিয়া আছে, তারা সার্ভিস চার্জ দিলে যে পরিমাণ টাকা আদায় হয়, তাতে সেই মিউনিসিপ্যালিটির অবস্থা অনেক স্বচ্ছল হয়ে যায়। কিন্তু তারা নানা অজুহাতে সেটা দেয় না। এছাড়া সি এম ডি এ বহির্ভূত অঞ্চলে যে প্রকল্পগুলো, সেগুলো আই ডি এস এম টি প্রকল্প। সেই প্রকল্পগুলো শৌচাগার নির্মাণ প্রকল্প। দারিদ্র দূরীকরণ প্রকল্প সব পৌরসভাতেই করা হয়েছে। এটা কেন্দ্রীয় সরকার রচনা করেন, অর্থও দেন কেন্দ্রীয় সরকার। এখানে উল্লেখ করা হয়েছে। প্রাক্তন কেন্দ্রীয় সরকার এক তরফা ভাবে যে ১৮টি পৌরাঞ্চল অনুমোদন করে পাঠালেন, তার মধ্যে তিনটি অঞ্চলে কেন্দ্রীয় নিয়মাবলি অনুযায়ীই জনসংখ্যার বিচারে অন্তর্ভুক্ত হতে পারে না। এই ছিল প্রাক্তন কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি। অর্থ তারা পাঠাতেন। কি উদ্দেশ্যে পাঠাতেন এ থেকেই বোঝা যায়। বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে এবং

মাননীয় মন্ত্রী যে কর্মসূচি ও প্রকল্পের জন্য বরাদ্দ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 P.M.]

**শ্রী তাপস রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুরমন্ত্রী এবং নগর উন্নয়ন মন্ত্রীর বিবৃতি এবং ব্যয় বরাদ্দ আমরা দেখলাম, পড়লাম এবং স্বাভাবিক ভাবেই হতাশ হলাম। তিনি বিভিন্ন সংখ্যা দিয়েছেন, আমি সেসব আপনাদের সামনে তুলে ধরব। তাই এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের সদস্যের আনা ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রিমহোদয়, এমন স্যান্ডুইচ হয়ে গেছেন, আজ সকালের কাগজে দেখলাম, পৌর নগরউন্নয়ন মন্ত্রীকে যথেষ্ট মর্যাদা দেওয়া আগে হয়েছিল। কিন্তু আজকে দেখলাম উত্তর ২৪ পরগনার দুই হেভিওয়েট মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মন্ত্রী মাননীয় সুভাষ চক্রবর্তী মহাশয় এবং মাননীয় শ্রী গৌতম দেব মহাশয়ের আক্রমণে উনি রক্তাক্ত। তাই আমি আর বেশি আক্রমণ করব না। ওনার হাত থেকে হুগলি রিভার ব্রিজ, রাজারহাট নিয়ে নেওয়া হয়েছে এবং আজকে এই অবস্থার মধ্যে বসে মন্ত্রীকে বাজেট বিতর্কে অংশ গ্রহণ করতে হচ্ছে এবং দুর্ভাগ্যজনক অবস্থায় তাকে জবাবি ভাষণও দিতে হবে। ওনার মানসিক অবস্থাটা আমি বেশ ফিল করতে পারছি এবং সেই কারণে একজন মাননীয় সদস্যের প্রতি স্বাভাবিক কারণেই করুণা এবং দয়া মায়া হচ্ছে।

স্যার, মাননীয় পুরমন্ত্রী যে বরাদ্দ এনেছেন তার ১৬ নম্বর প্যারায় বলেছেন—"রাস্তা-ঘাটের সংস্কার, জল-নিকাশি ব্যবস্থার প্রসারণ এবং উন্নয়ন, পানীয় জলের সরবরাহ বৃদ্ধি, বস্তি উন্নয়ন, রাস্তার আলোর ব্যবস্থা, জনস্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি মৌ পরিষেবার ক্ষেত্রে আন্তরিক প্রচেষ্টা এবং উল্লেখযোগ্য পরিবর্তন লক্ষ্য করা গেছে"—পুরসভার প্রশাসনকে গতিশীল জনমুখি করতে। ভেরি গুড। এবারে আমরা যদি প্ল্যান এবং নন-প্ল্যান খরচ তুলে ধরি, কি কথা বলা হয়েছে? আবার IDSMT ম্যাচিং গ্রান্টের ব্যাপারে কি হচ্ছে? আমরা আমাদের বরাদ্দ অর্থ থেকে বঞ্চিত হচ্ছি—একথা সদস্যদের জানা দরকার, বলা দরকার। এস্টিমেটেড রয়েছে ১৯৯৪/৯৫ সালে ১ কোটি ৬৪ লক্ষ ২৬ হাজার মতো টাকা বাজেটে। ডিমান্ড ৩৭শে ১৯৯৫-৯৬ সালে ছিল ৩ কোটি ৫ লক্ষ টাকা। আর ১৯৯৫-৯৬ সালের রিভাইজড এস্টিমেট আড়াই কোটি টাকা। একচুয়াল আরও কমে কোথায় এসে দাঁড়াবে? নন-প্ল্যানে আছে ২১২ কোটি ৩১ লক্ষ টাকা। টোটাল ২৬৯ কোটি ৯ লক্ষ টাকা। আর প্ল্যানে ৮৩ কোটি টাকা মতো পাচ্ছে। ৩৭শে যেখানে প্ল্যানে খরচ ৮৪ এবং ২৬ আর ৯০ ডিমান্ড পাচ্ছে ১০৯ স্টেট প্ল্যান, নন-প্ল্যানে ১০১ কোটি টাকা। ২১০ কোটি টাকা টোটাল। অর্থাৎ টোটাল পায় ১৮৪ কোটি টাকায় সারা বাংলার নাগরিক স্বাচ্ছন্দ হবে। কলকাতা-শিলিগুড়িতে পুর পরিষেবা দেওয়া হবে, উনি আবার শিলিগুড়ির মানুষ। অথচ পুলিশে ৫৫৪ কোটি টাকা। আর সারা বাংলার নগর উন্নয়ন, পরিষেবার জন্য ১৮৪ কোটি টাকা। এ থেকেই বোঝা যায়, এই সরকারের নগরোন্নয়ণের প্রতি, নাগরিক স্বাচ্ছন্দের প্রতি মনোভাব এবং দৃষ্টিভঙ্গি কি। আমরা যখন বাজেট বিতর্ক নিয়ে আলোচনা করছি, আমার জানি, চেম্বার অফ কমার্স তারা লিখেছেন মুখ্যমন্ত্রীকে এবং মুখ্যমন্ত্রীও উত্তর দিতে সরকারের মন্ত্রীকে দায়িত্ব দিয়েছেন, শুধু মাত্র একটা

বিশেষ কমিউনিস্ট পার্টির নেতাকে মানানো যায়নি। কলকাতার রাস্তা হকারমুক্ত হচ্ছে না। কিছু দিন আগে বৃষ্টি হল তখন কজন সদস্য কলকাতায় থেকে বিধানসভায় আসতে পেরেছেন? যেখানে সেখানে একহাঁটু জল দাঁড়িয়ে যায়। আনপ্রিসেডেন্ট ওয়াটার ক্রাইসিস প্রিভেলিং ইন দি সিটি অফ ক্যালকাটা। আবার তিনদিন ধরে আমরা এই বিধানসভায় জল পাইনি। মাননীয় স্পিকার স্যার, নিজেই বলেছেন—'আমি চা খাওয়াতে পারছি না, জল নেই বলে।' এর পরেও পৌরমন্ত্রীর বাজেটকে সমর্থন করতে হবে, এর পরেও সরকার পক্ষের মাননীয় সদস্যরা সমর্থন করবেন? রাস্তার গর্তগুলো আপনাদের চোখে পড়ে না? ফুটপাতগুলোর কি অবস্থা হয়েছে? ফুটপাতগুলো সব দখল হয়ে গেছে, যদি ফুটপাতগুলোকে হকার মুক্ত করতে পারতেন তাহলে প্রতি দিন এত দুর্ঘটনা ঘটতো না। আজকে কলকাতা শহরে যাদবপুর, গার্ডেনরিচ ও বেহালায় আজকে ১০৬টি লরি বেড়েছে। ৩টে পে লোডার এবং ২টো ড্রেজার এগুলেই কি কলকাতা শহরের জঞ্জাল মুক্ত করতে যথেষ্ট? এর থেকেও বড় কথা হচ্ছে প্রতি দিন প্রতি ট্রিপে খরচ পড়ে ৩৭৫ টাকা, তাহলে ১০ দিনে কত টাকা ৩৭৫০ টাকা। আপনারা এই ভাবে ৮৫ লক্ষ টাকা খরচ করছেন, আপনারা ১০ কোটি ২০ লক্ষ টাকা খরচ

[4-20 — 4-30 P.M.]

করেছেন। লরির কন্ট্রাক্টারদের জন্য, এটা আপনারা ভাবেন কি? এই টাকাটা পেলে বহু পৌরসভা উপকৃত হত এবং নাগরিকদের স্বাচ্ছন্দ্য বিধান করতে পারতো। জমা জল পরিষ্কার করতে পারছেন না, আবার নতুন করে জলের উপর কর বসাচ্ছেন, আমি এর তীব্র বিরোধিতা করছি। জলের উপর কর বসাতে হলে হোটেলে, ফ্যাক্টরিতে, ইন্ডাস্ট্রিতে জলের উপর কর বসান। সাধারণ মানুষের উপর আর নতুন করে জলকর বসাবেন না। জলের জন্য নতুন কোনও পরিকল্পনা নিয়েছেন এই ১৯ বছরের বামফ্রন্ট সরকার এবং তার মন্ত্রী? ১৯৭১ সালে পলতা থেকে ১৬০ এম জি ডি সাপ্লাই ছিল, আজকে বলুনতো এটাতে এক এম জি ডি বেড়েছে কি? নতুন করে গার্ডেনরিচকে নিয়ে কলকাতা বেড়েই চলেছে। সেখানে ৬০ এম জি ডি যে চাহিদা রয়েছে তার ৫০ পারসেন্টও অর্থাৎ ৩০ এম জি ডি টার্গেট কমপ্লিট করতে পারেন নি। ডিফাংক্ট সমস্ত টিউবওয়েলগুলি ফাংশন করছে না, ওয়াটার লেভেল অনেক নিচে নেমে গেছে। কলকাতার বস্তিতে যান খবন নিন কি অবস্থা। আপনারা তো বস্তি উন্নয়নের জন্য কাজ করেন, একটু খবর নেবেন। আমার নির্বাচন কেন্দ্রের কথা বলছি, আমি নিজে কলকাতার পৌরসভার সদস্য। এম এল এ হিসাবে যখন যাচ্ছি তখন তারা তাদের জলের অভাবের কথা বলে, সাহেববাগানে, দুতকুঠি, পাটোয়ার বাগান, পার্সিবাগান, গাঙ্গুলিবাগান এমনকি বুদ্ধদেব বাবুর ১০৪ এবং ১০৬ নম্বর ওয়ার্ডে মানুষরাও বলছে। জলের জন্য কোনও বন্দোবস্ত করতে পেরেছেন। কাজ যে একেবারেই হয় নি একথা বলছি না, কিছু কাজ নিশ্চয়ই হয়েছে। কিন্তু যে কাজ হওয়া উচিত ছিল সেই কাজ হয় নি। আপনারা ১০ বছর ক্ষমতায় রয়েছেন কলকাতা জলের হাহাকার করবে কেন? পৌরও নগর উন্নয়ন মন্ত্রী থাকাকালীন বুদ্ধদেব বাবু টোডি, তাজ, রিজের সঙ্গে কথা বলতে গিয়ে বলেছেন আমি দেখতে চাই যে প্রদীপ কুন্দলিয়ার ফাঁসি হয়েছে। তিনি অনেক বড় বড় বিবৃতি দিয়েছিলেন ; কিন্তু আজকে তার সে বিবৃতি, তার সে আস্ফালন কি অসার প্রমানিত হচ্ছে না? আজকে শাসক দলের

একটা পার্টিকুলার সেকশন এবং কলকাতা কর্পোরেশনের একটা পার্টিকুলার সেকশন কম্বাইন্ড্লি করে এই জিনিস করছে। ফলে প্রোমোটাররা কলকাতা শহরকে তাদের স্বর্গরাজ্য মনে করছে। সম্প্রতি নিউ আলিপুর বাজারকে " সিটিস্কেপ ডেভেলপারস প্রাইভেট লিমিটেড"-এর হাতে তুলে দেওয়া হয়েছে। কোন স্বার্থে এটা করা হল? কোন স্বার্থে কলকাতা পৌরসভা এবং সরকারের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিচ্ছে না? সরকারের টাউন আন্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট আজ পর্যন্ত কলকাতা শহরে কেন সঠিকভাবে বলবৎ হল না? ব্যাঙের ছাতার মতো সর্বত্র ডেভেলপাররা, প্রোমোটাররা আন-অথরাইজড কনস্ট্রাকশনের কাজ চালিয়ে যাচ্ছে। কাকস্য পরিবেদনা সরকারের কোনও ভূমিকা নেই, পৌরসভার কোনও ভূমিকা নেই। কলকাতা পৌরসভায় যিনি ৬ বছর ধরে সি এম এফ এ ছিলেন, শ্রী বিশ্বনাথ চক্রবর্তী, তাকে সেখানে থেকে সরিয়ে এনে অডিটর করা হল। একটা প্রবাদ আছে—ধন আন্দরমহলে ছড়ালো, কে পেল, রাণী। ৬ বছর ধরে যাকে দিয়ে দুর্নীতি করানো হল তাকেই আবার অডিটর করা হল। ৬ বছরের সমস্ত ইলিগ্যাল বিলস, তিনি অডিটর হয়ে পাশ করবেন! এই তো চলছে? মাননীয় পৌরমন্ত্রী, আপনি দুর্নীতির বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন? এখন পর্যন্ত কি কোনও পদক্ষেপ. গ্রহণ করতে পেরেছেন? সেদিনের পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য থেকে শুরু করে আজকের পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী অশোক ভট্টাচার্য পর্যন্ত কেউ দুর্নীতির বিরুদ্ধে এখন পর্যন্ত কোনও পদক্ষেপই গ্রহণ করতে পারেন নি। সি এম ডি এ এলাকায়, ইস্টার্ন মেট্রোপলিটন বাই পাশে নানা রকম হাউসিং কমপ্লেক্স হচ্ছে, হসপিটাল পর্যন্ত হচ্ছে—প্রায়ই দেখছি জ্যোতিবাবু প্রদীপ-টদীপ জ্বালাচ্ছেন, আপত্তি নেই। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, একদিকে সরকারি হাসপাতালগুলোকে ধ্বংস করে দেওয়া হচ্ছে, আর একদিকে প্রাইভেট হাসপাতালকে এনকারেজ করার ইমপিটাস। সি এম ডি এ-র আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যানে ল্যান্ড ইউজ-এর যে স্পেসিফিকেশন রয়েছে সেই স্পেসিফিকেশন অনুয়াযী কি একটা কাজও হচ্ছে? মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আপনার আমলাদের এবং ইঞ্জিনিয়ারদের নিয়ে ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাশে গিয়ে দেখুন—সেখানে উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম, যেদিকে যত জমি আছে কোনও জমিতেই ঐ স্পেসিফিকেশন মানা হচ্ছে না। তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থাও নেওয়া হচ্ছে না। অনেকেই সেখানে জমি পেয়েছে—পিয়ারলেস, তাজ, আই টি সি, টোডি, গুজরাট অম্বুজা ইত্যাদি। প্রাইম ল্যান্ড তাদের যে শুধু অল্প পয়সায়ই দেওয়া হয়েছে, তা নয়, বিচিত্র টার্মে দেওয়া হয়েছে। আই টি সি-কে প্রাইম ল্যান্ড দেওয়া হয়েছে ৩০ বছরের জন্য। ৩০ বছর বাদে যখন রিনিউয়াল হবে তখন আর রেট এনহ্যান্সমেন্ট হবে না। এই ভাবে নেউটিয়াকে, গুজরাট অম্বুজাকে জমি দেওয়া হয়েছে এবং বেঙ্গল আম্বুজা নামে তারা সরকারের সঙ্গে হাউসিং করেছে। আই টি সিকে কিসের স্বার্থে ঐভাবে প্রাইম ল্যান্ড দেওয়া হয়েছে? কেন রেট এনহ্যান্সমেন্ট হবে না? দমকল মন্ত্রী এখানে রয়েছেন, ১৯ বছরে ১৯টা বাজারে আগুন লাগল, কলকাতা জতুগৃহ হয়ে রয়েছে। কলকাতা শহর আজকে একটা কংক্রিটের জঙ্গলে পরিণত হয়েছে। ১৯ বছরে ১৯ টা বাজারে আগুন লাগল, কেন লাগল, কারা লাগাল, কিসের জন্য লাগল, ক্ষতিগ্রস্তদের কি ক্ষতিপূরণ দেওয়া হল—এসব সম্বন্ধে কোনও কাগজপত্র কি এই হাউসে পেশ করা হয়েছে, না হয় নি। উপাধ্যক্ষ মহাশয়, তাই আমি এর ব্যয়-বরাদ্দের বিরোধিতা করছি এবং আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী জটু লাহিড়িঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন তার বিরোধিতা করছি আর আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে দু একটি কথা বলব। মাননীয় মন্ত্রিমহাশয় প্রতি বছর বাজেট বক্তৃতা রাখেন। কিন্তু পুরানো দিনের বক্তৃতাগুলি কি একবার পড়ে দেখেছেন? প্রতি বছর সারা পশ্চিমবাংলার নগর-উন্নয়নের কথাগুলি বলেন, কিন্তু সেগুলি ইমপ্লিমেনটেশন হয়েছে কিনা, তার উন্নয়ন হয়েছে কিনা সেটা কি একবার দেখেছেন? শুধু একটি করে বছর আসবে আর নতুন নতুন উন্নয়নের কথা বলে আপনি এইসভাকে বিভ্রান্ত করছেন আর বাজেট বরাদ্দের দাবি প্লেস করছেন। সেইজন্য আমি এর বিরোধিতা করছি। শুধু নির্বাচনের জন্য, দলকে ক্ষমতায় আনবার জন্য এইসব কথাগুলি বলেন। কিন্তু মানুষের সার্বিক উন্নয়ন, পৌরসভার মাধ্যমে নাগরিকদের পরিষেবা দেবার জন্য নয়। যখন আমরা দেখি, সে কলকাতাই হোক, হাওড়াই হোক আর শিলিগুড়িতেই হোক যখন এলাকায় আরও ওয়ার্ড বাড়িয়ে সংযোজিত করে দেন। কলকাতা কর্পোরেশনে ১৪১টি ওয়ার্ড করলেন। হাওড়া কর্পোরেশনে আগে ৪৪টি ওয়ার্ড ছিল। তারপর পঞ্চায়েত অঞ্চলে ৬টি ওয়ার্ড নিয়ে আপনি ৫০টি ওয়ার্ড করে হাওড়া কর্পোরেশনের নির্বাচন

[4-30 — 4-40 P.M.]

করলেন। কিন্তু আপনার কোনও দায়-বদ্ধতা নেই। একবার কি ফিরে তাকিয়ে দেখেছেন, যে সংযোজিত এলাকাগুলিতে আপনি নিলেন সেই এলাকাগুলির কোনও উন্নয়ন হয়েছে কিনা? যে এলাকাগুলি পঞ্চায়েতে ছিল সেই এলাকা নিয়ে ৬টি ওয়ার্ড করে কর্পোরেশনে এল। দীর্ঘ ১২ বছর হয়ে গেল, ১৯৮৪ সালে হাওড়া কর্পোরেশনের প্রথম নির্বাচন করা হল আর আজকে হচ্ছে ১৯৯৬ সাল, এই যে ৩ বার নির্বাচন হয়ে গেল—যে অ্যাডেড এরিয়া পঞ্চায়েতের থেকে এল এবং ৬টি ওয়ার্ড হল, সেই ৬টি ওয়ার্ডের কোনও উন্নতি হয়েছে? রাস্তাঘাট হয়েছে? জলের ব্যবস্থা হয়েছে? সব থেকে লজ্জার কথা, পঞ্চায়েত আমলে রাস্তায় আলো জ্বলতো, কিন্তু হাওড়া কর্পোরেশনে অন্তর্ভুক্ত হওয়ার পর সেইসব রাস্তার আর আলো জ্বলে না। আপনি পৌরসভার মাধ্যমে উন্নতি এনেছেন? নাগরিক পরিষেবার ক্ষেত্রে কল্যাণ করেছেন? আর লজ্জা এবং ঘৃণার কথা, ১২ বছর হয়ে গেছে, অথচ এই ওয়ার্ডগুলির রাস্তার নামকরণ করা হয়নি। মিনিমাম পরিষেবা হোল্ডিং নাম্বার পর্যন্ত আপনার পৌর দপ্তর দিতে পারেনি। এটা কি যোগ্যতার নমুনা? খালি একটি করে বছর আসবে আর ব্যয়-বরাদ্দের কথা এই উন্নয়নের কথা বলবেন। এখানে বুদ্ধদেববাবু আছেন। উনি আগে পৌরমন্ত্রী ছিলেন এবং অশোকবাবু তখন সহকারি মন্ত্রী ছিলেন। আমি একটা জিনিস বুঝতে পারছি না—ডিমান্ড নাম্বার ৩৭ এর ১৩ পাতায় কলকাতা এবং হাওড়াকে যমজ নগর বলে দিলেন। যমজ বলতে আমরা কি বুঝি? ২ জনে একসঙ্গে জন্মালে তবেই যমজ বলা হয়। কিন্তু হাওড়া ও কলকাতা একসঙ্গে জন্মেছে নাকি? সবাই বলে হাওড়া শহরের বয়স ৫০০ বছর আর কলকাতা শহরের বয়স ৩০০ বছর। তাহলে যমজ নগর দেখলেন কোথায়? এখানে কলকাতা এবং হাওড়ার পরিকাঠামোর উন্নয়নের কথা বলে অনেক কথা বলেছেন। কিন্তু হাওড়ার কি উন্নয়ন করেছেন? ১৯৯২-৯৩ সালে বুদ্ধদেববাবু যখন পৌরমন্ত্রী ছিলেন তখন উনি বলেছিলেন, হাওড়াকে কলকাতা সিটির সঙ্গে টু-ইন সিটি তৈরি করব। সেই অনুযায়ী হাওড়ার নতুন অঞ্চলগুলির নতুন পরিকল্পনা গ্রহণ করছি বলেছিলেন। কিন্তু কি করেছেন পরিকল্পনা? ১৯৯২-

৯৩ সালের বাজেট বক্তৃতায় বুদ্ধদেববাবু বলেছেন পশ্চিমবঙ্গে হাওড়া প্রকল্প, এর অধীনে পার্শ্ববর্তী ক্ষুদ্র শহর গড়ে তোলার কাজ হাতে নেওয়া হবে এই কথা বলেছিলেন। আর কি বলেছিলেন কোনায় টার্মিনাল স্ট্যান্ড করা হবে। হয়েছে আজ পর্যন্ত? কলকাতার সঙ্গে হাওড়াকে টু ইন সিটি করবেন বলেছিলেন, কি উন্নয়ন করেছেন হাওড়ার? হাওড়ার দিকে একবার চলুন, বিদ্যাসাগর সেতু থেকে হাওড়ার দিকে নেবেই দেখবেন অন্ধকার। মন্দির তলায় নেবেই দেখবেন অন্ধকার। কোনও আলো নেই। সেন্ট্রাল বাই পাশ মন্দির তলার দিকে যে রাস্তা করার কথা ছিল সেটা করেননি। কোনা এক্সপ্রেস ওয়ে, যেটার কথা আপনি বলেছেন— যে তিন সাড়ে তিন কিলোমিটার রাস্তা করেছেন, কিন্তু সাঁতরাগাছির উপর ফ্লাই ওভার হচ্ছে আঠারো বছর ধরে শুনছি। কোনা এক্সপ্রেস ওয়ে কবে হবে এটা এই বাজেটে বলেননি। ৯৬-৯৭, না ৯৭-৯৮ সালের মধ্যে কোনা এক্সপ্রেস ওয়ে হাওড়ার মানুষকে দেব, এই কথা বলেননি। কিন্তু আমাদের সঙ্গে নতুন প্রবঞ্চনা কি করেছেন, ড্রেনেজ ক্যানাল রোড করে বিদ্যাসাগর সেতুর সঙ্গে যোগ করে দিয়েছেন। এটা করেছেন বিদ্যাসাগর সেতুর আয় বাড়াবার জন্য এই ড্রেনেজ ক্যানাল রোড দিয়ে সমস্ত হেভি ট্রাক পাস করাচ্ছেন, সেখানে একটা লাইটও লাগাননি। ট্রফিক নেই, বিপদজনক ভাবে ট্রাকগুলো যায়। ফলে ৯৫ সালে ড্রেনেজ ক্যানাল রোড চালু করেছেন এর মধ্যেই ১৫/২০ জন মানুষ অ্যাক্সিডেন্টে মারা গেছে। বেশ কিছু মানুষ চিরকালের জন্য পঙ্গু হয়ে গেছে অ্যাক্সিডেন্টের ফলে। আজকে ড্রেনেজ ক্যানাল রোড হাওড়ার মানুষের কাছে অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। সেখানে বাসের কোনও ব্যবস্থা করেননি। মানে মাত্র সি টি সি কয়েকটা বাস চালায়। এই হচ্ছে হওড়ার মানুষের অবস্থা এবং টু ইন সিটির অবস্থা। নগর পরিষেবার ক্ষেত্রে হাওড়ার মানুষের কি উন্নয়ন করেছেন আমি জানি না। এর আগেও আমি বলেছিলাম, যে পৌর উন্নয়নের ক্ষেত্রে আপনারা যখন নিজেরাই বলেন যে অধিকার দিতে হবে, স্বায়ত্ব শাসনের কথা বলেন, অথচ সেখানে দেখা যাচ্ছে আপনারা একটা একটা করে অধিকার কেড়ে নিচ্ছেন। অনেকে এখানে বললেন যে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড নাকি ভাল কাজ করছে। কি ভাল কাজ করছে? সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড হাওড়াতেও দেওয়া হয়েছিল। ৭৫ লক্ষ টাকা হাওড়া কর্পোরেশন থেকে খরচ করা হয়েছিল। যেখানে হাওড়া কর্পোরেশনের নিজস্ব অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্ট আছে, তাকে পঙ্গু করে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড কে দায়িত্ব দেওয়া হয়েছিল। ৯৫-৯৬ সালে আপনি বলেছিলেন যে কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ ৬০টি পৌরসভার জমি ও বাড়ির মূল্য নির্ধারণ করেছে এবং তার আদায়ের পরিমাণ ১৪.১৩ কোটি টাকা। ৩৯.৮২ কোটি টাকা বৃদ্ধি হয়েছে। ৯৬-৯৭ সালে বলেছেন ৬৩টি পৌরসভার মূল্যায়ন করেছে কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ। ১৪.৮৩ কোটি টাকা থেকে ৪২.১৭ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। আমার প্রশ্ন এটা ঠিক বুঝতে পারছি না, একটু বুঝিয়ে দেবেন। ৬০টি পৌরসভাতে আগে ট্যাক্স ছিল ১৪.৩৩ কোটি টাকা, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বা কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ সেটাকে বাড়িয়ে করলেন ৩৯.৮২ কোটি টাকা। ১৯৯৫-৯৬ সালের বাজেট বক্তৃতায় আপনি একথা বলেছিলেন। অপর দিকে ১৯৯৬-৯৭ সালের বক্তৃতায় বলছেন যে ৬৩টি পৌরসভাতে যেখানে ট্যাক্সেশন ছিল ১৪.৮৩ কোটি টাকা সেখানে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড সেটাকে বাড়িয়ে করেছেন ৪২.১৭ কোটি টাকা। অঙ্কের হিসাবে দেখা যাচ্ছে যে তিনটি পৌরসভাতে প্রিভিয়াস ট্যাক্সেশন যেখানে ছিল ৫০ লক্ষ টাকা সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড সেটাকে বাড়িয়ে করেছেন ২.৩৫ কোটি টাকা। অর্থাৎ ৫ গুণ বৃদ্ধি হয়েছে। বাকি এই

তিনটি মিউনিসিপ্যালিটিগুলির নাম কি সেটা মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন। এই বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যেসব ছাঁটাই প্রস্তাব এসেছে সেগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌর মন্ত্রী আজ এই সভায় তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার উপর যে সমস্ত কাটমোশন এনেছি তার যৌক্তিকতা সম্পর্কে কয়েকটি কথা বলব এবং এই বাজেটের বিরোধিতা করে কয়েকটি কথা বলব। স্যার, পৌরসভার সংখ্যা বেড়েছে এবং বামফ্রন্ট সরকার নগরায়নের দাবি করেছেন। এই প্রসঙ্গে বলব, যেটা ট্র্যাজিক সেটা হচ্ছে, এখানে এই নগরায়ন হচ্ছে কাগজে কলমে। এখানে নাগরিকদের স্বাচ্ছন্দ্য দেবার ব্যাপারটা চূড়ান্ত অর্থে সঙ্কটের মধ্যে। প্রতিটি পৌরসভা চূড়ান্ত অর্থ সঙ্কটে ভুগছে। এখানকার সরকার যাই দাবি করুন না কেন, এখানে নগরায়নের ব্যাপারে সরকার ব্যর্থ হয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ও যে প্রকারান্তরে এটা স্বীকার করেছেন সেটা তার ভাষণের মধ্যেই পরিষ্কার। তিনি তার ভাষণে বলেছেন, রাজ্য সরকারের অনুদান আছে বটে কিন্তু পৌরসভাগুলিকে নিজস্ব সম্পদ সংগ্রহের উপর নির্ভর করতে হবে, এর উপর গুরুত্ব দিতে হবে। অতিরিক্ত কর আদায়ের ব্যাপারে বলা হয়েছে, বাড়তি কর আদায়ের ক্ষেত্রে পৌরসভাগুলিকে সার্বিক উদ্যোগ নিতে হবে। বলা হয়েছে, রাজ্য সরকারের অনুদান বা সাহায্যের উপর বেশি চাপাচাপি চলবে না। অর্থাৎ পর্যায়ক্রমে তারা অনুদান এবং সাহায্য দেবার ব্যাপারটায় দায়িত্ব বেশি রাখতে চাইছেন না এটাই তার ভাষণের মধ্যে ফুটে উঠেছে। এর ফলে পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌরসভাগুলি ঠিকমত নগরায়নের পথে যেতে পারছে না এবং নাগরিকদের ন্যূনতম স্বাচ্ছন্দ্য—শিক্ষা, স্বাস্থ্য, জল, রাস্তাঘাটের সুযোগ দিতে পারছেন না। এ ক্ষেত্রে বিধানসভায় বারংবার দাবি ওঠা সত্ত্বেও সরকার প্রয়োজনীয় অর্থ পৌরসভাগুলিতে দিতে পারছে না। কলকাতা মহানগরীতে মেগাসিটি প্রকল্প নিয়ে অনেক কথা শুনছি। কলকাতা শহর শিল্প, সভ্যতার পিলসুজ হলেও এখানকার বস্তিবাসী যারা, এখানকার জনসংখ্যার সিংহভাগ তাদের কথা কংগ্রেস সরকার এবং বামফ্রন্ট সরকার তাদের ১৯ বছরের রাজত্বকালে সেইভাবে ভাবেন নি, তাদের দিকে ঠিকমতোন নজর দেন নি। বামফ্রন্টের আমলেও আগের দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়নি। বস্তিগুলির নোংরা পরিবেশ আজও বিদ্যমান। এখানকার ন্যূনতম পরিষেবা—স্বাস্থ্য, পানীয় জল ইত্যাদি—কংগ্রেসের রাজত্বের থেকে উন্নত পর্যায়ে আসে নি। ফলে তারা যে প্রগতির দাবি করেন, যে বামপন্থার দাবি করেন, কিন্তু বস্তি উন্নয়নের যে ন্যূনতম কাজ সেটা তারা করেন নি। সেদিন ইউনাইটেড নেশানস অব পপুলেশন ফান্ড, রাষ্ট্রপুঞ্জ জনসংখ্যা গবেষণা সংস্থার তরফ থেকে কলকাতায় একটা আলোচনা হল। সেখানে রিভিল হয়েছে যে বিশ্বের যে ১০টি জনবহুল শহর আছে তার মধ্যে কলকাতা ৯ম স্থান অধিকার করেছে। এখানে ১ কোটি ১৫ লক্ষ মানুষ এবং আরও গ্রামের মানুষ উচ্ছেদ হয়ে শহরমুখী হচ্ছে। তার ফলে কলকাতার জনসংখ্যা আরও বাড়ছে, কিন্তু নাগরিক স্বাচ্ছন্দ্য বাড়েনি। কলকাতা পৌরসভার এলাকা বেড়েছে কিন্তু নাগরিক স্বাচ্ছন্দ্য বাড়েনি। দুর্ভাগ্যের কথা হচ্ছে নাগরিক স্বাচ্ছন্দ্য বাড়া দূরে থাক, বামফ্রন্ট সরকার তাতে ব্যর্থ হলেও দুর্নীতি এই ১৯ বছরে তাদের রাজত্বে ভয়াবহ রুদ্ধ ধারণ করেছে। এখানে বুদ্ধদেব

বাবু আছেন। তিনি বারবার আক্ষেপ করে বলেছেন যে কলকাতাকে প্রোমোটারদের হাতে তুলে দেব না। কিন্তু আমরা বাস্তবে কি দেখছি? আমরা দেখছি যে আস্তে আস্তে কলকাতা বামফ্রন্টের রাজত্বে প্রোমোটারদের গ্রাসে চলে যাচ্ছে এবং একটা সর্বগ্রাসি আকার ধারণ করেছে। দিনের পর দিন প্রোমোটারদের প্রভাব এই সরকারের আমলে বাড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বে-আইনি বাড়ি এখানে একটার পর একটা হচ্ছে। উনি স্বরাষ্ট্র দপ্তর পাবার পরে বলেছিলেন যে, বে-আইনি বাড়ি যেগুলি হচ্ছে সেগুলি ভেঙ্গে দিতে হবে। তিনি পুলিশকে, প্রশাসনকে, পৌরসভাকে কড়া নির্দেশ দিয়েছিলেন। কিন্তু তাসত্ত্বেও একটার পর একটা বে-আইনি বাড়ি হয়ে যাচ্ছে কলকাতায়। আজকে কলকাতায় যে বাজারগুলি আছে সেগুলি প্রোমোটারদের হাতে তুলে দেওয়া হচ্ছে। ১১টি বাজার প্রোমোটারদের হাতে তুলে দেওয়া হয়েছে নিষেধাজ্ঞা সত্ত্বেও। আজকে কলকাতার পুকুরগুলি ভরাট করেও বাড়ি হয়ে যাচ্ছে। এই সম্পর্কে সরকার কোনও ব্যবস্থা নিতে পারছে না। আমি তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী গুরুপদ দত্তঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ১৮ নং অনুচ্ছেদে ১৯৯৬-৯৭ সালের পৌর বিষয়ক বাজেট যা মাননীয় মন্ত্রী সভায় উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করছি এবং সাথে সাথে বিরোধী দল আনীত কাট মোশনের বিরোধিতা করছি। এই বিরোধিতা করতে গিয়ে কিছু প্রাসঙ্গিক বক্তব্য আমি এখানে উপস্থাপন করতে চাই। আমরা জানি আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকার গোটা ভারতবর্ষের ক্ষেত্রে একটা মাইল-স্টোন হিসাবে কাজ করে যাচ্ছে। স্বাভাবিকভাবেই এই সরকারের পৌর বাজেট নতুন একটা নজির স্থাপন করেছে। নজির স্থাপন করেছে এই কারণে, আমরা যদি ফিরে তাকাই ১৯৭৭ সালের আগের ৩০ বছরের দিকে যখন কেন্দ্র এবং রাজ্যে ছিল কংগ্রেসি সরকার, সেই ৪৯ বছরের ইতিহাস পঞ্চায়েত থেকে আরম্ভ করে পৌরসভায় নগর উন্নয়ন সম্পর্কে তাদের চিন্তা-ভাবনা কি ছিল? ১৯৭৭ সালের আগে নন-সি এম ডি এ পৌর এলাকায় মাথাপিছু ব্যয় ছিল মাত্র ৮৭ পয়সা, এখন নন-সি এম ডি এ পৌর এলাকায় ৫৮ টাকা বরাদ্দ হচ্ছে। স্বাভাবিক কারণে এর থেকে বোঝা যায় একটা সরকারের দৃষ্টিভঙ্গিটা কোথায়। আমি এই কথা বলতে চাই, আমরা চেয়েছিলাম কল্লোলিনী কলকাতাকে তিলোত্তমা কলকাতায় রূপান্তরিত করতে মেগাসিটি প্রকল্পের মাধ্যমে। সেই প্রকল্প আমাদের হোঁচট খেয়েছে, বাধা পেয়েছে কেন্দ্রীয় সরকারের জন্য। দিল্লির জন্য অর্থ বরাদ্দ হচ্ছে, বোম্বের জন্য অর্থ বরাদ্দ হচ্ছে আমাদের কলিকাতার জন্য আমাদের রাজ্যের জন্য অপ্রতুল সাহায্যও পাই না। আমরা বঞ্চিত হচ্ছি। সেই বঞ্চনার ইতিহাসের কথা আমি বিরোধী দলের বন্ধুদের ভাবতে বলব। আমরা এক পাহাড় প্রমান সমস্যা নিয়ে ১৯৭৭ সালে ক্ষমতায় আসি এবং তারপর থেকে ১৯ বছর ধরে সেই জয়যাত্রা আমাদের অব্যাহত রয়েছে। জয়যাত্রার সেই ইতিহাস আমি আপনাদের সামনে তুলে ধরছি যে ইতিহাস আমাদের মন্ত্রী মহাশয় তুলে ধরেছেন ১৮টি অনুচ্ছেদের মধ্যে দিয়ে। আমি যে কথা বলতে চাই তা হল এই ১৮ বছরের ছেলেমেয়েদের ভোটাধিকার পৌরসভার নির্বাচনে সেটা এই বামফ্রন্ট সরকারই করেছে। তফসিলি জাতি এবং উপজাতি এবং মহিলাদের আসন সংরক্ষণের ব্যবস্থা এই বামফ্রন্ট সরকার পৌর আইনের মধ্যে দিয়ে এসেছে। পৌরসভার মধ্যে

দিয়ে নানা রকম পরিসেবার কাজগুলি বামফ্রন্ট সরকার করেছেন। আই ডি এস এম টি প্রকল্প থেকে শুরু করে আই এল সি এস প্রকল্প থেকে শুরু করে, নগর উন্নয়নের কাজ থেকে শুরু করে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করেছে। সেটা আমরা ভুলতে পারব না। বিরোধী পক্ষের বক্তব্যের তীক্ষ্ণ ফলাকা ট্রেজারি বেঞ্চের দিকে বারে বারে গেল। আমাদের বিরোধী বন্ধুরা কলিকাতা এবং হাওড়া কর্পোরেশনের উপর কেবলমাত্র তাদের বক্তব্য উপস্থিত করেছেন। আমাদের জেলা শহিদ ক্ষুদিরামের জেলা, বিদ্যাসাগরের জেলা, সেই জেলায় ৭টি পৌরসভা আছে। সেই পৌরসভা গুলি আজকে প্রানচঞ্চল হয়ে উঠেছে। সেখানে যাতে সংস্কৃতিক কর্মকান্ড গড়ে ওঠে তার জন্য এই বামফ্রন্ট সরকার বিভিন্নভাবে অর্থ বরাদ্দ করেছেন। এই কথাগুলি বিরোধী বন্ধুদের ভাবতে বলব। ওনাদের ৩০ বছরের ইতিহাসে এই কথা ওরা ভাবতে পারেন নি। আগে এই শহরের মানুষেরা পাতকুয়া থেকে জল খেত, এখন সেই সমস্ত এলাকা পৌরসভার মধ্যে এসে পাইপ লাইন দিয়ে জল সরবরাহ করা হচ্ছে। আজকে সেখানে মাটির রাস্তার জায়গায় পিচের পাকা রাস্তা হয়েছে। পৌরমন্ত্রী এখানে এই কথা বলেন নি যে হিল টপে সমস্যা নেই, আমরাও এই কথা বলি না যে সেখানে সমস্যা নেই। আমি একটা কথা বলতে চাই। আমাদের এই পৌরসভা গুলির বিভিন্ন ক্যাটাগরি আছে, তার মধ্যে 'ই' ক্যাটাগরি পৌরসভা আছে। যেখানে ২৫ হাজারের কম লোকসংখ্যা তাদের সেখানে কিছু সমস্যা রয়েছে। এই এলাকাগুলির কিছু অংশ এখনও গ্রাম আছে এবং সেখানে কৃষক আছে। এই সমস্ত কৃষকদের পাট্টা পাওয়ার ব্যাপারে আইনে বাধা আছে। এই ব্যাপারে একটা আইন করা দরকার যাতে এই কৃষকদের পাট্টা পাওয়ার ক্ষেত্রে কোনও বাধা না থাকে এই 'ই' ক্যাটাগরি পৌরসভাগুলির একটা আর্থিক সমস্যা থেকে গেছে। এখানকার কর্মচারিদের পেনসন দেওয়ার যে দায় দায়িত্ব সেটা নেওয়ার ব্যাপারে সরকারকে ভাবতে হবে এবং এই বিষয়ে যা যা করণীয় সেটা করতে হবে। পৌরসভার মধ্যে যে সমস্ত দপ্তরগুলি আছে সেইগুলির সঙ্গে একটা সমন্বয় সাধনের দরকার আছে। যেমন জনস্বাস্থ্য, স্বাস্থ্য শিক্ষা এই সমস্ত দপ্তরের মধ্যে একটা সমন্বয়ের অভাব রয়েছে। যার জন্য আমাদের যে ঈপ্সিত সাফল্য সেটা লাভ করতে পারছি না। আমাদের পৌরসভার যে আইন আছে তাতে পৌর এলাকায় যে মাধ্যমিক স্কুল আছে সেইগুলির ব্যাপারে পৌরসভার কোনও কর্তৃত্ব থাকছে না। সেই জন্য আমি বলব পৌরসভার তরফ থেকে সেখানে যাতে রিপ্রেজেনটেটিভ পাঠানো যায় সেটা ভেবে দেখতে বলব। শিক্ষাকে যদি কন্ট্রোল করতে হয় তাহলে পৌরসভার পক্ষ থেকে বিদ্যালয়ে যাতে প্রতিনিধি পাঠানো যায় সেটা আইনের মধ্যে আনতে হবে। আই ডি এস এম টি সম্বন্ধে বলি— আমার বিধানসভা কেন্দ্রে তিনটি জায়গা আছে, চন্দ্রকোনা, খোড়.. এবং রামজীবনপুর—সেখানো আই ডি এস এম টিতে কোনও ল্যান্ড অ্যাকুইজিশনের ক্ষেত্রে যে সমস্ত আইন কানুন তাতে, লাল ফিতার বাঁধনে যেগুলি আছে, তার সুরাহা না হলে এই পৌর উন্নয়ন এবং আই ডি এস এম টি-র যে সমস্যা, সেগুলো থেকে যাবে। আমাদের রাজ্যে সংস্কৃতির বিকাশের উপরে যে চ্যালেঞ্জ এসেছে, পৌর এলাকায় টাউন হল, কমিউনিটি হল, এগুলোকে করতে হবে। এর সাথে সাথে মনীষীদের চিন্তা ভাবনাকে বাস্তবায়নের মধ্যে আনতে হবে। বামফ্রন্ট-এর যে সাফল্য সেগুলোকে পুনরায় সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাট মোশনগুলোকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী প্রতীম চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৬-৯৭ সালে ২৬নং দাবি সম্পর্কে পশ্চিমবঙ্গের নগর উন্নয়ন, টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিংয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী ফায়ার সার্ভিস, যেটাকে বলা হয়, ' পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপক শাখা' তার কাজকর্ম সম্পর্কে এখানে বলেছেন এবং কিছু সুপারিশ করেছেন—কি কাজকর্ম হয়েছে এবং কি হবে ইত্যাদি বলেছেন, এই ব্যয় বরাদ্দকে আমি সামনে রেখে এবং যে কাট মোশন আমাদের বিরোধীরা এনেছেন, সেই প্রসঙ্গে দু'চারটি কথা বলছি। এখানে যারা আলোচনায় অংশগ্রহণ করলেন, তাদের মধ্যে যথার্থ ভাবে কিছু কথা এসেছে তা আমরাও জানি, নতুন কিছু নয়। এই শাখাটি এইসব আপনাদের জানা উচিত, অনেকে বোধহয় জানেনও ১৮২২ সালে প্রথম এই দমকল বাহিনী, ফায়ার সার্ভিস ডিপার্টমেন্টটির প্রবর্তন হয়। কলকাতার চেহারা পাল্টে গেছে, জনসংখ্যা অনেক বেড়েছে। এই ফায়ার সার্ভিস যখন হয়েছিল, তখন কলকাতার জনসংখ্যা ছিল ২৮ লক্ষ। আর আজকে লোকসংখ্যা হচ্ছে ১ কোটি ১৬ লক্ষ। এই এত সংখ্যক মানুষের প্রয়োজনের সঙ্গে সঙ্গে বড় বড় বাড়ি হয়েছে, কলকারখানা বেড়েছে। প্রতিদিন কলকারখানার চোহারাও পাল্টাচ্ছে। আগে যেসব কল-কারখানা ছিল জেসপ ইত্যাদি—সেখানে যে সমস্ত কাজকর্ম করা হত এবং যে সব উৎপাদন হত, মেনলি যে সব মেশিন ছিল, সেগুলোর মধ্যে যখন তখন আগুন লাগার অবস্থায় ছিল না। বর্তমানে নতুন নতুন প্রযুক্তির সঙ্গে সঙ্গে আমরা দেখছি, কলকারখানা এবং মানুষের জীবনযাত্রার মধ্যে বিশেষ করে আমি শুধু শহরাঞ্চলকে বলব না যেখানে বিদ্যুৎ পৌঁছেছে, সেখানে পেট্রো-কেমিকেল বাই-প্রোডাক্ট যাকে বলে তা পৌঁছে গেছে। মানুষের প্রয়োজনের খাতিরে অনেক রকম ইলেকট্রিক্যাল গ্যাজেটস পৌঁছে গেছে—সমস্ত চেহারাটাই পাল্টে গেছে। তার সঙ্গে তাল রেখে পশ্চিমবঙ্গ সরকার ফায়ায় সার্ভিস যেটি পৌর দপ্তরের অধীন, সময়ের পাল্টানোর কথা বলা যেতে পারে—অর্থাৎ কল অফ দি টাইম—যে আমরা সময়ের সঙ্গে তাল রেখে পাল্টাতে পারিনি। কারণ যে সমস্ত যন্ত্রপাতি প্রয়োজন, তাল রাখতে গেলে বহু অর্থের প্রয়োজন। এটা হচ্ছে একদিক আরেক দিক আছে এবং সেটা যে পুরানো কলকাতাকে নতুন করার জন্য অবস্থার উন্নতি করার প্রশ্ন এসেছে। পুরানো বাড়ি এবং বাজার গুলোর ক্ষেত্রে আমরা লক্ষ্য করেছি যে, বিভিন্ন জায়গায় যে সমস্ত আগুন লাগছে তাতে বিগত পাঁচ বছরের হিসাব দেখে কারণগুলো দেখলাম যে, প্রথম এবং প্রধান কারণ হচ্ছে ইলেকট্রিক শর্ট সার্কিট। নেগেটিভ এবং পজেটিভ জড়িয়ে গিয়ে আগুন অনেক সময়ে লেগে যায় এবং ওয়্যারিংগুলো অনেক সময়ে দেখা গেছে খুব পুরানো। তারফলে আগুন ধরে যাচ্ছে এবং জ্বলে যাচ্ছে। বাজারগুলো খুবই খারাপ অবস্থা। সেইজন্য আমাদের অভিজ্ঞতায় আমরা স্থির করেছি এরজন্য আইন বলবৎ হওয়ার দরকার। এবং এরজন্য ফায়ার সার্ভিস অ্যাক্ট যেটা আছে, সেটা সংশোধন করা হচ্ছে এবং এর অধীনের অন্তর্গত বিধিগুলোও আমরা বলবৎ করব। সেটা শুধু সরকারি তরফ থেকে করলেই হবে না ভলেন্টারি অর্গানাইজেশনের মাধ্যমে পাবলিকদের বলতে হবে। বিশেষ করে ডোমেসটিক ফায়ার রান্না ঘরের গ্যাস এবং কেরোসিন একসঙ্গে রাখা ঠিক নয় এইসব দিকে নজর রাখতে হবে। তবে একটা সুখবর জানাচ্ছি সেটা হচ্ছে যে, একটা নতুন পদ্ধতিকে নিয়ে আসবার চেষ্টা হচ্ছে এবং তারজন্য অ্যাকাডেমিক ইনস্টিটিউশনও চালু হচ্ছে। তারমধ্যে বিভিন্ন পাঠক্রম থাকবে, ফায়ার ফাইটিং থাকবে, ফায়ার

অফিসার থেকে ট্রেনিং দেবেন। আমরা বড় বড় কোম্পানিগুলোকে বলব ওইসব ট্রেন্ড পিপলদের নিতে। আরেকটা সুখবর হল যে, আমাদের ভারতবর্ষের ৯টি জায়গায় এইরকম ফায়ার ট্রেনিং ইনস্টিটিউশন আছে, কিন্তু নাগপুরের যে ন্যাশনাল অ্যাকাডেমি আছে আমরা সেই ধাঁচের ট্রেনিং ইনস্টিটিউশন গড়ে তুলব। তাতে ইলেকট্রিক অ্যারেঞ্জমেন্ট কম্পিউটার নেটওয়ার্ক থাকবে। এবং বলে দেবে কোথায় কিভাবে আগুন লেগেছে, রাস্তার অবস্থা কেমন এবং কিভাবে যেতে হবে তার সমস্ত খবর বলে দেবে। এই ব্যবস্থার মধ্যে দিয়ে বলতে চাই, যেভাবে আগুনগুলি লাগছে, যেসব সেক্টরে আগুন লাগছে, সেখানে আমরা সার্ভে করে এই ব্যবস্থাগুলি নেওয়ার জন্য কম্পিউটারাইজেশন এর ব্যবস্থা করেছি। আমাদের এই কথা বলতে অসুবিধা নেই, গত বছরে আমরা যে সমস্ত কাজকর্ম করেছি সেটা নিশ্চয় আমাদের প্রশংসার দাবি রাখে। গত বছরে ৯৫-৯৬ সালে বিশেষ করে কলকাতার আশেপাশে খুব বড় যে ফায়ারগুলি হয়েছিল ৬৫টি এবং মিডিয়াম হয়েছিল ৫১৫টি, টোটাল প্রপার্টি সেভ হয়েছিল একটা বিরাট অ্যামাউন্ট ৩৬৫ কোটি ৭৭ লক্ষ ৩৩ হাজার ওয়ার্থ অফ রুপিজ। এটা সেভড হয়েছিল নিশ্চিতভাবে বলা যেতে পারে। যে সব জায়গায় ছোটখাটো ফায়ার হয়, সেখানে ফায়ার কোলাপসড হচ্ছে,

[5-10 — 5-20 P.M.]

সেখানে গিয়ে আমাদের শুধু কাজ করাটা বড় কাজ নয়। এর সঙ্গে আরও অনেকগুলি কাজ জড়িয়ে গিয়েছে, ইতিমধ্যে বাড়ি কোলাপসড করলে ফায়ার ব্রিগেড যাচ্ছে, নদীতে বাস পড়ে গেলে ফায়ার ব্রিগেড যাচ্ছে অন্যান্য কাজে ফায়ার ব্রিগেড ব্যবহার হচ্ছে। সেখানে ফায়ার সার্ভিস মেন যাচ্ছে, কাজও বাড়ছে। সাথে সাথে আইনগত যে ব্যবস্থা দরকার হচ্ছে, সেই ব্যবস্থার দিকে আমরা এগুচ্ছি। ইতিমধ্যে আমরা নতুন নতুন জায়গায় ফায়ার স্টেশন তৈরি করছি। অ্যাপ্লিকেশনের ব্যাপারে আমি যেটা বললাম, আমরা নানা রকম ব্যবস্থা নিচ্ছি। ইতিমধ্যে আপনাদের জানানো হয়েছে এই ব্যাপারে। যাইহোক, এই বিতর্কের কোনও অবকাশ নেই। এখানে নতুন করে কিছু বলার অপেক্ষা রাখে না, আমি কাটমোশনের বিরোধিতা করে বাজেট ব্যয় বরাদ্দকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই দপ্তরের ৩টি যে ব্যয় বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন করে এবং বিরোধী পক্ষ থেকে যে কাটমোশনগুলি আনা হয়েছে তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। অনেকগুলি বিষয় এখানে উপস্থাপিত করা হয়েছে, সেই সম্বন্ধে আমি কিছু বলব। আমরা শুধু একটা নয়, বিভিন্ন কর্পোরেশন বিভিন্ন বাজার তার ম্যানেজমেন্টের জন্য, তার মেনটিন্যান্সের জন্য এই রকম সোসাইটি বা কো-অপারেটিভ অন্য কেউ যদি করে থাকে তাহলে আমরা সেটাকে উৎসাহিত করব। এখানে অভিযোগ এসেছে যে ইস্টার্ন বাইপাসের ধারে বা কলকাতার বিভিন্ন জায়গাতে নাকি জমি দেওয়া হয়েছে জলের দরে। কোনও জায়গা জলের দরে, কাউকে দেওয়া হয়নি। আই টি সি কে যে জায়গা দেওয়া হয়েছে সেটা সম্পূর্ণভাবে কাগজে বিজ্ঞাপন দিয়ে এবং সম্পূর্ণ যে নিয়মনীতি আছে সেই নিয়মনীতি মেনে এই ধরনের জমিগুলি আমরা বাজার মূল্যে বিক্রি করেছি। এবারে আমি আসছি, পঙ্কজ বাবু এবং তাপস বাবু প্রথমে একটি কথা বলেছেন যে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট নিয়ে গৌতম দেব এবং আমার সঙ্গে নাকি

একটা বিরোধ চলছে, রাজারহাট উপনগরী নিয়ে। আসলে জানাটা ভালো, না জানাটা ভালো কিন্তু অল্প জানাটা বা অর্ধেক জানা এটা আরও খারাপ। সেটা যদি আবার কিছু পত্রিকার সাংবাদিক জানেন। আসলে রাজারহাট উপনগরী তৈরি করবার পরিকল্পনা ১৯৯১ সালে সি এম ডি এ থেকে এটা তৈরি করা হয়েছিল। বুদ্ধদেব ভট্টাচার্য তখন মন্ত্রী ছিলেন এবং তারই উদ্যোগে সেই রাজারহাট উপনগরী নির্মাণ করার সমস্ত দায়িত্ব দেওয়া হয়েছিল হাউসিং বোর্ডের হাতে। আপনাদের জেনে রাখা ভালো এই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টে আছে, প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট ১৯৭৯। এই আইনে দেখবেন একটা জায়গায় লেখা আছে ভালো করে দেখবেন। এই আইনের যে অধিকার গুলো তার যে ডেলিগেশন—ডেলিগেট করতে পারে সরকার কোনও অফিসারকে, কোনও লোকাল অথরিটিকে, কোনও কর্পোরেশনকে, কোনও বোর্ডকে, এমন কি কোনও ডি এমকে, জেলা পরিষদকে, পঞ্চায়েত সমিতিকে পর্যন্ত। সেই হিসাবে এই আইনটা যখন প্রয়োগ হবে রাজারহাট এলাকায় সেটা সম্পূর্ণভাবে আমরা ইতিমধ্যেই হাউসিং বোর্ড এবং হাউসিং ডিপার্টমেন্টকে ডেলিগেট করে দিয়েছি। সুতরাং এই বিরোধ, মনোমালিন্য, কোনও টানাটানির প্রশ্ন এখানে নেই। এবারে এখানে আপনারা বলেছেন যে বাজেটে নাকি আমাদের টাকা খুবই সামান্য। আমি বলছি আপনাদের তাপস বাবু হয়তো

[5-20 — 5-30 P.M.]

তখন ছোটো ছিলেন। আমাদের এই যে পৌর দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তর এই দুটো দপ্তরে পরিকল্পনা খাতে আমাদের বাজেট বরাদ্দ গত বছর ছিল ২৯৮ কোটি টাকা। এই বছর এটা বেড়ে প্রায় ৩শো সাড়ে ৩শো কোটি টাকায় গিয়ে পৌঁছেছে। পরিকল্পনা বহির্ভূত খাতে আমাদের দুটো দপ্তরের ব্যয় হচ্ছে ৩৪০ কোটি টাকা। কত ছিল আপনাদের সময়ে? ১৯৭৬-৭৭ সালে যখন সিদ্ধার্থশঙ্কর রায় চলে যায় যখন সুব্রতবাবু পৌর মন্ত্রী ছিলে, তখন পরিকল্পনা খাতে কলকাতা বাদ দিয়ে বরাদ্দ ছিল মাত্র ২৫ লক্ষ টাকা আর পরিকল্পনা বহির্ভূত খাতে বরাদ্দ ছিল মাত্র ১০ কোটি টাকা। সেটাকে আমরা বাড়িয়ে গত বছর খরচ করেছি ২৯৮ কোটি টাকা। আর নন-প্ল্যান খরচ করেছি ৩৪০ কোটি টাকা। তাহলে আমরা কি করেছি ভালো করে বুঝতে পেরেছেন, এই তথ্য থেকে। ল্যান্ড ইউজড ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান যাকে আগে আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান বলা হত ৭৪ তম সংবিধান সংশোধন করার পর ল্যান্ড ইউজড ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান কলকাতায় কার্যকর হয়েছে। কলকাতা ছাড়াও বৃহত্তর কলকাতায় গঙ্গার পূর্ব এবং পশ্চিম পাড়ে আমাদের এই ল্যান্ড ইউজড ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান প্রায় তৈরি হয়ে গেছে। আগামী ২/১ মাসের মধ্যে আমরা সেটাকে প্রয়োগ করতে পারব। বৃহত্তর কলকাতা বাদে শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি এলাকা, আসানসোল দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি এলাকা, দিঘা শান্তিনিকেতন এবং তার সাথে সাথে হলদিয়া এলাকাতে আমরা টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট ইতিমধ্যে প্রয়োগ করেছি এবং ল্যান্ড ইউজড ডেভেলপমেন্ট কিছু জায়গায় কার্যকর হয়েছে, কিছু জায়গায় কিছুদিনের মধ্যে কার্যকর হবে। এই জায়গায় দাঁড়িয়ে আমরা নীতিগতভাবে একটা কথাই বারবার বলতে চেয়েছি যে এই ভূমি সদ্ব্যবহারের উপর আমরা বিশেষ ভাবে গুরুত্ব দিচ্ছি। কিভাবে জমির ব্যবহার করা হবে, কোন জায়গায় শিল্প হবে, কোন জায়গায় কলকারখানা হবে, কোন ও কোথায় বাণিজ্যিক ভাবে জায়গা ব্যবহার করা হবে তা এই

আইনে খুব নির্দিষ্টভাবে মেনে চলতে বলেছে। প্রত্যেকটি জায়গা, প্রতিটি পৌর এলাকা এবং যে সমস্ত এলাকা এই আইনের মধ্যে আসবে সেই এলাকা এই আইন মেনে চলতে বাধ্য। জনসাধারণকে এবিষয়ে সচেতন করেছে, তারা কিছু উদ্যোগ নিয়েছে। আরেকটা বিষয় বলছি, আপনারা দেখেছেন উল্লেখ করেছেন—আমরা পূজালি ও রায়গঞ্জে নির্বাচন করলাম। এই নির্বাচনে বামফ্রন্ট হেরেছেন, কংগ্রেস জয়ী হয়েছেন। আমরা উড়িষ্যার মতো করতে পারতাম এবং অনেকগুলি কংগ্রেস শাসিত রাজ্যের মতো করতে পারতাম, ১৯৭৭ সালের আগে এখানে যা করেছিলেন তা আমরা করতে পারতাম। কিন্তু আমরা তা করিনি। কারণ আমাদের, গণতন্ত্রের উপর আস্থা আছে, বিশ্বাস আছে বলে, আমরা পূজালি ও রায়গঞ্জের নির্বাচনে কংগ্রেস জিতবে জেনেও নির্বাচন করেছি। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য যেখানে ১২১টা পৌরসভার মধ্যে ১১৯টা পৌরসভায় নির্বাচিত পৌরবোর্ড হয়েছে। বাকি ২টি জায়গা দুর্গাপুর এবং হলদিয়াতে রাষ্ট্রপতির সম্মতি পেলে কর্পোরেশন করব। এই ২টি জায়গায় এই বছরের শেষে কিম্বা আগামী বছরের প্রথমদিকে নির্বাচন করতে পারব বলে মনে হয়। আপনারা বিকেন্দ্রীকরণের কথা বলেছেন—সেটা এখানে এসেছে—আমরা এটা বিশ্বাস করি। মাননীয় সদস্য চিত্তরঞ্জন দাসঠাকুর সঠিকভাবে বলেছেন—শুধু কলকাতা বা হাওড়া কেন্দ্রীক উন্নয়নই নয়—কলকাতার যে গুরুত্ব, তার যে হিন্টার ল্যান্ড, সেটা শুধু পশ্চিমবঙ্গের নয়, কলকাতা শহর পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ জায়গা। সেজন্য কলকাতার মেগাসিটি প্রকল্প আমরা এনেছি। এই প্রকল্প ছাড়া, এর বাইরে যে পৌরসভা আছে, বিশেষ করে তার জন্য চিন্তা-ভাবনা করছি। বাজেটের ব্যয়-বরাদ্দে পৌরসভার ক্ষেত্রে ব্যয়-বরাদ্দ এমন ভাবে রাখা আছে যাতে এই প্রকল্পগুলো শহরের মতো গ্রামেগঞ্জেও ছড়িয়ে যেতে পারবে। অভাবের তাড়নায় এখন আর গ্রামের মানুষকে কাজের জন্য শহরে আসতে হবে না। এই প্রকল্পের আওতায় ৬০ হাজার মানুষকে অন্তর্ভুক্ত করা যাবে এবং এতে ১০০ কোটি টাকা খরচা করছে। খাটা-পায়খানা তুলে দেওয়ার জন্য এইসব প্রকল্পের অন্তর্ভুক্ত করেছি। সমস্ত প্রকল্পের ক্ষেত্রে যাতে ছোট, বড়, মাঝারি পৌরসভাগুলোকে কিছুটা সুযোগ-সুবিধা দেওয়া যেতে পারে তার জন্য উদ্যোগ নেওয়ার কথা বলেছি, কার্যকর করেছি। আমার মনে হয় কলকাতাকে বাঁচাতে হলে গ্রামাঞ্চলের উন্নতি করতে হবে। ছোট ও মাঝারি শহরের উন্নয়ন করতে হবে। কলকাতার উপর চাপ কমাতে হবে। সেটা করতে গেলে সিভিক এ মেনিটিস পৌরসভাগুলোতে বাড়িয়ে দিতে হবে। গ্রামাঞ্চলেও সেই পরিষেবা ছড়িয়ে দিতে হবে। তা নাহলে কলকাতার চাপ কমাতে পারব না। বোম্বে, মাদ্রাজ ও দিল্লিতে গত ৮১-৯১ সালের মধ্যে জনসংখ্যা যে হারে বৃদ্ধি পেয়েছে তার তুলনায় কলকাতার জনসংখ্যা কোর-সিটিতে বেড়েছে মাত্র ৭ পারসেন্ট। অভাবের তাড়নায়, সামান্য রুজি-রোজগারের আশায় এখন আর কাউকে গ্রাম থেকে শহরে, কলকাতাতে আসতে হচ্ছে না। সমস্ত সুযোগ-সুবিধা গ্রাম-গঞ্জেই পাওয়া যাচ্ছে। আপনারা বলেছেন কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন আর আমরা নাম করছি। এই জায়গায় আপনাদের অজ্ঞতা, কিছুটা গ্যাপ আছে। ধরুন, কোনও প্রকল্প—কেন্দ্রীয় প্রকল্প যত গুলো আছে—কোনও কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্রীয় সরকার সব টাকা দেন না—অনেকগুলো প্রকল্পে কেন্দ্রীয় সরকার দেন ৫০ পারসেন্ট টাকা আর বাকিটা দেন রাজ্য সরকার। আবার কতকগুলো প্রকল্পে কেন্দ্রীয় সরকার দেন ৬০ পারসেন্ট টাকা এবং রাজ্য সরকার দেন ৪০ পারসেন্ট টাকা। খাটা পায়খানা কেন্দ্রীয় প্রকল্প—এই প্রকল্পে কেন্দ্রীয় সরকার দেন ৫৫ পারসেন্ট টাকা রাজ্য

সরকারের ৫০ পারসেন্ট টাকা এবং বেনিফিসিয়ারিস কন্ট্রিবিউশন ৫ পারসেন্ট টাকা। তাহলে কিভাবে সবটা কেন্দ্রের হল? যেমন আই ডি এস এম টি প্রকল্পে গত বছর পর্যন্ত কেন্দ্রীয় সরকার যা দিয়েছে লোন হিসাবে, আর রাজ্য সরকার অনুদান হিসাবে। তাহলে কেন্দ্রের টাকা তো নামেই, টাকা দেয় রাজ্য। যাদবপুর, বেহালা বা অন্যান্য বিভিন্ন পৌর শহরে নতুন এলাকা সংযোজিত হয়েছে, কিছু পৌরসভা নতুন হয়েছে। দশম অর্থ কমিশনের যে টাকা আমরা পাব, ৫০ কোটি টাকা আগামী চার বছরের বৃহত্তর কলকাতার বস্তি উন্নয়নের জন্য ব্যয় করব এবং ১২০ কোটি টাকা পৌরসভাগুলোর পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য। এক্ষেত্রে আমরা গুরুত্ব দেব বিশেষ ভাবে এই সংযোজিত, পিছিয়ে পড়া এলাকাগুলো, নতুন বা অনুন্নত এলাকা আর বস্তি এলাকায় যে প্রকল্প আমরা হাতে নেব দশম অর্থ কমিশনের টাকা দিয়ে। অনেকে বলেছেন আমরা না কি পানীয় জলে জল কর বসিয়েছি। কিন্তু এটাকে বলা হয় ইউজার চার্জ। তাপসবাবু কলকাতার কাউন্সিলার, আপনি জানেন কলকাতায় জল ব্যবহারের ক্ষেত্রে ১০ এম এম ফেরুল, ১৫ এম এম ফেরুল, ২০ এম এম ফেরুল, ২৫ এম এম ফেরুল প্রতিটি ফেরুল সাইজের একটা চার্জ আছে। এই চার্জের কথাই বলেছি, কলকাতা কর্পোরেশন এই নীতি নিয়েছি। বস্তি এলাকার মানুষ, নিম্ন আয়ের এলাকার মানুষের ক্ষেত্রে জলের চার্জের কোনও প্রশ্ন নেই, এবং ভবিষ্যতেও বলব না তাদের জলের টাকা দিতে হবে। যদিও কলকাতায় প্রয়োজনের তুলনায় জল কিছুটা কম দেওয়া যাচ্ছে, কিন্তু অনেকগুলি মহানগরী থেকে এখানে বেশি দেওয়া হয়।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি আরও ২০ মিনিট সময় বাড়িয়ে নিলাম, আশা করি আপনাদের আপত্তি নেই।

[5-30 — 5-40 P.M.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমরা দেখেছি মাদ্রাজ শহরে দৈনিক ১৫ গ্যালন জল সরবরাহ করা হয় এবং সেখানে জল সরবরাহ করার সময় হচ্ছে মাত্র তিন থেকে চার ঘণ্টা। কলকাতায় মাথাপিছু দেওয়া হয় ৪২ গ্যালন জল এবং দৈনিক পাঁচ থেকে ছ ঘণ্টা ধরে জল দেওয়া হয়। কম করে আরও ৩৭ মিলিয়ন গ্যালন জল প্রয়োজন। কিন্তু কলকাতায় দৈনিক ৩৫ মিলিয়ন গ্যালন জল অপচয় হয় কিছু ট্রানজিটে, কিছু পাইপ লাইন লিকেজে এবং বিভিন্ন বাড়িতে ট্যাঙ্ক ওভারফ্লো হয়ে, এবং বিভিন্ন ট্যাপ থেকে। কথা হচ্ছে, জল তৈরি করতে খরচ অনেক বেশি হয়। এই মুহূর্তে কলকাতায় ৩৫ মিলিয়ন গ্যালন জল শর্ট সাপ্লাই আছে। এই জল যদি নতুন করে তৈরি করতে হয়, তাহলে অনেক খরচ হবে। প্রতি বছর কলকাতা কর্পোরেশন জলের জন্য খরচ করে ৬০ কোটি ৫০ লক্ষ টাকা। আর সি এম ডব্লু এস এ জলের জন্য ৭১ কোটি টাকা খরচ করে। আর, জল থেকে আমরা পাই কত? কলকাতা কর্পোরেশন পায় মাত্র ৭ কোটি ৫০ লক্ষ টাকা। এই যে বিরাট ঘাটতি, তাহলে কোনও মানুষের জন্য কত দিন ধরে জল বিনা পয়সায় দেব? যারা বাণিজ্যিক ভাবে ব্যবহার করে, উচ্চ বিত্তের মানুষ, যারা প্রোমোটারের বাড়িতে বসবাস করে, যাদের ক্ষমতা আছে দেওয়ার, তাদের কি বিনা পয়সায় এই জলের সুযোগ পাওয়া উচিত? নিশ্চয় নয়। আমরা এই জায়গা খুঁজে বের করতে চাই। এই কারণে আমরা বলতে চাই, জল সম্পর্কে আমাদের

নির্দিষ্ট প্রস্তাব হচ্ছে। যে রকম জল সরবরাহ বৃদ্ধি পেয়েছে তাতে কলকাতা কর্পোরেশন ৪৫ কোটি টাকা খরচ করে ৪০ মিলিয়ন গ্যালন জলের প্রকল্প হাতে নিয়েছে। হাডকোর সহায়তায় গার্ডেনরিচে সেকেন্ড ফেজের কাজ শুরু হয়ে যাবে আরও ১০ মিলিয়ন গ্যালন জল টানা-পলতা থেকে সল্টলেকে এবং কলকাতা পাবে। তাই অতিরিক্ত জল কলকাতার মানুষের জন্য সররবাহ করতে হাডকোর কাছ থেকে ঋণ নিতে হয়েছিল, বিশ্বব্যাঙ্ক থেকে এজন্য কোনও ঋণ নেওয়া হয়নি। সমস্ত হাডকোর কাছ থেকে নেওয়া হয়েছে। হাডকোর শর্ত ছিল যে, জল আমরা দিচ্ছি কিন্তু ১২ বছরের মধ্যে ঋণের টাকা শোধ করতে হবে। কিন্তু সবাইকে যদি বিনা পয়সায় জল দেওয়া হয় তাহলে ঐ টাকা শোধ করা যাবেনা। সেই জন্য আমরা বলছি, বস্তি এলাকার মানুষ গরিব মানুষের উপর জল করের প্রয়োজন নেই। তবে আমরা খুঁজে বার করব ১০ মি.মি. এবং ১৫ মি.মি. ফেরুল নেই এবং বস্তির মানুষের সঙ্গে যাদের আয়ের পার্থক্য রয়েছে সেটা আমাদের খুঁজে বের করতে হবে। এইভাবে জল সরবরাহ আমার বাড়াব এবং জলের উপর থেকে অন্তত কিছুটা হলেও আয় বৃদ্ধি করব। এজন্য বিল সার্ভ করব। জলের জন্য আমরা কম্পিউটার ব্যবহার করব। এখানে একটা বিষয়ে, প্রশ্ন উঠেছিল, কলকাতায় জলের জন্য আমরা তিনটি বড় প্রকল্পের সাথে সাথে বহু পুরাতন যে জলের পাইপ-লাইন তার পরিবর্তন করছি। নতুন করে পুস্টার পাম্পিং স্টেশন তৈরি করছি। যাদবপুর, বেহালা পাম্পিং স্টেশন সারফেস ওয়াটার পাচ্ছেনা । সেখানে ২৫ কোটি টাকা ব্যয় করে আন্ডার গ্রাউন্ড রিজার্ভার এবং আরও বিভিন্ন পাইপ লাইনের ব্যবস্থা করা হচ্ছে। বহু এলাকায় আন্ডার গ্রাউন্ড রিজার্ভার নেই। এছাড়া আমরা ওল্ড পাইপ-লাইন ৬০ ইঞ্চি ব্যাসের বসাতে চলেছি তার জন্য ৫০ হাজার টাকা খরচ হবে।

আমরা মেগাসিটি প্রকল্পের কাজ হাতে নিয়েছি। এতে ১৬০০ কোটি টাকার মধ্যে ২৬৫ কোটি টাকা পানীয় জলের জন্য বরাদ্দ রেখেছি। এর মধ্যে জুন মাস পর্যন্ত ১৬৬ কোটি ৪০ লক্ষ টাকা মেগাসিটি প্রকল্পে পানীয় জলের জন্য বিভিন্ন অনুমোদন দিয়েছি, ওয়ার্ক অর্ডার দিয়েছি। এর পাশাপাশি মাননীয় সদস্য শোভনদেব বাবু বারুইপুরে জলের ব্যাপারে বলেছেন—আমরা ওখানে নাকি জল প্রকল্প বাতিল করেছি। বারুইপুরে ফেজ-১ ও ফেজ-২ মেগাসিটির ভেতরে পড়ছে। সেখানে ১৭০ লক্ষ টাকা এবং ১৮৮ লক্ষ টাকা মোট ৩ কোটি ২৫ লক্ষ মতো একাট বরাদ্দ আছে। ওয়ার্কিং কমিটিতে পাসও হয়ে গেছে এবং অচিরেই কাজ শুরু হবে। এটা আমাদের মেগাসিটি সম্পর্কে বলার কথা। এছাড়া একই সাথে মহেশতলায় ওয়াটার সাপ্লাই করার কাজ বাকি আছে, এটা আমাদের করতে হবে। আরও ফ্রিঞ্জ এলাকায় জলের প্রকল্প আমাদের আছে, সেগুলি করতে হবে। এছাড়া মিউনিসিপ্যালিটি ডেভেলমেন্ট প্রোজেক্ট সেখানে ১৫ কোটি টাকার কাজ চলছে, পরবর্তীকালে আরও ১২ কোটি টাকার কাজ শুরু হবে। বারুইপুরে অনুমোদন ওয়ার্কস কমিটিতে পাশ হওয়া সত্ত্বেও কেন আমরা ওয়ার্ক অর্ডার দিতে পারি নি, এই জায়গায় একটা প্রশ্ন তুলেছেন মাননীয় সদস্য শোভনদেববাবু। আমরা কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলেছি, কলকাতা, হায়দ্রাবাদ, বোম্বাই, ও ব্যাঙ্গালোর এই চারটি শহরকে মেগাসিটিতে উন্নীত করা হবে। প্রণব মুখার্জির সঙ্গে ১৬০০ কোটি টাকার মেগাসিটি প্রকল্প চূড়ান্ত হয়েছে। সেখানে ৮০০ কোটি টাকা আমাদের বিভিন্ন ফিনান্সিয়াল ইনস্টিটিউশন বা আর্থিক প্রতিষ্ঠানে থেকে ঋণ নিতে হবে, কিছু রেমুনারেটিভ প্রোজেক্ট করতে

হবে, কিছু ক্ষেত্রে কস্টটা আমাদের তুলতে হবে। তাহলে এর জন্য ৪০০ কোটি টাকা দেবে কেন্দ্র আর ৪০০ কোটি টাকা দেবে রাজ্য। ১৯৯৪-৯৫ সাল থেকে কাজ শুরু হয়। আমরা অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ৬০৮ কোটি টাকার ওয়ার্ক দেব। ৪৩৫ কোটি টাকার ওয়ার্ক অর্ডার জারি করার জন্য সমস্ত নির্দেশ নিয়েছি। কেন্দ্রীয় সরকার সে সময়ে পরপর দু বছরে তাদের দেও ৫০ কোটি টাকা এটা তারা দেয় নি। ১৯৯৪-৯৫ সাল থেকে টাকা দেওয়া শুরু হয়। ১৯৯৪-৯৫ সালে ১৬ কোটি ১০ লক্ষ টাকা এবং ১৯৯৫-৯৬ সালে ১৮ কোটি ৮ লক্ষ টাকা, মোট ৩৪ কোটি ১৮ লক্ষ টাকা তারা দিয়েছে। আর রাজ্য সরকার ১৯৯৪-৯৫ সালে ৫৮ কোটি ৩২ লক্ষ টাকা এবং ১৯৯৫-৯৬ সালে ৪৫ কোটি ৯০ লক্ষ টাকা, মোট ১০৪ কোটি ২২ লক্ষ টাকা দেয়। ৪৯ কোটি ১৮ লক্ষ টাকা, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকেও ৫০ লক্ষ টাকা সংগ্রহ করেছি। সুতরাং কেন্দ্রীয় সরকারের দু বছরে ১০০ কোটি টাকা দিয়ে ছিল, সেখানে তারা দিয়েছে ৩৪ কোটি ১৮ লক্ষ টাকা। এখানে ওদের একটা বক্তব্য ছিল যে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার যে টাকাটা দেবে, তার বেশি ওয়ার্ক অর্ডার দেওয়া যাবে না। সেই হিসাব করেই আমরা এখন মেগাসিটির জন্য ৩৩৫ কোটি টাকার ওয়ার্ক অর্ডার দিয়েছি, বাকিটা আমরা এই জন্যই করতে পারি নি। যদি কেন্দ্রীয় টাকা দিতে রাজি হতেন, তাহলে আমরা সেটা করতে পারতাম, বারুইপুর, মহেশতলা, শালকিয়ায় ৩০ এম জি জল সরবরাহ করার ট্রিটমেন্ট প্ল্যান্টের কাজ শুরু করতে পারতাম, যদি আমরা ৪৫০ কোটি টাকার ওয়ার্ক অর্ডার জারি করতে পারতাম। আগে কেন্দ্রীয় সরকার কি বলেছেন? তারা এই প্রকল্পের ক্ষেত্রে বলেছেন অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যতগুলি কাজ নেওয়ার কথা ছিল সেই কাজগুলি এই পরিকল্পনার মধ্যে শেষ করতে হবে। যদি সেই কাজ সেই সময়ের মধ্যে না করা যায়, তাহলে কোনও মতেই তাকে কনটিনিউয়াস স্কীম হিসাবে গ্রহণ করা হবে না, আমার মতে এটা হতে পারে না। অষ্টম পঞ্চাবার্ষিকী পরিকল্পনা আগামী বছর শেষ হয়ে যাবে কিন্তু এর কাজ শেষ করা যাবে না। সেখানে আন্ডার পাস আছে, বড় বড় রাস্তা আছে, সুতরাং আমরা বলেছিলাম এই স্বার্থে সেটা পূরণ করতে হবে। ওদের শর্ত ছিল সমস্ত ক্ষেত্রে ৪০ শতাংশ কাজ অন্তত পক্ষে রেমুনারেটিভ প্রোজেক্ট বা কস্ট রিকভারি প্রোজেকট হিসাবে নিতে হবে ; কমার্শিয়াল প্রোজেক্ট হিসাবে নিতে হবে। আমাদের বক্তব্য—তা হতে পারে না। আমরা বলছি কলকাতা, বোম্বাই বা মাদ্রাজ এক রকম নয়। কলকাতার যে পরিকাঠামো, কলকাতার যে বেসিক প্রবলেম, যে বুনিয়াদি সমস্যা আছে—এটা ১০০ বছরের পুরানো শহর, এখানকার সোয়ারেজ লাইন, ড্রেনেজ লাইন, পাইপ লাইন, জল নিকাশি ব্যবস্থার ওপর আমাদের বিশেষ গুরুত্ব দিতে হবে। তারপরে আমরা কিছু মার্কেট কমপ্লেক্স, কিছু হাউসিং কমপ্লেক্স করব এবং কিছু এরিয়া ডেভেলপমেন্ট করব। সেগুলো থেকে কর আদায় করতে পারব এবং সেগুলো বিক্রি করেও কিছু আয় হবে। কিন্তু আমরা কলকাতার সোয়ারেজ ব্যবস্থার মধ্যে, ড্রেনেজ ব্যবস্থার মধ্যে, কলকাতার সমস্ত রাস্তার ওপরে কর বা ইউজার চার্জ বসাতে পারি না। সে জন্যই আমরা বলছি আমাদের ৪০ শতাংশই দিতে হবে। এখন ২০ শতাংশ অর্থ পরিকাঠামোর জন্য ব্যবহার করা হচ্ছে। আমাদের বক্তব্য ২০ শতাংশ নয়, এটাকে ৪০ শতাংশ করা হোক। আর বাকি ৩০ শতাংশ বস্তির মানুষের জন্য, গরিব মানুষদের এলাকার জন্য খরচ করতে পারব, সেগুলো কস্ট রিকভারি প্রোজেক্ট হবে না। এই প্রস্তাব আমার কেন্দ্রের কাছে দিয়েছি। আগামী কিছু দিনের মধ্যেই দিল্লিতে গিয়ে নতুন

সরকারের সঙ্গে এবিষয়ে কথা বলব।

একটা প্রশ্ন এখানে উঠেছে, মেগাসিটি প্রকল্পের কাজ হবে, কি হবে না? এটা আমি পরে বলছি। আগের কেন্দ্রীয় সরকার বার বার আলোচনা করা সত্ত্বেও কথার খেলাপ করেছেন। যার জন্য আমাদের যথেষ্ট সমস্যার সম্মুখীন হতে হয়েছে মেগাসিটি প্রকল্প কার্যকর করতে। নতুন সরকার যদি আমাদের সঙ্গে সহযোগিতা না করেন তাহলেও সেক্ষেত্রে আমাদের অনেক সমস্যা হবে। কিন্তু তথাপি আজকে আমি এই হাউসে ঘোষণা করছি যে, যত অসুবিধাই হোক না কেন, যত বাধাই আসুক না কেন আমরা যেভাবেই হোক ১৬০০ কোটি টাকার মেগাসিটি প্রকল্পের কাজ অব্যাহত রাখবো। কোনও বাধাকেই মেগাসিটি প্রকল্পে বাধা হতে দেব না। সে জন্য অবশ্যই আপনাদের সকলের সহযোগিতা আমরা চাই।

এখানে আপনারা অনেক ভাল ভাল পরামর্শ, সাজেশন দিয়েছেন—সেগুলো নিশ্চয়ই আগামী দিনে নীতি তৈরির ক্ষেত্রে এবং কাজের ক্ষেত্রে আমরা গ্রহণ করব। এই কটি কথা বলে আমাদের বাজেটকে সমর্থন করে, কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[5-40 — 5-49 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, ইতিপূর্বে আপনার কাছে আমরা জানিয়েছি যে, মন্ত্রীর বক্তব্যের সময় সীমা টোটাল টাইম লিমিটেশনের মধ্যে রাখতে হবে। আপনি চেয়ার থেকে মন্ত্রীকে জিজ্ঞাসা করলেন, 'আপনার কত টাইম লাগবে?' মন্ত্রী ২০ মিনিট, কি ৩০ মিনিট চাইলেন, আর অমনি আপনি টাইম বাড়িয়ে দিলেন। এটা কি হচ্ছে? আপনার এই বাড়তি টাইমটা দু'ভাগ করে আমাদেরও দেওয়া উচিত?

**মিঃ ডেপুটি স্পিকারঃ** সুদীপবাবু, মন্ত্রী বেশি টাইম নেন নি। আপনি হাউসে ছিলেন না, তাই জানেন না, ওর টাইম ছিল আধ ঘণ্টা। উনি ১৩ মিনিটের মধ্যেই শেষ করেছেন। আপনাদের মেম্বাররা ১ মিনিট, ২ মিনিট, ৩ মিনিট করে অনেক বেশি সময় নিয়ে নিয়েছেন। তা ছাড়া এই ক্ষমতা স্পিকার, ডেপুটি স্পিকার বা যে কোনও প্রিসাইডিং অফিসারের আছে—সেই ক্ষমতা অনুযায়ীই আমি সময় বাড়িয়েছি। নো পয়েন্ট অফ অর্ডার।

## Demand No. 26

The motions of Shri Sultan Ahmed, Shri Deba Prasad Sarkar, Shri Abdul Mannan, Shri Saugata Roy and Shri Gyan Singh Sohanpal that the amount of the Demand be reduced by Rs. .100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 43,97,50,000 be granted for expenditure under Demand No. 26, Major Head: "2070—Other Administrative Services (Fire protection and Control)". (This is inclusive of a total sum of Rs. 14,13,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

## Demand No. 90

There was no Cut Motions with this Demand

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,10,51,81000 be granted for expenditure under Demand No. 90, Major Head : "3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)". (This is inclusive of a total sum of Rs. 1,05,26,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

## Demand No. 37

The motions of Shri Deba Prasad Sarkar, Shri Abdul Mannan, Shri Ajoy De and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were that put and lsot.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 368,84,00,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development.". (This is inclusive of a total sum of Rs. 123,49,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে সুব্রতবাবুর সঙ্গে প্রদীপ কুন্দলিয়াকে জড়িয়ে মন্ত্রিমহাশয় একটা ইন্ডিকেশন দিলেন যেটা বলা ঠিক নয়। কারণ সুব্রতবাবু এই মুহূর্তে হাউসে নেই। তাই আমার প্রথম কথা হচ্ছে, এটা এক্সপাঞ্জ করে দিন। কুন্দলিয়ার সঙ্গে সুব্রতবাবুর কি করা উচিত, না করা উচিত সে বিষয়ে সুব্রতবাবু সোমবার তার জবাব দেবেন। এই ধরনের মন্তব্য সভার মধ্যে বাজেট বক্তৃতার সময়ে যত কম করা যায় ততই ভাল।

**মিঃ ডেপুটি স্পিকার :** কি বলেছে, না বলেছে আমি দেখব, তারপর হবে।

## Adjournment

The House was then adjourned at 5.49 P.M. till 11.00 A.M. on Friday, the 5th July, 1996 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
## West Bengal Legislative Assembly Proceedings
## (Official Report)

Vol: 108 No-II (One hundred and Eighth Session) (June to July Session, 1996)

(The 25th, 26th, 27th, 28th June, 1st, 2nd, 3rd and 4th July, 1996)

**Amendment to Governor's Address PP-300-348**

**Arrest of Member** PP-214-215

**Bill**

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1996 P-186

The West Bengal Finance Bill, 1996 PP-672-682

**Budget Speech on Demand Nos.** 1, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 15, 16, 17, 18, 19, 20, 21, 22, 23, 24, 25, 26, 27, 28, 29, 30, 31, 32, 33, 34, 35, 36, 37, 38, 39, 40, 41, 42, 43, 44, 45, 46, 47, 48, 49, 50, 51, 52, 53, 54, 55, 56, 57, 58, 59 60, 61, 62, 63, 64, 65, 66, 67, 68, 69, 70, 71, 71, 73, 74, 75, 76, 77, 78, 79, 80, 81, 82, 83, 84 85, 86, 87, 88, 89, 90, 91, 92, 93, 94, 95, 96, 97, 98, 99 for the year—1996-97. PP-215-569.

**Breach of Privilege** PP-855-856

**Demands for Grants**

Voting on Demands for Grants—Demand No. 40. PP-775-789

Voting on Demand for Grants—Demand Nos. 12, 77, 78, 80 & 8 PP-682-701

Voting on Demand for Grants—Demand No. 35 P-310-724

Voting on Demand for Grants—Demand No. 36 PP-702-710

Voting on Demand for Grants—Demand Nos. 32, 33, 34 PP-616-640

Voting on Demand for Grants—Demand Nos. 47, 48, 55 & 58 PP-789-830

Voting on Demand for Grants—Demand Nos. 66, 67 & 68 PP-879-925

Voting on Demand for Grant—Demand Nos. 90, 37 & 26 PP-970-1018

**Discussion on Voting on Demand for Grant—Demand Nos. 47, 48, 55 & 58**

by—Shri Abdul Rezzak Molla PP-820-821

by—Shri Atish Chandra Sinha

by—Shri Birendra Kumar Moitra PP-821-823

by—Shri Chittaranjan Biswas PP-819-820

by—Shri Daulat Ali PP-815-816

by—Shri Deba Prasad Sarkar PP-811-813

by—Shri Hafiz Alam Sherani PP-801-803

by—Shri Khara Saren PP-805-806

by—Shri Kiriti Bagdi PP-810-811

by—Shri Mahabubul Haque PP-816-817

by—Shri Narendra Nath Dey PP-823-828

by—Shri Nikunja Paik PP-813-814

by—Shri Ramprabesh Mondal

by—Shri Rampada Samanta PP-818-819

by—Shri Ratan Chandra Pakhira

by—Shri Sailaja Kumar Das PP-803-805

by—Shri Sanjib Kumar Das PP-798-801

by—Shri Saugata Roy PP-806-810

**Discussion on Voting on Demand For Grants—Demand Nos. 32, 33, 34**

by—Shri Deba Prasad Sarkar PP-617-622

by—Shri Id Mohammed PP-629-631

by—Shri Md. Yaqub PP-626-628

by—Shri Minati Ghose PP-633-635

by—Shri Mozammel Haque PP-625-626

by—Shri Naren Hansda PP-628-629

by—Shri Partha Dey PP-635-639

by—Shri Pravin Kumar Shaw PP-622-624

by—Dr. Tapati Saha PP-631-633

**Discussion on Voting on Demand For Grants—Demand Nos. 36**

by—Shri Goutam Deb PP-706-710

by—Shri Narayan Mukherjee PP-704-706

by—Shri Prabodh Purkait PP-703-704

**Discussion on Voting on Demand For Grants—Demand Nos. 12, 77, 78, 80 & 81**

by—Shri Deba Prasad Sarkar PP-682-685

by—Shri Jayanta Kr. Biswas PP-688-690

by—Shri Lagan Deo Singh PP-691-693

by—Shri Purnendu Sengupta PP-690-691

by—Shri Shiba Prasad Malick PP-687-688

by—Shri Shyama Prasad Basu PP-685-688

by—Shri Subhas Chakraborty PP-695-700

by—Shri Susanta Ghose PP-693-695

**Discussion Voting on Demand For Grant—Demand No.35**

by—Shri Brahmamoy Nanda PP-717-718

by—Shri Gautam Deb PP-718-724

by—Shri Paresh Nath Das PP-713-715

by—Shri Prabodh Purkait PP-710-713

by—Shri Subhas Naskar PP-715-717

**Discussion on Voting on Demand for Grant—Demand No. 40**

by—Shri Debabrata Banerjee PP-783-785

by—Shri Kanti Biswas PP-786-789

by—Shri Nirod Roychowdhury PP-785-786

by—Shri Pankaj Banerjee PP-775-783

**Discussion on voting on Demand for Grant—Demand Nos.66, 67 & 68**

by—Shri Ajit Khara PP-898-900

by—Shri Anandagopal Das PP-905-906

by—Shri Debabrata Bandyopadhyay PP-918-921

by—Shri Ganesh Chandra Mondal PP-916-917

by—Shri Gopal Krishna Dey PP-894-897

by—Shri Kamakshya Nandan Das Mahapatra PP-900-902

by—Shri Manoranjan Patra PP-887-889

by—Shri Md. Abdul Karim Chowdhury PP-889-892

by—Shri Nandagopal Bhattacharya PP-921-924

by—Shri Narmada Ch. Roy PP-910-912

by—Shri Nishikanta Mehta PP-892-894

by—Shri Prabodh Purkait PP-907-908

by—Shri Purnendu Sengupta PP-914-916

by—Shri Rabindra Nath Mondal P-918

by—Dr. Ramchandra Mondal PP-908-909

by—Shri Sailaja Kumar Das PP-902-905

by—Shri Sekh Daulat Ali PP-912-914

by—Shri Subhas Naskar PP-897-898

by—Shri Suniti Chattaraj PP-880-887

**Discussion on Voting on Demand for Grant—Demand Nos. 90, 37 & 20**

by—Shri Ajoy De PP-981-983

by—Shri Amar Chowdhury PP-991-993

by—Shri Ashok Bhattacharya PP-1011-1017

by—Shri Chittaranjan Dasthakur PP-996-998

by—Shri Deba Prasad Sarkar PP-1007-1008

by—Shri Gurupada Dutta PP-1008-1009

by—Shri Jatu Lahiri PP-1005-1007

by—Shri Kamal Kanti Guha PP-998-999

by—Shri Madanmohan Nath PP-999-1002

by—Shri Md. Yakub PP-979-981

by—Shri Nirmal Mukherjee PP-984-988

by—Shri Pankaj Banerjee PP-970-978

by—Shri Pratim Chatterjee PP-1010-1011

by—Shri Sobhan Deb Chattopadhyay PP-988-991

by—Shri Tapas Roy PP-1002-1004

by—Shri Tarak Bandyopadhyay PP-994-996

**Discussion on the West Bengal Finance Bill, 1996**

by—Dr. Asim Kumar Dasgupta PP-676-679

by—Shri Deba Prasad Sarker Pp-673-674

by—Shri Subhas Goswami PP-674-676

**General Discussion on Budget**

by—Dr. Asim Kumar Dasgupta PP-203-214

by—Shri Binay Dutta PP-70-72

by—Shri Biren Ghose Pp-189-193

by—Shri Chittaranjan Das Thakur PP-64-66

by—Shri Deba Prasad Sarkar PP-118-123

by—Shri Haradhan Bauri PP-66-67

by—Shri Hafiz Alam Shairani PP-128-130

by—Shri Kamalkanti Guha PP-59-63

by—Shri Kamalakshmi Biswas PP-53-56

by—Dr. Md. Fazle Haque PP-186-189

by—Shri Kiriti Bagdi PP-136-137

by—Shri Mozammal Haque PP-130-132

by—Shri Mursolin Molla PP-144-145

by—Shri Narmada Chandra Roy PP-132-136

by—Shri Nirmal Das PP-56-59

by—Shri Nishikanta Mehta PP-193-197

by—Shri Prabhanjan Mondal PP-47-53

by—Shri Pratyush Mukherjee PP-137-140

by—Shri Rabindra Nath Hembram PP-142-144

by—Shri Ram Chandra Mondal PP-68-70

by—Shri Rampada Samanta PP-140-142

by—Shri Sushil Biswas PP-210-203

by—Shri Tapan Hore PP-197-201

by—Shri Yunus Sarkar PP-123-128

**Laying of Rule**

The West Bengal Panchayat (Recruitment and Conditions of service of Gram Panchayat Karmee) Rules, 1995

**Mention Cases**

PP-755-774

PP-615-616

PP-30-45

PP-96-114

PP-115-118

PP-660-670

PP-965-967

PP-170-185

**Obituary Reference**

of—Dr. Zafar Uganui PP-1-2

of—Shri Tarun Kumar Bhandari PP-147-148

of—Shri Sukumar Mondal PP-73-74

of—Shri Durgapada Sinha Pp-2-3

**Point of Information**

PP-856-859

**Point Order PP-22-23**

**Presentation of Report**

4th Repport of the Business Advisory Committee PP-114-115

5th Report of the Business Advisory Committee PP-571-572

Sixth Report of the Business Advisory Committee PP-861-862

**Question**

Absence of Government Lawyears at High Court

by—Shri Akbar Ali Khandokar & Shri Saugata Roy P-658

Applicants waiting for LPG

by—Shri Akbar Ali Khandokar & Shri Saugata Roy PP-594-595

Bus Terminus at Fultala

by—Shri Sobhan Deb Chattopadhyay P-950

Cinema Halls in West Bengal

by—Shri Sultan Ahmed PP-953-954

Comprehensive Crop Insurance Scheme

by—Shri Sultan Ahmed PP-734-736

Control of Pollution at Tangra Topsia

by—Shri Sultan Ahmed PP-88-89

Durgapur Slaughter House

by—Shri Akbar Ali Khandokar & Shri Saugata Roy PP-14-15

Duties of Security guards of Edible Oil Refinery & Packing Plant

by—Shri Saugata Roy PP-591-592

Expenditure on the different Rural Development Schemes

by—Shri Sultan Ahmed P-952

Fixed Capital Investments

by—Shri Sultan Ahmed PP-943-944

Forged no objection Certificate

by—Shri Saugata Roy & Shei Sudip Bandyopadhyay PP-654-655

Gabberia State General Hospital at Panchla

by—Shri Gulsan Mullick PP-603-604

Liberation Policy

by—Shri Sultan Ahmed PP-163-164

Number of Film show viewers at Nandan

by—Shri Saugata Roy PP-955-956

Performance of U.I.P. in West Bengal

by—Shri Sultan Ahmed PP-595-600

Position of B.I.F.R.

by—Shri Tushar Kanti Mondal & Shri Saugata Roy P-659

Profit/Loss of Departmental Stores of the WBECSC Ltd.

by—Shri Sanjib Kumar Das P-607

Proposal of Undertakings the Business of White Kerosene Oil

by—Shri Sanjib Kumar Das P-593

Refugee Colonies in West Bengal

by—Shri Pankaj Banerjee P-960

Setting up of Industries

by—Shri Sultan Ahmed PP-837-841

Shifting of Small Scale Industries

by—Shri Sultan Ahmed P-851

Tariff of Catamaran Services

by—Shri Biplab Roychowdhury & Shri Saugata Roy PP-659-660

The Breakdown and accident by CSTC

by—Shri Sutlan Ahmed PP-952-953

Water Supply Scheme

by—Shri Gyan Singh Sohanpal P-162

West Bengal Board of Wakf

by—Shri Sudip Bandyopadhyay & Shri Sultan Ahmed PP-736-740

অকেজো রিভার লিফট

—শ্রী তপন হোড় PP-732-734

অগ্নি নির্বাপক ব্যবস্থার উন্নয়ন

—শ্রী তপন হোড় P-168

অত্যাবশ্যকীয় সামগ্রী বণ্টন

—শ্রী সুকুমার দাস PP-590-591

অধিগৃহীত খাসজমি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-946

অশ্লীল পত্র-পত্রিকা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-747

অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের ভাতা

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-747-748

আর এল আই প্রকল্প

—শ্রী ঈদ মহম্মদ P-11

আসাম থেকে আগত উদ্বাস্তুদের ত্রাণ

—শ্রী নির্মল দাস P-960

আইন পঠন-পাঠনের কতিপয় কলেজ নির্বাচন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-851

আই সি ডি এস প্রকল্প

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-746-747

আই সি ডি এস প্রকল্প

—শ্রী ঈদ মহম্মদ P-749

আলিপুর বডিগার্ড লাইনে হাঙ্গামা

—শ্রী সৌগত রায় PP-19-20

আবাসন সমস্যা

—শ্রী সুকুমার দাস PP-169-170

আরামবাগে শিল্প

—শ্রী শিবপ্রসাদ মালিক P-942

আলুর দাম বৃদ্ধি

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-21

আসানসোল শহরে স্টেডিয়াম নির্মাণ

—শ্রী তাপস ব্যানার্জি PP-657-658

অ্যাপ্রেন্টিসেস অ্যাক্টে সংখ্যালঘু প্রতিনিধিত্ব

—শ্রী সুলতান আহমেদ P-954

'ইনসেন্টিভ স্কীম'

—শ্রী সুকুমার দাস PP-946-948

ইংলিশবাজার পঞ্চায়েত এলাকায় রাস্তা

—শ্রী গৌতম চক্রবর্তী P-958

'ইন্ডাস্ট্রিয়াল এস্টেট'

—শ্রী সুকুমার দাস P-949

ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি কলেজের সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-89

উদ্বৃত্ত জমি

—শ্রী শৈলজাকুমার দাস PP-168-169

উলুবেড়িয়া হইতে মাতাপাড়া পর্যন্ত রাস্তা সংস্কার

—শ্রী রবীন্দ্র ঘোষ P-589

উলুবেড়িয়া স্টেডিয়াম

—শ্রী রবীন্দ্র ঘোষ P-955

'উন্নয়ন কর্তৃপক্ষ'

—শ্রী তপন হোড় PP-158-160

একবালপুর থানা এলাকায় হিংসাত্মক ঘটনা

—শ্রী সৌগত রায় PP-11-12

এগ্রিকালচারাল সেন্সাস রিপোর্ট

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-154-156

এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম

—শ্রী সুকুমার দাস P-164

এস টি ডব্লিউ লাইন থেকে গার্হস্থ্য বিদ্যুৎ সরবরাহ

—শ্রী অজয় দে P-605

ওয়াকফ্ সম্পত্তি হস্তান্তর

—শ্রী আব্দুল মান্নান PP-3-9

ওয়াটার অ্যাগমেনটেশন স্কীম

—শ্রী সুনীতি চট্টরাজ P-942

কলকাতা ঢাকা বাস চলাচল

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-652-654

কান্দি মহকুমায় বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-74-78

কুচবিহার জেলায় বৈদ্যুতিকরণ

—শ্রী মিহির গোস্বামী P-957

কৃষি গবেষণাগারে পণ্যভিত্তিক গবেষণা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-17

কৃত্রিম গো-প্রজনন

—শ্রী ইউনুস সরকার PP-12-13

কৃষকদের বার্ধক্যভাতা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-10

কৃষ্ণনগর আদালতের বাংলা ভাষা ব্যবহার

—শ্রী শিবদাস মুখার্জি P-657

কৃষ্ণনগর আদালতগুলির সংযোগকারী রাস্তার উপর আচ্ছাদন

—শ্রী শিবদাস মুখার্জি P-609

কৃষি জমির রূপান্তর

—শ্রী দেবপ্রসাদ সরকার P-169

কাঠের ব্রিজের পরিবর্তে পাকা সেতু নির্মাণ

—ডাঃ মঃ ফজলে হক P-601

কুচবিহার জেলায় ক্ষুদ্র সেচের জমির পরিমাণ

—শ্রী মিহির গোস্বামী PP-957-958

কংসাবতী সেচ প্রকল্প

—শ্রী বুদ্ধদেব ভকত PP-91-92

খাটাল উচ্ছেদ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-9-10

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন

—শ্রী আব্দুল মান্নান P-87

গণ ধোলাইয়ে মৃত্যু

—শ্রী সুকুমার দাস PP-18-19

গড়িয়া সেতু সংযোগকারী রাস্তা সম্প্রসারণ

—শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান P-588

গভীর ও অগভীর নলকূপ স্থাপন

—শ্রী মোজাম্মেল হক P-18

গঙ্গা ও পদ্মা নদীর ভাঙ্গন

—শ্রী ইউনুস সরকার PP-841-845

গ্রন্থাগারিকের শূন্য পদ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-607-608

গ্রামোন্নয়নের পরিকল্পনা

—শ্রী আব্দুল মান্নান PP-927-930

গ্রামীণ কর্মসংস্থান

—শ্রী ইউনুস সরকার PP-744-745

গ্রামাঞ্চলে ভি ডি ও পার্লার

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-17-18

চটশিল্পে গ্র্যাচুয়িটি, প্রভিডেন্ট ফান্ড বাবদ বকেয়া টাকা

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-589-590

চন্দননগরে শহীদ কানাইলাল স্টেডিয়াম

—শ্রী কমল মুখার্জি P-963

জন্মশতবর্ষে নেতাজিভবন নির্মাণের পরিকল্পনা

—শ্রী আব্দুল মান্নান P-950

জলঙ্গী নদীর ভাঙ্গনরোধ

—শ্রী শিবদাস মুখার্জি P-847

জলে আর্সেনিক

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-934-940

জাওলি সেতুর নির্মাণের কাজ

—শ্রী রবীন্দ্র ঘোষ P-608

জেলা বিভাজন

—শ্রী আব্দুল মান্নান PP-160-161

জেলা শহরে 'রবীন্দ্র ভবন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-9

জেলা শহরের মহাবিদ্যালয়ে স্নাতকোত্তর পঠন-পাঠন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-831-837

জেলায় বিমান যোগাযোগ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-948-949

টি.সি.পি. আইন

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-161

ডানকুনি খাল সংস্কার

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-90

ডালহৌসি জুট মিলে শ্রমিকের কাজ

—শ্রী জ্যোতি চৌধুরি ও শ্রী আব্দুল মান্নান P-587

ডাক্তারবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী ঈদ মহম্মদ PP-582-585

ডি আর ডি এ প্রকল্প

—শ্রী ইউনুস সরকার PP-162-163

ডিহিকা, ঢাকেশ্বরী ও মরিচকোটা স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী শ্যামদাস ব্যানার্জি P-589

ডি পি ই পি আওতাভুক্ত জেলার সংখ্যা

—শ্রী মোজাম্মেল হক P-93

দমকল ব্যবস্থার সম্প্রসারণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-930-934

ধর্ষণের ঘটনা

—শ্রী শৈলজাকুমার দাস PP-745-746

নতুন আই সি ডি এস প্রকল্প

—শ্রী ইউনুস সরকার PP-956-957

নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন

—শ্রী বুদ্ধদেব ভক্ত PP-848-849

নদীয়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগ

—শ্রী অজয় দে PP-90-91

নদীয়া জেলার প্রাথমিক বিদ্যালয়ে বাৎসরিক অর্থ বরাদ্দ

—শ্রী শিবদাস মুখার্জি PP-89-90

'নন্দনে' ছোটদের চলচ্চিত্র প্রদর্শনী

—শ্রী আবু আয়েশ মণ্ডল P-22

নূতন প্রাথমিক বিদ্যালয়

—শ্রী নটবর বাগদী P-850

নেতাজী আদর্শ গ্রাম

—শ্রী আব্দুল মান্নান PP-725-728

দামোদর নদের উপর সেতু নির্মাণ

—শ্রী নটবর বাগদী P-594

দামোদর নদের উপর সেতু নির্মাণ

—শ্রী রবীন্দ্র ঘোষ P-849

দে ঙ্গায় গভীর নলকূপ বসাবার পরিকল্পনা

—শ্রী মহম্মদ ইয়াকুব PP-958-959

পশ্চিমবাংলার খেলাধূলার মান উন্নয়ন

—শ্রী মহম্মদ ইয়াকুব P-599

পরিবহন কর্মিদের পেনসন

—শ্রী সুনীতি চট্টরাজ P-656

পরিবহণ সংস্থায় ঋণ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-641-644

পশু চিকিৎসা কেন্দ্র স্থাপন

—শ্রী মোজাম্মেল হক P-12

পাথরপ্রতিমা স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে উন্নয়ন

—শ্রী গোপালকৃষ্ণ দে P-603

পানীয় জলের সঙ্কট

—শ্রী মোজাম্মেল হক ও শ্রী পরেশনাথ দাস P-945

প্রাথমিক বিদ্যালয়ে শৌচাগার ও টিউবওয়েল

—শ্রী সুকুমার দাস PP-845-846

প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য প্যানেল

—শ্রী গৌতম চক্রবর্তী P-92

প্রাথমিক শিক্ষক নিয়োগ প্যানেল

—শ্রী শিবদাস মুখার্জি PP-851-852

প্রাণীবিদ্যার বিশ্ববিদ্যালয়

—শ্রী ইউনুস সরকার P-19

পুরুলিয়া জেলায় ক্ষুদ্রসেচ প্রকল্প

—শ্রী নটবর বাগদি P-748

পুরুলিয়া শিল্প

—শ্রী নটবর বাগদি PP-944-945

পেট্রোরসায়ন প্রকল্প

—শ্রী দেবপ্রসাদ সরকার P-945

পোষ্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স অ্যান্ড রিসার্চ প্রতিষ্ঠান

—শ্রী আব্দুল মান্নান PP-586-587

পৌরসভাকে কর্পোরেশন

—শ্রী শিবদাস মুখার্জি P-161

ফলতায় ফ্রি ট্রেড জোন

—শ্রী সুধীর ভট্টাচার্য P-961

ফলতায় প্রেসার গেট নির্মাণ পরিকল্পনা

—শ্রী সুধীর ভট্টাচার্য PP-95-96

ফুলিয়ায় সাব-স্টেশন

—শ্রী অজয় দে PP-605-606

বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-852-855

বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

—শ্রী গৌতম চক্রবর্তী P-849

বন্যা

—শ্রী অঙ্গদ বাউরি PP-740-742

বন্যা পরিস্থিতি প্রতিরোধে অস্থায়ী কর্মি নিয়োগ

—শ্রী নির্মল দাস P-92

বজবজ এলাকায় সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে পানীয় জল ও শৌচাগার ব্যবস্থা

—শ্রী অশোককুমার দেব P-962

বজবজ কলেজে অধ্যাপক নিয়োগ

—শ্রী অশোক দেব P-610

বজবজে শিল্প

—শ্রী অশোককুমার দেব P-944

বন্ধ কারখানা ও বেকার শ্রমিক

—শ্রী বুদ্ধদেব ভগত P-593

বাঁধ মেরামতির জন্য খরচ

—শ্রী ঈদ মহম্মদ P-91

বার্ধক্যভাতা

—শ্রী সুকুমার দাস PP-167-168

বারাসাত স্টেডিয়াম

—শ্রী অশোক মুখার্জি PP-655-656

বারাসাতে রবীন্দ্রভবন নির্মাণ

—শ্রী অশোক মুখার্জি PP-960-961

বালি বিবেকানন্দ সেতু সংস্কার

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-577-582

বাংলা ছবি প্রদর্শন

—শ্রী শিবপ্রসাদ মালিক P-14

বাংলাদেশে চোরাচালান

—শ্রী তপন হোড় PP-588-589

ব্যাটরা সমবায় ব্যাঙ্কে দুর্নীতি

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-587-588

বিঘাটি মোড় থেকে নসীবপুর পর্যন্ত রাস্তা সংস্কার

—শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান P-588

বিচারাধীন খাসজমি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-949

বিদ্যুতের অভাবে বন্ধ হাসপাতাল

—শ্রী অজিত খাঁড়া P-602

বিদ্যাসাগর বসতবাটি

—শ্রী সুকুমার দাস P-21

বিধবা ভাতা

—শ্রী জটু লাহিড়ি PP-748-749

বিনামূল্যে পাঠ্যপুস্তক বন্টন

—শ্রী সুকুমার দাস P-850

বিলবশিয়া'র ওয়াটার এরিয়া

—শ্রী অধীররঞ্জন চৌধুরি PP-93-94

বিশ্বব্যাঙ্কের সাহায্যে হাসপাতালের উন্নয়ন

—শ্রী অজয় দে PP-601-602

বীরভূম জেলার বন্ধ স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী সুনীতি চট্টরাজ PP-593-594

বীরভূমে রাজনৈতিক সংঘর্ষে মৃত্যু

—শ্রী সুনীতি চট্টরাজ PP-13-14

বৃদ্ধাবাস

—শ্রী আবু আয়েস মন্ডল PP-729-732

বেকার যুবক যুবতী কর্মসংস্থান

—শ্রী মহম্মদ ইয়াকুব P-559

বেলডাঙ্গায় সুগারমিল

—শ্রী ঈদ মহম্মদ P-161

বৈজুড়ি স্লুইসটি নির্মাণ পরিকল্পনা

—শ্রী রবীন্দ্র ঘোষ P-88

ভগবানপুরে মাদ্রাসা স্কুল স্থাপন

—শ্রী অজিত খাঁড়া P-91

ভারত অপথ্যালমিক গ্লাস

—শ্রী তপন হোড় PP-646-647

ভিজিলেন্স কমিশনকে ক্ষমতা প্রদান

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-156-158

ভীমেশ্বরী জুনিয়র বালিকা বিদ্যালয়

—শ্রী অজিত খাঁড়া PP-847-848

ভৈরব নদীর ভাঙ্গন প্রতিরোধ

—শ্রী মোজাম্মেল হক P-848

মহানন্দা নদীর সেতু নির্মাণ

—শ্রী মহবুবুল হক PP-602-603

মাজি সম্প্রদায়কে তপসিলি জাতিভুক্ত করার পরিকল্পনা

—শ্রী নটবর বাগদী PP-84-87

মাদ্রাসার পাঠ্যসূচী বিজ্ঞানভিত্তিক করার পরিকল্পনা

—শ্রী সুকুমার দাস PP-87-88

মাধ্যমিক স্কুল অনুমোদন

—শ্রী অশোককুমার দেব P-94

মানবাধিকার কমিশন

—শ্রী সুকুমার দাস P-11

মালদহে বন্যাত্রাণে অর্থ মঞ্জুর

—শ্রী মহবুবুল হক P-609

মুর্শিদাবাদে শিল্প

—শ্রী ঈদ মহম্মদ PP-166-167

মেদিনীপুরে জল সঙ্কট

—শ্রী অজিত খাঁড়া PP-164-165

মৌ-চুক্তি ও শিল্প

—শ্রী আব্দুল মান্নান PP-165-166

যুবমানস পত্রিকা প্রকাশনা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-609-610

যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা

—শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান P-12

রবীন্দ্রনাথ ঠাকুর রোড থেকে কালিনগর পর্যন্ত রাস্তা নির্মাণ

—শ্রী শিবদাস মুখার্জি P-601

রাজ্যে বন্ধ ও রুগ্ন কারখানার সংখ্যা

—শ্রী মোজাম্মেল হক P-962-963

রাজ্যে দুধের চাহিদা

—শ্রী তপন হোড় P-955

রাষ্ট্রীয় পরিবহণে মেডিক্যাল ভাতা

—শ্রী সুনীতি চট্টরাজ PP-954-955

রাজ্যে আদালত ভবনের সংস্কার

—শ্রী অশোককুমার দেব PP-961-962

রাজ্যে ক্ষুদ্র শিল্পের সংখ্যা

—শ্রী সুকুমার দাস PP-951-952

রাজ্যে রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা

—শ্রী অজয় দে PP-604-605

রাজ্যে বন্ধ শিল্প কারখানা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-592-593

রাজ্যে নতুন শিল্প

—শ্রী তপন হোড় PP-940-942

রাজ্যের বাইরে তথ্যকেন্দ্র

—শ্রী আব্দুল মান্নান P-749

রাজ্যে অধ্যক্ষ ও অধ্যাপকের শূন্যপদ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-78-84

রাজ্যের জেলা ভাগ

—শ্রী শৈলজাকুমার দাস P-164

রুগ্ন শিল্প ইউনিটকে আর্থিক সাহায্য

—শ্রী আবু আয়েস মন্ডল PP-649-652

রেকর্ডভুক্ত বর্গাদার

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-166

রেশন কার্ড প্রদান

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-572-577

লালবাগে আধুনিক পর্যটন কেন্দ্র

—শ্রী মোজাম্মেল হক PP-647-649

শ্মশান ঘাট সংরক্ষণ

—শ্রী অজয় দে PP-950-951

শ্যামপুরে জল কষ্ট

—শ্রী রবীন্দ্র ঘোষ P-943

শিল্পে বৈদেশিক বিনিয়োগ

—শ্রী সুকুমার দাস P-943

শিক্ষাক্ষেত্রে ও.বি.সি. ভুক্তদের আসন সংরক্ষণ

—শ্রী অশোককুমার দেব P-846

শিক্ষাস্তরে সমতা বিধান

—শ্রী সঞ্জীবকুমার দাস P-850

শিক্ষক নিয়োগে সুপ্রিম কোর্টের আদেশ

—শ্রী মহবুবুল হক P-848

শিক্ষা ব্যবস্থায় শরীর চর্চার গুরুত্ব

—শ্রী সুকুমার দাস P-852

শিক্ষক-শিক্ষিকাদের প্রাইভেট টিউশন বন্ধ করন

—শ্রী সঞ্জীবকুমার দাস P-93

সল্টলেকে ফিল্ম কমপ্লেক্স

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-19

সরকারের অর্থানুকুল্যে কাহিনীচিত্র

—শ্রী সুকুমার দাস PP-743-744

সবুজ রক্ষা

—শ্রী দেবপ্রসাদ সরকার P-166

সংবাদপত্রে বিজ্ঞাপন

—শ্রী আব্দুল মান্নান PP-15-17

সংখ্যালঘু কমিশন

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় P-14

সালারে বাস টার্মিনাল নির্মাণ

—শ্রী ঈদ মহম্মদ PP-608-609

সংখ্যালঘু সম্প্রদায়

—শ্রী পরেশনাথ দাস এবং শ্রী মোজাম্মেল হক P-746

সি এইচ ভি স্বাস্থ্যকর্মি

—শ্রী ইউনুস সরকার P-591

স্পিনিং মিল

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-846-847

সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প

—শ্রী শৈলজাকুমার দাস PP-95-96

হলদিয়া বন্দরে নদীতে তেলদূষণ

—শ্রী ব্রহ্মময় নন্দ P-652

হলদিয়া পেট্রোকেমিক্যালস্

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-148-154

হজ ভবন

—শ্রী আব্দুল মান্নান PP-20-21

হাসপাতালে বিনামূল্যে ঔষধ সরবরাহ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-585-586

হাওড়া জেলা পরিষদ

—শ্রী সঞ্জীবকুমার দাস P-165

হাসপাতালের উন্নয়নে বিশ্বব্যাঙ্কের সহায়তা

—শ্রী সুকুমার দাস P-606

হাওড়া জেলায় বন্ধ কলকারখানা

—শ্রী জটু লাহিড়ী P-603

হাওড়া-গাদিয়ারা রুটে বাস

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-656-657

হাইকোর্টে বিচারকের শূন্য পদ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-644-646

হাসপাতালে মুমূর্ষ রোগির স্থানান্তরিকরণ

—শ্রী মোজাম্মেল হক P-590

হুগলি জেলায় বন্ধ কলকারখানা

—শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান P-604

**Question of Privileges**

P-750

**Statement Under Rule—346**

**Regarding enquiry into some complaints about the functioning of the erstwhile wakf Board**

by—Shri Jyoti Basu PP-701-702

**Statement on Calling Attention**

Regarding import of urea fertilizer of inferior Quality from Romania by Hindustan Lever Company Ltd.

by—Shri Narendranath Dey PP-753-754

Regarding reported capsize of a trawler in the river Hooghly near Budge Budge on 16.6.96

by—Shri Subhas Chakraborti PP-26-28

Regarding reported death of four persons due to BSF atrocity in the districts of Uttar Dinajpur & Dakshin Dinajpur

by—Shri Buddhadeb Bhattacharya PP-25-26

Regarding closure of Panchra Cotton Mill in Birbhum District

by—Shri Praloy Talukdar P-611

Regarding the Rotting of Potatoes in Hooghly district.

by—Shri Birendra Kumar Moitra PP-28-30

Regarding the subject of apprehended closure of Jute Mills in the State for want of raw Jutes

by—Shri Shanti Ghatak PP-613-614

Regarding the non-availability of ARV in Asansol Sub-Divisional Hospital

by—Shri Partha Dey PP-611-613

Regarding reported starvation death of one lady health worker of the London Mission Hospital (Jiagunj Sevasadan) of Murshidabad district

by—Shri Partha De PP-614-615

Regarding reported fasting of Nepalies kept under Berhampore Central Jail Custody

by—Shri Biswanath Chowdhury PP-754-755

**Suspension of Rule**

P-215

**Zero Hour**

PP-670-672, PP-873-879

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006